Vol. 118, No.—III

Assembly Proceedings

OFFICIAL REPORT

West Bengal Legislative Assembly

Hundred Eighteenth Session

(June to July Session, 2001)

(From 14th June to 31st July, 2001)

(The 13th, 16th, 17th, 18th, 19th, 20th
and 23rd July, 2001)

Published by authority of the Assembly under Rule 353
of the Rules of Procedure and Conduct of Business in the
West Bengal Legislative Assembly

Price : Rs. 371/-

Vol. 118, No.—III

Assembly Proceedings

OFFICIAL REPORT

West Bengal Legislative Assembly

Hundred Eighteenth Session

(June to July Session, 2001)

(From 14th June to 31st July, 2001)

(The 13th, 16th, 17th, 18th, 19th, 20th
and 23rd July, 2001)

Published by authority of the Assembly under Rule 353
of the Rules of Procedure and Conduct of Business in the
West Bengal Legislative Assembly

WEST BENGAL LEGISLATURE LIBRARY
Acc. No. 21,194
Dated 07/09/2015
Call No. 4
Price/Pages Rs. 371/-

GOVERNMENT OF WEST BENGAL

Governor

SHRI VIREN J. SHAH

MEMBERS OF THE COUNCIL OF MINISTERS WITH THEIR PORTFOLIOS

1. **Shri Buddhadeb Bhattacharjee,** Chief Minister and Minister-in-charge of Home Department, Information & Cultural Affairs Department, Science & Technology Department, Personnel Administrative Reforms Department, Hill Affairs Department.

2. **Shri Nirupam Sen,** Minister-in-charge, Department of Commerce & Industries, Public Undertakings, Industrial Reconstruction and Development & Planning including Uttaranchal Unnayan Affairs & Paschimanchal Unnayan Affairs.

3. **Dr. Surya Kanta Mishra,** Minister-in-charge, Health & Family Welfare and Panchayat & Rural Development Department.

4. **Shri Mahammad Amin,** Minister-in-charge of Labour Department.

5. **Dr. Asim Kumar Dasgupta,** Minister-in-charge of Finance Department.

6. **Shri Subhas Chakraborty,** Minister-in-charge of Transport Department, Sports Deptt. and Hooghly River Bridge Commission.

7. **Shri Md. Salim,** Minister-in-charge of Department of Minorities Development & Welfare, Self Employment Scheme for the Urban Unemployed, Department of Youth Services and Technical Education Department.

8. **Shri Kamal Guha,** Minister-in-charge of Agriculture, Department.

9. **Shri Biswanath Chowdhury,** Minister-in-charge of Women & Child Development & Social Welfare Department and Jails Department.

10. **Shri Nanda Gopal Bhattacharya,** Minister-in-charge of Minor Irrigation and Water Investigation & Development Deptt.

11. **Shri Kiranmay Nanda,** Minister-in-charge of Fisheries, Aqua Culture & Aquatic Resource and Fishing Harbours Department.

12. **Shri Prabodh Chandra Sinha,** Minister-in-charge of Parliamentary Affairs and Excise Department.

13. **Shri Kalimuddin Shams,** Minister-in-charge of Food & Supplies Department.

14. **Shri Amar Chaudhuri,** Minister-in-charge of Public Works Department.

15. **Shri Goutam Deb,** Minister-in-charge of Housing and Public Health Engineering Department.

16. **Shri Kanti Biswas,** Minister-in-charge of School Education and Madrasah Department.

17. **Shri Naren Dey,** Minister-in-charge of Co-operation and Consumer Affairs Department.

18. **Shri Manabendra Mukherjee,** Minister-in-charge of Information, Technology and Environment Department.

19. **Shri Asok Bhattacharya,** Minister-in-charge of Municipal Affairs, Urban Development and Town & Country Planning Department.

20. **Shri Dinesh Chandra Dakua,** Minister-in-charge of Tourism Department.

21. **Shri Sailen Sarkar,** Minister-in-charge of Food Processing & Horticulture Department.

22. **Shri Satyasadhan Chakraborty,** Minister-in-charge of Higher Education Department.

23. **Shri Amalendralal Roy,** Minister-in-charge of Irrigation & Waterways Department.

24. **Shri Abdur Razzak Mollah,** Minister-in-charge of Land & Land Reforms Department.

25. **Shri Mrinal Banerjee,** Minister-in-charge of Power Department.

26. **Shri Bansagopal Choudhury,** Minister-in-charge of Cottage and Small Scale Industries Department.

27. **Shri Nisith Adhikary,** Minister-in-charge of Law and Judicial Department.

28. **Shri Upen Kisku,** Minister-in-charge of Backward Classes Welfare Department.

29. **Shri Anisur Rahaman,** Minister-in-charge of Animal Resources Development Department.

30. Shri Jogesh Chandra Barman, Minister-in-charge of Forest Department.

31. Shri Nimai Mal, Minister-in-charge of Library Services Department.

32. Shrimati Nandarani Dal, Minister-in-charge of Mass Education Extension Department.

33. Shrimati Chhaya Ghosh, Minister-in-charge of Agriculture Marketing Department.

34. Shri Hafiz Alam Sairani, Minister-in-charge of Relief Department.

35. Shri Pratim Chatterjee, Minister-of-State, Department of Fire Services.

36. Shri Dhiren Sen, Minister-of-State, Department of Panchayats & Rural Development.

37. Shri Susanta Ghosh, Minister-of-State, Department of Labour, Employment Exchange and Employees State Insurance.

38. Shri Dasrath Tirkey, Minister-of-State, Department of Public Works.

39. Shri Maheswar Murmu, Minister-of-State, Department of Forests and Paschimanchal Unnayan Affairs.

40. Shrimati Anju Kar, Minister-of-State, Department of Municipal Affairs.

41. Shrimati Bilasi Bala Sahis, Minister-of-State, Department of Backward Classes Welfare.

42. Shri Ganesh Chandra Mondal, Minister-of-State, Department of Irrigation & Waterways.

43. Dr. Srikumar Mukherjee, Minister-of-State, Department of Home (Civil Defence).

44. Shri Kanti Ganguly, Minister-of-State, Department of Sundarban Development Affairs.

45. Shri Pratyush Mukherjee, Minister-of-State, Department of Health & Family Welfare.

46. Shri Narayan Biswas, Minister-of-State, Department of Transport.

47. Shri Nayan Sarkar, Minister-of-State, Department of Refugee, Relief and Rehabilitation.

48. Smt. Ibha Dey, Minister-of-State, Department of School Education.

WEST BENGAL LEGISLATIVE ASSEMBLY

PRINCIPAL OFFICERS & OFFICIAL

Speaker : **Shri Hashim Abdul Halim**

Deputy Speaker : **Shri Anil Mukherjee**

Secretary : **Shri Monoranjan Sarker**

Alphabetical List of Names of Members of the West Bengal Legislative Assembly

Note : Number shown within brackets against the name of each Member is the "Constituency Number".

A

1. Abdul Karim Choudhary, Shri (28-Islampur, North Dinajpur)
2. Abdul Mannan, Shri (181-Champdani, Hooghly)
3. Abdur Razzak Molla, Shri (106-Canning East, South 24-Parganas)
4. Abu Ayes Mondal, Shri (278-Manteswar, Burdwan)
5. Abu Hasem Khan Choudhury, Shri (49-Kaliachak, Malda)
6. Abu Hena, Shri (55-Lalgola, Murshidabad)
7. Abu Taher Khan, Shri (61-Naoda, Murshidabad)
8. Abul Hasnat, Shri (54-Jangipur, Murshidabad)
9. Acharya, Shri Manik Lal (257-Kulti, Burdwan)
10. Adhikari, Shri Sisir (211-Contai South, Midnapore)
11. Adhikary, Shri Nisith (270-Burdwan North, Burdwan)
12. Adhikary, Shri Paresh Chandra [1-Mekliganj (SC), Cooch Behar]
13. Anisur Rahaman, Shri (60-Domkal, Murshidabad)
14. Ankure, Shri Saresh [266-Kanksa (SC), Burdwan]

B

15. Badal Zamadar, Shri (107-Bhangar, South 24-Parganas)
16. Bag, Shri Kartick Chandra [267-Ausgram (SC), Burdwan]
17. Bagdi, Shri Bijoy [287-Rajnagar (SC), Birbhum]
18. Bagdi, Shri Kirity [247-Indpur (SC), Bankura]
19. Bajaj, Shri Satyanarayan (143-Jorasanko, Kolkata)
20. Bakshi, Shri Subrata (111-Bishnupur West, South 24-Parganas)
21. Bala, Dr. Asim [80-Ranaghat East (SC), Nadia]
22. Bandyopadhyay, Smt. Nayna (145-Bowbazar, Kolkata)
23. Bandyopadhyay, Shri Tarak (140-Cossipur, Kolkata)
24. Banerjee, Shri Ambica (163-Howrah Central, Howrah)
25. Banerjee, Dr. Asish (291-Rampurhat, Birbhum)
26. Banerjee, Shri Kalyan (260-Asansol, Burdwan)
27. Banerjee, Shri Mrinal (264-Durgapur-1, Burdwan)
28. Banerjee, Shri Pankaj (150-Tollygunge, Kolkata)
29. Barman, Shri Jogesh Chandra [13-Falakata (SC), Jalpaiguri]
30. Basu, Shri Badal (164-Howrah South, Howrah).

31. Basu, Smt. Manju (132-Noapara—North 24-Parganas)
32. Bauri, Shri Madan [263-Ukhra (SC), Burdwan]
33. Bauri, Shri Ramcharan [249-Gangajalghati (SC), Bankura]
34. Bera, Shri Dipak (203-Moyna, Midnapore)
35. Bera, Shri Nityananda [205-Sutahata (SC), Midnapore]
36. Bhadra, Shri Arup (104-Baruipur, South 24-Parganas)
37. Bhattacharjee, Shri Buddhadeb (108-Jadavpur, South 24-Parganas)
38. Bhattacharjee, Shri Nanda Gopal (228-Dantan, Midnapore)
39. Bhattacharya, Shri Asok (25-Siliguri, Darjeeling)
40. Bhattacharya, Shri Rabindranath (183-Singur, Hooghly)
41. Bhowal, Shri Subrata (279-Purbasthali, Burdwan)
42. Bhowmick, Shri Prafulla Kumar (69-Karimpur, Nadia)
43. Bhunia, Shri Ajit (198-Daspur, Midnapore)
44. Biswas, Shri Haripada (131-Jagatdal, North 24-Parganas)
45. Biswas, Shri Kaliprasad (184-Haripal, Hooghly)
46. Biswas, Shri Kamalakshmi [84-Bagdaha (SC), North 24-Parganas]
47. Biswas, Shri Kanti [98-Sandeshkhali (SC), North 24-Parganas]
48. Biswas, Shri Narayan (35-Gangarampur, South Dinajpur)
49. Biswas, Shri Sushil [74-Krishnaganj (SC), Nadia]
50. Biswas, Smt. Susmita (250-Barjora, Bankura)
51. Bose, Shri Subrata (141-Shyampukur, Kolkata)
52. Bouri, Smt. Uma Rani [241-Raghunathpur (SC), Purulia]

C

53. Chakraborty, Shri Biman (167-Jagatballavpur, Howrah)
54. Chakraborti, Shri Subhas (139-Belgachia East, Kolkata)
55. Chakraborty, Shri Satyasadhan (82-Chakdaha, Nadia)
56. Chatterjee, Smt. Nirupama (173-Bagnan, Howrah)
57. Chatterjee, Shri Partha (113-Behala West, South 24-Parganas)
58. Chatterjee, Shri Pratim (185-Tarakeswar, Hooghly)
59. Chatterjee, Shri Rabindranath (280-Katwa, Burdwan)
60. Chattopadhyay, Shri Sobhandeb (149-Rash Behari, Kolkata)
61. Chattopadhyay, Shri Tapas (275-Memari, Burdwan)
62. Chhetri, Smt. Shanta (24-Kurseong, Darjeeling)
63. Chaudhuri, Shri Amar (137-Baranagar, North 24-Parganas)

64. Chaudhuri, Shri Nripen (57-Nabagram, Murshidabad)
65. Choudhuri, Smt. Asima (47-Manickchak, Malda)
66. Choudhury, Shri Bansagopal (261-Ranigunj, Burdwan)
67. Chowdhury, Shri Biswanath (38-Balurghat, South Dinajpur)
68. Chowdhury, Shri Jayanta (253-Vishnupur, Bankura)
69. Chowdhury, Shri Nanigopal (176-Udaynarayanpur, Howrah)
70. Chowdhury, Shri Subhendu [45-Malda (SC), Malda]

D

71. Dakua, Shri Dinesh Chandra [3-Mathabhanga (SC), Cooch Behar]
72. Dal, Smt. Nanda Rani [219-Keshpur (SC), Midnapore]
73. Das, Shri Ananda Gopal [283-Nanur (SC), Birbhum]
74. Das. Dr. Debesh [154-Taltala (SC), Kolkata]
75. Das, Shri Jagadish Chandra (128-Bijpur, North 24-Parganas)
76. Das, Shri Jajneswar (125-Patharpratima, South 24-Parganas)
77. Das, Shri Nirmal (12-Alipurduar, Jalpaiguri)
78. Das, Shri Paresh Nath [53-Sagardighi (SC), Murshidabad]
79. Das, Shri Puspa Chandra [9-Tufanganj (SC), Cooch Behar]
80. Das, Shri Ratan (277-Nadanghat, Burdwan)
81. Dasgupta, Dr. Asim Kumar (134-Khardah, North 24-Parganas)
82. Das Mohapatra, Shri Kamakhya Nandan (215-Pataspur, Midnapore)
83. Dasthakur, Shri Chittaranjan (200-Panskura West, Midnapore)
84. D'Costa Hart, Smt. Gillian Rosemary (295-Nominated)
85. Datta, Shri Binoy (194-Arambagh, Hooghly)
86. Datta, Smt. Tapati (87-Habra, North 24-Parganas)
87. De (Nag), Dr. Ratna (180-Serampore, Hooghly)
88. Deb, Shri Ashok Kumar (116-Budge Budge, South 24-Parganas)
89. Deb, Shri Goutam (96-Hasnabad, North 24-Parganas)
90. Deb, Shri Rabin (152-Ballygunge, Kolkata)
91. Dey, Shri Ajoy (78-Santipur, Nadia)
92. Dey, Smt. Ibha (177-Jangipara, Hooghly)
93. Dey, Shri Lakshmi Kanta (157-Vidyasagar, Kolkata)
94. Dey, Shri Naren (186-Chinsurah, Hooghly)
95. Dhar, Shri Padmanidhi (166-Domjur, Howrah)
96. Duley, Shri Krishnaprasad [221-Garhbeta West (SC), Midnapore]
97. Dutta, Shri Gurupada (196-Chandrakona, Midnapore)

98. Dutta, Shri Parash (112-Behala East, South 24-Parganas)
99. Dutta, Smt. Sarmistha (88-Ashoknagar, North 24-Parganas)

G

100. Ganguly, Smt. Kanika (161-Bally, Howrah)
101. Ganguly, Shri Kanti (123-Mathurapur, South 24-Parganas)
102. Gayen, Shri Nripen [99-Hingalganj (SC), North 24-Parganas]
103. Ghatak, Shri Moloy (259-Hirapur, Burdwan)
104. Ghose, Smt Manasi (254-Kotulpur, Bankura)
105. Ghosh, Shri Arunava (138-Dum Dum, North 24-Parganas)
106. Ghosh, Shri Bankim (83-Haringhata, Nadia)
107. Ghosh, Shri Bhakti Pada (286-Dubrajpur, Birbhum)
108. Ghosh, Smt. Chhaya (58-Murshidabad, Murshidabad)
109. Ghosh, Shri Dipak Kumar (204-Mahisadal, Midnapore)
110. Ghosh, Shri Nirmal (135-Panihati, North 24-Parganas)
111. Ghosh, Shri Pankaj (85-Bongaon, North 24-Parganas)
112. Ghosh, Shri Rabindra (171-Uluberia, Howrah)
113. Ghosh, Shri Sunil Kumar (76-Krishnanagar West, Nadia)
114. Ghosh, Shri Susanta (220-Garhbeta East, Midnapore)
115. Ghosh, Shri Tamonash (118-Falta—South 24-Parganas)
116. Giri, Shri Akhil (212-Ramnagar, Midnapore)
117. Goala, Shri Rajdeo (160-Belgachia West, Kolkata)
118. Golam Kibria Mia, Shri (64-Beldanga, Murshidabad)
119. Goswami, Shri Subhas (248-Chhatna, Bankura)
120. Guha, Shri Kamal (7-Dinhata, Cooch Behar)
121. Guha, Smt. Sonali (117-Satgachia, South 24-Parganas)

H

122. Hafiz Alam Sairani, Shri (29-Goalpokhar, North Dinajpur)
123. Haldar, Shri Jagaranjan [124-Kulpi (SC), South 24-Parganas]
124. Haldar, Shri Rishi (119-Diamond Harbour, South 24-Parganas)
125. Hamidul Rahaman, Shri (27-Chopra, North Dinajpur)
126. Hansda, Shri Upendra Nath [233-Banduan (ST), Purulia]
127. Hashim Abdul Halim, Shri (89-Amdanga, North 24-Parganas)
128. Hatial, Shri Bhabani Sankar (230-Gopiballavpur, Midnapore)
129. Hazra, Shri Bankim Chandra (127-Sagar, South 24-Parganas)
130. Hazra, Shri Samar [274-Jamalpur (SC), Burdwan]

Alphabetical List of Names of Members of the West Bengal Legislative Assembly—*contd.*

131. Hembram, Shri Rabindra Nath [242-Kashipur (ST), Purulia]
132. Hemrom, Shri Jadu [39-Habibpur (ST), Malda]
133. Hore, Shri Tapan (284-Bolpur, Birbhum)
134. Humayun Reza, Shri (51-Aurangabad, Murshidabad)

I

135. Id. Mohammad, Shri (68-Bharatpur, Murshidabad)

J

136. Jane Alam Mian, Shri (52-Suti, Murshidabad)
137. Jatua, Shri Choudhury Mohan [122-Mandirbazar (SC), South 24-Parganas]

K

138. Kabi, Shri Pelab (262-Jamuria, Burdwan)
139. Kalimuddin Shams, Shri (293-Nalhati, Birbhum)
140. Kanji, Shri Bansari Mohan [121-Magrahat East (SC), South 24-Parganas]
141. Kar, Smt. Anju (276-Kalna, Burdwan)
142. Kar, Shri Jyotirmoy (210-Contai North, Midnapore)
143. Khan, Shri Sukhendu [256-Sonamukhi (SC), Bankura]
144. Khan, Shri Kollol (71-Nakashipara, Nadia)
145. Khanra, Shri Saktipada (190-Polba, Hooghly)
146. Kisku, Shri Upen [245-Raipur (ST), Bankura]
147. Kujur, Smt. Kumari [14-Madarihat (ST), Jalpaiguri]
148. Kundu, Shri Ranjit (129-Naihati, North 24-Parganas)

L

149. Lahiri, Shri Jatu (165-Shibpur, Howrah)
150. Lakra, Shri Paban Kumar [11-Kalchini (ST), Jalpaiguri]
151. Lakra, Shri Somra [18-Mal (ST), Jalpaiguri]
152. Laya, Dr, Tushar Kanti (216-Sabang—Midnapore)
153. Lepcha, Shri Gaulan (22-Kalimpong, Darjeeling)
154. Let Shri Bishnu [290-Mayureswar (SC), Birbhum]

M

155. Mafuja Khatun, Smt. (37-Kumarganj, South Dinajpur)
156. Mahapatra, Dr. Saumen Kumar (199-Nandanpur, Midnapore)
157. Mahata, Shri Abinas (243-Hura, Purulia)
158. Mahata, Shri Khagendranath (222-Salboni, Midnapore)
159. Mahata, Smt. Shamya Pyari (234-Manbazar, Purulia)
160. Mahato, Shri Nepal (237-Jhalda, Purulia)

Alphabetical List of Names of Members of the West Bengal Legislative Assembly—*contd.*

161. Mahato, Shri Shantiram (238--Joypur, Purulia)
162. Mahbubul Haque (Badal), Shri (41--Kharba, Malda)
163. Mainul Haque, Shri (50-Farakka, Murshidabad)
164. Maitra, Shri Banshi Badan [193-Khanakul (SC), Hooghly]
165. Maity, Shri Ardhendu (208-Bhagabanpur, Midnapore)
166. Majhi, Shri Bhandu [235-Balarampur (ST), Purulia]
167. Majhi, Shri Nandadulal [255-Indas (SC), Bankura]
168. Majhi, Shri Tamal Chandra [282-Ketugram (SC), Burdwan]
169. Mal, Shri Asit Kumar [292-Hasan (SC), Birbhum]
170. Mal, Shri Nimai (192-Pursurah, Hooghly)
171. Malick, Shri Shiba Prasad [195-Goghat (SC), Hooghly]
172. Mallik, Shri Jyoti Priya (86-Gaighata, North 24-Parganas)
173. Mallik, Smt. Sadhana (281-Mangalkot, Burdwan)
174. Mandal, Shri Kalipada (172-Shyampur, Howrah)
175. Mandal, Shri Subhas (268-Bhatar—Burdwan)
176. Mandi, Dr. Sambhu Nath [232-Binpur (ST), Midnapore]
177. Md. Salim, Shri (153-Entally, Kolkata)
178. Md. Yakub, Shri (92-Deganga, North 24-Parganas)
179. Mehbub Mondal, Shri (269-Galsi, Burdwan)
180. Mehta, Shri Nishi Kanta (236-Arsha, Purulia)
181. Minj, Shri Prokash [26-Phansidewa (ST), Darjeeling]
182. Mishra, Shri Kashinath (251-Bankura, Bankura)
183. Mishra, Dr. Surjya Kanta (227-Narayangarh, Midnapore)
184. Mitra, Shri Asit (174-Kalyanpur, Howrah)
185. Mitra, Smt. Sabitri (44-Araidanga, Malda)
186. Mitra, Shri Somendra Nath (156-Sealdah, Kolkata)
187. Modak, Shri Dhananjoy (72-Kaliganj, Nadia)
188. Mohammed Amin, Shri (114-Garden Reach, South 24-Parganas)
189. Mojibor Rahaman, Shri (56-Bhagabangola, Murshidabad)
190. Mondal, Shri Biswanath [66-Khargram (SC), Murshidabad]
191. Mondal, Shri Dilip [110, Bishnupur East (SC), South 24-Parganas]
192. Mondal, Shri Ganesh Chandra [100-Gosaba (SC), South 24-Parganas]
193. Mondal, Shri Kshiti Ranjan [97-Haroa (SC)—North 24-Parganas]
194. Mondal, Shri Mohan [170-Uluberia North (SC)—Howrah]
195. Mondal, Shri Nirmal Chandra [109-Sonarpur (SC)—South 24-Parganas]
196. Mondal, Shri Sailen (168-Panchla—Howrah)
197. Mondal, Shri Tanmoy [91-Rajarhat (SC)—North 24-Parganas]
198. Mostafa Bin Quasem, Shri (93-Swarupnagar—North 24-Parganas)

199. Mostaque Alam, Shri (42-Harishchandrapur—Malda)
200. Mukherjee, Shri Anil (252-Onda—Bankura)
201. Mukherjee, Shri Apurba (265-Durgapur-II—Burdwan)
202. Mukherjee, Shri Ashoke (Gopal) (90-Barasat—North 24-Parganas)
203. Mukherjee, Shri Braja (288-Suri—Birbhum)
204. Mukherjee, Shri Kamal (182-Chandernagore—Hooghly)
205. Mukherjee, Shri Manabendra (155-Beliaghata—Kolkata)
206. Mukherjee, Shri Manas (136-Kamarhati—North 24-Parganas)
207. Mukherjee, Smt. Nabanita (285-Labhpur—Birbhum)
208. Mukherjee, Shri Narayan (95-Basirhat—North 24-Parganas)
209. Mukherjee, Shri Nikhil (239-Purulia—Purulia)
210. Mukherjee, Shri Pratyush (175--Amta—Howrah)
211. Mukherjee, Shri Sibdas (75-Krishnanagar East—Nadia)
212. Mukherjee, Dr. Srikumar (34-Itahar—North Dinajpur)
213. Mukherjee, Shri Subrata (146-Chowringhee—Kolkata)
214. Mukherjee, Shri Swaraj (179-Uttarpara—Hooghly)
215. Mukhopadhyay, Shri Ashutosh (187-Bansberia—Hooghly)
216. Munda, Shri Chaitan [16-Nagrakata (ST)—Jalpaiguri]
217. Murmu, Shri Maheswar [226-Keshiary (ST)—Midnapore]
218. Mursalin Molla, Shri (115-Maheshtala—South 24-Parganas)

N

219. Nanda, Shri Brahmamoy (207-Narghat—Midnapore)
220. Nanda Shri Kiranmay (214-Mugberia—Midnapore)
221. Naskar, Shri Gobinda Chandra [105-Canning West (SC)—South 24-Parganas]
222. Naskar, Shri Subhas [101-Basanti (SC)—South 24-Parganas]
223. Nazmul Haque, Shri (225-Kharagpur Rural—Midnapore)
224. Niamot Sk, Shri (62-Hariharpara—Murshidabad)
225. Noorar Rahman, Shri (120-Magrahat West—South 24-Parganas)

P

226. Paik, Shri Sunirmal [209-Khajuri (SC)—Midnapore]
227. Pakhira, Shri Manturam (126-Kakdwip—South 24-Parganas)
228. Pakhira, Shri Ratan [197-Ghatal (SC)—Midnapore]
229. Pal, Shri Shyama Prosad (273-Raina—Burdwan)
230. Pan, Shri Bhakta Ram (178-Chanditala—Hooghly)
231. Pande, Shri Sadhan (158-Burtola—Kolkata)

232. Patra, Shri Manoranjan (244-Taldangra—Bankura)
233. Paul, Smt. Maya Rani (63--Berhampore—Murshidabad)
234. Paul, Shri Paresh (159-Manicktola—Kolkata)
235. Paul, Shri Tapas (148-Alipore—Kolkata)
236. Pradhan, Shri D. K. (23-Darjeeling—Darjeeling)
237. Pramanik, Shri Sudhir [2-Sitalkuchi (SC)—Cooch Behar]
238. Purkait, Shri Probodh [102-Kultali (SC)—South 24-Parganas]

Q

239. Qamre Elahi, Dr. (294-Murarai—Birbhum)
240. Quazi Abdul Gaffar, Shri (94-Baduria—North 24-Parganas)

R

241. Raha, Shri Sudhan (19-Kranti—Jalpaiguri)
242. Ram, Shri Ram Pyare (147-Kabitirtha—Kolkata)
243. Ray, Shri Bachcha Mohan [17-Maynaguri (SC)—Jalpaiguri]
244. Ray, Shri Nirbed (202-Tamluk—Midnapore)
245. Ray, Shri Pramatha Nath [32-Kaliaganj (SC)—North Dinajpur]
246. Ray Chowdhury, Shri Biplab (201-Panskura East—Midnapore)
247. Routh, Shri Dibakanta [188-Balagarh (SC)—Hooghly]
248. Roy, Shri Amalendralal (67-Barwan—Murshidabad)
249. Roy, Shri Chitta Ranjan [31-Raiganj (SC)—North Dinajpur]
250. Roy, Shri Gobinda (20-Jalpaiguri—Jalpaiguri)
251. Roy, Shri Gokul (30-Karandighi—North Dinajpur)
252. Roy, Shri Jatindra Nath [21-Rajganj (SC)—Jalpaiguri]
253. Roy, Shri Lakshmi Kanta [15-Dhupguri (SC)—Jalpaiguri]
254. Roy, Shri Narmada Chandra [33-Kusmandi (SC)—South Dinajpur]
255. Roy, Shri Nripendra Nath (6-Sitai—Cooch Behar)
256. Roy, Shri Samar (46-English Bazar—Malda)
257. Roy, Shri Saugata (151-Dhakuria—Kolkata)
258. Roy, Shri Tapas (144-Bara Bazar—Kolkata)
259. Rubi Noor, Smt. (48-Sujapur—Malda)

S

260. Saha, Shri Kripa Sindhu [191-Dhaniakhali (SC)—Hooghly]
261. Saha, Shri Pundarikakshya (77-Nabadwip—Nadia)
262. Sahis, Smt. Bilasi Bala [240-Para (SC)—Purulia]
263. Samanta, Shri Rampada [217-Pingla—Midnapore]

264. Sanatani, Smt. Mina (231-Jhargram—Midnapore)
265. Sanyal, Shri, Kamalendu (70-Palashipara—Nadia)
266. Sardar, Shri Sital Kumar [169-Sankrail (SC)—Howrah]
267. Saren, Shri Bhutnath [229-Nayagram (ST)—Midnapore]
268. Sarkar, Shri Deba Prasad (103-Joynagar—South 24-Parganas)
269. Sarkar, Shri Dipak Chandra (4-Cooch Behar North—Cooch Behar)
270. Sarkar, Shri Nayan [79-Hanskhali (SC)—Nadia]
271. Sarkar, Shri Sailen (43-Ratua—Malda)
272. Seal, Shri Sudhangshu (142-Jorabagan—Kolkata)
273. Sen, Shri Dhiren (289-Mahammad Bazar—Birbhum)
274. Sen, Shri Nirupam (271-Burdwan South—Burdwan)
275. Sengupta, Shri Purnendu (223-Midnapore—Midnapore)
276. Shamsul Islam Mollah, Shri (73-Chapra—Nadia)
277. Shaw, Dr. Pravin Kumar (133-Titagarh—North 24-Parganas)
278. Singh, Shri Arjun (130-Bhatpara—North 24-Parganas)
279. Singh, Smt. Jyotsna [272-Khandaghosh (SC)—Burdwan]
280. Singh, Shri Lagan Deo (162-Howrah North—Howrah)
281. Singha, Shri Sankar (81-Ranaghat—West Nadia)
282. Sinha, Shri Atish Chandra (65-Kandi—Murshidabad)
283. Sinha, Shri Probodh Chandra (213-Egra—Midnapore)
284. Sk. Illias Mohammad, Shri (206-Nandigram—Midnapore)
285. Sk. Jahangir Karim, Shri (218-Debra—Midnapore)
286. Sk. Majed Ali, Shri (189-Pandua—Hooghly)
287. Sohanpal, Shri Gyan Singh (224-Kharagpur Town—Midnapore)
288. Soren, Shri Khara [36-Tapan (ST)—South Dinajpur]

T

289. Tamser Ali, Shri (8-Natabari—Cooch Behar)
290. Thakur, Shri Akshoy (5-Cooch Behar West—Cooch Behar)
291. Tirkey, Shri Dasrath [10-Kumargram (ST)—Jalpaiguri]
292. Tudu, Shri Makar [246-Ranibandh (ST)—Bankura]
293. Tudu, Shri Sadhu [40-Gazole (ST)—Malda]

U

294. Unus Ali Sarkar, Shri (59-Jalangi—Murshidabad)
295. Upadhyay, Shri Manik (258-Barabani—Burdwan)

Proceedings of the West Bengal Legislative Assembly assembled under the provisions of the Constitution of India

The Assembly met in the Legislative Chamber of the Assembly House, Kolkata, on Friday, the 13th July, 2001 at 11.00 a.m.

PRESENT

Mr. Speaker (SHRI HASHIM ABDUL HALIM) in the Chair, 11 Ministers, 03 Ministers of State and 135 Members.

[11.00—11.10 a.m.]

OBITUARY

Mr. Speaker : Before taking up the business of the day I rise to perform a melancholy duty to refer to the sad demise of Shri Sailen Dasgupta, a veteran Communist leader and member of CPI(M) Politburo who breathed his last on the 10th July, 2001 at Breach Candy Hospital in Mumbai after a prolonged illness. He was 81.

Shri Dasgupta was born on the 24th October, 1920 in Barishal of undivided Bengal (now in Bangladesh). He passed the matriculation examination in the year 1938. Owing to financial stringency he could not continue his studies further. When he was more a boy of 15 he came in close contact with the 'Anusilan Samiti', a revolutionary organisation. In the year 1936 he was arrested on a political dacoity case.

In the year 1938 he joined the Peasants' Movement and in the very next year he got the membership of the Communist Party. Extreme poverty of his family turned him to take up the profession as an employee of the Central Telegraph Co-operative Credit Society. Thereafter he also worked in the Mahalakshmi Cotton Mill, Khidderpore Dock and in a Chemical Factory for a brief stint. In the year 1944 he became a wholetimer of the Party. He went underground and worked for the Party for three years when the party was banned. Subsequently after lifting of the ban, he joined the State Secretariat of the Party and worked along with comrade Mujaffar Ahmed and other commanding leaders. In the year 1958 he was chosen as a member of the State Council of the undivided Communist Party. During Indo-China conflict he was arrested again alongwith other top leaders. He was elected a member of the State Secretariat of the CPI(M) in the year 1982. In the year 1990 he was elected Secretary of the Party's State Committee. Since then he was

the Chairman of the Left Front, in the State. He became a member of the Central Committee of the Party in 1990 and a member of the Politburo in 1991.

A man of simplicity, introvert, fair-spoken, for bearing and modest. Shri Dasgupta throughout his life remained a man dedicated to the cause of the wronged and the down troddan. A behind-the-scenes man and a firm believer in plain living and high thinking Shri Dasgupta led a spartan life.

At the death of Shri Dasgupta the State has lost a distinguished Communist leader and a prudent politician.

Now, I would request the Hon'ble Members to rise in their seats for 2 minutes as a mask of respect to the deceased.

(At this stage, all the Hon'ble members stood in silence in their seats for two minutes as a mark of respect to the deceased.)

Thank you, ladies and gentlemen.

Secretary will send the message of condolence to the members of the bereaved family of the deceased.

Starred Questions
(to which oral answers were given)

বিদ্যুৎবিহীন গ্রাম

*৯৬। (অনুমোদিত প্রশ্ন নং *৪০৬) **ডঃ আশীষ ব্যানার্জী** : বিদ্যুৎ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) রামপুরহাট বিধানসভা কেন্দ্রে কতগুলি গ্রাম বিদ্যুৎবিহীন অবস্থায় আছে ; এবং

(খ) উক্ত গ্রামগুলি বৈদ্যুতিকরণের জন্য সরকার কী কী ব্যবস্থা গ্রহণ করেছেন ?

শ্রী মৃণাল ব্যানার্জী :

(ক) বিধানসভা কেন্দ্রভিত্তিক কোনো পরিসংখ্যান রাখা হয় না। রামপুরহাট থানার মাত্র একটি মৌজা বিদ্যুতায়িত করা এখনও সম্ভব হয়নি।

(খ) রামপুরহাট থানার অন্তর্গত অবিদ্যুতায়িত গ্রামটির নাম শিয়ালডাঙা জে. এল. নং ৭১। গ্রামটির লোকসংখ্যা ০৮। এই গ্রামটি অচিরাচরিত সৌরশক্তির সাহায্যে বিদ্যুতায়নের পরিকল্পনাভুক্ত করা হয়েছে।

ডঃ আশীষ ব্যানার্জী : মাননীয় মন্ত্রী মহাশয় বললেন বিধানসভা কেন্দ্রভিত্তিক কোনো পরিসংখ্যান রাখা হয় না। তাহলে কি ব্লকভিত্তিক রাখা হয় ? তা যদি হয় তাহলে রামপুরহাট

১ নং ব্লক, রামপুরহাট ২ নং ব্লক এবং ময়ূরেশ্বর ব্লকের কতগুলি গ্রাম এখনো বিদ্যুৎহীন অবস্থায় আছে ?

শ্রী মৃণাল ব্যানার্জী : ব্লকভিত্তিক হিসাবও নেই, থানাভিত্তিক আছে এবং সেটা আমি বলতে পারি। রামপুরহাট থানার একটা গ্রাম বাদে সব গ্রামেই বিদ্যুৎ পৌঁছে গেছে। ২১টা জায়গায় নিবিড়করণের কাজ চলছে। ১ কোটি ২৮ লক্ষ টাকার কাজ হয়েছে। ব্লকভিত্তিক হিসাব দিতে পারছি না। নোটিশ দিলে দিয়ে দেব।

ডঃ আশীষ ব্যানার্জী : রাজ্যের উপজাতি অধ্যুষিত এলাকাগুলিতে সরকার আজ পর্যন্ত বিদ্যুৎ পৌঁছে দিতে পারেননি। দরিদ্র উপজাতি সম্প্রদায়ের মানুষদের বিদ্যুৎ ক্রয় করার ক্ষমতা নেই। ফলে তারা বিদ্যুৎ পায় না। যে সমস্ত দরিদ্র মানুষদের বিদ্যুৎ ক্রয় করার ক্ষমতা নেই সে সমস্ত মানুষদের বিদ্যুৎ সরবরাহ করার কোনো পরিকল্পনা সরকারের আছে কি ?

শ্রী মৃণাল ব্যানার্জী : কাস্ট হিন্দুরা সবাই বিদ্যুৎ পেয়ে গেছে, তার উপজাতি সম্প্রদায়ের মানুষরা বিদ্যুৎ পায়নি—ব্যাপারটা এ রকম নয়। অনেক উপজাতি এরিয়ায় বিদ্যুৎ পৌঁছে গেছে, আবার অনেক জায়গায় কাস্ট হিন্দুরা বিদ্যুৎ পায়নি। আমরা কর্মসূচি নিয়েছি, আগামী পাঁচ বছরের মধ্যে সমস্ত গ্রামাঞ্চলে বিদ্যুৎ যাবে। সে কাজ চলছে এবং অ্যাজ পার সিডিউলই চলছে। এর পাশাপাশি ইনটেনসিফিকেশন এবং রিভাইটালাইজেশনের কাজও চলছে।

আমরা আশা করছি, আগামী ৫ বছরের মধ্যে গ্রামে তো পৌঁছবই এবং ইনটেনসিফিকেশন এবং রিভাইটালাইজেশনের কাজ বেশিরভাগ করে ফেলতে পারব।

[11.10—11.20 a.m.]

ডঃ আশীষ ব্যানার্জী : বহু গ্রামে পোস্ট আছে, তার টাঙানো হয়েছে, কিন্তু ২৪ বছর ধরে সেইসব জায়গায় বিদ্যুৎ যাচ্ছে না। এর কারণ কী এবং যদি না পৌঁছে থাকে তাহলে সেগুলির ক্ষেত্রে কি আশু ব্যবস্থা গ্রহণ করবেন ?

শ্রী মৃণাল ব্যানার্জী : এটা খালি ২৪ বছর নয়, তার আগেও হয়েছে, নন-প্ল্যান ওয়েতে অনেক জায়গায় ২৪ বছর আগে পোল পুঁতে দেওয়া হয়েছে, কিন্তু কোনো প্রোজেক্ট নেওয়া হয়নি, টাকা স্যাংসন্ড্ করা হয়নি। কাজেই সেই কাজগুলি হয়নি। হ্যাঁ, ২৪ বছর পরেও হয়েছে। তার মধ্যে তার চুরি হয়ে গেছে বা কিছু হয়নি। তাই রিভাইটালাইজেশনের কথা বলেছি। আমি ৩টির কথা বলছি। একটা হচ্ছে, যে গ্রামে বিদ্যুৎ যায়নি সেখানে বিদ্যুৎ পৌঁছে দেওয়া। গ্রামকে ইনটেনসিফাই করা, আর একটা হচ্ছে, এই ধরনের যেখানে পোল রয়েছে, তার যায়নি, বিদ্যুৎ জ্বলছে না, সেটা রিভাইটালাইজেশন করার কথা। এই ৩টি প্রোগ্রাম আমরা করছি এবং ধীরে ধীরে নির্দিষ্টভাবে টাকা সাংসন্ড করে কাজে এগোচ্ছি।

ডঃ আশীষ ব্যানার্জী : বহু ক্ষেত্রে দেখা যায় যে ট্রান্সফরমার পুড়ে গেলে বা নষ্ট হয়ে গেলে বা অচল হয়ে গেলে সেই ট্রান্সফরমার সেই গ্রামে পেতে দীর্ঘ সময় লাগে। শুধু তাই নয়,

আমি আমার নিজের অভিজ্ঞতায় দেখেছি, সেখানকার অফিসার লেভেলে অনেক বাধা সৃষ্টি করা হয়। যার জন্য বহু গ্রামে দেও মেটানো সত্ত্বেও—আমি বলব—ছইমজিক্যালি ট্রান্সফরমার দেব না, নানা রকমের মন্তব্য করে, যা বলা যায় না। যারা সরকারি অফিসে বসে তাদের কাছে যখন সেই গ্রামের লোক ট্রান্সফরমারের জন্য যান তখন তাদের নানা কটূক্তি শুনতে হয়। তাই বলছি, যখন ট্রান্সফরমার নষ্ট হয়ে যায় তখন সেখানে কিভাবে তাড়াতাড়ি পৌঁছে দেওয়া যায় বা সেই ট্রান্সফরমার পালটানো যায় বা সচল করার ব্যবস্থা করা যায় সেই সম্পর্কে সরকারের কোনো চিন্তা-ভাবনা আছে কিনা ?

শ্রী মৃণাল ব্যানার্জী : সরকারের চিন্তা-ভাবনা অবশ্যই আছে। তবুও আপনাকে অনুরোধ করব, এই ট্রান্সফরমার অনেক কারণে পুড়তে পারে। তার মধ্যে মেজর কারণে পোড়ে, ওই অঞ্চলে কনজিউমার কতটা, তার উপর লোড কতটা পড়বে সেই হিসাবে ট্রান্সফরমার ইন্সটল্ড করা হয়। তারপর যদি হুকিং-ট্যাপিং হয় বা ওভারলোড হয় বা কোনো টেক্‌নিক্যাল কারণেও পুড়ে যায়। এই ব্যাপারে আপনারা একটু সচেষ্ট হোন। আমরাও চেষ্টা করছি। আমি সবার কাছে আবেদন জানাচ্ছি, বেনিফিসিয়ারি কমিটি করা যায় কিনা ট্রান্সফরমারভিত্তিক, তাহলে ট্রান্সফরমার পুড়বে কম.এবং সুবিধাও হবে। আর ট্রান্সফরমার যদি ঘড়ি-ঘড়ি পুড়ে যায় তাহলে লাগাতে সময় লাগবে। কারণ ট্রান্সফরমারের দাম অনেক। সুতরাং সেইসব মাথায় রেখে সম্ভব হয় না পুড়লেই তাড়াতাড়ি লাগিয়ে দেওয়া। তাহলেও চেষ্টা করছি দ্রুত করা যায় কিনা। জেলায় জেলায় স্টক বিল্ড-আপ করার চেষ্টা করছি।

শ্রী নিশিকান্ত মেহেতা : আপনি ঠিকই বলেছেন। কংগ্রেস আমলে অনেক মৌজায় খুঁটি পুঁতে সেই মৌজা ইলেকট্রিফায়েড বলে ডিক্লেয়ার করে দেওয়া হয়ে গেছে। এই যে সমস্যা এই সমস্যার সমাধান করার চেষ্টা করছে রাজ্য সরকার। কিন্তু একটা গ্রামে যেখানে ধনী সম্প্রদায়ের লোকজন থাকে সেখানে ইলেকট্রিফিকেশন হয়ে গেছে।

কোনো গ্রামে আবার আদিবাসী এবং হরিজন এলাকায় পোল গিয়েছে কিন্তু একসঙ্গে ৫৩৫ টাকা মিটারের জন্য এবং আরও আনুষঙ্গিক নিয়ে প্রায় ২/২½। হাজার টাকা দিয়ে আদিবাসী, হরিজনরা বিদ্যুৎ নিতে পারছে না। এ দিকে লোকদীপ প্রকল্প যেটি ছিল যেখানে ৫০০ টাকা দিলেই হয়ে যেত ; সেই লোকদীপ প্রকল্পও প্র্যাকটিক্যালি তার ফাংশান এখন নেই। সেখানে কেন্দ্রীয় সরকার সাহায্য যা করত সেটা তারা বন্ধ করে দিয়েছে। আদিবাসী এবং হরিজনদের এই যে দু হাজার টাকা একসঙ্গে দিতে হচ্ছে এবং অনেকে দিতে পারছে না বলে বিদ্যুৎ নিতে পারছে না, এটা টাকাটা ট্রাইব্যাল ডিপার্টমেন্ট থেকে, এম.এল.এ. ল্যান্ড থেকে কিংবা উন্নয়ন পর্ষদ থেকে ফ্যামিলি ওয়াইজ মঞ্জুর করে দিলে তারা বিদ্যুৎটা পেতে পারে। এইভাবে সেখানে টাকাটা তুলে এস.ই.বি. কে দিলে এস.ই. বি-রও লাভ হবে এবং সঙ্গে সঙ্গে গ্রামের আদিবাসী ও হরিজনরাও উপকৃত হবেন। মাননীয় মন্ত্রী মহাশয়ের এ সম্পর্কে কোনো চিন্তাভাবনা আছে কি ?

শ্রী মৃণাল ব্যানার্জী : বিদ্যুৎ উৎপাদন করতে তো খরচ লাগে। লাইন ইত্যাদি টানার খরচ, প্রতিদিন বিদ্যুৎ পৌঁছে দেওয়ার খরচ সেগুলিও তো আছে। এর আগে আমি বলেছি

অনেকবার যে, স্বাভাবিকভাবে একটা হিসাব করা হয়, পার পোল কত কনজিউমার পাওয়া যাচ্ছে। যদি দেখা যায়, কনজিউমার নেই অথচ পোল লাগিয়ে যাওয়া হচ্ছে তাহলে এস.ই.বি. যা লস করছে সেটা আরো বাড়বে। অন্তত মিনিমাম তিনটি যদি পার পোল কনজিউমার পাওয়া যায় তাহলে ভালো হয় এবং একটা জায়গায় থাকে। অনেক জায়গায় দেখা যায় হয়তো ১০ জন কনজিউমারের জন্য ২০টা পোল বসাতে হচ্ছে। স্বাভাবিকভাবে সেখানে একটা অনীহা থাকে এস. ই. বি.-র পক্ষ থেকে, সেটা আমি অস্বীকার করছি না। এইসব কারণে কখনও কখনও সমস্যা দেখা দেয়। কুটির জ্যোতি বা লোকদীপ প্রকল্প এটা বন্ধ হয়নি। সেটা সেখান থেকে করা যায় যেখানে লাইন গিয়েছে। সেখানে যে পদ্ধতি আছে পঞ্চায়েত, জেলাপরিষদের—সেখানে কুটিরজ্যোতির ক্ষেত্রে প্রস্তাব এলে ওই অঞ্চল থেকে সেইভাবে দেওয়া হয়। যদি কোথাও বিশেষ কমপ্লেন দেখা যায় তাহলে সেখানে বিশেষ ব্যবস্থা গ্রহণ করা হবে।

শ্রী শোভনদেব চট্টোপাধ্যায় : এই হাউসে প্রায়ই শুনি যে '৭২/৭৭ সালে কতকগুলি পোল পোঁতা হয়েছে কিন্তু বিদ্যুৎ দেওয়া হয়নি। আপনি যখন মন্ত্রী হয়ে এলেন অথবা আপনার দল যখন থেকে ক্ষমতায় এল আপনারা তখন থেকে তাহলে একটা অ্যাডভানটেজিয়াস জায়গায় এলেন কারণ নতুন করে অনেক জায়গায় পোল পুঁততে হল না। সেখানে শুধু তার দিলেই হয়ে গেল। '৭২/৭৭ সালে পোঁতা কতগুলি পোলের জন্য আপনাদের আর নতুন করে পয়সা খরচ হল না তা জানাবেন কি ?

শ্রী মৃণাল ব্যানার্জী : এটার কি উত্তর দিতে হবে ? ঠিক আছে, একটা প্রস্তাব এলে দেখা যাবে।

শ্রী রামপদ সামন্ত : আমাদের বর্তমান সরকারের লক্ষ্য হচ্ছে আগামী ৫ বছরের মধ্যে সমস্ত গ্রামকে বিদ্যুতায়ন করা হবে অর্থাৎ সমস্ত গ্রামে কিন্তু নিয়ে যাওয়া হবে। এ সম্পর্কে আগে একটা আইন ছিল যে একটা গ্রামে একটা বাল্‌ব জ্বললে ধরা হত সেই গ্রামটা বিদ্যুতায়ন হয়ে গেল। আমার জিজ্ঞাস্য, এই আইনটা কখন তৈরি হয়েছিল এবং এখনো তা বলবৎ আছে কিনা। এই ধরনের আইনের জন্য লোকের ক্ষোভ বেশি হচ্ছে কারণ ভার্জিন মৌজার সুবিধা থেকে সেটা ক্রস করে গেল। জনগণ বিদ্যুৎ পেতে চান। এই আইনের ব্যাপারে মাননীয় মন্ত্রী মহাশয় কিছু জানেন কি ?

শ্রী মৃণাল ব্যানার্জী : আইনের ব্যাপার বলতে পারবো না। আইনের ব্যাপার আসছে না। গ্রামে যে বিদ্যুৎ যাচ্ছে সেখানে লোক দাবি করবে যে আমার পাড়াতেও বিদ্যুৎ যাওয়া দরকার। কনজিউমাররা সেখানে অ্যাপ্লাই করবে এবং তার একটা পদ্ধতি আছে। সেই পদ্ধতি অনুযায়ী এক্সটেনশান হবে, ইনটিফিকেশান হবে।

[11.20—11.30 a.m.]

সেই কাজটা হচ্ছে। এবারে, হয়তো কোনো গ্রামে লাইন গেছে, সেখানে প্রথম দিকে যারা অ্যাপ্লাই করলেন তাদের সংখ্যা হয়তো ১০০। তার পরের বছর হয়তো আবার অ্যাপ্লাই করলেন ১০০জন। তারই জন্য লাইনটা বাড়াতে হয়। এভাবেই গ্রামে বিদ্যুৎ নিয়ে যাওয়ার

পর তারপর আবার তার একসটেনশন হচ্ছে। তারপর পোল কোথায়ও পড়ে থাকলে তার রিভাইটালাইজেশন হচ্ছে, তার ছিঁড়ে পড়ে থাকলে সেগুলো পালটানো হচ্ছে। কাজেই সেখানে মানুষ বিদ্যুৎ চাইছেন, যদি সেখানে সিস্টেম পারমিট করে তাহলে একটি গ্রামে শুধু একটি পোল যাবে না, ব্যাপকভাবেই যাবে। এক্ষেত্রে এস.ই.বি.-র ইন্টারেস্ট নিয়ে যাওয়া উচিত, কারণ ৫ লক্ষ টাকা খরচ করে লাইন নিয়ে যাওয়া হল, কিন্তু সেখানে বিদ্যুৎ বিক্রি হল না, এটা তারা চান না। এস.ই.বি. চায়, তারা যে গ্রামে বিদ্যুৎ নিয়ে যাবে সেই গ্রামে ব্যাপকভাবে বিদ্যুৎ যেন মানুষ নেন।

শ্রী দেবপ্রসাদ সরকার : মাননীয় মন্ত্রী, আপনি বাজেট স্পিচে বলেছেন যে, ৮,০০০ মৌজায় বিদ্যুৎ নেই, বাকিগুলিতে বিদ্যুৎ আছে। যে গ্রামগুলোতে বিদ্যুৎ আছে তার মধ্যে অনেকগুলোতে ইনটেনসিফিকেশন, রিভাইটালাইজেশন এসব প্রোগ্রাম আছে। আমার স্পেসিফিক প্রশ্ন, যে গ্রামগুলোতে বিদ্যুতায়ন হয়েছে বলেছেন সেখানে শতকরা কতজনের ঘরে বিদ্যুৎ গেছে তার হিসেব বলতে পারবেন কি ?

শ্রী মৃণাল ব্যানার্জী : সেভাবে এখনি বলতে পারব না, তবে ৩৫ পারসেন্ট, এরকম রেঞ্জে কনজিউমার আছেন আমাদের যে টোটাল পোল তার ভিত্তিতে। এভাবে যদি ফিগার চান তাহলে সেটা পরে হিসাব করে বলতে পারব।

শ্রী প্রফুল্ল ভৌমিক : যে সমস্ত গ্রাম্য মৌজায় নতুন করে বিদ্যুৎ যাচ্ছে সেখানে আট-নয় মাস আগে পোল টাঙানো হয়েছে, কিন্তু কাজ হচ্ছে না। বিশেষ করে আমার বিধানসভা কেন্দ্র করিমপুরে এই কাজটা হচ্ছে না, অথচ কনজিউমাররা তাদের দেয় টাকা জমা দিয়েছেন। কার কাছে গেলে কাজটা তাড়াতাড়ি হবে সেটা আমি আপনার কাছে জানতে চাই।

শ্রী মৃণাল ব্যানার্জী : টাকা জমা দিয়েছেন অথচ বিদ্যুৎ পাচ্ছেন না, এটা হবার কথা নয়। খোঁজ নিয়ে দেখুন, সেখানে অন্য কোনো প্রবলেম আছে। নিয়ম হল, প্রথমে অ্যাপ্লাই করতে হয়। অ্যাপ্লাই করবার পর এস.ই.বি. সেটা সার্ভে করে, স্টাডি করে এবং তারপর সেখানে কত টাকা লাগবে সেটা হিসাব করে কাজটা তারা চালু করেন। সেখানে কনজিউমার থেকে থাকলে, খোঁজ নিয়ে দেখুন, নিশ্চয়ই সেখানে অন্য কোনো প্রবলেম আছে। আমি নিশ্চয়ই ওই ব্যাপারে খোঁজ নেব।

Installed Capacity of Power Stations

*105 (Admitted Question No. *478) **Shri Subrata Bakshi :** Will the Minister-in-Charge of the Power Department be pleased to State....

(a) What is the total installed capacity of Power stations in the State ; and

(b) What is the average generation of the said Power Stations ?

Shri Mrinal Banerjee :

(a) 7781.58609 MW

(b) 60%

শ্রী সুব্রত বক্সী : আমার অতিরিক্ত প্রশ্ন, এখানে বিদ্যুৎ ব্যয়-বরাদ্দ পাসের দিন আপনি বলেছিলেন যে, ১৬০ মেগাওয়াট বিদ্যুৎ উদ্বৃত্ত হয়ে সেটা রাজ্যের বাইরে যাচ্ছে, অথচ গত কয়েকদিন ধরে এখানে উল্লেখপর্বে সরকার পক্ষ এবং বিরোধীপক্ষ ক্রমাগতভাবে নিজেদের এলাকায়, জিরো আওয়ারেও বলেছেন, ভয়ঙ্কর বিদ্যুৎ সঙ্কট হচ্ছে। এই মুহূর্তে পশ্চিমবঙ্গে কত মেগাওয়াট বিদ্যুৎ ঘাটতি যাচ্ছে জানাবেন কি ?

শ্রী মৃণাল ব্যানার্জী : এই মুহূর্তে ঘাটতি নেই, গতকাল থেকে ভালো জেনারেশন হচ্ছে। আপনি যা বললেন, অ্যাকচুয়ালি গত কয়েকদিন ধরে একটা সমস্যা গেছে। আজকে আমার একটা স্টেটমেন্ট আছে, তাতে আমি ওই সমস্যা সম্পর্কে বলব।

ভিজে কয়লার সমস্যা আছে।

শ্রী সুব্রত বক্সী : কয়েক দিন ধরে পাওয়ারে একটা ঘাটতি চলছে।

শ্রী মৃণাল ব্যানার্জী : একই কথা বার বার না বলে একবারই বলতে চাইছিলাম, পরে এই ব্যাপারে আমার একটা স্টেটমেন্ট আছে। ঠিক আছে আপনার প্রশ্নে উত্তরটা বলছি। আমাদের জেনারেশানে যেটা আছে সেটা ধরুন আমাদের ডব্লু.বি.এস.ই.বি., পি.ডি.সি.এল, ডিপি.এল মিলিয়ে জেনারেশানটা প্রতি দিন হওয়া উচিত, ক্যাপাসিটি হচ্ছে ৩৫৬৯ মেগাওয়াট। পি.ডি.সি.এল, ডি.পি.এল, এস.ই.বি এবং হাইডাল ইত্যাদি মিলিয়ে উৎপাদন। আমি নন-কনভেনশনাল এনার্জিটাকে বাদ দিচ্ছি। এছাড়া ডি. পি. এস. সি., সি. ই. এস. সি., ফারাক্কার এন. টি. পি. সি. আছে। হ্যাঁ, আমাদের এখানে সন্ধ্যাবেলায় কিছুটা শর্ট ফল আছে। আমাদের যে শর্ট ফলটা হয় সেটা ইমপোর্ট করতে হয় সেন্ট্রাল সেক্টর থেকে। এ ছাড়া অন্য সময় আমাদের শর্ট ফল নেই। আমাদের যে সমস্যা হচ্ছে সেটা হলো, এ.বি.টি অর্থাৎ অ্যাভেলেভেল বেস্ট ট্যারিফ যেটা হওয়ার কথা ছিল সেটা একটা হাইকোর্টে কেস হয়ে বসে আছে। এ. বি. টি. চালু হয়নি, এ.বি.টি না হওয়ায় অন্যান্য রাজ্য কখনো কখনো সেই বিদ্যুৎ টেনে নিচ্ছে। ফলে কিছু ফ্রিকোয়েন্সি লো হয়ে যাচ্ছে। আবার আপনারা জানেন মাঝে মধ্যে কয়েকবার আমাদের পশ্চিমবাংলায় ব্ল্যাক আউট হয়েছিল। সেই কারণে অনেকগুলি ফ্রিকোয়েন্সি মিটার লাগানো হয়েছে। সেখানে যে রেটিংটা আছে—যেমন ধরুন ৪৮.৫-এর নিচে নেমে গেলে আমাদের ২০০-৩০০ মেগাওয়াট ফিডার অফ হয়ে যায়। তারপর আরো যদি ফ্রিকোয়েন্সি কমে যায়, ৪৭.৮ এর নিচে নেমে গেলে আরো ২০০-৩০০ মেগাওয়াট ফিডার অফ হয়ে যায়। ৪৭.২-র নিচে নেমে যদি যায় তাহলে টোটাল সিজ হয়ে গিয়ে ব্ল্যাক আউট হয়ে যায়। যাতে ব্ল্যাক আউট না হয়, ব্ল্যাক আউট হয়ে গেলে আরো ২-৩ দিন সময় লেগে যায় সেটা রেসটোর করতে, তার জন্য চেষ্টা চলছে। অতীতে এই জিনিস হয়েছে। এই কারণে আমাদের সমস্যা চলছে। সমস্যাটা বুঝে নিন। যেমন ধরুন ৪৮.৫-এর নিচে নেমে

গেলে ফ্রিকোয়েন্সি মিটার অফ হয়ে যায়। ফলে প্রায় ৩০০-৪০০ মেগাওয়াট এরিয়া অফ হয়ে গেল। এখানে বিদ্যুৎ আসবে না যতক্ষণ না পর্যন্ত ফ্রিকোয়েন্সি ৪৯.৫ সাইকেল পার সেকেন্ড না হচ্ছে। অর্থাৎ ২০০, ৩০০, ৪০০ মেগাওয়াট বিদ্যুৎ থাকা সত্ত্বেও কোনো জায়গায় বিদ্যুৎ দিতে পারছি না। এইগুলি সব ঠিক হয়ে যাবে যদি হাইকোর্টে না সুপ্রিম কোর্টে এই যে কেসটা আছে সেটা যদি ফয়সলা হয়ে যায়, এ. বি. টি চালু হলে অর্থাৎ অ্যাভেলেভেল বেস্ট ট্যারিফ চালু হলে। এখানে এই ডিসিপ্লিনটা আসবে। এই ডিসিপ্লিনটা এলে এই সমস্যাগুলি অনেকটা এলিমিনেটেড হয়ে যাবে। এই ক্ষেত্রে আমাদের কোনো সমস্যা নেই। এ. বি. টি.-তে যে বিদ্যুৎ নেওয়ার কথা বলা হবে সেই বিদ্যুৎ নিতে হবে। যদি না নিই তাহলে পেনালটি হবে, যদি আমরা কম বিদ্যুৎ নিই তাহলে পেনালটি হয়ে যদি বেশি বিদ্যুৎ নিই তাহলেও পেনালটি হবে। অর্থাৎ একটা টোটাল ডিসিপ্লিনের মধ্যে আসতে হবে। আমরা রাজি হয়েছি, হ্যাঁ করব। অন্যান্য কতকগুলি সমস্যার দরুন এন. টি. পি. সি.-তে কেস চলছে। এই কারণে যে এখানে কিছু জটিলতা রয়েছে। এ ছাড়া ঝড়-বাদলে বিদ্যুৎ থাকে না। শর্টেজ কয়েক দিন আমাদের হয়েছিল নো ডাউট। তবে শর্টেজ আমাদের সার্বিকভাবে বিদ্যুতে হয় না।

শ্রী সুব্রত বক্সী : আপনি বললেন ব্যারোমিটারের কথা। সাইকেল পার সেকেন্ড ৪৭.২-এর নিচে নেমে গেলে ৩০০-৪০০ মেগাওয়াট বিদ্যুৎ ঘাটতি হয়ে যাবে। আমার কথা হচ্ছে যখন অন্ধকার নেমে আসে, কয়েক দিন ধরে লাগাতার অন্ধকারে ডুবে থাকে, যখন ৩০০-৪০০ মেগাওয়াট বিদ্যুৎ ঘাটতি থাকে তখন বাইরে বিদ্যুৎ চালান অব্যাহত ছিল কিনা জানাবেন কি ?

[11.30—11.40 a.m.]

শ্রী মৃণাল ব্যানার্জী : অন্ধকার যাতে না হয়ে যায় তার জন্য ব্যবস্থা করতেই সমস্যা হয়ে যাচ্ছে। কারণ বিদ্যুৎ থাকা সত্ত্বেও যদি ৪৮.৫-এর নিচে ফ্রিকোয়েন্সি নেমে যায় তাহলে তখনই ট্রিপ করে যায়। কারণ, ফ্রিকোয়েন্সি মিটার অফ হয়ে যায় এবং তখনই ট্রিপ করে যায়। সেইভাবেই সেটিংটা করা আছে। তিনটে সেটিং আছে—একটা আছে ৪৮.৫, একটা আছে ৪৭.৮ এবং আর একটা আছে ৪৭.২। এটা যাতে কোলাপ্‌স না করে তার জন্য এই তিনটে সেটিং রাখা হয়েছে। অনেক সময়ে মনে হয়েছে সেটিংটা চেঞ্জ করি। কিন্তু তাতে বিপদ হতে পারে।

শ্রী মোরসালিন মোল্লা : স্যার, আমাদের নতুন জেনারেশন এনে সি. ই. এস. সি. বজবজে যেটা করেছে, তাতে আড়াইশো করে পাঁচশো মেগাওয়াট উৎপাদনের কথা ওরা বলেছেন। কিন্তু ওরা আড়াইশো মেগাওয়াট উৎপাদনটা রাখছেন না বলে সি. ই. এস. সি.-র মহেশতলা, বজবজ-সহ বিস্তীর্ণ অঞ্চল লোডশেডিংয়ের মধ্যে চলে যাচ্ছে। এই বিষয়ে মাননীয় মন্ত্রী মহাশয় তাঁর দপ্তর থেকে কোনো ব্যবস্থা নিতে পারেন কিনা ?

শ্রী মৃণাল ব্যানার্জী : বিদ্যুতের একটা ইউনিট না চলার জন্য একটা অঞ্চল অন্ধকারাচ্ছন্ন হয়ে যাচ্ছে, এটা ঘটনা নয়। ওরা আমাদের স্টেট সেক্টর থেকে বিদ্যুৎ নেয়। ওদের শর্ট ফল হলে আমাদের কাছ থেকে ওরা বিদ্যুৎ নেয়। তবে টোটাল শর্ট ফল হলে আলাদা কথা। কিন্তু কোনো একটা ইউনিট না চলার জন্য এই রকম হচ্ছে, এটা ঠিক নয়। তবে এবারে কিছু সমস্যা হয়েছে। আমরা খোঁজ নিয়েছি। কয়লা ভেজা। গত দেড় মাস ধরে কন্টিনিউয়াস বৃষ্টি হচ্ছে। এর জন্য শুধু সি. ই. এস. সি. নয়, আমাদের কোলাঘাট, এন. টি. পি. সি.-তেও এই সমস্যা চলছে। সেই কারণে কখনো কখনো বিদ্যুৎ জেনারেশন কম হচ্ছে। কয়লা যদি ডি-গ্রেড, ই-গ্রেড হয়, যদি ভেজা থাকে, তাহলে জেনারেশন বাড়ানো যায় না। তার জন্য দরকার হাই গ্রেড কয়লা-এগ্রেড, বি-গ্রেড কয়লা। সেগুলো আবার খুব কস্ট্‌লি, সেটা আবার ট্যারিফে ঢুকে যাবে। কাজেই একটা সমস্যা চলছে। আমরা যে খোঁজ খবর নিয়েছি, এই যে সমস্যাগুলো ছিল, গতকাল থেকে আমরা তার থেকে বেরিয়ে আসতে পেরেছি, যদি না আবার নতুন কোনো ঘটনা ঘটে।

শ্রী অতীশচন্দ্র সিন্‌হা : আমি মাননীয় মন্ত্রী মহাশয়ের কাছে জানতে চাইছি, সম্প্রতি আমরা খবরের কাগজে দেখলাম বিদ্যুতের দাম বাড়াবার প্রস্তাব করা হচ্ছে। বিদ্যুতের তো এই অবস্থা। এই সময়ে বিদ্যুতের দাম বাড়াবার প্রস্তাব আছে কিনা ?

শ্রী মৃণাল ব্যানার্জী : এস. ই. বি. ডি. পি. এস. সি. ডি. পি. এল. এবং সি. ই. এস. সি, আপনারা সবাই জানেন, ইলেকট্রিসিটি রেগুলেটরি কমিশন করা হয়েছে। আগে বিদ্যুতের দর ঠিক করত পাওয়ার ডিপার্টমেন্ট। এখন সেটা করছে স্টেট রেগুলেটরি কমিশন। এটা এখন তাদের বিবেচনাধীন রয়েছে। এস. ই. বি.-র কথা ধরুন, ১৯৯৯-এর জানুয়ারির পরে কোনো রিভিশন হয়নি। অর্থাৎ ২০০০-২০০১ পর্যন্ত কোনো রিভিশন হয়নি। ন্যাচারালি তাদের যে ডিমান্ড যে বিদ্যুতের দাম বাড়াতে হবে—সব কিছুরই দাম বেড়েছে, কয়লার দাম, তেলের দাম, রেলের ভাড়া, মাইনে বেড়েছে, এইসব কারণে তাদের লস্‌ হচ্ছে। সেজন্য সি. ই. এস. সি. ডি. পি. এল. সবাই দাম বাড়াবার কথা বলেছে। সেজন্য এটা এখন স্টেট ইলেকট্রিসিটি রেগুলেটরি কমিশনের বিবেচনাধীন রয়েছে। বিদ্যুতের দাম যেটা আছে সেটা বাড়ানো দরকার, কী কমানো দরকার তা তাদের বিবেচনাধীন। তবে কমন সেন্স থেকে বলা যায়, যেহেতু দু-বছর কোনো রিভিশন হয়নি, আর সব কিছুর দাম বেড়েছে, সেজন্য ট্যারিফটা বাড়বে। কিন্তু হিসাব-নিকাশ করলে তা যেমন হতে পারে, আবার নাও হতে পারে।

শ্রী তপন হোড় : মাননীয় মন্ত্রী মহাশয়ের কাছে আমার অতিরিক্ত প্রশ্ন যে, এই সাম্প্রতিককালে আমরা যেটা শুনছি যে, বিভিন্ন তাপ বিদ্যুৎ কেন্দ্রে এবং আমাদের বক্রেশ্বর তাপ বিদ্যুৎ কেন্দ্রতেও অত্যন্ত নিম্নমানের কয়লা সরবরাহ করা হচ্ছে এবং শুধু সরবরাহ নয়, এডিকোয়েট সাপ্লাই পর্যন্ত কয়লা হচ্ছে না, এর ফলে বিদ্যুৎ উৎপাদন করতে অসুবিধা হচ্ছে। এই ঘটনাটি কি সত্যি হলে রাজ্য সরকার কী ব্যবস্থা নিচ্ছেন জানাবেন কি ?

শ্রী মৃণাল ব্যানার্জী : নিম্নমানের কয়লা ওরা যদি দিয়ে থাকেন তাহলে খোঁজ নিয়ে তা জানব। কিন্তু অনেক সময়ে চেষ্টা করা হয় খুব কস্টলি কয়লা না লাগিয়ে যা চালানো

যায় সেটা দিয়েই চেষ্টা হয় কিন্তু তার বাইরে গেলে অসুবিধা। যেমন ঠিক করা হয়েছে সি গ্রেডের কয়লা, সেখানে যদি ডি গ্রেডের কয়লা সাপ্লাই দিয়ে থাকে সেটা আমরা এনকোয়ারি করে দেখব।

শ্রী রবীন দেব : স্যার, আমার অতিরিক্ত প্রশ্ন যে, মাননীয় মন্ত্রী জানালেন আমাদের বিরোধীদের অন্যতম নেতা অতীশ সিন্‌হার উত্তর যে, বিদ্যুৎ দাম বৃদ্ধির ক্ষেত্রে ৭ হাজার ৭৮১ মেগাওয়াট বিদ্যুৎ উৎপাদনের কথা উল্লেখ করলেন। এখানে যে ইলেকট্রিসিটি বিল ২০০০, তাতে কেন্দ্রীয় সরকার গোটা দেশ জুড়ে এই বিদ্যুতের মতো গুরুত্বপূর্ণ পরিষেবার ক্ষেত্রে বেসরকারিকরণ করার জন্য নির্দেশ দিয়েছেন। নির্দেশের জন্য বিলও চালু করা হয়েছে। এইক্ষেত্রে আমাদের রাজ্য সরকার সেটা ইমপ্লিমেনটেশান করবেন কিনা এবং কী তার মনোভাব জানাবেন কি ?

শ্রী মৃণাল ব্যানার্জী : আমরা সিদ্ধান্ত নিয়েছি প্রাইভেটে করব না। আমরা প্রাইভেট করলেই সমস্যার সমাধান হবে না। রাষ্ট্রায়ত্ত ক্ষেত্রেও ভালো করে চালানো যায় এবং আমরা চেষ্টা করছি এটাকে ভালো করে চালাবার জন্য এবং ভালো করার লক্ষ্যেই আসছি। আমাদের লোকসান কিছুটা কমেছে, আমাদের রেভিনিউ বেড়েছে। আমাদের এক্সপ্যানশান হচ্ছে। ট্রান্সমিশান এবং ডিস্ট্রিবিউশানের যে দুর্বলতা সেগুলো কাটাবার জন্য আমরা অনেকগুলো প্রোজেক্ট হাতে নিয়েছি। কাজেই আমরা মনে করছি এটাকে প্রাইভেটে করা ঠিক হবে না। গ্রামে ক্ষতি হবে কারণ যা দেখছি প্রাইভেটের চাহিদা, তাতে যে দর হবে গ্রামেগঞ্জের মানুষই নয়, শহরের মানুষও সেই বিদ্যুৎ কিনতে পারবে না। কাজেই আমরা সিদ্ধান্ত নিয়েছি বিদ্যুৎ সরকারি ব্যবস্থাতেই চলবে। আমরা ডেফিনেটলি আরো ভাল করে চালাব। আমরা ম্যানেজমেন্ট ভালো করছি। রেভিনিউ ভাল করব। কাস্টোমার সার্ভিস ভালো করতে হবে এবং সেই পথেই আমরা এগোচ্ছি।

শ্রী তাপস রায় : মাননীয় মন্ত্রী মহাশয়ের কাছে আমার অতিরিক্ত প্রশ্ন যে, বর্ধিত হারে যে বিদ্যুৎ পাচ্ছি তাতে সি. ই. এস. সি. ইজ সাইফোনিং মানি ফ্রম ক্যালকাটা অ্যান্ড ইট্‌স সুবার্বস তথা গোয়েঙ্কারা আমাদের কাছ থেকে কত টাকা নিয়েছে আপনার জানা আছে কি ?

শ্রী মৃণাল ব্যানার্জী : আপনার স্পেসিফিক্যালি কেউ কোনো সাইফোন করেছে কিনা জানা নেই। রাজ্য সরকারের পক্ষ থেকে সাইফোনিংয়ের ব্যাপারটা জানা নেই। আর আমি সি. ই. এস. সি.-র পক্ষেও বলতে যাব না। তবে আপনি যদি সাইফোনিং কিভাবে হয়েছে সেটা স্পেসিফিক্যালি জানানো ভালো, কারণ এইভাবে বললে হবে না। আপনাকে স্পেসিফিক্ বলতে হবে।

রাজ্যে রেশন ব্যবস্থা

*২১৭। (অনুমোদিত প্রশ্ন নং *৫৪) **শ্রীদেবপ্রসাদ সরকার** : খাদ্য ও সরবরাহ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) এটা কি সত্যি যে, রাজ্যের রেশন ব্যবস্থা বন্ধ হয়ে যাওয়ার আশঙ্কা দেখা দিয়েছে ; এবং

(খ) সত্যি হলে, উক্ত পরিস্থিতি মোকাবিলা করার জন্য সরকার কর্তৃক কী পদক্ষেপ গ্রহণ করা হয়েছে ?

শ্রী কলিমুদ্দিন শাম্‌স :

(ক) ইহা সত্য নহে। তবে খোলাবাজারে লভ্য চাল গমের দাম সুবিধাজনক হওয়ায় দারিদ্র্যসীমার উর্ধ্বে অবস্থানরত জনসাধারণ গণবণ্টন ব্যবস্থার মাধ্যমে প্রাপ্য খাদ্যশস্য কিনতে অনাগ্রহী হয়ে পড়েছেন। তাছাড়া গত ফেব্রুয়ারি ২০০১ থেকে দারিদ্র্যসীমার নীচে অবস্থানরত জনসাধারণের জন্য মাথাপিছু মাসিক চিনির পরিমাণ বাড়িয়ে ৫০০ গ্রাম করা হয়েছে এবং রেশন দোকান মারফৎ পি.ডি.এস. দ্রব্যাদি ছাড়াও অন্যান্য দ্রব্য বিক্রয় করার ব্যবস্থা হচ্ছে।

(খ) প্রশ্ন ওঠে না।

[11.40—11.50 a.m.]

শ্রী দেবপ্রসাদ সরকার : মিঃ স্পিকার স্যার, মাননীয় মন্ত্রী মহাশয়ের কাছে আমার অতিরিক্ত প্রশ্ন, মাননীয় মন্ত্রী মহাশয় ইহা কি সত্য যে সাম্প্রতিক কেন্দ্রীয় সরকার এ. পি. এল. গ্রাহকদের দারিদ্র্যসীমার উর্ধ্বে যারা গ্রাহক তাদের রেশনে চাল এবং গমের দাম ৩০ শতাংশ কমিয়ে দিয়েছেন এবং সত্য হলে এই রাজ্যের রেশন ব্যবস্থার উন্নতিতে এর কোনো ইতিবাচক প্রভাব পড়বে কি না ?

শ্রী কলিমুদ্দিন শাম্‌স : আমরা কাগজে দেখেছি কিন্তু এখন পর্যন্ত এ রকম কোনো সার্কুলার পাইনি।

শ্রী দেবপ্রসাদ সরকার : মাননীয় মন্ত্রী মহাশয় সার্কুলার আপনি পাননি, তবে আমিও কাগজে দেখলাম যে সরকারের পক্ষ থেকে এই সিদ্ধান্তকে স্বাগত জানাচ্ছেন—আপনার একটা বিবৃতি দেখলাম। আমার প্রশ্ন হচ্ছে, এই যে কেন্দ্রীয় সরকারের সিদ্ধান্ত—এই সিদ্ধান্তের সার্কুলার আপনি যদি পানও তাহলে এই সিদ্ধান্ত সাধারণ গ্রাহকদের ক্ষেত্রে কার্যকরী করার ক্ষেত্রে কতকগুলি পদক্ষেপ না নিলে এই সিদ্ধান্ত ইতিবাচক মানে সাড়া পাওয়া যাবে না। সেই জন্য আমার জিজ্ঞাস্য, সরকার এখানে কিলো প্রতি চাল বা গমের জন্য যে দাম কেন্দ্রীয় সরকার ধার্য করে দেন তার সঙ্গে ওই পরিবহণ খরচ, ডিলারদের কমিশন এইসবের জন্য বা প্রশাসনিক ব্যয় আরো ৭০ পয়সা অতিরিক্ত ধার্য করে ; তাই আমার প্রশ্ন এমনিতে আপনি নিজেই বলেছেন দাম এখন যা আছে তাতে খোলা বাজারের দাম অনুযায়ী লোকে বেশি এখানে আগ্রহী নয়, তাহলে দাম কমলেও এই ৭০ পয়সা এটা যদি প্রত্যাহার করে নেন অর্থাৎ কেন্দ্রীয় সরকারের ধার্য দামে যাতে পেতে পারে তার জন্য ৭০ পয়সা কিলো প্রতি যে চাল ও গম আছে সেটা প্রত্যাহার করে, কেন্দ্রীয় সরকারের ধার্য দাম যেখানে ৮.৩০ পয়সা চাল এবং ৬.১০ পয়সা গম সেটা ওরা বলছেন ৩০ শতাংশ কমে গেলে হবে। এই দামে যাতে লোকে পেতে পারে এই ব্যাপারে কি আপনি নিশ্চিত করতে পারেন ?

শ্রী কলিমুদ্দিন শাম্‌স : এই ব্যাপারে আমরা চিন্তা করছি। চালের দামটা কমে যাবে, এখন পর্যন্ত অফিসিয়ালি আমাদের কাছে কিছু আসেনি। আশা করি ২-৪ দিনের মধ্যে

এসে যাবে। দামটা কম হওয়ার পরে, এই ব্যাপারে চিন্তা করে যা ব্যবস্থা নেওয়ার সেটা নেব।

শ্রী দেবপ্রসাদ সরকার : মাননীয় মন্ত্রী মহাশয়, আর একটা জিনিস আছে সেটা হচ্ছে এফ. সি. আই. থেকে যে চাল বা গম পাওয়া যায় সেটা বহু ক্ষেত্রে ঠিক মানুষের ব্যবহারযোগ্য নয়। নট ফিট ফর হিউম্যান কনসাম্পশান, এই জায়গায় আপনার ব্যবস্থা আছে, কোয়ালিটি কন্ট্রোল ইন্সপেক্টাররা এফ. সি. আই. গো-ডাউনে গিয়ে চাল, গমের নমুনা পরীক্ষা করে সার্টিফাই করলে তবে সেই চাল, গম যাবে। কিন্তু বহু ক্ষেত্রেই আমরা দেখতে পাচ্ছি এই কোয়ালিটি কন্ট্রোল ইন্সপেক্টাররা তারা তাদের দায়িত্ব নিয়মিত পালন করছেন না। তখন এফ. সি. আই. তারা তাদের ইচ্ছামতো মাল পাঠিয়ে দিচ্ছে। ভবিষ্যতে যাতে রেশন দোকানে চাল এবং গমের নমুনা ঠিক থাকে এই ব্যাপারে নজরদারি করার জন্য কোয়ালিটি কন্ট্রোল ইন্সপেক্টারদের কোনো নির্দেশ দেবেন কি ? আমি আপনাকে বলছি, কাশীপুর গোডাউন থেকে বি. পি. এল.-এর যে চাল এবং গম পাঠানো হয়েছে তা অতি নিম্নমানের। ফলে গ্রাহকরা সেটা নিচ্ছে না। চাল এবং গমের নমুনা যাতে ঠিকমতো পরীক্ষা করা হয় এবং কোয়ালিটি কন্ট্রোল ইন্সপেক্টাররা যাতে তাদের দায়িত্ব পালন করে সেই ব্যাপারে আপনার সরকার কী ব্যবস্থা নিচ্ছে।

শ্রী কলিমুদ্দিন শাম্‌স : আমাদের রাজ্য চাল উৎপাদন স্বয়ংসম্পূর্ণ, তাই এফ. সি. আই. থেকে আমরা কোনো চাল নিই না। আপনি যে চাল এবং গমের কথা বললেন সেই ব্যাপারে আমি এনকোয়ারি করব। তবে চাল আমরা নিজেরাই প্রক্রিওরমেন্ট করি এবং সেটাই আমরা দিই।

শ্রী নেপাল মাহাতো : মাননীয় মন্ত্রী মহাশয়ের কাছে আমি জানতে চাই, রেশন ব্যবস্থাতে যে রেশন কার্ড আছে সেই কার্ডগুলো দীর্ঘদিনের। তাছাড়া যাদের বয়স দশ ছিল তাদের এখন কুড়ি হয়ে গেছে, যাদের পাঁচ ছিল তাদের দশ হয়ে গেছে এবং অনেক রেশন কার্ড নষ্ট হয়ে গেছে। এই সমস্ত কার্ডগুলো বাতিল করে ফ্রেশ কার্ড দেবার কোনো পরিকল্পনা আপনার আছে কি ? যদি থাকে কবে নাগাদ তা শুরু করবেন ?

শ্রী কলিমুদ্দিন শাম্‌স : আমরা ঠিক করেছি, পুরোনো কার্ড যা আছে সেগুলোকে বাতিল করে দিয়ে নতুন কার্ড আমরা দেব। আমাদের রাজ্যে আট কোটি লোকের রেশন কার্ড আছে। এইগুলো রিপ্রিন্ট করার জন্য প্রসেস আমরা স্টার্ট করেছি, তবে কিছু সময় লাগবে। যত শীঘ্র সম্ভব আমরা নতুন কার্ড দেবার ব্যবস্থা করব।

শ্রী গোপাল মুখার্জী : মাননীয় মন্ত্রী মহাশয়ের কাছে আমি জানতে চাই, নির্বাচনের আগে তো আপনারা বি. জে. পি. এবং তৃণমূলের বিরুদ্ধে বলেছিলেন, ওরা রেশন ব্যবস্থা তুলে দিতে চাইছে। এইসব করে আপনারা ক্ষমতায় আবার আসলেন। কিন্তু কেন্দ্রীয় সরকার এখন চালের দাম ১১ টাকা থেকে ৮ টাকা করেছে এবং গমের দাম ৯ টাকা থেকে ৬ টাকা করা হয়েছে। চাল এবং গমের দাম কমিয়ে দেওয়ার জন্য আপনারা কেন্দ্রীয় সরকারকে কি কোনো অভিনন্দন জানিয়েছেন।

[11.40—11.50 a.m.]

শ্রী কলিমুদ্দিন শাম্‌স : রেশন দোকানে যে চাল পাওয়া যায় তার থেকে কম দামে বাইরে চাল পাওয়া যায়। তার জন্যই রেশন দোকানের চালগুলো লিফট্‌ হচ্ছে না।

শ্রী মেহবুব মণ্ডল : কিছুদিন ধরে গ্রামেগঞ্জে গরিব মানুষরা রেশন দোকানের মাধ্যমে কেরোসিন তেল পাচ্ছে না। মার্কেট থেকে অনেক বেশি দাম দিয়ে কেরোসিন তেল তাদের কিনতে হচ্ছে। গরীব মানুষদের মোমবাতি কেনারও পয়সা নেই। কিছুদিন ধরে রেশন ব্যবস্থায় ধর্মঘট চলছিল সেটা কি উঠে গেছে এবং তার কারণ কি আমি মাননীয় মন্ত্রীমহাশয়ের কাছে জানতে চাই।

শ্রী কলিমুদ্দিন শাম্‌স : আপনারা জানেন কেরোসিন আমাদের রাজ্যে হয় না, আমাদের ডিপেন্ড করতে হয় দিল্লির সরকারের উপরে। আমাদের যা প্রয়োজন থাকে তার থেকে কম দেওয়া হয়। ওরা আমাদের সত্তর শতাংশ দেয়, তিরিশ শতাংশ দেয় না। আমরা যেখানে যেমন প্রয়োজন সেটা অ্যাডজাস্ট করে দিই। গ্রামের দিকে আমরা বেশি দিই।

[11.50—12.00 noon]

শ্রী অশোক কুমার দেব : দেখা যাচ্ছে নির্বাচনের আগে প্রচুর রেশনকার্ড, ভুয়া রেশন কার্ড দেওয়া হয়েছে, অথচ দীর্ঘদিন ধরে রেশন কার্ডের জন্য অ্যাপ্লাই করেও অনেকে পাচ্ছে না। যারা দীর্ঘদিন ধরে রেশন কার্ডের জন্য অ্যাপ্লাই করেছে বা পরে যারা জন্মগ্রহণ করেছে, তারা পাবে কিনা বলবেন কি ?

শ্রী কলিমুদ্দিন শাম্‌স : আমাদের রাজ্যে দেখছি জনসংখ্যার থেকে রেশনকার্ড বেশি আছে, সেটা ম্যানিং করে ধরবার চেষ্টা করছি। নতুন যারা অ্যাপ্লাই করছে, তাদের নতুন কার্ড দেওয়া হয়।

শ্রী জ্যোতিপ্রিয় মল্লিক : উত্তর ২৪-পরগনার বিভিন্ন বিধানসভা কেন্দ্রে নির্বাচনের আগে এক লক্ষের উপর নতুন কার্ড ইস্যু করা হয়েছে। সেইগুলো বিভিন্ন জায়গায় ঘুরে বেড়াচ্ছে। সেই কার্ডগুলো ইস্যু করার কারণ জানাবেন কি ?

শ্রী কলিমুদ্দিন শাম্‌স : না, ওইরকম হয়নি।

শ্রী ঈদ মহম্মদ : মাননীয় মন্ত্রী বলেছিলেন ১৪টি নিত্য প্রয়োজনীয় জিনিস—সাবান, কম দামে কাপড় ইত্যাদি— রেশনের মাধ্যমে দেবেন। সেটা কোন স্তরে আছে জানাবেন কি ?

শ্রী কলিমুদ্দিন শাম্‌স : কাজটা শুরু হয়েছে, প্রসেস হচ্ছে, কমপ্লিট হলে পর পাবে।

শ্রী অম্বিকা ব্যানার্জী : মাননীয় মন্ত্রী মহাশয়ের সঙ্গে কথা হয়েছিল, তিনি এম. এল. এ.-দের একটা সুযোগ করে দিয়েছিলেন রেশন কার্ডের জন্য রেকমেন্ড করার। আমরা সাধারণত সাবজেক্ট টু ভেরিফিকেশন লিখে দিই। আর বলা হয়েছিল সরাসরি রেকমেন্ড করলেও রেশন অফিস থেকে হেনস্থা করা হচ্ছে, বলা হচ্ছে এম. এল. এ.-দের কথার কোনো দাম নেই, আমরা যেটা মনে করব, সেটাই করব। সম্পূর্ণ ভাবে ইগনোর করছে। এ ক্ষেত্রে কোনো ব্যবস্থা নেবেন কি ?

শ্রী কলিমুদ্দিন শাম্‌স : যে কোনো লোক যা কিছু রেকমেন্ডেশান করতে পারে। এর মানে এটা হল না যে, ঘটনা ঠিক আছে। এম. এল. এ.-কে লিখতে হবে যে হ্যাঁ, আমি একে চিনি। এ কোনোদিন অ্যাপ্লাই করেনি। এটা আপনি লিখে দিন। যদি না কেউ দেয়, তাহলে আমাকে খবর দিন, আমি ব্যবস্থা নেব।

*২১৮ নট কলড্‌।

মাছ আমদানি/রপ্তানির পরিমাণ

*২১৯। (অনুমোদিত প্রশ্ন নং *৯৩৫) **শ্রী কমল মুখার্জী** : মৎস্য বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) ১৯৯৯-২০০০ এবং ২০০০-২০০১ আর্থিক বছরে বাংলাদেশ এবং ভারতের অন্যান্য রাজ্য থেকে কী পরিমাণ মাছ আমদানি করা হয়েছিল ;

(খ) উক্ত সময়ে চিংড়ি রপ্তানি করে কী পরিমাণ বৈদেশিক মুদ্রা আয় হয়েছিল ; এবং

(গ) মাছের বিক্রয়মূল্য নিয়ন্ত্রণের ব্যাপারে সরকারের কোনো ভূমিকা আছে কি ?

শ্রী কিরণময় নন্দ :

(ক) বিগত ১৯৯৯-২০০০ এবং ২০০০-২০০১ আর্থিক বছরে মোট ৮৩ হাজার টন থেকে ৮৫ হাজার টন মাছ বাংলাদেশ ও ভারতের অন্যান্য রাজ্য থেকে আমদানি করা হয়েছিল।

(খ) চিংড়ি রপ্তানি করে ১৯৯৯-২০০০ আর্থিক বছরে ৪৬৬.৪১ কোটি টাকা এবং ২০০০-২০০১ আর্থিক বছরে ৫৯০.০০ কোটি টাকা বৈদেশিক মুদ্রা আয় হয়েছিল।

(গ) না।

শ্রী কমল মুখার্জী : মাননীয় মন্ত্রী মহাশয়, আমাদের রাজ্যে আপনি ৪টি চিংড়ি মাছের উৎপাদন কেন্দ্র স্থাপন করেছেন। আমি জানতে চাই দাদনপত্রে যে কেন্দ্রটি আছে, তার কী অবস্থা।

শ্রী কিরণময় নন্দ : গত বছর থেকে তার উৎপাদনকাল শুরু হয়েছে।

শ্রী কমল মুখার্জী : এই ৪টি প্রকল্পে আপনার চিংড়ির উৎপাদনে বিশ্ব ব্যাংক সহায়তা করেছে। এতে মোট টার্গেট কত ছিল এবং এখানে টার্গেট অনুযায়ী উৎপাদন হচ্ছে কিনা জানাবেন।

শ্রী কিরণময় নন্দ : হোয়াইট স্পট ডিজিজ বলে চিংড়ি মাছের একটা অসুখ আছে। সারা বিশ্বেই এই অসুখ আছে। এই রোগ নিরাময়ের জন্য কোনো বৈজ্ঞানিক পদ্ধতি এখনো

W. B Legislature Library

আবিষ্কৃত হয়নি। বিভিন্ন জায়গায়, বিভিন্ন দেশে চিংড়ি মাছের উৎপাদন এই রোগের ফলে ব্যাহত হয়েছে। আমাদের এখানেও ওই রোগের ফলে উৎপাদন ব্যাহত হয়েছে।

শ্রী কমল মুখার্জী : ৪টি কেন্দ্রে যে চিংড়ি উৎপাদন হয় সেটা কি রপ্তানি হয় ? আমাদের দেশীয় বাজারে কি চিংড়ি মাছ আসে ?

শ্রী কিরণময় নন্দ : কোনটা রপ্তানি হবে। দেশীয় বাজারে এটা বিক্রি হবে কিনা, ওইটা যারা বিক্রি করেন, তারাই ঠিক করবেন। এর উপর আমাদের কোনো নিয়ন্ত্রণ বা ক্ষমতা নেই।

শ্রী আবু আয়েশ মণ্ডল : রঙিন মাছের চাহিদা বাড়ছে। এই মাছের রাজ্য এবং রাজ্যের বাইরে বিস্তার বাড়ছে। তাই রঙিন মাছের রপ্তানির ক্ষেত্রে আপনার বিশেষ কোনো পরিকল্পনা আছে কি ?

শ্রী কিরণময় নন্দ : আমাদের রাজ্যে রঙিন মাছ উৎপাদন করা শুরু করেছি এবং গত আর্থিক বছরে বিদেশে রপ্তানি করে ২ কোটি টাকারও বেশি আয় হয়েছে।

শ্রী কাশীনাথ মিশ্র : এই চিংড়ি মাছ পশ্চিমবঙ্গের দক্ষিণবঙ্গের পুকুরে চাষ হচ্ছে। এখানে কত চিংড়ির মোট উৎপাদন হচ্ছে এবং তার থেকে কত রপ্তানি করা হচ্ছে ?

শ্রী কিরণময় নন্দ : আমাদের যে রপ্তানি হয়, সেটা গলদা এবং বাগদা মিলিয়ে হয়। এতে ঠিক কতটা গলদা এবং কতটা বাগদা তার পরিসংখ্যান এই মুহূর্তে আমার কাছে নেই।

শ্রী তন্ময় মণ্ডল : বাগদা চাষ যেসব মৎস্যজীবীরা করেন, দেখা যাচ্ছে যে, প্রত্যেক বছরই এই মাছগুলি ভাইরাসে মারা যাচ্ছে। এই বছরেও ব্যাপক হারে এই মাছগুলি ভাইরাসে মারা গেছে। এই ব্যাপারে সরকারের কোনো দৃষ্টিভঙ্গি আছে কি নির্মূল করার জন্য ?

[12.00—12.10 p.m.]

শ্রী কিরণময় নন্দ : আমরা এই রোগ নির্ণয়ের জন্য কলকাতার কাপ্তেনভেড়িতে একটা গবেষণা কেন্দ্র প্রতিষ্ঠা করেছি। আমাদের মৎস্য বৈজ্ঞানিকরা চেষ্টা করছেন বিভিন্ন প্রশিক্ষণের মাধ্যমে কিভাবে রোগটাকে নির্মূল করা যায় কিন্তু মুশকিল হচ্ছে যে গোটা বিশ্বে এর ব্যাপকতা এত বেশি যে আজ পর্যন্ত কোনো দেশই এই রোগমুক্তির জন্য কোনোরকম বৈজ্ঞানিক পন্থা খুঁজে পাননি।

শ্রী চৌধুরী মোহন জাটুয়া : স্যার, মাছের জোগান কম এটা আমরা শুনলাম। নানা কারণে ইলিশ মাছও কম হচ্ছে সেটাও আমরা শুনছি, জানছি। বায়োলজিক্যাল ডাইভারসিটি বা ইকোলজিক্যাল ব্যালেন্স যে নষ্ট হচ্ছে তার কারণেই হয়তো ইলিশের চাষ কম হচ্ছে। এই ব্যাপারে বৈজ্ঞানিক কোনো পরীক্ষা-নিরীক্ষা করে কোনো অনুসন্ধান সরকার করেছেন কি ?

শ্রী কিরণময় নন্দ : ইলিশ তো চাষ হয় না সমুদ্র থেকে মিষ্টি জলে আসে। এখন এই আসাটা কেন কমে গিয়েছে সেই ব্যাপারে বৈজ্ঞানিকদের অভিমত নেওয়ার চেষ্টা করব যে কেন ইলিশ মাছ কম আসছে।

শ্রী জ্যোতির্ময় কর : স্যার, এই যে চিংড়ি মাছগুলো মারা যাচ্ছে যদি ইনসিওরেন্স কভারেজ আনা যেত তাহলে এই ব্যাপক ক্ষতিটা রোধ করা যেত। ইনসিওরেন্সের ব্যাপারে আপনার সরকার কি ভাবনা-চিন্তা করছে ?

শ্রী কিরণময় নন্দ : ইনসিওরেন্স কোম্পানীগুলো সব কেন্দ্রীয় সরকারের অধীনে আমরা বারবার করে বলেছি যে ফিশারীর ক্ষেত্রে ইনসিওরেন্স প্রবর্তন করার জন্য। কিন্তু ইনসিওরেন্স কোম্পানিগুলো রাজী হচ্ছে না।

শ্রী পার্থ চ্যাটার্জী : মাননীয় মন্ত্রিমহাশয়ের কাছে জানতে চাইছি যে চিংড়ি চাষ প্রকল্পের ব্যাপারে মাননীয় সুপ্রিম কোর্ট যে নিষেধাজ্ঞা জারি করেছিলেন সে ব্যাপারে কি নিষেধাজ্ঞা উঠে গেছে। যদি না ওঠে আপনার সরকার কি এ ব্যাপারে কোনো পরিকল্পনা নিয়েছেন ?

শ্রী কিরণময় নন্দ : সুপ্রিম কোর্টের নিষেধাজ্ঞা আমাদের রাজ্যের ক্ষেত্রে প্রযোজ্য হয়নি। উৎপাদনের যে লক্ষ্যমাত্রা বলা হয়েছে সেই অনুযায়ী আমাদের চিংড়ির চাষ হচ্ছে। আমাদের ইনটেনসিভ, সেমি ইনটেনসিভ কালচার হয় না। আমাদের ট্র্যাডিশন, ইমপ্রুভ ট্র্যাডিশন পদ্ধতিতে হচ্ছে ফলে সুপ্রিম কোর্টের আওতার মধ্যে আমরা পড়িনি।

Starred Questions
(to which oral answers were laid on the Table).

পুরুলিয়া জলবিদ্যুৎ প্রকল্প

*২১৮। (অনুমোদিত প্রশ্ন নং *৭৬৭) **শ্রী তাপস চট্টোপাধ্যায়** : বিদ্যুৎ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) এটা কি সত্যি যে, পুরুলিয়ার অযোধ্যা পাহাড়ে ৯০০ মেগাওয়াট ক্ষমতাসম্পন্ন জলবিদ্যুৎ প্রকল্প যৌথ উদ্যোগে গড়ে তোলার সিদ্ধান্ত রাজ্য সরকার গ্রহণ করেছেন ;

(খ) সত্যি হলে, কোন্ সংস্থার সঙ্গে যৌথ উদ্যোগে প্রকল্পটি গ্রহণ করা হবে ; এবং

(গ) প্রকল্পটিকে বাস্তবায়িত করার জন্য কী পরিমাণ অর্থ ব্যয়িত হতে পারে বলে আশা করা যায় ?

বিদ্যুৎ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় :

(ক) হ্যাঁ।

(খ) ন্যাশনাল হাইড্রোইলেকট্রিক পাওয়ার কর্পোরেশন লিমিটেডের সঙ্গে পশ্চিমবঙ্গ রাজ্য সরকারের যৌথ উদ্যোগে প্রকল্পটি গড়ে তোলা হবে।

(গ) মোট ৩১৮৮.৯০ কোটি টাকা ব্যয় হবে বলে ধরা হয়েছে।

রেশনের মাধ্যমে চাল-গম-চিনি সরবরাহ

*২২০। (অনুমোদিত প্রশ্ন নং *৩৩১) **শ্রী তপন হোড় :** খাদ্য ও সরবরাহ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) এটা কি সত্যি যে, সম্প্রতি কেন্দ্রীয় সরকার রাজ্যের রেশন ব্যবস্থা তুলে দেওয়ার সিদ্ধান্ত নিয়েছেন ;

(খ) সত্যি হলে, সরকার এ বিষয়ে কী ব্যবস্থা নিয়েছেন/নেবেন ; এবং

(গ) গরিব এবং মধ্যবিত্তদের রেশনের মাধ্যমে চাল-চিনি-গম-কেরোসিন দেওয়ার কোনো পরিকল্পনা সরকারের আছে কি না ?

খাদ্য ও সরবরাহ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় :

(ক) ইহা সত্যি নহে।

(খ) প্রশ্ন ওঠে না।

(গ) বি. পি. এল. কার্ডধারীরা যথারীতি রেশন দোকানের মাধ্যমে খাদ্যশস্য (চাল-গম) ও চিনি এবং কেরোসিন নিয়মিতভাবে পেয়ে যাচ্ছেন। তবে, এ. পি. এল. কার্ডধারীদের ক্ষেত্রে কেন্দ্রীয় সরকারের সিদ্ধান্ত অনুসারে ফেব্রুয়ারি ২০০১ থেকে রেশনের মাধ্যমে চিনি বিতরণ বন্ধ করা হয়েছে এবং খোলা বাজারে খাদ্যশস্যের দাম সুবিধাজনক হওয়ায় এ. পি. এল. কার্ডধারীরা রেশন দোকান থেকে খাদ্যশস্য ক্রয়ে আগ্রহী নন। গণবণ্টন ব্যবস্থার মাধ্যমে এ. পি. এল. কার্ডধারীদের কেরোসিন তেল দেওয়া হয়।

বিদ্যুৎ ক্ষেত্রে সার্বিক উন্নয়ন

*২২১। (অনুমোদিত প্রশ্ন নং *৮১) **শ্রী অশোক দেব :** বিদ্যুৎ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) এটা কি সত্যি যে, রাজ্যের বিদ্যুৎ ক্ষেত্রে সার্বিক উন্নয়নের লক্ষ্যে রাজ্য সরকার সম্প্রতি কেন্দ্রীয় সরকারের সঙ্গে সমঝোতাপত্রে স্বাক্ষর করেছেন ; এবং

(খ) সত্যি হলে, উক্ত সমঝোতাপত্রের শর্তগুলি কী কী ?

বিদ্যুৎ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় :

(ক) হ্যাঁ।

(খ) কেন্দ্রীয় সরকারের পক্ষ থেকে যে প্রতিশ্রুতি দেওয়া হয়েছে তা নিম্নরূপ :

(১) Accelarated Power Development Programme (APDP) কর্মসূচি রূপায়ণে আর্থিক সহায়তা,

(২) জলবিদ্যুৎ উৎপাদনের জন্য প্রকল্প গঠনে সহায়তা,

(৩) ১০০% গ্রামীণ বৈদ্যুতিকরণের ক্ষেত্রে ঋণদানে সহায়তা,

(৪) Power Finance Corporation-এর মাধ্যমে বিদ্যুৎ ব্যবস্থায় উন্নতিকরণের লক্ষ্যে বিশেষ ঋণদানে সহায়তা,

(৫) বিশেষ সঞ্চালন ব্যবস্থা সম্পর্কিত প্রকল্পগুলি রূপায়ণে PGCIL/PFC কর্তৃক সহায়তা।

* রাজ্য সরকারের পক্ষ থেকে যে প্রতিশ্রুতি দেওয়া হয়েছে তা নিম্নরূপ :

(১) ২০০৫ সালের মধ্যে সঞ্চালন (ট্রান্সমিশন) ও বণ্টন (ডিস্ট্রিবিউশন) বাবদ ক্ষতিকে সর্বস্তরে শনাক্তকরণ ও ক্ষতির পরিমাণ ২০-এর মধ্যে কমিয়ে আনা এবং সেজন্য রাজ্য বিদ্যুৎ পর্ষদ কর্তৃক বিভিন্ন পর্যায়ে 'বিদ্যুৎ অডিট'-এর ব্যবস্থা করা হবে। তা ছাড়া সকল গ্রাহকের ক্ষেত্রে ৩১ ডিসেম্বর, ২০০১-এর মধ্যে মিটার বসনোর ব্যবস্থা করা হবে,

(২) গ্রিড ব্যবস্থা সঠিক রাখার স্বার্থে নিয়মানুবর্তিতা রক্ষা করা হবে,

(৩) বিভিন্ন কেন্দ্রীয় সংস্থার প্রাপ্য বকেয়া অর্থ ফেরত দেবার প্রয়োজনীয় ব্যবস্থা করা হবে।

(৪) ২০০৩ সালের মার্চ মাসের মধ্যে রাজ্য বিদ্যুৎ পর্ষদকে "না লাভ না ক্ষতি" অবস্থায় আনা এবং পরবর্তী সময়ে পর্ষদকে লাভজনক করতে "পুনর্গঠিন ব্যবস্থা" গ্রহণ করা হবে।

(৫) ২০০৬ সালের মার্চ মাসের মধ্যে পশ্চিমবঙ্গের সমস্ত গ্রামে বৈদ্যুতিকরণের কাজ সম্পূর্ণ করা হবে।

(৬) রাজ্য বিদ্যুৎ পর্ষদের বণ্টন ব্যবস্থাকে কয়েকটি লাভজনক সংস্থায় পুনর্গঠিন করা হবে।

(৭) ব্যান্ডেল ও সাঁওতালডিহি তাপ বিদ্যুৎ কেন্দ্র পশ্চিমবঙ্গ বিদ্যুৎ উন্নয়ন নিগমের অধীনে আনা হবে।

(৮) পশ্চিমবঙ্গ বিদ্যুৎ নিয়ন্ত্রণ কমিশন গঠন এবং উক্ত কমিশনের মাধ্যমে সঠিক মূল্যসূচি নির্ধারণ ও প্রণয়ন করা হবে।

* রূপায়ণ ব্যবস্থা

(১) এই চুক্তিপত্র প্রতিবছর পর্যালোচনা সাপেক্ষে আগামি পাঁচ বছরের জন্য বহাল থাকবে।

(২) প্রত্যেক তিন মাস অন্তর এই চুক্তির অগ্রগতি সংক্রান্ত বিষয়ে পর্যালোচনা হবে।

দৈনিক মৎস্য চাহিদা

*২২২। (অনুমোদিত প্রশ্ন নং *১৩৮২) **শ্রী শিবপ্রসাদ মালিক** : মৎস্য বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) রাজ্যে প্রতিদিন মাছের চাহিদা কত ; এবং

(খ) উক্ত চাহিদা পূরণে সরকার কর্তৃক কী কী উদ্যোগ নেওয়া হয়েছে ?

মৎস্য বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় :

(ক) রাজ্যে প্রতিদিন মাছের চাহিদা প্রায় ৩৫০০-৩৬০০ টন।

(খ) উক্ত চাহিদা পূরণে সরকার বিভিন্ন সময়ে নিম্নোক্ত বিভিন্ন প্রকল্পে নির্ধারণ ও তাহার রূপায়ণের মাধ্যমে উৎসাহী মৎস্যচাষিগণের মধ্যে বিজ্ঞানভিত্তিক মৎস্য চাষের প্রসার ঘটিয়ে মাছের উৎপাদন বৃদ্ধির প্রয়াস নিয়েছেন :

১। মিষ্টি জলাশয়ের মৎস্যচাষি উন্নয়ন সংস্থা (এফ. এফ. ডি. এ.) এবং লবণযুক্ত জলাশয়ের মৎস্যচাষি উন্নয়ন সংস্থা (বি. এফ. ডি. এ.)-র মাধ্যমে মাছের উৎপাদন বৃদ্ধি করার প্রকল্প নেওয়া হয়েছে,

২। বিল, বাওড় ইত্যাদি বড় জলাশয়গুলিতে বিভিন্ন জেলা ও প্রাথমিক মৎস্যজীবী সমবায় সমিতির মাধ্যমে এবং জাতীয় সমবায় উন্নয়ন সংস্থা (এন. সি. ডি. সি.)-র আর্থিক সহায়তার মাধ্যমে মাছের উৎপাদন বৃদ্ধির প্রকল্প নেওয়া হয়েছে,

৩। বিভিন্ন প্রতিষ্ঠানের আওতাভুক্ত জলাশয়গুলিতে মাছের উৎপাদন বৃদ্ধির জন্য "সামাজিক মৎস্য চাষ প্রকল্পে"র সাহায্য নেওয়া হয়েছে এবং মাছের উৎপাদন বৃদ্ধি পেয়েছে,

৪। বিভিন্ন নদীতে প্রয়োজনীয় ডিমপোনা উৎপাদন ও প্রজনন সক্ষম মাছের উপস্থিতির লক্ষ্যে "মৎস্য সঞ্চার প্রকল্পে"র মাধ্যমে মাছের উৎপাদন বৃদ্ধি করা হচ্ছে,

৫। বেনফিসের মাধ্যমে এবং জাতীয় সমবায় উন্নয়ন সংস্থার (এন. সি. ডি. সি.) আর্থিক সাহায্যে মৎস্যশিকারিদের সমবায় সমিতিগুলিতে যন্ত্রচালিত নৌকা (ট্রলার) প্রদান করে সামুদ্রিক মৎস্য উৎপাদন বৃদ্ধির প্রকল্প গ্রহণ করা হয়েছে,

৬। তাছাড়া, ব্যক্তিগত মৎস্যচাষি ও মৎস্যশিকারিদের রাজ্যভিত্তিক সরকারি মৎস্য চাষ প্রশিক্ষণের মাধ্যমে মৎস্য উৎপাদন বৃদ্ধি করার প্রকল্প নেওয়া হয়েছে।

রাজ্যে খাদ্য ঘাটতির পরিমাণ

*২২৩। (অনুমোদিত প্রশ্ন নং *১৬৬) **শ্রী শোভনদেব চট্টোপাধ্যায়** : খাদ্য ও সরবরাহ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) চলতি আর্থিক বছরে রাজ্যে খাদ্য ঘাটতির আনুমানিক পরিমাণ কত ;

(খ) উক্ত ঘাটতি মেটানোর জন্য সরকার কর্তৃক কী পরিকল্পনা গ্রহণ করা হয়েছে ; এবং

(গ) বিগত আর্থিক বছরে খাদ্য সংগ্রহের পরিমাণ কত ছিল ?

খাদ্য ও সরবরাহ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় :

(ক) চলতি আর্থিক বছরে রাজ্যে খাদ্য ঘাটতির আনুমানিক পরিমাণ ২৭ লক্ষ ২৫ হাজার টন।

(খ) খাদ্যশস্য উৎপাদনের প্রকল্প প্রনয়ণ ও রূপায়ণ রাজ্য কৃষি দপ্তর করে থাকেন।

(গ) গত খরিফ বর্ষে (অর্থাৎ ১.১০.৯৯ থেকে ৩০.৯.২০০০)-এ রাজ্যে মোট সংগৃহীত চালের পরিমাণ ছিল ৩,৭৩,৫৭১ টন (তিন লক্ষ তিয়াত্তর হাজার পাঁচশো একাত্তর টন)।

সাগরদীঘিতে তাপবিদ্যুৎ কেন্দ্র

*২২৪। (অনুমোদিত প্রশ্ন নং *১১০৩) **শ্রী ঈদ মহম্মদ** : বিদ্যুৎ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

মুর্শিদাবাদ জেলার সাগরদীঘিতে প্রস্তাবিত তাপবিদ্যুৎ কেন্দ্র নির্মাণের কাজটি বর্তমানে কোন্ পর্যায়ে আছে ?

বিদ্যুৎ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় :

সাগরদীঘি তাপবিদ্যুৎ প্রকল্পটি রূপায়ণের জন্য পশ্চিমবঙ্গ বিদ্যুৎ উন্নয়ন নিগমকে দায়িত্ব দেওয়া হয়েছে। এই প্রকল্পের প্রথম পর্যায়ের দুটি ২৫০ মেগাওয়াট ইউনিট ক্ষমতাসম্পন্ন নতুন বিদ্যুৎ কেন্দ্র স্থাপনের জন্য কেন্দ্রীয় সরকারের শক্তি মন্ত্রকের অনুমোদন এবং আর্থিক সহায়তার জন্য এশিয়ান ডেভলপমেন্ট ব্যাংকের কাছে প্রস্তাব পাঠাবার অনুরোধ করা হয়েছে। এ ছাড়া নতুন বিদ্যুৎ কেন্দ্র স্থাপনের ক্ষেত্রে প্রয়োজনীয় বিধিসম্মত ছাড়পত্র পাবার জন্য সংশ্লিষ্ট কর্তৃপক্ষের সঙ্গে যোগাযোগ করা হচ্ছে।

এই বিদ্যুৎ কেন্দ্রের জন্য প্রয়োজনীয় জমি অধিগ্রহণের বিষয়ে সংশ্লিষ্ট জেলা আধিকারিকের সঙ্গে প্রাথমিক প্রক্রিয়া চালু করা হয়েছে।

পশ্চিমবঙ্গ অত্যাবশ্যক পণ্য সরবরাহ নিগম

*২২৫। (অনুমোদিত প্রশ্ন নং *৯৯২) **শ্রী শীতল কুমার সরদার** : খাদ্য ও সরবরাহ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) এটা কি সত্যি যে, পশ্চিমবঙ্গ অত্যাবশ্যক পণ্য সরবরাহ নিগমে শূন্য পদে এস. সি. / এস. টি. কর্মীদের সরকারি নিয়ম মেনে পদোন্নতি ঘটাতে অহেতুক বিলম্বের সৃষ্টি করা হচ্ছে ; এবং

(খ) সত্যি হলে, উক্ত বিষয়ে কী ব্যবস্থা গ্রহণ করা হয়েছে ?

খাদ্য ও সরবরাহ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় :

(ক) না

(খ) প্রশ্নই ওঠে না।

বিদ্যুৎ সংযোগ পদ্ধতির সরলিকরণ

*২২৬। (অনুমোদিত প্রশ্ন নং *১১৭৩) **শ্রী শ্যামাপ্রসাদ পাল** : বিদ্যুৎ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) এটা কি সত্যি যে, বাড়িতে বিদ্যুৎ সংযোগের ক্ষেত্রে পদ্ধতির জটিলতার জন্য গরিব মানুষেরা হয়রান হচ্ছেন ; এবং

(খ) সত্যি হলে উক্ত পদ্ধতিটি সরলিকরণের ব্যাপারে কী কী পদক্ষেপ গ্রহণ করেছেন ?

বিদ্যুৎ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় :

(ক) না, এটা সত্যি নয়।

(খ) প্রশ্ন ওঠে না।

গ্রামীণ বিদ্যুতায়নের জন্য বরাদ্দকৃত অর্থ

*২২৭। (অনুমোদিত প্রশ্ন নং *৭৮৬) **শ্রী অতীশচন্দ্র সিংহ** : বিদ্যুৎ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) চলতি আর্থিক বছরে (২০০১-২০০২) সরকার গ্রামীণ বিদ্যুতায়নে মোট কী পরিমাণ অর্থ করেছেন ; এবং

(খ) উল্লিখিত বছরে কতগুলি নতুন মৌজায় বিদ্যুৎ সংযোগ দেওয়া যাবে বলে আশা করা যায় ?

বিদ্যুৎ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় :

(ক) বর্তমান আর্থিক বছরে গ্রামীণ বিদ্যুতায়নের ক্ষেত্রে ৪৯০ কোটি টাকা বরাদ্দের প্রস্তাব আছে।

(খ) বর্তমান বছরে মোট ২৩৪০টি মৌজায় নতুন বিদ্যুৎ সংযোগ দেওয়ার পরিকল্পনা আছে।

গণবন্টন ব্যবস্থা

*২২৮। (অনুমোদিত প্রশ্ন নং *১৪৮৮) শ্রী সেখ জাহাঙ্গীর করিম : খাদ্য ও সরবরাহ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) গণবন্টন ব্যবস্থা চালু রাখার জন্য সরকার কী কী ব্যবস্থা নিয়েছেন ; এবং

(খ) রেশনে চিনি সরবরাহ করার জন্য সরকার বিশেষ কোনো উদ্যোগ নিয়েছেন কি ?

খাদ্য ও সরবরাহ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় :

(ক) সারা রাজ্যে গণবন্টন ব্যবস্থা সুষ্ঠুভাবে পরিচালনার জন্য ২১,৪৪০টি রেশন দোকান মারফত চাল, গম, চিনি, কেরোসিন তেল এবং আরও কিছু কিছু প্রয়োজনীয় ভোগ্যদ্রব্য রেশন কার্ডধারীদের মধ্যে বন্টন করা হয়ে থাকে। খাদ্য দপ্তরের ভারপ্রাপ্ত আধিকারিকগণ গণবন্টন ব্যবস্থা পরিচালনায় প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করে থাকেন।

(খ) ফেব্রুয়ারি ২০০১-এর পূর্বে ভারত সরকারের মাসিক বরাদ্দ অনুযায়ী লেভি চিনি এ. পি. এল. এবং বি. পি. এল. উভয় শ্রেণীর রেশনকার্ডধারীদেরই প্রদান করা হত। কিন্তু ফেব্রুয়ারি ২০০১ থেকে ভারত সরকার নির্দেশ দিয়েছেন যে, লেভি চিনি শুধুমাত্র বি. পি. এল. রেশনকার্ডধারীদেরই প্রদান করা যাবে।

Unstarred Questions
(to which written answers were laid on the Table).

রাজ্যে পর্যটন কেন্দ্রের সংখ্যা

২২। (অনুমোদিত প্রশ্ন নং ১৭) শ্রী রামপদ সামন্ত : পর্যটন বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) বর্তমানে রাজ্যে পর্যটন কেন্দ্রের মোট সংখ্যা কত;

(খ) গত এক বছরে এ রাজ্যে কতজন বিদেশি পর্যটক এসেছেন ; এবং

(গ) উক্ত সময়ে বিদেশি পর্যটকদের নিকট হতে কি পরিমাণ অর্থ আয় হয়েছে ?

পর্যটন বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় :

(ক) বর্তমানে রাজ্যে পর্যটন কেন্দ্রের সংখ্যা মোট ৭৫ (পঁচাত্তর)।

(খ) গত এক বছরে এ রাজ্যে মোট ১,৯৭,০৬১ জন বিদেশি পর্যটক এসেছেন (২০০০ সালের হিসাব অনুযায়ী)।

(গ) এই তথ্য রাজ্য সরকারের কাছে নেই।

রাজ্যে এডস্ রোগে আক্রান্তের সংখ্যা

২৩। (অনুমোদিত প্রশ্ন নং ২১) শ্রী রামপদ সামন্ত : স্বাস্থ্য ও পরিবার বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) জানুয়ারি ১৯৯৯ থেকে জানুয়ারি ২০০১ পর্যন্ত সময়ে রাজ্যে মোট কতজন এডস্ রোগে আক্রান্ত হয়েছেন ;

(খ) 'কাউন্সিল ফর ব্লাড সেফটি' সংস্থাটি বর্তমানে মোট কতগুলি কেন্দ্রে এইচ. আই. ভি. পজিটিভ পরীক্ষার কাজ করে চলেছেন ; এবং

(গ) উক্ত কেন্দ্রগুলি কোথায় অবস্থিত ?

স্বাস্থ্য ও পরিবার কল্যাণ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় :

(ক) প্রাপ্ত রিপোর্ট অনুসারে মোট সংখ্যা প্রায় ৪১১।

(খ) এই নামে কোনো সংস্থা নেই।

(গ) প্রশ্ন ওঠে না।

Lake Gardens Fly Over

24. (Admitted Question No. 39) **Shri Saugata Roy :** Will the Minister-in-Charge of the P.W. Department be pleased to state—

(a) the exact extent of the Project in the Construction of Lake Gardens Fly Over ;

(b) the reasons for delay in construction ; and

(c) when the construction work is expected to be completed ?

Minister-in-Charge of P.W. Department :

(a) The exact extent of the relevant Project (Northern approach) is as below :

Segment	Extent	Present status of work
(i) Bridge over Rail track	39.85 m.	2 out of 2 piers are complete, work on deck is in progress.
(ii) Viaduct on Northern side	166.67 m	All complete except the span to support on the common pier. It could be taken up only after completion of the decking of the bridge over railway track by the Eastern Railway.

Segment	Extent	Present status of work
(iii) 3 Lane Bridge across the Lake	49.53 m	Complete
(iv) Widening & realingning of approach road on Northern side	325.00 m	In progress
(v) Retaining Wall on Northern side approach	63.28 m	Complete

(b) The reasons for delay in Construction (Southern approach) are as follows :

(i) Viaduct on Southern	149.19 m	Work on this side of the approach could not be taken up even due to—
(ii) Construction of approach road on Southern side	575.00 m	(i) Land could not be made available though initiated byL.A. Case No. 4/15 of 95-96. (ii) Non-vacation of C.M.D.A. quarters.
(iii) Retaining Wall on Southern approach	98.84 m	(iii) Land could not be made available by vacation and dismantling of existing sheds of Food & Supplier Department.

(c) Construction work for the same is expected to be completed within a year from the date of making over the land.

রাজ্যে সিনেমা হলের সংখ্যা

২৫। (অনুমোদিত প্রশ্ন নং ৫০) **শ্রী দেবপ্রসাদ সরকার** : তথ্য ও সংস্কৃতি বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) রাজ্যে সিনেমা হলের সংখ্যা কত ; এবং

(খ) এর মধ্যে বর্তমানে কতগুলি বন্ধ আছে ?

তথ্য ও সংস্কৃতি বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় :

(ক) রাজ্যে বর্তমানে ৭৩৮টি সিনেমা হল আছে।

(খ) ১৫টি।

ট্যুরিস্ট লজ স্থাপন ও ট্যুরিস্ট বাস ক্রয় বাবদ ব্যয়িত অর্থ

২৬। (অনুমোদিত প্রশ্ন নং ৮৪) শ্রী অশোক দেব : পর্যটন বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) এপ্রিল ১৯৯৬ হতে মার্চ ২০০১ পর্যন্ত সময়ে রাজ্যে নতুন ট্যুরিস্ট লজ স্থাপন ও ট্যুরিস্ট বাস ক্রয় বাবদ মোট কত টাকা খরচ হয়েছে ; এবং

(খ) উক্ত সময়ে লাভ-লোকসানের পরিমাণ কত ?

পর্যটন বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় :

(ক) সংশ্লিষ্ট সময়সীমার মধ্যে দুটি নতুন পর্যটক আবাস নির্মাণ করা হয়েছে এবং তিনটি ট্যুরিস্ট লজের সম্প্রসারণ করা হয়েছে। এই নতুন নির্মাণ কার্য এবং সম্প্রসারণ কার্যে মোট খরচ হয়েছে ২০৫.৮০ লক্ষ টাকা। তার মধ্যে নির্মাণ কার্যের জন্য খরচ হয়েছে ১৮৭ লক্ষ টাকা এবং আসবাবপত্রের জন্য খরচ হয়েছে ১৮.৮০ লক্ষ টাকা।

সংশ্লিষ্ট সময়সীমার মধ্যে কোনো নতুন ট্যুরিস্ট বাস কেনা হয়নি।

(খ) সংশ্লিষ্ট সময়সীমার মধ্যে আর্থিক বৎসর অনুযায়ী পশ্চিমবঙ্গ পর্যটন উন্নয়ন নিগমের লাভ-ক্ষতির পরিমাণ নিম্নরূপ :

আর্থিক বৎসর	
১৯৯৬-৯৭	ক্ষতির পরিমাণ ৩০.৭৪ লক্ষ টাকা
১৯৯৭-৯৮	ক্ষতির পরিমাণ ১৩.১৪ লক্ষ টাকা
১৯৯৮-৯৯	ক্ষতির পরিমাণ ৩৪.৩৯ লক্ষ টাকা
১৯৯৯-২০০০	ক্ষতির পরিমাণ ৩৫.১৩ লক্ষ টাকা
২০০০-২০০১	আর্থিক বৎসরের হিসাব-নিকাশ সংক্রান্ত অডিট রিপোর্ট এখনও চূড়ান্ত হয়নি।

রাজ্যে গ্রামপঞ্চায়েত ও পঞ্চায়েত সমিতির হিসাব

২৭। (অনুমোদিত প্রশ্ন নং ১০১) শ্রী অশোক দেব : পঞ্চায়েত ও গ্রামোন্নয়ন দপ্তরের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) বর্তমানে রাজ্যে গ্রামপঞ্চায়েত ও পঞ্চায়েত সমিতির হিসাব পরীক্ষার ব্যবস্থা চালু রয়েছে কি না ;

(খ) থাকলে, বিগত আর্থিক বছরে মোট কতগুলি গ্রামপঞ্চায়েত ও পঞ্চায়েত সমিতির হিসাব পরীক্ষার কাজ সম্পন্ন হয়েছে ; এবং

(গ) তন্মধ্যে কতগুলির হিসাবে গরমিল পাওয়া গেছে ?

পঞ্চায়েত ও গ্রামোন্নয়ন বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় :

(ক) হ্যাঁ।

(খ) বিগত আর্থিক বছরে ২১৯০টি গ্রামপঞ্চায়েতের হিসাব পরীক্ষা হয়েছে। ই. এল. এ.-র পাঠানো তথ্য অনুযায়ী গত বছরে ১১৮টি পঞ্চায়েত সমিতির হিসাব পরীক্ষা হয়েছে।

(গ) প্রাথমিক পরীক্ষায় ২টি গ্রামপঞ্চায়েতের ক্ষেত্রে গরমিলের তথ্য পাওয়া গিয়েছে।

প্রাথমিক স্বাস্থ্যকেন্দ্রের সংখ্যা

২৮। (অনুমোদিত প্রশ্ন নং ১৮১) **শ্রী শোভনদেব চট্টোপাধ্যায়** : স্বাস্থ্য ও পরিবার কল্যাণ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) ১৯৯৬ সাল থেকে ২০০১ সালের মার্চ মাস পর্যন্ত সময়কালের মধ্যে রাজ্যে মোট কতগুলি প্রাথমিক স্বাস্থ্যকেন্দ্র স্থাপন করা হয়েছে ; এবং

(খ) ওই স্বাস্থ্যকেন্দ্রগুলিতে মোট কতগুলি ডাক্তারের পদ শূন্য আছে ?

স্বাস্থ্য ও পরিবার কল্যাণ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় :

(ক) ১৩ (তের) টি।

(খ) ৩ (তিন) টি।

সরকারি আবাসনে ফ্ল্যাট বণ্টন

২৯। (অনুমোদিত প্রশ্ন নং ১৯০) **শ্রী পার্থ চ্যাটার্জী ও শ্রী তন্ময় মণ্ডল** : আবাসন বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

বিগত আর্থিক বছর দুটিতে (১৯৯৯-২০০০ ও ২০০০-২০০১) পশ্চিম বড়িষা রাজ্য সরকারি আবাসনে কতজনকে ফ্ল্যাট বণ্টন করা হয়েছে ?

আবাসন বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় :

১৯৯৯-২০০০ আর্থিক বছরে 'বি' টাইপ—১২টি, 'সি' টাইপ—২৪টি এবং 'ডি' টাইপ—৩১টি এবং

২০০০-২০০১ আর্থিক বছরে 'বি' টাইপ—২৭টি, 'সি' টাইপ—৪৯টি এবং 'ডি' টাইপ—৪৪টি ফ্ল্যাট বণ্টন করা হয়েছে।

Setting up of a Hospital/Subsidiary Health Centre in Panjipara

30. (Admitted Question No. 205) **Shri Abdul Karim Chowdhury** : Will the Minister-in-Charge of Health & Family Welfare Department be pleased to state—

(a) whether there is any proposal for setting up a Hospital/ Subsidiary Health Centre of Panjipara under P.G. Goalpokhar in the district of Uttar Dinajpur ; and

(b) if so, the present position thereof ?

Minister-in-Charge of P.W. Department :

(a) There is no such proposal.

(b) Does not arise.

রাজ্যে রাজনৈতিক সংঘর্ষের ঘটনা

৩১। (অনুমোদিত প্রশ্ন নং ২১১) **শ্রী আব্দুল মান্নান :** স্বরাষ্ট্র (আরক্ষা) বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) ১লা জানুয়ারি, ২০০০ সাল থেকে ৩১শে মে, ২০০১ পর্যন্ত রাজ্যে কতগুলি রাজনৈতিক সংঘর্ষের ঘটনা ঘটেছে ;

(খ) তন্মধ্যে, মেদিনীপুর ও হুগলি জেলায় উক্ত সংঘর্ষের সংখ্যা কত ; এবং

(গ) কতজন ব্যক্তি উক্ত সংঘর্ষে নিহত হয়েছেন ?

স্বরাষ্ট্র (আরক্ষা) বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় :

(ক) ৬১৯।

(খ) মেদিনীপুর জেলায় সংঘর্ষের সংখ্যা ১৬৪ এবং হুগলিতে ১২০।

(গ) ৮৯ জন।

সাতগাছিয়া বিধানসভা কেন্দ্র এলাকায় রাস্তা মেরামতের পরিকল্পনা

৩২। (অনুমোদিত প্রশ্ন নং ২৩৪) **শ্রীমতী সোনালী গুহ :** পূর্ত (সড়ক) বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) এটা কি সত্যি যে, সাতগাছিয়া বিধানসভা কেন্দ্রের অন্তর্গত বানিয়া থেকে বুড়ুল পর্যন্ত রাস্তাটির মেরামতের পরিকল্পনা সরকারের আছে ; এবং

(খ) সত্যি হলে, কবে নাগাদ উক্ত রাস্তাটির মেরামতের কাজ শুরু হবে বলে আশা করা যায় ?

পূর্ত (সড়ক) বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় :

(ক) জেলা পরিষদের গ্র্যান্ট-ইন্-এইড (জি. আই. এ.) প্রকল্পে বানিয়া থেকে বুড়ুল পর্যন্ত ৭(সাত) কিঃমিঃ রাস্তার মেরামতের পরিকল্পনা নেওয়া হয়েছে।

(খ) রাস্তাটির খানাখন্দ মেরামতের কাজ যথারীতি শুরু হয়েছে। বর্ষার আগে রাস্তাটিকে যান চলাচলের উপযোগী করে রাস্তার উপরিভাগের কাজ কিছুটা করা গেলেও বাকী কাজ বর্ষার পরে করা হবে।

রাস্তাটির বাকি অংশের মেরামতির পরিকল্পনাও নেওয়া হয়েছে, শীঘ্রই শুরু হবে।

মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক পাঠ্যক্রমকে বাস্তবমুখী করার পরিকল্পনা

৩৩। (অনুমোদিত প্রশ্ন নং ২৭৮) **শ্রী কালীপদ মণ্ডল** : বিদ্যালয় শিক্ষা বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক পাঠক্রমের মধ্যে বাস্তবমুখী সমন্বয় সাধনের নিমিত্ত উক্ত পাঠক্রমের পর্যালোচনার্থে কোন কমিটি গঠিত হয়েছে কি না ;

(খ) হয়ে থাকলে, উক্ত কমিটি কবে গঠিত হয়েছে ; এবং

(গ) সরকারের কাছে কমিটির কোনো অন্তবর্তীকালীন প্রতিবেদন জমা পড়েছে কি না ?

বিদ্যালয় শিক্ষা বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় :

(ক) প্রাথমিক, মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক পাঠক্রমের মধ্যে বাস্তবমুখী সমন্বয় সাধনের নিমিত্ত উক্ত পাঠক্রমের পর্যালোচনার্থে একটি কমিটি গঠিত হয়েছে।

(খ) উক্ত কমিটি ২১.১২.২০০০ তারিখে গঠিত হয়েছে।

(গ) না।

জমির পাট্টা বিলিকরণ

৩৪। (অনুমোদিত প্রশ্ন নং ৩৫৯) **শ্রী তপন হোড়** : ভূমি ও ভূমি সংস্কার বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) বিগত আর্থিক বছরে রাজ্যের বিভিন্ন জেলাগুলিতে মোট কতজনাকে জমির পাট্টা বিলি করা হয়েছে ; এবং

(খ) বর্তমানে রাজ্যে পাট্টা প্রাপকের সংখ্যা কত ?

ভূমি ও ভূমিসংস্কার বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় :

(ক) বিগত আর্থিক বৎসর ২০০০-২০০১-এ রাজ্যে মোট ২৮,৩৬০ জনকে জমির পাট্টা বিলি করা হয়েছে।

(খ) ২০০১ সালের ৩১শে মার্চ পর্যন্ত রাজ্যে মোট পাট্টা প্রাপকের সংখ্যা ২৫,৬৪,৯৩১ জন।

রাজ্য বিদ্যুৎ পর্ষদের আর্থিক ক্ষতির পরিমাণ

৩৫। (অনুমোদিত প্রশ্ন নং ৩৮০) **শ্রী ব্রহ্মময় নন্দ** : বিদ্যুৎ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) বিগত পাঁচ বছরে টাওয়ার ট্রান্সফর্মার লাইন ও অন্যান্য দ্রব্যের অপহরণ হেতু রাজ্য বিদ্যুৎ পর্ষদের আর্থিক ক্ষতির পরিমাণ কত ?

বিদ্যুৎ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় :

(ক) বিগত পাঁচ বছরে অর্থাৎ ০১.০৪.৯৬ থেকে ৩১.০৩.২০০১ পর্যন্ত টাওয়ার, ট্রান্সফর্মার লাইন ও অন্যান্য দ্রব্যের অপহরণ হেতু পর্ষদের আর্থিক ক্ষতির পরিমাণ ১৪,০৯,০৯,৯০৯ টাকা।

Appointment of Kolkata Police Commissioner

৩৬। (অনুমোদিত প্রশ্ন নং ৪৪৫) শ্রী বিপ্লব রায়চৌধুরী ও শ্রী অখিল গিরি : স্বরাষ্ট্র (আরক্ষা) বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(a) Whether there is any irregularity in the appointment of Kolkata Police Commissioner, and

(b) If so, the reasons thereof.

স্বরাষ্ট্র (আরক্ষা) বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় :

(a) No.

(ক) না।

(b) Does not arise.

(ক) প্রশ্ন ওঠে না।

কলকাতা পুলিশে মহিলা কর্মচারীর সংখ্যা

৩৭। (অনুমোদিত প্রশ্ন নং ৪৪৬) শ্রী বিপ্লব রায়চৌধুরী : স্বরাষ্ট্র (আরক্ষা) বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) ১লা জানুয়ারি, ২০০১ অনুযায়ী কলকাতা পুলিশে মহিলা কর্মীর মোট সংখ্যা কত ;

(খ) তন্মধ্যে, কতজন এস. আই. ও এ. এস. আই. পদে আছেন ; এবং

(গ) কতজনকে আবাসনের ব্যবস্থা করা হয়েছে ?

স্বরাষ্ট্র (আরক্ষা) বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় :

(ক) ৩৩৬ জন।

(খ) এস. আই.—৪৯

এ. এস. আই—৪২

(গ) ১৪৩ জনকে।

চলচ্চিত্র উৎসবে ব্যয়িত অর্থের পরিমাণ

৩৮। (অনুমোদিত প্রশ্ন নং ৪৪৮) **শ্রী বিপ্লব রায়চৌধুরী** : তথ্য ও সংস্কৃতি বিষয়ক বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) নন্দনে আয়োজিত সাম্প্রতিক (২০০০) চলচ্চিত্র উৎসবে কী পরিমাণ অর্থ ব্যয় করা হয়েছে ;

(খ) উৎসবে কতগুলি বিদেশি ছবি প্রদর্শিত হয়েছে ;

(গ) উক্ত উৎসবে কতজন আমন্ত্রিত অতিথি ছিলেন ; এবং

(ঘ) তন্মধ্যে, বিধায়কের সংখ্যা কত ?

তথ্য ও সংস্কৃতি বিষয়ক বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় :

(ক) সরকার ৮০ লক্ষ টাকা ব্যয় করেছে।

(খ) ১০২টি।

(গ) মোট ৫৮ জন—

(এ) বিদেশি অতিথি ৪২ জন,

(বি) দেশীয় অতিথি ১৬ জন।

(ঘ) কেবলমাত্র চলচ্চিত্র ব্যক্তিত্বদেরই আমন্ত্রণ জানানো হয়। বিধায়ক হিসেবে কাউকে আমন্ত্রণ জানানো হয় না।

রবীন্দ্র জয়ন্তী উৎসব ও গান মেলায় আমন্ত্রিত বিধায়কের সংখ্যা

৩৯। (অনুমোদিত প্রশ্ন নং ৪৫০) **শ্রী বিপ্লব রায়চৌধুরী** : তথ্য ও সংস্কৃতি বিষয়ক বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

এ বছর (২০০১) কলকাতার রবীন্দ্রসদন ও নন্দন আয়োজিত রবীন্দ্র জয়ন্তী উৎসব ও গান মেলায় মোট কতজন বিধায়ককে আমন্ত্রণ জানানো হয়েছিল

তথ্য ও সংস্কৃতি বিষয়ক বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় :

এ ধরনের অনুষ্ঠানে পৃথকভাবে বিধায়কদিগকে আমন্ত্রণ জানানোর রীতি নেই।

গিরিশ মঞ্চ সংস্কারে সরকারের আর্থিক অনুদানের পরিমাণ

৪০। (অনুমোদিত প্রশ্ন নং ৪৫০) **শ্রী বিপ্লব রায়চৌধুরী ও শ্রী অখিল গিরি** : তথ্য ও সংস্কৃতি বিষয়ক বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

কলকাতার 'গিরিশ মঞ্চ' সংস্কারের জন্য বর্তমান আর্থিক বছরের ৩১শে মে, ২০০১ পর্যন্ত সরকার কী পরিমাণ অর্থ অনুমোদন করেছেন ?

তথ্য ও সংস্কৃতি বিষয়ক বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় :

বর্তমান আর্থিক বছরের ৩১শে মে, ২০০১ পর্যন্ত কোনও অর্থ 'গিরিশ মঞ্চ' সংস্কারের জন্য দেওয়া হয়নি।

যুগান্তর পত্রিকা চালু করার উদ্যোগ

৪১। (অনুমোদিত প্রশ্ন নং ৪৬৭) **শ্রী সুব্রত বক্সী** : তথ্য ও সংস্কৃতি বিষয়ক বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

দীর্ঘদিন যাবৎ বন্ধ 'যুগান্তর' পত্রিকা প্রকাশন সংস্থা পুনরায় চালু করবার জন্য সরকারের তরফ থেকে কোনো উদ্যোগ গ্রহণ করা হয়েছে কি না ?

তথ্য ও সংস্কৃতি বিষয়ক বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় :

চেষ্টা চলছে, এখনও পর্যন্ত কোনো সুফল মেলেনি।

রাজ্যে নতুন প্রাথমিক বিদ্যালয় অনুমোদনের সংখ্যা

৪২। (অনুমোদিত প্রশ্ন নং ৪৮৪) **শ্রী নির্মল ঘোষ** : বিদ্যালয় শিক্ষা বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) বিগত আর্থিক বছরে (২০০০-২০০১) কতগুলি প্রাথমিক বিদ্যালয় অনুমোদনের পরিকল্পনা গৃহীত হয়েছে ;

(খ) তন্মধ্যে, উত্তর ২৪ পরগনা জেলায় কতগুলি ; এবং

(গ) উক্ত জেলার সংগঠিত (অর্গানাইজড) প্রাথমিক বিদ্যালয়গুলির অনুমোদনের কোনো পরিকল্পনা আছে কি না ?

বিদ্যালয় শিক্ষা বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় :

(ক) বিগত আর্থিক বছরে (২০০০-২০০১) কোনো প্রাথমিক বিদ্যালয় অনুমোদনের পরিকল্পনা গৃহীত হয়নি।

(খ) কোনো প্রশ্ন ওঠে না।

(গ) উক্ত জেলায় সংগঠিত প্রাথমিক বিদ্যালয়গুলির অনুমোদনের কোনো পরিকল্পনার প্রশ্ন ওঠে না, কারণ বর্তমান নিয়ম অনুসারে এ ধরনের বিদ্যালয়কে অনুমোদন দেওয়া হয় না।

দৈনিক বসুমতীর প্রচার সংখ্যা

৪৩। (অনুমোদিত প্রশ্ন নং ৪৮৯) **শ্রী দিলীপ মণ্ডল** : তথ্য ও সংস্কৃতি বিষয়ক বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) এটা কি সত্যি যে, 'দৈনিক বসুমতী' পত্রিকার প্রচার সংখ্যা বর্তমানে অনেক কম ;

(খ) সত্যি হলে, এর কারণ কি ; এবং

(গ) উক্ত সংস্থায় বর্তমানে কতজন কর্মচারী কর্মরত আছেন ?

তথ্য ও সংস্কৃতি বিষয়ক বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় :

(ক) হ্যাঁ।

(খ) সরকার পরিচালিত পত্রিকার সীমাবদ্ধতা প্রথম থেকেই ছিল। বর্তমানে শিলিগুড়ি থেকে আরও চারটি নামী পত্রিকা কলকাতার সহিত একযোগে প্রকাশিত হচ্ছে (যথা : দি স্টেটস্‌ম্যান, আনন্দবাজার পত্রিকা, বর্তমান, গণশক্তি)। ফলে, প্রতিযোগিতা বর্তমানে অনেক বেড়ে গিয়েছে।

(গ) কলকাতা ও শিলিগুড়ি মিলিয়ে বর্তমানে বসুমতী কর্পোরেশনে মোট ৩৮৯ জন কর্মচারী কর্মরত আছেন, এঁদের মধ্যে স্থায়ীরূপে আছেন '৩০৯' জন এবং অস্থায়ী চুক্তিবদ্ধভাবে আছেন '৮০' জন।

দুঃস্থ চলচ্চিত্র শিল্পীদের সাহায্যার্থে তহবিল

৪৪। (অনুমোদিত প্রশ্ন নং ৫০৫) **শ্রীমতী নয়না বন্দ্যোপাধ্যায় :** তথ্য ও সংস্কৃতি বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) সরকার দুঃস্থ চলচ্চিত্র শিল্পীদের জন্য কোনো তহবিল গঠন করেছেন কি ; এবং

(খ) করে থাকলে, কতজন দুঃস্থ শিল্পীকে এ পর্যন্ত আর্থিক সহায়তা দেওয়া হয়েছে ?

তথ্য ও সংস্কৃতি বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় :

(ক) হ্যাঁ।

(খ) এ পর্যন্ত মোট ১,১৮৯ জন দুঃস্থ চলচ্চিত্র শিল্পী ও কলাকুশলীকে আর্থিক সহায়তা দেওয়া হয়েছে মোট ২১,৭৩,৪৯১ টাকা।

বিঘাটি গ্রাম পঞ্চায়েতে গভীর ও অ-গভীর নলকূপ স্থাপনের ব্যবস্থা

৪৫। (অনুমোদিত প্রশ্ন নং ৫১৬) **শ্রী কমল মুখার্জী :** জলসম্পদ অনুসন্ধান ও উন্নয়ন বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) এটা কি সত্যি যে, হুগলি জেলার সিঙ্গুর ব্লকের বিঘাটি গ্রাম পঞ্চায়েত এলাকায় গভীর ও অ-গভীর নলকূপ স্থাপনের জন্য সরকার ব্যবস্থা গ্রহণ করেছেন ; এবং

(খ) সত্যি হলে, বিগত পাঁচ বছরে (১৯৯৬-২০০০) এই জেলায় কোন্ কোন্ স্থানে মোট কয়টি নলকূপ স্থাপন করা হয়েছে ?

জলসম্পদ অনুসন্ধান ও উন্নয়ন বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় :

(ক) হ্যাঁ সত্যি।

(খ) হুগলি জেলায় সিঙ্গুর ব্লকে বিঘাটি গ্রাম পঞ্চায়েতে বিঘাটি মৌজায় জলসম্পদ উন্নয়ন অধিকারের তরফ থেকে ১৯৯৩-৯৪ সালে ওয়েস্ট বেঙ্গল মাইনর ইরিগেশন প্রজেক্ট ১টি গভীর নলকূপ (উচ্চ ক্ষমতাসম্পন্ন) স্থাপন করা হয়েছে।

এছাড়া এই জেলায়—বিগত পাঁচ বছরে অর্থাৎ ১৯৯৬-২০০০ সাল অবধি, হুগলি জেলায় আর. আই. ডি. এফ.-২ পরিকল্পনার মাধ্যমে ২৫টি গভীর নলকূপ (উচ্চ ক্ষমতাসম্পন্ন) স্থাপন করা হয়েছে। এগুলির বিবরণ নিচে দেওয়া হল :—

ক্রমিক নং	ব্লকের নাম	উচ্চ ক্ষমতাসম্পন্ন গভীর নলকূপের সংখ্যা
১।	পাণ্ডুয়া	২টি
২।	ধনিয়াখালি	৩টি
৩।	চুঁচুড়া-মগরা	১টি
৪।	পোলবা-দাদপুর	১টি
৫।	শ্রীরামপুর-উত্তরপাড়া	১টি
৬।	চণ্ডীতলা-১	২টি
৭।	চণ্ডীতলা-২	১টি
৮।	সিঙ্গুর	৩টি
৯।	হরিপাল	৪টি
১০।	জাঙ্গিপাড়া	২টি
১১।	আরামবাগ	৪টি
১২।	খানাকুল-২	১টি
		মোট ২৫টি

রাজ্যে সংরক্ষিত পুরাকীর্তির সংখ্যা

৪৬। (অনুমোদিত প্রশ্ন নং ৫২৮) শ্রী **কমল মুখার্জী** : তথ্য ও সংস্কৃতি বিষয়ক বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) রাজ্যে মোট সংরক্ষিত পুরাকীর্তির সংখ্যা কত ;

(খ) হুগলি জেলায় এইরূপ কতগুলি পুরাকীর্তির নিদর্শন রয়েছে ; এবং

(গ) পুরাকীর্তি সংরক্ষণের জন্য কী ধরনের পন্থা অবলম্বিত হয়ে থাকে ?

তথ্য ও সংস্কৃতি বিষয়ক বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় :

(ক) রাজ্যে মোট সংরক্ষিত পুরাকীর্তির সংখ্যা ১০৭ (একশো সাত) টি।

(খ) হুগলি জেলায় এইরূপ পুরাকীর্তির সংখ্যা ১৪ (চোদ্দ) টি।

(গ) সংরক্ষিত ঘোষিত হবার পরে প্রত্নতত্ত্ব অধিকার থেকে সংরক্ষণের কাজ করা হয়। সংরক্ষণ প্রক্রিয়ার পূর্ণ বিবরণসহ আলোকচিত্র, নক্সা ইত্যাদি প্রমাণ্য তথ্য সংগ্রহ এবং রাসায়নিক সংরক্ষণের কাজ এই অধিকারের পক্ষ থেকে করা হয়ে থাকে।

কাঠামোগত সংরক্ষণের জন্য প্রযুক্তিগত কার্যকরী সংস্থার সাহায্য নেওয়া হয়ে থাকে।

জোয়ারের জলে সি. এম. সি. অধীনস্ত রাস্তায় প্লাবন

৪৭। (অনুমোদিত প্রশ্ন নং ৫৫৮) **শ্রী তারক বন্দ্যোপাধ্যায়** : পৌর বিষয়ক বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) এটা কি সত্যি যে, জোয়ারের ফলে সি. এম. সি. অধীনস্ত ৬ নম্বর ওয়ার্ডের ঘোষ বাগান লেন ও লালবাবু লেন-এর রাস্তায় গঙ্গার জল ঢুকে রাস্তা ডুবে যায় ; এবং

(খ) সত্যি হলে, উক্ত অবস্থার প্রতিকারের কোনো ব্যবস্থা গ্রহণ করা হয়েছে কি না ?

পৌর বিষয়ক বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় :

(ক) হ্যাঁ ঐ অঞ্চলে পেন স্টক সেট ভাঙা অবস্থায় থাকার জন্য গঙ্গায় জোয়ারের জল ওখান দিয়ে ঢুকে পড়ে।

(খ) হ্যাঁ হয়েছে। এই পেন স্টক সেট মেরামত করার বন্দোবস্ত করা হয়েছে। আশা করা যায় খুব শীঘ্রই এই পেন স্টক সেট দিয়ে জোয়ারের জল ঢোকা বন্ধ করা সম্ভবপর হবে।

এ ছাড়া এশিয়া উন্নয়ন ব্যাঙ্কের সহায়তায় কাশিপুর এলাকায় ১ নং থেকে ৬ নং ওয়ার্ড পর্যন্ত বিশেষ নিকাশি উন্নয়ন পরিকল্পনা গ্রহণ করা হয়েছে। সেই পরিকল্পনা এখন রূপায়ণের চূড়ান্ত পর্যায়ে। প্রকল্পটি রূপায়িত হয়ে গেলে জোয়ারের জল ঢোকার আর সম্ভাবনা থাকবে না।

সরকারি উদ্যোগে ও পরিচালনায় ছায়াছবি ও তথ্যচিত্র নির্মাণ

৪৮। (অনুমোদিত প্রশ্ন নং ৫৬২) **শ্রী তারক বন্দ্যোপাধ্যায়** : তথ্য ও সংস্কৃতি বিষয়ক বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) ১৯৯৬ থেকে ২০০০ সাল পর্যন্ত সরকারের নিজস্ব উদ্যোগে ও পরিচালনায় কোনো ছায়াছবি বা তথ্যচিত্র নির্মাণ হয়েছে কি না ;

(খ) হয়ে থাকলে, উক্ত ছায়াছবি ও তথ্যচিত্রগুলির নাম কি ; এবং

(গ) চিত্রগুলি নির্মাণে সরকারের কি পরিমাণ অর্থ ব্যয়িত হয়েছে ?

তথ্য ও সংস্কৃতি বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় :

(ক) হ্যাঁ হয়েছে।

(খ) দু'টি কাহিনিচিত্র (রাষ্ট্রীয় চলচ্চিত্র উন্নয়ন নিগমের সাথে যৌথ প্রযোজনায়) এবং ৩৫টি (পঁয়ত্রিশটি) তথ্যচিত্র নির্মিত হয়েছে। ছবির নামের তালিকা সংযোজিত হল।

(গ) ১,০৪,৭৯,৯৯৩.০০ (এক কোটি চার লক্ষ উনআশি হাজার নয়শত তিরানব্বই) টাকা।

বিধানসভার '৫৬২' সংখ্যক প্রশ্নের তথ্যচিত্রে তালিকা

১৯৯৬-৯৭

(১) অফ টেগোর অ্যান্ড সিনেমা (৩৫ মিমি/৩ রিল)
(২) স্বর্ণ কণ্ঠ (৩৫ মিমি/২ রিল)
(৩) মোহর (৩৫ মিমি/৫ রিল)
(৪) লিভিং ইন দ্য জাঙ্গ (১৬ মিমি/৩ রিল)
(৫) আলোর পথে (১৬ মিমি/২ রিল)
(৬) বেনারস—স্ট্রাগলিং ফর মোক্ষ (১৬ মিমি/৩ রিল)
(৭) মুদিয়ালি একটি বিকল্প পন্থা (১৬ মিমি/৩ রিল)
(৮) দি শাইন অ্যান্ড দ্য শেখ (৩৫ মিমি/২ রিল)
(৯) স্মৃতিচিত্রে মেনকাদেবী (ভিডিও/২৩ মিনিট)

১৯৯৭-৯৮

(১) লিভিং লিজেন্ড (৩৫ মিমি/৯৩৬.৯০ মিটার)
(২) শান্তি দেব (৩৫ মিমি/১৬৩২.২১ মিটার)
(৩) অচিন মানুষ (১৬ মিমি/৪৯০ মিটার)
(৪) দুই কল্যাণ (ভিডিও/২৮ মিনিট)
(৫) এ লিভিং হেরিটেজ (ভিডিও/১৫ মিনিট)
(৬) অ্যান্ড মাইলস্ টু গো বিফোর আই স্লিপ (ভিডিও/৩০ মিনিট)
(৭) সাপ শত্রু নয়, বন্ধু (ভিডিও/২৯ মিনিট)

১৯৯৮-৯৯

(১) মাটির ভাঁড়
(২) নতুন দিনের ভোর
(৩) ফরেস্ট ভিলেজারস্
(৪) মহানগরের মর্মর মূর্তি
(৫) দেওয়ালের জন্য প্রতিশ্রুতি
(৬) ফিল্ম মেকার্স ফর ফ্রিডম

১৯৯৯-২০০০

(১) সন্ধ্যা রাগ (ভিডিও/৩০ মিনিট)
(২) বাংলার লোক উৎসব (১৬ মিমি/৩ রিল)
(৩) নাচনী (১৬ মিমি/৫ রিল)
(৪) অনন্য অনিল (ভিডিও/৫১ মিনিট)
(৫) যাত্রা সম্রাজ্ঞী (ভিডিও/৫৪ মিনিট)
(৬) তেভাগার পথ ধরে (ভিডিও/৪২ মিনিট)
(৭) কখনো ঝড় কখনো বৃষ্টি (ভিডিও/২৯ মিনিট)
(৮) সিনেমা পোস্টার (ভিডিও/২৯ মিনিট)
(৯) বিজ্ঞানী জগদীশ (ভিডিও/২৯ মিনিট)
(১০) সৃষ্টির আড়ালে স্রষ্টা (ভিডিও/২৯ মিনিট)
(১১) ক্যালকাটা পুলিশ মিউজিয়াম (ভিডিও/৩০ মিনিট)
(১২) সাগর পারের স্বপ্ন (ভিডিও/২৫ মিনিট)
(১৩) গাছবুড়ো (ভিডিও/৩০ মিনিট)

কাহিনিচিত্র (এন. এফ. ডি. সি. যুগ্ম প্রযোজনা)

(১) নয়নতারা (রাজা মিত্র)
(২) স্বপ্নের সন্ধানে (অশোক বিশ্বনাথন)

শান্তিপুর থানার অন্তর্গত পাকা রাস্তার পরিকল্পনা

৪৯। (অনুমোদিত প্রশ্ন নং ৫৯১) **শ্রী অজয় দে** : পঞ্চায়েত ও গ্রামোন্নয়ন বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) শান্তিপুর থানার অধীনে বাগখাঁচড়া থেকে ভালুকা পর্যন্ত রাস্তাটি পাকা করার পরিকল্পনা সরকার গ্রহণ করেছেন কি না ; এবং

(খ) থাকলে, উক্ত পরিকল্পনাটি রূপায়ণের কাজ বর্তমানে কোন্ পর্যায়ে রয়েছে ?

পঞ্চায়েত ও গ্রামোন্নয়ন বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় :

(ক) পশ্চিমবঙ্গ সরকারের এই দপ্তর থেকে রাস্তাঘাট বানানোর কোনও কাজ করা বা তার পরিকল্পনা করা হয় না।

তবে, প্রস্তাবিত রাস্তাটি সম্পর্কে নদীয়া জেলা পরিকল্পনা ও সমন্বয় উপসমিতিতে আলোচনা হয়েছে। জেলা পরিষদ তহবিল বা আর. আই. ডি. এফ.—ভি. আই. আই. থেকে অর্থ সংস্থানের জন্য উদ্যোগ নেওয়া হয়েছে।

(খ) সংশ্লিষ্ট রূপায়ণ এখনও শুরু হয়নি।

মানিকনগর গ্রাম আর. এল. আই. প্রকল্প চালুকরণ

৫০। (অনুমোদিত প্রশ্ন নং ৫৯৯) শ্রী অজয় দে : ক্ষুদ্র সেচ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) সরকার শান্তিপুর এলাকায় মানিকনগর গ্রামের বন্ধ দুটি আর. এল. আই. প্রকল্প পুনরায় চালু করার প্রকল্প গ্রহণ করেছেন কি না ; এবং

(খ) করে থাকলে, উক্ত প্রকল্প দুটি কবে নাগাদ চালু করা সম্ভব হবে বলে আশা করা যায় ?

ক্ষুদ্রসেচ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় :

(ক) হ্যাঁ রাজ্য বিদ্যুৎ পর্ষদের সাথে যোগাযোগ রেখে প্রকল্প দুটি পুনরায় চালু করার প্রচেষ্টা হচ্ছে।

(খ) চালু করার ব্যাপারটি বিদ্যুৎ পর্ষদের উপরে নির্ভরশীল। তবে সত্বর যাতে চালু হয় সেটি দেখা হবে।

দলিল বিলি ব্যবস্থার কাজ

৫১। (অনুমোদিত প্রশ্ন নং ৬৩৩) শ্রী নির্মল ঘোষ : উদ্বাস্তু ত্রাণ ও পুনর্বাসন বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

রাজ্যে বিভিন্ন উদ্বাস্তু কলোনির যে সমস্ত বাসিন্দা এখনও দলিল পায়নি, তাঁদের দলিল দেবার কাজ কবে নাগাদ শেষ হবে বলে আশা করা যায় ?

উদ্বাস্তু ত্রাণ ও পুনর্বাসন বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় :

সুনির্দিষ্টভাবে বলা সম্ভব নয়।

উদ্বাস্তু স্বত্ব নির্ধারণ, পারিবারিক বিরোধ, বিচারাধীন মামলা, জমি অধিগ্রহণের ক্ষেত্রে জটিলতা ইত্যাদি কারণে বহু কলোনিতে এখনও অনেক ক্ষেত্রে দলিল দেওয়া সম্ভব হয়নি। যদিও, যথাশীঘ্র সম্ভব এই দলিল দেওয়ার কাজ শেষ করার চেষ্টা চলছে।

ADJOURNMENT MOTION

Mr. Speaker : Today I received seven notices of Adjournment Motions. The first one is from Shri Kashinath Mishra on the subject of proper implementation of the scheme for family planning. The second one is from Shri Kamal Mukherjee on the subject of pollution of drinking water from Arsenic in nine districts including Kolkata. The third one is from Shri Ashok Kumar Deb on the

subject of delay in post mortem of two dead bodies kept in the morgue of NRS hospital. The fourth one is from Shri Saugata Roy on the subject of summit meeting between Prime Minister of India and the President of Pakistan. The fifth one is from Shri Sobhandeb Chattopadhyay on the subject of flood situation in the state. The sixth one is from Shri Asit Kumar Mal on the subject of non-payment of exgratia to the flood victims at Rampurhat, Block-2 and Nalhati, Birbhum. And the last one is from Shri Tapas Roy on the subject of spurt in dacoity in the Burrabazar area, Kolkata.

The subject matter of the fourth motion is not primarily concerned with the State Government as such it is out of order and I reject it.

The adjournment motion on the subject similar to the fifth motion was received on 10.7.2001, consent to which was withheld by me. The motion is thus out of order and I reject it.

The subject matter of the remaining five motions relates to day to day administration of the Government and does not call for adjournment of the business of the House. The members will get ample scope to raise the matter during the discussion and voting on demands of the concerned departments. The members may also invite attention of the Ministers concerned through Calling Attention, Mention, Question, etc.

I therefore, withheld by consent to the remaining five motions.

One member of the party may, however, read the text of the motion as amended.

Shri Tapas Roy : This Assembly do now adjourn its business to discuss a definite matter of urgent public importance and of recent occurrence, namely,—

There has been spate of decoit and attack by criminals on businessmen and traders in Burrabazar area in the recent past. On 11.7.2001 at about 8/05 p.m. L.N. Rathi, a trader was shot dead & Mahesh Gupta another trader Mahesh Shemen a pedestrian were seriously injured only 70 meter away from Burrabazar P.S. Yesterday

another decoity took place at Bangur building, M.G. Road near Jorasanko P.S. Special Police arrangements are to be made in greater Burrabazar area specially in the trading Zone to create a sense of safety & security among traders.

শ্রী অসিত মাল : জনসাধারণের পক্ষে গুরুত্বপূর্ণ জরুরি এবং সাম্প্রতিক একটি নির্দিষ্ট বিষয়ে আলোচনার জন্য এই সভা আপাতত তাঁর কাজ মূলতবী রাখছেন। বিষয়টি হল—

বীরভূম জেলার বন্যায় হাঁসন বিধানসভার অধীন রামপুরহাট ২ নং ব্লক এবং নলহাটী ব্লকে আজও বহু গরীব মানুষ ঘর মেরামতের টাকা (অনুদান) এবং বহু তাঁতশিল্পী আজও সরকারি অনুদান পায় নাই। হ্যান্ডলুম বিভাগের তদন্ত সত্ত্বেও রামপুরহাট-২ নং পঞ্চায়েত সমিতি আজও গরীব তাঁত শিল্পীদের টাকা (অনুদান) বিতরণ করেন নাই। উক্ত কারণে আজ বহু তাঁত শিল্পী কর্মহীন, পেটের জ্বালায় পাহাড়-খাদানে দিন মজুরের কাজ করতে যাচ্ছেন। আজও অনুদান বাবদ বহু টাকা রামপুরহাট-২ নং বি. ডি. ও. অফিসে জমা আছে। রামপুরহাট -২ নং ব্লক ইহা ছাড়াও বিভিন্ন দুর্নীতির সঙ্গে জড়িত। লক্ষ লক্ষ টাকা তছরূপের জন্য এর তদন্ত একান্ত জরুরি।

CALLING ATTENTION (NOTICE)

Mr. Speaker: Today I have received five notices of Calling Attention on the following subjects, namely :

	Subjects		Name
(i)	Alleged non-implementation of reservation policy for OBC students in admission to the educational institutions	:	Shri Nepal Mahato
(ii)	Deplorable condition of Ahmedpur Sugar Mill in Birbhum	:	Dr. Asish Banerjee
(iii)	Flood situation in Hooghly and South 24-Parganas	:	Shri Kashinath Mishra
(iv)	Apprehended sale of India Machinary at Howrah	:	Shri Jatu Lahiri
(v)	Non-inclusion of some villages adjoining Santiniketan, Bolpur, with local panchayets/ municipalities.	:	Shri Tapan Hore

I have selected the notice of Shri Kasinath Mishra on the subject of flood situation in Hooghly and South 24-Parganas.

The Minister-in-Charge may please make a statement today, if possible or give a date.

Shri Naren Dey: Sir, the statement will be made on 18th July, 2001.

CALLING ATTENTION (STATEMENT)

Mr. Speaker: Now, I call upon the Minister-in-Charge of Relief Department to make a statement on the subject of measures taken by the Government for the apprehended flood in the state. (Attention called by Shri Tapan Hore on the 28th June, 2001).

[12.10—12.20 p.m.]

শ্রী হাফিজ আলম শৈরানী : মাননীয় অধ্যক্ষ মহাশয়, এই বছরে (২০০১) ফের বন্যা হতে পারে বলে কোনো পূর্বাভাস আবহাওয়া দপ্তর থেকে ত্রাণ বিভাগে আসেনি। তবে বন্যাজনিত পরিস্থিতি মোকাবিলা করার জন্য বন্যার্তদের সাহায্যার্থে ত্রাণ বিভাগ থেকে ইতিমধ্যেই আগাম সতর্কতামূলক বিভিন্ন ব্যবস্থা নেওয়া হয়েছে, ব্যবস্থাগুলি নিম্নরূপ :

ষষ্ঠ মন্ত্রিসভা গঠনের পরেই মাননীয় মুখ্যমন্ত্রী, অর্থমন্ত্রী, পরিকল্পনা ও উন্নয়ন মন্ত্রী, সেচ মন্ত্রী, স্বাস্থ্য ও পঞ্চায়েত মন্ত্রী এবং ত্রাণ মন্ত্রীকে নিয়ে একটি উচ্চ পর্যায়ের জরুরি বৈঠক করেন। এই বৈঠকে বন্যাজনিত সামগ্রিক পরিস্থিতি পর্যালোচনা করে বন্যা মোকাবিলায় আগাম প্রস্তুতি নেওয়ার নির্দেশ দেন।

সমস্ত জেলা শাসকদের এবং ত্রাণ কাজের সঙ্গে যুক্ত সংশ্লিষ্ট বিভাগগুলির প্রধান সচিব / সচিবদের ত্রাণ বিভাগ থেকে পত্র মারফত (৯২৯-৯৩০—এফ. আর. তাং—২০.৪.২০০১) বন্যাজনিত কারণে উদ্ভূত পরিস্থিতির যথাযথ মোকাবিলা করার জন্য প্রস্তুতিমূলক ব্যবস্থা গ্রহণের নির্দেশাবলী পাঠানো হয়েছে।

প্রতিটি জেলায় বন্যাপ্রবণ এলাকাগুলি চিহ্নিত করে বন্যা মোকাবিলার জন্য সতর্কতামূলক ব্যবস্থা নেওয়া হয়েছে। বন্যার কারণে সাময়িকভাবে গৃহহারা মানুষের অস্থায়ী আশ্রয় দেওয়ার জন্য সরকার নির্মিত বন্যাশ্রয়গুলি ছাড়াও বিভিন্ন বিদ্যালয়, কমিউনিটি হল ইত্যাদি স্থানগুলি নির্দিষ্ট করে রাখা হচ্ছে। আঞ্চলিক গুদাম তথা বিভিন্ন জেলায় খাদ্যসামগ্রী, কেরোসিন তেল, বস্ত্র, পোশাক, আশ্রয়ের জন্য প্রয়োজনীয় সামগ্রী যেমন ত্রিপল ইত্যাদি সরবরাহ করা হয়েছে। প্রতিটি জেলায় অত্যাবশ্যক ঔষধ, প্রতিরোধক ঔষধপত্রাদি, স্বাস্থ্যসংক্রান্ত কারিগরি যন্ত্রপাতি, নলকূপ সংস্কারের যন্ত্রপাতি, পশুখাদ্য, দেশি ও যন্ত্রচালিত

নৌকা ইত্যাদি মজুত রাখার ব্যবস্থা গ্রহণ করা হয়েছে প্রতিটি জেলায় বন্যা মোকাবিলার কাজে লাগাবার উপযোগী দেশি নৌকার তালিকা প্রণয়নের নির্দেশ দেওয়া হয়েছে।

ত্রাণ বিভাগ থেকে জেলাগুলিতে খাদ্যসামগ্রীর মজুত ভাণ্ডার গড়ে তুলে (৯৪৪-এফ. আর. ২৩.৪.২০০১ তারিখে পত্র) সেগুলি বন্যাকবলিত স্থানে গণবণ্টন ব্যবস্থার মাধ্যমে বণ্টনের জন্য খাদ্য ও সরবরাহ বিভাগকে বলা হয়েছে।

ইতিমধ্যে ত্রাণ বিভাগ থেকে সকল জেলাশাসকদের বিভিন্ন খাদ্যসামগ্রী যেমন গম, নৈমিত্তিক তহবিল বাবদ অর্থ এবং অন্যান্য সামগ্রী যেমন ত্রিপল, ধুতি, শাড়ি, লুঙ্গি, শিশুদের পোশাক ইত্যাদি আবণ্টন করা হয়েছে।

এই বছর ৪.৫.২০০১ তারিখে রাজ্যের বিভিন্ন বিভাগীয় সচিব, কেন্দ্রীয় সরকারের রেল, আবহাওয়া, টেলিযোগাযোগ ইত্যাদি বিভাগের পদস্থ আধিকারিক এবং সেনা ও বিমানবাহিনীর আধিকারিকদের নিয়ে মুখ্যসচিবের সভাপতিত্বে বন্যাজনিত পরিস্থিতির কার্যকরভাবে মোকাবিলা করার জন্য বিভিন্ন পন্থা পদ্ধতি নিয়ে সঙ্কট মোচন কমিটির সভায় বিশদ আলোচনা হয়।

১৯.৬.২০০১ তারিখে ত্রাণমন্ত্রীর সভাপতিত্বে জেলাশাসক ও জেলা সভাধিপতিদের নিয়ে জেলাস্তরে দুর্যোগ মোকাবিলার জন্য নৈমিত্তিক পরিকল্পনা তৈরির জন্য সভা অনুষ্ঠিত হয়।

এছাড়া স্বরাষ্ট্র (অসামরিক প্রতিরক্ষা) বিভাগ জরুরি ভিত্তিতে বন্যার কারণে উদ্ধার ও ত্রাণ কাজ পরিচালনার জন্য বন্যাপ্রবণ জেলাগুলিতে দেশি নৌকা, যন্ত্রচালিত নৌকা ও প্রয়োজনীয় সংখ্যক কর্মীর সংস্থান করেছেন।

বন্যাজনিত পরিস্থিতি মোকাবিলা করার জন্য ইতিমধ্যেই মহাকরণের ত্রাণ, সেচ ও জলপথ, বিদ্যুৎ, স্বরাষ্ট্র (অসামরিক প্রতিরক্ষা), রাজ্য পুলিশ ইত্যাদি দপ্তরে, লালবাজার-এ কন্ট্রোলরুম খোলা হয়েছে। জেলাস্তরেও কন্ট্রোলরুম খোলা শুরু হয়েছে।

[12.15—1.30 p.m. (বিরতি সহ)]

শ্রী তপন হোড় : কে বিবৃতি দিচ্ছেন, কাকে দিচ্ছেন, কোন্ নোটিসের ভিত্তিতে তা কিন্তু এর মধ্যে নেই। শুধু একটা বিবৃতি এখানে দেওয়া হয়েছে। এটা ঠিক হওয়া দরকার। দ্বিতীয়তঃ আপনি বলেছেন, বন্যা হতে পারে বলে কোনো পূর্বাভাস আবহাওয়া দপ্তর থেকে দেওয়া হয়নি। আবহাওয়া দপ্তর থেকে যদি কোনো রিপোর্ট ঠিকমতো না আসে—বন্যা বছর বছর হচ্ছে, তাকে মোকাবিলা করার জন্য, জনগণকে আগাম সতর্ক করার জন্য আবহাওয়া দপ্তরের গাফিলতি—এই সম্পর্কে আপনারা কোনো ব্যবস্থা নিয়েছেন কিনা, পার্মানেন্ট রেসকিউ সেন্টারের ব্যবস্থা করেছেন কিনা সেটা বলবেন ?

শ্রী হাফিজ আলম শৈরানী : আবহাওয়া দপ্তর থেকে ৪৮ ঘণ্টা আগে কোনো আগাম খবর দিতে পারে না। সেই খবর যা দেয় তারপর দেখা গেছে সেই খবর সম্পূর্ণ রূপে সঠিক হয় না। ফলে আমাদের ক্ষেত্রে প্রাকৃতিক বিপর্যয়ের মোকাবিলা করার জন্য আগাম

যে প্রস্তুতি নেওয়া উচিত তা আবহাওয়া দপ্তরের গাফিলতির জন্য আমরা করতে পারছি না। তার জন্য আমাদের মাননীয় মুখ্যমন্ত্রী আমাদেরকে নিয়ে আলোচনা করেছিলেন। সেই আলোচনায় তিনি ঠিক করেছিলেন কেন্দ্রীয় সরকারের আবহাওয়া দপ্তর যা করছে করুক। কিন্তু আমাদের রাজ্যের নিজেদের উদ্যোগে আবহাওয়ার যে পূর্বাভাস সেটা যাতে আমরা নিজেরাই সংগ্রহ করতে পারি এবং সেই হিসেবে প্রাকৃতিক বিপর্যয় সম্পর্কে আগাম খবর জনগণের কাছে যাতে পৌঁছে দিতে পারি, তার একটা প্রস্তুতি ইতিমধ্যে আমরা গ্রহণ করেছি। আমরা এ ব্যাপারে আরও উন্নতি করে নিজেদের পায়ে দাঁড়ানোর চেষ্টা করছি। অপর প্রশ্নের উত্তরে বলি, আমরা ইতিমধ্যে প্রায় ১৬৫টি ত্রাণ আশ্রয় কেন্দ্র স্থাপন করেছি। আমাদের দপ্তরের পক্ষ থেকে এডুকেশন ডিপার্টমেন্টকে আমরা প্রায় ১০ কোটি টাকা দিয়েছি, যে সমস্ত স্কুল বাড়িগুলো চিরাচরিতভাবে আমরা ত্রাণ আশ্রয় হিসেবে ব্যবহার করি সেই সমস্ত বাড়িগুলোর পুনর্গঠন এবং সংস্কারের জন্য আমরা টাকা দিয়েছি। এই টাকা দিয়ে প্রায় ২০০টি বাড়িকে ফ্লাড সেন্টারের উপযুক্ত করে গড়ে তোলার চেষ্টা করেছি।

মিঃ স্পিকার : আরেকটা স্টেটমেন্ট আছে সেটা বিরতির পর হবে।

(এই সময় সভা ১-৩০ মিনিট পর্যন্ত মুলতুবি থাকে।)

(At this stage the House was adjourned till 1-30 p.m.)

[1.30—1.40 p.m.] (after recess)

Mr. Speaker: Now, I call upon the Minister-in-Charge of Power Department to make a statement on the subject of apprehension of widespread loadshedding in the State due to short supply of electricity from National Thermal Power Corporation (Attention called by Shri Kashinath Mishra on the 9th July, 2001).

শ্রী মৃণাল ব্যানার্জী : মাননীয় অধ্যক্ষ মহোদয়, বিনা নোটিসে গত ৬ই জুলাই থেকে ৮ই জুলাই, ২০০১ পর্যন্ত সময়ে এন. টি. পি. সি. তাদের বিদ্যুৎ উৎপাদন হঠাৎ করে কমিয়ে দিয়েছিল। ফলে আমাদের রাজ্যে বিদ্যুতের যোগান ভীষণভাবে কমে যায়। ওই সময়ে সর্বোচ্চ চাহিদার সময় রাজ্যে বিদ্যুৎ ঘাটতির পরিমাণ কখনও কখনও ছিল প্রায় ৬৩৫ মেগাওয়াট। এন. টি. পি. সি.-র উৎপাদন ক্ষমতা ১৬০০ মেগাওয়াট থাকা সত্ত্বেও ওরা ওই সময়কালে ফরাক্কায় বিদ্যুৎ উৎপাদন করেছে মাত্র সর্বোচ্চ ৮২০ মেগাওয়াট ও সর্বনিম্ন ৫৬৫ মেগাওয়াট এবং আমাদের রাজ্যের বরাদ্দ ওই সময় ১৯৭ মেগাওয়াট পর্যন্ত নেমে গিয়েছিল। সার্বিকভাবে বিদ্যুৎ উৎপাদন কম থাকার দরুন কোনো এক সময় গ্রিড ফ্রিকোয়েন্সি প্রতি সেকেন্ডে ৪৭.৬৬ সাইকেলের নেমে গিয়েছিল, যার ফলে গোটা পূর্বাঞ্চলের বিদ্যুৎ ব্যবস্থায় বিপর্যয়ের আশঙ্কা দেখা দিয়েছিল।

বিনা নোটিসে এই ধরনের বিদ্যুৎ উৎপাদন কমিয়ে দেওয়ার কারণ কি তা জানার জন্য এবং প্রতিষেধক ব্যবস্থা গ্রহণের উদ্দেশ্যে ৯ই জুলাই রাজ্যের সমস্ত বিদ্যুৎ সংস্থা,

ই. আর. ই. বি., এন. টি. পি. সি. ইত্যাদির উচ্চপদস্থ আধিকারিকদের নিয়ে মিটিং করা হয়। হঠাৎ করে কেন্দ্রীয় বিদ্যুৎ সংস্থাগুলিতে উৎপাদন কমিয়ে দেওয়ার কারণ কি তার যথাযথ কারণ ওই সভায় জানতে না পেরে কেন্দ্রীয় বিদ্যুৎ সচিব এবং কেন্দ্রীয় বিদ্যুৎ মন্ত্রীর সঙ্গে যোগাযোগ করা হয় এবং রাজ্যের অসন্তোষের কথা জানিয়ে প্রতিকারের ব্যবস্থা গ্রহণের জন্য বলা হয়।

পরবর্তীকালে কেন্দ্রীয় বিদ্যুৎ দপ্তরের হস্তক্ষেপে এন. টি. পি. সি. বিদ্যুতের যোগান বাড়িয়ে দেয় এবং আস্তে আস্তে অবস্থা স্বাভাবিক হয়ে আসে। আশা করা যায় আগামী ২/৩ দিনের মধ্যেই অবস্থা স্বাভাবিক হয়ে যাবে।

শ্রী কাশীনাথ মিশ্র : মাননীয় মন্ত্রী মহাশয়, জাতীয় তাপ বিদ্যুৎ নিগমের পাওনা টাকা না দেওয়ার জন্যই কি পশ্চিমবঙ্গে বর্তমানে ব্যাপক লোডশেডিং হচ্ছে ?

শ্রী মৃণাল ব্যানার্জী : না, এটা কারণ নয়। ৬ তারিখ দিল্লিতে মিটিং হয়েছে, সেখানে প্ল্যানিং কমিশনের ডেপুটি চেয়ারম্যান, কেন্দ্রীয় ফিনান্স মিনিস্টার, পাওয়ার মিনিস্টার, বিভিন্ন রাজ্যের মুখ্যমন্ত্রীরা, বিদ্যুৎ মন্ত্রীরা উপস্থিত থেকে সি পি এস ইউ-র পাওনাগণ্ডা—এন টি পি সি-র টাকা পয়সা—কিভাবে দেওয়া হবে তার সিদ্ধান্ত হয়েছে। কাজেই ৬ই জুলাইয়ের পরে এটা হওয়ার কোনো কারণ নেই। কারণ টাকা কিভাবে দেওয়া হবে, সেটা ঠিক হয়ে গেছে।

LEGISLATION

The Wakf (West Bengal Second Amendment) Bill, 2001

Shri Mohammed Salim : Sir, I beg to introduce the wakf (West Bengal Second Amendment) Bill, 2001.

(Secretary then read the Title of the Bill)

Shri Saugata Roy : Sir, I beg to move that the introduction of the Wakf (West Bengal Second Amendment) Bill, 2001 be opposed.

শ্রী সৌগত রায় : আমি স্যার পরে বক্তৃতা দেব। আমি ওয়াকফ সেকেন্ড অ্যামেন্ডমেন্ট বিল, সেটার ইনট্রোডাকশন অপোজ করে একটা মোশন দিয়েছি। তার কারণ, আমার মনে হয় এই বিলটি অপ্রয়োজনীয়, সুপারফ্লুয়াস এবং সরকারের ব্যর্থতা ঢাকার জন্য এই হাউসে আনার কোনো দরকার নেই। কেন মন্ত্রিমহাশয় এই হাউসে এনেছেন তার যে যুক্তি দিয়েছেন সেটা আদৌ সন্তোষজনক নয়। আমি আশা করি, এই স্টেজে ইনট্রোডাকশন না করে তিনি উইথড্র করে নেবেন। তিনি নতুন মন্ত্রী, তিনি বুঝবেন এইরকম অপ্রয়োজনীয় বিল এনে হাউসের সময় নষ্ট করার কোনো মানে হয় না।

শ্রী মহঃ সেলিম : স্যার, খুবই ক্ষুদ্র বিল এবং মাননীয় সদস্য তিনি জানেন, এটা আমাদের সর্বভারতীয় আইন ওয়াকফ অ্যাক্ট অফ ১৯৯৫। আমরা ট্রাইবুনাল করতে চাই। ট্রাইবুনাল করতে গেলে আমাদের বিচারপতি পেতে হয়। বিচারপতিদের যদি অবসরের

সময়সীমা ৬০ বছর হয় তাহলে আমাদের ৬০ বছরে সুইটেবল জজ পেতে অসুবিধা হয়। আমি প্রধান বিচারপতির কাছে লিখেছি, সেখান থেকে পাবো। যদি ৬২ বছর করা হয় তবে আমরা বিচারপতি পাবো। এই হাউসে বারবার আলোচনা হয়েছে সর্টেজ অফ জজ সম্বন্ধে। আমরা ট্রাইবুনাল করতে চাই। মাননীয় সদস্য উল্টো কথা বলছেন যে সরকারের অপদার্থতা ঢাকার জন্য এটা আনা হচ্ছে, তা নয়। আপনারা জানেন, ওয়াকফ আইন আলাদা আইন ছিল ১৯৯৫। সর্বভারতীয় যে আইন হয়েছে ১৯৮৪ সালে পার্লামেন্টে আইন করে তাতে ট্রাইবুনাল করার অধিকার বিভিন্ন রাজ্য সরকারকে দেওয়া হয়েছিল ১৯৮৪ সালের পর থেকে। ওই অ্যাক্টের সুযোগ নিয়ে কোথাও করা হয়নি। ১৯৯৫ সালের অ্যামেন্ডমেন্ট অ্যাক্টকে এইভাবে যদি অ্যামেন্ড করে দেওয়া যায় তাহলে আমরা ট্রাইবুনাল করতে পারবো। ট্রাইবুনালের পর্যায়ে আছি। ঠিকই বলেছেন, এই আইনের অ্যামেন্ডমেন্ট না করলেও ট্রাইবুনাল করতে পারি, কিন্তু আমি অভিজ্ঞ জজের সুবিধা পেতে চাই। এইজন্য মাননীয় সদস্যরা নিশ্চয়ই সহযোগিতা করবেন।

The motion of Shri Saugata Roy that the Introduction of the Wakf (West Bengal Second Amendment) Bill 2001 be opposed was then put and lost.

Shri Mohammed Salim: Sir, I beg to move that the Wakf (West Bengal Second Amendment) Bill, 2001 be taken into consideration.

স্যার, সংক্ষিপ্তভাবে ইতিমধ্যে সৌগতবাবুর প্রশ্নের উত্তরে বলেছি। আমার মনে হয়, মাননীয় সদস্যরা কিছু জ্ঞান-গর্ভ আলোচনা করবেন ওয়াকফ ট্রাইবুনাল নিয়ে। আমি জবাবী ভাষণে সেগুলি টাচ্ করলে ভাল হয়।

Mr. Speaker: There are two circulation motion on this Bill, one of Shri Kashinath Mishra and the other of Shri Abdul Mannan. They are in order. Now, I request Shri Kashinath Mishra to move his motion.

[1.40—1.50 p.m.]

শ্রী কাশীনাথ মিশ্র : Sir, I beg to move that the Bill be circulated for the purpose of eliciting public opinion by the 5th August, 2001.

মাননীয় মন্ত্রী মহাশয়, '৯৫ সালের যে আইন স্টোর আপনি অ্যামেন্ডমেন্ট করছেন। আপনাদের ওয়াকফ বোর্ড আছে। তারপর বিধানসভায় অ্যাডমিনিষ্ট্রেটিভ রিপোর্ট জমা পড়েছে। তারপর ইউসুফ কমিশন হয়েছিল। আপনি ৬২ বছর পর্যন্ত একজন জজকে দিতে চাইছেন। আমরা খারাপ উদ্দেশ্য নিয়ে কিছু করতে বলছি না। একটা ট্রাইবুনাল আছে। সেখানে মামলাগুলি ঝুলে আছে। সেখানে বোর্ডের অবস্থাটা কি সেটা আমরা জানতে চাইছি। ওয়াকফের টোটাল মামলা কতগুলি আছে এবং কতগুলির নিষ্পত্তি হয়েছে সে সম্পর্কে সভা

জানতে চায়। এ ব্যাপারে জনমত গড়ে তোলা দরকার। নিয়োগের ব্যাপারে বলছেন যে অ্যাপিলেট সাইডের রেজিষ্টার একজনকে নিয়োগ করবেন, দায়রা জজের সমতুল অথবা সেখানে দেওয়ানি জজ, সিভিল জজ, তাকে নিয়ে যাবেন। এই ওয়াকফ সম্পত্তিগুলি যাতে সুন্দরভাবে ব্যবহার করা যায় সেটা দেখাই হচ্ছে আসল উদ্দেশ্য এবং সেটা আপনারা করতে পারছেন না বলেই আমরা মনে করছি এ ব্যাপারে জনমত নেওয়া দরকার। এইজন্যই আমি সার্কুলেশান মোশান এনেছি।

শ্রী আবদুল মান্নান : Sir, I beg to move that the Bill be circulated for the purpose of eliciting public opinion by the 2nd August, 2001.

এই বিলটির ইনট্রোডাকশানের সময় তাকে অপোজ করে মাননীয় সৌগতবাবু যা বললেন তার উত্তরে মাননীয় মন্ত্রিমহাশয় বললেন যে এই বিলটা না আনলেও হত। বিলের যে কনটেকস্ট তাতে বিশেষ কিছু নেই। আপনি এমনিতেই ৬ বছর দেরি করেছেন। সেন্ট্রাল গভর্নমেন্ট এই বিলটা অ্যানাক্ট করেছেন '৯৫ এবং তখন আপনারা এটা সমর্থন করেছেন, আজকে ৬ বছর বাদে আপনি বিলটা নিয়ে আসছেন। স্যার, আপনি জানেন, এই হাউসে আমরা পি. কে. সেনগুপ্তের রিপোর্ট পেশ করতে সরকারকে বাধ্য করেছিলাম। সেখনে দেখা গিয়েছে ১৬২টি প্রাইম প্রোপার্টিস অবৈধভাবে হয় হস্তান্তর করা হয়েছে, না হয় বিক্রি করে দেওয়া হয়েছে অথবা লিজ দেওয়া হয়েছে। সে ব্যাপারে আমরা সি. বি. আই. এনকোয়ারি দাবি করেছিলাম কিন্তু তা মানা হয়নি। আমাদের দাবিকে ইগনোর করে অনারেবল জাস্টিস ভট্টাচার্যকে নিয়ে কমিশন করা হয়েছিল। ৪ বছরেও তার কোনো ইনটেরিম রিপোর্ট এল না। সেখানে প্রায় এক হাজার কোটি টাকার মতন সম্পত্তি অবৈধভাবে অথবা বেআইনিভাবে হস্তান্তর করা হয়েছে অথচ তার জন্য আপনারা কিছু করছেন না। এখানে খালি দেখছি ওই ট্রাইবুনালের জজ, তার মাহিনা কী হবে, কত বয়স হবে ইত্যাদি নিয়ে বিল নিয়ে আসছেন। এই যে এক হাজার কোটি টাকার মতন সম্পত্তি অবৈধভাবে হস্তান্তর করা হয়েছে এতে শাসক দলের রথী-মহারথীরা জড়িত আছে। পি. কে. সেনগুপ্তের রিপোর্টে যা বলা হয়েছে সে সম্পর্কে কোনো ব্যবস্থাই নেওয়া হল না।

মন্ত্রী মহাশয় ঠিকই বলেছেন যে, এই বিলটা না আনলেই হত। যাঁরা অবৈধভাবে ওয়াকফ সম্পত্তি হস্তান্তর করেছেন তাদের বিরুদ্ধে এই বিলে যদি ব্যবস্থা নেওয়া হত তাহলে এই বিলকে সমর্থন করতে পারতাম। এই ওয়াকফ নিয়ে সরকারের প্রতি সন্দেহ করতে হয়, কারণ সংবাদপত্রে মিঃ হুদার বিরুদ্ধে সংবাদ বেরোবার পর ওই রিপোর্ট সংবাদপত্রে আনবার জন্য প্রিভিলেজ মোশন এনে প্রিভিলেজ কমিটিতে তাদের শাস্তি দেবার ব্যবস্থা করা হয়েছিল। সেজন্য চাইছি, এই বিলটা কঠোরভাবে নিয়ে আসা হোক। যাঁরা অবৈধভাবে ওয়াকফ সম্পত্তি হস্তান্তর করেছেন তাদের বিরুদ্ধে যাতে শাস্তিবিধান করা যায় তার জন্য বিলটা নতুন করে নিয়ে আসা হোক। তার জন্য তিন সপ্তাহ পিছিয়ে গেলে কিছু অসুবিধা হবে না। যেখানে আপনারা ৬ বছরে সময় পাননি, আপনার আগে আমিন সাহেব যখন সময় পাননি, তখন তিন সপ্তাহ পিছিয়ে গেলে কোনো অসুবিধা হবে না। কাজেই বিলটা আরো কঠোরভাবে নিয়ে আসুন।

শ্রী মহম্মদ সেলিম : মাননীয় অধ্যক্ষ মহাশয়, এই দুটি অ্যামেন্ডমেন্ট এনে কাশি মিশ্র মহাশয় এবং আবদুল মান্নান মহাশয় পাবলিক ওপিনিয়ন এলিসিটিং করবার জন্য বলেছেন। কিন্তু আমার মনে হয়, বিলটা খুবই প্রয়োজনীয়। নিজেরাই তাঁরা বলেছেন যে, এটা ছোটো সংশোধনী ; বয়স ৬০ থেকে ৬২ করবার জন্য এবং জাজ হিসাবে তাদের ট্রাইবুনালে সম্মান দেওয়ার জন্য। আর ইরেলেভেন্ট পয়েন্ট যা তোলা হয়েছে—আরো দুই সপ্তাহ সময় নিলে কিছু অসুবিধা হবে না—আমার মনে হয় না এটা গ্রহণযোগ্য।

The motion of Shri Abdul Mannan that the Bill be circulated for the purpose of eliciting public opinion by the 2nd August, 2001 was then put and lost.

The motion of Shri Kashinath Mishra that the Bill be circulated for the purpose of eliciting public opinion by the 5th August, 2001 was then put and lost.

শ্রী সৌগত রায় : মিঃ স্পীকার স্যার, আমি আগেই ইন্ট্রোডাকশন স্টেজে এই ওয়াকফ সেজেন্ড (অ্যামেন্ডমেন্ট) বিলের বিরোধিতা করেছি এবং আমি সেলিম সাহেবকে বলছিলাম, প্রথমত উনি একজন সেকুলার ইমেজের নেতা হতে চান। ওঁর এই মাইনরিটি অ্যাফেয়ারস ডিপার্টমেন্ট নেওয়া উচিত হয়নি। দ্বিতীয়ত, আমার মনে হচ্ছে, ওয়াকফ, এটা একটা কেলেঙ্কারির দপ্তর, এটা নিজের ঘারে নিলেন কেন ! পার্টির কেউ ওঁকে স্কেপগোট করতে চান কিনা সেটা উনি এনকয়ার করে দেখুন। তৃতীয়ত, এই বিলটা যা এনেছেন এটা ইউজলেস। ওয়াকফ অ্যাক্ট একটা সেন্ট্রাল অ্যাক্ট, ১৯৯৫ সালে পাশ হয়েছিল। সেলিম সাহেব তখন রাজ্যসভায় ছিলেন, নিশ্চয়ই ওই বিল নিয়ে সেখানে আলোচনা হয়েছিল। আমি জানি না আপনার জবাব দেবার ক্ষমতা আছে কিনা, তবে সেখানে পাশ হয়েছিল। তাতে নানারকম ব্যবস্থা আছে ; কি করে সেন্ট্রাল ওয়াকফ বোর্ড তৈরি হবে, কি করে স্টেট ওয়াকফ বোর্ড তৈরি হবে, কি করে রেজিস্ট্রেশন হবে, কি করে তার অ্যাকাউন্টস রাখা হবে, কি করে ওয়াকফ মেনটেনেন্স হবে, কি করে ওয়াকফ বোর্ডের ফিনান্স চলবে, কি করে জুডিশিয়াল প্রসিডিংস হবে, সেসব বলা আছে। জুডিশিয়াল প্রসিডিংসের যে পার্ট সেই পার্টে সেলিম সাহেব অ্যামেন্ডমেন্ট এনেছেন। জুডিশিয়াল প্রসিডিংস-এর ক্ষেত্রে ওয়াকফ ডিপার্টমেন্ট থেকে কে বিচার করব বলা হয়েছে। বলা হয়েছে, এ ব্যাপারে নোটিফিকেশন দিয়ে ট্রাইবুনাল করতে পারবে। ৪ নম্বরে বলেছেন এক-একটি ট্রাইবুনালে এক-একজন থাকবেন।

[1.50—2.00 p.m.]

তার র‍্যাংক হবে ডিস্ট্রিক্ট অ্যান্ড সেসানস জাজ বা তদূর্ধ্বে বা সিভিল জাজ। ক্লজ (১)-এ এইরকম একটা র‍্যাংকের একজন লোক তিনি ট্রাইবুনালের বিচারপতি হবে। এখানে সেলিম সাহেব স্টেটমেন্ট অফ অবজেক্টস অ্যান্ড রিজিন্সে বলছেন যে ৬০ বছর রিটায়ারমেন্টের এজ থাকলে নাকি জাজ পাওয়া যাচ্ছে না। এই যুক্তিটা আমি বুঝতে পারলাম না যে আপনি ৬২ বছর এজ যদি বাড়িয়ে দেন ট্রাইবুনাল জাজের ৩ বছর তার প্রিয়ড করে দেন তাহলে নাকি জাজ পাবেন। তার মানে হচ্ছে লোভ দিয়ে ওয়াকফ

ট্রাইবুনালের জাজ করা, যে দেখো এমনিতে তুমি ডিস্ট্রিক্ট জাজে রিটেয়ার করবে ৬০ বছরে, আমরা তোমায় ওয়াকফ-এ দিচ্ছি, তাহলে তোমার চাকুরি হয়ে যাবে ৬২ বছর পর্যন্ত। এই যে সুপারএনুয়েশানে লোককে চাকুরি করে দেওয়া, লোককে লোভ দেখানো এইগুলি হচ্ছে বামফ্রন্ট সরকারের বিশেষত্ব। হাইকোর্টের জাজদের বামফ্রন্ট সরকারের একটা কমিশনে তাঁদের দিয়ে দেন। এটা তো এক রকম ঘুষ। এই যে এতোগুলি কমিশন চলছে সেইগুলি এই জন্যই চলছে যে কিছু বামফ্রন্ট সরকারের সমর্থক জাজ, তাদেরকে বাড়তি সময় দেবার জন্যই এই আইনগুলি করা হয় এবং এই সুযোগ-সুবিধা দেওয়া হয়। সেই জন্য আমি বলছি তাদের আর একটা রাস্তা খুলল। উনি একাধিক ট্রাইবুনাল করবেন, তাতে একাধিক ডিস্ট্রিক্ট জাজ সেশান জাজ সিভিল জাজ ওয়ানের র‍্যাংকের লোককে নিয়োগ করা হবে। আমি এর পুরোপুরি বিরোধী। ট্রাইবুনালে, আপনার হায়ার জুডিশিয়াল সারভিস আছে, তার থেকে আপনি ট্রাইবুনালে নিয়োগ করুন। তারা ৬০ বছরে রিটেয়ার করল, যে রকম সকলে করে। সেখানে একটা বিশেষ কারণের জন্য ৬২-তে বয়স বাড়িয়ে দিলেন, ভালো ভালো জাজ এতে এসে যাবে এটা আমি মনে করি না। সেইজন্য আমি সেলিম সাহেবকে প্রথমেই বলেছিলাম যে এর জন্য একটা আইন নিয়ে এলেন কেন বাজেট সেশানের সময় ? এজ ইফ, এটা না হলে কিছু হত না। কিংবা আপনার কোনো জাজের সাথে কথা হয়েছে, তিনি বলছেন যে আমাকে ৬২ বছর পর্যন্ত চাকুরী দিলে আমি ওয়াকফ ট্রাইবুনালে যেতে রাজি আছি। এটা বলল বলে তার জন্য একটা আইন পালটে দিলেন ? এতে আবার কেলেংকারি চাপা দেওয়ার ব্যাপার আছে। সেলিম সাহেব আপনি এখানে ছিলেন না, আপনার জানা দরকার যে এই ওয়াকফ নিয়ে আমাদের এই বিধানসভায় অনেক হইচই হঁয়েছে। প্রথমে এশিয়ান এজ বলে একটা কাগজ দীর্ঘদিন ধরে লেখা শুরু করেছিল যে কিভাবে ওয়াকফ প্রপার্টিতে দুর্নীতি হচ্ছে, বেআইনি কার্যকলাপ হচ্ছে। এই নিয়ে এশিয়ান এজ অনেকদিন ধরে বার করছিল। তারপর সরকার, পি. কে. সেনগুপ্ত, তখন তিনি জুডিসিয়াল সেক্রেটারি ছিলেন, পরবর্তীকালে তিনি হাইকোর্টের জাজ হয়ে যান, তাঁকে চেয়ারম্যান করে ওয়ান ম্যান কমিশন তৈরি করা হয়েছিল। পি. কে. সেনগুপ্ত রিপোর্ট দিয়েছিলেন, তাঁর রিপোর্টটা সাবমিট হয়েছিল ডিসেম্বর ১৯৯৫ সালে। আপনি জানেন কিনা জানি না যে, ১৯৯৬ সালে নূতন বিধানসভা হওয়ার পর প্রায় ১ মাস আমরা হাউস বয়কট করেছিলাম এই পি. কে. সেনগুপ্তর রিপোর্ট যাতে প্রকাশিত হয় তার জন্য। কিছুতেই সরকার রাজি ছিল না যে পি. কে. সেনগুপ্তর রিপোর্ট এখানে প্রকাশিত হয়। তারপর আমরা যখন দীর্ঘদিন ধরে বয়কট করছিলাম তখন তৎকালীন মুখ্যমন্ত্রী জ্যোতি বসু, তিনি ফাস্ট জুলাই ১৯৯৬ সালে একটা স্টেটমেন্ট দিয়েছিলেন। সেই স্টেটমেন্ট ছিল, পি. কে. সেনগুপ্তের রিপোর্টের ব্যাপারে—তিনি তাঁরই সরকারের অ্যাপয়েনটেড জুডিশিয়াল সেক্রেটারির রিপোর্ট—তিনি বলে দিলেন এটা পারফাংটারি, এটা আসল তথ্য এবং সত্য প্রকাশ করে না, এটার উপর আমি ভরসা করতে পারি না। পি. কে. সেনগুপ্ত কি বলেছিলেন ? পি. কে. সেনগুপ্ত বলেছিলেন ১৬২টি প্রপার্টি বেআইনি ট্রানজাকশান হয়েছে। কলিকাতা শহরের যে বড়ো বড়ো প্রপার্টি, সেটা সাওয়ালেস-এর বাড়ি হতে পারে, টালিগঞ্জ ক্লাব হতে পারে, এইগুলিতে বেআইনিভাবে লেনদেন হয়েছে। এটা পি. কে. সেনগুপ্ত বলেছিলেন। হাউসে আমরা দাবি করেছিলাম এবং তারপর ৮ই জুলাই ১৯৯৬ সালে এই

হাউসে ডিবেট হল। এই ডিবেটে আমি অংশগ্রহণ করেছিলাম। সেলিম সাহেব, আপনি তখন ছিলেন না, সেই ডিবেট থেকে আমি এক জায়গা পড়ছি। ডিবেটের ব্যাপারে আপনি কিছুটা ইনটারেস্টিং হবেন, কারণ আপনি যাকে হারিয়ে এসেছেন, হয়তো এই কারণে তাঁকে হারতে হয়েছে, সেই সুলতান আহমেদ একটা খুব উল্লেখযোগ্য বক্তব্য রেখেছিলেন। সেটা হাউসে রেকর্ড আছে এবং সেটা আমি পড়ছি আপনার অবগতির জন্য।

শ্রী মহম্মদ সেলিম : আপনার নিজের কোনো পয়েন্ট আছে ?

শ্রী সৌগত রায় : আমার নিজস্ব পয়েন্টা প্রথমেই বলেছি। এখন সুলতানের পয়েন্টটা শুনুন না। উনি বলেছেন, "স্যার, এখানে আমি একটা বিল পেয়েছি—করিম এ. রসিদ, ওয়াকফ স্টেট। আমি জানি না এ কার নাম—হাসিম আবদুল হালিম, সোল মাতোয়ালি। এটা স্যার, হাসিম হালিম কে ? হাসিম হালিম এক হাজার হতে পারে। আমি স্যার এসেছি, আমি স্যারকে রেসপেক্ট করি, চেয়ারকে রেসপেক্ট করি—ওনার নাম কিনা, ওনার বিল কিনা সই করা, উনি একটা ওয়াকফ স্টেট ক্রিয়েট করেছেন—হাসিম হালিম ভদ্রলোক। করিম এ. রসিদ ওয়াকফ স্টেট ভাড়া তুলছেন। কিন্তু সেকসন ৪৪ বলছে—এনরোল করাতে হবে। ওয়াকফ বোর্ডে এনরোল হয়নি।"

শ্রী তপন হোড় : স্যার, আমার পয়েন্ট অফ অর্ডার আছে।

শ্রী সৌগত রায় : আমি হাউসের ছাপানো ডিবেট কোট করছি।

মিঃ স্পীকার : এখানে পয়েন্ট অফ অর্ডার হবে না, বসুন।

শ্রী সৌগত রায় : "সেই চিঠিটা রেফার করা হচ্ছে, হামিদুল হুদা মিউজিটোন, ১৯৪ চাঁদনি চক স্ট্রিট। আর স্যার, সেটা একজন হাসিম আবদুল হালিমকে পাঠিয়েছেন। স্যার, আরেকজন হাসিম আবদুল হালিমের নামে সুপ্রিম কোর্টের ল-ইয়ার মধুমুল চন্দানি চিঠি লিখছেন, আই হ্যাভ রিসিভড্ আর. এইচ. হালিম করে অ্যাড্রেস করছেন। অ্যাড্রেসে রয়েছে কেস নম্বর। আমি চিঠিটা পড়ছি, ডিয়ার স্যার, আই হ্যাভ রিসিভড ইয়োর লেটার ডেটেড ৮.১২.৯৪ অ্যালং উইথ দি ডিমান্ড ড্রাফট অ্যান্ড এফিডেভিট ইত্যাদি ইত্যাদি। হাসিম আবদুল হালিমকে একজন সুপ্রিম কোর্টের ল-ইয়ার চিঠি লিখছেন ১২ই ডিসেম্বর, '৯৪। কাকে লিখছেন ? একজন এইচ. এ. হালিমকে। ওই হালিম কে ? সেটাই আমরা জানতে চাই। অ্যাড্রেসও আছে স্যার, ১২, এম. ডি. ইসাক রোড (কিড স্ট্রিট)। আর একটা দিচ্ছি স্যার, একটা ওয়াকফ স্টেট। একজন ডাক্তার আমার এরিয়ায় থাকেন, ডাঃ কবির রশিদ। উনিও একজন হাসিম আবদুল হালিমের শালা হন। উনি স্যার, ৭/১, ইব্রাহিম রোডে, খিদিরপুরে একটি বড়ো ওয়াকফ প্রপার্টি নিয়েছেন। স্যার, কর্পোরেশনে সেখানকার মিউটেশনের কাগজ রয়েছে। কিন্তু সেই বিল্ডিং করতে করতে কর্পোরেশনে একটা চিঠি দিয়েছেন ডাঃ কবির রশিদকে। স্যার, কর্পোরেশনের চিঠি আমার কাছে রয়েছে। এস. এস. কবির রশিদ, ৭/১, ইব্রাহিম রোড—কলিম সাহেবের আগের এরিয়া, কলিম সাহেব একটু খোঁজ নেবেন। কবির রশিদকে উনি জানেন।" তিনি আরও বলেছেন—"স্যার, ইরান সোসাইটি একটা সংস্থা হামিদুল হুদা যার নাম আমি বললাম, লুঠ-মার করে তিনি ওয়াকফ প্রপার্টি নয়-ছয় করছেন,

কোটি কোটি, হাজার হাজার টাকা লুঠ করছেন। আমরা আজকে তাঁর নাম আপনার কাছে প্লেস করলাম। আর সেখানে একজন হাসিম আবদুল হালিম হচ্ছেন চেয়ারম্যান। কিসের চেয়ারম্যান ? ফিনান্স বিল্ডিং অ্যান্ড ডেভলপমেন্ট কমিটির চেয়ারম্যান। আর ওনার সঙ্গে মেম্বার হচ্ছেন হামিদুল হুদা। আজকে এই যে কানেকশনগুলো হচ্ছে, লুঠ-পাটের সঙ্গে হাসিম আবদুল হালিম-এর নাম আসছে, কে সেই হাসিম হালিম—এটা যদি আপনি খুঁটিয়ে দেখেন, এটাই আমার দাবী।

আমরা দাবী করেছিলাম সি. বি. আই.-কে দিয়ে তদন্ত করা হোক। ওয়াকফের সম্পত্তি একটার পর একটা কিভাবে লুট হয়েছে, তারপর কি হয়েছে, এখনও হচ্ছে। কিন্তু তখন জ্যোতি বসু একটা স্টেটমেন্ট দিলেন "However, in the wake of the apprehension and lurking suspicion even now expressed by a section of the members of this House, I have decided to refer the entire matter to a Judicial Enquiry under the Commission of Enquiry Act, 1952 to be headed by a sitting Judge of the Hon'ble High Court of Calcutta in respect of which the Hon'ble Chief Justice will be approached. The terms of reference in this regard shall be formulated accordingly."

জ্যোতিবাবু ওয়াইজ লোক ছিলেন। উনি দেখেছিলেন, সি বি আই এনকোয়ারি হলে আপনাদের ডাণ্ডা ফোট্ হয়ে যাবে। তাই হাইকোর্টের একজন জাজকে দিয়ে একটা কমিশন করলেন।'' এটা ছিল ১৯৯৬ সালের ৮ই জুলাই। আর আজকে কত— ১৩ই জুলাই, ২০০১। পাঁচ বছর হয়ে গেল, এই ওয়াকফ কমিশনের একটা ইনটারিম রিপোর্ট পর্যন্ত বার হল না। সেলিম সাহেব, আপনাকে যে নিয়ে আসা হয়েছে, আপনি স্কেপগোট হয়ে যাবেন। জাজকে দিয়ে কিছুদিন চাপা দিয়েছেন ঠিকই, কিন্তু আপনারা এর থেকে মুক্তি পাবেন না। এশিয়ান এজ-এ এটা বার হয়েছিল। পরবর্তীকালে এম. জি. আকবরকে ভর্ৎসনা করা হয়েছে হয়তো এজন্য।

[2.00—2.10 p.m.]

আমরা বলেছিলাম এটা ভর্ৎসনার কিছু নয়, আপনি যাতে আর কাগজে না লেখেন ওইজন্য আপনাকে ভর্ৎসনা করেছেন। সুতরাং ওয়াকফ বোর্ড নিয়ে লেখা চলবে না। এই ওয়াকফ বোর্ড সেন্ট্রাল অ্যাক্ট অনুযায়ী স্টেট ওয়াকফ বোর্ড গড়ে তোলার কথা বলা আছে। এতে লেফট ফ্রন্টের লোকেরা সব ইনভল্‌ভ। এই ওয়াকফ কেলেংকারি যেটা হচ্ছে তাতে ওয়াকফ বলতে বোঝায় আপনার খোদার কাছে ভগবানের কাছে সমর্পিত জমি, সেই জমিকে কিভাবে ইউজ করা হচ্ছে। ফর মুসলিম রিলিজিয়ান পারপাসের জমিতে আপনারা প্রোমোটর বসিয়ে দিচ্ছেন ব্যবসা করার জন্যে। আর গরিব মুসলমান সম্প্রদায়ের মানুষদের সাহায্য না করে ওই ওয়াকফ সম্পত্তি নিয়ে কেলেংকারি করা হচ্ছে। এক সময়ে হামিদুল হুদার বিরাট ক্ষমতা ছিল। যাঁর এক সময়ে রাইটার্সে বিরাট প্রভাব ছিল। তিনি বলতেন ওয়াকফ সম্পত্তির

জন্য আমার কাছে এস, ওপরে খোদা আর নীচে হামিদুল হুদা। এইভাবে ওয়াকফের কোটি কোটি টাকার সম্পত্তি নয়ছয় করা হয়েছে। তারপরে এই সমস্যার সমাধানের জন্য আপনারা হাইকোর্টের জজ নিয়োগ করলেন। আমরা তখন এর ডিটেলস্ রূপ দেওয়ার জন্য বারে বারে হাউসে তুলেছি কিন্তু আপনারা এটাকে ঠাণ্ডা ঘরে চাপা দেবার চেষ্টা করেছেন এবং ঠাণ্ডা ঘরে চাপা দেওয়াও হয়েছে। সেলিম সাহেব আপনি তো একজন মুসলিম সম্প্রদায়ের লোক, আপনাদের সমাজের যে প্রপার্টি, ওয়াকফ প্রপার্টি, যেটা শ ওয়ালেস এবং টালিগঞ্জ ক্লাব ওই ওয়াকফ এস্টেটের মধ্যে পড়ে। এছাড়া আপনার টিপু সুলতান মসজিদের চারপাশের সম্পত্তিও ওয়াকফ এস্টেটের মধ্যে পড়ে। এসব জমিগুলো আপনারা হাতিয়ে নিয়ে যাচ্ছেন। ওয়াকফের জমি নিয়ে নিচ্ছেন এবং তার বদলে একমাত্র দেখলাম একটা মুসলিম মহিলাদের জন্য একটা হোস্টেল করা হয়েছে। সুতরাং ওই টাকার কোনো আর সদ্ব্যবহার হয়নি। তার ফলে ওয়াকফের সম্পত্তির কোনো অডিট ১৯৮১ সাল থেকে করা হয়নি। ১৯৯৫ সালে এটা নিয়ে আলোচনা চলছিল, তারপরে ১৯৯৬ সালে ইলেকশানের পরে এটা নিয়ে ডিটেলস্ আলোচনা হয়, অনেক কিছু তথ্য উৎঘাটিত হয়। কিন্তু এই ওয়াকফ বোর্ডে কেউ একভাবে থাকেন না। এই দপ্তরের মন্ত্রী বারেবারে হাত বদল হয়, চেঞ্জ হয়। আগে ছিল মেহেবুব জাহেদী, তারপরে এলেন মহঃ আমিন, এখন আবার আপনি এসেছেন। এইভাবে মুসলমান সমাজের একজন করে ঠিক করা হয়, কিন্তু কেউই বেশিদিন থাকতে পারেন না। তাঁদেরও স্লিপ করে চলে যেতে হয়েছিল, আপনাকেও চলে যেতে হবে। কাজেই আমি মনে করি এটাই আপনার সুযোগ এবং এই বিষয়ে আপনাকে এওয়ার করে দিতে চাই যে, ওয়াকফ বোর্ড নিয়ে যে কেলেংকারি রয়েছে এবং বদমাইশি রয়েছে তার থেকে দূরে থাকতে। সেখানে একটা সেকুউলার ইমেজে থেকে দু-বছর বাদে একজন করে আজ অ্যাপয়েন্টমেন্ট করার যে পদ্ধতি এটাকে উইথড্র করার জন্য বলছি। এইভাবে বেআইনি আইন করে একটা পছন্দসই জাজ অ্যাপয়েন্ট করার এই যে পদ্ধতি এর আমি সর্বান্তঃকরণে বিরোধিতা করছি এবং ওয়াকফ বোর্ডের এই অ্যামেন্ডমেন্ট বিলটির বিরোধিতা করে আমার বক্তব্য শেষ করছি।

শ্রী মুর্সালীন মোল্লা : মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমাদের বিরোধী দলের বিশিষ্ট নেতা শ্রী সৌগত রায় ভাল, সুন্দরভাবে ওয়াকফ সম্পর্কিত চিত্রর কথা বললেন। ঈশ্বরের সমীপে আমরা একটা বিন্দুতে দাঁড়িয়ে রয়েছি এবং এর কোনো ক্ল্যারিফিকেশান বা বিশ্লেষণের প্রয়োজন নেই। আপনার জানা দরকার ওয়াকফ বোর্ড তৈরি হয়েছিল ১৯৩৫ সালে। তারপরে ১৯৩৭ সালে সেটা সম্পত্তিতে রূপ পায়। বেঙ্গল ওয়াকফ অ্যাক্ট অনুযায়ী ওয়াকফ অ্যাক্টের মূল যে জিনিস সেই জায়গায় দাঁড়িয়ে সমর্পিত চিত্র মুসলিম ধর্মীয় সম্প্রদায়ের মানুষেরা তাদের সম্পত্তি নিয়োজিত করেছিল মুসলিম সমাজের শিক্ষা বিস্তার এবং সামাজিক কাজের জন্য এবং ধর্মীয় কাজের জন্য। ১৯৩৭ সালে ওই ওয়াকফ অ্যাক্টের মধ্যে থেকে শিক্ষা বিস্তারের জন্য ২ পার্সেন্ট পর্যন্ত খরচ করার জন্য সেইভাবে নির্দেশ করা হয়েছিল। এবং সেই আলোচনায় কনস্টিটিউট অ্যাসেম্বিলিতে সেই সময়ে কাউন্সিলে প্রয়াত শ্যামাপ্রসাদ মুখার্জি, তাঁর সঙ্গে রাজনৈতিক দৃষ্টিভঙ্গির থেকে আলাদা হলেও, তিনি ওই ওয়াকফের ব্যাপারে শিক্ষা বিস্তারের কাজের জন্য তিনি নিজে একটা প্রস্তাব দিয়েছিলেন।

আমি বন্ধুকে পুরনো প্রসিডিংস দেখতে বলব। আমি সেখান থেকে বলছি। স্যার, এর ফলশ্রুতি হিসাবে দেখা যায়, দেশ স্বাধীন হওয়ার পরে '৪৭ সালের পরে আমাদের ওয়াকফ সম্পত্তি নিয়ে প্রয়াত মুখ্যমন্ত্রীগণ কংগ্রেসের নির্বাচিতরা, দীর্ঘ ৩০ বছর ধরে, '৭৭ সালের আগে পর্যন্ত একটাও মুসলিম ছাত্রদের জন্য স্কলারশিপের ব্যবস্থা করেননি। একটাও বিশ্ববিদ্যালয়ের চেয়ার তৈরি করেননি। একটাও গার্লস হোস্টেল তৈরি করেননি। আপনাদের এখান থেকে খুব বেশি দূরে যেতে হবে না, শ্যামবাজার থেকে বালিগঞ্জ পর্যন্ত রাস্তার ধার দিয়ে যাবেন, যত মসজিদ, মিনার রয়েছে, তার চারপাশে যে জমি রয়েছে সেইগুলিকে মাথায় টুপি পড়ে কংগ্রেসের মতোয়ালিরা দাঁড়িয়ে থেকে বেদখল করিয়েছে। টিপু সুলতানের সম্পত্তি, ওয়াকফের সম্পত্তি তারা লুঠ করিয়েছে। '৪৭ সাল থেকে শুরু করে '৭৭ সাল পর্যন্ত ওদের চরিত্র সারা বাংলার মুসলিম সমাজ দেখেছে। দেখে ওদের আঁস্তাকুড়ে ছুড়ে ফেলে দিয়েছে। '৭৭ সালে বামফ্রন্ট সরকার এসেছে, তার পরে ৫ হাজার নয়, ১৫ হাজার ওয়াকফ সম্পত্তি, সেই ওয়াকফ সম্পত্তি রক্ষণাবেক্ষণ করা তাকে বিকশিত করা, শিক্ষাদান ইত্যাদির মধ্যে দিয়ে বামফ্রন্ট সরকার ওয়াকফ সম্পত্তিকে একটা জনমুখী করার উদ্দেশ্যে মুসলিম সমাজের জন্য প্রতিষ্ঠিত করেছে। তার ফলশ্রুতি হিসাবে দেখা যাচ্ছে যে ওরা মেয়েদের থাকবার জন্য কলকাতা বিশ্ববিদ্যালয়ে যারা এসে পড়াশুনা করতে পারছে না তাদের জন্য কলকাতায় ওয়াকফ হোস্টেল হয়েছে। মুর্শিদাবাদ জেলায় বহরমপুরে ওদের জন্য ওয়াকফ হোস্টেল হয়েছে। ওদের জন্য বামফ্রন্ট সরকার বর্ধমান ইউনিভার্সিটির পাশে ওয়াকফ হোস্টেল করেছে। মেদিনীপুর জেলার বিশ্ববিদ্যালয়ের পাশেই ওয়াকফ হোস্টেল হয়েছে। ওরা এইসব কখনই স্বপ্নেও ভাবতে পারেনি। প্রতি বছর মুসলিম ছাত্রদের জন্য বিজ্ঞাপন দিয়ে স্কলারশিপ দেওয়ার ব্যবস্থা আছে, সুসংহতভাবে এই কাজ তারা চালিয়ে যাচ্ছেন। এটা ঠিকই, আমাদের যে ওয়াকফ আইন, '৯৫ সালে সেন্ট্রাল অ্যাক্টের মধ্যে দিয়ে বিকশিত হয়ে সারা ভারতবর্ষে ছড়িয়ে দেবার জন্য চেষ্টা করছেন। আমি বিনয়ের সঙ্গে সৌগতবাবুকে প্রশ্ন করতে চাই, আপনি তো বললেন, ট্রাইবুনাল গঠনের কথা, বলুন তো '৯৫ সালে যে অ্যাক্ট হয়েছে, সামগ্রিকভাবে ২৮টি রাজ্যে পশ্চিমবঙ্গ ছাড়া কোথায় ট্রাইবুনাল গঠিত হয়েছে ? কোথাও এটা তৈরি হয়নি। সারা ভারতবর্ষের মধ্যে বিভিন্ন শহরে ওয়াকফ সম্পত্তি চুরি করলে তাঁকে শাস্তি দেবার জন্য কগনিজেবিল অফেন্স করার জন্য সারা ভারতবর্ষের কোনো জায়গায় আইন সংশোধন করা হয়েছে ? আমি স্যার, আমাদের সরকারকে অভিনন্দন জানাচ্ছি, মাননীয় মন্ত্রীকে এই যে দ্বিতীয় সংশোধনী, এর আগে সংশোধনী এনে আমাদের এখানে যারা তঞ্চকতা করে যারা জনগণের সম্পত্তি নিয়ে নয়ছয় করে যারা মানুষের সমাজ সেবার উদ্দেশ্যে সম্পত্তিকে বেদখল করতে চায়, তাদের শাস্তি দেবার জন্য আগের সংশোধনীতে কগনিজেবিল অফেন্সে শাস্তিযোগ্য হবে বলে করা হয়েছিল, উনি ঠিকই বলেছেন সেনগুপ্ত সাহেবের কমিশন নিয়ে অনেক তো আলোচনা করলেন, কিন্তু যার নাম উচ্চারণ করলেন না, তিনি তো হেরে গিয়েছেন, মানুষ বোঝে, মিথ্যা কথা কাগজে বড়ো বড়ো করে ছেপে বের হয়, জনগণকে যারা লুণ্ঠন করে, তাদেরকে জনগণ চিহ্নিত করে মাথা নীচু করে নামিয়ে দেয়। আর একটা কথা তো বললেন না, এখানে কংগ্রেসের অফিস হয়েছিল, ওয়াকফ বোর্ডের ওয়াকফ সম্পত্তিতে, তার ছবি ছেপে কাগজে বেরিয়েছিল। '৯৬ সাল হাউসে প্রকাশ করা হয়েছিল। আমি এখানে

উল্লেখপর্বে তা উল্লেখও করেছি। এখানে আর একজন আছেন তিনি তৃণমূল হয়ে গিয়েছেন, তিনি দাঁড়িয়েছিলেন ডায়মন্ডহারবার কেন্দ্রে, হেরে গিয়েছেন।

[2.10—2.20 p.m.]

ওয়াকফ নিয়ে যারা মিথ্যাচার করে, মানুষ তাদের হাজার হাজার চোখ দিয়ে দেখে শাস্তি দেয়, তাই ডায়মন্ড হারবারে দাঁড়িয়েও তিনি জিততে পারেননি। ওয়াকফ নিয়ে যারা মিথ্যা কথা বলেন মানুষ তাদের না সংসদে, না বিধানসভায় কোথাও জেতাননি, আমি মনে করি মানুষ সঠিক কাজই করেছেন। মাননীয় মন্ত্রিমহাশয় এই সংশোধনী বিল এনেছেন, ট্রাইবুনালের মাধ্যমে কেসগুলোর নিষ্পত্তি করার জন্য, ঘুষ দিতে নয়। মাননীয় বিচারপতি সেখানে উপস্থিত থেকে কেসগুলো বিচার করবেন। পাঁচ হাজার ওয়াকফের যে কেস আছে, প্রতিদিন যেগুলো আসছে তার বিচারের জন্য ব্যাপারটা আজকে এসেছে। সরকারের অবস্থা দু'পা বাঁধা ঘোড়ার মতো। তাকে আরও সাবলীল করার জন্য, গতিশীল করার জন্য যে সংশোধনী বিল এনেছেন, ট্রাইবুনালে মাননীয় বিচারপতি ন্যায়-নিষ্ঠার সঙ্গে সেগুলো বিচার করবেন। আপনারা এই ব্যাপারে যদি অপপ্রচার করেন তাহলে ভবিষতে আপনারা ডুবে যাবেন, এই কথা বলে এই সংশোধনী বিলকে সমর্থন করে আমার বক্তব্য শেষ করছি।

শ্রী মহঃ ইয়াকুব : অনারেবল স্পীকার স্যার, ২০ নম্বর বিলের সেকেন্ড অ্যামেন্ডমেন্ট, ওয়াকফ অ্যাক্ট ১৯৯৫ সালের ওয়াকফ বিলের সেকশান ৮৩, সাব-সেকশান ফোর-এ যে সংশোধনী বিল মাননীয় মন্ত্রিমহাশয় এনেছেন তাকে সমর্থন করে আমি দু-একটি কথা বলতে চাই। এই বিলের বিষয় ছিল জ্যুডিসিয়াল ব্যাপার, অন্যান্য বিষয়গুলো ওয়াকফ সম্পর্কে, এটা আলোচনার বিষয় ছিল না। কিন্তু বিরোধী বন্ধুরা এটা উল্লেখ করলেন। ভূতের মুখে রাম নাম অনেক সময় শোনা যায়। বিরোধী বন্ধুদের দৃষ্টি আকর্ষণ করে আমি বলতে চাই, প্রিন্স আনোয়ার শাহ রোডে দাদা পীড়ের যে কবর স্থান, সেই কবর স্থানকে কারা বিক্রি করেছিল। এটা কি আপনারা জানেন ? তখন ওয়াকফ মিনিস্টার ছিলেন সাত্তার সাহেব মারহুন। সেই সময় ওই কবর স্থানটাকে বিক্রি করে দেওয়া হয়েছিল। ১৯৭৭ সালে বামফ্রন্ট সরকার ক্ষমতায় আসার পরে অনেক চেষ্টা করে সেই কবরস্থানকে উদ্ধার করেছে। এটা ওরা জানেন না তা নয়। টালিগঞ্জের ঘড়িঘর ওয়াকফ এস্টেট-এর প্রচুর জমি কারা বিক্রি করেছিল ? ১৯৭২ থেকে ১৯৭৭ সালে কংগ্রেসী জমানায় এই জমিগুলো বিক্রি করা হয়েছিল, সেগুলো কিন্তু তারা উল্লেখ করলেন না। খিদিরপুর-এর বর্ণ ফিল্ড রোডের বহু জমি, ওয়াকফ এস্টেটের, তাদের জমানাতে হস্তান্তর হয়েছে, বিক্রি হয়েছে, সেগুলো কিন্তু তারা উল্লেখ করলেন না। কিন্তু আজকে জ্যুডিসিয়াল ব্যাপারে, বিশেষ করে কেসগুলোকে, মামলাগুলোকে তাড়াতাড়ি নিষ্পত্তি করার জন্য যখন উদ্যোগ নেওয়া হয়েছে এবং ওয়াকফ রুল যেটা বামফ্রন্টের সময় করা হয়েছিল, সেই ব্যাপারে ওদের কোনো চিন্তাধারা ছিল না। এসব ওরা কোনোদিন ভাবতেই পারেনি। এর থেকে যে আয় আছে, যে সম্পত্তি আছে সেটার মাধ্যমে যে অর্থ আসছে তা দিয়ে মুসলিম জনসাধারণের কল্যাণে কি কি করা যায় সেটা ওরা কোনোদিন ভেবেই দেখেনি, কোনোদিন চিন্তাও করেননি। এটা কখনও, কোনোদিন, কোনো সময়ই চিন্তা করেননি। আজকে যখন আমাদের ফ্রন্ট সরকারের জমানাতে নতুন উৎসাহ,

উদ্যোগ নিয়ে মুসলিম সাধারণ জনগণের কথা চিন্তা করে তাদের শিক্ষা ও অন্যান্য দিক থেকে অগ্রগতির ব্যবস্থা নেওয়া হচ্ছে, তখন আপনারা তার বিরোধিতা করছেন। ৬০ বছর রয়েছে, সেখানে ৬২ বছর করলে ট্রাইবুনাল জাজ নিয়োগের সুবিধা হয়, সেইজন্য এই বিলটা নিয়ে আসা হয়েছে। এখানে ওসব উল্লেখ না করে যেদিন ওয়াকফের উপর আলোচনা হবে, সেদিন উল্লেখ করতে পারতেন। এই কথা বলে এই বিলকে সমর্থন করে আমার বক্তব্য শেষ করছি।

শ্রী অসিত মিত্র : মাননীয় অধ্যক্ষ মহাশয়, ওয়াকফ দপ্তরের মন্ত্রী ওয়াকফের মূল আইনের ৮৩ ধারার ৪ উপধারার যে সংশোধনী এনেছেন আমি তার তীব্র বিরোধিতা করে কয়েকটি কথা বলতে চাই।

কিছুক্ষণ আগে সৌগতবাবু, আবদুল মান্নান সাহেব, এবং কাশীনাথ মিশ্র সঠিক কারণেই বললেন এটা অপ্রয়োজনীয় বিল, এটা সংশোধনী, এর কোনো প্রয়োজন নেই। আপনি সংখ্যাধিক্যের জোরে, বিলের তাৎপর্য অনুধাবন না করেই এই হাউসে এই বিল সম্বন্ধে আলোচনা করার সুযোগ দিয়েছেন। স্যার, উৎপল দত্ত একটা নাটক লিখেছিলেন 'গরুর গাড়ীর হেডলাইট'। সেলিম সাহেব, এখন উনি থাকলে আপনাদের আর একবার নাটকটা দেখাতেন। অর্থাৎ এটা গরুর গাড়ি ছাড়া আর কিছু নয়। একটা গরুর গাড়িতে হেডলাইট লাগালে তার চরিত্র পালটে যায় না। ৬০ বছরের জায়গায় ৬২ বছরের একজন বিচারককে দিয়ে কাজ করালে সব ঠিক হয়ে যাবে ? এটা আপনারাও আশা করেন না, আমরাও করি না। ওয়াকফের পরিকাঠামো কি ? ওয়াকফ ফর আল্লা আর ওয়াকফ ফর আওলাৎ। যারা মসজিদে প্রেয়ার করতে যান, সেখানে দেখবে ওয়াকফ ফর আল্লা। আর ওয়াকফ আওলাৎ দেখবে ছোটো ছোটো ছেলেমেয়েরা যেখানে পড়াশোনা করে—সেই মাদ্রাসা। আমি বলছি, এই দপ্তরের কোনো গুরুত্ব আছে সেলিম সাহেব ? আপনি কোনোদিন সেখানে গেছেন ? কতজন কর্মচারী সেখানে কাজ করেন ? যেখানে এক হাজার কোটি টাকা চুরি হয়, সেখানে কত সম্পত্তি থাকতে পারে ? কিন্তু সেখানে কর্মচারীর সংখ্যা মাত্র ৪৮ জন। এক্সিকিউটিভ অ্যাসিস্ট্যান্ট, এক্সিকিউটিভ অফিসার, এসব বাদ দিলে ২৫/২৬ জনের বেশি কর্মচারী সেখানে নেই যারা মূলত এই বিষয়টা দেখে—কত কেস হচ্ছে বা কি হচ্ছে, সব দেখে। দিনের পর দিন তাদের কাজের বোঝা বাড়ছে। এটা একমাত্র সরকারি প্রতিষ্ঠান, যেখানে সরকারি টাকা মাইনে দেওয়া হয়। কিন্তু শুনলে লজ্জা লাগে, সেই কর্মচারীরা এখনও পেনশন পায় না। এটাই একমাত্র সরকারি সংস্থা, যেখানকার কর্মচারীদের পেনশন দেওয়া হয় না। ফলে তাদের কাজের প্রতি মনোযোগ দিনের পর দিন কমছে। আপনারা কি একবারও দেখেছেন ওয়াকফের সম্পত্তি, যার যখন ব্যক্তিগত সিলিং-এর উপরে চলে গেল, যেখানে নিজের এবং ওয়াকফের সম্পত্তি ভোগ করতেন, যখন বি ফর্ম ফিল আপ করতে হচ্ছে, তখন ওয়াকফের সম্পত্তিকে ভেস্ট করে দিচ্ছে ?

[2.20—2.30 p.m.]

তখন অনেকে ওয়াকফ ল্যান্ডকে ভেস্টেড করে দিয়েছেন গভর্নমেন্টের নিজের সম্পত্তিটাকে ঠিক রাখার জন্য। তার ফলে ওয়াকফ সম্পত্তি গভর্নমেন্টের কাছে ভেস্টেড হয়ে গেছে। আজকে সেগুলি পুনরুদ্ধারের চেষ্টা করা হয়নি। ওয়াকফের কত সম্পত্তি মানুষ

নিয়েছে—হিন্দুদের দেবত্ত সম্পত্তিও আছে। মাননীয় অধ্যক্ষ মহাশয়, মাপ করবেন, উনি বলেছিলেন যে, "আমি একবার চেষ্টা করেছিলাম যে, দেবত্ত সম্পত্তিকে কাজে লাগিয়ে চ্যারিটেবেল করা যায় কিনা।" উনি করতে পারেননি। সেই সময় তখন উনি এই দপ্তরের মন্ত্রী ছিলেন। তাই আপনাকে বলছি কোনো সম্পত্তি এইভাবে বাটোয়ারা হয়েছে কিনা আপনি এইকথা জানাবেন। কতগুলি সম্পত্তি আছে, ওয়াকফের কত ঘরবাড়ি আছে, কোথায় কত কেস চলছে, তার সংখ্যা কত, সেই পরিসংখ্যান আছে কি আপনার কাছে ? আমি জানি, তা আপনার কাছে নেই। স্যার, আপনাকে আমি দু-মাস সময় নিয়ে বলতে বলছি। আপনার রেকর্ডে এইসব আছে কি ? আমি জানি, তা নেই। এই যে অ্যাক্ট ১৯৯৮ বইটা যেটা আছে সেটা ৯৫-এ বেরিয়েছে। আর একটা জায়গায় বলা আছে—৫১। ১-এ একটা জায়গায় বলা আছে যে, বোর্ডের অনুমতি ছাড়া কেউ এই সম্পত্তি বিক্রি করতে পারবে না, হস্তান্তর করতে পারবে না, বন্দক দিতে পারবে না। আমি পড়েছি এই আইন। যদি কেউ করেন, তাহলে কি করা হবে—সেই ভাবে এখানে বন্দোবস্ত করা আছে। কিন্তু সেই আইনকে কাজে লাগানো হয়নি। আপনারা শুধু চিৎকারই করতে পারেন। ৫২ নাম্বারে লেখা আছে যদি কেউ বেআইনিভাবে এই সম্পত্তি হস্তান্তর করে, বিক্রি করে, ৫২ নাম্বার ক্লজে বলা আছে—বোর্ডের ডিস্ট্রিক্ট কালেক্টারকে বলতে পারেন যে, "তুমি তদন্ত কর এবং তদন্ত করে যে এই সম্পত্তি কিনেছে বা যার কাছে হস্তান্তর হয়েছে, তাকে ৩০ দিনের মধ্যে বোর্ডের কাছে আবার ফেরত দেবার বন্দোবস্ত করতে হবে। আইনে এই প্রভিশান আছে। এই আইনের এত সুবন্দোবস্ত। সেখানে ৬২ বছরের সুপার অ্যানুয়েটেড জাজকে নিয়ে এসে কি লাভ হবে ? কোনো কিছু হবে কি ? আমি একটার পর একটা এই ধরনের কথা বলতে পারি। আপনারা এখন ২৫ বছর রজত জয়ন্তী করছেন। কিন্তু এখনও পর্যন্ত কোনো জায়গায় ডিস্ট্রিক্ট অফিস, জোনাল অফিস করতে পারেননি। এখান থেকে সারা বাংলা ঘুরে ঘুরে কাজ করবেন ? এখান থেকে শিলিগুড়ির কাজ কিভাবে করবেন ? একটাও ডিস্ট্রিক্ট অফিস বা জোনাল অফিস করতে পারলেন না, আবার আপনি এখানে সংশোধনী আনছেন! স্যার, ১৯৯৫ সালে অ্যাক্ট হয়েছিল যে সার্ভে করতে হবে। স্যার, আমি ধন্যবাদ দিই, সেদিনের এই সিদ্ধান্ত গ্রহণ করার জন্য। সেই সার্ভে করার যে ভাবনা, বন্দোবস্ত, তার জন্য ডিরেক্টার অফ ল্যান্ড অ্যান্ড ল্যান্ড রেভিনিউকে দেওয়া হয়েছিল। সার্ভে কমিশনার করা হয়েছিল। বলতে পারবেন কত জমি সার্ভে করা হয়েছিল। আপনারা তো চিৎকার করছেন। চোর, গুণ্ডা, বদমায়েশ বলছেন। কংগ্রেসের রাজত্বে না হয়ে থাকে, আপনারা তো নিশ্চয় ভালো কাজ করবেন। আর এক্ষেত্রে আপনাদের প্রতিবন্ধকতা সবথেকে বেশি। দুর্নীতিতে আপনারা টপ টু বটম জড়িয়ে আছেন, এই বিষয়ে কোনো সন্দেহ নেই। স্যার, আমি তথ্য দিয়ে বলব যে, সেই সার্ভে হয়নি। কলকাতা সহ সারা রাজ্যে শুধুমাত্র সম্পত্তি, বাড়ি নয়, এস ওয়াজেদ আলির বাড়ি শুধু মাড়োয়াড়িকে দেননি তা নয়, আরও ১৩০টা মাজার মসজিদ, কবর স্থান, ইদগা বেদখল হয়েছে। আপনাদের আমলেই এগুলি বেদখল হয়েছে। এরপরেও আপনারা কথা বলছেন। এটা সরকারি এবং বেসরকারি হিসাব অনুযায়ী বলছি। স্যার, আর একটা কথা বলছি—মাত্র ৭৫ জনকে স্টাইপেন্ড দেওয়া হয়। স্টাইপেন্ডের টাকা কোথায় রাখার কথা ? স্টাইপেন্ডের টাকা রিজার্ভ ব্যাংকে রাখার কথা। আপনি বলতে পারবেন স্টাইপেন্ডের কত টাকা আছে ? এখন এই

মুহূর্তে আপনাকে এখানে দাঁড়িয়ে প্রশ্ন করলে আপনি বলবেন যে, এই ব্যাপারে আলাদা করে নোটিশ দিতে হবে।

আপনি বলতে পারবেন, দয়া করে বলুন তো রিজার্ভ ব্যাংকে স্টাইপেন্ডের কত টাকা আছে ? ক্লাস সেভেন থেকে উচ্চশিক্ষা পর্যন্ত স্টাইপেন্ড দেওয়ার কথা। কাদের সেই টাকা দিচ্ছেন ? দিচ্ছেন মাত্র ৭৫ জন ছেলেকে। এই বিষয়ে অ্যাডভারটাইজ করার কথা, খবরের কাগজে অ্যাডভারটাইজমেন্ট করার কথা। ৬০ পার্সেন্ট বা তার উপরে যেসব ছাত্র নম্বর পেয়েছেন, যেসব মুসলমান ছাত্ররা নম্বর পেয়েছে তাদের দেওয়ার কথা। এমনভাবে অ্যাডভারটাইজমেন্ট করেন যাতে কারো নজরে না আসে। শুধুমাত্র আপনাদের দলের আশ্রিত কিছু আপনাদের চামচা গিরি করে সেই মানুষদের সুযোগ গ্রহণ করছে। সারা পশ্চিমবাংলায় মাত্র ৭৫ জনকে স্টাইপেন্ড দিচ্ছেন। আজকে যদি ওয়াকফ বোর্ডকে সঠিকভাবে পরিচালনা করতে পারতেন, অনেকগুলো দপ্তরের দায়িত্ব আপনাকে দিয়েছে। মাননীয় অধ্যক্ষ মহাশয়, আপনার মাধ্যমে জানাতে চাইছি যে ওয়াকফ্-এর হাতে যে প্রপারটি আছে সেগুলো উদ্ধার করে এবং সেগুলো নিয়ে এসে মানুষের কাজে লাগানো, মুসলমান ছাত্রছাত্রীদের কাজে লাগানো, মসজিদ সারানোর কাজে লাগানো এই দপ্তরকে দায়িত্ব দেওয়া উচিত। ওয়ান ম্যান এনকোয়ারি কমিশন সবকিছু খুঁজে বার করতে পারবে না। কতগুলো মসজিদ অধিগ্রহণ করা হয়েছে, প্রত্নতাত্ত্বিক বিভাগ ১৫টা মসজিদকে অধিগ্রহণ করে কিন্তু সেখানে নামাজ পড়তে দেওয়া হয় না। ১৫টি মসজিদ অধিগ্রহণ করা হয়েছে সেখানে আজও কি হচ্ছে, খুনোখুনি হচ্ছে। কাটরা তো আজও একটা উদাহরণ। সেখানে নামাজ পড়া হবে না কিন্তু পুকুর ভরাট করে কমরেডদের সম্পত্তি বাড়ানো হবে। সেখানে পুকুর ভরাট করা হচ্ছে কিন্তু সরকার থেকে কোনো বাধা দেওয়া হয়নি। আপনি ওয়ান ম্যান এনকোয়ারি কমিশন করে করাপশন খুঁজে বার করতে পারবেন না। ৪ বছর কেন ১৪ বছর লেগে যাবে। আল্লার সম্পত্তি দুর্নীতিবাজরা ভোগ করছে। ওয়ান ম্যান কমিশন না করে সি. বি. আই.-এর হাতে দায়িত্ব দিন। এই বিলের আমি চরম বিরোধিতা করছি। আমার লাস্ট পয়েন্ট হচ্ছে সেলিম সাহেব আপনি উদ্যোগী পুরুষ, আপনি ভালো মানুষ বলে সৌগতবাবু বলেছেন। আমি আপনাকে অনুরোধ করব যে আপনি ওয়াকফের উপর একটা শ্বেতপত্র বার করুন। যে আপনার এত সম্পত্তি হাতে আছে, এত সম্পত্তি আপনার বেদখল হয়েছে। আপনি শ্বেতপত্র প্রকাশ করুন। আল্লার ওয়াকফ, আল্লার প্রপারটি, আউলাদের প্রপারটি সেই সম্পত্তি রক্ষা করুন। আমি আবারও বলি ওয়ান-ম্যান এনকোয়ারি কমিশন নয়। আমি আবারও বলছি যে এই বিল গরুর গাড়ির হেডলাইট ছাড়া আর কিছু নয়।

শ্রী ইদ মহম্মদ : মাননীয় অধ্যক্ষ মহাশয়, ওয়াকফ ভারপ্রাপ্ত মন্ত্রী যে দ্বিতীয় সংশোধনী এনেছেন আমি তাকে সমর্থন করছি। এই বিলের যে আলোচনা সেই আলোচনা না করে সেখানে থেকে সরে গিয়ে অন্য জায়গায় চলে গেলেন। আমাদের দেশের যে ধর্মপ্রাণ মুসলমান তাঁরা, সমাজের যারা দুর্বল শ্রেণী, পিছিয়ে পড়া মানুষের জন্য, শিক্ষার জন্য তাদের সম্পত্তি দান করতেন। আরেকটা ব্যাপার ছিল নিজের জমিকে রক্ষা করার জন্য, সরকার যাতে তাদের জমি খাস করতে না পারে তার জন্য তাদের নিজেদের জমিকে ওয়াকফের

মাধ্যমে দান করে রাখত এবং নিজের জমির ফসল ভোগ দখল করত। ৮৪ সালে কেন্দ্রীয় আইন সংশোধন করা হয় যা সারা ভারতবর্ষের মধ্যে কোথাও হয়নি। ৮৪ সালে সেই আইন সংশোধন করে ওয়াকফ সম্পত্তি বামফ্রন্ট সরকার নিয়ন্ত্রণের মধ্যে নিয়ে আসে। গরীব মানুষের জন্য, গরীব মানুষকে সাহায্য করার জন্য সেই বিল পাশ করানো হয়।

[2.30—2.40 p.m.]

সরকার পক্ষে মাননীয় সদস্যরা বলছিলেন যে সমাজের পিছিয়ে পড়া সম্প্রদায়ের মহিলাদের উচ্চশিক্ষার জন্য কলকাতায় মহিলা হোস্টেল স্থাপন করা হয়, মফস্বলের মুর্শিদাবাদের বহরমপুরেও মহিলা হোস্টেল করা হয়েছে। এই ওয়াকফ্ সম্পর্কে এই বিধানসভায় বহু অভিযোগ সেই সময় কংগ্রেসীরা নিয়ে এসেছিলেন। আমাদের বামফ্রন্ট সরকার সেগুলির তদন্ত করার নির্দেশ দেয় এবং কমিশন গঠন করা হয়। কিন্তু কোনোটাই প্রমাণ করতে পারেননি যে বামফ্রন্ট সরকারের আমলে ওয়াকফ সম্পত্তি তছনছ হয়েছে, দুর্নীতি হয়েছে। আমরা অতীতে দেখেছি এই কংগ্রেসের বড়ো বড়ো নেতারা মেদিনীপুরে সিহক্ স্টেটের সম্পত্তি বিক্রি করতে মদত দিয়েছিল। এইভাবে ওয়াকফ বোর্ডের নাম করে ওয়াকফ সম্পত্তি দখল, বিক্রি, হস্তান্তর করত এবং সেটা বন্ধ করার জন্য আইন করা হয়েছে। আর বিক্রি কেউ করতে পারবে না। আজকে বহু বিতর্কিত প্রশ্ন আছে ওয়াকফ সম্পর্কে। ট্রাইবুনাল গঠন করা হয় যাতে ওয়াকফ সম্পত্তির দ্রুত মীমাংসা হয় এবং বিতর্কিত এবং জটিল যে প্রশ্নগুলি আছে সেগুলির মীমাংসা করে একটা জায়গাতে নিয়ে আসা যায় এবং গরিব দুঃস্থ মানুষের ছেলেমেয়েদের লেখাপড়ার স্বার্থে, সমাজের অবহেলিত মানুষের কল্যাণে ব্যবহার করা যায় সেই জন্যই আজকে ট্রাইবুনাল গঠন করার কথা বলা হয়েছে। এতে বলা হয়েছে ম্যাজিস্ট্রেট অথবা ডিস্ট্রিক্ট জাজ অথবা সিভিল সেসান ফার্স্ট ক্লাস জাজকে দিয়ে গঠন করার জন্য যাতে সুষ্ঠু প্রশাসন হয়। এবং তার জন্যই এই বিল আনা হয়েছে। এতে বয়স বৃদ্ধি করার কথা বলা হয়েছে এবং তার মেয়াদ ৩ বছর করা হয়েছে। তাদের মেয়াদ ৩ বছর নির্দিষ্ট করার জন্য এবং অমীমাংসিত বিষয়গুলির মীমাংসা করা যায় তার জন্যই এই বিল আনা হয়েছে। এই কয়টি কথা বলে বিলকে সমর্থন করে আমার বক্তব্য শেষ করছি।

মিঃ স্পীকার : এটা ২.৩১ মিনিট সময়ে শেষ হওয়ার কথা, কিন্তু টাইমে কুলোবে না, সেই জন্য আমি আধ ঘণ্টা সময় বাড়িয়ে নিলাম।

শ্রী কামাক্ষ্যানন্দন দাস মহাপাত্র : (হাউসে অনুপস্থিত)।

শ্রী মহঃ সেলিম : স্যার, মাননীয় সদস্যরা আমাদের এই দ্বিতীয় সংশোধনী ওয়াকফ বিলের উপর আলোচনায় অংশগ্রহণ করে বহু মূল্যবান মন্তব্য এবং বক্তব্য রেখেছেন। তবে কতগুলি তথ্য বিভ্রাট ঘটেছে এবং এটা হলে তা নিয়ে জটিলতার সৃষ্টি হয়। আমি তার মধ্যে যাচ্ছি না। আমার মনে হয় পরে একটু ঠাণ্ডা মাথায় বিচার করলে নিজেরাই নিজেদের আবেগ-বশত যে সব কথা বলেছেন তার মধ্যে যে ভুল হয়েছে সেটা ঠিক করে নেবেন। যেমন আমাদের ওয়াকফ অ্যাক্ট '৯৫ তাতে কতগুলি বিষয়ের উপর জোর দেওয়া হয়েছে। অনেকদিন ধরেই সেটার চাহিদা ছিল, দীর্ঘদিন সংসদে এবং বিভিন্ন রাজ্যে দাবি-দাওয়াও

উঠেছিল যে একটা কম্‌প্রিহেনসিভ অ্যাক্ট আনতে হবে ওয়াকফের ব্যাপারে। সেখানে কয়েকটি বিষয়ে জোর দেওয়া হয়েছে। তার মধ্যে একটা হচ্ছে সার্ভে কমিশনার নিয়োগ করা। যেটা মাননীয় সদস্য অসিতবাবু চিৎকার করে বললেন। গোটা দেশের ওয়াকফ্ সম্পত্তিকে নতুন করে চিহ্নিত করা এবং আমাদের রাজ্যে খুঁজে বের করা, কারণ কে কোথায় লুকিয়ে রেখেছে। আমরা রাজ্যে সার্ভে কমিশনার নিয়োগ করছি, ইতিমধ্যেই কাজ চলছে, এখনও পর্যন্ত ১৬৫টি ব্লকে ১১টি জেলায় তার সার্ভে ক্যাম্প হয়েছে এবং বাকিগুলির প্রোগ্রেস হচ্ছে। এই মন্ত্রিত্বে যোগ দেওয়ার আগের দিন পর্যন্ত আমি জয়েন্ট পার্লামেন্টারি কমিটির চেয়ারম্যান ছিলাম আমার কাছে তালিকা আছে, ১৯৪৭ সালের দেশ ভাগের পর থেকে ওয়াকফ্ বোর্ডে কি ঘটেছে এবং কোথাকার সম্পত্তি কোথায় গেছে এবং কোন কোন রাজ্যে গেছে সেগুলি ঠিক-ঠাক করার চেষ্টা করা হচ্ছে।

দ্বিতীয় সার্ভে কমিশন ছাড়া নতুনভাবে আইনের ভিত্তিতে নির্বাচিত ওয়াকফ বোর্ড, আমাদের রাজ্যেও ১৯৯৫-র অ্যাক্ট অনুযায়ী ১৯৯৬ সালে ওয়াকফ বোর্ড, নির্বাচিত, তৈরি করা হয়েছে। তৃতীয় হচ্ছে ট্রাইবুনাল গঠন করা। আমি এগুলো এইজন্য বলছি, গত চার বছর ধরে আমরা জোর দিয়েছি, সমস্ত রাজ্য সরকারগুলোকে বলেছিলাম, এগুলোকে করতে হবে। ওয়াকফ ট্রাইবুনালও উল্লেখযোগ্য রাজ্যগুলোর মধ্যে দক্ষিণ ভারত ছাড়া বেশির ভাগ রাজ্যে হয়নি। আমরা আমাদের রাজ্যে ওয়াকফ ট্রাইবুনাল গঠনের পথে। এবং চতুর্থত হচ্ছে, ওয়াকফ রুল তৈরি করা। আইনত আমরা তৈরি করে দিয়েছি, একটা সাবরডিনেট লেজিসলেশনের জন্য। সেই রুলসটা, ষষ্ঠ বামফ্রন্ট সরকার তৈরি হবার পর প্রথম ক্যাবিনেট বৈঠকে ওয়াকফ রুল তৈবি হয়েছে এবং গেজেটেড হয়েছে ওয়াকফ রুল ১৮ই জুন, ২০০১। নোটিফিকেশন হয়ে গিয়েছে রুলসও আছে। এগুলো হচ্ছে এক একটা করে ধাপে ধাপে ওয়াকফ বোর্ড, ওয়াকফ সম্পত্তির ম্যানেজমেন্ট এবং উন্নয়নের প্রশ্নে তাতে যা গাফিলতি ছিল বা গণ্ডগোল আছে সেটা শোধরানোর বিষয়ে। গোটা দেশব্যাপী এটা করা দরকার ছিল এবং করা হবে এবং আমরা এটাকে আরো মনিটর করছি যাতে আরো কিভাবে ভালো করা যায়। অনেকে কনসার্নড ফিল করেছেন এবং এখানেও বলেছেন যে ওয়াকফ সম্পত্তি বেদখল হচ্ছে, উঠে যাচ্ছে, বাজেয়াপ্ত হয়েছে। ঠিকই। এটা একদিনে ঘটেনি। আপনারা জানলে খুশী হবেন, বিশেষত সৌগতবাবু খুশী হবেন, আমি একটা চিঠি থেকে কোড করছি। এবং যার চিঠি থেকে কোড করছি তিনি শ্রদ্ধেয়, আপত্তি করা উচিত নয়। 'আই হ্যাভ বিন কনসার্নড ফর সামটাইম অ্যাবাউট ইমপ্রুভিং দি অ্যাডমিনিস্ট্রেশন অফ ওয়াকফস। দি স্টেট গভর্নমেন্ট মাস্ট এনসিওর', স্টেট গভর্নমেন্টস অ্যাক্রস মাস্ট এনসিওর দ্যাট ওয়াকফস আর প্রপারলি মেন্টেইনড অ্যান্ড অ্যাডমিনিস্টার্ড বাই দি স্টেট ওয়াকফ বোর্ড ইন টার্মস অফ দি ওয়াকফ অ্যাক্ট অফ ১৯৫৪'—যেটা গোটা দেশে তখন ছিল। 'দি ফলোয়িং আর সাম ম্যাটার্স হুইচ রিকয়ার ইয়োর আর্জেন্ট অ্যাটেনশন', আজকে নয়, এখনতো আলোচনা হচ্ছে, 'ফর এ ভ্যারাইটি অফ রিজনস ইনক্লুডিং আনসেটেল্ড কন্ডিশনস আফটার পার্টিশন। এ লার্জ নাম্বার অফ ওয়াকফ প্রপার্টিস হ্যাভ গন ইনটু দি অ্যাডভার্স পজিশন অফ প্রাইভেট পার্টিস অ্যাজ ওয়েল অ্যাজ স্টেট গভর্নমেন্ট ডিপার্টমেন্টস অ্যান্ড লোকাল বডিস। দি ওয়াকফ বোর্ড কুড ওয়েল স্টার্ট লিগ্যাল প্রসিডিংস এগেইন্সট দি কনসার্নড স্টেট ডিপার্টমেন্টস। ওভিয়াসলি সাচ লিটিগেশন

উড নট বি ডিজায়ারাবল। হেন্স ইউ স্যুড সেটেল দি ইস্যু অন অ্যান অ্যাডমিনিস্ট্রেটিভ বেসিস। অ্যাজ ফার ব্যাক অ্যাজ ১৯৬১ উই হ্যাড মেড দি ফলোয়িং থ্রি কংক্রিট সাজেশনস ফর কুইক সেটেলমেন্ট অফ সাচ কেসেস।' শ্রীমতী ইন্দিরা গান্ধী তৎকালীন প্রধানমন্ত্রী ছিলেন। ১৯৭৬ সালের ২৬শে মার্চ বিভিন্ন রাজ্যের মুখ্যমন্ত্রীদের নির্দেশ দিচ্ছেন বা চিঠি লিখেছেন, কনসার্নড ফিল করছেন যে, একটার পর একটা ওয়াকফ সম্পত্তি বেহাত হয়ে যাচ্ছে, কিছু একটা করা দরকার। তাঁর পিতা জওহরলাল নেহরুর আমলে কতগুলো সিদ্ধান্ত হয়েছিল ওয়াকফ সম্পত্তি রক্ষার জন্য ১৯৬১ সালে। তাতে ১-২-৩ করে আমি সেগুলো পড়ে দিতে পারি, ছাপানো আছে যে এই ব্যবস্থাগুলো নেওয়া উচিত না হলে সম্পত্তি রক্ষা করা যাচ্ছে না। দুঃখের বিষয় ১৯৬১ সালে নেহেরুর জমানায় সিদ্ধান্ত হয়েছে, ১৯৭৬ সালে শ্রীমতি ইন্দিরা গান্ধী বলছেন, মুখ্যমন্ত্রীদের চিঠি দিচ্ছেন একটা কিছু ব্যবস্থা করুন, না হলে ওয়াকফ সম্পত্তি সব চলে যাচ্ছে, এখনও সেগুলো, এপক্ষ বা ওপক্ষ বলছেন যে সেগুলো চলে যাচ্ছে কিন্তু ১৯৭৬ সালের পরেও ব্যবস্থাগুলো নেওয়া হয়নি। আমরা কতগুলো ধরে ব্যবস্থা নেবার চেষ্টা করছি। কিন্তু তাতে এত আপত্তি উঠবে বলে আমি জানতাম না। কেন আপত্তি উঠছে সেটা বোঝা যাচ্ছে। ট্রাইবুনাল হোক। অ্যাক্ট অফ ১৯৯৫, ট্রাইবুনালের যে সুযোগ দিয়েছে সেটা আমাদের রাজ্যে আমরা কাজে লাগাতে চাই। আপত্তি কাদের হচ্ছে ? ১৯৫৪-র অ্যাক্ট। ১৯৮৪-র অ্যাক্ট ১৯৫৪-র অ্যাক্টের পরে। ১৯৮৪-র অ্যামেন্ডমেন্টে যে পার্লামেন্ট অ্যাক্ট সেটা ওয়েস্ট বেঙ্গল অ্যাক্টে ছিল না, ওয়েস্ট বেঙ্গলে আলাদা অ্যাক্ট ছিল এবং তাতে বলা হয়েছিল ট্রাইবুনাল করতে। আমি আমানুল্লা খানের বই থেকে কোড করতে পারি। ১৯৮৪ সালে সুযোগ দেওয়া হয় গোটা দেশে ১৯৫৪-র অ্যাক্টকে অ্যামেন্ট করে, যে ট্রাইবুনাল করা হোক।

[2.40—2.50 p.m.]

কিন্তু কোনো রাজ্য ট্রাইবুনাল গড়ার সুযোগ গ্রহণ করেনি। অ্যাক্ট অফ ৫৪, অ্যাজ অ্যামেন্ডেড ইন ৮৪—সুযোগ নেওয়াই হয়নি। কারণ বিভিন্ন কোর্টে ছড়িয়ে-ছিটিয়ে লিটিগেশন থাকলে একটার পর একটা ট্রাইবুনাল আস্তে আস্তে স্যার, আপনি জানেন, বিভিন্ন ক্ষেত্রে স্পেশালাইজড, এ্যাক্সপারটাইজ যাতে দ্রুত হয়, সরলভাবে হয় তার জন্য ট্রাইবুনাল গঠন করা হচ্ছে। ইনকাম ট্যাক্স ট্রাইবুনাল আছে, অন্যান্য বিভিন্ন ট্রাইবুনাল আছে। ওয়াকফ ট্রাইবুনাল সেজন্য দরকার যাতে এক জায়গায় করা যায়, সরলীকরণ করা যায় এবং বিভিন্ন কোর্ট থেকে অধিকারটা নিয়ে করা যায়। এটা ভাল কাজ। আমি ভেবেছিলাম বিনা আলোচনায় সবাই দু-হাত তুলে বলবেন—ঠিক আছে হোক, একটা ভাল কিছু তো হোক, এ পোড়া দেশে কিছুই যখন হয় না, একটা কিছু হোক। অ্যামেন্ডমেন্ট নিয়ে আসা হয়েছে কি ? আমি যে অ্যামেন্ডমেন্ট এনেছি, হাউস বিরোধিতা করেছে। খুবই দুর্ভাগ্যের, খুবই দুর্ভাগ্যের। সিনিয়র মেম্বার, তাঁরা কতকগুলো অ্যামেন্ডমেন্ট এনেছেন, কতকগুলো সাজেশন দিয়েছেন, তার সঙ্গে কতকগুলো আপত্তিকর কথাও বলেছেন। আমি জানি না, এটাই আমাদের দেশের নিয়ম কিনা, এভাবেই হয়েছে কিনা, আমি এটুকু বলতে পারি, নিশ্চয়তা দিতে পারি হাউসকে যে, ৬০ থেকে ৬২ করা হচ্ছে পছন্দসই জাজ আনার জন্য—তা নয়। ইতিমধ্যে আমরা জাজকে অ্যাপয়েন্ট করেছি এবং ৬২ থেকে অনেক কমবয়সি জাজ আমরা পেয়েছি। কিন্তু যেহেতু ট্রাইবুনাল করতে হলে—হাইকোর্ট, চিফ জাস্টিস—এঁদের পরামর্শ ক্রমেই করতে হয়, আমরা

যখন জাজ চেয়েছি, হাইকোর্ট আমাদের পরামর্শ দিয়েছেন যে, আপনারা এটাকে ৬০ থেকে ৬২ করুন, তাঁদের পরামর্শক্রমে যে বিষয়গুলো আনা হয়েছে—যখন আপনারা আলোচনা করেছেন শুনেছি,—প্রথম প্রশ্ন মাননীয় সৌগতবাবু করেন যে, পছন্দসই জাজ আনার জন্য যাতে রিটায়ারমেন্ট বেনিফিট দেওয়া হয় এবং সেজন্য টোপ দিয়ে করা হচ্ছে—আমি এটাকে খুবই দুর্ভাগ্যজনক মন্তব্য বলে মনে করি এবং আমাদের বিচারপতিদের সম্পর্কে লেজিসলেটিভ অ্যাসেম্বলিতে এই ধরনের কমেন্ট না করাই বাঞ্ছনীয় বলে আমি মনে করি। এজন্য আমরা এই দুটো অ্যামেন্ডমেন্ট এনেছি—এক হচ্ছে ট্রাইবুনালের যিনি প্রিসাইডিং অফিসার হবেন তাঁকে জজ-এর জায়গাটা দেওয়া হবে, আপত্তি হওয়ার কথা নয়। নমেনক্লেচার অনুযায়ী, যেহেতু অ্যাক্ট অফ ৯৫, সেকশন-৮৩ থেকে সেকশন-৯৫ পর্যন্ত জুডিশিয়াল প্রসিডিংস কি হবে ট্রাইবুনালের, সে ব্যাপারে ডিল করেছে এবং অ্যাজ পার ট্রাইবুনাল হলে সমস্ত সিভিল কোর্ট থেকে এই কেসগুলো এখানে চলে আসবে এবং অন্য কোথাও এর শুনানি হবে না, ট্রাইবুনালের কাছে চলে আসবে। মাননীয় অসিতবাবু বলেছেন যে, কয়েকটা আলাদা আলাদা—না, আমরা এখন একটাই ট্রাইবুনাল করছি, ইতিমধ্যে ট্রাইবুনাল হয়ে যেত। ট্রাইবুনাল হচ্ছে না, কারণ আমরা কলকাতা কর্পোরেশনের কাছ থেকে জায়গা নিয়েছি, ইতিমধ্যে ২২ লক্ষ টাকার বেশি আমরা কলকাতা কর্পোরেশনকে দিয়েও দিয়েছি। কিন্তু যেভাবে কর্পোরেশন কাজ করে, ৬ মাস ধরে আর কি, সিভিল কিছু কাজ বাকি আছে, ইলেকট্রিকালের কিছু কাজ বাকি আছে, কালকে যদি কাজ সম্পন্ন হয়—জজ যেহেতু অ্যাপয়েন্টমেন্ট হয়ে গিয়েছে, তিনি অন্য জায়গায় বসছেন, তাঁর আদালতে তো একটা এজলাস তো করতে হয় ট্রাইবুনালের, সেই এজলাসের কাজ যে মুহূর্তে করে দেওয়া হবে তার পরদিন থেকে আমরা ট্রাইবুনালের কাজ শুরু করে দেব, ট্রাইবুনাল উদ্বোধন করে দেব, এখানে কোনো আপত্তির জায়গা নেই। ইউ উইল অ্যাপ্রিশিয়েট, আইনে কতকগুলো অ্যানাব্লিং প্রভিশন থাকে কন্‌টিনিউয়িটির জন্য। আবার আপনার কাছে আসব, আমি মাননীয় শোভনদেববাবুকে বলব একটা কথা যে, এখানে যেমন বলা হয়েছে—৬২ অথবা ৩ বছর কাজ করবেন, এই অ্যাক্টে আছে, সংশোধনীতে ৩ বছর আছে, তাতে মাননীয় কাশীনাথবাবু বলেছেন ৫ বছর করতে এবং মাননীয় মান্নান সাহেব বলেছেন ১ বছর করতে। এখন আলোচনা করে ঠিক করে নিন—এক থেকে পাঁচ—আমরা ৩ বছর করেছি। আপত্তি কেন ? মাঝামাঝি জায়গায় আছি।

তৃতীয়ত স্টাইপেন্ডের ব্যাপারে এখানে কতগুলো ভুল তথ্য দেওয়া হয়েছে। মিথ্যাচারিতা হচ্ছে, ৭৫ সংখ্যাটা কোথা থেকে পেয়েছেন জানি না ! আমরা গর্বিত—তিন বছর আগে ওয়াকফ্ বোর্ড থেকে বছরে আড়াই লক্ষ টাকার স্কলারশিপ, স্টাইপেন্ড বাবদ দেওয়া হত। তারপর সেটা ১২ লক্ষ টাকা করা হয়েছিল, আর গত বছর ২০ লক্ষ টাকা দেওয়া হয়েছিল। এ বছর আমাদের বাজেটে বরাদ্দ ধার্য হয়েছে ৪০ লক্ষ টাকা। মুসলমান সম্প্রদায়ভুক্ত গরিব ছাত্রছাত্রীরা শিক্ষার আঙিনায় আসছে। তাদের কিছু বাড়তি সুযোগ দেওয়ার জন্য রাজ্য সরকার যদি বাজেটে কিছু প্রভিশন রাখেন এবং আপনারা যদি এখান থেকে তা পাশ করে দেন, তাহলে তাতে নিশ্চয়ই কারও আপত্তি থাকার কথা নয়। গত বছর ১০০০ জন সুযোগ পেয়েছিল। ১০০০ জনই দরখাস্ত করেছিল। টাকা কিছু কম পড়েছিল। আমরা অর্থ দপ্তর থেকে ব্যবস্থা করেছিলাম। ফলে যারা দরখাস্ত করেছিল তারা সবাই

পেয়েছে। এ বছর টাকাটা আরও বাড়ানো হয়েছে। সৌগতবাবু এমন কিছু কথা বলেছেন যার অ্যাক্ট বা এই অ্যামেন্ডমেন্টের সঙ্গে কোনো সংগতি নেই। আমি ওঁকে বলছি, শুধু রিলিজিয়াস পারপাসেই নয়, এমন কিছু সেকুলার পারপাস আছে যার জন্যও ওয়াকফ্ করা যায়। এই অ্যামেন্ডমেন্টে বিলের প্রসঙ্গে যে তথ্যগুলো ওঁরা চেয়েছিলেন সেগুলো আমি দেবার চেষ্টা করলাম। আমি মনে করি ট্রাইবুনাল হলে দ্রুত নিষ্পত্তি ঘটবে, সহজ, সরলীকরণ হবে। দীর্ঘদিন যাবৎ নির্দিষ্ট কিছু ভোটেড ইন্টারেস্ট গড়ে উঠেছে। দুর্ভাগ্যক্রমে এটা দেশব্যাপীই গড়ে উঠেছে। আমাদের রাজ্যে অন্তত আমরা সেটাকে শেষ করব এবং ট্রাইবুনাল আমাদের সাহায্য করবে। পরিশেষে আমি এখানে বলতে চাই যে, জুডিসিয়াল কমিশন নিয়ে এখানে প্রশ্ন উঠেছে। জাস্টিস ভট্টাচার্য কমিশনের মেয়াদ ৩১শে আগস্ট ২০০১ পর্যন্ত। আমি মনে করি এ নিয়ে প্রশ্ন তোলাটা পার্লামেন্টারি এথিক্সের মধ্যে পড়ে না। বিচার-বিভাগীয় তদন্ত চলছে, এই হাউসেই টার্মস অফ রেফারেন্স ঘোষিত হয়েছিল। ৩১শে আগস্টে সময় শেষ হয়ে যাচ্ছে। অতএব তাঁরা রিপোর্ট দেওয়া পর্যন্ত আমাদের অপেক্ষা করা উচিত। স্যার, এই ক'টি কথা বলে, সভার সকল পক্ষের কাছে এই অ্যামেন্ডমেন্ট বিলটি গ্রহণ করার অনুরোধ রেখে আমি আমার বক্তব্য শেষ করছি।

The motion of Shri Md. Salim that the Wakf (West Bengal Second Amendment) Bill, 2001 be taken into consideration was then put and agreed to.

Clauses 1 and 2

The question that Clauses 1 and 2 do stand part of the Bill was then put and agreed to.

Clause 3

Mr. Speaker: There are three amendments to Clauses 2. The amendments are in order. I now request Shri Abdul Mannan to move his amendment No. 3.

Shri Abdul Mannan: Sir, I beg to move that in Clause 3, in line 9 for the words, 'three years', the words, 'one year', be substituted.

Shri Md. Salim: I do not accept the amendment.

The motion of Shri Abdul Mannan (Amendment No. 3) was then put and lost.

Mr. Speaker: I now request Shri Kashinath Mishra to move his amendment No. 4.

Shri Kashinath Mishra : Sir, I beg to move that in Clause 3, in line 9 for the words, "three years", the words, "five years", be substituted.

Shri Md. Salim : I do not accept the amendment.

The motion of Shri Kashinath Mishra (Amendment No. 4) was then put and lost.

Mr. Speaker : I now request Shri Abdul Mannan to move his amendment No. 5.

Shri Abdul Mannan : Sir, I beg to move that in Clause 3, in lines 9 and 10 for the words, "sixty two", the word "sixty", be substituted.

Shri Md. Salim : I do not accept the amendment.

The Motion of Shri Abdul Mannan (Amendment No. 5) was then put and lost.

The question that Clause 3 do stand part of the Bill was then put and agreed to.

PREAMBLE

The question that the Preamble do stand part of the Bill was then put and agreed to.

Md. Salim : I beg to move that the Wakf (West Bengal Second Amendment) Bill, 2001, as settled in the Assembly be passed.

[2.50—3.00 p.m.]

শ্রী আবদুল মান্নান : স্যার, আপনি জানেন, হাইকোর্টে সুয়োমটো হলে যে রায় দেন তার ডকুমেন্ট থাকে। আপনি আইনমন্ত্রী ছিলেন, লিডিং প্র্যাকটিশনার ছিলেন। আপনাকে আগে সবাই বলতেন লিডিং ক্রিমিনালস, তারপর আপনাকে লিডিং ল-ইয়ারস বলতেন। মাননীয় মন্ত্রিমহাশয় এখানে বললেন হাইকোর্টের সঙ্গে পরামর্শ করে করেছেন। যদি হাইকোর্টের পরামর্শ করে থাকেন—সরকারে যাঁরা আছেন এবং বিরোধীপক্ষে যাঁরা আছেন মেনে নেবেন—সেই পরামর্শ হাইকোর্ট কী দিয়েছেন সেটা হাউসে প্লেস করুন, তাহলে আমরা বিরোধিতা করব না। আপনি হাইকোর্টের অর্ডারটা প্লেস করুন।

মিঃ স্পীকার : মিঃ মান্নান, আমি আইনমন্ত্রী ছিলাম, ভাল উকিলও ছিলাম। কিন্তু এখানে এতদিন বসার পর সব ভুলে গেছি, আপনাদের পাল্লায় পড়ে সব ভুলে গেছি।

The motion of Shri Md. Salim that the Wakf (West Bengal Second Amendment) Bill, 2001 as settled in the Assembly be passed was then put and agreed to.

DISCUSSION AND VOTING ON DEMANDS FOR GRANTS

Demand No. 35 and 36

Demand No. 35

Major Heads' 2215—Water Supply and Sanitation (Excluding Prevention of Air and Water Pollution) and 4215—capital outlay on water supply and sanitation (Excluding—Prevention of Air and Water Pollution)

শ্রী গৌতম দেব : মাননীয় অধ্যক্ষ মহাশয়, মহামান্য রাজ্যপালের সুপারিশক্রমে আমি প্রস্তাব করছি যে, ৩৫ নং দাবির অন্তর্ভুক্ত মুখ্যখাত, "২২১৫-জল সরবরাহ ও অনাময় (বায়ু ও জলদূষণ প্রতিরোধ ব্যতীত)" এবং "৪২১৫-জল সরবরাহ ও অনাময় (বায়ু ও জলদূষণ প্রতিরোধ ব্যতীত) বিষয়ে মূলধন বিনিয়োগ" ব্যয়-নির্বাহের জন্য মোট ৩৮১,৮১,৭৬,০০০ (তিনশত একাশি কোটি একাশি লক্ষ ছিয়াত্তর হাজার) টাকা মঞ্জুর করা হোক। ইতিমধ্যে যে ১২৭,২৭,২৬,০০০ (একশত সাতাশ কোটি সাতাশ লক্ষ ছাব্বিশ হাজার) টাকা অন্তর্বর্তীকালীন ব্যয় মঞ্জুর (vote on account) করা হয়েছে তাও উক্ত টাকার অন্তর্ভুক্ত।

২। মহাশয়, আমি এই সুযোগে আপনার মাধ্যমে রাজ্য সরকার কর্তৃক জলসরবরাহ ও অনাময় সম্পর্কে যে ব্যবস্থা গ্রহণ করা হয়েছে এবং ২০০১-২০০২ সালের প্রস্তাবিত কর্মসূচি সম্পর্কে কিছু তথ্য মাননীয় সদস্যদের গোচরীভূত করতে চাই।

৩। **গ্রামীণ জলসরবরাহ**

৩.১। গ্রামাঞ্চলে পানীয় জল সরবরাহ রাজ্য সরকারের মৌল ন্যূনতম পরিষেবা প্রকল্প বি. এম. এস. (B.M.S.) (পূর্বতন ন্যূনতম প্রয়োজনভিত্তিক প্রকল্প) এবং কেন্দ্রীয় সরকারের ত্বরান্বিত গ্রামীণ জলসরবরাহ প্রকল্পের মাধ্যমে কার্যকরী করা হয়। ২০০০-২০০১ সালে মৌল ন্যূনতম পরিষেবা খাতে বাজেট বরাদ্দ ছিল ৭০ কোটি টাকা। কেন্দ্রীয় সরকার ত্বরান্বিত গ্রামীণ জল সরবরাহ খাতে প্রাথমিকভাবে ৭৮.৯৫ কোটি টাকা বরাদ্দ রেখেছিলেন। ২০০০-২০০১ সালে ত্বরান্বিত গ্রামীণ জল সরবরাহ খাতে মোট ৭৮.৩৭ কোটি টাকা বিভাজন করা হয়েছে। ২০০১-২০০২ সালে রাজ্য পরিকল্পনা খাতে ত্বরান্বিত গ্রামীণ জলসরবরাহ প্রকল্পের পরিপূরক হিসাবে ৮০ কোটি টাকা সংস্থানের প্রস্তাব করা হয়েছে। এছাড়াও জেলা পরিষদ এবং স্থানীয় পৌরসংস্থাগুলিতে অনুদান দেবার জন্য রাজ্য পরিকল্পনা খাতে আরও ১৭.২৭ কোটি টাকার

সংস্থান রাখা হয়েছে। ২০০১-২০০২ সালে কেন্দ্রীয় সরকার ত্বরান্বিত গ্রামীণ জল সরবরাহ খাতে প্রাথমিকভাবে ৮৭.৭৩ কোটি টাকা বরাদ্দ করেছেন। এর মধ্যে ৪৩.৮৬ কোটি টাকা কেন্দ্রীয় সরকারের কাছ থেকে ইতিমধ্যেই পাওয়া গেছে।

৩.২। রাজ্য সরকার কর্তৃক পরিচালিত সর্বশেষ সমীক্ষায় পশ্চিমবঙ্গে ৭৯,০৩৬টি বসতি পাওয়া যায়। ১.৪.২০০০ তারিখে জলসরবরাহ মাত্রার ভিত্তিতে বসতিগুলির অবস্থান নিম্নরূপ—

(ক)	পি.সি.—	.. ৭৭	(জনপ্রতি দৈনিক জল সরবরাহের পরিমাণ দশ লিটার পর্যন্ত)
(খ)	পি.সি.—	.. ৫৯৮৪	(জনপ্রতি দৈনিক জল সরবরাহের পরিমাণ দশ-কুড়ি লিটার মধ্যে)
(গ)	পি.সি.—৩	.. ৯১০২	(জনপ্রতি দৈনিক জল সরবরাহের পরিমাণ কুড়ি-ত্রিশ লিটার মধ্যে)
(ঘ)	পি.সি.—৪	.. ৮৪৫৫	(জনপ্রতি দৈনিক জল সরবরাহের পরিমাণ ত্রিশ-চল্লিশ লিটার মধ্যে)
(ঙ)	এফ.সি.—	.. ৫৫,৪১৮	(জনপ্রতি দৈনিক জল সরবরাহের পরিমাণ চল্লিশ লিটার বা তদূর্ধ্বে)

৩.৩। ২০০০-২০০১ সালের লক্ষ্যমাত্রা ৭২৫৬ বসতি এবং বিদ্যালয়ের মধ্যে ৬৩১৭টি পি.সি. বসতিতে এবং ১১৭১টি বিদ্যালয়ে জল সরবরাহের লক্ষ্যমাত্রা পূরণ করা হয়েছে। এছাড়া আর্সেনিক দূষণযুক্ত এলাকায় নলকূপ প্রতিস্থাপনের কাজ করা হয়েছে।

৩.৪। এন.সি. এবং পি.সি. বসতিগুলিতে জল সরবরাহের ব্যবস্থা মুলত জেলা পরিষদগুলির মাধ্যমে হস্তপ্রোথিত নলকূপ, ইঁদারা ইত্যাদির সাহায্যে করা হয়। যে সমস্ত অঞ্চলে নলকূপ স্থাপনের জন্য 'রিগ' ব্যবহার করার প্রয়োজন, সে ক্ষেত্রে জনস্বাস্থ্য কারিগরি দপ্তরের পরিকাঠামো ব্যবহার করা হয়।

অগ্রাধিকারের ভিত্তিতে বসতিগুলিতে নলকূপ স্থাপনের জন্য এন.সি. এবং পি.সি.-১ বসতিগুলির তালিকা জেলা পরিষদগুলিকে পাঠানো হয়েছিল। দশম পঞ্চবার্ষিকী পরিকল্পনা শুরুর আগে বসতিগুলিতে জলসরবরাহের প্রকৃত চিত্র পর্যালোচনা করার প্রয়োজন। পঞ্চায়েত ব্যবস্থা এবং বিভাগীয় কর্মীদের সাহায্যে বসতিগুলিতে উপরোক্ত পর্যালোচনার ব্যবস্থা করা হচ্ছে।

২০০০-২০০১ সালে জেলা পরিষদগুলিতে অনুদান বাবদ ১২.৩৯ কোটি টাকা দেওয়া হয়েছে। এ ছাড়াও মৌল ন্যূনতম পরিষেবা খাতে আরও ৬.৬০ কোটি টাকা জেলা পরিষদগুলিকে দেওয়া হয়েছে। এতদ্‌ব্যতীত বিভাগীয় ব্যবস্থায় 'রিগ' প্রোথিত নলকূপ স্থাপনের জন্য ১১.৯১ কোটি টাকা বরাদ্দ করা হয়েছিল। ওই বছরে মোট গ্রামীণ জনসংখ্যার ৬৩.৩১ শতাংশকে নলকূপের মাধ্যমে জলসরবরাহের আওতায় আনা হয়েছে।

৩.৫। যে সমস্ত গ্রামীণ বিদ্যালয়গুলিতে পানীয় জলের সংস্থান নেই, সেইসব বিদ্যালয়ে নলকূপ স্থাপনের জন্য এই দপ্তর ব্যবস্থা নিয়েছে। গত আর্থিক বছরে এই ধরনের ১১৭১টি গ্রামীণ বিদ্যালয়ে নলকূপ স্থাপন করা হয়েছে। বর্তমান বছরেও এই কর্মসূচি চলবে।

৩.৬। কেন্দ্রীয় সরকার "প্রধানমন্ত্রীর গ্রামোদয় যোজনা" নামে একটি নতুন প্রকল্প প্রবর্তন করেছেন। এই প্রকল্পে শতকরা ৭০ ভাগ ঋণ এবং ৩০ ভাগ অনুদানের মাধ্যমে রাজ্য সরকারগুলিকে গ্রামীণ পানীয় জল সরবরাহ-সহ অন্যান্য কিছু বিশেষ ক্ষেত্রে উন্নয়নের জন্য অতিরিক্ত কিছু কেন্দ্রীয় সাহায্য দেওয়া হয়। গত আর্থিক বছরে এই প্রকল্পে গ্রামীণ জল সরবরাহ খাতে ১২.৫৮ কোটি টাকা পাওয়া গিয়েছে এ ছাড়াও আরও ৪৬.১৫ কোটি টাকা ২০০১ সালের মার্চ মাসের শেষে পাওয়া গিয়েছে। বর্তমান বছরে গ্রামীণ জল সরবরাহ উন্নয়নের কাজে ওই অর্থ ব্যয় করা হবে। আশা করা যাচ্ছে বর্তমান বছরে এই প্রকল্পের মাধ্যমে আরও অর্থ পাওয়া যাবে।

৩.৭। বসতিগুলিতে নলকূপ স্থাপনের সঙ্গে সঙ্গে জনস্বাস্থ্য কারিগরি দপ্তর নলবাহিত পানীয় জল সরবরাহের প্রকল্প বিশেষ গুরুত্বের সঙ্গে গ্রহণ করেছে। দপ্তরের অব্যাহত প্রচেষ্টার ফলে নলবাহিত জল সরবরাহের ক্ষেত্রে ৩১.৩.৭৭ তারিখে গ্রামীণ এলাকায় যেখানে উপকৃত জনসংখ্যার শতকরা হার ছিল ০.৭ তা ৩১.৩.২০০০ তারিখে বেড়ে দাঁড়িয়েছে ২১.৮৫। ২০০০-২০০১ আর্থিক বছরে প্রায় ১০০টি অসমাপ্ত নলবাহিত জল সরবরাহ প্রকল্প পুরোপুরি অথবা আংশিকভাবে সম্পূর্ণ করার জন্য বিশেষ ব্যবস্থা নেওয়া হয়েছিল যাতে সেখানকার লোকেরা এর সুফল পেতে পারে। ৬৬টি এই ধরনের প্রকল্প সম্পূর্ণ হয়ে গেছে এবং ৩১টি প্রকল্প বৈদ্যুতিকীকরণের অপেক্ষায় আছে। এই সব ব্যবস্থার ফলে ৩১.৩.২০০১ তারিখে নলবাহিত জলসরবরাহ প্রকল্পের মাধ্যমে উপকৃত গ্রামীণ জনসংখ্যার শতকরা হার বেড়ে দাঁড়িয়েছে ২৩.৫৭।

২০০০-২০০১ সালে এই দপ্তর অনেকগুলি নতুন প্রকল্পও মঞ্জুর করার ব্যবস্থা করেছিল। ৭২টি নতুন প্রকল্প ওই বছরে মঞ্জুর করা হয়েছিল। বর্তমানে আরও ৫০টি প্রকল্প বিভিন্ন পর্যায়ে মঞ্জুরির অপেক্ষায় রয়েছে। আশা করা যায় এর ফলে নলবাহিত জলসরবরাহ প্রকল্পে উপকৃত গ্রামীণ জনসংখ্যার শতকরা হার নবম পরিকল্পনার শেষ নাগাদ প্রায় ৩০ শতাংশে পৌঁছবে।

৩.৮। দার্জিলিং গোর্খা পার্বত্য পরিষদ দার্জিলিং জেলার পার্বত্য অঞ্চল নেওরাখোলা জলসরবরাহ প্রকল্প ব্যতীত অন্য সমস্ত এলাকায় জল সরবরাহ ও অনাময় প্রকল্প রূপায়ণ করে। নেওরাখোলা জলসরবরাহ প্রকল্পটি জনস্বাস্থ্য কারিগরি দপ্তরের মাধ্যমে রূপায়িত হচ্ছে। ২০০১-২০০২ সালে রাজ্য পরিকল্পনা খাতে ১৩৯ লক্ষ টাকা এবং ত্বরান্বিত গ্রামীণ জলসরবরাহ প্রকল্পে ১৩২ লক্ষ টাকা দার্জিলিং গোর্খা পার্বত্য পরিষদের উদ্দেশ্যে বরাদ্দের প্রস্তাব করা হচ্ছে।

৩.৯। ইস্টার্ন কোলফিল্ড কর্তৃপক্ষের কাছ থেকে অর্থ না পাওয়ায় রানিগঞ্জ কয়লাখনি অঞ্চল জলসরবরাহ প্রকল্প (২য় পর্যায়)-এর কাজ সময়মত শেষ করা যায়নি। প্রকল্প রূপায়ণে বিলম্বের জন্য এবং নতুন অঞ্চল অন্তর্ভুক্তির কারণে প্রকল্পের সংশোধিত অনুমিত ব্যয়ের পরিমাণ বেড়ে দাঁড়িয়েছে ৫৩২৫ লক্ষ টাকা। রাজ্য সরকার ইস্টার্ন কোলফিল্ড কর্তৃপক্ষের সম্মতি নিয়ে নিম্নলিখিত অর্থ সংস্থানের ভিত্তিতে সংশোধিত অনুমিত ব্যয় অনুমোদন করেছে।

(১)	ইস্টার্ন কোলফিল্ড কর্তৃপক্ষ	..	টাকা ২৮৬৮ লক্ষ
(২)	ত্বরান্বিত গ্রামীণ জলসরবরাহ প্রকল্প	..	টাকা ১৯২০ লক্ষ
(৩)	মৌল ন্যূনতম পরিষেবা	..	টাকা ৫৩৭ লক্ষ
		মোট	টাকা ৫৩২৫ লক্ষ

ইস্টার্ন কোলফিল্ড কর্তৃপক্ষ তাঁদের দেয় অংশ ২৮৬৮ লক্ষ টাকার মধ্যে ৩১.৩.২০০১ পর্যন্ত মোট ১৮৬৩ লক্ষ টাকা দিয়েছে। এই প্রকল্পের ১১টি অঞ্চলেই জল সরবরাহের কাজ সম্পূর্ণ করার জন্য ব্যবস্থা নেওয়া হয়েছে। এখানে উল্লেখ্য যে, প্রকল্পের অন্তর্ভুক্ত ৭৪টি থোক (bulk) জল সরবরাহ ক্ষেত্রের মধ্যে ৬২টি ক্ষেত্রের কাজ সম্পূর্ণ গেছে। বাকি ১২টি ক্ষেত্রের কাজ এই বছরের জুলাই মাসের মধ্যে সম্পূর্ণ হবে আশা করা যায়।

৩.১০। যে এলাকাগুলি রানিগঞ্জ কয়লাখনি অঞ্চল জল সরবরাহ প্রকল্প (১ম ও ২য় পর্যায়)-এর আওতাভুক্ত ছিল না, সেগুলি নিয়ে রানিগঞ্জ কয়লাখনি অঞ্চল জল সরবরাহ প্রকল্প (৩য় পর্যায়) রচনা করা হয়েছিল। ইতিমধ্যে, খনি খনন ইত্যাদির কাজ দ্রুত বিস্তৃত হওয়ায় এবং পানীয় জলের সমস্যার তীব্রতার কারণে কিছু অঞ্চলে, যেমন, জামুরিয়া, পাণ্ডবেশ্বর, চুরুলিয়া এবং খারবারে পানীয় জলসরবরাহ প্রকল্পের ব্যবস্থা করা হয়েছে। তা ছাড়াও কয়েকটি কয়লাখনিতে তাদের নিজস্ব পানীয় জলসরবরাহ ব্যবস্থা আছে। ইস্টার্ন কোলফিল্ড কর্তৃপক্ষের সঙ্গে আলোচনা করে ৩য় পর্যায় প্রকল্পের জন্য সংশোধন প্রকল্প এলাকা চূড়ান্ত করা হয়েছে। প্রকল্পের এলাকাটি ১৩৮ বর্গ কিঃমিঃ জুড়ে ২৫টি মৌজা নিয়ে হবে এবং ২০০১ সালে ওই এলাকার উপকৃত গ্রামীণ জনসংখ্যা লক্ষাধিক হবে বলে ধরা হয়েছে। তা ছাড়াও ইস্টার্ন কোলফিল্ড কর্তৃপক্ষকে দৈনিক ৫৪.৫ লক্ষ লিটার জল সরবরাহ করা হবে। প্রকল্পটির মোট উৎপাদন ক্ষমতা হবে দৈনিক ১০৫.২ লক্ষ লিটার এবং অনুমিত ব্যয় ধরা হয়েছে ১৯ কোটি টাকা। নিম্নলিখিত অর্থ সংস্থানের ভিত্তিতে প্রকল্পটি মঞ্জুর করা হয়েছে।

(১)	ইস্টার্ন কোলফিল্ড কর্তৃপক্ষ	..	টাকা ৭.৭২ কোটি
(২)	জেলা পরিকল্পনা কমিটি	..	টাকা ৫.০০ কোটি
(৩)	রাজ্য সরকার	..	টাকা ৬.২৮ কোটি
		মোট	টাকা ১৯.০০ কোটি

৪। জলের গুণগত সমস্যা

৪.১। ভূগর্ভস্থ জলে আর্সেনিক দূষণ

৪.১.১। রাজ্যের বিস্তীর্ণ এলাকায় ভূগর্ভস্থ জলে অনুমোদিত সীমার উর্ধ্বে আর্সেনিকের উপস্থিতি রাজ্য সরকারের কাছে এখনো গভীর উদ্বেগের বিষয়। ব্যাপকভাবে জলের গুণগতমান পরীক্ষার ব্যবস্থা করা হয়েছে। সর্বশেষ হিসাব অনুযায়ী রাজ্যের আটটি জেলায় ৬৭টি ব্লক, ১৮টি পৌরসভা বহির্ভূত শহরাঞ্চল এবং ১১টি পৌরসভার অন্তর্গত ৩৭২২টি বসতিতে আর্সেনিকের উপস্থিতি পরিলক্ষিত হয়েছে। রাজ্য পরিকল্পনা খাতে এবং কেন্দ্রীয় সরকারের সহযোগিতায় স্বল্পস্থায়ী এবং দীর্ঘস্থায়ী বিবিধ পন্থা অবলম্বন করা হয়েছে।

৪.১.২। আর্সেনিকদুষ্ট এলাকায় আর্সেনিকমুক্ত জল সরবরাহের জন্য কেন্দ্রীয় ও রাজ্য সরকারের ৭৫ ঃ ২৫ অনুপাতে আর্থিক ব্যয় বহনের ভিত্তিতে এ পর্যন্ত নিম্নবর্ণিত চারটি প্রকল্প অনুমোদিত হয়েছে।

(ক) প্রথম পর্যায় প্রকল্প ;

(খ) দ্বিতীয় পর্যায় প্রকল্প ;

(গ) মালদহ ভূ-পৃষ্ঠ জলপ্রকল্প ;

(ঘ) দক্ষিণ ২৪-পরগনা ভূপৃষ্ঠ জলপ্রকল্প।

৪.১.২.১। ৮.৫৮ কোটি টাকা ব্যয়ে প্রথম পর্যায় কার্য প্রকল্প সমাপ্ত হয়েছে। এই প্রকল্প অনুযায়ী ৭৫৪টি নলকূপ ও ৮টি বড়ো ব্যাসের নলকূপ পুনঃস্থাপিত হয়েছে এবং ছয়টি নলবাহিত জলপ্রকল্প পূর্ণ রূপায়িত হয়েছে। এর ফলে ৩ লক্ষেরও বেশি লোক উপকৃত হয়েছে।

৪.১.২.২। দ্বিতীয় পর্যায় প্রকল্পে কেন্দ্রীয় সরকারের অনুমোদিত প্রকল্প অনুযায়ী ৪৫১টি নলকূপ, ১২২টি পাতকুয়া এবং ১৩টি নলবাহিত জল সরবরাহ প্রকল্পের কাজ চলছে। এই কাজ শেষ হলে ২.৭৮ লক্ষ লোক উপকৃত হবে। ৭টি নলবাহিত জলসরবরাহ প্রকল্পের রূপায়ণ এবং সবগুলি নলকূপ স্থাপনের মাধ্যমে বর্তমানে প্রায় ১ লক্ষ ৬৭ হাজার লোক উপকৃত হয়েছে।

৪.১.২.৩। ৮৮.৪৮ কোটি টাকা অনুমিত ব্যয়ে মালদহ ভূপৃষ্ঠ প্রকল্পটির কাজ আংশিক সম্পূর্ণ হয়েছে। প্রকল্পের উত্তরাঞ্চলের কাজ সমাপ্ত হয়েছে এবং এতে প্রায় ৩ লক্ষাধিক লোক উপকৃত হয়েছে। প্রকল্পের দক্ষিণাঞ্চলের কাজও চলছে।

প্রধানত প্রকল্পটির দক্ষিণাঞ্চলের নদী থেকে জল উত্তোলনের স্থান পরিবর্তন, আরও বেশি অঞ্চলকে প্রকল্পের আওতায় আনা এবং প্রকল্পটির মূল নকশা পরিবর্তনের কারণে প্রচুর ব্যয় বৃদ্ধি ঘটেছে। অনুমোদিত ব্যয়ের সাহায্যে প্রকল্পটি সম্পূর্ণ করা সম্ভব নয়। এই কারণে দক্ষিণ অঞ্চলে অবশিষ্ট কাজ সমাপ্ত করার জন্য মালদহ ভূপৃষ্ঠ আর্সেনিক প্রকল্প (২য় পর্যায়) নামে একটি নতুন প্রকল্প সম্প্রতি মঞ্জুর করা হয়েছে। প্রকল্পটির অনুমিত ব্যয় ধরা

হয়েছে ৪৩ কোটি টাকা এবং এই অর্থ "প্রধানমন্ত্রীর গ্রামোদয় যোজনা" প্রকল্প থেকে খরচ করা হবে। নতুন প্রকল্পটির কাজও শুরু হয়েছে।

৪.১.২.৪। দক্ষিণ ২৪-পরগনা জেলার ৮টি ব্লক, ২টি পৌরসভা-বহির্ভূত শহরাঞ্চলে ২৬.৫৮ লক্ষ লোকের জন্য ২৩২.৮৪ কোটি টাকা অনুমিত ব্যয়ে দক্ষিণ ২৪-পরগনা ভূপৃষ্ঠ জলসরবরাহ প্রকল্পের কাজ আরম্ভ হয়েছে। উত্তোলন কাঠামো, বুস্টার স্টেশন, শোধনাগার, ভূগর্ভে নল স্থাপন ইত্যাদির কাজ এগিয়ে চলছে। প্রকল্পটিকে সত্বর রূপায়ণের জন্য সমস্ত রকম প্রচেষ্টা নেওয়া হচ্ছে।

৪.১.৩। আর্সেনিক বিপদ প্রতিরোধে রাজ্য সরকারও নিজস্ব প্রকল্প গ্রহণ করেছে। ২.০৩ কোটি টাকা ব্যয়ে রাজ্য সরকার ৫৬১টি নলকূপ এবং পাতকূয়া স্থাপন করেছে। এর ফলে প্রায় ১.৫০ লক্ষ লোক উপকৃত হয়েছে। মালদহ জেলার সুজাপুর এবং সাদিপুর নলবাহিত জল সরবরাহ প্রকল্পে আর্সেনিক দূরীকরণ প্ল্যান্ট স্থাপন করা হয়েছে। গোবরডাঙা এবং ধলতিতা জল সরবরাহ প্রকল্পে লৌহ দূরীকরণ প্ল্যান্ট বসানো হয়েছে, যা যথেষ্ট পরিমাণে আর্সেনিকও শোধন করবে। বনগাঁ জল সরবরাহ প্রকল্পে অনুরূপ একটি প্ল্যান্ট বসানো হচ্ছে।

৪.১.৪। এ পর্যন্ত অনুমোদিত আর্সেনিক সাবমিশন প্রকল্পগুলিতে কেন্দ্রীয় সাহায্য ত্বরান্বিত গ্রামীণ জলসরবরাহ প্রকল্পের জন্য দেয় কেন্দ্রীয় সাহায্যের বাইরে পৃথক বরাদ্দ ছিল। কেন্দ্রীয় সরকারের সাম্প্রতিক সংশোধিত নিয়মাচার অনুযায়ী, আর্সেনিক সাবমিশন প্রকল্পের জন্য প্রয়োজনীয় কেন্দ্রীয় সাহায্যও ত্বরান্বিত গ্রামীণ জল সরবরাহ প্রকল্পের জন্য বরাদ্দকৃত বার্ষিক বিভাজন থেকে ব্যয় করতে হবে। এর ফলে ৩১.৩.২০০৪ সালের মধ্যে সমস্ত জনবসতিতে পুরোপুরি পানীয় জল সরবরাহ করার (এফ.সি.) জাতীয় লক্ষ্যমাত্রা এবং সেই সঙ্গে এই রাজ্যের সমস্ত আর্সেনিক দূষিত অঞ্চলের মানুষকে আর্সেনিক মুক্ত বিশুদ্ধ জল সরবরাহ করার লক্ষ্যমাত্রাও বিঘ্নিত হবে।

কেন্দ্রীয় সরকার পৃথক আর্সেনিক সাবমিশন প্রকল্প অথবা বহির্দেশীয় সহায়তা প্রকল্প হিসাবে কোনো অনুমোদন না দেওয়ায়, ১৯৯৬ সাল থেকে চেষ্টা করা সত্ত্বেও উত্তর ২৪-পরগনা জেলার বিস্তৃত আর্সেনিক দূষিত অঞ্চলগুলির জন্য ভূপৃষ্ঠ জল সরবরাহ প্রকল্প মঞ্জুর করা যায়নি। অবশেষে রাজ্য সরকার ত্বরান্বিত গ্রামীণ জল সরবরাহ প্রকল্পের সংশোধিত নিয়মাচার অনুযায়ী প্রকল্পটি অনুমোদন করেছে। প্রকল্পটির কাজ শেষ হলে উত্তর ২৪-পরগনা জেলার ব্যারাকপুর ২নং, বারাসাত ১নং, আমডাঙা ও দেগঙ্গা ব্লকের প্রায় ৪.২৩ লক্ষ লোক (১৯৯১) উপকৃত হবে। প্রকল্পের অনুমতি ব্যয় ১২৪.৮২ কোটি টাকা ধরা হয়েছে। প্রকল্পের জলের উৎস হবে হুগলি নদী এবং জল উত্তোলন স্থান পলতা। প্রকল্পটির প্রাথমিক কাজকর্ম শুরু হয়েছে।

৪.১.৫। বিভাগীয় বাজেট বরাদ্দ দ্বারা বিভিন্ন আর্সেনিক দূরীকরণ প্রকল্পের মাধ্যমে ৩১-৩-২০০১ তারিখ পর্যন্ত ১০.৯৭ লক্ষ লোককে বিশুদ্ধ পানীয় জল সরবরাহ করা সম্ভব হয়েছে। আর্সেনিক দূরীকরণ প্রকল্প ছাড়াও মৌল ন্যূনতম পরিষেবা অথবা ত্বরান্বিত গ্রামীণ জল সরবরাহ প্রকল্পের মাধ্যমে নলবাহিত জল সরবরাহ প্রকল্প রূপায়ণ করে বিশুদ্ধ পানীয় জল সরবরাহ করা হয়। আর্সেনিক দূষিত ব্লকগুলিতে এই ধরনের প্রকল্পগুলিতে উপকৃত জনসংখ্যা ধরে ৩১-৩-২০০১ পর্যন্ত মোট ৩৫.৩১ লক্ষ লোক উপকৃত হয়েছে।

৪.১.৬। রাজ্য সরকার আর্সেনিক অধ্যুষিত জেলাগুলি-সহ এ রাজ্যের ১৩টি জেলায় ইতিমধ্যেই জলের গুণাগুণ নির্ণয়ের পরীক্ষাগার স্থাপন করেছে। এ ছাড়াও উত্তর ২৪-পরগনা জেলার টাকিতে বিস্তৃত লবণাক্ত অঞ্চলের জল পরীক্ষার প্রয়োজন মেটাতে আরো একটি পরীক্ষাগার স্থাপন করা হয়েছে। কেন্দ্রীয় সরকারের আর্থিক সহায়তায় বিধাননগরে একটি কেন্দ্রীয় পরীক্ষাগার স্থাপন করা হয়েছে। পরীক্ষাগারটিকে সারা দেশের মধ্যে একটি আর্সেনিক নিরাময় কেন্দ্র হিসাবে উন্নীত করার ব্যবস্থা নেওয়া হচ্ছে।

৪.১.৭। এ.আই.আই, এইচ.পি.এইচ, পি.এইচ.ই.ডি., বি.ই, কলেজ এবং অন্যান্য প্রতিষ্ঠান কর্তৃক হস্তচালিত নলকূপ সমূহের ব্যবহারের উপযোগী আর্সেনিক দূরীকরণ প্ল্যান্ট উদ্ভাবনের কাজ চলছে। বিদেশি প্রযুক্তিও পরীক্ষা করে দেখা হচ্ছে।

পরীক্ষামূলকভাবে ২১১টি এ ধরনের প্ল্যান্ট ইউনিসেফ এবং সাংসদ ও প্রাক্তন সেনাধ্যক্ষ শ্রীশঙ্কর রায়চৌধুরী স্থানীয় এলাকা উন্নয়ন তহবিলের সাহায্যে বিভিন্ন প্রতিষ্ঠান এবং বিদেশি সংস্থা থেকে ক্রয় করা হচ্ছে। হস্তচালিত নলকূপগুলির ক্ষেত্রে এই ধরনের প্ল্যান্টগুলির কার্যকারিতার ভিত্তিতে এই বছরে আরো ব্যবস্থা নেওয়া হবে।

৪.১.৮। জনসাধারণের সক্রিয় অংশগ্রহণ এবং সহযোগিতা সুনিশ্চিত করতে রাজ্য সরকার এ.আই.আই.এইচ.পি.এইচ.-এর সহযোগিতায় পঞ্চায়েত, স্থানীয় বিদ্যালয়, ক্লাব, বেসরকারি সংস্থা এবং অন্যান্য প্রতিষ্ঠানের সঙ্গে একযোগে সচেতনতা প্রসার কর্মসূচি গ্রহণ করেছে। ইউনিসেফের আর্থিক সহযোগিতায় প্রতিটি আক্রান্ত ব্লকে আর্সেনিক দূষণ মাত্রা পরিমাপ করার বহনযোগ্য পরীক্ষাযন্ত্র বিতরণের প্রকল্প গ্রহণ করা হয়েছে।

কয়েকটি বেসরকারি সংস্থার সাহায্য নিয়ে মালদহ ও মুর্শিদাবাদ জেলাতে দূষণ পরীক্ষার কাজ শুরু হয়েছে। এই বছরে এই কর্মসূচিটিকে আরো বেশি করে প্রসারিত করা হবে, যাতে পরীক্ষাগারে জল পরীক্ষার ভিত্তিতে আর্সেনিক দূষণের পরিমাপ আরো সঠিকভাবে নির্ণয় করা সম্ভব হয়।

৪.২। **অতিরিক্ত ফ্লোরাইড**

৪.২.১। রাজ্যের পশ্চিমাঞ্চলে ভূগর্ভস্থ জলে অতিরিক্ত ফ্লোরাইডের উপস্থিতি রাজ্যকে আরও একটি জলদূষণ সমস্যার সম্মুখীন করেছে। দূষিত উৎসগুলি বন্ধ করে দেওয়ার দ্রুত ব্যবস্থা নেওয়া হয়েছে এবং বিশুদ্ধ পানীয় জলসরবরাহের বিকল্প ব্যবস্থা করা হয়েছে। সাবধানতামূলক ব্যবস্থা হিসাবে পাশাপাশি এলাকা এবং জেলাগুলিতে জলের উৎসসমূহ পরীক্ষা করা হয়। কেবলমাত্র চারটি জেলার ১৩টি ব্লকে ৫২টি বসতিতে অতিরিক্ত ফ্লোরাইডের উপস্থিতি লক্ষিত হয়েছে।

৪.৩। **অতিরিক্ত লবণতা**

৪.৩.১। রাজ্য সরকার মেদিনীপুর জেলার কাঁথি মহকুমার লবণাক্ত অঞ্চলে ভূগর্ভস্থ মিষ্ট জলের স্তর থেকে সংগ্রহ করে নলবাহিত জল সরবরাহ প্রকল্পের কাজ হাতে নিয়েছিল। এক লক্ষেরও অধিক লোককে উপকৃত করার উদ্দেশ্যে প্রকল্পটিকে সংশোধন করা হয়েছে।

৪.৩.২। সুন্দরবন উন্নয়ন সংস্থা সুন্দরবন অঞ্চলে ৫ কোটি টাকা অনুমিত ব্যয়ে ৬টি জলসরবরাহ প্রকল্প অনুমোদন করেছে। ৪টি প্রকল্প ইতিমধ্যেই সম্পূর্ণ হয়েছে। অন্য প্রকল্পগুলির কাজও চলছে।

৪.৩.৩। উত্তর ২৪-পরগনা, দক্ষিণ ২৪-পরগনা, মেদিনীপুর ও হাওড়া জেলার লবণাক্ত অঞ্চলে পানীয় জল সরবরাহের উদ্দেশ্যে জনস্বাস্থ্য কারিগরি দপ্তর এ পর্যন্ত ১৬৯টি গ্রামীণ নলবাহিত জলসরবরাহ প্রকল্পের কাজ হাতে নিয়েছিল। এদের মধ্যে ১১৮টি কাজ ইতিমধ্যেই সমাপ্ত হয়েছে।

৫। ত্রাণ ব্যবস্থা

৫.১। গত বছর সেপ্টেম্বর ও অক্টোবর মাসে এ রাজ্যের ৮টি জেলা ভয়ঙ্কর বন্যার কবলে পড়েছিল। বন্যার ফলে ১৮২টি নলবাহিত জল সরবরাহ প্রকল্প ভীষণভাবে ক্ষতিগ্রস্ত হয়েছিল এবং প্রায় ৩ লক্ষ নলকূপ (ব্যক্তিগত নলকূপসহ) বন্যাজনিত দূষণে আক্রান্ত হয়েছিল। বন্যাপীড়িত মানুষের কাছে পানীয় জল পৌঁছে দেওয়া এবং যত শীঘ্র সম্ভব পানীয় জলের প্রকল্পগুলি পুনরায় চালু করা এই দপ্তরের কাছে একটা বিশেষ চ্যালেঞ্জ ছিল। জনস্বাস্থ্য কারিগরি দপ্তর সাফল্যের সঙ্গে এই সমস্যার সমাধান করেছিল। ১৭ লক্ষাধিক পলিথিনের প্যাকেটে বন্যার্তদের কাছে সাময়িকভাবে পানীয় জল সরবরাহ করা হয়েছিল। ত্রাণ-শিবিরগুলিতে ৩০০০ অস্থায়ী নলকূপ স্থাপন করা হয়েছিল, ৯০০টি Standpost ও হস্তচালিত নলকূপকে সাময়িকভাবে উঁচু করা হয়েছিল এবং পানীয় জল শোধনের জন্য লক্ষাধিক রাসায়নিক দ্রব্য ভর্তি ছোট ছোট প্যাকেট বিলি করা হয়েছিল। যখনই বন্যার জল সরে গিয়েছিল পানীয় জলের উৎসগুলিকে সঙ্গে সঙ্গেই দূষণমুক্ত করা হয়েছিল। পুনর্নির্মাণের কাজও শুরু হয়েছিল। এই উদ্দেশ্যে ত্রাণ দপ্তরের কাছ থেকে ৫ কোটি টাকা পাওয়া গিয়েছে এবং এ ছাড়াও জনস্বাস্থ্য কারিগরি দপ্তরের বাজেট বরাদ্দের একটি অংশকে ত্রাণ ও পুনর্নির্মাণের কাজে মানবিক কারণে ব্যয় করতে হয়েছে।

৬। শহরাঞ্চলে জল-সরবরাহ

৬.১। রাজ্যে সি.এম.ডি.এ.-বহির্ভূত এলাকায় ৮১টি পৌর শহর আছে। সবগুলি পৌর শহরেই নলবাহিত জলসরবরাহ প্রকল্প চালু হয়েছে। পৌর শহরগুলির বর্ধিত এলাকাগুলিকে জল সরবরাহ প্রকল্পের আওতায় আনার জন্য প্রকল্পগুলিকে প্রসারিত করা হচ্ছে। সি.এম.ডি.এ.-বহির্ভূত এলাকার পৌর শহরগুলিতে নলবাহিত জলসরবরাহ প্রকল্পের আওতাভুক্ত জনসংখ্যা মার্চ, ২০০০-এ প্রায় ৮৪.৫% থেকে বেড়ে ২০০১ সালের মার্চ মাসে ৮৫.১৩ শতাংশে পৌঁছেছে।

৬.২। প্রধান সম্প্রসারণ প্রকল্পগুলির মধ্যে জলপাইগুড়ি, মেদিনীপুর ও বসিরহাটের কাজ আংশিক সম্পূর্ণ হয়েছে। বর্ধমানের কাজ বর্ধমান পৌরসভার দ্বারা রূপায়িত হচ্ছে। কাটোয়া ও জঙ্গিপুর (দ্বিতীয় পর্যায়) প্রকল্প ৩১-৩-২০০১ সালের মধ্যে সম্পূর্ণ হয়েছে।

৩১০ লক্ষ টাকা অনুমিত ব্যয়ে রানিগঞ্জ পৌরসভার জন্য একটি সম্প্রসারণ প্রকল্প ২০০০-২০০১ সালে মঞ্জুর করা হয়েছে। হাডকো সাহায্যপ্রাপ্ত বাঁকুড়া ও খড়্গপুর জল সরবরাহ সম্প্রসারণ প্রকল্প দুটি রূপায়ণ করতে গিয়ে কিছু সমস্যা দেখা দিয়েছে। সমস্যাগুলির সমাধান করার চেষ্টা করা হচ্ছে।

৬.৩। জনস্বাস্থ্য ও কারিগরি দপ্তর চন্দ্রকোনা, খাবার, খিরপাই, রামজীবনপুর, ঘাটাল, সোনামুখী, তারকেশ্বর, বনগাঁ, মাথাভাঙা, জঙ্গীপুর, মুর্শিদাবাদ ও বেলডাঙা শহরগুলিতে জলসরবরাহ পরিষেবা উন্নতির ব্যবস্থা নিয়েছে। বনগাঁতে একটি লৌহ নিষ্কাশন প্ল্যান্ট বসানো হচ্ছে। প্ল্যান্টটি জলের আংশিক আর্সেনিক দূরীকরণেও সমর্থ হবে। কতকগুলি শহরে বাড়ি বাড়ি জল সরবরাহের উদ্দেশ্যে বর্তমান পানীয় জল বণ্টন ব্যবস্থা অথবা পানীয় জলের উৎস সম্প্রসারণের ব্যবস্থা নেওয়া হবে।

৬.৪। ত্বরান্বিত নগর জল সরবরাহ কর্মসূচি অনুযায়ী হলদিবাড়ি পৌরসভার জন্য ৮৭.৪০ লক্ষ টাকা অনুমিত ব্যয়ে একটি জল সরবরাহ প্রকল্পের কাজ চলছে।

৬.৫। কেবলমাত্র ২০,০০০-এর কম লোকসংখ্যাবিশিষ্ট শহরগুলিতে জল সরবরাহের জন্য কেন্দ্রীয় সরকারের কাছ থেকে ত্বরান্বিত শহর জলসরবরাহ প্রকল্পে (AUWSP) আর্থিক সাহায্য পাওয়া যায়। এ রাজ্যে যেহেতু অধিকাংশ পৌর শহরেই জনসংখ্যা ২০,০০০-এর অধিক, সেজন্য এই দপ্তর যে সব পৌর-বহির্ভূত নগর এলাকায় লোকসংখ্যা ২০,০০০-এর কম সেইসব এলাকায় প্রকল্প মঞ্জুর করার জন্য কেন্দ্রীয় সরকারের কাছে প্রস্তাব পাঠিয়েছিল। গত বছরে কেন্দ্রীয় সরকার এই কর্মসূচিতে উত্তর ২৪-পরগনা জেলায় দেওড়া, নদিয়া জেলায় মদনপুর, হুগলি জেলায় বেগমপুর, পূর্ব তাজপুর, খানসারি এবং পুরুলিয়া জেলায় বলরামপুর নগর এলাকায় জল সরবরাহ প্রকল্প মঞ্জুর করেছে। এই সমস্ত প্রকল্পই এ বছরে শুরু হবে।

৭। বহির্দেশীয় সহায়তা প্রকল্পসমূহ

৭.১। ফেডারেল রিপাবলিক অব জার্মানির আর্থিক অংশগ্রহণের মাধ্যমে বীরভূম জেলার বোলপুর ও তৎসংলগ্ন অঞ্চল এবং পুরুলিয়া জেলার রঘুনাথপুর ও তৎসংলগ্ন অঞ্চলের জন্য অনুমতি ১৪৯ কোটি টাকা ব্যয়ে একটি সুসংবদ্ধ জলসরবরাহ, অনাময় ও স্বাস্থ্যশিক্ষা-বিষয়ক প্রকল্প রূপায়িত হচ্ছে। বোলপুর এলাকাতে বড় ব্যাসের গভীর নলকূপের খননকার্য সম্পূর্ণ হয়েছে। হস্তচালিত নলকূপ স্থাপনের কাজ সম্পূর্ণ হয়েছে। সরবরাহ ব্যবস্থা ও জলাধার নির্মাণ ইত্যাদির কাজও এগিয়ে চলেছে। রঘুনাথপুর প্রকল্পে জলসরবরাহের উৎস হল দামোদর নদের একটি উপনদী 'উতালা'—যেটা ডি.ভি.সি.-র পাঞ্চেৎ জলাধারে পড়ছে। প্রকল্পের বিভিন্ন অংশের কাজ সমাপ্তির পথে। আশা করা যায়, প্রকল্পের কাজ ডিসেম্বর ২০০১ সালের মধ্যে শেষ হবে।

৮। শহরাঞ্চলের অনাময় এবং নিকাশি ব্যবস্থা

৮.১। ২০০১-২০০২ সালে এই খাতে ৫০ হাজার টাকা প্রতীক সংস্থানের ব্যবস্থা করা হয়েছে।

৯। গঙ্গা অ্যাকশন প্ল্যান—২য় পর্যায়

৯.১। সি.এম.ডি.এ। এলাকা বহির্ভূত গঙ্গা এবং দামোদর নদের তীরে অবস্থিত দশটি পৌর শহরে গঙ্গা অ্যাকশন প্ল্যান-২য় পর্যায় রূপায়ণের জন্য জনস্বাস্থ্য কারিগরি দপ্তর ভারপ্রাপ্ত হয়েছে। দশটি প্রকল্পেরই সম্ভাব্যতার প্রাথমিক প্রতিবেদন ইতিমধ্যেই সম্পূর্ণ হয়েছে এবং সেগুলি কেন্দ্রীয় সরকারের অনুমোদন লাভ করেছে। এগুলির মধ্যে দুটি প্রকল্প যথা—জিয়াগঞ্জ-আজিমগঞ্জ এবং ডায়মণ্ডহারবারকে অতিরিক্ত দূষণজনিত কারণে উচ্চ অগ্রাধিকার দেওয়া হয়েছে। কেন্দ্রীয় সরকার প্রকল্পগুলির সমস্ত মূলধনী ব্যয় বহন করতে সম্মত হয়েছে। কিন্তু জমির দাম এবং কার্যপরিচালন ও মেরামতির ব্যয়ভার রাজ্য সরকারকে বহন করতে হবে। বিশদ প্রকল্প প্রতিবেদন রচনার কাজ হাতে নেওয়া হয়েছে। সংশ্লিষ্ট পৌরসভারগুলির সঙ্গে মত বিনিময় চলছে এবং জি.এস.আই. ; এ.আই.এইচ.পি.এইচ. এবং অন্যান্য সংশ্লিষ্ট প্রতিষ্ঠানগুলির সঙ্গে কারিগরি কার্যক্রম চলছে।

১০। নিউ টাউন, কলকাতা জল সরবরাহ ব্যবস্থা ও অন্যান্য কার্যাদি

১০.১। নিউ টাউন, কলকাতা-এর জল সরবরাহ, জল-নিষ্কাশন এবং পয়ঃপ্রণালী ব্যবস্থাদি সম্পূর্ণ করার গুরুদায়িত্ব জনস্বাস্থ্য কারিগরি দপ্তরকে দেওয়া হয়েছে। এই কাজ সম্পন্ন করার জন্য প্রয়োজনীয় প্রশাসনিক পরিকাঠামো ইতিমধ্যেই মঞ্জুর করা হয়েছে। প্রথম পর্যায়ের কাজ শুরু হয়েছে।

১১। কম্পিউটার স্থাপন প্রকল্প

১০.১। দ্রুত যোগাযোগ এবং তথ্য বিনিময়ের উদ্দেশ্যে কেন্দ্রীয় সরকারের আংশিক আর্থিক সহযোগিতায় অনুমিত ২.৫৪ কোটি টাকা ব্যয়ে জনস্বাস্থ্য কারিগরি বিভাগে এবং অধীনস্থ কার্যালয়গুলিতে কম্পিউটার স্থাপন করার কার্যক্রম গ্রহণ করা হয়েছে। এই কার্যক্রমের অধিকাংশই সম্পন্ন হয়েছে।

১২। জনস্বাস্থ্য কারিগরি দপ্তরে মানব সম্পদ উন্নয়ন বিভাগ স্থাপন

বিশেষভাবে গ্রামীণ জল সরবরাহ প্রকল্পে স্বনির্ভরতার ভিত্তিতে সম্পদ সৃষ্টি এবং সেগুলির যথাযোগ্য পরিচালন ও রক্ষণাবেক্ষণ সুনিশ্চিত করতে স্থানীয় জনসাধারণ এবং সমাজের সমস্ত অংশের কর্মীবৃন্দকে যুক্ত করে মানব সম্পদ উন্নয়নের লক্ষ্যে জনস্বাস্থ্য কারিগরি অধিকারের আওতায় মানবসম্পদ উন্নয়ন বিভাগ স্থাপন করা হয়েছে।

১৩। ক্ষেত্র সংস্কার

গ্রামীণ জলসরবরাহ প্রকল্পগুলির পরিচালন এবং রক্ষণাবেক্ষণের কাজে জনসাধারণের অংশগ্রহণ সুনিশ্চিত করতে কেন্দ্রীয় সরকার কতগুলি অগ্রণী জেলাতে আর্থিক সাহায্য প্রদানের ব্যবস্থা রেখেছে। মেদিনীপুর ও উত্তর ২৪-পরগনা জেলার জন্য ক্ষেত্র সংস্কারের কর্মসূচি হিসাবে দুইটি অগ্রণী প্রকল্পে কেন্দ্রীয় সরকার প্রতি জেলার জন্য ৪০ কোটি টাকা করে মঞ্জুর

করেছে। এই প্রকল্পগুলি তথ্য, শিক্ষা ও জ্ঞাপন (IEC) এবং মানবসম্পদ বিকাশের উপর নির্ভরশীল। জনসাধারণের মধ্যে সচেতনতা প্রসার এবং প্রশিক্ষণ কর্মসূচির মাধ্যমে প্রকল্পের প্রারম্ভিক কাজকর্ম শুরু হবে। পরবর্তীকালে জনসমষ্টির মধ্যে সচেতনতার মাধ্যমে চাহিদা সৃষ্টির দ্বারা পানীয় জলসরবরাহ প্রকল্পের প্রকৃত কাজ আরম্ভ হবে। এই প্রকল্প রূপায়ণের জন্য প্রকল্পের শতকরা ১০ ভাগ মূল্য এবং সেই সঙ্গে প্রকল্পটি রক্ষণাবেক্ষণের দায়িত্ব ওই প্রকল্পে উপকৃত ব্যক্তিদেরই বহন করতে হবে।

মহাশয়, এই বক্তব্য রেখে আমি ৩৫ নং দাবির অন্তর্গত "২২১৫-জলসরবরাহ ও অনাময় (বায়ু ও জলদূষণ প্রতিরোধ ব্যতীত)" এবং "৪২১৫-জলসরবরাহ ও অনাময় (বায়ু ও জলদূষণ প্রতিরোধ ব্যতীত) বিষয়ে মূলধন বিনিয়োগ"-এর বাবদ ২০০১-২০০২ আর্থিক বৎসরে ব্যয় নির্বাহের জন্যে মোট ৩৮১,৮১,৭৬,০০০ (তিনশত একাশি কোটি একাশি লক্ষ ছিয়াত্তর হাজার) টাকা মঞ্জুরির প্রস্তাব পেশ করছি। অন্তবর্তীকালীন ব্যয় মঞ্জুরিকৃত (vote on account) ১২৭,২৭,২৬,০০০ (একশত সাতাশ কোটি সাতাশ লক্ষ ছাব্বিশ হাজার) টাকা-এর অন্তর্গত।

Demand No. 35

Mr. Speaker: There are 35 Cut Motions on Demand No. 35 and 17 Cut Motions on Demand No. 36. All the Cut Motions are in order and taken as move.

Shri Kashinath Mishra (1)	Sir, I beg to move that the amount of this Demand be reduced by Re. 1.
Shri Ardhendu Maity (2) Shri Nirmal Ghosh (3) Shri Kalyan Banerjee (4) Shri/Dr. Asish Banerjee (5-6) Shri Manturam Pakhira (7) Shri Tomonash Ghosh (8-10) Shri Moloy Ghatak (11) Shri Kamal Mukherjee (12-15) Shri Abdul Mannan (16-18) Shri Ashok Kumar Deb (19-23) Shri Kallol Khan (24-25) Shri Arup Bhadra (26-27) Shri Subrata Bakshi (28) Smt. Sonali Guha (29)	Sir, I beg to move that the amount of this Demand be reduced by Rs. 100.

Shri Kashinath Mishra (30-33) Shri Abu Taher Khan (34) Shri Sital Kumar Sardar (35-36) Shri Tanmoy Mondal (37) Shri Mostaque Alam (38)	Sir, I beg to move that the amount of this Demand be reduced by Re. 1.

Demand No. 36

Major Heads' 2216—Housing, 4216—capital outlay on Housing and 6216—Loans for Housing.

শ্রী গৌতম দেব : মাননীয় অধ্যক্ষ মহাশয়, মহামান্য রাজ্যপালের সুপারিশক্রমে আমি এই প্রস্তাব করছি যে ৩৬ নং দাবির অধীন মুখ্য খাতে "২২১৬ আবাসন", "৪২১৬ আবাসনে মূলধন বিনিয়োগ" এবং "৬২১৬ আবাসনের জন্য ঋণ" বাবদ ব্যয় নির্বাহের জন্য ২০০১-২০০২ আর্থিক বছরে সর্বমোট ৯০,৭৯,২৯,০০০ (নব্বই কোটি উনআশি লক্ষ উনত্রিশ হাজার) টাকা মঞ্জুর করা হোক। এর মধ্যে ভোট অন অ্যাকাউন্টের ৩০,২৬,৪৪,০০০ (ত্রিশ কোটি ছাব্বিশ লক্ষ চুয়াল্লিশ হাজার) টাকা ধরা হয়েছে।

বিভিন্ন খাতে বিশদ বিবরণ নিম্নরূপ :

(১) ২২১৬ আবাসন	৪৭,৩৮,৭৩,০০০ টাকা
(২) ৪২১৬ আবাসনে মূলধন বিনিয়োগ	৪০,৩৫,৫৬,০০০ টাকা
(৩) ৬২১৬ আবাসনের জন্য ঋণ	৩,০৫,০০,০০০ টাকা
মোট	৯০,৭৯,২৯,০০০ টাকা

২। সভার মাননীয় সদস্যগণ অবহিত আছেন যে, বিগত তিন দশকে ভারতবর্ষে বিশেষ করে শহরাঞ্চলে জনসংখ্যা অত্যন্ত দ্রুত বৃদ্ধি পেয়েছে। ১৯৭১ এবং ১৯৯১ সালের মধ্যে এই জনসংখ্যা দ্বিগুণ হয়েছে। দ্রুতহারে জনসংখ্যা বৃদ্ধি পাওয়ায় অনিবার্যভাবে বাসস্থানের সঙ্কট দেখা দিয়েছে। যার ফলস্বরূপ বাসস্থানের অস্বাস্থ্যকর অবস্থার সৃষ্টি হয়েছে ও পরিবেশের অবাঞ্ছিত দূষণ ঘটছে। নির্মাণকার্যের ব্যয় বৃদ্ধি পাওয়ায় এবং উপযুক্ত জমির অপ্রতুলতা হেতু এই সঙ্কট তীব্রতর হয়েছে। জনসংখ্যার ঘনত্ব অধিক হওয়ার কারণে এবং বহিরাগতদের সংখ্যা বৃদ্ধি পাওয়ার জন্য পশ্চিমবঙ্গের ক্ষেত্রে এই সমস্যা আরও উদ্বেগজনক রূপ নিয়েছে। ১৯৯১ সালের আদমসুমারি অনুযায়ী পশ্চিমবঙ্গে আবাসনের ঘাটতি ছিল ১৫ লক্ষের বেশি যেখানে ওই সময় সারা দেশে এই ঘাটতি ছিল ১৮৫ লক্ষ। দ্রুত জনসংখ্যা বৃদ্ধির কারণে উদ্ভূত বাসস্থানের এই ঘাটতি মেটানোর উদ্দেশ্যে পশ্চিমবঙ্গ সরকারের আবাসন দপ্তর এবং পশ্চিমবঙ্গ আবাসন পর্ষদ বিগত বছরগুলিতে বিভিন্ন আবাসন প্রকল্প রূপায়িত করেছে। পশ্চিমবঙ্গ সরকারের আবাসন দপ্তর বিভিন্ন স্তরের মানুষের জন্য এ পর্যন্ত ৩৩,৪০০টি আবাসগৃহ নির্মাণ করেছে। ১৯৭২ সালে গঠিত পশ্চিমবঙ্গ আবাসন পর্ষদ

সারা রাজ্যে বিভিন্ন স্তরের মানুষের জন্য এ যাবৎ ২৭,৭৯৪টি আবাসগৃহ নির্মাণ করেছে। পঞ্চায়েত ও গ্রামোন্নয়ন দপ্তর গ্রামাঞ্চলে বিভিন্ন আবাসন প্রকল্প গ্রহণ করেছে এবং নগরোন্নয়ন দপ্তর, সি.আই.টি. বিভিন্ন কর্পোরেশন ও মিউনিসিপ্যালিটি এবং অন্যান্য সরকারি প্রতিষ্ঠানকে শহরাঞ্চলে আবাসন প্রকল্প রূপায়ণের জন্য উৎসাহিত করা হয়েছে।

৩। রাজ্য সরকারের ঐকান্তিক প্রচেষ্টা সত্ত্বেও বর্তমানে শহরাঞ্চলে বাসস্থানের সংখ্যা চাহিদার তুলনায় অপ্রতুল। সেই জন্য শহরাঞ্চলে আবাসগৃহের সংখ্যা বৃদ্ধির প্রয়োজনে রাজ্য সরকার সরকারি ও বেসরকারি যৌথ উদ্যোগে গৃহ নির্মাণের ক্ষেত্রকে উৎসাহদানে ব্রতী হয়েছে এবং এই উদ্দেশ্যে কিছু বেসরকারি সংস্থা ও পশ্চিমবঙ্গ আবাসন পর্ষদের যৌথ প্রয়াসে কয়েকটি যৌথ উদ্যোগ সংস্থা গঠন করা হয়েছে।

৪। মাননীয় সদস্যগণ জানেন যে, বেসরকারি ক্ষেত্রে ক্রেতাদের স্বার্থরক্ষার উদ্দেশ্যে এবং প্রমোটারদের কর্মশক্তি ও উদ্দীপনাকে যথাযথভাবে নিয়ন্ত্রণে রাখার জন্য পশ্চিমবঙ্গ সরকার ওয়েস্ট বেঙ্গল বিল্ডিং (রেগুলেশন অব প্রমোশন অব কনস্ট্রাকসন অ্যান্ড ট্রান্সফার বাই প্রমোটারস্) অ্যাক্ট, ১৯৯৩ আইনটি বলবৎ করেছেন। এই আইনের মূল উদ্দেশ্য বেসরকারি সংস্থার কার্যকলাপ খর্ব করা নয়, বরং এ বিষয়টি সুনিশ্চিত করা যাতে ক্রেতারা প্রতারিত না হন এবং গৃহনির্মাণ-সংক্রান্ত মূল বিষয়গুলি সঠিকভাবে মেনে চলা হয়। অনেক উদ্যোগপতি এই আইন মোতাবেক তাদের নাম নথিভুক্ত করছেন এবং যথাসময়ে তাদের গৃহ ঋণের অনুমতি দেওয়া হচ্ছে। নির্বাচিত এলাকায় এই আইন প্রয়োগ করে বেসরকারি সংস্থাগুলির গৃহনির্মাণের কাজ যেমন সুসংগঠিতভাবে পরিচালনা করা সম্ভব হয়েছে তেমনি বেসরকারি সংস্থাগুলির প্রকৃত সমস্যাসমূহের সমাধানের প্রতিও সরকার যত্নবান হয়েছেন।

৫। আবাসন দপ্তর যেসব গৃহনির্মাণ কর্মসূচি রূপায়িত করে থাকে তার মধ্যে মুখ্য প্রকল্পগুলি হল : (১) রাজ্য সরকারি কর্মচারীদের জন্য ভাড়াভিত্তিক আবাসন প্রকল্প (২) জমি অধিগ্রহণ ও উন্নয়ন (৩) কর্মরতা মহিলাদের জন্য ভাড়াভিত্তিক আবাসন প্রকল্প (৪) অর্থনৈতিকভাবে দুর্বলতর শ্রেণির মানুষের জন্য আবাসন প্রকল্প (৫) নিম্নবিত্ত মানুষদের জন্য আবাসন প্রকল্প (৬) মধ্যবিত্ত মানুষদের জন্য আবাসন প্রকল্প (৭) রাজ্য সরকারি কর্মচারীদের জন্য মালিকানা ভিত্তিক আবাসন প্রকল্প ইত্যাদি।

৬। মাননীয় সদস্যগণের অবগতির জন্য জানাই যে ২০০১-২০০২ সালের জন্য পরিকল্পনাভুক্ত খাতে মোট ২৭৮৩.০০ লক্ষ টাকা বরাদ্দ হয়েছে। যার মধ্যে পশ্চিমবঙ্গ আবাসন পর্ষদের জন্যে ৩০০.০০ লক্ষ টাকা ঋণের সংস্থান রয়েছে।

মোট ২৭৮৩.০০ লক্ষ টাকা বরাদ্দের মধ্যে ২৪৮৩.০০ লক্ষ টাকা ২০০১-২০০২ সালে আবাসন বিভাগ কর্তৃক বিভিন্ন প্রকল্প রূপায়িত করার জন্য প্রস্তাব করা হয়েছে। অন্যদিকে পশ্চিমবঙ্গ আবাসন পর্ষদ ২০০১-২০০২ সালে মোট ৮৭৯১.৪৫ লক্ষ টাকা খরচের প্রস্তাব গ্রহণ করেছে।

৭। কলকাতা ও জেলাগুলিতে কর্মরত রাজ্য সরকারি কর্মচারীদের বাসস্থানের ব্যবস্থা করার জন্য ভাড়াভিত্তিক আবাসনপ্রকল্প রূপায়িত করা হয়। এই প্রকল্পে মেদিনীপুর জেলার

বড়পাথরে ৯৬টি, উত্তর দিনাজপুর জেলার কর্ণঝোড়ায় ৮০টি, হাওড়া জেলার আন্দুল রোডে ১৬টি, মালদহ জেলার মহেশমাটিতে ৩০টি, দক্ষিণ ২৪-পরগনা জেলার বারুইপুরে ৬৪টি, বাঁকুড়া জেলার আইলা কান্দিতে ৬০টি, কুচবিহার জেলার মেখলিগঞ্জে ২৪টি, জলপাইগুড়ি জেলার আলিপুরদুয়ারে ২৪টি ও মালবাজারে ২৪টি ফ্ল্যাটের নির্মাণকার্য ২০০০-২০০১ সালে সম্পূর্ণ হয়েছে। নির্মিত ফ্ল্যাটসমূহের মধ্যে কর্ণঝোড়ায় ৬৮টি ও আন্দুলরোডের সমস্ত ফ্ল্যাট ইতিমধ্যেই বণ্টন করা হয়েছে এবং বড়পাথর ও মহেশমাটিতে নির্মিত ফ্ল্যাটগুলির বণ্টনের কাজ চলছে। এছাড়া দার্জিলিং জেলার কালিম্পং-এ ৮টি ফ্ল্যাট, নদিয়া জেলার কল্যাণীতে ১৯২টি ফ্ল্যাট দক্ষিণ ২৪-পরগনার গুমরমঠে ১৫২টি ফ্ল্যাট, বেহালা-কলকাতার বেচারাম চ্যাটার্জি স্ট্রিটে ১৯২টি ফ্ল্যাট, দক্ষিণ ২৪-পরগনার জেলার শম্পামির্জানগরে ২০৮টি ফ্ল্যাট এবং মালদা জেলার মহেশমাটিতে ১২টি ফ্ল্যাটের নির্মাণ কাজের আশানুরূপ অগ্রগতি হচ্ছে। এর মধ্যে কালিম্পং ও কল্যাণীর ফ্ল্যাটগুলির নির্মাণকাজ প্রায় সম্পূর্ণ হয়েছে এবং মহেশমাটি, গুমরমঠ ও বেচারাম চ্যাটার্জি স্ট্রিটের ফ্ল্যাটগুলির নির্মাণকার্য ২০০১-২০০২ আর্থিক বছরে সম্পূর্ণ হবে বলে আশা করা যায়। দার্জিলিং জেলার শিলিগুড়ি হনুমান জুট মিল চত্বরে ১৬৮টি, কুচবিহার জেলার তুফানগঞ্জে ৪৮টি এবং কলকাতার অনাথ দেব লেনে ১১২টি রাজ্য সরকারি কর্মচারীদের জন্য ভাড়াভিত্তিক ফ্ল্যাট নির্মাণের প্রস্তাব গৃহীত হয়েছে। আশা করা হচ্ছে ২০০১-২০০২ সালের মধ্যে এই ফ্ল্যাটগুলির নির্মাণকার্য শুরু করা যাবে। রাজ্য সরকারি কর্মচারীদের ভাড়াভিত্তিক আবাসন প্রকল্পের জন্য ২০০১-২০০২ সালে ১০০০.০০ লক্ষ (এক হাজার লক্ষ) টাকা খরচের প্রস্তাব রাখা হয়েছে।

৮। পশ্চিমবঙ্গ সরকার কলকাতা ও তার পার্শ্ববর্তী অঞ্চলে এবং পশ্চিমবঙ্গের অন্যান্য শহরে কর্মরতা মহিলাদের নিরাপদ আশ্রয়ের সমস্যা সমাধানকল্পে সাহাপুর, গড়িয়াহাট, সল্ট লেক এবং শিলিগুড়িতে মোট চারটি মহিলা আবাস নির্মাণ করেছে। এই আবাসনগুলিতে মোট ৪৬২ জন মহিলা থাকার ব্যবস্থা আছে। কলকাতা ও তার পার্শ্ববর্তী অঞ্চলে কর্মরতা মহিলাদের আবাসের ক্রমবর্ধমান চাহিদার নিরিখে রাজ্য সরকার দ্বিতীয় পর্যায়ে সল্টলেক কর্মরতা মহিলা আবাস নির্মাণের চিন্তাভাবনা করছে এবং আশা করা যাচ্ছে ২০০১-২০০২ সালের মধ্যে প্রকল্পটি শুরু করা যাবে। এই উদ্দেশ্যে ২০০১-২০০২ সালের বাজেটে ৫০ লক্ষ (পঞ্চাশ লক্ষ) টাকার প্রস্তাব রাখা হয়েছে।

৯। মাননীয় সদস্যগণ অবগত আছেন যে শহরাঞ্চলে কম দামে উপযুক্ত জমির অভাব বিগত বছরগুলিতে অর্থনৈতিকভাবে দুর্বলশ্রেণির মানুষের জন্য আবাসন প্রকল্প রূপায়ণের পথে অন্তরায় হয়ে দাঁড়িয়েছে। অর্থনৈতিকভাবে দুর্বলতর শ্রেণির মানুষদের জন্য এবছরে ৯২৮টি গৃহনির্মাণের জন্য নতুন নগর কলকাতাতে ৪.৪৬ হেক্টর জমি চিহ্নিত করা সম্ভব হয়েছে এবং হিডকো এই প্রকল্পের কাজ ইতিমধ্যেই হাতে নিয়েছে। এই প্রকল্প রূপায়ণের কাজ সন্তোষজনকভাবে এগিয়ে চলেছে। এই প্রকল্পের ব্যয় আংশিকভাবে আবাসন দপ্তরের বাজেট এবং আংশিকভাবে ন্যাশনাল হাউসিং ব্যাঙ্ক ও যৌথ উদ্যোগ সংস্থাগুলির সাহায্যে বহন করা হবে। এই উদ্দেশ্যে ২০০০-২০০১ সালের আবাসন দপ্তরের বাজেট থেকে ২০৫.০০ লক্ষ (দুইশত পাঁচ লক্ষ) টাকা বরাদ্দ করা হয়েছিল।

এই প্রকল্প রূপায়ণের উদ্দেশ্যে ২০০১-২০০২ সালের বাজেটে ১১৩ লক্ষ (একশত তের লক্ষ) টাকা বরাদ্দের প্রস্তাব করা হয়েছে।

এখানে উল্লেখ করা যেতে পারে যে, পশ্চিমবঙ্গ আবাসন পর্যদের মাধ্যমে ১৯৯৮-৯৯ সাল পর্যন্ত ১০,৫০৭ জন অর্থনৈতিকভাবে দুর্বলতর শ্রেণির মানুষ হাডকোর সহায়তায় তাদের গৃহনির্মাণে সমর্থ হয়েছে।

১০। নিম্নবিত্ত ও মধ্যবিত্ত শ্রেণির মানুষের বাসস্থানের সমস্যা কিয়দংশে সমাধানের জন্য আবাসন দপ্তর নিম্ন আয়ভুক্ত ও মধ্য আয়ভুক্ত মানুষের জন্য কতিপয় আবাসন প্রকল্প গ্রহণ করেছে।

দক্ষিণ ২৪-পরগনার শম্পামির্জানগরে তৃতীয় পর্যায়ে নিম্নবিত্তদের জন্য ৬৪টি আবাসগৃহ নির্মাণের প্রকল্প আবাসন দপ্তর গ্রহণ করেছে। এই নির্মাণকার্যের অগ্রগতি খুবই সন্তোষজনক। রাজ্য সরকার নিম্নবিত্ত মানুষের জন্য নতুন নগর কলকাতায় কিছু সংখ্যক আবাসন নির্মাণের চিন্তা-ভাবনা করছে।

উচ্ছেদপ্রাপ্ত মানুষদের জন্য নতুন নগর কলকাতায় ১৬টি নিম্নবিত্ত শ্রেণীর বাসস্থান নির্মাণের উদ্দেশ্যে আবাসন দপ্তর ২০০০-২০০১ সালের বাজেট থেকে ২০ লক্ষ (কুড়ি লক্ষ) টাকা হিডকোকে দিয়েছে। নিম্নবিত্ত শ্রেণির আবাসন প্রকল্প রূপায়ণের জন্য ২০০১-২০০২ সালে ১৫০ লক্ষ (একশত পঞ্চাশ লক্ষ) টাকার প্রস্তাব রাখা হয়েছে।

এই দপ্তর নতুন নগর কলকাতায় মধ্যবিত্ত মানুষের জন্য কিছু বাসগৃহ নির্মাণের বিষয় চিন্তা-ভাবনা করছে। ২০০১-২০০২ সালে এই উদ্দেশ্যে ২০ (কুড়ি লক্ষ) টাকার প্রস্তাব রাখা হয়েছে।

১১। শিলিগুড়ির নিকট ডাবগ্রামে মোট ১৪০টি মালিকানাভিত্তিক ফ্ল্যাটের মধ্যে অবশিষ্ট ১৫টি ফ্ল্যাটের নির্মাণকার্য ২০০০-২০০১ সালে সম্পূর্ণ হয়েছে। দক্ষিণ ২৪-পরগনা জেলার জোকায় মালিকানাভিত্তিক ফ্ল্যাট নির্মাণের একটি প্রকল্প গ্রহণ করা হয়েছে এবং এই বাবদ ২০০১-২০০২ সালের বাজেটে ৫০ লক্ষ (পঞ্চাশ লক্ষ) টাকা বরাদ্দের প্রস্তাব রাখা হয়েছে।

১২। আমি আনন্দের সঙ্গে জানাচ্ছি যে, টাকী পৌরসভার অধীনে হাসনাবাদ বাসস্ট্যান্ডে ডরমিটরি-কাম-নাইট সেল্টারের নির্মাণকাজ শেষ হয়ে গিয়েছে। গত ১৬.১.২০০১ তারিখে উক্ত নাটই সেল্টারটির উদ্বোধন করা হয়েছে।

দক্ষিণ দিনাজপুর জেলার বালুরঘাটে একটি নাইট সেল্টার নির্মাণের প্রস্তাব রাজ্য পরিকল্পনা পর্যদ অনুমোদন করেছে। আশা করা যায় যে উক্ত নাইট সেল্টারটির নির্মাণকাজ ২০০১-২০০২ সালের মধ্যে শুরু করা সম্ভব হবে। ২০০১-২০০২ সালে এই উদ্দেশ্যে ৪০ লক্ষ (চল্লিশ লক্ষ) টাকা বরাদ্দের প্রস্তাব রাখা হয়েছে।

১৩। বৃদ্ধ মানুষের বাসস্থানের অভাবের বিষয়টি সম্পর্কে রাজ্য সরকার সচেতন। জমির ব্যাপারে কিছু অসুবিধা থাকার জন্য মণ্ডলগাঁথি ও বর্ধমান জেলার শাঁখারি পুকুরে প্রস্তাবিত বৃদ্ধাবাস নির্মাণের প্রকল্পদুটি শুরু করা যায়নি।

আবাসন দপ্তর বেহালার পর্ণশ্রীতে একটি বৃদ্ধাবাস নির্মাণের পরিকল্পনা গ্রহণ করেছে। ২০০১-২০০২ সালে এই প্রকল্পখাতে ৫০ লক্ষ (পঞ্চাশ লক্ষ) টাকা রাখার প্রস্তাব করা হয়েছে।

১৪। অফিসসহ আবাসন নির্মাণকার্যের সম্ভাব্য ব্যয় নির্বাহের জন্য ২০০১-২০০২ সালের বাজেটে ৩০ লক্ষ (ত্রিশ লক্ষ) টাকার প্রস্তাব রাখা হয়েছে।

১৫। উল্লিখিত বিভিন্ন আবাসন প্রকল্প রূপায়ণের বিষয়টি ন্যায্যমূল্যে উপযুক্ত জমি পাওয়ার উপর নির্ভরশীল। মাননীয় সদস্যগণ জানেন যে কলকাতা এবং তার পার্শ্ববর্তী এলাকায় ন্যায্যমূল্যে জমি পাওয়া একটি বড় সমস্যা। জমি অধিগ্রহণ পদ্ধতিটিও সময়সাপেক্ষ ব্যাপার। এছাড়া বেশ কয়েকটি জমি অধিগ্রহণ প্রস্তাব মামলা মোকদ্দমায় জড়িত। এইসব প্রতিবন্ধকতা সত্ত্বেও আবাসন দপ্তর আবাসন অধিকার এবং পশ্চিমবঙ্গ আবাসন পর্ষদের বিভিন্ন কর্মসূচির জন্য জমি সংগ্রহের চেষ্টা করে চলেছে।

জমি অধিগ্রহণ ও তার উন্নয়ন প্রকল্পের জন্য ২০০১-২০০২ সালের বাজেটে ১০০ লক্ষ (একশত লক্ষ) টাকার প্রস্তাব রাখা হয়েছে।

১৬। মাননীয় সদস্যগণ অবহিত আছেন যে আবাসন দপ্তরকে বর্তমানে পশ্চিমবঙ্গের বিভিন্ন স্থানে বিভিন্ন শ্রেণির ৩৩৪০০টি ফ্ল্যাটের রক্ষণাবেক্ষণ করতে হয়। এই ফ্ল্যাটগুলির মেরামত, পরিবর্তন ও নবীকরণের জন্য প্রতিবছর প্রচুর অর্থের প্রয়োজন হয়। ফ্ল্যাটগুলির মেরামত ও নবীকরণের কাজ পর্যায়েক্রমে করা হয়। ২০০১-২০০২ সালের এই কাজের জন্য ২৫০ লক্ষ (দুইশত পঞ্চাশ লক্ষ) টাকা বরাদ্দের প্রস্তাব করা হয়েছে।

১৭। সহজলভ্য স্থানীয় গৃহনির্মাণ উপকরণ ব্যবহার করে গৃহনির্মাণ বিষয়ে জনসাধারণকে সাহায্য করার জন্য বেসরকারি সংস্থার দ্বারা পরিচালিত 'বিল্ডিং সেন্টার' তৈরি করার পরিকল্পনা আবাসন দপ্তরের মাথায় আছে। ২০০১-২০০২ সালে এই উদ্দেশ্যে ৫ লক্ষ (পাঁচ লক্ষ) টাকার প্রস্তাব রাখা হয়েছে।

১৮। বাগিচা শ্রমিকদের জন্য ভর্তুকিভিত্তিক আবাসন প্রকল্পটি কেন্দ্রীয় সরকারের স্পনসর্ড প্রকল্প ছিল। এই প্রকল্পে চা বাগান শ্রমিকদের আবাসন গৃহ নির্মাণের জন্য রাজ্য সরকার আনুপাতিক হারে ভর্তুকি দিত। প্রকল্পটি ১৯৮৬ সাল থেকে কেন্দ্রীয় সরকার বন্ধ করে দিয়েছে। কিন্তু রাজ্য সরকার স্বীকৃত দায় পর্যায়ক্রমে মেটানোর সিদ্ধান্ত নিয়েছে।

২০০১-২০০২ সালের বাজেটে এই প্রকল্পে ভর্তুকি বাবদ ৫ লক্ষ (পাঁচ লক্ষ) টাকা এবং ঋণ বাবদ ৫ লক্ষ (পাঁচ লক্ষ) টাকা বরাদ্দের প্রস্তাব রাখা হয়েছে।

১৯। আবাসন দপ্তরের বিভিন্ন প্রকল্পের কাজ এবং পরিকল্পনার জন্য কিছু কিছু যন্ত্রপাতি ও সাজসরঞ্জাম কেনার প্রয়োজন হয়। আবাসন দপ্তরের অধীনে বিভিন্ন অফিসে ইতিমধ্যেই কমপিউটার বসানো হয়েছে এবং আগামী মাসগুলিতে কমপিউটার নেট-ওয়ার্ক আরো প্রসারিত করা হবে। ২০০১-২০০২ সালের বাজেটে এই উদ্দেশ্যে ১৫ লক্ষ (পনের লক্ষ) টাকার সংস্থান রাখা হয়েছে।

২০। মাননীয় সদস্যগণ অবগত আছেন যে, এই দপ্তরের অধীন ব্রিক-প্রোডাকশন ডাইরেক্টরেট পশ্চিমবঙ্গের বিভিন্ন জেলায় জনসাধারণকে ন্যায্যমূল্যে উৎকৃষ্ট মানের ইট সরবরাহ করার উদ্দেশ্যে বিগত ছত্রিশ বৎসর ধরে হস্তচালিত ও যান্ত্রিক পদ্ধতিতে উৎকৃষ্ট মানের ইট উৎপাদন করে চলেছে।

অনেকগুলি ইটভাঁটার কাজকর্ম এই ডাইরেক্টরেট দ্বারা নিয়ন্ত্রিত হয়। এদের মধ্যে পলতার যন্ত্রচালিত ইটভাঁটা এবং আক্রার হস্তচালিত ইটভাঁটা উল্লেখযোগ্য। ২০০০-২০০১ সালের মধ্যে এই ডাইরেক্টরেটের মাধ্যমে প্রায় ৫৬৯ লক্ষ (পাঁচশত উনসত্তর লক্ষ) ইট উৎপাদন করা সম্ভব হয়েছে।

২০০১-২০০২ সালে আরো ৬১৬ লক্ষ (ছয়শত ষোল লক্ষ) ইট উৎপাদন করার লক্ষ্য ধার্য করা হয়েছে। পলতার যন্ত্রচালিত ইটভাঁটাটি ১৯৬৬ সালে নির্মিত হয়েছিল। একাদিক্রমে ৩৪ বছরেরও বেশি সময় ধরে চালিত হওয়ার ফলে ইটভাঁটাটির জীবনকাল শেষ হয়ে এসেছে এবং এর উৎপাদন ক্ষমতাও বিশেষভাবে হ্রাস পেয়েছে। এই ইটভাঁটাটির উন্নয়ন এবং সম্প্রসারণ একান্তভাবে জরুরি হয়ে পড়েছে।

এই উদ্দেশ্যে ২০০১-২০০২ সালের বাজেটে ১০০ লক্ষ (একশত লক্ষ) টাকা বরাদ্দের প্রস্তাব রাখা হয়েছে।

২১। মাননীয় সদস্যগণ অবগত আছেন যে রাজ্য সরকারি সংস্থা পশ্চিমবঙ্গ আবাসন পর্ষদ রাজ্যের সর্বত্র বিভিন্ন স্তরের জনসাধারণের জন্য আবাসগৃহ নির্মাণের কাজে নিযুক্ত আছে। উক্ত আবাসন পর্ষদ ৩১.৩.২০০০ তারিখ পর্যন্ত মোট ২৭৭৯৪টি ফ্ল্যাট নির্মাণ করেছে যার মধ্যে অর্থনৈতিকভাবে দুর্বলতর শ্রেণির জন্য ১১৫১টি, নিম্ন আয়ের লোকদের জন্য ৪,০৬২টি, মধ্য আয়ের লোকদের জন্য ১০,৩৮৯টি এবং উচ্চ আয়ের লোকদের জন্য ১২,১৯২টি আবাস ইউনিট রয়েছে। ২০০০-২০০১ সালে ২৩০৪টি ফ্ল্যাট নির্মাণের কাজ সন্তোষজনকভাবে এগিয়ে চলেছে। ২০০০-২০০১ সালে ৫৭৬টি ফ্ল্যাটের নির্মাণ কাজ শেষ হয়েছে। ২০০১-২০০২ সালে পশ্চিমবঙ্গ আবাসন পর্ষদ মোট ৩৫৯৪টি ফ্ল্যাট তৈরির পরিকল্পনা গ্রহণ করেছে এবং উক্ত সময়ের মধ্যে ৮৯৬টি ফ্ল্যাটের নির্মাণকাজ সম্পূর্ণ করার লক্ষ্যমাত্রা ধার্য করেছে।

২০০১-২০০২ সালের বাজেটে পশ্চিমবঙ্গ আবাসন পর্ষদের সম্পদ উন্নয়নের জন্য ৩০০ লক্ষ (তিনশত লক্ষ) টাকা সরকারি ঋণের প্রস্তাব রাখা হয়েছে।

২২। মাননীয় সদস্যগণ অবহিত আছেন যে কলকাতা মহানগরীর সন্নিকটে একটি নতুন নগর নির্মাণের কাজ পূর্ণ গতিতে এগিয়ে চলেছে। মাননীয় সদস্যগণ আরও অবগত আছেন যে কলকাতার উত্তর-পূর্বে মুখ্য বাণিজ্য কেন্দ্র থেকে ১০ কি.মি. দূরে নতুন নগর স্থাপনের সরকারি পরিকল্পনা রূপায়ণের উদ্দেশ্যে ১৯৫৬ সালের কোম্পানি আইন অনুযায়ী ১৯৯৯ সালের এপ্রিল মাসে ওয়েস্ট বেঙ্গল হাউসিং ইনফ্রাস্ট্রাকচার ডেভেলপমেন্ট কর্পোরেশন লিমিটেড (হিডকো) গঠিত হয়েছে। প্রায় ৩০০০ হেক্টর জমির উপর স্থাপনের

পরিকল্পনা নিয়ে নির্মীয়মাণ এই নতুন নগরে ৭.৫ লক্ষ (সাড়ে সাত লক্ষ) মানুষের স্থায়ীভাবে বসবাস করা সম্ভব হবে এবং দিনের বেলা কর্মোপলক্ষে আসা আরও অতিরিক্ত ২.৫ লক্ষ (আড়াই লক্ষ) মানুষকে এই নগর আশ্রয় দেবে। নতুন নগরে আবাসনের ব্যবস্থা ছাড়াও নগর জীবনের সবরকম সুযোগ-সুবিধা, যেমন শিক্ষা, সংস্কৃতি ও স্বাস্থ্যকেন্দ্রের ব্যবস্থা, বিস্তৃত উন্মুক্ত সবুজ প্রান্তর, বড় বড় জলাশয় ও পার্ক, ক্রীড়াকেন্দ্র, স্থায়ী প্রদর্শনী কেন্দ্র, আধুনিক হাসপাতাল টেকনোলজি পার্ক, আধুনিক বিপণন কেন্দ্র, যোগাযোগ রক্ষাকারি বড় বড় রাস্তা ও ব্রীজ, ট্রান্সপোর্ট টার্মিনাল ইত্যাদির ব্যবস্থা থাকবে। এছাড়া নতুন নগরে একটি ব্যবসাকেন্দ্র এবং দূষণমুক্ত শিল্পকারখানা গড়ে তোলার ব্যবস্থাও থাকবে।

নতুন নগর কলকাতার উন্নয়নের কাজ কয়েকটি পর্যায়ে ভাগ করে করা হবে। বর্তমানে সরকারের তত্ত্বাবধানে 'হিডকো' বাগজোলা ও কৃষ্ণপুর খালের মধ্যবর্তী 'অ্যাকশন এরিয়া-১'-এর উন্নয়ন কার্য রূপায়িত করছে।

নতুন নগরের 'অ্যাকশন এরিয়া-১' প্রায় ৬৪০ হেক্টর (১৫৮০ একর) জমির উপর বিস্তৃত হবে, যেখানে প্রায় ৪০,৫০০টি আবাস ইউনিট তৈরি হবে এবং প্রায় ২.০৫ লক্ষ লোক বসবাস করতে পারবে। এর মধ্যে শতকরা ৭৫ ভাগেরও বেশি আবাস ইউনিট তৈরি হবে অর্থনৈতিকভাবে দুর্বলশ্রেণি, নিম্ন আয়ভুক্ত শ্রেণি এবং মধ্য আয়ভুক্ত শ্রেণির মানুষের জন্য। আবাস ইউনিটের প্রায় ৫০ শতাংশ সমবায়ভিত্তিক মালিকানায় থাকবে। অ্যাকশন এরিয়া-১-এর প্রকল্পব্যয় প্রায় ৪৩১ কোটি টাকা ধার্য করা হয়েছে। নতুন নগর প্রকল্পে বিভিন্ন আর্থিক সংস্থা যেমন ডাব্লিউ. বি. আই. ডি. এফ. সি. এন. এইচ. বি. এবং হাডকো ইতিমধ্যেই ২৪২ কোটি টাকা ঋণ মঞ্জুর করেছে। প্রায় ১১২.৩৬ কোটি টাকা ইতিমধ্যেই নিয়ে নেওয়া হয়েছে।

'অ্যাকশন এরিয়া-১'-এর জন্য জমি অধিগ্রহণের কাজ প্রায় শেষ হয়ে গিয়েছে। নতুন নগর কলকাতার জন্য উত্তর চব্বিশ পরগনা জেলার কালেক্টর প্রায় ৭৯৬.২৯ হেক্টর (১৯৬৬.৮৪ একর) জমির মালিকানা হস্তান্তর করেছেন। 'হিডকো' এবং পশ্চিমবঙ্গ আবাসন পর্ষদ সরাসরি জমির মালিকদের কাছ থেকে প্রায় ২১৪ একর জমি কিনেছে। প্রায় ৪৮৫ হেক্টর (১২০০ একর) জমি অধিগ্রহণের কাজ শেষ পর্যায়ে এবং শীঘ্রই হস্তান্তরিত হবে।

২০০০ সালের বিভিন্ন সময়ে বহুল প্রচারিত দৈনিক সংবাদপত্রের মাধ্যমে নিম্ন আয়ভুক্ত, মধ্য আয়ভুক্ত, উচ্চ আয়ভুক্ত এবং বৃহৎ সমবায়ভিত্তিক আবাসন গঠনের উদ্দেশ্যে ৩৬৯০টি প্লট বন্টনের জন্য জনসাধারণের কাছ থেকে দরখাস্ত আহ্বান করা হয়েছিল। উক্ত প্লটগুলির মধ্যে ২১৪০টি প্লট সমবায়ভিত্তিক আবাসনের জন্য নির্দিষ্ট করা আছে। 'হিডকো' নিজ উদ্যোগে বিভিন্ন ধরনের কাজ যেমন রাস্তাঘাট, রাস্তার পার্শ্ববর্তী পয়ঃপ্রণালী ও ক্যানাল, বাড়িঘরের পরিকল্পনা ও নির্মাণ, কালভার্ট এবং বাণিজ্যিক কেন্দ্র উন্নয়ন প্রভৃতি করবে।

নতুন নগর প্রকল্পের সঙ্গে সংশ্লিষ্ট বিভিন্ন ধরনের কাজ 'হিডকো' অন্যান্য সরকারি দপ্তরের উপরও ন্যাস্ত করেছে।

কৃষ্ণপুর খালের উপর সল্টলেক এবং নতুন নগরের সমন্বয়সাধনকারী ছয়-লেন বিশিষ্ট সেতু নির্মাণের কাজ প্রায় সম্পূর্ণ। এছাড়া বাগজোলা খালের উপর একটি সেতু নির্মাণের কাজ সম্প্রতি শুরু হয়েছে। আশা করা যায় ২০০১ সালের মধ্যেই এর কাজ সম্পূর্ণ হবে।

তেঘরিয়ার কাছে একটি উড়ালপুল নির্মাণ এবং কাজী নজরুল ইসলাম সরণীর সঙ্গে কৃষ্ণপুর খালের উপর নির্মিত সেতুর সংযোগরক্ষাকারী রাস্তা নির্মাণের প্রাথমিক কাজ শুরু হয়েছে।

সেচ ও জলপথ দপ্তর পয়ঃপ্রণালী প্রকল্প চূড়ান্ত করেছে এবং এই উদ্দেশ্যে 'হিডকো' ওই দপ্তরকে ২৫ কোটি টাকা দিয়েছে। ১২ কি.মি. দীর্ঘ প্রধান যোগাযোগ রক্ষাকারী রাস্তাটিকে ই. এম. বাইপাসের সঙ্গে যুক্ত করার জন্য সি. এম. ডি. এ. প্রয়োজনীয় কর্মসূচি গ্রহণ করেছে।

আশা করা যায় যে ১০০ হেক্টরের মতো জমি লটারির মাধ্যমে নির্বাচিত সফল প্রার্থীগণকে ২০০১ সালের মধ্যে হস্তান্তর করার জন্য প্রস্তুত করা যাবে। 'অ্যাকশন এরিয়া-১'এ অর্ধেকেরও বেশি জায়গা এই বছরের শেষ নাগাদ গৃহ নির্মাণের উপযোগী করা যাবে।

পশ্চিমবঙ্গ আবাসন পর্ষদ 'অ্যাকশন এরিয়া-১'-এর অন্তর্গত জমিতে ২২৪টি ফ্ল্যাট নির্মাণের কাজ ইতিমধ্যেই শুরু করেছে। যৌথ উদ্যোগ কোম্পানিগুলিকেও 'অ্যাকশন এরিয়া-১'-এ আবাসগৃহ নির্মাণের জন্য জমি দেওয়া হচ্ছে।

নতুন নগর কলকাতা ৪.৪৬ হেক্টর জমির উপর অর্থনৈতিকভাবে দুর্বলতর শ্রেণির মানুষের জন্য ৯২৮টি আবাসগৃহ নির্মাণের কাজ ইতিমধ্যেই গ্রহণ করা হয়েছে। এই প্রকল্পখাতে আনুমানিক ১৫.৩৭ কোটি টাকা ব্যয় হবে। প্রয়োজনীয় অর্থের কিয়দংশ ন্যাশনাল হাউসিং ব্যাঙ্ক ও কিয়দংশ আবাসন দপ্তরের বাজেট থেকে পাওয়া যাবে। ২.৩৪ কোটি টাকার আর্থিক ঘাটতির কিয়দংশ যৌথ কোম্পানি দ্বারা এবং বাকি অংশ হিডকো / সরকার দ্বারা পূরণ করা হবে।

এই প্রকল্পে ১৬ জনের যৌথ / সমবায় উদ্যোগকে উৎসাহিত করা হবে। তফসিলি জাতি / উপজাতি, সংখ্যালঘু সম্প্রদায় এবং সমাজের অন্যান্য দুর্বলতর শ্রেণির মানুষ, প্রাক্তন কর্মী এবং নতুন নগর প্রকল্পের জন্য জমি হারানো মানুষেরা এই প্রকল্পের আওতায় আসবেন।

নতুন নগর কলকাতা প্রকল্পে ক্ষতিগ্রস্ত মানুষ, যারা তাদের বাসগৃহ হারিয়েছেন তাদের বাসগৃহ পুনর্নির্মাণের জন্য 'হিডকো' শীঘ্রই একটি প্রত্যক্ষ 'বেনিফিট' প্রকল্প পেশ করতে চলেছে। এছাড়াও 'হিডকো' বিভিন্ন আর্থিক সংস্থা থেকে বিল্ডিং পিছু ১.২০ লক্ষ টাকা ঋণের ব্যবস্থা করবে। নিম্নবিত্ত শ্রেণির আবাসন প্রকল্পে যারা হিডকো থেকে ৪ কাঠা জমির উপর ৪টি আবাস ইউনিট নির্মাণের নকশা গ্রহণ করেছেন তাদের জন্য জমির মূল্য পড়বে পরিবার পিছু কাঠা প্রতি ৫৫ হাজার টাকা থেকে ভর্তুকি বাবদ ৪০ হাজার টাকা বাদ দিয়ে মাত্র ১৫ হাজার টাকা।

উপকৃত পরিবার যতদিন পর্যন্ত না সুদসহ ঋণের সমস্ত টাকা পরিশোধ করবে ততদিন পর্যন্ত উক্ত জমি 'হিডকো' বা যে আর্থিক সংস্থা থেকে ঋণ নেওয়া হয়েছিল তার কাছে বন্ধক থাকবে।

২৩। আমি আগেই উল্লেখ করেছি যে দেশের শহরাঞ্চলে আবাসনের চাহিদা মেটানোর জন্য রাজ্য সরকার কিছু বেসরকারি সংস্থা ও পশ্চিমবঙ্গ আবাসন পর্ষদের যৌথ প্রয়াসে কয়েকটি যৌথ উদ্যোগ সংস্থা গঠনের মাধ্যমে সরকারি-বেসরকারি যৌথ উদ্যোগে গৃহনির্মাণের ক্ষেত্রকে উৎসাহদানে ব্রতী হয়েছে। এ পর্যন্ত নিম্নলিখিত পাঁচটি যৌথ উদ্যোগ সংস্থা গঠিত হয়েছে।

(১) বেঙ্গল পিয়ারলেস হাউসিং ডেভেলনমেন্ট কোম্পানি লিমিটেড।

(২) বেঙ্গল অম্বুজা হাউসিং ডেভেলপমেন্ট লিমিটেড।

(৩) বেঙ্গল শ্রাচী হাউসিং ডেভেলপমেন্ট লিমিটেড।

(৪) বেঙ্গল আই. এফ. বি. হাউসিং ডেভেলপমেন্ট কোম্পানি লিমিটেড এবং

(৫) বেঙ্গল ডি. সি. এল. হাউসিং ডেভেলপমেন্ট কোম্পানি লিমিটেড।

এর মধ্যে বেঙ্গল পিয়ারলেস হাউসিং ডেভেলপমেন্ট কোম্পানি লিমিটেড কলকাতা বিমান বন্দরের কাছে মণ্ডলগাঁথিতে ৮৮৮টি আবাসগৃহ (নিম্নবিত্তদের জন্য ২৪৮টি, মধ্যবিত্তের জন্য ৩৮৪টি এবং উচ্চবিত্তের জন্য ২৫৬টি) নির্মাণ করে তা বিতরণের কাজ সম্পূর্ণ করেছে। এছাড়া উক্ত কোম্পানি ও ৩৬৮টি ফ্ল্যাট নির্মাণের কাজ করছে এবং আশা করা যায় এ বছরের মধ্যেই উক্ত ফ্ল্যাটগুলির নির্মাণ কাজ সম্পূর্ণ হয়ে যাবে। আশা করা হচ্ছে যে ২০০১-২০০২ আর্থিক বছরে উক্ত কোম্পানি ২৪০টি আবাসগৃহ (নিম্নবিত্তদের জন্য ৮০টি মধ্যবিত্তদের জন্য ১৬০টি) নির্মাণের কাজ শুরু করতে পারবে।

উক্ত যৌথ উদ্যোগ কোম্পানিটি একটি বাণিজ্যিক কেন্দ্রও নির্মাণ করে তার বিতরণের কাজ সম্পূর্ণ করেছে।

বেঙ্গল অম্বুজা হাউসিং ডেভেলপমেন্ট লিমিটেড এ পর্যন্ত ১১৪২টি আবাসগৃহ (নিম্ন বিত্তদের জন্য ২৬৪টি, মধ্য বিত্তদের জন্য ৬২৬টি এবং উচ্চবিত্তদের জন্য ২৫২টি) নির্মাণ করেছে এবং ৪২৭টির নির্মাণ কাজ চলছে। আশা করা হচ্ছে ২০০১-২০০২ সালে এই যৌথ উদ্যোগ সংস্থাটি ৩৬০টি ফ্ল্যাট (নিম্নবিত্তদের জন্য ৬০টি, মধ্যবিত্তদের জন্য ১২০টি এবং উচ্চবিত্তদের জন্য ১৮০টি) নির্মাণের প্রকল্প গ্রহণ করতে পারবে।

২৪। আমি ইতিমধ্যে উল্লেখ করেছি যে রাজ্য সরকার বেসরকারি ক্ষেত্রে ফ্ল্যাট কিনতে আগ্রহী জনসাধারণের স্বার্থরক্ষার উদ্দেশ্যে প্রমোটারদের বেআইনি ও অপরিকল্পিত কার্যকলাপ নিয়ন্ত্রণ করার ব্যবস্থা নিয়েছেন এবং এই উদ্দেশ্যে ওয়েস্ট বেঙ্গল বিল্ডিং (রেগুলেশন অব প্রমোশন অব কনস্ট্রাকসন অ্যান্ড ট্রান্সফার বাই প্রমোটারস) অ্যাক্ট ১৯৯৩ আইনটি বলবৎ করেছেন। এই আইনটি ৯.৮.৯৫ তারিখ থেকে কলকাতা কর্পোরেশন

এলাকায় এবং ১.৬.৯৮ তারিখ থেকে উত্তর ২৪-পরগনা জেলার উত্তর বিধাননগর থানা, দক্ষিণ বিধাননগর থানা, পূর্ব বিধাননগর থানা, রাজারহাট থানা এবং লেকটাউন থানা এলাকাতেও বলবৎ করা হয়েছে। ৩১.৩.২০০১ পর্যন্ত ২৪২ জন প্রমোটারকে নথিভুক্ত করা হয়েছে। বিভিন্ন প্রকার ফ্ল্যাট তৈরির জন্য ২৪৮টি প্রকল্প শুরু করার অনুমতি দেওয়া হয়েছে। এই প্রকল্পগুলির মধ্যে রয়েছে ৩৪১১টি ফ্ল্যাট যার আনুমানিক নির্মাণ ব্যয় ২২৮,৯৩,০১,০৪০ টাকা। এগুলির মধ্যে ২০৬টি ফ্ল্যাট নিম্নবিত্তদের জন্য ১৩৫১টি মধ্যবিত্তদের জন্য এবং ১৮৫৪টি উচ্চবিত্তদের জন্য।

২৫। মাননীয় সদস্যগণ জানেন যে, বিধাননগর, কল্যাণী ও পাতিপুকুরের উন্নয়ন ও তদারকির দায়িত্ব নগর উন্নয়ন দপ্তরের উপর ন্যস্ত।

পাতিপুকুর ও কল্যাণী এস্টেটের রক্ষণাবেক্ষণের জন্য ২০০১-২০০২ সালে ১,১৫,৮৭,০০০ টাকার প্রস্তাব রাখা হয়েছে।

সম্প্রতি বিধাননগরে একগুচ্ছ পরিকাঠামোগত উন্নয়নের কাজ গ্রহণ করা হয়েছে। রাস্তা প্রশস্তকরণ, বৈদ্যুতিকরণ ও ফুটপাত নির্মাণের কাজ চলছে। নগর উন্নয়ন দপ্তর বর্তমান ভাড়াভিত্তিক আবাসন প্রকল্পগুলির রক্ষণাবেক্ষণের কাজ ছাড়াও অতিরিক্ত ৫৬টি সি-টাইপ ফ্ল্যাট নির্মাণ করছে।

২০০১-২০০২ সালে বিধাননগরের জন্য পরিকল্পনা বহির্ভূত খাতে ২০,৩০,১৫,০০০ টাকা এবং পরিকল্পনাভুক্ত খাতে ৪,২৮,৪৭,০০০ টাকা রাখার প্রস্তাব করা হয়েছে।

মহাশয়, আমি উপস্থাপিত দাবি মঞ্জুর করার জন্য সভাকে অনুরোধ করে আমার বক্তব্য শেষ করছি।

Demand No. 36

Shri Kashinath Mishra (1)	Sir, I beg to move that the amount of Demand be reduced to Re. 1/-
Shri Ashok Kumar Deb (2-3) Shri Manturam Pakhira (4) Smt./Dr. Ratna De (Nag) (5) Shri/Ajit Bhunia (6) Shri Partha Chatterjee (7) Shri Kamal Mukherjee (8-9) Shri Abdul Mannan (10-11) Shri Kashinath Mishra (12-15) Shri Parash Dutta (16) Shri Pundarikakshya Saha (17) Discussion held together.	Sir, I beg to move that the amount of Demand be reduced by Rs. 100/-

শ্রী শোভনদেব চট্টোপাধ্যায় : মাননীয় অধ্যক্ষ মহাশয়, মাননীয় মন্ত্রী শ্রী গৌতম দেব মহাশয় আবাসন দপ্তরের যে ব্যয়বরাদ্দ উপস্থিত করেছেন তার বিরোধিতা করে এবং আমাদের দলের আনা কাটমোশানগুলি সমর্থন করে কয়েকটি কথা বলছি। সর্বপ্রথমে আমি গৌতমবাবুকে বলব, এবারে আমাদের রাজ্যের অর্থমন্ত্রী মহাশয় যে বাজেট ভাষণ রেখেছেন তা আমি ভালোভাবে পড়ে দেখেছি এবং তাতে যা দেখেছি সেটা হচ্ছে, মাননীয় অর্থমন্ত্রীর এই আবাসন দপ্তর সম্পর্কে এতোই অনীহা যে তিনি তার বাজেট বিবৃতিতে আপনার এই আবাসন দপ্তর সম্পর্কে একটি শব্দও কোথাও খরচ করেননি। আমরা জানি এই রাজ্যের মানুষের আবাসনের প্রয়োজন আছে, ঘরবাড়ির প্রয়োজন আছে। কিন্তু তার জন্য একটি লাইনও বাজেট বইতে ব্যবহার করা হয়নি। গৌতমবাবু, আমি ঠিক বুঝতে পারি না যে আপনি কোন দপ্তরের মন্ত্রী ? আমরা জানি আপনি আবাসন দপ্তরের মন্ত্রী কিন্তু দেখেশুনে মনে হয় আপনি রাজারহাট উপনগরীর মন্ত্রী হয়ে গেছেন। আপনার আবাসন দপ্তরের অধীনে আবাসন পর্ষদ আছে। মাননীয় মন্ত্রীমহাশয়কে আমি জিজ্ঞাসা করছি, আপনি সেই আবাসন পর্ষদের চেয়ারম্যান হওয়া সত্ত্বেও তার কটা বোর্ড মিটিং-এ আপনি উপস্থিত ছিলেন ? আপনার নিজের একটা স্পেশ্যাল কোটা আছে—১০ পারসেন্ট যেটার আইনে কোনো প্রভিসান নেই। মন্ত্রী হিসাবে আপনি ১০ পারসেন্ট কোটা নিয়েছেন। আপনি সেটা অপারেট করেন নিউ সেক্রেটারিয়েট বিল্ডিং থেকে কিন্তু আপনি মিটিং-এ যান না। সেখানে অফিসাররা যা করেন তাই চলছে। আপনার ইচ্ছা কি এই আবাসন পর্ষদকে দুর্বল করে দেওয়া ? আপনি নতুন করে সৃষ্টি করেছেন হিডকো এবং তাকে আরও বুষ্ট আপ করবেন বলছেন। আপনার আবাসন পর্ষদ যেটা রয়েছে সেখানে কিন্তু ৫শো কর্মচারী আছেন। সেই ৫শো কর্মচারীর ভবিষ্যৎ কিন্তু আস্তে আস্তে অনিশ্চিত হয়ে পড়ছে। এই আবাসন পর্ষদের বছরে যা খরচ হয় তা প্রায় সাড়ে ৮ কোটি টাকার মতন। এই সাড়ে ৮ কোটি টাকা তুলতে গেলে আপনাকে প্রায় ৬০/৭০ কোটি টাকার কাজ করতে হবে। কিন্তু আপনি ভালোভাবেই জানেন যে ২০/২১ কোটি টাকার বেশি কাজ এই পর্ষদ করছে না। ভালো ভালো প্রাইম ল্যান্ড ডেভালপ করলে এই আবাসন পর্ষদ লাভ করতে পারতো এবং এই ৫শো কর্মচারীর মাহিনা অনেকটা সেখান থেকে তোলা যেত। কিন্তু আমরা দেখছি, সেই কাজ আপনি অন্য জায়গায় দিয়ে দিচ্ছেন। প্রাইভেট এনট্রাপ্রেনিয়ারদের দিয়ে দিচ্ছেন অথবা যৌথ উদ্যোগ করছেন। এ ব্যাপারে আমি পরে আসবো কারণ আপনার ট্রান্সপারেন্সি নিয়ে আমাদের অনেক প্রশ্ন আছে। মন্ত্রিমহাশয়, আপনি স্বীকার করেছেন যে রাজ্যে ১৫ লক্ষ আবাসনের দরকার সেখানে আপনার অ্যাচিভমেন্ট মাত্র ৩৩ হাজার ৪শো। আপনি বলেছেন আবাসনে ঘাটতি ১৫ লক্ষের কিছু বেশি কিন্তু আপনার অ্যাচিভমেন্ট খুব বেশি নয়। এখানে যাও করেছেন তাও বেশিরভাগ সরকারি কর্মচারীদের জন্য ফ্ল্যাট। সেগুলির আবার মেনটেনেন্স হয় না। ছাদ দিয়ে জল পড়ছে, পাম্প ঠিকমতন চলে না, ইলেকট্রিক লাইনগুলি ঠিক নেই, পলেস্তারা খসে পড়ছে—এই হচ্ছে সেই বাড়িগুলির অবস্থা। ইনডিভিজুয়ালি বলতে গেলে বলা যায় অনেকগুলি আবাসন আছে যেখানে মেনটেনেন্স হয় না। কিন্তু এর বাইরেও অনেক ব্যাপার আছে। মেনটেনেন্স তো হয়ই না, সবচেয়ে বড় কথা রিটায়ার হয়ে যাবার পর সেখান থেকে অনেকে উঠতে চায় না। আপনারাও বার করে দেওয়ার মতন মেশিনারি আছে বলে মনে হয় না।

[3.00—3.10 p.m.]

আর যদি আপনাদের দলের সমর্থক হন তাহলে কাকা-দাদাদের ধরে ওই জায়গায় বসে থাকেন। তাদের বের করতে পারেন না। আমি বলছিলাম, ওইসব বাড়ির মেনটেনেন্সে যা খরচ হয় এবং সেখান থেকে ভাড়া যা পান, এই দুইয়ের মধ্যে সমতা নেই, অনেক বেশি খরচ হয়। এর চেয়ে আপনি ওই পুরানো বাড়িগুলি বিক্রি করে দিন এবং সেই টাকা এবং তার সঙ্গে সরকার থেকে টাকা ভরে নতুন বাড়ি তৈরি করুন। ওই পুরানো বাড়িগুলি মেনটেনেন্স না করে যারা সেগুলোতে থাকছেন তাদের মধ্যে যদি সেগুলো আস্তে আস্তে বিক্রি করে দেন তাহলে নতুন করে বাড়ি তৈরি করতে পারবেন, বাড়ি তৈরির উদ্যোগ নিতে পারবেন। আপনি বলেছেন, ওয়ার্কিং গার্লসদের জন্য একটা প্রচেষ্টা নিয়েছেন। কিন্তু মাত্র চারটি হোস্টেল করেছেন সাহাপুর, গড়িয়াহাট, সল্টলেক এবং শিলিগুড়িতে। একমাত্র কলকাতার বুকেই এরকম দশ-পনেরোটি হওয়া উচিত, কারণ অনেক ওয়ার্কিং গার্ল, তারা দূর দূর থেকে কলকাতায় আসেন। এটা হলে সেখানে তারা কাজের দিনগুলোতে সেখানে থাকতে পারবেন, কারণ এখানে তাদের নিরাপত্তার অভাব আছে। এবং সপ্তাহ শেষে তারা বাড়ি ফিরে গিয়ে আবার সোমবার তারা আসতে পারবেন। তবে কাজটা আপনি ভালোই করেছেন, কিন্তু এ ব্যাপারে আরো উদ্যোগ নেওয়া উচিত বলে আমি মনে করি।

তারপর, ১৯৮৬ সাল পর্যন্ত চা বাগান শ্রমিকদের জন্য কেন্দ্রীয় সরকারের বাড়ি তৈরির একটি প্রকল্প ছিল, আপনি বলেছেন, উই আর টেকিং মাচ ইন্টারেস্ট অ্যাবাউট ইট, অথচ আপনি মাত্র এর জন্য ৫ লক্ষ টাকা রেখেছেন। এটা কি ইন্টারেস্টের বহিঃপ্রকাশ হল ? আপনি মাত্র ৫ লক্ষ টাকা রেখেছেন বাজেটে এবং ৫ লক্ষ টাকা দেবেন ঋণ হিসাবে। এতে বিশেষ কিছু করা যাবে বলে আমি মনে করি না। আর একটা গুরুত্বপূর্ণ বিষয়, আপনি বাড়ি তৈরি করছেন কাদের জন্য ? এখন বাড়ি করতে ব্যাঙ্ক, এল. আই. সি., হাডকো, এরা ঋণ দিচ্ছে, সেখানে অর্থনৈতিক দিক থেকে দুর্বল গরিব মানুষদের জন্য আপনি মাত্র ১,১৫১টি বাড়ি করেছেন। ইজ ইট অ্যান অ্যাচিভমেন্ট, ইজ ইট এ পারফরমেন্স ? আপনি তো সমাজের সবচেয়ে দুর্বল মানুষগুলি যাতে সস্তায় বাড়ি পেতে পারে সেটা দেখবেন। আপনি হয়তো বলবেন, লাভের দিকটাও তো দেখতে হবে। কিন্তু তার জন্য অন্য পথ রয়েছে। আপনি বাড়ি করেছেন নিম্ন আয়ের মানুষের জন্য ৪,১৫১টি, মধ্য আয়ের লোকেদের জন্য ১০,৩৮৯টি, উচ্চ আয়ের লোকেদের জন্য ১২,০০০ সামথিং। এটা রিভার্স হলে ভাল হত, তাহলে গভর্নমেন্টের অ্যাটিচ্যুডটা যে ভাল সেটা প্রকাশ হত। মানুষ দেখতো সরকার গরিব মানুষের জন্য বেশি বাড়ি করেছেন যাতে তারা থাকতে পারবেন।

এবারে আসছি আপনাদের অ্যাটিচ্যুড সম্পর্কে। আপনাদের অ্যাটিচ্যুডের মধ্যে আমরা কিন্তু ট্রান্সপারেন্সি দেখতে পাচ্ছি না। প্রথমত রাজারহাট উপনগরীর জন্য যে জায়গাটা নিলেন সেটা দু'ফসলি জমি ছিল। সেখানে ২১টি মৌজা এবং ৩৬টি গ্রাম ছিল যেখানে ভাল চাষ হত। জায়গাটা কলকাতার কাছেই। সবচেয়ে বড় কথা হল, সেখানে ১১টা উদ্বাস্তু ক্যাম্প ছিল। আগে ডাঃ বিধানচন্দ্র রায় সল্টলেকে জমি নিয়েছিলেন, জলা জমি

নিয়েছিলেন এবং তাকে ডেভেলপ্ করে সল্টলেক সিটি তৈরি করে গিয়েছিলেন। আজকে বামফ্রন্ট সরকার সেটা ব্যবহার করছেন রাজনৈতিকভবে। জাজরা রিটায়ার করবার পর তাদের জমি দিয়ে কাজ করিয়ে নিচ্ছেন, এক্স পুলিস অফিসারদের জমি দিয়ে তাদের দিয়ে কাজ করিয়ে নিচ্ছেন, আই. এ. এস. অফিসারদের জায়গা দিয়েছেন। তিনি করুন আমার আপত্তি নেই। কিন্তু আপনার ওয়াট ইজ দি আইডিয়া বিহাইন্ড ইট ? এই রাজারহাটটা নেবার জন্য আপনি কেন চেষ্টা করলেন ? কেন এখানে করলেন ? আমরা শুনেছি, আপনি বলবেন উত্তরের সময়, গ্রিন বেঞ্চে অনেকে বলেছেন যে ওদের হাতে জমি আছে মোট ৩৩ হাজার হেক্টর। গ্রিন বেঞ্চ আপনাদের ডাইরেশান দিয়েছেন, আমি জানি না কতটা কারেক্ট, যে আপনারা ৬.২০ হাজার হেক্টরের বেশি আপনি ডেভলপ করতে পারবেন না। যদি তাই হয় তাহলে এই বিরাট কর্মযোগ্য শুরু করলেন কেন। কৃষকদের থেকে জমি নিয়ে নিলেন, আর যে কৃষকদের থেকে আপনি জমি নিয়ে নিলেন তাদের আপনি দিয়েছেন হায়েস্ট আপ টু ৮ হাজার পার কাঠা। কেউ ৩ কাঠা জমির মালিক, ৪ কাঠা জমির মালিক ছিল, কোনো রকমে দু-ফসলা করে বা অন্যান্য সবজি-টবজি করে সুন্দরভাবে চালাতো। যার ৪ কাঠা জমি ছিল সে চার আষ্টে ৩২ হাজার টাকা পেল। এতো ঘটির জল খেতে খেতে ফুরিয়ে যাবে। তারপর কোথায় যাবে এই মানুষগুলো ? এই মানুষগুলোর জন্য এমপ্লয়মেন্ট তৈরি করতে পারবেন কিনা, চাকুরির কোনো ব্যবস্থা করতে পারবেন কিনা, অর্থাৎ তাদের কোনো স্বেচ্ছা প্রকল্পের মধ্যে আনতে পারবেন কিনা যেখান থেকে তারা কিছু করে খাবেন ? এখন তো পশ্চিমবাংলায় কর্মযোগ্য শুরু হয়ে গেছে অসীমবাবুর বাজেটে ! ৬ লক্ষ মানুষের চাকুরি-বাকুরি হবে কেবল সেল্ফ এমপ্লয়মেন্টে। এমন তো কোনো কথা আপনি আপনার বাজেটে বলেননি। এই লোকগুলোর যাদের ৪০ হাজার টাকা আজ বাদে কাল খরচ হয়ে যাবে, থাকবে না তাহলে সংসার চালাবে কি করে ? দু-ফসলি জমি করে দুটি শস্য করে চালাতো, তারা কোথায় যাবে ? কিন্তু এটা বিক্রি হচ্ছে কত টাকায় ? গরিব মানুষকে দিচ্ছেন ৮ হাজার টাকা করে কাঠা আর বিক্রি করছেন ৬০ হাজার থেকে ১ লক্ষ ৮০ হাজার টাকা কাঠা। ডেভলপাররা ঘুরিয়ে টাকা নিয়ে চলে যাচ্ছে, আপনার তো কিছু হচ্ছে না। আপনার যুক্ত উদ্যোগ ৫টি দেখতে পাচ্ছি। গতবারের বাজেটে ৪টি জয়েন্ট ভেনচার দেখেছি এবারে দেখতে পাচ্ছি ৫ জনের নাম। আর ৫ জন লোক কে, আপনি যাদের নাম দিয়েছেন ? তাঁরা হলেন এস. কে. রায়, হাসনেউটিয়া, সাবন টোডি, বিজন নাগ এবং সাধন দত্ত। ওঁদের সঙ্গে দেখলাম আমাদের শিল্পমন্ত্রী এবং বুদ্ধদেববাবুকে বেশ হাসি হাসি করে গল্প করতে। কাগজে সেটা বেরিয়েছে। এর বাইরে তো আপনাদের কোন ব্যবসা নেই। আপনার রাজ্যে এর বাইরে তো কোনো ব্যবসা নেই। নিরুপমবাবু এমনিতে হাসেন না, কিন্তু সেইদিন ছবিতে দেখলাম ভীষণ হাসছেন। হাসনেউটিয়াকে দেখে হাসুন আপনারা কিন্তু এই লোকটার প্রতি বিশেষ বদান্যতা কেন ? বিশেষ ভালবাসা কেন আপনাদের এবং আপনার দপ্তরের ? আমি প্রমাণ করে দিচ্ছি। এই হাসনেউটিয়ার ইকুইটি পার্টিসিপেশান কত ? ইকুইটি পার্টিসিপেশান হচ্ছে ২ কোটি ৪০ লক্ষ টাকা। আপনি হিসাব নিয়ে দেখেছেন হাসনেউটিয়া যে ব্যবসা করছে তার থেকে সে ডিভিডেন্ট ঠিকমতো দিচ্ছে কিনা ? সে কিভাবে জমি বিক্রি করছে, কই ধরছেন না তো ?

আপনার আবাসন দপ্তর বাড়ি বিক্রি করে। কিসের ভিত্তিতে বাড়ি বিক্রি করে ? বাড়ি বিক্রি করে ঠিক যে পরিমাণ তার কারপেট এরিয়া সেই কারপেট এরিয়ার ভিত্তিতে বাড়ি বিক্রি করে। আর হাসনেউটিয়া কিসের ভিত্তিতে বাড়ি বিক্রি করছে ? সম্পূর্ণ অন্যায় ভাবে, যেটা কিনা আপনার ডেভলপার সিস্টেমের মধ্যে নেই। ওরা করছে কি ? টোটাল জমি, সিড়ি থেকে আরম্ভ করে সমস্ত কিছু ধরে নিচ্ছে। আপনারা বাধা দিচ্ছেন না কেন হাসনেউটিয়াকে ? বিশেষ কোনো কারণ আছে ? যে জমি তাঁকে দিচ্ছেন সেটা ডেভলপড ল্যান্ড হাই ল্যান্ড। সেখানে আপনি এস. কে. রায়কে দিয়েছেন অনেক নিচু জমি এবং সেখানে আপনার ইকুইটি পার্টিসিপেশান মাত্র ১০ লক্ষ টাকা। আপনার এস. কে. রায়ের ক্ষেত্রে মাত্র ১০ লক্ষ টাকা ইকুইটি পার্টিসিপেশান আর হাসনেউটিয়ার ক্ষেত্রে ২ কোটি ৪০ লক্ষ টাকা। অথচ এস. কে. রায় রিটার্ন দিচ্ছে বেশি, ওরা দিচ্ছে কম। কেন ? এই বিশেষ দাক্ষিণ্য হাসনেউটিয়ার প্রতি কেন ? হাসনেউটিয়াকে আপনি জমিগুলি দিয়েছেন আর বাকি যে ৩ জনের নাম বলছেন তাদের সঙ্গে আপনি এখনও পর্যন্ত ব্যবসা করেননি। আমার বক্তব্য হচ্ছে যে ওদের আপনি দিচ্ছেন কেন, কেন ওপেন টেন্ডার করে নিচ্ছেন না ? ওদের সিলেক্ট করছেন কি ভাবে ? এই লোকগুলি দীর্ঘদিন ধরে প্রাক্তন মুখ্যমন্ত্রীর লোক বলে পরিচিত, প্রাক্তন মুখ্যমন্ত্রীর দলের লোক বলে পরিচিত। এই ৫জন লোককে দিলেন কেন ? আপনি ওপেন টেন্ডারে দিলেন না কেন ? আরো অনেক ভাল শর্তে আরো অনেক ভাল ব্যবসায়ীকে পেতে পারতেন। আর একটা দুর্নীতির কথা বলে আমার বক্তব্য শেষ করবো। আমি যেটা বলতে চাই গৌতমবাবুকে তা হলো, দীর্ঘদিন ধরে একটা ভয়ংকর দুর্নীতি হচ্ছে। রেডিমিক্স কংক্রিট, আপনি আমাকে বলুন এই রেডিমিক্স কংক্রিট হাসনেউটিয়া ব্যবহার করছে, আগে কোনো শর্ত ছিল, নর্মাল কোর্সে বাড়ি হবে, যাকে দিয়ে আপনি করতে দিলেন প্রোজেক্ট, সে ৬ মাস দেরি করলো।

[3.10—3.20 p.m.]

এবারে এই যে এসিসি সিমেন্ট এটাকে কিনেছে হাসনেউটিয়া। হাইকোর্ট জানিয়েছে। হাইকোর্টে কেস হয়েছে। কেস হবার পর হাইকোর্ট জানিয়েছে। আপনি ইমিডিয়েটলি ব্যবস্থা গ্রহণ করুন। আপনি ব্যাপক দুর্নীতি করেছেন ও একটি বিষয়ে বিশেষ একটি গোষ্ঠীকে সুযোগ সুবিধা পাইয়ে দিয়েছেন, সেজন্য আমি এই বাজেটের তীব্র বিরোধিতা করছি।

শ্রী শেখ মাজেদ আলি : মাননীয় চেয়ারম্যান, স্যার, আবাসন বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী শ্রী গৌতম দেব মহাশয় ৩৬ নং যে দাবি পেশ করেছেন তাকে আমি সমর্থন করছি এবং বিরোধীদের যে কাটমোশান তাকে আমি বিরোধিতা করছি। পশ্চিমবাংলার জনসংখ্যার যে অবস্থা, ১৯৭১-১৯৯১ সাল, এই ২০ বছরে শহরের জনসংখ্যা প্রায় দ্বিগুণ পর্যায়ে চলে গেছে। সেই অবস্থায় দাঁড়িয়ে পশ্চিমবঙ্গ সরকার সরকারি কাজের সঙ্গে যুক্ত যেসব মহিলা আছেন এবং শহরাঞ্চলে বিভিন্ন কাজে যে সমস্ত মহিলা যুক্ত আছেন তাঁদের জন্য গৃহনির্মাণ এবং তাঁদেরকে ঘর ভাড়া দেবার জন্য যে কার্যকরী ব্যবস্থা গ্রহণ করেছেন তার জন্য আমি মাননীয় মন্ত্রী মহাশয়কে ধন্যবাদ জানাই। ৩৩,৪০০ আবাসন গৃহ নির্মাণের মধ্যে রাজ্য সরকারি কর্মচারীদের জন্য যেমন ব্যবস্থা নিয়েছেন, তেমনি আবার জমি অধিগ্রহণ করে

সেখানে গৃহ নির্মাণের প্রকল্পও গ্রহণ করেছেন। শুধু কলকাতা নয়, বিভিন্ন জেলা শহরগুলিতে যেখানে কর্মরত মহিলারা আছেন, তাঁদের থাকবার ব্যবস্থা করছেন। অর্থনৈতিকভাবে দুর্বল মানুষ—নিম্নবিত্ত, মধ্যবিত্ত মানুষ এবং রাজ্য সরকারি কর্মচারীদের ভাড়া-ভিত্তিক থাকবার জন্য ৪৬২ জনের ব্যবস্থা করেছেন। জীবন জীবিকার জন্য যে সমস্ত মহিলারা চলে এসেছেন, এই রকম ৪৬২ জনের জন্য এই যে ব্যবস্থা আপনি নিয়েছেন, এটাকে আরও বাড়াবার জন্য সাহাপুর, গড়িয়াহাট, সল্টলেক এবং শিলিগুড়িতে আরও আবাসন নির্মাণের জন্য ব্যবস্থা নিচ্ছেন। ২০০১-২০০২ সালে রাজ্য বাজেটে এর জন্য যে প্রস্তাব রাখা হয়েছে, এটাকে কার্যকরী করার জন্য আমি অনুরোধ করছি। বেহালায় আপনি বৃদ্ধ আবাস নির্মাণের প্রস্তাব রেখেছেন। পশ্চিমী হাওয়ার মতো এখানে যে সমস্ত বৃদ্ধ মানুষ আছেন, যাঁদের সন্তান বিদেশে যাওয়ার জন্য বা সন্তান-সন্ততি না দেখার জন্য বৃদ্ধাবাসে থাকতে চান, তার জন্য ২০০১-২০০২ সালের বাজেটে যে প্রস্তাব রেখেছেন, বৃদ্ধাবাসের যে প্রস্তাব রেখেছেন, তার জন্য আমি মাননীয় মন্ত্রী মহাশয়কে ধন্যবাদ জানাই। আমি অনুরোধ করবো, যাতে যথাশীঘ্র এটিকে কার্যকরী করেন। গঙ্গার পলিমাটির দাম বাড়ছে। সরকারি সহায়তায় পলতায় যন্ত্রচালিত ইটভাটা এবং আক্রায় হস্তচালিত ইটভাটায় ২০০০-২০০১ সালে ৫৬৯ লক্ষ ইট তৈরি হয়েছে। এর দ্বারা যেসব গৃহ নির্মাণ করা হচ্ছে তা সহায়তা লাভ করেছে। ১০,৫৬০ জন দুর্বল শ্রেণির মানুষ হাডকো থেকে ঋণ দিয়ে গৃহ নির্মাণ করতে সহায়তা দেওয়া হয়েছে। সামগ্রিকভাবে ভাড়াটে আইন যা প্রয়োগ করা হয়েছে তার সুফল পাওয়া গিয়েছে। কলকাতায় যেসব ভাড়াটে দীর্ঘকাল ধরে ঘরগুলোতে বসে আছে ১৫-২০ টাকা ভাড়ায় যারা আছে, নতুন ভাড়াটে আইন যদি প্রয়োগ করা যায়, তাহলে মধ্যবিত্ত এবং নিম্ন মধ্যবিত্ত মানুষ এবং বিভিন্ন জায়গায় চাকুরিরত মানুষ যাদের অফিস থেকে ঋণ পাবার সুযোগ আছে, তারা বাড়ি করতে পারবে। তারা বাড়ি করতে পারছে না। কারণ যে সমস্ত ভাড়াটে আছে তারা পুরুষানুক্রমে বসে থাকে, উঠতে চায় না। সুতরাং ভাড়াটে আইনের সঙ্গে আবাসনের একটা সংযোগ আছে।

এখানে ভাড়াটিয়া আইন সম্পূর্ণ কার্যকরী হলে দেখা যাবে যে সব দিক থেকে অর্থনৈতিকভাবে একটা জোয়ার পশ্চিমবঙ্গে আসবে। আমরা যেমন রাজস্থান, গুজরাট এবং মহারাষ্ট্রে ওই ভাড়াটিয়া আইন প্রয়োগের ফলে আবাসনের দিক থেকে একটা নতুন জোয়ার এসেছে, এখানে এটা কার্যকরী হলে পরে তা আসবে। এর সাথে সাথে প্রয়োজনীয় যে ইট, সিমেন্ট, ইস্পাত, লোহা ইত্যাদির ব্যবসা-বাণিজ্য তৈরি হবে। ঘরে দোর নির্মাণের ফলে বহু লোকের কাজের সুযোগ হবে। সেই কারণে আমার প্রস্তাব ভাড়াটিয়া আইন সেটা কার্যকরী করে আবাসন প্রকল্পের সঙ্গে যুক্ত করা। আজকে আবাসনের যে চাহিদা তাতে সীমাবদ্ধ ক্ষমতার মধ্যে সামগ্রিকভাবে গ্রামে-গঞ্জের মানুষেরা শহরমুখী হচ্ছে, তাদের একটা বাসস্থানের দরকার। অবশ্যি সেইদিক থেকে পাঁচটি সংস্থাকে এই বাসস্থান নির্মাণের কাজে যুক্ত করা হয়েছে যেমন বেঙ্গল পিয়ারলেস হাউসিং ডেভেলপমেন্ট কোম্পানি লিমিটেড, বেঙ্গল অম্বুজা হাউসিং ডেভেলপমেন্ট কোম্পানি লিমিটেড, বেঙ্গল শ্রাচি হাউসিং ডেভেলপমেন্ট কোম্পানি লিমিটেড, বেঙ্গল আই এফ বি হাউসিং ডেভেলপমেন্ট কোম্পানি লিমিটেড, বেঙ্গল ডি সি এল হাউসিং

ডেভেলপমেন্ট কোম্পানি লিমিটেড। এদের সামগ্রিক প্রচেষ্টাতে যেভাবে হাউসিং করার চেষ্টা চলছে তাতে আগামীদিনের সাধারণ মানুষের যে হাউসিংয়ের চাহিদা সেটা মিটবে। কলকাতা শহর ছাড়াও গ্রামাঞ্চলে, জেলা এবং সাব-ডিভিশনে যে সমস্ত মহিলারা চাকরি করেন তাদেরও আবাসনের দরকার। সুতরাং জেলা এবং সাব-ডিভিশনের মহিলা কর্মরতাদের জন্য আবাসনের ব্যবস্থা করতে হবে। এই কথা বলে এই ৩৬ নং ব্যয়বরাদ্দের দাবিকে সমর্থন জানিয়ে এবং বিরোধীদের আনা কাটমোশানের বিরোধিতা করে আমার বক্তব্য শেষ করছি।

Shri Chowdhury Mohan Jatua : I was supposed to talk in respect of Public Health Engineering. I find that my name has been included in the housing problems. Anyway, Sir, I am telling something about the housing issue. I have some ideas in respect of village as well as town. Because I live in village area. Sir, I am telling about Public Health Engineering also. Sir, I am talking first in respect of housing. I find in the rural areas and I come from Mandirbazar Assembly area where 95 per cent belong to either Schedule Caste Schedule Tribes or Minority Communities. I find not a single housing plan in that area. It may be told that in this village area it is urgently needed. But there are places where there are urban or semi-urban areas, where there are lot of people who have no houses and there are no facilities for them. Government may consider raising those areas, having some housing plans in our areas like Mandirbazar. Mathurapur and adjoining areas where semi-urban people are totally neglected. People who are getting some facilities of this housing department are, at the moment, concentrated totally in the town areas and it is for the benefit of town people. Now I am speaking little about the Public Health Engineering also and I am talking something in respect of Public Health Engineering.

[3.20—3.30 p.m.]

স্যার, মাননীয় রাজ্যপালের ভাষণে দেখছি যে আগামী বছরে এই ফিনান্সিয়াল ইয়ারের শেষে ৮৭.২৮ শতাংশ লোক পি এইচ ই যে জল সরবরাহ্ করছে দুইভাবে নলবাহিত জল এবং টিউবওয়েল দিয়ে যে জল দিচ্ছেন ৮৭ শতাংশ লোক তাতে গ্রাম বাংলার এই সুযোগ পাবে। কিন্তু আমাদের মাননীয় মন্ত্রীর যে ভাষণ দেওয়া হয়েছে তাতে দেখছি ৮৭ শতাংশ টোটাল ঠিকই, কিন্তু তার মধ্যে ২৪ শতাংশ নলবাহিত জল দেওয়া হবে মাননীয় রাজ্যপালের ভাষণে আছে। কিন্তু মাননীয় মন্ত্রী যে ভাষণ দিয়েছেন সেটা আমরা দেখছি, তাতে লেখা আছে এই ফিনান্সিয়াল ইয়ারের শেষে যে নলবাহিত জল ৩০ শতাংশ মানে গ্রাম বাংলার ৩০ শতাংশ লোক উপকৃত হবে। জানিনা এই স্ট্যাটিসটিক্সে কোনো

গোলমাল আছে কিনা। যাইহোক আমি একটা জিনিস দেখছি এই যে আর্সেনিক নিয়ে বড় সমস্যা সারা বাংলাতে সেটা শহরেও আছে, গ্রাম বাংলাতেও আছে আমাদের ইন্ডাস্ট্রিয়াল বেল্টে আসানসোল, দুর্গাপুর ইত্যাদি এলাকাতেও আছে। এর মধ্যে আমরা দেখতে পাচ্ছি ওরা একটা স্ট্যাটিসটিক্স দিয়েছেন যে আর্সেনিকের জন্য নানান রকমের প্ল্যান নানান জায়গায় নেওয়া হয়েছে। যেমন একটা টাকিতে বসানো হয়েছে, সল্টলেকে বসানো হয়েছে দেখছি। কিন্তু আমাদের সুন্দরবন এলাকায় সেই জেলায় আর্সেনিকে আক্রান্ত হয়েছে কিনা সেটা টেস্ট করার কোনো অ্যারেঞ্জমেন্ট নেই, আমার এলাকায় সুন্দরবন এলাকাতে মথুরাপুর, মন্দিরবাজার, কাকদ্বীপ কুলপী এলাকার মানুষ তারা ভেবে ঠিক করতে পারছে না, তারা জানে না আর্সেনিক কোন জলে কতটা আছে, কতটা এফেকটেড আছে, কি কি দিয়ে কোথায় ট্রিটমেন্ট করাবে ? মাননীয় মন্ত্রী মহাশয়কে অনুরোধ করবো শহরের দিকে মুখ না রেখে গ্রাম বাংলার দিকে রাখুন। উনি হয়তো বলবেন গ্রাম বাংলাতে আর্সেনিক এফেকটেড বেশি। আমি বলছি, আমার এলাকায় আর্সেনিক আছে কিনা আমার জানা নেই। এখানে আর একটা সমস্যা দেখছি, আর্সেনিক এফেকটেড জল, যেমন পরীক্ষা করার ব্যবস্থা নেই, আবার আর্সেনিক দূষিত জল খেয়ে যদি মানুষ মারা যায় বা ভুগতে শুরু করে নানান রকমের সিমটাম দেখা যায়, চুলকানি ইত্যাদি দেখা যায়, তবে সেক্ষেত্রে মানুষ জানবে কি করে আর্সেনিকের জন্য রোগ হয়েছে না অন্য কোনো চর্মরোগ হয়েছে? সেই জানার বা জানবার কোনো ব্যবস্থা আমাদের বিশেষ করে গ্রামবাংলায় সুন্দরবন এলাকায় নেই। এই ব্যাপারে মাননীয় মন্ত্রী মহাশয় যদি একটু নজর দেন তাহলে খুবই ভাল হয়। তার পরে দেখুন, যে সমস্ত হেল্‌থ সেন্টার আছে ওই এলাকায়, সেই সমস্ত হেলথ সেন্টারে যে সমস্ত ডাক্তারবাবু আছেন, এমনিতেই ডাক্তারের সংখ্যা খুবই কম, স্যাংশানও নেই, দু-একজন যারা আছেন তারা এই বিষয়ে কনসাস বলে মনে হয় না। তাদের কাছে রোগিকে নিয়ে গেলে তারা চুলকানি মনে করে, যখন সারতে চায় না, তখন তারা বলেন স্কুল অফ ট্রপিক্যাল মেডিসিনে নিয়ে যান। সেখানে গিয়ে দেখান কি হয়েছে না হয়েছে। কিন্তু গ্রাম বাংলার মানুষ এত গরিব, বিশেষ করে সুন্দরবন এলাকায় যারা দুইবেলা খেতে পায় না, তারা কি করে ট্রপিক্যাল স্কুল অফ মেডিসিনে আসবে ? তারা জানবে কি করে কি টেস্ট করতে হবে ? তাই মাননীয় মন্ত্রী মহাশয় পি এইচ ই দপ্তরে যিনি আছেন তিনি হয়তো বলবেন এটা হেল্‌থ ডিপার্টমেন্টের ব্যাপার, আমি কি করে বলব। সেই রকম যদি হয় তাহলে হেলথ ডিপার্টমেন্টের সঙ্গে কো-অর্ডিনেট করে জল পরীক্ষার ব্যবস্থা করা দরকার এবং আর্সেনিক দূষণ জল যে সমস্ত মানুষরা খাচ্ছে তাদের সিমটাম দেখে রোগ মুক্তির জন্য চিকিৎসা করা দরকার। আর্সেনিক রোগে আক্রান্ত মানুষগুলোর চিকিৎসার বন্দোবস্ত করা দরকার। সুন্দরবন এলাকার মানুষরা এমনিতেই দুবেলা পেট ভরে খেতে পায় না, খাবারের জন্য তাদের চতুর্দিকে ছোটাছুটি করতে হয়, তারা কলকাতায় আসার পয়সা পাবে কি করে, তারা বাঁচবে কি করে। সব কিছু প্ল্যান যদি শহরমুখী হয়, শহরের আশেপাশে দেখবেন, কিন্তু গ্রামগঞ্জ এলাকা যদি পুরোপুরি উপেক্ষিত হবে, এটা ঠিক নয়। আরও দু-একটি কথা আমি বলতে চাই, আমাদের সুন্দরবন এরিয়ায় মথুরাপুর, মন্দিরবাজার, ক্যানিং, কাকদ্বীপ এইসব

এলাকায় অন্যান্য এলাকার চেয়ে অনুন্নত, এখানে নলবাহিত জল সরবরাহের কোনো ব্যবস্থা নেই। প্রত্যেকটি ব্লকে বা দুটি ব্লককে মিলিয়ে একটি করে নলবাহিত জলসরবরাহ যদি করা যায় তাহলে এলাকার মানুষরা উপকৃত হবেন। আশা করি এই বিষয়টি আপনি দেখবেন। এই কথা বলে এই ব্যয়-বরাদ্দের বিরোধিতা করে আমি আমার বক্তব্য শেষ করছি।

শ্রী নিশিকান্ত মেহেতো : মাননীয় চেয়ারম্যান স্যার, আজকে মাননীয় মন্ত্রিমহাশয় ৩৫ এবং ৩৬ নম্বর দাবির অধীন যে ব্যয়-বরাদ্দ পেশ করেছেন তাকে সমর্থন করে কয়েকটি কথা বলতে চাই। এই পাবলিক ইঞ্জিনিয়ারিং দপ্তর সম্পর্কে বিরোধীদের কিছু বলার নেই। আমরা জানি জলের অপর নাম জীবন এবং এই বিশুদ্ধ পানীয় জল সরবরাহ করার ব্যাপারটা কেন্দ্র এবং রাজ্য উভয়েরই যৌথ দায়িত্বের মধ্যে পড়ে। কিন্তু স্বাধীনতার পরবর্তীকালে কেন্দ্রীয় সরকার সঠিক কোনো নীতি বা কর্মসূচি গ্রহণ করতে পারেননি। ফলে ভারতবর্ষের সমস্ত রাজ্যে গরিব মানুষরা বিশুদ্ধ পানীয় জল খেতে পায় না। ১৯৭৭ সালে বামফ্রন্ট সরকার আসার পরে ৩৬ দফা কর্মসূচির মধ্যে আমরা প্রথম প্রতিশ্রুতি দিয়েছিলাম বিশুদ্ধ পানীয় জল সরবরাহ করার জন্য। এই ব্যাপারে আমরা অঙ্গীকারবদ্ধ এবং সেই অঙ্গীকারকে সামনে রেখে আমরা পাবলিক হেলথ্ ইঞ্জিনিয়ারিং ডিপার্টমেন্টকে সামনে রেখে অত্যন্ত দক্ষতার সহিত গোটা পশ্চিমবাংলায় বিশুদ্ধ পানীয় জল সরবরাহের ব্যবস্থা করেছে, এটা অত্যন্ত প্রশংসার অধিকার রাখে। তারপরে আর্সেনিক, ফ্লুরাইড, ভাইরাস ইত্যাদির কিছু সমস্যা তৈরি হয়েছে। এদিকে কেন্দ্রীয় সরকার বলছে বিনা পয়সায় জল সরবরাহের বন্দোবস্ত করা যাবে না। আমাদের মতো দেশে জল ক্রয় করে খাবার মতো পয়সা মানুষের নেই। যদিও এখন বিভিন্ন স্টেশানে জল বিক্রি হচ্ছে এবং এক শ্রেণির মানুষ সেই জল খায়। আমি কয়েকটা পরিসংখ্যান দিয়ে প্রমাণ করতে চাই, ওনাদের সময়ের চেয়ে আমাদের সময় আমরা অনেক বেশি কাজ করেছি। হ্যান্ডবোর টিউবওয়েল ১৯৭৭ সালে ৪৪ হাজার ছিল, ২০০১ সালে সেটা ২,৯০,৮২২, আমাদের সময় এটা বেড়েছে। ২,৪৬,৮২২টি। রিগবের ওদের সময় ছিলই না, আমাদের সময় আমরা ৩৫,২৬৫টি করেছি। পাইপ লাইন ওয়াটার ১৯৭৭ সালে ছিল ৯টি, আর এখন হয়েছে ৬৭২টি, প্রতি বছর ২৭টি করে করা হয়েছে। সেইজন্য ১৯৭৭ সালে মোট বিশুদ্ধ পানীয় জল সরবরাহ যখন ছিল ০.৭ পারসেন্ট, এখন সেটা বেড়ে দাঁড়িয়েছে ২৩.৫৭-তে।

[3.30—3.40 p.m.]

৩০ হাজারেরও বেশি সমস্যা যুক্ত যেসব মৌজা ছিল, সেইসব চিহ্নিত করা হয়েছিল এবং সমস্যামুক্ত করা হয়েছে। এখন কোনো সমস্যাযুক্ত মৌজা নেই। বামফ্রন্ট সরকার মৌজার উপর তোলা আছে, পাড়া আছে, সেইগুলো চিহ্নিত করল, তার পরিমাণ দাঁড়াল ১৯৮৮ সালে ৭৯,০৩৬টি সমস্যাযুক্ত। ২০০১ সালে সমস্যাহীন যেগুলো হল তার সংখ্যা ৬১,৫৩৭টি, বাকি ১৭,৪৯৭টি বামফ্রন্ট সরকার এবং কেন্দ্রীয় সরকার যৌথভাবে ২০০৪ সালের মধ্যে সমস্যামুক্ত করবে। এরপরে আর বলতে হবে না পশ্চিমবঙ্গে পি. এইচ. ই. ডিপার্টমেন্ট কী করেছে।

পুরুলিয়া জেলার ঝালদা মিউনিসিপ্যালিটিতে পানীয় জলের কোনো ব্যবস্থা নেই। মার্চ, এপ্রিল, মে মাসে মানুষ চান করতে পারে না, কোনো সোর্স নেই, মাননীয় মন্ত্রীকেও নিয়ে গিয়েছিলাম। ঝালদা মিউনিসিপ্যালিটিতে বৃষ্টির জল ধরে রেখে ওই সময় মাথাপিছু ১০ লিটার করে জল দেওয়ার ব্যবস্থা যদি করতে পারেন সেটা দেখবেন। ওখানকার এম. পি. আমাকে প্রতিশ্রুতি দিয়েছেন, এটা হলে এম. পি. কোটা থেকেও টাকা ব্যয় করবেন। এই কথা বলে এই দপ্তরের বাজেটকে সমর্থন করে আমার বক্তব্য শেষ করছি।

শ্রী তন্ময় মণ্ডল : মি. চেয়ারম্যান স্যার, মাননীয় মন্ত্রী মহাশয় যে ব্যয়বরাদ্দের দাবি সভায় উপস্থিত করেছেন তার বিরোধিতা করে এবং আমাদের দলের পক্ষ থেকে আনা কাটমোশানের সমর্থন করে কয়েকটি কথা বলতে চাই।

আমাদের রাজ্যে আর্সেনিক অ্যাফেক্টেড এরকম ৮টি জেলা চিহ্নিত করা হয়েছে। রাজ্যের ২৯৪টি বিধানসভা কেন্দ্রের মধ্যে গৌতমবাবু যে কেন্দ্র থেকে জিতে এসেছেন, সেই বসিরহাটেই একমাত্র ওয়াটার টেস্টিংয়ের ল্যাব হয়েছে এবং সেই বিধানসভা কেন্দ্রেই আর্সেনিক সম্পূর্ণভাবে মুক্ত করার কাজ শুরু হয়েছে। ১১টি মিউনিসিপ্যালিটি, ১৮টি নন-মিউনিসিপ্যালিটি, ৬৭টি ব্লক, এর মধ্যে পড়ে গেছে। দক্ষিণ ২৪-পরগনা, মালদা, উত্তর ২৪-পরগনা সবচেয়ে বেশি অ্যাফেক্টেড। দেখা যাচ্ছে দক্ষিণ ২৪-পরগনায় ২ কোটি ৩২.৮৪ লক্ষ টাকার প্রকল্প রচনা করেছেন—এই প্রকল্প ৮টি ব্লক, ২টি মিউনিসিপ্যালিটি, ১৮টি নন-মিউনিসিপ্যালিটি আছে। তবে ১০ শতাংশের বেশি কাজ শুরু হয়নি বলে উনি উল্লেখ করেছেন। যার ফলে ৩০ লক্ষেরও বেশি মানুষ আর্সেনিক অ্যাফেক্টেড হয়ে আছেন। মাননীয় মন্ত্রী তার বাজেট বইয়ের কোথাও উল্লেখ করেননি কবে এই কাজ শেষ করবেন। পাইপ লাইন সাপ্লাই বাড়ছে বলছেন। ৩১.৩.৭৭ থেকে ৩১.৩.২০০০, অর্থাৎ ২৪ বছর ধরে ওয়াটার লাইন সাপ্লাইতে ২১.৮৫ শতাংশ গ্রামীণ মানুষকে সুবিধা দিতে পেরেছেন।

বাকি এখনও কিছু করতে পারেননি। আপনারা ২৪ বছরে কি করেছেন ? আপনারা শুধু বইটার মধ্যে রেখে গেছেন যে এই করেছি। কিন্তু বাস্তবে আমরা সেটা দেখতে পাচ্ছি না। উনি ৫ বছর ধরে কি করবেন, সেটা আমরা আছি, দেখব জানব। কিন্তু ২০০১ সালের মধ্যে ১০০টি জল প্রকল্প চালু করার কথা ছিল। কিন্তু হয়তো সদিচ্ছা না থাকার জন্য মাত্র ৬৬টা প্রকল্প হয়েছে। এখনও ৬৪টি প্রকল্প চালু করতে পারছেন না। তাহলে উনি বছরের পর বছর কতদিন সময় নেবেন এবং কতকাল ধরে করবেন সেটাও উনি বলে দিলে ভালো হয়। মাননীয় গৌতমবাবু রুরাল জল সরবরাহ প্রকল্পে কেন্দ্রীয় সরকারের কাছ থেকে ৭৮.৯৫ কোটি টাকা এবং প্রাইম মিনিস্টার গ্রামোদ্যোগ যোজনা থেকে ৪৬.১৫ কোটি টাকা অর্থাৎ এক বছরে ১২৪.৫২ কোটি টাকা পেয়েছেন এবং উনি খরচ করেছেন জেলা পরিষদের মাধ্যমে ১২.৩৯ এবং ৬.৬০ অর্থাৎ ১৮.৯২ কোটি টাকা এই পর্যন্ত খরচ করেছেন। বাকী অর্থ অন্য ডিপার্টমেন্টের দ্বারা খরচ করেছেন। কিন্তু সেই ব্যাপারে এই বইয়ে পরিষ্কারভাবে লেখা নেই। স্যার, উনি যেভাবে রাজারহাট উপনগরীতে ডুবে আছেন, উনি এতগুলি দপ্তর নিয়েছেন ঠিকই, কিন্তু রাজারহাট উপনগরী প্রকল্প করছেন এবং সেখানেই ব্যস্ত আছেন। উনি কোনো

রকম টেন্ডার না দিয়েই ৪ জন বড়ো বড়ো শিল্পপতিদের সুবিধা পাইয়ে দেবার জন্য এই প্রকল্পে ডুবে আছেন। মানুষের স্বার্থের দিকে ওঁনার নজর নেই। রাজারহাটের গরীব মানুষদের শেষ করে দিয়ে তাদের মৌজা দখল করে নিয়ে ওখানে এই বিরাট প্রকল্প করছেন। এই দিকে আশা করি মাননীয় মন্ত্রী দৃষ্টি দেবেন। এই কথা বলে এই বাজেটের বিরোধিতা করে আমার বক্তব্য শেষ করছি।

শ্রী ইদ মহম্মদ : মাননীয় চেয়ারম্যান স্যার, এখানে মাননীয় জনস্বাস্থ্য কারিগরি এবং আবাসন বিভাগের মাননীয় মন্ত্রী মহাশয় যে ব্যয়বরাদ্দের দাবি পেশ করেছেন আমি তাকে সমর্থন করছি। আমাদের রাজ্যে লোকসংখ্যা দিনে দিনে বাড়ছে। এই লোকসংখ্যা শুধু পশ্চিমবঙ্গে নয়, ভারতবর্ষ স্বাধীন হয়ে যাওয়ার পরে পূর্ববঙ্গ থেকে যেভাবে আমাদের এখানে লোকসংখ্যা চলে আসছে, তাতে এখানে আবাসন সমস্যা তৈরি হচ্ছে।

[3.40—3.50 p.m.]

জমি-জায়গার দাম বাড়ছে। জমি তো আর টেনে বাড়ানো যাবে না। এই অবস্থার মধ্যেও বহু আবাসন তৈরি করা হয়েছে। জমি-জায়গার অপ্রতুলতা দেখা দিয়েছে। এই অবস্থার মধ্যে বামফ্রন্ট সরকার কলকাতার বিভিন্ন শহরে আবাসন তৈরি করার উদ্যোগ গ্রহণ করেছেন। সরকারি কর্মচারীদের জন্য, মহিলা কর্মচারীদের আবাসন তৈরি করে দিয়েছেন। মাননীয় মন্ত্রী তাঁর বাজেট বক্তৃতায় বলেছেন যে ২৭ হাজার ৭৯৪টি নির্মাণ করেছেন এবং ৩৩ হাজার ৪০০টি আবাসন গৃহ নির্মাণ করে সেগুলোকে মানুষের মধ্যে বিলিবণ্টন করার ব্যবস্থা করা হয়েছে। শহরাঞ্চলে যেমন হয়েছে, মফস্বলেও বিভিন্ন জায়গায় তৈরি করা হচ্ছে কিন্তু মুর্শিদাবাদের আমার সাবডিভিশন শহরগুলো যেখানে আছে সে বিষয়ে মাননীয় মন্ত্রীর বাজেট ভাষণে কিছু বলা নেই। মুর্শিদাবাদ জেলায় আবাসনের প্রচণ্ড সমস্যা দেখা দিয়েছে। আমি মাননীয় মন্ত্রীকে বলব এই বিষয়ে নজর দিতে। শুধুমাত্র সরকারী উদ্যোগে আবাসন তৈরি করা যাবে না। বেসরকারি সংস্থা আছে, হাডকোও এই বিষয়ে এগিয়ে এসেছে। জনস্বাস্থ্য বিভাগের যে ব্যয়বরাদ্দ তিনি পেশ করেছেন তাকে সমর্থন করছি। জলস্তর নেমে যাচ্ছে, ভূগর্ভস্থ জলকে সেচের কাজে ব্যবহার করা হচ্ছে। এর ফলে হ্যান্ড টিউবওয়েলে আর জল ওঠে না। তাই যেভাবে পি. এইচ. ই'র জলের মাধ্যমে নলবাহিত জলের ব্যবস্থা আপনি করেছেন, এটা আরও ভালভাবে করতে হবে, আরও সম্প্রসারিত করে করতে হবে। যেভাবে জলের সংকট বাড়ছে তাতে খালবিল, নদীনালা, বৃষ্টির জল ধরে, সারফেস ওয়াটারকে কাজে লাগানো যায় কি না। আরও বেশি উদ্যোগ গ্রহণ করতে হবে। আমাদের পুরুলিয়ার মাননীয় সদস্য বলেছেন যে ঝালাতে সেখানে জল পাওয়া যাচ্ছে না, বৃষ্টির জল ধরে কিভাবে তাকে ইউটিলাইজ করা যায়, মানুষের পানীয় জলের সুযোগ করা যায় এটা আপনাকে দেখতে হবে। এটা খুব কঠিন সমস্যা। আজকে বহু মানুষ আর্সেনিক বাহিত রোগে ভুগছে। আর্সেনিক পরীক্ষা করে পরিশ্রুত পানীয় জল কিভাবে দেওয়া যায় তার ব্যবস্থা করতে হবে। আর্সেনিক এলাকায় ইয়ারমার্ক করে টিউবওয়েলগুলো সীল করে দিয়ে আর্সেনিক সম্পর্কে জনচেতনা বাড়াতে হবে। মানুষকে শিক্ষিত করতে হবে। এইগুলো না করতে পারলে আর্সেনিক কবলিত হয়ে মানুষ রোগগ্রস্ত হয়ে পড়বে।

এই দপ্তর ভূ-পৃষ্ঠের জলকে আরও বেশি বেশি করে নলবাহিত করা দরকার। যেখানে সম্ভব সেখানে সার্ফেস ওয়াটারকে যত বেশি করে মানুষের কাছে পানীয় জল হিসাবে দেওয়া যায় তার পরিকল্পনা গ্রহণ করতে হবে। তাই এই দুটি দপ্তরের বাজেটকে সমর্থন করে আমার বক্তব্য শেষ করছি।

শ্রীমতী রুবি নূর : স্যার, পি. এইচ. ই. মন্ত্রীর বাজেটের তীব্র প্রতিবাদ করছি এবং বিরোধীদের কাটমোশানকে সমর্থন করে কিছু বলার চেষ্টা করছি। মন্ত্রী মহাশয় গ্রামীণ এলাকায় জল সরবরাহের কথা বলেছেন, কিন্তু সেটা আর্সেনিক মুক্ত কি না তা বলেননি। আর্সেনিক সমস্যা একটা বিরাট সমস্যা। ইট ইজ এ বার্নিং প্রবলেম অফ দা ডে। এই আর্সেনিককে আরও বেশি গুরুত্ব দেওয়া উচিত। মালদা, মুর্শিদাবাদ, ২৪-পরগনা, নদীয়া, বর্ধমান এবং কলকাতায় আর্সেনিক দেখা দিয়েছে। সব থেকে প্রথম আরম্ভ হয়েছে মালদাতে এবং সবচেয়ে বেশি হয়েছে মালদাতে। মালদার কালিয়াচক-১ সবচেয়ে বেশি হয়েছে। আর্সেনিক জল পান করে প্রচুর লোক অসুস্থ এবং বিভিন্ন অসুখ দেখা দিয়েছে। আল্টিমেটলি এটা ক্যানসারে টার্ন নিচ্ছে। কত লোক মারা গেছে তার সঠিক হিসাব সরকারের জানা নেই। যারা আর্সেনিকে আক্রান্ত হচ্ছে তাদের চিকিৎসার জন্য রাজ্য সরকারের পক্ষ থেকে পি. জি. হসপিটাল ছাড়া অন্য কোথাও ব্যবস্থা নেই, তাও সপ্তাহে একদিন। আমি মনে করি আর্সেনিক-প্রবণ জেলাগুলিতে আর্সেনিক রোগের চিকিৎসার জন্য কিছু ব্যবস্থা করা উচিত। গত কয়েক বছর আগে আর্সেনিক ফ্রী ওয়াটার ট্রিটমেন্ট প্ল্যান্ট হয়েছিল মালদাতে। কিন্তু সেই প্ল্যান্ট থেকে যে জল সরবরাহ করা হয় সেটা মোটেই আর্সেনিক ফ্রী নয়। যারা প্ল্যান্ট করেছেন তাদের কাজে গলদ ছিল। মন্ত্রী মহাশয় বলেছিলেন অল্পদিনের মধ্যেই বিভিন্ন গ্রামে পাইপ লাইনের সাহায্যে আর্সেনিক ফ্রী জল দেওয়া হবে। দুর্ভাগ্যবশত বাস্তবে এখনও তা দেওয়া হয়নি। আরও দুর্ভাগ্যের বিষয় যেখানে সবচেয়ে বেশি আর্সেনিক আছে সেখানে পাইপ লাইন যায়নি। ডিপ টিউবওয়েল বসানোর কাজে সরকার যথেষ্ট গুরুত্ব দিচ্ছে না। এই কাজের দায়িত্ব পড়েছিল ওখানে মালদা জেলাপরিষদের উপর, কিন্তু তারা কাজ করেননি। সেখানকার গ্রামে লোক পিওর ড্রিংকিং ওয়াটার থেকে এখনও বঞ্চিত। প্রত্যেকটি আর্সেনিক আক্রান্ত ব্লকে আর্সেনিক পরীক্ষা করার জন্য যন্ত্র বিতরণ করার পরিকল্পনা গ্রহণ করা হয়েছে, কিন্তু কালিয়াচক ব্লক-১-এ অনেক লোক ক্ষতিগ্রস্ত হয়েছে এবং এর জন্য পার্টলি দায়ি পি. এইচ. ই. ডিপার্টমেন্ট, কারণ তাদের নেগলিজেন্সি ছিল। আমি মনে করি ২৪ বছরে যে সরকার সাধারণ জলের ব্যবস্থা করতে পারেননি সেই সরকার সমস্ত কাজেই ব্যর্থ হবেন। মন্ত্রী মহাশয়ের কাছে অনুরোধ করছি আর্সেনিকের ব্যাপারটা আরও সিরিয়াসলি দেখুন, আর্সেনিক কবলিত এলাকার লোকেদের পক্ষ থেকে আমি বলছি যে তাদের সঙ্গে দেখা করার দরকার, আপনি তাদের দেখলে বুঝবেন তাদের কণ্ডিশন কি, তারা কিভাবে আছে। একটা কথা আমি নিশ্চয়ই বলবো গৌতমবাবু আসার আগে লোকেদের এই অ্যাওয়ারনেস ছিল না, কিন্তু এখন এসেছে, তারা চেষ্টা করছে অন্য জায়গা থেকে জল আনতে। তারা আর্সেনিক থেকে বাঁচার চেষ্টা করছে। আমার কাছে প্রচুর লোক আসে ক্যাম্প করার জন্য। আমি ডাক্তার নিয়ে গিয়ে ক্যাম্প করেছি, যথাসাধ্য চেষ্টা করেছি। একটা ঘটনার কথা বলছি, আমি একটা বাড়িতে গেছি

সেই মহিলার হাজব্যান্ড মারা গেছেন, অসুস্থ দুটি বাচ্চাকে নিয়ে তিনি বসে আছেন, তাদের সারা গা আর্সেনিকে ভর্তি। তারা এখন মৃত্যুর জন্য অপেক্ষা করছে। তাদেরকে দেখবার জন্য সরকার থেকে কোনো লোক বা কোনো ওষুধপত্র আসেনি।

[3.50—4.00 p.m.]

স্যার, এই রকম ট্র্যাজিক সিনগুলো দেখা যাচ্ছে। আমি চাইছি অ্যাটলিস্ট আপনারা এগুলো দেখুন, শুধু কলকাতায় বসে থেকে রিপোর্ট নিয়ে এগুলো সল্‌ভ করা যাবে না। গ্রামে গিয়ে মানুষের সঙ্গে কথা বলে ক্যাম্প করে এ ব্যাপারে ব্যবস্থা নিতে অনুরোধ করছি। দয়া করে এটা দেখুন, অনেক মানুষ আজকে এই সমস্যায় মরার মুখোমুখি দাঁড়িয়ে আছে। আমি জানি ইট ইজ এ ভেরি ডিফিক্যাল্ট টাস্ক। আর্সেনিক সরিয়ে দেওয়া সহজ কথা নয়। মাননীয় মন্ত্রী মহাশয় চেষ্টা করছেন এবং ডিপার্টমেন্টের অফিসাররাও কাজ করছে তাতে কোনো সন্দেহ নেই। এ ব্যাপারে আপনারা যে একটা অ্যাওরনেস আনতে পেরেছেন তাতে কোনো সন্দেহ নেই। এবং আজকে মানুষ তার ফলে এ ব্যাপারে চিন্তা করতে শিখেছে যে কিভাবে আর্সেনিক থেকে বাঁচা যায়। কিন্তু এটা আগে জানতো না। প্রতিবেশী দেশ, বাংলাদেশেও ভয়ংকর ভাবে আর্সেনিক সমস্যা দেখা দিয়েছিল। কিন্তু তাঁরা এ ব্যাপারে অনেক ভালো কাজ করেছেন। তাঁদের সমস্যা আমাদের থেকে অনেক সল্‌ভ হয়ে গেছে। আমি বলতে চাইছি Experts have suggested that instead of going in for massive purification methods, the Government should pay more attention to simple and cost-effective methods for community projects developed by organisation like All-India Institute of Hygiene and Public Health or individual Arsenic Crusaders like Dipankar Chakraborty. সুতরাং, এই ভেরি সিরিয়াস সমস্যার দিকে আপনার দৃষ্টি আকর্ষণ করে এবং সমাধানের জন্য আর্নেস্টলি রিকোয়েস্ট করে আমার বক্তব্য শেষ করছি। ধন্যবাদ।

শ্রী নৃপেন গায়েন : মাননীয় চেয়ারম্যান স্যার, আজকে মাননীয় মন্ত্রী ৩৫ এবং ৩৬ নম্বর দাবির অধীনে যে ব্যয়-বরাদ্দ উপস্থিত করেছেন তাকে সমর্থন করে কয়েকটা কথা বলছি। আমার আগে মাননীয়া সদস্যা যে বক্তব্য রেখেছেন তা খুবই মর্মান্তিক এবং মর্মস্পর্শী। পানীয় জলের সমস্যা আমাদের এখনকার সমস্যা নয়, এটা অনেকদিন আগের সমস্যা আমরা জানি। আজকে আমরা দাবি করছি বিশুদ্ধ পানীয় জল দিতে হবে, আমরা যেন খারাপ জল খেয়ে রোগগ্রস্ত না হই, রোগ-ভোগ না করি আর্সেনিক-যুক্ত জল খেয়ে। কিন্তু আমাদের জানতে হবে যে, আমাদের রাজ্যের শতকরা ২৩ ভাগ মানুষ পরিশ্রুত পানীয় জল পাচ্ছেন। ১৯৭৭ সালে পেতেন মাত্র ০.০৭ ভাগ। সুতরাং আমরা বিশুদ্ধ নলবাহিত পানীয় জলের ক্ষেত্রে অনেক এগিয়ে গেছি। দ্বিতীয়ত, আমার এলাকায় নলবাহিত ছাড়াও টিউবওয়েল খনন করে পানীয় জলের ব্যবস্থা করা হয়। কিন্তু সেটা খুবই নগণ্য ছিল। কিন্তু এখন ৩১ হাজার গ্রামের মধ্যে এমন কোনো গ্রাম নেই যেখানে টিউবওয়েল নেই। এখন গ্রামাঞ্চলের মানুষ নলবাহিত পানীয় জল, বিশুদ্ধ পানীয় জল পাচ্ছে। মাননীয় সদস্য তন্ময়বাবু বললেন, সন্দরবনের জন্য নলবাহিত পানীয় জলের ব্যবস্থা মন্ত্রী করেননি। এটা

ঠিক নয়। মাননীয় মন্ত্রী এ ব্যাপারে চিন্তা করেছেন। এবং এছাড়াও দক্ষিণ ২৪ পরগনা, বর্ধমান, হাওড়া, মেদিনীপুর ইত্যাদি জায়গায় বিশুদ্ধ পানীয় জলের ব্যবস্থা করেছেন। আগে একটা গ্রাম পঞ্চায়েত এলাকাতেও বিশুদ্ধ পানীয় জলের ব্যবস্থা ছিল না, লবণাক্ত জল সেখানে পাওয়া যেত এবং অনেক ক্ষেত্রে আবার জলস্তর নিচে ছিল। সেই সব জায়গায় নলবাহিত বিশুদ্ধ পানীয় জলের ব্যবস্থা করা হয়েছে। আর, সুন্দরবন এলাকার ১৬৯টা গ্রামে নলবাহিত বিশুদ্ধ পানীয় জল সরবরাহের প্রোজেক্ট হাতে নেওয়া হয়েছে এবং তার মধ্যে ৭৮-টার কাজ শেষ হয়েছে। শুধু তাই নয়, সুন্দরবনের অনেক এলাকায় নোনা পানীয় জল রয়েছে। সেখানে লবণাক্ত পানীয় জল কি করে পরিশুদ্ধ করে সম্পূর্ণ ভাবে বিশুদ্ধ করা যায় তার জন্য টাকীতে একটা ল্যাবোরেটরি করার জন্য এই দপ্তর ব্যবস্থা নিয়েছেন এবং সেটার কাজ খুব তাড়াতাড়ি চালু হবে। গোটা রাজ্যে পানীয় জল সরবরাহ করার জন্য আমাদের দপ্তর খুব প্রশংসনীয় কাজ করেছে। আমার এলাকার হিঙ্গলগঞ্জ ব্লক, হাসনাবাদ ব্লকের বহু জায়গায় পরিশ্রুত পানীয় জল যাচ্ছে। আপনারা সেখানে গিয়ে জেনে নিন। খবর তো রাখেন না। সেই সব গ্রাম পঞ্চায়েতের মানুষ পরিশ্রুত পানীয় জল খেতে পাচ্ছে। সারা গ্রাম পঞ্চায়েত এলাকায় যেখানে যেখানে জলের স্তর পাওয়া গিয়েছে, খুঁজে খুঁজে জনস্বাস্থ্য কারিগরি দপ্তর সেখানে টিউবওয়েল খনন করে ডিপ টিউবওয়েল করে পরিশ্রুত পানীয় জল সমস্ত এলাকায় পৌঁছে দিয়েছে। গতবার বন্যার সময় জনস্বাস্থ্য কারিগরি দপ্তর প্রশংসনীয় কাজ করেছে। আপনারা জানেন বন্যা হলে সমস্ত টিউবওয়েল নষ্ট হয়ে যায়। বন্যা হলে দূষিত জল, নোনা জল প্রবেশ করে টিউবওয়েল নষ্ট হয়ে যায়। এই দপ্তর প্রথমে সেট টিউবওয়েলগুলো পরিশুদ্ধ করার জন্য ব্যবস্থা করেছে এবং লক্ষাধিক প্যাকেটে পরিশুদ্ধ জল তাঁরা মানুষের কাছে সরবরাহ করেছে। তাঁরা নিজেরা গিয়ে টিউবওয়েলগুলো পরিশুদ্ধ করেছেন। যখন বন্যা হল তখন মানুষের থাকার জায়গায় ঠিক ছিল না—কেউ দোতলা-তিনতলা বাড়ির উপর ছিল, কেউ গাছের তলায় ছিল, তখন তিন লক্ষাধিক নলকূপ ক্ষতিগ্রস্ত হয়েছিল। সেই সময় সেই নলকূপগুলোকে মেরামত করে পলিপ্যাকে করে মানুষের কাছে জল পাঠানো হয়েছে। তখন এই দপ্তর ৩০ হাজার মানুষের কাছে পলিপ্যাকে করে জল পাঠিয়ে দিয়ে বিশুদ্ধ জল দেওয়ার ব্যবস্থা করে এই দপ্তর প্রশংসনীয় কাজ করেছে। সুতরাং পানীয় জল সরবরাহের ক্ষেত্রে এই দপ্তর একটা প্রশংসনীয় কাজই করেছে। এই সব কারণে এই বাজেটকে সমর্থন করে এবং বিরোধীদের আনীত কাট-মোশানগুলোর বিরোধিতা করে আমি আমার বক্তব্য শেষ করছি।

শ্রীমতী মঞ্জু বসু : মাননীয় চেয়ারম্যান স্যার, পশ্চিমবঙ্গ সরকারের জনস্বাস্থ্য কারিগরি ও আবাসন দপ্তরের ভারপ্রাপ্ত মন্ত্রী মাননীয় শ্রী গৌতম দেব মহাশয় ২০০১-২০০২ সালের বাজেটে ৩৫ এবং ৩৬ নম্বর দাবির অধীন যে ব্যয়-বরাদ্দ এখানে পেশ করেছেন আমি তার তীব্র বিরোধিতা করছি এবং আমাদের দলের আনীত কাট-মোশানগুলোকে সম্পূর্ণরূপে সমর্থন করে দু-চারটি কথা বলতে চাই। আজকে বামফ্রন্ট সরকারের সংশ্লিষ্ট মন্ত্রী মহাশয় নিজের ঢাক নিজেই পিটিয়ে বলছেন যে, এবারের বাজেট নাকি উন্নয়নশীল, জনমুখী বাজেট। আপনারা

২৫ বছরে উন্নয়নশীলতার এমন নজির রেখেছেন যে, গত ২৫শে জুন ২০০১ সালে দু-মুঠো অন্নের অভাবে শিলিগুড়ির হতদরিদ্র সীতা হালুয়া দুধের শিশু সন্তানকে সঁপে দিলেন রঙ মিস্ত্রি কালু ঘোষের কাছে। ২০০০-২০০১ সালে জেলা পরিষদগুলিতে অনুদান বাবদ ১২.৩৯ কোটি টাকা দেওয়া হয়েছে। এছাড়াও মৌল ন্যূনতম পরিষেবা খাতে আরও ৬.৬০ কোটি টাকা জেলা পরিষদগুলিতে দেওয়া হয়েছে। এতদ্‌ব্যতীত বিভাগীয় ব্যবস্থায় 'রিগ' প্রোথিত নলকূপ স্থাপনের জন্য ১১.৯১ কোটি টাকা বরাদ্দ করা হয়েছিল।

[4.00—4.10 p.m.]

ওই বছরে মোট গ্রামীণ জনসংখ্যার ৬৩.৩১ শতাংশকে নলকূপের মাধ্যমে জলসরবরাহের আওতায় আনা হয়েছে। এই যে সব কথাগুলো বলা হচ্ছে, সব অসত্য। এই ভাষণ অসত্যে ভরা। প্রমাণ হিসাবে বলা যায় রাজ্যে প্রাক্তন অপদার্থ মুখ্যমন্ত্রী জ্যোতি বসুর সাতগাছিয়া বিধানসভা কেন্দ্রের বহু গ্রামের ২/৩ কিলোমিটারের মধ্যে কোনো পানীয় জলের ব্যবস্থা নেই। সেখানকার ঘরের মেয়েদের, মায়েদের কোলের বাচ্চাকে পিঠে বেঁধে দুটো বড়ো বালতি হাতে নিয়ে ২/৩ কিলোমিটার পথ অতিক্রম করে পানীয় জল আনতে হয়। সত্যিই এ সরকার জনমুখী সরকার ! এটা এই সরকারের অপদার্থতার একটা মস্ত বড়ো নজির।

রাজ্যের বিস্তীর্ণ এলাকায় ভূগর্ভস্থ জলে অনুমোদিত সীমার ঊর্ধ্বে আর্সেনিকের উপস্থিতি রাজ্যবাসীর কাছে গভীর উদ্বেগের বিষয়। সর্বশেষ হিসাব অনুযায়ী রাজ্যের আটটি জেলায় ৬৭টি ব্লক, ১৮টি পৌরসভা বহির্ভূত শহরাঞ্চল এবং ১১টি পৌরসভার অন্তর্গত ৩৭২২টি বস্তিতে আর্সেনিকের উপস্থিতি পরিলক্ষিত হয়েছে। অথচ এই সমস্যা সমাধানের জন্য, অর্থাৎ আর্সেনিকযুক্ত এলাকায় আর্সেনিকমুক্ত জল সরবরাহের জন্য বিভিন্ন প্রকল্প গ্রহণে আর্থিক ব্যয় বহনে কেন্দ্রীয় সরকারের দিকে চাতকের ভূমিকা পালন করছে এই অপদার্থ সরকার।

সমস্যা জর্জরিত রাজ্যে আর একটি উল্লেখযোগ্য সমস্যা হচ্ছে আবাসন সমস্যা। দ্রুতহারে জনসংখ্যা বৃদ্ধি পাওয়ায় অনিবার্যভাবে বাসস্থানের সংকট দেখা দিয়েছে। যার ফলস্বরূপ বাসস্থানের অস্বাস্থ্যকর অবস্থার সৃষ্টি হয়েছে ও পরিবেশের অবাঞ্ছিত দূষণ ঘটছে। আবাসন দপ্তর যে-সব গৃহনির্মাণ কর্মসূচি রূপায়িত করে থাকে তার মধ্যে মুখ্য প্রকল্পগুলি হল : (১) রাজ্য সরকারি কর্মচারীদের জন্য ভাড়াভিত্তিক আবাসন প্রকল্প। (২) জমি অধিগ্রহণ ও উন্নয়ন। (৩) কর্মরতা মহিলাদের জন্য ভাড়া-ভিত্তিক আবাসন প্রকল্প ইত্যাদি। জনহিতায়, জননিবেদিত প্রাণ পশ্চিমবঙ্গ সরকারের আবাসন দপ্তরের অবহেলার একটা উদাহরণ তুলে ধরছি। মাননীয় সভাপতি মহাশয়, হুগলি জেলার ধনিয়াখালি রুরাল হাসপাতালের একজন নার্সিং স্টাফের নিজস্ব বাড়ি না থাকায় সরকারি অনুমতিক্রমে জমি কিনে ৫.৭.৯৯ তারিখে অ্যাডিশনাল ডাইরেক্টর অব হেল্‌থ সার্ভিসেস পশ্চিমবঙ্গ ; মিত্র বিল্ডিং, ৮ নং লায়ন্স রেঞ্জ, কলকাতা-১-এ গৃহ-নির্মাণ ঋণের জন্য আবেদন করেন। তারপর বিভিন্ন কাগজপত্রের জন্য বিভিন্ন দপ্তরে দৌড়ঝাঁপ করেন। কিন্তু নানান মহল থেকে নানান বাহানা দেখানো হয়। ফলে আজও সে কাজ অসমাপ্ত। সুতরাং মাননীয় মন্ত্রী মহাশয়ের নিকট

আমার সনির্বন্ধ অনুরোধ স্বাস্থ্য দপ্তরের কর্মী কল্যাণে 'গৃহ-ঋণ' নামক প্রহসন বন্ধ করে অসংখ্য কর্মীর হয়রানি বন্ধ করুন।

কল্পনাবিলাসী পশ্চিমবঙ্গ সরকার কলকাতা ও তার পার্শ্ববর্তী অঞ্চলে কর্মরতা মহিলাদের আবাসনের ক্রমবর্ধমান চাহিদার নিরিখে দ্বিতীয় পর্যায়ের সল্টলেকে কর্মরতা মহিলা আবাস নির্মাণের চিন্তা-ভাবনা করছে এবং আশা করছে ২০০১-২০০২ সালের মধ্যে প্রকল্পটি শুরু করা যাবে। সত্যিই এই সরকারকে দেখে দুঃখ হয়—আশা ভঙ্গের বেদনা আর কত সইবেন ? শুধুই জনগণকে আশা দেখানো হচ্ছে। তাই এই মুহূর্তে বিখ্যাত সংগীত শিল্পী পান্নালাল ভট্টাচার্যের সেই গানের কলিটি আমার মনে পড়ে যাচ্ছে—"মা আমার সাধ না মিটিল, আশা না পুরিল, সকলি ফুরায়ে যায় মা।"

সর্বশেষে সম্পূর্ণ জনবিরোধী, অবাস্তব এবং অতিমাত্রায় আত্মসন্তুষ্টিতে পূর্ণ এই বাজেটের ব্যয়-বরাদ্দের দাবিকে আবারও অসমর্থন জানিয়ে, আমার বক্তব্য শেষ করছি। ধন্যবাদ।

শ্রীমতী জ্যোৎস্না সিং : মাননীয় চেয়ারম্যান স্যার, পশ্চিমবঙ্গ সরকারের জনস্বাস্থ্য কারিগরি বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী মহোদয় ৩৫ নং দাবির অধীন যে ব্যয়-বরাদ্দের প্রস্তাব পেশ করেছেন তাকে আমি সমর্থন করছি এবং বিরোধীদের আনা সমস্ত রকম ছাঁটাই প্রস্তাবের বিরোধিতা করছি। স্যার, অতীতে গ্রামের মানুষ পুকুর বা কুয়ো থেকে জল খেত। গভীর নলকূপ গরীব মানুষদের পাড়ায় ছিল না। দু-একটি টিউবওয়েল যদিও বা ছিল সেগুলি বড়লোকদের পাড়ায় ছিল। ফলে গরীব মানুষ বা সংখ্যালঘু সম্প্রদায়ের মানুষরা খাবর জল পেত না। এখন বামফ্রন্ট সরকার আসার ফলে গরীব মানুষদের পাড়ায় টিউবওয়েল হয়েছে। বড়ো বড়ো গ্রাম নলবাহিত জলের মাধ্যমে সেইসব এলাকার মানুষ পানীয় জল পাচ্ছে। এ ছাড়া শহরাঞ্চলে এবং বিভিন্ন মিউনিসিপ্যালিটি এলাকায় পাইপ-লাইনের মাধ্যমে পানীয় জল পেয়ে পানীয় জলের কষ্ট থেকে তারা রক্ষা পাচ্ছে। রাজ্য সরকার ভয়ঙ্কর আর্সেনিকের হাত থেকে মানুষকে বাঁচানোর জন্য বিভিন্ন জায়গায় পরীক্ষা-নিরীক্ষা করছেন এবং যে সমস্ত জায়গায় আর্সেনিক পাওয়া যাচ্ছে সেই সমস্ত জায়গায় তার বিকল্প ব্যবস্থা করছেন। তাই আমি মাননীয় মন্ত্রী মহাশয়ের আনা ৩৫ নম্বর দাবির অধীন বাজেট বরাদ্দকে সমর্থন জানিয়ে এবং বিরোধীদের আনা সমস্ত রকমের কাট-মোশনের বিরোধিতা করে আমার সংক্ষিপ্ত কথা শেষ করছি। ধন্যবাদ।

শ্রী সুব্রত বোস : মাননীয় চেয়ারম্যান স্যার, আবাসন দপ্তরের ভারপ্রাপ্ত মন্ত্রী যে বাজেট প্রস্তাব পেশ করেছেন ৩৬ নম্বর দাবির অধীন তাকে পূর্ণ সমর্থন করে আমার নির্ধারিত স্বল্প সময়ের মধ্যে দু-চারটি কথা রাখছি। মাননীয় মন্ত্রিমহাশয় তাঁর বিবৃতিতে সঠিকভাবেই বলেছেন এবং সকলেই জানেন যে, বর্তমানে শহরাঞ্চলে বাসস্থানের সংখ্যা চাহিদার তুলনায় অপ্রতুল এবং এই কারণে আবাস গৃহের সংখ্যা বৃদ্ধির প্রয়োজন। সরকারি বা বেসরকারি যৌথ উদ্যোগে মন্ত্রিমহাশয় গৃহ নির্মাণ প্রকল্পকে একটু উন্নত করতে চান—এই কথা তিনি বিবৃতিতে বলেছেন। মাননীয় মন্ত্রিমহাশয় তাঁর বিবৃতিতে একথাও উল্লেখ

করেছেন যে, ৫টি সংস্থার সঙ্গে যৌথ উদ্যোগ গঠিত হয়েছে। এই ৫টি সংস্থার মধ্যে ২টি সংস্থা ইতিমধ্যেই একটা প্রকল্প সম্পূর্ণ করেছে এবং আরো প্রকল্প গ্রহণ করে কাজ করছে—একথা তিনি উল্লেখ করেছেন। আমি আশা করি, অন্যান্য ৩টি সংস্থাও পরিকল্পনা গ্রহণ করেছেন এবং শীঘ্রই তারা তাদের পরিকল্পনা মতো প্রকল্পে হাত দেবেন। এই প্রসঙ্গে আমি মাননীয় মন্ত্রিমহাশয়ের দৃষ্টি আকর্ষণ করে বলতে চাই, আজকে কেন্দ্রীয় সরকারের অর্থনৈতিক ক্ষেত্রে যে উদারনীতি—সেই নীতি অবশ্যই আমরা সমর্থন করি না—সেই নীতির ফলে বাণিজ্য এবং ব্যবসার ক্ষেত্রে বিভিন্ন সংস্থা আমাদের দেশে আসছেন। যেমন, জীবনবীমা এবং সাধারণ বীমার ক্ষেত্রে অনেকগুলি বেসরকারি প্রতিষ্ঠান ইতিমধ্যেই আমাদের দেশে তাদের কাজ আরম্ভ করেছেন এবং আগামী কয়েক বছরের মধ্যেই এইরকম আরো অনেক সংস্থা আমাদের দেশে আসবেন। আমি যে বিষয়টির প্রতি মাননীয় মন্ত্রিমহাশয়ের দৃষ্টি আকর্ষণ করতে চাই সেটা হচ্ছে, এইসব ফিনান্সিয়াল সংস্থা তাদেরকেও যদি যুক্ত করতে পারি, তাহলে আমার মনে হয় এইরকম আবাসনের ক্ষেত্রে তারাও যৌথ উদ্যোগে উৎসাহিত হবে। সেইজন্য আগামী দিনে এই কথাটা চিন্তা করে বা বিবেচনা করে যাতে আবাসন প্রকল্প আরো বৃদ্ধি পায় সেই ব্যবস্থা নেবার চেষ্টা মাননীয় মন্ত্রিমহাশয় করবেন।

[4.10—4.20 p.m.]

মাননীয় মন্ত্রিমহাশয় তার জন্য একটি বিবৃতিতে সঠিকভাবেই বলেছেন যে কলকাতা এবং পার্শ্ববর্তী এলাকাতে ন্যায্য মূল্যে জমি পাওয়া একটা বড়ো সমস্যা হয়ে দাঁড়িয়েছে। শুধু ন্যায্য মূল্যে নয়, আমার মনে হয় কলকাতার বিশেষ করে যেটা পুরানো অঞ্চল, উত্তর কলকাতা, যার একটি কেন্দ্র থেকে আমি এই বিধানসভায় নির্বাচিত হয়ে এসেছি সেখানে জমি পাওয়া অত্যন্ত দুষ্কর হয়ে উঠেছে। তা সত্ত্বেও মন্ত্রিমহাশয়কে আমি বলব, কলকাতার উত্তর অঞ্চলে যাঁরা থাকেন তাঁদের আবাসনের অনেক প্রয়োজন আছে। উত্তর কলকাতায় না হলেও উত্তর কলকাতার নিকটবর্তী অঞ্চলে যেমন ব্যারাকপুর ট্রাঙ্ক রোড সংলগ্ন এরিয়া, সেখানে উত্তর কলকাতার লোকেদের জন্য আগামী দিনে কিছু পরিকল্পনা করুন। আমি দেখলাম, কলকাতার মধ্যে একমাত্র এ' উত্তর কলকাতায় অনাথ রায় দেব লেনে কর্মরত সরকারি কর্মচারীদের জন্য বাসস্থানের প্রস্তাব ইতিমধ্যে গৃহীত হয়েছে। এ ছাড়া বেহালার বেচারাম চ্যাটার্জি স্ট্রিটে একটি প্রকল্পের কাজ শুরু হয়েছে। মাননীয় মন্ত্রিমহাশয়কে বলব, কলকাতার দিকটা দেখবেন এবং সেই সঙ্গে কলকাতার বাইরে জেলা শহরগুলিতে। সেখানেও কিন্তু আবাসনের প্রয়োজন কম নয়, সেটাও দেখবেন। পরিশেষে পুনরায় উত্তর কলকাতার নিকটবর্তী অঞ্চলে কিছু পরিকল্পনা করার জন্য মন্ত্রিমহাশয়কে অনুরোধ জানিয়ে, এই আবাসন দপ্তরের ৩৬ নং ব্যায়বরাদ্দকে পুনরায় সমর্থন করে শেষ করছি।

শ্রী সৌগত রায় : মাননীয় চেয়ারম্যান মহাশয়, আমি মাঝখানে কিছুক্ষণ সভায় উপস্থিত ছিলাম না, হাউসে ঢুকে একটা বিচিত্র ব্যাপার দেখলাম, দুটি বাজেট—হাউসিং এবং পি. এইচ. ই.—নিয়ে আলোচনা একসঙ্গে হচ্ছে। সত্যি করে বলতে গেলে বলতে হয় আমি একটু ধন্দেই পড়ে গিয়েছি যে কোনটা বেশি বলব—হাউসিং, না, পি. এইচ. ই. ? আলাদা আলাদা ভাবে আলোচনা হলে সুবিধা হত, কনসেনট্রেটেড ফোকাসড ওয়েতে বলতে

পারতাম। চেয়ারম্যান, স্যার, আপনিও বিজনেস অ্যাডভাইসারি কমিটির মিটিং-এ থাকেন, আপনি তার মেম্বার, আমি মনে করি এটা দেখা উচিত। যাই হোক, মাননীয় মন্ত্রিমহাশয় যে দুটি ব্যয়বরাদ্দ উপস্থিত করেছেন আমি তার বিরোধিতা করছি এবং আমাদের দলের পক্ষ থেকে যেসব কাটমোশান এসেছে তা সমর্থন করছি। স্যার, আপনি জানেন, দীর্ঘদিন ধরে এই হাউসিং দপ্তরটি পি. ডবলু. ডি.'র অধীনে ছিল একটা অ্যাপেন্ডেজ হিসাবে। এটা পি. ডবলু. ডি. একটা ছোট্ট দপ্তর ছিল। গৌতমবাবুকে এই দপ্তরের প্রথম ক্যাবিনেট মন্ত্রী করা হয়। যতীনবাবুর হাত থেকে যখন এই হাউসিং দপ্তর কেড়ে নেওয়া হয় তখন যতীনবাবু রিভোল্ট করেছিলেন। তখন আবাসন দপ্তরটি ছিল মেনলি সরকারি আবাসন এবং কিছু রেন্টাল নিয়ে। এ ব্যাপারে সন্দেহ নেই যে গৌতমবাবু এটাকে বাড়িয়েছেন। তবে হাউসিং বোর্ড আগেও ছিল এবং কলকাতায় তারা আগে সানি টাওয়ার করেছে। কিন্তু হাউসিং দপ্তরের কাজ লোকে বেশি জানতো না। গৌতমবাবুর যেটা সমস্যা সেটা হচ্ছে উনি যে রোগটিতে ভুগছেন বড়ো বড়ো লোকরা সেই রোগে ভোগেন, সেটা হচ্ছে জায়গানটিজম। বড়ো করে কিছু করবো—এই রকম একটা চিন্তা।

আজকে গ্রামাঞ্চলে, শহরে এবং সারা পৃথিবীতে নতুন একটা আলোচনা হচ্ছে, স্মল ইজ বিউটিফুল। আপনি জানেন, সুমেকারের একটি বই রয়েছে, তাতে লিখেছেন—একটা বড়ো প্রোজেক্ট করতে গেলে অনেক সময় যাবে, ছোটো ছোটো প্রোজেক্ট করলে অনেককে আপনি রিলিফ দিতে পারবেন। কাজেই ছোটোই বেটার। গৌতমবাবুর হাউসিং-এর অবদান কি ? হাউসিং-এর একটা কোর ডিপার্টমেন্ট হচ্ছে রেন্টাল হাউসিং। সরকারি কর্মচারীদের জন্য হাউসিং তৈরি করা, সেখানে বেশি কিছু ব্যাপার নেই ; টোটাল ২২,০০০ ফ্ল্যাট রয়েছে, পশ্চিমবঙ্গে ছড়িয়ে-ছিটিয়ে আরো কিছু ফ্ল্যাট তৈরি করতে হবে। উত্তর দিনাজপুর ডিস্ট্রিক্ট হয়েছে। ওই জেলার ডিস্ট্রিক্ট টাউনে কর্ণঝোড়ায় কিছু বাড়ি করেছেন, সেটা দেখে ভালো লেগেছে। হাউসিং ডিপার্টমেন্টের মোট ৬০,০০০ বাড়ি রয়েছে, কিন্তু সেগুলো রিপেয়ার হয় না, স্টেয়ারকেসে আলো জ্বলে না, ছাদ দিয়ে জল পড়ে। যে কোনো হাউসিংয়ে যাবেন, সর্বত্র মানুষ এ রকম সব অভিযোগ করেন। হাউসিং পলিসির মধ্যেই গণ্ডগোল রয়েছে। কলকাতায় সি. আই. টি.-র হাতে হাউসিং রয়েছে, সি. এম. ডি. এ.-র হাউসিং রয়েছে, বেলঘরিয়ায় লেবার ডিপার্টমেন্টের লেবার হাউসিং রয়েছে। সবগুলোকে যদি একটি জায়গায় নিয়ে আসা যেতো তাহলে সরকারের মাধ্যমে ফ্ল্যাট রেশনালি ডিস্ট্রিবিউট হতে পারতো। কিন্তু সরকারের একজন মন্ত্রী আর একজন মন্ত্রীকে ক্ষমতা ছাড়েন না, তার জন্য এ ক্ষেত্রে কোনো কো-অর্ডিনশন হচ্ছে না। উনি এনটায়ারলি তার বাইরে গিয়ে জয়েন্ট সেক্টর হাউসিং করলেন। বেঙ্গল অম্বুজারটা কমপ্লিট হয়ে গেছে, রাজারহাটে বেঙ্গল পিয়ারলেসের কমপ্লিট হয়ে গেছে। আমি জানতে পেরেছি, এই যে সরকারি জমি হাউসিং করবার জন্য তাদের দিলেন, সেখানে একজন রিটায়ার সেক্রেটারিকে বেঙ্গল অম্বুজার চেয়ারম্যান করেছেন। আজকে হাউসিং একটা ইন্ডাস্ট্রি। আমি জানতে চাই, ওই জয়েন্ট সেক্টরে হাউসিং ডিপার্টমেন্টের কত টাকা লাভ হয়েছে ? সরকারের ভ্যালুয়েবেল জমিগুলি একটা ইস্টার্ন মেট্রোপলিটান বাইপাসের ধারে এবং আর একটি দমদমের কাছে দেওয়া হয়েছে। তাতে পিয়ারলেস ৮৮০টি ফ্ল্যাট করেছে, ১২০০ ডুয়েলিং ইউনিট করেছে অম্বুজা। সরকারের তাতে কত লাভ হয়েছে ? এর

আগে শোভনদেব চট্টোপাধ্যায় বলেছেন, সরকারের ট্রান্সপারেন্সির অভাব রয়েছে। অম্বুজা, পিয়ারলেস, নিজেরা বাড়ি করছেন, এটা ভাল। আজকে সরকারি জমি পেয়ে তাতে অম্বুজা নিজের সিমেন্টে বাড়ি করছেন, ফলে বাড়ি বেচে লাভ, সিমেন্ট বেচে লাভ। কিন্তু সরকারের ট্রান্সপারেন্সি থাকবে না কেন, কেন ওপেন টেন্ডার করা গেলো না, কি করে সিলেকশন করলেন পার্টনার ? জয়েন্ট সেক্টর কনসেন্টে আপত্তি নেই। নিউ টাউনে আরো ৩টি কোম্পানি হয়েছে ; একটা মিস্টার টোডির শ্রাচি, আর একটি বিজন নাগের আই. এফ. বি., এবং আর একটি হচ্ছে সাধন দত্তের ডি. সি. এম. কোম্পানি। কিন্তু রাজারহাটে ওপেন টেন্ডার হয়নি কেন, কেন এই ল্যাক অফ ট্রান্সপারেন্সি ? রাজারহাটে একটা বিরাট উপনগরি তৈরি করলেন কৃষকদের জমি থেকে উচ্ছেদ করে, দু'ফসলা জমি থেকে উচ্ছেদ করে, রাস্তা কেটে। তাতে অবশ্য আমাদের লাভ হয়েছে ; ওই প্রোজেক্টের জন্য রবীন মণ্ডল হেরে গেছেন, কারণ ওখানকার মানুষ রিভোল্ট করেছেন। হোয়াই দি গভর্নমেন্ট হ্যাভ টু গো ইনটু সাচ ম্যাসিভ প্রোজেক্ট কস্ট, এটা স্পেসিফিক্যালি ভাবতে হবে। আজকে কস্ট-বেনিফিট অ্যানালিসিস করে দেখুন, সেখানে গভর্নমেন্টের কত লাভ হয়েছে, কত লোকসান হয়েছে। দেখবেন, লোকসানের পরিমাণটাই বেশি, কারণ এর ফলে সেখানে কৃষকরা উচ্ছেদ হলেন, পরিবেশ নষ্ট হল, মাছের চাষের জমি গেলো। এটা করে সল্টলেকের পাশে একটা টাউনশিপ করে দিলেন, কিন্তু সেখানে লোকেরা থাকতে পারছেন না। সেখানে বুদ্ধদেববাবু আবার একটা রেসকোর্স করবার কথা বলেছিলেন !

[4.20—4.30 p.m.]

যারা আসলে চিরকাল দিতে হবে করতে হবে লড়তে হবে এই সব করেছে তারা এখন বড়ো বড়ো প্রোজেক্ট করলে আনপ্র্যাকটিকেব্‌ল হলে যা হয় সেই রকম হয়েছে। আজকে গৌতমবাবুর নতুন মন্ত্রী সভার প্রথম বাজেট। গৌতমবাবুর হাউসিং পলিশিটা এখানে নেই। বেসিক্যালি আমার বক্তব্য এই যে, এই হাউসিং প্রাইভেট সেক্টার করবে, প্রাইভেট সেক্টার করুক। হ্যাঁ, আমরা অনেক সময় বলি, যে সব জায়গায় প্রোমোটার রাজ—কলকাতা শহরে বেহালায় প্রোমোটারদের বড়ো বড়ো বাড়ি হচ্ছে এবং তাতে তোলাবাজ তৈরি হচ্ছে। আবার লোকেদের ঘরবাড়ির ডিমাণ্ড আছে। আজকে আগের সেই জয়েন্ট ফ্যামিলি ভেঙে গেছে, নিউক্লিয়ার ফ্যামিলি তৈরি হচ্ছে, সবাই একটা করে ফ্ল্যাট চায়। এই জায়গাটা—সোস্যাল অবলিগেশান অ্যান্ড ইকনমিক্স নিড—এই দুটির একটা ব্যালান্স করার দরকার ছিল। একটা ক্লিয়ারকাট হাউসিং পলিশি স্টেট গভর্নমেন্ট এখনও পর্যন্ত অ্যানাউন্স করলেন না। তার ফলে প্রোমোটার যত্রতত্র বাড়ি করছে। আর গৌতমবাবু এক গৌতমবাবু নিউ টাইম ধরে আছেন। এখানে কৃষক তুলছেন, জমি কিনছেন, জমি বিক্রি করছেন, এইসব চলছে। তার ফলে আসল যে প্রবলেমটা সেটা রিজলভ হচ্ছে না ট্যাকেল হচ্ছে না। আমরা এই হাউসে একটা বিল পাশ করেছিলাম। আমি গৌতমবাবুর সঙ্গে সিলেক্ট কমিটিতে ছিলাম। আমরা প্রোমোটারদের কন্ট্রোলের জন্য একটা আইন তৈরি করেছিলাম। উনি বলেছেন ১২৪৮ জন এখনও পর্যন্ত নাম লিখিয়েছেন এবং বহু প্রোমোটার নাম লেখাননি। কেন সমস্ত প্রোমোটারকে এই আইনের আওতায় আনা যাচ্ছে না ? এখন তো আমরা রেগুলার শুনছি যে প্রোমোটাররা টাকা নিয়ে ফ্ল্যাট

দিচ্ছে না। আমি বলেছিলাম—কমপ্লেন করেছেন ? উনি বলেছিলেন জানি না তো। আইনটা হলে, সেই আইনের বেনিফিট মধ্যবিত্ত লোকেরা নেবে, তাদের কাছে তো আইনটা পাবলিসাইজ হল না। তাহলে কিসের বেনিফিটের জন্য এই আইনটা করলেন জানি না। গৌতমবাবু নিশ্চয়ই উত্তর দেবেন। আমাকে অন্য বিষয়ে বলতে হবে, আমি বেশি ডিটেলসে যাবো না। আমি শুধু একটা কথা বলি। গৌতমবাবু কিন্তু নিজের কনস্টিটিউয়েন্সির কথা ভুলে যাননি। ওনার হাসনাবাদে হাউসিং করার দরকার নেই। উনি হাউসিং ডিপার্টমেন্টকে দিয়ে নাইট সেলটার একটা করছেন। It gives me pleasure to say that the construction of Dormitory-Cum-Night Shelter at Hasnabad Bus Stand near Taki Municipality has since been completed and the said Night Shelter was inaugurated on 16.1.2001. সারা পশ্চিমবাংলাতে এতো শহর, শুধু টাকিতে গিয়ে বাস স্ট্যান্ডের ধারে নাইট সেলটার ! সারা পশ্চিমবাংলায় আর কোনো শহর কি আপনার দয়া পেতে পারতো না ? এটা মন্ত্রী মহাশয়ের কাছে জিজ্ঞাসা করতে চাই যে হঠাৎ টাকিতে গিয়ে একটা নাইট সেলটার ?

(এ ভয়েস....নৈহাটিতে হয়েছে)

নৈহাটিতে করেছেন ? সুতরাং এটা আমার কাছে খুব ক্লিয়ার হয়নি। আমি সেই জন্য মন্ত্রী মহাশয়কে বলছি যে হিডকো এই বছর পাওয়া যাবে হয়তো। হিডকোর একটা ব্যালান্সসিট আমি প্রপারলি দেখতে চাই। আপনি বলেছেন ৪৩১ কোটি টাকা প্রোজেক্ট। আপনি হাউসিং ইনফ্রাসট্রাকচার ডেভলপমেন্ট করপোরেশান একটা করেছেন, কোম্পানি অ্যাক্টে রেজিস্টারড করেছেন। কিন্তু এখনও পর্যন্ত আমাদের কাছে হিডকো-র কোনো ব্যালান্সসিট দেওয়া হয়নি, সেটা এখনও আসেনি। ন্যাশনাল হাউসিং ব্যাংক থেকে ব্যাপক টাকা নেওয়া হয়েছে। কিন্তু হিডকো কোথায় দাঁড়িয়ে আছে, কত টাকা তার ইকুইটি কত টাকা তার লোন এই পুরোটা বোঝা দরকার। এখানে মন্ত্রী মহাশয়কে বলবো যা হবার তো হয়েই গেছে, রবীনবাবু হেরে গিয়েছেন, আপনার রাজারহাট প্রোজেক্টটাকে এখনও পর্যন্ত একটু কন্ট্রোল করুন। বাঙালি মধ্যবিত্তদের ফ্ল্যাট কেনা, বাড়ি কেনার চাহিদা এগিয়ে দিলে অ্যাপ্লাই করবে। কিন্তু সেখানকার গরিব কৃষকদের কথাও মনে রাখবেন। সবাইকে উচ্ছেদ করে এখানে বাড়ি করবেন না। স্যার, আমি নেক্সট আসছি পি. এইচ. ই. ডিপার্টমেন্টে। সেখানেও সেই বিচিত্র এই সরকারি দপ্তরের ব্যাপারে। পি. এইচ. ই. দেখবেন সি. এম. ডি. এ. এলাকার বাইরে সমস্ত মিউনিসিপ্যালিটি এবং গ্রামের জল সরবরাহ করবে। আর কলিকাতায় সি. এম. ডি. এ. এলাকায় কে করবে সেটা ক্লিয়ার নয়। কোথাও সি. এম. ডবলু. এস. এ করে, কোথাও করপোরেশান করে কোথাও মিউনিসিপ্যালিটি করে, দুটি আলাদা। ওয়াটার ইনভেসটিগেশান আলাদা ডিপার্টমেন্ট আছে। তারা ডিপ টিউবওয়েল তৈরি করবে স্যালো টিউবওয়েল তৈরি করবে চাষের জন্য। শুধু পি. এইচ. ই. তারা যেখানে রিগ বোর টিউবওয়েল হবে সেটা করবে। সেখানেও গৌতমবাবুর জাইগানটিসিয়াম রোগ লক্ষ্য করা যাচ্ছে। রাজ্যে ৬৭টি ব্লক অ্যাফেক্টেড বাই আরসেনিক। সিরিয়াস অবস্থা। আমি গতবারে পি. এইচ. ই. সাবজেক্ট কমিটির চেয়ারম্যান ছিলাম, আমি অ্যাফেক্টেড ব্লকে গিয়ে দেখেছি। ৭টি জেলা আছে

তার মধ্যে সবচেয়ে বেশি সিরিয়াসলি অ্যাফেক্টেড হয়েছে মালদা, মুর্শিদাবাদ, নদিয়া, উত্তর ২৪-পরগনা, দক্ষিণ ২৪-পরগনা। এই ৫টি জেলা তো ব্যাপকভাবে অ্যাফেক্টেড। উনি সারফেস ওয়াটার প্রোজেক্ট করেছেন দুটি। একটা বজবজে, ২৩১ কোটি টাকার প্রোজেক্ট, কবে হবে কেউ জানে না।

আর একটা মালদহে ৮৮ কোটি টাকার প্ল্যান্ট আছে। আমি সেই প্ল্যান্টটা দেখে এসেছি। খুব বড়ো প্ল্যান্ট, ফুলহার নদীর ধারে। তার অর্ধেকটা কাজ করেছেন, কিন্তু বাকিটা করছেন না। আমার প্রস্তাব, আপনি মুর্শিদাবাদে পারলেন না, নদিয়াতে পারলেন না, উত্তর ২৪-পরগনায় আজ পর্যন্ত পারলেন না। সাউথ ২৪-পরগনায় আপনি শুরু করেছেন, কিন্তু তা কবে হবে জানি না। সেন্টার থেকে যে টাকা এসেছিল তা আপনি নিয়েছেন এবং করেছেন। কিন্তু আপনার যেটা করা উচিত ছিল, ছোটো ছোটো করে করা উচিত ছিল। প্রথম লেয়ারে আর্সেনিক আছে। সেকেন্ড লেয়ারে নেই। অনেক জায়গায় রক আছে বলে থার্ড লেয়ারে যায় না। আপনি যদি টিউবওয়েল করে, কেমিক্যালি ট্রিট করে কি ভাবে করা যায়, এর জন্য ছোটো ছোটো করে ব্লক ধরে ধরে করতেন তাহলে ভাল হত। আপনি সার্ফেস ওয়াটার করেছেন ঠিকই, কিন্তু তার এফিকেসি নেই। আর তার জেস্টেশন পিরিয়ড এত বেশি যে কস্ট বেনিফিটে প্রবলেম হয়ে যায়। পি. এইচ. ই.-তে উনি অনেক বাজেট পেয়েছেন। তার একটা কারণ আছে। রাজীব গান্ধীর সময়ে ড্রিঙ্কিং ওয়াটারের জন্য অনেক টাকা দেওয়া হয়েছে। টেকনোলজি যে মিশন ছিল, তাতে উনি অনেক টাকা পেয়েছেন এবং এ. আর. ডবলু. এস. পি.-তে প্রথমদিকে আর্সেনিকে সেন্টার থেকে টাকা পেয়েছিলেন। উনি ক্লেম করেছিলেন, ৫৫,৪০০ হাউসহোল্ডে ছোটো হ্যাবিটেশনে ৪০ লিটারের বেশি জল দিচ্ছেন। দিস ইজ নট সাপোর্টেড বাই ফ্যাক্টস। স্যার, আপনি ধনেখালিতে মাঝে মাঝে যান, আপনি দেখবেন গ্রামে ড্রিঙ্কিং ওয়াটারের ভীষণ চাহিদা আছে। অনেক জায়গায় এখনও এটা পৌঁছোয়নি। গ্রামে থ্রি-ফোর্থ জায়গায় এখনও এটা পৌঁছোয়নি। উনি দাবি করেছেন ৪০ লিটার করে জল সাপ্লাই করেছেন। তাই আমি বলবো, আপনি আগামী পাঁচ বছরে বড়ো বড়ো হাউসিংয়ের ব্যাপারে যেমন জেনুইন শর্টেজ আছে, ড্রিঙ্কিং ওয়াটারের ক্ষেত্রেও তেমনি শর্টেজ আছে, আরও অনেক জায়গা আছে। আর আর্সেনিক নিয়ে উই আর ফেসিং ভেরি সিরিয়াস প্রবলেম। গ্রাউন্ড ওয়াটারে আর্সেনিক ধরা পড়েছে, রোজ কাগজে পড়ছি। দীপংকর চক্রবর্তী বলে একজন আছেন, খুব স্ট্রংলি লেখেন। কলকাতায় গ্রাউন্ড ওয়াটারে আর্সেনিক ধরা পড়েছে। সেজন্য বলবো, অ্যাট লিস্ট আর্সেনিক ট্রিটমেন্টরা সরকার নিজের হাতে নিয়ে নিক। কেননা, এটা একটা সিরিয়াস ব্যাপার। সাব-সয়েলে কেন আর্সেনিক হল, কিভাবে এটাকে মিটিগেট করা যায় ইত্যাদির জন্য গত পাঁচ বছরে যা দেখেছি, হিজ ওয়ার্কস ফলস শর্ট অফ এক্সপেকটেশান। আপনি অনেক বড়ো করে কাজগুলো শুরু করেন, কিন্তু শেষ পর্যন্ত শেষ করতে পারেন না। এমন নয় উনি চেষ্টা করেন না, ওর চেষ্টা আছে। কিন্তু উনি এতবড় করে ফাঁদেন, তার জন্য শেষ করতে পারছেন না। এই কথা বলে বাজেট বরাদ্দের বিরোধিতা করে আমার বক্তব্য শেষ করছি।

শ্রী গৌতম দেব : চেয়ারম্যান সাহেব, বিরোধীদের কাটমোশানের বিরোধিতা করে এবং আমাদের বাজেটের সমর্থনে আমি কয়েকটি কথা বলছি। দিল্লিতে কেউ নতুন মন্ত্রী হলে তাঁর কিছু অসুবিধা হয়। আস্তে আস্তে এটা কেটে যায়। তারপর নতুন এম. এল. এ. হলে সেটা স্বাভাবিক। কিন্তু সৌগতবাবু আছেন, তিনি বলেছেন। কিন্তু নতুন এম. এল. এ. আছেন, তাঁরা বলেছেন—আস্তে আস্তে কেটে যাবে। কিছু জিনিস বইতে লেখা আছে, সেগুলো নিয়ে বলেছেন। পরের বার হয়তো ভাল বলবেন। আমি বলছি, পি. এইচ. ই.-তে প্রথমে গভর্নমেন্টের বিষয়টা দাঁড়িয়েছিল, আমি যা বুঝেছি, আমি মন্ত্রী হবার আগে লেফট্ ফ্রন্টে পাইপ ওয়াটার, সার্ফেস ওয়াটারের প্রশ্ন ওঠেনি। পশ্চিমবঙ্গের সব জায়গায় টিউবওয়েল আছে। যে জায়গাগুলো পাথুরে এলাকার মধ্যে পড়ে, ল্যাটারাইট জোনের মধ্যে পুরুলিয়া, বাঁকুড়া, পার্ট অফ মেদিনীপুর, পার্ট অফ বর্ধমান, আর ডুয়ার্সের ফুট হিলস্, এখানে টিউবওয়েল হতে পারে না। আগে এই রকম ধারণা ছিল যে, পাথর খুঁজে চেষ্টার দরকার নেই। প্রশ্নও ওঠেনি।

[4.30—4.40 p.m.]

ফলে নন ল্যাটারাইটে ওয়েস্ট বেঙ্গল নিশ্চয় খানিকটা টিউবওয়েল ছিল কিন্তু ল্যাটারাইটে ওয়েস্ট বেঙ্গলে কোনো টিউবওয়েলই ছিল না। কাগজপত্র যা বলছে, সরকারি কাগজপত্র আছে। সেইজন্য আমাদের প্রথম উদ্দেশ্য ছিল ৩৮ হাজার গ্রাম পশ্চিমবাংলায়, এখানে আগে টিউবওয়েল সব জায়গাতে করা এবং পাথর ফুটো করা হল। দেখা গেল এ যাবৎ যে ধারণা, পাথর ফুটো করে জল পাওয়া যাবে না, সেই পাথরের তলায় তলায় ফিসারে জল আছে। রিগ মেসিন আসল, কিছু ইউনিসেফ দিল, কিছু আমরা জোগাড় করলাম। করে এখানে পশ্চিমবঙ্গে আড়াই লক্ষর উপরে টিউবওয়েল, যার প্রায় ৩৫ হাজার হচ্ছে পাথর কেটে টিউবওয়েল। সেগুলো ৪০ হাজার ৫০ হাজার টাকা খরচ করে করতে হয়েছে। আর তার চাইতেও বেশি, আপনার অ্যাসেম্বলিতে এর আগেও কয়েকবার বলেছি হিমালয় পাহাড় ছাড়া, কালিম্পং, কার্শিয়াং ছাড়া বাকি যে ওয়েস্ট বেঙ্গলে গ্রাম, সব গ্রামের নাম আমার জানা সম্ভব নয়, এম. এল. এ.রা নিজের নিজের গ্রামের নাম জানতে পারেন। একটা গ্রামের নাম বলুন জে এল. আর. ও মৌজাতে, সেখানে গ্রাম বলতে যা বোঝায় সরকারি হিসাবে ৩৬ হাজার কি ৩৭ হাজার গ্রাম—এর মধ্যে একজন এম. এল. এ. উঠে বলুন যে এই হচ্ছে সেই গ্রাম, যে গ্রামে একটাও টিউবওয়েল নেই, মানুষ জল খেতে পাচ্ছে না। এটা আমি আগের বিধানসভাতেও বলেছিলাম, এখনও আমি বলছি। অনেক কাজকর্ম করতে না পারলেও ৪৮ ঘণ্টা সময় নেব। ৪৮ ঘণ্টার মধ্যে সেই গ্রামের নাম যদি কেউ করেন যে এই হচ্ছে পশ্চিমবঙ্গ যে গ্রামে মাটির তলার জল পাচ্ছি না। সেখানে দার্জিলিং বললে বলা মুশকিল, সেটা হবে না। সেখানে এগুলো ছাড়া অন্য যে কোনো গ্রামে ৪৮ ঘণ্টার মধ্যে টিউবওয়েল বসাতে পারব এই ৩৬ হাজার ছিল, এখন আবার ৩৮ হাজার গ্রাম হয়েছে। সেখানে আড়াই লক্ষ সরকার টিউবওয়েল হয় পারাগ্রামে যদি হতে পারে ধরে নিচ্ছি সেখানে ১০টি গ্রাম মিস হতেই পারে কিন্তু আমাকে নামটা জানাতে হবে। এখনো পর্যন্ত নামটা জানি না। এই যে ফিগার

গভর্নমেন্টের সারা ভারতবর্ষের, সারা ভারতবর্ষের গভর্নমেন্ট যেভাবে চলে আমাদেরও সেইভাবে চলে। ফিগার তো গভর্নমেন্ট যেভাবে কালেক্ট করে আনে, আপনাদেরকেও সেইভাবে আমি দিয়েছি—পি. সি., পি. সি. ১, পি. সি. ২, পি. সি. ৩, পি. সি. ৪। ফলে ভারত সরকারের সিসটেমে সারা ভারতবর্ষ চলে—৪০ লিটার, ৪০ লিটারের বেশি, সেখানে ১০ থেকে ২০ লিটার, ৪০ লিটারকে ব্রেক আপ করে তাতে পশ্চিমবঙ্গের সিনারিও যেটা, সেটাই আমরা দিয়েছি। সেইজন্য টিউবওয়েল, রিগ টিউবওয়েলের পর এখন আমরা কার্যত পি. এইচ. ই.-র ক্ষেত্রে টিউবওয়েল করি না। এটা পি. এইচ. ই. ছাড়া যে কেউ করতে পারে। পি. এইচ. ই.-কে বলা হয়েছে টিউবওয়েল বসানো পঞ্চায়েতকে ছেড়ে দাও। ১০ কোটি, ১২ কোটি টাকা আমরা জেলা পরিষদকে দিই। টিউবওয়েল সেখানে দু-একটা যদি কোথাও খারাপ হয় তা তুলে পুঁতে ফেলুন। কিছু সারানোর হলে সারিয়ে ফেলুন। কিন্তু আমাদের ইঞ্জিনিয়াররা এখন আর টিউবওয়েলের জন্য যায় না। এখন যেটা পি. এইচ. ই.-র থার্স্ট এরিয়া ফোকাস পাইপ ওয়াটার সাপ্লাই, এটা অনেক সাসটেনেবেল, এটার ওয়াটার কোয়ালিটি অনেক বেটার আনডাউটেডলি। এখান থেকে তুলে ১০টি গ্রামে পার কি.মি. একটা জায়গার থেকে আরেকটা জায়গায় ওষুধপত্র দিয়ে সাপ্লাই করছি। ০.৭ পার্সেন্ট, গ্রামাঞ্চলে যত মানুষ থাকে তার ০.৭ পার্সেন্ট, এই ছিল পাইপ ওয়াটার কভারেজ যখন জ্যোতি বোস মুখ্যমন্ত্রী হয় তার আগে। কিন্তু কতগুলো স্কীম পাহাড়ের ঝোড়া থেকে নিয়ে এসে গ্রামে দেওয়া হয়েছিল। সেটাও পাইপ ওয়াটার ছিল, যার থেকে ০.৭ পার্সেন্ট হয়েছে। অর্থাৎ এক কথায় সারা পশ্চিমবঙ্গে একটা গ্রামের নাম বলতে পারবেন না কেউ ১৯৭৭ সালে যে এই সেই গ্রাম যেখানে পাইপ ওয়াটারে লোকে জল খেত। সব কটা মিউনিসিপ্যালিটিতে পাইপ ওয়াটার ছিল না। এখন আমি গড় গড় করে তালিকা বলে যেতে পারি কোন কোন গ্রামে আছে। তারপরে মিউনিসিপ্যালিটি, ডিক্রেয়ার্ড মিউনিসিপ্যালিটি, ১০০ বছরের মিউনিসিপ্যালিটি টিউবওয়েলের জল খায়, কিন্তু এখন একটা মিউনিসিপ্যালিটির নাম কেউ করতে পারবেন না যে মিউনিসিপ্যালিটিতে পাইপ ওয়াটার নেই। ইট মে হ্যাপেন, এটা হতে পারে মিউনিসিপ্যালিটি এক্সটেন করছে, লোক বেড়ে যাচ্ছে। বসাতে বসাতে যাচ্ছে, পাইপ সব সময়ে যাচ্ছে না। ফলে দেরি করছে, এটা হতেই পারে। কিন্তু প্রত্যেকটি মিউনিসিপ্যালিটি কভারড, সেখানে তো গ্রামে, এখানে আমরা যেটা বইতে লিখেছি গ্রামে এখন ১০০ জন লোকের পেছনে ২৪ জন লোক টিউবওয়েলের জল খায় না অর্থাৎ ১০০ জন লোকের মধ্যে ২৪ জন লোক পাইপ ওয়াটারের জল খায়। এগুলো বসাতে ১ কোটি, ২ কোটি আড়াই কোটি টাকা খরচ আর সেটা চালাতে বছরে ৪,৫ লক্ষ, ৭ লক্ষ টাকা খরচ হয়। এবং সেটা বইতে লিখেওছি। এর মধ্যে একজন ভুল বললেন যে, গভর্নর ২৪ বললেন আর এখানে ৩০ বলছেন কেন, গভর্নরও ঠিক বলেছেন এখানেও ঠিক বলেছে। গভর্নরও ঠিক বলেছেন এবং এখানেও ঠিক বলা হয়েছে ২৪-এ পৌঁছেছি এবং নাইনথ্ প্ল্যানে ৩০-এ পৌঁছাব। এখানে সরকারের জোর হচ্ছে পাইপ ওয়াটার কভারিং করতে করতে আমরা এগুবো। এটা ভেরি কস্টলি, অনেক টাকায় বিষয়। ইচ্ছা হলেই পাইপ ওয়াটার-এ সমস্ত ভরিয়ে দিলাম তা করা যায় না। যেমন যেমন পাচ্ছি আস্তে আস্তে করছি। চার নম্বর হচ্ছে আর্সেনিক যেটা আগে ছিল না। আর্সেনিকের সমস্যা এটা জানেন, এখানে কংগ্রেসি গভর্নমেন্ট ছিল, এমনকি আমাদের

বামফ্রন্ট সরকার হওয়ার পরও আপনি এই বিধানসভার প্রসিডিংস খুলে দেখুন '৭৭, '৮০, '৮২, '৮৪-তে আর্সেনিকের কোনো শব্দ পাবেন না। কত তো বিজ্ঞানী আছে, আমরা বিজ্ঞানী নাকি ? কত ইউনিভার্সিটি আছে, কত বিজ্ঞানী আছে, সেন্ট্রাল ওয়াটার বোর্ড আছে, জিওলজিক্যাল সার্ভে অফ ইন্ডিয়া আছে, বড়ো বড়ো সমস্ত কৃতব্যক্তিরা আছেন, একটা কাগজ দেখান '৮৫ সালের আগে এই শব্দ ছিল ? কেউ জানত না, আমরাই প্রথম বলেছিলাম, কয়েকটা রোগীর গা থেকে পি. জি. হসপিটালের ডাক্তারবাবু টেস্টিং করতে গিয়ে কি পেল—আর্সেনিক। তা থেকে টাস্ক ফোর্স গঠন হল, আর্সেনিক কোথায় কোথায় আছে, তার ম্যাপিং করে করে আর্সেনিক-এর প্রবলেম এল। এটাও জেনে রেখে দিন, ভারত সরকারের এই জাতীয় স্কিম ছিল, ইন্দিরা গান্ধী, রাজীব গান্ধীর আমলে। এই জাতীয় মাটির তলায় যদি কোনো বিষ থাকে এর জন্য একটা স্পেশাল প্রোগ্রাম সারা ভারতবর্ষের জন্য নেওয়া ছিল, তাকে বলে টেকনোলজি সাবমিশান। যে প্রোজেক্ট-এর জন্য যখন খরচ হবে, ভারত সরকার সেখানে একা দেবে। তাতে ছিল ফ্লোরাইড, তাতে ছিল গিনি ওয়ার্ম, তাতে ছিল ব্যাকিসনেস, তাতে ছিল এক্সেস আয়রন। আর্সেনিক বলে কোনো শব্দ ছিল না। কারণ কেউ জানত না। অনেক পরে আমরা ওদের সঙ্গে কথা বলে ওই বইটায় আর্সেনিক ঢোকাই। আর ঘটনাচক্রে যখন আর্সেনিক স্কিম নিয়ে গেলাম প্রথম, নরসিমা রাও প্রধানমন্ত্রী, উত্তম ভাই প্যাটেল এই দপ্তরের তখন মন্ত্রী, উনি চেষ্টা করেছিলেন, এসেছিলেনও মালদায়, গণিখান চৌধুরীকে ফোন করে বলেছিলাম, কারণ ওনার সঙ্গে আমার সেই রকম পরিচয় ছিল না, আমি বলেছিলাম, মালদায় নিয়ে যাচ্ছি, আপনি যদি একটু থাকেন, আপনাদের সরকার, উনি তখন অসুস্থ ছিলেন, আমরা হেলিকপ্টারে করে গিয়েছিলাম এখান থেকে। উনি মালদার এয়ারপোর্টে বসেছিলেন। সেখানে ওনারা প্রথম বললেন ৭৫ : ২৫। আমরা বলেছিলাম কেন ৭৫ : ২৫ হবে ? বরাবরই হয়ে আসছে ১০০ শতাংশ, এটাতে কেন ৭৫ : ২৫ ? যখন আর্সেনিক ঢুকলো শত শত কোটি টাকা আপনারা ফ্লোরাইডে দিলেন, গিনি ওয়ার্মে দিলেন, সেটা তো পশ্চিমবাংলায় নেই, এটা তো আমরা চাই না—তখন এটার ক্ষেত্রে ৭৫ : ২৫ ? কিন্তু সেটাতেই তারা স্ট্রিক করে রইলো। আমরা উইথ প্রটেস্ট গ্রহণ করে নিলাম। মালদার প্রোজেক্ট-এর কাজ আমরা শুরু করেছি। এর একটা বিরাট অংশ আমরা শেষ করেছি। ঘটনাচক্রে পরশুদিন মালদায় গিয়েছিলাম, রিভিউ কমিটির মিটিং ছিল। এখানে মাননীয়া সদস্যা বলছিলেন উনি জানেন যে মালদা শহরের লোক, হাজার হাজার মানুষ এখন ছুটে যাচ্ছে শুধু ওই জল কিনে খাচ্ছে—গ্রামের জল ; তারা বলছে এত ভাল জল শহরের জন্য নয়, সমস্ত গ্রামাঞ্চলের জন্য ? ৪ লক্ষ লোক ওই স্কিমে কভার্ড হচ্ছে। উনি বললেন গিয়েছিলেন—মালদার নরদান সাইডে, আর সাউদার্ন সাইডে যেটা কালিয়াচকের দিকটা সেটা বন্ধ হয়ে গেছে। বন্ধ মানে—১০/১২ মাস বন্ধ। গভর্নমেন্ট অফ ইন্ডিয়া বলছে ফরাক্কার আপ স্ট্রিম থাকায় ওখান থেকে জল তুলবেন, তারপরে স্কিম তৈরি হয়, জেটি কি ভাবে হবে লেখা হল, স্কিম স্যাংশান হওয়ার পরে ওয়াটার রিসোর্স ডিপার্টমেন্ট ফারাক্কা ব্যারেজ কর্তৃপক্ষ তারা বলছে ওই জায়গা থেকে জল তুলতে পারবেন না, জেটি করতে পারবেন না। এটা হচ্ছে ভালনারেবিল পয়েন্ট। দীর্ঘ মিটিং করে তারা নূতন একটা জায়গা ঠিক করল, এখানে ৭০ লক্ষ টাকা খরচ হবে। এমন একটা জায়গা তারা ঠিক করলেন

যে সেটা আমাদের মানতেও হবে। ফরাক্কার ওই সমস্ত চত্বরটা ওদের। ৬ কোটি, ৭ কোটি টাকা আমাদের খরচ হবে। সমস্ত ডিজাইন চেঞ্জ হয়ে যাবে। আমরা দিল্লিতে বলেছিলাম এর জন্য যে এক্সকালেশান হল ৭৫ : ২৫ ; আমরা ২৫ দেব, আর আপনারা দিন। দিলেন না। এক পয়সাও দিলেন না। এর আগে যা দিয়েছে, দিয়েছে। আমাদের আপার প্রোজেক্ট-এর কাজ শেষ হয়ে গেছে। এখানে কাজকর্ম করে বসে আছে কয়েক মাস হল, আমরা আমাদের স্টেট-এর যে টাকা পাই পি. এম. জে.-এর টাকা, তার সঙ্গে মালদার কোনো সম্পর্ক নেই। সারা রাজ্যের জন্য যা খরচ করার কথা থাকে, তা থেকে ৪০ কোটি টাকা আলাদা করে ওর জন্য দিয়েছি এবং সেটা রিভিউ করতেই গিয়েছিলাম পরশুদিন। আমাকে ১০/১২ মাসের মধ্যে স্কিমটা শেষ করতে হবে। সেটা বড়ো হবে। ৮ লক্ষ মানুষ জল পাবে। যেটা শেষ হয়েছে তাতে ৩/৪ লক্ষ এখন পাচ্ছে, আরো ৪ লক্ষ প্লাস মানুষ, এই জল পাবে। এতে ৮ লক্ষ মানুষ হবে। সেই সমস্ত পরিকল্পনা শেষ হয়ে গেছে। দ্রুত সেখানে কাজ শুরু হয়ে যাবে।

[4.40—4.50 p.m.]

দক্ষিণ ২৪-পরগনার যে প্রকল্প ছিল, সৌগতবাবু জেনে খুশি হবেন—এটা বিরাট একটা স্কিম, এর কাজ খুব দ্রুতগতিতে এগোচ্ছে। একটা প্রকল্প থেকে কুড়ি লক্ষের কাছাকাছি মানুষ জল পাবে। বজবজের রায়পুর থেকে জলটা তোলা হচ্ছে, আর সেই জল যাবে এয়ারপোর্টের পিছনে। ফলে একটা সময়ের ব্যাপার আছে, তবে প্রতি তিন মাস অন্তর আমাদের মনিটারিঙের কাজ চলছে। পনেরো, কুড়ি দিন আগেও আমরা মনিটারিঙের কাজ করেছি এবং এর কাজ অনেকটাই এগিয়েছে। এন. বি. সি. সি., ভারত সরকারের একটি সংস্থা, তাদেরকে আমরা ট্রিটমেন্ট প্ল্যান্ট দিয়ে খুবই বিপদে পড়েছি। ভারত সরকারের একটি সংস্থা টেন্ডার পেয়েছে। টাকা থেকে আরম্ভ করে সমস্ত রকম ফ্যাসিলিটি আমরা ওদের দিয়েছি। ভারত সরকারের একটি সংস্থা, এমনকি তাদের টেন্ডার টার্মিনেট করতে হবে কিনা, সেই ব্যাপারে এন. বি. সি. সি.-র চেয়ারম্যান এখানে আসলেন, ভারত সরকারের একজন সেক্রেটারি ছিলেন—এটা খুবই কষ্টের ব্যাপার হবে একটা সরকারি প্রতিষ্ঠানের টেন্ডার যদি আমরা বাতিল করে দিই। সমস্ত রকম ফেসিলিটি আমরা ওদের দিয়েছি, আমরা অলমোস্ট কমপ্লিট রাইজিংম্যান হয়েছি। আমাদের অন্য কাজগুলো হচ্ছে, ট্রিটমেন্ট প্ল্যান্টের ব্যাপারে ওরাই লোয়েস্ট টেন্ডার দিয়েছে, ওরাই গোলমাল করছে। যাই হোক, ওদের নতুন চেয়ারম্যান যিনি আছেন, তিনি কথা দিয়েছেন, আর দু-মাস আমরা দেখবো বলেছি। এর পরে আমাদের আর কিছু করার নেই, আমাদের ব্যবস্থা নিতে হবে। ট্রিটমেন্টে প্ল্যান্টের কাজে আমরা খুশি নই। এখন আমরা শুনছি এন. জি. সি. সি.-র পক্ষ থেকে সেখানে কিছু কাজ করা হচ্ছে। সেটা দেখা যাক কিভাবে হয়। আমরা আশা করি এই বিরাট প্রোজেক্ট, যেটা সবচাইতে বড়ো, যে অসুবিধাটা হচ্ছে আমাদের—বিধানসভায় পঙ্কজবাবুর এর আগের দিন যে প্রশ্ন করেছিলেন, তখন আমি বলেছিলাম—মধ্যপ্রদেশের যিনি মুখ্যমন্ত্রী ছিলেন, সেই বয়স্ক ভদ্রলোক, সুন্দরলাল পাটোয়া, যিনি এই দপ্তরের মন্ত্রী, তাকে এখানে নিয়ে আসা হয়েছিল একটা ইন্টারন্যাশনাল সেমিনার ইনঅগারেট করার জন্য, বি. জে. পি.-র মন্ত্রী, বললাম আপনি এসে

দেখে যান, পৃথিবীর ২৮টি দেশ থেকে প্রতিনিধিরা এখানে এসেছে। তখন উপ-মুখ্যমন্ত্রী ছিলেন বুদ্ধদেব ভট্টাচার্য, উনি চিফগেষ্ট ছিলেন। উনি অসুস্থ বলে এখন এই দপ্তরের মন্ত্রী হয়েছেন বেঙ্কটাইয়া নাইডু, দুঃখের বিষয় ওনাকেও আমরা বললাম, যখন কংগ্রেসি রাজত্ব ছিল, তখন তাদের সঙ্গে আমাদের গণ্ডগোল ছিল, কিন্তু আমরা আলাপ-আলোচনা করে ৭৫ : ২৫ পারসেন্ট করে মালদহের স্কিম আমরা করেছিলাম। এখন তো লোকে সেখানে জল পাচ্ছে। যুক্তফ্রন্টের দেবগৌড়া যখন প্রধানমন্ত্রী ছিলেন, তখন এই দপ্তরের মন্ত্রী ছিলেন ইয়ারানা নাইডু, তার সঙ্গে আলোচনা করে ২৩২ কোটি টাকার একটা স্কিম আমরা নিয়ে এসেছিলাম। আর এখন বি. জে. পি.-র গভর্নমেন্ট রয়েছে, আপনারা এর মধ্যে কোনো পলিটিকস আনবেন না। উত্তর ২৪-পরগনার স্কিম, মালদহ, নদিয়ার স্কিমগুলো আপনারা স্যাংশন করুন। স্যাংশান তো করলেনই না, স্পষ্ট জানিয়ে দিলেন যে, ভারত সরকার সিদ্ধান্ত নিয়েছে, এই সাবমিশানে যে টাকা দেওয়া হত সেটা আমরা বন্ধ করে দিচ্ছি। এর জন্য আমি সমস্ত এম. পি.-কে চিঠি দিলাম, পশ্চিমবাংলার যতজন এম. পি. আছে, যতজন রাজ্যসভার সদস্য আছেন সবাইকে আমরা চিঠি দিলাম। আমি মন্ত্রীদেরকে বললাম আপনারা কি পার্লামেন্টে আলোচনা করেছেন ? আপনারা কি রাজ্য সরকারের সঙ্গে আলোচনা করেছেন ? বিভিন্ন রাজ্যে যেখানে কংগ্রেসের গভর্নমেন্ট আছে, তাদের সঙ্গেও আমি কথা বলেছি। তারাও বলছে এতে খুব মুশকিল হল, খুব ক্ষতি হল। তারা বলছে আপনাদের সঙ্গে আমরা একমত। এটা শুধু পশ্চিমবাংলার বিষয় নয়। কিন্তু দিল্লির বক্তব্য হচ্ছে আর্সেনিক হোক, ফ্লোরাইড হোক, আমরা আর টাকা দেব না। এমনি যে নর্মাল টাকা দিই, যুগ যুগ ধরে দিচ্ছি, তার থেকে আপনারা টাকা খরচ করুন। আমি বললাম এটা আপনাকে কেন বলতে হবে। জওহরলাল নেহেরুর আমল থেকে তো এই নিয়ম রয়েছে, রাজ্য সরকার যদি ৫০ কোটি টাকা রাখে, তবে দিল্লি ৫০ কোটি টাকা দেবে। আমাদের স্কিমের নাম এম. এম. পি., আর দিল্লির স্কিমের নাম এ. আর. পি.। এ. আর. পি.-র টাকা আমরা খরচ করব, সে ৫০/৬০, কত খরচ করব সেটা আমরা বুঝব। এর জন্য আপনাদের সার্কুলার দেওয়ার কি আছে ? আপনারা যে ৮০০/৯০০ কোটি টাকা আর্সেনিক, ফ্লোরাইডের জন্য দিতেন সেই ফাণ্ডটাকে আপনারা উড়িয়ে দিলেন কার সঙ্গে কথা বলে ? কোনো জবাব নেই। পঙ্কজবাবু বলেছেন, আমরা সবাই মিলে গিয়ে যদি ওনাদের বোঝাতে পারি, কারণ ওনাদের সঙ্গে তো বন্ধুত্ব আছে—তারপর ওরা এক সময় গভর্নমেন্টে ছিল, আবার ওরা গভর্নমেন্টে যাবে। এমনি নর্মাল জল প্রকল্পের কথা ছেড়ে দিন, রাজ্য সরকার ১০০ কোটি টাকা খরচ করেছে এই আর্সেনিকের জন্য। ৩৫০ কোটি টাকার কাছাকাছি আমাদের বাজেট, এটা তো আমরা খরচ করছি, শুধু আর্সেনিকের জন্য আমরা ১০০ কোটি টাকা খরচ করেছি। দিল্লির কাছ থেকে ২০০ কোটি টাকা পেয়েছি সমস্ত প্রোজেক্টের জন্য, বাকি সাহায্য নাহলে খুবই মুশকিল হবে তবুও এটা জেনে খুশি হবেন, রিপোর্টে যেটা আছে, ৬৭ লক্ষ লোক এই আর্সেনিক এ্যাফেক্টেড এরিয়ায় বাস করেন। হচ্ছে মানে, এরা সবাই এ্যাফেক্টেড তা নয়।

৭৬ লক্ষ লোক, তাদের মধ্যে ৩৫ লক্ষ লোকের কাছে আর্সেনিক মুক্ত জল দিতে পেরেছি। ২০ লক্ষের কাছাকাছি দক্ষিণ ২৪-পরগনার স্কিমে কভার্ড হবে। কিন্তু দিল্লির সাহায্য না পেলে আমাদের মুশকিল হবে। এই কথাগুলো বললাম পি. এইচ. ই. সম্পর্কে।

হাউসিং সম্বন্ধে বলছি। সারা ভারতবর্ষ জুড়ে যত বাড়ি-ঘর হয়, তার খুব কম সংখ্যকই সরকার করে। বেশিরভাগ মানুষ নিজেরা করে, কো-অপারেটিভ-এ করে, শহরাঞ্চলে প্রমোটাররা করে—মানুষ কেনে। সরকার ১০ শতাংশ মতো করে। এই ব্যাপারে কংগ্রেস, বি. জে. পি.-র কোনো পার্থক্য নেই। লিখিত বক্তব্য আছে—যেটা আমরা মানি না—শীলা কলের আমল থেকে। In the housing sector govt. should be a facilitator. যারা বাড়ি করতে চান—আপনারা জমি যোগাড় করবেন, রাস্তা-ঘাট, ড্রেন, স্যুয়ারেজ, ইলেকট্রিসিটি, সমস্ত পরিকাঠামো করে দেবেন, বাড়ি করবে এজেন্সি বা মানুষ নিজেরা। এটাই সরকারের বক্তব্য। আমরা জানি সরকার সব বাড়ি করতে পারবে না। আমাদের পলিসি হচ্ছে—কলকাতা এবং তার আশেপাশে আমরা ৫ হাজার, ৭ হাজার ফ্ল্যাট নিয়ে বসে আছি, সরকারের হাতে এটা—আইদার ইট ইজ টু বি হাউসিং ডিপার্টমেন্ট, অর হাউসিং বোর্ড, অর জয়েন্ট সেক্টর, হোয়াট এভার ইট মে বি—যার উপরে সরকারের একটা নিয়ন্ত্রণ আছে। যখন আমরা দেড় লক্ষ টাকায় এল. আই. জি., ৫/৬ লক্ষ টাকায় এম. আই. জি., ৭/৮ লক্ষ টাকায় এইচ. আই. জি. ফ্ল্যাট রেখেছি, তখন প্রমোটাররা যা ইচ্ছে একটা দাম নেবে, সেটা মুশকিল আছে। বাইপাসের ধারে, ভি. আই. পি. রোডে আমাদের দুটো প্রোজেক্ট রয়েছে, যাতে ওরা বাজারকে একতরফা ভাবে নিয়ন্ত্রণ না করতে পারে। সরকারের সেখানে একটা নিয়ন্ত্রণ থাকবে। সেখানে হাউজিং বোর্ড, হাউজিং ডিপার্টমেন্ট, তার সঙ্গে জয়েন্ট সেক্টরও পড়ছে। মহামান্য রাষ্ট্রপতি এসেছিলেন। এখানে শুনলাম হাউজিং সেক্রেটারিও গিয়েছিলেন। মন্ত্রী জগমোহন দিল্লিতে মিটিং করেছেন সারা রাজ্যের হাউজিং মিনিস্টারদের নিয়ে। সেখানে বলেছেন—ওয়েস্ট বেঙ্গলে গিয়ে জয়েন্ট সেক্টর দেখে আসুন, ওখানে প্রমোটারদের নিয়ন্ত্রণ করবার জন্য কি আইন করেছে। সেটা উল্লেখ করেছেন এবং কিছু অফিসারও আসবেন। জয়েন্ট সেক্টর নিয়ে সৌগতবাবু বলেছেন, আমি উত্তরও দিয়েছি। টেন্ডার করা হয়েছিল। সেই selection কমিটির চিফ সেক্রেটারি তরুণ দত্ত ছিলেন, ছিলেন ভারত সরকারের হাডকো-র রিজিওন্যাল চিফ। যখন প্রথম পাইলট প্রোজেক্ট করি, তখন কিছু অ্যাপ্লিকেশন পড়েছিল। তার থেকে একটা দুটো বাছা হয়েছিল। তারপর সারা দেশে বিজ্ঞাপন দেওয়া হয়, ৪৮টি সংস্থা application দিয়েছিল। সেই কমিটি তার ফিনান্সিয়াল, এক্সপিরিয়েন্স, সমস্ত কিছু দেখে ঠিক করল। শোভনদেববাবু বললেন হর্ষ নেউটিয়া সম্বন্ধে। তাকে বাদ দেব কেন ? হর্ষ নেউটিয়া তো করছে। তাকে পদ্মশ্রী তো আমরা দিইনি, দিল্লির সরকারই দিয়েছে ফর সোস্যাল হাউজিং। প্রাইম মিনিস্টারের অফিস থেকে কুলকার্নি এসেছিল এই হাউজিং দেখতে। প্রধানমন্ত্রী অটলবিহারী বাজপেয়ীর ক্যাসেট দেখেছেন কি করে এই জয়েন্ট সেক্টরে বাড়ি হচ্ছে। একের পর এক মন্ত্রী এসে দেখছেন। শুধু হর্ষ নেউটিয়া করছে না, বেঙ্গল পিয়ারলেসও করছে, অন্যরাও করছে। যেটা সুব্রতবাবু, সৌগতবাবুও বলেছেন, আমরা

বলছি, দরকার হলে টেন্ডারে করব। অম্বিকাবাবুকে বললাম, আপনার জানাশোনা কেউ আছে নাকি, হর্স নেউটিয়াকে বাদ দিয়ে তাকে প্লেস করতে পারেন। তাতে অসুবিধা নেই।

[4.50—5.00 p.m.]

অ্যাপ্লাই করতে বলবেন। এরপর যখন হবে, তখন অ্যাপ্লাই করতে বলবেন। তাতে অসুবিধার কোনো বিষয় নেই। আর নিউ টাউনশিপ-এর ব্যাপারে বলে আমি শেষ করব। জেনে খুশি হবেন যে, যে প্লট আমরা ডিস্ট্রিবিউট করেছি, মানুষ পেয়ে গেছে, তারপর কয়েকদিনের মধ্যে যেটা পাবে—২ লক্ষ মানুষ ইতিমধ্যেই নিউ টাউনশিপে থাকার জায়গা পেয়ে গেছেন। মানে এক-একটা ফ্যামিলিতে যদি ৫ জন লোক ধরলে সেই পাঁচ ধরে ২ লক্ষ আমি বলছি। সাড়ে ৭ লক্ষ মানুষের জন্য টাউনশিপ। আর ২ লক্ষ মানুষ ইতিমধ্যে জমি পেয়ে গেছেন। আর সামান্য কিছু যেটা বাকি আছে, কয়েকদিনের মধ্যে পাবেন। আশা করি এখন কাদা আছে এবং এই কাদা কমে গেলে আপনাদের সবাইকে নিয়ে যাওয়া হবে। বিধানসভা এই সবে শুরু হয়েছে এবং আপনারা বিধানসভার সদস্য নিশ্চয় যাবেন দেখতে। আশা করি এই শীতকালেই হাজার হাজার মানুষকে জমি দেখিয়ে বলে দিতে পারব যে "আপনি আপনার বাড়ি করতে শুরু করুন।" এই শীতকালেই বলব। সেইভাবেই আমরা পরিকল্পনা নিয়ে এগোচ্ছি। এটা জেনেও খুশি হবেন যে এই যে সাড়ে ৭ লক্ষ মানুষ এখানে থাকবেন, তার ৭৫ পারসেন্ট মানুষ হচ্ছে ই. ডবলু. এস., এল. আই. জি. এবং এম. আই. জি। বাকি হচ্ছে ২৫ পারসেন্ট এইচ. আই. জি. অথবা এন. আর. আই। সেইভাবে গোটা জিনিসটা আমরা করেছি। রিহ্যাভিলিটেশানের প্রথমে আমরা নিয়ে এসেছিলাম প্ল্যানিং কমিশনের ভাইস-চেয়ারম্যান কে. সি পন্থকে। প্রথম রিহ্যাভিলিটেশান। একটা বাড়ি—আমাদের বলা হয়েছে হোল রাজারহাট টাউনশিপে একটা বাড়ি ভাঙা যাবে না। গ্রাম শেষ, জমি শুরু। সেখানে জমি নেব। হয়তো গ্রাম শেষ হওয়ার পরে জমির মাঝখানে একটা-দুটো কুঁড়েঘর, তাকে সরাতে হবে। কিন্তু সেই লোকটার বাড়ি করে তারপর তাকে সরাতে হবে। এই রকম বাড়ি যখন করি, কে. সি. পন্থকে দিয়ে করিয়েছিলাম। প্ল্যানিং কমিশনের ভাইস-চেয়ারম্যান, যেটাতে আগে প্রণব মুখার্জি ছিলেন, এখন কে. সি. পন্থ, সাড়ে ৬ কোটি, ৭ কোটি টাকা, নিজস্ব ফান্ড থেকে আনটায়েড ফান্ড ডিস্ট্রিবিউট করে, তার ৫ কোটি টাকা দিয়েছেন রাজারহাটকে। সারা ভারতবর্ষকে সাড়ে ৬ কোটি টাকা উনি বিলি করেছেন। তার ৫ কোটি টাকা দিয়েছেন শুধু রাজারহাটকে। এটাও জেনে রেখে দিন তন্ময়বাবু, রাজারহাট বিধানসভায় যেসব জমি আমরা নিয়েছি কৃষকদের, তার একটা জায়গা, থাকদাড়ি, মহিষগোট, মহিষবাথা একটা জায়গাও পাথরঘাটা যেখানে তৃণমূলের গ্রাম পঞ্চায়েত, প্রত্যেকটা জায়গায় আমরা জিতেছি। দুর্ভাগ্যজনকভাবে যে জায়গায়, ভি. আই. পি. রোডের উপর, তার সাথে নিউ টাউনশিপের কোনো সম্পর্ক নেই। আপনি না জানলে উনি জানেন। আপনাকে আমি তালিকা দিয়ে দিতে পারি। আমরা কৃষকদের কাছ থেকে যে জমি নিয়েছি, একটা কৃষককেও ঠকাইনি। যা বলেছি, তাই নিয়েছি এবং কৃষকরা ওখানে কাজ পাবে। কৃষকদের ফ্যামিলি—কৃষকরা

জমি পাবে ১৫ হাজার টাকা কাঠার। যেখানে ১০-১২ হাজার টাকায় কাঠা জমি নিচ্ছি, যে জমিতে—এটা তো সরকারি কোম্পানি, কয়েকদিন পরেই হিসাব পাবেন, সি. এ. জি.-র কাছে রিপোর্ট চলে গেছে। They are satisfied. Anytime that will be placed in the Assembly. আপনি দেখবেন, তাতে একটা নয়া পয়সাও এদিক-ওদিক করার চান্স নেই। সেখানে জমি ভরাট করে, রাস্তা, জল, ইলেকট্রিক সমস্ত মডার্ন ফেসিলিটিজ দিয়ে জমি তৈরি করছি।

মিঃ স্পিকার : আপনার আর কতক্ষণ লাগবে। ৪-৫৪তে শেষ হওয়ার কথা ছিল, ওটা আমি আরও ১৫ মিনিট সময় বাড়িয়ে দিলাম।

শ্রী গৌতম দেব : এটা ব্রেক ইভেন প্রাইজে যেতে প্রায় ২ লক্ষ টাকা লাগে। আমরা সেটা ক্রশ সাবসিডি দিয়ে করছি। সেখানে ১৫ হাজার টাকায় আমরা জমি দিচ্ছি। যারা রিহ্যাভিলিটেশান করছে, তাদের ১৫ হাজার টাকা কাঠায় জমি দিচ্ছি। অন্যান্য ফেসিলিটিজ দিচ্ছি। সেখানে এতবড় একটা প্রোজেক্ট তার যদি কোনো ত্রুটি-বিচ্যুতি থাকে, আমি তন্ময়বাবুকে বলেছি, ওঁর সঙ্গে আলোচনা করেছি। আপনি এম. এল. এ। আপনি থাকবেন। আপনাদের ওখানে পঞ্চায়েত সমিতি তৃণমূল। পঞ্চায়েত সমিতির চেয়ারম্যান, তিনি আমাদের সমস্ত কমিটিতে আছেন। ল্যান্ড-এর দাম ঠিক করেন। আমি কোনোদিন মিটিং-এ যাই না। ল্যান্ড-এর দাম আমি বলতে পারব না। ওই কমিটি বসে ঠিক করে। ওরা যা রেকমেন্ড করে আমরা তাই মানি। আমি অফিসারদের বলেছি পঞ্চায়েতপ্রধান, ব্লকের চেয়ারম্যান, এম. এল. এ., এরা যা বুঝবে গ্রামের জমির দাম, আপনারা তা বুঝবেন না যখন ডাইরেক্ট কেনা হবে এবং আপনি নতুন এম. এল. এ., আপনিও কমিটিতে থাকবেন। এটা কোনো দলের বিষয় নয়। এটা বড়ো কাজ নানা অসুবিধা থাকতে পারে। আর এনভায়রনমেন্ট ক্লিয়ারেন্স গ্রিন বেঞ্চ, ইয়লো বেঞ্চ সব বেঞ্চকেই ফেস করতে রাজি আছি। কোনো অসুবিধা নেই। সেখানে করে নিয়ে আমাদের ফার্স্ট অ্যাকশান এরিয়া প্ল্যান সেটা ক্লিয়ার হয়েছে। অ্যাকশন এরিয়া টু সেটা আমরা হাই কোর্ট থেকে ক্লিয়ার করেছি এবং তার মনিটরিং প্রতিমাসে ১ মাস, ২ মাস অন্তর এনভায়রনমেন্ট ডিপার্টমেন্ট সেটা মনিটরিং করছে। তার টার্মস অ্যান্ড কন্ডিশনস যা দেওয়া হয়েছে সেগুলি ফুলফিলড হচ্ছে কিনা সেগুলি যেভাবে একটা বড়ো সরকারি প্রকল্প গোপনে কিছু করা যায় না। এতবড় কাজ সেইভাবে জিনিসটা করা হচ্ছে। সেইভাবে ইনডিভিজুয়ালি প্রোমোটার আইনের মধ্য দিয়ে আমরা কিছুটা নিয়ন্ত্রণ করছি। ইনডিভিজুয়ালি প্রোমোটার আইনের মাধ্যমে আমরা কিছু উন্নয়ন করেছি যেটাতে আমাদের আইনগত নিয়ন্ত্রণ। তাতে আমাদের প্রোডাকশন বেড়েছে। যেমন রাজারহাট টাউনশিপে আমরা খুব একটা বাড়ি করব না নিজেরা, কারণ ইনফ্রাস্ট্রাকচারাল ফেসিলিটিস দিয়ে জয়েন্ট সেক্টর কি বাড়ি করবে, কটা বাড়ি করতে পারে ? সাড়ে সাত লক্ষ বাড়ি হবে। একটা জয়েন্ট সেক্টর কি দুশোটা জয়েন্ট সেক্টর করে দিলেও তারা বাড়ি করতে পারবে না। সুতরাং বহু মানুষ সেখানে কাজ পাবেন। সব মিলে ৮ হাজার, ১০ হাজার কোটি টাকার আল্টিমেটলি একটা ইনভেস্টমেন্ট হবে। সরকারের কয়েক কোটি টাকার ইনভেস্টমেন্ট

হবে, কয়েক হাজার কোটি টাকার ইনভেস্টমেন্ট হবে। এইভাবে আমরা একটা মনোভাব নিয়ে হাউসিং ডিপার্টমেন্ট সকলের সাহায্য সহযোগিতা নিয়ে আমরা চালাচ্ছি। ওখানে তো নিশ্চয়ই বিভিন্ন দলমতের লোক আছেন, তাঁরা সাহায্য করেছেন তা নাহলে এখনও পর্যন্ত একদিনও লাঠিচার্জ করতে হয়নি। এটা আমরা বলতে পারি না যে মানুষ সাহায্য করছেন না। ভোটের সময়ে নানা কথাবার্তা হয়। আশা করি সেইভাবে সাহায্য করলে আমরা মানুষের জন্য কাজ করতে পারব। ২২ হাজার বিঘা জমির মধ্যে ১০/১২ হাজার বিঘা জমি এখনও আমাদের হাতে আছে, গভর্নমেন্টের হাতে আছে একদিনও লাঠিচার্জ করতে হয়নি। এই হচ্ছে বিষয় এই কথা বলে বাজেটকে সমর্থন করে কাটমোশানকে বিরোধিতা করে আমার বক্তব্য শেষ করছি।

Mr. Speaker: Now voting on Demand No. 36 for grant. There are 17 cut motions to Demand No. 36. All the motions are in order and taken as moved. I put all of them to vote.

The motion that the amount of the Demand be reduced to Re. 1, was then put and lost. The motions that the amount of the Demand be reduced to Rs. 100 were then put and lost.

The motion of Dr. Asim Kumar Dasgupta that a sum of Rs. 90,79,29,000 be granted for expenditure under Demand No. 36, Major Heads : "2216–Housing, 4216–Capital outlay on Housing and 6216–Loans for Housing" during the year 2001-2002.

(This is inclusive of a total sum of Rs. 30,26,44,000 already voted on account in February, 2001.)

was then put and agreed to.

Mr. Speaker: Now I am taking up voting on Demand No. 35 for grant. There are 38 cut motions to Demand No. 35. All the motions are in order and taken as moved. I put all of them to vote.

The motion that the amount of the Demand be reduced to Re. 1/- was then put and lost. The motions that the amount of the Demand be reduced to Rs. 100/- were then put and lost.

The motion of Dr. Asim Kumar Dasgupta that a sum of Rs. 381,81,76,000 be granted for expenditure under Demand No. 35, Major Heads : "2215–Water Supply and Sanitation (Excluding Prevention of Air and Water Pollution) and 4215–Capital Outlay on Water Supply and Sanitation (Excluding Prevention of Air and Water Pollution) during the year 2001-2002.

(This is inclusive of a total sum of Rs. 127,27,26,000 already voted on account in February, 2001),

was then put and agred to.

Demand No. 44

Major Heads : 2245—Relief on account of Natural Calamities.

শ্রী হাফিজ আলম সৈরানি : মাননীয় অধ্যক্ষ মহাশয়, মাননীয় রাজ্যপালের সুপারিশ অনুযায়ী আমি ২০০১-২০০২ আর্থিক বছরে ৪৪ নং অনুদানের অন্তর্গত "২২৪৫ নং প্রাকৃতিক বিপর্যয় জনিত ত্রাণ" খাতে মোট ২৮৭,৩২,০০,০০০ (দুইশত সাতাশি কোটি বত্রিশ লক্ষ) টাকার ব্যয় মঞ্জুরির দাবি পেশ করছি। এর মধ্যে ভোট-অন-অ্যাকাউন্ট-এ গৃহীত ২২৯,৮৫,৬০,০০০ (দুইশত উনত্রিশ কোটি পঁচাশি লক্ষ ষাট হাজার) টাকাও ধরা হয়েছে।

১। এই প্রসঙ্গে সভার মাননীয় সদস্যদের অবগতির জন্য জানাই যে প্রস্তাবিত ব্যয় মঞ্জুরির মধ্যে ত্রাণ-দপ্তর ছাড়াও ত্রাণ ও পুনর্গঠন কার্যের সঙ্গে সংশ্লিষ্ট অন্যান্য দপ্তরের অংশও রয়েছে। এ সম্পর্কে বিস্তারিত বিবরণ ইতিমধ্যেই সভায় পেশ করা ২০০১-২০০২ আর্থিক বছরের ১৯ সংখ্যক প্রকাশনার বাজেট বইতে লিপিবদ্ধ আছে।

২। প্রারম্ভেই আমি ত্রাণকার্যের প্রয়োজনীয়তা সম্বন্ধে মাননীয় সদস্যদের দৃষ্টি আকর্ষণ করতে চাই। বৈচিত্র্যপূর্ণ আবহাওয়া ও ভূপ্রকৃতিগত তারতম্যের কারণে পশ্চিমবঙ্গকে প্রায়শই খরা, বন্যা, প্রবল বৃষ্টিপাত, শিলাবৃষ্টি, ঘূর্ণিঝড়, টর্নেডো, নদীভাঙন, ধস নামার মতো নানা ধরনের প্রাকৃতিক বিপর্যয়ের সম্মুখীন হতে হয়। ২০০০ সালে ১৭-৯ থেকে ২১-৯ পর্যন্ত ময়ূরাক্ষী দামোদর, বরাকর, অজয় এবং ভাগীরথী-হুগলির অববাহিকায় অবিশ্রান্ত ও অভূতপূর্ব প্রবল বৃষ্টিপাতের ফলে এই রাজ্যের ১৮টি জেলার মধ্যে ৯টি জেলা ব্যাপক বন্যার কবলে পড়ে, তাছাড়া এই জেলাগুলিতে স্থানীয় প্রবল বৃষ্টি পরিস্থিতিকে আরও শোচনীয় করে তোলে। সাম্প্রতিক ভয়াবহ বন্যায় বীরভূম, বর্ধমান, মুর্শিদাবাদ, নদিয়া, হুগলি, হাওড়া, মেদিনীপুর, উত্তর চব্বিশ পরগনা এবং মালদহ জেলা বিশেষভাবে ক্ষতিগ্রস্ত হয়। ওই জেলাগুলির ৬৮টি পৌরসভা এবং ১৭১টি ব্লকের প্রায় ২১৮.১৮ লক্ষ অধিবাসী বন্যার কবলে পড়ে এবং সর্বাপেক্ষা পরিতাপের বিষয় এই যে প্রবল বন্যার কারণে ১৩৬২ জনের প্রাণহানি ঘটে।

৩। প্রায় ১৯.২০ লক্ষ হেক্টর ফসলি জমি ক্ষতিগ্রস্ত হয় এবং যার বিনষ্ট ফসলের আনুমানিক মূল্য ৩৮৬৬ কোটি টাকা। ২১,৯৪,৮৫৮টি বাড়ি আংশিক অথবা সম্পূর্ণভাবে ক্ষতিগ্রস্ত হয়। সর্বোপরি এই ভয়াবহ বন্যার কারণে সড়ক এবং রেল যোগাযোগ ব্যবস্থা কোনো কোনো স্থানে বিশেষভাবে বিপর্যস্ত হয়।

৪। মাননীয় অধ্যক্ষ মহাশয়,

বাজেট চাহিদা পেশ করার পূর্বে আমি মাননীয় সদস্যদের দৃষ্টি আকর্ষণ করে জানাই যে—

২০০০ সালে বীরভূম জেলার প্রায় ২,৮২,৫০০ হেক্টর জমি ব্যাপকভাবে বন্যা কবলিত হয়, তার মধ্যে ফসলি জমির পরিমাণ ২,৪০,৩০০ হেক্টর। মোট ২২৮ জনের জীবনহানি হয়। ৪,৫৭,৯৪৭টি বাড়ি ক্ষতিগ্রস্ত হয়। প্রবল বন্যায় এই জেলার ৫টি পৌরসভা এবং ১৯টি ব্লকের প্রায় ৩৩ লক্ষ মানুষ ব্যাপক ক্ষয়ক্ষতির সম্মুখীন হয়।

৫। মুর্শিদাবাদ জেলাও শোচনীয়ভাবে ক্ষতিগ্রস্ত হয়। ময়ূরাক্ষী অববাহিকার নিম্ন অংশে অবস্থিত মুর্শিদাবাদ জেলার কান্দি মহকুমা সম্পূর্ণভাবেই জলমগ্ন হয়। এই সময়েই জেলার সদর দপ্তর বহরমপুরেও অস্বাভাবিক বৃষ্টিপাত হয়, যার পরিমাণ প্রায় ১২০০ মিলিমিটারের মতো। এই প্রবল বৃষ্টিপাতের ফলে এই অঞ্চলেও ভয়াবহ বন্যা দেখা দেয়। এই জেলায় ৪,৫০,৬০০ হেক্টর কৃষিজমি বন্যা কবলিত হয়। ৬৬৩ জন মানুষের মৃত্যু হয়। ৭টি পৌরসভা ও ২৬টি ব্লকের অন্তর্গত ৪,৯০,৩১৩টি বাড়ি ক্ষতিগ্রস্ত হয়।

৬। নদিয়া জেলার বন্যা পরিস্থিতি ছিল অতীব ভয়াবহ। স্বরূপগঞ্জে ভাগীরথী-জলঙ্গী নদীর জলসীমা ২৮৮ মিলিমিটার পর্যন্ত ওপরে ওঠে, যা ছিল চূড়ান্ত বিপদসীমার ওপরে। নবদ্বীপ ও কৃষ্ণনগর শহর দুটি সম্পূর্ণভাবে প্লাবিত হয়। পদ্মার কূলপ্লাবিত জলরাশি মাথাভাঙ্গা ও জলঙ্গী নদী দিয়ে প্রবাহিত হবার ফলে এই জেলার অবস্থা আরও শোচনীয় আকার ধারণ করে। নদিয়া জেলার প্রায় সমস্ত ব্লকগুলোই ব্যাপক বন্যার কবলে পড়ে এবং কল্যাণী শহরটি প্রায় জলমগ্ন হয়।

৭। অজয় নদের অববাহিকায় প্রবল বৃষ্টিপাতের ফলে বর্ধমান, হুগলি, এবং হাওড়া জেলা ভীষণভাবে ক্ষতিগ্রস্ত হয়।

বর্ধমান জেলার ৯টি পৌরসভা এবং ২৫টি ব্লকের প্রায় ৩৩.২৫ লক্ষ মানুষ বন্যা কবলিত হয়। ২,১৫,৬৯৫টি বাড়ির বিশেষ ক্ষতি হয়। উদ্ধার করা মানুষকে আশ্রয় দেবার জন্য ৪০৫৯টি ত্রাণ শিবির খোলা হয়।

হুগলি জেলার পুরশুড়া এবং খানাকুল ব্লকের অধিকাংশ অঞ্চলই জলপ্লাবিত হয়। আরামবাগ সদর, চন্দননগর এবং শ্রীরামপুরেও বন্যার বিশেষ প্রভাব লক্ষ্য করা যায়। ৩৪.৭০ লক্ষ মানুষ বন্যা কবলিত হয়। হুগলি জেলাতেই ২৯ জনের মৃত্যু হয়।

হাওড়া জেলাতেও ব্যাপক ক্ষয়ক্ষতি হয়। হাওড়া জেলায় ১১,৯২৩টি বাড়ির বিশেষ ক্ষতি হয়, এই জেলায় ক্ষতিগ্রস্ত মানুষের সংখ্যা ৪.৫০ লক্ষ। একজনের প্রাণহানি ঘটে।

৮। উত্তর চব্বিশ পরগনাতে বন্যার বিশেষ ক্ষতিকর প্রভাব লক্ষ্য করা যায়। এই জেলার এক বিশাল অংশ জলপ্লাবিত হয়। তার মধ্যে সর্বাপেক্ষা ক্ষতিগ্রস্ত অঞ্চল হল বনগাঁ

মহকুমা। বাগদা, বনগাঁ এবং গাইঘাটার ব্লকগুলির বন্যাপরিস্থিতি ছিল অতীব শোচনীয়। বাংলাদেশ থেকে বন্যার জল প্রবেশ করায় ইছামতীও কপোতাক্ষ নদের জলে সমগ্র মহকুমা প্লাবিত হয়।

৯। ১৮.৯.২০০০ থেকে শুরু করে পাঁচদিন মালদহ জেলায় প্রবল বৃষ্টি হয়। এই বৃষ্টিপাতের পরিমাণ ছিল প্রায় ২৫৮ মিলিমিটার। ক্রমাগত নদী ভাঙনের ফলে ষষ্ঠ রিটায়ার্ড বাঁধটির নদীগর্ভে ধসে পড়ে এবং সেই কারণে ইংলিশবাজার, কালিয়াচক-২, মানিকচক এবং কালিয়াচক-৩ নং ব্লকের এক বিশাল অংশ ক্ষতিগ্রস্ত হয়। গঙ্গার জলসীমা উপরে ওঠার ফলে রতুয়া-১ এবং রতুয়া-২ নং ব্লকের বিশাল অংশ জলপ্লাবিত হয়। জেলার মোট ১.০২ লক্ষ মানুষ ক্ষতিগ্রস্ত হয়। মোট পরিবারের সংখ্যা ১৯,৭৪০। ৪৫৬টি বাড়ির ক্ষতি হয়। প্রধানত ভাঙনের ফলে গঙ্গানদী কালিয়াচক-২ ব্লকের প্রায় ৪.৫ বর্গ কিলোমিটার জমি গ্রাস করে।

১০। ২০০০ সালের ১৮ই ও ১৯শে সেপ্টেম্বর মেদিনীপুর জেলায় প্রবল বৃষ্টি হয়। এর ফলে এই জেলার এক অংশ প্লাবিত হয়। ২৪টি ব্লক, ৬১টি গ্রাম পঞ্চায়েতের ৯.৯৮ লক্ষেরও বেশি মানুষ ক্ষতিগ্রস্ত হয়। ১২ জনের মৃত্যু হয়। গৃহহারা মানুষদের আশ্রয় দেবার জন্য ৪৮টি ত্রাণ শিবির খুলতে হয়।

১১। সমস্ত বন্যা কবলিত জেলাগুলিতে জেলা পরিষদ, পঞ্চায়েত সমিতি, এবং গ্রাম পঞ্চায়েতের নির্বাচিত প্রতিনিধিগণ এবং জেলার প্রশাসকগণ সম্মিলিতভাবে ত্রাণ ও উদ্ধারকার্য পরিচালনা করেন। পরিস্থিতির মোকাবিলার জন্য ত্রাণ বিভাগে তথা জেলাগুলিতে ২০.৯.২০০০ থেকে দিন রাত্রি ব্যাপী "কন্ট্রোল রুম" চালু হয়। বন্যাপরিস্থিতির উন্নতি হবার পরও ২৯.১০.২০০০ পর্যন্ত এই ব্যবস্থা বজায় ছিল। সমস্ত বন্যাকবলিত অঞ্চলে উদ্ধারকার্য পরিচালনা এবং উদ্ধার করা মানুষদের আশ্রয়, খাদ্য ও বস্ত্র দান এবং চিকিৎসার বন্দোবস্তের জন্য প্রশাসন অবিরত কাজ চালিয়ে যায়। ৪০.৩৩ লক্ষ জলবন্দী মানুষকে উদ্ধার করে ২১.৪৮৪টি ত্রাণ শিবিরে আশ্রয় দেওয়া হয়।

প্রাকৃতিক দুর্যোগের ফলে উদ্ভূত পরিস্থিতির মোকাবিলার জন্য ত্রাণ বিভাগ ২০০০-২০০১ আর্থিক বছরে বিভিন্ন জেলাগুলিতে মোট ২১৬৬ মেট্রিকটন গম, ৬৪,১৮৫ মেট্রিকটন চাল, ১০,৪৪,৬৭০টি ত্রিপল, ৮৮,০০০টি শাড়ি, ৯৩,২০০টি ধুতি, ২৬,৪০০টি লুঙ্গি ৭৩,৪০০টি শিশুদের পোশাক, ৪৫,০০০টি সূতির কম্বল, ১৫,০০,০০০টি পশমের কম্বল, ৬৮০ ব্যাগ শিশুদের দুধ, গৃহনির্মাণ বাবদ ২০৫,১২,৪৫,০০০ টাকা এবং ত্রাণ খাতে উপনিমিত্ত ব্যয় হিসাবে ২৫,০৫,৯১,২৪৩ টাকা আবণ্টন করেছে। মৃত ব্যক্তিদের পরিবারবর্গকে মোট ২,৭১,৪০,০০০ টাকা অনুদান হিসাবে দেওয়া হয়। অসহায় ও আর্ত মানুষদের মধ্যে পোশাক-পরিচ্ছদ, ত্রিপল এবং অন্যান্য ত্রাণসামগ্রী বিতরণ করা হয়। সর্বাপেক্ষা ক্ষতিগ্রস্ত ও দুর্গম অঞ্চলগুলিতে খাদ্য নিক্ষেপের জন্য হেলিকপ্টারকে কাজে লাগানো হয়, উদ্ধারকার্যে সামরিক বাহিনীর সাহায্যও নিতে হয়। জলবন্দী মানুষদের জীবন ও সম্পত্তি রক্ষার জন্য সমস্ত রকম সম্ভাব্য ব্যবস্থা সরকার গ্রহণ করে। রামকৃষ্ণ মিশন,

ভারত সেবাশ্রম সংঘ, কাশী বিশ্বনাথ সেবা সমিতি, কেয়ার প্রভৃতি স্বেচ্ছাসেবী সংস্থাগুলিও ত্রাণকার্যে সক্রিয় অংশগ্রহণ করে।

১২। "ইউনাইটেড নেশনস্ ইন্টারন্যাশানাল চিলড্রেন্স এমার্জেন্সি ফান্ড" রাষ্ট্রসংঘের আন্তর্জাতিক শিশু আপৎকালীন তহবিল, (ইউনিসেফ) কলকাতা শাখা এবং আন্দামান নিকোবর দ্বীপপুঞ্জের অধিবাসীদের প্রদত্ত ১,৫৬,০০০টি কম্বল এবং ১,৭০,০০০টি শিশু পোশাক বন্যা কবলিত জেলাগুলিতে বণ্টন করা হয়।

১৩। ২০০০ সালে বাঁকুড়া, হুগলি, জলপাইগুড়ি এবং মালদহ জেলায় ঘূর্ণিঝড়, শিলাবৃষ্টি এবং অগ্নিকাণ্ড জনিত দুর্ঘটনার ব্যাপক প্রকোপ লক্ষ্য করা যায়। এইসব ক্ষতিগ্রস্ত জেলাগুলিতে ত্রাণ বিভাগের পক্ষ থেকে প্রভূত পরিমাণ খাদ্যশস্য, নগদ খয়রাতি সাহায্য, ত্রাণখাতে উপনির্মিত্ত ব্যয়, ত্রিপল এবং পোশাক-পরিচ্ছদ আবণ্টন করা হয়।

১৪। ক্ষয়ক্ষতির মোটামুটি হিসাব ও পুনর্গঠনের জন্য অর্থের প্রয়োজনীয়তা সম্বলিত "ন্যাচারাল ক্যালামিটিস ইন ওয়েস্ট বেঙ্গল-২০০০" নামে একটি স্মারকলিপি ২০০০ সালের অক্টোবর মাসে কেন্দ্রীয় সরকারের কাছে পেশ করা হয়। ২০০০ সালের বন্যা জনিত কারণে বিভিন্ন বিভাগে ক্ষয়ক্ষতির আনুমানিক হিসাব ৫৬৬০.০৭ কোটি টাকা। সেখানে ত্রাণ ও পুনর্গঠন কাজের জন্য মাত্র ১,৫৮৭.৮০ কোটি টাকার প্রয়োজনীয়তার কথা বলা হয়েছে। ২০০০-২০০১ আর্থিক বছরে "বিপর্যয়জনিত ত্রাণ তহবিলের" আর্থিক বরাদ্দের পরিমাণ ছিল ১০১.১০ কোটি টাকা "জাতীয় দুর্যোগ জনিত উপনিমিত্ত ব্যয় তহবিল" থেকে যাতে ১,৪৮৬.৭০ কোটি টাকা (১৫৮৭.৮০ কোটি—১০১.১০ কোটি) পাওয়া যায় তা ওই স্মারকলিপিতে উল্লিখিত ছিল। ক্ষয়ক্ষতির পরিমাপের জন্য এক কেন্দ্রীয় সমীক্ষক দল ২৯.৯.২০০০ থেকে ২.১০.২০০০ পর্যন্ত বন্যা কবলিত জেলাগুলি পরিদর্শন করেন। কেন্দ্রীয় সরকার এ পর্যন্ত "জাতীয় দুর্যোগ জনিত উপনিমিত্ত ব্যয় তহবিল" থেকে অতিরিক্ত আর্থিক সাহায্য বাবদ ১০৩.২৫ কোটি টাকা মঞ্জুর করেছে।

১৫। প্রধানমন্ত্রীর ত্রাণ তহবিল থেকে প্রাপ্ত মোট ৬.৬০ কোটি টাকা প্রাকৃতিক দুর্যোগে মৃত ব্যক্তিদের পরিবারবর্গকে অনুদান হিসাবে আবণ্টন করা হয়েছে। এই একই উদ্দেশ্যে পশ্চিমবঙ্গ সরকারের পক্ষ থেকে মৃত ব্যক্তির পরিবার পিছু ২০,০০০ টাকা অনুদান দেওয়া হয়েছে।

১৬। পশ্চিমবঙ্গ সরকার গুজরাটের ভূমিকম্প বিধ্বস্ত মানুষদের দিকেও সাহায্যের হাত বাড়িয়ে দিয়েছে গুজরাট সরকারকে ২,০০,০০,০০০ টাকা, ১০,০০০টি পশমের কম্বল, এবং ৫০,০০০টি ত্রিপল পাঠানো হয়। পশ্চিমবঙ্গ সরকারের স্বাস্থ্য ও পরিবার কল্যাণ দপ্তরের পক্ষ থেকে ২০ লক্ষ টাকার ঔষধ-পত্র ভূমিকম্প বিধ্বস্ত মানুষদের মধ্যে বিতরণের জন্য পাঠানো হয়।

১৭। রাজ্যের বন্যাজনিত ক্ষয়ক্ষতির পুনর্গঠনের জন্য ২০০০-২০০১ আর্থিক বছরে "বিপর্যয়জনিত ত্রাণ তহবিল" থেকে বিভিন্ন দপ্তরকে মোট ৪৭৬.৮৬ কোটি টাকা আবণ্টন করা হয়েছে নীচে বিস্তারিত বিবরণ লিপিবদ্ধ করা হল :

দপ্তরের নাম	প্রদত্ত অর্থ (লক্ষ টাকায়)
১। কৃষি (ইনপুট) দপ্তর	৩০০০.০০
২। প্রাণী-সম্পদ বিকাশ দপ্তর	৩৯৫.০০
৩। বনবিভাগ	১৫০.০০
৪। স্বরাষ্ট্র (অসামরিক প্রতিরক্ষা) বিভাগ	৫০.০০
৫। স্বাস্থ্য ও পরিবার কল্যাণ বিভাগ	৭৮৭.০০
৬। সেচ ও জলপথ বিভাগ	৩৩৪৭.০০
৭। পৌর বিষয়ক বিভাগ	১০০.০০
৮। বিদ্যুৎ বিভাগ	৮০০.০০
৯। জনস্বাস্থ্য ও কারিগরী বিভাগ	৫০০.০০
১০। পূর্ত ও পূর্ত (সড়ক) দপ্তর	২০০.০০
১১। ত্রাণ দপ্তর	৩৮৩৫২.৯৯৫
১২। অন্যান্য দপ্তর	৪.৫০
	মোট : ৪৭৬৮৬.৪৯৫

১৭। এখানে বিশেষভাবে বলা যায় যে ২০০০-২০০১ আর্থিক বছরের শুরুতে "বিপর্যয়জনিত ত্রাণ তহবিলে" ৪.৫৭ কোটি টাকা ঘাটতি ছিল। "মেমোরান্ডাম-অন-ন্যাচারাল ক্যালামিটিস ১৯৯৯" এই স্মারকলিপির ভিত্তিতে কেন্দ্রীয় সরকার ১৯৯৯-২০০০ আর্থিক বছরের একেবারে শেষে জাতীয় দুর্যোগজনিত ত্রাণ তহবিল থেকে ২৯.৫২ কোটি টাকা মঞ্জুর করে। ১৯৯৫-২০০০ সালের অতিরিক্ত ব্যয়ের ঘাটতি পূরণ করার পর ২৯.৫২ কোটি টাকার মধ্যে ২৪.৯৫ কোটি টাকা অবশিষ্ট থাকে। ২০০০-২০০১ সালের বন্যাজনিত ক্ষয়ক্ষতির পুনর্গঠনের জন্য জাতীয় দুর্যোগজনিত ত্রাণ তহবিল থেকে প্রাপ্ত ২৪.৯৫ কোটি টাকা সম্পূর্ণই বিভিন্ন দপ্তরকে আবণ্টন করা হয়।

১৮। প্রাকৃতিক দুর্যোগ ছাড়াও অন্যান্য ক্ষেত্রে রাজ্য সরকার দুঃস্থ মানুষদের সাহায্য করে থাকে। ত্রাণ দপ্তর অন্ধ, খঞ্জ, অনাথ ও উপার্জনে অক্ষম মানুষদের খয়রাতি সাহায্য দিয়ে থাকে। গত আর্থিক বছরে এই খাতে ৮,২৮৫ কোটি টাকা মঞ্জুর করা হয়েছে। অক্ষম ও দুঃস্থ কুষ্ঠরোগীদের জন্যও বিশেষ খয়রাতি সাহায্য দানের ব্যবস্থা আছে। এই উদ্দেশ্যে ২০০০-২০০১ আর্থিক বছরে ৬১.০২ লক্ষ টাকা দেওয়া হয়।

১৯। ঈদ ও দুর্গাপূজার প্রাক্কালে মাননীয় বিধায়কদের মারফত দরিদ্র ও দুঃস্থ মানুষদের মধ্যে জামাকাপড়, সূতী কম্বল ও শিশু পোশাক বন্টনের ব্যবস্থা করা হয়। ২০০০-২০০১ আর্থিক বছরে এ বাবদ মোট ১,৭৫,৫২,৮০০ টাকা আবন্টন করা হয়েছে।

২০। রাজ্যের আর্থিক দিক থেকে দুর্বলতর শ্রেণীভুক্ত মানুষদের পুনর্বাসনের জন্য ত্রাণ বিভাগ থেকে অনুদান দেওয়া হয়। এই উদ্দেশ্যে ২০০০-২০০১ আর্থিক বছরে মোট ৭৮.৭৮ লক্ষ টাকা (৫১.৩৩ লক্ষ টাকা পরিকল্পনা খাতে এবং ২৭.৪৫ লক্ষ টাকা পরিকল্পনা বহির্ভূত খাতে) আবণ্টন করা হয়েছে।

২১। ত্রাণ বিভাগ যক্ষ্মা রোগমুক্ত মানুষদের আর্থিক পুনর্বাসনের জন্য আর্থিক সাহায্য দিয়ে থাকে। ২০০০-২০০১ আর্থিক বছরে এ বাবদ মোট ৫,৯৬,০০০ টাকা আবন্টন করা হয়েছে।

২২। বেহালায় ভেজাল রেপসিড তেল ব্যবহারের দরুন অসুস্থতায় আক্রান্ত ২৬০ জনের জন্য বিশেষ খয়রাতি সাহায্য হিসাবে ২০০০-২০০১ আর্থিক বছরে ৫.৪৫ লক্ষ টাকা মঞ্জুর করা হয়েছে।

২৩। গ্রামে দুর্ঘটনাজনিত অগ্নিকাণ্ডে ক্ষতিগ্রস্তদের ঘরবাড়ি নির্মাণের জন্য কেন্দ্রীয় সরকার "কুটীর বীমা প্রকল্পের" মাধ্যমে অর্থ সাহায্য করে থাকে। ত্রাণ বিভাগ এতদিন পর্যন্ত এই প্রকল্পের তত্ত্বাবধান করে আসছে। কিন্তু কেন্দ্রীয় সরকার ১.১১.২০০০ থেকে এই প্রকল্পটি বন্ধ করার সিদ্ধান্ত নিয়েছে। যাই হোক, গ্রাম অঞ্চলে অগ্নিকাণ্ডের ফলে ক্ষতিগ্রস্ত বাসগৃহের পুনর্নির্মাণের জন্য পশ্চিমবঙ্গ সরকার আগে থেকেই ব্যবস্থা রেখেছে এবং এই ব্যবস্থা এখনও চালু আছে।

২৪। পৌর এলাকায় দুর্ঘটনাজনিত অগ্নিকাণ্ডে ক্ষতিগ্রস্তদের ঘরবাড়ি নির্মাণের জন্য ত্রাণবিভাগ অনুদান দিয়ে থাকে। এই উদ্দেশ্যে ২০০০-২০০১ আর্থিক বছরে ১,২০,০০০ টাকা আবণ্টন করা হয়েছে। মোট উপকৃতের সংখ্যা ৭০ জন।

২৫। মাননীয় অধ্যক্ষ মহাশয়,

ত্রাণ দপ্তরের বাজেট বরাদ্দ মূলত পরিকল্পনা বহির্ভূত খাতে ধরা হয়। যদিও ২০০০-২০০১ আর্থিক বছরে পরিকল্পনা খাতেও পাঁচটি প্রকল্প গৃহীত হয়েছে—

(১) কলকাতায় ত্রাণ ভবন নির্মাণ।

(২) বন্যা/ঘূর্ণিঝড়ের কারণে গৃহহারাদের জন্য আশ্রয় নির্মাণ।

(৩) ত্রাণসামগ্রী রাখার জন্য গুদাম নির্মাণ।

(৪) আর্থ-সামাজিক কারণে বিপর্যস্ত ও দুঃস্থ পরিবারের পুনর্বাসনের জন্য এককালীন অনুদান।

(৫) আকস্মিক দুর্যোগ সতর্কীকরণ প্রচার ব্যবস্থা।

২০০০-২০০১ আর্থিক বছরে এই পাঁচটি পরিকল্পনা প্রকল্পের খাতে বাজেটে বরাদ্দ ২২০.০০ লক্ষ টাকার মধ্যে মোট ১৯২.৬৯ লক্ষ টাকা আবন্টন করা হয়েছে। তাছাড়া রাজ্য সরকার হাডকো থেকে ঋণ নিয়ে দুটো নতুন পরিকল্পনা প্রকল্প কার্যকরী করার উদ্যোগ গ্রহণ করেছে—

(১) মেদিনীপুর জেলার দীঘার কাছে শংকরপুরের পোতাশ্রয় ও সংযুক্ত খালের উন্নয়ন।

(২) যে সমস্ত প্রাথমিক/মাধ্যমিক বিদ্যালয় চিরাচরিত বন্যার সময়ে ত্রাণ শিবির হিসাবে ব্যবহৃত হয় সেই সমস্ত বিদ্যালয় গৃহের সংস্কার ও পুনর্গঠন। উপরোক্ত দুটি প্রকল্প বাবদ যথাক্রমে ৪.৪৬১০ কোটি এবং ৯.৯২১০ কোটি টাকা মঞ্জুর করা হয়েছে।

২৬। ব্যয় মঞ্জুরির যে প্রস্তাব এখানে পেশ করা হচ্ছে তা ২০০১—২০০২ আর্থিক বছরে রাজ্যের বিভিন্ন ত্রাণ প্রকল্প যথাযথ রূপায়ণের জন্য প্রয়োজন হবে।

২৭। মাননীয় অধ্যক্ষ মহাশয়,

বিগত আর্থিক বছরে এ রাজ্যে ত্রাণের কাজে সভার মাননীয় সদস্যগণ যে অকুণ্ঠ সমর্থন ও সহযোগিতার হাত বাড়িয়েছেন, সেই একই সমর্থন পাওয়ার আশা রেখে ২০০১-২০০২ সালে ৪৪ নং অনুদানের অন্তর্গত "২২৪৫ নং প্রাকৃতিক বিপর্যয়জনিত ত্রাণ" খাতে ব্যয়বরাদ্দের প্রস্তাব গ্রহণের জন্য আমি সবিশেষ অনুরোধ করছি।

Mr. Speaker : Now discussions under Demand No. 44. There are 13 cut motions to Demand No. 44. All the motions are in order.

Shri Kashinath Mishra (cut motion no. 1) : Sir, I beg to move that the amount of the Demand be reduced to Re. 1/-.

Shri Kashinath Mishra (cut motion nos. 2-4) Shri Pankaj Banerjee (cut motion nos. 5-6) Shri Kamal Mukherjee (cut motion no. 7) Shri Abdul Mannan (cut motion nos. 8-9) Shri Jyotipriya Mallick (cut motion nos. 10-11) Shri Mahbubul Haque (cut motion no. 12) Shri Sital Kumar Sardar (cut motion no. 13)	Sir, I beg to move that the amount of the Demand be reduced by Rs. 100/-.

শ্রী পংকজ ব্যানার্জি : মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, পশ্চিমবঙ্গ সরকারের নব নিযুক্ত মন্ত্রী, শ্রী হাফিজ আলম সৈরাণী মহাশয়ের যে প্রস্তাবিত বাজেট, সেই বাজেট ব্যবস্থা আমি স্মরণ করিয়ে দিচ্ছি না। মন্ত্রীর দপ্তর নতুন। আমরা নিশ্চয়ই আশা করব এই মন্ত্রীর কাছ থেকে যে এই দপ্তরের কাজকর্ম গণমুখী হবে, জনমুখী হবে। প্রাকৃতিক কারণে যে বিপর্যয়

হবে, যারা বিপর্যস্ত হবে তাদের নতুন করে পুনর্বাসন, অন্যান্য পর্যাপ্ত সহযোগিতার মাধ্যমে নতুন মন্ত্রী তার দায়িত্ব পালন করবেন। কিন্তু মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আপনি যদি দেখেন তাহলে দেখবেন যে পুরনো ৪/৫ বছরের বাজেট যদি দেখেন তাহলে দেখবেন যে এখানে সামঞ্জস্যের অভাব আছে। এই বছর আপনি ২৮৭ কোটি টাকা মঞ্জুরি পেশ করেছেন। আগের বছর '৯৯-২০০০-এ বাজেট ছিল ১২০ কোটি ২৮ লক্ষ টাকা, তার আগের বছর ৯৮-৯৯ ১১৫ কোটি ৪৬ লক্ষ টাকা। তার আগের বছর ৯৭-৯৮-তে ১২৩ কোটি ৪৪ লক্ষ টাকা। আর এ বছর পেশ করেছেন ২৮৭ কোটি টাকা অর্থাৎ এ বছর প্রায় দ্বিগুণের বেশি বাজেট নিয়ে আপনি, আপনারা যাত্রা শুরু করার স্বপ্ন দেখছেন।

[5.00—5.10 p.m.]

এবারে আপনি দ্বিগুণ বেশি বাজেট নিয়ে যাত্রা করবার স্বপ্ন দেখছেন। কিন্তু দীর্ঘদিনের অভিজ্ঞতায় দেখেছি আপনাদের দপ্তর একটা অদ্ভুত দায়িত্ব পালন করে। এই যে টাকা আপনি দেবেন এবং সেটা বিভিন্ন দপ্তরকে দেবেন যেমন এগ্রিকালচার, হেল্থ, পি. এইচ. ই., বিদ্যুৎ এই সব দপ্তরকে দেবেন এবং তারা আপনাকে রিপোর্ট দেবে। কার্যত খবরদারি করার কোনো ক্ষমতাই আপনার নেই। আপনি তাদের টাকা দেবেন, সেই টাকায় তারা কি করছে, না করছে এবং কাজের ২, ৩ বছর পরে একটা রিপোর্ট তারা পেশ করবেন এবং তাতে যা বলবেন তাই আপনাকে মেনে নিতে হবে। কারণ আপনার রিলিফ ডিপার্টমেন্টের কোনো মেশিনারি নেই, কোনো ইনফ্রাস্ট্রাকচার নেই। কৃষি, প্রাণীসম্পদ বিকাশ, স্বরাষ্ট্র, বিদ্যুৎ আপনি যার যা ইচ্ছা তাকে তাই টাকা দেবেন, তারা রিপোর্ট দেবে, কিন্তু এদের উপর টোটাল কন্ট্রোল আপনার নেই। আপনার টাকা আপনি বিদ্যুৎ বিভাগকে দিচ্ছেন বন্যাবিধ্বস্ত মানুষের সেবার জন্য, কিন্তু তারা মানুষের সেবা করছে না, নিজেদের দপ্তরের কর্মচারীদের মাহিনা দিচ্ছেন সেটা দেখা আপনার দায়িত্ব। ত্রাণ বিভাগের টাকা স্বাস্থ্য দপ্তর নিচ্ছে, কিন্তু স্বাস্থ্য বিভাগ সেই টাকা নিয়ে তারা কর্মচারীদের মাহিনা দিচ্ছেন, ত্রাণের কোনো কাজ তারা করেন না। আপনার ডিপার্টমেন্ট বৃটিশ মডেলের। আপনি টাকা দিয়ে দেবেন, আর তারা দু-তিন বছর বাদে আপনাকে রিপোর্ট দেবে এবং তাতেই আপনি সন্তুষ্ট। ক্যালেন্ডারে যেমন প্রতি বছর সরস্বতী পুজো, দুর্গাপুজো, ঈদ থাকে ঠিক তেমনি প্রতি বছরই বন্যা হচ্ছে, কারণ এর কোনো পার্মানেন্ট সলিউশান হচ্ছে না। আপনি তাদের টাকা দিচ্ছেন, কিন্তু সুয়োমোটো কাজ করে তারা তাদের দায়িত্ব পালন করছে না। আপনি বলেছেন ফ্লাড শেল্টার অনেক করবেন। কতগুলি শেল্টার হবে, বলা হয়েছিল যে দোতলা বাড়ি হবে, একতলা যদি জলে ডুবে যায় তাহলে এমনভাবে টিউবওয়েলের ব্যবস্থা থাকবে যে দোতলায় বসে পানীয় জল পাবে। কিন্তু কে করবে তার কোনো ঠিক নেই। হয়তো ডি. এম. করবে, কিন্তু ডি. এম. করার পর সেটার মেন্টেন্যান্স কে করবে, তার ফলো আপ মেজার কে করবে ? ডি. এম.-কে যদি জিজ্ঞাসা করা হয় সে বলবে আমাকে টাকা দেওয়া হয়েছিল তৈরি করবার জন্য, এর পরে আর টাকা নেই। তাই বলছি এর স্পেসিফিক দায়িত্ব আপনি ঠিক করে দেননি। কিন্তু আবার বন্যা আসছে। একটু বৃষ্টি হলেই বন্যা হয়, অতিবৃষ্টিতে তো কথাই নেই।

২০০০-০১ সালে আপনি যখন ওইদিকে বসতেন মন্ত্রী মহাশয় তখন কিন্তু আপনি এর সমালোচনা করতেন। আমি শুধু সেই সময়ের কথা আপনাকে মনে করিয়ে দিচ্ছি। ২০০০-০১ সালের বন্যায় কত লোক মারা গিয়েছিল তার হিসাব করতে পারেননি। আর আপনারা যেটা হিসাব করেছেন তার আদিভৌতিক কিছু নেই। নদিয়া জেলার কৃষ্ণনগরের বেনিয়াপুকুর গ্রাম সেখানে ১১০০ বাড়ি আছে, কিন্তু রিপোর্ট এসেছে সেখানে ১২৯৩টা বাড়ি ক্ষতিগ্রস্ত হয়েছে। যদি ধরে নিই যে বন্যায় গ্রামের সমস্ত বাড়িই ক্ষতিগ্রস্ত হয়েছে তাহলে তার সংখ্যা হয় ১১০০ টা। পঞ্চায়েতে টাকা দেওয়ার জন্য অ্যাপ্লিকেশন পাঠানো হয়েছে ১২৯৩টি বাড়ি ক্ষতিগ্রস্ত হয়েছে বলে। তাহলে বুঝতেই পারছেন কীভাবে পুকুরচুরি হচ্ছে। বন্যায় যাদের বাড়ি ভেঙে গেছে তারা ২ হাজার টাকা পাবেন, আর যাদের আংশিক ক্ষতি হয়েছে তারা ১ হাজার টাকা করে পাবে এবং সেটাও কাগজে-কলমে দেখাচ্ছেন। কিন্তু প্রকৃত যারা ক্ষতিগ্রস্ত হয়েছে মালদা, মুর্শিদাবাদে, আপনার নিজের জেলা দিনাজপুরে তারা কিন্তু ক্ষতিপূরণ পায়নি। দিনের পর দিন তারা পঞ্চায়েত অফিসে, বি.ডি.ও. অফিসে ঘুরে যাচ্ছে। আপনার দলের লোক বা শরিক দলের লোক হলেও পাচ্ছে না, সি.পি.এমের লোক হলে যার দোতলা বাড়ি এবং একটা ইটও তার খসেনি, সে টাকা পেয়ে গেছে বা মুখ্য শাসকদলের লোক নন। সেইজন্য তাদের মাটির বাড়ি ভেঙে পড়ে রয়েছে সে রিলিফ পাচ্ছে না, টাকা পাচ্ছে না। স্যার, আমিও ওই সাবজেক্ট কমিটি অন রিলিফের মেম্বার ছিলাম। সেই সময়কার প্রিন্সিপ্যাল সেক্রেটারি বলছেন, আমি টাকা দিয়ে দেওয়া সেরে ফেলেছি। এই লুপথেলসগুলো যদি বন্ধ করতে না পরা যায়, দিনের পর দিন টাকা দেবেন কিন্তু ক্ষতিগ্রস্ত মানুষ রিলিফ পাবে না। বি.পি.এল লিস্ট করা হয়েছে,—বি.পি.এল মানে বিলো পভার্টি লাইন অর বিলো পভার্টি লেভেল নয় বি.পি.এল মানে ব্যারোমিটার অফ পার্টি লেভেল। তার ফলে হচ্ছে কি গরিব মানুযের জন্য যে টাকা, গম, চাল দিচ্ছেন তা তাদের কাছে পৌঁছোচ্ছে না। মাঝখানে সুবিধাভোগী শ্রেণি, খারাপ কথায় দালাল, সাজিয়ে-গুছিয়ে বললে মিডল-ম্যান, তারা সেই টাকা নিয়ে ত্রাণসামগ্রী নিয়ে নিজেদের মধ্যে ভাগ-বাঁটোয়ারা করে নিচ্ছে, সুবিধাভোগীদের মধ্যে বিলিয়ে দিচ্ছে। কিন্তু প্রকৃত গরিব বিলো পভার্টি লাইনের মানুষ, বছরে ৩৬৫ দিনের মধ্যে যদের ১০০ দিনের আয় স্থিরীকৃত নেই, খেতমজুর, যারা বছরের মধ্যে ১০০ দিন কাজ পাচ্ছে না, সেই মানুষদের কাছে যা পৌঁছানোর কথা তা বন্ধ করে দিয়েছেন, জি.আর., এম.আর., টি.আর নেই। এখনও অনেক মানুষ না খেতে পেয়ে মারা যাচ্ছে। কিন্তু সরকার বলছে এটা স্টার্ভেশন ডেথ নয় ম্যাল নিউট্রেশনের ফলে এই মৃত্যু হয়েছে। যেমন ব্রিটিশ আমলে স্টার্ভেশন ডেথ হলে ম্যালনিউট্রেশন ডেথ বলে চালানো হত সেই রকম আপনারাও ব্রিটিশদের মত দেখানোর চেষ্টা করছেন স্বাধীনতার ৫৪ বছর পরেও, ব্রিটিশ গাইডলাইন চালাচ্ছেন। লোক বন্যায় মারা গেল, তার হিসাব হল না, ডেথ সার্টিফিকেট না হলে আপনারা ঠিক করতে পারবেন না। বন্যায় যদি কাউকে সাপে কাটে, স্নেক বাইট হয় তাহলে কিন্তু সে কিছু পাবে না। উপরন্তু কেন্দ্রীয় সরকার ন্যাচারাল ক্যালামিটি ফান্ডে, মাননীয় মন্ত্রী মহাশয় দাঁড়িয়ে বলবেন, আপনাকে ওই কমিটির মেম্বার করা হয়েছে ? সেই কমিটিতে আমলাদের রাখা হয়েছে কিন্তু দপ্তরের মন্ত্রীকে রাখা হয়নি।

আপনি তরুণ মন্ত্রী, আপনার হয়তো এটা খারাপ লাগবে, কিন্তু কিছুই বলতে পারবেন না। সেন্ট্রাল গভর্নমেন্ট ন্যাচারাল কেলামিটিস ফান্ডে যে টাকা দেবে তা ঠিকমত ডিসবার্স হচ্ছে কিনা, টাকা আসছে কিনা, প্রকৃত মানুষ পাবে কিনা তা মন্ত্রী ঠিক করতে পারবেন না। ঠিক করবে দপ্তরের কতকগুলো আমলা, মাইনাস মন্ত্রী। দপ্তরের মন্ত্রীর প্রতি এই অবজ্ঞা কেন ? সেই মনিটরিং কমিটিতে মন্ত্রী থাকবেন না ? চিফ সেক্রেটারি বলুন আর যাই বলুন, সে কমিটি হয়েছে তাতে মন্ত্রী নেই, আমলারা রয়েছেন অথচ তারা যা করবেন মন্ত্রী হিসাবে আপনাকে তা মেনে নিতে হবে। আপনি তরুণ মন্ত্রী, আপনি বিষয়গুলো একটু দেখুন।

আজকে দু-আড়াই মাস হল জল ছাড়তে শুরু করেছে। কিন্তু কোন অলপার্টি মিটিং এ ব্যাপারে করেছেন ? যেমন ধরুন মুর্শিদাবাদে এখন বন্যা হলে কি কি করা দরকার। ডিপার্টমেন্টাল সেক্রেটারি, এগ্রিকালচারের সেক্রেটারি, ইরিগেশনের সেক্রেটারিদের নিয়ে মিটিং করেছেন ? শুধু জেলা শাসকরা জানবে কোথায় কি দিতে হবে, কি করতে হবে না হবে ? কিন্তু মানুষের সঙ্গে যারা আছেন, মানুষের জন্য যারা সংগ্রাম করছেন, মানুষের আপদে-বিপদে যারা গিয়ে পাশে দাঁড়াচ্ছেন, বিভিন্ন এন.জি.ও. তাদের সঙ্গে কথা বলেছেন ? প্রেডিসেসরদের নিয়ে মিটিং করেছেন ? এটা সরকারের বিপদ। আপনারা যদি জনপ্রতিনিধিদের নিয়ে আলোচনা করেন, সর্বদলীয় মিটিং করেন, সর্বদলীয় কমিটি করে কথা বলেন তাহলে বন্যার ক্ষেত্রে ক্ষতিগ্রস্ত মানুষেরা উপকার পাবে। কিন্তু আপনারা দলের বাইরে বেরোবেন না, সর্বদলীয় মিটিং করেননি, কোন ব্যবস্থা কিছু নেই। জেলায় জেলায় যে বিভিন্ন ভলান্টেরি অর্গানাইজেন আছে তাদের সঙ্গে কথা বলেছেন ? বন্যা হলে তো তারাই সবার আগে ঝাঁপিয়ে পড়ে, সরকারি সাহায্য তো আসে অনেক পরে। বিভিন্ন ফোরাম আছে, অর্গানাইজেশন আছে, স্থানীয় সংগঠন আছে তারা সবার আগে এগিয়ে আসে। তাদের সঙ্গে কথা বললেন না। তাদের আগের এক্সপেরিয়েন্স শুনলেন না, তাদের সঙ্গে কোনও আলোচনা করলেন না।

[5.10—5.20 p.m.]

আমি আপনাকে অনুরোধ করছি, ইমিডিয়েট বন্যা এসে গেল, গত ৩ সপ্তাহ ধরে লাগাতার বৃষ্টি হচ্ছে, এবারে পাড় অঞ্চলে বৃষ্টিপাত শুরু হবে, বিহারে বৃষ্টি হবে। পাহাড় থেকে ঢল নামবে, বিহার থেকে ঢল নামবে, আপনার জেলার উপর দিয়ে জল আসবে, আপনি এডিকোয়েট প্রিকশান নিন। বন্যা হয়ে গেলে শুধুমাত্র খয়রাতি দিয়ে কিছু করা যায় না। যাতে প্রিভেনটিভ মেজর নিতে পারেন বন্যা বন্ধ করার জন্য তার ব্যবস্থা করুন। আপনি কোন সদর্থক ভূমিকা নিতে পারেননি বলে আপনার বাজেটের বিরোধিতা করছি। আগামীদিনে যদি সঠিক পদক্ষেপ নিতে পারেন তাহলে সামনের বছর বাজেটকে সমর্থন করব। এই কথা বলে আমি আমার বক্তব্য শেষ করছি।

শ্রী বঙ্কিম ঘোষ : মাননীয় অধ্যক্ষ মহাশয় পশ্চিমবঙ্গ সরকারের ত্রাণ বিভাগ যে বাজেট ব্যয়-বরাদ্দ এখানে পেশ করেছেন আমি তাকে সমর্থন জানিয়ে এবং বিরোধীদের আনীত কাট-মোশানগুলোকে বিরোধিতা করে আমি কয়েকটি কথা বলতে চাই। স্যার,

আপনি জানেন যে ত্রাণ দপ্তর জনজীবনে একটি গুরুত্বপূর্ণ দপ্তর। পৃথিবী সৃষ্টির পর থেকে বৈচিত্র্যপূর্ণ আবহাওয়া ও ভূ-প্রকৃতিগত কারণে পশ্চিমবঙ্গে গত কয়েক দশক ধরে পর্যায়ক্রমে প্রাকৃতিক বিপর্যয় পরিলক্ষিত হচ্ছে। যেমন খরা, বন্যা, প্রবল বৃষ্টিপাত, ঘূর্ণিঝড়, শিলাবৃষ্টি, নদী ভাঙন ইত্যাদি। স্যার এই সব মারাত্মক এবং ধ্বংসাত্মক বিপর্যয়ের হাত থেকে রক্ষা পেতে পশ্চিমবঙ্গের বামফ্রন্ট সরকার যথেষ্ট যোগ্যতা এবং দায়িত্বের সঙ্গে কাজ করে চলেছেন। স্যার, আপনি জানেন যে গত ১৭.৯.২০০০ থেকে গত ২১.৯.২০০০ পর্যন্ত ময়ূরাক্ষী, দামোদর, বরাকর, অজয় এবং ভাগীরথী-হুগলীর অববাহিকার অবিশ্রান্ত এবং অভূতপূর্ব বৃষ্টির ফলে এই রাজ্যের ১৮টির মধ্যে ৯টি জেলা এক ভয়ঙ্কর বন্যার কবলে পড়ে এবং স্থানীয় প্রবল বৃষ্টি পরিস্থিতিকে আরো শোচনীয় করে তোলে। এই বন্যায় বীরভূম, বর্ধমান, মুর্শিদাবাদ, নদিয়া, হুগলি, হাওড়া, মেদিনীপুর, উত্তর ২৪-পরগনা এবং মালদহ জেলা দারুণভাবে ক্ষতিগ্রস্ত হয়। এই জেলাগুলির ৬৮টি পৌরসভা এবং ১৭১টি ব্লকের প্রায় ২১৮.১৮ লক্ষ মনুষ বন্যাার কবলে পড়ে এবং এই বন্যায় ১৩৬২ জনের প্রাণ-হানি ঘটে। এই বন্যায় প্রায় ১৯.২০ লক্ষ হেক্টর ফসলি জমি ক্ষতিগ্রস্ত হয়। যার আনুমানিক মূল্য ৩৮৬৬ কোটি টাকা। ২১৯৪৮৫৮টি বাড়ি আংশিক অথবা সম্পূর্ণভাবে ক্ষতিগ্রস্ত হয়। স্যার, আপনি জানেন এই উদ্ভূত পরিস্থিতির মোকাবিলার জন্য ত্রাণ বিভাগ জেলাগুলিকে ২১৬৬ মেট্রিক টন গম, ৬৪১৮৫ মেট্রিক টন চাল, ১০৪৪৬৭০টি ত্রিপল, ৮৮০০০টি শাড়ি, ৯৩২০০টি ধুতি, ২৬৪০০টি লুঙ্গি, ৭৩৪০০টি শিশুদের পোশাক, ৪৫০০০টি সুতির কম্বল, ১৫০০০০০টি পশমের কম্বল, গৃহনির্মাণ বাবদ ২০৫,১২,৪৫,০০০ টাকা ব্যয় করেছেন। মৃত ব্যক্তিদের পরিবারবর্গকে মোট ২,৭১,৪০,০০০ টাকা অনুদান দেওয়া হয়েছে।

স্যার, আপনি জানেন বিগত ভয়ঙ্কর বন্যার সময় রাজ্যস্তর থেকে জেলা স্তর এবং জেলা স্তর থেকে একেবারে ব্লক স্তর পর্যন্ত সর্বদলীয় কমিটি করে বিভিন্ন ত্রাণসামগ্রী বিলি-বণ্টন করা হয়েছিল। এ বিষয়ে আমার ব্যক্তিগত অভিজ্ঞতা আছে। আমি হরিণঘাটা বিধানসভা কেন্দ্র থেকে এই বিধানসভায় নির্বাচিত হয়ে আসার আগে হরিণঘাটা পঞ্চায়েত সমিতির দায়িত্বে ছিলাম। নদীয়া জেলায় যে ভয়ঙ্কর বন্যা হয়েছিল সেই বন্যা মোকাবিলার ক্ষেত্রে আমার ব্যক্তিগত অভিজ্ঞতায় আমি দেখেছি আমাদের নদিয়া জেলায় প্রথমে যখন বন্যা শুরু হয় তখন হরিণঘাটায় তা সেভাবে শুরু হয়নি। কিন্তু আমরা প্রথম থেকেই দিবারাত্রি সাধারণ মানুষকে সঙ্গে নিয়ে নদিয়া জেলার ১৪টি ব্লকে বন্যা মোকাবিলার কাজ করেছিলাম। পরবর্তীকালে বনগাঁ, গাইঘাটা হয়ে ইছামতী নদীর জল আমাদের হরিণঘাটা ব্লকে ঢোকে। এখানে আজকে এবং সাধারণ বাজেট বিতর্কের সময় বিরোধীপক্ষ থেকে ত্রাণসামগ্রী নিয়ে দুর্নীতির অভিযোগ তোলা হয়েছে। কাটমানির কথা বলা হয়েছে, দলবাজির কথা বলা হয়েছে। কিন্তু আমি দায়িত্ব নিয়ে বলতে পারি আমাদের এলাকায় সর্বদলীয় কমিটি করে ত্রাণসামগ্রী বিলি-বণ্টন করা হয়েছিল। হাউস বিল্ডিং গ্রান্ট নিয়ে এখানে প্রশ্ন তোলা হয়েছে। আমি বিরোধী বন্ধুদের বলি, আপনারা জেলাস্তরে একটু খবর নিয়ে দেখবেন প্রত্যেকটা জেলায় সর্বদলীয় কমিটি করা হয়েছিল এবং তাদের মাধ্যমে সমস্ত রকম সাহায্য-সহায়তা মানুষের কাছে পৌঁছে দেওয়া হয়েছিল। সর্বত্র সর্বদলীয় কমিটির মাধ্যমে মিনিকিট থেকে শুরু করে চাল, গম ইত্যাদি বিলি বণ্টন করা হয়েছিল। তাছাড়াও

সরকারের পক্ষ থেকে থ্রি মেন'স কমিটি করে দেওয়া হয়েছিল। পঞ্চায়েতের সঙ্গে যুক্ত যাঁরা তাঁরা সেটা জানেন। সেই কমিটিতে জেলা পরিষদের একজন রিপ্রেজেনটিটিভ ছিলেন, পঞ্চায়েত সমিতির একজন রিপ্রেজেনটিটিভ ছিলেন, বি.ডি.ও-র একজন রিপ্রেজেনটিটিভ ছিলেন। তাঁদের সমন্বয়ে যে কমিটি হয়েছিল সেই কমিটি লিষ্ট তৈরি করে হাউস বিল্ডিংস গ্রান্টের টাকা বিতরণ করেছিল। শুধু তাই নয়, ডি.এম. সাহেবের অর্ডার ছিল, হাউস বিল্ডিংস গ্রান্টের তালিকা এবং অন্যান্য ত্রাণ বণ্টনের তালিকা—যারা ত্রাণ সামগ্রী পেয়েছিল তাদের নামের তালিকা পঞ্চায়েত সমিতিতে ৩ মাসের জন্য ঝুলিয়ে রাখতে হবে এবং তাই হয়েছিল। কেউ কেউ এই সঙ্গে দলবাজির কথা বলেছেন। কোথাও যদি এ রকম ঘটনা ঘটে থাকে যে প্রকৃত যার ত্রাণ পাওয়ার কথা ছিল যে পায়নি, বেনামে বা টিপ সই দিয়ে অন্য লোক নিয়ে গেছে, এ রকম যদি নির্দিষ্ট তথ্য কারো কাছে থাকে তাহলে তা তিনি মাননীয় মন্ত্রী মহাশয়কে দিন। আমি মাননীয় মন্ত্রী মহাশয়কে অনুরোধ করছি, যদি কেউ এ রকম নির্দিষ্ট অভিযোগ করেন, তাহলে তা তিনি জেলা শাসককে দিয়ে তদন্ত করিয়ে উপযুক্ত ব্যবস্থা নিন। এই কটি কথা বলে মাননীয় মন্ত্রীর বাজেটকে সমর্থন করে, বিরোধীদের কাটমোশানের বিরোধিতা করে আমি আমার বক্তব্য শেষ করছি।

শ্রী মহবুবুল হক : মাননীয় অধ্যক্ষ মহাশয়, পশ্চিমবঙ্গ সরকারের ত্রাণ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী মহোদয় ৪৪নং দাবির অধীনে ২০০১-২০০২ সালের যে ব্যয়-বরাদ্দ এখানে পেশ করেছেন, বাধ্য হয়ে আমি তার বিরোধিতা করছি। স্যার, আমাদের দেশে একটা কথা আছে—সদা সত্য কথা বলিবে, কখনো মিথ্যা কথা বলিবে না। তাই আমি ওঁর বাজেটকে সমর্থন করতে পারছি না। স্যার, উনি নতুন মন্ত্রী হয়েছেন। বিগত দিনে আমাদের মতো এম.এল.এ ছিলেন। ত্রাণ দপ্তরের কোথায় কি দুর্নীতি হচ্ছে, না হচ্ছে তা উনি জানেন। অথচ উনি সত্যি কথা বলব, মিথ্যা কথা বলব না—এই কথাটা মেনে চলতে পারছেন না। মাননীয় অধ্যক্ষ মহাশয়, আপনি আমাদের দোর্দণ্ড-প্রতাপশালী অধ্যক্ষ। স্যার, আপনি দেখুন আমরা বিরোধীদল থেকে কাট মোশান নিয়ে এসেছি এবং মন্ত্রী মহাশয় বক্তৃতার মধ্যে দিয়ে তা স্বীকার করে নিলেও, যেহেতু আমরা বিরোধী দল থেকে তা দিয়েছি তাই সব কাট মোশান খারিজ করা হচ্ছে। আপনার মতো দোর্দণ্ড-প্রতাপশালী স্পীকার এখানে থাকা সত্ত্বেও ওঁরা আমাদের সব প্রস্তাব খারিজ করে দিচ্ছে এবং আমাদের তা মেনে নিতে হচ্ছে। আমাদের সত্য কথাকে এখানে মিথ্যা বলে প্রমাণ করার চেষ্টা হচ্ছে।

[5.20—5.30 p.m.]

মাননীয় অধ্যক্ষ মহাশয়, বামফ্রন্টের ২৪ বছরের শাসনে দেখা যাচ্ছে, প্রাকৃতিক দুর্যোগ হলে ওদের দুটি কন্যা সামনে এসে দাঁড়ায়, একটি খরা এবং অপরটি বন্যা। বন্যায় বারবার দেখা যাচ্ছে, বন্যা হলে একা ত্রাণ দপ্তর পড়ে না কিন্তু ত্রাণ দপ্তর ট্রেজারি হিসাবে কাজ করে। যখন বন্যা হয় তখন এই ত্রাণ দপ্তর আজকে যে টাকার ব্যয়-বরাদ্দ পাশ করতে চাচ্ছেন সেই টাকাগুলি বিভিন্ন দপ্তরকে বণ্টন করছেন। যেমন, কৃষি দপ্তর, প্রাণীসম্পদ দপ্তর, বন বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ বিভাগ, সেচ ও জলপথ, পৌর বিভাগ, বিদ্যুৎ বিভাগ, জন-স্বাস্থ্য কারিগরি বিভাগ, পূর্ত সড়ক বিভাগ প্রভৃতি বিভিন্ন দপ্তরকে ত্রাণ দপ্তর টাকা বণ্টন করে। কিছু টাকা ত্রাণ দপ্তরের থাকে। সুতরাং এইসব টাকার কোথায় কি হচ্ছে, না হচ্ছে তার কোন হিসাব

ত্রাণ দপ্তর রাখে না। মাননীয় সদস্য শ্রী পঙ্কজ বন্দোপাধ্যায় একটু আগে যে কথাগুলি বললেন আমি তাকে সমর্থন করে বলছি, এর কোন তদারকি থাকছে না। দীর্ঘদিন ধরে যারা এম.এল.এ আছেন তাঁরা জানেন, এই ত্রাণ নিয়ে কি অবস্থা হয়। যখন প্রাকৃতিক দুর্যোগে খরা কিংবা বন্যা হয় তখন ব্লকের মাধ্যমে, জেলা পরিষদের মাধ্যমে কিংবা পঞ্চায়েতের মাধ্যমে যা কিছু বিলি-বণ্টন হয় সেক্ষেত্রে দেখা যায় পক্ষ-পাতিত্ব করা হয়। যারা আপনাদের মতাদর্শে বিশ্বাসী তাদের ত্রাণ দেওয়া হয়। যারা পাবার যোগ্য নয় তাদের লিস্ট টাঙিয়ে দেওয়া হয় আর প্রকৃত মানুষরা কোনও ত্রাণ পায় না। তাই আমি সুপারিশ করবো, বন্যা যখন আসে তখন সর্বদলীয় কমিটি করে সেই কমিটির উপর দায়িত্ব যেন দেওয়া হয়। আর যারা অন্যায় করে, অবৈধভাবে ত্রাণ নেয় তাদের বিচার করার জন্য তদারকি কমিটি রাখার দরকার আছে বলে আমি সুপারিশ করছি। আমার এলাকায় গত বছর প্রাকৃতিক দুর্যোগে প্রচুর শিলাবৃষ্টি হয়েছিল। এক-একটা শিলা প্রায় ১৫ কেজির মতন। আপনি বলেছেন ওখানে খাবার এবং কাপড় পাঠিয়েছেন। কিন্তু গৃহ নির্মাণের জন্য টাকা পাঠানো হয়নি। সম্পূর্ণ ক্ষতিগ্রস্ত হলে ২০০০ টাকা করে অনুদান এবং হাফ ক্ষতিগ্রস্ত হলে ৫০০ টাকা যে অনুদান দেওয়া হয় সেই টাকাটা বৃদ্ধি করা উচিত। এম.এল.এ.দের ঈদ এবং পুজোর সময়ে যে কাপড় দেওয়া হয় তা অপর্যাপ্ত। আমি কাট-মোশনে এই কথা লিখেছি। আপনি ঈদের জন্য ৩৩টি লুঙ্গি দেন। আমার এলাকায় ১৩ থেকে ১৫টি অঞ্চলে এই ৩৩টি লুঙ্গি কোথায় বিলি করব ? তাই আমি আবেদন করব, ঈদ এবং দুর্গাপুজোর সময়ে দুঃস্থ মানুষের সাহায্যার্থে ওই কোটার পরিমাণটা দয়া করে বাড়াবেন এবং কোয়ালিটিটাও উন্নত করবেন। আমার কাটমোশনে এই ব্যাপারে যথার্থতা আছে। তবুও আপনি নিশ্চয়ই বলবেন গ্রহণ করতে পারছি না। তবুও বলছি, এটা গ্রহণ করুন এইটুকু আবেদন করি এবং কাটমোশনকে সমর্থন করি। আপনার বাজেট আরো বাড়ানো উচিত এইটুকু সমর্থন করছি, কারণ অনেক কিছু কাজ আছে, বাজেটে কোনও টাকা থাকছে না। বেশি টাকা থাকলে দুঃস্থ মানুষের সেবা করতে পারেন। এই কথা বলে এই বাজেটের এই জন্য বিরোধিতা করলাম। সত্যের সঙ্গে কোনো মিল থাকছে না। আমাদের বাধ্য করা হচ্ছে মিথ্যা কথা বলতে। ধন্যবাদ।

শ্রী মানিকলাল আচার্য : মাননীয় স্পীকার স্যার, মাননীয় মন্ত্রী মহাশয় ত্রাণ দপ্তরের যে ব্যয়-বরাদ্দ পেশ করেছেন তাকে সমর্থন জানিয়ে দু-একটি কথা বলতে চাই। আপনারা (বিরোধীদের উদ্দেশ্য করে) প্রায়ই বলেন ভোটের সময় রিগিং হয়েছে আর বন্যার সময়ে বলেন ত্রাণে দলবাজি হচ্ছে। কাজ ওরা করে না এইসব কথা বলেন। ২০০০ সালে যে বন্যা হল ভয়ঙ্করভাবে তার একটি কথাও বললেন না। ওই বন্যায় ত্রাণ দপ্তর যেভাবে কাজ করে গেলেন—শুধু ত্রাণ দপ্তর নয়, বিভিন্ন দপ্তর, জেলা পরিষদ, পঞ্চায়েত যেভাবে কাজ করে গেলেন তার কোনও কথা বললেন না। বন্যা নিয়ে রাজ্যে সর্বদলীয় কমিটি করা হল এম.এল.এ.দের নিয়ে। সেই কমিটি এম.পি.দের নিয়ে দিল্লীতে গিয়ে সাহায্যের কথা বলল এবং সেখানে জাতীয় বিপর্যয় ঘোষণা করার জন্য দাবি করলাম। কিন্তু আপনারা সেদিন একটা কথাও বললেন না। আমাদের রাজ্য যখন বন্যায় ভাসছে তখন আপনাদের তৃণমূল নেত্রী হায়দ্রাবাদে গিয়েছিলেন। তিনি তখন সাহায্যের কথা বলা তো দূরের কথা, বললেন, রাজ্যে

৩৫৬ ধারা চাই। আর এখন এখানে বসে মায়া কান্না কাঁদছেন ? আপনারা তো গ্রামে যান না। গ্রামে গেলে দেখতে পেতেন তখন কি পরিস্থিতির সৃষ্টি হয়েছিল এবং আমরা তখন কিভাবে মানুষের জন্য কাজ করেছি। ভারত সেবাশ্রম সংঘ এবং নানান প্রতিষ্ঠান, তারা আমাদের ত্রাণ দপ্তরের সঙ্গে প্রাকৃতিক বিপর্যয়ের সময় কাজ করে। এবারে মননীয় মন্ত্রী মহাশয়ের কাছে কয়েকটি সাজেশান রাখছি। গ্রামের মানুষরা মশার কামড়ে মারা যায়। গ্রামের মানুষের যাতে মশারি দেওয়া যায় সেটা দেখা দরকার। তারপর গঙ্গা, পদ্মা, অজয়, দামোদর, ভাগীরথী ইত্যাদি নানান নদীর বন্যার সময় প্রচুর মানুষের ঘরবাড়ি পড়ে যায়, তার ফলে মানুষকে হয় রাস্তার ধারে, না হয় রেল লাইনের উপর, না হয় স্কুল বাড়িতে থাকতে হয়। এতে একদিকে মানুষের যেমন অবর্ণনীয় কষ্ট হয় তেমনি অপর দিকে স্কুলগুলিতে পড়াশুনা ব্যাহত হয়। এরজন্য একটা পার্মানেন্ট ব্যবস্থা প্রতি জায়গায় করা দরকার যাতে বন্যার সময় মানুষরা সেখানে গিয়ে থাকতে পারে। তারপর বিধায়কদের কোটাতে যে সমস্ত জামাকাপড় দেওয়া হয় তা অত্যন্ত নিম্নমানের। বিধায়কদের যাতে বিলি করার জন্য ভালমানের জামা কাপড় দেওয়া হয় এবং পরিমাণে যাতে বেশি দেওয়া হয় তারজন্য আমি অনুরোধ জানাচ্ছি। তারপর বন্যা বা প্রাকৃতিক দুর্যোগের মোকাবিলা করার জন্য প্রতি এম.এল.এ.কে ১০০টি করে ত্রিপল দেওয়ার জন্য আমি অনুরোধ জানাচ্ছি। মাননীয় মন্ত্রী মহাশয় জানেন, এখন আর এম.এল.এ.দের কোনো ক্ষমতা নেই। পঞ্চায়েত এবং জেলা পরিষদের মাধ্যমেই সব কাজ হয়। প্রাকৃতিক দুর্যোগ বা বন্যার সময় মানুষজন এম.এল.এ.দের কাছে এসে ত্রিপল দেওয়ার জন্য অনুরোধ জানায় কিন্তু এম.এল.এ.রা অসহায় হয়ে বসে থাকেন। কাজেই এম.এল.এ.দের ১০০ খানি করে ত্রিপল দেওয়ার জন্য আমি অনুরোধ জানাচ্ছি। তারপর গরিব মানুষদের যে এককালীন সাহায্য দেওয়া হয় সেটা হচ্ছে ২০০ টাকা। এই ২০০ টাকায় কিছুই হয় না। এটা বাড়াবার জন্য আমি অনুরোধ জানাচ্ছি। তারপর ঘর পড়ে গেলে দু হাজার টাকা করে দেওয়া হয়। দু হাজার টাকাতে ঘর হয় না। এটাও বাড়ানো দরকার। যে দু হাজার টাকা দেওয়া হয় আমরা দেখি সেটা তারা খেয়ে ফেলে, বাড়ি করতে পারে না, কাজেই এটা বাড়াবার জন্য বিশেষভাবে অনুরোধ জানাচ্ছি। স্যার, আমরা জানি যে এই ত্রাণ দপ্তর একটি অত্যন্ত গুরুত্বপূর্ণ দপ্তর। এই দপ্তরের জন্য যে টাকা বরাদ্দ করা হয়েছে বাজেটে সেই টাকায় কিছু কাজ হয় না, অতএব, রাজ্য সরকারের কাছে আমার অনুরোধ, ত্রাণ দপ্তরের বাজেটের টাকা বাড়ানো হোক। এই বলে পুনরায় বাজেটকে সমর্থন করে শেষ করছি।

শ্রী মলয় ঘটক : মাননীয় অধ্যক্ষ মহাশয়, ত্রাণ দপ্তরের মাননীয় মন্ত্রী মহাশয় যে ব্যয় বরাদ্দের দাবি পেশ করেছেন তার বিরোধিতা করে এবং আমাদের দলের পক্ষ থেকে যে সমস্ত কাটমোশান আনা হয়েছে তা সমর্থন করে আমি আমার স্বল্প বক্তব্য রাখছি। স্যার, আমরা জানি, এক সময় দামোদর নদকে বলা হত The curse of Bengal.

প্রতি বছর দামোদর নদে বন্যা হত এবং পশ্চিমবঙ্গকে ভাসিয়ে দিত। তারপর ডাঃ বিধানচন্দ্র রায় পরিকল্পনা করে সেই দামোদর নদীতে বাঁধ তৈরি করালেন, ব্যারেজ তৈরি করালেন এবং দেখা গেল এক সময় পশ্চিমবঙ্গ বন্যা-শূন্য হয়ে গিয়েছিল। এই দপ্তরের যে

ব্যয়-বরাদ্দ তা গত কয়েক বছর লক্ষ্য করলে দেখা যাবে এত অধিক বরাদ্দ এই দপ্তরের ছিল না, কিন্তু হঠাৎ করে দেখা যাচ্ছে বরাদ্দ ২।। গুণ বাড়ানো হয়েছে। এর কারণ হচ্ছে বন্যা। কিন্তু এই বন্যা কেন হচ্ছে সেটা খতিয়ে দেখা হচ্ছে না এবং বন্যা কিভাবে বন্ধ করা যায় সরকার তাও চিন্তাভাবনা করছেন না। প্রতি বছর আমরা দেখছি এই বন্যা পশ্চিমবঙ্গে একটা ভয়াবহ অবস্থার সৃষ্টি করছে। অবশ্য এই বন্যা বামফ্রন্ট সরকারের কাছে আশীর্বাদ হয়ে গিয়েছে। কারণ বন্যা হলেই এরা ত্রাণ নিয়ে দলবাজি করেন এবং বন্যাতে পাইয়ে দেওয়ার কথা বলে ভোট বৈতরণী পার হয়ে যান। স্যার, মাননীয় মন্ত্রী মহাশয় যে বক্তব্য রেখেছেন তাতে দেখা যাচ্ছে যে ২ কোটি ১৮ লক্ষ লোক বন্যার ক্ষতিগ্রস্ত হয়েছে। সেখানে বন্যায় মানুষ পেয়েছে কি ? ৯৩ হাজার ধুতি, ৮৮ হাজার শাড়ি, ২৬ হজার ৮শো লুঙ্গি, ৭৩ হাজার ৮শো বাচ্চাদের জামাপ্যান্ট। মোট ২ লক্ষ ৭৯ হাজার পিস যেটা টোটাল যে অ্যাফেকটেড তার মাত্র ১.২৫ পারসেন্ট।

[5.30—5.40 p.m.]

উনি বলেছেন, ১০ লক্ষ ৪৪ হাজার ত্রিপল বিলি করেছেন। আমরা বন্যা অ্যাফেকটেড বহু জায়গায় গিয়েছি বীরভূম জেলার, কোথাও ত্রিপল যায়নি। পলিথিনের কিছু কিছু শিট দিয়েছেন যা ১৫ দিনের বেশি চলে না। ২০ লক্ষ পলিথিন শিট দিয়েছিলেন ২.১৮ কোটি মানুষের জন্য, অর্থাৎ ৫ পারসেন্ট লোককে দিয়েছেন। বাকি ৯৫ পারসেন্ট ঘরবাড়ি ভাঙা বানভাসি মানুষের দিন খোলা আকাশের নীচে কেটেছে। বাংলার মানুষকে ১৫ লক্ষ কম্বল দিয়েছেন বলেছেন। সংখ্যাটা ৭ পারসেন্টের মতো, অর্থাৎ ১০০ জনের মধ্যে ৭ জনকে কম্বল দিয়েছেন। এই দপ্তরের বন্যা ত্রাণের যে ব্যয়-বরাদ্দ তা দিয়ে রাজ্যের ব্যাপক বন্যাত্রাণ সামলানো মুশকিল। গত বন্যায় ১,৩৬২ জন মারা গেছেন বলেছেন, কিন্তু তার চেয়ে অনেক বেশি মানুষ মারা গেছেন বলে আমরা মনে করি। বলেছেন, সরকারের তরফ থেকে ২০,০০০ টাকা করে মৃতদের পরিবার পিছু দেওয়া হয়েছে। সেটা দিলে সরকারকে দিতে হয় ২,৭২,৪০,০০০ টাকা, কিন্তু উনি বলেছেন ২,৭২,৩৯,০০০ টাকা। অর্থাৎ উনি ১ লক্ষ টাকা কম বলেছেন। এই ১ লক্ষ টাকা কোথায় গেল সেটা নিশ্চয়ই তিনি বলবেন। আজকে ৬ কোটি ৬২ লক্ষ টাকা কেন্দ্রীয় সরকার দিয়েছেন প্রাইম মিনিস্টার'স রিলিফ ফাণ্ড থেকে এবং সে টাকা বিলি করেছেন বলে বলেছেন। আমরা সব জায়গায় গিয়েছি, দেখেছি কেউ টাকা পাননি। ওই টাকা কতজনকে কত করে দিয়েছেন তার কোনো হিসেবও বাজেট ভাষণে নেই। এই যে বন্যার ভয়াবহতা এর পুনরাবৃত্তি যাতে না ঘটে তারজন্য বন্যা প্রতিরোধে কোনো ব্যবস্থা নেননি, কারণ আবার বন্যা হলে পাইয়ে দেবার রাজনীতি করবেন এবং মানুষকে বিভ্রান্ত করে অন্যরূপ চিত্র তুলে ধরবেন। তারজন্য এই বাজেট প্রস্তাবের বিরোধিতা করছি এবং আমাদের দলের এবং বিরোধীদলের কাটমোশনকে সমর্থন করে বক্তব্য শেষ করছি।

শ্রী ধনঞ্জয় মোদক : মাননীয় অধ্যক্ষ মহাশয়, মাননীয় ত্রাণমন্ত্রী যে ব্যয়-বরাদ্দ পেশ করেছেন তাকে সমর্থন করে আমি অল্পকিছু কথা বলছি। গত বন্যায় আমরা যখন ভাসছি,

আমরা যখন প্রাণ বাঁচাবার জন্য আকুলি-বিকুলি করছি, সেই সময় কালীঘাটের পুতুল বলে উঠলেন, 'এটা মনুষ্যকৃত বন্যা। আমার মনে পড়ছে, যখন খাদ্য আন্দোলনের সময় পুলিশ ৮০ জন ক্ষুধার্ত মানুষকে গুলি করে মেরেছিল, তার প্রতিবাদে সেই সময় অন্নদাশঙ্কর রায় বলেছিলেন—ওদের খেতে দেবার ক্ষমতা নেই, কিল মারবার গোঁসাই। এবারের বন্যার সময় ওরা মানুষের পাশে দাঁড়ালেন না এবং কেন্দ্রীয় সরকার যে অমানবিক আচরণ করলেন তার প্রতিবাদে কোনো কথা বললেন না। পশ্চিমবঙ্গের সেচ দপ্তর, জেলা পরিষদ, পঞ্চায়েত সমিতি, গ্রাম পঞ্চায়েত, সাধারণ মানুষ, এন.জি.ও. এবং পশ্চিমবঙ্গ সরকারের সমস্ত ডিপার্টমেন্ট, সবাই একযোগে মানুষের পাশে দাঁড়িয়েছে, যার ফলে বন্যার পর স্বাভাবিকভাবে মহামারি যা দেখা দেয় সেটা দেখা দেয়নি এবং গ্রামের মানুষ ভাত, ফেন চাইতে কলকাতায় চলে আসেননি। তারজন্য আমি ত্রাণমন্ত্রীকে অভিনন্দন জানাচ্ছি। তৃণমূল কংগ্রেস রাজনৈতিকভাবে পাপ কাজ করেছে, কারণ পশ্চিমবঙ্গের মানুষ যখন বন্যায় ভাসছেন এবং তদের বাঁচাবার জন্য চেষ্টা চলছে, তখন তারা ঐ ধরনের কথা বলছেন। বলতে পারি সেখানে বেসরকারি সংস্থা বিড়ি কোম্পানি এবং আরো যে সমস্ত স্বেচ্ছাসেবী সংস্থা আছে তারা যদি এগিয়ে না আসতে তাহলে তাদের কষ্টের শেষ থাকত না। এটা হচ্ছে বাস্তব ঘটনা। প্রতিবারই আপনারা বলেন বন্যার আগে বৃষ্টি নামলে—গতবার আমি শুনেছি, অর্থমন্ত্রী এখানে নেই, উনি বিবৃতি দিলেন—বন্যা মোকাবিলা করার জন্য আমরা প্রস্তুত আছি। একটা পুকুরে একটা বাচ্চা ছেলে ডুবে যাচ্ছে, তাকে বলছে পুকুরে নামলি কেন। তাকে বাঁচানোর চেষ্টা করল না। আজকে সেই প্রতিবাদ ধ্বনিত হচ্ছে। আমি ত্রাণ দপ্তরের কাছে একটা প্রস্তাব রাখছি এবং সেটা গ্রহণের জন্য অনুরোধ জানাচ্ছি। সেই প্রস্তাবটি হচ্ছে এই ধরনের প্রাকৃতিক বিপর্যয়ের জন্য যে কমিটি করছেন তাতে পঞ্চায়েত সমিতির প্রতিনিধি, গ্রাম পঞ্চায়েতের প্রতিনিধি, জেলা পরিষদের প্রতিনিধি এবং এম.এল.এ. প্রতিনিধি থাকা দরকার। এই বিভাগে এই ধরনের কমিটি হওয়া দরকার। আমরা দেখতে পাচ্ছি যে বিভিন্ন জায়গায় দুর্যোগ হচ্ছে। পশ্চিমবঙ্গ সরকার বিভিন্নভাবে প্রচেষ্টা নিচ্ছে, এবারেও আমরা দেখেছি বিভিন্ন ধরনের সাহায্য দিয়েছে। আমি মনে করছি যে এই সমস্ত জিনিসপত্র আগে থেকে মজুত থাকা দরকার। সেই জায়গায় আমরা দেখতে পাচ্ছি ভারত সরকার ন্যাচারাল ক্যালামিটি ফাণ্ড করতে টালবাহানা করছে। পশ্চিমবাংলার ভয়াবহ বন্যায় তারা মাত্র ১০৩ কোটি টাকা দিয়েছে। এই ব্যাপারে আমাদের আরো চাপ দেওয়া দরকার, পুনর্বাসনের জন্য যে টাকা বাকি আছে সেটা চাপ দিয়ে আদায় করা দরকার। আমাদের সরকারের পক্ষ থেকে এই বাজেট বৃদ্ধি করা হয়েছে। তাই আমি এই বাজেটকে সমর্থন করে আমি আমার বক্তব্য শেষ করছি।

শ্রী মইনুল হক : মাননীয় ডেপুটি স্পীকার স্যার, আজকে যে বাজেট পেশ করা হয়েছে হাউসের অনুমোদনের জন্য, প্রায় ২২৯ কোটি ৮৫ লক্ষ ৬০ হাজার টাকা, আমাদের বিরোধী নেতা যে বক্তব্য পেশ করেছেন আমি তাকে সমর্থন করছি। ত্রাণ দপ্তরের থেকে এই যে টাকা সেচ দপ্তরের মাধ্যমে, পশু পালন দপ্তরের মাধ্যমে এবং আরো যে সমস্ত দপ্তরের মাধ্যমে যে সমস্ত টাকা খরচের কথা উল্লেখ করা হয়েছে, আমার মনে হয় না সেই টাকাগুলি খরচ করা হবে। বিশেষ করে বন্যার কথা অনেকে বলেছেন। প্রতিবার একটা উৎসবের

মতো বন্যা হবে। এটাতে আমরা অভ্যস্ত হয়ে গিয়েছি। কিন্তু বন্যা নিয়ন্ত্রণের জন্য সরকারের যে পদক্ষেপ নেওয়া উচিত ছিল সেটা নেওয়া হয়নি। এই বন্যা মোকাবিলা করতে গিয়ে সরকারি প্রশাসন যে সম্পূর্ণ ব্যর্থ সেটা শুধু ২০০০ সালের বন্যাতেই নয় ১৯৯৮-১৯৯৯ সালের ক্ষেত্রেও হয়েছে। লাস্ট ২০০০ সালের বন্যায় আমরা দেখেছি বন্যা হওয়ার ১০ দিন পরে সরকারি রিলিফ পৌঁছেছে সেই বানভাসি মানুষদের কাছে। এটা অত্যন্ত লজ্জার কথা। যে গালভরা কথা মাননীয় সদস্য বললেন যে পর্যাপ্ত পরিমাণ রিলিফ নাকি দেওয়া হয়েছে বানভাসি লোকেদের সেটা ঠিক নয়। বন্যা দূর্গত এলাকায় যে সমস্ত রিলিফ প্রয়োজন, আমি আমার এলাকার কথা নৈহাটিতে করেছেন ? সুতরাং এটা আমার কাছে খুব ক্লিয়ার হয়নি। আমি সেইজন্য মন্ত্রী মহাশয়কে বলছি যে হিডকো এই বছর পাওয়া যাবে হয়তো। হিডকোর একটা ব্যালান্সসিট আমি প্রপারলি দেখতে চাই। আপনি বলেছেন ৪৩১ কোটি টাকা প্রোজেক্ট। আপনি হাউসিং ইনফ্রাসট্রাকচার ডেভলপমেন্ট করপোরেশান একটা করেছেন, কোম্পানী অ্যাক্টে রেজিস্টারড করেছেন। কিন্তু এখনও পর্যন্ত আমাদের কাছে হিডকো-র কোনো ব্যালান্সসিট দেওয়া হয়নি, সেটা এখনও আসেনি। ন্যাশনাল হাউসিং ব্যাংক থেকে ব্যাপক টাকা নেওয়া হয়েছে। কিন্তু হিডকো কোথায় দাঁড়িয়ে আছে, কত টাকা তার ইকুইটি, কত টাকা তার লোন এই পুরোটা বোঝা দরকার। এখানে মন্ত্রী মহাশয়কে বলবো যা হবার তো হয়েই গেছে, রবীনবাবু হেরে গিয়েছেন, আপনার রাজারহাট প্রোজেক্টটাকে এখনও পর্যন্ত একটু কন্ট্রোল করুন। বাঙালি মধ্যবিত্তদের ফ্ল্যাট কেনা, বাড়ি কেনার চাহিদা এগিয়ে দিলে অ্যাপ্লাই করবে। কিন্তু সেখানকার গরিব কৃষকদের কথাও মনে রাখবেন। সবাইকে উচ্ছেদ করে এখানে বাড়ি করবেন না। স্যার, আমি নেক্সট আসছি পি. এইচ. ই. ডিপার্টমেন্টে। সেখানেই সেই বিচিত্র এই সরকারি দপ্তরের ব্যাপারে। পি. এইচ. ই. দেখবেন সি. এম. ডি. এ. এলাকার বাইরে সমস্ত মিউনিসিপ্যালিটি এবং গ্রামের জল সরবরাহ করবে। আর কলিকাতায় সি. এম. ডি. এ. এলাকায় কে করবে সেটা ক্লিয়ার নয়। কোথাও সি. এম. ডবলু. এস. এ. করে, কোথাও করপোরেশান করে, কোথাও মিউনিসিপ্যালিটি করে, দুটি আলাদা। ওয়াটার ইনভেসটিগেশান আলাদা ডিপার্টমেন্ট আছে। তারা ডিপ টিউবওয়েল তৈরি করবে, স্যালো টিউবওয়েল তৈরি করবে চাষের জন্য। শুধু পি. এইচ. ই. তারা যেখানে রিগ বোর টিউবওয়েল হবে সেটা করবে। সেখানেও গৌতমবাবুর জাইগানটিসিয়াম রোগ লক্ষ্য করা যাচ্ছে। রাজ্যে ৬৭টি ব্লক অ্যাফেক্টেড বাই আরসেনিক। সিরিয়াস অবস্থা। আমি গতবারে পি. এইচ. ই. সাবজেক্ট কমিটির চেয়ারম্যান ছিলাম, আমি অ্যাফেক্টেড ব্লকে গিয়ে দেখেছি। ৭টি জেলা আছে তার মধ্যে সবচেয়ে বেশি সিরিয়াসলি অ্যাফেক্টেড হয়েছে মালদা, মুর্শিদাবাদ, নদিয়া, উত্তর ২৪-পরগনা, দক্ষিণ ২৪-পরগনা। এই ৫টি জেলা তো ব্যাপকভাবে অ্যাফেক্টেড। উনি সারফেস ওয়াটার প্রোজেক্ট করেছেন দুটি। একটা বজবজে, ২৩১ কোটি টাকার প্রোজেক্ট, কবে হবে কেউ জানে না।

[5.40—5.50 p.m.]

কী করেছেন—কিছুই করতে পারেননি। আপনারা যে সমস্ত ত্রাণের ব্যবস্থা, রিলিফের ব্যবস্থা, এই যে ঘরপড়া ঘটনা ঘটেছে তাতে দেখা গেছে, শুধু মুর্শিদাবাদ জেলায়

৪ লক্ষ ৫০ হাজার ৩০০'র মতো আপনি দেখিয়েছেন, এত হেক্টর জমি ক্ষতিগ্রস্ত হয়েছে। সেই জমি, আমি বলছি না ক্ষতিপূরণ করুন, কিন্তু যাদেরকে বীজ দেওয়া হল, আপনি জানেন কি, ওই সমস্ত কৃষকরা বীজ পেয়েছে কি ? পায়নি। ক্যাডাররা ভাগ করে নিয়েছে। বাজারে বিক্রি করে দিয়েছে। আপনারা কি কথা বলছেন ? আপনার এই দপ্তর, ১৩৬২ জন যারা মারা গেছে, তাতে মুর্শিদাবাদ জেলায় ৬৬৩ জন মারা গেছে—তারা কুড়ি হাজার করে টাকা পায়নি। সমস্ত পরিবার পায়নি। আবার বন্যা হবে, আপনারা আবার গালভরা বক্তৃতা রাখবেন। নতুন মন্ত্রী এসেছেন। আমি তাঁর কাছে অনুরোধ করবো, যে কাপড়গুলো বিধায়কদের বণ্টন করতে দেওয়া হয়—আমি এখানে আনিনি, কারণ, সেটা শোভনীয় হত না, কাপড়গুলো মানুষকে দেওয়ার অযোগ্য—আমি অনুরোধ করবো, কাপড়ের কোয়ালিটিটা যেন মেনটেন করেন। আমি সর্বশেষে বলবো, সর্বদলীয় কমিটি করার যে কথা বলছেন, তা সবক্ষেত্রে হয় না। বন্যার সময়ে মানুষের কাছে যখন যেতে পারেন না, তখন সমস্ত পার্টির দরকার হয়। আর বণ্টনের সময়ে আপনারাই সব করেন। তখন অন্য পার্টির দরকার হয় না। আমি তাই এই বাজেটের বিরোধিতা করে এবং কাটমোশানকে সমর্থন করে আমার বক্তব্য শেষ করছি।

শ্রী হাফিজ আলম সৈরানী : মাননীয় স্পীকার, স্যার, ত্রাণ দপ্তরের বাজেট বরাদ্দে সরকার পক্ষ এবং বিরোধী পক্ষের সাতজন সদস্য এই বিতর্কে অংশ গ্রহণ করেছেন। আমি তাঁদের আন্তরিক ধন্যবাদ জানাচ্ছি। আমি আমার বাজেটের পক্ষে দু'চারটি কথা বলে নির্দিষ্ট সময়ের মধ্যে আমার বক্তব্য শেষ করবো। বিরোধী দলের মাননীয় সদস্য পংকজবাবু বলেছেন সি আর এফ ফাণ্ডের ব্যাপারে যে, তার ওপরে আমার দপ্তরের, অর্থাৎ মন্ত্রীর কোনো নিয়ন্ত্রণ নেই। সেই টাকা সমস্ত বিলি বণ্টনের দায়িত্ব কিছু অফিসারের হাতে আছে। এই ব্যাপারে আমি বলতে চাই যে, সি আর এফ ফাণ্ডটা আমরা কেন্দ্রীয় সরকার থেকে পাই। এই টাকাগুলো কিভাবে বিলিবণ্টন হবে তা নবম, দশম এবং ইলেভেন্‌থ ফিনান্স কমিশনের রেকমেণ্ডেশন অনুযায়ী কমিটি করা হয়। তিনটে কমিটি আছে। একটাতে বিভিন্ন দপ্তরের সেক্রেটারিদের নিয়ে, তার মাথায় চিফ সেক্রেটারিকে রাখা আছে। এই কমিটি কত তাড়াতাড়ি এবং সুষ্ঠুভাবে যাতে কাজ করতে পারে তার জন্য আবার একটা কোর কমিটি আছে, যার মাথায় আছে চিফ সেক্রেটারি, ফিনান্স সেক্রেটারি এবং রিলিফ সেক্রেটারি। এঁরা ওই কমিটির সদস্য হিসাবে আছেন। তার ওপরে একটা কমিটি আছে, যার মাথায় আছেন মাননীয় মুখ্যমন্ত্রী। আমি তার সদস্য, ফিনান্স মিনিষ্টার তার সদস্য এবং চিফ সেক্রেটারি তার সদস্য। অর্থাৎ সার্বিকভাবে দেখা যাচ্ছে, দপ্তরের নিয়ন্ত্রণ নেই, সরকারের নিয়ন্ত্রণ নেই, আমলারা যা চাইছেন তাই হচ্ছে আর আমরা ঠুঁটো জগন্নাথ হয়ে বসে আছি, এই অভিযোগ সত্য নয়। এই অভিযোগ আমি স্বীকার করতে পারছি না। এখানে যে কথাটা বলেছেন আমরা বিভিন্ন দপ্তরকে টাকা দিই অথচ সেই দপ্তরগুলো সঠিকভাবে যে জন্য টাকা নিচ্ছে সেই কাজগুলো তারা করছে কিনা আমরা দেখছি না। হয়তো কিছুটা তাদের দুর্বলতা আছে কিন্তু এই হাউসে দাঁড়িয়ে বলতে চাই আমি যাদেরকে টাকা দেব, সেই দপ্তর যে উদ্দেশ্যে টাকা নেবে, সেই উদ্দেশ্য যাতে পূরণ করে আমরা

তা দেখি। এ ক্ষেত্রে যদি কোনো আপনাদের সুপারিশ থাকে আপনারা করবেন আমি তা যথাযথভাবে ব্যবস্থা নেব। আর যে সদস্য বললেন যে ত্রাণ বন্টনের ক্ষেত্রে সুষম ব্যবস্থা নেওয়া হচ্ছে না, দুর্নীতি আছে। এই ব্যাপারে আমার বক্তব্য হচ্ছে যে, আমরা এম এল এ-রা ১ লক্ষ, ২ লক্ষ লোকের নির্বাচিত সদস্য আর একজন গ্রাম পঞ্চায়েতের সদস্য ৭০০ জন লোকের নির্বাচিত সদস্য, সুতরাং ওই সদস্য ৭০০ লোককে ভাল করে চিনবে না আমরা বিধানসভার যারা সদস্য তারা ভাল করে চিনব বলুন তো। স্বাভাবিকভাবেই এই যে প্রাকৃতিক বিপর্যয় সময়ে যে সমস্ত জিনিস ত্রাণ দপ্তরের মাধ্যমে দেওয়া হয় তার জন্য একটা কমিটি আছে। একজন আমাদের সদস্য উল্লেখ করলেন ত্রাণের মাল বিলি-বন্টনের ব্যাপারে। ব্লকে যে মাল বিলি-বন্টন করা হয় সেই ব্লকের বিডিও কোনো কনসার্ন অফিসার, পঞ্চায়েত সমিতির কোনো কনসার্ন সদস্য থাকেন কনসার্ন গ্রাম পঞ্চায়েত সমিতির একজন সদস্য থাকেন, তাদের দিয়ে বিলি বন্টন করা হয়। আর যেটা এইচ বি গ্রান্টের টাকার কথা বলা হয়েছে, সেখানে ৩জনকে নিয়ে একটি কমিটি করা হয়েছে। তারা গিয়ে তদন্ত করে দেখেন যে কার কার ঘরবাড়ি পড়ে গেছে, সেইভাবে তারা লিস্ট তৈরি করেন, সেই লিস্ট ব্লকের গ্রাম পঞ্চায়েত অফিসে টাঙিয়ে দেওয়া হয়, তাদেরকে আহ্বান করা হয়। সেখানে কারুর কোনো অভিযোগ থাকলে সেই অভিযোগ জানান সেই অভিযোগের ভিত্তিতে বিডিও সাহেব যথাযথভাবে তদন্ত করেন এবং তদন্ত সাপেক্ষে চূড়ান্ত তালিকা প্রকাশ করা হয়। সেই তালিকা অনুযায়ী যার সম্পূর্ণ বাড়ি-ঘর ভেঙে গেছে তাকে ২ হাজার টাকা অনুদান দেওয়া হয় আর যার আংশিক ক্ষতিগ্রস্ত হয়েছে তাকে ১ হাজার করে টাকা দেওয়া হয়। স্যার, এখানে কতগুলো কাটমোশান বিরোধী পক্ষর সদস্য দিয়েছেন। তার মধ্যে মাননীয় বিরোধী দলের সদস্য পংকজবাবু বললেন যে, ১৯৯৮ সালে ত্রাণ এবং পুনর্বাসন দপ্তর কাজ করেনি। আমি ওই কাটমোশানের অভিযোগের ভিত্তিতে তথ্য দিয়ে বলতে চাই যে, ১৯৯৮ সালে ত্রাণ দপ্তর কি কি কাজ করেছিল সেটা আপনার মাধ্যমে বিরোধী সদস্যের দৃষ্টিতে আনতে চাই। ১৯৯৮ সালে ৬.৬০ মেট্রিক টন গম দেওয়া হয়েছিল, ১৪.৫৫৭ মেট্রিক টন চাল দেওয়া হয়েছিল, ১ লক্ষ ৫৭ হাজার নগদ টাকা দেওয়া হয়েছিল, আনুষঙ্গিক খরচের জন্য দেওয়া হয়েছিল ৩ কোটি ৯৯ লক্ষ ৭৯ হাজার টাকা, গৃহ নির্মাণের জন্য টাকা দেওয়া হয়েছিল ৭৮ কোটি ৭৯ লক্ষ ৪৮ হাজার টাকা, ৯৪০টি ত্রিপল দেওয়া হয়েছিল, শাড়ি দেওয়া হয় ১ লক্ষ ১৪ হাজার, ৯৬ হাজার ৯০০টি ধুতি দেওয়া হয়েছিল, লুঙ্গি দেওয়া হয়েছিল ৬১ হাজার ২০০টি, শিশুদের পোশাক দেওয়া হয়েছিল ৭২ হাজার ৭০০টি, গুড়, দুধ দেওয়া হয়েছিল ৭১০টি প্যাকেট। তারপরেও বিরোধী সদস্য বলছেন যে, ১৯৯৮ সালে ত্রাণ ও পুনর্বাসনের কোনো কাজ করেনি। তাহলে এর পরে এই অভিযোগ স্বীকার করতে পারি না এবং তাই কাটমোশানটিকে গ্রহণ করতে পারছি না।

[5.50—5.56 p.m.] (including adjournment)

অপরদিকে কিছু কিছু সদস্য আমাকে আবেদন করলেন এবং বললেন এম এল এ-দের কাপড়টা বাড়ানো হোক, আবার অপরদিকে বলছেন বাজেটের পরিমাণ হু-হু করে

বেড়ে যাচ্ছে। ত্রাণসামগ্রীর পরিমাণ যদি বাড়াতে হয় সব লোক ক্ষতিগ্রস্ত হলে যদি ত্রাণ সামগ্রী দিতে হয়, তাদের যদি পুনর্বাসন করতে হয় তাহলে টাকার পরিমাণ বাড়াতে হবে। নাহলে বলতে হবে টাকার পরিমাণ কমান আর আমাদেরকে যে কাপড়চোপড় দিচ্ছেন তার পরিমাণটা কমান, এটা বললে যুক্তিসঙ্গত হত। মাননীয় সদস্যরা যারা বাজেটে আলোচনায় অংশগ্রহণ করেছেন তারা সবাই কিছু কিছু গঠনমূলক প্রস্তাব রেখেছেন সেইগুলি আমি গ্রহণ করবো। কিন্তু ত্রাণ দপ্তরের মাধ্যমে বলতে চাই, এখানে আর একটি অভিযোগ উঠেছে, যে সমস্ত মানুষ এই সময়ে ক্ষতিগ্রস্থ হয় তাদেরকে উদ্ধার করে রাখার জন্য কোনো ফ্লাড সেন্টার আমরা গড়ে তুলতে পারিনি। পঙ্কজবাবু আপনারা নিশ্চয় জানেন, ইউরোপিয়ান ইকনমিক কমিউনিটির টাকায় আমরা ৮৫টা ফ্লাড সেন্টার '৯০-'৯১ সালে করেছিলাম তারপরে '৯১ থেকে ২০০১ সালের মধ্যে ত্রাণ দপ্তরের প্ল্যান এবং নন-প্ল্যান বাজেটের থেকে টাকা নিয়ে ৮০টি ফ্লাড সেন্টার করছি ; তার মধ্যে ইতিমধ্যে ৫৬টির কাজ শেষ হয়েছে এবং ২৪টির কাজ চলছে। এ ছাড়াও হাডকোর লোন নিয়ে স্কুল দপ্তরের মাধ্যমে প্রায় ২ শত বাড়ি যেগুলি সাধারণত আমরা বন্যার সময় শেলটার হিসাবে ব্যবহার করি। সেই সমস্ত বাড়ি তৈরি করে যাতে ফ্লাড সেন্টার হিসাবে ব্যবহার করা যায় তার মতো করে উপযুক্ত করে গড়ে তোলার ব্যবস্থা করছি। আপনি যেটা বললেন আমরা কিছু করছি না, এই রকম ব্যাপার নয়, আমরা কিছু করছি, যদি না করতাম তাহলে এতবড়ো বন্যা যে হল, এতগুলি লোক বন্যায় ক্ষতিগ্রস্ত হল, প্রায় ২ কোটি লোক ক্ষতিগ্রস্ত হল, তাহলে সেই জনসংখ্যাটা তো কলকাতার বুকে চলে আসত। সেই জনসংখ্যা রোখার জন্য অনেকগুলি বন্দুক চালাতে হত, সেই রকম পরিস্থিতি সৃষ্টি হয়নি। যেহেতু আমরা সুষ্ঠুভাবে ত্রাণ-এর কাজ করতে পেরেছি। কিছু কিছু দুর্বলতা নিশ্চয় আমাদের আছে, একজন সরকারি পক্ষের সদস্য বলেছেন, মুর্শিদাবাদ, নদিয়া, মালদা এবং অন্যান্য জায়গায় নদী ভাঙনের ফলে কিছু লোক বাস্তুচ্যুত হয়ে গেছে এটা সত্যি কথা, এটা আমারও নজরে আছে। পশ্চিমবঙ্গে প্রায় ২০ থেকে ৩০ হাজার লোক আছে, যারা এই ভাঙনের ফলে বাস্তুচ্যুত হয়ে গেছে। আমি আমার দপ্তরের অফিসারদের সঙ্গে এই ব্যাপারে আলোচনায় বসেছিলাম, আমাকে যদি পুনর্বাসন করতে হয় তাহলে সেই লোকগুলিকে জমি ছাড়া মোটামুটি থাকার মতো আচ্ছাদন করে দিতে হয় তাহলে ৩ শত কোটি টাকা দরকার হবে। আসুন, আমরা সবাই মিলে কেন্দ্রীয় সরকারের কাছে যাই, কেন্দ্রীয় সরকারকে বলি এই এই পুনর্বাসন করতে হবে, নদী ভাঙন হচ্ছে, মূলত পশ্চিমবাংলায় যে ভাঙন হচ্ছে, সেই ভাঙনের সমস্যাজনিত কারণে যে ২০ থেকে ৩০ হাজার মানুষ বাস্তুচ্যুত হয়ে গেছে, তাদের কিছু পুনর্বাসনের দায়িত্ব কেন্দ্রীয় সরকার নিক। আমরা রাজ্য সরকার চেষ্টা করবো আমাদের সামর্থ্যের মধ্যে যতটা দায়িত্ব নেওয়ার। এই বলে, আমি এখানে যে ব্যয় বরাদ্দ রেখেছি তাঁকে সকলে সমর্থন করবেন এবং বিরোধী দলের পক্ষ থেকে যে কাটমোশান আনা হয়েছে, যুক্তিসঙ্গত কারণে সেইগুলির বিরোধিতা করে, আমার ব্যয়-বরাদ্দের অনুমোদন করবেন এই আশা রেখে আমার বক্তব্য শেষ করছি।

Demand No. 44

The motion that the amount of the Demand be reduced to Re. 1/- was then put and lost. The motions that the amount of the Demand be reduced by Rs. 100/- were also put and lost.

The motion of Dr. Asim Kumar Dasgupta that a sum of Rs. 287,32,00,000 be granted for expenditure under Demand No. 44, Major Head : 2245—Relief on account of Natural Calamities during the year 2001-2002 (This is inclusive of total sum of Rs. 229,85,60,000 already voted on account in February, 2001).

was then put and agreed to.

Adjournment

The House was then adjourned at 5.56 p.m. till 11 a.m. on Monday, the 16th July, 2001 at the Assembly House, Kolkata.

Proceedings of the West Bengal Legislative Assembly assembled under the provisions of the Constitution of India

The Assembly met in the Legislative Chamber of the Assembly House, Kolkata, on Monday, the 16th July, 2001 at 11.00 a.m.

PRESENT

Mr. Speaker (SHRI HASHIM ABDUL HALIM) in the Chair, 13 Ministers, 07 Ministers of State and 137 Members.

[11.00—11.10 a.m.]

শ্রী দেবপ্রসাদ সরকার : স্যার, পয়েন্ট অফ অর্ডার। স্যার, এই কোশ্চেন আওয়ার আমাদের কাছে খুব গুরুত্বপূর্ণ। আপনিও বলেছেন মন্ত্রী মহাশয়রা যেন তৎপরতার সঙ্গে উত্তর দেন। কিন্তু আমরা দেখছি বারবার প্রশ্ন হেল্ডওভার হয়ে যাচ্ছে। এই শিক্ষার উপর গত ১৮ই জুন আমি একটা প্রশ্ন করছিলাম, *৯, তাতে ছিল '২০০১ পর্যন্ত রাজ্যের মাধ্যমিক এবং উচ্চমাধ্যমিক স্কুলগুলোতে কত সংখ্যক শিক্ষকের পদ শূন্য আছে এবং কবে নাগাদ শূন্য পদগুলো পূরণ হবে বলে আশা করেন ?' আজকে ১৬ই জুলাই, প্রায় এক মাস হতে চলল মন্ত্রী মহাশয় উত্তর দিতে পারছেন না। এটা কি ডেলিবারেটলি সাপ্রেস করতে চাইছেন হাউসকে, নাকি উত্তর দিতে অসুবিধা হচ্ছে ?

মি. স্পিকার : অনেক কারণেই প্রশ্নগুলো হেল্ডওভার হয়। মন্ত্রী মহাশয়রা অনেক সময় ইনফরমেশন পান না। কিন্তু মন্ত্রী মহাশয়দের দায়িত্ব থাকে যত শীঘ্র সম্ভব উত্তর দেওয়া। আমি মন্ত্রী মহাশয়দের বলব—এ ক্ষেত্রে অ্যাভয়েড করা বা ইভেড করা উচিত নয়, যতশীঘ্র সম্ভব যেন উত্তর দেওয়া হয়। কান্তিবাবু এটা দেখবেন যত তাড়াতাড়ি যাতে উত্তর দেওয়া যায়, আপনার দৃষ্টি আকর্ষণ করছে।

Starred Questions
(to which oral answer were given)

অনুমোদিত মাদ্রাসা বিদ্যালয়

*২২৯। (অনুমোদিত প্রশ্ন নং *১৮৩) **শ্রী শোভনদেব চট্টোপাধ্যায় :** মাদ্রাসা শিক্ষা বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) ১৯৯৬ থেকে ২০০১ সালের মধ্যে রাজ্যে কতগুলি মাদ্রাসা বিদ্যালয়কে অনুমোদন দেওয়া হয়েছে ; এবং

(খ) মাদ্রাসা শিক্ষান্তে মুসলিম ছাত্রছাত্রীদের 'মধ্যশিক্ষা পর্ষদ' অনুমোদিত বিদ্যালয়ে ভর্তির অনুমোদন দেওয়া হয় কি না ?

শ্রী কান্তি বিশ্বাস :

(ক) ১৯৯৬ থেকে ২০০১ সালের মধ্যে রাজ্যে ৫৮ (আটান্নটি) মাদ্রাসা বিদ্যালয়কে অনুমোদন দেওয়া হয়েছে অথবা উন্নীতকরণ করা হয়েছে।

(খ) মাদ্রাসা থেকে উত্তীর্ণ মুসলিম বা হিন্দু বা অন্য কোনো সম্প্রদায়ের জন্য পৃথক ব্যবস্থার কোনো সংস্থান নেই। সকলেই 'মধ্যশিক্ষা পর্যদ' অনুমোদিত বিদ্যালয়ে ভর্তি হতে পারে।

শ্রী শোভনদেব চট্টোপাধ্যায় : প্রশ্ন তো নিশ্চয় করব, কিন্তু আজকে আবার কী ঘটল, যাতে হাউসে এত পুলিশের লোক ইত্যাদি দেওয়া হ'ল ? এসব দেখলে আমাদের আতঙ্ক লাগে। কাকে প্রোটেকশন দেওয়ার জন্য এসব ?

মাননীয় মন্ত্রীর কাছে আমার অতিরিক্ত প্রশ্ন একজ্যাকটলি কতগুলো অনুমোদন দিয়েছেন আর কতগুলোকে উন্নীতকরণ করা হয়েছে সেটা যদি বলেন।

শ্রী কান্তি বিশ্বাস : এই ৫৮টির মধ্যে আমরা উন্নীতকরণ করেছি ৪৯টা, আর ৭টা করেছি নতুন।

শ্রী শোভনদেব চট্টোপাধ্যায় : যারা মাদ্রাসা স্কুল থেকে পাস করে বেরোয়, তাদের উচ্চমাধ্যমিক স্কুলে ভর্তি হওয়ার ক্ষেত্রে নানা অসুবিধা দেখা দিচ্ছে এবং এদের ফার্স্ট ল্যাঙ্গুয়েজ উর্দু। এই ব্যাপারে কোনো সরকারি নির্দেশ আছে কি ? আপনার কাছে এই ব্যাপারে মতামত জানতে চাইছি।

শ্রী কান্তি বিশ্বাস : মাদ্রাসা থেকে পাস করার পরে উচ্চমাধ্যমিকে স্কুলে ভর্তি হওয়ার কোনো আইনগত বাধা নেই। উচ্চমাধ্যমিক শিক্ষা সংসদের পক্ষ থেকে পরিষ্কার বিজ্ঞপ্তি দেওয়া আছে হাই মাদ্রাসা উত্তীর্ণ ছাত্রাছাত্রীরা একাদশ শ্রেণিতে ভর্তি হতে পারে। কিন্তু বিদ্যালয় ঠিক করবে সে ছাত্রভর্তি করবে কি করবে না। তবে এটা ঘটনা যে অনেক বিদ্যালয় এই ব্যাপারে অনিহা প্রকাশ করে। যেমন—সি বি এস ই, আই সি এস সি বোর্ডের থেকে পাস করা ছেলেমেয়েদের প্রাপ্ত নম্বরের ১৫-২০ শতাংশ বাদ দিয়ে ভর্তি হওয়ার সুযোগ দেয়।

শ্রী শোভনদেব চট্টোপাধ্যায় : ২ হাজার ১ সালে জুনিয়ার মাদ্রাসা ২৭০, হাই মাদ্রাসা ২৩৪, সিনিয়ার মাদ্রাসা ১০৩ কিছুদিন আগে আগে মাদ্রাসা স্কুলের ছাত্ররা বিধানসভা অভিযান করেছিলেন এবং তাদের উপর পুলিশ ব্যাপকভাবে অত্যাচার করছে। তাদের দাবি ছিল যে, অধিকাংশ জায়গায় হেডমাস্টার নেই। কতগুলি জুনিয়ার মাদ্রাসা এবং সিনিয়ার হাই মাদ্রাসা স্কুলে প্রধান শিক্ষক নেই।

শ্রী কান্তি বিশ্বাস : কতগুলি মাদ্রাসায় শিক্ষকের পদ বা প্রধান শিক্ষকের পদ শূন্য আছে, সেটা আগে থেকে বলা সম্ভব নয়। নোটিশ দিতে হয়। তবে আমি বলছি যে, ১০০টি মাদ্রাসায় হয় শিক্ষক বা প্রধান শিক্ষকের পদ শূন্য। সেখানে বিদ্যালয় কর্তৃক আয়োগ থেকে তালিকা তৈরি করা হয়েছিল। নামও পাঠানো হয়েছিল। কিন্তু নাম পাঠানো সত্ত্বেও বহু মাদ্রাসা বিদ্যালয় তাদের নিয়োগ করেনি। হয়তো তাদের অন্য কিছু মাথায় কাজ করছে।

শ্রী শোভনদেব চট্টোপাধ্যায় : স্টুডেন্টস অ্যাপিয়ারিং ইন ডিফারেন্ট একজামিনেশান এখানে হাই মাদ্রাসা ১৫ হাজার ৪২৮, আলিম ১ হাজার ৩০৬, ফাজিল ৩৫৭, কামিল ইত্যাদিতে দেখছি যে আস্তে আস্তে ছাত্র সংখ্যা কমছে। আমি আপনার কাছে জানতে চাইছি যে, মুসলিম ছাত্রছাত্রীদের হায়ার এডুকেশানে যাওয়ার সংখ্যা কমছে কেন ?

[11.10—11.20 a.m.]

শ্রী কান্তি বিশ্বাস : আপনার গৃহ তো খুবই শিক্ষার পরিবেশ দ্বারা সুশোভিত বলেই আমি জানি তবুও আপনি যে প্রশ্ন করলেন তাতে তো তার সাথে মিল থাকল না। আপনি জনেন যে আলিম, ফাজিল, কামিলে ধর্মীয় শিক্ষার প্রাধান্য থাকে। জুনিয়র মাদ্রাসা, হাই মাদ্রাসা পাস করার পর ছাত্ররা উচ্চমাধ্যমিক পড়তে পারে। আপনি জানেন যে আপনার যদি জিজ্ঞাসা করার সুযোগ থাকে তাহলে আপনি জিজ্ঞাসা করে জানতে পারবেন। মুসলমান জুরিসপুডেন্স ইসলামিক কৃষ্টি, অ্যারাবিক ৩০০ নম্বর পড়তে হয়, ইসলামিক ইতিহাস পড়তে হয় এখন এইগুলো পড়লে বর্তমানে, ভবিষ্যত জীবনে খুব একটা সুবিধা করা যাবে না। এখন কম্পিউটারের যুগ। এই চেতনাবোধ থেকে এইদিকে ছাত্র সংখ্যা কম হচ্ছে কিন্তু হাই মাদ্রাসার ছাত্র সংখ্যা বৃদ্ধি পাচ্ছে। মাধ্যমিক সমতুল হাই মাদ্রাসার ছাত্ররা উচ্চমাধ্যমিকে ভর্তি হতে পারবে। আলিম, ফজিল, কামিল এরা ভারতবর্ষের তিনটে বিশ্ববিদ্যালয়ে ভর্তি হতে পারে, হামদর্দ, আলিগড়, এই বিশ্ববিদ্যালয়ে এরা ভর্তি হতে পারবে।

শ্রী আবু আয়েশ মণ্ডল : মাননীয় মন্ত্রী মহাশয়, আপনি জানালেন যে আলিম, ফাজিল, কামিল-এর স্বীকৃতির ব্যাপার নিয়ে আমাদের দেশে তিনটে বিশ্ববিদ্যালয় আছে। আমাদের রাজ্যের মাদ্রাসা ছাত্রদের দাবি ছিল যে ফাজিল পরীক্ষাকে স্বীকৃতি দিতে হবে এই বিষয়ে রাজ্য সরকারের কি সুস্পষ্ট বক্তব্য আছে ?

শ্রী কান্তি বিশ্বাস : ওদের যে পাঠ্যসূচি আছে এটা বিবেচনা করে আমরা কলকাতা বিশ্ববিদ্যালয়ে পাঠিয়েছিলাম। কলকাতা বিশ্ববিদ্যালয়ের অ্যারাবিক বিভাগ বিচার বিবেচনা করে উচ্চ মাধ্যমিকের স্বীকৃতি দেয়নি। যে তিনটি বিশ্ববিদ্যালয়ের নাম উল্লেখ করলাম, সেই বিশ্ববিদ্যালয়ে ধর্মীয় শিক্ষার পাঠক্রম অনুসারে ভর্তি হতে পারবে। আমাদের পশ্চিম বাংলার সুযোগ সীমিত। আলিম, ফাজিল, কামিল ছাত্র সংখ্যা হ্রাস পাচ্ছে।

শ্রী গোবিন্দ নস্কর : মাননীয় মন্ত্রী মহাশয়, মাদ্রাসা শিক্ষা পাস করে, হাই মাদ্রাসা পাস করে, দিল্লি বোর্ড পাস করে একাদশ শ্রেণীতে ভর্তির সমস্যা হয়ে যাচ্ছে। মন্ত্রী মহাশয় কি তার সিলেবাস পরিবর্তন এবং শিক্ষাব্যবস্থা উন্নত করার জন্য কোনো ব্যবস্থা গ্রহণ করেছেন ? কি কারণে এই এই শিক্ষাব্যবস্থাকে আপনি মৌলবাদী শিক্ষাব্যবস্থা বলে ভূষিত করলেন ?

শ্রী কান্তি বিশ্বাস : মাননীয় সদস্যকে জানাচ্ছি যে, মাদ্রাসা পাঠক্রম পাঠ্যসূচি তার পরিচালন ব্যবস্থাকে দেখাশোনা করার জন্য পশ্চিমবাংলায় ভূতপূর্ব রাজ্যপাল এ. আর. কিদোয়াইয়ের নেতৃত্বে উচ্চক্ষমতাসম্পন্ন একটা কমিটি তৈরি করা হয়েছিল এবং তারা যে

সুপারিশ করবে, ধর্মীয় শিক্ষার সঙ্গে, অন্যান্য পাঠক্রমে সামঞ্জস্য কিভাবে রক্ষা করা যায় সবকিছু খতিয়ে দেখে সিদ্ধান্ত নেওয়া হবে।

শ্রী তপন হোড় : আমি মাননীয় মন্ত্রী মহাশয়ের কাছে অতিরিক্ত প্রশ্ন করছি, আপনি দয়া করে বলবেন যে ১৯৭৭ সালের আগে কতগুলি মাদ্রাসা ছিল এবং ছাত্রছাত্রীর সংখ্যা কত ছিল ? এবং এই ২৪ বছরে কতগুলি হয়েছে এবং এই মাদ্রাসার জন্য ১৯৭৭ সালের আগে কত বাজেট ছিল এবং এখন কত হয়েছে ?

শ্রী কান্তি বিশ্বাস : আপনি জানেন ১৭৮০ সালে কলকাতায় মাদ্রাসা প্রতিষ্ঠিত হয়। তারপর থেকে ১৯৭ বছর ধরে মাদ্রাসা ছিল ২৩৮টি, আর গত ২৪ বছরে এই মাদ্রাসার সংখ্যা হচ্ছে ২৬৯টি। একইভাবে শিক্ষক ও শিক্ষাকর্মীর সংখ্যা ১৯৭৭ সালে ছিল ২৮৩৩ জন এবং এখন আছে ৬১৮১ জন। হাই মাদ্রাসায় আগে পরীক্ষার্থী ছিল ৩৭৩৩ জন, আর এ বছর পরীক্ষা দিয়েছে ১৬,০০৪ জন। পশ্চিমবঙ্গে মাদ্রাসা শিক্ষার বাজেট ছিল ১৯৭৭ সালে ৬ লক্ষ ২০ হাজার টাকা, আর গত বছরের বাজেট হচ্ছে ১১৪ কোটি টাকার, অর্থাৎ ২২৫ গুণ এই ২৫ বছরে মাদ্রাসা শিক্ষার বাজেটে বৃদ্ধি পেয়েছে।

শ্রী আব্দুল মান্নান : মাননীয় মন্ত্রী মহাশয় আপনি স্বীকার করেছেন যে ধর্মীয় শিক্ষা এবং মৌলবাদী শিক্ষাকে এক করেননি। আমার প্রশ্ন আলিম, ফাজিল যাঁরা পাস করছেন আর মাধ্যমিক, উচ্চমাধ্যমিক শিক্ষক যাঁরা আছেন তাঁরা সমতুল্য ডিগ্রি হলেও পশ্চিমবঙ্গ সরকার তাদের সেই মতো বেতন দেয় না এবং বিশ্ববিদ্যালয়ও তাদের সেই স্বীকৃতি দেয় না। মাদ্রাসা বোর্ড থেকে যাঁরা পাস করে আর্মিতে অ্যাপ্লাই করে, আর্মি তাদের স্বীকৃতি দেয় না, তাদের অ্যাপ্লিকেশান রিজেক্ট করে দেয়। আপনি নতুন করে আইন করা সত্ত্বেও এদের নেয় না। এ ব্যাপারে সরকারের কি ভাবনাচিন্তা আছে ?

শ্রী কান্তি বিশ্বাস : আলিম, ফাজিল, কামিল সিনিয়র মাদ্রাসার যেটা সর্বোচ্চ পরীক্ষা এবং সেই পরীক্ষায় যারা উত্তীর্ণ হবে তারা সারা ভারতবর্ষের ৩টি বিশ্ববিদ্যালয়ে ভর্তি হতে পারে। আইনগত বিধি এক জিনিস আর তারা নেবে, কি নেবে না সেটা অন্য জিনিস। আলিম, ফাজিল, কামিল এক বিশেষ ধরনের শিক্ষা। এই শিক্ষায় যারা শিক্ষিত হবেন তাঁরা উচ্চতর শিক্ষার ক্ষেত্রে এই জাতীয় বিশ্ববিদ্যালয় ৩টি আছে সেখানে সিনিয়র মাদ্রাসা পরীক্ষায় উত্তীর্ণ ছাত্রছাত্রীরা ভর্তি হতে পারেন তবে সেখানেও আসন সংখ্যা খুবই কম।

শ্রী পংকজ ব্যানার্জী : মাননীয় মন্ত্রী মহাশয়, অনেক গরীব মুসলিম বস্তিতে স্থানীয় ব্যক্তিরা তাদের সম্মিলিত প্রচেষ্টায় কিছু কিছু মাদ্রাসা স্কুল করে এবং নিজেরা শিক্ষক রেখে দিনের পর দিন তারা চালাচ্ছেন। এই রকম দুটি মাদ্রাসাকে সরকারি অনুমোদন দেওয়ার জন্য আপনাকে লিখেছিলাম। আপনি তখন বলেছিলেন সংখ্যালঘু উন্নয়ন দপ্তরের মাননীয় মন্ত্রীর সাথে যোগাযোগ করুন। তখন সংখ্যালঘু সম্প্রদায় উন্নয়ন দপ্তরের মন্ত্রী ছিলেন শ্রী মহঃ আমিন, তাঁকে জানিয়েছিলাম। তিনি আবার জানিয়েছিলেন আপনার সঙ্গে যোগাযোগ করতে। এ তো পোর্ট পুলিশের মতো অবস্থা হয়ে গেল। গঙ্গায় মৃতদেহ ভেসে বেড়াচ্ছে, সেই মৃতদেহকে পোর্ট পুলিশ ডাঙায় তুলে দেয়, আবার ডাঙার পুলিশ সেই মৃতদেহকে আবার

গঙ্গায় ভাসিয়ে দেয়। এইভাবে চলতে চলতে মৃতদেহটি শেষ হয়ে যায়। গরিব মুসলিম ছেলে-মেয়েদের শিক্ষা দেওয়ার জন্য কয়েকজন ব্যক্তি স্কুল চালিয়ে যাচ্ছেন দিনের পর দিন, তাদের উৎসাহিত করবার জন্য সরকারের তরফ থেকে কি পরিকল্পনা আছে, বিশেষ করে যে দুটি বিষয় বললাম ?

শ্রী কান্তি বিশ্বাস : আপনি নিশ্চয়ই অবগত আছেন আগে ১৯৭৫ সালে যখন মাননীয় গোবিন্দবাবু শিক্ষা দপ্তরের রাষ্ট্রমন্ত্রী ছিলেন, সেই ১৯৭৫ সালের পর আর কোনো নিম্ন মাধ্যমিক বিদ্যালয়কে স্বীকৃতি দেওয়া বন্ধ করে দিয়েছিলেন।

[11.20—11.30 a.m.]

সেই থেকে নতুন কোন নিম্ন মাধ্যমিক বিদ্যালয় হচ্ছে না। আমরা এসেও, আমরা বলেছি, নতুন কোনো নিম্ন মাধ্যমিক বিদ্যালয় যদি কেউ সংগঠিত করে আমরা তার স্বীকৃতি দেব না। মাদ্রাসার ব্যাপারে নতুন অনেক অর্গানাইজেশন সংগঠিত করছে। এর মধ্যে অনেকগুলো মামলা হাইকোর্টে হয়েছে। হাইকোর্ট সরকারের কাছে জানতে চেয়েছে যে, তোমাদের তো ধর্মনিরপেক্ষ সরকার, আপনি বলুন নিম্ন মাধ্যমিক বিদ্যালয় যদি কেউ সংগঠিত করে সেই বিদ্যালয়কে স্বীকৃতি দেবেন না—১৯৭৫ সাল থেকে চলে আসছে। সেখানে শিক্ষকদের আপনি নিয়মিতকরণ করবেন না, আর, মাদ্রাসা যদি কেউ সংগঠিত করে তাদেরকে আপনি স্বীকৃতি দেবেন—এই দুটো, আইনের মধ্যে কেন পার্থক্য থাকবে ? তার থেকে আমরা সিদ্ধান্ত করি যে, যদি জুনিয়র মাদ্রাসা হয় তাকে আমরা হাই মাদ্রাসা করব, কোন বাধা নেই। যেমন যেমন আমাদের অর্থ সংকুলান থাকবে জুনিয়র মাদ্রাসাকে হাই মাদ্রাসা করব, জুনিয়র হাইকে হাইস্কুল করব। কিন্তু ১৯৭৫ সালের পরে স্থাপিত নিম্ন মাধ্যমিক বিদ্যালয়কে, জুনিয়র হাইস্কুলকে যেমন আমরা স্বীকৃতি দিচ্ছি না সেই জন্য নতুন যেসব জুনিয়র মাদ্রাসা অর্গানাইজড হয়েছে অনেক পরে, সেই সমস্ত মাদ্রাসাকে আমরা স্বীকৃতি দেব না। যদি কোথাও মাদ্রাসা করতে হয়, জুনিয়র স্কুল যেমন সরকার সেট-আপ করে সেই রকম মাদ্রাসা যদি কোথাও নতুন করে করতে হয় আমরা সেট-আপ করব।

পরিশেষে, আমার কয়েকটা কথা আপনাদের কাছে বলব। যদি শিক্ষার সুযোগ তৈরি করতে হয় তাহলে আমরা তো প্রচুর পরিমাণে জুনিয়র স্কুল করেছি, নিম্ন মাধ্যমিক বিদ্যালয় করেছি সাধারণ শিক্ষার। সেখানে মাদ্রাসার প্রতি অগ্রাধিকার না দিয়ে, নিশ্চয় প্রয়োজন আছে মাদ্রাসার, কিন্তু অগ্রাধিকার না দিয়ে, অগ্রাধিকার সরকার দিতে চায় নিম্ন মাধ্যমিক বিদ্যালয়, যেখানে সমস্ত সম্প্রদায়ের ছেলেরা আধুনিক শিক্ষায় শিক্ষিত হতে পারবে। এই জন্য আমাদের প্রাথমিক গুরুত্ব নিম্ন মাধ্যমিক বিদ্যালয়ের উপর, নিম্ন মাদ্রাসা বা জুনিয়র মাদ্রাসার উপর নয়।

শ্রী রবীন্দ্র ঘোষ : প্রাথমিক শিক্ষাকেন্দ্র বা মাধ্যমিক শিক্ষাকেন্দ্র দীর্ঘদিন ধরে চালাবার পর তাদের রেকগনাইজেশন দেওয়া হচ্ছে। জুনিয়র মাদ্রাসার জন্য বাড়ি, জায়গা দেওয়া হয়েছে। দীর্ঘদিন ধরে গ্রামের মানুষ মুসলমানদের শিক্ষার অনুরূপ জায়গা তৈরি করেছে।

সেইসব জুনিয়র মাদ্রাসাকে স্বীকৃতি দেবেন কি ? এই রকম তো আমাদের দেশে মুসলিম ছেলেরা অনেক পড়ছেন এবং অনেক মাদ্রাসা আছে যার জন্য বিল্ডিং দেওয়া হয়েছে, জায়গা দেওয়া হয়েছে, গ্রামের শিক্ষিত ছেলেরা মাদ্রাসায় শিক্ষকতা করছেন। তাদের স্বীকৃতি দেবার কোনো ব্যবস্থা আছে কি না ?

শ্রী কান্তি বিশ্বাস : একটু আগে পংকজবাবুর প্রশ্নের জবাবে আমি বললাম, নতুন জুনিয়র স্কুলকে যেমন আমরা স্বীকৃতি দিচ্ছি না, তেমনি আবার নতুনভাবে সংগঠিত মাদ্রাসাকেও আমরা স্বীকৃতি দিচ্ছি না। বহু পুরানো জুনিয়ার মাদ্রাসাকে আমরা হাই-মাদ্রাসা করছি। আমি একটু আগে শ্রীযুক্ত হোড়ের একটা প্রশ্নের জবাবে বললাম যে, অনেক বেশি মাদ্রাসাকে আমরা দিয়েছি, কিন্তু সংগঠিত মাদ্রাসা, সংগঠিত নিম্ন মাধ্যমিক বিদ্যালয়, তাদের আমরা স্বীকৃতি দিচ্ছি না।

বকেয়া মামলার নিষ্পত্তি

*২৩০। (অনুমোদিত প্রশ্ন নং *৩১৪) **শ্রী তপন হোড়**: বিচার বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) কলকাতা হাইকোর্টে বকেয়া মামলাগুলির নিষ্পত্তিসাধনের নিমিত্ত সরকার কোনো পরিকল্পনা গ্রহণ করেছেন কি না ; এবং

(খ) এপ্রিল, ২০০১ পর্যন্ত এইরূপ বকেয়া মামলার সংখ্যা কত ?

শ্রী নিশীথ অধিকারী

(ক) কলকাতা হাইকোর্টের বকেয়া মামলার নিষ্পত্তিসাধনে সরকার প্রত্যক্ষভাবে কোন পরিকল্পনা গ্রহণ করতে পারে না। তবে পরোক্ষভাবে নিম্নলিখিত নীতি নির্ধারণে মামলার দ্রুত নিষ্পত্তিসাধন করার প্রচেষ্টা হয়েছে :—

(১) হাইকোর্টে কম্পিউটার স্থাপনে পরিকাঠামোগত উন্নতিসাধন হয়েছে।

(২) স্টেট অ্যাডমিনিস্ট্রেটিভ ট্রাইব্যুন্যাল, ল্যান্ড অ্যাডমিনিস্ট্রেটিভ ট্রাইব্যুন্যাল গঠন করে কর্মী সংক্রান্ত মামলা ও জমি সংক্রান্ত বহু মামলা হাইকোর্ট থেকে ওই ট্রাইব্যুনালগুলিতে স্থানান্তরিত করা সম্ভব হয়েছে।

(খ) এপ্রিল, ২০০১ পর্যন্ত হাইকোর্টে বকেয়া মামলার সংখ্যা—২,৭৯,৩৭০।

শ্রী তপন হোড় : বকেয়া মামলার নিষ্পত্তির ক্ষেত্রে অনেক সময় লেগে যাচ্ছে। এর ফলে প্রত্যন্ত গ্রামের মানুষের বিশেষ অসুবিধা হচ্ছে। আপনি হাইকোর্টে পরিকাঠামোর উন্নয়নের কথা বলতে গিয়ে কম্পিউটারের কথা বলেছেন। কম্পিউটার বলতে আপনি কী কী ব্যবস্থা নিয়েছেন ? তাছাড়া, আপনি জানেন 'জাজেস আওয়ার' বলে একটা কথা আছে, অর্থাৎ, বিচারব্যবস্থা পরিচালনার ক্ষেত্রে একটা সময় আছে। জাজেদের কম্পিউটারের ব্যবস্থা করেছেন, সেই কম্পিউটারে কী কী সুযোগ-সুবিধা দিয়েছেন ? জাজেদের কোন প্রশাসনিক দিকে কাজ করতে হয় কি ? জাজেদের অ্যাডমিনিস্ট্রেটিভ কোনো কাজ আছে কি না জানাবেন ?

শ্রী নিশীথ অধিকারী : আপনি প্রথমে যেটা বলেছেন সে ব্যাপারে বলি যে, হ্যাঁ, কম্পিউটার যেটা হয়েছে সেটাতে লিস্টেডের জন্য টোটাল হাইকোর্টে যে মামলা আছে—কি, কোথায় আছে তার জন্য কম্পিউটার করা হয়েছে। জাজেদের পার্সোনাল কম্পিউটার দেওয়া হয়েছে যাতে আগের যে রায় হয়েছে সেগুলো একসঙ্গে চট করে দেখা যায়, সুপ্রিম কোর্টে কি মামলা আছে সেজন্য পার্সোনাল কম্পিউটার, সি. ডি. রোম করা হয়েছে যাতে পুরোনো মামলাগুলো রক্ষণাবেক্ষণ করা যায় তার ব্যবস্থা করা হয়েছে কম্পিউটারে, যাতে ভিড় না হয় তার জন্য ডিসপ্লে বোর্ড কম্পিউটারে করা হয়েছে। দ্বিতীয় প্রশ্নের উত্তরে বলি যে, জাজদের প্রশাসনিক ব্যাপারে সময় দিতেই হয়। প্রশাসনিক ক্ষেত্রে, আর্টিকেল—২৩৫ হাইকোর্টের নিচের কোর্টগুলোর প্রশাসনিক দিকটা দেখার দায়িত্ব আছে জাজদের। একেক জন জাজ একেকটা ডিসট্রিক্টের দায়িত্বে আছেন।

শ্রী তপন হোড় : আমার অতিরিক্ত প্রশ্ন, জাজরা কতদিন কাজ করেন ? এত মামলা জমে আছে, আপনারা বলেছেন—সরকার প্রত্যক্ষভাবে হস্তক্ষেপ করতে পারেন না। আপনারা কতকগুলো পরিকাঠামো উন্নয়নের ব্যবস্থা করেছেন, সেক্ষেত্রে আমাদের বিচারের দরকার আছে। জাজদের কতদিন কাজ করতে হয় এবং কি কি সুবিধা সরকার পক্ষ থেকে তাঁদের দেওয়া হচ্ছে এটা দয়া করে বলবেন ?

শ্রী নিশীথ অধিকারী : আইনগতভাবে জাজদের ২১০ দিন কাজ করতে হবে। এছাড়া জাজ্‌দের ছুটি আমরা ঠিক করি না, নিজেরা ঠিক করেন। ফুল কোর্ট হয়ে গেলে ছুটি হয়। এছাড়া জাজ্‌দের ২১০ দিন কাজ করতে হবে।

শ্রী তপন হোড় : হাইকোর্টের জন্য আপনার বাজেট বরাদ্দ কত ?

শ্রী নিশীথ অধিকারী : হাইকোর্টের জন্য বাজেট কিন্তু চার্জড, ভোটেড নয়—আর্টিকেল ২০৩, প্রোভাইসোতে আছে। ৩১ কোটি ৭৭ লক্ষ।

শ্রী তাপস রায় : স্যার, আপনি সিনিয়র মেম্বার। জাজ্‌দের বিষয়ে বাজেট বিতর্কে অংশগ্রহণ করে আমি বলতে চেয়েছিলাম কিন্তু তখন মাননীয় বিচারমন্ত্রী মহাশয় বলেছিলেন যে, তাঁর ডিপার্টমেন্টের কিছু করণীয় নেই। ক্যালকাটা হাইকোর্টে আপনারা ৫০ জন অ্যাপ্রুভড জাস্টিস আছেন, ৪৮ জন স্যাংশনড্ এবং বর্তমানে ৩৮ জন আছেন। এ ব্যাপারে আপনার ডিপার্টমেন্টের কোন ভূমিকা আছে? নর্থবেঙ্গলে কবে হাইকোর্টের সার্কিট বেঞ্চ হবে? এবং কলকাতায় সুপ্রিম কোর্টের সার্কিট বেঞ্চ কবে হবে ?

[11.30—11.40 a.m.]

শ্রী নিশীথ অধিকারী : নর্থ বেঙ্গল সার্কিট বেঞ্চ সম্বন্ধে আমি আগেও বলেছি—৪৩ ধারাটা একটু পড়ে দেখুন, এখানে বলা যায় না, বলতে পারি না। তবুও সেটা তাড়াতাড়ি হবে, এ কথা বলা হয়েছে। সেন্ট্রাল গভর্নমেন্ট বলেছে তাড়াতাড়ি করে দেবে। এছাড়া আপনি জিজ্ঞেস করলেন, '৪৮ জন বিচারপতি নেই কেন ?' সেক্ষেত্রে সংবিধানের ২১৭ অনুচ্ছেদটা ভালো করে দেখুন। আর সুপ্রিম কোর্টের '৯৮ সালের জাজমেন্টটা দেখুন। তাহলেই বুঝতে পারবেন যে, হাইকোর্টের ব্যাপারে রাজ্য সরকারের প্রত্যক্ষভাবে কিছু করার নেই।

শ্রী পদ্মনিধি ধর : হাইকোর্টে তিন লক্ষের মতো মামলা বকেয়া আছে। এছাড়া ১৮টি জেলায় আরও লক্ষ লক্ষ মামলা বকেয়া আছে। আমরা শুনেছি ন্যাশনাল লিগ্যাল সার্ভিসেস অথরিটি, স্টেট লিগ্যাল সার্ভিসেস অথরিটি এবং ডিস্ট্রিক্ট লিগ্যাল সার্ভিসেস অথরিটি তৈরি হয়েছে। ডিস্ট্রিক্ট থেকে অনেক মামলাই হাইকোর্টে যায়। আমরা জানি একটা কথা আছে—জাস্টিস ডিলেয়েড, জাস্টিস ডিনায়েড। ফলে বহু মানুষই বিচার পান না—এমন কি জীবিত অবস্থায় মামলা শেষ হয় না। সুতরাং জেলায় জেলায় যে ডিস্ট্রিক্ট লিগ্যাল সার্ভিসেস অথরিটি হয়েছে সেখানে ব্যাপক আকারে অ্যাওয়ারনেস ক্যাম্প করে মানুষ যাতে এড্ পেতে পারে এবং মামলাগুলি যাতে হাইকোর্টে না আসে তার জন্য কি ব্যবস্থা সরকার অবলম্বন করেছে ?

শ্রী নিশীথ অধিকারী : স্টেট লিগ্যাল সার্ভিসেস অথরিটি কিন্তু হাইকোর্ট লিগ্যাল সার্ভিসেস অথরিটির আওতায় আছে। অনেক লোক আদালত হয়েছে। তারা চেষ্টা করছে। অ্যাওয়ারনেস ক্যাম্পও হয়েছে। তাছাড়াও প্রিট্রায়াল কনসোলিয়েশন করার বিষয়ে আমরা কেন্দ্রীয় সরকারের সঙ্গে যোগাযোগ করেছি।

শ্রী অরুণাভ ঘোষ : স্যার, আমি মাননীয় মন্ত্রী মহোদয়ের কাছে একটা প্রশ্ন রাখতে চাই। হাইকোর্টে বকেয়া মামলার নিষ্পত্তি না হওয়ার একটা কারণ বিচারপতি কম। কিন্তু সবচেয়ে বড় কারণ সরকারি উকিলদের দক্ষতাহীনতা। তাঁদের নেতৃত্বে আছেন শ্রীনরনারায়ণ গুপ্ত। সেজন্য আমার মন্ত্রী মহোদয়ের কাছে প্রশ্ন, আপনি নতুন কোনো অ্যাডভোকেট জেনারেল নিয়োগ করার কথা চিন্তা করছেন কি ?

শ্রী নিশীথ অধিকারী : প্রথম কথা আমি আমার বন্ধু অরুনাভবাবুকে স্পীকারের মাধ্যমে জানাচ্ছি—বোধহয় কোনো ব্যক্তির নাম নিয়ে আসা,—যিনি প্রত্যক্ষভাবে প্রশ্নের সঙ্গে যুক্ত নন—যায় না। ৪৩ ধারা অনুযায়ী ওইভাবে নাম করা যায় না। দ্বিতীয়তঃ হাইকোর্টে মামলার নিষ্পত্তিতে দেরি হওয়ার জন্য রাজ্য সরকারের আইনজীবীরা দায়ী, একথা ঠিক নয়। আপনি অনেকদিনের পুরানো আইনজীবী। সুতরাং আপনিও জানেন, আমিও জানি মামলা কেন দেরি হয়, কেন হয় না। অনেক মামলাই উনি করেন। একেবারে করেন না তা নয়। এক্সাইজ ডিপার্টমেন্টের অধিকাংশ মামলাই উনি করেন। দায়িত্বটা কিন্তু অন্য জায়গায়।

শ্রী রবীন্দ্র ঘোষ : জেলায় জেলায় যে লোক আদালতগুলি হয়েছে সেগুলি অ্যাকটিভ করার জন্য চেষ্টা করবেন কি যাতে গরিব মানুষের কেসগুলি লোক-আদালতে গিয়ে তাড়াতাড়ি মীমাংসা হয়ে যায় ?

শ্রী নিশীথ অধিকারী : এই স্টেট লিগাল সার্ভিস অথরিটি এটা ইনডিপেনডেন্ট অথরিটি, স্ট্যাটুটরি বডি। তারাই ঠিক করেন। আপনার কথা মতো তাদের সঙ্গে যোগাযোগ করে যাতে বেশি লোক-আদালত হয় তার জন্য নিশ্চয়ই চেষ্টা করবো।

শ্রী অতীশচন্দ্র সিংহ : আপনি জানেন, হাইকোর্টে যে অসংখ্য মামলা পেনডিং হয়ে আছে তার সংখ্যা প্রায় ২ লক্ষ বা ৩ লক্ষ যেটা আপনি বললেন। ফলে এর জন্য বিভিন্ন

স্তরে—ল্যান্ড ডিপার্টমেন্ট থেকে আরম্ভ করে অন্যান্য দপ্তর তারা ট্রাইব্যুনাল তৈরি করেছেন। আমি যেটা জানতে চাইছি, কতগুলি ট্রাইব্যুনাল এখন পশ্চিমবাংলায় চালু আছে এবং এগুলি চালু হওয়ার ফলে যে উদ্দেশ্য নিয়ে ট্রাইব্যুনাল গঠিত হয়েছিল যে মামলাগুলির তাড়াতাড়ি নিষ্পত্তি হোক, সেটা হয়েছে কিনা এবং হাইকোর্টে যে মামলা পেনডিং আছে ট্রাইব্যুনাল গঠিত হওয়ার পরে সেই মামলা কমে গেছে, না বেড়ে গেছে ?

শ্রী নিশীথ অধিকারী : নিশ্চয়ই কমে গেছে। আমি তো বললাম, কলকাতা হাইকোর্টে গত বছর ছিল ৩ লক্ষ ২০ হাজার। এবারে দেখা যাচ্ছে কমে গেছে। কারণ ল্যান্ড ট্রাইব্যুনাল, স্টেট অ্যাডমিনিস্ট্রেটিভ ট্রাইব্যুনাল এবং ট্যাকসেশন ট্রাইবুনাল এই ৩টি রাজ্য সরকারের দেখাশোনার মধ্যে আছে এবং মামলা কমে গেছে।

মিঃ স্পীকার : মিঃ অধিকারী, আমার প্রশ্ন, আমি তো এই দপ্তর ৫ বছর দেখলাম। তখন হাইকোর্ট এবং সুপ্রীম কোর্টের মধ্যে আলোচনা চলছিল। তখন মাপকাঠি হয়েছিল লোয়ার জ্যুডিসিয়ারিতে বছরে ৬০০ মামলা পার জাজ নিষ্পত্তি করবে। আমার মনে হয় সেটা এখনো তাই আছে। যদি দেখা যায় পার জাজ ফাইলিং ৮০০,৯০০ কিম্বা ১০০০ হয়, যদি ডিসপোজালের থেকে বেশি হয়, স্বাভাবিকভাবেই অ্যাকুমুলেশন অফ কেসেস বেশি হবে। এই রকম সিসটেম পরিবর্তন করার দরকার। আপনি কম্পিউটার, সি ডি রোমের কথা বলেছেন। ফলে সুবিধা হবে। নিষ্পত্তির পদ্ধতি—যে প্রসিডিউয়ার, পদ্ধতি আছে সেই প্রসিডিউয়ারের পরিবর্তন যদি না করা যায় তাহলে কেস আরো জমে যাবে। পদ্ধতিটার পরিবর্তন করা দরকার। এখন এই নিষ্পত্তির পদ্ধতি—এটা নিয়ে কি সর্বভারতীয় স্তরে আলোচনা চলছে ? কারণ এটা নিয়ে আলোচনা সৃষ্টি করার কথা ছিল। আলোচনা কি আরম্ভ হয়েছে ? এটা শুধু আমাদের রাজ্যের ব্যাপার নয়।

শ্রী নিশীথ অধিকারী : এই যে মামলা জমে আছে, ডিলে হচ্ছে এটা নিয়ে কিন্তু প্রায় সবাই ভাবনা-চিন্তা করছেন। সুপ্রীম কোর্টের দায় দেখছি অদ্ভুত রকমের। তারা বলছে, ছোটছোট মামলাগুলি দীর্ঘদিন ফেলে না রেখে মরিটোরিয়াম করে দাও রিটায়ার্ড জাজ নতুন করে বসিয়ে। আপনি শুনেছেন, কেন্দ্রীয় সরকার প্রথমে বলেছিল, ফার্স্ট ট্রাক কোর্ট করো। আমাদের প্ল্যানিং কমিশন থেকে স্পেশালি টাকা দিয়ে বলা হয়েছে প্রত্যেক ডিস্ট্রিক্টে ৫টি করে কোর্ট তৈরি করে রিটায়ার্ড ডিস্ট্রিক্ট জাজ বসাও। আমরা সেখানে রাজি হতে পারছি না, ইউ. পি. ও রাজি হতে পারছে না। এমন একটা জায়গায় এসেছি যে, ইন-সার্ভিস জাজেস থেকে আলাদা করে ফার্স্ট ট্রাক কোর্ট করে তাড়াতাড়ি যাতে নিষ্পত্তি করা যায় সেটা দেখা হচ্ছে। নালসার যে আইন সেটাই লেজিসলেচার এই মামলা নিষ্পত্তি করার জন্য করেছেন।

[11.40—11.50 a.m.]

এছাড়া একটু আগে বললাম, আমরা প্রি ট্রায়াল কনসিলিয়েসান বোর্ড করার কথা ভাবছি। সমস্ত জায়গাতে অলটারনেটিভ রিড্রেসাল ফোরাম করার কথা চিন্তা করা হচ্ছে। এক্সিকিউটিভ, লেজিসলেচার, জুডিসিয়ারি—প্রত্যেকেই কিন্তু এটা নিয়ে চিন্তাভাবনা করছে

এবং এটা একটা বড় চিন্তা ভাবনার মধ্যে এসে পড়েছে। এখন কেন দেরি হচ্ছে এবং এর জন্য দায়ী কাদের করা যাবে—বিচারপতিদের, তারা কাজ করতে দেরি করছেন, সেটা, না, আইনজীবী, যেটা বললেন তাই, না মক্কেল যারা মামলা করছেন এবং একবার ইনজাংশান পেলে আর কিছুতেই আনতে দেন না—তারা ? এসব নিয়ে সর্বত্র চিন্তা-ভাবনা চলছে। এটা রাজ্য সরকারের একার ব্যাপার নয়। রাজ্য সরকার কোনো পরিকল্পনাও করতে পারেন না। এটা নিয়ে বিচার ব্যবস্থা, তারা নিজেরাই চিন্তা-ভাবনা শুরু করেছেন।

*231 : (Not called)

মাধ্যমিক বিদ্যালয়ের পরিকাঠামোর মানোন্নয়ন

*২৩২। (অনুমোদিত প্রশ্ন নং *১৫৫) **শ্রী আবু আয়েশ মণ্ডল** : বিদ্যালয় শিক্ষা বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) এটা কি সত্যি যে, রাজ্যের শিক্ষা মানোন্নয়নে মাধ্যমিক স্তরের বিদ্যালয়গুলির পরিকাঠামো খতিয়ে দেখতে বেশ কয়েকটি গুরুত্বপূর্ণ পদক্ষেপ গ্রহণ করা হয়েছে ; এবং

(খ) সত্যি হলে, গৃহীত পদক্ষেপগুলি কীরূপ?

শ্রী কান্তি বিশ্বাস :

(ক) রাজ্যের শিক্ষার মানোন্নয়নের জন্য সরকার প্রাথমিক, মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক স্তরের পাঠক্রমের মধ্যে সমন্বয়ের জন্য একটি কমিটি গঠন করেছে। শিক্ষালয়ের পরিকাঠামোর সামগ্রিক মানোন্নয়নের জন্য অর্থ বরাদ্দ করা হয়েছে এবং অতিরিক্ত শিক্ষক পদ মঞ্জুর করা হয়েছে। সেই সাথে শিক্ষক-শিক্ষাকর্মীর শূন্য পদ পূরণ করার ব্যবস্থা নেওয়া হচ্ছে।

(খ) উপরোক্ত 'ক' প্রশ্নের উত্তরেই বলা হয়েছে।

শ্রী আবু আয়েস মণ্ডল : মাননীয় মন্ত্রী মহাশয় আমাদের রাজ্যে শিক্ষার মান উন্নয়নের জন্য কতকগুলি পদক্ষেপ নিয়েছেন বললেন। আমার জিজ্ঞাস্য আমাদের রাজ্যে বিভিন্ন স্তরের যে পাঠ্যক্রম বা পাঠ্যসূচি আছে সেগুলির উন্নয়নের জন্য কি কি ব্যবস্থা গ্রহণ করা হয়েছে বলবেন কি ?

শ্রী কান্তি বিশ্বাস : আমরা ১৯৯৫ সালে একটি কমিটি গঠন করেছিলাম। সেখানে মধ্যশিক্ষা পর্ষদের সভাপতি, উচ্চ মাধ্যমিক শিক্ষা সংসদের সভাপতি, মাদ্রাসা বোর্ডের সভাপতি, রাজ্য প্রাথমিক শিক্ষা পর্ষদের সভাপতি এবং আরও কয়েকজন শিক্ষাবিদ ছিলেন। সেখানে পাঠ্যক্রম এবং পাঠ্যসূচি পর্যালোচনা করে উন্নতিকরণের সুপারিশ করার জন্য আমরা সেই কমিটিকে দায়িত্ব দিয়েছিলাম। একটা প্রাথমিক রিপোর্ট তারা দাখিল করেছেন কিন্তু সেটা যথেষ্ট নয় বলে আমাদের মনে হয়েছে। সেইজন্য পরবর্তী সময়ে আরও একটা ছোট্ট কমিটি আমরা গঠন করে দিয়েছি। তারা আমাদের কাছে সুপারিশ করবেন এবং সেই সুপারিশ অনুসারে পাঠ্যক্রম, পাঠ্যসূচি, পাঠ্যপুস্তক তাঁরা পর্যালোচনা করে তার উন্নতি বিধানের ব্যবস্থা করবেন।

শ্রী আবু আয়েশ মণ্ডল : সর্বভারতীয় ক্ষেত্রে দুটি পাঠ্যক্রম আছে—সি. বি. এস ই. এবং আই. সি. এস. ই। এই সর্বভারতীয় পাঠ্যক্রমের সঙ্গে আমাদের রাজ্যের পাঠ্যক্রমের সমতা বিধানের জন্য কোনো কার্যকরী ভূমিকা নিয়েছেন কি বা নেবেন কি ?

শ্রী কান্তি বিশ্বাস : সর্বভারতীয় পাঠ্যক্রম যা আছে কেন্দ্রীয় সরকারের নিয়ন্ত্রণাধীন—সেন্ট্রাল বোর্ড অব সেকেন্ডারি এডুকেশন—সি. বি. এস. ই., তাদের পাঠ্যক্রম একাধিকবার প্রমাণিত হয়েছে যে তার মান নীচু। আমাদের রাজ্যের ছেলেমেয়েরা ৮০০ নম্বরে পরীক্ষা দেয়, সি. বি. এস. ই. ৬০০ নম্বরে পরীক্ষা দেয়। একাধিকবার শিক্ষামন্ত্রী সম্মেলনে, জাতীয় শিক্ষা গবেষণা এবং প্রশিক্ষণ পরিষদে আলোচনা হয়েছে এবং সেখানে এটা প্রমাণিত হয়েছে যে সি. বি. এস. ই.-র যে পাঠ্যক্রম তার মান নীচু, সি. বি. এস. ই.-র থেকে যাঁরা পাস করেন, সে সমস্ত যৌথ পরীক্ষা হয় যেমন ইঞ্জিনিয়ারিং, মেডিকেল ইত্যাদি জায়গায় সেখানে তাদের ফলাফল অত্যন্ত খারাপ। কাজেই সি. বি. এস. ই.-র পাঠ্যক্রমের সঙ্গে সমতা বিধানের কোনো কথা বিবেচনা করা উচিত নয়। তবুও সেটা পর্যালোচনা করার জন্য আমরা যে কমিটি নিয়োগ করেছি সেখানে সেটা পাঠিয়েছি বিচার করার জন্য। আই. সি. এস. ই-র যে সিলেবাস বা পাঠ্যক্রম তা সি. বি. এস. ই. থেকে উন্নত কিন্তু আমাদের পাঠ্যক্রম থেকে নীচু। আমাদের পাঠ্যক্রমের মধ্যে যে মৌলিকত্ব আছে সেটা জাতীয় শিক্ষা গবেষণা পরিষদ, তারা স্বীকার করেছে। পশ্চিমবাংলার মাধ্যমিক এবং উচ্চ মাধ্যমিক পাঠ্যক্রম মূলত জ্ঞানভিত্তিক, গবেষণাধর্মী। এইজন্য আমাদের পাঠ্যক্রম সর্বভারতীয় পাঠ্যক্রমের থেকে অপেক্ষাকৃত উন্নত। তবে ভারতবর্ষের বিভিন্ন রাজ্যের নিজস্ব পাঠ্যক্রম এবং পাঠ্যসূচি আছে। আমরা যে কমিটি গঠন করেছি, অন্য রাজ্য এবং কেন্দ্রীয় সরকার নিয়ন্ত্রিত যে পাঠ্যক্রম তার সঙ্গে সমন্বয় বিধান করার বিষয়টা খতিয়ে দেখার জন্য আমরা তাদের অনুরোধ করেছি।

শ্রী আবু আয়েস মন্ডল : পরিকাঠামো উন্নয়নের জন্য আপনি অর্থ মঞ্জুর করেছেন বলেছেন। আমি জানতে চাই, বিগত আর্থিক বছরে বিদ্যালয় পরিকাঠামো উন্নয়নের জন্য কত পরিমাণ অর্থ বরাদ্দ হয়েছিল এবং ব্যয়িত হয়েছিল ?

শ্রী কান্তি বিশ্বাস : গত বছর দু ভাগে টাকাটা বরাদ্দ করেছিলাম বিদ্যালয় পরিকাঠামো উন্নয়নের জন্য। গত বন্যায় রাজ্যের ৯টি জেলার অনেক বিদ্যালয় প্রচণ্ডভাবে ক্ষতিগ্রস্ত হয়েছিল। ৯টি জেলায় যে সমস্ত বিদ্যালয় ক্ষতিগ্রস্ত হয়েছিল তাদের জন্য ৩৪ কোটি টাকা বরাদ্দ করেছি। তাছাড়া পরিকাঠামো উন্নয়নের জন্য টাকা সাধারণভাবে বরাদ্দ করি বিদ্যালয়গুলির জন্য তার জন্য ২৯ কোটি টাকা বরাদ্দ করেছি।

শ্রী গোবিন্দ রায় : আমাদের রাজ্যে শিক্ষার মান উন্নয়নের ফলে মাধ্যমিক পরীক্ষায় বিদ্যালয়গুলি, বিশেষভাবে গ্রামগঞ্জের বিদ্যালয়গুলি ভালো রেজাল্ট করেছে এবং তার ফলে আমাদের রাজ্যে প্রত্যন্ত এলাকার সাধারণ মানুষ, রিক্সাওয়ালা, ঠেলাওয়ালা, পরিচারিকাদের ছেলেমেয়েরা পর্যন্ত মাধ্যমিকে ভালো রেজাল্ট করছে। আমাদের দিনহাটার মতো মহকুমা, সেখানে মাননীয় মুখ্যমন্ত্রী নিজে গিয়ে সেখানকার কৃতি ছাত্র-ছাত্রীদের সম্বর্ধনা জানিয়েছেন। এখন তারা জয়েন্ট এন্ট্রান্সে পর্যন্ত স্থান পাচ্ছে। কিন্তু তাদের যে আর্থিক অবস্থা তাতে তারা কিভাবে উচ্চশিক্ষা লাভ করবে ? এ ব্যাপারে মাননীয় মন্ত্রীর চিন্তা-ভাবনা কি সেটা আমি জানতে চাই।

শ্রী কান্তি বিশ্বাস : দারিদ্র্য সীমারেখার নীচে বসবাসকারী অনেক ছেলেমেয়ে যোগ্যতার সাথে পরীক্ষায় উত্তীর্ণ হয়েছে এটা ঘটনা। এটা দু ভাগে ভাগ করা যেতে পারে। যারা মুসলিম সম্প্রদায়ের ছাত্র-ছাত্রী তাদের জন্য মহসীন স্টাইপেন্ড রয়েছে এবং তাদের মধ্যে কিছু বৃত্তি দেওয়া হয়। আর যারা ট্রাইবাল এবং তপশিলী সম্প্রদায়ভুক্ত তাদের জন্য মাধ্যমিকোত্তর শিক্ষাক্রমে কেন্দ্রীয় সরকার কিছু টাকা স্কলারশিপ বাবদ দেন। আমরা রাজ্য সরকারের পক্ষ থেকে দাবি করেছি এই টাকাটা বাড়াবার জন্য। এমনও ছাত্র-ছাত্রী আছে যারা তপশিলী নয়, কিন্তু পরীক্ষায় ভালো ফলাফল করেছে। তাদের জন্যও আমাদের পক্ষ থেকে চিন্তা-ভাবনা করা হচ্ছে তাদের উচ্চশিক্ষার ব্যাপারে। এখানে উচ্চশিক্ষা মন্ত্রী যখন আলোচনা করবেন তখন তাঁকে জিজ্ঞাসা করলে তিনি এ ব্যাপারে আলোকপাত করতে পারবেন।

শ্রী অতীশচন্দ্র সিংহ : আমাদের রাজ্যে যে মাধ্যমিক বিদ্যালয়গুলো আছে তার অধিকাংশই আর্থিক অনটনের মধ্যে দিয়ে চলে। আপনারা কিছু কিছু সীমিত সংখ্যক বিদ্যালয়কে ল্যাবরেটরির জন্য, বই কেনার জন্য কিছু পরিমাণ অর্থ বরাদ্দ করেন। তার জন্য বিদ্যালয়গুলোকে প্রধানত নিজেদের উপরই নির্ভর করতে হয় যেহেতু তারা ছাত্রদের কাছ থেকে বেতন নিতে পারেন না। আপনি একটি অর্থ ধার্য করে দিয়েছেন গ্রামে, শহরে, সত্তর-পঁচাত্তর টাকার মতো। তার বেশি টাকা তারা ছাত্রদের কাছ থেকে নিতে পারবেন না। উচ্চশিক্ষামন্ত্রী একটা সাহসী পদক্ষেপ গ্রহণ করে উচ্চশিক্ষার ক্ষেত্রে বেতনের পরিমাণ বৃদ্ধি করেছেন। এই যে এত টাকার বেশি বিদ্যালয় ছাত্র-ছাত্রীদের কাছ থেকে নিতে পারবেন না এটা রিভাইসড্ করবার কোনো পরিকল্পনা নিয়েছেন কিনা ?

শ্রী কান্তি বিশ্বাস : আমি অত্যন্ত আনন্দিত যে মাননীয় অতীশবাবুর চিন্তা-ভাবনার মধ্যে স্বকীয়তা রয়েছে। উচ্চশিক্ষা মন্ত্রীর পক্ষ থেকে বেতন ইত্যাদি পুনর্বিবেচনা করে পরিবর্তন তিনি যা করেছেন তাকে উনি পরোক্ষভাবে স্বাগত জানিয়েছেন, তার জন্য আন্তরিকভাবে আমি তাঁকে অভিনন্দন জানাচ্ছি। তিনি উচ্চশিক্ষা মন্ত্রীর সাহসী পদক্ষেপের জন্য তাঁকে ধন্যবাদ জানিয়েছেন, অর্থাৎ পশ্চিমবঙ্গে উচ্চশিক্ষার ক্ষেত্রে এই বৃদ্ধিটা তিনি মেনে নিয়েছেন। একইভাবে বিদ্যালয় শিক্ষার ক্ষেত্রে তিনি বলেছেন যে সমস্ত ফি-র ঊর্ধ্বসীমা ধরা আছে।

[11.50—12.00 Noon]

পরীক্ষার ফি কবে ধার্য করা হয়েছিল, এখন তার খরচ বেড়েছে। তারপর বিদ্যালয় মেরামত, আসবাবপত্র ক্রয়, বীক্ষণাগার এই সমস্ত ক্ষেত্রে খরচ অনেক বেড়েছে। এই সমস্ত ক্ষেত্রে অনেক সংকট দেখা দিয়েছে। এই বিষয়ে—আপনাকে আমি প্রথম বলছি, আপনি প্রশ্ন করেছেন বলে—পর্যালোচনা করছি এবং এই ব্যাপারে সিদ্ধান্ত গ্রহণ করব। ফি বৃদ্ধি করার জন্য সরকার গভীরভাবে চিন্তা করছে।

শ্রীমতী সোনালী গুহ : স্যার, আপনার মাধ্যমে শিক্ষামন্ত্রীর কাছে জানতে চাই যে বিগত কয়েক বছর ধরে আমরা লক্ষ্য করছি, কলিকাতায় বেশ কয়েকটি নামীদামী স্কুল

আছে সেখানে মাধ্যমিকের ফল ভাল করছে ঠিকই কিন্তু স্থান অধিকারের ক্ষেত্রে জেলা স্কুলগুলি এগিয়ে আছে, কলিকাতায় অনেক নামী-দামী স্কুল এক থেকে দশ স্থানাধিকারের ক্ষেত্রে পেছিয়ে পড়ছে, জেলার স্কুলগুলি থেকে কলিকাতার স্কুলগুলি পেছিয়ে পড়ছে। কেন পেছিয়ে পড়ছে এই ব্যাপারে আপনি কোন আলোচনা করেছেন, কোন চিন্তা-ভাবনা করছেন ?

শ্রী কান্তি বিশ্বাস : মাননীয় বিধায়ককে কি উত্তর দেব আমি বুঝতে পারছি না। পশ্চিমবাংলায় বারো হাজার থেকে তেরো হাজার বিদ্যালয় গ্রাম এবং শহরে ছড়িয়ে ছিটিয়ে আছে। কলিকাতার বিদ্যালয়গুলি ফল খারাপ করছে এটা আমি মনে করি না। শ্রীমতী সোনালী গুহ যেটা জিজ্ঞাসা করেছেন যে কলিকাতার স্কুলগুলি ভাল ফল করছে না, এটা আমি মনে করি না, এই ব্যাপারে সকলেই আমার সঙ্গে একমত হবেন। প্রথম এক থেকে ২০তম স্থান কলিকাতার স্কুলগুলি দখল করতে পারছে না মানে এটা নয় যে ফল ভাল করছে না। কলিকাতায় বহু বিদ্যালয় আছে যেখানে বিশাল পরিমাণ প্রথম বিভাগে পাশ করছে, সামান্য সংখ্যক দ্বিতীয় বিভাগে পাশ করছে এবং সেখানে অকৃতকার্য কেউ হয়নি। এটা একটা বড় সাফল্যের পরিমাণ। এক থেকে ২০তম স্থান না হলে বিদ্যালয়ের নাম নিচে নেমে যায় এটা ভাবা ঠিক নয়, কলিকাতার অনেক বিদ্যালয়ের রেজাল্ট ভাল। জেলা স্কুলগুলিতে এবং সেখানকার অভিভাবকদের সচেতনতা বেড়েছে, সেইজন্য কোন কোন স্তরে পার্থক্য দেখা দিয়েছে। মাধ্যমিক এবং উচ্চ মাধ্যমিকের ক্ষেত্রে পরীক্ষায় পাশের হার, প্রথম বিভাগে পাশের সংখ্যা, দ্বিতীয় বিভাগে পাশের সংখ্যা ১৯৭৭ সালের তুলনায় নিশ্চয়ই বৃদ্ধি পেয়েছে। আরো আনন্দের বিষয় সেটা হলো পশ্চিমবাংলায় ছাত্রীদের পরীক্ষার ফলাফল সর্বক্ষেত্রে আরো উন্নতি হয়েছে।

শ্রী বাঁশরীমোহন কাঞ্জি : এই যে পরীক্ষায় প্রথম থেকে ২০তম স্থান অধিকার করে পাশ করছে, অর্থাৎ স্ট্যান্ড করছে, আমি জানতে চাই মাননীয় শিক্ষামন্ত্রীর কাছে, এই ক্ষেত্রে বাংলা মাধ্যমের ছেলে-মেয়েরা নাকি ইংরাজি মাধ্যমের ছেলে-মেয়েরা অগ্রাধিকার পাচ্ছে জানাবেন কি ?

শ্রী কান্তি বিশ্বাস : এটা সাধারণভাবে বলা সম্ভব নয়। কয়েক বছর লক্ষ্য করা যাচ্ছে মাধ্যমিক এবং উচ্চমাধ্যমিকে যারা উচ্চস্থান দখল করছে সেখানে দু-একটি ক্ষেত্রে ইংরাজি মাধ্যম বিদ্যালয় আছে। কিন্তু তার মানে এই নয় যে, ইংরাজি স্কুলের মানটা নিচে নেমে গেছে। যেহেতু সারা রাজ্যে বার হাজার স্কুল আছে এবং যারা পরীক্ষা দিচ্ছে, তাদের মধ্যে ইংরাজি বিদ্যালয়ের সংখ্যাটা অনেক কম। যারা পরীক্ষায় শীর্ষ স্থানে অধিকার করছে, সেখানে দু' একটি ক্ষেত্র ছাড়া বাংলা মাধ্যম বিদ্যালয়গুলির ছেলেমেয়েরা স্থান গ্রহণ করছে।

শ্রী দেবপ্রসাদ সরকার : মাননীয় মন্ত্রী মহাশয়, আপনি মাননীয় সদস্য শ্রী অতীশ সিংহ মহাশয়ের প্রশ্নের উত্তরে যা উত্তর দিলেন, এই বিষয়টি আমার কাছে খুব পরিষ্কার নয়। সেজন্য আমি আপনার কাছে জানতে চাইছি, মাধ্যমিক স্তরে বিদ্যালয় স্তরে সরকার বেতন বা ফি এটা তাঁরা বাড়াতে চাইছেন। এতদিন সরকারের নির্দেশ উপেক্ষা করে বিভিন্ন বিদ্যালয় কর্তৃপক্ষ তাঁরা যদৃচ্ছা ফি নিচ্ছিলেন—এটা সঠিক কিনা ? আমরা শুনেছিলেম,

মাননীয় অর্থমন্ত্রীর বাজেট ভাষণেও উল্লেখ করেছিলেন যে, সরকার নতুন করে সমস্ত স্তরে—আমরা শুনেছিলাম, আপনার প্রতিক্রিয়া যে, এটা আপনি জানেন না। এ বিষয়ে আপনার দ্বিমত ছিল। দ্বাদশ শ্রেণি পর্যন্ত আপনারা বিনা বেতনে শিক্ষা চালু করেছিলেন। আমি আপনার কাছ থেকে জানতে চাইছি, সেই নীতি পরিবর্তন করে বিদ্যালয় স্তরে টিউশান ফি বা ফি সেটা বাড়াতে চাইছেন—সেটা পর্যালোচনা করে ঘোষণা করবেন। আপনি কি এটাই বললেন ?

শ্রী কান্তি বিশ্বাস : আমার প্রতিক্রিয়া বলে যা বললেন, এই খবর আমি জানি না। কোথা থেকে এই খবর পেয়েছেন তা আমি জানি না। তবে শিক্ষা নিয়ে আলোচনা হয়। মাননীয় সদস্য অতীশবাবুর প্রশ্নের উত্তরে আমি যা বলেছি, পর্যালোচনা করা হচ্ছে। পর্যালোচনা করা আর সিদ্ধান্ত নেওয়া এক নয়। তবে আমরা বিষয়টি খতিয়ে দেখছি—এটাই আমি বলেছি।

শ্রী ধনঞ্জয় মোদক: মাননীয় শিক্ষামন্ত্রীর কাছে আমার জিজ্ঞাস্য, শিক্ষার মানোন্নয়নের জন্য সরকার অনেক পদক্ষেপ নিয়েছেন। একটা বিদ্যালয়ে শিক্ষার ক্ষেত্রে শিক্ষকমণ্ডলী, ম্যানেজিং কমিটি, ছাত্র, শিক্ষক সব মিলিয়ে উন্নয়ন ঘটে। আমরা দেখছি, বহু স্কুলে—টিচার-ইন-চার্জ যিনি আছেন, তাঁরা হেড মাস্টার-এর কাজ চালাচ্ছেন। হেড মাস্টারের জন্য তাঁরা আবেদন করেছেন, কিন্তু পাওয়ার ক্ষেত্রে দেরী হচ্ছে। অনেক ক্ষেত্রে টিচার রিটায়ার করেছেন বা মারা গেছেন, সেখানে প্রায়ই পার্মিশন নিয়ে এস-এস-সিতে টিচার চেয়ে পাঠানো হয়েছে। কিন্তু সেখান থেকে শিক্ষক দিতে তাঁরা দেরী করছেন। এই বিষয়ে আপনার কোন চিন্তাভাবনা আছে কিনা ?

শ্রী কান্তি বিশ্বাস : আমি মাননীয় বিধায়কের সঙ্গে একমত যে বিদ্যালয়ের শিক্ষকদের ওপরে শিক্ষার মানোন্নয়ন অনেকখানি নির্ভর করে। কোন শিক্ষকের পদ শূন্য থেকে গেলে পঠন পাঠানে অসুবিধা হয়, এই কথা অস্বীকার করার উপায় নেই। প্রধান শিক্ষকদের পদের জন্য কাগজে বিজ্ঞাপন দেওয়া হয়েছে। এটা ঠিক যে বিদ্যালয় ধরে ধরে বিজ্ঞাপন দেওয়া হয়েছে এবং বিদ্যালয় ধরে ধরেই তালিকা তৈরি করা হবে। আমরা আশা করছি, অক্টোবর মাসের মধ্যে শূন্য পদগুলি পূরণ করতে পারবো। অনেক স্কুলে যেখানে প্রধান শিক্ষক নেই, সেখানে ভারপ্রাপ্ত সহকারি শিক্ষক প্রধান শিক্ষকের কাজ করছেন। সেখানে শিক্ষকদের মধ্যে একটা গোপন বোঝাপড়া আছে কিনা জানি না, যেখানে প্রধান শিক্ষকের পদ শূন্য এবং আমরা প্রধান শিক্ষক দিতে চেয়েছি, সেই স্কুল থেকে তাঁরা মামলা করেছেন যে, আমরা চাইনি, আমাদের ওপরে চাপিয়ে দেওয়া হচ্ছে। যদিও সেই সংখ্যা বেশি নয়। আমাদের যে তালিকা হয়েছিল, তার মেয়াদ এখনও আছে, অক্টোবর পর্যন্ত আছে। ইতিমধ্যে আমাদের বিদ্যালয় কৃত্যক আয়োগের পক্ষ থেকে অল্প দিনের মধ্যেই বিজ্ঞাপন বেরোবে। প্রধান শিক্ষকসহ সহকারি শিক্ষকের পদ পূরণ করবার জন্য বিজ্ঞাপন বেরোবে। পরবর্তী সময়ে যে শিক্ষক নেওয়া হবে, তার তালিকা তৈরি করা হবে। শূন্য পদগুলিতে শিক্ষক নিয়োগের ব্যবস্থা নেওয়া হবে।

Mr. Speaker : No more, please. The questions hour is over.

Starred Questions
(to which oral answers were laid on the Table)

উত্তরবঙ্গ রাষ্ট্রীয় পরিবহনের চালু বাস

*২৩১। (অনুমোদিত প্রশ্ন নং *৪০৭) ডঃ আশীষ ব্যানার্জী : পরিবহন বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) 'উত্তরবঙ্গ রাষ্ট্রীয় পরিবহন নিগম'-এর পরিচালনাধীন চালু বাসের সংখ্যা বর্তমানে কত ; এবং

(খ) উক্ত সংস্থায় স্থায়ী ও অস্থায়ী কর্মিসংখ্যা কত ?

পরিবহন বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয়

(ক) ৮৪৪

(খ) স্থায়ী কর্মী সংখ্যা—৬১৮৯

অস্থায়ী কর্মী সংখ্যা—৭৩৯

সরকারি এবং বেসরকারি কারিগরি প্রতিষ্ঠান

*২৩৩। (অনুমোদিত প্রশ্ন নং *৫৭৮) শ্রী তারক বন্দ্যোপাধ্যায় : কারিগরী শিক্ষা বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) মার্চ, ২০০১ পর্যন্ত রাজ্যে কতগুলি সরকারি এবং বেসরকারি কারিগরী শিক্ষা প্রতিষ্ঠান আছে ; এবং

(খ) উক্ত প্রতিষ্ঠানগুলির অবস্থান কোথায় কোথায় ?

কারিগরি শিক্ষা ও প্রশিক্ষণ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয়

(ক) মোট ৮৯টি

(খ) প্রতিষ্ঠানগুলির নাম ও অবস্থান সম্পর্কিত একটি তালিকা সংযোজিত হল।

পশ্চিমবঙ্গের পলিটেকনিক প্রতিষ্ঠানসমূহের তালিকা

১। জলপাইগুড়ি পলিটেকনিক ইন্সটিটিউট	সরকারি	জলপাইগুড়ি
২। বি. পি. সি. ইন্সটিটিউট অব টেকনোলজি	"	কৃষ্ণনগর, নদীয়া
৩। কে. জি ইঞ্জিনিয়ারিং ইন্সটিটিউট	"	বিষ্ণুপুর, বাঁকুড়া
৪। মুর্শিদাবাদ ইন্সটিটিউট অব্ টেকনোলজি	"	মুর্শিদাবাদ
৫। আই. সি. ভি. পলিটেকনিক	"	ঝাড়গ্রাম, মেদিনীপুর
৬। শ্রীরামকৃষ্ণ শিল্প বিদ্যাপীঠ	"	সিউড়ি, বীরভূম
৭। হুগলি ইন্সটিটিউট অব্ টেকনোলজি	"	হুগলি
৮। ইঞ্জিঃ ইন্সটিটিউট ফর জুনিয়র এক্সিকিউটিভ	"	হাওড়া

৯। আসানসোল পলিটেকনিক	সরকারি	আসানসোল, বর্ধমান
১০। কন্যাপুর পলিটেকনিক	,,	আসানসোল, বর্ধমান
১১। এম. বি. সি. ইনস্টিটিউট অব টেকনোলজি	,,	বর্ধমান
১২। পুরুলিয়া পলিটেকনিক	,,	পুরুলিয়া
১৩। জগদীশচন্দ্র পলিটেকনিক	,,	বেড়াচাঁপা, উঃ ২৪ পরগনা
১৪। বিড়লা ইন্সটিটিউট অব্ টেকনোলজি	,,	কোলকাতা-৫০
১৫। এ. পি. সি. রায় পলিটেকনিক	,,	কোলকাতা-৩২
১৬। জ্ঞানচন্দ্র ঘোষ পলিটেকনিক	,,	কোলকাতা-২৩
১৭। উইমেন্স পলিটেকনিক, কোলকাতা	,,	কোলকাতা-৬৮
১৮। নর্থ ক্যালকাটা পলিটেকনিক	,,	কোলকাতা-২
১৯। সেন্ট্রাল ক্যালকাটা পলিটেকনিক	,,	কোলকাতা-১৪
২০। দার্জিলিং পলিটেকনিক	,,	কার্শিয়াং, দার্জিলিং
২১। কুচবিহার পলিটেকনিক	,,	কুচবিহার
২২। মালদা পলিটেকনিক	,,	মালদহ
২৩। রিজিয়ন্যাল ইন্সটিটিউট অব প্রিন্টিং টেকনোলজি	,,	কোলকাতা-৩২
২৪। রায়গঞ্জ পলিটেকনিক	,,	রায়গঞ্জ, উঃ দিনাজপুর
২৫। কন্টাই পলিটেকনিক	,,	কন্টাই, মেদিনীপুর
২৬। ক্যালকাটা টেকনিক্যাল স্কুল	,,	কোলকাতা-১৩
২৭। পশ্চিমবঙ্গ সার্ভে ইন্সটিটিউট	,,	ব্যান্ডেল, হুগলি
২৮। হরশংকর ভট্টাচার্য ইন্সটিটিউট অব্ টেক ও মাইনিং	,,	রানিগঞ্জ, বর্ধমান
২৯। এ. আর, মেমো, ইন্সটিটিউট অব্ টেকনোলজি	,,	শেখপাড়া, মুর্শিদাবাদ
৩০। কালনা পলিটেকনিক	,,	কালনা, বর্ধমান
৩১। উইমেন্স পলিটেকনিক, শিলিগুড়ি	,,	শিলিগুড়ি, দার্জিলিং
৩২। উইমেন্স পলিটেকনিক, চন্দননগর	,,	চন্দননগর, হুগলি
৩৩। নজরুল সেন্টেনারি পলিটেকনিক	,,	রূপনারায়ণপুর, বর্ধমান
৩৪। ডঃ মেঘনাথ সাহা ইন্সটিটিউট	,,	হলদিয়া, মেদিনীপুর
৩৫। রামকৃষ্ণ মিশন শিল্পমন্দির	স্পনসর্ড	বেলুড় মঠ, হাওড়া
৩৬। রামকৃষ্ণ মিশন শিল্পপীঠ	,,	বেলঘরিয়া, কোলঃ-৫৬
৩৭। বেঙ্গল ইন্সটিটিউট অব্ টেকনোলজি	বেসরকারি	কাটোয়া, বর্ধমান
৩৮। সরোজমোহন ইন্সটিটিউট অব্ টেকনোলজি	,,	গুপ্তিপাড়া, হুগলি
৩৯। এয়ার টেকনিক্যাল স্কুল	,,	কৈখালি, উঃ ২৪ পরগনা

পশ্চিমবঙ্গের শিল্প প্রশিক্ষণ শিক্ষালয়গুলির তালিকা

১। আই. টি. আই. ছাতনা, কলাইবেড়িয়া
২। আই. টি. আই. সিউড়ি
৩। আই. টি. আই. দুর্গাপুর
৪। উইমেন আই. টি. আই. বর্ধমান
৫। আই. টি. আই. গড়িয়াহাট
৬। আই. টি. আই. টালিগঞ্জ
৭। উইমেন আই. টি. আই. কোলকাতা
৮। আই টি. আই. কোচবিহার
৯। আই. টি. আই, তুফানগঞ্জ
১০। আই. টি. আই. বালুরঘাট
১১। আই. টি. আই. শিলিগুড়ি
১২। আই. টি. আই, তুং
১৩। উইমেন আই. টি. আই. শিলিগুড়ি
১৪। আই. টি. আই. হুগলি
১৫। বি. টি. সি. (কেমিক্যাল), হুগলি
১৬। আই. টি. আই. হাওড়া হোমস
১৭। আই. টি. আই. আলিপুরদুয়ার
১৮। আই. টি. আই. মালদা
১৯। আই. টি. আই. মেদিনীপুর
২০। আই. টি. আই. হলদিয়া
২১। আই. টি. আই. ঝাড়গ্রাম
২২। আই. টি. আই. বহরমপুর
২৩। আই. টি. আই. কল্যাণী
২৪। উইমেন আই. টি. আই. বানীপুর
২৫। আই. টি. আই. পুরুলিয়া
২৬। প্রভাস রায় ইন্ডাস্ট্রিয়াল ট্রেনিং ইনস্টিটিউট, বিষ্ণুপুর
২৭। আই. টি. আই. রায়গঞ্জ

ইঞ্জিনিয়ারিং মহাবিদ্যালয়

*২৩৪। (অনুমোদিত প্রশ্ন নং *১১৬২) শ্রী শ্যামাপ্রসাদ পাল : উচ্চশিক্ষা বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

রাজ্যে সরকারি ও বেসরকারি কতগুলি ইঞ্জিনিয়ারিং মহাবিদ্যালয় (নামের তালিকাসহ) আছে ?

উচ্চশিক্ষা বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় :

রাজ্যে বর্তমানে সরকারি ও বেসরকারি ইঞ্জিনিয়ারিং কলেজের সংখ্যা সর্বমোট ৩০টি। এগুলি যথাক্রমে :

সরকারি ইঞ্জিনিয়ারিং কলেজ

(১) কল্যাণী সরকারি ইঞ্জিনিয়ারিং কলেজ, কল্যাণী, জেলা—নদীয়া।

(২) জলপাইগুড়ি সরকারি ইঞ্জিনিয়ারিং কলেজ, জলপাইগুড়ি, জেলা—জলপাইগুড়ি।

(৩) কলেজ অব্ টেক্সটাইল টেক্নোলজি, শ্রীরামপুর, জেলা—হুগলি।

(৪) কলেজ অব্ টেক্সটাইল টেকনোলজি, বহরমপুর, জেলা—মুর্শিদাবাদ।

(৫) কলেজ অব্ লেদার টেকনোলজি, কলকাতা, বিধাননগর, কলকাতা-৭০০ ০৯৮।

(৬) কলেজ অব্ সিরামিক টেক্নোলজি, কলকাতা, কলকাতা—৭০০ ০১০।

সরকারি অনুদানপ্রাপ্ত ইঞ্জিনিয়ারিং কলেজ

(৭) বেঙ্গল ইঞ্জিনিয়ারিং কলেজ, শিবপুর, জেলা—হাওড়া।

(৮) ফ্যাকালটি অব্ ইঞ্জিনিয়ারিং অ্যান্ড টেকনোলজি, কলকাতা বিশ্ববিদ্যালয়, কলকাতা।

(৯) ফ্যাকালটি অব্ ইঞ্জিনিয়ারিং, অ্যান্ড টেকনোলজি, যাদবপুর বিশ্ববিদ্যালয়, কলকাতা-৭০০ ০৩২।

(১০) রিজিওন্যাল ইঞ্জিনিয়ারিং কলেজ, দুর্গাপুর, জেলা—বর্ধমান।

(১১) ইনস্টিটিউট অব্ জুট টেক্নোলজি, কলকাতা, বালিগঞ্জ সার্কুলার রোড, কলকাতা-৭০০ ০১৯।

(১২) ইউনিভার্সিটি সায়েন্স ইনস্ট্রুমেন্টেশন সেন্টার কল্যাণী বিশ্ববিদ্যালয়, কেল্যাণী, জেলা-নদীয়া।

(১৩) আর সি সি ইনস্টিটিউট অব্ ইন্‌ফরমেশন টেক্নোলজি, কলকাতা, কলকাতা—৭০০ ০১৫।

বেসরকারি ইঞ্জিনিয়ারিং কলেজ

(১৪) হলদিয়া ইনস্টিটিউট অব টেকনোলজি, হলদিয়া, জেলা—মেদিনীপুর।

(১৫) ইনস্টিটিউট অব ইঞ্জিনিয়ারিং অ্যান্ড ম্যানেজমেন্ট, বিধাননগর, কলকাতা-৭০০ ০৯১।

(১৬) বাঁকুড়া উন্নয়নী ইনস্টিটিউট অব্ ইঞ্জিনিয়ারিং বাঁকুড়া, জেলা—বাঁকুড়া।

(১৭) মুর্শিদাবাদ কলেজ অব্ ইঞ্জিনিয়ারিং অ্যান্ড টেকনোলজি, বহরমপুর, জেলা—মুর্শিদাবাদ।

(১৮) কলেজ অব ইঞ্জিনিয়ারিং অ্যান্ড ম্যানেজমেন্ট, কোলাঘাট, জেলা—মেদিনীপুর।

(১৯) আসানসোল ইঞ্জিনিয়ারিং কলেজ, আসানসোল, জেলা—বর্ধমান।

(২০) নেতাজি সুভাষ ইঞ্জিনিয়ারিং কলেজ, গড়িয়া, পোষ্ট-পাঁচপোতা, কলকাতা

(২১) বি. পি. পোদ্দার ইনস্টিটিউট অব্ ম্যানেজমেন্ট অ্যান্ড টেক্নোলজি, ভি. আই. পি. রোড, কলকাতা-৭০০ ০৫২।

(২২) এম. সি. কে. ভি ইনস্টিটিউট অব্ ইঞ্জিনিয়ারিং, লিলুয়া, হাওড়া—৭১১ ২০৪।

(২৩) বীরভূম ইনস্টিটিউট অব ইঞ্জিনিয়ারিং অ্যান্ড টেক্নোলজি, পোস্ট—সিউড়ি, জেলা—বীরভূম।

(২৪) শিলিগুড়ি ইনস্টিটিউট অব টেকনোলজি, শিলিগুড়ি, জেলা—দার্জিলিং।

(২৫) বি. সি. রায় ইঞ্জিনিয়ারিং কলেজ, দুর্গাপুর, জেলা—বর্ধমান।

(২৬) বেঙ্গল ইনস্টিটিউট অব্ টেকনোলজি, ধাপা, কলকাতা।

(২৭) সেন্ট টমাস কলেজ অব্ ইঞ্জিনিয়ারিং, কলকাতা।

(২৮) জে. আই. এস কলেজ অব্ ইয়িজনিয়ারিং, কল্যাণী, জেলা—নদীয়া।

(২৯) গুপ্তা কলেজ অব্ টেকনোলজিক্যাল সায়েন্সেস, আসানসোল, জেলা—বর্ধমান।

(৩০) ইউনিভার্সিটি ইনস্টিটিউট অব্ টেকনোলজি, বর্ধমান বিশ্ববিদ্যালয়, জেলা—বর্ধমান।

জুনিয়ার টেকনিক্যাল স্কুলের তালিকা

(১) সবরাকোন জে. টি. এস.

(২) রূপনারায়ণপুর জে. টি. এস.

(৩) সতীশচন্দ্র শিল্প বিদ্যালয়, কলানবগ্রাম

(৪) সেন্ট. ভিন্‌সেন্ট জে. টি. এস., আসানসোল

(৫) কন্যাপুর জে. টি. এস., আসানসোল-৪

(৬) কালিম্পঙ্ জে. টি. এস., কালিম্পঙ্

(৭) সুভাষনগর জে. টি. এস., বেঙ্গাই

(৮) হুগলি জে. টি. এস.,

(৯) রামকৃষ্ণ মিশন শিল্পায়াতন, বেলুড় মঠ

(১০) জলপাইগুড়ি জে. টি. এস.

(১১) হিজলি জে. টি. এস. খড়্গপুর

(১২) সেবায়াতন শিল্প বিদ্যালয়, সেবায়াতন

(১৩) বিপ্রদাস পালচৌধুরী জে. টি. এস. কৃষ্ণনগর

(১৪) ছোট জাগুলিয়া জে. টি. এস.

(১৫) স্বামী মহাদেবানন্দ শিল্প বিদ্যাপীঠ, ব্যারাকপুর

(১৬) রামকৃষ্ণ মিশন বয়েজ হোম, রহড়া

(১৭) সরযু প্রসাদ জুনিয়ার ইঞ্জিনিয়ারিং ইন্‌স্টিটিউট, দুর্গি

(১৮) সেন্ট জেবিয়ার্স জে. টি. এস., বাসন্তি

(১৯) রামকৃষ্ণ মিশন জে. টি. এস., নরেন্দ্রপুর

(২০) কালিয়াগঞ্জ জে. টি. এস., কালিয়াগঞ্জ

জুনিয়ার গভঃ পলিটেকনিক প্রতিষ্ঠানগুলির তালিকা

(১) আসানসোল পলিটেকনিক, আসানসোল

(২) শিবপুর পলিটেকনিক, বোটানিক্যাল গার্ডেন

(৩) ফুলিয়া পলিটেকনিক, ফুলিয়া কলোনী, নদীয়া

ডি. পি. ই. পি. প্রকল্প

*২৩৫। (অনুমোদিত প্রশ্ন নং *৬৭৬) **শ্রী গোবিন্দচন্দ্র নস্কর** : বিদ্যালয় শিক্ষা বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) ডি. পি. ই. পি. প্রকল্পের উদ্দেশ্য কী ;

(খ) রাজ্যে কোন্ কোন্ জেলা এই প্রকল্পের আওতায় এসেছে ; এবং

(গ) এই প্রকল্প কার্যকরী করার জন্য বিগত বছরে (২০০০-২০০১) কী পরিমাণ অর্থ ব্যয়িত হয়েছে ?

বিদ্যালয় শিক্ষা বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় :

(ক) সর্বজনীন প্রাথমিক শিক্ষাকে সাধ্যানুসারে বাস্তবায়িত করার লক্ষ্যে শিশুদের বিদ্যালয়ের সাথে যুক্ত করা, বিদ্যালয়-ছুট রোধ করা, পঠন-পাঠনের মানকে উন্নত করা এবং শিক্ষা প্রশাসনের সাথে সম্ভাব্য উপায়ে অভিভাবকদের যুক্ত করা।

(খ) প্রাথমিকভাবে ১৯৭৭-৭৮ সালে বাঁকুড়া, বীরভূম, কোচবিহার, মুর্শিদাবাদ ও দক্ষিণ চব্বিশ পরগণা এই পাঁচটি জেলা ডি. পি. ই. পি. প্রকল্পের আওতায় আসে, পরবর্তীকালে, গত আর্থিক বছর থেকে জলপাইগুড়ি, উত্তর দিনাজপুর, দক্ষিণ দিনাজপুর, মালদহ ও পুরুলিয়া এই আরও পাঁচটি জেলা এই প্রকল্পের আওতায় আসে।

(গ) এই প্রকল্প কার্যকরী করার জন্য বিগত বছরে (২০০০-২০০১) মোট ব্যয়িত হয়েছে ৪২ কোটি ২৬ লক্ষ টাকা।

নতুন আইন কলেজ

*২৩৬। (অনুমোদিত প্রশ্ন নং *৭৮৭) **শ্রী অতীশচন্দ্র সিংহ** : উচ্চশিক্ষা বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) এটা কি সত্যি যে, সরকার বর্তমান আর্থিক বছরে (২০০১-২০০২) কোনও "আইন কলেজ" স্থাপনের পরিকল্পনা গ্রহণ করেছেন ;

(খ) করে থাকলে, কোন্ কোন্ জেলায় উক্ত কলেজ স্থাপন করা হবে ; এবং

(গ) কবে নাগাদ এগুলি চালু হবে বলে আশা করা যায় ?

উচ্চশিক্ষা বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয়

(ক) হ্যাঁ।

(খ) দক্ষিণ দিনাজপুর, মুর্শিদাবাদ ও মেদিনীপুর জেলায়।

(গ) ২০০১-২০০২ শিক্ষাবর্ষে চালু হতে পারে বলে আশা করা যায়।

বন্যায় ক্ষতিগ্রস্ত শিক্ষা প্রতিষ্ঠান

*২৩৭। (অনুমোদিত প্রশ্ন নং *৮৩২) **শ্রী কাশীনাথ মিশ্র** : বিদ্যালয় শিক্ষা বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) ২০০০ সালের বন্যায় ক্ষতিগ্রস্ত শিক্ষা প্রতিষ্ঠানের সংখ্যা কত ; এবং

(খ) উক্ত বন্যায় প্রাথমিক, মাধ্যমিক, উচ্চমাধ্যমিক বিদ্যালয়গুলির আর্থিক ক্ষয়-ক্ষতির পরিমাণ কত ?

বিদ্যালয় শিক্ষা বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয়—

(ক) ক্ষতিগ্রস্ত প্রাথমিক ও মাধ্যমিক বিদ্যালয়ের মোট সংখ্যা ৬,৪৮৮।

(খ) আনুমানিক ক্ষয়-ক্ষতির পরিমাণ নিম্নরূপ :

প্রাথমিক বিদ্যালয় ৪৯৭৫.১৭ লাখ টাকা। মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক বিদ্যালয় ১৬৬১.৮০ লাখ টাকা।

প্রাথমিক বিদ্যালয়ে পাঠ্যপুস্তক

*২৩৮। (অনুমোদিত প্রশ্ন নং *৮৬৪) **শ্রী বঙ্কিমচন্দ্র হাজরা** : বিদ্যালয় শিক্ষা বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) ২০০০-২০০২ শিক্ষাবর্ষে দক্ষিণ ২৪ পরগনা জেলার প্রাথমিক স্কুলগুলিতে বিভিন্ন বিষয়ে সরবরাহকৃত সরকারী পাঠ্যপুস্তকের সংখ্যা কত ;

(খ) ছাত্র সংখ্যা অনুযায়ী পুস্তকের কোন ঘাটতি আছে কিনা ; এবং

(গ) থাকলে, উক্ত ঘাটতি পুরণের জন্য সরকার কি কি পদক্ষেপ গ্রহণ করেছেন ?

বিদ্যালয় শিক্ষা বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় :

(ক) উক্ত শিক্ষাবর্ষে দক্ষিণ ২৪ পরগনা জেলার প্রাথমিক স্কুলগুলিতে বিভিন্ন বিষয়ে সরবরাহকৃত সরকারি পাঠ্য পুস্তকের সংখ্যা

বাংলা (মাধ্যম)	৩৭,৫২,০০০
ও হিন্দি (মাধ্যম)	২৬,০০০

(খ) ছাত্র সংখ্যা অনুযায়ী পাঠ্য পুস্তকের কোন ঘাটতি নেই। তবে মুদ্রণ ও পরিবহনের অসুবিধা থাকায় কিছু পুস্তক সময়মত সরবরাহ করা যায়নি।

(গ) আগামী ১৫ই জুলাই ২০০১-এর মধ্যে উক্ত অবণ্টিত পুস্তক সরবরাহের প্রয়োজনীয় ব্যবস্থা ইতিমধ্যে গ্রহণ করা হয়েছে।

মাধ্যমিক বিদ্যালয়ে খেলাধুলা

*২৩৯। (অনুমোদিত প্রশ্ন নং *৯৪১) **শ্রী কমল মুখার্জী** : বিদ্যালয় শিক্ষা বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) এটা কি সত্যি যে, রাজ্যের প্রায় সব মাধ্যমিক বিদ্যালয়ে সংশ্লিষ্ট শিক্ষক থাকা সত্ত্বেও খেলাধূলার ক্লাস বা ড্রিলের ক্লাস হয় না ;

(খ) সত্যি হলে, তার কারণ কী ; এবং

(গ) এই অবস্থার প্রতিকারে সরকারের কোন পরিকল্পনা আছে কিনা ?

বিদ্যালয় শিক্ষা বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় :

(ক) ইহা সত্য নয়।

(খ) প্রশ্ন ওঠে না।

(গ) প্রশ্ন ওঠে না।

দক্ষিণবঙ্গ রাষ্ট্রীয় পরিবহনে কণ্ডাক্টর নিয়োগ

*২৪০। (অনুমোদিত প্রশ্ন নং *১৭২) **শ্রী শোভনদেব চট্টোপাধ্যায়** : পরিবহন বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

২০০০ সালে দক্ষিণবঙ্গ রাষ্ট্রীয় পরিবহন নিগমে মোট কতজন স্পেশাল কণ্ডাক্টর নিয়োগ করা হয়েছে ?

পরিবহন বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় :

২০০০ সালে দক্ষিণবঙ্গ রাষ্ট্রীয় পরিবহন সংস্থায় কোনও স্পেশাল কণ্ডাক্টর নিয়োগ করা হয়নি।

ADJOURNMENT MOTION

Mr. Speaker: Today I have received four niotices of Adjournment Motion. The first one is from Shri Kashinath Mishra on

the subject of alleged physical assault on MLAs by police on 14.7.2001 at Assansol. The second one is from shri Asit kumar Mal on the subject of non-supply of rationing comodities through ration shops in the state. The third one is from shri Ashok Kumar Deb on the subject of alleged pay cut from the salary of the workers of Kalyani spinning Mill. And the fourth one is from Shri Sobhanded Chattopadhyay on the subhect of proposed enhancement in tution fees in the schools and colleges.

The subject matters of all the motions relate to day-to-day administration of the Government and does not call for adjournment of the business of the House. The members will get ample scope to raise the matter during the discussion and voting on demands for grants of the concerned department. The Members may also invite attention of the Ministers concerned through calling Attention, Mention, Question etc. I therefore, withhold my consent to all the motions.

One member of the party may however, read the text of the motion as amended.

[12.00—12.10 p.m.]

শ্রী কাশীনাথ মিশ্র : মাননীয় অধ্যক্ষ মহাশয়, জনসাধারণের পক্ষে গুরুত্বপূর্ণ জরুরি এবং সাম্প্রতিক একটি নির্দিষ্ট বিষয়ে আলোচনার জন্য এই সভা আপাতত তাঁর কাজ মুলতবি রাখছেন। বিষয়টি হল—১৪.৭.২০০১ তারিখে আসানসোলে একটি নার্সিং হোমে ভুল চিকিৎসার জন্য আফতার আসারী নামে কুলটির এক ব্যক্তির মৃত্যু হয়। উক্ত ঘটনাটিকে কেন্দ্র করে রাস্তা অবরোধ হয়। বিধায়ক মলয় ঘটক ঘটনাস্থলে গিয়ে যাতে কোনো অপ্রীতিকর ঘটনা না ঘটে তার জন্য উদ্যোগ গ্রহণ করেন। ওই সময়ে মলয় ঘটকের উপর পুলিশ লাঠিচার্জ করে। ওই ঘটনাকে কেন্দ্র করে আসানসোলের বিধায়কসহ বারাবনীর বিধায়ক যথাক্রমে কল্যাণ ব্যানার্জি ও মানিক উপাধ্যায় ঘটনাস্থলে যান। পুলিশ ওই সময় পুনরায় তিনজন বিধায়ক সহ বহু অবরোধকারীর উপর লাঠিচার্জ ও মারধর করে। বিধানসভা-চলা সত্ত্বেও তিনজন বিধায়ককে গ্রেপ্তার করার সংবাদ অধ্যক্ষ মহাশয়ের নজরে আনা হয়নি। তিনজন বিধায়ককে সারা রাত থানা হেপাজতে অন্যান্য গ্রেপ্তারকারীর সাঙ্গে রাখা হয়। রবিবার সকালে বিধায়কদের ছেড়ে দেওয়া হয়। পুলিশের এই অত্যাচার আজও সরকার বন্ধ করতে পারেনি। বিধায়কদের উপর এই ধরনের অত্যাচারের বিষয়ে সভার কাজ বন্ধ রেখে আলোচনা করা হোক।

Mr. Speaker: Please take your seat. I am on my legs. Mr. Probodh Chandra Sinha, that allegations have come that the members have been assulted. You please submit the report us to what happened to the members' concerned on the entire matter. Give it by within three or four days.

শ্রী অসিত মাল : মাননীয় অধ্যক্ষ মহাশয়, জনসাধারণের পক্ষে গুরুত্বপূর্ণ জরুরি এবং সাম্প্রতিক একটি নির্দিষ্ট বিষয়ে আলোচনার জন্য এই সভা আপাতত তাঁর কাজ মুলতবি রাখছেন। বিষয়টি হল—সারা রাজ্যে রেশনিং ব্যবস্থা ভেঙে পড়েছে। কোনো সপ্তাহে রেশনে সমস্ত মাল সঠিকভাবে পাওয়া যায় না। অবিলম্বে রেশনিং ব্যবস্থার এই সংকট অবস্থা দূর করে স্বাভাবিক অবস্থায় ফিরিয়ে আনতে সভার কাজ বন্ধ রেখে আলোচনা করা হোক।

CALLING ATTENTION

Mr. Speaker: Today I have received five notices of Calling Attention on the following subjects, namely:

Subject		Name
i) Alleged non-implementation of reservation policy for OBC students in educational institutions	:	Shri Nepal Mahata
ii) Alleged withdrawal of Government affiliation from a large number of Madhyamik Schools	:	Shri Kashinath Mishra
iii) Non-inclusion of villages either in Panchayat or in Municipality at Bolpur	:	Shri Tapan Hore
iv) Reported closure of Hooghly women's College Hostel	:	Shri Ashok Kumar Deb
v) Reported police raid in Asiana Hotel at Ghutiari Sarif on 6.7.2001	:	Shri Gobinda Chandra Naskar

I have selected the notice of Shri Nepal Mahato on the subject of (1) Alleged non-implementation of reservation policy for OBC students in educational institutions.

The Minister in-charge may please make a statement today, if possible or give a date.

Shri Probodh Chandra Sinha : Mr. Speaker, Sir, the statement will be made on 28th July, 2001.

STATEMENT ON CALLING ATTENTION

Mr. Speaker : Now I call upon the Minister-in-Charge of Transport Department to make a statement on the subject of reported sinking of a haldia Bound ship.

(Attention called by Shri Ashok Kumar Deb on the 11th July, 2001.)

Shri Subhas Chakraborty: Honble Speaker, Sir, With your kind permission I propose to inform the House in reply to the Call Attention Motion raised by Shri Ashok Kumar Deb, MLA that "M. V. LUCNAM" carrying about 13,000 tonnes of fertilizer, was anchored at Sandheads at 23.47 hrs. on 9th July, 2001. On 10.7.2001 at about 03.45 hrs the master of the vessels informed that due to a hole, Hatch no. I of the vessel was flooded with 3 metres of water and Hatch No. 2 was flooded with 10 metres of water. The master of the vessel carrying all Vietnamese crew of 30 heads requested Kolkata Port Trust (KPT) for assistance.

Coast Guard at Haldia despatched Hovercraft / Patrol boats to proceed to the site, which however was not able to proceed at full speed owing to poor visibility as reported at 1100 hrs on 10.7.2001. The Coast Guard aircraft made an aerial survey of the area where the vessel was anchored.

Kolkata Port Trust despatched Tug "PARASHURAM" and also hired DCI Dredger "DREDGE-XV" to Proceed to the the site and to render assistance as may be practicable. KPT's Despatch Vessel "RABINDRA" also sailed out from Kolkata towards the site or 10.7.2001.

Two other vessels, i,e.M.V. "CARONA" and M.T. "JOGINDER SINGH" presently anchored at sandheads were also requested through KPT's Network to render all practicable assistance to the vessel, M. V. "LUCNAM".

The Local agent of the vessel was advised to shift the vessel from its present location so that marine operational work of KPT do not suffer if the vessel eventually sink.

As per information received from the local agents of M. V. LUCNAM later on the same day i. e. 10.7.2001, the vessel broke into two pieces. All the 30 crew members were rescued by the Coast Guard vessels and have been taken to Haldia. No crew member died. DCI dredger and KPT crafts have been recalled by KPT. Latest information from KPT indicates that the ship is now aground.

KPT alongwith the Coast Guard and the Agent of the ship are coordinating the matter. The Transport Deptt. of this Govt. is also keeping close watch over the development in the matter through K.P.T.

শ্রী অশোক দেব : মাননীয় মন্ত্রী মহাশয়ের কাছে আমার প্রশ্ন, এটা কোনো নতুন ঘটনা নয়। এই নিয়ে প্রায় ৩০টি জাহাজ এইভাবে ডুবেছে। আপনার ট্রান্সপোর্ট ডিপার্টমেন্ট পোর্টের সাথে কোনো যোগাযোগ এই ব্যাপারে রেখেছে কি ? যাতে এই ধরনের ঘটনা হলে আপনারা এড়াতে পারেন। এবং শুধু তাই নয়, এই ঘটনা এর আগেও ঘটেছে বিড়লাতে। একইভাবে

জাহাজ ডুবেছিল তখনও মন্ত্রী স্টেটমেন্ট দিয়েছিলেন আমরা অ্যালার্ট আছি যাতে এই ধরনের ঘটনা না ঘটে। আমার প্রশ্ন, যাতে এই ধরনের ঘটনা না ঘটে সেই ব্যাপারে আপনার দপ্তর বা যাঁরা এই ব্যাপারে জড়িত আছেন তাঁদের সঙ্গে এই ব্যাপারে কি কোনো মিটিং করেছেন, দয়া করে জানাবেন কি ?

শ্রী সুভাষ চক্রবর্তী : এটা একটা দুর্ঘটনা। অ্যাঙ্কার করা জাহাজ দাঁড়িয়ে আছে, তাঁর মাস্টার আচমকা দেখতে পায় দুটো হোলের মধ্যে দিয়ে জল ঢুকেছে তিন মিটার এবং ১০ মিটার; তারপরেই ইনফর্মেশন আসে। এই জাহাজটা পরে ভেঙে দুটো টুকরো হয়ে যায়। এখন জাহাজে কিভাবে জল ঢুকলো না ঢুকলো, এই সমস্ত খবরটাই কলকাতা পোর্ট থ্রু হলদিয়া পোর্ট কর্তৃপক্ষ তারা নিচ্ছে। এবং ভারত সরকারের সঙ্গে তাৎক্ষণিক যোগাযোগ আমরা করেছিলাম রেসকিউ অপারেশানের ব্যাপারে, কিভাবে সাহায্য করা যায় না যায়। এটা নিয়ে ভবিষ্যতে আমরা ডিটেলে যাব। মাননীয় বিধায়কের বিস্তীর্ণ অঞ্চল হচ্ছে গঙ্গার পারে। স্বাভাবিকভাবে বিষয়টি স্পর্শকাতর। এই যে জাহাজ চলাচল করছে হলদিয়া ও কলকাতা পোর্ট দিয়ে, এই ব্যাপারে ওনার ওই ভাবাবেগকে অ্যাপ্রিসিয়েট করছি। আপনাকে ধন্যবাদ জানাচ্ছি, এই রকম প্রশ্ন সঠিকভাবে এখানে উত্থাপন করার জন্য।

LAYING OF REPORTS

Audit Report on the Accounts of the Calcutta State Transport Corporation for the years 1988-89, 1989-90, 1990-91, 1991-92, 1992-93, 1994-95 and 1995-96

Shri Subhas Chakraborty : Sir, I beg to lay the Audit Report on the Accounts of the Calcutta State Transport Corporation for the years 1988-89, 1988-90, 1990-91, 1991-92, 1992-93, 1993-94, 1994-95 and 1995-96.

Mr. Speaker : এতগুলো বছরে একসাথে কেন ?

Shri Subhas Chakraborty : Sir, I say that all these audit reports have been taken into consideration. There was a backlog. Now it is being audited. We are trying to cover all these within the next session.

[12.10—12.20 p.m.]

MENTION CASES

শ্রী নেপাল মাহাতো : মাননীয় স্পিকার মহাশয়, আমি আপনার মাধ্যমে সংশ্লিষ্ট দপ্তরের মন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। আমার ঝালদা বিধানসভা এলাকার শতকরা ৬০ ভাগই বিড়ি শ্রমিক। বিগত ৩।৪ বছরে সেখানকার তিনটি বড় বিড়ি কারখানা—চিরকুন্ডা বিড়ি, মলয় বিড়ি, সি. জে. প্যাটেল বিড়ি—বন্ধ হয়ে গেছে। অনেক কারখানা উৎপাদনও কমিয়ে দিয়েছে। ঝালদা থেকে তুলে পশ্চিমবাংলারই অন্য কোথাও কারখানাগুলো বসিয়েছে। সেখানকার মানুষের রুটি-রোজগার যেন বন্ধ না হয়ে যায়, সেটা দেখার জন্য মাননীয় মন্ত্রীকে অনুরোধ করছি।

শ্রী কাশীনাথ মিশ্র : মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে মাননীয় উচ্চশিক্ষা মন্ত্রী, যিনি এখানে উপস্থিত—তাঁর দৃষ্টি আকর্ষণ করছি। বাঁকুড়া জেলায় এমন অবস্থা যে, যেখানে মেয়েদের বিজ্ঞান পড়া চলবে না। সেখানে সারদামণি মহিলা বিদ্যাপীঠে সায়েন্স নেই, ক্রিশ্চিয়ান কলেজ থেকেও তুলে দেওয়া হয়েছে। ছেলেরাও ক্লাস ইলেভেনে ভর্তি হতে পারছে না। যেখানে সম্মিলনী কলেজ চিন্তা করেছে, সেখানে ক্রিশ্চিয়ান কলেজে কেন চিন্তা করা যাবে না ? ইংরেজিতে পোস্ট গ্রাজুয়েট হলেও বিজ্ঞান পড়ানোতে অসুবিধা নেই। বাঁকুড়া স্কুলগুলোতে উচ্চ মাধ্যমিক পড়াবার মতো পরিকাঠামো নেই। মন্ত্রিমহাশয়কে এইগুলো দেখার জন্য অনুরোধ করছি।

শ্রী তপন হোড় : মাননীয় অধ্যক্ষ মহাশয়, এখন ভারত ও পাকিস্তানের মধ্যে বৈঠক চলছে আগ্রায়। আমরা জানি এর আগে সিমলা চুক্তি হয়েছে এবং সেই চুক্তির ভিত্তিতেই দুদেশের শান্তির পথ প্রশস্ত হবে বলে আমাদের ধারণা। বর্তমানে এই বৈঠক ট্রেডার্স এবং ডব্লু. টি. ও.-র স্বার্থে হচ্ছে। এই বৈঠক করতে গিয়ে আমরা দেখছি এখনও পর্যন্ত কাশ্মীরে একটা অসহনীয় পরিস্থিতি হয়েছে। সেখানকার জনজীবন একটা ভয়ঙ্কর অবস্থার মধ্যে পড়ে গেছে। তার সঙ্গে সঙ্গে সারা ভারতবর্ষে আই এস আইয়ের কার্যকলাপ চলছে। সেগুলিকে গুরুত্ব না দিয়ে শুধুমাত্র দুদেশের ট্রেডার্সদের স্বার্থে ডব্লু টি ওর স্বার্থে এই সফর, এটাতে সাধারণ মানুষ উপকৃত হবে না। এই কথা বলে আমার বক্তব্য শেষ করছি।

শ্রী অসিত মাল : স্যার আপনার মাধ্যমে একটা বিষয়ে দৃষ্টি আকর্ষণ করছি। স্যার সারা রাজ্যে এস সি, এস টি যারা তারা সার্টিফিকেট পাচ্ছে না। এর ফলে তারা সমস্ত সুযোগ-সুবিধা থেকে বঞ্চিত হচ্ছে। সারা পশ্চিমবাংলায় জাল এস.সি, এস.টি, সার্টিফিকেটে ভর্তি হয়ে যাচ্ছে। যাঁরা সিডুল কাসট নয়, তাঁরা চাকরি পাচ্ছেন জাল সার্টিফিকেট জোগাড় করে। অথচ রাজ্য সরকার বোঝাচেছন যে, তারা দিনের পর দিন এস.সি, এস.টি-দের জন্য বিভিন্নভাবে কাজ করছে। কিন্তু আসল এস.সি, এস.টি-রা সমস্ত সুযোগ-সুবিধা থেকে বঞ্চিত হচ্ছে। এই ব্যাপারে রাজ্য সরকারের দৃষ্টি আকর্ষণ করছি।

শ্রী দীপক ঘোষ : আমি আপনার মাধ্যমে এই সভার এবং বিশেষ করে বিদ্যালয় শিক্ষা দপ্তরের মন্ত্রী এখানে আছেন, ওনার দৃষ্টি আকর্ষণ করছি। স্যার, প্রায় ২৪ হাজার শিক্ষকের পেনসন ফাইল সল্ট লেকের অফিসে আটকে আছে গত ২ বছর ধরে। ১৫.৫.৯৭ তারিখে সরকারি আদেশ দিয়ে বিভিন্ন জায়গায় বলা হয়েছিল ডি আই অফিস থেকে পেনসন ফাইল চূড়ান্ত করে পাঠিয়ে দেওয়া হবে এবং সল্ট লেক পেনসনের অর্ডার করবে। কিন্তু সেই ২৪ হাজার ফাইল চূড়ান্ত হয়ে সল্ট লেকের অফিসে পড়ে আছে। ওরা বলছে যে, সরকারি আদেশনামা মানে না। ওরা প্রত্যেক ফাইল খুঁটিয়ে দেখে তবেই পেনসনের অর্ডার দেবে। স্যার, সেখানে এই খুঁটিয়ে দেখার মতো অত লোক নেই। এইভাবে করলে ২-৪ হাজার কেন আরও ৩০-৪০ হাজার ফাইল জমে যাবে। এদিকে আপনি কর্মসংস্কৃতি ফেরানোর কথা বলেছেন। মাননীয় মন্ত্রিমহাশয় যদি এই ব্যাপারে অনুসন্ধান করেন তাহলে ভালো হয়।

শ্রী মানস মুখার্জি : মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে মুখ্যমন্ত্রীর হস্তক্ষেপ দাবি করছি। কেন্দ্রীয় সরকার একের পর এক দপ্তর আমাদের রাজ্য থেকে তুলে

নিয়ে যাচ্ছে। ইতিমধ্যে ইউ বি আই-এর হেড অফিস, স্টেট ব্যাঙ্কের বিদেশি মুদ্রা বিভাগ, এই ব্যাপারে আমি আগেই উত্থাপন করেছি। আমাদের দেশে ১৭৯ কোটি টাকার গঙ্গা দূষণের কাজ চলছে। এছাড়াও কলকাতা হাওড়া সংলগ্ন ১৫টি জেলায় নদী তীরবর্তী এলাকার আরও ১৫ কোটি টাকার কাজ চলছে। দ্বিতীয় যোজনায় ১৬৪ কোটি টাকার বরাদ্দ এসেছে। এই সময় কলকাতা থেকে এন আর সি টি দপ্তরকে দিল্লিতে তুলে নিয়ে যাওয়া হয় তাহলে প্রকল্পগুলি মার খাবে। কেন্দ্রীয় সরকার এইভাবে পরিকল্পনা করে দপ্তরগুলিকে তুলে নিয়ে গিয়ে আমাদের রাজ্যকে দুর্বল করে দিচ্ছে। তাই আমি আবেদন করছি এই ব্যাপারে মুখ্যমন্ত্রী অবিলম্বে হস্তক্ষেপ করুন। এই কথা বলে এখানে আমার বক্তব্য শেষ করছি।

শ্রী আবদুল মান্নান : মাননীয় অধ্যক্ষ মহাশয়, আপনার মাধ্যমে উচ্চশিক্ষামন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। সরকার সম্প্রতি একটা জনবিরোধী সিদ্ধান্ত নিয়েছেন। সরকার কলেজে টিউশান ফি চালু করেছেন গরিব ছাত্ররা যাতে কলেজে ভর্তি হতে না পারে।

[12.20—12.30 p.m.]

কিছুদিন আগে উচ্চমাধ্যমিকের ফল প্রকাশ হয়েছে। বহু ছাত্র-ছাত্রী এই রাজ্যে দারিদ্র্যসীমার নীচে বাস করেন। এদের বাড়ির ছেলেরা কলেজে ভর্তি হতে পারছে না। মাননীয় মন্ত্রীর কাছে অনুরোধ করছি এই রকম জনবিরোধী সিদ্ধান্ত সম্পর্কে ভাবুন। দরিদ্র মানুষের ছেলেরা তারা কলেজে ভর্তি হতে পারছে না। মোটা অঙ্কের বিনিময়ে যে ব্যবস্থা নিচ্ছেন সেই ব্যবস্থার বিলোপ করুন। গরিব ছাত্র-ছাত্রীরা যাতে কলেজে ভর্তি হতে পারে সেই ব্যাপারে ব্যবস্থা করুন।

শ্রী মহঃ ইয়াকুব : স্যার, আপনার মাধ্যমে আমি স্বাস্থ্যমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। দেগঙ্গা কেন্দ্রের অন্তর্গত বিশ্বনাথপুর প্রাথমিক চিকিৎসালয়টি রুরাল হাসপাতালে রূপান্তরিত আমি বিশেষভাবে অনুরোধ করছি।

শ্রী তমোনাশ ঘোষ : স্যার, আপনার মাধ্যমে আমি এই সভার দৃষ্টি আকর্ষণ করছি। মাননীয় অর্থমন্ত্রী এবং মুখ্যমন্ত্রীর কাছে আমার প্রশ্ন যে আমরা বিধায়করা আমাদের এলাকা উন্নয়নের কাজ করা থেকে বঞ্চিত হচ্ছি। অর্থমন্ত্রী বিধায়কদের ১৫ লক্ষ টাকা করে দেবেন বলেছেন। কেন্দ্রীয় সরকার তাঁদের সাংসদদের জন্য দু'কোটি টাকা করে দিচ্ছেন। সাতটা বিধানসভার মধ্যে যদি এই টাকা ভাগ করা হয় তাহলে প্রতি বিধানসভায় ২৮ লক্ষ ৫৭ হাজার টাকা করে সাংসদদের ভাগে পড়ে সেখানে রাজ্য সরকারের মাত্র ১৫ লক্ষ টাকা। এঁরা চিরকাল কেন্দ্রের বিরুদ্ধ বঞ্চনার কথা বলে এসেছেন এখন দেখা যাচ্ছে যে রাজ্য সরকার আমাদের বিরুদ্ধে বঞ্চনা করছেন। তাই রাজ্য সরকারের দৃষ্টি আকর্ষণ করে জানাচ্ছি যে কেন্দ্রের সমহারে ন্যূনতম টাকা যদি দেওয়া যায় সে ব্যবস্থা করার জন্য।

শ্রী অশোক দেব : স্যার, আপনার মাধ্যমে আমি বিভাগীয় মন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। কাঁটাপুকুর মর্গে আমাদের অনেককেই যেতে হয় বিভিন্ন সমস্যার সমাধান করার জন্য। আমি দেখতে পাচ্ছি যে যারা মারা যাচ্ছে তাদের আত্মীয়-স্বজনরা যাচ্ছে সেখানে কোনো বসার জায়গা নেই। এমন কি কোন বাথরুম পর্যন্ত নেই। আপনার মাধ্যমে বিভাগীয় মন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি, এর ব্যবস্থা যেন অবিলম্বে করা হয়।

শ্রী গোবিন্দ নস্কর : মাননীয় অধ্যক্ষ মহাশয়, আপনার মাধ্যমে ভূমিরাজস্ব দপ্তরের মন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। দক্ষিণ ২৪ পরগনা বিঘা খাস জমি উদ্ধার করা হয়েছে কিন্তু সি পি এম পার্টির কিছু দুর্বৃত্ত এক শ্রেণীর ব্যবসায়ী এবং প্রোমোটার এই সমস্ত জমি দখল করে নিয়েছে। আমার ক্যানিং এক নম্বর এবং দু-নম্বর ব্লকে বহু খাস জমি উদ্ধার করেও বিলি বন্টন, পাট্টা দেওয়া হচ্ছে না। কাকদ্বীপ, ডায়মন্ডহারবার, সাগর, নামখানা, পাথরপ্রতিমা, মন্দিরবাজার এবং কুলতুলি, জয়নগর সমস্ত জায়গায় জমি উদ্ধার করা হয়েছে কিন্তু এক শ্রেণির ব্যবসায়ী, প্রোমোটারদের চক্রান্তে সেগুলো বিলি করা যাচ্ছে না। কলকাতার কাছে সোনারপুরের ৭টি মৌজাতে খাস জমি উদ্ধার করা হয়েছে কিন্তু সি পি এমের একাংশ, প্রোমোটার ব্যবসায়ী এদের জন্য দেওয়া যাচ্ছে না। জেলাপ্রশাসন, এ. ডি. এম, এল. আর এঁরা বহুবার চেষ্টা করেছেন সেই সমস্ত জমি পাট্টা দেওয়ার। আপনার মাধ্যমে ভূমিরাজস্ব মন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি, দক্ষিণ ২৪ পরগনায় ৩ লক্ষ বিঘা জমি পাট্টা বিলি হতে পারেনি, রায়তী পাট্টা দেওয়া যাচ্ছে না। এটা যাতে ক্যানিং, কাকদ্বীপ, বারুইপুর এবং ডায়মন্ডহারবার এই ৪টি মহকুমার সমস্ত ভূমিহীনের মধ্যে, তপসিলি জাতি এবং উপজাতির মানুষের মধ্যে সরকারি বেড়াজাল ভেঙে ফলে সুষ্ঠ ব্যবস্থার মধ্যে বিলি করা হয় তার জন্য মাননীয় মন্ত্রীর কাছে আবেদন করছি।

শ্রী রবীন্দ্র ঘোষ : মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে মাননীয় স্বরাষ্ট্রমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। আমার বিধানসভা উলুবেড়িয়া কেন্দ্রের ৪টি অঞ্চলের একদিকে হুগলি নদী, দামোদর নদ আবার রূপনারায়ণ নদ। ওপার ২৪ পরগনা থেকে ভুটভুটি করে নদী পেরিয়ে এসে ডাকাতি করে, খুন করে যায়। সেখানে একটা ফাঁড়ি। গড়চুমুক, উলুঘাটা সেখানে একটা হরিণ প্রকল্প আছে, বিরাট লজ আছে, তিনটি বাঙলো আছে। গড়চুমুক উলুবেড়িয়ায় একটা স্থায়ী থানার ব্যবস্থা করা হোক। নদী পেরিয়ে এসে রায়পুর, ফলতা, গাদাখালি থেকে ডাকাতি, চুরি, রাহাজানি করে যাচ্ছে। আপনার মাধ্যমে একটা স্থায়ী থানা করার আবেদন জানাচ্ছি।

শ্রী বঙ্কিম হাজরা : মাননীয় অধ্যক্ষ মহাশয়, আপনার মাধ্যমে মাননীয় পূর্ত বিভাগের মন্ত্রিমহাশয়ের দৃষ্টি আকর্ষণ করছি। সাগর বিধানসভা কেন্দ্রের অন্তর্গত নামখানা ব্লক, এই নামখানা থেকে বকখালিতে একটা মাত্রা সড়ক পথ আছে, দীর্ঘদিন মেরামতির অভাবে যান চলাচল বন্ধ, ফলে লক্ষাধিক মানুষের জীবন বিপর্যস্ত। বকখালি একটি সরকারি পর্যটন কেন্দ্র, তা ছাড়াও সরকারি এবং বেসরকারি ফিসারি প্রকল্প আছে। মন্ত্রিমহাশয়ের দৃষ্টি আকর্ষণ করছি অনতিবিলম্বে রাস্তাটি মেরামত করার জন্য।

শ্রী শোভনদেব চট্টোপাধ্যায় : স্যার, আমি আপনার মাধ্যমে এই হাউজের দৃষ্টি আকর্ষণ করছি, আমি সংবাদপত্রে দেখলাম রাজ্যের শিল্পমন্ত্রী নিরুপম সেন বলেছেন পাবলিক আন্ডারটেকিংগুলিতে যে ভরতুকি দেওয়া হয় সেই ভরতুকি নামি আর দেওয়া হবে না। ২৩.৯.৯৮ তারিখে পার্টির মুখপত্র গণশক্তি, সেই কাগজে বেরিয়ে ছিল রাষ্ট্রায়ত্ত ক্ষেত্রে ভরতুকি দিতে না চাওয়ার জন্য কেন্দ্রীয় সরকারকে সমালোচনা করেছেন জ্যোতি বসু। গণশক্তির সেই পেপার কাটিং আমার কাছে আছে। কি একটা প্রাণী আছে যারা জলটা ঘোলা করে খায়, আমি প্রাণীর নাম করবো না। আমাদের রাজ্যে সি. পি এম. সরকার হচ্ছে তাই।

যে নীতি কেন্দ্রীয় সরকার গ্রহণ করেছে, গুটি গুটি পায়ে সেই পথ দিয়েই হাঁটছেন রাজ্য সরকার। অসীমবাবু পায়ের উপর পা নাচিয়ে নাচিয়ে মাঝে মাঝেই বলেন বিকল্প অর্থনীতির কথা। প্রত্যেকটি ক্ষেত্রেই দেখছি কেন্দ্রীয় সরকার যে নীতি নিয়ে চলছেন আপনারাও সেই নীতি নিয়েই চলছেন। বলছেন মাহিনা দেব না। স্যার, এই বিধানসভাতে আমি অনেকবার বলেছি গর্বাচভ ৭০ দশকে বলেছেন প্রত্যেকটি কারখানাকে তার নিজের উৎপাদন দিয়ে কারখানাটি চালাতে হবে, মাহিনা দিতে হবে কর্মচারীদের। নিরুপমবাবু আজকে সেই কথাই বলছেন। ৭০ দশকে সোভিয়েত রাশিয়া যেটা বলেছিল। আপনারা একই রাস্তায় হাঁটছেন, অথচ সমালোচনা করতে ছাড়ছেন না। কোনটা আসল নীতি সেটা আমি সরকারের কাছে জানতে চাইছি।

শ্রী সৌগত রায় : স্যার, আজকে আগ্রায় বাজপেয়ী এবং পারভেজ মোশারফের চূড়ান্ত শীর্ষ বৈঠক। আজকে আর কিছুক্ষণের মধ্যেই শীর্ষ বৈঠকের চূড়ান্ত ঘোষণাপত্র পাওয়া যাবে।

[12.30—12.40 p.m.]

স্যার, দুবছর আগে আপনার সঙ্গে আমি পাকিস্তানে গিয়েছিলাম। সেখানে দেখেছি পাকিস্তানের জনগণের ভারতের জনগণের সঙ্গে বন্ধুত্বের ইচ্ছা রয়েছে এবং পাকিস্তানের জনগণের মনে কাশ্মীরের প্রশ্ন বড় নয় তারা চায় যাতায়াতের ব্যবস্থা সহজ করা হোক। তারা চায় যে সংস্কৃতির এক্সচেঞ্জ হোক। এখানে যে ধর্মীয় স্থানগুলো আছে, যেমন আজমির সরিফ, প্রভৃতি ধর্মীয় স্থানে যাতে পাকিস্তানের লোকেরা আসতে পারে সেটা তারা চায়। আমাদের তাই এই হাউসের থেকে প্রস্তাব নেওয়া উচিত ওই শীর্ষ বৈঠকের সাফল্য কামনা করে। আজকে ভারত এবং পাকিস্থান উভয়ের ক্ষেত্রে দারিদ্র সবচেয়ে বড় সমস্যা। অথচ বিগত ৫০ বছরে আমরা চারবার যুদ্ধ করেছি। সেই যুদ্ধের পরিস্থিতি শেষ হয়ে সৌহার্দ্যের পরিস্থিতি তৈরি হোক এই হাউস থেকে সেই কামনা করি। আজকে কাগজে পড়ে খুশি হয়েছি যে অত্যন্ত সৌহার্দ্যপূর্ণ পরিবেশে আলোচনা হয়েছে। আজকে দুদেশের মানুষের মধ্যে সংস্কৃতির কোনো পার্থক্য নেই। ইতিহাস এবং ভূগোল আমাদের আলাদা করে রেখেছে। আজকে এই হাউস থেকে ভারত-পাকিস্তানের বন্ধুত্ব, পারস্পরিক মত বিনিময় এবং আমাদের যে একই সংস্কৃতি তাকে যাতে এগিয়ে নিয়ে যেতে পারা যায় তার জন্য আমি কামনা করব। আমি আশা করেছিলাম আপনার নেতৃত্বে যখন আমরা পাকিস্তানে গিয়েছিলাম তখন হয়তো আপনি এই শীর্ষ বৈঠকে কোনো একটা লাঞ্চ বা ডিনারে আমন্ত্রণ পাবেন। সেটা না পাওয়াতে আমি দুঃখিত। কিন্তু বাংলার মানুষের ইচ্ছা যুদ্ধ শেষ হোক। এটা আপনার মাধ্যমে রাষ্ট্রপ্রধানদের কাছে পৌঁছে যাবে এবং ওই শীর্ষ বৈঠক সাফল্য লাভ করবে এই কামনা করছি।

শ্রী জানে আলম মিঞা : মাননীয় অধ্যক্ষ মহাশয় আমি আপনার দৃষ্টি আকর্ষণ করছি। পশ্চিমবাংলার বিভিন্ন এলাকায় উন্নয়ন পর্ষদ আছে। আলাদা আলাদা স্থানের উন্নয়নের জন্য আলাদা আলাদা উন্নয়ন পর্ষদ, যেমন উত্তরবঙ্গ উন্নয়ন পর্ষদ, সুন্দরবন উন্নয়ন পর্ষদ, পশ্চিমাঞ্চল উন্নয়ন পর্ষদ, বৃহত্তর কলকাতা উন্নয়ন পর্ষদ, দুর্গাপুর উন্নয়ন পর্ষদ, আসানসোল

উন্নয়ন পর্ষদ করা হয়েছে। আমি মুর্শিদাবাদ, বীরভূমের অবশিষ্টাংশ এবং নদিয়া জেলার জন্য অর্থাৎ এই তিনটি জেলাকে নিয়ে একটা 'মধ্যবঙ্গ উন্নয়ন সংস্থা'র দাবি করছি। কারণ এই এলাকায় ২০ লক্ষ বিড়ি শ্রমিক রয়েছে। এখানে প্রতি বছর বন্যা লেগেই আছে, পদ্মা-গঙ্গার ভাঙ্গনও প্রতি বছর লেগে আছে এবং ভূমিহীন মানুষের সংখ্যা দিন দিন বাড়ছে এবং ফারাক্কা ফিডার ক্যানেলের ২৫ বর্গ. কি. মি জুড়ে বহু মানুষের জমিও তাতে যুক্ত। তাদের উন্নয়নের স্বার্থে মধ্যাঞ্চল উন্নয়ন পর্ষদ বা সংস্থা করার জন্য আপনি রাজ্য সরকারকে নির্দেশ দিন এই অনুরোধ করছি।

শ্রী তাপস রায় : মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আপনার দৃষ্টি আকর্ষণ করছি। স্যার, আমি খুবই উদ্বিগ্ন। স্যার আপনি জানেন, কলকাতার একটা পার্ট ৮টা থানা জুড়ে, তার কিয়দংশ, সেখানে অপরাধ জগতের লোকেদের স্বর্গরাজ্য হয়েছে। প্রতিদিন খুন, রাহাজানি, ডাকাতি এবং নানা রকম অপরাধ হচ্ছে কিন্তু মাননীয় স্বরাষ্ট্রমন্ত্রী তথা মুখ্যমন্ত্রী তার বিরুদ্ধে ব্যবস্থা গ্রহণ করতে পারেননি। একজন ট্রেডার, কোটিপতি থেকে শুরু করে একজন হতদরিদ্র মুসলিম পরিবার, কেউই তাদের হাত থেকে রক্ষা পাচ্ছে না। স্যার, পরশুদিন রমেশ আগরওয়ালকে পয়েন্ট ব্লাঙ্ক রেঞ্জ থেকে গুলি করে হত্যা করা হল ১২৬ সেন্ট্রাল এভিনিউতে। জোড়াসাঁকো থানা থেকে ঢিল ছোঁড়া দূরত্বে।

আবার, ডামজেন লেনে একটা মুসলিম পরিবার থাকত। তারা তাদের মেয়ের বিয়ে দেবার জন্য এক লক্ষ টাকা এবং দুকেজি রুপোর গহনা রেখেছিল। কিন্তু ভরদুপুরে, বেলা তিনটের সময় তা লুট হয়ে গেল। সেই দরিদ্র মুসলিম পরিবারে কান্নাকাটি পড়ে গেছে। এ নিয়ে ডি. সি., ও. সি.-র সঙ্গে আমার কথা হয়েছে। আজকে দেখা যাচ্ছে নির্বাচনের সময় মার্কসবাদী কমিউনিস্ট পার্টি যেসব অপরাধীর আমদানি করেছিল তাদের ফেরত পাঠায়নি এবং তার ফলে আজকে এইসব কার্যকলাপ ঘটে চলেছে। তাই আজকে আমি আপনার মাধ্যমে সংশ্লিষ্ট মন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি যাতে যথাযথ ব্যবস্থা নেওয়া হয়।

শ্রী নিশিকান্ত মেহতা : মাননীয় অধ্যক্ষ মহাশয় আমি আপনার মাধ্যমে মাননীয় প্রাথমিক ও মাধ্যমিক শিক্ষামন্ত্রী মহাশয়ের দৃষ্টি আকর্ষণ করছি। পুরুলিয়া জেলায় ২টি জে. বি. টি. ট্রেনিং সেন্টার আছে। একটি শাখা এবং আরেকটি হল পুরুলিয়া। একটিতে ৪০টি সিট আছে, আরেকটিতে ১০০টি সিট আছে। এর মধ্যে ফ্রেশার হল ৭০ জন। এখন প্রত্যেক বছর মাধ্যমিকের রেজাল্ট ভাল হচ্ছে। অনেক ফার্স্ট ডিভিশন পাস করা স্টুডেন্টও সেই ট্রেনিং সেন্টারে ট্রেনিংয়ের সুযোগ পাচ্ছে না। সুতরাং ওই জে. বি. টি. ট্রেনিং সেন্টার দুটোতে যাতে ১৫০ জন ফ্রেশার ট্রেনিং নিতে পারে তার জন্য সিটের সংখ্যা বাড়ানোর জন্য আমি মাননীয় প্রাথমিক ও মাধ্যমিক শিক্ষামন্ত্রী মহাশয়ের কাছে আবেদন রাখছি। এছাড়া প্রত্যেক বছরে ১০০ থেকে ১৫০ জন প্রাইমারি টিচার রিটায়ার করছেন। সেই জায়গায় ট্রেনিংপ্রাপ্ত শিক্ষক যাতে নিয়োগ করা যায় তার জন্য এই জে. বি. টি. ট্রেনিং সেন্টার দুটোতে ফ্রেশারদের ট্রেনিংয়ের জন্য সিটের সংখ্যা আরও যাতে বাড়ানো হয় তার জন্য আমি আপনার মাধ্যমে মাননীয় প্রাথমিক ও মাধ্যমিক শিক্ষামন্ত্রী মহাশয়ের দৃষ্টি আকর্ষণ করছি।

শ্রী মুস্তাক আলম : (অনুপস্থিত)

শ্রী মোহন মণ্ডল : মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে পশ্চিমবঙ্গের মাননীয় শ্রমমন্ত্রী মহাশয়ের মাধ্যমে কেন্দ্রীয় সরকারের দৃষ্টি আকর্ষণ করছি। কেন্দ্রীয় সরকারের সংস্থা জুট কর্পোরেশন অফ ইন্ডিয়ার মাধ্যমে পাট ক্রয়-বিক্রয় হত। বর্তমান কেন্দ্রীয় সরকার বি. জে. পি. ও তার দোসর তৃণমূল, পাট ক্রয়-বিক্রয়ের জন্য কোনো অর্থ বরাদ্দ করেনি। যার ফলে জে. সি. আই.-র মাধ্যমে কোনো পাট ক্রয়-বিক্রয় হচ্ছে না। এর ফলে পাট চাষিরা আক্রান্ত, পাট চাষিরা ন্যায্য দাম পাচ্ছে না। শুধু তাই নয় কিছু অসাধু ব্যবসায়ী, পাট চাষিদের কাছ থেকে কম দামে পাট কিনে গুদামজাত করে রেখেছে বেশি দামে বিক্রি করার জন্য। এর ফলে পাট শিল্প আক্রান্ত। সেই জন্য আমি পাট চাষিদের ও পাট শিল্পের স্বার্থে মাননীয় শ্রমমন্ত্রী মহাশয়ের মাধ্যমে কেন্দ্রীয় সরকারের দৃষ্টি আকর্ষণ করছি।

শ্রী পার্থ চ্যাটার্জি : মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি অত্যন্ত বিনয়ের সাথে সংশ্লিষ্ট মাননীয় মন্ত্রী মহাশয়ের দৃষ্টি আকর্ষণ করছি। বেহালা পশ্চিমে একটা বিরাট রাস্তা আছে। এই বিরাট রাস্তাটি বেহালা চৌরাস্তা থেকে শকুন্তলা পার্ক হয়ে ডাকঘর পর্যন্ত চলে গেছে। বহু মানুষ পরিবহনের মাধ্যমে ওই রাস্তাটি ব্যবহার করেন। কিন্তু আজকে রাস্তার যে অবস্থা তাতে যে কোনো সময় দুর্ঘটনা ঘটতে পারে এবং পি. ডব্লু. ডি., সি. এম. ডি. এ. প্রভৃতি যে সমস্ত দপ্তর আছে তারা এ ব্যাপারে ফাইলের যে কাজকর্মগুলো আছে সেসব লিখেছে কিন্তু কাজ করছে না। এছাড়া ওই রাস্তায় যে বাস চলত সেই বাসও পরিবহনমন্ত্রী তুলে নিয়েছেন। ওই বাসটি শকুন্তলা পার্ক পর্ণশ্রী, সরশুনা প্রভৃতি এলাকার মধ্যে দিয়ে যেত। অবিলম্বে ওই বাসটি চালু করার জন্য আমি মাননীয় পরিবহন মন্ত্রী মহাশয়ের দৃষ্টি আকর্ষণ করছি এবং ওই রাস্তাটি অতি শীঘ্র সারানোর ব্যবস্থা করার জন্য আমি সংশ্লিষ্ট মাননীয় মন্ত্রী মহাশয়ের কাছে আবেদন রাখছি।

শ্রী রঞ্জিত কুণ্ডু : মাননীয় চেয়ারম্যান স্যার, অত্যন্ত গুরুত্বপূর্ণ একটি রেলওয়ে সেতু, জুবিলি ব্রীজ, হুগলি নদীর উপর রয়েছে। এই সেতু দিয়ে সারা ভারতবর্ষের সঙ্গে শিয়ালদহ সেক্শনের রেলপথের যোগাযোগ আছে। অতি সম্প্রতি কলকাতা পোর্ট ট্রাস্ট থেকে রেলসহ বিভিন্ন জায়গায় তারা চিঠি দিয়ে জানিয়েছেন যে, গঙ্গার ভাঙনের ফলে পূর্ব দিকের যে স্তম্ভ যার উপর ব্রীজ দাঁড়িয়ে আছে সেখানে ৫০ মিটার পর্যন্ত মাটিতে চলে গেছে। সেটা খুব বিপজ্জনক অবস্থায় চলে গেছে। আমি এর আগেও এখানে উল্লেখ করেছি, ওই ব্রীজ থেকে নাট-বোল্ট খুলে নেওয়া হয়েছে। খুবই বিপজ্জনক অবস্থায় ব্রীজটি রয়েছে। ১৯৯৯ সালে আমি এ বিষয়ে তদানীন্তন রেল মন্ত্রীকে চিঠি দিয়েছিলাম দ্রুত মেরামত করার জন্য, কিন্তু কোনো ব্যবস্থা নেওয়া হয়নি। যখন মমতা ব্যানার্জি রেলমন্ত্রী ছিলেন তখন দেখলাম হঠাৎ করে ওই ব্রিজ থেকে ৪ কিলোমিটার দূরে একটা জায়গায় একটা নতুন ব্রীজের ভিত্তিপ্রস্তর স্থাপন করা হল। বলা হল, ওই ব্রীজের বিকল্প নতুন ব্রীজ হবে। পরবর্তীকালে আমি খোঁজ নিয়ে জানলাম ওখানে নতুন ব্রীজের কোনো বা জেট প্রোভিশন নেই। ওই ধরনের কোনো নতুন প্রকল্প অনুমোদিত হয়নি। যাই হোক অবিলম্বে যাতে পুরোনো ব্রীজটা মেরামত করা হয় তার জন্য আমি রাজ্য সরকারের মাধ্যমে কেন্দ্রীয় রেল মন্ত্রকের দৃষ্টি আকর্ষণ করছি।

শ্রী মন্টুরাম পাখিরা : মাননীয় চেয়ারম্যান স্যার, আমি আপনার মাধ্যমে সেচ দপ্তরের মন্ত্রী মহাশয়ের দৃষ্টি আকর্ষণ করছি। এখন অবিরাম বর্ষণ চলছে এবং সুন্দর বনাঞ্চলের সমস্ত নদী বাঁধগুলিতে ফাটল দেখা দিয়েছে। কাকদ্বীপ, নামখানা, সাগর, পাথরপ্রতিমা প্রভৃতি এলাকার সবকটি নদী বাঁধ ভাঙতে শুরু করেছে। পাথরপ্রতিমার গোবর্ধনপুর, সীতারামপুর ; সাগর দ্বীপের ঘোড়ামারা দ্বীপ ভেঙে গেছে। কাকদ্বীপের ঈশ্বরীপুর, দুর্গানগর, শিব কালীনগর, বামানগর, নান্দাভাঙা প্রভৃতি এলাকার নদী বাঁধগুলিতে ফাটল ধরেছে। যে কোনো সময় নদী বাঁধগুলি ভেঙে হাজার হাজার বিঘা জমি নোনা জলমগ্ন হবে। হাজার হাজার ঘর-বাড়ি নষ্ট হবে। সমস্ত মানুষ এবং গবাদি পশু বিপদে পড়বে। এই অবস্থায় আমি বিষয়টির প্রতি মাননীয় সেচমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। অবিলম্বে ওই সমস্ত এলাকার নদী বাঁধগুলি দ্রুত মেরামত করা হোক। বিশেষ করে কাকদ্বীপ এলাকার ঈশ্বরীপুর, নান্দাভাঙা, শিব কালীনগর এলাকার নদী বাঁধগুলি এখনই মেরামত করার জন্য সেচমন্ত্রীকে অনুরোধ করছি।

[12.40—12.50 p.m.]

শ্রী আশুতোষ মুখোপাধ্যায় : মাননীয় চেয়ারম্যান, স্যার, আমি রাজ্য সরকারের বিভাগীয় মন্ত্রীর মাধ্যমে কেন্দ্রীয় রেল মন্ত্রকের একটি গুরুতর বিষয়ের প্রতি দৃষ্টি আকর্ষণ করছি। স্যার, রেলওয়ে পার্শেল পোর্টাররা এবং সাফাইওয়ালারা বিগত এক বছর ধরে মাইনে পাচ্ছে না। ক্যারেজ ওয়ার্কারদের মাইনে বন্ধ হয়ে গেছে। এদের প্রিন্সিপ্যাল এমপ্লয়ার ডি আর এম হাওড়া। তাঁর কাছে বার বার আবেদন-নিবেদন করেও কোনো ফল হয়নি। কয়েক দিন আগে রাসবিহারী নামে একজন পার্শেল পোর্টার অনাহারে মারা গেছেন। অথচ রেল কর্তৃপক্ষ এ বিষয়ে সম্পূর্ণ উদাসীন। এক্ষেত্রে ১৯৩৭ সালের আইনের বিধান সম্পূর্ণ লঙ্ঘিত হচ্ছে। রেলওয়ে অফিসাররা বিধান লঙ্ঘন করছে। পার্শেল পোর্টার এবং সাফাইওয়ালারা যাতে তাড়াতাড়ি মাইনে পেতে পারে তার জন্য রাজ্য সরকার অবিলম্বে কেন্দ্রীয় রেল মন্ত্রকের সঙ্গে যোগাযোগ করে ব্যবস্থা গ্রহণ করুন, এই দাবি জানাচ্ছি। ধন্যবাদ।

ডাঃ রত্না দে (নাগ) : (অনুপস্থিত)

শ্রী বংশীবদন মৈত্র : মাননীয় চেয়ারম্যান স্যার, আমি আপনার মাধ্যমে মাননীয় স্বরাষ্ট্রমন্ত্রী তথা পুলিশ মন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। স্যার, গত ১১-০৭-২০০১ তারিখে আমাদের খানাকুল এলাকায় আমাদের পার্টির খানাকুল (পশ্চিম) লোকাল কমিটির সম্পাদককে রাত্রি সাড়ে ১১টার সময় তৃণমূল-বি জে পি আশ্রিত সমাজবিরোধী দুষ্কৃতকারীরা গুলিবিদ্ধ করেছে। গুলিবিদ্ধ অবস্থায় প্রথমে তাঁকে আরামবাগ হসপিটালে ভর্তি করা হয়, তারপর কলকাতার এস এস কে এম হসপিটালে ভর্তি করা হয়। তিনি এখন সেখানে মৃত্যুর সঙ্গে পাঞ্জা লড়ছেন। আমি আপনার মাধ্যমে স্বরাষ্ট্রমন্ত্রী তথা পুলিশ মন্ত্রীর কাছে আবেদন জানাচ্ছি, অবিলম্বে ওই সমস্ত সমাজবিরোধীদের গ্রেপ্তার করে দৃষ্টান্তমূলক শাস্তি দেওয়ার ব্যবস্থা করা হোক। ধন্যবাদ।

শ্রী বিমান চক্রবর্তী : স্যার, আমি আপনার মাধ্যমে মাননীয় বিদ্যুৎ মন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করে বলছি, আমরা জগৎবল্লভপুর বিধানসভা কেন্দ্রের মুন্সিরহাটে একটা সাব-স্টেশন হওয়ার কথা ছিল, ১৯৯৭ সালে জমিও নেওয়া হয়েছিল—কিন্তু কি কারণে তার কাজ আরম্ভ হয়নি

সেটা বোঝা যাচ্ছে না। অবিলম্বে ওই সাব-স্টেশনটি যদি তৈরি করা না যায় তাহলে এলাকার মানুষ প্রচণ্ড অসুবিধার মধ্যে পড়বে। এমনিতেই ওই এলাকা ব্ল্যাক আউট হয়ে যায়। ভোল্টেজ কম থাকার ফলে টিম-টিম করে আলো জ্বলে। এর ফলে ছেলে-মেয়েরা পড়াশুনা করতে পারে না। যেখানে পাওয়ার ২৩০ থেকে ২৩৫ ভোল্ট থাকা উচিত সেখানে ১৪০ ভোল্ট পাওয়া যাচ্ছে। এর ফলে জল এবং বিদ্যুৎ পেতে সমস্যা দেখা দিচ্ছে। বাদামপুর সাব-স্টেশনের জন্য মাটি পড়েছে, কাজ আরম্ভ হয়েছিল, কিন্তু সেই কাজ বন্ধ হয়ে গেছে। মুন্সিরহাট সাব-স্টেশনটি কেন হচ্ছে না সে ব্যাপারে আমি মাননীয় মন্ত্রী মহাশয়ের দৃষ্টি আকর্ষণ করছি।

শ্রী মোর্সালীন মোল্লা : মাননীয় চেয়ারম্যান স্যার, আমি মাননীয় মুখ্যমন্ত্রী এবং মাননীয় ক্ষুদ্র শিল্প দপ্তরের মন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। আমাদের পশ্চিমবাংলায় হাওড়া হাট সারা পূর্ব ভারতে রেডিমেড পোশাক শিল্পের একটা অন্যতম বিকি-কিনি কেন্দ্র। বিগত ২০ বছর ধরে এই শিল্পের বিকাশ হয়েছে। আমাদের বিভিন্ন এলাকার উত্তর ২৪ পরগনা, দক্ষিণ ২৪ পরগনা, নদিয়া, মহেশতলা, বাঁকুড়া, মুন্সিডাঙা প্রভৃতি বিস্তীর্ণ এলাকার দর্জি শ্রমিকরা, ক্ষুদ্র শিল্পীরা, তারা এই শিল্পের বিকাশ ঘটায়। তার ফলে সোমবার এবং মঙ্গলবার হাওড়া হাট পরিচালিত হয়। পূর্ব ভারত থেকে খরিদ্দাররা আসেন যার জন্য ক্ষুদ্র শিল্প সমৃদ্ধ হয়। কিন্তু গত ৬ জুলাই মহামান্য হাইকোর্টের একটি নির্দেশক বিকৃত করে সুযোগ-সন্ধানী কিছু চক্রান্তকারী এই হাট বসাতে দেবেন না বলে বিরোধিতা করছেন। আমি মাননীয় মুখ্যমন্ত্রী এবং ক্ষুদ্র শিল্পমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি এই কারণে, ওই হাটে ১৫ হাজার স্টল আছে, ১ হাজার গদি ঘর আছে এবং ৩ লক্ষ অভ্যাগর, দর্জি শিল্পী যুক্ত আছেন। এর ফলে পোশাক শিল্প বিপর্যয়ের সম্মুখীন হবে। ওয়েস্ট বেঙ্গল টেলার্স ইউনিয়নের নেতৃত্বে সেখানে প্রতিবাদ হচ্ছে। আমি আশা করবো, আমাদের এই ক্ষুদ্র শিল্পের বিকাশের স্বার্থে ওই ঐতিহ্যমণ্ডিত হাওড়া হাট সোমবার এবং মঙ্গলবার এই দুদিন সঠিকভাবে যাতে পরিচালিত হয় তার জন্য সরকার সমস্ত শক্তি নিয়ে সহায়কের ভূমিকা পালন করবেন।

শ্রী তন্ময় মণ্ডল : মাননীয় চেয়ারম্যান স্যার, আমি বিদ্যুৎ মন্ত্রীর এবং এই হাউসের দৃষ্টি আকর্ষণ করছি। প্রত্যেক নির্বাচনে অর্থাৎ এই ষষ্ঠ নির্বাচনের আগে এই বামফ্রন্ট সরকার ক্ষমতায় আসার জন্য একটা করে ইস্তাহার প্রকাশ করেন যে, গ্রামে-গ্রামে বিদ্যুৎ পৌঁছে দেওয়া হবে এবং গুরুত্ব সহকারে বিবেচনা করা হবে। আমি তার কয়েকটি নমুনা দিচ্ছি। ১৯৯০ সালে বাগুইহাটিতে দুর্গাপুজোর সপ্তমীর রাত্রিতে বিদ্যুতের দাবির জন্য এলাকার জনগণ যখন রাস্তা অবরোধ করেছিল তখন পুলিশের গুলিতে ৩ জন নিহত হন। কৃষ্ণনগরে চাষিরা বিদ্যুতের অভাবে পাম্প চালাতে না পারার জন্য রাস্তা অবরোধ করে। ফলে সেখানেও গুলি করে কয়েকজনকে মারা হল। আমার রাজারহাট বিধানসভা কেন্দ্রের অনেক গ্রামে বিদ্যুৎ পৌঁছায়নি। অবিলম্বে সেইসব গ্রামে বিদ্যুৎ দেবার জন্য আমি দাবি জানাচ্ছি। যেমন, যাত্রাগাছি, ঝালগাছি, কদমপুকুর প্রভৃতি এই সমস্ত গ্রামে যাতে বিদ্যুৎ যায় তার জন্য আমি দৃষ্টি আকর্ষণ করছি। আর এই ৬ বারের নির্বাচনে ইস্তাহার কাজ করেনি, সেইজন্য রিগিং করে এসেছেন। তাই বলছি, ইস্তাহারে যে কথাগুলি বলেন সেগুলি যাতে কার্যকরী করেন তার জন্য আমি এই সভার দৃষ্টি আকর্ষণ করছি।

[12.50—1.00 p.m.]

শ্রী দিবাকান্ত রাউত : মাননীয় চেয়ারম্যান মহাশয়, একটি গুরুত্বপূর্ণ বিষয়ের প্রতি আপনার মাধ্যমে মাননীয় পূর্তমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। স্যার, আমার নির্বাচনী কেন্দ্র বলাগড় কুন্তী নদীর উপর একটি ব্রীজ আছে যা নয়াসরাই ঝুলন্ত ব্রীজ নামে খ্যাত। সম্প্রতি এই ব্রীজটি খারাপ হয়ে যাওয়ায় তা যানবাহন চলাচলের অযোগ্য হয়ে পড়েছে এবং প্রায়শই দেখা যাচ্ছে নানান রকমের দুর্ঘটনা ঘটছে। ব্রীজটির কিছুটা মেরামতি এবং নির্মাণের কাজ হুগলি জেলা পরিষদ করলেও দেখা যাচ্ছে ব্রীজটির লোহার পাটাতনগুলি খসে খসে পড়ছে, নষ্ট হয়ে গিয়েছে। এর ফলে সেই ব্রীজটির উপর দিয়ে মানুষ ও যানবাহন চলাচলে খুবই অসুবিধা দেখা দিয়েছে। এই ব্রীজটি ইংরাজ আমলে তৈরি স্যার, অবিলম্বে যদি ব্রীজটির পুরোপুরি সংস্কার করা না হয় তাহলে রামনগর এবং নয়াসোরের মধ্যে যোগাযোগ ব্যবস্থা ভেঙ্গে পড়বে। অবিলম্বে ব্রীজটির সংস্কারের জন্য আমি মন্ত্রী মহাশয়কে অনুরোধ করছি।

শ্রী নির্মল মণ্ডল : মাননীয় চেয়ারম্যান মহাশয়, আপনার মাধ্যমে একটি গুরুত্বপূর্ণ বিষয়ের প্রতি মাননীয় সেচমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। স্যার, সোনারপুর, বারুইপুর এবং ক্যানিং এলাকার বেশির ভাগ জায়গার জল উত্তরভাগ পাম্পিং স্টেশনের মাধ্যমে ফেলা হয়। বিশেষ করে আমার সোনারপুর বিধানসভা কেন্দ্রের মধ্যে যে সমস্ত খাল দিয়ে জলটা এই পাম্পিং স্টেশনে আসে সেই খালগুলিতে এতোই পানা এবং জঞ্জাল জমেছে যে সেখান দিয়ে জল পাম্পিং স্টেশনে যেতে পারে না। জল যেতে না পারায় জল স্টাগ হয়ে যাচ্ছে। বিশেষ করে আমার সোনারপুর বিধানসভা কেন্দ্রের ৬০ পার্সেন্ট চাষের এলাকায় এতো বেশি জল স্টাগ হয়ে গিয়েছে যে চাষিরা জমিতে লাঙল দিতে পারছে না, ধান রুইতে পারছে না। এ ব্যাপারে ইরিগেশান দপ্তরের সঙ্গে আমরা আলোচনা করেছি, দরখাস্তও দিয়েছি কিন্তু কোনো সুরাহা হচ্ছে না। চাষি এবং চাষের স্বার্থে অবিলম্বে এই খালগুলি সংস্কার করার জন্য মন্ত্রী মহাশয়ের কাছে অনুরোধ জানাচ্ছি।

শ্রী তাপস চ্যাটার্জী : মাননীয় চেয়ারম্যান মহাশয়, একটি গুরুত্বপূর্ণ বিষয়ের প্রতি আপনার মাধ্যমে কর্ম বিনিয়োগ দপ্তরের মাননীয় মন্ত্রী মহাশয়ের দৃষ্টি আকর্ষণ করছি। স্যার, দুর্গাপুর প্রজেক্ট লিমিটেডের রিক্রুটমেন্ট সংক্রান্ত বিষয়ে গত ১৩-৫-২০০১ সালে 'টেলিগ্রাম' এবং 'দি স্টেটসম্যান' পত্রিকাতে একটি বিজ্ঞাপন প্রকাশিত হয়। সেখানে ম্যানেজমেন্ট ট্রেনি পদে এবং সুপারভাইজারি ট্রেনি পদে লোক নিয়োগের জন্য বিজ্ঞাপন দেওয়া হয়। সেখানে বলা হয় যে ৬৫ নম্বর প্রাপ্ত গ্রাজুয়েট ইঞ্জিনিয়াররা ম্যানেজমেন্ট ট্রেনি পদে এবং ৬৫ নম্বর প্রাপ্ত ডিপ্লোমা ইঞ্জিনিয়াররা এখানে আবেদন করতে পারবেন। সুপারভাইজারি ট্রেনি পদের জন্য ৬০ শতাংশ নম্বর প্রাপ্ত পদার্থ বিদ্যা এবং রসায়ন বিদ্যায় যারা স্নাতক তারা আবেদন করতে পারবেন। এখানে আবেদন করার সর্বোচ্চ বয়স সীমা দেওয়া হয়েছে ৩০ বছর। স্যার, সরকারের একটি ঘোষিত নীতি আছে যে কর্মবিনিয়োগ কেন্দ্রের মাধ্যমে নিয়োগ করতে হবে। সেখানে আমরা দেখছি কর্ম বিনিয়োগ কেন্দ্রকে এড়িয়ে সরাসরি নিয়োগের ব্যবস্থা করা হয়েছে। তাছাড়া সরকারের নির্দিষ্ট যে বয়স সীমা—৩৭ বছর, তাও এ ক্ষেত্রে উপেক্ষিত হয়েছে। এ দিকে মাননীয় মন্ত্রী মহাশয়ের দৃষ্টি আকর্ষণ করছি এবং এ নিয়োগ পদ্ধতির তীব্র প্রতিবাদ করছি।

বিদ্যালয় শিক্ষামন্ত্রী শ্রী কান্তি বিশ্বাসের বিধানসভায় প্রদত্ত বিবৃতি :

মাননীয় অধ্যক্ষ মহাশয়,

গত ১১ই জুলাই তারিখে এই বিধানসভার উল্লেখ পর্বে তৃণমূল কংগ্রেস দলভুক্ত মাননীয় বিধায়ক শ্রী কাশীনাথ মিশ্র মহাশয় পঞ্চম শ্রেণির জন্য নির্ধারিত ইংরেজি পাঠ্য পুস্তক 'ইংরেজি শেখা" সম্পর্কে যে বক্তৃতা দিয়েছিলেন সে বিষয়ে শিক্ষা তথা জনস্বার্থে আমি এই বিবৃতি দিচ্ছি।

উক্ত পাঠ্যপুস্তকে ১৫ পৃষ্ঠায় "Who did Tahamina run to ?" বলে যা মুদ্রিত আছে মাননীয় বিধারক বলেছিলেন "Who" হবে না, হবে "Whom"। অন্য গ্রন্থ না হোক অন্তত ইংরেজি শেখার বিশ্ব-স্বীকৃতি অক্সফোর্ড ইউনিভার্সিটি প্রেস প্রকাশিত ইংরেজি অভিধান Hornby সম্পাদিত "Advanced learner's Dictionary of Current English"-এর ১৯৬৩ সালের সংস্করণের ১১৪৬ পৃষ্ঠার প্রতি দৃষ্টি দিলে মাননীয় বিধায়ক বুঝতেন উক্ত পাঠ্য পুস্তকে "Who" এর প্রয়োগ ভুল নয়, যথার্থ।

উক্ত পাঠ্য পুস্তকের ১৭ পৃষ্ঠায়, "There"-এর প্রয়োগ বিষয়ে যে ব্যাখ্যা দেওয়া আছে সে সম্পর্কে মাননীয় বিধায়ক আপত্তি তুলেছিলেন। উপরে উল্লেখিত Hornby-এর অভিধানে ১০৪৬ পৃষ্ঠার প্রতি মাননীয় বিধায়ক অনুগ্রহ করে একটু দৃষ্টিপাত করলে উপলব্ধি করতে পারতেন পাঠ্য পুস্তকে "There" শব্দের ব্যবহারের যে ব্যাখ্যা দেওয়া হয়েছে তা ব্যাকরণগত ভাবে সম্পূর্ণ শুদ্ধ। Cobuild Dictionary-র ১৭৩১ পৃষ্ঠায়ও এ বিষয়ে সবিস্তার ব্যাখ্যা আছে। মাননীয় বিধায়ক একটু দেখে নিলে সকলের প্রতি সুবিচার করতেন।

ওই পাঠ্য পুস্তকে ২ পৃষ্ঠায় "the" শব্দের পরিবর্তে "a" ব্যবহার করা উচিত ছিল বলে বিধায়ক মহাশয় যে মন্তব্য করেছেন তাতে উক্ত পাঠের তাৎপর্যগত অর্থ তাঁর কাছে অস্পষ্ট হিসেবে রয়ে গেছে বলে মনে হয়। পুনরায় বলছি Hornby এর Dictionary-র ১০৪৪ পৃষ্ঠার উপর মাননীয় বিধায়ক একটু কষ্ট করে চোখ বোলালে বুঝতে পারতেন কেন ওইখানে "the" শব্দ ব্যবহার করা হয়েছে, "a" শব্দের ব্যবহার কেন ওইখানে করা হয়নি।

আলোচ্য পাঠ্য পুস্তকের ২৪ পৃষ্ঠায় "meat" শব্দ ব্যবহারে বিধায়ক মহাশয় বিস্ময় প্রকাশ করে "flesh" শব্দ ব্যবহার করার পক্ষে যুক্তির অবতারণা করেছেন। শ্রী মিশ্র "Hornby-এর "Dictionary-র ১৯৯০ সালের সংস্করণের ৭৭৩ পৃষ্ঠার উপর দৃষ্টি নিক্ষেপ করলে দেখতে পেতেন সেখানে মুদ্রিত আছে "meat"-এর অর্থ "flesh of animal specially of mammals, rather than fish or bird" তাছাড়া উদাহরণ স্বরূপ দেওয়া আছে Meat-eating animal. Meat শব্দের ব্যবহার এত ব্যাপক তথাপি কেন বিধায়ক মহাশয়ের মনে এই বিভ্রান্তি সৃষ্টি হলো বুঝতে পারছি না।

ওই পাঠ্য পুস্তকের ৩০ পৃষ্ঠায় "beat" শব্দ ব্যবহার করায় মাননীয় বিধায়ক আপত্তি তুলেছেন "Wren and Martin" লিখিত ইংরেজি গ্রামারের ১৪১ পৃষ্ঠার প্রতি

দৃষ্টি দেওয়া শুধু নয় যে কোনো ইংরেজি গ্রামার "নেসফিল্ড" বা অন্য লেখকের হোক তার পাতা উল্টালে মাননীয় বিধায়ক বুঝতে পারতেন "beat" শব্দের অর্থ প্রহার করা এবং তার "past tense 'beat'-ই হয়। "bite"শব্দের অর্থ কামড়ানো—তার past tense "bit" হয়। ওই বইয়ের ছবিতে প্রহরীকে লাঠি দিয়ে সঠিকভাবে সাপটাকে প্রহার করতে দেখানো হয়েছে। মাননীয় বিধায়ক মহাশয়, মানুষ প্রহরীকে দিয়ে সাপটাকে প্রহারের পরিবর্তে কামড়ানোর আজগুবি দাবি কেন করেছেন তা বুঝতে আমি একেবারেই অক্ষম। আমার মনে হয় তিনি শিশু শিক্ষার্থীদের প্রতি শুধু অবিচার করেননি, নিজের প্রতিও অবিচার করেছেন।

মাননীয় অধ্যক্ষ মহোদয়, আমি দুঃখিত—একটি অবান্তর বিষয় নিয়ে বিধানসভার এতখানি মূল্যবান সময় আমাকে নিতে হলো। মাননীয় বিধায়ক শ্রী কাশীনাথ মিশ্রকে এর পূর্বে কংগ্রেস দলের বিধায়ক হিসেবে এই সভায় সুবিবেচিত ভূমিকা পালন করতে দেখেছি। বর্তমান তৃণমূল কংগ্রেসের বিধায়ক হিসেবে তাঁকে নতুন করে আত্মপ্রকাশ করতে দেখলাম। তাহলে এখানে বাংলা কবিতার সেই কথারই কী প্রতিধ্বনি হবে 'তুমিও অপেয় হবে পড়িলে ও বুকে।"

পরিশেষে বলতে চাই পাঠ্য পুস্তকে বিশেষ করে শিশু পাঠ্য পুস্তকে কোনো ভুল থাকা খুবই অনভিপ্রেত। তবে কখনও কখনও অনিবার্য কারণে ভুল থেকে যায়। পাঠ্য বইয়ের পরবর্তী সংস্করণের মধ্য দিয়ে তাকে নির্ভুল করার চেষ্টা করা হয়। সেই চেষ্টা সর্বত্র হয়, এখানেও তার কোনো ব্যতিক্রম হয় না—হবে না।

ZERO HOUR

শ্রী গোবিন্দ চন্দ্র নস্কর : মাননীয় অধ্যক্ষ মহাশয়, আপনার মাধ্যমে আমি মাননীয় সেচমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। এর আগে আমি বলেছিলাম, ঘোড়ামারা দ্বীপ ভাঙবার ফলে সুন্দরবনের নদী বাঁধগুলির দুরবস্থার কথা। ইতিপূর্বে দেখেছি, পাথরপ্রতিমা, গোসাবা, কুলতলি, ক্যানিং, গোবর্ধনপুর সর্বত্র নদী বাঁধগুলি চরম দুরবস্থার মধ্যে দিয়ে চলছে।

[1.00—1.10 p.m.]

পাথরপ্রতিমার এমব্যাংকমেন্ট ভেঙে গিয়েছে প্রায় ১ কিলোমিটারের মতো। সেখানে দুটি মৌজা সীতারামপুর এবং গোবর্ধনপুর, তার ৪টি গ্রাম সম্পূর্ণ জলের তলায় চলে গিয়েছে। সেখানে ৩০০ মতো ঘর-বাড়ি ভেঙে গিয়েছে, ৫০০ মতো লোক গৃহছাড়া। সেখানে ডি. এম-এর কাছে ৫ লক্ষ টাকা পাঠানো হয়েছে। জনৈক মন্ত্রী সেখানে ছুটে গিয়েছেন। আমি আপনার মাধ্যমে অনুরোধ জানাচ্ছি এখানে মন্ত্রী মহাশয় পাঠিয়ে কোনো লাভ হবে না। সেচ দপ্তর দায়িত্ব নিয়ে বাঁধগুলির মেরামতের কাজ করতেন তাহলে ওই অঞ্চলের মানুষকে এই চরম দুর্ভোগের মধ্যে পড়তে হতো না। লক্ষ লক্ষ মানুষ আজ আক্রান্ত, হাজার হাজার বিঘা জমি প্লাবিত হয়েছে, এই ব্যাপারে সরকারের কোনো দৃষ্টি নেই। তাই আমি আপনার মাধ্যমে সেচমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি যাতে এখানে সুব্যবস্থা হয় তার জন্য তিনি যেন ব্যবস্থা নেন।

শ্রী অশোক দেব : মাননীয় চেয়ারম্যান স্যার, এখানে উচ্চশিক্ষামন্ত্রী আছেন এবং আইনমন্ত্রীও আছেন। আমি খুব দুঃখের সঙ্গে জানাচ্ছি কলিকাতা বিশ্ববিদ্যালয়ে হাইকোর্টের রায় থাকা সত্ত্বেও তারা কোনো কাজ করছে না। কাগজে দেখেছেন ২-৪ দিন আগে একটি কর্মচারীকে কেন্দ্র করে কলিকাতা হাইকোর্ট একটা রায় দিয়েছিল। কলিকাতা বিশ্ববিদ্যালয় আজ পর্যন্ত সেই রায় মানছে না। যে কর্মচারীকে কেন্দ্র করে এই রায় বেরিয়েছে সেই কর্মচারীকে কোনো ইনফরমেশান জানানো হচ্ছে না। মাননীয় শিক্ষামন্ত্রী এবং আইনমন্ত্রীকে জানাচ্ছি, হাইকোর্টের রায়কে অপমান করা উচিত নয়। সেখানে যিনি উপাচার্য আছেন তাঁকে বলবেন, তিনি শিক্ষার সঙ্গে জড়িত, হাইকোর্টের অপমান যাতে না হয় তার ব্যবস্থা তিনি যেন করেন। দুইজন মন্ত্রী বিষয়টা শুনলেন, নিশ্চয়ই ব্যবস্থা করবেন।

শ্রী পদ্মনিধি ধর : মাননীয় চেয়ারম্যান স্যার, একটি অত্যন্ত গুরুত্বপূর্ণ বিষয় আমি এখানে উল্লেখ করতে চাইছি। আমি জানি না দক্ষিণ-পূর্ব রেলের অপদার্থতার জন্য আমরা সদস্যরা এবং পশ্চিমবাংলার মানুষ গাইসালের মতো দুর্ঘটনার সংবাদ মাধ্যমের দ্বারা পাবো কিনা। বোম্বে রোডের একমাত্র লেভেল ক্রসিং হাওড়া আমতা লাইনের সেটা সলপ এবং পাকুলিয়ার মাঝখানে আছে। সেখানে একটা লরির ধাক্কায় দু পাশের দুটি পোল ভেঙে গিয়েছে। দড়ি বেধে রেল চলাচল করছে। যে কোনো মুহূর্তে বিরাট অ্যাকসিডেন্ট হতে পারে। আমার এলাকার মানুষ এবং পশ্চিমবাংলার মানুষ আতঙ্কিত হয়ে পড়েছে। এখানে একটা রোড ওভার ব্রীজ আছে, মাত্র ৫০ ফুট জুড়ে দিলে একটা সমস্যার সমাধান হয়। রেলের অপদার্থতার জন্য মাত্র ৫০ ফুট লেভেল ক্রসিংয়ের উপর জুড়ে দেওয়া হয়নি। আমাদের আইনমন্ত্রী নিশীথ অধিকারী মহাশয় এটা দেখে বলেছিলেন, এটা কেন হচ্ছে না, আপনি উল্লেখ করুন। অত্যন্ত বিপদজনক অবস্থায় আছে। এই রোড ওভার ব্রীজ কারা করবে সেটা পি. ডব্লু. ডি মিনিস্টারকে বলুন। আমি দক্ষিণ-পূর্ব রেলের কাছে দাবি করছি অবিলম্বে এই লেভেল ক্রসিংয়ের সুরক্ষার বন্দোবস্ত করুন। রেলের উপর এই রোড ওভার বীরজ ৫০ ফুট তৈরি করে আমাদের জীবন ধন রক্ষা করুন।

শ্রী কাশিনাথ মিশ্র : মাননীয় চেয়ারম্যান স্যার, আজকে একটি গুরুত্বপূর্ণ বিষয়ে স্বরাষ্ট্র দপ্তরের মন্ত্রী মহাশয়ের দৃষ্টি আকর্ষণ করছি। ৩রা জুলাই সাড়ে সাতটার সময় বাঁকুড়া জেলার সোনামুখী থানার সঞ্জয় সাহা পিতা প্রদীপ সাহা, ক্লাস এইটে পড়ে, তার কাছ থেকে মুক্তিপণ নেবার জন্য সেইদিন থেকে ছেলেটিকে বিষ্ণুপুর জঙ্গলে নিয়ে চলে যায়। বিষ্ণুপুর জঙ্গল থেকে তাকে পাওয়া যাচ্ছে না। তারা ফোন করেছে ৩ লক্ষ টাকা চাই। তিন লক্ষ টাকা মুক্তিপণ চাওয়ার ঘটনা, যেটা পশ্চিমবাংলাতে হয় না, বড় বড় শহরে হয়, মেগাসিটিতে হয়—দিল্লি থেকে আরম্ভ করে অনেক জায়গাতে যেটা হচ্ছে—আমাদের গ্রামে-গঞ্জে হয় না। পুলিশ এখনও পর্যন্ত কোনো ব্যবস্থা নিতে পারেনি। এটা একটা ভয়ঙ্কর ব্যাপার। এর যদি ব্যবস্থা না হয়, তিন লক্ষ টাকা একটা সাধারণ ঘরের ছেলে সঞ্জয় সাহা, সে কি করে দেবে ? এই যদি অবস্থা হয়, তাহলে গ্রাম বাংলায় আমরা থাকবো কি করে ? আমি আপনার মাধ্যমে এই ব্যাপারে মাননীয় স্বরাষ্ট্রমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি।

শ্রী সৌগত রায় : স্যার, এই হাউসে আগেই আলোচিত হয়েছে যে, গত শনিবার আসানসোলের পুলিশ কি নারকীয় তাণ্ডব চালিয়েছে। আসানসোলের একটি নার্সিং হোমে আহতাব আনসারীর মৃত্যু হবার পর আসানসোলের মানুষ ওই নার্সিং হোমের বিরুদ্ধে বিক্ষোভ দেখায় এবং রাস্তা অবরোধ করে। আমাদের হীরাপুরের এম এল এ ঘটনাস্থলে যান। সেখানে গিয়ে দেখা যায় যে ছেলেটি অন্য কারণে মারা গেছে, যদিও নার্সিং হোম থেকে চিকেন পক্সে মারা গেছে বলে বলেছে। পুলিশ এসে বিক্ষোভকারীদের ধরে নিয়ে যায়। মৃত্যুর খবর পেয়ে আমাদের তৃণমূলের বিধায়ক মলয় ঘটক, কল্যাণ ব্যানার্জি এবং মানিক উপাধ্যায় ওখানে যান।তাঁদের সঙ্গে যখন পুলিশের আলোচনা চলছে তখন অ্যাডিসন্যাল এস. পি. নিরোদ সিং গিয়ে পৌছান। যখন আলোচনা চলছে তখন নির্মমভাবে তাঁদের ওপরে লাঠিচার্জ করেন। তৃণমূলের বিধায়করা এর ফলে আহত হন। পুলিশ তাঁদের গ্রেপ্তার করে থানায় নিয়ে যায়। কলকাতা থেকে যখন ফোন যায়, সারা রাত থানায় বসিয়ে রাখবার পরে তাঁদের বলা হয়—তোমরা যাও, তোমাদের বিরুদ্ধে কোনো কেস নেই। পুলিশ তাদের বিরুদ্ধে ৩০৭ ধারায় কেস দিয়েছে। পুলিশের একটা অংশ যেখানে তৃণমূল জিতেছে সেখানে তারা ক্ষিপ্ত হয়ে গেছে। তাদের বলা হয়েছিল, যে করেই হোক সি পি এম পার্টির ক্যান্ডিডেটদের জেতাতে হবে। আসানসোলে তারা জেতাতে পারেনি। অ্যাডিসন্যাল এস. পি. নিরোদ সিং একজন দুর্নীতিপরায়ণ অফিসার। আসানসোলে সে বিক্ষোভকারীদের ওপরে লাঠি চালিয়েছে। আমি এর বিরুদ্ধে শাস্তি দাবি করছি। আসানসোলের মানুষ ইতিমধ্যেই বন্‌ধ পালন করেছে।

শ্রী মানস মুখার্জি : স্যার, কলকাতা কর্পোরেশনের নগর পরিষেবা প্রায় শিকেয় ওঠার অবস্থায় এসে গেছে। ইতিমধ্যে পলতায় যে দু' কোটি গ্যালন জল উৎপাদন ক্ষমতাসম্পন্ন যে পরিশোধনাগার সেটি বন্ধ করে দেওয়া হয়েছে। কর্পোরেশনে যেখানে তাদের টাকার অভাবে, সেখানে দেখছি গেস্ট হাউসকে শীতাতপ নিয়ন্ত্রিত করা হচ্ছে। যেখানে অর্থের অভাবে ১৯৩ জন ব্লক সরকারকে অ্যাপয়েন্টমেন্ট দেওয়া যাচ্ছে না, সেখানে দেখছি, মেয়র, মেয়র পারিষদ এবং কমিশনারের ঘরগুলিকে শীতাতপ নিয়ন্ত্রিত করা হচ্ছে। স্যার, আমরা আবার দেখেছি যে কর্পোরেশনের ৩০৮টি প্রাথমিক বিদ্যালয়ের মধ্যে ৫০টিকে ইতিমধ্যেই বেসরকারি প্রতিষ্ঠানকে দেওয়া হয়েছে। তারা সেখানে কম্পিউটারের ব্যবসা করবে। আমরা এক বছরে কখনও বলিনি যে তৃণমূল কংগ্রেস রিগিং করে কর্পোরেশনের ক্ষমতায় এসেছে। মানুষকে কি ভাবে বুঝিয়ে জিতে এসেছে সেটা ওরা বলতে পারবেন। কিন্তু জিতে আসার পর কলকাতার মানুষ বুঝতে পেরেছে ওরা কি করতে চাইছে। এই সভায় ওদের এই কর্মকাণ্ডের বিরুদ্ধে ধিক্কার জানানো হয়েছে।

শ্রী নির্মলচন্দ্র মণ্ডল : (অনুপস্থিত)

[1.10—1.20 p.m.]

শ্রী পংকজ ব্যানার্জি : মাননীয় চেয়ারম্যান স্যার, গোটা পশ্চিমবঙ্গে লক্ষ্য করছি শাসক দলের বামফ্রন্ট তাদের সুযোগে পুলিশের একাংশ বিরোধী দলের সদস্যদের উপরে অত্যন্ত ঠাণ্ডা মাথায় পরিমিতভাবে অত্যাচার চালাচ্ছে। গত ১৪ তারিখে আসানসোলে যে ঘটনা ঘটল সেটা শুধু বিরোধী দলের সদস্য হিসাবে নয়, পশ্চিমবঙ্গের মানুষ হিসাবে অত্যন্ত

অস্বস্তি বোধ করছি। আজকে পুলিশের ট্রিগার হ্যাবিট হয়ে গেছে। শুধু এই ঘটনা নয়, সাধারণ মানুষের আন্দোলনের উপরেও গুলি চালাচ্ছে। অথচ পুলিশের সাহায্যে সমাজবিরোধীরা লুঠতরাজ, খুন এবং সন্ত্রাস চালাচ্ছে। নির্বাচিত সদস্যদের উপর হামলা করার একটা প্রবণতা পুলিশের একাংশের মধ্যে লক্ষ্য করছি। আসানসোলে যে ঘটনা ঘটেছে তা এই সভার কাছে উল্লেখ পর্বে সৌগত রায় মহাশয় বলেছেন এবং মুলতবী প্রস্তাবে কাশীনাথ মিশ্র মহাশয় বলেছেন। আজকে পুলিশকে অধিকার দিয়ে দেওয়া হয়েছে যে, নির্বাচিত জনপ্রতিনিধিদের বিনা বিচারে আটকে রেখে রাতভোর রেখে সকালে তাদেরকে গ্রেপ্তার করা হয়নি বলে ছেড়ে দেওয়া হচ্ছে। তাদের সঙ্গে যারা দেখা করতে গেছিল তাদেরকেও কোলাপসিবিল গেট খুলে ঢুকিয়ে সকালবেলায় ৩০৭ ধারায় চালান করে দেওয়া হয়েছে। আজকে আমরা হাউস চালাবার সময়ে দেখছি যে, মাননীয় চেয়ারম্যান স্যার, আপনি ছিলেন না, আমরা দেখেছি মাননীয় স্পীকার মহাশয়ের বাম দিকে ৩০ জন পুলিশ আর ডান দিকে ৩০ জন পুলিশ। এইভাবে সভার ভেতরেও পুলিশ এবং সভার বাইরেও পুলিশ দিয়ে কণ্ঠরোধ করার চেষ্টা চলছে। একেবারে ফ্যাসীবাদী কায়দায় কণ্ঠরোধ করার চেষ্টা চলছে, এর আমি তীব্র প্রতিবাদ জানাচ্ছি। আপনারা গণতান্ত্রিক পদ্ধতিতে প্রশাসনিক কাজ চালান এই আবেদন আমি রাখছি।

শ্রীমতী সোনালী গুহ : মাননীয় চেয়ারম্যান স্যার, আমি একটি সংবাদের প্রতি সভার দৃষ্টি আকর্ষণ করছি সবার জন্য শিক্ষা চাই এই দাবিগুলো দীর্ঘ ২৫ বছর ধরে এই সরকার করে আসছেন। নির্বাচনের আগেও ছাত্রছাত্রীদের জন্য কথা বলা হয়েছিল। কিন্তু নির্বাচনের পরেই টুকে পাশ করা শিক্ষামন্ত্রী কারুর সঙ্গে আলোচনা না করেই ফি বাড়িয়ে দিলেন। এর ফলে আজকে আমরা হাউসে সবাই এর তীব্র বিরোধিতা করছি এবং প্রত্যেকে এর নিন্দা করছি। কারণ ওঁনারা ১০ টাকা থেকে ১০০ টাকা ফি করে দিলেন। আমরা জানিনা এর ফলে দুঃস্থ ছাত্রছাত্রীরা কিভাবে পড়াশুনো করবে। বন্যা ত্রাণ নিয়ে যেমন ওঁনারা দলবাজি করেন তেমনি কোনো ছাত্র বা ছাত্রী কম ফি-তে পড়বে তা পার্টি অফিস থেকেই ঠিক করবে। দুঃস্থ ছাত্রছাত্রীরা যাতে পড়ার সুযোগ পায় তার জন্য জিরো আওয়ারে এই উল্লেখ করলাম।

শ্রী সত্যসাধন চক্রবর্তী : স্যার, আমি একটু বলতে চাই। মাননীয় সদস্যা যে কথা বলেছেন তা খুবই গুরুত্বপূর্ণ। আমাদের রাজ্যে অনেক গরিব ছাত্রছাত্রী আছে, যাদের এই ফি বেশি হলে পড়াশুনোর অসুবিধা হবে। আমাদের সরকার থেকে যে আদেশনামা বার হয়েছে তাতে পরিষ্কার ভাবে বলছি যে, যারা এই রকম গরিব আছে, ফি দিতে পারবে না তাদের ছাড় দিতে হবে। আমরা গভর্ণিং বডিকে বলে দিয়েছি কোনো গরিব ছাত্রছাত্রীর পয়সার অভাবে পড়াশুনো বন্ধ হবে না।

(এই সময়ে তৃণমূলের সদস্যারা বলতে ওঠেন)

আমি আবার বলছি পংকজবাবু, এটা অত্যন্ত গুরুত্বপূর্ণ বিষয়, এটা আমাদের সকলকে দেখতে হবে। এটা চেঁচামেচির ব্যাপার নয়। আমি আবার বলছি হাউসে কোনো কলেজে কোনো গরীব ছাত্র বা ছাত্রীরা পয়সার অভাবে পড়াশুনো বন্ধ হবে না। এটাই আমাদের নির্দেশ এবং পরিষ্কার বলেছি তাদের কনসেসান দিতে হবে এবং এমনভাবে দিতে হবে যাতে তারা

পড়াশুনো চালিয়ে যেতে পারে। আমি আবার বলছি যে কথা আমি হাউসকে আগেও বলেছি, আবার বলছি যে, গরীবের পয়সায় সম্পন্ন ঘরের ছেলে-মেয়েরা পড়বে এটা আমরা চাই না। সম্পন্ন ঘরের ছেলে মেয়েরা অতিরিক্ত বেতন দেবে, আর গরীব ছেলে মেয়েরা তা দেবে না এটাই আমি আবার জোরের সঙ্গে বলছি।

শ্রী পূর্ণেন্দু সেনগুপ্ত : মাননীয় চেয়ারম্যান স্যার, আমি আপনার মাধ্যমে মাননীয় পৌরমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করতে চাই। আমি সভায় একটি গুরুত্বপূর্ণ বিষয়ে উল্লেখ করতে চাই। আপনারা জানেন মেদিনীপুর পৌরসভা তৃণমূল কংগ্রেস ও কংগ্রেসের যৌথভাবে পরিচালিত এবং এক বছর পরপর চেয়ারম্যান বদল হয়। সেখানকার অবস্থা নারকীয়। বস্তি উন্নয়নের টাকা অন্য খাতে ব্যয় হয়। জল প্রকল্পের টাকা দিয়ে কর্মচারীদের বেতন দিচ্ছে, ১০ বছরে তারা মেদিনীপুর শহরে কোনো কর চাপাননি এখন তারা সেখানে কর চাপাবার জন্য সেন্ট্রাল ভ্যালুয়েশান বোর্ডের কাছে, রাজ্য সরকারের কাছে যে তথ্যভিত্তিক প্রস্তাব পাঠিয়েছে তাতে দেখছিলাম এক একটি হোল্ডিংয়ে যারা বসবাস করেন তাদের সাত গুণ ১০ গুণ কর বসছে। ফলে আগে যেখানে ৬৪ লক্ষ টাকা ছিল, সেখানে এখন ৪ কোটি ৭৬ লক্ষ ৮৪ হাজার ৩০৬ টাকা ধার্য করে তারা ভ্যালুয়েশান বোর্ডের কাছে পাঠিয়েছে। এই ঘটনায় মেদিনীপুর শহরবাসীরা খুবই উদ্বিগ্ন এবং আতঙ্কিত, তারা ভাবছেন আগামীদিনে তাদের কি হবে ! তাই আমি মাননীয় পৌরমন্ত্রীকে এই মেদিনীপুর পৌরসভার সমস্ত বিষয়ে পুঙ্খানুপুঙ্খ-রূপে তদন্ত করার জন্য দাবি জানাই এবং আমি আশা করি আপনি সেই কাজে সহায়তা করবেন। কারণ জঞ্জাল সাফাই হয় না, রাস্তাঘাট ভেঙে চুরে গিয়েছে, জল পাচ্ছে না, অথচ তারা শুধুমাত্র পৌরবোর্ডের শাসনের ক্ষমতা আঁকড়ে ধরে আছে। সুতরাং আমি সমগ্র বিষয়টি পৌরমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি, এবং বোর্ডের বিরুদ্ধে তদন্ত করার দাবি জানাচ্ছি।

শ্রী পংকজ ব্যানার্জি : মাননীয় চেয়ারম্যান স্যার, বিধানসভার মাননীয়া সদস্যা সোনালী গুহ যে বক্তব্য রেখেছেন, এর জবাবে মাননীয় শিক্ষামন্ত্রী তিনি যে বক্তব্য পেশ করেছেন সেই পরিপ্রেক্ষিতে বলি, কোয়ালিটি অফ এডুকেশন না বাড়িয়ে মাননীয় শিক্ষামন্ত্রী যেভাবে কলেজের আজকে ফিজ্ বাড়িয়ে দিলেন মাননীয় শিক্ষামন্ত্রী আপনাকে বলছি যেভাবে আপনি জবাবি ভাষণে বললেন, ফিজ্ বাড়িয়েছেন বড় লোকের ছেলেদের জন্য, গরীবের জন্য ব্যবস্থা করবেন, আমার প্রশ্ন কোয়ালিটি অফ এডুকেশান বাড়ালেন না, আজকে কয়েক শত কলেজে রেগুলার প্রিন্সিপাল নেই। সেখানে টিচার-ইন-চার্জ, প্রফেসার-ইন-চার্জ কাজ করছেন, আবার কয়েক হাজার শিক্ষকের পদ খালি পড়ে আছে, ফ্যাকালটি নেই, কোয়ালিটি অফ এডুকেশানের ব্যবস্থা করলেন না, রেগুলার প্রিন্সিপাল এর ব্যবস্থা করলেন না, শিক্ষাকে ভালভাবে স্ট্রিম লাইনিং, স্ট্রেট লাইনিং করলেন না। মাননীয় মুখ্যমন্ত্রী যেখানে বলছেন, শিক্ষায় অরাজকতা চলছে, গত ২৪ বছরে শিক্ষার উন্নতি হয়নি, প্রশাসনিকভাবে আপনারা শিক্ষাকে ঢেলে সাজাবার ব্যবস্থা করলেন না, গুণগত মান বাড়ালেন না, আপনারা জানেন কলেজগুলিতে শিক্ষকের কিছু পদ খালি আছে, সেইগুলিতে নিয়োগের ব্যবস্থা করলেন না। একজন পার্মানেন্ট প্রিন্সিপাল না দিয়ে দায়সারাভাবে কাজ চালিয়ে যাচ্ছেন। কলেজগুলির মান নেমে যাচ্ছে আর আপনারা ফিজ্ বাড়াচ্ছেন, বলছেন

গরীবদের দিতে হবে না, গরীবের জন্য আপনারা কনসিডার করবেন। কিন্তু গরীবটা কে ঠিক করবে ? প্রত্যেকটি ক্ষেত্রে আপনাদের দলের লোকেদের কাছে যেতে হবে। আপনি জনপ্রতিনিধিদের রেখেছেন কি বোর্ডেতে ? আপনি গভর্নমেন্ট থেকে নমিনি ঠিক করে পাঠাচ্ছেন জিবিতে, তারা প্রেসিডেন্ট হচ্ছেন। অর্থাৎ আপনারা শিক্ষা ব্যবস্থাকে পার্টিকরণ করে দিয়েছেন। গোটা ব্যবস্থাকে এমন একটা জায়গায় নিয়ে যাচ্ছেন গরীব মানুষের ডেফিনেশান কি হবে, কারা এর আওতায় আসবে ? আপনাদের পার্টি অফিসে যারা মাথা নত করে ঢুকবে, হাঁটু গেড়ে বসবে তাদের আপনারা গরীব বলে মেনে নেবেন। এই ধরনের মানসিকতাই আপনাদের মনে কাজ করছে।

[1.20—2.00 p.m. including adjournment]

তাই আমি বলছি আপনি গোটা ব্যবস্থাটাকে পুনর্বিবেচনা করুন, কোয়ালিটি অফ এডুকেশন ঠিক করুন, কলেজগুলোতে স্ট্রিমলাইন ঠিক করুন, যে শূন্যপদগুলো আছে, সেইগুলো পূরণ করার ব্যবস্থা করুন, তারপর মাইনে বাড়ান। এখন হাউস চলছে, সবাই মিলে আলোচনা করে করা যেত। তা না করে আলিমুদ্দিন স্ট্রিট থেকে বলে দিল আর আপনি বাড়িয়ে দিলেন। এটা অগণতান্ত্রিক মূল্যবোধের পরিচয় দিয়েছেন। হাউস না থাকলে হতে পারত। দি হাউস ইজ ইন সেসন। আপনি হাউসকে এড়িয়ে অগণতান্ত্রিকভাবে এটা করেছেন, স্বেচ্ছাচারীভাবে করেছেন। এর তীব্র বিরোধিতা করি।

মি. চেয়ারম্যান : এখন বিরতি। আমরা আবার ২টোর সময় মিলিত হব।

(At this stage the House was adjourned till 2-00 p. m.)

[2.00—2.10 p.m.] (After recess)

POINT OF INFORMATION

শ্রী পরশ দত্ত : মাননীয় অধ্যক্ষ মহাশয়, একটা পয়েন্ট অফ ইনফরমেশান— আজকে সকালবেলায় উল্লেখপর্বে মাননীয় বিধায়ক পার্থ চ্যাটার্জী বেহালায় ট্রাফিক জ্যাম এবং তার সঙ্গে সম্ভাব্য অ্যাকসিডেন্ট নিয়ে আশংকা প্রকাশ করে উল্লেখ করেছেন। আমি জানি না ব্যাপারটা কাকতালীয় কিনা, ঠিক তার কিছুক্ষণ আগে সকাল ১১-৪৫ মিনিটে আজকে বেহালায় ট্রাম ডিপোর সামনে কালী মন্দিরের সামনে সেখানে টাটা সুমো, ট্রাফিক জ্যামের ভিতর দিয়ে যেতে গিয়ে অ্যাকসিডেন্ট করে। একজন স্পটে গাড়ি চাপা পড়ে মারা যান। আমার কাছে খবর এসেছে যে ৩ জন মারা গেছে। ওখানে বাস গাড়ি জ্বালিয়ে দেওয়া হয়েছে। পথ অবরোধ হয়েছে। পুলিশের খবর এখনও পর্যন্ত একজন মারা গেছে। পরে অবশ্য ওটা ৩ জন হয়ে যাবে। আমি ওখানকার বিধায়ক হিসাবে পুলিশকে বহুদিন ধরে বলেছি ট্রাফিক জ্যাম বন্ধ করার জন্য, সম্ভাব্য ব্যবস্থা যেন গ্রহণ করেন। আমি কিছু সাজেশানও দিয়েছিলাম। কিন্তু দুঃখের বিষয় যে, সেগুলি কার্যকর হয়নি। ওইগুলি কার্যকর হলে আজকে তিনটি প্রাণ অকালে ঝরে যেত না। ঠিক ১৫ দিন আগে যদি ব্যবস্থা নেওয়া যেত তাহলে তিনটি প্রাণকে বাঁচানো যেত। এই ব্যাপারে আমি হাউসে দৃষ্টি আকর্ষণ করলাম।

DISCUSSION AND VOTING ON DEMAND NOs 12, 77, 78, 80 & 81 Demand No.12

Mr. Speaker : There are 13 cut motions to Demand No. 12. All the cut motions are in order.

Shri Abdul Mannan (1)	Sir, I beg to move that the amount of the Demand be reduced to Re. 1/-
Shri Kallol Khan (2) Shri Kamal Mukherjee (3-4) Shri Subrata Mukherjee (5) Shri Biman Chakraborty (6) Shri Dipak Kumar Ghosh (7) Shri Kashinath Misra (8-9) Shri Sadhan Pande (10) Shri Bankim Chandra Hazra (11) Shri Tarak Bandyopadhyay (12) Shri Abdul Mannan (13)	Sir, we beg to move that the amount of he Demand be reduced by Rs. 100/-.

Demand No. 77

Mr. Speaker : There is no cut motion to Demand No. 77.

Demand No. 78

There are 5 cut motions to Demand No. 78. All the cut motions are in order.

Shri Biman Chakraborty (1) Shri Kallol Khan (2) Shri Sadhan Pande (3) Shri Tarak Bandyopadhyay (4) Shri Abdul Mannan (5)	Sir, I beg to move that the amount of the Demand be reduced by Re. 100/-

Demand No. 80

Mr. Speaker : There are 27 cut motions to Demand No. 80. All the cut motions are in order.

Shri Kashinath Misra (1)	Sir, I beg to move that the amount of the Demand be reduced to Re. 1/-

Shri Kashinath Misra (2-7)
Shri Biman Chakraborty (8-9)
Shri Kallol Khan (10-11)
Shri Kamal Mukherjee (12)
Shri Mostaque Alam (13)
Shri Sadhan Pande (14-15)
Shri Tarak Bandyopadhyay (16-18)
Shri Tanmoy Mondal (19)
Shri Moloy Ghatak (20)
Shri Abdul Mannan (21-24)
Shri Nirmal Ghosh (25)
Shri Partha Chatterjee (26)
Shri Saugata Roy (27)

Sir, We beg to move that the amount of the Demand be reduced by Rs. 100/-.

Demand No. 81

Mr. Speaker : There is no cut motion to Demand No. 81

শ্রী অসিত মাল : মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি এখানে পরিবহণ দপ্তরের মন্ত্রী মহাশয় যে বাজেট ব্যয় বরাদ্দের দাবি রেখেছেন তাকে আমি বিরোধিতা করে আমার কংগ্রেস থেকে এবং বিরোধী দল থেকে যে কাটমোশন দেওয়া হয়েছে, তাকে সমর্থন করে আমার বক্তব্য শুরু করছি। আজকে স্যার বুঝতে পারছি না, মাননীয় মন্ত্রী যে ঘটনার সঙ্গে জড়িয়ে পড়েছেন, তাতে তার মানসিকতা ঠিক আছে কিনা বোঝা যাচ্ছে না। স্যার, আমরা বিরোধী দলে আছি বলেই বিরোধিতা করছি তা নয়। স্যার, স্ট্যান্ডিং কমিটির একটা রিপোর্ট বেরিয়েছে। রাজ্য সরকারের যে বাসগুলো চলে। এখানে প্রচন্ড পরিমাণে প্যাসেঞ্জার ওঠে, তারা জায়গা পায় না। মানুষের চাহিদা বাড়ছে। আমরা বিধানসভায় দাঁড়িয়ে বারবার বলেছি, অভিযোগ করেছি, প্রতিবাদ করেছি এবং বলেছি যে আরও বাস বাড়াতে হবে। রাজ্য সরকারকে কোটি কোটি টাকা এই পরিবহন ব্যবস্থায় ভরতুকি দিতে হয়। অথচ খুবই পরিষ্কার পরিচ্ছন্ন করে বলছি যে একজন প্রাইভেট বাস মালিক যে বাস চালাচ্ছেন, নিজের গাড়ি চালাচ্ছেন, একটা গাড়ি করার পর তার ইন্টারেস্টে, তার লাভে দু তিনটে, চারটে করে গাড়ি বার করছে। তাহলে সরকারের লাভ হচ্ছে না কেন ? যদি বা লাভ হয় সে লাভ কার তহবিলে যাচ্ছে, কারণটা কি ? ২৪ বছর ধরে একটা রাজ্য সরকারের ট্রান্সপোর্ট ডিপার্টমেন্ট কোটি কোটি টাকা খরচ করে, ভরতুকি দিয়ে গেল। এর পরিষ্কার কোনো ব্যাখ্যা পাওয়া যাবে ? স্যার, এই ফোর্থ রিপোর্ট বেরিয়েছে, তাতে পরিষ্কার করে লিখে দেওয়া আছে, যে রিপোর্ট প্লেস করা হয়েছে পরিষ্কার করে সেটা দেখুন। সেখানে লেখা আছে অ্যাভারেজ নাম্বার অব বাসেস ৯১৩, অ্যাভারেজ নাম্বার অব অপারেটেড ৫৩৪। বাস থাকবে ১ হাজার ইমপ্লিমেন্ট হবে ৫০০ কারণটা কি ? আবার দেখুন স্যার মেনটিন্যান্স হচ্ছে ১ হাজার ৫৮০। টোটাল কত ৬ হাজার ২৭৭, তারপর বলছি স্যার, ৬০ পার্সেন্ট ইমপ্লিমেন্ট হচ্ছে ৪০ পার্সেন্ট হচ্ছে না। ট্রান্সপোর্টের

মতো গুরুত্বপূর্ণ একটা ব্যাপার যার সাথে দেশের এবং রাজ্যের সর্বস্তরের উন্নয়নের চাকা সেই চাকা বন্ধ হয়ে গেলে, সেখানে যদি গাফিলতি থাকে তাহলে কি করে উন্নয়ন হবে কোটি কোটি টাকা খরচ করেও ৪০ পার্সেন্ট কাজ হচ্ছে না। তাহলে এই সরকার কোন অবস্থার মধ্যে দিয়ে চলছে ? সর্বস্তরে এই ট্রান্সপোর্ট ডিপার্টমেন্টকে অকেজো করে রাখা হয়েছে প্রশ্নোত্তরের সময়ে আপনি বলবেন কত বাসকে অকেজো করে রাখা হয়েছে। কত বাস সার্ভিসে আছে, অকেজো বাসগুলোকে নিয়ে কি করেছেন, কত নতুন বাস রুটে নামাতে পেরেছেন ? আমরা এখানে বিধানসভায় চিৎকার করেছি যে এই রুটে একটা বাস দিন, নতুন একটা বাস দিন মানুষের চাহিদা, আপনি দিতে পারেননি। এই ডিপার্টমেন্টে এত লস কেন, কেন এটা আপনি ডিফাইন করবেন। আজকে আপনি বলবেন যে কত বাস চলছে না। কত স্টাফ আছে আপনার, আপনাকে তাদের বেতন দিতে হচ্ছে। প্রত্যেক মাসে কারা বেতন নিচ্ছে। কারা এসে বেতন নিয়ে যাচ্ছে অথচ তারা চাকরিতে যাচ্ছে না। দীর্ঘদিন ধরে আপনি দায়িত্বে আছেন সমস্যা সমাধানের জন্য আপনি কি অল পার্টি মিটিং ডেকেছেন ? আপনি বলবেন ১২শো বাস নামিয়েছেন, ১৪শো বাস নামিয়েছেন মানুষের কল্যাণে, জনস্বার্থে এটা আপনাকে করতেই হবে।

[2.10—2.20 p.m.]

আপনি কোথায় নামাচ্ছেন, কেমন করে নামাচ্ছেন, কত বাস অকেজো হয়ে কি অবস্থায় পড়ে আছে, কাদের কাদের দিয়েছেন ? পশ্চিমবঙ্গের মানুষ অন্ধকারে বাস করছে। আপনি পরিপূর্ণ ব্যর্থ হয়েছেন। এই পরিবহন ব্যবস্থার ক্ষেত্রে মানুষের চাহিদার অনুপাতে বাস দিতে সক্ষম হননি। অফিসিয়াল রেকর্ডে কাগজে-কলমে অনেক বাস চলছে, কিন্তু অত বেশি বাস রাস্তায় চলে না। কর্মচারীরা বাড়িতে বসে বসে ঠিক নির্দিষ্ট সময়ে বেতন পান। তাদের বিরুদ্ধে কোনো ব্যবস্থা নিতে পারছেন না। এই ডিপার্টমেন্টকে শক্তভাবে দেখা দরকার। গ্রামে-গঞ্জে যানবাহন ব্যবস্থা আছে, আপনাকে নতুন রাস্তা তৈরি করে বাস দিতে হবে না। কিন্তু যেখানে ব্যবসা-বাণিজ্যের প্রসার আছে, যেখানে মানুষের চাহিদা আছে, যেখানে হাজার হাজার মানুষ চাকরি করে, বাণিজ্য করে সেখানে বাস দিতে হবে। আপনি কি ব্যবস্থা নিয়েছেন ? জিলা পরিষদগুলিকে দেখুন। জেলা পরিষদগুলি কাদের বাসের পারমিট দেয়। আমরা এম. এল. এ. আমরা সেটা জানতে পারি না। সেখানে মিটিং হয় এই পরিবহন ব্যবস্থার ব্যাপারে কোন কোন রুটে কিভাবে রুটগুলি ডিসবার্সমেন্ট হয়, কাদের রেকমেন্ডেশানে তৈরি হয় আমরা জানতেও পারি না। আমরা বুঝতে পারি না—যখন দেখি একজন নামী কমরেড বা একজন মন্ত্রীর সামনে বা বিরোধী দলের নেতার সঙ্গে ভালো সম্পর্ক আছে তার ফলে সে ভালো রুট পেয়ে যায়। এমনিতে হাজার হাজার দরখাস্ত আর. টি. এ.-তে পড়ে থাকে। আপনার কাছে দরবার করি কিন্তু তার কোন রেমিডি নেই। সাবজেক্ট কমিটি যে রিপোর্ট প্লেস করেছে তাতে ৪০ পারসেন্ট ইমপ্লিমেন্ট করার ক্ষেত্রে আপনি ব্যর্থ হয়েছেন বলেছে। এটা আপনি করতে পারেননি। এর জন্য আপনাকে ভরতুকি দিতে হয়। শুধু বেতন দেওয়াই নয়, শুধু পার্মিট দেওয়াই নয়—কিছুদিন আগে খবরের কাগজে বেরিয়েছিল একজন মন্ত্রীর সুপারিশক্রমে একজন খুনের কেসের আসামী যারা ঘর-বাড়ি জ্বালিয়েছে, ডাকাতি করেছে তাদের ট্রান্সপোর্টে

চাকরি দিয়ে ছিলেন। আমরা প্রতিবাদ করেছিলাম। আপনি যদি সর্বদা এই দুর্নীতিতে জড়িয়ে পড়েন তাহলে রাজ্যের উন্নতি হবে না। এই ট্রান্সপোর্ট ডিপার্টমেন্টের ভালো পরিস্থিতি বাংলার মানুষ কোনদিনই দেখবে না। সাবজেক্ট কমিটি যে রিপোর্ট করছে সেই রিপোর্টের ভিত্তিতে আপনি জবাব দেবেন এবং পরিষ্কার করে বলবেন এই রাজ্য সরকারের ট্রান্সপোর্ট ডিপার্টমেন্ট দীর্ঘদিন লসে রান করছে। মানুষের চাহিদা আছে, বাসে মানুষের ভিড় উপচে পড়ছে তা সত্ত্বেও কেন রাজ্য সরকারকে আপনার ডিপার্টমেন্ট তার প্রফিটের অংশ দিতে পারছে না। এগুলি আপনি দয়া করে আপনার জবাবী ভাষণে জানাবেন। এই বলে এই বাজেটের বিরোধিতা করে এবং কংগ্রেস এবং বিরোধী দলের আনীত কাট মোশানকে সমর্থন করে আমার বক্তব্য শেষ করছি।

শ্রী নিখিল মুখার্জী : মাননীয় অধ্যক্ষ মহোদয়, আপনার মাধ্যমে, আজকে এই যে ব্যয়-বরাদ্দ এখানে উত্থাপন করা হয়েছে তাকে সমর্থন করে এবং বিরোধীদের আনা কাট মোশানের বিরোধিতা করে আমার বক্তব্য রাখছি। আমার খুব ভালো লাগছে যে আমার আগের বক্তা এতদিনে অনুধাবন করেছেন ট্রান্সপোর্ট একটা গুরুত্বপূর্ণ দপ্তর। উনি কংগ্রেসের এম. এল. এ। আপনি জানেন আজ পর্যন্ত আমাদের দেশে কোনো ন্যাশনাল ট্রান্সপোর্ট পলিসি নেই। ওঁরা দায়িত্বে ছিলেন বহুদিন যাবৎ। কিন্তু এ বিষয়ে ওঁরা কোনো গুরুত্ব অনুধাবন করেননি। যদিও এটা ঠিক যে সামাজিক ও অর্থনৈতিক বিকাশের অন্যতম প্রধান শর্ত হল উন্নত পরিবহন ব্যবস্থা। এবং এখানে প্রায় ২ কোটি শ্রমিক যুক্ত আছেন যা কৃষিক্ষেত্রের পরেই রয়েছে। স্বাধীনতার আগে ১৯৪৩ সালে একটা নাগপুর প্লান ছিল তা দিনের আলো দেখতে পায়নি। এর পরবর্তীকালে দুটো মেজর পলিসি ডিসিশন আমাদের কাছে আছে। ৬০-এর দশক এবং ৮০-র দশকে। ৬৬-তে কমিটি অন ট্রান্সপোর্ট যেটা পাবলিসড হয়েছিল কিন্তু কার্যকরী করা হয়নি। আর, ৮০-তে ন্যাশনাল ট্রান্সপোর্ট কমিটি যেটা হয়েছিল, ডঃ বি. ডি. পান্ডের নেতৃত্বে গঠিত হয়েছিল তার প্রস্তাব গুচ্ছের প্রাইভেটাইজেশনের অংশটুকু বাদ দিলে আর কোনো অংশ গ্রহণ করা হয়নি এবং তারা যেটাকে প্রায়োরিটি সেক্টর বিবেচনা করতে চলেছিলেন কেন্দ্রীয় সরকার তাকে তুচ্ছ জ্ঞান করেছিলেন। অতএব এটাই ছিল তাদের দৃষ্টিভঙ্গী ট্রান্সপোর্টের ক্ষেত্রে। ট্রান্সপোর্টের ক্ষেত্রে গুরুত্ব ওঁরা দীর্ঘদিন অনুধাবন করেছিলেন না, এখন করেছেন। যাইহোক, বেটার লেট দ্যান নেভার। একেবারে না বোঝার চাইতে দেরীতে বোঝাও ভালো।

যাত্রী পরিবহনের ক্ষেত্রে রোড ট্রান্সপোর্ট ৮০ শতাংশ এবং মাল পরিবহনের ক্ষেত্রে ৭০ শতাংশ করে থাকে। এক্ষেত্রে ১৯৫১ বরাদ্দ ছিল যথাক্রমে ২৬ শতাংশ ও ১১ শতাংশ। ট্রান্সপোর্ট সেক্টরে রোড ট্রান্সপোর্টের উপর চাপ বাড়ছে। কিন্তু তার জন্য গভর্নমেন্টের এটিচিউড যদি দেখেন তাহলে দেখতে পাবেন, স্টেডিলি, ট্রান্সপোর্ট সেক্টরে যে বরাদ্দ, দ্রুত কমছে। ফার্স্ট প্লানে ছিল ২৩ শতাংশ, ৭ম প্লানে হল ৯ শতাংশ এবং এটা গ্রাজুয়ালি কমে গেল। আজকে মুভমেন্ট অফ রোড বাড়ছে, ২৫ থেকে ৮০ শতাংশ হয়েছে। কিন্তু ইনভেস্টমেন্ট কমছে। দেখা যাচ্ছে ফার্স্ট প্লানে যেটা ছিল ৬.৭ পারসেন্ট সেটা সেভেন্থ প্লানে গিয়ে দাঁড়ালো ২.৭ পারসেন্ট। তারপরে ২ শতাংশ, আরো কমে গেল।

ন্যাশনাল হাইওয়ে নির্মাণের জন্য ১.৪ শতাংশ থেকে সেভেন্থ প্ল্যানে ০.০৭ শতাংশ হয়ে গেল, নেমে গেল এবং পরে আরো কমে গেল, ২ শতাংশে। গোটা দেশে যে ট্রান্সপোর্ট নেট ওয়ার্ক রয়েছে তার মাত্র দুই শতাংশ ন্যাশনাল হাইওয়ে তথ্যগুলো এই জন্য দিচ্ছি যে সেন্ট্রাল গভর্নমেন্ট এক্ষেত্রে প্রায়োরিটিটা উপলব্ধি করতে পারলেন না। পেট্রোলের লিটার পিছু ফুয়েল কস্ট, এক টাকা করে দাম বাড়ানো হলেও রোডের জন্য সেটা খরচ করা হয়নি। অর্থাৎ গভর্নমেন্ট রোড সেক্টর থেকে যে রেভিনিউ পায়, হতে পারে সেটা ভেইকল ট্যাক্স, রোড ট্যাক্স বাবদ পায়, সেইসব বাবদ যে ইনকাম হয় তার ১৫ শতাংশও রোড ট্রান্সপোর্ট ইমপ্রুভমেন্ট খরচ করে না। স্বাভাবিকভাবেই এক্ষেত্রে গভর্নমেন্টের এটিচিউড বোঝা যায়। তবুও মন্দের ভালো ১৯৫৬ সালে একটা রেজিলিউশন গভর্নমেন্ট নিয়েছিল, যেখানে বলা হয়েছিল এটা প্রায়োরিটি সেক্টর হিসাবে বিবেচনা করা হোক এবং সেটা ক্রমশ ন্যাশনালাইজেশনের দিকে যাবে, এক্সকিউজের মাধ্যমে সেগুলো নিয়ে আসা হবে। ১৯৫৬ সালে আমার ক্ষেত্রেও একটা গুরুত্বপূর্ণ বছর। এই বছরই পুরুলিয়া জেলা আমাদের প্রশাসনে আসে। এবং ১৯৫৬ সালে ঐ রেজিলিউশন গ্রহণ করা হয়।

[2.20-2.30 p.m.]

সেদিন আমার এক বন্ধু দুর্গাপুর ডেভেলপমেন্টের ব্যাপারে অনেক উচ্ছ্বসিত কথা বলেছিলেন। সেই সময়কার—আমি এখানে বলছি ১৯৫৬-র সময়টাতে যে এস. টি. আন্ডারটেকিংসগুলো গঠন করার সিদ্ধান্ত হল তার সুযোগ নিয়ে ভারতবর্ষের বিভিন্ন রাজ্যগুলোতে শক্তিশালী এস. টি. আন্ডারটেকিংসগুলো গঠিত হল। আপনি দেখুন, এস. টি আন্ডারটেকিংস, সাউথের যে সমস্ত স্টেট ট্রান্সপোর্ট, এখন যে ৭১টি স্টেট ট্রান্সপোর্ট আন্ডারটেকিং—তার বেশিরভাগগুলো তখন গঠিত হয়েছিল, আমরা তার সুযোগ নিতে পারিনি। তখন আমাদের যাঁরা দায়িত্বে ছিলেন, সরকারে ছিলেন, তাঁরা ট্রান্সপোর্ট সিসটেমটাকে পুরোটাই প্রাইভেটের হাতে ছেড়ে দিতে চেয়েছিলেন। আমাদের যে কর্পোরেশনগুলো গঠিত হয়েছিল তা ঠিকমত লালিত-পালিত হয়নি আজকে একথা বললে হবে কেন যে, লস হচ্ছে ? লস তো ভারতবর্ষের সমস্ত পাবলিক সেক্টর আন্ডারটেকিংস যা আছে, আমাদের এস. টি. আন্ডারটেকিংস তার বেশির ভাগে হয়। এগুলো সার্ভিস সেক্টর হিসেবে ইকোনমিক ডেভেলপমেন্ট, সোশাল সার্ভিস—এই এ্যাটিচুড থেকে এগুলো তখন গড়ে তোলা হয়েছিল। কিন্তু আমাদের এখানে, আপনাদের জানার জন্য বলি, ফর্মালি এখানে প্রয়োগ হওয়ার আগেই উদারীকরণ বা বিশ্বায়নের বা বেসরকারিকরণর পদ্ধতি শুরু হয়েছে নব্বইয়ের দশক থেকে। তার অনেক আগেই ১৯৮৮-তে যখন রাজীব গান্ধী প্রধানমন্ত্রী ছিলেন তখনই এম. ভি. অ্যাক্টকে এভাবে এমেন্ড করা হল যাতে করে আমাদের এই এস. টি. আন্ডারটেকিংসগুলোর অবস্থা আরও শোচনীয় হওয়ার রাস্তা তৈরি হল এবং দেখা গেল যে, প্রাইভেটাইজেশন অফ রোড অ্যান্ড রোড ট্রান্সপোর্ট ব্যবস্থাটি পাকাপাকিভাবে করে দেওয়া হল এবং তারপর থেকে ওখানে প্ল্যানিং কমিশন বোর্ডের পক্ষ থেকে ডাইরেক্টিভস্ দেওয়া হল যে, যাতে করে এ-ই এস. টি. আন্ডারটেকিংসগুলোকে ধীরে ধীরে বন্ধ করে দেওয়া হয়। এটা ঠিকই যে, আমাদের পশ্চিমবঙ্গ সরকারকে একটা বিপরীতমুখী

স্রোতে হাঁটতে হচ্ছে, ক্যাপিটাল গ্র্যান্ট কেন্দ্রীয় সরকার বন্ধ করে দিলেন। রাজ্য সরকারকে আমি ধন্যবাদ জানাব যে, এই এস. টি. আন্ডারটেকিংসগুলো যাতে চলতে পারে তার জন্য আমাদের মন্ত্রী মহাশয় এবারে বাজেটে এই এস. টি আন্ডারটেকিংসগুলোর পক্ষে গ্র্যান্টের বরাদ্দ এখানে করেছেন। এই এস. টি. আন্ডারটেকিংসগুলো একটা গৌরবজনক ভূমিকা পালন করে। আপনারা যদি লক্ষ্য করে থাকেন তাহলে দেখবেন যে, যতগুলো প্যারামিটারস্ রয়েছে ট্রান্সপোর্ট কর্পোরেশনের ফাংশনিংয়ে, তার মধ্যে একটা হচ্ছে ফ্লিট স্ট্রেন্থ, ফ্লিট ইউটিলাইজেশন, ভেহিকেল প্রোডাক্টিভিটি, স্টাফ প্রোডাকটিভিটি, কে. এম. এস. পার ডে, এস. এইচ. এস. ডি. কে., এম. পি. এস.। প্যাসেঞ্জার কে. এম. অপারেটেড অথবা এগুলোর সবগুলোতেই আমাদের এই ৫টা কর্পোরেশনের ক্ষেত্রে—ক্রমোন্নতির লক্ষ্যে আমরা এগিয়েছি। তাই শুধু একথা ঠিক কস্ট পার কিলোমিটার যা আছে তাঁর আর্নিং পার কিলোমিটার যা আছে তাতে একটা ব্যবধান থেকে গিয়েছে। কেন্দ্রীয় সরকার ক্যাপিটাল গ্র্যান্ট বন্ধ করে দিলেন কেন ? এই স্টেট ট্রান্সপোর্টের যে বাসগুলো চলে তার থেকে যে ট্যাক্স কেন্দ্রীয় সরকার পেত তার ক্ষুদ্রাংশ তারা এই ট্রান্সপোর্ট কর্পোরেশনগুলোকে গ্র্যান্ট বাবদ দিত, এমন একটা ভাব দেখানো হত যে, কত টাকাই না দান করে দিচ্ছে এই কর্পোরেশনগুলোকে। এ্যকচুয়ালি তা কিন্তু নয়। এই কর্পোরেশনগুলো থেকে যে প্রভূত পরিমাণ অর্থ কেন্দ্রীয় সরকার ট্যাক্স বাবদ পেতেন তার একটা ক্ষুদ্রাংশ এই কর্পোরেশনগুলোতে ক্যাপিটাল গ্র্যান্ট দেওয়া হত, যেটা পরবর্তীকালে শুধুমাত্র একটা সংকীর্ণ দৃষ্টিভঙ্গির বশবর্তী হয়ে এগুলোকে বন্ধ করে দেওয়া হয়েছে আমাদের রাজ্যে। সমস্ত ধরনের রোডস্ এন্ড ট্রান্সপোর্ট—জলপথসহ, ২৭ পারসেন্ট মতো রোড ট্রান্সপোর্ট এবং বাকিটা জলপথ ধরলে পড়ে ৩০ পারসেন্ট মতো এখন রাষ্ট্রায়ত্ত ব্যবস্থার মাধ্যমে যে পরিবহন ব্যবস্থা তা মানুষ ভোগ করতে পারছে। বাকি ৭০ পারসেন্ট অন্যভাবে আমাদের যে সমস্ত যাত্রী পরিবহনের ব্যবস্থা রয়েছে সেই ব্যবস্থায় মানুষ তার সুযোগ গ্রহণ করে। কিন্তু আপনি কি জানেন যে, যেভাবে ডিজেল এন্ড পেট্রোলের দাম বাড়ানো হয়েছে তাতে ৭০ পারসেন্ট কস্ট ইনভলভ্ হয়ে যাচ্ছে। যা মেটেরিয়াল পারচেজ্ করতে হয় তা শুধুমাত্র ফুয়েলে। এই ফুয়েলের দাম বাড়ানো হচ্ছে। এই যে এন. ডি. এ. গভর্নমেন্ট তৈরি হয়েছে—তখন তার নির্বাচন হয়ে গিয়েছে, কিন্তু ভোটের ফলাফলের গণনা তখনও পর্যন্ত প্রকাশিত হয়নি, কেয়ার টেকার গভর্নমেন্ট ছিল, কিন্তু ভোটের ফলাফলের গণনা তখনও পর্যন্ত প্রকাশিত হয়নি, তার মাঝখানে প্রথম আক্রমণ করা হল পরিবহন ক্ষেত্রকে—ডিজেলের দাম অস্বাভাবিক বৃদ্ধি করার মধ্যে দিয়ে। স্বাভাবিকভাবে এখানে মাননীয় মন্ত্রী মহোদয়কে অনুরোধ করব যে, এটাকে স্ট্রেনদেন দেন করতে। ওঁনারা জানেন না যে, বিহারে বছরের পর বছর এই ট্রান্সপোর্ট শ্রমিকরা বেতন পান না, ওড়িশাতে অনিয়মিত বেতন দেওয়া হয়, উত্তর-পূর্ব ভারতের বিভিন্ন রাজ্যগুলোতে নিয়মিত বেতন হয় না। আজকে বিভিন্ন রাজ্যগুলো—যেখানে স্টেট ট্রান্সপোর্ট আন্ডারটেকিং হয়েছে প্ল্যানিং কমিশনের নির্দেশে এগুলোকে অধিকাংশ প্রাইভেটাইজেশনের দিকে নিয়ে যাওয়া হচ্ছে। তার বিপরীতমুখী স্রোতে দাঁড়িয়ে পাঁচটা কর্পোরেশনকে স্ট্রেনদেন করার রাজ্য সরকার যে ইতিবাচক ভূমিকা পালন করছে তা অভিনন্দনযোগ্য। তবু আমি বলছি দেয়ার ইজ এনাফ্

রুম ফর ফারদার ইমপ্রুভমেন্ট। আরো অগ্রগতির সুযোগ রয়েছে যা ব্যবহার করা দরকার। চেকিং এবং মেনটেনন্সকে আরো শক্তিশালী করা দরকার। প্লেসমেন্ট অফ ভেইকেলস, যে গাড়ি চলছে তার সঠিক সময় রিপ্লেসমেন্ট প্রভৃতি বিষয়গুলির প্রতি আমি গুরুত্ব দিতে বলব। ক্যাপিটেল গ্র্যান্ট যাতে কেন্দ্রীয় সরকার দিতে বাধ্য হয় তার জন্য এই সভার মাধ্যমে পুনর্বার সে দাবি উত্থাপন করতে চাইছি। আমি মাননীয় মন্ত্রীকে অনুরোধ করব সি এস টি সি-সহ সবকটি কর্পোরেশনের কর্মীদের পেনশন স্কীম চালু করার ব্যবস্থা করতে। এন বি এস টি সি-তে ইতিমধ্যেই পেনশন স্কীম চালু হয়েছে। এস বি এস টি সি এবং অন্যান্য কর্পোরেশনেও একই ধরনের পেনশন স্কীম যাতে চালু হয় তার জন্য তিনি ব্যবস্থা করুন। কলকাতা-ঢাকা গৌরবময় সাফল্যে ফ্রিকুয়েন্সী বাড়ানো যায় কিনাভায়েবিলিটি স্টাডি করে মন্ত্রী মহাশয়কে তা আমি বিবেচনা করতে বলব। প্রাইভেট বাস এবং মিনি বাস আমাদের মেন উইংস। রাজ্যে রোড ট্রান্সপোর্টের এই উইংসয়ের ক্ষেত্রে আমরা লক্ষ্য করছি এখনো শ্রমিকদের ওপর মালিকরা অ্যানার্কি চালাচ্ছে। বিভিন্ন জেলায় শ্রমিকরা অ্যাপয়েন্টমেন্ট লেটার পর্যন্ত পায় না। অনেক জায়গায় আন্দোলনের মাধ্যমে তা আদায় করা হয়েছে। এ ক্ষেত্রে এখনো কিছু অ্যানার্কি আছে। এই সমস্ত শ্রমিকরা যাতে বীমার সুযোগ পায় তার জন্য মাননীয় মন্ত্রী মহাশয় ইতিমধ্যেই উদ্যোগী হয়েছেন—একটা অংশ সরকার দেবে, একটা অংশ শ্রমিক দেবে এবং একটা অংশ মালিক দেবে, এইভাবে চারটি জেলায় মন্ত্রী মহাশয় বীমা চালু করার জন্য টাকা দিয়ে দিয়েছেন। কিন্তু বাস মালিকরা নানারকম অছিলা দেখিয়ে এটাকে ব্যর্থ করার জন্য ষড়যন্ত্র করছে। যার ফলে এখনো পর্যন্ত বীমা স্কীম লাগু হতে পারেনি। তাই আমি এই সভার মাধ্যমে মাননীয় মন্ত্রীকে বলছি, এ বিষয়ে কঠোর ব্যবস্থা নেওয়া হোক। শ্রমিকদের স্বার্থ জলাঞ্জলি দিয়ে কম্প্রোমাইস হতে পারে না। যে সামাজিক সুরক্ষা প্রকল্পে সরকার নিজে অংশগ্রহণ করছে, সেটা যাতে ভায়েবল হতে পারে তার জন্য উপযুক্ত ব্যবস্থা নিতে হবে। সঙ্গে সঙ্গে যে সমস্ত জেলায় এটা এক্সটেনডেড হয়নি সে সমস্ত জেলায় যাতে বীমা চালু হতে পারে তার ব্যবস্থা করার জন্য আমি মন্ত্রী মহোদয়কে অনুরোধ করব। কেননা আমাদের মনে রাখতে হবে গ্রাম-বাংলার জেলাগুলি বামফ্রন্ট সরকার গঠনে যে ইতিবাচক ভূমিকা পালন করেছে সেই গ্রামবাংলার দরিদ্র বাস শ্রমিকরা যাতে সামাজিক সুরক্ষার সুযোগ পেতে পারে তার জন্য আমি আবেদন করছি। পরিকাঠামো উন্নয়নের ক্ষেত্রে জেলা পরিষদ এবং বিভিন্ন সংস্থা টাকা বরাদ্দ করছে। জেলা শহর, মহকুমা শহর এবং বিভিন্ন গুরুত্বপূর্ণ শহরে বাসস্ট্যান্ডওয়ে সাইড ফেসিলিটিস—দূরপাল্লার গাড়ির মহিলা যাত্রীদের জন্য বাথরুম এবং অন্যান্য সুযোগ-সুবিধা গড়ে তুলতে হবে। বর্তমানে যেসব জায়গায় এইসব অসুবিধা আছে তা দূরীভূত করতে হবে। এইসব কাজে পঞ্চায়েতের ওপর নির্ভর না করে—পরিকাঠামোর উন্নতির দিকে গুরুত্ব দেওয়া উচিত। সমস্ত জেলা, মহকুমাসহ গুরুত্বপূর্ণ শহরে যাতে বাস স্ট্যান্ড এবং ওয়েসাইড ফেসিলিটিস গড়ে উঠতে পারে তার জন্য সব রকমের উদ্যোগ গ্রহণ করা দরকার। বিশেষ বিশেষ শহরগুলিতে যাতে আধুনিক বাস স্ট্যান্ড হতে পারে তার জন্য উদ্যোগ নিতে অনুরোধ করছি। যদিও টাকা যা বরাদ্দ করা হয়েছে তা সমস্ত রকম পরিকাঠামো এই মুহূর্তে গড়ে তোলার পক্ষে অপ্রতুল। অন্যান্য রোড অব ট্রান্সপোর্ট, যেমন ট্যাক্সি, অটো, ট্রেকার ইত্যাদি ক্রমশ বাড়ছে। এগুলোকে

নিয়ন্ত্রণ করার প্রয়োজন দেখা দিয়েছে। নিয়ন্ত্রণের মধ্যে দিয়ে ভালভাবে মানুষের স্বার্থে পরিষেবা দেবার ব্যাপারটা মন্ত্রীকে একটু দেখতে অনুরোধ করছি। এদের ইলিগ্যাল মুভমেন্ট নিয়ন্ত্রণ করা একান্ত প্রয়োজন। লরি ট্রান্সপোর্টের ক্ষেত্রে জেলান্তরে ট্রাক টার্মিনাল গড়া একটা গুরুত্বপূর্ণ কাজ। সেদিকে অবশ্যই নজর দিতে হবে। আমাদের রাজ্যের বিভিন্ন পুরনো শহরগুলি পরিকল্পিত শহর নয়। একটা শহরে শতাংশের হিসাবে যত বেশি রাস্তাঘাট এবং খালি জমি থাকবে ট্রান্সপোর্ট সিস্টেম তত স্মুথ হতে পারবে। আমাদের বেশিরভাগ শহরগুলি সেভাবে গড়ে ওঠেনি। আজকের আধুনিক শহরে স্মুথ ট্রাফিক মুভমেন্টের জন্য ১৬ থেকে ১৭ শতাংশ জমি দরকার। অথচ আমাদের কলকাতা শহরে ৬ থেকে সাড়ে ৬ শতাংশ আছে। তার মধ্যে আবার এনক্রোচমেন্ট আছে। জেলা শহরগুলিতেও কম বেশি এই একই অবস্থা। জেলা শহরগুলিতে টার্মিনাল তৈরি হলে সেখানে কর্ম সংস্থানের সুযোগ সৃষ্টি হবে, পাশাপাশি ট্রাফিক স্মুথ হবে। এই প্রসঙ্গে আমি মন্ত্রী মহাশয়কে লোডিং, আনলোডিং-এর সময়সীমা বেঁধে দিতে অনুরোধ করব। আমি অনুরোধ করব রেভিনিউ বাড়ানোর ওপর গুরুত্ব দিতে। আমি দেখছি এটা কিছুটা বেড়েছে—এখানে ফিগার দেওয়া হয়েছে। আমি আর সেগুলি বলে এমবারাস করতে চাই না। আর্থিক সমীক্ষার মধ্যে দেওয়া আছে। এ বিষয়ে আরো সুযোগ রয়েছে। আমাদের পুরুলিয়া জেলার তিন দিকেই ঝাড়খন্ড রাজ্য। ওখানে মোটর যান চেকিংয়ের মধ্যে দিয়ে রেভিনিউ বাড়াবার মতো জোরদার কোনো সিস্টেম নেই। এটা আমি বিবেচনা করতে বলব।

[2.30–2.40 p.m.]

যদি সম্ভব হয় সেটা করা। কোনো মোটরযানের জন্য রাজস্ব চেক্-পোস্ট নেই। রেলের প্রশ্নে—এটা স্পেক্টাকুলার, খুবই আদর্শ উদ্যোগ। রেল ট্রান্সপোর্টের সঙ্গে স্টেট গভর্নমেন্ট—আর কোথাও পাওয়া যাবে কিনা জানি না—রেল ট্রান্সপোর্টের উন্নতি করার জন্য স্টেট গভর্নমেন্ট পার্টিসিপেট করছে। মেট্রো রেলেও আর্থিকভাবে অংশগ্রহণ করছেন। আমি অনুরোধ করব বিবেচনা করার জন্য যে, জেলাগুলিতে অন্তত একটি জায়গায় সেন্ট্রালি স্টোরেজ করা যায় কিনা যেখানে ট্রান্সপোর্টের স্পেয়ার পার্টস, টায়ার এবং অন্যান্য জিনিসগুলি রাখা যাবে, তা না হলে অন্য জায়গা থেকে এই ধরনের পার্টস আনতে হ্যারাসমেন্ট হতে হয়, ভোগান্তি হয়। সরকারিভাবে হোক বা কারোও মাধ্যমে হোক জেলাগুলিতে সেন্ট্রাল স্টোরেজ সিসটেম যাতে করতে পারেন তার জন্য বিবেচনা করতে হবে। পুরুলিয়া জেলার লোকেশন হচ্ছে তিনদিক ঝাড়খণ্ড দিয়ে ঘেরা। অতএব এর গ্রোথ পয়েন্ট সবই বিহারের দিকে। আত্মীয়স্বজন চিকিৎসা, রাস্তাঘাট বা অন্যান্য যোগাযোগ সুযোগ-সুবিধা সবই ঝাড়খণ্ডের দিকে থেকে গেছে। ট্রান্সপোর্ট, ইনফ্রাস্ট্রাকচারাল ডেভেলপমেন্টের জন্য রুটগুলি চুক্তির মাধ্যমে ফ্লো করানো—সেটা গভর্নমেন্টই হোক বা প্রাইভেট ট্রান্সপোর্টই হোক—এটা যথেষ্ট গুরুত্ব দিয়ে বিবেচনা করার জন্য বলবো। আর আপনাকে যেটা বলবো, আজকে জলপথ ঠিকমত সদ্ব্যবহার করা দরকার। জলযান আমাদের ২০টি আছে আর জেটি রয়েছে ১৬টি। দূষণমুক্ত যান চলাচল করার ক্ষেত্রে সরকারের এই পরিষেবাকে আরও বেটার

ইউটিলাইজ করার জন্য উদ্যোগ নিলে ভালো হয়। জলপথ পরিবহনের জন্য যে হুগলি সমবায় সমিতি আছে তারা যেন আমাদের প্রতিদ্বন্দ্বি না মনে করে—আমরা করছি বলব না—এটাকে যদি বুস্টিং করা যায়, অ্যাসিট করা যায় তাহলে যে সার্ভিস দিয়ে থাকি তা হয়তো আরও উন্নতি করাতে পারি। রোড এবং ব্রিজের ক্ষেত্রে এই কথা বলা যেতে পারে, রোড এবং ইমপ্রুভমেন্ট অফ ট্রান্সপোর্ট ইন্ডাস্ট্রির ক্ষেত্রে, জাতীয় ক্ষেত্রে যে অনুপাতে খরচ করেন, আমাদের সরকার সব মিলিয়ে অনেক বেশি খরচ করেন। আমার জেলার ক্ষেত্রে বলব, মানবাজার-বাঁকুড়া যাওয়ার পথে পায়রাচালিতে একটা ব্রিজ করা দরকার আর পুরুলিয়া-মানবাজার যাওয়ার পথে ওল্ড মানবাজার রোডের উপর কাঁসাই নদীর উপর একটা ব্রিজ করা দরকার। এমনিতেই গ্রামের রাস্তাগুলিকে ওয়াইডেনিং করা হচ্ছে, রোড ট্রান্সপোর্ট ইমপ্রুভমেন্ট হচ্ছে। রোড বাড়ছে, ওয়াইডেনিং হচ্ছে, কংক্রিট হচ্ছে। পুরুলিয়া থেকে কলকাতায় আসার যে রাস্তাটি আছে সেটি ওয়াইডেনিং ও কংক্রিট করার জন্য আমি অনুরোধ করব। কেননা পুরুলিয়ায় শিল্প স্থাপনের ক্ষেত্রে বলা হয় উপযুক্ত নয়, ইনফ্রাস্ট্রাকচার ভালো নেই। রেলের ক্ষেত্রে দেখেছি কিছুটা ইমপ্রুভমেন্ট হয়েছে। রাস্তার ক্ষেত্রেও বিভিন্ন জেলায় ইমপ্রুভমেন্টের কাজ চলছে। আরামবাগ হয়ে বিষ্ণুপুর পর্যন্ত রাস্তাটির ইমপ্রুভমেন্টের প্রয়োজন আছে, ওই রাস্তাটি ওয়াইডেনিং করা হোক। আমার নিজের জেলায় ওয়াইডেনিং-এর কাজ চলছে, বাঁকুড়া পর্যন্ত হচ্ছে। বাকি অংশ যাতে হতে পারে তার জন্য অনুরোধ করছি। এ ছাড়া লিঙ্ক রোড আইডেনটিফাই করা দরকার। আমরা এটা রেকর্ড করতে চাই—আমাদের আইডেনটিফাই করা দরকার এমন কোনো গ্রাম আছে কিনা—যেখানে লিঙ্ক রোড নেই। যদি না হয়ে থাকে তাহলে প্রাওরিটি দেওয়া দরকার। অ্যাকসিডেন্ট বাড়ছে। আমাদের মোটরের ডিনসিটি বাড়ছে কিন্তু সেই অনুপাতে রাস্তা বাড়ছে না। অতএব মোটর যত বাড়বে ততই রোড সিসটেম ওয়াইডেনিং করা দরকার, ওয়ান-ওয়ে সিসটেম করা দরকার এবং তাকে ডিভাইডার দিয়ে ভাগ করা দরকার যাতে কলিউশনকে অ্যাভয়েড করা যায়। সেই দিকে দৃষ্টি দেবার জন্য আমি অনুরোধ করব। আর অনুরোধ করব, শুধু awarness নয় সঠিক সেফ্‌টি মেজারস নেওয়া দরকার। এই কথা বলে এইসব দুর্ঘটনাগুলিকে যাতে চেক্‌ করতে পারি তার জন্য যে ব্যবস্থা নেওয়া দরকার তার জন্য আবেদন জানিয়ে এবং সমগ্র পরিবহন সংস্থাগুলিকে আজকে যেভাবে উপস্থাপিত করা হয়েছে তার জন্য সমর্থন জানিয়ে আমি আমার বক্তব্য শেষ করছি।

শ্রী তমোনাশ ঘোষ : মাননীয় অধ্যক্ষ মহাশয়, আজকে পরিবহন দপ্তরের ব্যয়-বরাদ্দ মঞ্জুরীর বিরোধিতা করে এবং বিরোধীদের আনা সমস্ত কাট মোশনগুলিকে সমর্থন করে দু-একটা কথা এই সভায় উপস্থাপন করছি।

আমার আগে সরকার পক্ষের যে বক্তা বক্তব্য রাখলেন তাকে আমি ধন্যবাদ জানাচ্ছি। তার বক্তব্য আমি খুব মন দিয়ে শুনলাম এবং দেখলাম সরকার পক্ষের একজন বক্তা, তিনি চেষ্টা করলেন সরকারের কিছুটা সমালোচনা করে বাস্তব কথাটা বলার। আজকের যিনি পরিবহনমন্ত্রী, যিনি আমার ডানদিকে বসে আছেন তিনি অত্যন্ত বিতর্কিত মানুষ। প্রথমে

তিনি নিজেকে কর্মপাগল লোক বলে বলতেন, তারপর আস্তে আস্তে তিনি হয়ে গেলেন রিগিং মাস্টার। গত নির্বাচনে উনি যেভাবে জিতেছেন তাতে সেখানে আমরা ওর কার্যকলাপ দেখেছি। সবচেয়ে মজার ব্যপার হচ্ছে, উনি একটা দপ্তরের দায়িত্বে আছেন এবং সেই দায়িত্বে থেকেও তিনি বলছেন, হ্যাঁ, আমি কিছু অপকর্ম করেছি, কিন্তু আমি তো একা করি নি, আমার দলের অনেকেই করেছেন যারা সংস্কৃত কলেজের অধ্যাপক। স্যার, ওরা বারবার '৭২ থেকে '৭৭ সালের কথা বলেন এবং সেই সময়কার রেফারেন্স টেনে নানান বিষয়র অবতারণা করেন। আমিও তাই পুরনো কথার রেফরেন্স টেনে কিছু বলছি। ১৯৭৭ সালে যেদিন ওরা দায়িত্ব পেলেন সেদিন আমিনসাহেব ছিলেন ওদের পরিবহনমন্ত্রী, আজকে আমিনসাহেব শ্রম দপ্তরের দায়িত্বে আছেন। সেই সময়কার পরিবহনমন্ত্রী আমিনসাহেব বলেছিলেন যে পরিবহন হচ্ছে ৪টি চাকা। সেই চারটি চাকা কি কি ? এক নং হচ্ছে—জনগণ। যদিও এই সরকারের তাদের উপর আর আস্থা নেই, তারা রিগিং করে জেতেন। দু নং হচ্ছে—পরিবহনের শ্রমিক। সেই দ্বিতীয় চাকা শ্রমিকরা এই সরকারের আমলে কিভাবে শোষিত মাননীয় স্পিকার মহাশয় আমাকে সময় দিলে আমি তা প্রমাণ দিয়ে দেখিয়ে দেব। তৃতীয় চাকা হচ্ছে—প্রাইভেট ট্রান্সপোর্ট। এই প্রাইভেট ট্রান্সপোর্ট কথাটার মধ্যে লুকিয়ে আছে এই সরকারের দ্বিচারিতা। এই সরকার একদিকে বাজেট পেশ করার প্রথম দিন থেকে কেন্দ্রীয় সরকারের উদার অর্থনীতি এবং বেসরকারিকরণের বিরোধিতা করে আসছেন আবার অপরদিকে ১৯৭৭ সালে দায়িত্ব পেয়েই একটা চাকা অর্থাৎ এই প্রাইভেট ট্রান্সপোর্টের উপর এরা নির্ভর করে আছেন। এর পরিণামে আমরা দেখছি সরকারি বাস যা চলে তার ১০ গুণ বেশি চলে বেসরকারি বাস। অর্থাৎ বেসরকারিকরণের উপর এদের আস্থা আছে অথচ একটা মুখোশ পরে সভায় এসে বলছেন কেন্দ্রীয় সরকারের উদার অর্থনীতি এবং বেসরকারিকরণ নীতির জন্যই শিল্পে সংকট দেখা দিয়েছে। তাই আমরা বলছি, সেই আমিনসাহেব থেকে শুরু করে সুভাষবাবু পর্যন্ত এরাই এই পরিবহন সংকটের জন্য দায়ী। এর আমি প্রমাণ দিয়ে দেব। চতুর্থ চাকা হচ্ছে—সরকার। কোন সরকার ? এই তথাকথিত জনদরদী সরকার। এই ৪টি চাকা মিলে আজকে পশ্চিমবঙ্গকে অচল করে দিচ্ছে। আমিনসাহেব যখন দায়িত্ব নিয়েছিলেন তখন স্টেট ট্রান্সপোর্টে লস ছিল ৩৫ কোটি ৮৫ লক্ষ টাকা। সুভাষবাবু কিন্তু অত্যন্ত চতুররতার সঙ্গে একটা কাজ করেছেন সেটা হচ্ছে, উনি বাজেটের যে বইটা দিয়েছেন তাতে আয় কত হবে সেটা বলেছেন কিন্তু ব্যয়ে কথাটা উল্লেখ করেননি। মানুষকে উনি জানতে দেননি যে ওর দপ্তর বছরে কত টাকা লসে রান করছে। একথা ঠিকই যে গোটা পৃথিবীতে সরকারি পরিবহন যেখানে আছে সেখানে তা সরকারের ভরতুকির উপর চলে কিন্তু কথাটা হচ্ছে, কতটা আমরা কমিয়ে আনতে পারব সেটা দেখতে হবে। স্যার, এদের কাজের একটা ছোট্ট নমুনা দিচ্ছি। ওরা বলেন কংগ্রেস আমলে '৭২ থেকে '৭৭ সালে নাকি সব গুন্ডা, সমাজবিরোধী, মস্তানদের ঢুকিয়ে স্টেট ট্রান্সপোর্টকে শেষ করে দেওয়া হয়েছে কিন্তু ওদের আমলের অবস্থাটা কি সেটা একটু বলি। আমাদের দলের সদস্য শোভনদেববাবু মন্ত্রী সুভাষ চক্রবর্তীর কাছে একটা প্রশ্ন রেখেছিলেন যে দু-হাজার সালে দক্ষিণবঙ্গ রাষ্ট্রীয় পরিবহনে নিগম মোট কতজন স্পেশাল

কনডাকটর নিয়োগ করা হয়েছে ? মন্ত্রী উত্তর দিচ্ছেন দু-হাজার সালে দক্ষিণবঙ্গ রাষ্ট্রীয় পরিবহণে সংস্থায় কোনো স্পেশাল কনডাকটর নিয়োগ হয়নি। খুব পরিষ্কার উত্তর। এবারে আমি নিয়োগের ফিরিস্তিটা দেখাই। আমার হাতে নিয়োগের এই ফিরিস্তিটা আছে এবং এতে দেখা যাচ্ছে গড়বেতার একলাখি মন্ত্রী তিনি যখন এখানে মন্ত্রী ছিলেন, তখন কি রকম অবৈধভাবে মন্ত্রীত্বের সুযোগ নিয়ে কিছু মানুষকে কিভাবে অ্যাপয়েন্টমেন্ট দিয়েছেন। যাদের অ্যাপয়েন্টমেন্ট দেওয়া হয়েছে চাইলে আমি সব নাম পড়ে দিতে পারি। কিন্তু সময়ের অভাবের জন্য তা পারছি না তবে স্পিকার মহাশয় যদি চান আমি পড়ে দিতে পারি। এতে দেখা যাচ্ছে যারা চাকরি পেয়েছেন তাদর অধিকাংশ গড়বেতার লোক। তাদের পরিচয় হচ্ছে কে কত নিপুণভাবে খুন করত পারে, রিগিং করতে পারে, এক লাখ ভোটে জেতাতে পারে। বিনা ইন্টারভিউতে তাদের চাকরি দেওয়া হয়েছে। কাজই আমিনসাহেবের যে কথা 'কংগ্রেস আমলে অত্যধিক লোক দেওয়া হয়েছে বলে ট্রান্সপোর্ট সংকট' সে কথা ঠিক নয়।

[2.40-2.50 p.m.]

আজকে গড়বেতার একলাখী মন্ত্রী দেখিয়ে দিলেন খুনিদেরও তারা দায়িত্ব দিতে পারেন। ১৯৭৭ সালে আপনারা যখন দায়িত্ব নিয়েছিলেন তখন বাসপিছু কতজন লোক ছিল সেটা আপনারা জানেন। আজকে, সুভাষবাবু, আপনার বাসপিছু লোক রয়েছ ১০ জন, কিন্তু প্রাইভেট বাসে ৫ জন। আমিনসাহেব বলেছিলেন, একটি স্তম্ভ হচ্ছে শ্রমিক-কর্মচারী। সেই শ্রমিক-কর্মচারীরা আজকে কিভাবে শোষিত হচ্ছে দেখুন। আজকে যারা সি. টি. সি., সি. এস. টি. সি.-তে চাকরি করেন, তারা পেনশন পাচ্ছেন না। সমহারে বেতন কাঠামো করেছেন, কিন্তু সমহারে পেনশন, সেটা তারা পাচ্ছেন না। আজকে কলকাতা ট্রাম কোম্পানির চেয়ারম্যান-কাম-ম্যানেজিং ডাইরেক্টর-এর অর্ডার নম্বর সি. এম. ডি. / জি. এল-৬/১৬৯, তারিখ ১.৩.২০০০, তাতে ট্রাম কোম্পানির বড়বাবু বলেছেন যে, যদি কোনো শ্রমিক-কর্মচারী উইদাউট নোটিশ ১৫ দিন অফিসে না আসেন তাহলে তাকে আত্মপক্ষ সমর্থনের সুযোগ না দিয়ে, হিয়ারিং-এর সুযোগ না দিয়ে তার চাকরি চলে যাবে। আপনারাই বলেছেন বামফ্রন্ট সরকার শ্রমিকের সরকার, আমিনসাহেবও বলেছেন একটি স্তম্ভ হচ্ছে শ্রমিক ! আজকে পরিবহনে যে লস হচ্ছে তার অন্যতম কারণ, রাস্তাঘাট ঠিক নেই। অবশ্য রাস্তাঘাট ঠিক করে পি. ডব্লু. ডি.। কিন্তু আপনারা যখন দায়িত্ব নিয়েছিলেন তখন বাস চলত ৭.৯২৫টি, এখন থেকে ২৫ বছর আগে। আজকে শুধু বাস নয়, সমস্ত রকম পরিবহন মিলিয়ে চলছে ৭,০৫৫টি। অথচ এই ২৫ বছরে জনবৃদ্ধি কি হারে হয়েছে সেটা জানেন। এই অবস্থায় ২৫ বছর আগে যেখানে বাস চলত ৭,৯২৫, আজকে চলছে ৭,০৫৫টি। আজকে গোটা পশ্চিমবঙ্গ, বিশেষ করে কলকাতার কথা বলছি। আমি ফলতা বিধানসভা কেন্দ্র থেকে নির্বাচিত হয়েছি। আমি আপনাকে গাড়ি করে সেখানে নিয়ে যাবে, দেখবেন আমার কেন্দ্র সন্ধ্যা ৭টার পর কলকাতার সঙ্গে বাস যোগাযোগ বিচ্ছিন্ন হয়ে যায়, কারণ ফলতা থেকে ডায়মন্ডহারবার রোড হয়ে কলকাতায় আসার জন্য একটি বাসও সন্ধ্যার পর থাকে

না। একটি ছাত্র হয়তো পড়তে কলকাতা গেছে, তার পক্ষে ফেরা অসম্ভব ব্যাপার হয়ে দাঁড়ায়। আপনি জানেন, আগে ফলতা-ধর্মতলা রুটে একটি বাস চলত। সেখানকার মানুষের অপরাধ, ওখান থেকে তৃণমূলের প্রার্থী যেতে। তার জন্য আপনারা ঠিক করেছেন, আপনাদের যারা ভোট দিয়েছেন তাঁদের আপনারা রিলিফ দেবেন, যাঁরা ভোট দেননি তাঁদের রিলিফ দেবেন না। আজকে কলকাতায় দেখুন, অটোরিক্সা দেদারভাবে চলছে। তাদের কটার লাইসেন্স আছে বলবেন কি ? এই অটোরিক্সাগুলো রাস্তায় দাঁড়িয়ে পড়ছে, যত্রতত্র তাদের স্ট্যান্ড করে দিচ্ছেন। আপনি বলেছিলেন, একটি অটোতে চারজনের বেশি যাত্রী নেওয়া যাবে না। কিন্তু তারা আজকে সিটুর লালঝান্ডা উড়িয়ে ছয়-আটজনকে নিয়ে চালাচ্ছেন। রাস্তায় সরকারি একটি বাস ব্রেকডাউন হলে তারা যাত্রীদের ভাড়া ফেরৎ দিচ্ছেন না, বলেন পরের বাস এলে উঠিয়ে দেবেন, কিন্তু পরের বাস কখন আসবে তার কোনো ঠিক ঠিকানা নেই। অথচ ব্রেকডাউন হলে বেসরকারি বাস ভাড়া ফেরৎ দিচ্ছে। এর উপর কিভাবে আপনার ডিপার্টমেন্ট মানুষকে ঠকাচ্ছে দেখুন। একটি হচ্ছে জি. এল. বাস, আর একটি এক্সপ্রেস বাস। জি. এল. বাসের ভাড়া ৫ টাকা, এক্সপ্রেস বাসের ভাড়া ১০ টাকা।

আর একজিকিউটিভ বাসের ভাড়া ১০ টাকা। ঠিক অফিসের টাইমে সকাল ৮টা থেকে ১০টা পর্যন্ত এই বাসগুলি একজিকিউটিভ বাস হয়ে চলে। তার ফলে মানুষের কাছ থেকে বাসের ভাড়া ১০ টাকা করে নেওয়া হচ্ছে। আবার এই বাসগুলি যখন অফিস টাইম পেরিয়ে যায় তখন আবার জি. এল বাস হয় চলে যার ভাড়া ৫ টাকা করে। একই বাস, একই ড্রাইভার একই কন্ট্রাক্টার একই সুযোগ-সুবিধা সকাল ৮টা থেকে ১০টা পর্যন্ত অফিস টাইমে চলে একজিকিউটিভ বাস হিসাবে যার ভাড়া ১০ টাকা আর অফিস টাইমের পরে ভাড়া ৫ টাকা। আবার বিকাল ৫টা থেকে ৭টা পর্যন্ত যখন অফিস যাত্রীরা বাড়ি ফেরে তখন একজিকিউটিভ বাস হয়ে যায়, এইভাবে ১০ টাকা এবং ৫ টাকা ভাগ হয়ে যায়। মানুষকে ধোঁকা দেওয়া হচ্ছে। তাই এই সরকারের পরিবহন ব্যবস্থা নিয়ে যে বাজেট পেশ করেছেন আমি তার সম্পূর্ণ বিরোধিতা করছি তা নয়, আমি মনে করি পশ্চিমবাংলার মানুষকে ধোঁকা দেওয়া হচ্ছে। যাঁরা ট্রেজারি বেঞ্চে বসে আছেন আপনারা কোথাও কোথাও আত্মসমালোচনা করুন, আপনাদের সঙ্গে আমরা আছি। তা না করে শুধু সুভাষবাবুর বাজেটকে টেবিল চাপড়িয়ে পাশ করে দেন, শুধু এই জিনিস যদি চলতে থাকে তাহলে এমন একদিন আসবে পরবর্তীকালে পরিবহন ব্যবস্থা বলে কিছু আর থাকবে না। তাই আমি এই বাজেটের বিরোধিতা করছি।

শ্রী গোবিন্দ রায় : মাননীয় অধ্যক্ষ মহাশয়, রাজ্যের পরিবহনমন্ত্রী মহাশয় ব্যয়-বরাদ্দ মঞ্জুরি সম্পর্কে প্রদত্ত ভাষণকে সমর্থন করে কয়েকটি কথা বলতে চাই। আমাদের বিরোধী দলের যারা সদস্য, আমি প্রথম থেকে লক্ষ করছি যে তাঁরা একটা কথা যে কোনো সময় নিয়ে আসছেন। মাছের কাঁটা ফুটলে যেমন জিবটা সবসময় কাঁটার কাছে চলে যায় তেমন ওঁদের কে কাঁটা ঢুকিয়ে দিয়েছে জানিনা, ওঁদের বারে বারে সেই রকম রিগিং-এর কথা বলছেন,

পরিবহনেও ওঁরা রিগিং নিয়ে এলেন। আমাদের উত্তরবঙ্গের গ্রামে একটা শব্দ চালু আছে—কাঁটা যদি ফুটে যায় মাছের কাঁটা তৈরি হয়। হাঁটতে গেলে প্রতি পদে পদে খুঁড়িয়ে খুঁড়িয়ে চলতে হয়। আমি আন্তরিকভাবে এই বাজেটকে সমর্থন করছি। প্রথম কথা হচ্ছে পরিবহন ব্যবস্থার উন্নতি সভ্যতার উন্নয়নের পরিচায়ক। পরিবহনের নানা পন্থার মধ্যে এই পরিকাঠামো তৈরি হয়, রেলপথ, সড়ক এবং জলপথ। রেল পথের ব্যাপারে স্বাধীনতার পরে আমাদের রাজ্যে রেলের যে সম্প্রসারণ, মানুষের সংখ্যা বৃদ্ধির সঙ্গে সঙ্গে, জনপথের সংখ্যা বৃদ্ধির সঙ্গে সঙ্গে তাল মিলিয়ে করবার ব্যবস্থা হয়নি। যেটা করা হয়েছে সম্প্রতি সেটা হল একটা রুটিকে ৪ ভাগে ভাগ করা হয়েছে। এইভাবে মানুষকে বোকা বানানোর চেষ্টা করা হয়েছে। তার ফলে পশ্চিমবাংলার বিধানসভা।

এই পরিবহন সমস্যার সমাধানের জন্য আমাদের রাজ্য সরকার তার সাধ্যমতন ব্যবস্থা করেছেন ৫টি কর্পোরেশন অথবা সংস্থার মাধ্যমে। আমাদের পরিবহনমন্ত্রী তাঁর বাজেট বক্তব্যে তাঁর বর্ণনা দিয়েছেন। এই ৫টি সরকারি সংস্থা মিলিতভাবে দপ্তরের নিয়ন্ত্রণে পরিবহন পরিষেবার কাজ করে চলেছে। এরই পাশাপাশি আছে, বেসরকারি পরিবহন ব্যবস্থা। এই বেসরকারি পরিবহন ব্যবস্থার আয়তন বিশাল। মানুষকে এই পরিবহন পরিষেবার মাধ্যমে এনে তার সঠিক নিয়ন্ত্রণ রাজ্য সরকার আমাদের রাজ্যের মানুষের জন্য করে চলেছে। আমাদের বেসরকারি ব্যবস্থার মধ্যে বাস এবং ট্যাক্সি চালকদের বীমা প্রথার আওতায় এনেছেন। এই বৈপ্লবিক পদক্ষেপ রাজ্য সরকার গ্রহণ করেছে। এটা সত্যিই অভিনন্দনযোগ্য। তবে এই পরিষেবা সুরক্ষিত আছে ৪টি জেলায়। এই ৪টি জেলা থেকে আরও সম্প্রসারণ করবার উদ্যোগ ধীরে ধীরে নিতে হবে। আমাদের রাজ্যের পরিবহন ব্যবস্থার সরকারি পরিবহন কর্তৃপক্ষের অধীনে যে পরিবহন ব্যবস্থা পরিচালিত হচ্ছে তারা সঠিকভাবে কাজ করে চলেছে। আমি কিছু সমস্যা এই প্রসঙ্গে তুলে ধরতে চাই। জেলায় যে আর টি ও-গুলি আছে, তাতে কিছু ব্যক্তি অকাম্য অথচ অনন্তকাল ধরে আছে।

[2.50–3.00 p.m.]

এই ব্যাপারগুলো ভাবা দরকার। পারমিট ইস্যুর ব্যাপারে সমস্যা হল আইন অনুসারে যারা পারমিট পাওয়ার যোগ্য তাদের যথাশীঘ্র সম্ভব পদ্ধতি নমনীয় করে তাদের পারমিট ইস্যু করার ক্ষেত্রে দ্রুততার সঙ্গে ব্যবস্থা গ্রহণ প্রয়োজন। গাড়ির জন্য ট্যাক্স আদায়, চেকিং ব্যবস্থা, রাস্তায় চলার যোগ্যতা নিরূপণ প্রভৃতি কাজগুলি সুচারুরূপে করার জন্য যে বিশাল পরিকাঠামো দরকার দপ্তরের বেতনভোগী কর্মচারীর মাধ্যমে সেই কাজ সম্পন্ন করা কঠিন। এক্ষেত্রে দিল্লি, মহারাষ্ট্রের মতো চুক্তির ভিত্তিতে বেসরকারি কোনো সংস্থার সঙ্গে বন্দোবস্ত করা যেতে পারে। পরিবহন পরিকাঠামো উন্নয়ন ও সংরক্ষণ প্রয়োজন। মানুষের ক্রমবর্ধমান চাহিদা মেটাতে এই পরিকাঠামো গড়ে তোলা কষ্টসাধ্য। তার উপরে নিয়ম না মেনে ওভার লোডিং গাড়ি চালানোর প্রবণতা আছে। বিশেষ করে বহিঃরাজ্যের মালবাহী ট্রাকগুলো ১০ টনের জন্য নির্মিত রাস্তায় ২০ টন নিয়ে চলছে। তার নিয়ন্ত্রণের জন্য সুনির্দিষ্ট আইন থাকা কাম্য। তা না হলে যেটুকু পরিকাঠামো গড়ে তোলা হয় তাও ধ্বংস হয়ে যায়। সাধারণভাবে

পরিবহন সংক্রান্ত এইসব সমস্যার বাইরে উত্তরবঙ্গের কতকগুলি বিশেষ সমস্যা প্রসঙ্গক্রমে তুলে ধরতে চাই। মাননীয় মন্ত্রী উত্তরবঙ্গ রাষ্ট্রীয় পরিবহন নিগমের বিবরণ প্রসঙ্গে বিস্তারিত তথ্য প্রদান করেননি। কিন্তু আমরা জানি, উত্তরবঙ্গ রাষ্ট্রীয় পরিবহন সংস্থার সঙ্গে উত্তরবঙ্গের মানুষের নাড়ির টান। বৃহৎশিল্পবিহীন উত্তরবঙ্গে এন. বি. এস. টি. সি. একটি একমাত্র বৃহৎ পরিবহন শিল্প। ১৯৪৫ সালে কোচবিহার করদমিত্র রাজ্য হিসাবে যা সংস্থা সৃষ্টি করে, পরবর্তীকালে সেই সংস্থাই এন. বি. এস. টি. সি. নাম ধারণ করে। এন. বি. এস. টি. সি.-র প্রথম দিকের ইতিহাস ধারাবাহিক সাফল্যের ইতিহাস। কিন্তু আজ তার ৭০০০ শ্রমিক কর্মচারী সংকটে। এর আর্থিক দুর্দশা কাটাতে উল্টোডাঙ্গা ডিপো বিক্রির কথা শোনা যাচ্ছে। একটি গর্বের সংস্থার এই নিদারুণ পরিণতি উত্তরবঙ্গের মানুষকে আহত করেছে। এটা পুনর্বিবেচনা করা দরকার। বিকল্প ভাবনা দরকার। কোচবিহার সেন্ট্রাল ওয়ার্কশপের জন্য নবগঠিত উত্তরবঙ্গ উন্নয়ন পর্ষদ গতবার ১ কোটি টাকা দিয়েছে। প্রয়োজনে আরও টাকা দিতে হবে। বাঁচাতেই হবে এন. বি. এস. টি. সি.-কে। সংকটের মোকাবিলায় দক্ষ মন্ত্রী মহোদয় উত্তরবঙ্গের পরিবহন পরিষেবার গর্ব এন. বি. এস. টি. সি.-কে সগর্বের স্থানে পৌঁছানোর চ্যালেঞ্জ গ্রহণ করুন। উত্তরবঙ্গের মানুষ সরকারের পাশে আছে। সংকট মোকাবিলাতেও থাকবে। মাননীয় মন্ত্রী মহোদয় তাঁর বাজটে বক্তব্যে কলকাতা পরিবহন পরিকাঠামো উন্নয়নে জাপানের জাপান ব্যাংক ফর ইন্টারন্যাশানাল কো-অপারেশন-এর ঋণ সহায়তা নিয়েছেন। এর দ্বারা দুটি উড়ালপুল নির্মাণের সিদ্ধান্ত নিয়েছেন। পরিবহন পরিকাঠামো উন্নয়নে এই উদ্যোগকে অভিনন্দন জানাই। অনুরূপভাবে শতাব্দীর পর শতাব্দী ধরে যন্ত্রণাক্লিষ্ট উত্তরবঙ্গের দিনহাটা মহকুমার সিতাই ব্লকের সংযোগ এবং মেখলিগঞ্জ মহকুমার হলদিবাড়ি ব্লকের সংযোগ সেতু দুটি নির্মাণ করার প্রকল্প কি নেওয়া যায় না ? ভাবতে অনুরোধ করি। আজকের দ্রুতগামীতার যুগে আর একটি সমস্যা সমাধানের কথা বলি—উত্তরবঙ্গ থেকে বাসে সড়ক পথে কলকাতা আসার জন্য রেলপথের লেবেল ক্রসিংয়ের যন্ত্রণাদায়ক অভিজ্ঞতা থেকে মুক্তির উদ্যোগ নিন। ডালখোলা, রানাঘাট, বারাসাত রেলগেটে উড়ালপুল নির্মাণে কেন্দ্রীয় সরকারকে চাপ সৃষ্টি করুন। এই আবেদন জানিয়ে বাজেট প্রস্তাবকে সমর্থন করে আমি আমার বক্তব্য শেষ করছি।

শ্রী নেপাল মাহাতো : মাননীয় স্পিকার, স্যার আজকে মাননীয় পরিবহনমন্ত্রী যে ব্যয়-বরাদ্দের প্রস্তাব পেশ করেছেন তার বিরোধিতা করে এবং বিরোধীদের কাটমোশনকে সমর্থন করে এই বাজেটের উপরে আমি দু-একটি কথা বলতে চাইছি। স্যার, আমরা এমন একটি ডিপার্টমেন্টের কথা বলছি যে বিভাগের বিরোধিতা না করলে চলে না। কারণ এই বিভাগ এমন একটি বিভাগ যে বিভাগটি তুলে দিলে সরকারের লাভ। বিভাগটিতে এত লস, আমার আগে যাঁরা বক্তা ছিলেন তাঁরা পরিষ্কার করে বলেছেন। আমি শুধু অন্য কয়েকটি কথার ওপরে গুরুত্ব দিচ্ছি। আজকে সারা ভারতবর্ষে কেন সারা বিশ্বে যেখানে পলিউশানের কথা হচ্ছে—আজকে পশ্চিমবাংলায় যে পলিউশান হচ্ছে তার জন্য শতকরা ৫০ ভাগ এই

পরিবহনের যে বাসগুলো আছে সেগুলো দায়ী। আজকে যে ব্যয়-বরাদ্দের বই দিয়েছেন তাতে লিখেছেন দূষণ নিয়ন্ত্রণের জন্য অনেকগুলো সংস্থা খোলা আছে। সেই সংস্থাগুলো গাড়ির দূষণ পরীক্ষা করে দূষণ মুক্ত বলে। সার্টিফিকেট দেয়। আমি আপনাকে বলি আপনার যে কোনো গাড়ি, যার থেকে সবচেয়ে বেশি ধোঁওয়া বের হয়, যার ধোঁওয়াতে চোখ দিয়ে জল বেরোয় সেই গাড়িকে পরীক্ষার জন্য যদি নিয়ে যাওয়া হয় এবং আরও ১০ টাকা যদি বেশি দেওয়া হয় তাহলে ওই গাড়িকেও সংস্থা পলিউশান ফ্রি সার্টিফিকেট দিয়ে দেবে। সুতরাং এই হচ্ছে আপনাদের পলিউশান ফ্রি করার যে সংস্থা করেছেন সেই সংস্থার অবস্থা। আমি অনুরোধ করব আজকে সারা ভারতবর্ষে যে পলিউশান ফ্রি-এর জন্য একটা প্রোগ্রাম চালু হয়েছে এবং দিল্লিতে কিছুদিন আগেই দেখলাম সেখানে পলিউশান খুব বেশি বলে বিজ্ঞানীরা বলেছেন, সেখানে সমস্ত বাসে বাধ্যতামূলকভাবে এবং বিশেষ কর সরকারি বাসগুলোতে সি. এন. জি. দিয়ে গাড়ি চালানোর ব্যবস্থা করেছেন। মাননীয় মন্ত্রীকে অনুরোধ করব যে, আজকে পলিউশানের ব্যাপারে আপনি ভালোভাবে চিন্তা-ভাবনা করুন। তিনিও যেন সরকারি বাসগুলোতে বাধ্যতামূলকভাবে সি. এন. জি. গ্যাস ইঞ্জিনের ব্যবস্থা করেন। এতে তাঁর দুটো পারপাস সার্ভ হবে যেমন পলিউশান ফ্রি করা যাবে তেমনি আবার বাসের যে ক্ষতি হচ্ছে ভরতুকি সরকারকে দিতে হচ্ছে তাতে একটা অন্য ফ্যাক্টর আছে—বাসের যারা কন্ডাক্টর এবং ড্রাইভার তারা ব্যাপকভাবে তেল চুরি করে। আপনি এই গ্যাস ইঞ্জিন প্রবর্তন করলে এইদিক থেকে একটা ভাগ উন্নতি করতে পারবেন বলে আশা করছি। স্যার, আমি আপনার মাধ্যমে দু-একটি কথা বলতে চাই, আমাদের কলকাতাতে সব জায়গাতেই ট্রাম চালু আছে। ট্রাম একটা ঐতিহ্যবাহী জিনিস, আমরা কখনোই এটাকে তুলে দিতে বলতে পারি না। কিন্তু শিয়ালদহ থেকে ডালহৌসি এই রাস্তাটিতে বিকেল ৫টা, ৭টা এবং ৮টা পর্যন্ত দেখবেন রাস্তা জ্যাম হয়ে আছে ৩টে ট্রামের জন্য এবং তাতে প্যাসেঞ্জার মাত্র দুজন রয়েছেন। ট্রামগুলো দাঁড়িয়ে আছে ফলে সব গাড়িগুলোও আটকে আছে। পরিবহন ব্যবস্থা পরিষেবা দেবার জন্য কিন্তু এই পরিবহন ব্যবস্থা যদি বাধাস্বরূপ হয়ে ওঠে তাহলে তো অসুবিধার সৃষ্টি করবে। আপনি দয়া করে শিয়ালদা থেকে ডালহৌসি পর্যন্ত ট্রাম যে চলে সেই অবস্থাটা লক্ষ্য করবেন। শিয়ালদা থেকে ডালহৌসি পর্যন্ত যাতে অবিলম্বে বাস বেশি করে চালানো হয় কারণ অনেক অনেক লোককেই ট্রেনে করে আসতে হয়। ট্রাম লাইন যেগুলো আছে সেগুলো বিশেষ সময়ে জ্যাম সৃষ্টি করে। আমি আপনাকে জানাতে চাই কিছুদিন আগেই সরকার ঘোষণা করলেন এয়ার ট্যাক্সি প্রবর্তনের কথা। দমদম থেকে পুরুলিয়া পর্যন্ত এয়ার ট্যাক্সি চালানো হবে। কিন্তু দুঃখের বিষয় আপনার বাজেট বরাদ্দের বইতে পুরুলিয়া পর্যন্ত যে প্রস্তাবের কথা বলছিলেন সেই প্রস্তাবের কথা দেখতে পেলাম না। তাই আমি আপনার মাধ্যমে সুভাষবাবু যে ব্যয়-বরাদ্দের দাবি এখানে পেশ করেছেন তার বিরোধিতা করে আমার বক্তব্য শেষ করছি। ধন্যবাদ।

শ্রী জানে আলম মিঞা : মাননীয় চেয়ারম্যান স্যার, মাননীয় পরিবহন বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী যে বাজেট পেশ করেছেন সেই বাজেটকে সমর্থন করে আমি কিছু বলার চেষ্টা করছি।

[3.00—3.10 p.m.]

আমি সর্বপ্রথম মাননীয় পরিবহনমন্ত্রীকে ধন্যবাদ জানাতে চাই, তিনি বেসরকারি বাস এবং ট্যাক্সির এই পরিবহনগুলির কর্মচারীদের যে বীমার আওতায় এনেছেন এবং আমি সেই সঙ্গে অনুরোধ করব যাতে সারা রাজ্যের জেলার কর্মচারীদের এই বীমা প্রকল্পের আওতায় নিয়ে আসেন, সেই পদক্ষেপ নেওয়ার জন্য অনুরোধ জানাব। বর্তমানে আমাদের কেন্দ্রীয় সরকার এবং কেন্দ্রের বিরোধী দল কেন্দ্রীয় সরকারে যারা শরিক ছিলেন এবং আবার শরিক হওয়ার কথা ভাবছেন বিশ্বায়নের নামে যখন কর্মসংস্থানকে সংকোচন করা হচ্ছে, সারা ভারতবর্ষ জুড়ে যখন অসংখ্য কলকারখানাকে বন্ধ করে দেওয়া হচ্ছে, সেই সময় পশ্চিমবঙ্গে কৃষির পরে পরিবহন ক্ষেত্রে যে একটা কর্মসংস্থানের চরম সুযোগ রয়েছে এবং সেই সুযোগকে সদ্‌ব্যবহার করার জন্য পশ্চিমবাংলার রাজ্য সরকারের পক্ষে পরিবহন ক্ষেত্রে যে চেষ্টা করছেন তার জন্য অভিনন্দন জানাচ্ছি। এবং সেই সঙ্গে বলছি যে পরিবহন ব্যবস্থা বলতে এখন যেমন সড়ক ব্যবস্থা, জলপথ ব্যবস্থা এবং রেল পরিবহন ব্যবস্থা আছে, যাঁরা আজকে এই সভার বিরোধী সদস্য পরিবহন বাজেটের উপর যাঁরা বললেন আমি তাঁদের কাছে বলতে চাই কেন আপনারা রেল পরিবহনের কথা বললেন না ? কেন বলছেন না যে এখানে একটা সার্কুলার রেল পথ আছে ? সেই রেল পথকে যদি আরও সক্রিয় ও শক্তিশালী করা হয় তাহলে এখানে হাজার হাজার মানুষের উপকার হতে পারে। এখানে মেট্রো রেলকে যদি আরও উন্নত করতে পারা যায় তাহলে হাজার হাজার যাত্রীর এখানে সুবিধা হতে পারে। এখান যে লোকাল ট্রেনগুলি চলে সেই লোকাল ট্রেনগুলিকে যদি আরও উন্নত করতে পারা যায় তাহলে আরও উন্নত পরিষেবা পেতে পারেন সাধারণ মানুষ, এই কথা আপনারা বলছেন না, বলার চেষ্টাও করছেন না। এটা আপনারা কখন করেনও না। আপনারা খালি বিরোধিতা করেন, আমাদের মাননীয় পরিবহনমন্ত্রী সুভাষবাবু যে বাজেট তৈরি করেছেন, তা যদি আপনারা ওইদিকে বসে করতেন তাহলেও আপনারা বোধহয় তারও বিরোধিতা করতেন; কারণ সব ব্যাপারেই বিরোধিতা করাটা আপনাদের অভ্যাস। আমাদের এক মাননীয় সদস্য বললেন, চোর-গন্ডাদের সুভাষবাবু নিয়োগ করেছেন। আর আমাদের পার্টি বামফ্রন্ট সরকারের নীতি আছে, পলিসি আছে, সেই পলিসি আপনাদের সময়ে ছিল না। আপনারা দেশলাই খোলে চাকরি দিয়েছেন, আপনারা সিগারেটের প্যাকেটে চাকরি দিয়েছেন, আর এখন হচ্ছে যোগ্যতার নিরিখে, যোগ্যতার ভিত্তিতে। বামফ্রন্ট সরকারের যে পলিসি আছে, কর্মসংস্থান থেকে নাম চেয়ে তাদের যোগ্যতার নিরূপণ করে সেখানে দেওয়া হয়। আর এখানে মাননীয় সদস্যরা সভাকে এই বলে বিভ্রান্ত করতে চাইছেন, সুভাষবাবু চোর-গুন্ডাদের নিয়োগ করছেন। এখন নিয়োগের আগে পুলিশ ভেরিফিকেশান হয়, চোর-গুন্ডা হিসাবে নাম এনলিস্ট থাকলে কেস থাকলে সেইগুলি আসে না। এইগুলি তমোনাশবাবু ভালো করেই জানেন। আসলে এইগুলি বলার জন্যই বলেন। ১৯৭৭ সালের আগে আপনাদের যে বাস, পরিবহন, স্টেট বাস ছিল, তখন থেকে ওই বাস এবং আপনাদের ইচ্ছামত কিছু জায়গায় চলত। বাস আপনারা করতেন, আপনারা নিজেদের জন্য ব্যবস্থা করেছিলেন আপনারা জনগণের জন্য বাস করেননি সেখানে এই ২৪ বছরে আমরা জনগণের জন্য বাস করেছি।

একজন মাননীয় সদস্য বলেছেন—চাহিদা বাড়ছে। জনগণের বাস বলেই চাহিদা বাড়ছে এবং আমাদের রাজ্য সরকার, পরিবহন মন্ত্রী সেই চাহিদা পূরণের জন্য চেষ্টা চালিয়ে যাচ্ছে। স্বাস্থ্য, শিক্ষা যেমন একটা পরিষেবা, পরিবহনও তেমনি একটা পরিষেবা। এখানে অত লাভ-লোকসানের বিচার আনলে চলে না। চিন্তা করতে হবে কত মানুষকে এই পরিষেবা দান করা যাচ্ছে। আজকে প্রত্যন্ত গ্রামাঞ্চলেও সরকারি বাস যাচ্ছে। এই পরিষেবাকে অটুট রাখার জন্য পরিবহন মন্ত্রী যে দায়িত্ব নিয়েছেন, তাকে সফল করে তোলার জন্য আসুন একসাথে এগিয় যাই। খামোকা বিরোধিতা, অন্যায় বিরোধিতা করবেন না। যেসব সমস্যা আছে, সেইগুলোকে আমাদের কাটিয়ে উঠতে হবে। রাস্তায় ৫০ কিলোমিটার অন্তর বাথরুম বা শৌচালয় করা দরকার। প্রত্যেকটা মহকুমাতে বাস সংযোগ থাকা দরকার। দক্ষিণবঙ্গ, উত্তরবঙ্গ, কলকাতা রাষ্ট্রীয় পরিবহন সংস্থার মধ্যে সমন্বয় থাকা দরকার। এই কয়েকটি কথা বলে, এই বাজেটকে সমর্থন করে আমার বক্তব্য শেষ করছি।

শ্রী চৌধুরী মোহন জাটুয়া : মাননীয় চেয়ারম্যান স্যার, পশ্চিমবঙ্গের মাননীয় মুখ্যমন্ত্রী এই বছরের পুলিশ খাতে ব্যয়-বরাদ্দের যে দাবি পেশ করেছেন, তার থেকে ছোট্ট একটা লাইন পড়ে শোনাচ্ছি—বাজেট বিতর্কে যাওয়ার আগে। প্যারা ৩০, সেখানে বলছেন— "দেশব্যাপী রাজনীতিতে দুর্নীতি এবং দুর্বৃত্তায়নের জন্য বিভিন্ন আর্থ-সামাজিক বিষয় পুলিশ প্রশাসনের কাজকে আরও কঠিন করে তুলেছে।" সারা দেশের রাজনীতিতে দুর্বৃত্তায়ন হয়েছে এবং সেটা যদি সব জায়গায় হয়ে থাকে—যেটা মুখ্যমন্ত্রী বলেছেন—তাহলে আপনাদের ২০০ সদস্য, আমাদের সব মিলিয়ে ১০০, আপনাদেরই বেশি হয়েছে। তার উদাহরণ আমাদের পশ্চিমবাংলা বিধানসভায় একজন মাননীয় সদস্যা ১ লক্ষ ৮ হাজার ভোটে জিতেছেন। সর্বশেষ হচ্ছে যুবভারতী ক্রীড়াঙ্গনের সরকারি অতিথিশালায়—আমাদের পরিবহনমন্ত্রীও যুক্ত বলা হচ্ছে—ক্রিমিনালদের অস্ত্রশস্ত্রসহ ধরা হয়েছে। এটা ফ্যাক্টস অ্যান্ড রেকর্ডস। এই ঘটনার পরও আমাদের মুখ্যমন্ত্রী বলেছেন যে, পুলিশের তদন্তে তিনি খুশি নন, এইজন্য সি. আই. ডি.-কে ইনভেস্টিগেশনের দায়িত্ব দেওয়া হয়েছে। পরিবহন মন্ত্রীকে বলছি—তাতেও আপনার ভয় পাওয়ার কিছু নেই। তারা আপনাকে নির্দোষ প্রমাণ করে দেবে। মাননীয় ক্রীড়ামন্ত্রী, আপনাকে প্রশ্ন করি—আপনি আপনাদের পুলিশের দ্বারা নির্দোষ প্রমাণিত হলেন, কিন্তু পশ্চিমবাংলার জনগণের সামনে কি নির্দোষ প্রমাণিত হবে ? পশ্চিমবঙ্গের জনগণের মধ্যে আপনার এবং আপনাদের সরকারের প্রতি যে ধারণা সৃষ্টি হয়েছে এবং যেটা মুখ্যমন্ত্রী বলেছেন, সেই ধারণা আপনি পালটাতে পারবেন না।

[3.10—3.20 p.m.]

স্যার, ডঃ বিধানচন্দ্র রায় আমাদের পশ্চিমবঙ্গে স্টেট বাস চালু করেছিলেন মেনলি দুটো উদ্দেশ্য নিয়ে। একটা হল গরিব বাংলার ছেলেরা চাকরি পাবে। আর দু নাম্বার হল পশ্চিমবঙ্গের গরিব মানুষ কম ভাড়ায় বাস চলাচল করতে পারে। কিন্তু এখন এখানে সেই স্টেট বাস তুলে দিয়ে এল বাস, এস বাস চালু করেছে। কম ভাড়ার বাস তুলে দিয়ে ভাড়া বাড়িয়ে দিয়েছেন। যারা বেশি ভাড়ায় যাবেন, তারা পয়সা খরচ করেও যে শান্তিতে যাবে তা

হচ্ছে না। তাদের বসার তো জায়গা থাকেই না, দাঁড়াবার পর্যন্ত জায়গা পাওয়া যায় না। সেক্ষেত্রে ওই ভাড়া বাড়িয়ে কী লাভ হল ? তারপর পরিবেশ নিয়ে কথা হচ্ছে। স্যার, দিল্লিতে যেটা অলরেডি করা হয়েছে, যে পরিবেশ দূষণের জন্য যেসব পুরানো বাস, কার চলে সেগুলিকে বসিয়ে দেওয়া হয়েছে। এখানে আপনি কি উদ্যোগ নিয়েছেন জানি না। আপনি প্রায়ই তো দিল্লি যাচ্ছেন, আর আসছেন। কিন্তু সরকারি কোনো উদ্যোগ দেখছি না। বাসের পিছন থেকে যে ধোঁয়া বেরোচ্ছে, তা থেকে পরিবেশ দূষিত হচ্ছে। এর কারণ কী ? জনগণ মনে করছে যে, আপনারা এই বাসগুলি চেঞ্জ করতে চাইছেন না, কারণ প্রাইভেট বাসের সঙ্গে আপনাদের একটা অশুভ আঁতাত রয়েছে। এরপর ট্রামে আসছি। আপনারা বলছেন যে পশ্চিমবঙ্গ থেকে ট্রাম উঠবে না। অথচ দেখতে পাচ্ছি যে, কিছু কিছু জায়গা থেকে ট্রাম তুলে নিচ্ছে। কোনো ব্যবস্থা নিচ্ছেন না। ট্রামের রাস্তাগুলি মেনটেন হচ্ছে না। ট্রাম যেভাবে চলছে, তাতে গরুর গাড়িও হার মেনে যাবে। সেক্ষেত্রে গরুর গাড়ি চালালেই হয়। এবারে সুন্দরবন এলাকার ব্যাপারে আসছি। সুন্দরবনের মন্দিরবাজার এবং মথুরাপুর যে রাস্তা, এই রাস্তায় ট্রান্সপোর্ট ব্যবস্থা সম্পূর্ণ ভেঙে পড়েছে। আমরা দেখেছি ডায়মন্ডহারবার থেকে রায়দিঘি একটা ৮৯এ রুট ছিল এটা কুলপি হয়ে বিষ্ণুপুর হয়ে রায়দিঘী যেত। সেই রুটটা বন্ধ হয়ে গেছে। এখানে কুলপি থেকে বিষ্ণুপুর পর্যন্ত ভায়া রঘুনাথপুর-মাধবপুর কোনো বাস সার্ভিস নেই। প্রাইভেট বাস নেই। দ্বিতীয় নাম্বার—৮০ যে রুট ছিল এসপ্ল্যানেড থেকে মথুরাপুর, সেই রুটে প্রতি ১৫ মিনিট অন্তর বাস চলত। সেই রুট বন্ধ হয়ে গেছে। তার বদলে কোনো স্টেট বাস আপনি চালু করতে পেরেছেন ? মাত্র ৪টি স্টেট বাস দিয়েছেন। এসপ্ল্যানেড থেকে মথুরাপুর যে বাস আগে চলত ১৫ মিনিট পরপর। এখন সেখানে লোকরা কীভাবে যাবেন ? আরো বাস দিতে হবে। আর একটা নতুন রোড হয়েছে সুন্দরবনে শেষ প্রান্ত ঘোড়াদল পর্যন্ত। ভূতল পরিবহণের ২টি বাস দিয়েছেন। সেই দুটো বাস কখন যায়, কখন আসে কেউ দেখে না। ইলেকশনের আগে তবু এক ঘন্টা পরে পরে চলত, এখন আর তাকে দেখা যায় না। এভাবে কী করে চলবে ? আশা করব, আপনি ডায়মন্ডহারবার থেকে ঘোড়াদল পর্যন্ত বাস চালাবেন সে প্রাইভেট বাস হোক বা স্টেট বাস হোক, যা দেওয়া সম্ভব হয় আপনি সেটাই করবেন দয়া করে। সুন্দরবনের দূর স্থলের লোকেরা যাতে কলকাতাতে আসতে পারে, ডায়মন্ডহারবার সব ডিভিশন টাউন সেখানে যাতে আসতে পারে দয়া করে সেটা করুন। হঠাৎ করে ৮০ নম্বর বাসটি কোনো বাসের ব্যবস্থা না করেই সেই বাসটি হঠাৎ বন্ধ করে দেওয়া হল। ওখানে পার্টির ক্যাডারদের দ্বারা পরিচালিত জিপগাড়ির মতো চলছে। এই ট্রেকারগুলো মথুরাপুর থেকে জয়নগর আবার জয়নগর থেকে দক্ষিণ বারাসাত যাচ্ছে। এইভাবে ভাগে ভাগে এই গাড়িগুলো চলে। আর সে গাড়িতে লোক এমনভাবে বসে যায় তাতে মাননীয় মন্ত্রীর বাড়ির কুকুরও বসে আসতে পারবে না। আজকে সুন্দরবন যেটা সবদিক থেকে অবহেলিত সে ইরিগেশন বলুন, কৃষি বলুন, ট্রান্সপোর্ট বলুন, রাস্তাঘাট বলুন, রাস্তাঘাটের কথা তো যত কম বলা যায় ততই ভাল। কোনো কোনো রাস্তার যে এক্সিসটেন্স ছিল কিনা সেটাই বুঝতে পারি না। বিজয়গঞ্জ একটা রাস্তা আছে যেখানে বৃষ্টি হলে দেড় ফুট করে জল জমে যায়। আপনি হয়তো বলবেন যে এইরকম যদি রাস্তার অবস্থা হয় তাহলে আমরা কী করে বাস চালাব। সেজন্যই বাস তুলে নিয়েছি। কিন্তু আপনাকে বলি যে ওই এলাকার মানুষগুলোও

পশ্চিমবাংলার মানুষ। আপনি তো সবকিছু করছেন বড়লোকদের জন্য, কলকাতার জন্য, কলকাতার আশেপাশে মানুষদের জন্য। আপনি হোভার ক্র্যাফট কিনছেন, হেলিক্যাপ্টার কিনছেন। এসব কাদের জন্য ? এগুলো তো বড়লোকদের জন্য, এটা বড়লোকদের স্বার্থে। কিন্তু গরিবদের জন্য তাদেরও তো বাস দিতে হবে সে আপনি প্রাইভেট বাস দিন কি সরকারি বাস দিন আমাদের কোনো ফ্যান্সি নেই। কুলপি থেকে ভায়া মথুরাপুর, বিষ্ণুপুর কোনো বাস নেই। গত ৩০ বছর ধরে যে বাস ছিল ৮৯এ, সেই বাসটা বন্ধ হয়ে গল কোনো অলটারনেটিভ ব্যবস্থা না করেই। যাই হোক আমি যে আবেদনগুলো রাখছি সেটা পশ্চিমবাংলার মানুষের বিশেষ করে দূরতম সুন্দরবন এলাকার মানুষের আবেদন মনে করে যদি এই বাসগুলো চালু করেন, বাস চলাচল উন্নত করেন তাহলে সেখানকার মানুষ কৃতজ্ঞ থাকবে।

শ্রী কিরীটী বাগদী : মাননীয় অধ্যক্ষ মহাশয়, আপনার মাধ্যমে এই বাজেটকে সমর্থন করে, বিরোধীদের আনা কাট মোশনকে বিরোধিতা করে আমার দু-একটি কথা বলতে চাই। স্যার, আজকে বিশেষ করে বামফ্রন্ট সরকার ২৪ বছর ধরে যে সরকার চালাচ্ছেন, সেখানে গ্রামের মানুষ কোনদিন ভাবতে পারত না যে তাদের গ্রামে বাস চলবে। আজকে পরিবহন ব্যবস্থা সুদূর গ্রামেও পৌঁছে গেছে। আজকে গ্রামের মানুষ বাসে করে যাতায়াত করছে, তাদের অর্থনৈতিক অবস্থার পরিবর্তন হয়েছে। আজকে গ্রামের মানুষ আর হেঁটে যাতায়াত করে না।

[3.20—3.30 p.m.]

এখন সকালেবেলায় কোনো ছেলেকে যদি রাস্তায় খেলা করতে দেখেন তাহলে তার একটু পরেই দেখবে সে বাঁকুড়া শহরে চলে গেছে আবার বিকালবেলায় ফিরে আসছে। আজকে এই রকম অবস্থা বামফ্রন্ট তৈরি করেছে পরিবহন সম্পর্কে। আমার বিধানসভা কেন্দ্র হয়ে খুব গুরুত্বপূর্ণ মুকুটমণিপুর-খাতরা বাস যাতায়াত করে, কিন্তু এ ব্যাপারে বেসরকারি মালিকদের উপর নির্ভর করতে হয়। আগে ওই রুটে কয়েকটি রাষ্ট্রীয় সংস্থার বাস যাতায়াত করত, জানি না কী কারণে সেই বাসগুলো উঠে গেছে। এখন একটা মাত্র বাস ওই গুরুত্বপূর্ণ জায়গা দিয়ে যাতায়াত করে। তাই যাতায়াতের ব্যাপারে সম্পূর্ণটাই নির্ভর করতে হয় বেসরকারি বাসের উপর। হঠাৎ কোনো কারণে যদি সেখানে বসবাসকারী বাসমালিকরা ধর্মঘট করে তাহলে দক্ষিণ বাঁকুড়া থেকে বাঁকুড়ার যোগাযোগ একেবারেই বিচ্ছিন্ন হয়ে যায়। আমি বিধানসভাতে বহুবার এই নিয়ে বলেছি যে ওখানে রাষ্ট্রীয় পরিবহন ব্যবস্থা দরকার যেহেতু মুকুটমণিপুর একটা গুরুত্বপূর্ণ জায়গা। বহু মানুষ সেখানে যাতায়াত করে কিন্তু সেখানে সরকারি কোনো যোগাযোগ ব্যবস্থা নেই, শুধুমাত্র একটা বাস যায়। ওখানে সন্ধ্যা ৬টার পর কোনো বেসরকারি বাস চলে না। তাই সন্ধ্যা ৬টার পরে বাঁকুড়া যাবার কোনো ব্যবস্থা নেই। বাঁকুড়া যদি যেতে হয় তাহলে সন্ধ্যা ৬টার আগে যেতে হবে, তারপরে আর কোনো বাস নেই। যদি কাউকে প্রচণ্ড দরকার থাকলে বাঁকুড়া যেতে হয় তাহলে সন্ধ্যার ৬টার পরে বেশি পয়সা খরচ করে অন্য যানবাহনের উপর নির্ভর করে যেতে হবে। আমি বহুবার বিধানসভাতে উল্লেখ পর্বে এই

কথা বলেছিলাম যে রাত্রি ৯টার সময় একটা সরকারি বাস খাতরা থেকে ছেড়ে বাঁকুড়া হয়ে কলকাতা আসে। ওই বাসটিকে যদি খাতরাতে ১ মিনিট স্টপেজ দেওয়া যায় তার জন্য মন্ত্রী মহাশয়ের কাছে অনুরোধ করব। চক্রধরপুর থেকে হাওড়ার একটা ট্রেন যায় বাঁকুড়া হয়ে। বাঁকুড়াতে ১০-৪৫ মিনিটে আসে। সেই ট্রেন ধরেও যদি ওখানকার লোকদের আসতে হয় তাহলে সেই ১০-৪৫ মিনিটের ট্রেন ধরার জন্য তাদেরকে সন্ধ্যা ৬টার আগে বাস ধরে স্টেশনে এসে বহু ঘণ্টা অপেক্ষা করতে হয়। তাই বলছিলাম যে রাত্রি ৯টার সময় যে সরকারি বাসটা খাতরা দিয়ে যায় সেটা যদি ১ মিনিটের জন্য একটা স্টপেজ ওখানে দেন তাহলে ওই ট্রেনটা ধরতে মানুষের খুবই সুবিধা হবে। মন্ত্রী মহাশয়ের কাছে অনুরোধ করব অবিলম্বে ওই ব্যবস্থাটি করবেন। যেখানে খাতরা মহকুমা একটা মিউনিসিপ্যালিটি হতে চলেছে, এর গুরুত্ব অনেক, কিন্তু সেখানে বাসের অসুবিধা আছে।

আরেকটা কথা বলব ওখানে নির্দিষ্ট কোনো বাস স্ট্যান্ডের জায়গা নেই। যার ফলে রাস্তার উপরেই বাসগুলিকে রেখে দেওয়া হয় এর ফলে ওখানে বহু অ্যাকসিডেন্ট হয়ে গেছে। আমি এস. ডি. ও-র সঙ্গে কথা বলেছি। আমি অনুরোধ করব অবিলম্বে খাতরা মহকুমাতে একটা স্থায়ী বাস স্ট্যান্ড করা দরকার। যেখানে বাস থাকবে এবং সময়ে সময়ে বাস ছাড়বে। এতে রাস্তা পরিষ্কার থাকবে এবং মানুষের যাতায়াতে সুবিধা হবে।

আজকে বিমা প্রকল্প করার কথা বলেছেন এর জন্য আমি ধন্যবাদ জানাব। যাদের বয়স হয়ে যায় যারা চোখে দেখতে পায় না তারা শেষ জীবনে কিছুটা উপকৃত হবে। এই কথা বলে আমার বক্তব্য শেষ করছি।

শ্রী তাপস রায় : মাননীয় চেয়ারম্যান স্যার, ১২, ৭৭, ৭৮, ৮০ এবং ৮১ নম্বর দাবির অধীনে মাননীয় মন্ত্রী মহাশয় যে ব্যয়-বরাদ্দ মঞ্জুরির দাবি জানিয়েছেন, সংস্কৃত কলেজের অধ্যাপকদের ভোট ছাড়া জিতে আসা মানুষ সুভাষ চক্রবর্তী যে বাজেট ভাষণ রেখেছেন আমি তার সম্পূর্ণ বিরোধিতা করছি এবং আমাদের বিরোধীদের আনা কাট মোশানের সমর্থন করে বক্তব্য রাখছি। শুধু সুভাষবাবুই নন বামফ্রন্ট সরকারের কেউই পরিবহন দপ্তরটাকে গুরুত্ব দেননি। রবীন মুখার্জি যখন পরিবহন মন্ত্রী ছিলেন তখন তিনি জোকা পর্যন্ত ট্রাম টেনে নিয়ে গেলেন। শ্যামলবাবু যখন পরিবহন মন্ত্রী ছিলেন তখন এস. বি. এস. টি. সি.-র হেড অফিস করলেন উত্তরবঙ্গের থেকে উল্টোডাঙায়। আর নিজের কেন্দ্রে ট্রামকে ঢুকিয়ে দিলেন। আর, আপনাকে তো বেশিরভাগ সময় ব্যস্ত থাকতে হয় দলের মিছিলকে বড় করার জন্য। পার্টি কী করে জিতবে দক্ষিণ কলকাতা, উত্তর কলকাতায় তার ব্যবস্থা করতে হয়। যুবভারতীতে ফ্যাসন করতে আপনাকে ব্যস্ত থাকতে হয়। আজকে আপনারা, কমিউনিস্টরা দুর্বৃত্তায়ন এবং বিশ্বায়ন দুটোকে সমর্থক করে তুলেছেন। সুতরাং এইসব করতে গিয়ে আপনার আর সময় কোথায়। আপনার আন্ডারে যিনি রাষ্ট্রমন্ত্রী আছেন তার নাম এই বইতে নেই। উনি যদি একটু উঠে দাঁড়ান তাহলে ভালো হয়, সবাই একবার চিনে নিতে পারেন। যাই হোক, এর আগেও আপনার একজন রাষ্ট্রমন্ত্রী ছিলেন, তিনি গড়বেতা-বিখ্যাত সুশান্ত ঘোষ। এবারেও একজন বিখ্যাত লোককে আপনার রাষ্ট্রমন্ত্রী করা হয়েছে। আপনি নিজে একজন বিখ্যাত লোক তার

উপর আবার এইসব বিখ্যাত বিখ্যাত লোককে রাষ্ট্রমন্ত্রী করা কেন ? উনি গঙ্গারামপুরের একজন বিখ্যাত লোক। আমি যদি ভুল না জেনে থাকি তাহলে ওনার বিরুদ্ধে ১৩টা পুলিশ কেস এবং ৬টা ক্ষেত্রে চার্জসিট হয়েছে। যদি ভুল, অসত্য বলে থাকি তাহলে মাফ করবেন। ওনার এগেইনেস্টে অ্যাটাচমেন্ট ওয়ারেন্ট হয়েছে। আর, স্যার অদৃষ্টের কী পরিহাস দেখুন যাঁর বিরুদ্ধে মাননীয় মুখ্যমন্ত্রীর অভিযোগ রয়েছে, সুভাষবাবুর বিরুদ্ধে মাননীয় মুখ্যমন্ত্রী শুধু নয়,—সুভাষবাবু একবার বলেছিলেন, আমি ৪ হাজার ভোটে জিতে আসিনি ৫০ হাজার ভোটে জিতে এসেছি, তাঁকে আজকে সংস্কৃত কলেজের অধ্যাপকদের ভোট ছাড়াই জিততে হয়েছে। যাই হোক, ওই রাষ্ট্রমন্ত্রীর বিরুদ্ধে অ্যাটাচমেন্ট ওয়ারেন্ট থাকা সত্ত্বেও অদৃষ্টের পরিহাস যে তার বাজেট বিতর্কে অংশ গ্রহণ করতে হচ্ছে। এই কি গণতন্ত্র ? এটা লজ্জার এবং পরিতাপের, দুঃখেরও।

২০০০-০১ সালের যে ইকোনোমিক রিভিউ তাতে দেখা যাচ্ছে এন. বি. এস. টি. সি. ২০ কোটি ৯ লক্ষ টাকা লস করেছে। এস. বি. এস. টি. সি ১৩ কোটি ৩১ লক্ষ টাকা লস করেছে। সি. টি. সি ২৭ কোটি ২০ লক্ষ টাকা লস করেছে। ওয়েস্ট বেঙ্গল সার্ফেস ট্রান্সপোর্ট কর্পোরেশন লস করেছে ১৭ কোটি ৩৩ লক্ষ টাকা। আর, সি. এস. টি. সি-র হিসাব পাওয়া যায়নি, নট অ্যাভেলেবেল। কিন্তু আমি যতদূর জানি সি. এস. টি. সি-র লসের পরিমাণ ৫০ কোটি টাকার নিচে নয়। এই আর্থিক সমীক্ষায় অনেক ভুল তথ্য আছে, দয়া করে সেগুলো কারেক্ট করে দেবেন। প্রশ্ন হল এই যে পাবলিক এক্সচেকার ড্রেনেজ হচ্ছে তার জন্য কী করেছেন ? আপনি জাত্যভিমানের কথা বলেন, বাঙালি তথা বাংলার কথা বলেন, আমাদের বাঙালি পাইলট হবে বলেন, ভালো কথা। আপনি হোভার ক্রাফট কিনলেন, হেলিকপ্টার কিনলেন এবং আরো অনেক অর্থ আন-প্রোডাকটিভ ইনভেস্টমেন্ট করলেন। কিন্তু বলুন, একটা জায়গা ১৯৯৪ সাল থেকে বন্ধ পড়ে রয়েছে, চিফ পাইলট নেই, চিফ ইঞ্জিনিয়ার নেই।

[3.30—3.40 p.m.]

আপনার একটা মাত্র ছাত্র, দু-বার আপনি অ্যাডভারটাইসমেন্ট দিয়েছেন, তা সত্ত্বেও একটা মাত্র ছাত্র। ছাত্র কতজন ? একজন হাত তুলেছে। আর দিল্লি পাঠিয়েছে এস. সি. এস. টি.-র ৫ জনকে। সেই ৫ জন নিয়ে ৬ জন ছাত্র, আপনি গর্বিত এবং এখানে ২১০৩ টাকা ঘন্টা দিয়ে তারা ৬০ ঘন্টা করে শিখছে। ইনফ্রাস্ট্রাকচারের অভাবে আর একটা ছাত্রও আসতে চাইছে না। আরও একটা এয়ার ক্রাফট দরকার। আর আপনি অল ওয়েদারের জন্য ফিট করে এরকম কোন রানওয়ে করছেন না। ফেয়ার ওয়েদার আনবে, হোয়াই ? একটা এয়ার ক্র্যাফট ৭৭ লক্ষ টাকা দাম। ১ কোটি টাকা দিলে একটা অল ওয়েদার রানওয়ে করা যায়, তার বন্দোবস্ত করতে পারছেন না ? ওটা বাংলা, বাঙালির গর্ব হত, পাইলট তৈরি হত ওখান থেকে। তার বন্দোবস্ত আপনি ৫ বছরে করেনি। ফাংশন নিয়ে ৫ বছরে আপনার অনেক উদ্যোগ ছিল, অনেক বড় বড় শিল্পীদের নিয়ে, মুখ্যমন্ত্রী শ্রী জ্যোতি বসুর সংবর্ধনার দিনে আমি আনন্দিত, গর্বিত, নীতিগতভাবে আপনার বিরুদ্ধে আমার বলার কিছু নেই, আপনি

একজন উদ্যোগী মানুষ। কিন্তু ট্রান্সপোর্টের ক্ষেত্রে ৫ বছরের মধ্যে আপনার উদ্যম একদিনের জন্যও পরিলক্ষিত হয়নি, এই পরিসংখ্যান সেই কথা বলে দিচ্ছে—আপনি ২৫০ ঘন্টা ফ্লাই করলে পরে কমারশিয়াল পাইলটের লাইসেন্স দেন, তবে চালাতে পারে। বর্ষার জন্য এবং অন্যান্য ফেয়ার ওয়েদার না থাকার জন্য ৫ মাস আপনার বন্ধ থাকছে। অস্ট্রেলিয়ায় যেখানে দেড় বছরে ২৫০ ঘন্টা চালাতে পারে এবং সেখানে দেড় বছরে সার্টিফিকেট দেয়। আর আপনি ৫ বছরে কমারশিয়াল সার্টিফিকেট নিতে পারছেন না। আপনার অবস্থা কোথায় এসে দাঁড়িয়েছে ? আজকে প্রশ্ন সেখানে। এ. আই.—এয়ারপোর্ট অথরিটি অফ ইন্ডিয়া—অ্যাম্বুলেন্স নেই, আর সেখানে ফায়ার ব্রিগেড নেই, আপনি অ্যাম্বুলেন্স কখনো চেয়ে পাঠাচ্ছেন, ফায়ার ব্রিগেড কখনো চেয়ে পাঠাচ্ছেন ওই প্রতিমবাবুর কাছ থেকে, তবে ঐ লাল গাড়িটা ওখানে গিয়ে দাঁড়াচ্ছে, আপনি তো ছোট লালগাড়ি চড়েন। অল্প টাকা খরচ করে এগুলো করা যেত আপনি তার কোনো বন্দোবস্ত করলেন না। আপনার ৫ বছরে দায়িত্ব, আমি আপনাকে ১০ বছর সময় দিচ্ছি, একটা পারসপেক্টিভ প্ল্যান নিন যে, হ্যাঁ, লস যেটা রয়েছে আমি ১০ বছরের মধ্যে সেটাকে বন্ধ করব, ইকোয়াল করব, লস আর হবে না। লসটা নিউট্রালাইজ হবে। বলুন আপনি, ১০ বছরে আপনি একটা পারসপে্কটিভ প্ল্যান নিন, আপনি আজকে বলুন এখানে দাঁড়িয়ে। বিহার ছাড়া ভারতের একটা প্রদেশের সঙ্গে তুলনা করুন—দিল্লিতে আপনারা প্রায়ই যান, মাঝে মাঝে যান, আমরাও যাই, সেখানে কমপ্রেস্ড ন্যাচারাল গ্যাসে বাস চলছে, অটো চলছে, ট্যাক্সি চলছে। আপনি কেন কমপ্রেসড্ ন্যাচারাল গ্যাসের কথা বললেন না আপনার বাজেট বিবৃতিতে ? নেই তো ? পলিউটেড সিটি, সবচেয়ে বেশি পলিউশন, সবচেয়ে বেশি পলিউশন সৃষ্টি করে আপনার স্টেট বাস, তাদের সি. এন. জি. করতে পারলেন না ? সেই বিবৃতিতে সেই কথাটা আপনি রাখতে পারতেন না ? আপনার সেই বিবৃতিতে সেই কথাটা আমরা পাই নি। স্টেট রোড ট্রান্সপোর্টের অবস্থা এত খারাপ, তবে তার জন্য আপনি সম্পূর্ণ দায়ী নন, আপনি দায়ী আর অর্ধেক পি. ডব্লিউ. ডি. দায়ী। সারা স্টেটের রাস্তাঘাটের কী অবস্থা। আপনি বলেছেন আপনি লং ডিসট্যান্স বাস চালাচ্ছেন। কিন্তু লং ডিসট্যান্স বাসের পিছনে যে ৩টে প্রাইভেট বাস যাচ্ছে সেগুলো লাইসেন্স ছাড়া, তাদের বিরুদ্ধে কটা ব্যবস্থা নিয়েছেন বলুন ? এই লাইসেন্স ছাড়া বাসগুলো লং ডিসট্যান্সে চলে, তার বিরুদ্ধে কটা ব্যবস্থা নিয়েছেন ? আপনি স্টেট বাস ডিপোতে যান, গ্যারাজে যান, তারা কমপ্লেইন করে শুধু মাত্র যে—আমাদের স্পেয়ার পার্টস নেই। আপনি কোটি কোটি টাকা লোন নিয়ে নতুন বাস কিনছেন, অথচ আপনি স্পেয়ার পার্টসের জন্য টাকার জোগান বা স্পেয়ার পার্টসের জোগান দিতে পারবেন না ? এটা লজ্জা নয় আমাদের ? এটা দুঃখের নয় ? এটা পরিতাপের নয় ? দি ওয়েস্ট বেঙ্গল সারফেস্ ট্রান্সপোর্ট—অদ্ভুত একটা—হুগলি জলপথ পরিবহন—তারাও লঞ্চ চালাচ্ছে। আর আপনার শান্তনু গোস্বামী বলে এক ভদ্রলোক সেও লঞ্চ চালাচ্ছে। একটা কো-অর্ডিনেশন নেই আপনার নিজের ডিপার্টমেন্টের মধ্যে। হুগলি জলপথ পরিবহন লঞ্চ চালাচ্ছে, আবার সারফেস ট্রান্সপোর্ট কর্পোরেশনও লঞ্চ চালাচ্ছে। একজন চালালে হয়, একজনকে দায়িত্ব দিন না। আবার সে আবার গ্ল্যামারাস্ ব্যাপার আছে, সে আবার ইন্দো-বাংলাদেশ বাস চালায়, আপনি বিবৃতিতে বলেছেনও, শেষ পর্যন্ত সেটা

কনসোলিডেট হয়েছে, রেগুলারাইজ হয়েছে সেটা ? ইন্দো-বাংলাদেশ ফাঁকা পড়ে থাকে। মাঝে মাঝে যখন সল্ট লেকের ওখান দিয়ে পাস করি, করুণাময়ীর পাশ দিয়ে তখন দেখি।

[3.30—3.40 p.m.]

ক্যালকাটা পি. ভি. ডি.—পাবলিক ভেহিকেল্স্ ডিপার্টমেন্ট ওটা তো একটা বাস্তুঘঘুর বাসা, আপনি পারেন, আপনি আবার সম্ভবত সিটুর ভাইস প্রেসিডেন্ট। আপনি বলুন কোথায় রয়েছে ভেহিকেল ওনার রিপ্রেজেনটেটিভদের ইউনিয়ন ? কোথাও আছে শুনেছেন ? কোথায় এ জিনিস আছে ? বিশ্বে কেউ শুনেছে ভেইকেল ওনারদের রিপ্রেজনটিভ ইউনিয়নের কথা ? এখানে আছে অ্যান্ড অ্যাফিলিয়েটেড টু সিটু। তার মানে আপনারা আপনাদের কিছু দালাল তৈরি করেছেন। মাননীয় মন্ত্রী, আপনি বলেছেন ট্যাক্সের ব্যাপারটা কম্পুটারাইজ্ড হয়েছে। কিন্তু লাইসেন্সের ক্ষেত্রে কি তা হয়েছে ? না, লাইসেন্সের ক্ষেত্রে তা হয়নি। লাইসেন্স কম্পিউটারাইজড হয়নি। আউটসাইডার দিয়ে বাইরে থেকে করাচ্ছেন। আপনি বলেছেন, এবারে তিন টাকা খরচ কমেছে, ১৪ টাকা ৩০ পয়সা হয়েছে। ওটাকে ৫ টাকায় নামিয়ে আনা যায়। ন্যাশনাল ইনস্ট্রুমেন্ট যা রেকমেন্ড করেছিল তা ইনস্টল করলে এক একটা ল্যামিনেটেড লাইসেন্স মাত্র ৫ টাকায় করা যেত তাদের কথা শুনলে মানুষের উপকার হত, কম খরচে, ৫ টাকায় লাইসেন্স দিতে পারতেন ৩০/৩৫ লক্ষ টাকার বিনিময়ে বাইরে থেকে না করিয়ে। এখনো এটা আপনি একটু ভেবে দেখুন।

অন্ধ্রপ্রদেশ, তামিলনাড়ু রোড ট্রান্সপোর্টের ক্ষেত্রে কত দূর অগ্রসর ঘটাতে সক্ষম হয়েছে তা আপনি নিশ্চয়ই জানেন। আর বোম্বাইতে তো এ. সি. বাস চলছে। তাদের সঙ্গে আমাদের রাজ্যের কোনোভাবেই তুলনা করা উচিত নয়। সেখানকার বাসে বসলে একদিকে আপনার যেমন ভালো লাগবে, আর একদিকে আমাদের রাজ্যের পরিবহন মন্ত্রী হিসাবে আপনাকে লজ্জা পেতে হবে। তবে আমাদের রাজ্যের আজকে পরিবহনের যে অবস্থা তার জন্য সুভাষবাবু, আমি আপনাকেই শুধু দায়ী করছি না, যদিও বিভিন্ন কাজে আজকে আপনাকে টার্গেট করে পিন পয়েন্ট করা হচ্ছে। যুবভারতীতে যে ঘটনা ঘটেছে তার জন্য আপনি যতটা দায়ী। ততটাই আপনার সমস্ত দল দায়ী, আলিমুদ্দিন স্ট্রিট দায়ী। মুখ্যমন্ত্রীও তার বাইরে নন, যাদবপুরেও ওখান থেকে লোক পাঠানো হয়েছিল।

ডিপো মর্ডানাইজ করার কথা বলা হয়েছে। একটা জেলার কথা আপনি বলুন যেখানে সঠিকভাবে ওয়াশিং মেশিন ব্যবহৃত হচ্ছে। আপনি একটা ডিপোর নাম বলুন যেখানে ওই মেশিন চালু আছে ?

সি. টি. আই. ডি. পি.-র অবস্থা কি ? ফেজ টু প্যাকেজ টু-এর কাজ শুরু হয়েছে। ট্রান্সপোর্টের মতো এত বড় ডিপার্টমেন্টের প্রতি যদি আপনি সময় না দেন তাহলে কাজগুলো কী করে হবে ?

কলকাতা রাজ্যের সবচেয়ে বড় শহর। এখানে এখন কিছু কিছু রাস্তা একমুখো, কিন্তু সেসব রাস্তায় ট্রাম দু মুখো। ফলে সেসব রাস্তায় যান জটের সৃষ্টি হচ্ছে। এর জন্য অবিলম্বে

আপনাকে ব্যবস্থা গ্রহণ করতে হবে। হ্যাঁ, আমরা ট্রাম রাখব। নিশ্চয়ই ট্রাম পরিবেশের বন্ধু। বহু মানুষ ট্রামে চাপতে ভালোবাসে। সুতরাং সঠিকভাবে আপনি ট্রাম চালান। কিন্তু আমি ট্রামের লসের কথাটা একটু বলব। আমরা দেখছি প্রতিদিন, প্রতি মাস, প্রতি বছর লস হচ্ছে।

আর্নিং পার ডে—ট্রাফিক রেসপেক্টস অ্যান্ড আদার রেসপেক্টস ৩ লক্ষ ৯ হাজার টাকা ; এক্সপেনডিচার পার ডে ২১ লক্ষ ১৬ হাজার টাকা। তাহলে প্রতিদিন সাবসিডি দেওয়া হচ্ছে কত, ১৮ লক্ষ টাকা করে, ১৮ লক্ষ ৭ হাজার টাকা। আর্নিং পার মান্থ ৯৮ লক্ষ ৮৫ হাজার টাকা ট্রামে। আর সি টি সি-র বাসে ১ কোটি ৬০ লক্ষ টাকা। এক্সপেনডিচার কত ? ট্রামে ৮ কোটি ১০ লক্ষ ৬০ হাজার টাকা। আর বাসে হচ্ছে ২ কোটি ১৬ লক্ষ ৮৮ হাজার টাকা। তাহলে আপনি কী করে চালাবেন ? এই অবস্থায় কেন আপনার ব্যয়-বরাদ্দকে সমর্থন করব ? কেউ একে সমর্থন করতে পারে না। আপনাদের দলের সদস্যারা নিজেদের বিবেককে দলের কাছে বন্ধক দিয়েছেন। তাই তাঁরা আপনার ব্যয়-বরাদ্দকে সমর্থন করতে পারছেন। আমাদের দলের পক্ষ থেকে এরকম ব্যয়-বরাদ্দ এখানে পেশ করা হলে আমি তা সমর্থন করতে পারতাম না। পরিবহন এমনই জিনিস এ রকম অবস্থায় আমি দলে থেকেই বিতর্কে অংশ গ্রহণ করেও বিরোধিতা করতাম। ওঁরা বিবেক দলের কাছে বন্ধক দিয়েছেন, তাই সমর্থন করতে বাধ্য হচ্ছে। আমরা বিবেক বন্ধক দেওয়া দল করি না। আমরা বিবেক বন্ধক দেওয়া দলের কর্মী নই। আমরা দেখছি এখানে ডেফিসিট পার মান্থ ট্রামের ক্ষেত্রে ৭১১.৭৫ লক্ষ টাকা ; আর ট্রাম কর্পোরেশনের বাসের ক্ষেত্রে ৫৬.৮৮ লক্ষ টাকা। এই অবস্থায় দাঁড়িয়ে আপনি আজকে ট্রান্সপোর্টের বিভিন্ন কথা বলছেন কী করে ? প্রশ্নটা এখানে।

[3.40—3.50 p.m.]

প্রশ্ন হচ্ছে, মিডি বাস কতগুলি কিনেছেন এবং তার মধ্যে কতগুলি রুটে চলাচল করছে ? মুখ থুবড়ে অবশ্য যায়নি, চাকাগুলি দুলতে দুলতে যাচ্ছে। ডাব্‌ল ডেকার কত কিলোমিটার চলার পর বসিয়ে দিচ্ছেন ? কতগুলি রুটে চলছে তা মাননীয় মন্ত্রী মহাশয় সভার সামনে রাখবেন। একটি মানুষের বিরুদ্ধে—হোয়েদার পি. ভি. ডি., হোয়েদার দ্যাট ইজ এ সেক্রেটারিয়েট আর রিজিওনাল—ভিজিল্যান্সের ব্যাপার রয়েছে। জ্যোতিবাবু থাকাকালীন একজনের ট্রান্সফারের অর্ডার হয়েছিল। কিন্তু তাঁকে ট্রান্সফার করেননি। যেহেতু আপনাদের পার্টির কমরেড তাই তাঁকে ডেপুটি ডাইরেক্টর করে পার্টিরাজ কায়েম করেছেন এবং পি. ভি. ডি.-তে করাপশনের বাস্তুঘুঘুতে আপনারা পরিণত করেছেন। প্রশ্ন হচ্ছে, ডিলিং অ্যাসিট্যান্ট যেখানে ক্লারিকালে ১ : ১ অ্যাপ্রুভ করা হচ্ছে অর্থাৎ ওয়ান ইউ. ডি. এগেনেস্ট ওয়ান এল. ডি.। আপনারা সেটা করেননি। ট্যাক্স সেকশনে আপনারা কম্পিউটার করেছেন কিন্তু আর. টি. এতে নেই। আমি একটা ছবি দেখাচ্ছি যেটা কমার্স অ্যান্ড ইন্ডাসট্রি, গভর্নমেন্ট অফ ওয়েস্ট বেঙ্গল দিয়েছে। প্রত্যেকের কাছে এই ছবি গেছে। ফ্লাইওভারের স্বপ্নের ছবি। আমি অনুরোধ করব, আগামী ৫ বছর যুবভারতী ক্রীড়াঙ্গনের দিকে মন না দিয়ে, দুর্বৃত্তদের দিকে মন না দিয়ে, ফাংশানের দিকে মন না দিয়ে, পার্টির মিছিলের দিকে মন না দিয়ে, পরিবহনের দিকে মন দিয়ে ফ্লাইওভারের এই স্বপ্নের ছবিটা আঁকুন, পরিবহন ব্যবস্থার

উন্নতিসাধন করুন। এই কথা বলে এই ব্যয়-বরাদ্দের বিরোধিতা করে এবং আমাদের আনীত ছাঁটাই প্রস্তাবকে সমর্থন করে আমার বক্তব্য শেষ করছি।

শ্রী নারায়ণ বিশ্বাস : মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমাদের সদস্যরা বাজেটের উপর যে মূল্যবান আলোচনা করেছেন তার জন্য তাদের ধন্যবাদ জানাচ্ছি আপনার মাধ্যমে। এখানে মাননীয় সদস্য শ্রী তাপস রায় একটা ছবি দেখিয়ে আমাদের মন্ত্রী সুভাষদার কাছে আবেদন করেছেন যে, আগামী ৫ বছরের মধ্যে এই ছবির বাস্তবায়ন করার জন্য। আমি তার জন্য তাঁকে ধন্যবাদ জানাচ্ছি, কিন্তু পাশাপাশি তাঁকে প্রশ্ন করতে চাই, বাজেট বরাদ্দ যদি অনুমোদন না করেন তাহলে এইসব করা হবে কি করে ? এইসব করার জন্য টাকা-পয়সা দরকার। কাজ করতে গেলেই টাকা লাগবে এবং তার জন্যই বরাদ্দের অনুমোদন দিতে হবে। এর বিরোধিতা করলে স্বপ্ন সফল করবে কি করে জানি না। আমি আবেদন করছি, আমরা মাত্র ২ ঘন্টা সময় পাই। এই ২ ঘন্টার মধ্যে পরিবহনের মতো জটিল বিষয় নিয়ে আমাদের আলোচনা করতে হয়। সুতরাং আমাদের আলোচনা যদি তার মধ্যেই সীমাবদ্ধ থাকে তাহলে আমরা অনেক বেশি উপকৃত হবো। আমাদের দায়িত্বশীল সদস্যরা যদি আলোচনাটা গঠনমূলক করেন তাহলে পরে আমরাও উপকৃত হবো এবং আমাদের রাজ্যও উপকৃত হবে। কিন্তু বিরোধীরা এত বেশি উল্টো-পাল্টা কথা বলেন যার সঙ্গে মূল বিষয়ের কোনো সম্পর্ক নেই। এইসব কথাবার্তা বলে তারা সময় নষ্ট করেন। আমি এই কথা বলছি না যে পরিবহন খুব সুন্দর আছে, এর কোনো সমস্যা নেই—একথা কখনোও আমি বলছি না।

আজকে পরিবহন পরিচালনার ক্ষেত্রে আমরা যে উদ্যোগগুলি নিয়েছি আমরা চাই সেই উদ্যোগগুলিকে সুন্দরভাবে এগিয়ে নিয়ে যেতে। আমরা জানি সমস্যা আছে এবং সেগুলি খুবই জটিল সমস্যা। আলোচনার সময় একজন মাননীয় সদস্য অ্যাক্সিডেন্টের কথা বলছিলেন। আচ্ছা আপনারাই বলুন তো কলকাতা শহরে যেভাবে মানুষ চলাচল করে, যানবাহন চলাচল করে এরকম কোনো শহর আছে কি ? এই পরিমাণ রাস্তা দিয়ে এতো বিপুল সংখ্যক যানবাহন, এতো বিপুল সংখ্যক মানুষ একসঙ্গে চলাচল করে কি ? আমি দায়িত্ব নিয়ে বলতে পারি যে দিল্লি বা বম্বেতে যে পরিমাণে অ্যাকসিডেন্ট হয় তার থেকে অনেক কম অ্যাকসিডেন্ট কলকাতায় হয়। সমস্যাটা কিন্তু অন্য জায়গায়। আমরা চাইলেই বা ইচ্ছা করলেই কলকাতায় রাতারাতি রাস্তাগুলি বড় করা যাবে না, সে বাস্তবতা এখানে নেই। রাস্তা যদি বড় করা যায় তাহলে অ্যাকসিডেন্ট কমতে পারে এবং তার জন্য আমাদের দিক থেকে আমরা প্রচেষ্টা নিয়েছি। বিরোধী দলের একজন মাননীয় সদস্য বললেন, কই পরিবহনের উন্নতির জন্য আলোচনায় আপনারা তো আমাদের ডাকেন না। এটা ঠিক নয়। কয়েকদিন আগেই আমরা দুটি কনফারেন্স করেছি এবং তাতে দলমত নির্বিশেষে সবাইকে ডেকেছি—বাসের মালিক, শ্রমিক, কর্পোরেশন, সবাইকে ডেকেছি। সেখানে কিভাবে বিশেষ করে কলকাতা এবং পাশের ৪টি জেলার সমস্যার সমাধান করতে পারি তা নিয়ে আমরা আলোচনা করেছি। বিরোধী দলের একজন মাননীয় সদস্য বললেন যে আমরা নাকি শ্রমিকদের মারছি। আপনি জেনে রাখুন, শ্রমিকদের জন্য যে জন-সুরক্ষা প্রকল্প আমরা গ্রহণ করেছি তা কি করে সঠিকভাবে চালু করা যায় তার জন্য আমরা মালিকদের বক্তব্য, শ্রমিকদের বক্তব্য শুনেছি এবং এইভাবে পরস্পরের

ইনটারাক্যাকসানের মাধ্যমে আমরা চাইছি ব্যবস্থাটা উন্নত করতে। আপনারা জানেন, আমাদের সরকারের অন্যতম নীতি হচ্ছে বিকেন্দ্রীকরণ। পরিবহনের ক্ষেত্রেও আমরা সেই নীতি অনুযায়ী আর. টি. ও-র পাশাপাশি জেলা পরিষদের স্থায়ী সমিতি করেছি। স্থায়ী সদস্য সেখানে রয়েছেন। মাননীয় সদস্যরা বলছিলেন বাসের সমস্যার কথা। সেখানে ডি. এম. কে চেয়ারম্যান করে কমিটি করা হয়েছে। সেখানে আপনাদের সমস্যার কথাটা বলার জন্য আমি অনুরোধ করছি। বাস রুটের ব্যাপারে, বাস চলাচলের ব্যাপারে যে সমস্যা বা অসুবিধা আছে আপনারা সেখানে বলুন এবং প্রয়োজনে সরাসরি আমাদের বলুন। ত্রুটি যেগুলি রয়েছে আমরা দেখবো যাতে সেগুলি না থাকে। আপনাদের সকলের সহযোগিতা এবং পরামর্শের মধ্যে দিয়েই আমরা চাইছি পরিবহন পরিষেবার উন্নতি করতে। এই বলে বাজেট বরাদ্দ অনুমোদন করার জন্য আপনাদের অনুরোধ জানিয়ে, সমস্ত কাট মোশানের বিরোধিতা করে এবং সকলকে ধন্যবাদ জানিয়ে শেষ করছি।

শ্রী সুভাষ চক্রবর্তী : মাননীয় চেয়ারম্যান মহাশয়, পরিবহন বিভাগের নানান কাজকর্ম পরিচালনার জন্য সংশ্লিষ্ট খাতে ব্যয়-বরাদ্দে দাবি যা আমি চেয়েছি সেই প্রস্তাবের উপর বিরোধী পক্ষ থেকে যে সমস্ত কাট মোশান বা ছাঁটাই প্রস্তাব এসেছে সেগুলি আমি মনে করছি উদ্দেশ্য প্রণোদিত, রাজনৈতিক সংকীর্ণ দৃষ্টিবাহক এবং বিরোধীদের বিরোধিতা করার উদ্দেশ্য নিয়েই দেওয়া। এর তাৎপর্য আমার কাছে গুরুত্ববহ নয়। আমি তাই সমস্ত ছাঁটাই প্রস্তাবগুলির বিরোধিতা করছি।

[3.50—4.00 p.m.]

আজকের এই আলোচনায় ১০ জন বিধায়ক এবং আমাদের রাষ্ট্রমন্ত্রী অংশগ্রহণ করেছেন। আমি সকলকে ব্যক্তিগতভাবে আন্তরিক ধন্যবাদ, সাধুবাদ জানাই। বিরোধিতার নামে বিরোধিতা করতে গিয়ে বিরোধীপক্ষ অনেক গঠনমূলক কথা বলেছেন, অনেক সমস্যার গভীরে যাবার চেষ্টা করেছেন। সমস্যাকে আমরা কখনো এড়িয়ে যাই না। সমালোচনার যেমন নেতিবাচক দিক থাকে, তেমনি ইতিবাচক দিকও তাতে খুঁজে পাওয়া যায়। নিশ্চয়ই সরকারি প্রকল্প রূপায়ণ এবং রচনার ক্ষেত্রে যেসব কথা উত্থাপিত হয়েছে তা রাজ্য সরকারকে ভীষণভাবে সাহায্য করবে। সেজন্য যাঁরা সমালোচনা করেছেন, মন্তব্য আকারে নানা কথা যা বলেছেন, আমি ভবিষ্যতে দেখবো তা থেকে ইতিবাচক রসদ সংগ্রহ করে রাজ্যের পরিবহন ব্যবস্থাকে আরো শক্তিশালী করতে পারি কিনা। আমি বিধানসভায় বহু বছর ধরে আছি, প্রায় ২৫ বছর ধরে আছি। আলোচনাটা সীমাবদ্ধ হয়ে যাচ্ছে চার-পাঁচটি কর্পোরেশন কি করেছে সে ব্যাপারে। এবং তার অনেকগুলো বিস্তারিত দিক তুলে ধরবার চেষ্টা করেছেন যা নানারকম আর্থিক ক্রিয়াকাণ্ডের সঙ্গে যুক্ত। বিভিন্ন পরিকল্পনা রূপায়ণের ক্ষেত্রে বন্ধুবর নিখিল মুখার্জী এবং আমার সতীর্থদের অনেকেই বিভিন্ন কথা বলেছেন। আমি তাকে বিরোধিতা বলবো না, তা বলছিও না, সেটা সহজ ভঙ্গিতেই গ্রহণ করবো, কিন্তু তাঁরা একটা গণ্ডীর মধ্যে সেটা রেখে দেবার চেষ্টা করেছেন। আজকে পরিবহনের দায়-দায়িত্ব বলতে যদি পাঁচটি কর্পোরেশন কি করেছে, সেখানে কত লাভ-ক্ষতি হয়েছে সেটা দেখি, তাহলে সামগ্রিক

বিষয় থেকে, পরিবহন বিভাগের যে দায়-দায়িত্ব এবং দায়বদ্ধতা, সেটাকে অস্বীকার করবো। আজকে পরিবহন আমাদের সমাজে, আমাদের দেশে, সারা পৃথিবীতে অর্থনৈতিক দিক থেকে অত্যন্ত গুরুত্বপূর্ণ। আজকে আমাদের সামাজিক কাঠামোয় পরিবহন হচ্ছে সবচেয়ে গুরুত্ববাহী কর্মসংস্থানের ক্ষেত্রে। কর্মসংস্থানের ক্ষেত্রে প্রথমে কৃষি, তারপরেই পরিবহনের স্থান। এক কথায় বলি, ট্রান্সপোর্ট এটা আমাদের সমাজের সবচেয়ে বড় চাহিদা এবং কর্মসংস্থানের চাহিদার সঙ্গে সম্পৃক্ত হয়ে আছে পরিবহনের নানা কাজ। এবং এটা আমরা চাই বা না চাই, এ্যারোপ্লেন থেকে শুরু করে ভ্যান-রিকশা পর্যন্ত সেটা অন্তর্গত। পরিবহন বিভাগের মূল কাজটা আমি মনে করি পরিকল্পিতভাবে সরকারের অর্থনৈতিক কাঠামোকে রক্ষা করার ক্ষেত্রে, রূপায়ণের ক্ষেত্রে দৃঢ় পদক্ষেপ এবং সেই সঙ্গে কি করে কর্মসংস্থানের বিষয়টাকে এই কাজের মধ্যে অগ্রাধিকার দেওয়া যায়, আমাদের রাজ্য সরকার মূলত ওই ভাবনায় ভাবিত হয়েই এই কাজটা করছেন। ঠিকই, আমাদের নুন আনতে পান্তা ফুরোয় ; আমাদের অর্থের অভাব আছে, সঙ্গতির অভাব রয়েছে। আমি সমস্ত সমালোচনা নস্যাৎ করছি। আমাদের লস যা হচ্ছে তাতে আমার বিশ্বাস এবং যেটা জানি, শহরের উপর দৈনন্দিন যে পরিবহন—বাস, ট্রাম ইত্যাদি, সেখানে পৃথিবীর সমস্ত বড় বড় শহরে, এমন কি ওয়াশিংটনেও সাবসিডি দিতে হয়। বম্বেতে সাবসিডি দেওয়া হয়, দিল্লিতে সাবসিডি দেওয়া হয়, সর্বত্র দেওয়া হয়। সাবসিডি বাদ দিয়ে শহরের দৈনন্দিন যোগাযোগ রক্ষা যাতায়াতের জন্য পরিবহন ব্যবস্থা, সরকারি উদ্যোগে রক্ষা করা সম্ভব নয়। বেসরকারি ক্ষেত্রে লাভ হয়। কিভাবে সেটা হয় সেটা যদি দেখেন তাহলে দেখবেন অত্যন্ত নির্মম কষ্টকর। আমাদের বাধ্যবাধকতার ক্ষেত্রে এটা আমরা মেনে নিয়েছি। আমি জানি বেসরকারি একটা বাসের মালিক তার সমস্ত দেনা পাওনা মিটিয়ে দিয়ে আজকের দিনের হিসাবে সে মাসে ১৬ হাজার থেকে ১৮ হাজার টাকা লাভ করে। কর্মচারীদের বেতন এবং সমস্ত কিছু মিটিয়ে দিয়ে ১৬ হাজার থেকে ১৮ হাজার টাকা লাভ করে। কেন হয় দেখুন। প্রথমত ওরা কর্মী যা নেয় তার সংখ্যা খুব কম। দ্বিতীয়ত তাদের যে সুযোগ সুবিধাগুলি আছে—মে দিবসের সংগ্রামের পরবর্তীকালে শ্রমিকদের যে রক্ষা কবজ সৃষ্টি হয়েছে, বিশেষ করে দ্বিতীয় বিশ্বযুদ্ধের পর সব দেশে ৮ ঘণ্টার কাজকে মেনে নিয়েছে, এই সংশ্লিষ্ট কতকগুলি বিশ্ব শ্রম আন্দোলন দেশের শ্রমিকদের স্বপক্ষে আইন তৈরি হয়েছে। রাষ্ট্রীয় আইন যেগুলি আছে তা তাদের পক্ষে কিছু দেওয়া আছে। এই দেওয়ার ফলে কার্যত লাভ হয় না। সরকারিভাবে এটা অস্বীকার করা যায় না। রাজ্য সরকার এবং কেন্দ্রীয় সরকার তাদের নিজেদের কর্মচারীদের জন্য তাদের নিজস্ব আইন ভাঙতে পারে না। এই বিধানসভায় আইন করবো আর বাইরে গিয়ে মানবো না তাহলে আমাদের কাছ থেকে কি শিখবে, সমাজ কি শিখবে, দেশ কি শিখবে। রাষ্ট্রীয় সংস্থা বা প্রতিষ্ঠানকে স্বাভাবিকভাবে আমাদের সেটা দিতে হচ্ছে। তা সত্ত্বেও আমরা এখনও পর্যন্ত নিখিল মুখার্জী উল্লেখ করেছেন—সর্বক্ষেত্রে আমরা পেনশান চালু করতে পারিনি। আমি অর্থ দপ্তরের সঙ্গে কথাবার্তা বলেছি। আমাদের বিভাগ যুক্ত থেকে হিসাব নিকাশ করছে। আমি আশা করি, সরকারি খাতায় যখন আছে, পলিশি ডিসিশান সরকারি পর্যায়ে হয়েছে, এই প্রোটেকশান যেটা আমরা সি. এস. টি. সি-র ক্ষেত্রে দিচ্ছি, এস. বি. এস. টি. সি-র ক্ষেত্রে দিচ্ছি তখন অন্য কর্মচারীরাও পাবেন। এর থেকে বেশি

মন্তব্য আমি করতে পারবো না। কিন্তু আমাদের তো নুন আনতে পান্তা ফুরোয়। বাজেটে বলা আছে অনেকগুলি কাজ আমাদের কাছে এসেছে, আমাদের অনেকগুলি দিকে লক্ষ্য রাখতে হচ্ছে। আজকে এই শিল্প, এই শিল্পের অবস্থাটা কি। সর্বোপরি যারা এই শিল্প ব্যবহার করবে, যারা বেনিফিসিয়ারি—শিল্প বলতে আমি শুধু পরিবহন শিল্পের কথা বলছি না, যারা নির্মাণ শিল্পে যুক্ত—সারা পৃথিবীতে একটা ভয়ংকর ক্রাইসিস চলছে। পরিবহন নির্মাণ শিল্প আজকে ডেট্রয়েটে ফোর্ড-এর মতো কোম্পানি বন্ধ হয়ে গেল। অনেক বড় বড় কারখানা বন্ধ হয়ে গেল নিত্য নতুন প্রযুক্তির বিকাশের ফলে। গাড়ির কত ধরনের বিকাশ ঘটেছে, উৎপাদনের বিকাশ ঘটছে। আমরা যখন সরকারে আসি ১৯৭৭ সালে, আমার তথ্য থেকে আমি জানি কলিকাতায় গাড়ি চলতো ৮০ হাজার। আজকে কলিকাতায় গাড়ি চলে ১২ লক্ষ থেকে ১৩ লক্ষ। আজকে এই ১২ লক্ষ ১৩ লক্ষ গাড়ি চলে কিন্তু আমাদের রাস্তা বাড়েনি। বরং আমাদের রাস্তা নানা কারণে সংকুচিত হয়ে আছে। আমাদের রাজ্যে কিছু ওভার ব্রীজ বানানোর চেষ্টা করা হচ্ছে। এইগুলি সময় মতো হবে কিনা এই নিয়ে নানা কথা বলেছেন। আমি দ্ব্যর্থহীন ভাষায় কথা দিচ্ছি প্রতিটি ফ্লাইওভার, তার যে নির্দিষ্ট সময় সীমা আছে সেই নির্দিষ্ট সময় সীমার অন্তত ২ মাস আগে শেষ হবে। প্রতিটি ফ্লাইওভারে যে নির্দিষ্ট সময় সীমা দেওয়া আছে তাতে ২০০৪ সালের এপ্রিলের মধ্যে সবগুলির শেষ হয়ে যাওয়ার কথা। ২০০৩ সালের শেষ দিকে আমরা সবগুলি আশা করছি শেষ করতে পারবো। আমাদের যারা কাজ করছে, যারা এই প্রচেষ্টার সঙ্গে যুক্ত, নানা বিষয়ে যুক্ত নানা পরীক্ষা-নিরীক্ষার সঙ্গে যুক্ত তাদের সঙ্গে আমাদের বিভিন্ন পর্যায়ে সভা সমিতি প্রতিটি পর্যায়ে হচ্ছে। আমি প্রত্যাশা নিয়ে বলছি প্রতিটি ফ্লাইওভার অন্তত ২ মাস আগে শেষ করবো।

[4.00—4.10 p.m.]

অনেক ব্যাপারে আমাদের অকুলান আছে, অনেক ঘাটতি আছে। সেগুলোর চাহিদা ক্রমশ বাড়ছে। এখানে যে ইউটিলিটি ফেসিলিটিজ সেটা কলকাতাতে যেভাবে জটিল হয়ে আছে, তাকে সরিয়ে নিয়ে নতুন করে শুরু করতে অনেক সময় লাগছে। সেটা ওরা আগেই না জানিয়ে করেছেন। তবে আমরা চেষ্টা করব সময়সীমার মধ্যে শেষ করতে। আমাদের পথঘাট বেড়েছে। সারা পশ্চিমবাংলায় ৮-১০ হাজার কিলোমিটার মোটরঅ্যাবল্‌ পথ বেড়েছে। এটা হচ্ছে বামফ্রন্ট সরকারের সাফল্য। এখন মানুষের ক্রয়ক্ষমতা বেড়েছে। এখন মানুষ হেঁটে না গিয়ে রিকশায় চলতে চায়। আর্থ-সামাজিক উন্নয়নের যে সাফল্য তার ফলে—জটুয়াসাহেব যথার্থভাবেই বলেছেন—দূর সুন্দরবনে আজ থেকে বিশ বছর আগে কেউ ভাবত না, সেখানে বাসের দাবি উঠেছে। রাস্তা তৈরি হয়ে গেছে। প্রযুক্তি, বিজ্ঞান এবং পরিবেশের সঙ্গে সঙ্গতি রেখে চলতে গিয়ে আমাদের হোঁচট খেতে হচ্ছে। আমি আশা করবো এটাকে আপনারা মেনে নেবেন। একটা উদ্দেশ্য নিয়ে—এটা হয়েই থাকে—বিরোধী দলের সদস্যদের ছাঁটাই প্রস্তাব আনতে হয়। তাঁরা এই ব্যয়বরাদ্দের দাবির মধ্যে যে ছাঁটাই প্রস্তাব এনেছেন, আমি অনুরোধ করব, এটা আপনারা প্রত্যাহার করে নিন। এই কথা বলে আমার ব্যয়বরাদ্দের সমর্থনে আমার বক্তব্য শেষ করছি।

Mr. Speaker: Now voting on Demands for Grant—Demand No. 12. There are 13 cut motions to Demand No. 12. I put all the motions to vote.

The motion (No. 1) that the amount of the Demand be reduced to Re. 1/-, was then put and lost.

The motions (Nos. 2-13) that the amount of the Demand be reduced by Rs. 100/-, were then put and lost.

The motion of Dr. Asim Kumar Dasgupta that a sum of Rs. 10,16,80,000 be granted for expenditure under Demand No. 12, Major Head : "2041-Taxes on Vehicles" during the year 2001-2002. (This is inclusive of a total sum of Rs. 3,38,93,000 already voted on account in February, 2001),

was then put and agreed to.

Mr. Speaker: Now voting on Demands for Grant—Demand No. 77. There is no cut motion to Demand No. 77.

The motion of Dr. Asim Kumar Dasgupta that a sum of Rs. 2,30,35,000 be granted for expenditure under Demand No. 77, Major Head : "3051-Ports and Lighthouses" during the year 2001-2002 (This is inclusive of a total sum of Rs. 76,78,000 already voted on account in February, 2001.),

was then put and agreed to.

Mr. Speaker: Now I am taking up Demand No. 78 for voting. There are 5 cut motions to Demand No. 78. I put all of them to vote.

The motions that the amount of the Demand be reduced by Rs. 100/-, were then put and lost.

The motion of Dr. Asim Kumar Dasgupta that a sum of Rs. 1,02,44,000 be granted for expenditure under Demand No. 78, Major Head "3053-Civil Aviation" during the year 2001-2002.

(This is inclusive of a total sum of Rs. 34,15,000 already voted on account in February, 2001).

was then put and agreed to.

Mr. Speaker: Now voting on Demands for Grant—Demand No. 80 is taken up. There are 27 cut motions to Demand No. 80. I put all of them to vote.

The motion (No. 1) that the amount of the Demand be reduced to Re. 1/-, was then put and lost.

The motions (Nos. 2-27) that the amount of the Demand be reduced by Rs. 100/-, were then put and lost.

The motion of Dr. Asim Kumar Dasgupta that a sum of Rs. 461,64,80,000 be granted for expenditure under Demand No. 80, Major Heads : "3055-Road Transport, 3056-Inland Water Transport, 5055-Capital Outlay on Road Transport, 5056-Capital Outlay on Inland Water Transport, 5075-Capital Outlay on Other Transport Services and 7055-Loans for Road Transport" during the year 2001-2002.

(This is inclusive of a total sum of Rs. 152,21,59,000 already voted on account in February, 2001),

was then put and agreed to.

Demand No. 81

Mr. Speaker : There is no cut motion on Demand No. 81.

The motion of Dr. Asim Kumar Dasgupta that a sum of Rs. 6,00,00,000 be granted for expenditure under Demand No. 81, Major Head : "7075—Loans for Other Transport Services" during the year 2001-2002.

(This is inclusive of a total sum of Rs. 2,00,00,000 already voted on account in February, 2001,)

was then put and agreed to.

Mr. Speaker : Mr. Sobhan Deb Chattopadhyay, what is your point of information ?

POINT OF INFORMATION

শ্রী শোভনদেব চট্টোপাধ্যায় : স্যার, অন এ পয়েন্ট অফ ইনফরমেশান, আপনাকে জানাই যে, পশ্চিমবঙ্গে অনেকগুলো কারখানা পাবলিক সেক্টর আন্ডারটেকিংয়ে মাইনে হচ্ছে না। আজকে কলকাতা শহরে মনোহর যোশী, অনারেব্‌ল মিনিস্টার অফ ইন্ডাস্ট্রি এসেছেন, আমরা দেখা করতে গেছিলাম। আমরা দেখা করে তাঁকে বলেছি দুটো কোম্পানি বার্ন স্ট্যান্ডার্ড এবং ন্যাশানাল ইন্সট্রুমেন্ট কোম্পানি যে বন্ধ আছে তার ফলে বার্ণ স্ট্যান্ডার্ডে

৩ মাস বেতন হয়নি এবং ন্যাশানাল ইন্সট্রুমেন্টে ৬ মাস হয়নি বেতন। আমরা তাঁকে অবিলম্বে কোম্পানিগুলো খোলার জন্য আবেদন করেছি। তাতে তিনি বলেছেন হোয়েদার ওয়ার্কারস্ আর রেসপনসিবিল অর নট। আমরা ক্যাটিগরিক্যালি তাঁকে বলেছি ওরা রেসপনসিবিল নয়। তিনি জানালেন যে, বার্ন স্ট্যান্ডার্ড নাকি ৪৭০টি ওয়াগনের যে অর্ডার ছিল, সেগুলো সাপ্লাই করতে পারেনি। যার ফলে অর্ডার বন্ধ করে দেওয়া হয়। তিনি সব কিছু শুনে জানালেন যে, ওদের মাইনে যাতে রিলিজ করে দেওয়া যায় তার ব্যবস্থা নেবেন।

PRESENTATION OF COMMITTEE REPORT

7th Report of the Business Advisory Committee

Mr. Speaker: Very well. Now I beg to present the 7th Report of the Business Advisory Committee. The Committee met in my chamber today and recommended the programme of business from the (Revised Programme of Business for the 17th July, 2001 and Programme of Business from the) 18th July to the 20th July, 2001,

Revised Programme of Business for the 17th July, 2001 and Programme of Business from the 18th July to the 20th July, 2001 (as adopted by the House on the Seventh Report of the Business Advisory Committee presented on the 16th July, 2001)

17.7.2001, Tuesday	(i) Demand No. 57	Co-operation Deptt.	2 hours
	(ii) Demand No. 49 (iii) Demand No. 50	Animal Resources Development Deptt.	1 hour
	(iv) Demand No. 73	Cottage & Small Scale Industries Deptt.	2 hours
18.7.2001, Wednesday	(i) Demand No. 32 (ii) Demand No. 33 (iii) Demand No. 34	Health & Family Welfare Deptt.	4 hours
19.7.2001, Thursday	Demand No. 21	Home (Police) Deptt.	4 hours
20.7.2001, Friday	(i) Demand No. 37 (ii) Demand No. 90	Municipal Affairs & Urban Development Departments	2 hours
	(iii) Demand No. 41	Backward Classes Welfare Department	2 hours

Here I am informing the Members that this decision was a majority decision. There are three dissenting votes and the majority decision has been placed before you. I have before me a motion given by Shri Saugata Roy. The motion is that on 19th July, 2001, instead of discussion of the budget of the Home (Police) Department for four hours, the discussion on the Budget of the I & CA Department should be taken up for 2 hours.

(Noise)

Let the motion be moved first. We will have a discussion. We have a discussion in the B.A. Committee. Now you have given the motion. I have placed the motion before the House. I will ask you to move the motion. Then we will put your motion to vote. Now you move your motion.

শ্রী সৌগত রায় : স্যার, একটা কথা বলছি যে, বিজনেস অ্যাডভাইসারি কমিটির যে ডিসকাসান হয় সেটা ইন ক্যামেরা থাকে। এটা বাইরে বলতে পারি না, হাউসের মধ্যেও বলতে পারি না। এই ক্ষেত্রে আমি বলতে চাই আমি মোশান এইজন্য দিয়েছি যে, ১৯ তারিখে আপনার বিরুদ্ধে নো কনফিডেন্স মোশান আমরা এনেছি। আবার সেইদিনই অনারেবেল চিফ মিনিষ্টারের হোম পুলিশের ৪ ঘণ্টার ডিবেট রয়েছে। নো কনফিডেন্সের গুরুত্ব মনে করে এবং যেহেতু চিফ মিনিস্টার বৃহস্পতিবার দিনই আসেন, সেইজন্য ওইদিন ইনফরমেশান অ্যান্ড কালচার ডিপার্টমেন্টের ২ ঘণ্টার ডিবেটের ব্যবস্থা করুন।

[4.10—4.20 p.m.]

আমরা এটা বি এ কমিটিতে বলেছিলাম, শোভনদেব চট্টোপাধ্যায় অসিত মিত্র এবং আমি এটা বলেছিলাম, বি এ কমিটিতে সেটা বাই মেজরিটি ওভার রুল হয়েছে। হাউসে পার্লামেন্টারি অ্যাফেয়ার্স মিনিস্টার মোশান দেবেন; আমরা তার অ্যামেন্ডমেন্ট মুভ করতে চাই। আমাদের লিডার অফ দি অপজিশান এই ব্যাপারে কাউল অ্যান্ড সাকদার থেকে কোট করে পয়েন্ট অফ অর্ডার তুলবেন। আমার মনে হয় এটা জেদাজেদির ব্যাপার নয়। বি এ কমিটির রিপোর্টের উপর ভোটাভুটি কবে হয়েছে আমার স্মরণে নেই, অনেকদিন হয়নি। আমরা চাইনা এটা এইভাবে পাস হোক। এ ক্ষেত্রে আমরা আমাদের ডিসেন্টকে রেকর্ড করাতে চাইছি। তার জন্য ভোটাভুটিতে যেতে হবে। আপনার বিরুদ্ধে নো কনফিডেন্স মোশান মুভ হবে, আর সেইদিন হোম পুলিশ বাজেট আলোচনা হবে, এটা আপনি করবেন না। আমার রিকোয়েস্ট হচ্ছে, হোম পুলিশ আর নো কনফিডেন্স মোশান একই দিনে আলোচনা করবেন না, তাহলে ডিসেন্সি থাকবে না। নো কনফিডেন্স মোশান যতটা গুরুত্ব দিয়ে আলোচনা করা দরকার, সেটা আমরা পারব না।

মিঃ স্পিকার : Let the report be placed first.

শ্রী প্রবোধচন্দ্র সিন্‌হা : মাননীয় অধ্যক্ষ মহাশয়, কার্য উপদেষ্টা কমিটির সপ্তম প্রতিবেদনে যে সুপারিশ করা হয়েছে তা গ্রহণের জন্য সভায় প্রস্তাব উপস্থাপন করছি।

শ্রী পঙ্কজ ব্যানার্জী : আমরা যে মোশানটা দিয়েছি সেটা দিয়েছি এই কারণে ১৯ তারিখে দুটো বিষয় আপনি গ্রহণ করেছেন। আপনার চেয়ারম্যানশিপে যে সিদ্ধান্ত গ্রহণ করেছেন, আমাদের দলের প্রতিনিধিরা সেখানে প্রতিবাদ করেছিলেন। প্রতিবাদ করেছিলেন এমন দুটো বিষয় নিয়ে যে দুটো বিষয় এক দিনে দিয়েছেন। আমার ধারণা, দুটো বিষয় দুই দিনে যদি আলোচনা করা হয় তাহলে বিস্তারিত আলোচনা করতে পারবো এবং যে উদ্দেশ্যে করছি সেটা ভালোভাবে প্রতিফলিত করতে পারবো। আপনি এই ব্যাপারে প্র্যাকটিস অ্যান্ড প্রসিডিওর অফ কাউল অ্যান্ড সাকদার পড়ে দিচ্ছি, পেজ ৬৫৮ "In view of the limited membership of the Committee and a large number of Opposition groups in the House, it is not possible for the Speaker to nominate members from each and every group. In order to make it as broad based as possible so that its recommendations could be acceptable to all sections of the House, certain prominent unattached members and members from some of the groups in the Opposition which do not find representation on the Committee are chosen by the Speaker and invited to attend its sittings." Sir, I repeat "In order to make it as broad based as possible so that its recommendations could be acceptable to all."

আমি শুধু এটুকু আপনাকে বলতে চাই, মাননীয় অধ্যক্ষ মহাশয়, আপনি যদি রি-কনসিডার করেন সেজন্য বলছি, আপনার যে কমিটি সেখানে আমাদের দুইজন আছে, প্রত্যেকটি দলের ১জন ২জন করে আছেন, বেশির ভাগ দলেরই রিপ্রেজেন্ট আছে। এই ব্যাপারে আপনি জাস্টিফাইড সকলকে নেওয়া সম্ভবপর নয়, প্রতি দলের দু-একজন করে আছেন। এই ব্যাপারে আমাদের কোনো আপত্তি নেই। ব্রড বেসড আউটলুক নিয়ে আপনার এটা পুনর্বিবেচনা করা উচিত। আমার মনে হয় দুইদিন ভাগাভাগি করে নিন তাহলে দুটো দিনে বিস্তারিতভাবে আলোচনা করে আমরা সিদ্ধান্তে উপনীত হতে পারি।

শ্রী আবদুল মান্নান : মাননীয় অধ্যক্ষ মহাশয়, যে বিষয়টি আপনার দৃষ্টি আকর্ষণ করতে চাই, বি এ কমিটিতে যে সিদ্ধান্ত হয় সেটা সর্বসম্মত সিদ্ধান্ত হয়। কিন্তু এই ব্যাপারে আমাদের বিরোধী পক্ষ থেকে যারা গিয়েছিলেন তাঁরা কাউল অ্যান্ড সাকদার পড়ে শুনিয়েছেন, আপনি তাঁদেরকে সেকেন্ড প্যারা দেখিয়ে দিয়ে বলেছেন, এটা পেরোগেটিভ ব্যাপার। এই ব্যাপারে আমাদের কোনো সন্দেহ নেই। আপনার অথরিটিকে আমরা চ্যালেঞ্জ করছি না। কিন্তু ফার্স্ট প্যারা নিয়ে যেটা বিরোধী দলের নেতা বললেন বি এ কমিটিতে যে সমস্ত রিপ্রেজেন্টেটিভরা থাকবে তাদের কাছে যাতে, অল সেকশানের কাছে গ্রহণযোগ্য হয়। কিন্তু এখানে ৯৫ জন বিরোধী দলের সদস্যর মধ্যে ৯০ জন সদস্য এর বিরোধিতা করছেন। মেজর সেকশান এটা গ্রহণ করছে না। এটা কোনো ইগোর ব্যাপার নয়। আপনি

নিজেও জানেন, চেয়ারের বিরুদ্ধে সেদিন একটা নো কনফিডেন্স মোশান মুভ করার কথা, ৩০ জন যদি দাঁড়ায় তাহলে আলোচনা হবে। হোম পুলিশ বাজেটের মতো একটা গুরুত্বপূর্ণ বাজেট সেদিন রাখার কি যুক্তি আমি জানি না, যখন ৯৫ জন বিরোধী সদস্যের অন্তত ৯০ জন এটা চাইছে না। আমার অনুরোধ, ১৮ তারিখ পর্যন্ত বিজনেস ঠিক থাকুক, তারপর কালকে বসে সবাই মিলে সিদ্ধান্ত নেওয়া হবে কবে কি বাজেট হবে। সবার কনসেনসাসের ভিত্তিতে হয়নি, এরকম নজির আগে নেই। আগেও আপনি অনেক উদার মনোভাব নিয়ে এগিয়েছেন, তাই আমার সাবমিশন, বায়াসড না হয়ে, সিদ্ধান্ত নিন, কোনো ভিনডিকটিভওয়েতে সিদ্ধান্ত নেবেন না।

শ্রী তপন হোড় : স্যার, বি. এ. কমিটি সম্বন্ধের রুলসের বইয়ের ২৮৪/১ ধারাতে পরিষ্কার বলা আছে It shall be the function of the Committee to recommend the time that should be allocated for the discussion of the stage or stages of such Government Bills and other business as the Speaker, in consultation with the Leader of the House, may direct for being referred to the Committee রুলসে যা আছে, প্রসিডিওর যা আছে, তাই আমাদের ফলো করতে হবে। আর, রিমুভ্যাল নোটিশ যেটা দিয়েছে, সেটা আপনার এক্তিয়ারে, ওদের এক্তিয়ারে নয়, এরা আপনাকে ডিকটেট করতে পারে না। সে ক্ষেত্রে আপত্তি করছি। এতদিন ওরা যে আচরণ করেছে, সেটা কনসেনসাসের মধ্যে আসে না। এরা সভ্যতা, শালীনতার যে পরিচয় দিয়েছে তার তীব্র বিরোধিতা করছি।

শ্রী শোভনদেব চট্টোপাধ্যায় : স্যার, বি. এ. কমিটির রেকমেন্ডেশনে সৌগত রায় যে অ্যামেন্ডমেন্ড দিয়েছে, সেটাকে কোনো সম্মানের লড়াইয়ের পর্যায়ে নিয়ে যাওয়া ঠিক হবে না। আপনার ঘরে বসে মিটিংয়ের মধ্যেও যেটা বলা হয়েছিল—একই দিনে দুটো গুরুত্বপূর্ণ বিষয় থাকা ঠিক যুক্তিযুক্ত হবে না। আপনার বিষয়ে নো কনফিডেন্স আছে, এই গুরুত্বপূর্ণ বিষয়ের পক্ষে বিপক্ষে সবাই বলবেন, নতুন সদস্যদের কাছে এটা শিক্ষনীয়ও হবে। সবাই যাতে এই আলোচনায় অংশগ্রহণ করতে পারেন, সেইজন্য ওইদিন হোম পুলিশের বাজেট রাখলে বিষয়টা ডাইলিউটেড হয়ে যাবে। কাউল অ্যান্ড সাকদের বইতে কি রেকমেন্ডেশন আছে সেদিকে যাচ্ছি না। আপনার কাছে আবেদন করছি, যেদিন আপনার বিরুদ্ধে নো কনফিডেন্স আছে, সেদিন হোম পুলিশের বাজেট না রেখে, মুখ্যমন্ত্রীর অন্য দপ্তর—ইনফরমেশন অ্যান্ড কালচারের বাজেট রাখুন, হোম পুলিশের বাজেটের জন্য অন্য দিন রাখুন, তাহলে দুটোরই গুরুত্ব থাকবে। আপনিও অনেক সময় বলেন—হাউস বিলংস টু দা অপোজিশন। তাই বিরোধী ৯৫ জন সদস্যের মধ্যে ৯০ জনের মতামত যখন এটা, তখন তাদের মতামতকে মর্যাদা দেবেন এই আশা করি।

[4.20—4.30 p.m.]

এর জন্য আমি বলছি স্যার, আপনার মর্যাদাও যাতে ক্ষুন্ন না হয় সেদিকে দেখবেন। আমরা যে কথাটা বলেছি সেটাকে আপনি যথেষ্ট মর্যাদা দেবেন। এই দুটো ব্যাপার দুদিনে

যাতে হয় সেই ব্যবস্থা করলে আমি বিশ্বাস করব আপনি আমাদের বক্তব্যকে মর্যাদা দিয়েছেন।

শ্রী অতীশ চন্দ্র সিনহা : মাননীয় অধ্যক্ষ মহাশয়, আপনি বিরোধী দলের বক্তব্য মোটামুটি শুনলেন। এটা ঠিক যে ১৯ তারিখে যদি দুটো আলোচনা হয়, হোম ডিপার্টমেন্ট এবং স্পিকারের বিরুদ্ধে অনাস্থা প্রস্তাব দুটোর গুরুত্বই কমে যাবে। এটা তো নিশ্চয় স্বীকার করেন যে, আপনার কাছে আশা করি যে, নিরপেক্ষতা বজায় রেখে দুটো জিনিসকে আলাদা ভাবে দেখবেন এবং ওই দিন মুখ্যমন্ত্রীর বাজেট আছে, সেইজন্য ওঁরই দপ্তর ইনফরমেশান কালচার সেটার আলোচনা হোক এবং আপনার বিরুদ্ধে অনাস্থা প্রস্তাব আলোচনা করা হোক। আপনি যদি ওইটা গ্রহণ করেন তাহলে বিরোধী দলের সদস্যদের যে মনোভাব যা তাদের বক্তব্যের মধ্যে প্রতিফলিত হয়েছে, তার প্রতি পূর্ণ মর্যাদা দেখানো হবে। এটা আপনি মর্যাদা দেবেন আমি আশা করি।

Mr. Speaker : Hon'ble Member, Shri Saugata Roy, has given a motion. That motion will be voted upon. He does not call for a ruling on my part. But I would like to make some comments on the submissions made by some hon'ble members.

Now Rule 285, sub-rule(1) relates to the function of Business Advisory Committee. We have to understand what the functions of the Committee are. The functions are :

"It shall be the function of the Committee to recommend the time that should be allocated for the discussion of the stage or stages of such Government Bills and other business as the Speaker, in consultation with the Leader of the House, may direct for being referred to the Committee."

Now such business, as I may direct to refer to the Committee, will be placed before the Committee and the Committee shall allot time. The Committee shall not allot the business.

Let me settle things first. Member want to usurp my powers. You want to become the Speaker. I cannot allow that. I am the Speaker. Till I am the Speaker I will exercise my powers. You, as a member of the Committee, will carry out the functions authorised and devolved on you by these rules.

Rules 285(1) says, "it shall be the function of the Committee to recommend the time that should be allocated for the discussion of the stage or stages of such Government Bills and other business

as the Speaker, in consultation with the Leader of the House may direct for being referred to the Committee."

Now you have referred to Kaul & Sakdher. I may draw your attention to Kaul & Sakdher on functions of the Business Advisory Committee.

"The function of the Committee is to recommend time for the discussion on various stages of Government and other business which the Speaker in consultation with the Leader of the House may direct to refer to the Committee. However, in practice the Committee also recommends allocation of time for discussion of financial business namely, general discussion of the budget, demand for grants in respect of various ministries, finance bill, and discussion on the motion of thanks on the President's Address though the power to allot time to such items is vested in the Speaker." বাজেট আমি আপনার কাছে নাও নিয়ে আসতে পারি।

That power is vested in me. I, out of my goodness, discuss in the Business Advisory Committee. That power is not given to you. That power is given to me. But I, out of my goodness, discuss with you to inform you, to apprise you. That does not mean I have divested myself of powers. It does not mean that. আমি কোনো রুলিং দেব না।

I will have a vote. What should I give a ruling? I told earlier I am not going to pass any ruling. I am only making comments because the books are there. And I am happy that some members are reading books nowadays. It is a good sign.

I only hope that the tradition is adopted in the long run that more members read books. If more of you read books and more of you become aware, more of you would understand what the procedure is. And as regards the Committee, the Committee is being broad based, it is very broad based. We have Mr. Debaprasad Sarkar in the Committee, we have Shanta Chhetri in the Committee, we have the Congress(I) in the Committee, we have the Trinamul in the Committee, we have different ruling groups in the Committee. It is a very broad based Committee. There is no problem in that. The debate closes here. Now, I put it to vote.

Shri Pankaj Banerjee : Sir, nice of you that you have read it out from the book concerned. We have also cited so many things,

so many words. Now it is true that the entire power is vested upon you. We are not going to dispute over your power. We have never said that we do not accept you as the leader of the Committee, as the Speaker. And we are here not to deny you, deviate you or dilute your power. Our only humble submission is that if any point arises when the major section of the House will put something to you as an appeal, whether you can give due consideration on that appeal. It is not an argument, it is not a confrontation. It is not a denial of the fact that you are holding the entire power. We accept your power. We honour your power. But our humble submission is that when a question has arisen, most of the members or a greater number of members of the House think that you should give a consideration to our point so that's what our humble submission is and that we would again appeal keeping everything of what you have gone through and what we have gone through. Keeping apart from that, Sir, our humble submission is that you give a reconsideration on our appeal and let that debate be taken on different dates and on separate days.

.... (noise)....

Sir, the Treasury Bench is there because they are enjoying the power. So, whenever you put anything to vote we are going to have a defeat. There is nothing wrong. We cann't help it. So, don't put it to vote. You apply your mind, you have your consideration and then decide on the point. But don't put it to vote, Sir.

Shri Saugata Roy: স্যার, একটা ছোটো জিনিস, Sir, it is very good of you. It is very nice of your that you have raised certain powers. And as I was yesterday reading a biography of Indira Gandhi by Katherine Frank, in 1971, one journalist from Newsweek asked her, "what is the issue before the election ?" She replied, "I am the issue." Sir, you are almost speaking like that, that you are the issue, you are the Speaker, you have the power. This is not the democratic way of expressing things. Let me put it this way. Sir, let me quote Kaul & Shakdher since we have referred to it and there are umpteen examples in Kaul & Shakdher that though Speaker has the power, it is always the Committee which recommends. Kaul & Shakdher in page 776 says, "The Committee has at times

sou motu recommended to the Government to bring forward a particular subject for discussion in the House and also recommended allocation of time for such discussion." That means the Committee on its own can sou motu recommend like we are trying to recommend that brings forward the discussion here. It was at the initiative of the Committee that discussions were held on certain subjects of current and tropical interest like peaceful uses of automic energy, economic policy of the government etc. Sir, all I want to say is that the Committee does have the power. It has done so in the past. You do not arrogate all the powers to yourself. You are not the issue. The House is the issue. Let me emphasize that. Still যদি আপনি ভোট চান আমরা তো ভোটে যাব কারণ We have given an amendment with full responsibility. এবং স্যার, আপনার এটা ভালো হত। তা না হলে লোকে বলবে আপনার বিরুদ্ধে অনাস্থা আছে সেটাকে গুলিয়ে দেবার জন্য আপনি হোম পুলিশ ঢুকিয়ে দিচ্ছেন। আপনি কেন এই বদনাম নেবেন স্যার ? আপনি এগ্রি করে যান। এটা হবে না।

.... (noise) ....

Mr. Speaker: We have closed the debate. ....(noise).... No more, please. I am on my legs. There is no end to it.

Now the main issue here is what Hon'ble Members of the Opposition are trying to impress. Two important issues are going to be discussed on the same day and that is why one important issue should be discussed and the other important issue should be deferred.

.... (noise) ....

[4.30—4.40 p.m.]

Now the question is this, every issue is important to every member. The budget is important to the government. The leader in consultation with the Speaker had decided on 19th to have its budget. It is important to him. No confidence is important to you. To whose importance do I attach mine in this House ? I attach it to both. So we discuss both the important issues on that day. The House cannot be guided by a party's choice of importance. The House is guided...

(noise)

learn some discipline at some point of time. I believe you are an advocate. You don't talk with the judge. Do you ?

The speaker has to fight his cause. That is the practice all along. Even Mavlankar had to fight his own cause. Read these books, you will understand what the speaker has to do. You will have to read books to understand. No appeal forms the Speaker's decision. Now the question here is what is important, what is not important does not concern me. What concerns me is the business referred to me and the decision taken by me to place before the committee for consideration of time. I have done that. Time has been allotted. The matter ends there. Now someone will come and say Sir, "this is important to me, I don't want this to be discussed along with that subject." That is not the matter. That is not the way Parliament functions. Now I put it to vote.

Shri Pankaj Banerjee: Sir, I am quoting from Kaul and Shakdher. "The speaker is a part of the House, drawing his powers from the House for the better functioning of the House, and in ultimate analysis a servant of the House, not its master." But you are claiming yourself as a master. You should consider yourself as a servant of the House. This is also to be kept in mind.

Mr. Speaker: I am an humble servant of the House going by majority decision.

Now I put it to vote.

The motion of Shri Saugata Ray amending the motion of the Minister-in-charge of the Parliamentary affairs was then put and a division was taken with the following result.

NOES

Abu Ayes Mondal, Shri
Adhikary Shri Nisith
Adhikary, Shri Paresh Chandra
Ankure, Shri Saresh
Badal Zamadar, Shri
Bagdi, Shri Kiriti
Bera, Shri Dipak
Bera, Shri Nityananda
BhattaCharya, Shri Asok
Bhowmick, Shri Prafulla Kumar

Biswas, Shri Kamalakshmi
Biswas, Shri Narayan
Biswas, Shri Sushil
Bose, Shri Subrata
Chakraborty, Shri Satyasadhan
Chatterjee, Shri Pratim
Chattopadhyay, Shri Tapas
Chaudhuri, Shri Amar
Chowdhury, Shri Nanigopal
Dal, Smt. Nanda Rani
Das, Shri Ananda Gopal
Das, Dr. Debesh
Datta, Shri Binoy
Deb, Shri Rabin
Dey, Smt. Ibha
Dey, Shri Lakshmi Kanta
Dey, Shri Naren
Dhar, Shri Padma Nidhi
Dutta, Shri Gurupada
Dutta, Smt. Sarmistha
Ganguly, Smt. Kanika
Ganguly, Shri Kanti
Ghosh, Shri Bhakti Pada
Ghosh, Shri Pankaj
Ghosh, Shri Rabindra
Ghosh, Shri Sunil Kumar
Goswami, Shri Subhas
Guha, Shri Kamal
Hatial, Shri Bhabani Sankar
Hore, Shri Tapan
Id Mohammad, Shri
Jane Alam Mian, Shri
Khanra, Shri Saktipada
Kujur, Smt. Kumari
Kundu, Shri Ranjit

Mafuja Khatun, Smt.
Mahata, Shri Abinas
Maitra, Shri Banshi Badan
Malick, Shri Shiba Prasad
Mandi, Shri Sambhu Nath
Mondal, Shri Ganesh Chandra
Mondal, Shri Kshiti Ranjan
Mondal, Shri Mohan
Mondal, Shri Sailen
Md. Salim, Shri
Md. Yakub, Shri
Mehta, Shri Nishi Kanta
Modak, Shri Dhananjoy
Mohammed Amin, Shri
Mostafa Bin Quasem, Shri
Mukherjee, Shri Manas
Mukherjee, Smt. Nabanita
Mukherjee, Shri Nikhil
Mukhopadhyay, Shri Ashutosh
Mursalin Molla, Shri
Nazmul Haque, Shri
Pan, Shri Bhakta Ram
Pramanik, Shri Sudhir
Roy, Shri Amalendralal
Roy, Shri Gobinda
Samanta, Shri Rampada
Sanatani, Smt. Mina
Seal, Shri Sudhangshu
Sen, Shri Dhiren
Sengupta, Shri Purnendu
Singh, Shri Lagan Deo
Sinha, Shri Prabodh Chandra
Sk. Illias Mohammad, Shri
Sk. Jahangir Karim, Shri
Sk. Majed Ali, Shri

Soren, Shri Khara
Tirkey, Shri Dasrath
Sarkar, Shri Deba Prasad

AYES

Bakshi, Shri Subrata
Bandyopadhyay, Shri Tarak
Banerjee, Shri Pankaj
Basu, Smt. Manju
Bhadra, Shri Arup
Bhattacharya, Shri Rabindranath
Bhunia, Shri Ajit
Chattopadhyay, Shri Sobhandeb
Deb, Shri Ashok Kumar
Dutta, Shri Parash
Ghosh, Shri Arunava
Ghosh, Shri Dipak Kumar
Ghosh, Shri Nirmal
Giri, Shri Akhil
Guha, Smt. Sonali
Haldar, Shri Jagaranjan
Hazra, Shri Bankim Chandra
Khan, Shri Kallol
Mandal, Shri Kalipada
Mishra, Shri Kashinath
Mondal, Shri Dilip
Mondal, Shri Nirmal Chandra
Mukherjee, Shri Apurba
Naskar, Shri Gobinda Chandra
Pakhira, Shri Manturam
Paul, Shri Tapas
Raychowdhury, Shri Biplab
Roy, Shri Saugata
Roy, Shri Tapas
Saha, Shri Pundarikakshya
Singh, Shri Arjun
Abdul Mannan, Shri

Abu Hasem Khan Choudhury, Shri
Mal, Shri Asit Kumar
Mitra, Shri Asit
Sinha, Shri Atish Chandra
Mahoto, Shri Nepal

The Ayes being 37, and the Noes 83; the motion (of Shri Saugata Roy) was lost.

The motion of Shri Prabodh Chandra Sinha the Seventh Report of the Business Advisory Committee, as presented in the House, be adopted, was then put and agreed to.

DISCUSSION AND VOTING ON DEMAND No. 66 & 68

Demand No. 66

Mr. Speaker: Now discussions under Demand No. 66 and Demand No. 68.

There are 13 cut motions to Demand No. 66. All the motions are in order.

Shri Kashinath Misra (no. 1): Sir, I beg to move that the amount of the Demand be reduced to Re. 1/-

Shri Kamal Mukherjee (No. 2), Shri Saugata Roy (No. 3), Shri Partha Chatterjee (No. 4), Shri Kashinath Mishra (Nos. 5-8), Shri Tamonash Ghosh (No. 9), Shri Abdul Mannan (Nos. 10-11), Shri Sadhan Pande (Nos. 12-13).	Sir, I beg to move that the amount of the Demand be reduced by Rs. 100.

Demand No. 68

Mr. Speaker: Now there are 36 cut motions to Demand No. 68. All the motions are in order.

Shri Kashinath Misra (No. 1): Sir, I beg to move that the amount of the Demand be reduced to Re. 1/-.

Shri Kallol Khan (Nos. 2-4), Shri Sital Kumar Sardar (No. 5), Shri Kashinath Misra (Nos. 6-8), Dr. Ashish Banerjee (Nos. 9-10), Shri Kamal Mukherjee (No. 11), Shri Biman Chakrabarti (Nos. 12-13), Shri Dipak Kumar Ghosh (No. 14), Shri Jyotipriya Mallick (Nos. 15-17), Shri Ajit Bhunia (Nos. 18-19), Smt. Manju Basu (No. 20), Shri Sadhan Pande (Nos. 21-22), Shri Tamonash Ghosh (Nos. 23-24), Shri Choudhury Mohan Jatua (No. 25), Shri Pundarikakshya Saha (No. 26), Shri Mahbubul Haque (Badal) (No. 27), Shri Deba prasad Sarkar (No. 28), Shri Tarak Bandyopadhyay (Nos. 29-33), Shri Abdul Mannan (Nos. 34-35), Shri Tanmoy Mondal (No. 36).	Sir, I beg to move that the amount of the Demand be reduced by Rs. 100.

শ্রী কাশীনাথ মিশ্র : মাননীয় অধ্যক্ষ মহাশয়, আজকে মাননীয় সেচ এবং জলপথ দপ্তরের ভারপ্রাপ্ত মাননীয় মন্ত্রী মহাশয় ৬৬ এবং ৬৮ নম্বর দাবির অধীনে যে ব্যয়-বরাদ্দ উত্থাপন করেছেন আমি তাকে সমর্থন করতে পারছি না এবং আমাদের আনা কাট-মোশানের সমর্থনে বক্তব্য রাখছি।

আমাদের এখানে যে সেচব্যবস্থা আছে তার মাধ্যমে বর্ষাকালে জল পাওয়া গেলেও গ্রীষ্ম বা শীতকালে সেচের জল পাওয়া যায় না। ফলে বোরো চাষ হতে পারে না। এখানে বিভিন্ন জল প্রকল্পের কোনো উন্নতি হয়নি। এখানে একমাত্র কাজ হচ্ছে বর্ষার সময় সেচের ব্যবস্থা করা কিন্তু অন্য সময় সেচ থাকবে না। এখানে হাজার হাজার হেক্টর জমির ফসল থেকে শুরু করে বোরো ধান সেচের অভাবে মরে যাচ্ছে। মাননীয় মন্ত্রী মহাশয় তাঁর বক্তব্যের মধ্যে দিয়ে ৭৭৩ কোটি ৭৩ লক্ষ টাকা মঞ্জুরের দাবী করেছেন। এখানে বৃহৎ ও মাঝারি সেচে মূলধনি বিনিয়োগ, বন্যা নিয়ন্ত্রণ প্রকল্পসমূহ ইত্যাদি সব মিলিয়ে আপনি ওই অর্থ মঞ্জুরের দাবি জানিয়েছেন। কিন্তু মাননীয় অধ্যক্ষ মহাশয়, আজকে দেখা যাচ্ছে, গঙ্গা-পদ্মা ভাঙন আমরা এখনও রোধ করতে পারিনি। সেচের উন্নতি কতটা হয়েছে ? আপনারা জানিয়েছেন, আমি দেখছিলাম।

[4.40—4.50 p.m.]

কমপারেটিভ স্টাডি অফ টোটাল ল্যান্ড এরিয়া অ্যান্ড কাল্টিভেটেড এরিয়া অফ মেজর স্টেট যদি আপনারা দেখেন তাহলে দেখবেন যে, ওড়িশার মতো জায়গায় ইরিগেটেড হচ্ছে ৩৫.০২, আর সেখানে পশ্চিমবঙ্গে ইরিগেটেড হচ্ছে ৩৪.৯৮। পাঞ্জাবে ইরিগেটেড হচ্ছে ৯২.৯৫, হরিয়ানায় ইরিগেটেড হচ্ছে ৭৬.২১ আর আমাদের পশ্চিমবঙ্গে ইরিগেটেড হচ্ছে ৩৪.৯৮। আমরা এখনও পর্যন্ত ওড়িশার পিছনে আছি, আমরা ষষ্ঠ স্থানে আছি। তাহলে

ফাইভ ইয়ারস্ প্ল্যানে সেই সময় ফ্লাড কনট্রোল অ্যান্ড ড্রেনেজ অ্যান্ড ইরিগেশন সম্বন্ধে যেটা বলা হয়েছিল সেটা যদি দেখা যায় তাহলে দেখবেন যে, Geographical situation of West Bengal is such that functions related to the control of flood improvement for drainage conditions and extention of irrigation facilities require and integrated approach. However water resources management in West Bengal has so far been the responsibility of the two ministries i.e. Irrigation & Waterways Department and the Agriculture Deptt. The various issues related to the flood control exclusive responsibility of the Irrigation & Waterways Departments. The same Department looks after drainage and gravity flow irrigation. To some gravity flow irrigation schemes costing upto Rs. 2.0 lakhs and some drainage schemes costing upto Rs. 50.0 thousands each are undertaken by the Agriculture Department. And in the Chapter IV—West Bengal faces all kinds of hazards from impeded drainage and destructive floods. As minds of the sites suitable for storing the seasonal run off temporarily are generally located beyond the geographical limits of the state. Flood control measures are ordinarily adopted with a view to confining the flood water as far as possible within the river bed by constructing flood embankments, spurs ets. However, such measures have proved ineffective regularly in the past and in consequence have added to the drainage problems.

আপনার কমান্ড এরিয়ার ব্যাপারে দেখুন সেখানে সেই সময় যা বলা হয়েছিল, কিন্তু আমাদের এখানে কমান্ড এরিয়া বলতে বোঝায়—অনুন্নত বাঁকুড়া ইত্যাদি জায়গাতে যে জায়গাগুলো অনুন্নত জায়গা, যে জায়গায় কোনোরকম ইরিগেশন ক্রপ নেই, কংসাবতী একদিকে দামোদর, আরেকদিকে, সেখানে শালতোড়া থেকে আরম্ভ করে ছাতনা, বাঁকুড়া (১), বাঁকুড়া (২) ইত্যাদি জায়গা ইরিগেটেড এরিয়া নয়। কিন্তু সেখানে ইরিগেটেড বলে ট্যাক্স আদায় করা হয়। এই যে আজ পর্যন্ত ফাইভ ইয়ার্স প্ল্যানে যে জিনিসটা হয়েছে সেই সময় আপনার যতটা ইরিগেটেড ল্যান্ড করা হয়েছিল আজকে তার ডেভেলপমেন্ট কতটা হয়েছে ? আজকে আমাদের বিভিন্ন ক্ষেত্রে, বিভিন্ন উন্নতি, কৃষির উন্নতি—বিভিন্নভাবে আজকে চাষীরা নিজেদের স্বার্থে এবং নিজেদের বাঁচার তাগিদে—একদিকে চাকরি নেই, একদিকে বেকারত্বের জ্বালায়, বিভিন্নভাবে নিজেদের রক্ষার জন্য বিভিন্ন ক্ষেত্রে তারা অসহায়ভাবে তারা প্রকৃতির উপর নির্ভর করে। অনেক সময় তারা বৃষ্টি চায়। কিন্তু বৃষ্টিতে অনেক সময় অনেক জায়গা ভেসে যায়। গতবারে ৯টি জেলা ভেসে গেল। সেই জায়গায় কতটা ডেভেলপমেন্টের কাজ হয়েছে ? সেই সব জায়গায় আপনারা ঠিকমতো কাজ করতে পারেননি, দিনের পর দিন খরচ

বেড়ে যাচ্ছে। গ্র্যাজুয়ালি ফরাক্কার অবস্থা কি হচ্ছে ? পদ্মার কি অবস্থা দাঁড়াবে শেষে ? কলকাতা বন্দরের কি অবস্থা হবে ? সেখানে বাংলাদেশের সঙ্গে আমাদের কি অবস্থা এসে দাঁড়াবে ? একটা ভয়ংকর অবস্থার সৃষ্টি হচ্ছে। কিন্তু সেটাকে রক্ষা করার কোনো ব্যবস্থা হচ্ছে না। সে কাজে আপনি বিরাট অংকের টাকা চাইছেন। কিন্তু সেই টাকা দিয়ে কি কাজ হচ্ছে তা কি আপনি দেখছেন ? প্রতি বছর গঙ্গার ভাঙনে তারে বেঁধে পাথর ফেলা হচ্ছে। একই পাথর যে কতবার ফেলা হচ্ছে তার ঠিক নেই। ১৯৭২-৭৩ সালে আমি বরকত সাহেবকে গঙ্গার ভাঙন সম্বন্ধে বলেছিলাম। আমি বলেছিলাম গঙ্গা ভাঙন প্রতিরোধ করতে না পারলে সব ধ্বংসে হয়ে যাবে। এখন অবস্থা তার চেয়ে অনেক খারাপ হয়ে পড়েছে। বহু গ্রাম ইতিমধ্যেই ধ্বংস হয়ে গেছে। আপনারা বলবেন, কেন্দ্র টাকা দিচ্ছে না। তারা টাকা না দিলে কিছু করা সম্ভব নয়। আমি আপনাকে বলব, কেন্দ্র যতটুকু দিচ্ছে এবং তার ওপরে আপনারা যে টাকা খরচ করছেন সেই টাকা দিয়ে কাজ ঠিকমতো হচ্ছে কিনা তা দেখা হচ্ছে না। মাথাভারি প্রশাসন ঠিকমতো কাজ করছে না, লক্ষ্যে পৌঁছতে পারছে না। ফলে মাননীয় মন্ত্রি মহাশয়, আপনাকে অপ্রস্তুত হতে হচ্ছে। ১৯৮২-৮৭ সালে আপনি এই হাউসের একজন দক্ষ বিধায়ক হিসাবে এই প্রসঙ্গ বারবার তুলে ধরেছেন। আজকে আপনি দায়িত্ব নিয়েছেন। আপনাকে দায়িত্ব পালন করতে হবে। আপনি আপনার বাজেট বিবৃতির মধ্যে অনেক কথাই বলেছেন। আমি আপনাকে স্মরণ করিয়ে দিই, বর্ষার সময় যদি ভাঙন প্রতিরোধের কাজ করা হয়, তাহলে আপনি যত টাকাই খরচ করুন না কেন সব টাকা জলে যাবে। সুতরাং এ বিষয়ে আপনাকে চিন্তা-ভাবনা করতে হবে।

আমার দ্বিতীয় প্রশ্ন আপনার কাছে তিস্তা প্রকল্পের কাজ কবে শুরু হয়েছিল ? সিদ্ধার্থ শংকর রায়ের আমলে কাজ শুরু হয়েছিল। আজও সেই কাজ চলছে ! আপনি কি নির্দিষ্ট তারিখ উল্লেখ করে বলতে পারবেন এ কাজ কবে শেষ হবে ? নদীগুলিতে দিনের পর দিন পলি পড়ছে। অথচ আপনাদের ড্রেজিং-এর কোনো ব্যবস্থা নেই। এই কয়েকদিনের মধ্যেই কংসাবতী জলাধার থেকে জল ছাড়ার ফলে হুগলি, মেদিনীপুর এবং বর্ধমানের একটা অংশের কি অবস্থা হল তা তো আমরা দেখলাম। এরপর যদি ভুটান এবং বাংলাদেশ থেকে আরো জল আসে তাহলে কি অবস্থা হবে ? গত বছর ৯টি জেলা ক্ষতিগ্রস্ত হয়েছিল। এ বছর বন্যা আরো ভয়ংকর রূপ নেবে। বন্যা প্রতিরোধ এবং প্রতিকারের জন্য এখন পর্যন্ত আপনার দপ্তর পরিষ্কার কোনো পরিকল্পনা নিতে পারেনি।

আমরা দেখছি দক্ষিণবঙ্গের দ্বারকেশ্বর, দামোদর প্রভৃতি নদীগুলিতে ভাঙন দেখা দিচ্ছে। গ্রাম, শহর সব নষ্ট করে দিচ্ছে। এই নদীগুলিকেও সঠিক পরিকল্পনা নিয়ে সংস্কার করছেন না।

পঞ্চম পরিকল্পনায় আপনার দপ্তরকে এগ্রিকালচারের সঙ্গে যুক্ত করা হয়েছে। অথচ আমরা দেখছি যে সমন্বয় রেখে দুটো দপ্তরের চলা উচিত তা চলছে না। সেচ দপ্তরের ব্যর্থতার জন্য ব্যাপকভাবে শস্যহানি হচ্ছে। এ জিনিস চলতে থাকলে সাধারণ মানুষের মধ্যে ক্ষোভ, আন্দোলন সৃষ্টি হবে।

[4.50—5.00 p.m.]

তাই আজকে মাননীয় চেয়ারম্যান মহাশয়, আমরা দেখতে পাচ্ছি, একটার পর একটা যে অবস্থার সৃষ্টি হচ্ছে সেই অবস্থার প্রতিকারার্থে যে ব্যবস্থা আমরা চেয়েছিলাম সেটা হয়নি। আপনি বলেছেন, ২০০০ সালের জুন মাসে ৯৯ হাজার ১১০ হেক্টর জমি সেচ সমর্থের জন্য তৈরি হয়েছে এবং ২০০১ সালে রবি এবং বোরো চাষের লক্ষ্যমাত্রা দাঁড়াবে ১ লক্ষ ২৬ হাজার ১১০ হেক্টর। আপনি আগে বলুন, বোরোতে কত ক্ষতি হয়েছে ? আমি আমার জেলার কথা বলতে পারি যেহেতু অনুন্নত জায়গায়—সোনামুখী, পাত্রসায়ার, তালডাংগা প্রভৃতি অঞ্চলে বোরো চাষের জল পায়নি। কংসাবতী জল দিতে পারছে না, ডি. ভি. সি. জল দিতে পারছে না। মেদিনীপুরে বোরো জমির ধান নষ্ট হয়ে গেছে। কোনো সুষ্ঠু ব্যবস্থা নেই। বর্ষায় জল পাওয়া যায় কিন্তু অন্য সময়ে জল পাওয়া যায় না। সুবর্ণরেখা ব্যারেজ প্রকল্পের কাজ লিঙ্গার করছে। মেদিনীপুরা জেলায় ১ লক্ষ ১৪ হাজার হেক্টর কৃষিজমিতে আপনি সেচের ব্যবস্থা করবেন বলছেন। কিন্তু সে ব্যাপারে এখনো পর্যন্ত আনুমানিক কত দিতে পেরেছেন ? কবে নাগাদ এর কাজ হবে ? দশম আর্থিক যোজনায় সেচ সমর্থ লক্ষ্যমাত্রা আনুমানিক খসড়া প্রস্তুত করা হয়েছে বলছেন। এতদিন ধরে প্রস্তুত করা হচ্ছে ? কবে শেষ হবে তা বুঝতে পারছি না। মাঝারি সেচ প্রকল্প বাঁকুড়া এবং পুরুলিয়ায় সবচেয়ে বেশি প্রয়োজন। এ ছাড়া, মেদিনীপুর, বীরভূম প্রভৃতি জেলাতেও প্রয়োজন, সেখানেও এই সমস্ত পরিকল্পনা হচ্ছে না। দ্বারকেশ্বরী, গন্ধেশ্বরী পরিকল্পনার কথা আমি বারবার বলছি, করুন। ইন্দিরা গান্ধীর সময়ে গ্রিন সিগনাল দিয়েছে। অজিত পাঁজা সেটা প্ল্যানিং দপ্তরে পাঠিয়েছিলেন। জেড. এ. আনসারি, যখন পরিবেশ দূষণ এবং বন দপ্তরের মন্ত্রী ছিলেন তখন ক্লিয়ারেন্স দিয়েছিলেন। তা সত্ত্বেও দ্বারকেশ্বরী পরিকল্পনা হচ্ছে না কেন, গন্ধেশ্বরী পরিকল্পনা হচ্ছে না কেন ? ওইসব এলাকা অনুন্নত। সুতরাং পুরুলিয়া, বাঁকুড়ায় সেচের ব্যবস্থা হলে আপনার আর্নিং সোর্স বেরিয়ে আসবে, আয় বাড়বে। সেচের জন্য আপনি কর নিচ্ছেন, ঠিক আছে। কিন্তু অসেচ এলাকার জন্য এই করের নোটিশ ইমিডিয়েট বন্ধ করুন। শালতোড়া, ছাতনা, গঙ্গাজলঘাটি প্রভৃতি এলাকা অসেচ এলাকা। এইসব অসেচ এলাকার ক্ষেত্রে ইমিডিয়েট হস্তক্ষেপ করতে হবে, ব্যবস্থা নিতে হবে। আমাদের ওখানে মাঝারি সেচ প্রকল্পগুলি হচ্ছে না। শালী নদীর উপর যে প্রকল্প নেওয়া হয়েছিল, বাস্তবে ক্যাচমেন্ট এরিয়া বাড়াতে পারেনি। কংসাবতীতে পলি তোলা হচ্ছে না, সব ভরাট হয়ে যাচ্ছে, জল ধরার ক্ষমতা হারিয়ে ফেলছে। ডি. ভি. সি.-তেও তাই হচ্ছে, ময়ূরাক্ষীতেও তাই হচ্ছে। যার জন্য প্লাবন বাড়ছে। বন্যার এটাই হচ্ছে মূল কারণ। সেইজন্য আমরা একে ম্যান-মেড বলেছি। যেটা করার কথা সেটা বাস্তবে হচ্ছে না বলে প্রকৃতপক্ষে কাজগুলি পিছিয়ে যাচ্ছে। তারপর আধুনিকীকরণের কোনো ব্যবস্থা নেই। কংসাবতীর আধুনিকীকরণ আজ পর্যন্ত হল না, সেখানে মেইনটেনান্স হয় না। রেভেনিউ আদায়ের জন্য যে অফিস আছে, সেখানে আয়ের চেয়ে ব্যয় বেশি। আপনি কংসাবতী পরিকল্পনা বাস্তবায়িত করলেন না। এটা করলে অনেক বেশি সুযোগ-সুবিধা বিশেষ করে সেচের সুবিধা দেওয়া যেত। আমার মনে হয় হয়তো মেদিনীপুর এবং হুগলির বেশি কিছু জায়গা চাষবাসের ক্ষেত্রে সুবিধা পেত, বন্যা-নিয়ন্ত্রণের ক্ষেত্রে কিছু

সুবিধা দেখা যেত। আমরা দেখতে পাচ্ছি, গঙ্গার অববাহিকায় বন্যা নিয়ন্ত্রণের ক্ষেত্রে কোনো নিকাশি ব্যবস্থা না থাকার ফলে বারবার বন্যা দেখা দিচ্ছে। ৯টি জেলায়, বিশেষত মুর্শিদাবাদ, মালদা থেকে আরম্ভ করে এদিকে কালনা, কাটোয়া পর্যন্ত কি অবস্থায় এসে দাঁড়িয়েছে। নদীগর্ভগুলি ক্রমশ ভরাট হয়ে যাচ্ছে। আজকে নদিয়ার দিকে যান, মেদিনীপুর দিয়ে খড়্গপুরের দিকে যান।

আজকে নদীগর্ভগুলি দেখা যাচ্ছে সব ভর্তি হয়ে যাচ্ছে। সেখানে এমন কি চাষবাস পর্যন্ত হচ্ছে। এটাকে যদি প্রতিরোধ করা না যায় এবং এইভাবে যদি নদীগর্ভগুলি উঁচু হতে থাকে তাহলে দেখা যাবে একদিন নদী তার গতিপথ পালটে শহর, গ্রামকে ভাসিয়ে দিয়ে তার গতিপথ পালটে দেবে। তার ফলে গ্রাম, শহর ধ্বংস হয়ে যাবে। কোলকাতায় টালি নালার কাজ আপনারা এখনও কমপ্লিট করতে পারলেন না। আমি মনে করি আমাদের যে জলসম্পদ রয়েছে তার জন্য সঠিকভাবে পরিকল্পনা করে জলসম্পদকে পুরোপুরি কাজে লাগানো দরকার। আমরা দেখছি, এ ক্ষেত্রে যে গবেষণা ও প্রশিক্ষণের ব্যাপারটি ছিল তা বাস্তবায়িত হয়নি। সেচ পত্রিকাতে যে 'বিশেষ বন্যা সংখ্যা' প্রকাশ করেছেন তা ভাল জিনিস। মানুষ যদি প্রচারের মাধ্যমে জানতে পারে বন্যার ব্যাপারে আগাম সমস্ত খবর, ত্রাণের ব্যাপারে সমস্ত খবর এবং তাদের সরিয়ে নেওয়ার ব্যাপারে সমস্ত খবর তাহলে ক্ষতিটা কম হয়। মাননীয় মন্ত্রিমহাশয়কে বলছি, সেচ করের ব্যাপারে চিন্তা-ভাবনা করবেন। এ ক্ষেত্রে যে উদ্যোগ নেওয়ার দরকার ছিল তাতে আপনারা ফেল করেছেন। আপনাদের রাজস্ব বিভাগ ঠিক মতন কাজ না করার ফলে আয়ের চেয়ে ব্যয় বেশি হয়ে যাচ্ছে। আমাদের কাটমোশানগুলি যা দিয়েছে সেগুলি যদি ভালোভাবে দেখেন তাহলে দেখবেন তাতে গ্রাম বাংলার কথা বেশি করে বলা আছে। মানুষ যাতে সেচ দপ্তরের কাজের ফলে উপকৃত হন আমাদের কাটমোশানে সে সব কথা আমরা বলেছি। আপনি একজন কর্মী মানুষ, কর্মকে আপনি ভালবাসেন কিন্তু আপনাদের দপ্তরের কাজ যেহেতু ত্বরান্বিত হচ্ছে না সেইহেতু বাজেটের বিরোধিতা করে এবং কাটমোশানগুলি সমর্থন করে শেষ করছি।

শ্রী শম্ভুনাথ মাণ্ডি : মাননীয় চেয়ারম্যান মহাশয়, সেচ দপ্তরের মাননীয় মন্ত্রিমহাশয় সেচ দপ্তরের যে ব্যয়বরাদ্দের দাবি এই সভায় উপস্থিত করেছেন তা আন্তরিকভাবে সমর্থন করে এবং বিরোধীদের আনা সমস্ত কাটমোশানগুলির বিরোধিতা করে কয়েকটি কথা বলছি। স্যার, আমরা সকলেই জানি যে পশ্চিমবঙ্গ তথা ভারতবর্ষের উন্নতি নির্ভর করে কৃষির উন্নতির উপর। আমাদের দেশের জাতীয় আয়ের সিংহভাগ আসে কৃষিক্ষেত্র থেকে। এই কৃষির উন্নতির জন্য একান্তভাবে প্রয়োজন সেচ ব্যবস্থার সম্প্রসারণ ঘটানো। আমাদের দেশটা মৌসুমী জলবায়ুর অন্তর্গত। এখানে কোনো কোনো বছর বেশি বৃষ্টি হয় আবার কোনো কোনো বছর বৃষ্টি হয়ই না। আমাদের গ্রাম বাংলায় একটি প্রচলিত কথা আছে যে, যে বছর বেড়ালের একটি বাচ্চা হবে সে বছর আকাল হবে আর যে বছর বেড়ালের তিনটি বাচ্চা হবে সে বছর ভাল ধান হবে। আমরা দেখি যে বছর উত্তরবঙ্গ বন্যা কবলিত হয় সে বছর দক্ষিণবঙ্গে খরা হয় আবার ঠিক উল্টোটাও দেখা যায়। কাজেই এই অবস্থায় সেচ ব্যবস্থার উন্নতি করার বিশেষ প্রয়োজন আছে।

[5.00—5.10 p.m.]

স্বাধীনতার সময় আমরা দেখেছি, রাজ্যে সেচসেবিত এলাকা ছিল মাত্র ১৬ শতাংশ, আর কংগ্রেস জমানার ২৭ বছরে কালে সেচসেবিত এলাকা হয়েছিল মাত্র ৩১ শতাংশ। বর্তমানে আমাদের সীমাবদ্ধ ক্ষমতার মধ্যে আমরা যতটা পেরেছি তাতে সেচসেবিত এলাকা দাঁড়িয়েছে শতকরা ৬২ ভাগে। সীমাবদ্ধ ক্ষমতায় বৃহৎ সেচপ্রকল্প গ্রহণ করা আমাদের সরকারের পক্ষে সম্ভবপর হয়ে ওঠেনি, কিন্তু ক্ষুদ্র ও মাঝারি সেচপ্রকল্পের মাধ্যমে রাজ্যে সেচসেবিত এলাকা সম্প্রসারিত করার চেষ্টা আমরা করেছি। তার ফলে অল্প জমির মালিকদের পক্ষেও সেচের জল পাওয়া সম্ভব হয়েছে। তারই জন্য আজকে খেটে খাওয়া মানুষদের আর খাবারের অন্বেষণে ঘুরে বেড়াতে হচ্ছে না। বিরোধী দলের জমানার একটি কথা আমার মনে পড়ছে— সার্ভাইভাল অফ দি ফিটেস্ট, কি করে দুটো খাবার আসবে। কাশীবাবু বলছিলেন ঠিকই, পাহাড় জঙ্গল থেকে মানুষজন—যেখানে সেচের ব্যবস্থা নেই, যেখানে একফসলি, দুই ফসলি চাষ হয়, সেখান থেকে তারা কাজ করতে আসেন। সেটা আসতেন, কিন্তু এখন আসেন না। আজকে আনন্দ লাগে, এখন আর পুরুলিয়া থেকে, ঝাড়খণ্ড থেকে নেমে আসা বাঁশি বাজানো মানুষদের বাঁশির সুর আর আমরা শুনি না, কারণ তাঁরা আর নেমে আসেন না। হ্যাঁ, বামফ্রন্ট সরকার ওইসব গরিব মানুষদের জন্য জমির ব্যবস্থা, সেচের ব্যবস্থা করে দিয়েছেন এবং তার ফলে আর কিছু না হোক, দুবেলা খাবারের সংস্থান তাঁরা করতে পেরেছেন। সেই সময় গ্রামের মানুষের জীবনযাত্রা প্রণালী শহরাঞ্চলের গরিব মানুষের জীবনযাত্রা প্রণালীর থেকেও ছিল নিচে। কিন্তু এখন দেখছি, গ্রামের একটি বাড়িতে একজন মাস্টার খুঁজে পাওয়া যাচ্ছে, কিন্তু বাড়ির কাজ করার মানুষ খুঁজে পাওয়া যাচ্ছে না। এর থেকে বোঝা যায়, নিশ্চয়ই বামফ্রন্ট সরকারের আমলে গ্রামের মানুষের দুইবেলা দু'মুঠো খাবারের সংস্থান আমরা করতে পেরেছি। তা না হলে ক্ষেতমজুর, খেটে খাওয়া মানুষদের হাতে ক্রয়ক্ষমতা আসতো না। আজকে তাদের ক্রয় ক্ষমতা এসেছে এবং এসেছে বলেই দেহেও জৌলুষ এসেছে। আজকে রাজ্যে সেচ-ব্যবস্থার উন্নতি হয়েছে বলেই রাজ্যে প্রতি একরে কৃষিজমি পিছু সারা বছরে দোফসলি, তিনফসলি কমে মোট ১৬২ একর জমিতে চাষ হয়। এ বিষয়ে পশ্চিমবঙ্গের আগে আছে পাঞ্জাব ১৭৮ একর, হরিয়ানা ১৬৬ একর, সর্বভারতীয় গড় হচ্ছে ১৩৯ একর। আনন্দের কথা, সরকারি জমি আমরা গরিব মানুষের কাছে ২৫.০৭ একর দিতে পেরেছি এবং যারা সেই জমি পেয়েছেন তাদের মধ্যে ৫৭ শতাংশই হচ্ছেন তপশিলি জাতি এবং উপজাতি সম্প্রদায়ের মানুষ।

আপনারা হয়তো লক্ষ্য করেছেন এর মধ্যে যারা মহিলা, এই ৪০ হাজার মহিলাকে সরকারি জমি কিছু কিছু দিতে পেরেছি। বর্গাদারের সংখ্যা হলো প্রায় ১৪.৮১ লক্ষ। সেচ ব্যবস্থার উন্নতি হওয়ার ফলে তারা এই জমিগুলিতে কাজ করতে পারছে এবং কিছু কিছু জায়গায় ২-৩ ফসলি চাষ হচ্ছে। ফলে তাদের ক্রয় ক্ষমতা বেড়েছে। বিগত ২৩ বছরে উৎপাদন বৃদ্ধি ঘটেছে, ৭৬ লক্ষ টন থেকে ১৫৫ লক্ষ টন ফসল আমরা উৎপাদন করতে পেরেছি। যার মধ্যে আমাদের পশ্চিমবাংলার মানুষের যেটা প্রধান খাদ্য চাল তার উৎপাদন

১২২ লক্ষ টন হয়েছে। কেন্দ্রীয় অর্থমন্ত্রীর পেশ করা প্রাক্ বাজেট সমীক্ষা অনুযায়ী সারা দেশে উৎপাদন জনিত আয় বৃদ্ধির হার আগের বছরের তুলনায় কম—৬.২ শতাংশ, অথচ পশ্চিমবঙ্গে বেড়ে হয়েছে ৭.১ শতাংশ। মাথাপিছু আয় বৃদ্ধির হার ৫.৩ শতাংশ। সারা দেশের তুলনায় গরিব মানুষের সঞ্চয় এখানে ভাল স্বল্প সঞ্চয়ে সংগৃহীত প্রায় ২০০০ কোটি টাকা। গ্রামীণ দারিদ্র্যের অনুপাত সবচেয়ে বেশি কমেছে এখানে, ৬৮.৩৪ শতাংশ থেকে ৩৫ শতাংশ হয়েছে। অথচ সারা দেশে ক্রমবর্ধমান। স্বাধীনতা পাওয়ার পরে আমরা দেখেছি বহুমুখী উদ্দেশ্য সাধক পরিকল্পনাকে সুষ্ঠুভাবে বাস্তবে রূপ দেওয়ার চেষ্টা হয়। কিন্তু এই সব পরিকল্পনায় বিভিন্ন রকম ত্রুটি থাকার জন্য নদীর ভাঙন ভূমিক্ষয় পরিবেশ দূষণ প্রভৃতি সংকট ঘনীভূত হতে থাকে। গঙ্গা ও তার শাখানদীগুলিতে পলি জমতে থাকে। গঙ্গা নদীর উপরি ভাগে খাল কেটে অধিক মাত্রায় জল দেওয়ার ফলে পশ্চিমবাংলার অবস্থা সংকটাপন্ন হতে থাকে। আবার বাংলাদেশের সঙ্গে জল চুক্তির পরিপ্রেক্ষিতে এই সংকট আরো তীব্র হয়। নদীর গতিপথে জলস্রোতের তীব্রতা না থাকার জন্যও শাখানদীগুলিতে পলি ভরাট হতে থাকে। ফলে নদীর অববাহিকা অঞ্চল প্রতি বৎসর প্লাবিত হচ্ছে। এই সমস্যা দূরীকরণের জন্য আমাদের সবার সজাগ হওয়ার দরকার এবং কেন্দ্রীয় সরকারের দৃষ্টি আকর্ষণ একান্ত প্রয়োজন আমাদের রাজ্যের বিভিন্ন জায়গাতে বিশেষত মেদিনীপুর জেলার তমলুক মহকুমা ও ঘাটাল মহকুমায় বিভিন্ন রকমের প্রকল্পের জন্য জল নিকাশি ব্যবস্থা বাধাপ্রাপ্ত হচ্ছে। ফলে মেদিনীপুর, উত্তর ২৪-পরগনা, দক্ষিণ ২৪-পরগনা, হুগলি প্রভৃতি জেলার খাল ও ছোটো নদীগুলির সংস্কার একান্ত প্রয়োজন। আমি এই বাজেটকে সমর্থন করছি। বাজেটের ব্যয় বরাদ্দের জন্য যে অনুমোদন এখানে পেশ করা হয়েছে আমি তাকে সমর্থন করছি। বিরোধী বন্ধুরা যে সমস্ত কাট মোশান এনেছেন আমি সেই কাট মোশানগুলির চরম বিরোধিতা করছি। এই কথা বলে আমার সংক্ষিপ্ত ভাষণ শেষ করছি।

শ্রী অখিল গিরি : মাননীয় স্পীকার মহাশয়, সেচ এবং জলপথ বিভাগের মন্ত্রী মহাশয় যে ব্যয় বরাদ্দের দাবি এখানে পেশ করেছেন আমি সেই দাবির বিরোধিতা করছি। আমাদের দলসহ বিরোধী দলের পক্ষ থেকে যে কাটমোশান দেওয়া হয়েছে তাকে সমর্থন করে আমি আমার বক্তব্য এই সভায় রাখছি। মাননীয় মন্ত্রী মহাশয় বলেছেন এই বিভাগের প্রধান কাজ হলো কৃষিজমিতে জলের যোগান দেওয়া এবং বন্যা নিয়ন্ত্রণের ব্যবস্থা করা। দুটি কাজেই এই দপ্তর চূড়ান্ত ভাবে ব্যর্থ হয়েছে। এই বাংলায় প্রতি বছরের একটা বিষয় হয়ে দাঁড়িয়েছে গঙ্গা এবং পদ্মার ভয়াবহ বন্যা।

[5.10—5.20 p.m.]

গত বছর যে বন্যা হয়েছিল তাতে মেদিনীপুর সহ বর্ধমান, বীরভূম, মুর্শিদাবাদ এবং নদিয়া সহ বিভিন্ন জেলায় যে ভয়াবহ বন্যা হয়েছিল তাতে লক্ষ লক্ষ মানুষ সর্বস্বান্ত হয়েছে, তারা ঘরছাড়া হয়েছে। এই দপ্তরের আর একটা গুরুত্বপূর্ণ কাজ আবহাওয়ার পূর্বাভাস দেওয়া, বন্যা সম্পর্কে মানুষকে সতর্কীকরণ করা। এই ক্ষেত্রে এই দপ্তর চূড়ান্তভাবে ব্যর্থ হয়েছে। তাই যখন

তখন হঠাৎ করে আমাদের মাথার ওপরে বন্যা চেপে বসে এবং মানুষ ক্ষতিগ্রস্ত হয়। এবারে আমরা দেখলাম যে ৮টি বাঁধ নির্মাণের কাজ এই দপ্তর হাতে নিয়েছে। এই দপ্তর যেভাবে ঠিকাদারদের দ্বারা পরিবৃত হয়ে থাকে, মাননীয় মন্ত্রী মহোদয় সেই ঠিকাদারদের চক্র থেকে বেরিয়ে আসতে পারবেন কিনা তাতে সন্দেহ থেকে যায়। যেহেতু তিনি সেই চক্র থেকে বেরিয়ে আসতে পারছেন না, তাই যে সমস্ত কাজের জন্য অর্থ বরাদ্দ ধরা হয়েছে তা ঠিকাদারদের হাত ধরে জলে চলে যাবে, কাজের কাজ তাতে হবে না এবং জনসাধারণেরও কোনো লাভ হবে না। বাজেট বক্তৃতার ২.৪ অনুচ্ছেদ দেখলে বুঝতে পারবেন। সুবর্ণরেখা প্রকল্পের সাহায্যে মেদিনীপুরে ১ লক্ষ ১৪ হাজার হেক্টর জমিতে চাষ হবার কথা বলা হয়েছিল। সেই প্রোজেক্টকে রাখা হয়েছিল। কিন্তু ১০ম যোজনায় এই প্রোজেক্ট এখনও অনুমোদিত হয়নি। এখানে মাননীয় পরিষদীয় মন্ত্রী উপস্থিত আছেন। মাননীয় পঞ্চায়েতমন্ত্রী অনেক ঢাকঢোল পিটিয়ে এর উদ্বোধন করেছিলেন। এটির কিছুই হয়নি। ফলে ১ লক্ষ ১৪ হাজার হেক্টর জমিতে সেচের ব্যবস্থা হয়নি। তার জন্য অগ্রগতিও হয়নি। আর্থিক সমীক্ষার ৯৭ পৃষ্ঠা দেখলে বুঝতে পারবেন—সরকারি ক্যানালের মাধ্যমে সেচের বন্দোবস্তের প্রক্রিয়া যতদিন যাচ্ছে, দিনের পর দিন অধগামী হচ্ছে, নিচের দিকে চলে যাচ্ছে। ১৯৯৭ সালে এতে কি লিখেছে—এরিয়া ইরিগেটেড বাই গভর্নমেন্ট ক্যানালস ইন ডিস্ট্রিক্টস'এর ক্ষেত্রে কি লেখা আছে ? ১৯৯৬-৯৮ সালে ১২,১৬,৮৪৫ হেক্টর জমিতে সেচের বন্দোবস্ত হয়েছিল। হঠাৎ কি হলো, সেটা কমে ১২,৫,৮৬৪ লক্ষ হেক্টর জমিতে নেমে গিয়েছিল। ১৯৯৮ সালের দিকে দেখলে আমরা কি দেখবো—এই সরকার সেচের সম্ভাবনাকে, তার ব্যবহার সম্পর্কে পার্সেন্টেজ হিসাবে দিনের পর দিন কমের দিকে নিয়ে যাচ্ছে। ১৯৯৭-৯৮ সালে যেটা ছিল ৮৯.৬৫ শতাংশ, সেটা পরের বছরে, ১৯৯৮-৯৯ সালে দাঁড়িয়েছিল ৮৪.৫১ শতাংশ। ১৯৯৯-২০০০ সালে তা আরও কমে দাঁড়ায় ৮৪.৩৪ শতাংশে। দিনের পর দিন এই দপ্তরের সেচের সম্ভাবনা এবং তার ব্যবহারের ক্ষেত্রে চূড়ান্ত ভাবে ব্যর্থ হয়েছে। আরও যদি দেখি, তাহলে দেখা যাবে, এই সরকার সাম্প্রতিককালে ইছামতির সংস্কারের কাজ হাতে নিয়েছিল। ইছামতির দু'ধারে বহু ইটভাটা তৈরি হয়েছিল এবং তার ফলে নদীটা ক্রমশ সংকুচিত হয়ে গেছে। সরকার আগে থেকে এগুলোকে ভেঙে দেওয়ার কাজে হাত দেয়নি। ইছামতি নদীতে হালুয়া দাশগুপ্ত, ভাল্লুক ঘোষ পর্যন্ত মাথা মাথা লোকেরা বসে ঘরবাড়ি তৈরি করে নদীকে সংকুচিত করেছে। সঙ্গত কারণেই আজকে সেচ দপ্তর বন্যা রোধের জন্য ইছামতি নদীর সংস্কারের যে কথা বলেছে, যে উদ্যোগ নিয়েছে তা এই দপ্তর কখনই পরিপূর্ণ করতে পারবে না।

আমি আপনার মাধ্যমে মাননীয় মন্ত্রীকে জানাতে চাই উত্তরবঙ্গে তিস্তা ব্যারেজ প্রকল্পের কাজ কবে যে শেষ হবে ভগবান ছাড়া কেউ জানে না। দিনের পর দিন চলছে মাটি খোঁড়া-খুঁড়ির কাজ, লক্ষ লক্ষ টাকা খরচ হচ্ছে, সুতরাং চূড়ান্তভাবে এই দপ্তর ব্যর্থ হয়েছে। ওই তিস্তা ব্যারেজ প্রকল্পের কাজ কবে শেষ হওয়ার কথা কিন্তু তার কোনো পথও আমরা দেখতে পাচ্ছি না। আপনার ২৩.৮ অনুচ্ছেদে মাননীয় মন্ত্রী বলেছেন জমি অধিগ্রহণ জনিত সমস্যার কারণে ছোটো ছোটো খাল কাটার কাজ গ্রামের এলাকায় এলাকায় মার খাচ্ছে।

সেচের কাজ ওইসব জায়গায় করা যাচ্ছে না। স্বাভাবিকভাবে মন্ত্রী নিজে স্বীকার করেছেন যে, আমার এলাকায় বিভিন্ন জায়গায় জমি অধিগ্রহণের সমস্যা আছে বলেই ছোটো ছোটো খাল কাটা যায় না এবং সেই কারণে কৃষিজমিতে জল দেওয়া যাচ্ছে না। আমি কয়েকটি কাগজ আপনাকে দেখাচ্ছি, কাগজগুলো আপনার কাছে জমাও দেব। বর্ষার সময়ে অতিবৃষ্টি হলে বন্যার আশংকা এই খরবটি ২৮.৬.২০০১ তারিখে একটি পত্রিকাতে বেরিয়েছে। তাতে লিখেছে বর্ষায় জেলার ৪০টি গ্রাম বিপন্ন হওয়া আশংকা। আজকে এই দপ্তর চূড়ান্তভাবে বন্যা সম্পর্কিত কাজ করতে ব্যর্থ। প্রতি বছরই বন্যা হচ্ছে, বাঁধ ভেঙে যাচ্ছে, জল ঢুকে যাচ্ছে, মানুষের ক্ষেতজমি নষ্ট হচ্ছে, সুতরাং এই দপ্তর তার কাজ করতে চূড়ান্তভাবে ব্যর্থ হয়েছে। আরেকটা জায়গায় পত্রিকাতে লিখেছে অজয়ের বুকে গড়ে উঠেছে 'নকল বুঁদির' বাঁধ। সুতরাং এই সেচ দপ্তর তার কাজ করতে যে ব্যর্থ হয়েছে তা এইসব পত্রিকা থেকেই বোঝা যাচ্ছে এবং আমরা নিজেরাও বুঝছি। তারপরে বর্তমান কাগজে ৫ তারিখে বেরিয়েছে চন্দননগরে গঙ্গার আগ্রাসী ভাঙ্গনে তলিয়ে যাচ্ছে জমি, বসতবাড়ি। জল গ্রামের মধ্যে ঢুকে যাচ্ছে। আজকে এই অবস্থার মধ্যে নদীতে বাঁধ এবং সেচের ব্যবস্থা ঠিকমতো করতে পারেননি। সেচের ক্ষেত্রে সরকারি খাল কাটার ব্যবস্থা করতে পারলে এবং নদীতে বাঁধ তৈরি করে দিতে পারলে গঙ্গার ভাঙ্গন রুখতে পারতেন। কিন্তু তা কিছুই আপনারা করতে পারেননি। তার ফলে আজকে হাজার হাজার মানুষ সর্বশান্ত হচ্ছে। ৬.৭.২০০১ তারিখে বর্তমান পত্রিকাতে বেরিয়েছে লক্ষ লক্ষ টাকা খরচ করেও বন্যার শাসানি ঠেকানো যাচ্ছে না হাওড়ায়। ওখানে রূপনারায়ণ এবং দামোদরের পাড় ভেঙে যাচ্ছে, আজকে সরকার সেখানে লক্ষ লক্ষ টাকা খরচ করেও কিছু করতে পারছেন না। এই দপ্তর সাধারণ মানুষকে বন্যার কবল থেকে রক্ষা করতে ব্যর্থ। সেই কারণে এই ব্যয়-বরাদ্দের দাবি যেটা মন্ত্রী পেশ করেছেন তার বিরোধিতা করে আমাদের দলের যে কাটমোশান তাকে সমর্থন করে আমার বক্তব্য শেষ করছি। ধন্যবাদ।

শ্রী পরেশ চন্দ্র অধিকারী : স্যার, মাননীয় মন্ত্রী যে ব্যয়-বরাদ্দের দাবি পেশ করেছেন তাকে আমি পূর্ণ সমর্থন করে এখানে দু-চারটি কথা বলতে চাই। এই বিভাগের প্রধান কার্যক্রম হল বৃহৎ এবং মাঝারি প্রকল্পের মাধ্যমে কৃষিজমিতে জলের যোগান দেওয়া। এবং বন্যা নিয়ন্ত্রণ করা। আমি প্রথমেই সেচের কথায় আসি। আমার পূর্ববর্তী দুজন সদস্য গঙ্গার এবং পদ্মার কথা বললেন এবং মেদিনীপুর ও পুরুলিয়ার সমস্যার কথা বললেন। কিন্তু আমাদের যে সমস্যা সেই সমস্যার কথা উল্লেখ করে বলতে চাই যে, এই সমস্যা শুরু হয় যখন গোটা ভারতবর্ষে তৃতীয় পঞ্চবার্ষিকী পরিকল্পনা রচিত হল তখন ঢাক-ঢোল পিটিয়ে সবুজ বিপ্লবের কথা বললেন। সেখানে বৃহৎ, মাঝারি এবং ক্ষুদ্র প্রকল্পগুলো কেন্দ্রীয় সরকার নিজে দায়িত্ব পালন করবেন বলেছিলেন।

[5.20—5.30 p.m.]

আমরা লক্ষ্য করলাম পাঞ্জাবে এবং হরিয়ানায় ভাকরা নাঙ্গল প্রকল্প এবং কর্ণাটক সহ অন্ধ্রপ্রদেশে সেখানকার নার্গাজুন প্রকল্প সহ সমস্ত প্রকল্প সমাধা হল এবং সবুজ বিপ্লব সেখানে

সংগঠিত হল। কিন্তু এশিয়ার মধ্যে সবচেয়ে বৃহৎ সেচ প্রকল্প, আমাদের তিস্তা সেচ প্রকল্প সেখানে কেন্দ্রীয় সরকারের যে দীর্ঘ অনীহা এবং আমরা লক্ষ্য করেছি আমাদের বিরোধী দল এই ব্যাপারে সোচ্চার না হয়ে তারা নানান অজুহাত তুলে দূর্নীতির কথা বলছেন। এই বিষয়ে তারা কোনো সমাধা না করে অঙ্গুলি নির্দেশ করছেন অন্যদিকে। আমি বিরোধী দলের সদস্যদের এই ব্যাপারে সহযোগিতা চাই। এই ব্যাপারে যাতে অতি সত্বর এশিয়ার মধ্যে সর্ববৃহৎ তিস্তা সেচ প্রকল্প দ্রুত রূপায়িত হয় এর জন্য আপনারা যথাযথভাবে কেন্দ্রীয় সরকারের কাছে তদ্বির তদারক করবেন। আমরা জানি '৭৬ সালে যখন এই প্রকল্প রচিত হল, আমরা লক্ষ্য করলাম যে উত্তরবঙ্গের দেড় কোটি মানুষের মনে একটা আশার আলো দেখা গেল। সেখানে যে পরিমাণ বাড়তি খাদ্য উৎপাদন হবে, ৬২ লক্ষ মেট্রিক টন বাড়তি খাদ্য উৎপাদন হবে এবং বহু বেকারের সমস্যার সমাধান হবে, ৪ হাজার কোটি শ্রম দিবস তৈরি হবে। কিন্তু আমরা লক্ষ্য করলাম কেন্দ্রীয় সরকার তারা আর্থিক সহযোগিতা সেইভাবে করলেন না। আজকে মাননীয় মন্ত্রী তাঁর বাজেট বইতে ৩-তে উল্লেখ করেছেন '৯৯ সালে ও ২০০০ সালে রবি ও বোরো চাষে ১ লক্ষ ২৬ হাজার ১১০ হেক্টর জমিকে সেচের আওতায় এনেছেন। এবং শুধু এটা নয়, এটাকে আরো বাড়ানো দরকার এবং দ্রুততার সাথে কাজটা সমাধান করা দরকার। এখানে মাননীয় মন্ত্রীকে অনুরোধ করবো এই সেচ প্রকল্পে যেটা বামহাতি খাল আছে, তার যে উপখাল জলপাইগুড়ি হয়ে হলদিবাড়ি পর্যন্ত গিয়েছে, এই বামহাতি খাল জলপাইগুড়ি থেকে হলদিবাড়ী পর্যন্ত যাওয়ার মুখে রেল ব্রীজ-এর পাশে এসে থমকে আছে। আমরা এই ব্যাপারে দীর্ঘদিন ধরে শুনে আসছি, এন. এফ. রেলওয়েতে দীর্ঘদিন ধরে এটা পড়ে আছে, সেখানে অনুমোদন আসছিল না। কিন্তু এই ব্যাপারে খবর নিয়ে দেখলাম রেল দপ্তর থেকে এটার অনুমোদন পাওয়া গিয়েছে, তাহলে কি জন্য সেই খালটা হলদিবাড়ি পর্যন্ত গেল না ? সেখানকার চাষিরা অতি কষ্টে টমেটো উৎপাদন করছে, লঙ্কা উৎপাদন করছে, সেখানে যদি সেচের ব্যবস্থা, জলসেচের ব্যবস্থা পৌঁছায় তাহেল সেখানে সবুজ বিপ্লব হবে। মাননীয় মন্ত্রী মহাশয়কে বলব, এটা অতি সত্বর দ্রুত রূপায়ণ করে করার চেষ্টা করবেন। পাশাপাশি নদী ভাঙন প্রকল্পর ব্যাপারে বলব, যেমন উত্তরবঙ্গের ১২ আনা অর্থনীতি নির্ভর করে চা-শিল্পের উপরে যেখানে এই চা-শিল্প আজকে ৪০ থেকে ৫০টি চা-বাগান ধ্বংসের মুখে। এর প্রধান কারণ হচ্ছে, এই চা-বাগানের উপর দিয়ে ভূটান থেকে যে সমস্ত নদী নেমে এসেছে, সেখানে প্রতি বছর এই চা-বাগানগুলিতে ভূটানের পাহাড় থেকে ধ্বস আসার ফলে সেখানে বড়ো বড়ো পাথরের ধ্বস নেমে আসছে। যার ফলে নুড়ি পাথরে নদীগুলি মজে যাচ্ছে, যার ফলে সেখানে ভয়ানকভাবে ভাঙন হচ্ছে, এবং সেখানকার ৬টি চা-বাগান যারা বৃহৎ চা-বাগান, সেখানকার ইউনিয়ন দাবি করেছে, যদি অতি সত্বর সংস্কার করা না যায় তাহলে এই বিষয়ে মাননীয় মন্ত্রী ও উত্তরবঙ্গ উন্নয়ন পর্ষদের কাছে তারা দাবি রাখবে। ভারত-ভূটান যৌথ নদী কমিশন যদি ব্যবস্থা না নেয়, তাহলে আগামী দিনে এই বাগানগুলি ধ্বংসের সম্মুখীন হবে এবং অনিবার্য ভাবে হাজার হাজার শ্রমিক অনাহারে দিন কাটানোর সম্মুখীন হবে। অতি সত্বর বিষয়টি গুরুত্ব সহকারে দেখার জন্য মাননীয় মন্ত্রীকে অনুরোধ করছি। আর, পুরুলিয়া জেলার ৩৩টি সেচ প্রকল্পের মধ্যে ২২টি সম্পূর্ণ হয়েছে,

সবগুলি এখনও সম্পূর্ণ হয়নি, সেদিকেও দৃষ্টি দেবেন এই আশা করি। ডিস্ট্রিক্ট প্ল্যানিং কমিটি গুরুত্ব বিবেচনা করে যে সমস্ত প্রকল্প অনুমোদন করে, সেইগুলোর কাজ বন্যার সময় করলে কাজও যেমন ঠিক হয় না, তেমনি অর্থেরও অপচয় হয়। সেইগুলো বন্যার সময় না করে আগে করার দিকে দৃষ্টি দেওয়া উচিত বলে মনে করি। গত বছর উত্তরবঙ্গ উন্নয়ন পর্ষদ থেকে প্রায় ১২ কোটি টাকা বন্যা নিয়ন্ত্রণের জন্য মঞ্জুর করেছিল। তার মধ্যে কয়েকটি কাজে হাত দিয়েছে, বেশিরভাগ কাজে হাত দেওয়া হয়নি। আশা করি মাননীয় মন্ত্রী এইসব বাধা অতিক্রম করে উত্তরবঙ্গের দেড় কোটি মানুষের স্বার্থে কাজগুলো সম্পন্ন করবেন। এই কথা বলে এই বাজেটকে সমর্থন করে আমার বক্তব্য শেষ করছি।

শ্রী সুভাষ নস্কর : মাননীয় চেয়ারম্যান স্যার, সেচ ও জলপথ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী মহাশয় যে ব্যয়-বরাদ্দের দাবি উপস্থিত করেছেন তাকে সমর্থন করে কয়েকটি কথা এখানে রাখব।

আমরা জানি আমাদের রাজ্যে সেচ দপ্তর একটি বিশাল দপ্তর, আমাদের কাছে এর চাহিদাও সবচেয়ে বেশি। মাননীয় মন্ত্রী তাঁর বক্তব্যে বলেছেন, এর বিশাল চাহিদা এবং কর্মযজ্ঞ। কিন্তু এ ক্ষেত্রে চাহিদা এবং বরাদ্দের মধ্যে ফারাক থাকছে। চাহিদার তুলনায় বরাদ্দটা বিশাল নয়। এই দপ্তরটি আমাদের কাছে যেমন আশীর্বাদের, অপরপক্ষে তেমনি অভিশাপেরও বটে। এর আশীর্বাদের ফলে আমাদের রাজ্যে শস্যে ভরে যাচ্ছে, ফসল উদ্বৃত্ত হচ্ছে। আর এর অভিশাপের ফলে ভূমিহীন, সর্বহারাদের সংখ্যা বাড়ছে। ঘরপোড়া গরু যেমন সিঁদুরে মেঘ দেখলে ডরায়, তেমনি এই বর্ষার মাসগুলো আমাদের একটা আতঙ্কের মধ্যে কাটে—কোন জেলায় কতটা যায়, তার জন্য কি পরিমাণ ব্যবস্থা অগ্রিম ভেবে রাখতে হয়, টাকা বরাদ্দ করতে হয়। এটা একটা জাতীয় সমস্যা। একে চিহ্নিত করা উচিত এবং এ ক্ষেত্রে গুরুত্ব সহকারে ব্যবস্থা নেওয়া উচিত।

মাননীয় মন্ত্রী মহোদয় আপনি আপনার বক্তব্যের মধ্যে যা বলেছেন, সেটা খুবই সঙ্গত যে আমাদের কিছু সংশয় হচ্ছে যেখানে মূলত রক্ষা করতে গিয়ে সপ্তম রি-এমব্যাংকমেন্ট করেও হল না, আবার অষ্টম রি-এমব্যাংকমেন্ট করতে হচ্ছে। এর পরে দেখব নবম, দশম, একাদশেও চলে যেতে হবে। প্রতিবারই আমরা পিছিয়ে যাচ্ছি রক্ষা করতে গিয়ে। আমাদের রাজ্যের মানুষের বসবাসের জায়গা, তাদের ভূমিসম্পদ নদীগর্ভে চলে যাচ্ছে। অথচ গ্রামের কিছু মানুষ বলেন যে, এখানের বন্যা কৃত্রিম বন্যা। আবার কেউ কেউ বলেন এটা মনুষ সৃষ্ট বন্যা। অথচ কেন্দ্রীয় সরকার যেভাবে বঞ্চিত করছে, বিভিন্ন বড়ো বড়ো প্রকল্পে সময়মতো অর্থের জোগান না দিয়ে, সেগুলি সম্পর্কে কিন্তু কোনো রকম উচ্চবাচ্য করছে না। তাই এই ব্যাপারে আসুন আমরা যৌথভাবে আলোচনা করি। তা নাহলে আমাদের সম্পদ এইভাবে নষ্ট হয়ে যাবে। লক্ষ লক্ষ মানুষের ক্ষতি হয়ে যাবে এবং আমাদের রাজ্য এগোবে না, পিছিয়ে যাবে। তাই স্যার আমি বলছি যে, এই দপ্তর খুবই গুরুত্বপূর্ণ, এবং আরও অর্থের দরকার। আমাদের এখানে বড়ো বড়ো প্রকল্প আছে—যেমন- তিস্তা ব্যারেজ প্রকল্প, সুবর্ণরেখা ব্যারেজ প্রকল্প, মাঝারি সেচ প্রকল্প, বৃহৎ সেচ প্রকল্প ইত্যাদি আছে। আমাদের রাজ্যের একটা বৃহৎ

অংশে সাড়ে ৩ হাজার কিলোমিটার নদী বাঁধ যেটা জমিদারি আমলে তৈরি হয়েছিল সেটাকে রক্ষা করার জন্য কোনো সুনির্দিষ্ট পরিকল্পনা নেওয়া হয়নি। অর্থাৎ এটাকে শুধুমাত্র বন্যা নিয়ন্ত্রণের জন্য ঠেকিয়ে রাখা হচ্ছে। মাননীয় মন্ত্রী মহাশয় বলেছেন যে, এটা করা দরকার। স্যার, আমি একটা কথা বলছি—এই বাঁধকে রক্ষা করতে গেলে মাটি দেওয়া দরকার, কিন্তু সেটা বর্ষাকালে নয়, সেটা শীতকালে দিতে হবে। আর অল্প সময়ের মধ্যে কাজটা শেষ করতে হবে। কিন্তু এটা সময়সাপেক্ষ। যাদের জমি বাস্তু যাচ্ছে, তাদের ক্ষতিপূরণের কোনো ব্যবস্থাই হচ্ছে না। অ্যাক্ট ওয়ান, অ্যাক্ট টুর ঠেলায় ওখানকার মানুষজন তারা কোথাও কিছু বলতে পারছেন না। আপনি এই ব্যাপারে এমন একটা ব্যবস্থা গড়ে তুলুন, যাতে তাদের কিছু ব্যবস্থা করা যায় এবং তাদের রক্ষা করা যায়। এই কথা বলে এই বাজেটকে সমর্থন করে আমার বক্তব্য শেষ করছি।

শ্রী দেবপ্রসাদ সরকার : মাননীয় চেয়ারম্যান স্যার, ৬৬ এবং ৬৮ নম্বরে মাননীয় সেচমন্ত্রী যে ব্যয়বরাদ্দ পেশ করেছেন আমি তার বিরোধিতা করছি এবং আমার কাটমোশনের সমর্থনে আমার বক্তব্য রাখছি। মাননীয় চেয়ারম্যান স্যার, এই রাজ্যে বন্যা, গঙ্গা-পদ্মার ভাঙন, সমস্ত দ্বীপাঞ্চলে দক্ষিণ ২৪-পরগনায়, বঙ্গোপসাগর সংলগ্ন দ্বীপাঞ্চলে ভাঙনের সমস্যা, পুরুলিয়া, বাঁকুড়া কয়েকটি জেলায় খরার সংকট এই তাণ্ডব পশ্চিমবাংলায় বছরের পর বছর চলছে এবং এই ধ্বংসের তাণ্ডব যদি অব্যাহতভাবে চলতে থাকে আগামী দিনে পশ্চিমবাংলার বিস্তীর্ণ অঞ্চলে একটা বিশাল সংখ্যক মানুষের জনবসতি সম্পূর্ণ নিশ্চিহ্ন হয়ে যাবে। এইরকম একটা পরিস্থিতিতে আজকে মাননীয় মন্ত্রী স্বীকার করেছেন যে পশ্চিমবাংলা বছর বছর বিধ্বংসী বন্যাকবলিত, এখানে বিগত ২৫ বছরে ১৭ বার বন্যা হয়েছে। গত বছরের ভয়ংকর বন্যায় ৯টি জেলায় অগুনতি মানুষের জীবন চলে গেল, লক্ষ লক্ষ মানুষ সর্বস্বান্ত হল অথচ এই ভয়ংকর বন্যার পর দীর্ঘ ১০ মাস কেটে গেছে কিন্তু এই সময়ের মধ্যে বাঁধগুলো মেরামত করা বা পুনর্নির্মাণ করার, মজবুত করার, নদী, খাল, বিল সংস্কার করে, আগামী দিনে যাতে এই ভয়ংকর বন্যার শিকার মানুষ আর না হয় সেই পদক্ষেপ রাজ্য সরকারের তরফ থেকে কার্যত নেওয়া হয়নি। শুখা মরসুম চলে গেল। আজকে বর্ষার সময়। আজকে মুর্শিদাবাদ, নদিয়া, বীরভূম, বর্ধমান বন্যাপ্রবণ এলাকা। বলা হয়েছিল যে এই বাঁধগুলো ৩০শে জুনের মধ্যে মেরামতের কাজ শেষ করা হবে। শেষ করা তো দূরে থাক। বাঁধ মেরামতের কাজই শুরু করা হয়নি। যেমন মুর্শিদাবাদের কাঁদি এবং ভরতপুর এই জায়গায় দুটো নদীর উপর ৮ কি.মি. দীর্ঘ বাঁধটা গতবারের বন্যায় ধ্বংস হয়ে গিয়ে গোটা এলাকাটাকে বিধ্বস্ত করে দিয়েছিল। আজ পর্যন্ত তার মেরামত করা হয়নি। মুর্শিদাবাদের কালিয়াগঞ্জ, জগৎ খালিতে, নানুরের বাঁধগুলো মেরামতের কাজে হাত দেওয়া যায়নি। মন্ত্রী বলেছেন যে নির্বাচন ইত্যাদির জন্য দেরি হয়েছে। আজকে এইরকম একটা পরিস্থিতিতে বন্যানিয়ন্ত্রণে সরকারের স্থায়ী কোনো পদক্ষেপ গ্রহণ আমরা দেখতে পাচ্ছি না। বছরের পর বছর পলি পড়ে নদীর বেড় উঁচু হয়ে যায়। নদীগর্ভ সংস্কার করার প্রয়োজন সেখানে দেখা যাচ্ছে যে নদী চুরি হয়ে যাচ্ছে সরকারের জ্ঞাতসারে। প্লাবনভূমিতে সেখানে ভেড়ি তৈরি হচ্ছে এবং সরকার অনেক জায়গায় পাট্টা পর্যন্ত দিচ্ছেন। এইরকম ঘটনা ঘটছে। সরকারি অবহেলার ফলে আজকে এই অবস্থায় এসে দাঁড়িয়েছে।

[5.40—5.50 p.m.]

বন্যাজনিত কারণ ছাড়াও নদী ভাঙন যেটা একটা মস্তবড়ো সমস্যা বিভিন্ন জেলায় ঘরবাড়ি নদীগর্ভে চলে যাচ্ছে। মুর্শিদাবাদ ও মালদা জেলায় এটা মারাত্মক আকার নিয়েছে। লক্ষ লক্ষ পরিবার সেখানে বাস্তুচ্যুত। মালদাতে ২০ বছরে বহু পরিবার ১৭ বার তাদের ঠিকানা পরিবর্তন করতে বাধ্য হয়েছে। এই রকম একটা অবস্থা সেখানে হয়েছে। নদীর গতিপথ পরিবর্তিত হচ্ছে জঙ্গিপুর, ফালিপুরের কাছে গঙ্গা, পদ্মা, ভাগীরথীর জল সরতে সরতে এমন জায়গায় এসেছে যে অবিলম্বে এর কার্যকরী প্রতিরোধ ব্যবস্থা না নিতে পারলে আগামী দিনে আরও অসংখ্য জনপথ বিলুপ্ত হয়ে যাওয়ার আশংকা রয়েছে। এই নদী ভাঙন প্রতিরোধের জন্য কার্যকরী ব্যবস্থা গ্রহণের জন্য কেন্দ্র এবং রাজ্য সরকারকে যুদ্ধকালীন গুরুত্ব সহকারে এগিয়ে আসা দরকার। সেখানে দেখা যাচ্ছে চূড়ান্ত ব্যর্থতা এবং সেই কারণে আজকে এই অবস্থা দেখা দিয়েছে। সদিচ্ছা থাকলে কিছু কাজ করা যায়। আমরা দেখেছি সরকারের গাফিলতি এবং সর্বোপরি দুর্নীতি এই কাজে মারাত্মক বাধা সৃষ্টি করেছে। আমরা আগেও দেখেছি এই নদী বাঁধ মেরামতির কাজ যেটা শুখা মরসুমে হতো নভেম্বর থেকে মে মাস পর্যন্ত। এখন বর্ষার সময় কাজ হচ্ছে, বোল্ডার ফেলা বা নদী বাঁধ মেরামত করা হচ্ছে। এর ফলে সব টাকাটাই জলে যাচ্ছে। এর পিছনে এই দুর্নীতিগ্রস্ত প্রশাসন এবং তার সঙ্গে কন্ট্রাক্টরদের আঁতাত আছে, যার ফলে শুখা মরসুম বাদ দিয়ে বর্ষার সময় কাজ হচ্ছে। গত বছর আপনি জানেন এইভাবে বর্ষার মরসুমে কাজ হচ্ছিল বলে এর প্রতিবাদ করতে গিয়ে মুর্শিদাবাদ জেলার আখেরিগঞ্জ এলাকার আন্দোলনরত মানুষ সেখানে প্রতিরোধ করে এবং নৈরুদ্দিনকে প্রাণ দিতে হয় ১৭ই জুলাই। এই রকম একটা পরিস্থিতির ফলেই এই জিনিস চলছে। খরার ব্যাপারে বলি, আজকে পুরুলিয়া, বাঁকুড়া এই দুটি জেলাতে হয়। আপনি জানেন মাননীয় সেচমন্ত্রী মহাশয়, এই দুটি জেলাতে জল সম্পদ আছে ৪টি বড়ো বড়ো নদী, ২৭টি ছোটো নদী, হাজার হাজার জোট খাল রয়েছে, বছরে ১২৫০ থেকে ১৩০৫ মিঃ মিঃ বৃষ্টিপাত হয়, বছরে ৮০ থেকে ৯০ দিন বৃষ্টি হয়। কিন্তু এই জলের সংরক্ষণের ব্যবস্থা না থাকার ফলে বাঁকুড়া, পুরুলিয়া জেলাতে বছরের পর বছর খরা হচ্ছে। সেখানকার মানুষ এর ফলে ক্ষতিগ্রস্ত হচ্ছে। সেখানে কোনো ব্যবস্থাই নেই। সেখানে যদি জোরবাঁধগুলি দেওয়ার ব্যবস্থা হতো, ছোটো ছোটো নদীগুলিতে জল সংরক্ষণের ব্যবস্থা হত, যে সমস্ত বিল, পুকুর এবং প্রাকৃতিক জলাধারগুলিতে জল ধারণের ব্যবস্থা করা হত তাহলে এইভাবে পুরুলিয়া, বাঁকুড়াতে খরা হত না। এইভাবে মানুষের সর্বনাশ হয়ে যাচ্ছে, যেটা হত না। মিঃ চেয়ারম্যান স্যার, এখানে মাননীয় সেচমন্ত্রী বলেছেন বন্যা নিয়ন্ত্রণের কথা। পি. এম. রায় কমিটির রিপোর্ট আজও জানা গেল না এই বন্যা নিয়ন্ত্রণের জন্য তারা কি বলেছে এবং সেই রিপোর্টের ভিত্তিতে পরিকল্পনা রূপায়িত করা বাস্তবায়িত করার জন্য কি পদক্ষেপ নিয়েছেন তা পশ্চিমবঙ্গের মানুষ জানে না।

আজকে আবার নতুন করে মাননীয় অর্থমন্ত্রী অসীমবাবুর বাজেটে বিশেষজ্ঞ কমিটি করার কথা দেখছি। আজকে সরকার বছরের পর বছর বন্যা নিয়ন্ত্রণের নামে এই সব করে চলেছেন। এবং পশ্চিমবঙ্গের মানুষকে কার্যত প্রকৃতির উপরই নির্ভর করে চলতে হচ্ছে। এটা

অত্যন্ত দুর্ভাগ্যের বিষয় যে আজকে বিজ্ঞানের অগ্রগতির যুগে সেচ ব্যবস্থা, নিকাশী ব্যবস্থার সুযোগ এখানে নেই। আজকে বেশিরভাগ জমিই একফসলা কিন্তু সেই জমিগুলোকে দু-ফসলা বা একাধিক ফসলা করার চেষ্টা সেচের মাধ্যমে, যেটা পশ্চিমবাংলার মতো নদী মাতৃকদেশে করা সম্ভব হতে পারত সরকারের সদিচ্ছা থাকলে সেটা করা হল না। বা এর জন্য কোনো পরিকল্পনা গ্রহণ করা হল না। অতীতে কংগ্রেস সরকারের আমলে যেমন নেওয়া হয়নি তেমনি এই বামফ্রন্ট সরকার ২৪ বছর ধরে ক্ষমতায় অধিষ্ঠিত থাকলেও সেচসেবিত করে এক-ফসলা জমিকে একাধিক ফসলা করার ক্ষেত্রে কোনো ব্যবস্থা নেয়নি। আপনারা বলতে পারেন, 'কেন্দ্র টাকা দিচ্ছে না এবং সেই জন্য আমরা কিছু করতে পারছি না।' একথা ঠিক যে এক্ষেত্রে কেন্দ্রেরও দায়িত্ব আছে এবং কেন্দ্রের বিমাতৃসুলভ আচরণ অতি নিন্দনীয়। বিশেষ করে তারা গুজরাটে সাহায্যের হাত বাড়িয়ে দিলেও পশ্চিমবাংলায় এতবড়ো বন্যা, বিপর্যয়ের পরেও সেইভাবে আমাদের সাহায্য করলেন না। এটা একটা ক্রিমিনাল নেগলিজেন্স। এই আচরণ নিন্দনীয়, ধিক্কারযোগ্য এবং তার বিরুদ্ধে প্রতিবাদ, প্রতিরোধ আন্দোলনের দরকার আছে। কিন্তু শুধু কেন্দ্র দিচ্ছে না, একথা বলে একটা দায়িত্বশীল সরকার নীরব থাকতে পারে না, রাজ্য সরকারেরও কতগুলো কার্যকরী পদক্ষেপ নেওয়া দরকার ছিল। খরা, বন্যা প্রতিরোধের ক্ষেত্রে স্থানীয় মানুষের নানা রকম সাজেশন আছে, স্থানীয় মানুষকে ইনভল্‌ভ করা দরকার এক্ষেত্রে। এক্ষেত্রে তারা জোড়বাঁধের কথা বলছে। বাঁধ দিলে একদিকে যেমন জল সংরক্ষণ হবে অন্যদিকে তেমন ভূমিক্ষয় রোধ হবে। এবং এর ফলে বহু জমি একফসলা থেকে বহুফসলা হতে পারবে। এই রকম তাদের সাজেশন আছে। আপনি ৫০টা রিভার লিফটের কথা বলেছেন। কিন্তু দেখা যাচ্ছে বেশির ভাগ রিভার লিফটই কাজ করে না। এই সব ক্ষেত্রে কার্যকরী পদক্ষেপ নেওয়া দরকার আছে। এছাড়া দেখা যাচ্ছে বিভিন্ন দপ্তরের মধ্যে কোনো সমন্বয় নেই। এটা দরকার। তাছাড়াও আপনি নিজে বলেছেন বন্যা নিয়ন্ত্রণ করতে সব চলে যাচ্ছে, স্থায়ী বন্যা নিয়ন্ত্রণের পরিকল্পনা সরকার নিতে পারছে না। আপনারা ২৫ বছর ধরে স্থায়ী বন্যা নিয়ন্ত্রণের পরিকল্পনা সরকার নিতে পারছে না। আপনারা ২৫ বছর ধরে স্থায়ী বন্যা নিয়ন্ত্রণের কোনো পরিকল্পনা নিতে পারলেন না। আপনারা আবার বিশেষজ্ঞ কমিটি করার কথা বলেছেন, আমি মনে করি আপনাদের উচিত ছিল ভূ-বিজ্ঞানী বিশেষজ্ঞদের এবং বিভিন্ন বিশেষজ্ঞদের নিয়ে এক্ষেত্রে একটা কমিটি করে একটা সার্বিক পরিকল্পনা গ্রহণ করা দরকার ছিল। তা না হলে আসল সমস্যার কোনো সমাধান হবে বলে আমি মনে করি না। টাকার প্রশ্ন তো পরে আসবে। আপনার আগের মাননীয় সেচমন্ত্রী মহাশয় আমার একটা প্রশ্নের উত্তরে বলেছিলেন, 'স্থায়ী বন্যা নিয়ন্ত্রণ, এটা অবাস্তব'। তাঁর উত্তর শুনে আমরা আশ্চর্য হয়ে গিয়েছিলাম। বর্তমানে এই দপ্তরের মাননীয় মন্ত্রীকে জিজ্ঞাসা করি আপনিও কি সেই একই মত পোষণ করেন ? আপনারও কি এক্ষেত্রে দৃষ্টিভঙ্গি পূর্ববর্তী মন্ত্রীর মতোই ?

[5.50—6.00 p.m.]

আজকে বিজ্ঞানের যুগে বন্যার হাত থেকে, খরার হাত থেকে মানুষকে বাঁচানো যাবে না এটা কল্পনা করা যায় না। এটা ভাবা যায় না। স্থায়ীভাবে বন্যা নিয়ন্ত্রণের জন্য সরকার কি পরিকল্পনা নিয়েছেন বা কি ব্যবস্থা গ্রহণ করেছেন ? দ্বিতীয়তঃ সরকার প্রতিশ্রুতি

দিয়েছিলেন যে, ফ্লাড শেল্টার করা হবে, গতবারের বন্যার পর আপনারা বলেছিলেন যে, বন্যাপ্রবণ এলাকায় ফ্লাড শেল্টার করবেন, আপৎকালীন ব্যবস্থা গ্রহণ করবেন, এই ফ্লাড শেল্টার কতগুলো হয়েছে ? আবার যদি বন্যা এসে যায় আবার যদি মানুষ এরকম গতবছরের মতো বা অতীতের মতো ভয়ংকর বন্যার সম্মুখীন হয় তাহলে তার জন্য সরকার কি ব্যবস্থা গ্রহণ করেছেন—এগুলো সম্বন্ধে মাননীয় মন্ত্রী মহাশয়ের কাছ থেকে আমরা পরিষ্কার ভাবে জানতে চাই। বন্যা নিয়ন্ত্রণের জন্য সরকার কোনো স্থায়ী পরিকল্পনা গ্রহণ করেছেন কিনা, স্থায়ীভাবে বন্যা প্রতিরোধের জন্য কোনো পরিকল্পনা আছে কিনা, পরিকল্পনা থাকলে সেই পরিকল্পনা কি সেটা জানতে চাই। এছাড়া, এই যে বছর বছর বলা সত্ত্বেও খরা মরশুমে বাঁধ নির্মাণ বা নদী ভাঙন রোধ করার জন্য কোনো উদ্যোগ না নিয়ে বর্ষার সময় সেগুলো করা হয়, এর ফলে যে টাকা বন্যা নিয়ন্ত্রণের জন্য বরাদ্দ হয় তারও একটা বিশাল অংশ যে ভাবে ড্রেনেজ হয়, অপচয় হয় এবং এটা হাজার হাজার, লক্ষ লক্ষ মানুষকে একটা দুর্বিষহ জীবনের দিকে ঠেলে দেয়, এই অবস্থার হাত থেকে ভবিষ্যতে মানুষ যাতে পরিত্রাণ পেতে পারে তার জন্য সরকার নীতিগত ভাবে সিদ্ধান্ত শুধু নয় সেটাকে কার্যকরী করে যাতে এর পর থেকে সব কাজ শুখা মরসুমে করা হয়, বর্ষার সময় যেন এই কাজগুলো করা না হয়, এটা দেখা দরকার। এর ফলে জনগণের অর্থ অপচয় হবে না। গতবারের বন্যার পর ১০ মাস হয়ে গেল কিন্তু এখনও সরকার কিছু ব্যবস্থা নিতে পারলেন না। বর্তমানে পশ্চিমবঙ্গের যে অবস্থা—বর্ষা চলছে—সেচ দপ্তরের কিছু কিছু আধিকারিক উদ্বেগ প্রকাশ করেছেন যে, আমাদের এই সমস্ত বন্যাপ্রবণ জেলাগুলোতে নদী বাঁধ দ্রুত মেরামতের ব্যবস্থা যদি না করা হয় তাহলে আগামী দিনে বন্যায় পশ্চিমবঙ্গে কোটি কোটি টাকার সম্পদহানি হবে এবং মানুষের জীবনহানির আশংকা রয়েছে। সুতরাং এই অবস্থা থেকে পরিত্রাণ পাওয়ার জন্য সরকার বিকল্প কি পদক্ষেপ নিচ্ছেন সেটা মাননীয় মন্ত্রী মহাশয় তাঁর জবাবী ভাষণে বলবেন। এই কথা বলে মাননীয় চেয়ারম্যান স্যারকে ধন্যবাদ জানিয়ে, এই বাজেটের বিরোধিতা করে আমি আমার বক্তব্য শেষ করছি।

শ্রী ননীগোপাল চৌধুরী : মাননীয় চেয়ারম্যান মহাশয় আজকে ৬৬ এবং ৬৮ নম্বর দাবির অধীন যে ব্যয়-বরাদ্দ এখানে পেশ করা হয়েছে আমি তাকে সমর্থন করে এবং বিরোধীদের আনীত কাট-মোশানগুলোর বিরোধিতা করে আমি কয়েকটি কথা বলতে চাই। এই বাজেট যদি ভাল করে পড়ে দেখতেন তাহলে দেখতেন যে, কি বিশাল কর্মকাণ্ড সরকার নিয়েছেন, বিচার-বিশ্লেষণ করে সেই দাবিগুলোকে সফল করার জন্য কি আপ্রাণ চেষ্টা করেছেন, কিন্তু দেরি হচ্ছে, পেরে উঠছে না, সবটা করা যাচ্ছে না। সেজন্য মাননীয় বিরোধী সদস্যগণ যে কাট-মোশানগুলো এনেছেন সেই কাট-মোশানগুলো তাঁরা কেন এনেছেন সেটা বুঝতে পারছি না। ওঁরা বিরোধিতা করছেন। কর্মকাণ্ডকে সফল করার জন্য যে ব্যবস্থা বামফ্রন্ট সরকার করেছেন এবং তার জন্য যে দাবিগুলো এসেছে আগেই সেগুলো সমর্থন করেছি। একটু আগে একজন মাননীয় বিরোধী বিধায়ক বলছিলেন যে, মন্ত্রী মহাশয়

বলেছেন,—পশ্চিম বাংলার ভাগ্যের সঙ্গে বন্যা যুক্ত। এটা নাকি খুব সাংঘাতিক কথা ! বাড়িতে আমার একটা বাচ্চা নাতনি আছে। আমি যে এলাকায় বাস করি সেই এলাকা প্রতি বছর দামোদরের জল ছাড়ার ফলে জলে ডুবে যায়। যার জন্য আমরা ডি ভি সি হবার পর ওকে বলতাম 'ডোবানো ভাসানো কর্পোরেশন'। নাতনির সঙ্গে আমার বন্যা নিয়ে আলোচনা হচ্ছিল। সে আমাকে প্রশ্ন করে, 'দাদু, তোমাদের বন্যা নিয়ে এত মাথাব্যথা কেন ? উপর থেকে জল এলে নীচে তো বন্যা হবেই।' সে আমাকে তার ভূগোল বইয়ের ছবিটা দেখিয়ে বললো, 'যদি ছবিটা উলটে দাও তাহলে আর বন্যা হবে না।' সে যেমন সহজ সমাধানের কথা বলে দিলো, এ রকম সহজ সমাধানের কথা তো আমরা বলতে পারি না। অথচ আমাদের বিরোধী বন্ধুরা এ রকম একটা সহজ সমাধান আমাদের কাছে চাইছেন ! ওঁদের কথা শুনে মনে হচ্ছে, ওঁরা হঠাৎ অন্য কোনো গ্রহ থেকে এখানে এসে হাজির হয়েছেন। যেখানে বিজ্ঞানীরা ৮টা জলাধার করতে বলেছিলেন, সেখানে ৪-টে জলাধার করার পরে, চারটে জলাধার জল পূর্ণ হবার পরে আর জল কোথায় ধরে রাখা হবে ? চারটে জলাধারই পূর্ণ হয়ে যাবার পরে আমাদের বিরোধী বন্ধুরা বলছেন, "ব্যারেজ থেকে জল ছাড়া হচ্ছে কেন ? না ছেড়ে আর কি উপায় আছে ? ওদের কথা বাচ্চা ছেলের মুড়ির বাটির মতো শোনাচ্ছে। ঘরে আগুন লেগেছে, সব পুড়ছে, ঘর পুড়ছে, গরু পুড়ছে, এমনকি বাচ্চার মা পর্যন্ত আগুনে পুড়ছে, কিন্তু বাচ্চা ছেলে চিৎকার করে কাঁদছে—আমার মুড়ি আর মুড়ির বাটি পুড়ে যাচ্ছে বলে। আমাদের বিরোধী বন্ধুদের অবস্থাও সে রকম হয়েছে। ওঁরা যে যাঁর নিজের এলাকা নিয়েই ব্যস্ত, বাংলা তথা ভারতবর্ষের কোনো সমস্যার কথা ওঁদের মাথায় ঢোকে না। ওঁরা ওদের নিজের এলাকার কথা কাগজে বের করতে পারলেই ধন্য। সে উদ্দেশ্যেই ওঁদের এখানে যত কিছু চিৎকার—চেঁচামেচি, কান্নাকাটি। আমাদের দেশের স্বাধীনতার পরে দিল্লিতে যাঁরা প্রথম থেকে বসেছিলেন তাঁরা বিশেষজ্ঞদের, বাস্তুকারদের, বিজ্ঞানীদের সিদ্ধান্ত না মেনে প্রথম থেকে একের পর এক রাজনৈতিক সিদ্ধান্ত নিয়েছিলেন। ব্যারেজ পরিকল্পনার কথা বলা হচ্ছে, প্রথম যখন এই পরিকল্পনা গ্রহণ করা হয়েছিল তখন বিশেষজ্ঞরা বলেছিলেন নদীর নাব্যতা বাড়াতে হবে। এখন এখানে জ্যাকেট করার কথা, অনেক কথাই বলা হচ্ছে। আমাদের গোটা রাজ্যে নদী বাঁধের পরিমাণ ১০,০০০ কিলোমিটারের ওপর। এ বিষয়ে দিল্লিতে একের পর কমিশন হয়েছে এবং বলা হয়েছে—এই টাকা দেওয়া হচ্ছে, এ টাকা দেওয়া হবে। অথচ কার্যক্ষেত্রে আমাদের একটা পয়সাও দেওয়া হয়নি। আমাদের সঙ্গে বঞ্চনা করা হয়েছে। রাজ্যের নিজস্ব ক্ষমতার মধ্যে থেকেই আমাদের বাজেট করতে হয়েছে। এই টাকার একটা অংশ আবার জেলা পরিষদকে দেওয়া হচ্ছে স্থানীয়ভাবে কিছু কিছু পরিকল্পনা গ্রহণ করার জন্য এবং তা কার্যকরী করার জন্য। মাননীয় মন্ত্রী অমলবাবুর নদী সম্পর্কে যথেষ্ট অভিজ্ঞতা আছে। তিনি তাঁর নিজস্ব অভিজ্ঞতার ওপর দাঁড়িয়ে আমাদের সামনে আজকে এই বাজেট প্রস্তাব হাজির করেছেন। এটাকে নিশ্চয়ই সকলের সমর্থন করা উচিত। বিরোধী সদস্যরা এই প্রস্তাবের বিরোধিতা করে যেভাবে বক্তব্য রাখছেন তাতে আমার মনে হচ্ছে ওঁরা বোধহয় মঙ্গল গ্রহ থেকে এসেছেন। এখানকার কিছুই জানেন না, চেনেন না। স্বাধীনতার পরেই দিল্লিতে একজন বিদেশ থেকে এসে বসেছিলেন। তিনি লেখা-পড়া জানা মানুষ ছিলেন,

ভারতকে দেখেছিলেন, কিন্তু বোঝেননি। প্রকৃত অর্থে তিনি বহিরাগত ছিলেন। আবার ভারতবর্ষে একজন বহিরাগত এসেছিলেন, তিনি নারী নির্যাতন করেছিলেন। শূদ্র-শিশু হত্যা করেছিলেন বেদ পাঠ করার অপরাধে। দুই ভাই মারামারি করছিলো, পেছন থেকে তিনি এক ভাইকে মেরে দিয়েছিলেন। তবুও তিনি ভারতবর্ষে নমস্য। কেন, না তিনি অহল্যার শাপমোচন ঘটিয়েছিলেন। অর্থাৎ অকর্ষিত জমি, সে জমিকে তিনি কর্ষণযোগ্য করেছিলেন। সে জন্য তিনি আজও নমস্য হয়ে আছেন।

[6.00—6.10 p.m.]

আমাদের ভারতবর্ষে অহল্যা শাপ উদ্ধার করলেন। অকর্ষিত জমিকে কর্ষণযোগ্য করলেন। অর্থাৎ কৃষিকার্যে সাহায্য করলেন। একজন বাস্তুকার গঙ্গার যে বহ্তা ৬০ হাজার সগর সন্তানকে বাঁচাবার জন্য কেটে নিয়ে এলেন এবং নিজে দেবত্বে অধিষ্ঠিত হলেন। আপনাদের এটাই তো দাবী হওয়া উচিত ছিল, ব্যারেজগুলি করেনি কেন, নদীগুলির পলি সংস্কার করেনি কেন ? আর আপনারা এখন বলছেন চাষে জল চাই, বোরোতে জল চাই। আজকে ডি. ভি. সি.-র অবস্থাটা কি দেখুন না ? আপনাদের যারা বর্ষীয়ান আছেন তাঁদের জিজ্ঞাসা করুন, ডি. ভি. সি. ব্যারেজ পরিকল্পনা যখন তৈরি করা হল সেই সময়ে বলা হয়েছিল খরিফে জল দেওয়া হবে আর বোরোতে পারলে জল দেওয়া হবে। তাই আজকে বন্যার সময়ে ডুববেন আর বোরোর সময়ে জল দেবেন না। আর তখন বলা হল, পারলে দেওয়া হবে। তথাপি আজকে বলবো, দামোদরের ডাইভারসিফিকেশনের কাজ দ্রুত হওয়া দরকার। মুশকিল এই জায়গায়, বাপ-মায়ের রক্ত বাহিত এইডস নিয়ে যে সন্তান জন্মগ্রহণ করছে সেই ছেলেটিকে তার বাবাই গ্রাম থেকে বহিষ্কার করার উদ্যোগ নিচ্ছেন। তাই আজকে ওরা সেচের জন্য বামফ্রন্ট সরকারকেই দায়ী করছেন। আজকে ওরা রূপনারায়ণ নদীর ভাঙন রোধের কথা বলছেন। হাওড়া, হুগলি, মেদিনীপুর জেলার কৃষক সভার পক্ষ থেকে কোলাঘাটের নতুন ব্রীজ হওয়ার জন্য আপত্তি করেছিলাম। আমরা বলেছিলাম, অন্তত দোতলা করা হোক। কিন্তু আমাদের কথা না শুনে ওরা ৩টি ব্রীজ করে দিলেন। এখন তাই রূপনারায়ণ মরছে। এটাকে বাঁচাবার জন্য দামোদরের গেগোয়াতে বাঁধ দিয়ে গঙ্গার মুখে ৫৮টি গেট করা হোক যা দিয়ে ২০ হাজার কিউসেক জল যেতে পারে। কিন্তু এখন ৪০ হাজার কিউসেক জল ঢুকছে, তাই মানুষ মরছে। এখন কি কৈফিয়ত দেবে ? তাই বলছি, এই পাপের হাত থেকে বাঁচার জন্য আসুন, একসঙ্গে বাংলাকে বাঁচানোর জন্য ঐক্যবদ্ধ লড়াই শুরু করি, আগামী দিনে পশ্চিমবাংলার জমিগুলিকে চাষযোগ্য করে তুলি। আশা করি, আপনারা এই বাজেটকে সমর্থন করবেন। এই কথা বলে আমার বক্তব্য শেষ করছি।

শ্রী পূর্ণেন্দু সেনগুপ্ত : মাননীয় চেয়ারম্যান স্যার, সেচ ও জলপথ বিভাগের ব্যয়-বরাদ্দকে আমি সমর্থন জানাই এবং বিরোধীদের আনা কাটমোশনকে আমি বিরোধিতা করছি। আমি জানি যে, পশ্চিমবাংলায় আমরা প্রায় ৬২ শতাংশ জমিকে সেচের আওতায় আনতে পেরেছি। আগামী ৫ বছরে এই সংখ্যা ৭৫ শতাংশে নিয়ে যাব। এটাই আমাদের গর্বের বিষয়। যদিও আমাদের প্রকৃতির রুদ্ররোষে গত বছর অতিরিক্ত বর্ষণ এবং বিভিন্ন

ড্যাম থেকে জল ছাড়ার ফলে আমাদের দেশের জল নিকাশী ব্যবস্থা কতটা ঠুনকো তা আমাদের চোখে আঙুল দিয়ে দেখিয়েছে, বিশেষ করে দুটি প্রোজেক্টের কথা উল্লেখ করছি, গঙ্গা-পদ্মা ভাঙন বা তিস্তা প্রকল্প কেন্দ্রীয় সরকারের আর্থিক আনুকূল্য না পাবার ফলে আমরা সেই কাজে পিছিয়ে যাচ্ছি। অতীতে আমরা দেখেছি যে, কংসাবতীর যে জলধারা প্রকল্প যেটা অনেক আগে হয়েছিল তার দ্বারা বাঁকুড়া এবং পুরুলিয়া জেলা কিছুটা আশীর্বাদ হলেও মেদিনীপুর জেলার ক্ষেত্রে সেটা অভিশাপ হয়ে দাঁড়িয়েছে। কারণ, লোয়ার পার্টের কাজ তারা সময়ে করতে পারেনি। আমি জানি—মেদিনীপুর জেলায় আর একটি প্রকল্পের কথা বলা হয়েছে সেটা হচ্ছে সুবর্ণরেখা ব্যারেজ। তাতে ১ লক্ষ ১৪ হাজার হেক্টর পরিমাণ কৃষিজমিতে সেচের জল পাওয়া যাবে। আমি জানি, এই সুবর্ণরেখা ব্যারেজ হলে প্রায় ১০/১১টি ব্লক উপকৃত হবে।

কয়েক লক্ষ মানুষের জীবনে সুখস্বাচ্ছন্দ্য নেমে আসবে। এর জন্য কিন্তু আমরা টাকা পাচ্ছি না। মাত্র ৫ কোটি টাকা দিয়ে কেন্দ্রীয় সরকার আমাদের কাজ শুরু করতে বলেছিলেন তাও ৬ বছর অতিক্রান্ত হয়ে গেল। এখন আমরা শুনছি এ. আই. বি. পি.-র আর্থিক সহায়তার জন্য যে সমস্ত নিয়মকানুন আছে তা উদার করার জন্য রাজ্য সরকারের পক্ষ থেকে আবেদন করা হয়েছে। কেন্দ্রীয় সরকারকে আমরা জানি এবং চিনি। আমরা জানি সোজা আঙুলে ঘি উঠবে না। কাজেই কেন্দ্রীয় সরকারের মুঠি যদি আলগা করতে হয় তাহলে আমাদের লড়াই করতে হবে। স্যার, এই প্রকল্পগুলি প্রকল্প হিসাবেই ঘোষিত হয়ে থাকবে বলে আমার মনে সন্দেহ দেখা দিয়েছে। আমরা জানি যে পশ্চিমবাংলায় সেচ ব্যবস্থার সম্প্রসারণ ঘটেছে, সেচ এলাকার পরিমাণ বেড়েছে। সঙ্গে সঙ্গে বন্যার জমা জল এবং ভূমিক্ষয়ের কথাও আমরা জানি। এই ভূমিক্ষয় রোধ করার জন্য একটা পরিকল্পনা আমাদের বাজেটে রয়েছে। আমরা দেখছি বাজেটে সেচের জন্য ৫২ কোটি এবং বন্যা নিয়ন্ত্রণের জন্য ১৫২ কোটি টাকা ধরা আছে। আমাদের রাজ্যে প্রতি বছর বন্যার ফলে অনেক টাকার ফসল এবং সম্পত্তি নষ্ট হয়। এই বন্যাকে কিন্তু এখনও পর্যন্ত আমরা প্রতিরোধ করতে পারছি না। নদীর গতিপথ পরিবর্তনের সঙ্গে সঙ্গে আমরা দেখছি নদীর তীরবর্তী এলাকার গ্রামগুলি ভাঙ্গনে শেষ হয়ে যাচ্ছে। আমরা দেখছি সুবর্ণরেখার নদীর ভাঙ্গনে দাঁতনের গ্রামে ভাঙ্গন দেখা দিয়েছে ওই গঙ্গা, পদ্মার ভাঙ্গনের মতো। ঝাড়গ্রাম মহকুমাতে ডুলং নদীর তীরের গ্রামগুলিতে ভাঙ্গন দেখা দিয়েছে। অনুরূপভাবে বলা যায় কাঁসাই নদীর তীরের গ্রামগুলিতেও ভাঙ্গন দেখা দিয়েছে। স্যার, আমাদের সেচ দপ্তর নিশ্চয় বড়ো বড়ো সেচ পরিকল্পনা করবে কিন্তু তার সঙ্গে সঙ্গে মাঝারি সেচ প্রকল্পগুলির প্রতি আরও বেশি গুরুত্ব দেওয়া দরকার। তারপর আমরা দেখি যে বৃষ্টির জল বেশিরভাগ সময়ই নষ্ট হয়ে যায়, সেই জল আমরা ধরে রাখতে পারি না। এই প্রসঙ্গে গ্রামের একজন বৃদ্ধ আমাকে বলছিলেন, আপনারা বিধানসভায় সরকারেকে এই পরামর্শ দিন না যে বাঁশের চোঙার মতো পাইক তৈরি করে তার ভেতর দিয়ে মাটির ভেতরে বৃষ্টির জলকে প্রবেশ করানোর। তা করলে অনেকখানি এলাক জুড়ে সেই বৃষ্টির জলকে ধরে রাখা যাবে এবং তাতে সেচের উপকার হবে। এ ব্যাপারে আমি বিশেষজ্ঞ নই, যারা বিশেষজ্ঞ

আশা করি তারা এ বিষয়ে চিন্তা-ভাবনা করবেন। তারপর আমাদের রাজ্যের অনেকগুলি জায়গা খরাপ্রবণ—ল্যাটোরাইট জোন। এখানে রবি ফসলের সময়ও আমরা জল দিতে পারি আবার আমনের সময়ও জল দিতে পারি না। আজকে এই বিজ্ঞানের যুগে যেখানে লোকে মরুভূমিতে ফসল ফলাচ্ছে সেখানে আমরা খরাপ্রবণ এলাকাতে ফসল ফলাতে পারবো না কেন সেটা চিন্তা করে দেখে একটা সুষ্ঠু ব্যবস্থা করা দরকার যাতে খরাপ্রবণ এলাকাগুলিতে ফসল হতে পারে। আমার মেদিনীপুরের সদর ব্লকের কথাটা এই প্রসঙ্গে বলতে পারি। এই রকম কয়েকটি অঞ্চল রয়েছে যেগুলি খরাপ্রবণ অঞ্চল, সেচ ব্যবস্থা নেই, ডিপ টিউবওয়েল নেই, খাল নেই, সেই অঞ্চলের কথাটা চিন্তা করা দরকার। আমি মনে করি কংসাবতী প্রোজেক্টের লোয়ার পার্টের কাজটা শেষ হলে সেখানকার চাষিরা উপকৃত হবেন। এই বলে বাজেটকে সমর্থন করে শেষ করছি।

শ্রী কল্লোল খান : মাননীয় চেয়ারম্যান, স্যার, সেচ ও জলপথ দপ্তরের মাননীয় মন্ত্রিমহাশয় যে ব্যয়বরাদ্দের দাবি পেশ করেছেন তার বিরোধিতা করে এবং কাটমোশানগুলি যা বিরোধী পক্ষ থেকে আনা হয়েছে সেগুলি সমর্থন করে এই দপ্তর সম্পর্কে কয়েকটি কথা বলছি।

[6.10—6.20 p.m.]

আমরা জানি ১৯৫২ সাল থেকে দীর্ঘ ৩০ বছর ধরে পশ্চিমবঙ্গ সহ সারা ভারতবর্ষে কংগ্রেস সরকার সেচ-ব্যবস্থা বাড়াবার জন্য এবং বন্যা নিয়ন্ত্রণের জন্য যে কাজ করে গেছেন, পশ্চিমবঙ্গের মানুষকে বাঁচাবার জন্য যে কাজ করেছেন সে ক্ষেত্রে বিগত ২৪-২৫ বছর ধরে এবং ২০০১-২০০২ সালের জন্য সেচমন্ত্রীরা এখানে যে বাজেট পেশ করেছেন তাতে বাস্তবসম্মত পরিকল্পনামাফিক কোনো পরিকল্পনা দেখতে পাচ্ছি না। আমরা জানি, বিগত বছরের যে বন্যা, সেই বন্যায় একদিকে গঙ্গার ভাঙন, আর একদিকে পদ্মার ভাঁঙন শুরু হয়েছে। আমি নাকাশিপাড়া থেকে নির্বাচিত হয়েছি। হুগলি জেলার বলাগড়, গুপ্তিপাড়া থেকে আরম্ভ করে নদিয়ার কল্যাণীর সান্যালচক, শান্তিপুর, নবদ্বীপ আজকে ভাঙনের মুখে, কালিগঞ্জ ব্লক ভাঙনের মুখে। অথচ এর প্রতিরোধে কোনো প্রোজেক্ট আমরা বাজেটে দেখতে পাচ্ছি না। তার ফলে বিস্তীর্ণ এলাকার কৃষিজমি নষ্ট হয়ে যাচ্ছে। আমরা দেখেছি, বিগত বন্যায় আমাদের নদিয়া জেলার কালিগঞ্জ ব্লকে জগৎখালিতে যে বাঁধ আছে সেই বাঁধ ভেঙে বিস্তীর্ণ এলাকা ক্ষতিগ্রস্ত হয়েছে। আজ পর্যন্ত যে টাকা আপনার দপ্তর জেলা পরিষদকে দিয়েছে সেই টাকায় জেলা পরিষদ কয়েক ট্রাক বোল্ডার ফেলেছে মাত্র। আমরা দেখেছি, ২০ ট্রাক বোল্ডার ফেলে হিসাব দেওয়া হয়েছে ৫০ ট্রাকের। এরকমভাবে কাজ বছরের পর বছর ধরে চলছে। নদিয়া সহ আরো ৮টি জেলা ক্ষতিগ্রস্ত হয়েছে বিগত বন্যায়। আগামী দিনে তাই মনুষ্যসৃষ্ট যে বন্যা আসছে তাতে শুধু ৯টি জেলাই নয়, তাতে আপনাদের বন্যা নিয়ন্ত্রণে যে ভূমিকা, সেচের যা পরিকল্পনা, তার দ্বারা রাজ্যের মানুষকে আপনারা জলে চুবিয়ে মারবেন। আপনি বলেছেন যে, সেচ এবং বন্যা প্রতিরোধে জরুরি কর্মসূচি রূপায়ণের জন্য ব্যবস্থা নিয়েছেন। কিন্তু আপনার আর্থিক বরাদ্দের

মধ্যে কিন্তু একটা বিরাট ফারাক থেকে যাচ্ছে। এর আগেও আপনি মন্ত্রী ছিলেন। সরকারি প্রশাসন এবং জেলা পরিষদের সঙ্গে কনট্রাক্টরদের মাখামাখি করতে দেখা যায় এবং সেখানে দলীয়ভাবে কাজ দেওয়া হয়। জানি না, সেখানে আপনাদের কিছু পার্সেন্টেজ আছে কিনা। আপনারা রিগিং, সন্ত্রাসের মাধ্যমে নির্বাচিত হয়ে এসেছেন এবং আমরা লক্ষ্য করছি, শাসকদল ভোটের মতো এখানে রিগিং সন্ত্রাস করে বিভিন্ন ডিপার্টমেন্টের বাজেট পাশ করিয়ে নিচ্ছেন। এখানে বিরোধী দলের সমস্ত সদস্যদের কণ্ঠ রোধ করে দেওয়া হচ্ছে। আপনি বলেছেন, এত একর জমি সেচসেবিত করেছি।

গত ২৪-২৫ বছরে পদ্মা ভাঙনে, গঙ্গা ভাঙনে এবং অন্যান্য নদী ভাঙনে যে পরিমাণ কৃষি সম্পদ নষ্ট হয়ে গেছে তার হিসাব আপনার বাজেটে নেই। তাই আমি মনে করি প্রথম দরকার হচ্ছে বন্যা নিয়ন্ত্রণ। আজকে পদ্মার ভাঙনে করিমপুর প্রায় শেষ হতে চলেছে। নদীয়া জেলার কল্যাণী শহর থেকে আরম্ভ করে বিশেষ করে নাকাশীপাড়া বিধানসভার অন্তর্গত কাশিয়াডাঙা, চন্দনপুর, দাদুপুর, উদয়চন্দ্রপুর, চড়কুরসীপাড়া, এই সমস্ত অঞ্চলে সরকারের কোনো দৃষ্টি নেই। এ ছাড়া নদিয়া জেলা এমন একটা জায়গায় অবস্থিত, একদিকে ভাগীরথী, একদিকে জলঙ্গী আর একদিকে চুর্ণী। নদীয়া জেলাকে বাঁচাবার জন্য, নদিয়ার মানুষকে বাঁচাবার জন্য বন্যা নিয়ন্ত্রণ বলুন আর সেচ ব্যবস্থাই বলুন কিছুরই ব্যবস্থা আপনার বাজেটে দেখলাম না। তাই আমি মনে করি এই সরকার সেচ ব্যবস্থাই বলুন আর বন্যা নিয়ন্ত্রণেই বলুন, সম্পূর্ণ ব্যর্থ। আগামী দিনে যদি বন্যা নিয়ন্ত্রণ না করতে পারেন, শুধু নদিয়া জেলাই নয় আপনাদের সমেত সারা পশ্চিমবাংলার মানুষকে ডুবিয়ে মারবেন। এই কথা বলে ব্যায়-বরাদ্দের বিরোধিতা করে কাটমোশানগুলিকে সমর্থন করে আমি আমার বক্তব্য শেষ করছি।

শ্রী গণেশচন্দ্র মণ্ডল : মাননীয় চেয়ারম্যান স্যার, আজকে সেচ দপ্তরের বাজেটের উপর যাঁরা অংশগ্রহণ করেছেন তাঁদের আমি আন্তরিকভাবে ধন্যবাদ জানাচ্ছি। আপনারা অনেকেই জানেন আমাদের সংবিধান সংশোধন করার পর যে অর্থ এখান থেকে বরাদ্দ হচ্ছে এই বরাদ্দের সবটা আমরা সরাসরি ব্যয় করতে পারি না। আপনারা যে বরাদ্দ এখানে করেছেন এবং বাজেটের বইয়ে আপনারা পড়েছেন তাতে আমরা বলেছি আমাদের এই যে অর্থ, এর মধ্যে ২৫৫ কোটি টাকা জেলা পরিষদের মাধ্যমে ব্যয় করা হচ্ছে। সুতরাং সরাসরি এই অর্থটা দপ্তর ব্যয় করছে না। এই জন্য জেলা পরিষদের উপর অনেকখানি দায়িত্ব ছেড়ে দিতে হয়। সংবিধান সংশোধন করার ফলে এই অবস্থাটা ঘটেছে। যার ফলে আমাদের অনেক কাজের ক্ষেত্রে জেলা পরিষদের সম্মতির প্রয়োজন হয়। এই নূতন অবস্থায় কাজ করতে গিয়ে স্বভাবত একটু সময় বেশি লাগছে। এটাকে কি ভাবে আরো দ্রুততার সঙ্গে কাজ করা যায় সেই ব্যবস্থাটা আমরা করছি। মাননীয় সদস্য যাঁরা অংশগ্রহণ করেছেন, নিশ্চয়ই তাঁরা অনেকে অনেক মূল্যবান কথা বলেছেন। আবার অনেকের মধ্যে তত্ত্বগত অনেক কথা এসেছে, যেগুলি সরকারের বক্তব্যের সঙ্গে মিল নেই। মাননীয় সদস্য কাশিবাবু অনেক কথা বলেছেন, বলতে গিয়ে পুরুলিয়ার কথা, অন্য জায়গার কথা উঠেছে। তিনি বলেছেন আমাদের রাজ্যে নাকি ৩৪ পারসেন্ট জমিতে সেচ আছে। আমরা বলেছি যে না, আপনারা যখন ছিলেন তখন ৩১ শতাংশ ছিল, এখন যে তথ্য আমার কাছে আছে সেটা ৬২ শতাংশ।

[6.20—6.30 p.m.]

তারপরে আপনারা পুরুলিয়া, বাঁকুড়ার কথা বলেছেন। আপনারা জানেন, পুরুলিয়ায় আমরা অনেকগুলি, ৩২-৩৩টি পরিকল্পনা নিয়েছি। তার মধ্যে ২৩টি শেষ হয়েছে। আর অনেকগুলি শেষের পথে। তাতে আমরা প্রায় ২৭ হাজার হেক্টর জমিতে সেচ দেওয়ার মতো ব্যবস্থা গড়ে তুলতে পারবো। এই পরিকল্পনাগুলো শেষ হয়ে গেলে প্রায় ৫৪ হাজার হেক্টর জমিতে কয়েক বছরের মধ্যে আমরা সেচ দিতে পারবো। শুধু তাই নয়, আগামী পাঁচ বছরের মধ্যে এই সেচ সেবিত এলাকাটা যাতে আরও বেশি করে, ৭৫ শতাংশে নিয়ে যেতে পারি সেই পরিকল্পনা আমাদের আছে। এখানে একটা কথা অনেকে বলেছেন, আমরা নাকি বর্ষাকালে বাঁধের কাজে হাত দিই। এখানে দেবপ্রসাদবাবু পি. এন. রায় কমিটির কথা বললেন। ওই কমিটি কিন্তু বন্যার জন্য কোনো রিপোর্ট দেয়নি। ওই কমিটি তার রিপোর্টে বলেছিল, কলকাতার আশেপাশে যে জলমগ্ন অবস্থাটা ঘটে, ১৯৯৯ সালে অস্বাভাবিক পরিস্থিতির ওপরে দাঁড়িয়ে আমরা ওই কমিটি তৈরি করেছিলাম। সেই কমিটির সুপারিশ ছিল, কলকাতার আশেপাশে যে খালগুলো আছে, তার সংস্কার করার কথা বলেছিল। আগামী ডিসেম্বরের মধ্যে এই কাজগুলো আমরা শেষ করবো। ফলে তিনি যে রেকমেন্ডেশান করেছিলেন, সামগ্রিকভাবে বন্যার জন্য রেকমেন্ডেশান ছিল না। এখানে একটা প্রশ্ন বারবার করে উঠেছে—ম্যান-মেড বন্যার কথা হাজির করেছেন, একটা মিথ্যা কথা বললে আমাকে পালটা মিথ্যা কথা বলতে হয়। এই তথ্যটা কোথায় পেলেন—ম্যান-মেড বন্যা হয়েছিল ? আমি তথ্য দিয়ে বলেছি, ওই চারদিন এক হাজার থেকে বারশো এম. এম. পরিমাণে বৃষ্টি হয়েছিল। যে পরিমাণে বৃষ্টি হয়েছিল, বাঁধের জল নয়। বাঁধ নিয়ন্ত্রণ করে মাত্র ১৬ শতাংশ জমি। বাসলই, বাবলা এবং কুয়ে, যে নদীগুলো সরাসরি বিহার থেকে আসছে, তার নিয়ন্ত্রণ করার ক্ষমতা আমাদের নেই। সেখান থেকে যে হ্যাভক জল এসেছে, তারজন্য বন্যা হয়েছে। আমরা তারজন্য দুঃখিত। আমরা এই ব্যাপারে যথেষ্ট সজাগ আছি। বন্যা নিয়ন্ত্রণ করার ক্ষেত্রে যে কথা উঠেছে, আমরা বলেছি, সেটা সম্ভব নয়। কারণ, এর আগে বন্যা সংক্রান্ত যে রিপোর্টগুলো আমরা দেখেছি, তাতে বলা হয়েছে, ভারতবর্ষের কোনো একটা রাজ্য ইচ্ছা করলে বন্যা নিয়ন্ত্রণ করতে পারবে না। তার জন্য যে সমস্ত স্টেট আছে, সবাই মিলে পরিকল্পনা নিতে হবে। আমরা যে কথা বলেছি, গঙ্গার বেসিন ধরে একটা পরিকল্পনা যদি না করা যায়, তাহলে পশ্চিমবঙ্গে এটা ঘটবে। আমরা যারা অল পার্টি ডেলিগেশন গিয়েছিলাম, এখানে তাঁদের অনেকে আছেন, তাঁরা জানেন, আমরা এই কথা বলেছিলাম। কিন্তু এখনও পর্যন্ত সেই পরিকল্পনা গ্রহণ করা হয়নি। তবে আমরা বলতে পারি, মানুষের যাতে এই ধরনের ক্ষতি না হয়, সেইজন্য ব্যারাজের জল ছাড়ার ব্যাপারে আমরা সতর্কতার সঙ্গে করবো। একদিকে নদীর গতিপথ, জলের উচ্চতা এবং আবহাওয়া দপ্তরের সম্প্রতি যে রিপোর্ট, সেটা কি আছে এবং ড্যামের অবস্থা কি আছে—সবগুলো দেখে আমরা সাধ্যমতো জল ছাড়াটা নিয়ন্ত্রণ করবো। আপনারা দেখেছেন, আমরা ইতিমধ্যেই সেই পদক্ষেপ নিয়েছি। ড্যাম নিয়ে যখন এত কথা হচ্ছে, সেই ম্যাসানজোরের জলের স্তর মাত্র ৩৭২ ফুট আছে। সুতরাং সেদিকে লক্ষ্য রেখে যাতে করে আমরা নিয়ন্ত্রণ করতে পারি, সেই চেষ্টা করছি। ডি. ভি. সি. এবং কংসাবতী থেকে আমরা যে জল ছেড়েছি, তখন অত্যন্ত সতর্কতার সঙ্গে

দৃষ্টি রেখে ছেড়েছি। আপনারা আর একটা কথা বলেন, আমরা নাকি বর্ষকালে বাঁধের কাজ শুরু করি। বর্ষাকালে বাঁধের কাজ করা আমাদের নীতি নয়।

সারা বছর বাঁধ না করে বর্ষার সময়ে বাঁধ করার এই পরিকল্পনা, ১০ হাজার কি.মি. বাঁধ করা যায় এই তথ্য আপনারা বিশ্বাস করতে পারেন কিন্তু আমি বিশ্বাস করি না। আমরা শুখা মরশুমেই বাঁধগুলোতে হাত দিয়েছি। মাননীয় সদস্য উত্তরবঙ্গের বাঁধগুলোর কথা যে বললেন তাতে তাঁকে বলছি ওখানে বাঁধগুলোর কাজ সম্পন্ন করেছি। আমরা বর্ধমান, বীরভুমের বিভিন্ন জায়গায় বাঁধগুলো এর আগেই শেষ করেছি। আমরা শুখা মরশুমেই শেষ করি কিন্তু বর্ষাকালের ক্ষেত্রে যদি ইমার্জেন্সির কাজ হিসাবে কিছু কাজ থাকে যেগুলো না করলে নয়, সেই ধরনের কাজ আমরা কিছু করি। সুন্দরবনে বেশ কিছু সমস্যা আছে, তার নদী, নালা ইত্যাদির ক্ষেত্রে সব সমস্যার সমাধান করা যায় না। সেখানে শুখা মরশুমে কাজ করা হয় কিন্তু বর্ষার মরশুমে অত্যন্ত জটিল পরিস্থিতি তৈরি হলে সেই জায়গাগুলোর কিছু কিছু কাজ করি। এর অর্থ এই নয় যে, শুখা মরশুমে সুন্দরবন বা বিভিন্ন জায়গায় আমরা কাজ করি না। যাইহোক এই কথা বলে এই বাজেটকে সমর্থন করে, আপনারা যে কাটমোশান এনেছেন সেগুলো সব পড়েছি, সময় থাকলে প্রত্যেকটি ধরে ধরে উত্তর দিতে পারতাম যে আমরা কি কি ব্যবস্থা নিয়েছি। সময় নেই তাই বলতে পারলাম না, সুতরাং কাটমোশানের বিরোধিতা করে আমার বাজেটকে সমর্থন করার জন্য অনুরোধ জানিয়ে আমার বক্তব্য শেষ করছি।

শ্রী অমলেন্দ্রলাল রায় : মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি অনেকক্ষণ ধরে বিরোধী দলের সদস্যদের বিতর্ক মন দিয়ে শুনেছি। ওঁরা সকলে আগেই ছাঁটাই প্রস্তাব দিয়েছেন। আমি সেই ছাঁটাই প্রস্তাবগুলো খুব ভাল করে পরীক্ষা করে দেখেছি। ৪৯টি ছাঁটাই প্রস্তাব দিয়েছেন, তার মধ্যে বেশিভাগই বন্যা নিয়ন্ত্রণের ব্যাপারে। বক্তব্যের ভেতরে মাননীয় সদস্যরা, বিশেষ করে বিরোধী দলের সদস্যরা বন্যা নিয়ন্ত্রণের ব্যাপারে অনেক প্রশ্ন তুলেছেন। মাননীয় অধ্যক্ষ মহাশয়, খুব স্বাভাবিকই ইকোনমিকসের প্রাইমারি সেক্টরে পড়ে ইরিগেশান এবং এগ্রিকালচার। সম্পূর্ণ ইকোনমিক অ্যাকটিভিটিই হচ্ছে প্রাইমারি সেক্টরের উপরে এবং স্বাভাবিকভাবেই এর উপরে সব কিছু দাঁড়িয়ে আছে। আর যাবৎ মানব সমাজ, মানব সভ্যতা তাবৎ এই প্রাইমারি সেক্টর আছে, থাকবে এই বিষয়ে কোনো সন্দেহ নিশ্চয় আমাদের কারুর কখনো থাকতে পারে না। নদী, নদীমাতৃক সভ্যতা বাঁচিয়ে রেখেছে ঠিকই, নদী যেমন আমাদের রক্ষা করে, লালন-পালন করে তেমনি নদী আমাদের সর্বনাশও করে। আমাদের সভ্যতার ক্ষেত্রে মানব সমাজ চিরকাল কিভাবে মানিয়ে চলবে সেই ব্যবস্থাই চেষ্টা করে চলেছে, এই চেষ্টার কোনো কালে ছেদ কোনোদিন দেখা যাবে না, সে চলবে। আমরাও ঠিক সেইরকম পরীক্ষা-নিরীক্ষার মধ্যে দিয়ে স্বাভাবিকই আমাদের সামনে যেসব সমস্যাগুলো আছে সেগুলো সমাধান করতে গিয়ে আমরা এই দোহাই দেব না অতীতেও চিরকাল আছে, চিরকাল থাকবে, কিছু করার নেই। আমি বলছি আমরা এই সরকারের তরফে বামফ্রন্ট সরকারের তরফ থেকে আমরা আন্তরিকভাবে চেষ্টা করে চলেছি।

[6.30—6.40 p.m.]

আমরা আন্তরিকভাবে চেষ্টা করে চলেছি, এই যে লড়াই, যা চলছে, নদীর সঙ্গে, সমুদ্রের সঙ্গে, সেই লড়াইয়ে কিভাবে জেতা যায়, কতখানি জেতা যায়, প্রতিনিয়ত আমাদের সেই সংগ্রাম জারি আছে। অনেক বিরোধী দলের মাননীয় সদস্য তারা নানা রকম দুর্নীতির ব্যাপার টেনে এনেছেন। মাননীয় বিরোধী দলের নেতা অন্যতম দেবপ্রসাদ সরকার মহাশয় তিনি তো বলেই ফেললেন আমরা কাজ কিছু করছি না। প্রশাসনের সঙ্গে ঠিকাদারদের অশুভ আঁতাত হয়ে গেছে। তাই আমি মাননীয় বিরোধী নেতাকে স্মরণ করিয়ে দেব এত উতলা হচ্ছেন কেন ? এ অস্ত্র তো আপনাদের হাতেই আছে। বিরোধী দলের হাতে আছে। দুর্নীতি করছে, কার এত ক্ষমতা যে দুর্নীর্তি করে ? আপনারা কি সেই অস্ত্রের সন্ধান রাখেন, এই তো আমার কাছে বইখানা আছে। আপনাদের সমস্ত খরচ-খরচার খুঁটিয়ে খুঁটিয়ে পরীক্ষা করা হয়। যারা করেন তাঁরা আমাদের কর্মচারী নয়, তাঁরা ভারত সরকারের কর্মচারী। সি এ জি মাথার উপরে বসে আছেন, খুঁটিয়ে খুঁটিয়ে পরীক্ষা-নিরীক্ষা করছেন তারপর তাঁরা তাঁদের রিপোর্ট দিচ্ছেন। সেই রিপোর্টের বিচার কারা করে দুর্নীতির কথা বলছেন—আপনারা করেন না ? সংবিধানে যেমন ওই সি এ জি-কে বসানো হয়েছে প্রশাসনের উপরে ঠিক তেমনি সংবিধানে আপনাকেও খুব বড়ো একটা অধিকার দিয়েছে, সি এ জি বিচারক নয়, সি এ জি বিচার করেন না, সি এ জি প্রসিকিউটার মাত্র। তিনি ইনভেস্টিগেটিং অফিসার মাত্র। তিনি ইনভেস্টিগেশান করেন। সমস্ত কিছু বার করে নিয়ে আসার চেষ্টা করেন এবং তারপর প্রসিকিউটার হিসাবে আপনাদের কাছে দাখিল করেন সেই ডকুমেন্ট। সুতরাং যদি দুর্নীতি হয় তাহলে কেন আগে থেকে বাঘ পড়েছে বলে চিৎকার করেন ? কী উদ্দেশ্যে—বাজার গরম করা না কাজ হাসিল করা ? যদি বাজার গরম করার উদ্দেশ্য হয় তাহলে আমার কিছু বলার নেই। কিন্তু যদি সৎ উদ্দেশ্য হয় তাহলে আপনাদের হাতেই সেই অস্ত্র, বিচারটা আপনারা করবেন। আমি তো দেখেছি, মাননীয় বিরোধী দলের নেতারা বিশেষ করে বিরোধী দলের সদস্য দেবপ্রসাদ বাবুকে দেখতে বলব, এই রিপোর্টটা ; বিধানসভার রিপোর্ট, কমিটি সি এ জি-র চার্জশিটে তাদের বিচার করবে—সেই কমিটিতে বিধানসভার বিরোধী দলের নেতা তাঁর মধ্যে ছিলেন, এখন বিরোধী দলনেতা। বিরোধী দলের নেতা সব সময় পি এ কমিটির চেয়ারম্যান হন, এবং দেখে নেবেন বিরোধী দলের আর একজন ডাক সাইটের নেতা তিনিও কমিটির মধ্যে ছিলেন—তাহলে কি করেছিলেন আপনারা ? আপনারা দুর্নীতির বিরুদ্ধে আওয়াজ তুলছেন বিধানসভায়, কি করেছেন এক বছরে ? তিনশতটা প্যারাগ্রাফ সি এ জি আপনাদের কাছে বিচারের জন্য পেশ করেছিলেন। বলুন তো বিরোধী দলের নেতা হিসাবে ক'টা প্যারাগ্রাফের বিচার করেছেন ? কেন করেননি ? কৈফিয়ৎ দিতে পারবেন ? এখানে আজকে বলে দিলেন এই গোলঘরের মধ্যে, জানেন যে আপনার প্রসিডিংস-এর উপর কোনো আদালত চলবে না। অতএব বলেই খালাস। এইভাবে দুর্নীতির কথাটা অন্তত আনবেন না। চূড়ান্ত সমালোচনা করুন, মন্ত্রী হিসাবে, মাননীয় অধ্যক্ষ মহাশয় আমি মনে করি সমালোচনা কোনো অপরাধ নয়। ডিমসেদ্ধ তো খান, তাতে একটু গোলমরিচের গুঁড়ো, নুন না দিলে জমে না। আমাদের কাজও আপনাদের সমালোচনা

ছাড়া চলবে না। কিন্তু যে সমালোচনা করছেন, তার ভিত শক্ত না গোড়া থেকেই সেটা দুর্বল দেখবেন।

(এই সময় মাননীয় স্পীকার সভার সদস্যদের মতামত নিয়ে আধঘন্টা সময় বাড়ান)।

আপনারা বন্যা-নিয়ন্ত্রণের কথা তুলেছেন। তার আগে তো দেখবেন কি সাংবিধানিক কাঠামোর মধ্যে আমরা কাজ করছি। নোট ছাপানোর কারখানা তো আমার নেই। মনে রাখতে হবে সংবিধানে কার কি দায়িত্ব দেওয়া অছে। দয়া করে খোঁজ নিন বন্যা নিয়ন্ত্রণের ক্ষেত্রে কার কি দায়িত্ব আছে। বলছি, মিলিয়ে নিন। সপ্তম তপশিলের সূচি-১, মানে কেন্দ্রীয় সরকারের তালিকা, কেন্দ্রীয় সরকারের হাতে কোন্ কোন্ ক্ষমতা তুলে দেওয়া হয়েছে। এটা গোড়ার কথা, সেটা ভুলে গিয়ে হাজার চিৎকার করলেও কিছু হবে না, কোনো ফয়সালা হবে না। ৫৬ দফার সংঘ সূচি, যেটাকে বলা হয় সূচি-১, সেখানে বলছে—"আন্তঃ রাজ্যে নদী উপত্যকা সমূহের প্রনিয়ন্ত্রণ ও উন্নয়ন যত দূর পর্যন্ত সংঘের নিয়ন্ত্রণাধীনে সেই পর্যন্ত এই প্রউন্নয়ন জনস্বার্থে সমূহ বলিয়া সংসদ কর্তৃক বিধি দ্বারা ঘোষিত হয়"। দ্বিতীয় কথা এবারে দেখুন, এই সংঘ সূচির ৯৭ সং দফায় বলা হচ্ছে—'সূচি-২ বা সূচি-৩-এ বর্ণিত হয় নাই এরূপ কোনো বিষয় তৎসহ এরূপ কোনো কর ওই সূচীদ্বয়ের কোনোটিতে উল্লিখিত হয় নাই এই কাজ কেন্দ্রীয় সরকারের"। প্রাকৃতিক বিপর্যয়, বন্যা, ভূমিকম্প, ঝড়—এই ৯৭ দফায় পরিষ্কার করে বলে দেওয়া হয়েছে।

[6.40—6.50 p.m.]

যার কথা এই ৯৭ দফায় পরিষ্কার করে বলে দেওয়া হয়েছে। ষোল আনা দায় এবং দায়িত্ব হচ্ছে কেন্দ্রীয় সরকারের। যেখানে ৫৬ দফায় বলে দেওয়া হয়েছে ইন্টার স্টেটে যেসব নদী আছে, সেই সব নদীর প্রোনিয়ন্ত্রন—এটা হচ্ছে কেন্দ্রীয় সরকারের দায়িত্ব এবং ব্যাপারটা কি দাঁড়াল—বন্যা নিয়ন্ত্রণ করতে চান কেন্দ্রীয় সরকারকে বাদ দিয়ে ? কেন্দ্রীয় সরকারের টাকা ছাড়া পারবেন ? ভারতবর্ষের কোনো রাজ্য পারবে ? এটা কখনো সম্ভব নয়। সেইজন্য একটু একটু করে বন্যা নিয়ন্ত্রণের পরিকল্পনায় আসুন। আমরা কি নিয়েছি। গঙ্গা-পদ্মার ভাঙ্গনের কথা বলছেন ? গঙ্গার ভাঙ্গনের কথা বলছেন ? কার দায়, কার দায়িত্ব ? একবার কি চিন্তা করেছেন যখন ফরাক্কা ব্যারেজ ছিল না ? জঙ্গীপুর ব্যারেজ ছিল না ? এটা তৈরি হল কেন্দ্রীয় সরকারের জন্য। ভুলে গিয়েছেন ইতিহাস ? মুর্শিদাবাদ পাকিস্তানে পড়েছিল। মুর্শিদাবাদ তিনদিন পাকিস্তানে ছিল। র‍্যাডক্লিফ অ্যাওয়ার্ডের মাধ্যমে পার্টিশান দলিল পরিবর্তন করে মুর্শিদাবাদকে ভারতীয় ইউনিয়ানে আনতে হয়েছিল কলকাতা বন্দরকে রক্ষা করার জন্য। সারা ভারতের ব্যবসা-বাণিজ্যকে রক্ষা করার জন্য আনতে হয়েছিল। সেইদিন এই গঙ্গার উপর ভাগীরথীর উপর নিয়ন্ত্রণ বজায় রাখার জন্য এইভাবে মুর্শিদাবাদকে আনতে হয়েছিল। এরপর তৃতীয় পঞ্চশলা পরিকল্পনায় সেই কলকাতা বন্দরকে বাঁচানোর জন্য ফরাক্কা ব্যারেজ তৈরি হয়েছে সার্ফেস ট্রান্সপোর্ট মিনিস্ট্রির টাকায়। এটা কি গঙ্গা-পদ্মার ভাঙ্গনের মামলা ? এটা

কি বাংলার ভাঙ্গনের মামলা ? মুর্শিদাবাদের ভাঙ্গনের মামলা ? সারা দুনিয়ার মধ্যে সবচেয়ে বড়ো বন্দর হল কলকাতা। সেই বন্দর যাতে শেষ না হয়ে যায়, তার জন্য ফরাক্কা এবং জঙ্গীপুর ব্যারেজ। আজ আজকে ওই ব্যারেজ তৈরি হওয়ার পরে গঙ্গা যার চিরকাল কো-অ্যাকসিয়াল মুভমেন্ট ছিল রাজমহল থেকে একেবারে সোজাসুজি গঙ্গার মূল স্রোত বইত। এই ব্যারেজ হওয়ার পর এবং কথাটা বোধহয় একটু খোলাখুলি বলাই ভালো—শুধু ব্যারেজ হওয়ার জন্য নয়, আজকে সবচেয়ে বড়ো কথা হচ্ছে এই গঙ্গার সেই কো-অ্যাকসিয়াল মুভমেন্ট হারিয়ে গেছে। আজকে গঙ্গা তার গতি পরিবর্তন করে মালদাকে ক্রমাগত আক্রমণ করে চলেছে। কেন ? কিসের জন্য ? এটা কি আজকে আমরা তুলেছি ? এই ফ্রন্ট সরকার তৈরি হওয়ার সঙ্গে সঙ্গে আমাদের ফ্রন্টের মধ্যে প্রভাস রায় এই প্রশ্ন সেদিন তুলেছিলেন। আর এই যে গঙ্গার গতি পরিবর্তিত হল এই বিচার এখনও হয়নি। কিন্তু ইতিহাস কাউকে ক্ষমা করে না। একদিন এই বিচার হবে। গঙ্গার গতি পরিবর্তিত হওয়ার জন্য তদানীন্তন কোনো কোনো মন্ত্রীর অবিমৃশ্যকারিতা দায়ী কিনা।

সে যাই হোক ভাঙছে এবং এই সংগ্রাম ফরাক্কা ব্যারেজকে রক্ষা করার সংগ্রাম। এই সংগ্রাম জঙ্গিপুর ব্যারেজকে রক্ষা করার সংগ্রাম অর্থাৎ কলকাতা বন্দরকে রক্ষা করার সংগ্রাম। আজকে এটা নিশ্চিতভাবেই মালদহ বা মুর্শিদাবাদের বন্যার সমস্যা নয়। আমরা বলে যাচ্ছি, আপনারা বন্যা নিয়ন্ত্রণের কথা বলেছেন কি হবে ? প্রীতম সিং কমিটি—সুরজিত সিং বারনালার কাছে আমরা গিয়েছি, আমাদের সেচমন্ত্রী গিয়েছেন, আমরা এখান থেকে, এই হাউসের ডেলিগেশন দিয়েছি। প্রীতম সিং কমিটি সুপারিশ করেন গঙ্গা-পদ্মার ভাঙন যদি রোধ করতে হয় তাহলে তিনশো কোটি টাকার দরকার হয়। আজকে বন্যা নিয়ন্ত্রণের জন্য কান্নাকাটি করছেন বন্যা নিয়ন্ত্রণ হচ্ছে না। শুধু একটা এলাকার কথা বলছেন, এইরকম সারা পশ্চিমবঙ্গে বহু প্রীতম সিং কমিটির সুপারিশ খুঁজে পাওয়া যাচ্ছে না। তিনশো কোটি টাকা আজ পর্যন্ত বাই ট্রিকল কখনো দুকোটি, কখনো তিন কোটি, কখনো চার কোটি, কখনো পাঁচ কোটি থলি থেকে বের করছেন। আর আপনারা শুনবেন অক্রুর হরণ পালা। পয়সা দেবেন একটি, বন্যা নিয়ন্ত্রণ করবেন, পশ্চিমবাংলা বাঁচবে সারা ভারতবর্ষ বাঁচবে। এ তো মূর্খের স্বর্গে বাস করা। যদি এটাই চিন্তা করি একটা জায়গায়, একটা জায়গা নয়, ওই তো ওখানে বসে আছেন, মাননীয় বিরোধী দলের নেতা ওদের এলাকায় কিভাবে ধ্বংস হয়েছে, প্রীতম সিং কমিটি যে সুপারিশ করেছিলেন ২০ বছর আগে আজ পর্যন্ত সেই সুপারিশ কেন কার্যকরি করা হল না, বলতে পারেন, কে কৈফিয়ত দেবে ? আপনারা দেবেন, না আমরা দেব। আপনাদের বলতে হবে কারণ যে সরকার আছে দুদিন আগেও দিব্যি মাখামাখি করেছেন আজকে কেন চটে গেল জানি না, দুদিন আগেও তো মাখামাখি করতে দেখলাম আপনাদের সরকার তো সেখানে বসে আছে। কই পারেননি তো টাকা বের করে আনতে ? ওই যে বিরোধী দলের নেতা ছিলেন আগের টার্মে তাঁর এলাকায় ১২২ কোটি '৬২ সালে সুপারিশ করা হয়েছিল বন্যা নিয়ন্ত্রণের জন্য। ১৯৫৯ সালে পশ্চিমবাংলায় ৯টি জেলায় বন্যা হয়েছিল। এইরকম বিধ্বংসী বন্যা একবার হয়নি, দুবার হয়নি। বারবার হতে হতে আজকে ৮বার বন্যা হয়েছে আমাদের এই রাজ্যে। বন্যা নিয়ন্ত্রণের জন্য '৬২ সালে সরদার

মান সিং-এর কমিটি সারা পশ্চিমবাংলায় নিয়ন্ত্রণ কমিটি সেই কমিটি সারা পশ্চিমবাংলায় ১২২ কোটি টাকা সুপারিশ করেছিলেন। একটা পয়সাও ওই কেন্দ্রীয় সরকারের হাত দিয়ে বেরোয়নি। কোন দিকে তাকাবেন। এখন কান্নাকাটি করলে হবে ? আজকে ময়ূরাক্ষী, ম্যাসাঞ্জোর বাঁধের কথা উঠছে। বলছেন ম্যানমেড। হ্যাঁ, ইন এ সেন্স ইট ইজ এ ম্যানমেড। এই পরিকল্পনা যখন নেওয়া হয়েছিল জওহরলালের আমলে, বিধানচন্দ্র রায়ের আমলে, শ্রীকৃষ্ণ সিং-এর আমলে কি বলেছিলেন তাঁরা। প্রোজেক্টে ছিল তিনটে কাজ—বন্যা নিয়ন্ত্রণ, সেচের জল এবং বিজলি কিন্তু বন্যা নিয়ন্ত্রণ, দেখা গেল ৫৬ সালে বিধ্বংসী বন্যা হল। সেই বিধ্বংসী বন্যায় গোটা কাঁদি মহকুমা, মুর্শিদাবাদ ধ্বংস হয়ে গিয়েছিল। কমিটি বসল স্বীকার করলেন না। কমিটি ফাঁস করে দিল যে পরিকল্পনা ছিল যে বন্যা নিয়ন্ত্রণের তা কার্যকর করা হয়নি। কে দায়ী হবেন ? আজকে কাঠগড়ায় দাঁড়িয়ে বলছেন বন্যা নিয়ন্ত্রণ করেননি। আজকে কে কৈফিয়ত দেবেন ? কেন ওখানে বন্যা নিয়ন্ত্রণের পরিকল্পনা আপনারা বাতিল করলেন। আপনাদের কৈফিয়ত দিতে হবে। আপনারা এই বন্যা নিয়ন্ত্রণের পরিকল্পনা কার্যকর করেননি এবং এটা কার্যকর না করে আপনারা যে অন্যায় করেছেন, অপরাধ করেছেন, সেই অন্যায়-অপরাধ সেটা আমরা মেরামত করার চেষ্টা করছি বামফ্রন্ট ক্ষমতায় আসার পর। বামফ্রন্ট ক্ষমতায় এসে কাঁদি মাস্টার প্ল্যান তৈরি করেছিলেন ৫০ কোটি ৫১ লক্ষ টাকার পরিকল্পনা। আজকে আপনাদের কৈফিয়ত দিতে হবে, সেই পরিকল্পনা দিল্লির কাছে ক্লিয়ারেন্সের জন্য ১৯৮০ সালে পেশ করা হয়েছিল। ভালো করে শুনে রাখুন আজ পর্যন্ত তার ক্লিয়ারেন্স ওই দিল্লীর সরকার দেয়নি। দামোদর ভ্যালি কর্পোরেশনের অবস্থা কি ? মান সিং কমিটি সুপারিশ করেছিলেন ম্যাসাঞ্জোর এবং সেখানকার আরও বাঁধগুলি উঁচু করতে হবে। সুপারিশ করেছিলেন অজয় রিভার বেসিন করতে হবে। তারা সুপারিশ করেছিলেন দামোদর উপত্যকার নদীগুলি যদি বাঁধা না যায় এবং আজ যদি না করা যায় তাহলে নিম্ন দামোদর এলাকা চিরকালের মতো ডুবে থাকবে। ১৯৬২ সালে মান সিং কমিটি সুপারিশ করেছিলেন মাইথন, পাঞ্চেৎ, তেনুঘাট, অজয় এই সব ক্ষেত্রে আজ পর্যন্ত সেই সুপারিশ কার্যকরী করেননি। এইসব সমস্যার সমাধান করতে গেলে জাতীয় মনোবৃত্তি অবলম্বন করতে হবে। কিন্তু আজ পর্যন্ত সেই জাতীয় মনোবৃত্তি গ্রহণ করেননি, যার ফলে দামোদর প্রকল্প সেটা দিল্লি ডকে উঠিয়ে দিয়েছে। আজকে সেচ বিভাগ হাত গুটিয়ে নিয়েছে। কোথায় বন্যা নিয়ন্ত্রণ করতে চান ? আজকে সমস্ত ব্যবস্থা গুটিয়ে নিয়ে ভারত সরকার সেখান থেকে সরে এসেছেন। আজকে মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমাকে অনেক সময় দিয়েছেন সেই জন্যই আমি এত কথা বললাম। কিন্তু এর কথা বললে শেষ হবে না। কোনো কাজ হয়নি আমাদের কাছে হিসাব আছে ৮,৯৫২ লক্ষ টাকা খরচ করে ১৫১৬টি ব্রিজকে যেগুলি বন্যায় ধ্বংস হয়েছিল সেগুলি মেরামত করা হয়েছে। আপনাদের জন্ডিস আই, আপনাদের ন্যাবা রোগ হয়েছে তাই আপনারা দেখতে পাচ্ছেন না, এটাই হচ্ছে বিধান। আমি এই ব্যয়-বরাদ্দের দাবি যেটা এখানে পেশ করা হয়েছে সেটা আশা করি আপনারা অনুমোদন করবেন, আর আনুষ্ঠানিকভাবে আপনাদের যে ছাঁটাই প্রস্তাব সেগুলির বিরোধিতা করছি। যদি তার মধ্যে কোনোটার সারবত্তা থেকে থাকে তা দেখা হবে। এই বলে বক্তব্য শেষ করছি।

Mr. Speaker: Now voting on Demands for Grant Demand No. 66. There are 13 cut motions to Demand No. 66. I put all of them to vote.

The motion (cut motion no. 1) that the amout of the Demand be reduced to Re. 1/-, was then put and lost.

The motions (cut motions no. 2-13) that the amount of the Demand be reduced by Rs. 100/-, were then put and lost.

The motion of Dr. Asim Kumar Dasgupta that a sum of Rs. 324,35,61,000 be granted for expenditure under Demand No.66, Major Heads : "2701-Major and Medium Irrigation and 4701-Capital Outlay on Major and Medium Irrigation" during the current year 2001-2002.

(This is inclusive of a total sum of Rs. 108,11,87,000 already voted on acccount in February, 2001),

was then put and agreed to,

Mr. Speaker: Now voting on Demand for Grant—Demand No. 68. There are 36 cut motions to Demand No. 68. I put all of them to vote.

The motion (cut motion no. 1) that the amount of the Demand be reduced to Re. 1/-. was then put and lost.

The motions (cut motions no. 2-36) that the amount of the Demand be reduced by Rs. 100/-, were then put and lost.

The motion of Dr. Asim Kumar Dasgupta that a sum of Rs. 449,27,39,000 be granted for expenditure under Demand No. 68 Major Heads : "2711-Flood Control and 4711-Capital Outlay on Flood Control Projects" during the year 2001-2002.

(This is inclusive of a total sum of Rs. 149,75,79,000 already voted on account in February, 2001.),

was then put and agreed to.

Mr. Speaker: I have only one comment to make, i.e., those members who have given cut motions don't remain in the House till the voting time and don't remain till the debate is concluded.

If you give a cut motion you have to hear the reply of the Minister–that's the Parliamentary convention. The question is, a member moving a cut motion is not present ; Then how can it be done—being moved in absentia ? All bad Parliamentary practice is going on. Today we have 13 cut motions on Demand No. 66 and 36 cut motions on Demand No. 68, i.e., 49 cut motions given by different members. But how many members of them are present ? very poor anticipation. And some of the members who have given cut motions are important persons. I am not naming anyone. And there's the Press also. But I hope in future you will keep this in mind and have the courtesy to be present till the motion is moved and taken into consideration.

Adjournment

The House was then adjourned at 6-59 p.m. till 11-00 a.m., Tuesday, the 17th July, 2001 at the Assembly House, Kolkata.

Proceedings of the West Bengal Legislative Assembly assembled under the provisions of the Constitution of India

The Assembly met in the Legislative Chamber of the Assembly House, Kolkata, on Tuesday, the 17th July, 2001 at 11.00 a.m.

PRESENT

Mr. Speaker (SHRI HASHIM ABDUL HALIM) in the Chair, 21 Ministers, 07 Ministers of State and 175 Members.

[11.00–11.10 a.m.]

Held over starred question (to which oral answer was given)

ত্রাণসামগ্রী ক্রয়

*১৯৩। (অনুমোদিত প্রশ্ন নং *৮০৬) শ্রী নিশিকান্ত মেহতা : ত্রাণ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) গরিব দুঃস্থ মানুষদের জন্য ত্রাণসামগ্রী কি পদ্ধতিতে ক্রয় করা হয় ;

(খ) উক্ত ত্রাণসামগ্রীর মান উন্নত করার কোনো পরিকল্পনা সরকারের আছে কিনা ; এবং

(গ) পাহাড়ি এলাকার আদিবাসীদের জন্য মশারি দেওয়ার ব্যবস্থা সরকারের বিবেচনায় আছে কি ?

শ্রী হাফিজ আলম সৈরাণী :

(ক) বর্তমানে সকল প্রকার ত্রাণসামগ্রী সরকার (রাজ্য অথবা কেন্দ্রীয়) পরিচালিত নথিভুক্ত সংস্থার কাছ থেকে দরপত্র নিয়ে মূল্য নির্ধারণ করে ক্রয় করা হয়ে থাকে ;

(খ) উক্ত ত্রাণসামগ্রীর মানের ব্যাপারে কোনো সুনির্দিষ্ট অভিযোগ আমাদের বিভাগে নেই, অতএব, এই রকম কোনো পরিকল্পনার কোনো প্রশ্ন ওঠে না ; এবং

(গ) প্রস্তাবটি উত্তম, এটি সহানুভূতির সঙ্গে বিবেচনা করা যেতে পারে।

শ্রী নিশিকান্ত মেহতা : মাননীয় মন্ত্রী মহাশয়, আপনি বললেন যে, সকল প্রকার ত্রাণসামগ্রী সরকার (রাজ্য অথবা কেন্দ্রীয়) পরিচালিত নথিভুক্ত সংস্থার কাছ থেকে কেনেন। এই সমস্ত সংস্থাগুলো কি নিজেরা ত্রাণসামগ্রী উৎপাদন করে ? নাকি ব্যবসায়ীদের কাছ থেকে তারা কিনে এনে ওই সংস্থার নামে দেন ? এ ব্যাপারে কি তদন্ত করেছেন ?

শ্রী হাফিজ আলম সৈরাণী : এ ব্যাপারে তদন্ত করা হয়নি। তার্পোলিন কিনি আই. পি. সি. এল.-এর কাছ থেকে এবং ওয়েস্ট বেঙ্গল স্মল স্কেল ইন্ডাস্ট্রিস কর্পোরেশনের কাছ থেকে। আই. পি. সি. এল. তার্পোলিন উৎপাদন করে এবং তাদের অধীনে ৪টি কারখানা

আছে, তারা ত্রিপল উৎপাদন করে এবং তাদের তার্পোলিন মার্কেটিং করার দায়িত্ব আই. পি. সি. এল.-এর উপর আছে। আমরা ওয়েস্ট বেঙ্গল স্মল স্কেল ইন্ডাস্ট্রিস কর্পোরেশনের মাধ্যমে গত বছর কিছু তার্পোলিন শীট এবং ত্রিপল কিনি এবং অন্যান্য সামগ্রী আমরা পশ্চিমবঙ্গের যে সমস্ত নথিভুক্ত সরকারি প্রতিষ্ঠান আছে তাদের কাছ থেকে কিনি। তারা আবার যে সমস্ত তন্তুবায় সমবায় আছে তাদের কাছ থেকে নেয়। এভাবে আমরা সরবরাহ করি, আমাদের দপ্তর সরবরাহ করে।

শ্রী নিশিকান্ত মেহতা : রাজ্য সরকার কোন কোন সংস্থার কাছ থেকে ত্রাণসামগ্রী কেনেন এবং কত দামে সামগ্রীগুলো কেনেন ?

শ্রী হাফিজ আলম সৈরাণী : আমি আগেই বলেছি যে, তার্পোলিন আমরা দুটো জায়গা থেকে কিনি। একটা হচ্ছে আই. পি. সি. এল.-এর কাছ থেকে এবং আর একটা হচ্ছে ওয়েস্ট বেঙ্গল স্মল স্কেল ইন্ডাস্ট্রিস কর্পোরেশনের কাছ থেকে আমরা কিনি এবং কাপড়-জামাগুলো যে সংস্থাগুলোর কাছ থেকে কিনি সেগুলোর নাম বলছি : তন্তুশ্রী, তন্তুজ, বঙ্গশ্রী, রিফিউজি হ্যান্ডিক্র্যাফ্‌ট এবং মঞ্জুশ্রী—এই ৫টি সংস্থা থেকে আমরা কিনি। কি কি দামে আমরা জিনিসপত্র কিনি সেই দামগুলো বলছি—আমরা ধুতি কিনি ৬৩ টাকায়, লুঙ্গি কিনি ৩৩.৭৫ টাকায়, শাড়ি কিনি ৭২ টাকায়, শিশুর পোশাক কিনি গড়ে ২৫ টাকায়, সুতির কম্বল কিনি ৬৮.৭৫ টাকায়, পশমের কম্বল কিনি ৮৪ টাকায়, গুঁড়ো দুধ কিনি প্রতি কেজি ৪৭.৩৪ টাকায় এবং ত্রিপল কিনি ৪০৬ টাকায়।

শ্রী নিশিকান্ত মেহতা : আপনি লিখিত উত্তরে (গ) নম্বরে বলেছেন যে, মশারি দেওয়ার কথা বিবেচনা করা যেতে পারে। মশারি এখনও হেল্‌থ মেকার। এখন ফরেস্ট ম্যালেরিয়া হচ্ছে। যেখানে ফরেস্ট ম্যালেরিয়া হচ্ছে সেখানে হেল্‌থ ডিপার্টমেন্ট থেকে তার মোকাবিলা করার চেষ্টা হচ্ছে। আমার বিধানসভা এলাকায় অযোধ্যা হিল্‌সে ১০০ পার্সেন্ট ট্রাইবাল মানুষ বাস করেন। সেখানে মশারি ব্যবহার করার কোনো উদ্যোগ নেয়নি। গরিব আদিবাসীরা নিজ উদ্যোগে মশারি ব্যবহার করে না এবং আমরা যখন তাদের কাছে যাই তখন তারা আমাদের কাছে প্রাকৃতিক দুর্যোগে ঘর-বাড়ি ভেঙে যাওয়ার পরিপ্রেক্ষিতে ত্রিপল চায়। মাননীয় মন্ত্রী মহাশয় তাঁর বিভাগ থেকে এম. এল. এ.-দের পুজো এবং ঈদের সময় ধুতি, শাড়ি ইত্যাদি গরিব মানুষদের মধ্যে যেমন বিলি-বন্টন করতে দেন, তেমন মশারি এবং ত্রিপল দেওয়ার কথাও বিবেচনা করবেন কি ?

শ্রী হাফিজ আলম সৈরাণী : গরিব মানুষ, যাঁরা ম্যালেরিয়াপ্রবণ এলাকায় বসবাস করেন তাঁদের মশারি দিতে পারলে খুব ভালো হয়। সি. আর. এফ. থেকে হেল্‌থ ডিপার্টমেন্ট এই জাতীয় ক্ষেত্রে টাকা দেয়। আমরা হেল্‌থ ডিপার্টমেন্টের সঙ্গে আলোচনা করে সম্ভব হলে বিষয়টা সহানুভূতির সঙ্গে বিবেচনা করব।

শ্রী শোভনদেব চট্টোপাধ্যায় : এম. এল. এ.-দের রিলিফ বিভাগ থেকে গরিব মানুষদের মধ্যে বিলি-বন্টন করার জন্য যে ধুতি, শাড়ি, লুঙ্গি দেওয়া হয় তা ব্যবহারের অযোগ্য। সেগুলো এত পুরনো এবং নিম্নমানের যে অল্প দিনের মধ্যেই ভাঁজে ভাঁজে

ফেটে যায় এবং লুঙ্গিগুলো একবার কাচার পরেই ছোট হয়ে যায়। ফলে সেগুলো বিলি করে এম. এল. এ.-দের হ্যারাস হতে হয়। কোয়ালিটি দেখার জন্য, ওল্ড স্টকের মাল যাতে না হয় তা দেখার জন্য—অর্থাৎ গুণগত মান নির্ধারণের জন্য মাননীয় মন্ত্রীর বিভাগে কোনো মেসিনারি আছে কি ?

শ্রী হাফিজ আলম সৈরাণী : আমরা পুজো এবং ঈদ মিলিয়ে মোট ১,১০০ পিস কাপড় এম. এল. এ.-দের দিই। ধুতি এবং লুঙ্গি মিলিয়ে ৩০০ পিস, শাড়ি ৩০০ পিস, ছোট ছেলে-মেয়েদের জামা-কাপড় ৩০০ পিস এবং ২০০ পিস কম্বল। মোট ১,১০০ পিস দেওয়া হয়।

(হইচই)

শ্রী শোভনদেব চট্টোপাধ্যায় : মাননীয় মন্ত্রী মহাশয় ঈদ এবং পুজো মিলিয়ে যে সংখ্যা বলছেন তা আমাদের দেওয়া হয় না। উনি ১,১০০ বলছেন, এ সংখ্যক জামা-কাপড় আমাদের বিলি-বন্টন করতে দেওয়া হয় না।

মিঃ স্পিকার : That is your opinion. He is answering from his facts and figures you may have different opinion. How does it affect him ?

[11.10–11.20 a.m.]

শ্রী হাফিজ আলম সৈরাণী : দ্বিতীয় যে ব্যাপারটা বললেন, আপনাদের কাছে কাপড়গুলি যখন পৌঁছায় তখন দেখা যায় দাগ পড়ে গেছে, খারাপ হয়ে গেছে। এ ব্যাপারে এম. এল. এ. হিসাবে যে অভিজ্ঞতা সঞ্চয় করেছি তার ভিত্তিতে জবাব দিচ্ছি, আমরা মাল পাঠিয়ে দিই ডি. এম. অফিসে। ডি. এম. অফিস থেকে এস. ডি. ও. অফিসে যায়। সেই মহকুমার অন্তর্গত যাঁরা এম. এল. এ. থাকেন তাঁদের নোটিশ দিয়ে বলা হয় এই মালগুলি তুলে নিয়ে যান। অনেক এম. এল. এ. ঠিকমতো এস. ডি. ও. অফিস থেকে বা ডি. এম. অফিস থেকে তোলেন না। ফলে গুদামে থেকে যায়। গুদামের অবস্থা যেখানে ভালো না থাকে সেখানকার মাল খারাপ হয়ে যায়। সেই জন্য এবার আমরা সিদ্ধান্ত নিতে চাচ্ছি, মালগুলি এম. এল. এ.-দের বাড়ি-বাড়ি পৌঁছে দেওয়া যাতে যায় তার জন্য ব্যবস্থা নেওয়ার জন্য চিন্তা-ভাবনা করছি এবং মালের কোয়ালিটি সম্বন্ধে আগে যে কথা বললেন সেই সম্বন্ধে বলতে চাই, আমাদের চেকিং কমিটি আছে। সেই চেকিং কমিটি যে দরে জিনিসপত্রগুলি কিনছি অর্থাৎ লুঙ্গি কত টাকা, শাড়ি কত টাকার সেটা ধরে নিয়ে তার উপর দাঁড়িয়ে যে মালগুলি আমাদের কাছে আসে সেগুলি চেকিং কমিটি চেকিং করে মাল গ্রহণ করে।

শ্রী রবীন দেব : আমরা জানি, ঈদের সময়ে বা শারদোৎসবের সময়ে ডিপার্টমেন্ট যেসব মাল লিফ্‌ট করে, আমাদের কলকাতার এম. এল. এ.-দের ক্ষেত্রে দেখেছি কাউন্সিল হাউস স্ট্রিট থেকে সেই মাল লিফ্‌ট করতে হয়। মাননীয় মন্ত্রী মহাশয় মাননীয় সদস্য শ্রী শোভনদেব চট্টোপাধ্যায়ের প্রশ্নের উত্তরে বললেন, এবারে সরাসরি এম.এল.এ.-দের কাছে পৌঁছে দেওয়ার ব্যবস্থা করবেন। আগামী পুজোর আগে কিংবা ঈদের আগে জামাকাপড়গুলি

দুঃস্থ মানুষের কাছে পৌছে দেওয়ার জন্য একটা নির্দিষ্ট সময়সীমা বেঁধে দিয়ে যদি ইনফর্ম করেন তাহলে যথাযথ সময়ে পৌছায় এবং উন্নতমানের হয়। এ ব্যাপারে আপনি কিছু ভেবেছেন কিনা ?

শ্রী হাফিজ আলম সৈরাণী : মানের ব্যাপারটা তো আমি বললাম। যে দরে আমরা জিনিসপত্রগুলি কিনি সেটা তো আপনারা শুনলেন। সেই দরে কি রকম জিনিসপত্র পাওয়া যেতে পারে আপনাদের কাছে যদি থাকে অর্থাৎ আমরা যে দরপত্র দিয়ে মাল কিনছি সেই দরপত্রের উপর দাঁড়িয়ে এর থেকে ভালো মাল যদি পেতে পারি তাহলে আপনারা সেই প্রস্তাব রাখবেন, আমরা সেই প্রস্তাব বিবেচনা করব। আর ঈদ এবং দুর্গাপুজোর সময়ে দ্রুত কাপড় যাতে পৌছে যায় সেটা আমি নিশ্চয়ই দেখব।

শ্রী বিপ্লব রায়চৌধুরী : রাজ্য সরকারের তন্তুজ এবং তন্তুশ্রী নামে দুটি দপ্তর আছে। আপনি ওদের কাছ থেকে যদি মালপত্র কেনেন, কারণ ওদের তো সরকারের কাছে দায়বদ্ধতা আছে, ওদের কাছ থেকে কিনলে ওদেরকে দায়বদ্ধতার মধ্যে আনতে পারেন এবং কোয়ালিটি ও সংখ্যা সম্পর্কে যদি সচেতন হন তাহলে সদস্যরা উপকৃত হবেন। আপনি বললেন ১,১০০ করে মাল দেওয়া হবে। কিন্তু ১,১০০ মাল শেষের দিকে দেওয়া হয় না। আমরা যাঁরা গ্রামের এম. এল. এ. তাঁদের কাছে অনেক কম মাল পৌছায়। আপনি যদি এ ব্যাপারে নির্দিষ্ট করে বলেন তাহলে ভালো হয়।

শ্রী হাফিজ আলম সৈরাণী : আমি মূল প্রশ্নের উত্তরে বলেছি, আমরা ৫টি সংস্থার কাছ থেকে জামা-কাপড়গুলি কিনি। আপনি যে ২টি সংস্থার নাম বললেন, তাদের কাছ থেকেও কিনি। কিনি না যে তা নয়। এরা আমাদের বাইরে নয়, ওদের কাছ থেকেও মাল কিনি। দ্বিতীয়ত যেটা বললেন যে ১,১০০ পিস কাপড় ইত্যাদি পান না, আমার কাছে যে তথ্য আছে সেটা বলেছি। মাল পাওয়ার পর গুনতি করে দেখে যদি দেখেন ১,১০০ পিসের কম পেয়েছেন, সেটা লিখিতভাবে আমাকে জানালে আমি দেখব কার ভুলে এটা হয়েছে এবং তা দেখে তার বিরুদ্ধে আমি যথাযথ ব্যবস্থা নেব।

শ্রী রবীন্দ্র ঘোষ : বিরোধী দলের একজন মাননীয় সদস্য বললেন যে গতবার পুজোর সময় মাল কম হয়েছিল। আপনারা জানেন যে গতবার ৯টা জেলাতে ভয়াবহ বন্যা হয়েছিল, কাজেই প্রয়োজনের চেয়ে এটা একটু কম ছিল। মাননীয় মন্ত্রী মহাশয়কে আমি বলতে চাই, ডি. এম. থেকে এস. ডি. ও., তার থেকে ব্লক, যেদিন ঈদ তার আগের দিন আমরা কাপড় পাই এবং পুজোর দুদিন আগে কাপড় পাই। এ ব্যাপারে আপনার অফিসারদের বলে বলেও কিছু হয়নি। আমার প্রস্তাব হল, ঈদের ১০ দিন আগে এবং পুজোর ১০ দিন আগে দয়া করে জামা, কাপড় ইত্যাদিগুলি দেওয়ার ব্যবস্থা করবেন।

(নো রিপ্লাই)

শ্রী অশোক দেব : মাননীয় মন্ত্রী মহাশয় এ দপ্তরে নতুন এসেছেন সঙ্গত কারণেই তিনি হয়তো জানেন না যে আমরা শাড়ি, ধুতি, লুঙ্গি, কম্বল ইত্যাদি ঠিকমতো পাই না। গত ২৪ বছর ধরে আপনারা যেসব শাড়ি, ধুতি, লুঙ্গি, কম্বল, জামা ইত্যাদি দিয়েছেন গ্রামের

মানুষরা একদিনের বেশি দুদিন তা পরতে পারে না। এই নীচু মানের সামগ্রী দেওয়ার জন্য শুধু আমাদের নয়, গ্রামগঞ্জের বিধায়ক আপনারা যাঁরা আছেন তাঁদেরও গ্রামের মানুষদের কাছে কথা শুনতে হয়। মাননীয় মন্ত্রী মহাশয়ের কাছে আমার জিজ্ঞাস্য, যতটা সম্ভব ভালো মানের কাপড়, জামা ইত্যাদি দেওয়ার ব্যবস্থা করবেন কি ?

শ্রী হাফিজ আলম সৈরাণী : আমরা যে ১,১০০ পিস কাপড়, জামা ইত্যাদি দিই সেই পরিমাণটা কমিয়ে যদি ৮০০ পিস করে দেওয়া হয় তাহলে নিশ্চয় যে টাকাটা ১,১০০ পিসের জন্য খরচ করি সেই টাকায় ৮০০ পিস কিনলে তার মানটা বাড়বে, তবে সংখ্যাটা বাড়বে না। হাউসে সহমত পোষণ করে এ ব্যাপারে যদি একটা সর্বসম্মত প্রস্তাব গ্রহণ করে আমাকে জানানো হয় তাহলে সেটা আমি দেখব।

শ্রী সুভাষ নস্কর : গ্রামের গরিব মানুষদের যে জামা, কাপড়, লুঙ্গি দেওয়া হয়, আমি এই লুঙ্গির বিষয়ে বিশেষ করে বলব যে এর বহরটা খুবই ছোট, লুঙ্গির বহরটা বাড়ানো যায় কিনা দেখুন। আমার প্রশ্ন, চাষের কাজ করার জন্য গ্রামের ভূমিহীন, গরিব চাষীদের অর্থাৎ দরিদ্র মানুষদের বহরে একটু বড়ো এক জোড়া করে গামছা দেওয়া যায় কিনা মাননীয় মন্ত্রী মহাশয় চিন্তা করবেন কি ?

শ্রী হাফিজ আলম সৈরাণী : আপনি যে প্রস্তাব রাখলেন সে সম্বন্ধে এখনই আমার পক্ষে কিছু বলা সম্ভব নয়। আপনারা যেসব সুপারিশ রেখেছেন সেগুলি নিয়ে আমি আমার দপ্তরের অফিসারদের সঙ্গে আলোচনা করব এবং যদি সম্ভব হয় নিশ্চয়ই ব্যবস্থা করব।

জাতীয় বিপর্যয়

*২৪১। (অনুমোদিত প্রশ্ন নং *৮২২) **শ্রী কাশীনাথ মিশ্র :** ত্রাণ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

> ২০০০ সালের বন্যাকে "জাতীয় বিপর্যয়" হিসেবে ঘোষণা করার জন্য সরকার কিরূপ উদ্যোগ নেন ?

শ্রী হাফিজ আলম সৈরাণী : বিগত সেপ্টেম্বরে (২০০০) এই রাজ্যের ৯টি জেলা বিরল ভয়াবহ বন্যার কবলে পড়েছিল। বন্যার কারণ হল : ময়ূরাক্ষী, দামোদর, বরাকর, অজয়, ভাগীরথী, হুগলি উপত্যকা অঞ্চলে নজিরবিহীন অবিশ্রান্ত ভারী বর্ষণ। স্থানীয় অঞ্চলের বৃষ্টিপাতও এর সঙ্গে যুক্ত হয়ে বন্যা পরিস্থিতির চূড়ান্ত অবনতি ঘটায়। এই বন্যার কারণে গ্রামীণ ঘরবাড়ি, কৃষি, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ, পূর্ত সড়ক, প্রাণীসম্পদ, পানীয় জল, খাদ্য সরবরাহ ইত্যাদি ক্ষেত্রগুলিতে ক্ষয়ক্ষতির পরিমাণ দাঁড়ায় আর্থিক মূল্যে আনুমানিক ৫,৬৬০ কোটি টাকা।

রাজ্য সরকার ত্রাণকাজের জন্য রাজ্য বাজেট থেকে আনুমানিক ৪৭৬ কোটি টাকা বন্যা কবলিত জেলা প্রশাসনকে ও বন্যার কাজে যুক্ত বিভিন্ন বিভাগগুলিকে বরাদ্দ করেন। রাজ্য সরকার এই বন্যাকে "জাতীয় বিপর্যয়" হিসাবে ঘোষণার দাবি জানান এবং কেন্দ্রীয় বাজেটের বাইরে স্মারকলিপি প্রদানের মাধ্যমে জাতীয় বিপর্যয় উপনিমিত্ত তহবিল (ন্যাশনাল

ক্যালামিটি কন্টিজেন্সি ফান্ড) থেকে ১,৪৮৬.৭০ কোটি টাকা অতিরিক্ত আর্থিক সহায়তা মঞ্জুর করার অনুরোধ করেন। রাজ্য সরকারের অনুরোধ মতো ক্ষয়ক্ষতি নিরূপণের জন্য কেন্দ্রীয় সমীক্ষক দল কয়েকটি ক্ষতিগ্রস্ত জেলা পরিদর্শন করেন। এই বন্যাটিকে "জাতীয় বিপর্যয়" হিসাবে ঘোষণা করে অতিরিক্ত সাহায্যের জন্য রাজ্য সরকার যে স্মারকলিপি ভারত সরকারকে দিয়েছেন তাতে বলা হয়েছে :

(ক) বন্যার কারণ হিসাবে যে বৃষ্টিপাত তা ছিল নজিরবিহীন ;

(খ) বন্যার ক্ষয়ক্ষতির পরিমাণ ছিল ব্যাপক, ৫,৬৬০ কোটি টাকা, ক্ষয়ক্ষতির পরিপ্রেক্ষিতে রাজ্য সরকার ১,৪৮৭ কোটি টাকা অতিরিক্ত আর্থিক সাহায্য দাবি করেছেন ;

(গ) এই বন্যার ফলে ১,৩৬২ জন ভাগ্যহীন প্রাণ হারিয়েছেন ;

(ঘ) সব শেষে, নদীর নানাবিধ সমস্যা কোনো রাজ্য সরকারের একক সমস্যা নয়—তা জাতীয় সমস্যা, যার ফলে বন্যা। সুতরাং এর দায়িত্ব ভারত সরকারকেও নিতে হবে।

কেন্দ্রীয় সরকার বন্যার ভয়াবহতা ও ব্যাপকতা পর্যালোচনা করে জাতীয় বিপর্যয় উপনিমিত্ত তহবিল (National Calamity Contingency Fund) থেকে গত আর্থিক বছরে (২০০০-২০০১) ১০৩.২৫ কোটি টাকা রাজ্য সরকারকে অনুদান বাবদ মঞ্জুর করেছেন।

[11.20–11.30 a.m.]

শ্রী কাশীনাথ মিশ্র : আমার অতিরিক্ত প্রশ্ন, ওই যে কেন্দ্রীয় সমীক্ষক দলে যাঁরা এসেছিলেন তাঁদের কাছে বন্যার ক্ষয়ক্ষতির হিসাব কি সেচ, কৃষি, প্রাণীসম্পদ প্রভৃতি বিভিন্ন বিভাগের মাধ্যমে দেওয়া হয়েছিল কিনা ?

শ্রী হাফিজ আলম সৈরাণী : আলাদা করে প্রশ্ন করলে তবে আমার পক্ষে এই প্রশ্নের উত্তর দেওয়া সম্ভব।

শ্রী কাশীনাথ মিশ্র : ওই সমীক্ষক দল আপনার কাছে ওই বন্যাকে জাতীয় বিপর্যয় বলে সুপারিশ করবেন বলে মন্তব্য করে গিয়েছিলেন কিনা ?

শ্রী হাফিজ আলম সৈরাণী : তাঁরা এরকম কোনো মন্তব্য করে যাননি। কেন্দ্রীয় সরকারের অধীনে একটা সংস্থা আছে যাঁদের ওই বন্যাকে জাতীয় বিপর্যয় বলে ঘোষণা করা হবে কি হবে না সেই ক্ষমতা আছে। তাঁরা আমাদের রাজ্যে এসেছিলেন এবং ঘুরে দেখেছিলেন। আমরা তাঁদের কাছে একটি স্মারকলিপি দিয়েছিলাম এবং তাতে ওই বিপর্যয়কে কেন জাতীয় বিপর্যয় বলে ঘোষণা করা যেতে পারে তার উল্লেখ করেছিলাম এবং তাতে তার সপক্ষে নানা তথ্য সরবরাহ করেছিলাম। কিন্তু তাঁরা গুরুত্ব স্বীকার করে নিলেও

তাকে জাতীয় বিপর্যয় বলে ঘোষণা করেননি। আমাদের একক চেষ্টায় সব কাজটা করতে হয়েছে এবং হচ্ছে।

শ্রী কাশীনাথ মিশ্র : মাননীয় মন্ত্রী মহাশয়ের কাছে আমার অতিরিক্ত প্রশ্ন, পশ্চিমবাংলাতে এর আগে ১৯৭৮ সালে ভয়ঙ্কর বন্যা হয়েছিল এবং ১৯৭১ সালে ভয়ঙ্কর হয়েছিল। আমি মূলত ১৯৭৮ সালের বন্যার কথা বলছি, কেন্দ্রীয় সরকার এই বন্যাকে জাতীয় বিপর্যয় হিসাবে চিহ্নিত করেছিল কিনা জানাবেন কি ?

শ্রী হাফিজ আলম সৈরাণী : এখন আমার পক্ষে এই উত্তর দেওয়া সম্ভব হচ্ছে না। আপনি আলাদা করে প্রশ্ন করলে উত্তর দেব।

শ্রী আবু আয়েশ মণ্ডল : আমরা জানি যে, একাদশ অর্থ কমিশনের সুপারিশ কেন্দ্রীয় সরকার সংসদে পেশ করে এবং গ্রহণ করে। কিন্তু ন্যাচারাল ক্যালামিটি রিলিফ ফান্ড গঠন করে না। তারপর অনেক টালবাহানার পরে এই ফান্ড গঠন করে। রাজ্য সরকার ১,৪৮৭ কোটি টাকা দাবি করেছিল এবং এই বন্যাকে জাতীয় বিপর্যয় হিসাবে ঘোষণা করতে বলেছিল। তাঁরা সেটা করেননি এবং ১,৪৮৭ কোটি টাকার জায়গায় ১০৩.২৫ কোটি টাকা দিয়েছিল। এই টাকা না দেওয়ার ভিত্তিটা কি, এই ব্যাপারে কোনো ব্যাখ্যা কেন্দ্রীয় সরকার দিয়েছেন কিনা জানাবেন কি ?

শ্রী হাফিজ আলম সৈরাণী : কেন্দ্রীয় সরকারের পক্ষ থেকে কেন দেওয়া হল না, কেন দিতে পারল না এই রকম কোনো ব্যাখ্যা আমাদের দপ্তরে এসে পৌঁছায়নি।

শ্রী তাপস রায় : স্যার আমি আপনার মাধ্যমে মন্ত্রী মহাশয়ের কাছে একটা প্রশ্নের উত্তর জানতে চাই। প্রশ্নটা হল জাতীয় বিপর্যয় নিয়ে, এখানে তো মন্ত্রীর বিপর্যয়। হাফিজ আলম সৈরাণী, মন্ত্রী হচ্ছে হয়রানি। আমার প্রশ্ন হল, নিশ্চয়ই কেন্দ্রীয় সরকার যে টাকা দিয়েছিল সেটা প্রয়োজনের তুলনায় সত্যিই অত্যন্ত কম, এই কথা অনস্বীকার্য, কিন্তু যে অর্থ কেন্দ্রীয় সরকারের পক্ষ থেকে দেওয়া হয়েছিল—১০৩ কোটি সামথিং—সেই টাকা কোন কোন খাতে খরচ হয়েছে ? দ্বিতীয় হল বন্যার্ত মানুষদের আজ পর্যন্ত তাদের ঘরবাড়ি এবং সাহায্যের কত পার্সেন্ট বন্দোবস্ত ব্যবস্থা করা হয়েছে ?

শ্রী হাফিজ আলম সৈরাণী : কোন দপ্তরের মাধ্যমে কত টাকা খরচ হয়েছিল সেটা আপনাদের জানাচ্ছি। কৃষি দপ্তরের মাধ্যমে ৩০ কোটি টাকা, প্রাণীসম্পদ বিভাগের মাধ্যমে ৩.৯৫ কোটি টাকা, বন দপ্তরের মাধ্যমে ১.৫০ কোটি টাকা, হোম ডিপার্টমেন্টের মাধ্যমে .৫০ কোটি টাকা, হেল্‌থ অ্যান্ড ফ্যামিলি ওয়েলফেয়ার ডিপার্টমেন্টের মাধ্যমে ৩.৮৭ কোটি টাকা, সেচ এবং জলপথ দপ্তরের মাধ্যমে ৩৩.৪৭ কোটি টাকা, মিউনিসিপ্যাল অ্যাফেয়ার্স ডিপার্টমেন্টের মাধ্যমে ১.০০ কোটি টাকা, পাওয়ার ডিপার্টমেন্টের মাধ্যমে ৮.০০ কোটি টাকা, পাবলিক হেল্‌থ ইঞ্জিনিয়ারিং ডিপার্টমেন্টের মাধ্যমে ৫.০০ কোটি টাকা, পি. ডব্লু. ডি. এবং পি. ডব্লু. ডি. রোডস্‌ ডিপার্টমেন্টের মাধ্যমে ২.০০ কোটি টাকা রিলিফ ডিপার্টমেন্টের মাধ্যমে ৮৩.৫২ কোটি টাকা এবং অন্যান্য দপ্তরের মাধ্যমে .৪৫ কোটি টাকা আমি খরচ করেছি।

[11.30–11.40 a.m.]

শ্রী বিশ্বনাথ মণ্ডল : ২০০০ সালের সেপ্টেম্বর মাসে আমাদের রাজ্যে যে বন্যা হয়েছিল তাতে ৯টি জেলায় সাংঘাতিক ক্ষতি হয়েছিল। আমাদের মুর্শিদাবাদ জেলাতেও ব্যাপক ক্ষতি হয়েছিল। কেন্দ্রীয় সরকারের কাছ থেকে টাকা পাওয়ার আগে আমাদের রাজ্য সরকার ভালো পরিমাণে টাকা খরচ করেছে। পশ্চিমবাংলার একজন পেপার-মেড মুখ্যমন্ত্রী এই বন্যাকে 'ম্যান-মেড' বলে চিৎকার করেছিলেন। এখানে কেন্দ্রীয় সমীক্ষক দলে যাঁরা এসেছিলেন, তাঁরা কি একে 'ম্যান-মেড' বলেছিলেন—এটা মাননীয় মন্ত্রী মহাশয় দয়া করে বলবেন কি ?

শ্রী হাফিজ আলম সৈরাণী : বলেছিলেন কিনা, এই রকম তথ্য আমার কাছে নেই। সে জন্য আমি আপনাকে এই কথার সঠিক উত্তর দিতে পারছি না।

শ্রীমতী রত্না দে (নাগ) : বিগত বছরে বন্যার জন্য আই. সি. ডি. এস. প্রকল্পের যে বাড়িগুলোর ক্ষতি হয়েছে, সেগুলোর কি পুনর্গঠন করা হয়েছে ? যদি না করা হয়ে থাকে, তাহলে কেন এখনও করা হয়নি জানাবেন কি ?

শ্রী হাফিজ আলম সৈরাণী : এই তথ্যটা জেনে তবে উত্তর দিতে পারব। এর উত্তর এখুনি আমার হাতে নেই। আপনি আলাদা প্রশ্ন করবেন, তাহলে উত্তর দিতে পারব ?

শ্রী পঙ্কজ ব্যানার্জী : মাননীয় মন্ত্রী মহাশয় নতুন দায়িত্ব নিয়েছেন। কাজেই সমস্ত প্রশ্নের বিস্তারিত উত্তর দেওয়া তাঁর পক্ষে সম্ভব নয়, এটা ঠিক। কিন্তু আপনি যেটা বললেন, কেন্দ্রীয় সরকারের কাছ থেকে প্রাপ্ত টাকার একটা হিসাব দিলেন। সংশ্লিষ্ট দপ্তর থেকে যে হিসাব পাঠিয়েছে, আপনি তার উত্তর দিলেন। ওই সমস্ত দপ্তরের ইউটিলাইজেশন সার্টিফিকেট জমা পড়েছে কি এবং কেন্দ্রীয় সরকারকে কি তা পাঠিয়ে দিয়েছেন ?

শ্রী হাফিজ আলম সৈরাণী : আমরা যদি ইউটিলাইজেশন সার্টিফিকেট না নিয়ে কেন্দ্রীয় সরকারের কাছে না পাঠাই, তাহলে এই বছরে কেন্দ্রীয় সরকারের কাছ থেকে ১০৬ কোটি টাকা পেলাম কি করে ? ইউটিলাইজেশন সার্টিফিকেট জমা না পড়লে এবং কেন্দ্রীয় সরকারকে তা না দিলে এই টাকা আমরা পেতাম না। আমরা যে টাকা খরচ করেছি, তার ইউটিলাইজেশন সার্টিফিকেট জমা পড়েছে এবং কেন্দ্রীয় সরকারের কাছে তা দিয়েছি বলে এই বছরে আমরা ১০৬ কোটি টাকা পেয়েছি।

কল্যাণ প্রকল্প

*২৪২। (অনুমোদিত প্রশ্ন নং *২৮৭) **শ্রী আবু আয়েশ মণ্ডল** : সমাজকল্যাণ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) এটা কি সত্যি যে, রাজ্যে বৃদ্ধা ও শারীরিকভাবে অক্ষম ব্যক্তিদের জন্য কিছু কল্যাণ প্রকল্প চালু করা হয়েছে ;

(খ) সত্যি হলে, এইরূপ প্রকল্পের সংখ্যা কত ; এবং

(গ) উক্ত প্রকল্পগুলিতে কী কী কল্যাণমূলক কাজ করা সম্ভব হয়েছে ?

শ্রী বিশ্বনাথ চৌধুরী :

(ক) হ্যাঁ।

(খ) ১. বৃদ্ধাদের ক্ষেত্রে এইরূপ প্রকল্পের সংখ্যা ২ (দুই) টি।

২. শারীরিকভাবে অক্ষম ব্যক্তিদের ক্ষেত্রে এইরূপ প্রকল্পের মোট সংখ্যা ১১ (এগার) টি।

(গ) বৃদ্ধাদের ক্ষেত্রে :

১. সম্বলহীনা বৃদ্ধাদের জন্য ভরণপোষণের সুবিধাযুক্ত বৃদ্ধাবাস স্থাপন,

২. ষাট বছরের উর্ধ্বে সহায়সম্বলহীনা বৃদ্ধাদের জন্য মাসিক ৪০০ (চারশত) টাকা হারে বার্ধক্য ভাতা প্রদান।

শারীরিকভাবে অক্ষম ব্যক্তিদের ক্ষেত্রে :

(ক) রাজ্যের যোজনায় :

১. মাসিক ৪০০ (চারশত) টাকা হারে অক্ষম ভাতা প্রদান,

২. আর্থিক পুনর্বাসন,

৩. সহায়ক যন্ত্রাদি প্রদান,

৪. বিনামূল্যে পরিচয়পত্র প্রদান,

৫. সচেতনতা বৃদ্ধি শিবির,

৬. অষ্টম শ্রেণি পর্যন্ত ছাত্রছাত্রীদের মাসিক ৬০ (ষাট) টাকা হারে বৃত্তি প্রদান।

(খ) কেন্দ্রীয় যোজনায় :

১. সহায়ক যন্ত্রাদি প্রদান (এ. ডি. আই. পি. স্কিম),

২. শারীরিক, মানসিক, মূক ও বধির এবং অন্ধ প্রতিবন্ধীদের জন্য বিভিন্ন স্বেচ্ছাসেবী সংস্থাসমূহকে শিক্ষণ, প্রশিক্ষণ ও পুনর্বাসনের জন্য আর্থিক সাহায্য প্রদান,

৩. 'জাতীয় প্রতিবন্ধী অর্থ ও উন্নয়ন নিগম' মাধ্যমে স্বনিযুক্তির জন্য আর্থিক ঋণদান,

৪. জেলা পুনর্বাসন প্রকল্প,

৫. জাতীয় প্রতিবন্ধী পুনর্বাসন প্রকল্প।

শ্রী আবু আয়েশ মণ্ডল : মাননীয় মন্ত্রী মহোদয়, আপনি বললেন, আমাদের রাজ্যে বৃদ্ধা এবং শারীরিকভাবে অক্ষম ব্যক্তিদের জন্য কিছু কল্যাণ প্রকল্প চালু করা হয়েছে। সহায়-সম্বলহীন ব্যক্তিদের ভরণপোষণের জন্য যে বৃদ্ধাবাস করেছেন, তার সংখ্যা কত এবং সেখানে তাঁরা কি সুবিধা পাচ্ছেন দয়া করে জানাবেন কি ?

শ্রী বিশ্বনাথ চৌধুরী : আমাদের এখানে সরকারিভাবে গড়িয়াতে একটি আছে। তাছাড়া বেসরকারি কয়েকটি প্রতিষ্ঠান আছে, সেখানে তাঁদের থাকবার সুযোগ আছে।

শ্রী আবু আয়েশ মণ্ডল : মাননীয় মন্ত্রী মহাশয় জানাবেন কি, ৬০ বছরের উর্ধ্বে সহায়-সম্বলহীন বৃদ্ধ-বৃদ্ধাদের মাসিক ৪০০ টাকা করে যে ভাতা দেন, তাতে বর্তমানে কতজন ওই ভাতা পেয়েছেন এবং জেলা ভিত্তিক হিসাব যদি থাকে জানাবেন কি ?

শ্রী বিশ্বনাথ চৌধুরী : জেলাভিত্তিক দিতে গেলে নোটিশ দিতে হবে।

শ্রী আবু আয়েশ মণ্ডল : রাজ্যে কতজন পেয়েছেন এবং সাথে সাথে অষ্টম শ্রেণিতে পাঠরত ছাত্র-ছাত্রীদের মাসিক ৬০ টাকা করে ভাতা দেওয়া হবে বলেছেন, এই সংখ্যাটা কত, দুটো সংখ্যা যদি দয়া করে জানান ভালো হয়।

শ্রী বিশ্বনাথ চৌধুরী : ১৯৯৯-২০০০ পর্যন্ত ৭ হাজার ৬৬১ জনকে দিয়েছি এবং ২০০১ সালে ৮ হাজার ৩০৫ জনকে দিয়েছি।

শ্রী আবু আয়েশ মণ্ডল : মাননীয় মন্ত্রী মহাশয় ছাত্রছাত্রীদের সংখ্যা যেটা অষ্টম শ্রেণিতে পাঠরতদের ক্ষেত্রে মাসিক ৬০ টাকা, সেই সংখ্যাটা রাজ্য ভিত্তিক কত দয়া করে জানাবেন কি ?

শ্রী বিশ্বনাথ চৌধুরী : ওটা আমি আগেই বললাম আর বার্ধক্য ভাতা যেটা বললাম তাতে বিধবা ভাতা ১১ হাজার ৫৪৬ এবং বার্ধক্য ভাতা দেওয়া হয় ৩৩ হাজার ৮১৮।

শ্রী অশোক দেব : মাননীয় মন্ত্রী মহাশয় দয়া করে জানাবেন কি, আপনারা যে হারে ভাতা দেন, তা আমি আগেরবারও বলেছি, ওই ভাতা বাড়াবার কোনো চেষ্টা করছেন কি ?

শ্রী বিশ্বনাথ চৌধুরী : বাড়াবার কোনো সম্ভাবনাই নেই।

শ্রী পরশ দত্ত : মাননীয় মন্ত্রী মহাশয়, আপনার দপ্তর থেকে ফিজিক্যালি হ্যান্ডিক্যাপ্‌ডের কার্ড দেওয়া হয়। সেই কার্ড আবার পিরিয়ডিক্যালি রিনিউ করার বন্দোবস্ত করতে হয়। রিনিউ করতে গেলে স্বাস্থ্য দপ্তরে যেতে হয়, হাসপাতালে যেতে হয়। আমি স্পেসিফিক্যালি বলছি হাসপাতালে গিয়ে ৮০ পার্সেন্ট ডিসএবিলিটি হোক যাকে হাসপাতালের থেকে ৮০ পার্সেন্ট ডিসেবেল বলে সার্টিফিকেট দিয়েছিল, সেই হাসপাতালেই আবার ওয়ার্ড ডাক্তার বলছে তাকে ১০ পার্সেন্টের বেশি ডিসেবেলিটি দেবে না। এটাতে একটা গণ্ডগোল হচ্ছে। আপনাদের কার্ড আপনারা অটোমেটিক্যালি আর রিনিউ করছেন না, নতুন করে পরীক্ষার মাধ্যমে হাসপাতালে গিয়ে এই যে কার্ড রিনিউ করার পদ্ধতি এতে আপনারা কোরাপশানের ফ্লাড গেট খুলে দিয়েছেন। এই ব্যাপারে আপনি কোনো ভাবনা-চিন্তা করছেন কিনা জানাবেন কি ?

শ্রী বিশ্বনাথ চৌধুরী : আমরা এই ব্যাপারে কেন্দ্রীয় সরকারের ওই দপ্তরের কাছে এই প্রস্তাব দিয়েছিলাম কিন্তু সেই প্রস্তাব কেন্দ্রীয় সরকারের দপ্তরের পক্ষ থেকে গ্রহণ করেনি। আপনি যে কথা বলেছেন আমি তাতে একটা জিনিস চেষ্টা করছি এক জায়গার থেকে আপনার যেখানে স্বাস্থ্য বিভাগের যাঁরা আছেন এবং আমাদের দপ্তরের যাঁরা আছেন, তাঁদের এক জায়গায় রেখে যাতে দেওয়া যায়, তাহলে কিছুটা সুবিধা হবে। আর একটা জিনিস হচ্ছে ডাক্তার এই ব্যাপারে সার্টিফিকেট দেবেন, তাঁরাই মূল মালিক সেটা আপনারা সবাই বোঝেন এবং আমার করণীয় বেশি কিছু করার থাকে না।

শ্রী বংশীবদন মৈত্র : মাননীয় মন্ত্রী মহাশয় জানাবেন কি, ছাত্র-ছাত্রীদের যে সুযোগ দেওয়া হয় তাতে প্রতিবন্ধী প্লাস এই অষ্টম শ্রেণি পর্যন্ত পাঠরত ছাত্রীছাত্রীর মধ্যে ৭২০ জনকে দেওয়া হয়েছে, এই ৭২০ জনের মধ্যে থেকে আমাদের হুগলি জেলার আমার ব্লকে ১২০ জনের নাম পাঠানো হয়েছিল। তার মধ্যে পঞ্চাশজনের মতোকে পাঠানো হয়েছে। এইরকম কেন হল জানাবেন কি ?

শ্রী বিশ্বনাথ চৌধুরী : এটা আপনি স্পেসিফিক জানাবেন বলতে পারব। একটা পার্টিকুলার জেলার কথা তো বলা সেইভাবে বলা যায় না।

[11.40–11.50 a.m.]

শ্রী সৌগত রায় : মাননীয় মন্ত্রী মহাশয় জানাবেন কি, এখন আমরা দেখছি যে বিধবা ভাতা, বার্ধক্য ভাতা এবং অক্ষম ভাতার জন্য যাঁরা আবেদন করেন এবং পাওয়ার মধ্যে একটা জেসটেইশন পিরিয়ড থাকে, মাননীয় মন্ত্রী এই ব্যাপারে দয়া করে জানাবেন কি, বর্তমানে কত সাল পর্যন্ত আবেদনের ভিত্তিতে বিধবা ভাতা দেওয়া হচ্ছে, বার্ধক্য ভাতা দেওয়া হচ্ছে, অক্ষম ভাতা দেওয়া হচ্ছে ?

শ্রী বিশ্বনাথ চৌধুরী : আপনি এটার ব্যাপারে নোটিশ দিলে পরবর্তীকালে বলতে পারব। কারণ হচ্ছে, এটা আমি মিটিং-এর সময় বলেছি, প্রচুর পরিমাণে দরখাস্ত পড়ে, প্রায় হাজার হাজার দরখাস্ত আসে, যে পরিমাণে আমরা দিই সেটা যথেষ্ট পরিমাণে নয়। যাতে এটার সংখ্যাটা বাড়ানো যায় তার জন্য অর্থ দপ্তরকে বলেছি। আমি পরের একটা তারিখে এটা জানিয়ে দেব, যেহেতু আপনি জানতে চেয়েছেন, কোন সাল পর্যন্ত হয়েছে।

শ্রী ইউনুস সরকার : মাননীয় মন্ত্রী মহাশয় দয়া করে জানাবেন কি, বিধবা এবং অক্ষমদের যে ভাতা দেওয়া হচ্ছে, সেইটা দেওয়ার ব্যাপারে প্রতি মাসে এটা দেওয়া হচ্ছে কিনা, এটা প্রতি মাসে দেওয়া যাচ্ছে কিনা, প্রতি মাসে যদি দেওয়া না হয় তাহলে তার অসুবিধাটা কি ?

শ্রী বিশ্বনাথ চৌধুরী : প্রতি মাসে দেওয়ার যে অসুবিধা সেটা হচ্ছে, পাবার পরে সার্টিফিকেট না পেলে দেওয়াটা মুশকিল—হয়তো কেউ মারা গিয়েছেন।

শ্রী আবদুল মান্নান : মাননীয় মন্ত্রী মহাশয় অনুগ্রহ করে জানাবেন কি, বার্ধক্য ভাতা বা বিধবা ভাতা, অক্ষম ভাতা যেটা দেওয়া হয়, এই ব্যাপারে যাঁদের স্যাংশন রয়েছে, এই রকম অনেকে পাওয়ার পরে তাঁদের টাকা বন্ধ হয়ে গেছে। এই ব্যাপারে আপনি কিছু জানেন কিনা, জানা থাকলে তার সংখ্যাটা কত ?

শ্রী বিশ্বনাথ চৌধুরী : আপনার প্রশ্নের উত্তরে বলি, এই রকম কোনো অভিযোগ আমার কাছে নেই। অনেক সময় দেখা যায়, এনকোয়ারি করে হয়তো সেই পরিবারের কেউ চাকরি পেয়ে গিয়েছেন, তাই ক্যান্সেল হয়ে যায়। তবে এই ব্যাপারে যদি কিছু স্পেসিফিক থাকে আমাকে জানাবেন, আমি নিশ্চয় দেখবার চেষ্টা করব।

শ্রী যোগরঞ্জন হালদার : আমার প্রশ্ন যাঁদের বিধবা ভাতা, বার্ধক্য ভাতা চালু ছিল, তাঁরা টাকা পাচ্ছিলেন, কিন্তু পেতে পেতে তিনি মারা গিয়েছেন। তাঁর টাকা ব্যাঙ্কে থেকে গিয়েছে, সেই টাকাটা তাঁর পরিবারের কারা পাবেন ? তাঁর ছেলেরা পাচ্ছেন না, এ ক্ষেত্রে কী হবে ?

শ্রী বিশ্বনাথ চৌধুরী : না, সেটা কেউই পাবে না।

বস্ত্রাদি বিতরণ

*২৪৩। (অনুমোদিত প্রশ্ন নং *৮৬০) **শ্রী মহবুবুল হক** : ত্রাণ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) এটা কি সত্যি যে, পূজা ও ঈদ উপলক্ষে দুঃস্থ মানুষদের মধ্যে বিতরণের জন্য বিধায়কদের মাধ্যমে যে বস্ত্রাদি দেওয়া হয় তা অপ্রতুল ; এবং

(খ) সত্যি হলে, উক্ত বস্ত্রাদির সংখ্যা বৃদ্ধির কোনো পরিকল্পনা সরকারের আছে কি ?

শ্রী হাফিজ আলম সৈরাণী :

(ক) না ;

(খ) প্রশ্ন ওঠে না।

শ্রী মহবুবুল হক : স্যার, আমার অতিরিক্ত প্রশ্ন। মাননীয় মন্ত্রী মহাশয় 'ক' প্রশ্নের উত্তরে বলেছেন না। কিন্তু আজকে হাউসে একটু আগে এই ব্যাপারে অনেক প্রশ্ন হল। আমাদের মাননীয় সদস্যরা তাঁরা কিন্তু দাবি করছেন যে আমাদের লোকসংখ্যা বেড়েছে, আমাদের দপ্তরের অর্থ বরাদ্দ বাড়ছে। আমাদেরকে যা দেওয়া হয়, অর্থাৎ পুজোর সময় যা দেওয়া হয় ২ শত শাড়ি, ১৩৩টি ধুতি, ৬৭টি লুঙ্গি, ২০০ পিস চিলড্রেন্স গার্মেন্টস, ২ শত ব্ল্যাঙ্কেট। আমার মনে হয় হাউসে যাঁরা সদস্য আছেন তাঁরা প্রত্যেকেই বলবেন এটা অপ্রতুল। বাজেট বাড়ছে, দুঃস্থ মানুষের সংখ্যা বাড়ছে। ধুতি, লুঙ্গি, শাড়ি, জামা-কাপড়—এই সব যা দেওয়া হয় তার পরিমাণ অনেক কম। এই পরিমাণ বৃদ্ধি করার কোনো প্রস্তাব আপনার আছে কি ?

শ্রী হাফিজ আলম সৈরাণী : আমি আগেই বলেছি, আমরা ১,১০০ পিস কাপড়-জামা মিলিয়ে এম. এল. এ.-দের বিতরণ করার জন্য দিই। তার মধ্যে ৩০০ পিস লুঙ্গি এবং ধুতি, শাড়ি ৩০০ পিস, শিশুদের জামা-কাপড় ৩০০ পিস এবং সুতির কম্বল ২০০ পিস দেওয়া হয়। এর দুয়ের-তিন অংশ দেওয়া হয় দুর্গাপুজোর সময় এবং একের-তিন অংশ দেওয়া হয় ঈদের সময়। আর কম্বলটা দুর্গাপুজোর সময়ই দেওয়া হয়। এই যে সংখ্যাটা আমরা দিচ্ছি এর পরিমাণ কম কি বেশি এটা নিয়ে বিতর্ক থাকতেই পারে। আমাদের যা আর্থিক সঙ্গতি তার উপরে দাঁড়িয়েই আমরা দিচ্ছি। এখন এই পরিমাণটা বাড়ানোর কোনো সিদ্ধান্ত আমার দপ্তরের নেই।

শ্রী মহবুবুল হক : ঈদ এবং দুর্গাপুজো ছাড়াও আমার এলাকায় বড়দিন পালিত হয় এবং কলকাতাতেও বড়দিন পালিত হয়। এই খ্রিস্টান লোকেদের বস্ত্র দেওয়ার কোনো পরিকল্পনা সরকারের আছে কি ?

শ্রী হাফিজ আলম সৈরাণী : এখনও পর্যন্ত এই রকম কোনো ব্যবস্থা আমাদের নেই। আপনারা বললে দুর্গাপুজোর যে দুয়ের-তিন অংশ আছে তার থেকে কমিয়ে আমাদের দিতে হবে। আপনারা যদি সবাই মেনে নেন তাহলে আমাদের করতে কোনো আপত্তি নেই।

শ্রী মহবুবুল হক : ধুতি, শাড়ি, লুঙ্গি, জামাকাপড় ছাড়া মশারি, কম্বল এবং ত্রিপল দেওয়ার কোনো পরিকল্পনা আপনার আছে কি ? কারণ অনেক সময় গরিব মানুষরা মশার আক্রমণে মারা যায়। তাছাড়া আর একটা জিনিস আপনার অবগতির জন্য জানাচ্ছি, গতবারে মালদহ জেলায় আমরা কোনো ব্ল্যাঙ্কেট পাইনি।

শ্রী হাফিজ আলম সৈরাণী : তারপোলিন আমরা এম. এল. এ.-দের দিই না। যাঁদের ঘরবাড়ি পড়ে যায় তাঁদের আমরা পঞ্চায়েতের মাধমে তারপোলিন দিই। আর মশারির ব্যাপারে যেটা বললেন, যদি টাকার ব্যবস্থা করা যায় তাহলে নিশ্চয় দেওয়া সম্ভব হবে।

শ্রী পরেশনাথ দাস : আমি মাননীয় মন্ত্রী মহাশয়ের কাছে জানতে চাই, যে জিনিসগুলো দেওয়া হয় আপনার দপ্তর থেকে সেগুলোর গুণগত মানোন্নয়নের জন্য আপনার কোনো চিন্তা-ভাবনা আছে কি ?

শ্রী হাফিজ আলম সৈরাণী : আমি এর আগেই বলেছি আমরা একটা নির্দিষ্ট দামে জিনিসগুলো কিনি এবং যে দামে জিনিসগুলো কিনি সেই দামের মধ্যে আমরা মানটাকে চেকিং করার জন্য একটা কমিটি করেছি।

[11.50–12.00 noon]

শ্রী হাফিজ আলম সৈরাণী : সেই চেকিং কমিটি সেই দামের উপর দাঁড়িয়ে চেকিং করে মাল গ্রহণ করে। এটাও বলছি, ওই দামে ওর চেয়ে উন্নতমানের মাল সংগ্রহ করার কোনো পন্থা বা পদ্ধতি জানা থাকলে বলবেন, সেটা বিবেচনা করব।

শ্রীমতী সোনালি গুহ : হিন্দু ও মুসলমানদের উৎসব উপলক্ষে বস্ত্র বিতরণের মতো শিখ বা খ্রিস্টান বা অন্যান্য সম্প্রদায়ের উৎসব উপলক্ষে বস্ত্র বিতরণের পরিকল্পনা আছে কি ?

শ্রী হাফিজ আলম সৈরাণী : প্রথম কথা আমি বস্ত্র বিতরণ করি না, এম. এল. এ.-রা দুঃস্থ মানুষদের মধ্যে বস্ত্র বিতরণ করেন। হিন্দু, মুসলমানদের উৎসব ব্যতীত যদি অন্য ধর্মীয় সম্প্রদায়ের উৎসবে দিতে হয়, তাহলে দুর্গাপুজোর সময় যে দুয়ের-তিন অংশ দেওয়া হয়, তার থেকে কমিয়ে সেখানে দিতে হবে।

মিঃ স্পিকার : সোনালি গুহ, কাপড় তো এম. এল. এ.-রা পান এবং তাঁরাই বিতরণ করেন। আপনার নির্বাচনী এলাকায় যদি এরকম কোনো দুঃস্থ মানুষ থাকেন অন্য সম্প্রদায়ের, তাঁদের জন্য আপনার প্রাপ্ত জিনিসের থেকে রেখে দেবেন, তাঁর উৎসব উপলক্ষে দেবেন।

শ্রী অসিত মাল : মাননীয় মন্ত্রী, মন্ত্রী হবার আগে অনেকবারই তাঁর বক্তৃতার মধ্যে বলেছিলেন যা রিলিফ পাওয়া যায় প্রয়োজনের তুলনায় তা অপ্রতুল। ধরুন আমার বিধানসভা কেন্দ্রে ২০০টি গ্রাম আছে এবং আমি ৫০টি প্যান্ট পাই, তাহলে চারটে গ্রাম পিছু একটা প্যান্ট দিতে হয়। ব্যাপকভাবে দুঃস্থ মানুষদের কাছে রিলিফ পৌঁছে দেওয়ার ব্যাপারে রাজ্য সরকার কি চিন্তাভাবনা করছে, মন্ত্রী মহাশয় জানাবেন কি ?

শ্রী হাফিজ আলম সৈরাণী : মাননীয় সদস্যের অবগতির জন্য জানাচ্ছি যে, ত্রাণ কখনও পর্যাপ্ত হয় না। যখন পর্যাপ্ত হয়ে যায়, সেটা ত্রাণ থাকে না। আমরা ত্রাণ দিচ্ছি সেসব পর্যাপ্ত হবে না। এখানে আপনি পরিমাণ বাড়ানোর কথা বলছেন। আমি যেদিন ব্যয়বরাদ্দের দাবি নিয়ে এসেছিলাম, সেদিন যদি সব এম. এল. এ.-রা বলতেন যে, টাকার পরিমাণ একটু বাড়িয়ে দেওয়া হোক, তাহলে নিশ্চয় আমি সংখ্যাটা বাড়াতাম। তবুও আপনারা যখন এটা বলেছেন, আমি আমার দপ্তরের সঙ্গে আলোচনা করে দেখব এবং যদি পরিমাণ বাড়ানো সম্ভব হয়, নিশ্চয় বাড়াব।

শ্রী বিশ্বনাথ মণ্ডল : মাননীয় মন্ত্রীর কাছে জানাচ্ছি যে, বিধায়কদের যে সমস্ত জামা-কাপড় দেওয়া হয়, সেটা জেলার ডি এম বা কালেক্টারের কাছে পাঠানো হয়। প্রত্যন্ত এলাকায় বিধায়কদের সেই জামা-কাপড় ক্যারিং কস্ট দিয়ে নিয়ে যেতে হয়। তাই আমার অনুরোধ যে, যদি ব্লকে বি ডি ও-র মাধ্যমে পাঠানো হয়, তাহলে ভালো হয়।

শ্রী হাফিজ আলম সৈরাণী : আমি মাননীয় সদস্য শ্রী নিশিকান্ত মেহতার প্রশ্নের জবাবে বলেছিলাম যে, অনেক ঘুরে বিধায়কদের হাতে কাপড়গুলি পৌঁছায়। আমি চেষ্টা করব যাতে সরাসরি কাপড়গুলি বিধায়কদের কাছে পৌঁছায়।

শ্রী কল্যাণ ব্যানার্জী : মাননীয় মন্ত্রীর কাছে আমার এটাই বক্তব্য যে, শহরকেন্দ্রিক যে সমস্ত জায়গা রয়েছে, মেট্রোপলিটান সিটি যেগুলি রয়েছে, সেখানে যে দুঃস্থ ব্যক্তির সংখ্যা, তার থেকে গ্রামের দুঃস্থ ব্যক্তির সংখ্যা অনেক বেশি। তাই আপনার কাছে আমার অনুরোধ যে, যেখানে দুঃস্থ ব্যক্তির সংখ্যা বেশি সেখানে ওই সংখ্যাটাকে বাড়ানো যায় কিনা।

শ্রী হাফিজ আলম সৈরাণী : আপনার প্রস্তাব খুবই উত্তম। আমি আপনার সঙ্গে সহমত পোষণ করছি। কিন্তু আপনার দলের যে সমস্ত বিধায়ক আছেন—সৌগতবাবু, পঙ্কজবাবু তাঁরা বোধহয় এটা মেনে নেবেন না। আর সকলে মেনে না নিলে এটা আমার পক্ষে করা সম্ভব নয়।

*২৪৪। Held over.

*২৪৫। Not called.

*২৪৬। Not called.

পোস্ত চাষ

*২৪৭। (অনুমোদিত প্রশ্ন নং *১৩৯৬) **শ্রী শিবপ্রসাদ মালিক** : কৃষি বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

এটা কি সত্যি যে, এ রাজ্যে কৃষকদের পোস্ত চাষে উৎসাহিত করার পরিকল্পনা সরকার নিয়েছেন / নিচ্ছেন ?

শ্রী কমল গুহ :

পোস্ত চাষ কৃষি বিভাগের পরিকল্পনার বহির্ভূত। একমাত্র আবগারি বিভাগের অনুমোদন ও তত্ত্বাবধানেই এই চাষ হয়ে থাকে।

[12.00–12.10 p.m.]

শ্রী শিবপ্রসাদ মালিক : আমাদের রাজ্যের কৃষকরা যাতে পোস্ত চাষ করতে পারেন তার কোনো ব্যবস্থা মাননীয় মন্ত্রী করবেন কি ?

শ্রী কমল গুহ : এটা আবগারি আইনের আওতায় পড়ে। সেখানে তাদের ইন্সপেক্টর, অফিসাররা আছেন। এটা থেকে আফিম হয় বলে তাঁরা নজর রাখেন, তত্ত্বাবধান করেন। আমাদের এই ধরনের পরিকাঠামো নেই। এইগুলো দেখবার আইন নেই। কাজেই আবগারি বিভাগ ছাড়া সম্ভব নয়।

Starred question
(to which answer were laid on the Table)

কৃষিক্ষেত্রে ভরতুকি

*২৪৫। (অনুমোদিত প্রশ্ন নং *১১৮২) **শ্রী শ্যামাপ্রসাদ পাল :** কৃষি বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) এটা কি সত্যি যে, এই রাজ্যে কৃষিক্ষেত্রে ভরতুকি দেওয়া হয় ; এবং

(খ) সত্যি হলে, উক্ত ক্ষেত্রে বিগত আর্থিক বছরে (২০০০-২০০১) কি পরিমাণ অর্থ (শতকরা হিসাব-সহ) ভরতুকি দেওয়া হয়েছিল ?

কৃষি বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় :

(ক) হ্যাঁ, এটা সত্যি যে এ রাজ্যে কৃষিক্ষেত্রে ভরতুকি দেওয়া হয় ;

(খ) কৃষিক্ষেত্রে বিগত আর্থিক বছরে (২০০০-২০০১) বীজ, সার, কৃষি যন্ত্রপাতি ও সেচের জন্য রাজ্য কৃষি দপ্তরের মাধ্যমে ভরতুকি দেওয়া হয়েছে। ভরতুকি অর্থের পরিমাণ (শতকরা হিসাব-সহ) নীচে দেওয়া হল :

পণ্যের নাম	ভরতুকি অর্থের পরিমাণ	ভরতুকি শতকরা হিসাবে	ব্যবস্থাপনায়
বীজ	৫৫ লক্ষ ৬৩ হাজার টাকা	২০ শতাংশ হারে	কৃষি বিভাগ পঃ বঃ সরকার
সার	৩২৯ কোটি ৩৬ লক্ষ টাকা (কেন্দ্রীয় সরকারের ইউরিয়া ভরতুকি বাদে)	২৯.৩ শতাংশ হারে	কেন্দ্রীয় সরকার
কৃষি যন্ত্রপাতি	৬৪৪ লক্ষ ৯ হাজার টাকা	৩৩ থেকে ৫০ শতাংশ হারে	কৃষি বিভাগ পঃ বঃ সরকার
সেচ ব্যবস্থা	৩৩ লক্ষ ৭৮ হাজার টাকা	১৫ শতাংশ হারে	কৃষি বিভাগ পঃ বঃ সরকার

বিদ্যুৎ দপ্তর, জলসম্পদ অনুসন্ধান এবং উন্নয়ন দপ্তর ও অন্যান্য কেন্দ্রীয় / রাজ্য সরকারি দপ্তরের দেওয়া কৃষিক্ষেত্রে ভরতুকি এর মধ্যে ধরা হয়নি।

গোপালকদের সঙ্কট

*২৪৬। (অনুমোদিত প্রশ্ন নং *১০৭৮) শ্রী তপন হোড় : প্রাণীসম্পদ বিকাশ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) এটা কি সত্যি যে, সম্প্রতি মুর্শিদাবাদ-সহ রাজ্যের বেশ কয়েকটি জেলা থেকে মাদার ডেয়ারি গোপালকদের কাছ থেকে দুধ না কেনায় তাঁরা সঙ্কটে পড়েছে ;

(খ) সত্যি হলে, এর কারণ কী ; এবং

(গ) উদ্ভূত সঙ্কটের অবসানকল্পে রাজ্য সরকার কী ধরনের পদক্ষেপ গ্রহণ করেছেন ?

প্রাণীসম্পদ বিকাশ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় :

(ক) মাদার ডেয়ারি সরাসরি গোপালকদের কাছ থেকে দুধ কেনে না ;

(খ) প্রশ্ন ওঠে না ; এবং

(গ) রাজ্যের সব জেলার দুগ্ধ সংঘগুলির প্রতিনিধিদের নিয়ে সভা করা হয়েছে এবং আলোচনার ভিত্তিতে যেটুকু সমস্যা ছিল তার সমাধান হয়ে গেছে।

নিঃসহায় মহিলাদের বিবাহে সহায়তা

*২৪৮। (অনুমোদিত প্রশ্ন নং *১৪৩৩) শ্রী ব্রহ্মময় নন্দ : সমাজ কল্যাণ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

সহায়-সম্বলহীনা মহিলাদের বিবাহের নিমিত্ত সরকারের তরফ থেকে কোনো আর্থিক সহায়তা প্রদানের ব্যবস্থা আছে কি না ?

সমাজকল্যাণ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় :

না।

কে. পি. এস.-এর শূন্য পদ

*২৪৯। (অনুমোদিত প্রশ্ন নং *১৫৩৮) শ্রী পরেশনাথ দাস, শ্রী ইউনুস সরকার এবং শ্রী বিশ্বনাথ মণ্ডল : কৃষি বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) এটা কি সত্যি যে, কে. পি. এস.-এর শূন্য পদে নিয়োগের জন্য জেলাভিত্তিক লোক নিয়োগ করা হচ্ছে ;

(খ) সত্যি হলে, এরূপ শূন্য পদের সংখ্যা কত ; এবং

(গ) উক্ত নিয়োগের জন্য কোন কোন জেলায় পরীক্ষা নেওয়া হয়েছে ?

কৃষি বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় :

(ক) হ্যাঁ, ইহা সত্য ;

(খ) এরূপ শূন্য পদের সংখ্যা ১৫৬৫ ; এবং

(গ) উক্ত নিয়োগের জন্য এ রাজ্যের দার্জিলিং জেলা বাদে ১৭টি জেলায় পরীক্ষা নেওয়া হয়েছে।

ন্যূনতম মজুরি আইন

*২৫০। (অনুমোদিত প্রশ্ন নং *৩৬৪) শ্রী তপন হোড় : শ্রম বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) এটা কি সত্যি যে, রাজ্যের অসংগঠিত শিল্প ক্ষেত্রের শ্রমিকদের ন্যূনতম মজুরি আইন চালু করতে সম্প্রতি সরকার বিশেষ উদ্যোগ গ্রহণ করেছেন ; এবং

(খ) রাজ্যে বর্তমানে উক্ত ক্ষেত্রে শ্রমিকের সংখ্যা কত ?

শ্রম বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় :

(ক) হ্যাঁ, এটা সত্যি ;

(খ) ১৯৯১ সালের আদমসুমারির প্রতিবেদনে, ২০০০-২০০১ সালের ইকনমিক সার্ভেতে (পঃ বঃ সরকারের ব্যুরো অব অ্যাপ্লায়েড ইকনমিক্স ও স্ট্যাটিস্টিক-এ) দেওয়া তথ্য অনুসারে রাজ্যে বর্তমানে উক্ত ক্ষেত্রে শ্রমিকের সংখ্যা ১,২৮,০০,০০০ (এক কোটি আটাশ লক্ষ)।

কৃষিজাত শস্যের উৎপাদন

*২৫১। (অনুমোদিত প্রশ্ন নং *১৬৪১) শ্রী ব্রহ্মময় নন্দ : কৃষি বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

রাজ্যে কৃষিজাত শস্যের উৎপাদন আরও বৃদ্ধি করার জন্য সরকার কোনো পরিকল্পনা গ্রহণ করেছেন কি ?

কৃষি বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় :

পশ্চিমবঙ্গে কৃষিজাত শস্যের উৎপাদন বৃদ্ধির জন্য এক বহুমুখী পরিকল্পনা রূপায়ণের কাজ চলছে এবং প্রয়োজনে আরও নতুন সংযোজন বিবেচনা করা হবে।

Mr. Speaker : Now Question hour is over.

ADJOURNMENT MOTION

Mr. Speaker : Today I have received six notices of Adjournment Motion. The first one is from Shri Kashinath Mishra on the subject of decision of the Union Government to close down six nationalised industries in the state. The second one is from Shri Ajoy Dey on the subject of non-implementation of schems 'Krishi Bima' and 'Sasya Bima' in the state. The third one is from Shri Mahbubul Haque and Shri Asit Kumar Mal on the subject of alleged attack on Shri Ramesh Bar, a Councillor of Bidhannagar Municipality on 16.07.2001. The fourth one is from Shri Ashok Kumar Deb on the subject of alleged assault of one Gandhi Saha, a police officer at Dankuni rail yard. The fifth one is from

Shri Sobhandeb Chattopadhyay on the subject of enhancement of tution fees of the students in schools and colleges. And the sixth one is from Shri Sougata Ray on the subject of submit meeting between the President of Pakistan and the Prime Minister of India.

On the subject matter similar to the fifth motion a notice of adjournment motion was received on 16.07.2001, consent to which was withheld by me. The notice is thus out of order and I reject it.

The subject matter of the sixth motion is not primarily concerned with the State Government. The notice is thus also out of order and I reject it.

The subject matters of the third and the fourth motions relate to the Home (Police) Department, demand for grant of which is scheduled to be taken up in the House for discussion and voting on 19.07.2001. So, members will get ample scope to raise the matter during discussion on that day. The subject matters of the remaining two motions relate to day-to-day business of the administration and are not such that may call for adjournment of the business of the House. The members may invite attention of the Ministers concerned through Calling Attention, Mention, Question, etc.

I, therefore, withhold my consent to all the four motions.

One member of the party may however, read the text of the motion an amended.

শ্রী কাশীনাথ মিশ্র : জনসাধারণের পক্ষে গুরুত্বপূর্ণ জরুরি এবং সাম্প্রতিক একটি নির্দিষ্ট বিষয়ে আলোচনার জন্য এই সভা আপাতত তাঁর কাজ মুলতুবি রাখছেন। বিষয়টি হল—

পশ্চিমবঙ্গে ৬টি রাষ্ট্রায়ত্ত কারখানা বন্ধ করে দেওয়ার সিদ্ধান্ত নিয়েছে কেন্দ্রীয় সরকার। কেন্দ্রীয় শিল্প (ভারী) প্রতিমন্ত্রী হিন্দুস্থান পেপার কর্পোরেশন, ব্রিজ অ্যান্ড রুফ, অ্যান্ড্রু ইউল, বি. বি. জে. কনস্ট্রাকশন এবং ভারত অপথ্যালমিক গ্লাস লিমিটেড শিল্পগুলিকে পুনর্গঠন করার ভাবনা-চিন্তা করছে, কিন্তু আর. বি. এল., বি. পি. এস. ই. এল., এম. এ. এম. সি., সাইকেল কর্পোরেশন, রিহ্যাবিলিটেশন ইন্ডিয়া কর্পোরেশন এবং ওয়েবার্ড ইন্ডিয়াকে পুরোপুরি বন্ধ করে দেওয়ার সিদ্ধান্ত নিয়েছে। প্রায় কয়েক হাজার শ্রমিক বেকার হবে। একা এম. এ. এম. সি.-তে দুই হাজার শ্রমিক বেকার হবে। এই ছটি সংস্থাকে বন্ধ করে দেওয়ার চূড়ান্ত সিদ্ধান্ত কেন্দ্রীয় সরকার নিয়েছে। এ রাজ্যে ১৯টি রাষ্ট্রায়ত্ত সংস্থা আছে। চারটি লাভজনক, পনেরোটিতে লোকসান চলছে। কেন্দ্রীয় সরকার যৌথ উদ্যোগে পাঁচটি শিল্প চালাবার চিন্তা-ভাবনা করছে বলে কেন্দ্রীয় সরকারের মন্ত্রী

মনোভাব পোষণ করেন। পশ্চিমবাংলার শিল্পে এইভাবে আঘাত আসলে গোটা শ্রমিকশ্রেণি আন্দোলনমুখী হয়ে পড়বে। সারা রাজ্যটা অচল হয়ে যাবে। কেন্দ্রীয় সরকার শিল্পগুলিকে পুনরুজ্জীবনে ব্যর্থ। এই বিষয়ে সভাতে বিস্তারিত আলোচনার জন্য সভার কাজ মুলতবী করা হোক।

শ্রী অজয় দে : জনসাধারণের পক্ষে গুরুত্বপূর্ণ জরুরি এবং সাম্প্রতিক একটি নির্দিষ্ট বিষয়ে আলোচনার জন্য এই সভা আপাতত তার কাজ মুলতুবি রাখছে। বিষয়টি হল—

কেন্দ্রীয় সরকার চালু করা সত্ত্বেও পশ্চিমবঙ্গ সরকার আজ পর্যন্ত 'কৃষি বিমা' ও 'শস্য বিমা' চালু না করার ফলে রাজ্যের বন্যা ও খরাপ্রবণ এলাকার ক্ষতিগ্রস্ত কৃষকরা এর সুযোগ থেকে বঞ্চিত। সরকারের কৃষকদের প্রতি এই অবহেলা ও অনমনীয় মনোভাবের তীব্র প্রতিবাদ জানাচ্ছি এবং অবিলম্বে কৃষকদের স্বার্থে এই ব্যবস্থা চালু করার দাবি জানাচ্ছি।

CALLING ATTENTION (NOTICE)

Mr. Speaker : Today I have received four notices of Calling Attention on the following subjects, namely—

Subject	Name
(1) Alleged non-availability of Mathematics Lecturer in A. M. College in Jhalda	Shri Nepal Mahata
(2) Reported assault of a Councillor of Bidhannagar Municipality	Shri Kashinath Mishra
(3) Alleged prolonged closure of 'Fulia Cold-Store' under Santipur Assembly Constituency	Shri Ajoy Dey
(4) Alleged non-declaration of bye-election in three tier Panchayat of the State	Shri Jagaranjan Halder

I have selected the notice of Shri Jagaranjan Halder on the subject of Alleged non-declaration of bye-election in three tier Panchayat of the State.

The Minister-in-Charge may please make a statement today, if possible or give a date.

Shri Prabodh Chandra Sinha : The statement will be made on 25th July, 2001.

LAYING OF REPORTS

Annual Report of the West Bengal State Electricity Board of the Year 1999-2000.

Shri Prabodh Chandra Sinha : Sir, with your permission, I beg to lay the Annual Report of the West Bengal State Electricity Board for the year 1999-2000.

39th Annual Report of the Durgapur Projects Ltd. of the Year 1999-00.

Shri Prabodh Chandra Sinha : Sir, with your permission, I beg to lay the 39th Annual Report of the Durgapur Projects Limited for the year 1999-2000.

MENTION CASES

শ্রী নেপাল মাহাতো : মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে মাননীয় স্বাস্থ্যমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। সেখানে তুলিন গ্রাম পঞ্চায়েতের জনসংখ্য ৫০ হাজার, এটা সেমি-টাউন, ঝাড়খন্ড স্টেটের বর্ডারে, সেখানে চিকিৎসা ব্যবস্থা নেই। সেখানে ৬ বেডের একটি চিকিৎসা কেন্দ্র করার জন্য আমি মাননীয় মন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি।

শ্রী সুব্রত ভাওয়াল : মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে মাননীয় স্বাস্থ্যমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। আমার নির্বাচনী কেন্দ্র পূর্বস্থলীর ২টি বি. পি. এইচ. সি.-র একটিতে কোনো ডাক্তার নেই, আর একটিতে একজন ডাক্তার আছেন, কিন্তু তিনি অ্যাডমিনিস্ট্রেশনের কাজে ব্যস্ত থাকার ফলে রোগীরা সেখানে চিকিৎসা পায় না। সেখানে একজন হোমিওপ্যাথি ডাক্তার এবং একজন আয়ুর্বেদ ডাক্তার আছেন। বাকি ৫টি বি. পি. এইচ. সি.-তে ডাক্তার নেই এবং বর্ষার সময় রোগীদের যাতায়াতের অসুবিধা হয়। আমি আপনার মাধ্যমে মাননীয় স্বাস্থ্যমন্ত্রীর কাছে আবেদন করছি অবিলম্বে সেখানকার স্বাস্থ্য পরিষেবার ব্যাপারটা দেখার জন্য।

শ্রী যোগরঞ্জন হালদার : মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে মাননীয় শিক্ষামন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। আমার বিধানসভা কেন্দ্রে কুলপি ব্লকের রাজারামপুর উচ্চ বিদ্যালয়টি পঞ্চম শ্রেণি থেকে দশম শ্রেণি পর্যন্ত চলছে। সেখানে ৭০০ জন ছাত্র-ছাত্রী আছে, শিক্ষক আছে, ক্লার্ক আছে। এর আগে কান্তি বিশ্বাস মাননীয় শিক্ষামন্ত্রী স্কুলটি পরিদর্শনে গিয়েছিলেন এবং সেখানে কথা দিয়ে এসেছিলেন স্কুলটির সরকারি অনুমোদন দেবেন। সরকারি অনুমোদন না পাওয়ার জন্য তাদের অসুবিধা হচ্ছে। এই বিষয়টাকে গুরুত্ব দিয়ে বিবেচনা করার জন্য আবেদন করছি।

শ্রী প্রফুল্লকুমার ভৌমিক : মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে মাননীয় পূর্তমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। আমার নির্বাচনী ক্ষেত্র নদিয়া জেলার করিমপুর। নদিয়ার করিমপুর এবং মুর্শিদাবাদের ডোমকল এই দুটির মধ্যে ভৈরব নদী আছে। করিমপুর বক্সীপুর খেয়াঘাটের কাছে ভৈরব নদীর উপর একটা ব্রিজ করা দরকার, তাহলে সেখানকার অগণিত মানুষ উপকৃত হবে। এই ব্রিজটির ব্যাপারে অবিলম্বে একটা ব্যবস্থা নেওয়ার জন্য মন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি।

শ্রী অজয় দে : মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি একটি বিষয়ের অবতারণা করছি আমাদের সরকারের এবং মাননীয় মুখ্যমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। কলকাতা-সহ পশ্চিমবঙ্গের অন্যান্য জেলাতে কেন্দ্রীয় সরকারের যে অফিসগুলি রয়েছে সেখানে অফিসের নাম, বিজ্ঞপ্তি, তালিকা, হোর্ডিং সব বাংলাভাষাতে ছিল, সেগুলি মুছে দেওয়া হচ্ছে এবং সেখানে হিন্দি এবং কিছু কিছু জায়গায় ইংরাজি ভাষায় লেখা হচ্ছে। আমাদের রাজ্যে ৯৬ ভাগ মানুষ বাঙালি, এটা দেখে মনে হচ্ছে আমরা অন্য প্রদেশে বাস করছি। স্যার, তামিলনাড়ু, চেন্নাই যদি যান সেখানে দেখবেন ইংরাজি ভাষার পাশাপাশি এইগুলি তামিল ভাষাতে, আঞ্চলিক ভাষাতে লেখা রয়েছে। আমি দাবি করছি এই বিষয়টা গুরুত্ব দিয়ে দেখা দরকার।

[12.10–12.20 p.m.]

কারণ এটা বাংলাভাষা এবং বাঙালি জাতিকে কেন্দ্রীয় সরকার ইচ্ছাকৃতভাবে অপমান করছেন। এই ব্যাপারে অবিলম্বে রাজ্য সরকারের পক্ষ থেকে কেন্দ্রীয় সরকারের সঙ্গে যোগাযোগ করা হোক এবং কেন্দ্রীয় সরকারের দপ্তর থেকে সব বিকৃত ফলক, হোর্ডিং সরিয়ে যাতে বাংলাভাষায় সেগুলো থাকে তার অনুরোধ করছি।

শ্রী গুরুপদ দত্ত : মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে মাননীয় পরিবহন এবং পর্যটন মন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। কলকাতা তথা রাজ্যের অন্যান্য জেলার সঙ্গে মেদিনীপুরের যোগাযোগের ক্ষেত্রে বাস একটা উল্লেখযোগ্য পরিবহন। এই জেলা থেকেও প্রতিদিন অসংখ্য মানুষ বাসে করে কলকাতায় আসে-যায়। কলকাতা থেকেও এবং অন্যান্য জায়গা থেকে বাসে দিঘা যাতায়াত করা হয়ে থাকে। কিন্তু এন. এইচ. ৬-এর উপরে মেচেদা এবং কোলাঘাটের মাঝে যে বাস টার্মিনাস করার কথা সেটা এখনও গড়ে ওঠেনি এবং শৌচাগারও গড়ে ওঠেনি। অবিলম্বে যাতে এ ব্যাপারে যথাযথ ব্যবস্থা নেওয়া হয় তার আবেদন করছি।

শ্রী অশোক দেব : মাননীয় চেয়ারম্যান স্যার, আপনার মাধ্যমে বিভাগীয় মন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। কলকাতা এবং তার আশপাশে যেভাবে বাস এবং মিনিবাস চলছে তাতে প্রায়ই দুর্ঘটনা ঘটছে এবং মানুষ মারা যাচ্ছে। আর, এই সব বাস মিনিবাসের যারা ড্রাইভার, হেল্পার আছে তারা ম্যাকসিমামই সিটুর মেম্বার। স্বাভাবিক কারণেই তারা কোনো অ্যাক্সিডেন্ট করলে তাদের বিরুদ্ধে কোনো কেস হয় না এবং পুলিশ কোনোভাবেই তাদের গ্রেপ্তার করার চেষ্টা করে না এবং এর ফলে দিনের পর দিন তাদের সাহস বেড়ে চলেছে এবং দুর্ঘটনা ঘটছে এবং তার ফলস্বরূপ আমরা গতকালই একটা দুর্ঘটনা ঘটতে দেখলাম এবং এই রকম প্রায়ই ঘটছে কলকাতা-সহ সারা রাজ্যে। এ ব্যাপারে আমি বিভাগীয় মন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি, যাতে এই ধরনের ঘটনা না ঘটে এবং গাড়ি চালকরা যেন লিমিট রেখে গাড়ি চালান তার ব্যবস্থা করুন। তাহলে অ্যাক্সিডেন্ট এড়ানো যাবে, মানুষ বাঁচবে। আশা করি আপনারা সেই কাজ করার চেষ্টা করবেন।

শ্রী বিনয় দত্ত : স্যার, বিধানসভা নির্বাচনে তৃণমূল কংগ্রেস শোচনীয়ভাবে হারার পরে তৃণমুলের নেতারা আরামবাগ বিধানসভা কেন্দ্রে ব্যাপক সন্ত্রাসের সৃষ্টি করার চেষ্টা করছে

পি. ডব্লু. জি. গ্রুপ, নকশালদের সঙ্গে যুক্ত হয়ে। গত ১১ তারিখে ৯টার সময় তারা ভজহরি ভুইঞার উপর আক্রমণ করে এবং সে এখন গুরুতর জখম হয়ে হাসপাতালে ভর্তি আছে। আক্রমণকারীরা ঘাটালের তৃণমূল নেতার পার্টি অফিসে আছে—এই খবর পাওয়া গেছে। তৃণমূল কংগ্রেস আজকে এইভাবে দিকে দিকে সন্ত্রাসের সৃষ্টি করছে। এই গুন্ডাদের আজকে অ্যারেস্ট করতে হবে। আজকে শুধু আরামবাগ নয়, খানাকুল, গড়বেতা, গোঘাট প্রভৃতি বিভিন্ন জায়গায় তৃণমূল কংগ্রেস পি. ডব্লু. জি. গ্রুপের সঙ্গে যুক্ত হয়ে, ট্রেনিং নিয়ে এই কাজ করছে।

শ্রী অসিতকুমার মাল : মাননীয় চেয়ারম্যান স্যার, আমি আপনার মাধ্যমে মাননীয় পঞ্চায়েত মন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। সারা রাজ্যে ত্রিস্তর পঞ্চায়েত ব্যবস্থার মধ্যে দিয়ে রাস্তা তৈরি করার জন্য জেলা পরিষদগুলো কোটি কোটি টাকা প্রতি বছর খরচ করে। অথচ জেলা পরিষদের যে সমস্ত রাস্তা করা হয়েছে সেগুলো মানুষ চলাচলের পক্ষে অযোগ্য, ভয়াবহ। মাননীয় মন্ত্রীকে বলতে চাই, জেলা পরিষদের মাধ্যমে কোটি কোটি টাকা খরচ না করে পঞ্চায়েতের মাধ্যমে সেই জেলা পরিষদের রাস্তাগুলোর মেরামত এবং নির্মাণের ব্যবস্থা করা হোক। না হলে কোটি কোটি টাকা তছরূপ হচ্ছে এবং তার কোনো অডিটও হচ্ছে না। কাগজে-কলমে খরচ দেখিয়ে দেওয়া হচ্ছে। ওই টাকা কোনো কাজে লাগছে না। অবিলম্বে এ ব্যাপারে ব্যবস্থা নেওয়ার দাবি জানাচ্ছি।

শ্রী বংশীবদন মৈত্র : স্যার, আমি আপনার মাধ্যমে একটি গুরুত্বপূর্ণ বিষয় বলছি। গতকাল আমি জানিয়েছিলাম, আমাদের আরামবাগ সাবডিভিশনে খানাকুল থানা এলাকায় আমাদের পার্টির নেতা, কৃষক আন্দোলনের অন্যতম নেতা এবং খানাকুল এক নম্বর ব্লকের সভাপতিকে তৃণমূল, বি জে পি ও কংগ্রেসের সমাজবিরোধীরা আগ্নেয়াস্ত্র দ্বারা গুলি করেছে এবং তিনি এখন পি. জি. হাসপাতালে মৃত্যুর সঙ্গে লড়াই করছেন। এ ব্যাপারে আমি মাননীয় মুখ্যমন্ত্রী তথা স্বরাষ্ট্র পুলিশ দপ্তরের মন্ত্রী মহাশয়ের কাছে আবেদন রাখছি অবিলম্বে দুষ্কৃতিদের গ্রেপ্তার করে আইনানুগ ব্যবস্থা গ্রহণ করা হোক।

শ্রী কাশীনাথ মিশ্র : মাননীয় চেয়ারম্যান স্যার, আমি আপনার মাধ্যমে একটি গুরুত্বপূর্ণ বিষয়ে মাননীয় অর্থমন্ত্রী মহাশয়ের দৃষ্টি আকর্ষণ করছি। পশ্চিমবঙ্গে বেআইনিভাবে চিট্ ফান্ডগুলো টাকা তুলছে। সে ব্যাপারে আমার কাছে একটা কোম্পানির নাম আছে। সেই কোম্পানির নাম হল—প্রুডেন্সিয়াল ক্যাপিটাল মার্কেট্স লিমিটেড, এর ঠিকানা—১ এবং ২ ওল্ড কোর্ট হাউস কর্নার, টোবাকো হাউস, সেকেন্ড ফ্লোর, কলকাতা-১। এটা পরে ট্রান্সফার হয়ে দেশবন্ধুনগর রোডে চলে গেছে। এখানে একজন বিধবা মহিলা টাকা রেখেছিলেন। তাঁর নমিনি আছে, এফ. ডি. আর. সব ঠিক আছে, ডেট অফ ডিপোজিট আছে। কিন্তু তাঁকে টাকা দেওয়া হচ্ছে না। সেখানে তাঁর প্রায় দেড় লক্ষ টাকার বেশি আছে। তিনি টাকার অভাবে তাঁর মেয়ের বিয়ে দিতে পারছেন না। আমি মাননীয় অর্থমন্ত্রী মহাশয়ের কাছে অনুরোধ করব যাতে অবিলম্বে তিনি যেন এই ব্যাপারটা দেখেন, মানুষকে যেন আর প্রতারিত হতে না হয়।

শ্রী ইউনুস সরকার : মাননীয় চেয়ারম্যান স্যার, আমি একটি গুরুত্বপূর্ণ বিষয়ে রাজ্য সরকারের মাধ্যমে আমাদের রেলমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। রেলমন্ত্রীর সঙ্গে যোগাযোগ করে আমাদের মুর্শিদাবাদ জেলাকে বাঁচানো হোক। গতবারের বন্যায় রেল যোগাযোগ একেবারে ভেঙে পড়ে। এই জেলার চাষীরা কাঁচামাল উৎপাদন করে সেগুলো তাঁরা রেলের মাধ্যমে কলকাতায় নিয়ে আসেন, গোটা জেলার যাঁরা রেগুলার যাত্রী তাঁরাও রেলের মাধ্যমে কলকাতায় আসেন। কিন্তু এই রেল যোগাযোগ ভেঙে পড়ায় উত্তরবঙ্গের সঙ্গে প্রায় সব যোগাযোগ বন্ধ হয়েছে। অবিলম্বে মুর্শিদাবাদ জেলার রেল ব্যবস্থার উন্নতির জন্য পেটি রিপেয়ার না করে থরো রিপেয়ার করা হোক। এখানে মাঝে মাঝে ডি-রেল হচ্ছে। অবিলম্বে এই রেল লাইনগুলোকে যাতে সারানো হয় এবং রেল লাইনগুলো যাতে স্বাভাবিক থাকে এবং থরো রিপেয়ার যাতে করা হয় তার জন্য আমি রাজ্য সরকারের মাধ্যমে আমাদের রেলমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি।

শ্রী আবদুল মান্নান : মাননীয় চেয়ারম্যান স্যার, আমি আপনার মাধ্যমে মাননীয় শ্রমমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। এখানে ই. এস. আই. হসপিটালগুলোতে চিকিৎসা হয়, কিন্তু চিকিৎসার জন্য যে অত্যাধুনিক সরঞ্জাম, জিনিসপত্র বেরিয়েছে, মডার্ন ইকুইপমেন্টস্ বেরিয়েছে সেগুলোর কোনো সুবিধা ই. এস. আই. হসপিটালে নেই। মানিকতলা ই. এস. আই. হসপিটালে সি. টি. স্ক্যান বসানো হয়েছে কিনা জানি না। এখানে এম. আর. আই. মেসিন বসানো হয়নি। যাঁরা ই. এস. আই. কার্ড হোল্ডার তাঁদের সি. টি. স্ক্যান করতে হলে পি. জি. হাসপাতালে গিয়ে করতে হয় বা বাইরে অন্য কোথাও করতে হয়। বাইরে গিয়ে সি. টি. স্ক্যান করলে তার খরচা পেতে অনেক দেরি হয়। আমি মাননীয় শ্রমমন্ত্রী মহাশয়কে অনুরোধ করব, অবিলম্বে মানিকতলা ই. এস. আই. হসপিটালে এবং অন্যান্য জেলায় যে ই. এস. আই. হসপিটালগুলো আছে সেখানে যেন সি. টি. স্ক্যান মেসিন বসানো হয় এবং মানিকতলা ই. এস. আই. হসপিটালে অবিলম্বে এম. আর. আই. মেসিন বসানো হোক যাতে ই. এস. আই. কার্ড হোল্ডারদের কোনো চিকিৎসা করতে বাইরে যেতে না হয়।

[12.20–12.30 p.m.]

শ্রী শেখ ইলিয়াস মহম্মদ : মাননীয় চেয়ারম্যান স্যার, আমি আপনার মাধ্যমে মাননীয় উচ্চশিক্ষামন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। স্যার, মেদিনীপুর জেলার মধ্যে নন্দীগ্রাম এলাকা খুবই শিক্ষিত এলাকা। কিন্তু নন্দীগ্রাম এক নম্বর ব্লকে একটামাত্র গার্লস হাই স্কুল আছে। অসংখ্য ছাত্রী সেখানে পড়াশোনা করে। এই গার্লস হাই স্কুলটিকে উচ্চ-মাধ্যমিক বিদ্যালয়ে উন্নীত করার জন্য আমি দাবি রাখছি। আশা করছি, মাননীয় মন্ত্রী মহাশয় বিষয়টি বিবেচনা করবেন। ধন্যবাদ।

শ্রী দীপককুমার ঘোষ : মাননীয় চেয়ারপার্সন, আমি আপনার মাধ্যমে এই সভার এবং মাননীয় সংশ্লিষ্ট মন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। মেদিনীপুর জেলার মহিষাদল ব্লকে এখন পযন্ত আই. সি. ডি. এস. প্রকল্প চালু করা হয়নি। প্রায় পাঁচ বছর আগে প্রকল্প অনুমোদন করা হয়েছিল। একটা ভলানটারি অর্গানাইজেশনের মাধ্যমে হবে ঠিক হয়েছিল। অর্গানাইজেশন যখন সরকারের সঙ্গে কথা বলে রিক্রুটমেন্টের জন্য পরীক্ষা নেওয়ার ব্যবস্থা করে তখন সি

পি এম-এর লোকজন বাধা দিয়ে দু বছর আগে পরীক্ষা ভন্ডুল করে দেয়। তারপর কোর্ট-কাছারির জন্য সব বন্ধ থাকে। বর্তমানে এই প্রকল্প ওখানে চালু না করলে ওই অঞ্চলের শিশু এবং মায়েরা এই প্রকল্পের সুফল থেকে বঞ্চিত হচ্ছে। আমি আশা করব ওখানে এই প্রকল্প তাড়াতাড়ি চালু করা হবে। কেন না কোর্ট কেস মিটে গেছে। অন্য কোনো ঝামেলা আর নেই। আশা করি তাড়াতাড়ি চালু করা হবে।

শ্রী মোজিবর রহমান : মাননীয় চেয়ারম্যান মহাশয়, আপনার মাধ্যমে আমি মাননীয় কৃষিমন্ত্রী মহাশয়ের দৃষ্টি আকর্ষণ করছি। পশ্চিমবঙ্গে পাট যেমন কৃষিপণ্য, তেমন অর্থকরী পণ্য। কিন্তু আমরা লক্ষ করছি চাষী যখন পাট উৎপন্ন করছে তখন বাজারে পাটের দর থাকছে না। অসহায় গরিব চাষীকে যে কোনো দামে পাট বিক্রি করে দিতে হচ্ছে। পাট চাষীর কাছ থেকে বড়ে বড়ো মিল মালিকরা, পুঁজিপতিরা স্বল্প দামে পাট কিনে নিচ্ছে। তারপর পাটের দাম ১৪/১৫/১৬০০ টাকা পর্যন্ত হয়ে যাচ্ছে। আমার মাননীয় কৃষিমন্ত্রীর কাছে আবেদন, পাটের দাম সর্ব সময়ের জন্য নিয়ন্ত্রণের ব্যবস্থা করা হোক এবং পাট চাষীরা যাতে প্রকৃত মুল্য পেতে পারেন তার জন্য উপযুক্ত ব্যবস্থা গ্রহণ করা হোক।

শ্রী মলয় ঘটক : মাননীয় চেয়ারম্যান স্যার, আমি আপনার মাধ্যমে সংশ্লিষ্ট বিভাগের মন্ত্রী মহাশয়ের দৃষ্টি আকর্ষণ করে বলছি যে, হীরাপুর বিধানসভা কেন্দ্রে প্রায় ২০টি গ্রামে বিদ্যুৎ ও পানীয় জলের কোনো ব্যবস্থা নেই। ওই গ্রামগুলিকে আসানসোল কর্পোরেশনের মধ্যে ঢোকানো হয়েছে পুরোপুরি রাজনৈতিক কারণে, কর্পোরেশন দখল করার উদ্দেশ্য নিয়ে। এখন বর্ষার সময় ওই গ্রামগুলির সম্পূর্ণ বেহাল অবস্থা হয়েছে। শহর থেকে গ্রামগুলি সম্পূর্ণ বিচ্ছিন্ন হয়ে গেছে। রাস্তাঘাটের অবস্থা খুবই করুণ হয়ে পড়েছে। ওখানকার রাস্তাগুলির অবিলম্বে রিপেয়ার করা প্রয়োজন। বর্তমানে ওই গ্রামগুলির মধ্যে কোনো গাড়ি, রিক্সা, অটো-রিক্সা চলাচল করতে পারছে না। অবিলম্বে ওই গ্রামগুলির রাস্তাঘাট রিপেয়ার করা হোক, বিদ্যুৎ এবং পানীয় জলের ব্যবস্থা করা হোক।

শ্রী ইদ মহম্মদ : মাননীয় চেয়ারম্যান স্যার, আপনার মাধ্যমে আমি সেচমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। আমাদের মুর্শিদাবাদ জেলার বিশেষ করে কান্দি মহকুমায় দীর্ঘদিন বৃষ্টি হয়নি। ফলে সেখানে চাষবাস বন্ধ হয়ে গেছে। অন্যান্য সময় কান্দি মহকুমা বন্যায় ডোবে, এখন বৃষ্টি না হওয়ায় সেখানে খরা চলছে বলা যেতে পারে। এই সময় ময়ুরাক্ষী ব্যারেজ থেকে যদি জল ছাড়া হয় তাহলে ওখানে চাষ হতে পারে। এখন পর্যন্ত জল ছাড়ার কোনো ব্যবস্থা করা হয়নি, সেজন্য মানুষের মধ্যে ক্ষোভ দেখা দিয়েছে। এই অবস্থায় আমি বিষয়টির প্রতি মাননীয় সেচমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি, যাতে অবিলম্বে ময়ূরাক্ষী ব্যারেজ থেকে জল ছাড়ার ব্যবস্থা করা হয়। তাহলে কান্দি সাব-ডিভিশনের চাষীরা চাষ করতে পারবে। তার জন্যই আমি এই আবেদন জানাচ্ছি। ধন্যবাদ।

শ্রী অখিল গিরি : মাননীয় চেয়ারম্যান মহাশয়, আপনার মাধ্যমে আমি এই সভার দৃষ্টি আকর্ষণ করে বলছি, মেদিনীপুর জেলার রামনগর বিধানসভা কেন্দ্রের কালিন্দী গ্রাম পঞ্চায়েতের ননাবুনা থেকে বাইশা পর্যন্ত ১৫ কিলোমিটার দীর্ঘ সমুদ্র বাঁধে ফাটল দেখা দিয়েছে। যে কোনো সময় সমুদ্রের জল ওই এলাকার সীলমপুর, সোনামুখী-সহ ১৫টি

মৌজাকে প্লাবিত করবে। তাই আমি বিষয়টির প্রতি বিভাগীয় মাননীয় মন্ত্রী মহাশয়ের দৃষ্টি আকর্ষণ করে অবিলম্বে প্রতিকার দাবি করছি। ধন্যবাদ।

শ্রী বিশ্বনাথ মণ্ডল : মাননীয় সভাপতি মহাশয়, আমি আপনার মাধ্যমে জলসম্পদ ও অনুসন্ধান দপ্তরের মাননীয় মন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। আপনি জানেন, মুর্শিদাবাদ জেলায় বৃহৎ সেচের সুযোগ সাংঘাতিকভাবে কম। কৃষকরা সাব-মার্সিব্‌ল অর্থাৎ অগভীর নলকূপ বসিয়ে চাষের উন্নয়নের জন্য চেষ্টা করছে, উৎপাদন বাড়াবার চেষ্টা করছে। কিন্তু দুঃখের বিষয়, কিছুদিন আগে শুনতে পেলাম এইরকম আদেশ আছে, পাম্প বসানোর পারমিশন দেওয়া বন্ধ করে দেওয়া হয়েছে জে. এস. আই.-এর পক্ষ থেকে। কিন্তু চোরাপথে বেশ কিছু চাষী এইরকম সুযোগ নিচ্ছে। আমার অনুরোধ, যেহেতু মুর্শিদাবাদ জেলা বড়ো জেলা এবং বিরাট সংখ্যক কৃষক বাস করে, সেচের অভাব আছে, প্রতি বছর বন্যা হয়, জনসংখ্যা বাড়ছে, সেহেতু উৎপাদন বৃদ্ধি না করলে ঘাটতি জেলা হিসাবে চিহ্নিত হবে, অসমতার সৃষ্টি হবে, যদিও এখন সমতা রাখা আছে। তাই সেচের বৃদ্ধির জন্য ক্ষুদ্র সেচ ব্যবহার করে কৃষকরা যাতে তাদের উৎপাদন বাড়াতে পারে তার জন্য সবাই যাতে পারমিশন পেতে পারে তার জন্য যথাযথ নির্দেশ দিন, তাহলে মুর্শিদাবাদ জেলার বিরাট অংশের কৃষক উপকৃত হবে।

শ্রী বিপ্লব রায়চৌধুরী : স্যার, গতকাল মাননীয় শিক্ষামন্ত্রী মহাশয় উৎসাহের সঙ্গে নানা প্রশ্নের উত্তর দিচ্ছিলেন। আমার এলাকায় ৩০টি হাইস্কুল এবং হায়ার সেকেন্ডারি স্কুল আছে। আমি বিভিন্ন স্কুলে গিয়ে খবর নিয়ে দেখলাম, যেখানে ৩০ জন শিক্ষকের প্রয়োজন সেখানে ২০ জন শিক্ষক আছেন। আবার যেখানে ২৫ জন শিক্ষকের দরকার সেখানে ১৮ জন শিক্ষক আছেন। এমনি করে প্রায় সমস্ত স্কুলেই শিক্ষকের ব্যাপক অভাব। ফলে ছাত্র-ছাত্রীরা ঠিকমতো পড়াশোনা করতে পারছে না। অধিকাংশ স্কুল কর্তৃপক্ষ ৩০০, ৪০০, ৫০০ টাকা দিয়ে টেম্পোরারি টিচার রেখেছেন, যাতে কোনো রকমে পাঠক্রমটা চালু রাখা যায়। এটা একটা ভয়ঙ্কর অবস্থা। আমি জানি না, শিক্ষামন্ত্রী মহাশয় এ বিষয়ে চিন্তিত কিনা ? কারণ পশ্চিমবঙ্গ সরকারের বাজেটের যা অবস্থা তাতে বেশি টাকা দিয়ে শিক্ষক দিতে পারছে না, মাহিনা দিতে পারছে না, নতুন করে শিক্ষক দিতেও পারছে না। ভয়ঙ্করভাবে অর্থহীনতা, পরিকল্পনাহীনতার মধ্য দিয়ে শিক্ষা দপ্তর ধুঁকছে। এ ব্যাপারে শিক্ষামন্ত্রী মহাশয় উদ্বিগ্ন কিনা জানি না, কিন্তু গোটা শিক্ষা ব্যবস্থা আজকে ভেঙে পড়ার উপক্রম হয়েছে। প্রত্যেক স্কুলে ব্যাপক অচলাবস্থা চলছে। আমি আপনার মাধ্যমে মাননীয় শিক্ষামন্ত্রী, পশ্চিমবঙ্গ সরকার এবং মাননীয় মুখ্যমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি, শিক্ষা ব্যবস্থার মধ্যে এই যে অবলাবস্থা তা দূর করার জন্য সামগ্রিক উদ্যোগ নিন, তা না হলে গোটা শিক্ষা ব্যবস্থার সামগ্রিক পরিকাঠামো ভেঙে পড়বে, ধসে যাবে। মাননীয় সভাপতি মহাশয়, মাননীয় শিক্ষামন্ত্রী মহাশয়কে ডেকে এই হাউসে নির্দিষ্ট করে বলুন, শিক্ষা ব্যবস্থা চালু রাখার বিষয়ে নির্দিষ্ট নির্দেশ দিন।

শ্রী জানে আলম মিঞা : মাননীয় সভাপতি মহাশয়, আমি আপনার মাধ্যমে মাননীয় কৃষি বিপণন মন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। বীরভূম জেলার লোহাপুর থেকে মুর্শিদাবাদ জেলার জরুর বাদশাহি যে কাঁচা রাস্তা আছে সেই রাস্তাটির দুইপাশে রাঢ় অঞ্চল। এখানে প্রচুর ধান,

গম এবং সরষে উৎপাদন হয়। কিন্তু কৃষকেরা রাস্তার অভাবে সরষের দাম পায় না। সেই কারণে আমি মাননীয় মন্ত্রী মহাশয়ের কাছে আবেদন জানাচ্ছি, এই রাস্তাটি পাকা রাস্তায় পরিণত করা হোক, যাতে ওখানকার চাষীরা কৃষি বিপণনের সহায়তা পায়।

শ্রী অর্ধেন্দু মাইতি : মাননীয় চেয়ারম্যান স্যার, আমি আপনার মাধ্যমে মাননীয় স্কুল শিক্ষামন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। মেদিনীপুর জেলার ভগবানপুর আমার নির্বাচিত বিধানসভা কেন্দ্র। শিক্ষা দপ্তরের সমস্ত প্রকার নিয়মনীতি মেনে আমার বিধানসভা কেন্দ্রের ৩টি হাই স্কুল যথা, বিভীষণপুর হাই স্কুল, গুড়গ্রাম হাই স্কুল এবং গোপীনাথপুর হাই স্কুল উচ্চ-মাধ্যমিক স্তরে উন্নীত করার জন্য ডিউ টাইমে কমপিটেন্ট অথরিটির কাছে অ্যাপলিকেশন করেও অনুমোদন পায়নি। একদিকে কলেজ থেকে উচ্চ-মাধ্যমিক পড়ার সুযোগ তুলে দেওয়া হল, অপরদিকে নতুন করে কোনো স্কুলকে আপ-গ্রেডেশনের অনুমতি দেওয়া হল না। ফলে বহু ছাত্র-ছাত্রী উচ্চ-মাধ্যমিকে অ্যাডমিশন নিতে পারছে না। তাই আমার ভগবানপুর বিধানসভা কেন্দ্রের এই ৩টি হাই স্কুলকে আপ-গ্রেডেশন দেওয়ার জন্য আবেদন জানিয়ে আমার বক্তব্য শেষ করছি।

[12.30–12.40 p.m.]

শ্রী ধনঞ্জয় মোদক : মাননীয় চেয়ারম্যান মহাশয়, একটি গুরুত্বপূর্ণ বিষয়ের প্রতি আপনার মাধ্যমে সংশ্লিষ্ট দপ্তরের মন্ত্রী মহাশয়ের দৃষ্টি আকর্ষণ করছি। স্যার, আমার নদিয়া জেলা শিল্পে একটি অনুন্নত জেলা, অথচ সেখানে কৃষিভিত্তিক শিল্প গড়ে তোলার যথেষ্ট সুযোগ ও সম্ভাবনা আছে। আমার কালিগঞ্জ বিধানসভা এলাকায় প্রচুর পাট হয়। এই পাটের তন্তু দিয়ে সেখানে শিল্প হতে পারে, পাটকাঠি দিয়েও শিল্প হতে পারে। এ ছাড়া আমার ওখানে প্রচুর ধান হয়। ধানের তুষ থেকে তেল নিষ্কাশন করার জন্যও সেখানে শিল্প হতে পারে। নদিয়া জেলার কালিগঞ্জে কৃষিভিত্তিক শিল্প গড়ে তোলার জন্য মন্ত্রী মহাশয়কে অনুরোধ জানাচ্ছি।

শ্রী মহবুবুল হক : মাননীয় চেয়ারম্যান মহাশয়, একটি গুরুত্বপূর্ণ বিষয়ের প্রতি আপনার মাধ্যমে মাননীয় বিদ্যুৎমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। স্যার, মালদহ জেলার প্রায় সর্বত্র লোডশেডিং এবং লো ভোল্টেজের জন্য ডিপ টিউবওয়েল এবং স্যালো টিউবওয়েলগুলি অচল অবস্থায় পড়ে আছে এবং এমনকী সেখানে এর জন্য পানীয় জলেরও সংকট চলছে। স্যার, আপনি জানেন, এবারে মালদহ জেলাতে বৃষ্টি হয়নি, তার উপর বিদ্যুৎ সংকট চলায় সেখানকার চাষীরা অসহায় অবস্থার মধ্যে রয়েছেন। সেখানে লোড শেডিং এবং লো ভোল্টেজের জন্য ডিপ টিউবওয়েলগুলি অচলাবস্থায় থাকায় চাষবাস বন্ধ হয়ে গিয়েছে। অবিলম্বে সেখানে সঠিকভাবে বিদ্যুৎ সরবরাহ করার জন্য মন্ত্রিমহাশয়ের কাছে দাবি জানাচ্ছি।

শ্রী মুর্সোলিন মোল্লা : (নট প্রেজেন্ট)

শ্রী শোভনদেব চট্টোপাধ্যায় : মাননীয় চেয়ারম্যান মহাশয়, একটি গুরুত্বপূর্ণ বিষয়ের প্রতি আপনার মাধ্যমে মাননীয় স্বরাষ্ট্রমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। স্যার, আপনি জানেন,

গতকাল রাজাবাজারে আবার একজন গুলিবিদ্ধ হয়েছেন, তাঁর নাম, সিকান্দার আজমি। তিনি একজন ব্যবসায়ী। স্যার, গত ৫ দিনে কলকাতা শহরের বুকে এই ধরনের তিনটি ঘটনা ঘটে গেল। কলকাতা শহরের বুকে আমরা দেখছি মানুষ গুলিবিদ্ধ হচ্ছেন, ব্যবসায়ীদের গুলি করা হচ্ছে, খুন করা হচ্ছে। ইতিমধ্যে দুজন মারা গিয়েছেন। এখনও পর্যন্ত কোনো গ্রেপ্তার হয়নি। স্যার, আমরা দেখেছি, কিছুদিন আগে জ্যোতিবাবু যখন মুখ্যমন্ত্রী ছিলেন তখন বড়বাজারে ব্যবসায়ীদের, মানুষদের খুন করা, গুলিবিদ্ধ করা, জোর-জবরদস্তি করে টাকা আদায় করা ইত্যাদির জন্য তিনি বুদ্ধদেববাবুকে বকে ছিলেন। এখন বুদ্ধদেববাবু মুখ্যমন্ত্রী হয়েছেন, স্বরাষ্ট্র দপ্তরও তাঁর হাতে অথচ কলকাতার বুকে আমরা দেখছি ব্যবসায়ীদের উপর এসটরসান চলছে, তাঁদের গুলি করা হচ্ছে, জোর করে টাকা আদায় করা হচ্ছে। এখন কে কাকে ধমকাবেন তা আমরা বুঝতে পারছি না। স্যার, বুদ্ধদেববাবু কলকাতাকে মরূদ্যান বলেন অথচ আমরা দেখছি, কলকাতার বুকের উপর এই জিনিস চলছে। আমরা মনে করি, এটা বুদ্ধদেববাবুর অপদার্থতা, অযোগ্যতার নমুনা। কলকাতার মানুষ এবং ব্যবসায়ীদের তিনি নিরাপত্তা দিতে পারছেন না। এরকম ঘটতে থাকলে ব্যবসাদাররা কলকাতায় পশ্চিমবঙ্গে আসবে না। মুখে শুধু পরিবেশের কথা বললে হবে না, আর পরিবেশ বলতে শুধু রাস্তাঘাটই নয়, এ দিকটাও দেখা উচিত এবং আইন-শৃঙ্খলার পরিবেশ যাতে অক্ষুণ্ণ থাকে তা মুখ্যমন্ত্রীর দেখা উচিত।

শ্রী বাঁশরীমোহন কাঞ্জি : মাননীয় চেয়ারম্যান মহাশয়, আমার ১২১ মগরাহাট বিধানসভা কেন্দ্রের মধ্যে কয়েক লক্ষ মানুষের বাস। এখানে মাত্র একটি প্রাথমিক স্বাস্থ্যকেন্দ্র আছে। এই প্রাথমিক স্বাস্থ্যকেন্দ্রটিকে গ্রামীণ হাসপাতালে রূপান্তরিত করার জন্য মাননীয় স্বাস্থ্যমন্ত্রীর কাছে আমি আবেদন জানাচ্ছি। এর আগে শ্রী প্রশান্ত শূর মহাশয় যখন স্বাস্থ্যমন্ত্রী ছিলেন তখন তাঁর কাছে এ ব্যাপারে আমরা আবেদন করেছিলাম এবং তিনি আমাদের এ ব্যাপারে আশ্বাসও দিয়েছিলেন, কিন্তু যে কোনো কারণেই হোক সেটা হয়নি। মাননীয় মন্ত্রী মহাশয়ের কাছে আমার আবেদন, এই প্রাথমিক স্বাস্থ্যকেন্দ্রটিকে অবিলম্বে গ্রামীণ হাসপাতালে পরিণত করা হোক।

শ্রী শীতল সর্দার : মাননীয় চেয়ারম্যান স্যার, আপনার মাধ্যমে মাননীয় শিক্ষামন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। আমার বিধানসভা কেন্দ্র সাঁকরাইলে ফকিরচাঁদ হাই স্কুল রয়েছে। স্কুলটির বয়স ১০১ বছর। বহু কৃতী ছাত্র ওই স্কুল থেকে বেরিয়ে ভারতে এবং ভারতের বাইরে চাকরি করছেন, ব্যবসা করছেন। আমি ওই স্কুলকে উচ্চ-মাধ্যমিকে উন্নীত করার জন্য দাবি জানাচ্ছি, কারণ কলেজ থেকে হায়ার সেকেন্ডারি কোর্স তুলে দেওয়া হয়েছে। আমার এলাকায় প্রভু জগবন্ধু কলেজ রয়েছে। সেখান থেকেও হায়ার সেকেন্ডারী তুলে দেওয়া হয়েছে। তার জন্য ফকিরচাঁদ হাই স্কুলকে হায়ার সেকেন্ডারীতে উন্নীত করবার জন্য আবেদন জানাচ্ছি।

শ্রী পূর্ণেন্দু সেনগুপ্ত : মাননীয় চেয়ারম্যান মহাশয়, আপনার মাধ্যমে আমি মাননীয় স্বরাষ্ট্রমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। আপনি জানেন, ফরাক্কা থানা এলাকায় নয়নসুখ গ্রাম পঞ্চায়েতের অধীন উত্তর রামরামপুর, কালভার্ট, ব্রাহ্মণগ্রাম, কুড়িগ্রাম এবং দক্ষিণ জয়রামপুর

গ্রামগুলিতে সমাজবিরোধীদের দৌরাত্ম্যে সেই এলাকার অধিবাসীদের জীবন-ধন-সম্পদ আজকে বিপন্ন। বিহার থেকে কিছু সমাজবিরোধী এসে সেখানে ঘরবাড়ি লুঠ করছে। গ্রামবাসীরা এ কথা কর্তৃপক্ষকে জানাবার পর নয়নসুখ গ্রাম পঞ্চায়েতের অধীনে একটি পুলিশ ফাঁড়ি বসলেও অবস্থার উন্নতি হয়নি। তার জন্য মাননীয় স্বরাষ্ট্রমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করে বলতে চাই, ওই এলাকায় সমাজবিরোধীদের যে তাণ্ডব চলছে তার হাত থেকে জনজীবনকে রক্ষা করবার জন্য যথাযথ ব্যবস্থা গ্রহণ করুন এবং অবাধে যাতে সম্পত্তি নষ্ট না হয় তার ব্যবস্থা করুন।

শ্রী গোবিন্দচন্দ্র নস্কর : মাননীয় চেয়ারম্যান স্যার, আপনার মাধ্যমে মাননীয় পূর্তমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করে বলছি যে, আমার কেন্দ্রে ঘুঁটিয়ারীশরিফ সৈয়দ কাজী সাহেবের মাজার রয়েছে। ওই মাজারে আগামী ১৭ শ্রাবণ লক্ষ লক্ষ পুণ্যার্থী তীর্থযাত্রী মানুষের ভিড় হবে, ১০ লক্ষ মানুষের ভিড় হবে। ঐ মাজারে যাবার একটিমাত্র রাস্তা কালাবাড়ি-চাকবেড়িয়া রোড—যার অবস্থা অত্যন্ত সঙ্গিন। রাস্তাটির চরম দুরবস্থা, যার ফলে ওই রাস্তা দিয়ে ভ্যান, রিক্সা, কিছুই চলতে পারছে না। তার ফলে তীর্থযাত্রীদের চরম দুরবস্থার মধ্যে পড়তে হবে। তার জন্য কালাবাড়ি থেকে ঘুঁটিয়ারীশরিফ পর্যন্ত রাস্তাটি যাতে ১৭ শ্রাবণের আগেই মেরামত করা হয়, যাতে তীর্থযাত্রীদের অসুবিধায় পড়তে না হয়, তার জন্য প্রয়োজনীয় ব্যবস্থা এখনই গ্রহণ করুন। এই বলে আমি মাননীয় পূর্তমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করলাম।

শ্রী সরেশ আঁকুড়ে : মাননীয় চেয়ারম্যান মহাশয়, আপনার মাধ্যমে মাননীয় জনস্বাস্থ্য কারিগরি দপ্তরের মন্ত্রী মহাশয়ের দৃষ্টি আকর্ষণ করছি। আমার বিধানসভা কেন্দ্র কাঁকশায় পাবলিক হেল্‌থ ইঞ্জিনিয়ারিং-এর পানীয় জল প্রকল্পের অনুমোদন হয়েছে। ওই পানীয় জল প্রকল্পের ১নং জোনের কাজ শেষ হয়েছে, কিন্তু ২নং জোনের কাজ আংশিক হয়ে বন্ধ হয়ে গেছে। কিন্তু ২নং জোনের কাজেরও অত্যন্ত প্রয়োজন রয়েছে, কারণ ওটা হলে পাঁচ-ছয়টি মৌজার মানুষ পানীয় জল পাবেন। ওই সব মৌজার অধীন কাঁকশা এক, পানাগড় গ্রাম, মাধবমাঠ প্রভৃতি যেসব গ্রাম রয়েছে সেখানে গ্রীষ্মকালে টিউবওয়েল, কুয়ো ইত্যাদি শুকিয়ে যায়। তার জন্য ২নং জোনের কাজটা যাতে শুরু হয় তার জন্য দাবি জানাচ্ছি।

শ্রী সৌগত রায় : মিঃ চেয়ারম্যান স্যার, আমি এই হাউসে এর আগে কলকাতার বিশিষ্ট স্কুল পাঠভবনের কথা উল্লেখ করেছি। একটা বড়ো স্কুল, সেটা কীভাবে সি পি এম-এর হস্তক্ষেপের ফলে নষ্ট হয়ে যাচ্ছে সেটা একটা দৃষ্টান্ত। সেখানে ম্যানেজিং কমিটির চেয়ারম্যান ছিলেন সন্তোষ ভট্টাচার্য। তাঁকে ম্যানেজিং কমিটি থেকে জোর করে সরিয়ে দিয়েছে সরকার থেকে, বোর্ড থেকে। নতুন যিনি চেয়ারম্যান হয়েছেন, সনৎকুমার বোস, তাঁকে জোর করে বিধায়ক রবীন দেব উপস্থিত থেকে পজেশন দিয়েছেন ওই স্কুলে। তাঁকে জোর করে এই রবীন দেব, তিনি উপস্থিত থেকে পজেশন দিয়েছেন স্কুলের। শুধু তাই নয় স্যার, এই কাজটা পুরোপুরি হচ্ছে মুখ্যমন্ত্রী বুদ্ধদেব ভট্টাচার্যের নেতৃত্বে। তাঁর মেয়ে এই স্কুলের ছাত্রী ছিলেন। এক শ্রেণির টিচারের উপর প্রভাব আছে। আমার বক্তব্য খুব পরিষ্কার। পাঠভবন স্কুলের দুটি আলাদা স্কুল আছে, একটা হচ্ছে সেকেন্ডারি স্কুল আর একটা হচ্ছে প্রাইমারি স্কুল। সেকেন্ডারি স্কুলে প্রাইমারি স্কুলের ছেলে-মেয়েরা অটোমেটিক ভর্তি হতে পারে না। যদি দুটি আলাদা স্কুল

হয়, প্রাইমারি স্কুলের ছাত্র-ছাত্রীদের পরীক্ষা দিয়ে সেকেন্ডারি স্কুলে ভর্তি হতে হবে। সন্তোষবাবু এই কথাই বলেছিলেন, স্কুল বোর্ডও অরিজিনালি এই কথাটাই বলেছিল। কিন্তু ওখানে পুরো আন্দোলন এবং চাপ দেওয়া হচ্ছে যে, প্রাইমারি স্কুলে যারা পড়ে তাদের জোর করে সেকেন্ডারি স্কুলে ভর্তি করতে হবে। এটার বিরুদ্ধে বলায় সন্তোষবাবুকে সেখান থেকে সরিয়ে দিলেন। এখনও সেকেন্ডারি স্কুলের বেশির ভাগ টিচার সন্তোষবাবু বা প্রেজেন্ট ম্যানেজিং কমিটির পক্ষে। কিন্তু জোর করে—ওনারা গণতন্ত্রের কথা বলেন—একটা চাপিয়ে দেওয়া ম্যানেজিং কমিটি ওখানে রাখা হচ্ছে। সেখানে দেখা যাচ্ছে স্যার, সব শিক্ষক-শিক্ষিকা ইনসিকিউরিটি ফিল করছে। আমি পাঠভবন স্কুলের ব্যাপারে মন্ত্রী মহাশয়ের দৃষ্টি আকর্ষণ করছি এবং অবিলম্বে তাঁর বিবৃতি দাবি করছি এবং অবিলম্বে সন্তোষবাবুর চেয়ারম্যানশিপ কমিটিতে রেসটোর করার দাবি জানাচ্ছি। আমি এটাও দাবি করছি যে, বোর্ড পরিষ্কার করে বলুক যে, প্রাইমারি স্কুল আলাদা থাকবে এবং সেকেন্ডারি স্কুল আলাদা থাকবে। আর যদি দুটি ইন্টারগ্রেটেড হয় তাহলে সেকেন্ডারি স্কুল কমিটির আন্ডারে পুরো স্কুলকে আনতে হবে। এই ব্যাপারে রবীন দেবের যে হস্তক্ষেপ, উনি নিজে গিয়ে সনৎ বোসকে বসিয়ে দিয়ে এসেছেন, আমি তার তীব্র বিরোধিতা করছি।

শ্রী রবীন দেব : মাননীয় চেয়ারম্যান স্যার, একটু আগে মাননীয় সদস্য সৌগত রায় মহাশয় আমার নাম বলেছেন। স্যার, আমার একটা পার্সোন্যাল এক্সপ্ল্যানেশন আছে।

(গোলমাল)

আমাকে বলতেই হবে। সরাসরি আমার নাম বলেছেন, পার্সোন্যাল এক্সপ্ল্যানেশনে বলতেই হবে। কারণ এই পাঠভবন স্কুলটি আমার বিধানসভা কেন্দ্রে। মাননীয় সদস্য হঠাৎ করে আমার নাম জড়িয়ে যে কথা বললেন সেটার প্রকৃত ঘটনা হাউসকে জানাতে চাই। এখানে যে ম্যানেজিং কমিটি ছিল সন্তোষবাবুর নেতৃত্বে তার মেয়াদ পেরিয়ে গিয়েছিল। আমাদের মধ্য শিক্ষাপর্ষদ ওই মেয়াদ ফুরিয়ে যাওয়ার পরেই সেখানে সনৎ বসুকে চেয়ারম্যান করে সেখানে কমিটি করে এবং গত ১১ মে সরকারি নির্দেশে, হাইকোর্টের নির্দেশে এটা হয়েছে। উনি এই রকম একটা কথা বললেন হাউসকে বিভ্রান্ত করবার জন্য। হাইকোর্টের নির্দেশে এই কমিটি। সুপারসিড করে সেখানে একজন চেয়ারম্যান নিয়োগ করা হয়েছে বলে চালানো হচ্ছে। উনি হাউসকে বিভ্রান্ত করেছেন। তার জন্য আমি স্যার এটার প্রতিবাদ করছি। আমার নাম কেন জড়ানো হয়েছে ?

(গোলমাল)

শ্রী মন্টুরাম পাখিরা : মাননীয় চেয়ারম্যান স্যার, আমি আপনার মাধ্যমে বামফ্রন্ট সরকারের আইনমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি একটা গুরুত্বপূর্ণ বিষয়ে। আপনার মাধ্যমে বিভাগীয় মন্ত্রী মহাশয়কে জানাচ্ছি যে, কাকদ্বীপ মহকুমা নামখানা, সাগর, পাথরপ্রতিমা, কাকদ্বীপ—এই চারটি ব্লক নিয়ে গঠিত হয়েছে। আজ থেকে প্রায় ১০ বছর আগে কাকদ্বীপ মহকুমা গঠিত হয়েছে। অদ্যাবধি কাকদ্বীপে ফৌজদারি এবং দেওয়ানি আদালত গঠিত হয়নি। সেই কারণে কাকদ্বীপ, সাগর, নামখানা এবং পাথরপ্রতিমার মানুষকে সেই সুদূর ডায়মন্ডহারবারে দেওয়ানি এবং ফৌজদারি আদালতে আসতে হচ্ছে। সেইজন্য আমি

আপনার মাধ্যমে আইনমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করে বলছি, যাতে অবিলম্বে কাকদ্বীপ, সাগর, নামখানা, পাথরপ্রতিমা অঞ্চলের মানুষের স্বার্থে কাকদ্বীপে দেওয়ানি এবং ফৌজদারি আদালত গঠন হয় তার সুব্যবস্থা করার জন্য আবেদন জানাচ্ছি।

শ্রী দিলীপ মণ্ডল : স্যার, আমি আপনার মাধ্যমে বিভাগীয় মন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। আমাদের দক্ষিণ ২৪ পরগনা জেলার পূর্ব বিষ্ণুপুর বিধানসভা ক্ষেত্রে দীর্ঘ ১৬ বছর ধরে রেশনকার্ডের মতো গুরুত্বপূর্ণ বিষয়ে কর্তৃপক্ষ বিলম্ব করছে। গত ১৬ বছর ৪০ হাজারের মতো রেশনকার্ড ওখানে বিতরণ করা হয়নি। আমি আপনার মাধ্যমে মাননীয় মন্ত্রীর কাছে আবেদন জানাচ্ছি, এই রেশনকার্ডের মাধ্যমে ছেলেরা স্কুলে ভর্তি হয় যেমন, তেমনই ও. বি. সি., এস. সি., এস. টি. সার্টিফিকেটের জন্য প্রয়োজন হয়। সেজন্য মাননীয় মন্ত্রী মহাশয় যাতে এটি বিবেচনা করেন তার আবেদন জানাচ্ছি।

শ্রী ভন্দু মাঝি : মাননীয় চেয়ারম্যান, স্যার, আমি আপনার মাধ্যমে মাননীয় বিদ্যুৎমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। স্যার, আজ থেকে প্রায় এক মাস আগে পুরুলিয়ার বড়বাজার থানা এলাকায় বিদ্যুৎ সরবরাহের দাবিতে এবং নতুন একটি সাব-স্টেশন স্থাপনের দাবিতে ১২ ঘণ্টা বন্‌ধ পালিত হয়েছে। আমরা মাননীয় বিদ্যুৎমন্ত্রী এবং মাননীয় মুখ্যমন্ত্রীর কাছে একটি স্মারকলিপি দিয়েছি। ওখানে ২৪ ঘণ্টার মধ্যে ২ ঘণ্টা নিয়মিত বিদ্যুৎ থাকে না। এর ফলে ছেলে-মেয়েদের পড়াশোনার ক্ষেত্রে ভীষণ অসুবিধার সৃষ্টি হচ্ছে। তাছাড়া ছোটো ছোটো তেলের মিল এবং যে আটাকলগুলো রয়েছে, সেগুলোও ক্ষতিগ্রস্ত হচ্ছে। আমি মাননীয় মন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি, যাতে অবিলম্বে বড়বাজার এলাকায় একটি ৩৩ কে. ভি. সাব-স্টেশন স্থাপন করেন।

শ্রী নির্মল ঘোষ : মাননীয় চেয়ারম্যান, স্যার, একবিংশ শতাব্দীর দুঃখজনক ঘটনা যেটি আমি গত পাঁচ বছর ধরে আগের বিধানসভাতেও বলেছি, আবার বলছি। ষাটের দশকের গোড়া থেকে পাণিহাটি পৌরসভা এলাকায় একটি ট্রেঞ্চিং গ্রাউন্ড, যেটাকে ভাগাড় বলে, সেটি একেবারে খোলা অবস্থায় রয়েছে। পৌরসভার ময়লা, জন্তু-জানোয়ার মারা গেলে সোদপুরে, কলকাতা থেকে কয়েক কিলোমিটার দূরে, এখানে ফেলা হচ্ছে। সোদপুরে প্রায় ৫০ হাজার মানুষের বাস। পৌরসভার এই ভাগাড়টির জন্য মানুষের জীবন বিপন্ন হয়ে পড়েছে। সেখানকার আবহাওয়া, সেখানকার পরিবেশ এত খারাপ হয়ে গেছে যে বর্ষাকালে নাইট-সয়েল গঙ্গায় চলে যাচ্ছে। তাই আমি আপনার মাধ্যমে মাননীয় পৌর ও নগর উন্নয়ন মন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি—এই ভাগ্যের বিড়ম্বনা গত ২৫ বছর ধরে চলছে—এটাকে যাতে সরিয়ে নেওয়া হয় বা আধুনিকীকরণ করা হয়, সেই ব্যাপারে তিনি যথাযথ ব্যবস্থা গ্রহণ করুন।

শ্রী দেবেশ দাস : স্যার, আমি আপনার মাধ্যমে তালতলা এবং এন্টালি বিধানসভার কিছু অঞ্চলে বর্ষার জল জমে যে সমস্যার সৃষ্টি হচ্ছে, সেই ব্যাপারে মাননীয় পৌরমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। সমস্যাটি দীর্ঘদিনের। বামফ্রন্টের আমলে এর কিছুটা সুরাহা হলেও সবটা হয়নি। এই বিষয়ে আমার নির্দিষ্ট প্রস্তাব হচ্ছে—(১) চিংড়িঘাটা পাম্পিং স্টেশনে দুটি নতুন পাম্প বসানো হোক এবং (২) ট্যাংরা-তপসিয়া অঞ্চলে ড্রেনেজ প্রোজেক্টের জন্য

বিশেষজ্ঞদের নিয়ে একটা টেকনিক্যাল কমিটি তৈরি করা হোক। তাঁরা সমস্যাটিকে খতিয়ে দেখুন এবং প্রস্তাব দিন। এর আগে একটি টেকনিক্যাল কমিটি করা হয়েছিল, তাতে অনেক লাভ হয়েছিল এবং সমস্যা অনেকটা কমে গিয়েছিল। তারপর জনসংখ্যা অনেক বেড়েছে, অনেক ঘরবাড়ি বেড়েছে। সে জন্য সমস্যা সৃষ্টি হচ্ছে। সে জন্য আমি মাননীয় পৌরমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি এবং তাঁর হস্তক্ষেপ দাবি করছি।

শ্রী আশুতোষ মুখার্জী : মাননীয় চেয়ারম্যান, স্যার, ইতিমধ্যেই এখানে উল্লেখিত হয়েছে যে, হুগলি জেলার আরামবাগ সাব-ডিভিশনে নির্বাচনে পরাজিত হবার পর তৃণমূল কংগ্রেস এবং বি. জে. পি.-র আশ্রিত দুষ্কৃতিরা আবার বিশৃঙ্খলা সৃষ্টি করছে—নির্দিষ্ট খবর আছে।

প্রশাসনকে জানানো হয়েছে। ওই দুর্বৃত্তরা বিপুল অস্ত্রশস্ত্র নিয়ে আক্রমণ করেছে। আবার এই এলাকা অশান্ত হয়ে উঠতে পারে। ইতিমধ্যেই ১১ জুলাই তারিখে একটি দুঃখজনক ঘটনা ঘটেছে। ভজহরি ভুঁইয়া নামে একজন আমাদের পার্টির লোক এবং কৃষক আন্দোলনের কর্মী গুলিবিদ্ধ হয়েছেন। এই ব্যাপারে পুলিশমন্ত্রীর হস্তক্ষেপ প্রার্থনা করছি। ওই এলাকায় যে নতুন চক্রান্ত চলছে তার জন্য উপযুক্ত ব্যবস্থা নিন এই দাবি আমি রাখছি।

[12.50–1.00 p.m.]

ZERO HOUR

শ্রী গোবিন্দচন্দ্র নস্কর : মাননীয় চেয়ারম্যান স্যার, আমি আপনার মাধ্যমে পূর্তমন্ত্রী এবং পৌরমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। গড়িয়ার গোলপার্ক এবং আই. টি. আই.-এর কাছে উড়ালপুল করতে সেনবোকে দেওয়া হয়েছিল। ওই উড়ালপুলটি এখনও পর্যন্ত সেনবো শেষ করতে পারেনি। সি পি এম-এর সমর্থিত সেনবোকে যে উড়ালপুলটি করতে দেওয়া হয়েছে, ওই উড়ালপুলটি না হওয়ার ফলে ওখানকার রাস্তাঘাটের চরম দুরবস্থা। কোনো জায়গায় জল জমে আছে, কোনো জায়গায় পুকুর হয়ে রয়েছে, কোথাও ডোবা মতো হয়ে রয়েছে। এমন অবস্থা যে ওখান দিয়ে গাড়ি যাচ্ছে না, মানুষও চলতে পারছে না। চতুর্দিকে খোঁড়াখুঁড়ি হয়ে রয়েছে। তারপরে কলকাতা কর্পোরেশন থেকে জল নিকাশি ব্যবস্থা ঠিক করা হচ্ছে না এবং পানীয় জলের ব্যবস্থা ঠিকমতো করছে না। ফলে ওখানে এক চরম দুরবস্থা। ওখানে নলকূপের কাজ বন্ধ। সুতরাং আমি এই বিষয়ে মন্ত্রীদের দৃষ্টি আকর্ষণ করছি, যাতে সত্বর ওই রাস্তার মেরামতি করে যাতায়াতের সুবিধা হয়।

শ্রী বিপ্লব রায়চৌধুরী : স্যার, আমরা অনেক আশা নিয়েছিলাম যে একটা প্রতিকার হবে, কারণ ভারতবর্ষের প্রধানমন্ত্রী এবং পাকিস্তানের প্রেসিডেন্টের বৈঠকের মধ্যে দিয়ে হয়তো বা কিছুটা সুরাহা হবে। কিন্তু আমরা অত্যন্ত বেদনাহত এবং দুঃখিত হয়েছি। দুটি দেশের রাষ্ট্রপ্রধানরা যখন আলোচনায় বসলেন, তখন আশা করেছিলাম কিছুটা সুরাহা হবে এবং পাকিস্তানের রাষ্ট্রপ্রধান যেভাবে ভারতবর্ষের আমন্ত্রণে সাড়া দিয়ে এখানে এসেছিলেন, তাতে আশা করেছিলাম তিনি হয়তো কিছুটা সংকীর্ণতার ঊর্ধ্বে উঠে কিছু করে দেখাবেন। কিন্তু

কাশ্মীর সীমানা নিয়ে আলোচনায় তিনি যে অনমনীয় মনোভাব দেখিয়েছেন তাতে ওই আলোচনা ব্যর্থ হয়েছে, এতে আমরা বেদনাহত এবং আশাহত হয়েছি।

শ্রী পূর্ণেন্দু সেনগুপ্ত : মাননীয় চেয়ারম্যান স্যার, বিশ্বায়নের নামে বিশ্বে যাতে আরও বেশি গরিব মানুষ তৈরি করা যায় তার প্রচেষ্টা চলছে। আগামী ২০ জুলাই পৃথিবীর বৃহত্তর ৮টি ধনী দেশ শীর্ষ বৈঠকে মিলিত হবে ইতালির জেনেভা শহরে। ওই বৈঠকে সামিল হওয়ার বিরুদ্ধে বিভিন্ন দেশ থেকে তথা ইউরোপ থেকেও ১ লক্ষ ২০ হাজার মানুষ সেখানে সমবেত হয়েছে ওই বিশ্বায়নের প্রতিবাদে মিলিত হওয়ার জন্যে। ওই বৈঠকের প্রাক্কালে তারা ওই বৈঠকের প্রতিবাদে মিলিত হয়েছেন। আমাদের ভারতবর্ষ যখন বিশ্বায়ন নিয়ে মাতামাতি করছে এবং চলছে, তখন এই বৈঠকের বিরুদ্ধে প্রতিবাদ খুবই তাৎপর্যপূর্ণ। ইউরোপের শ্রমিক-কর্মচারী এবং বিশ্বের অধিকাংশ দরিদ্র মানুষ, গরিব মানুষরা আজকে ধনী দেশগুলোর বিরুদ্ধে বিক্ষোভে সামিল হয়েছে। সুতরাং এই যে ঘটনা, এই যে তাৎপর্য আজকে ভারতবর্ষের মানুষের কাছেও তা বহন করবে।

শ্রী অজয় দে : অনুপস্থিত

শ্রী কাশীনাথ মিশ্র : মাননীয় চেয়ারম্যান স্যার, শিল্পে রুগ্ন দেখেছি কিন্তু স্কুলে কখনও রুগ্ন দেখিনি। আজকে পশ্চিমবঙ্গে ১১ হাজার ৬১টি স্কুল তুলে দেবার পরিকল্পনা চলছে। ১১ হাজার ৬১টি স্কুল হাওড়া, কলকাতা, দক্ষিণ ২৪ পরগনা এবং উত্তর ২৪ পরগনা, নদিয়া এবং মুর্শিদাবাদ থেকে তুলে দেবার চেষ্টা চলছে। আপনার কলকাতাতেই ৩৮৫টি স্কুলকে সেখানে তুলে দেবার কথা কাগজে বেরিয়েছে। এইগুলিকে অবিলম্বে রুগ্ন করে বন্ধ করে দিলে মাধ্যমিক স্তরে যে এতগুলি স্কুল আছে তা যদি বন্ধ করে দেওয়া হয় তাহলে সেখানে ছেলে-মেয়েদের পড়ার ক্ষেত্রে একটা দুরাবস্থার সৃষ্টি হবে। স্যার সুরেন্দ্রনাথ কলেজিয়েট স্কুল, নামকরা স্কুল, এটা বন্ধ করে দেওয়া হচ্ছে, এখানে বহু মনীষী পড়াশোনা করেছেন, এই বিষয়টি দেখার জন্য আমি আপনার মাধ্যমে সংশ্লিষ্ট দপ্তরের মন্ত্রী মহাশয়ের দৃষ্টি আকর্ষণ করছি।

শ্রী সৌগত রায় : মিঃ চেয়ারম্যান স্যার, গতকাল এই হাউসে ভারত-পাকিস্তান শীর্ষ বৈঠকের কথা বলেছিলাম। কিন্তু আজকে অত্যন্ত দুঃখের সঙ্গে লক্ষ করলাম যে, ভারত-পাকিস্তান শীর্ষ বৈঠক ফলপ্রসূ হল না। দুই দেশের প্রধানের বৈঠকের সময় কোনো যুক্ত বিবৃতিও প্রকাশ করা হল না। আমার মতো অনেক ভারতবাসী এবং পাকিস্তানবাসী তাঁরা আশা করেছিলেন ঐকমত্য হবে, যাতায়াতের সুবিধা হবে, ব্যবসার ক্ষেত্র বাড়বে এবং আণবিক অস্ত্র ব্যবহারের ক্ষেত্রে আমরা ঐকমত্যে পৌঁছতে পারব। কাশ্মীর নিয়ে সমাধান সহজ ব্যাপার নয়, যেটা নিয়ে ৫৪ বছর হল ডিসপিউট রয়েছে, কিন্তু আমরা আশা করেছিলাম যে, সমস্ত কিছুর উপরে থেকে যে সন্ত্রাসবাদ ভারতের মাটিতে আছে সেটা নিয়ন্ত্রিত হবে। কিন্তু দুর্ভাগ্যবশত সেটা হল না। এর জন্য দোষী কে ? এ নিয়ে সংবাদপত্রে দীর্ঘদিন ধরে আলোচনা চলবে, স্পেকুলেশান চলবে। কিন্তু আমি মনে করি, দোষী যেই হোক না কেন, ত্রুটি যারই থাকুক না কেন, ভারতবর্ষের এবং পাকিস্তানের মানুষের কাছে এই সামিটের ব্যর্থতা, শীর্ষ বৈঠকের ব্যর্থতা ব্যথিত করবে। আমরা আশা করব, এর পরেও

দুইবার শীর্ষ বৈঠক হওয়ার কথা আছে, আমরা আশা করি, আগামী দিনে যে শীর্ষ বৈঠক হবে, তাতে নতুন আশার আলো দেখা যাবে। আসুন, আমরা হাউস থেকে সেই নতুন শীর্ষ বৈঠকের সফলতা কামনা করি।

শ্রী আবদুল মান্নান : মাননীয় চেয়ররম্যান স্যার, একটু আগে যেটা মাননীয় সদস্য সৌগত রায় বললেন সেটা খুবই গুরুত্বপূর্ণ। কারণ, পাকিস্তানের জন্মলগ্ন থেকে সেই দেশের শাসক-প্রশাসকরা ভারতের বিরুদ্ধে এক বিরোধী মনোভাবের প্রচার চালায়। ভারতকে বন্ধু রাষ্ট্র হিসাবে তাঁরা স্বীকার করেন না, ভারতের বিরুদ্ধে জন্মলগ্ন থেকে সেই দেশের মানুষকে তাঁরা উদ্বুদ্ধ করার চেষ্টা করেন। ভারত-বিরোধী মানসিকতা তৈরি করার চেষ্টা করেন। আমরা কিছুদিন আগে দেখলাম, একটা বিচ্ছিন্নতাবাদী শক্তি হুরিয়তদের লোকেরা পাকিস্তানে যেতে চেয়েছিলেন। ভারত সরকার তাঁদের ভিসা দেননি, যাওয়ার অনুমতি তাঁরা দেননি। কিন্তু দুঃখের বিষয়, আমাদের অতীত ইতিহাস থেকে পাকিস্তানের সামরিক প্রশাসক বর্তমানে প্রেসিডেন্ট, তিনি এখানে এসে তাঁদের সঙ্গে চা-চক্রে মিলিত হলেন এবং সরকারের সেই প্রত্যাশাকে উপেক্ষা করে তিনি যেভাবে আচরণ করলেন সেটা সত্যিই আমাদেরকে মর্মাহত করেছে। তার সঙ্গে মর্মাহত করেছে ভারত সরকারের প্রতিনিধি যেখানে তাঁদের প্রতিবেশী রাষ্ট্রর প্রতিনিধির সঙ্গে আলোচনা করছিলেন—যাঁরা ভারত-বিরোধী মনোভাব নিয়ে চলেন—তাঁদের প্রতি সতর্ক মনোভাব নিয়ে এগোনো উচিত ছিল। ভারত সরকারের নেতৃত্বে এখন যাঁরা রয়েছেন, যে এন ডি এ সরকার কেন্দ্রে রয়েছে তাঁরা সেই সতর্ক পদক্ষেপ নেননি। আমাদের দেশে এসে আমাদের জনগণের উদারতার সুযোগ নিয়ে যেভাবে সামরিক শাসক তিনি অপমান করলেন সেটা খুবই দুঃখের। আমি আশা করব, ভবিষ্যতে কোনো পদক্ষেপ নিলে যেন তা সতর্কভাবে পদক্ষেপ নেন। তাই এটা আপনার মাধ্যমে, রাজ্য সরকারের মাধ্যমে দিল্লির সরকারকে এই ব্যাপারে সতর্ক পদক্ষেপ নেওয়ার হুঁশিয়ারী জানাচ্ছি।

[1.00–1.10 p.m.]

শ্রী রবীন দেব : মিঃ চেয়ারম্যান স্যার, আমি যে কথাটা ওদের উদ্দেশ্যে বলতে চাই সেটা হচ্ছে, ওরা বারে বারে রিগিং রিগিং করে চিৎকার করেন, তারপরে বিচার বিভাগকে অস্ত্র হিসাবে নিয়েছিলেন। রূপম ব্যানার্জী নামে জনৈক ব্যক্তিকে দিয়ে মামলাটি করানো হয়েছিল এবং গতকাল তাদের পক্ষে কেউ উপস্থিত থাকেনি। মাননীয় বিচারপতি অশোককুমার মাথুর এবং গিরীশচন্দ্র গুপ্তর ডিভিশন বেঞ্চে এই মামলাটি উঠেছিল, নির্বাচনে রিগিং-এর অভিযোগে যে মামলাটি উঠেছিল তা সরাসরি খারিজ করে দেওয়া হয়েছে। ওদের নাকে আর একবার ঝামা ঘষে দেওয়া হয়েছে। এই রাজ্যে সুষ্ঠু শান্তিপূর্ণ নির্বাচনের কথা প্রধান বিচারপতিরা আবার বলেছেন। ওরা এতটাই নির্লজ্জ, ওদের নেত্রী নোটিশ পাবার পরেও কোনো প্রতিনিধি পাঠানো হয়নি। এটা রাজ্যের প্রতি অবমাননা, এর থেকে ওদের শিক্ষা নেওয়া উচিত। আমি হাউসকে অবগত করছি, এর থেকে ওদের শিক্ষা হয়েছে, কোনো দিন ওরা রিগিং-এর কথা উচ্চারণ করবেন না, রাজ্যবাসীর বিরুদ্ধে কোনো কথা উচ্চারণ করবে না।

শ্রী অশোক দেব : (নট প্রেজেন্ট)

শ্রীমতী রত্না দে (নাগ) : মাননীয় চেয়ারম্যান স্যার, ই. এম. বাইপাস এবং সল্টলেক যেখানে ভি. আই. পি.-র কাছে এসে মিশেছে সেখানে অটোমেটিক সিগন্যালিং ব্যবস্থা আছে। কিন্তু সেটা ভেঙে পড়েছে কয়েকটি কারণে। বিজ্ঞানসম্মতভাবে এই সিগন্যালটা অপারেট করা হচ্ছে না, সিগন্যাল না মেনে বেপরোয়াভাবে অটোরিকশা চালানো হচ্ছে, দিনের অধিকাংশ সময়েই ট্রাফিক কনস্টেবল এবং সার্জেন্টকে দেখতে পাওয়া যায় না। এই গুরুত্বপূর্ণ স্থানটিতে যে কোনো সময় প্রাণহানি এবং বিপর্যয় ঘটতে পারে। মিনিবাসগুলো সিগন্যাল খোলা না থাকলে যাত্রী না নিয়ে চলে যায়, যাত্রীদের তখন অনেকক্ষণ অপেক্ষা করতে হয়। এই ব্যাপারে আমি সংশ্লিষ্ট বিভাগের মন্ত্রী মহাশয়ের দৃষ্টি আকর্ষণ করে বলতে চাই, এই ব্যাপারে যাতে উনি তৎপর হন। ধন্যবাদ।

শ্রী কমলেন্দু সান্যাল : স্যার, আমি আপনার মাধ্যমে তথ্য ও সংস্কৃতি দপ্তরের মন্ত্রী মহাশয়ের দৃষ্টি আকর্ষণ করছি। ষোলো শতকে কবি গোবিন্দ দাসের জন্ম হয়েছিল মুর্শিদাবাদ জেলার তেলিয়াবুধরীতে। তাঁর যে ছন্দ মাধুর্য তা রবীন্দ্রনাথকেও মুগ্ধ করেছিল। এই সম্পর্কে আমি একটি উদাহরণ রাখছি—

সদাই শ্রীমতী চাহে ইতিউতি,
মন ভেন উচাটন।
জ্বলয়ে বাসনা চিতা, কাটি নব লালসূতা
প্রবেশই শ্রীমহাকরণ॥
হায় ! সকলি গরল ভেল।
ধারণে বঙ্গ, সাধিনু কঙ্গ
দেহলিক রেল চলি গেল॥
ভনয়ে সরসিজ চাঁদ, শ্রীমতীক মনোসাধ,
লাখ লাখ যুও যাঅ।
পূরণ কি কভু হই, আঁখলোর বহি যাই
মহীকরণ রম্বল অধরাতন॥

শ্রী প্রফুল্ল ভৌমিক : (নট প্রেজেন্ট)

শ্রী আনন্দগোপাল দাস : মাননীয় চেয়ারম্যান স্যার, আমি আপনার মাধ্যমে মাননীয় শিক্ষামন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। আমার নানুর বিধানসভা কেন্দ্রে উচ্চ-মাধ্যমিকে ছাত্র-ছাত্রী ভর্তির সমস্যার বিষয়ে আপনার দৃষ্টি আকর্ষণ করতে চাই এবং উপযুক্ত ব্যবস্থা গ্রহণের জন্য আবেদন করতে চাই। উচ্চ-মাধ্যমিক স্কুলগুলিতে ছাত্রছাত্রী ভর্তি করার ক্ষেত্রে ৫০০ টাকা করে ফি নেওয়া হচ্ছে। স্বাভাবিকভাবেই গরিব ছাত্রছাত্রীরা ভর্তি হতে পারছে না। এই ফি নেওয়ার ক্ষেত্রে কোনো রিসিপ্টও দেওয়া হচ্ছে না। এই ব্যাপারে আমি মন্ত্রিমহাশয়ের এবং সরকারের দৃষ্টি আকর্ষণ করে বলতে চাই, অবিলম্বে এই শিক্ষা প্রতিষ্ঠানগুলোর দিকে নজর রাখা হোক। নইলে গরিব, সিডিউল কাস্ট, সিডিউল ট্রাইবস্ ছাত্র-ছাত্রীরা ভর্তি হওয়ার সুযোগ থেকে বঞ্চিত হবে।

শ্রী শম্ভুনাথ মান্ডী : মাননীয় চেয়ারম্যান স্যার, বন দপ্তরের মন্ত্রীকে ধন্যবাদ জানাই যে, সারা পশ্চিমবাংলা জুড়ে উৎসাহ-উদ্দীপনা ও আড়ম্বরের সঙ্গে অরণ্য সপ্তাহ পালন হচ্ছে। মেদিনীপুর জেলাতে বাঁশপাহাড়ী, ভুলবেদা, শিমুলপাল, বেলপাহাড়ী প্রভৃতি বিস্তীর্ণ বনাঞ্চল আছে। বন দপ্তরের একটা স্লোগান আছে—একটি গাছ একটি প্রাণ। কিন্তু আমাদের বনাঞ্চলের অধিবাসীগণের জন্য যদি ছোট ছোট সেচ প্রকল্প, ছোট ছোট রাস্তা, পানীয় জলের ব্যবস্থা, ম্যালেরিয়া ভ্যাকসিনের ব্যবস্থা—এখন ম্যালেরিয়া হচ্ছে—না করা যায়, তাহলে সেই স্লোগান শুধু স্লোগানই থেকে যাবে। ওইসবের ব্যবস্থা যদি করা যায় তবেই স্লোগানটা সার্থক হবে। এই আবেদন আমি রাখছি।

শ্রী প্রফুল্ল ভৌমিক : মাননীয় চেয়ারম্যান স্যার, আমি আপনার মাধ্যমে একটি গুরুত্বপূর্ণ বিষয়ে সংশ্লিষ্ট দপ্তরের মন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। নদিয়া জেলা আর্সেনিকপ্রবণ এলাকা। সেখানে করিমপুর বিধানসভা কেন্দ্রের নন্দনপুর, কাঠালিয়া, থানপুর, খামারপাড়া, নতিডাঙা, কেচুয়াডাঙাতে পাইপ ওয়াটারের ব্যবস্থা করবার দাবি জানাচ্ছি।

শ্রী ইউনুস সরকার : মাননীয় চেয়ারম্যান স্যার, আপনি জানেন এখন চাষীর ঘরে পাট উঠছে, এদিকে বাজারে পাটের দাম পড়তে শুরু করেছে। অবিলম্বে যাতে পাটচাষীদের পাটের সহায়ক মূল্য দেওয়ার ব্যবস্থা করা যায়, সমস্ত সমবায়গুলোকে বাজারে নামানো যায় এবং জে. সি. আই.-কে পাট কিনতে বাধ্য করা যায়, তার ব্যবস্থা করার জন্য মাননীয় সংশ্লিষ্ট মন্ত্রীকে আবেদন জানাচ্ছি। সেই সঙ্গে মুর্শিদাবাদ, নদিয়া বা যে সমস্ত জেলাতে পাট চাষ বেশি হয়, সেসব জায়গায় পাটজাত শিল্প যাতে গড়ে ওঠে এবং চাষিরা পাটের ঠিক দাম পায় তারও ব্যবস্থা করার জন্য আবেদন রাখছি।

শ্রী শেখ ইলিয়াস মহম্মদ : মাননীয় চেয়ারম্যান স্যার, ব্রিটিশ সাম্রাজ্যবাদের বিরুদ্ধে আপসহীন সংগ্রামের নেতা, মেদিনীপুর জেলার কমিউনিস্ট পার্টির প্রতিষ্ঠাতাদের মধ্যে অন্যতম, তেভাগা আন্দোলনের রূপকার, কৃষক আন্দোলনের অবিসংবাদী নেতা, আমার বিধানসভা কেন্দ্র নন্দীগ্রাম থেকে সাত-সাতবার নির্বাচিত হয়েছিলেন, সেই ভূপাল পান্ডার কোনো মর্মর মূর্তি আজ পর্যন্ত স্থাপিত হল না। এটা অত্যন্ত দুঃখের কথা। বর্তমানে চৌমুখী-টেঙ্গুয়া রাস্তার কাজ চলছে, সেখানে চৌমাথায় ভূপাল পান্ডার মর্মর মূর্তি স্থাপনের জন্য সংশ্লিষ্ট দপ্তরের মন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি।

শ্রী অশোক দেব : (অনুপস্থিত)

শ্রী তাপস রায় : মাননীয় চেয়ারম্যান, স্যার, আমি আপনার মাধ্যমে এই সভার এবং স্বরাষ্ট্রমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। আমার বিধানসভা কেন্দ্র বড়বাজার এবং বৃহত্তর বড়বাজার এবং পুরনো কেন্দ্র বিদ্যাসাগর কেন্দ্রের বর্তমান বিধায়ক, সরকারি দলের মুখ্য সচেতক শ্রীলক্ষ্মীকান্ত দে-র সঙ্গে আমার কথা হয়েছে যেভাবে ওইসব এলাকায় প্রতিদিন দুর্বৃত্তগণ কর্তৃক গুলি চালনা, ডাকাতি এমনকী খুন পর্যন্ত হচ্ছে। দুর্বৃত্তায়ন যাতে কমিয়ে ফেলা যায়—যদি একেবারে বন্ধ করা সম্ভব নাও হয়, তার জন্যও আমাদের মধ্যে কথা হয়েছে। আমরা সহমতও হয়েছি। এটা মাননীয় মন্ত্রীকে দেখার জন্য দাবি করছি। রাজাবাজারের পার্শীবাগান, সাহেববাগান, পাটোয়ারবাগান, ধরবাগান, এসব এলাকার লোক আজকে আতঙ্কগ্রস্ত।

[1.10–2.00 p.m. (including adjournment)]

তাঁরা আমার সঙ্গে যোগাযোগ করেছিলেন। তাঁদের বর্তমান বিধায়কের সঙ্গে যোগাযোগ করতে বলেছি। তিনিও এই ব্যাপারে আতঙ্কিত এবং বিভিন্ন জেলাতে যদি এটা ফলো করা যায়, তাহলে মনে হয় এই যে দুর্বৃত্তরা প্রতিদিন মানুষকে খুন করে, ডাকাতি করছে, গুলি করছে, সেটা কমবে এবং আমরাও পুলিশের উপর চাপ সৃষ্টি করার জন্য বসি, তাহলে মনে হয় সেটা অত্যন্ত ভালো জিনিস হবে। এতে প্রশাসন এবং পুলিশের উপর চাপ সৃষ্টি করা যাবে। পুলিশের শিথিলতা রয়েছে এবং এর পরে তারাও একটু নড়েচড়ে বসবে। তাই এই ব্যাপারে আপনার মাধ্যমে সরকারকে জানাচ্ছি এবং মুখ্যমন্ত্রী তথা স্বরাষ্ট্রমন্ত্রীকে জানাচ্ছি এবং সমস্ত সদস্যের কাছে আবেদন করছি যে তাঁরা এটাতে সহমত পোষণ করুন।

শ্রী লক্ষ্মী দে : মাননীয় চেয়ারম্যান, উনি আমাকে বলেছিলেন, কালকে একটা ঘটনা তিনি উল্লেখ করেছেন। আমার এলাকার সমাজবিরোধীরা একটা ছোটখাটো ব্যবসায়ীর উপর গুলি চালিয়েছে। সে এন. আর. এস. হাসপাতালে আছে। এটা ঠিকই। ছেলেটা আবার সি. পি. আই. করে। আমি কমিশনারের সঙ্গে কথা বলেছি যাতে এই ব্যাপারে হস্তক্ষেপ করেন। তাপসবাবু ঠিকই বলেছেন। আমি ওই এলাকায় বলতে পারি। নিশ্চয় ওখানে কংগ্রেসের এম. এল. এ. আছেন। আমরা আছি। ওই সমাজবিরোধীদের বিরুদ্ধে যাতে ব্যবস্থা গ্রহণ করা যায়, সেই ব্যাপারে নিশ্চয় চেষ্টা করা যাবে। অসুবিধা নেই। এই ব্যাপারে ইতিমধ্যে আমি কমিশনারের সঙ্গে কথা বলেছি।

শ্রীমতী সোনালী গুহ : মাননীয় চেয়ারম্যান স্যার, আমি আপনার মাধ্যমে এই সভার দৃষ্টি আকর্ষণ করছি। কলকাতা তথা বাংলার সব থেকে বড়ো বইয়ের মার্কেট হচ্ছে কলেজ স্ট্রিট মার্কেট। স্যার, আমি সভার জ্ঞাতার্থে এবং আপনার জ্ঞাতার্থে জানাতে চাই যে, সেখানে অবাধে জাল করে কিছু অসাধু ব্যবসায়ী বিক্রি করছে। কেউ যখন চুরি, ডাকাতি করে সেখানে সে ক্লু রেখে যায়। ক্লাস টেনের লার্নিং ইংলিশ এই বইটা দেখলেই বুঝতে পারবেন যে, জাল বই এবং আসল বই দুটো দু জায়গা থেকে ছাপানো হয়েছে। স্যার, সংবিধানে প্রস্তাব আছে যে, টেন্ডার ডাকা হলে সরকারি কোনো ছাপার সময় জি. পি. এস. এম. এটা কতটা আছে সেটা দেখে নিতে হয়। গ্রাম পার স্কোয়ার মিটার কতটা আছে সেটা দেখে নিতে হয় যে সেটা ঠিক আছে কিনা। সরকারি বইয়ের নির্দিষ্ট লোগো না থাকায়, কিছু অসাধু ব্যবসায়ী কোটি কোটি টাকা নয়ছয় করছে। আর একটা কথা স্যার, সরকারি বই গণশক্তি প্রেস থেকে ছাপানো হচ্ছে। এটা স্যার পার্টিকে নির্লজ্জভাবে টাকা পাইয়ে দেবার ব্যবস্থা হয়েছে। তাই সরকারি বই ছাত্র-ছাত্রীরা যাতে সুলভে পেতে পারেন, তার দাবি জানিয়ে আমার বক্তব্য রাখছি।

শ্রী শোভনদেব চট্টোপাধ্যায় : স্যার, আপনার মাধ্যমে জানাচ্ছি—গত ১১ তারিখে পাঠভবন স্কুল কমিটি ভেঙে দেওয়া হয়েছে। ওখানে প্রাক্তন উপাচার্য সন্তোষ ভট্টাচার্য সেক্রেটারি ছিলেন, সরকারের নিয়োজিত কমিটিতে ছিলেন। পাঠভবন স্কুলটি ভালো। পঠন-পাঠনের ব্যবস্থাও ভালো। ফলে ভালো ভালো ছাত্র-ছাত্রীও বেরোয়। ওখানের প্রাথমিক

বিভাগটি হচ্ছে প্রাইভেট এবং সেকেন্ডারী বিভাগটি হচ্ছে সরকারের রেকগ্নাইজড্। স্যার, প্রাইভেট স্কুল থেকে রেকগ্নাইজড্ স্কুলে যেতে গেলে পরীক্ষা দিয়ে যেতে হয়। এটাই সর্বত্র নিয়ম আছে। কিন্তু এই প্রাইভেট স্কুলের ছেলেরা যাতে করে সরাসরি ভর্তি হতে পারে, তার জন্য লড়াই করছেন এই সরকার পক্ষের এম. এল. এ. রবীন দেব। এটা সরকার ঠিক করে দিন যে, প্রাইভেট স্কুল থেকে সরাসরি সেকেন্ডারী স্কুলে ভর্তি হতে পারেন কিনা। সেখানে ওই স্কুলে পঠন-পাঠন একেবারে জলে গেছে। ওখানের একদল শিক্ষক তৃণমূলের, আর একদল শিক্ষক শাসক দলের। এর জন্য ওই পাঠভবনের পড়াশোনা নষ্ট হয়ে যাচ্ছে। এই ব্যাপারে সুনির্দিষ্টভাবে ঠিক করে দেওয়া উচিত এবং এ ব্যাপারে এডুকেশন মিনিস্টারের হস্তক্ষেপ নেওয়া উচিত।

শ্রী রঞ্জিত কুন্ডু : স্যার, গতকাল আমাদের রাজ্যে ভারত সরকারের মাননীয় শিল্পমন্ত্রী মনোহর যোশী এসেছিলেন এবং রাজ্যবাসীকে উপহার দিয়ে গেছেন। আমাদের রাজ্যে ৬টি রাষ্ট্রায়ত্ত শিল্প আছে সেটা সম্পূর্ণ বন্ধ করে দেওয়া হবে। স্যার, গতকাল এখানে আমাদের মাননীয় সদস্য শোভনদেব চট্টোপাধ্যায় খুব আনন্দ করে বলছিলেন যে, মনোহর যোশী এসে আমাদের রাজ্যে কারখানা শ্রমিকদের বেতনের ব্যবস্থা করে গেলেন। ৬টা কারখানা বন্ধ করে দেওয়া হবে, আরও কয়েকটি কারখানা তুলে দেওয়া হবে। এই কথাটা তিনি হাউসে উল্লেখ করলেন না। এখানে আবার তিনি কেন্দ্রীয় মন্ত্রীকে প্রশংসা করলেন, যাতে আবার সরকারে যাওয়ার রাস্তাটা পরিষ্কার থাকে। আমি সরকারের কাছে আবেদন জানাচ্ছি যে, এই বিধানসভার মনোভাব কেন্দ্রীয় সরকারকে জানানো হোক—এই ৬টা কারখানা যেন বন্ধ না হয়।

মহঃ আব্দুল করিম চৌধুরী : মাননীয় চেয়ারম্যান, আপনার মাধ্যমে একটা কথা এই সভায় উত্থাপন করতে চাইছি। আমি দীর্ঘ ৬ বছর যাবৎ একটা আন্দোলন করে আসছিলাম, উত্তরবঙ্গে যেখানে-সেখানে চাষের জমিতে চা-বাগান গড়ে উঠছিল, তার প্রতিবাদে আমি আন্দোলন করছিলাম এবং মাথায় একটা ফেট্টি বেঁধে রাখছিলাম। আজকে মুখ্যমন্ত্রী স্বীকার করেছেন, উনি উত্তরবঙ্গ উন্নয়ন পর্ষদের মিটিং-এ কোচবিহার জেলা পরিষদের হলে ঘোষণা করলেন যেখানে- সেখানে চা-বাগানগুলো হয়ে গেছে, আমি কনডেম করছি। এই জন্য উনি নিষেধাজ্ঞা জারি করলেন। ১ জুলাই ২০০১ সালে আর কোনো চা-বাগান করা হবে না। আমি মুখ্যমন্ত্রীকে ধন্যবাদ জানাই। কিন্তু আমি দাবি করছি, চা-বাগানের জন্য যে সমস্ত চাষীরা জমি হারিয়েছেন তাঁদের একটা শেয়ার দেওয়া হোক। যেভাবে পাট্টা দেওয়া হয় সেভাবে পাট্টা দেওয়া হোক, সেই চাষীদের শেয়ার দেওয়া হোক, আমি এই দাবি মুখ্যমন্ত্রীর কাছে রাখছি।

শ্রী নির্মল দাস : মাননীয় চেয়ারম্যান স্যার, শিক্ষামন্ত্রী বলেছিলেন যে, শিক্ষা বাজেট পাশ হয়ে যাওয়ার পর, যে সমস্ত বিদ্যালয়গুলিকে উচ্চ-মাধ্যমিক স্তরে অনুমোদন দেওয়ার কথা আছে সেগুলোকে অনুমোদন দেওয়া হবে, কিন্তু আজ পর্যন্ত জলপাইগুড়ি জেলায় ১৭টি বিদ্যালয়ে ইন্সপেকশন হয়ে গেছে কিন্তু এখনও অনুমোদন যায়নি। আমি অনুরোধ করব যে, অবিলম্বে এই সপ্তাহের মধ্যে যাতে রাজ্যের এবং জেলার যে যে স্কুলগুলোকে অনুমোদন দেওয়ার কথা সেই বিদ্যালয়গুলিকে অনুমোদন দিন।

Mr. Chairman : এখন বিরতি, আমরা আবার ২-০০টার সময় মিলিত হব।

(At this stage the House was adjourned till 2.00 p.m.)

[2.00–2.10 p.m. (after recess)]

Mr. Speaker : Now, Discussions on Demand No. 57.

DISCUSSION AND VOTING ON DEMANDS FOR GRANTS

Demand No. 57

শ্রী নরেন্দ্রনাথ দে : মাননীয় অধ্যক্ষ মহাশয়, মহামান্য রাজ্যপালের সুপারিশক্রমে আমি ২০০১-২০০২ আর্থিক বছরের জন্য ৫৭নং দাবির অধীন "২৪২৫—সমবায়", "৪৪২৫—সমবায়ে মূলধন বিনিয়োগ" এবং "৬৪২৫—সমবায় সমিতিসমূহকে ঋণদান"—এই খাতগুলিতে মোট ৭৮,৬৭,৬৯,০০০ (আটাত্তর কোটি সাতষট্টি লক্ষ উনসত্তর হাজার) টাকা ব্যয়-বরাদ্দের দাবি মঞ্জুর করার জন্য আবেদন করছি। ইতিপূর্বে অন্তর্বর্তী ব্যয়ের জন্য অনুমোদিত ২৬,২২,৫৬,০০০ (ছাব্বিশ কোটি বাইশ লক্ষ ছাপ্পান্ন হাজার) টাকা এই প্রস্তাবের অন্তর্ভুক্ত।

মহাশয়, এই সভার মাননীয় সদস্যদের সামনে আমি গর্বের সঙ্গে এ কথা জানাতে চাই যে, আর্থিক ব্যয়-বরাদ্দের সীমাবদ্ধতা সত্ত্বেও, আমাদের সরকার সর্বতোভাবে এই চেষ্টাই চালিয়ে গেছে যাতে সমবায় আন্দোলনের প্রতিটি ক্ষেত্রে পরিমাণগত ও গুণগত পরিবর্তন ঘটে এবং সাধারণ মানুষের ব্যাপকতর যোগদানে, যথাযোগ্য জীবিকা-নির্বাহে তথা কর্ম-সংস্থানে, স্বনির্ভর গ্রামীণ অর্থনীতির স্থায়ী বিকাশে জনসংখ্যার বৃহত্তর অংশের কল্যাণে তা নিয়োজিত থাকে। যেহেতু অনেক শ্রেণির সমবায় সমিতি অন্যান্য বহু দপ্তরের নিয়ন্ত্রণে, সেই জন্যে আমার দপ্তরের প্রত্যক্ষ নিয়ন্ত্রণাধীন সমবায় সমিতি ও সংগঠনসমূহের জন্যই, যথা ঋণদান, বিপণন, প্রক্রিয়াকরণ, গৃহনির্মাণ, ভোগ্যপণ্য-বিপণন, শ্রমিক সমবায় প্রভৃতির জন্যই কেবল আমি এই বাজেট বরাদ্দ পেশ করেছি।

আমি আমার দপ্তরের চলতি প্রকল্প ও কর্মসূচির রূপায়ণ নিয়ে বক্তব্য পেশের আগে, আনন্দের সঙ্গে এই সভাতে ঘোষণা করতে চাই যে, এক সামগ্রিক দৃষ্টিকোণ থেকে সর্বপ্রকার সমবায় সমিতির যথাযথ বৃদ্ধি ও সমৃদ্ধির উপর যুক্তিসঙ্গত সার্থক পর্যবেক্ষণ ও পরি-নির্দেশ চালু রাখা যায়, সেই জন্যে কতগুলি মৌলিক ও প্রাথমিক পদক্ষেপ গ্রহণ করেছি, যথা—

১। বর্তমান আর্থিক বছরের মধ্যে প্রাথমিক থেকে শীর্ষ-স্তরীয় সকল প্রকার সমবায় সমিতির বিশদ তথ্য-সংগ্রহ (সেন্সাস) করে কম্পিউটার-চালিত তথ্য-ভাণ্ডার-পরিচালনা-পদ্ধতি গড়ে তুলতে যথাযথ সরকারি নির্দেশ ও প্রশাসনিক উদ্যোগ নেওয়ার আদেশ জারি করা হয়েছে।

২। বর্তমান আর্থিক বছর থেকে, প্রাথমিক থেকে শীর্ষ-স্তরীয় সকল প্রকার সমবায় সমিতি ক্ষেত্রে বাৎসরিক উন্নয়ন পরিকল্পনা এবং পঞ্চবার্ষিক পরিকল্পনা লিখিতভাবে প্রস্তুত ও রূপায়ণের আবশ্যিক দায়বদ্ধতাকে বাধ্যতামূলক করে যথাযথ সরকারি নির্দেশ জারি করা হয়েছে। তথা সমবায় অধিকারের অন্তর্গত সকল পদাধিকারিককে এ ব্যাপারে সকল শ্রেণির সমবায় সমিতিকে প্রয়োজনীয়

পরামর্শ ও সহায়তা প্রদানের নির্দেশ দেওয়া হয়েছে। এ ব্যাপারে সংশ্লিষ্ট সকল সরকারি বিভাগকে অনুরোধ জানানো হয়েছে যাতে তারাও তাদের প্রশাসনিক নিয়ন্ত্রণাধীন সকল শ্রেণির সমবায় সমিতিগুলিকে উপরিউক্ত তথ্য-সংগ্রহ কর্মসূচি এবং পরিকল্পনা রচনা তথা রূপায়ণের কাজ যথাযথভাবে পালন করে।

৩। সকল শ্রেণির সমবায় সমিতিসমূহের প্রয়োজনীয় পরিকাঠামো গড়ে তোলা, বিশেষ করে প্রাথমিক স্তরের সমিতি-ক্ষেত্রে আজ এক অতি মৌলিক আবশ্যকতা ; এবং সেই কাজ সম্পন্ন করতে এন সি ডি সি বা জেলার কেন্দ্রীয় সমবায় ব্যাঙ্কের আর্থিক সহায়তা নিয়ে আই সি ডি পি বা ই সি ডি পি ধাঁচের প্রকল্প গ্রহণ করতে আহ্বান জানানো হয়েছে।

৪। এ ছাড়া সক্রিয় নয় এমন প্রাথমিক সমবায় ঋণদান সমিতিগুলিকে সক্রিয় করে তুলতে বা যেগুলোকে সক্রিয় করে তোলা সম্ভব নয়, সেগুলোর পরিবর্ত সমবায় সমিতি গড়ে তুলতে এক সুসংহত কর্ম-পরিকল্পনা গ্রহণ করা হয়েছে। এ কাজে সমবায় অধিকারের তথা অন্যান্য অধিকারের অন্তর্গত সংশ্লিষ্ট আধিকারিকদের ব্যাপক কর্মোদ্যোগে সামিল করতে উদ্যোগ নেওয়া হয়েছে। আমরা এটা সুনিশ্চিত করতে চাই যে, পশ্চিমবঙ্গের প্রতিটি গ্রামকে পরিষেবা প্রদানে কোনও-না-কোনও সমবায় ঋণদান সমিতি সম্পূর্ণ ক্রিয়াশীলরূপে পাওয়া যায়। এ জন্যে আনুমানিক ১০০০ প্রাথমিক সমবায় সমিতিকে পুনর্জীবিত বা পুনর্জাত করা আবশ্যিক হতে পারে এবং অন্যূন ৫ লক্ষ নতুন সদস্য সংগ্রহ করা প্রয়োজনীয় হতে পারে।

৫। সকল সমবায় সমিতির পরিচালন ব্যবস্থায় দৃঢ়তর গণতন্ত্রীকরণ নিশ্চিত করতে, সাধারণ সদস্য থেকে নির্বাচিত কর্ম-পরিচালকবৃন্দের অধিকতর সহযোগ ঘটানো, কর্ম-পরিচালনায় অধিকতর স্বনিয়ন্ত্রণ এবং পেশাদারিত্ব আনয়নের জন্য, তথা সমবায় সমিতিসমূহকে স্বয়ম্ভর সংস্থারূপে বিকশিত করে তোলার লক্ষ্যে, পশ্চিমবঙ্গ সমবায় সমিতি আইন, ১৯৮৩-কে সামগ্রিক ও সুসংহত সংশোধন অত্যন্ত আবশ্যিকরূপে প্রতিভাত হয়ে উঠেছে এবং আমি সেরূপ সংশোধনী বিল আগামী শীতকালীন অধিবেশনে পেশ করবার আশা রাখছি।

আমি উপরিউক্ত কর্মসূচি ও পরিকল্পনাগুলি রূপায়ণের জন্য কোনো নির্দিষ্ট অর্থ-বরাদ্দের প্রস্তাব রাখিনি এই কারণে যে, ওই ব্যাপারে প্রয়োজনীয় অর্থ হয় আমি বর্তমান দাবি-বরাদ্দের মধ্য থেকে ব্যবস্থা করে নেব, নতুবা সমবায় আর্থিক সংস্থা তথা জেলা কেন্দ্রীয় সমবায় ব্যাঙ্ক থেকে জোগাড় করে নেব বলে আশা রাখি। কিন্তু আমার বিভাগের এমন অনেক চলতি প্রকল্প ও কর্মসূচি রয়েছে, যেখানে ন্যূনতম আর্থিক সহায়তাদানে ঐতিহ্যগত দায়বদ্ধতা রয়েছে, সেগুলির আর্থিক ও ব্যবহারিক সাফল্য নিম্নে বিবৃত করে যথাযথ আর্থিক বরাদ্দ অনুমোদনের দাবি রাখতে চাইছি।

ক. <u>স্বল্পমেয়াদি কৃষিঋণদানে সমবায় সমিতিগুলির সাফল্য বর্ণনা :</u>

১। *কৃষিক্ষেত্রে স্বল্পমেয়াদি ঋণ-বন্টনের ব্যবস্থা ও পরিমাণ :-*

এই বিধানসভার মাননীয় সদস্যগণ অবশ্যই অবগত আছেন যে, সরকারিভাবে যে সমবায় আন্দোলন ১৯০৪ খ্রিস্টাব্দে ভারতবর্ষে শুরু হয়েছিল, তার একমাত্র

লক্ষ্যই ছিল গরিব কৃষকদের স্বল্পসুদে ঋণ দিয়ে সুদখোর মহাজনদের নির্মম হাত থেকে তাদের রক্ষা করা, চাষিদের নিজ নিজ খেত যথাযথভাবে চাষ করে দেশের খাদ্য সরবরাহকে নিশ্চিত করা এবং কৃষিক্ষেত্রে কর্ম-নিযুক্তির সম্ভাবনাকে দ্রুত বাড়িয়ে যাওয়া। সেই প্রয়োজন আজও সমানভাবে চালু রয়েছে এবং সমবায় কৃষি ঋণদান সমিতিগুলি আজও সেই গভীর দায়িত্ব পালন করে চলেছে এবং গ্রামবাংলার ঋণ-বন্টনের ৪৬ শতাংশই তারা বহন করে, রাষ্ট্রায়ত্ত ব্যাঙ্ক তথা ক্ষেত্রীয় গ্রামীণ ব্যাঙ্কসমূহের বহুল উপস্থিতি সত্ত্বেও।

আমি আনন্দিত, এ কথা বলতে যে, স্বল্পমেয়াদি কৃষি-ঋণদানে সাম্প্রতিক বছরগুলিতে উল্লেখযোগ্য উন্নতি ঘটেছে। আমি এই সদনে এ কথা বিবৃত করতে চাই যে, ২০০০-২০০১ সালে জেলা কেন্দ্রীয় সমবায় ব্যাঙ্ক তথা রাজ্য সমবায় ব্যাঙ্কের ৩টি শাখা অফিসের মাধ্যমে ৩০৩.৯৩ কোটি টাকা স্বল্পমেয়াদি কৃষি-ঋণ দিয়েছে ২৮০ কোটি টাকার লক্ষ্যমাত্রা ছাড়িয়ে এবং তাতে উপকৃত চাষীর সংখ্যা ১৩ লক্ষ ৩০ হাজার ৩ শত ৭৫ জন। যার মধ্যে ক্ষুদ্র ও প্রান্তিক চাষিরাই সংখ্যাগরিষ্ঠ। ২০০১-২০০২ আর্থিক বছরে তাই কৃষি-ঋণের লক্ষ্যমাত্রা বৃদ্ধি করে ৩৫০ কোটি টাকা ধার্য করা হয়েছে। ঋণ পরিশোধের পরিমাণ ৩১-৩-২০০১ পর্যন্ত ছিল ২৫৫.৫৮ কোটি অর্থাৎ মোট আদায়যোগ্য ৪৮৫ কোটি ৬০ লাখের ৫২.৬৩ শতাংশ। গত বছরের বিধ্বংসী বন্যা যদিও ঋণ পরিশোধকে খারাপভাবে বিঘ্নিত করেছে, তথাপি আদায় ও পরিশোধে এখন দ্রুত উন্নতি ঘটছে।

২। *সর্বজনীন সদস্যপদ প্রদান :-*

সমাজের দুর্বলতর শ্রেণিকে ঋণদান সমিতির পরিষেবা লাভে সক্ষম করার জন্য এই একটি অত্যন্ত জরুরি প্রকল্প। ভাগচাষী, সরকারি পাট্টাপ্রাপ্ত চাষী, গ্রামীণ কারিগর এবং আড়াই একরের নিচের জমি-মালিকদের প্রাথমিক সমবায় ঋণদান সমিতির সদস্য করাতে যে শেয়ার মূলধন দেওয়া আবশ্যক, সে টাকা এই প্রকল্প থেকে দেওয়া হয়। ১৯৯৯-২০০০ সাল পর্যন্ত যে ৩৮.৩০ লক্ষ লোককে সমবায় কৃষি-ঋণদান সমিতিতে সদস্যপদ নিতে দেখা গেছে, তার মধ্যে ১২.৬২ লক্ষ সদস্যই সর্বজনীন সদস্য। ২০০০-২০০১ সালে মাত্র ৩৭,৬০০ সদস্য বেড়েছে। ২০০১-২০০২ সালে বিশেষ উদ্যোগ নেওয়া হবে যাতে ওই শ্রেণির লোক থেকে আরও অন্তত এক লক্ষ ব্যক্তিকে সর্বজনীন সদস্য পদ দিয়ে সমবায় কৃষি-ঋণদান সমিতিতে যুক্ত করে তাদেরও ঋণ পাওয়ার সুযোগ দান করা যায়।

৩। *প্রাথমিক সমবায় ঋণদান সমিতিগুলিকে সুদৃঢ়ীকরণ :-*

পশ্চিমবঙ্গে ৪০,০০০ গ্রামে, প্রতি ৫ গ্রামের জন্য একটি প্রা. স. ঋ. স. আবশ্যিক ধরলে ৮০০০ সমিতি থাকা প্রয়োজন হলেও, এতাবৎ ৭৪০০-র বেশি সমিতি নিবন্ধীকৃত হয়নি। এদের মতো কয়েক শ'কে অচল বলে অবলুপ্ত ঘোষিত হয়েছে। যেসব সমিতি অবলুপ্ত ঘোষিত হয়েছে, তাদের আওতাভুক্ত গ্রামগুলির

চাষিরা যাতে এই ঋণদান পরিকাঠামোর সুবিধা ফিরে পেতে পারে, সে জন্যে নতুন করে এই গ্রামগুলির জন্য পুনরায় প্রাথমিক ঋণদান সমিতি গড়ে তোলার উদ্যোগ নিতে বলা হয়েছে। এখন যে আনুমানিক, ৬০০০ প্রাথমিক সমবায় ঋণদান সমিতি স্বনির্ভর এবং স্বনির্ভর হতে সক্ষম বলে ধরা হয়, তাদের সকলকেই বহুমুখী ব্যবসায় বিকাশের পথে স্বনির্ভর করে তুলতে হবে ; যে বহুমুখী কর্মসূচিতে আবশ্যিক থাকবে কৃষি-ঋণদান, স্থায়ী আমানত সংগ্রহ (ব্যাঙ্কিং), সার-বীজ-কীটনাশকের ব্যবসা, ধান-পাট ইত্যাদি কেনা ও বেচা, চাল তৈরি, তেল-ভাঙা বা অন্যান্য খাদ্য-প্রক্রিয়াকরণ, অত্যাবশ্যক পণ্যাদি সরবরাহ করার জন্য দোকান চালানো এবং কৃষি-সহায়ক, পরিষেবা দান যথা, পাম্পসেট, ট্রাক্টারাদি দ্বারা চুক্তিভিত্তিতে পরিষেবা দান, মাটি পরীক্ষা করার ব্যবস্থা করিয়ে দেওয়া এবং পারলে ছোট মাপের হিমঘর তৈরি করে শাক-সবজি, ফলমূল, মাছ প্রভৃতি উৎপাদকের স্বল্পমূল্যে মাল বিক্রয় প্রতিরোধে ব্যবস্থা নেওয়া। ভারত সরকারের টাস্ক-ফোর্সের অনুমোদনক্রমে ২০০০ সমিতিকে এ কাজে অন্তর্ভুক্ত করা হয়, যাদের মতে ১১৮২টি সমিতি ১৯৯৯-২০০০ পর্যন্ত এ কাজে কম-বেশি সফল হয়েছে। এ কাজে গত আর্থিক বছরে কোনো টাকা ধরা ছিল না। কিন্তু, প্রকল্পটিকে আরও সংহত ও পুনর্বিন্যস্ত করতে হবে। এ বছর এ খাতে মাত্র ১৫ লক্ষ টাকা বরাদ্দ করা হয়েছে যাতে বাকি সমবায় সমিতিগুলিকে বহুমুখীন কর্মে যুক্ত করে স্বাবলম্বী চাষী-সহায়ক সংস্থারূপে গড়ে তোলার এই কর্মসূচিকে পুনরায় চালু করা যায়।

৪। *আমানত সংগ্রহ অভিযান ও তার সাফল্য :-*

স্থানীয় মানুষের ক্ষুদ্র সঞ্চয় এবং উদ্বৃত্ত অর্থকে আমানতরূপে সংগ্রহ করতে সরকারি ব্যাঙ্ক থেকেও ১% অতিরিক্ত সুদে অর্থ সংগ্রহ করে, সে টাকাই পুনরায় স্থানীয় কৃষি ও অকৃষি খাতে লগ্নী করিয়ে জনগণের উৎপাদনমুখী আর্থিক কর্মকাণ্ডে সাহায্য করার জন্য নব্বই দশকের গোড়ার থেকে এই আমানত সংগ্রহ অভিযান চালু করা হয়। ২০০০ সালের সেপ্টেম্বর পর্যন্ত ১৭৬৪ প্রাথমিক সমবায় ঋণদান সমিতি ৫১৯.২৯ কোটি টাকা এবং ১৭টি জেলা কেন্দ্রীয় সমবায় ব্যাঙ্ক ১৮৩৭.৫১ কোটি টাকা আমানত সংগ্রহ করেছে। পশ্চিমবঙ্গ সমবায় ব্যাঙ্ক ও তার তিনটি জেলা-শাখা মিলে ১৩৭৬.৪৯ কোটি টাকা মার্চ ২০০০ পর্যন্ত সংগ্রহ করেছে। এর থেকে দেখা যাচ্ছে আমানত সংগ্রহে সমবায় ব্যাপক সাফল্য পেয়েছে এবং এ ধারা ২০০০-২০০১ সালে সমানভাবে ঊর্ধ্বমুখী রয়েছে।

৫। *আমানত ধন-সুরক্ষা-প্রত্যয়ীকরণ (গ্যারান্টি) প্রকল্প :-*

আমানত সংগ্রহ প্রকল্পকে জনপ্রিয় করতে এবং জনগণের আমানতকে যথার্থই সুরক্ষিত করতে, কেন্দ্রীয় সরকার নিয়োজিত, কৃষি-ঋণ-পুনর্বিচার কমিটির সুপারিশক্রমে আমানত সুরক্ষা প্রত্যয়ীকরণ প্রকল্প গ্রহণ করা হয়। জেলা কেন্দ্রীয়

সমবায় ব্যাঙ্ক ৩০,০০০ টাকা পর্যন্ত সব আমানতকে সুরক্ষিত ঘোষণা করেছে। এ জন্য প্রয়োজনীয় রিজার্ভ ফান্ড তৈরি করা আছে। এতে রাজ্য ও কেন্দ্রের কিছু আর্থিক মদত দেওয়ার বিষয়টি কেন্দ্রীয় সরকারের সহমতের অপেক্ষায় রয়েছে। তাই গত বছর এ খাতে কোনো খরচ না হলেও, ২০০১-২০০২ থেকে প্রকল্পটি সরকারিভাবে চালু হতে পারে ভেবে ৩০ লক্ষ টাকা বাজেট বরাদ্দ রাখা হয়েছে।

৬। *সমবায় প্রতিষ্ঠানগুলির মধ্যে আর্থিক অসংগতি দূরীকরণ :-*

স্বল্পমেয়াদি ঋণদান ক্ষেত্রে হিসাবরক্ষণ ব্যবস্থার পদ্ধতিগত ত্রুটির জন্যে এবং অন্যান্য কিছু কারণে জনগণের কাছে সমিতির পাওনা ও সমিতির কাছে জেলা কেন্দ্রীয় সমবায় ব্যাঙ্কের পাওনার মধ্যে ব্যাপক অসঙ্গতি বেড়ে চলেছে। এই সমস্যা দূর করতে এবং জমে যাওয়া অসঙ্গতিকে সম্পূর্ণ মিটিয়ে ফেলতে কেন্দ্রীয় ও রাজ্য সরকার, রাজ্য সমবায় ব্যাঙ্ক, জেলা কেন্দ্রীয় ব্যাঙ্কগুলিকে যৌথ আর্থিক দায় বহনের এই প্রকল্পটি চূড়ান্ত অনুমোদনের অপেক্ষায়। তাই গত বছর কোনো খরচ না হলেও ২০০১-২০০২ আর্থিক বছরে এ খাতে ১৫ লক্ষ টাকা বরাদ্দ করা হয়েছে।

৭। *সুসংহত সমবায় বিকাশ প্রকল্প* [আই সি ডি পি অথবা ই সি ডি পি]:-

এন সি ডি সি-র আর্থিক সহায়তা নিয়ে প্রথমে নদিয়া জেলায় এবং পরে হুগলি জেলার ৬টি ব্লকে এই প্রকল্প রূপায়িত হয়। বর্তমানে হুগলি জেলার বাকি ১২টি ব্লকে দ্বিতীয় দফার কার্যক্রমে ২৭২ লক্ষ টাকা এন সি ডি সি মঞ্জুর করেছে। বীরভূম ও কোচবিহার জেলাতেও প্রকল্পটি এন সি ডি সি-র অর্থ-বরাদ্দ লাভ করেছে। এ বছর উত্তর ও দক্ষিণ চব্বিশ পরগনা, মালদা ও পুরুলিয়া এই চারটি জেলাতে সুসংহত সমবায় বিকাশ প্রকল্প চালু করতে এন সি ডি সি-র প্রশাসনিক অনুমোদন পাওয়া গেছে। এ ব্যাপারে ৩ মাসের মধ্যে প্রকল্পের খসড়া তৈরি জমা করানোর কাজ শুরু হয়েছে। এই প্রকল্পে রাজ্য সরকারের সহায়তা খাতে মাত্র ৬০.৯৭ লক্ষ টাকা মঞ্জুর করা সম্ভব হয়েছে। এন সি ডি সি অনুমোদিত প্রকল্পের নিয়ম ও পদ্ধতিগত কারণে প্রকল্প রূপায়ণে দীর্ঘ কালক্ষয় হওয়ায় সমিতিগুলির ঘাড়ে ঋণের বোঝা অকারণে বেড়ে ওঠে। এন সি ডি সি-র সুদের হারও বেশি (১৪%)। রাজ্য সরকারের অনুদানের দায়বদ্ধতা প্রকল্প বরাদ্দের প্রায় ২০ শতাংশ। এ সব কারণে, ওই একটি প্রকল্প রূপায়ণের সহজ দ্রুত ও কম-খরচের বিকল্প পথ খুঁজে তৈরি করা হয়েছে "প্রসারমুখী সমবায় বিকাশ প্রকল্প" [Extensive Co-operative Development Programme বা ECDP]। এতে এন সি ডি সি-র ১৪% সুদের পরিবর্তে জেলা কেন্দ্রীয় ব্যাঙ্ক থেকে অনেক কম সুদে ঋণ নিয়ে প্রকল্প চালানো হবে। প্রকল্প পরিচালন দপ্তর তৈরি করার নামে একগাদা সরকারি লোকের বর্ধিত হারে বেতনদানের প্রয়োজন হবে না। সহকারী সমবায় নিবন্ধকের নেতৃত্বে ব্যাঙ্ক ও সরকারি সংশ্লিষ্ট আধিকারিকদের দ্বারা গঠিত কমিটি রূপায়ণের দায়িত্ব পালন করবে, নিজস্ব

সরকারি কাজের দায়িত্বরূপে। গঠিত পরিকাঠামো হাতে পেলে সমিতি সেদিন থেকে ঋণের সুদ ও আসল ফেরতের বাধ্যতায় থাকবে। এতে প্রকল্প রূপায়ণের খরচ ৩৫ থেকে ৪০ ভাগ কমিয়ে ফেলা সম্ভব এবং সরকারি অনুদানের দায়বদ্ধতা ২০ ভাগ রাখারও প্রয়োজন হবে না, সম্পূর্ণ বিনা অনুদানে অথবা সরকারের আর্থিক সামর্থ্যমত প্রতীকী অনুদান নিয়ে প্রকল্প চালু হতে পারে। এই স্বল্প খরচের দ্রুত রূপায়ণের সমবায় সমিতির পরিকাঠামো ও ব্যবসা বৃদ্ধির প্রকল্প বাকি ১০টি জেলাতে এ বছর থেকেই চালু করার উদ্যোগ করা হয়েছে এবং এ ব্যাপারে আলাদা করে কোনো অতিরিক্ত অর্থ-বরাদ্দের প্রস্তাব রাখা হয়নি। শুধু চলতি এন সি ডি সি-র প্রকল্পগুলির জন্যে ২০০১-২০০২ সালের জন্য মাত্র ৮০ লক্ষ টাকা ব্যয়-বরাদ্দের দাবি রাখা হয়েছে।

৮। *অনাদায়ি-ঋণ সম্পূরক অর্থ সাহায্য* [এন ও ডি সি] :-

অনুন্নত জেলায় অবস্থিত জেলা সমবায় ব্যাঙ্কগুলি নাবার্ডের অর্থ পাওয়ার শর্তরূপে অনাদায়ি-ঋণের সম্পূরক অর্থদাদন করতে বাধ্য হয়। এই শর্ত পূরণের আবশ্যিকতাকে পূরণ করতে প্রয়োজনীয় অর্থের আধা আধা কেন্দ্র ও রাজ্য সরকারকে বহন করার প্রকল্প এখনও কেন্দ্রীয় সাহায্য না আসায় চালু করা সম্ভব হয়নি। অনুমোদনের সম্ভাবনা নজরে রেখে ২০০১-২০০২ সালের জন্য এই খাতে ৩০ লক্ষ টাকা বাজেট বরাদ্দ ধার্য করা হয়েছে।

৯। *কিষাণ ক্রেডিট কার্ড* :-

চাষিদের ঋণদান ও অর্থ ফেরত নেওয়ার কাজকে সহজ, দ্রুত, ঝঞ্ঝাটমুক্ত এবং ব্যবহারিক করে তুলতে তাদেরকে 'ক্রেডিট কার্ড' প্রদান করার সর্বভারতীয় সিদ্ধান্তকে পশ্চিমবঙ্গেও চালু করা হয়েছে। গতি দ্রুত হয়নি। ২০০১ সালের মার্চ পর্যন্ত মাত্র ৪২,১৮১ জন কৃষককে ক্রেডিট কার্ড দেওয়া হয়েছে। ২০০১-২০০২ সালে আর ৫০,০০০ ক্রেডিট কার্ড দেওয়ার ন্যূনতম লক্ষ্যমাত্রা ধার্য করা হয়েছে।

১০। *স্বয়ম্ভর গোষ্ঠী ও ক্ষুদ্র-ঋণ প্রকল্প* :-

সমবায় ঋণদান সমিতির সদস্য হতে পারেনি, এমন সব দরিদ্রতর মানুষদের ৫ জন বা ততোধিককে একত্রিত করে, তাদের নিত্যদিনের সঞ্চয়কে কয়েক মাস যাবৎ সংগ্রহ করে যে মূলধন হয়, তাকে জমা রেখে তার ৪ গুণ ঋণ ওই গোষ্ঠীকে দাদন করার এই প্রকল্পটি দরিদ্রতর ব্যক্তিদের স্বনিযুক্তি ও স্বয়ম্ভর করে তোলার পক্ষে অতিশয় ফলপ্রদ। ২০০১ সালের মার্চ পর্যন্ত ৯,৩৯৮টি স্বয়ম্ভর গোষ্ঠী গড়ে তোলা হয়েছে যার সদস্য সংখ্যা ৮৫ হাজার ৫ শত ৭২ জন যার মধ্যে ৬৩ হাজার ৪ শত ৬২ জনই মহিলা। এরা নিজের মধ্য থেকে যে মূলধন সংগ্রহ করেছেন তার পরিমাণ ২৬২ লক্ষ এবং তাঁরা ঋণ নিয়েছেন ২৬৮ লক্ষ। এই আর্থিক বছরে নতুন ১০,০০০ স্বয়ম্ভর গোষ্ঠী তৈরি করে ১ লক্ষ মানুষকে ক্ষুদ্র-ঋণ প্রকল্পে যুক্ত করতে উদ্যোগ নেওয়া হয়েছে। এই খাতে বর্তমান আর্থিক বছরে ২০ লক্ষ টাকা বরাদ্দ রাখা হয়েছে।

খ. দীর্ঘমেয়াদি ঋণদান ব্যবস্থা :-

১। *দীর্ঘমেয়াদি ঋণদানের পরিসংখ্যান :-*

বিগত ৪ বছরে দীর্ঘমেয়াদি ঋণদান ও আদায়ের পরিসংখ্যান নিম্নে প্রদত্ত হল :-

(টাকার অঙ্ক লক্ষে)

বছর	লক্ষ্যমাত্রা	ঋণদানের পরিমাণ	আদায়ের %
১৯৯৭-৯৮	৮৩৬৩.০০	৬৪৫৮.০০	৬১.৮১
১৯৯৮-৯৯	৯৮১১.০০	৬৬৮৩.০০	৬৪.৪৪
১৯৯৯-২০০০	৯৬২৭.০০	৭৬২৩.৮১	৬১.৫২
২০০০-২০০১	১০৮৫০.০০	৭৬২৭.০০	৪১.০০

উপরে দেওয়া পরিসংখ্যান থেকে এটা পরিষ্কার লক্ষ করা যাচ্ছে যে, ঋণদানের মোট পরিমাণ বছরে বছরে বেড়েই চলেছে। সেই জন্যে ২০০১-২০০২ সালের জন্য ঋণদানের লক্ষ্যমাত্রা বাড়িয়ে ধার্য করা হয়েছে ১২,৫০০ লাখ।

২। *ঋণপত্র বা ডিবেঞ্চার বিক্রয় :-*

পশ্চিমবঙ্গ রাজ্য সমবায় কৃষি ও গ্রামোন্নয়ন ব্যাঙ্কের মাধ্যমেই কেবলমাত্র সাধারণ ও বিশেষ ঋণপত্র ছাড়ার ব্যবস্থা রয়েছে। এ জন্যে ঋণপত্রের মূল্যের ২.৫ শতাংশ হারে রাজ্য ও কেন্দ্রীয় সরকারকে অর্থ মঞ্জুর করার দায়বদ্ধতা রয়েছে। ১৯৯৯-২০০০ সালে প্রশাসনিক কিছু অসুবিধার জন্য রাজ্য সরকার অর্থ মঞ্জুর করতে পারেনি। ২০০০-২০০১ সালে এই খাতে ১২০ লক্ষ টাকা বরাদ্দ ছিল, যদিও ১০১ লক্ষ ৬১ হাজার টাকা মঞ্জুর করা হয়। ২০০১-২০০২ আর্থিক বছরের জন্য এ ব্যাপারে ১৮০ লক্ষ টাকার বরাদ্দ রাখা হচ্ছে।

৩। *গ্রামীণ গৃহনির্মাণ প্রকল্পে দীর্ঘমেয়াদি ঋণদান :-*

পশ্চিমবঙ্গ রাজ্য সরকার কৃষি ও গ্রামোন্নয়ন ব্যাঙ্ক গ্রামীণ ক্ষেত্রে গৃহনির্মাণে তার বিনিয়োগ নিয়ত বাড়িয়ে চলেছে। ১৯৯৮-৯৯ এবং ১৯৯৯-২০০০ সালে এই বিনিয়োগের পরিমাণ ছিল যথাক্রমে—৪৪৭ লক্ষ, ৭৫৫ লক্ষ ৮০ হাজার টাকা, যা এই ব্যাঙ্কের সদস্য প্রাথমিক সমবায় কৃষি ও গ্রামোন্নয়ন ব্যাঙ্কগুলির মাধ্যমে প্রদত্ত হয়েছে। ২০০০-২০০১ সালে ৩১-১২-২০০০ তারিখের হিসাব পর্যন্ত ৩৩৩.০১ লক্ষ টাকা দাদন করেছে, বৎসরান্তে খবর পেলে দেখা যাবে বিনিয়োগের বার্ষিক পরিমাণ বহুতর অংশে বেড়ে গেছে। ২০০১-২০০২ সালের জন্য তাই এই খাতে লক্ষ্যমাত্রা ধার্য করা হয়েছে ১৫০০ লক্ষ টাকা।

গ. স্বল্প ও দীর্ঘমেয়াদি ঋণদান ক্ষেত্রে সরকারি সহায়তা :-

১। *অংশীদারী মূলধনের সহায়তা :-*

১৯৯৯-২০০০ সালে স্বল্প ও দীর্ঘমেয়াদি ক্ষেত্রে মোট ৫১৯ লক্ষ ৩১ হাজার টাকা সরকারের পক্ষে অংশীদারী মূলধন সহায়তারূপে মঞ্জুর করা হয়েছিল।

২০০০-২০০১ সালে 'নাবার্ডে'র নিকট ৯০০ লক্ষ টাকার প্রস্তাব পাঠানো হয়েছিল, যার সামান্য মাত্র অংশই 'নাবার্ড' অনুমোদন করে। ২০০১-২০০২ সালে ৬৩৩ লক্ষ টাকা অংশীদারী মূলধন সহায়তা প্রকল্পে রাজ্যের বরাদ্দ রাখা হয়েছে।

২। *সুদ বাবদ অনুদান :-*

ভাগচাষী, ক্ষুদ্রচাষী, স্বনিযুক্ত প্রকল্পে নিয়োজিত মানুষদের সমবায়ের ঋণ ও সুদ পরিশোধের ব্যাপারে উৎসাহ জোগাতে রাজ্য সরকার সুদের ছাড় বাবদ অনুদান— অর্থ মঞ্জুর করা হয়ে থাকে। ১৯৯৯-২০০০ সালে ৫৯৯ লক্ষ ৮৭ হাজার টাকা এই বাবদ মঞ্জুর করা হয়েছিল। ২০০০-২০০১ সালে ৭০০ লক্ষ টাকা বরাদ্দ ছিল, কিন্তু ১৪৯ লক্ষ ৮০ হাজার টাকা পর্যন্ত মঞ্জুর করা সম্ভব হয়েছিল। ২০০১-২০০২ সালে এই খাতে ৭৩৫ লক্ষ টাকা বাজেট বরাদ্দ রাখা হয়েছে।

৩। *ঝুঁকি নিবারণী অর্থ সংস্থান (রিস্ক্ ফান্ড) :-*

সাধারণ আমানতকারীর অর্থ প্রাথমিক কৃষিঋণ সমবায় সমিতিগুলিতে বা কেন্দ্রীয় সমবায় ব্যাঙ্কে লগ্নী হিসাবে সম্পূর্ণ সুরক্ষিত থাকে, তা নিশ্চিত করতে রাজ্য সরকার আমানতের যথাক্রমে ৪ এবং ২ শতাংশ হারে অর্থদানে এক·রিস্ক্ ফান্ড বা ঝুঁকি নিবারণী অর্থ ভাণ্ডার গড়ে তুলেছে। ১৯৯৯-২০০০ সালে এই খাতে রাজ্য সরকার ২২৪ লক্ষ ৬৭ হাজার টাকা মঞ্জুর করেছিল। ২০০০-২০০১ সালে ২০৭ লক্ষ টাকা বরাদ্দ থাকলেও ১০৩ লক্ষ ৪৭ হাজার টাকা মঞ্জুর করা গিয়েছিল। ২০০১-২০০২ সালের জন্য এই খাতে ২৮৫ লক্ষ টাকা বরাদ্দ করা হয়েছে। এটা শুধু স্বল্পমেয়াদি আমানতের সুরক্ষার জন্য।

অনুরূপভাবে দীর্ঘমেয়াদি আমানত জমাকারীদের স্বার্থরক্ষা করতে লগ্নীর ৩ শতাংশ হারে রাজ্য সরকারের অর্থ সাহায্য দান করা হয় প্রয়োজনীয় রিস্ক্ ফান্ড গড়ে তোলার জন্য। ১৯৯৯-২০০০ সালে এ ব্যাপারে ১০০ লক্ষ টাকা মঞ্জুর করা হয়েছিল। গত বছর এই খাতে ২৯ লক্ষ ৫২ হাজার টাকা মাত্র খরচ হয়েছিল। এ বছর এই খাতে ১২০ লক্ষ টাকা বরাদ্দ করা হয়েছে।

ঘ. **শহরাঞ্চলীয় ঋণদান পরিষেবা ব্যবস্থা :-**

১। শহরাঞ্চলীয় সমবায় ঋণদান সমিতি ও ব্যাঙ্কগুলি এই ঋণদান পরিষেবা দিয়ে থাকে। এ কাজে সম্প্রতি কিছু মহিলা সমবায় ঋণদান সমিতিও এগিয়ে এসেছে। তার সঙ্গে রয়েছে কর্মচারী ঋণদান সমবায় সমিতি। এই সব শহরাঞ্চলীয় সমবায় ঋণদান সমিতি ও ব্যাঙ্কগুলি অকৃষি ক্ষেত্রে স্বনিযুক্তি প্রকল্পে বা সাংসারিক সামাজিক সাধারণ ও বিশেষ খরচ-খরচা বাবদও ঋণদান করে থাকে। এই সমিতি ও সমবায় ব্যাঙ্কগুলির হাতে ১১৭৪ কোটি টাকার আমানত রয়েছে এবং ঋণ বাবদ তাদের বিনিয়োগ ৭৭৬ কোটি টাকা, ৩১-৩-২০০১ তারিখের হিসাব অনুযায়ী।

২। *মহিলা সমবায় ঋণদান সমিতি :-*

দরিদ্র মহিলাদিগকে আর্থিক কর্মকাণ্ডে যুক্ত করতে এবং তাদের আর্থিক স্বনির্ভরতা প্রদান করার লক্ষ্যে ১৯৯২-১৯৯৩ সাল থেকে পশ্চিমবঙ্গের মহিলা সমবায় ঋণদান সমিতি ও ব্যাঙ্ক খোলার উদ্যোগ গ্রহণ করা হয়। এখন পর্যন্ত ৩৯টি মহিলা সমবায় ঋণদান সমিতি এবং ২টি মহিলা সমবায় ব্যাঙ্ক গড়ে তোলা সম্ভব হয়েছে, যাদের কার্যকরী মূলধন ৪৫০ লক্ষ টাকা। এরা মহিলাদের স্বনির্ভর কর্মসূচি প্রশিক্ষণও দেয়, অর্থ সাহায্যও করে। মহিলা সমবায় সমিতিগুলিকে রাজ্য সরকার অংশীদারী মূলধন সহায়তা প্রদান করে থাকে।

২০০০-২০০১ সালে এই খাতে দাবি বিশেষ না থাকায় মাত্র ৬৭ হাজার টাকা মঞ্জুর করা হয়েছিল। ২০০১-২০০২ সালে এই খাতে ১৫ লক্ষ টাকা বরাদ্দ করা হয়েছে। আমি সদনের মাননীয় সদস্য ও সদস্যাগণের কাছে এই অনুরোধ ও আহ্বান রাখছি, যেন তাঁরা অধিকতর মহিলা সমবায় সমিতি গড়ে তুলতে উদ্যোগী হন, যাতে করে জীবন ও জীবিকার সর্ববিধ ক্ষেত্রে মহিলাদের স্বনিযুক্ত কর্মসংস্থান সৃষ্টি করা সম্ভব হয়ে ওঠে এবং তাঁদের আর্থিক সামর্থ্য লাভ তাদের সামাজিক প্রতিষ্ঠা লাভে সাহায্য করে।

ঙ. <u>ভোগ্যপণ্য বিপণনে ক্রেতা-সমবায়ের ভূমিকা :-</u>

রাজ্যের সর্বত্র ছড়িয়ে রয়েছে বহুল সংখ্যক প্রাথমিক ক্রেতা সমবায় সমিতি, শহরে এবং গ্রামে। শীর্ষে রয়েছে 'কনফেড' নামক রাজ্যস্তরীয় ক্রেতা সমবায় মহাসংঘ। মধ্যে রয়েছে ২৮টি পাইকারি ক্রেতা সমবায় সমিতিগুলি। আর রয়েছে ১৯টি বিভাগীয় বিপণি, ৭৬টি ছোট এবং ১৫০০ ছোট বিপণন কেন্দ্র বা দোকান। এ ছাড়া প্রাথমিক সমবায় ঋণদান সমিতি এবং প্রাথমিক কৃষিপণ্য বিপণন সমিতিগুলির কেউ কেউ ভোগ্যপণ্যের খুচরা ব্যবসা করে থাকে। প্রত্যন্ত প্রদেশে পণ্য পাঠাতে ১০টি মোবাইল ভ্যান ব্যবহার করা হয়। এই সমবায় পরিকাঠামোর ভিতর দিয়ে গত বছর ৪৬৫ কোটি টাকার পণ্য বিক্রয় করা হয়েছে। ২০০১-২০০২ সালের জন্য ধার্য করা হয়েছে ৫৫০ কোটি টাকার ভোগ্যপণ্য সরবরাহের লক্ষ্য। রাজ্য সরকার ক্রেতা সমবায়কে অর্থ সাহায্য করে অংশীদারী মূলধন খাতে। এন সি ডি সি ঋণদানে এগিয়ে আসে পরিকাঠামো এবং কার্যকরী মূলধন জোগাতে। গত বছর এই খাতে রাজ্য বাজেট থেকে ১৯ লক্ষ ৬৩ হাজার টাকা মঞ্জুর করা হয় এবং এ বছর এই খাতে ৭০ লক্ষ টাকার বরাদ্দ রাখা হয়েছে।

চ. <u>বিপণন ও প্রক্রিয়াকরণ সমবায়গুলির কাজকর্মের খতিয়ান তথা বাজেট বরাদ্দ :-</u>

প্রাথমিক কৃষি বিপণন সমিতিগুলি (প্যাম) ও তাদের রাজ্যস্তরীয় সমবায় 'বেনফেডে'র মাধ্যমে একদিকে যেমন সার বিপণনের বিশাল নেট-ওয়ার্ক রয়েছে, তেমনি সেগুলি চাষিদের ধান ও পাটের উৎপাদন-মূল্যের সুরক্ষা প্রদানে প্রয়োজনীয় বাজারজাত সংগ্রহ কর্মে নিরত থাকে। বর্তমানে রাজ্যে ২৭৮টি 'প্যাম' রয়েছে ১৯৯৯-২০০০ সালে এই সংস্থাগুলি ২৫৮ কোটি টাকার বিপণন ব্যবসা করেছে আর ২০০০-২০০১ সালের ৩১-৩-২০০১ পর্যন্ত শুধু সারের কারবারে ২৫৫ কোটি ৮৩

লক্ষ টাকার ব্যবসা করেছে, যদিও লক্ষ্যমাত্রা ছিল ২৯৫ কোটি টাকার। ২০০১-২০০২ সালের লক্ষ্যমাত্রা ধার্য করা হয়েছে ৩৩০ কোটি টাকার। এ ছাড়া ৫২টি সমবায়ের হাতে আছে ৬২টি সমবায় হিমঘর, যার সংরক্ষণ-ক্ষমতা ২.৬৬ লক্ষ মেট্রিক টন। এ ছাড়া ৩০৩৭টি বিপণন গুদাম রয়েছে রাজ্যব্যাপী, যার মাল রাখার ক্ষমতা ৫.২১ লক্ষ মেট্রিক টন। এ বছরের শেষে এই গুদামগুলির মাল রাখার ক্ষমতা গড়ে দাঁড়াবে ৬.৪৮ লক্ষ মেট্রিক টন। এই সব প্যাম, হিমঘর এবং সমবায় গুদামঘরের জন্য ৬১৫ লক্ষ টাকা প্ল্যান বাজেট থেকে এবং ৩৩৬ লক্ষ টাকা প্ল্যান-বহির্ভূত (উন্নয়ন) বাজেট বরাদ্দ থেকে ২০০০-২০০১ সালে ব্যয় করা হয়েছে। ২০০১-২০০২ সালের বাজেট বরাদ্দে এই সব বিপণন ও প্রক্রিয়াকরণ সমবায়গুলির আর্থিকতার সহায়তার জন্য ১৬৯২ লক্ষ টাকা রাখা হয়েছে।

ছ. বিবিধ ক্ষেত্রে সমবায়ের ভূমিকা :-

১। *স্থপতিদের সমবায় (ইঞ্জিনিয়ারিং সমবায়) :-*

বেকার ইঞ্জিনিয়ারদের সমবায় ডিপ্লোমাপ্রাপ্ত বেকারদের সমবায় সমিতি গড়ে তুলতে রাজ্য সরকার অংশীদারী মূলধন সহায়তা দান করে থাকে। ২০০১ সালের মার্চ পর্যন্ত এই সকল সমবায়ের সংখ্যা ছিল এক হাজারের অধিক। ২০০০-২০০১ সালে ১ লক্ষ ৪৬ হাজার টাকা এ খাতে ব্যয় হয়েছে এবং এ বছর এ ব্যাপারে ৫ লক্ষ টাকা বরাদ্দ করা হয়েছে।

২। *শ্রমিক শ্রেণির সমবায় :-*

অসংগঠিত শ্রমিকদের আর্থিক স্বাবলম্বনের জন্য সমবায় গড়ে তুলতে সমবায় দপ্তর বিশেষ আগ্রহ ও আর্থিক সহায়তা প্রদান করে থাকে। এ সব সমিতি মাটি কাটার কাজে, রাস্তা নির্মাণের কাজে, নলকূপ পোঁতা ইত্যাদি কাজের বরাদ্দ পেতে কিছু অগ্রাধিকার পেয়ে থাকে। ২০০০-২০০১ সালে এ সব সমিতির সংখ্যা ১৫০০-র অধিক ছিল এবং তারা ৩০ হাজার টাকার সরকারি অর্থ মঞ্জুরী লাভ করেছে। এ বছর এদের জন্য ২ লক্ষ টাকার বাজেট বরাদ্দ রাখা হয়েছে।

৩। *গ্রামীণ বিদ্যুৎ-পরিবাহ সমবায় :-*

সিঙ্গুর-হরিপাল গ্রামীণ বিদ্যুৎ পরিষেবা সমবায় সমিতির সাফল্যে অনুপ্রাণিত হয়ে সরকার সব জেলাতে এমন সমবায় গড়ে তুলতে উৎসাহ প্রদান করে। এ পর্যন্ত হুগলি, বীরভূম, মেদিনীপুরে একটি করে এবং দক্ষিণ ২৪ পরগনায় ২টি সমিতি গঠিত হয়েছে। বিদ্যুৎ দপ্তর তথা পশ্চিমবঙ্গ গ্রামীণ বৈদ্যুতিকরণ কর্পোরেশনের কাছে আমরা আগ্রহ প্রকাশ করছি যেন তারা এই সেক্টরে সমবায়ের হাতে আরও বেশি কার্যভার তুলে দিতে সচেষ্ট হন।

জ. রাজ্য সরকারের দ্বারা সমবায়ের বিকাশ খাতে অন্যান্য ব্যবস্থাপনা

১। *অতিরিক্ত তদর্থক ভাতা :-*

নির্দিষ্ট কয়েক ধরনের সমবায় সমিতির কর্মচারীদের অতিরিক্ত তদর্থক ভাতা প্রদান প্রকল্পে রাজ্য সরকার ১৯৯৮ সাল থেকে কর্মী প্রতি ৬০০ টাকা করে

সহায়তা প্রদান করে থাকে। ১৯৯৯-২০০০ সালে এই খাতে ৬০৮ লাখ টাকা মঞ্জুর করা হয়েছে এবং ২০০০-২০০১ সালে দেওয়া হয়েছে ৭০০ লাখ। এ বছর এই খাতে বরাদ্দ করা হয়েছে ৭৩৭ কোটি ৩২ লক্ষ টাকা।

২। *সমবায়ের প্রশিক্ষণ ও শিক্ষাপ্রদান ব্যবস্থা :-*

পশ্চিমবঙ্গ রাজ্য সমবায় ইউনিয়ন তার ৬টি ট্রেনিং সেন্টার, যা উত্তরপাড়া, বরশূল, ঝাড়গ্রাম, কালিম্পং, ইলামবাজার এবং জলপাইগুড়িতে অবস্থিত। রাজ্যের কোণে কোণে থেকে আগত সমবায়ের অডিটরদের, ব্যাঙ্কের সুপারভাইজারদের, প্রাথমিক সমিতিগুলির ম্যানেজারদের প্রশিক্ষণ প্রদান করার সঙ্গে সঙ্গে সমবায়ের নির্বাচিত কর্মকর্তাদের প্রশিক্ষণেরও ব্যবস্থা করে থাকে। ২০০০-২০০১ সালে ২০১০ জন সমবায় কর্মীদের, যার মধ্যে ৫৯৬ জন তফসিলি এবং ১৬৭ জন তফসিলি উপজাতির কর্মী অফিসার ছিলেন, বিবিধ রকমের প্রশিক্ষণের ব্যবস্থা করেছে।

এ ছাড়া, পশ্চিমবঙ্গ রাজ্য সমবায় কৃষি ও গ্রামোন্নয়ন ব্যাঙ্কের উন্নতমানের প্রশিক্ষণ কেন্দ্র 'ইকমার্ড' নামে প্রসিদ্ধি লাভ করেছে, যা উল্টোডাঙায় অবস্থিত। এ ছাড়া কেন্দ্রীয় সরকার পরিচালিত কল্যাণী শহরে 'নেতাজি সুভাষ ইনস্টিটিউট অব কো-অপারেটিভ ম্যানেজমেন্ট' সমবায় পরিদর্শন থেকে শুরু করে সমবায় সমিতির উচ্চপদাধিকারী ব্যক্তিদের প্রশিক্ষণের ব্যবস্থা করে থাকে। সমবায় ইউনিয়ন সভা-সমিতি, প্রচার-পুস্তিকা, হ্যান্ডবিলগুলি জনশিক্ষার কাজ করে থাকে। ২০০১-২০০২ সালে রাজ্য সরকার এ ব্যাপারে পরিকল্পনা খাতে ১০০ লাখ এবং পরিকল্পনা-বহির্ভূত খাতে ৭৪.৫৫ লাখ টাকা বরাদ্দ রেখেছে।

৩। *তথ্য সংগ্রহ, তথ্যভাণ্ডার ও সম্প্রচার কার্যে সমবায় :-*

পশ্চিমবঙ্গ রাজ্য সমবায় ইউনিয়ন প্রচার ও জনসংযোগের বিবিধ ব্যবস্থা করা ছাড়াও সেমিনার ও প্রদর্শনীর আয়োজন করা ছাড়া, নভেম্বরে 'সর্বভারতীয় সমবায় সপ্তাহ' বিশেষভাবে পালন করে থাকে। এ ছাড়া ইউনিয়ন একটি মাসিক জার্নাল প্রকাশ করে আসছে। অর্ধ শতাব্দী জুড়ে যার নাম 'ভাণ্ডার'। ইউনিয়ন সমিতিগুলি থেকে শিক্ষা তহবিল খাতে অর্থ পায়। তা ছাড়া সরকারের কাছে পায়। যেমন গত বছর পেয়েছিল ১ লক্ষ ৪৬ হাজার টাকা এবং এ বছরের বরাদ্দ রয়েছে ১৫ লক্ষ টাকা।

সমবায় দপ্তর, তার ডাইরেক্টরেটের মাধ্যমে, বছরে বছরে 'সমবায় মেলা' সংগঠিত করতে শুরু করেছে। এর মাধ্যমে সমবায় সমিতিজাত সর্বপ্রকার পণ্যসামগ্রীর বিক্রি ও প্রচারের কাজে বিশেষ সহায় হয়। এ বছর সমবায় দপ্তর, অধিকার, অডিট অধিকারে কম্পিউটারচালিত তথ্য সংরক্ষণ ও তথ্য সঞ্চার ব্যবস্থা চালু করতে উদ্যোগী হয়েছে। সব মিলে ২০০০-২০০১ খাতে এই বছর ৩০ লক্ষ টাকা ধার্য করা হয়েছে।

৪। *সমবায় অডিট অধিকার :-*

সমবায় সমিতিগুলির প্রাথমিক থেকে শীর্ষ শ্রেণির সকল কয়টিতে আবশ্যিক বার্ষিক অডিট এই অধিকারের প্রাথমিক কাজ। ২০০০-২০০১ সালে ৫০০ জনের

বেশি অডিটরকে কাজে লাগিয়ে মোট ১৭০০০ সমবায় অডিট করে ৫২,৫৬,১৩৪ টাকা আয় করেছে।

৫। *সমবায় সার্ভিস কমিশন :-*

সমবায় আইনের ৩৮ ধারা অনুসারে রাজ্যে একটি সমবায় সার্ভিস কমিশন গড়ে তোলা হয়েছে, যাতে সমবায় কর্মী ও অফিসার নিয়োগের ক্ষেত্রে নীতি ও মানের ঐক্য এবং সমতা থাকে। কমিশন অবশ্য শুধু ৫ম তফসিলের ৭টি শ্রেণির সমবায়ের অফিসার থেকে তৃতীয় শ্রেণি কর্মীবৃন্দকে নির্বাচিত করে দেন। ২০০১-২০০২ সালে কমিশনের সাকুল্যে খরচ বাবদ ১৩.৭৯ লক্ষ টাকা বরাদ্দ করা হয়েছে।

৬। *পশ্চিমবঙ্গ সমবায় ট্রাইবুন্যাল :-*

১৯৭৪ সাল থেকে সমবায় সমিতিগুলির মামলা-মোকদ্দমা ও বিতর্কিত বিষয়গুলির নিষ্পত্তির জন্য এই ট্রাইবুন্যাল গঠিত হয়েছিল। ২০০০-২০০১ সালে এটি ৯১টি মামলার মধ্যে ৬১টির নিষ্পত্তি করতে সক্ষম হয়েছে।

মাননীয় অধ্যক্ষ মহোদয়, আমার বক্তৃতার শেষ ভাগে, এই সভার সকল মাননীয় সদস্যদের কাছে নিবেদন করতে চাই যে, ভারতীয় সংবিধানের ৭ম সিডিউলের রাজ্য তালিকার ৩২ ক্রমিক সংখ্যায় উল্লেখিত 'সমবায়' রাজ্য সরকারের কর্ম ও দায়িত্বের অন্তর্গত এবং সেই হেতু সমবায়ের রক্ষা, উন্নতি ও প্রসারের জন্য রাজ্য সরকার সাংবিধানিকভাবে দায়বদ্ধ। আর্থিক সীমাবদ্ধতা সত্ত্বেও সেই দায়দায়িত্ব পালনের লক্ষ্যে আমাদের সরকার সর্বতোভাবে সমবায়ের পক্ষে, সমবায়ের জন্যে এবং সমবায়ের স্বার্থে যা কিছু সম্ভব করতে অঙ্গীকারবদ্ধ। আমিও এই সদনে উপস্থিত মাননীয় সকল সদস্যদিগকে এই মর্মে আহ্বান জানাচ্ছি যে, তাঁরা যেন নৈতিক ও প্রত্যক্ষভাবে সমবায়ের পক্ষে, সমবায় আন্দোলনের বিকাশ ও উন্নতির কাজে সক্রিয়ভাবে এগিয়ে আসেন এবং সমবায়ের সুস্থ ও সমৃদ্ধ বিকাশের কাজে আমাদের যথাযথ সাহায্য করেন।

এ তাবৎ গ্রামীণ দারিদ্র্য দূরীকরণের কাজে সমবায় অনেক উদ্যোগ গ্রহণ করেছে, সেই সঙ্গে আজকের প্রয়োজন ও দাবি মেনে শহরে বেকারদের নিয়েও কিছু করার। শহরাঞ্চলীয় সমবায় ব্যাঙ্ক ও অকৃষি ঋণদান সমিতিগুলির কাছে যে বিশাল আমানত ভাণ্ডার গড়ে উঠেছে, তার সৎ-উপযোগ করে উৎপাদনমুখী, ব্যবস্থাকেন্দ্রিক, সেবাকেন্দ্রিক, সংস্কৃতিকেন্দ্রিক, শিল্পকেন্দ্রিক বিচিত্র প্রকার সমবায় গড়ে তুলে বেকারদের কর্মসংস্থান ও সুস্থজীবনে ফিরিয়ে আনতে সকলকে আহ্বান জানাই।

আমি গভীরভাবে আশাবাদী যে, পশ্চিমবঙ্গে সমবায় আন্দোলন এ প্রদেশের অর্থনীতিতে এক বিবর্তনের সূত্রপাত করতে পারে, গ্রামীণ তথা শহরে গরিবদের আর্থিক সক্ষমতা প্রদান করে, স্বনিযুক্তি ও যৌথনিযুক্তি কর্মসূচিতে যুক্ত করে, সকল মানুষের জীবিকার উন্নয়নের সঙ্গে সঙ্গে বিশেষভাবে পিছিয়ে-পড়া জনগণের জন্য বেঁচে থাকার অবশ্যম্ভাবী অবলম্বন তৈরি করে দিয়ে।

এই সব ঘোষিত লক্ষ্য ও উদ্দেশ্যকে সফল করতে, কথিত প্রকল্প ও কর্মসূচি রূপায়ণের উদ্দেশ্যে, আমি সদনে উপস্থিত সকল মাননীয় সদস্যের কাছে আরও আবেদন করব, সমবায়ের সমর্থনে, সমবায় আন্দোলনকে সঠিক লক্ষ্যে পৌঁছে দিতে, জনগণের সমবায় প্রয়াসকে স্বয়ম্ভর করে তুলতে আমার প্রস্তাবিত বাজেট বরাদ্দের সমর্থন করেন। এই আবেদনের সঙ্গে, এই সভার কাছে আমার বিভাগের প্রস্তাবিত ব্যয়-বরাদ্দ অনুমোদনের জন্য সুপারিশ করছি।

[2.00—2.10 p.m.]

Demand No. 57

Mr. Speaker: There are 24 Cut Motions on Demand No. 57. All the Cut Motions are in order and taken as moved.

Shri Subrata Mukherjee (1) Shri Kashinath Mishra (2)	Sir, I beg to move that the amount of the Demand be reduced to Re. 1/-
Shri Saugata Roy (3-4) Shri Kamal Mukherjee (5) Shri Biman Chakrabarti (6) Shri Kallol Khan (7) Shri Kalipada Mandal (8) Smt. Manju Basu (9) Shri Ashok Kumar Deb (10-11) Shri Kashinath Mishra (12-13) Shri Abdul Mannan (14-17) Shri Nirmal Ghosh (18-20) Shri Sadhan Pande (21) Shri Tarak Bandyopadhyay (22-23) Shri Sital Kumar Sardar (24)	Sir, I beg to move that the amount of the Demand be reduced to Rs. 100/-

শ্রী অতীশ চন্দ্র সিনহা : মাননীয় অধ্যক্ষ মহাশয়, মাননীয় সমবায় মন্ত্রী যে বাজেট আমাদের সামনে পেশ করেছেন আমি সেই বাজেটের বিরোধিতা করছি এবং বিরোধীদলের তরফ থেকে যে ছাটাই প্রস্তাব এসেছে সেগুলিকে সমর্থন করছি। মাননীয় অধ্যক্ষ মহাশয়, আপনি এবং সমস্ত বিধানসভাই আমার সঙ্গে এক মত হবেন যে সমবায়ের গুরুত্ব এই আর্থ সামাজিক ক্ষেত্রে অত্যন্ত গুরুত্বপূর্ণ। স্যার, আপনি জানেন ভারতবর্ষে পাবলিক সেক্টর এবং প্রাইভেট সেক্টর আছে তার মাঝে এই সমবায়ের মাধ্যমে দরিদ্র শ্রেণী যারা সমাজের দারিদ্র্যসীমার নীচে বাস করে তাদের উন্নয়নের একটা পথ আমরা করে দিতে পারি। কিন্তু তার জন্য যে প্রয়োজনীয় তৎপরতা দরকার সেই তৎপরতার অভাব আমরা লক্ষ্য করছি এই সরকারের তরফ থেকে। স্যার, আমরা সমবায়কে আন্দোলন বলি, আপনারা যাঁরা বামফ্রন্টের শরিক তাঁরা বহু আন্দোলন করেছেন সেটা আমরা জানি এবং সারা ভারতবর্ষের মানুষই জানে যে আপনারা আন্দোলনে পটু। সমবায় আন্দোলনের ক্ষেত্রে আপনারা কিন্তু সম্পূর্ণভাবে বিফল। আমি পরে এর পরিসংখ্যান দেব। সমবায়কে আন্দোলনের চেহারা দিতে গেলে যে কর্মপদ্ধতি এবং কর্মকুশলতা দরকার আমরা গত ২৪ বছরেও সেটা দেখতে পাইনি। মন্ত্রী মহাশয় নতুন এই দপ্তরে এসেছেন, আগে তিনি কৃষি মন্ত্রী ছিলেন, আমরা আশা করবো তিনি

এই দিকে নজর দিয়ে সমবায়কে আরও সত্যিকারের আন্দোলনের চেহারা দিয়ে যাতে করে দারিদ্র্যসীমার নীচে যারা বাস করে তাদের উন্নতি করবেন। দারিদ্র্যসীমার নীচে যারা বসবাস করে যারা একত্রিত না হয়ে কোনও কিছুই করতে পারে না তারা সমবায়ের মাধ্যমে একত্রিত হয়ে যাতে কিছু করতে পারবে সেটা আমরা আশা করবো মাননীয় মন্ত্রী মহাশয় সেই দিকে নজর দিয়ে আগামীদিনে এই সমবায়কে একটা আন্দোলনের চেহারা দেবার চেষ্টা করবেন এবং পশ্চিমবঙ্গের সমবায়কে এগিয়ে নিয়ে যাবার চেষ্টা করবেন। পশ্চিমবঙ্গে সমবায় পিছিয়ে আছে এ ব্যাপারে কোনো সন্দেহ নেই। আপনারা আগে বলতেন সমবায়ে ঘুঘুর বাসা তৈরি হয়েছে। আমরা যখন ১৯৭২ সালে আসি এবং তখন সমবায়ের যে চেহারা দেখলাম সেটা করুন। তখন অনাদায়ী ছিল শতকরা ৯৫ ভাগ টাকা যা আগে দেওয়া হয়েছিল। সেই সময় রিজার্ভ ব্যাঙ্ক থেকে টাকা আসত ঋণ দেওয়ার জন্য, তখন রিজার্ভ ব্যাঙ্ক বলেছিল এত অনাদায়ী থাকলে আমরা পশ্চিমবঙ্গ সরকারকে আর টাকা দেব না। সেই সময় আমরা আইনের পরিবর্তন করে কিছু ডাস্ট্রিক স্টেপ নিতে বাধ্য হয়েছিলাম। যার জন্য সেই সময় ১৯৭২ থেকে ১৯৭৭ সালে খুব বেশি না হলেও সমবায়কে খানিকটা এগিয়ে নিয়ে যেতে সমর্থ হওয়া গেছে। তারপর থেকে আপনারা এসেছেন। কিছু কিছু এগিয়েছে কিন্তু তা প্রয়োজনের তুলনায় যৎসামান্য। পরে আমি পরিসংখ্যান দেব। আপনাদের যে বাজেট বরাদ্দ তাতে বুঝতে পারবেন বামফ্রন্ট সরকার এই সমবায় দপ্তরকে কতটা গুরুত্ব দিচ্ছে। ১৯৯২-৯৩ সালে সমবায় দপ্তরের বাজেট বরাদ্দ ছিল ৪৭ কোটি ৭৫ লক্ষ টাকা এবং তারপরের ৩ বছরে বরাদ্দ কমে গেল। আমি লক্ষগুলো আর উল্লেখ করছি না। পরের বছরে বরাদ্দ দাঁড়ালো ২৯ কোটি টাকা, ১৯৯৫-৯৬ সালে হল ৩৩ কোটি টাকা, ১৯৯৬-৯৭ সালে হল ৪৬ কোটি টাকা। ১৯৯২-৯৩ সালে বরাদ্দ ছিল ৪৭ কোটি টাকা এবং তারপরে এটা অল্প অল্প করে বাড়তে বাড়তে বর্তমান বছরে ২০০১-০২ সালে হ'ল ৭৮ কোটি ৬৭ লক্ষ টাকা। প্ল্যানে ১৯৯৮-৯৯ সালে ছিল ১৮ কোটি টাকা, ২০০০-০১ সালে ছিল ২৪ কোটি টাকা। আপনারা জানেন প্ল্যান ফান্ডের মধ্যে নতুন সমিতিগুলোর গোডাউন হবে, হিমঘর হবে, নতুন বাড়ি ইত্যাদি কাজগুলো হয়ে থাকে। কিন্তু এই যে ৭৮ কোটি টাকা বরাদ্দ করেছেন তার মধ্যে প্ল্যান ফান্ডে কত টাকা ধরা হয়েছে সেটা আমরা জানি না। মাননীয় মন্ত্রী মহাশয় নিশ্চয় আলোচনার সময় সেটা আমাদের জানিয়ে দেবেন। আপনারা জানেন সাধারণত প্রত্যেকটা দপ্তরে প্ল্যানের জন্য যে টাকা ধার্য হয় শেষ পর্যন্ত অর্থ দপ্তর থেকে তা মঞ্জুর হয় না। এটা দুঃখের কথা। এই সামান্য অর্থও যদি সমবায় দপ্তর না পায় তাহলে তারা কি করে স্বনির্ভর, স্বয়ংসম্পূর্ণ, স্বয়ম্ভর হবে তা তো আমি বুঝতে পারছি না। ১০ বছরে বাজেট বরাদ্দ বাড়লো ৩১ কোটি টাকার মতো। ১৯৯২-৯৩ সালে যে যে ৪৭ কোটি টাকা বরাদ্দ ছিল তার উপর যদি ১০ শতাংশ মুদ্রাস্ফীতিও ধরা হয় তাহলে ১৯৯২-৯৩ সালের মূল্যমানে থাকতে হলে এবারের বাজেট বরাদ্দ হতে হত ৯৫ কোটি টাকার। অঙ্ক করে দেখতে পারেন। কিন্তু হয়েছে ৭৮ কোটি টাকা। অর্থাৎ ১৯৯২-৯৩ সালের মূল্যমানের জায়গায় ১০ বছর পরেও বরাদ্দ করতে পারলেন না। তাহলে কিভাবে পশ্চিমবঙ্গে সমবায় আন্দোলন এগোবে। সুতরাং আমি আশা করব এই দপ্তরকে আরো গুরুত্ব দেওয়া হবে এবং আরো বরাদ্দ করে সমবায় আন্দোলন যাতে পশ্চিমবঙ্গে বিস্তৃতি লাভ করতে পারে তার জন্য সব রকম চেষ্টা করা হবে।

কিন্তু এই সমবায় দপ্তরের মধ্যে যে একটা প্রবণতা আছে তা সমবায় আন্দোলনের পরিপন্থী, সেটা হচ্ছে এর মধ্যে রাজনীতির অনুপ্রবেশ। একটা সমবায় সমিতি তা সে গ্রামের হোক, জেলার হোক বা শীর্ষ সমবায় সমিতি, যাই হোক না কেন সেখানে সব সময় একটা প্রচেষ্টা থাকে কিভাবে দলীয় প্রতিনিধি, ডাইরেক্টর হিসাবে হোক, প্রতিনিধি হিসাবে হোক, ঢুকিয়ে দেওয়া। এই প্রবণতা কিন্তু সমবায় আন্দোলনের মূল গণতান্ত্রিক আদর্শের সম্পূর্ণ পরিপন্থী। যদি সমবায় আন্দোলনকে আগামীদিনে একটা ভালো অবস্থায় দেখতে চান তাহলে মাননীয় বিভাগীয় মন্ত্রী এবং মন্ত্রীসভাকে এই বিষয়ে নজর দিতে আমি অনুরোধ করব। মাননীয় মন্ত্রী মহাশয় তার বাজেট বরাদ্দে বলেছেন, 'বর্তমান আর্থিক বছর থেকে, প্রাথমিক থেকে শীর্ষস্তরীয় সকল প্রকার সমবায় সমিতির ক্ষেত্রে বাৎসরিক উন্নয়ন পরিকল্পনা এবং পঞ্চবার্ষিক পরিকল্পনা লিখিতভাবে প্রস্তুত ও রূপায়ণের আবশ্যিক দায়বদ্ধতাকে বাধ্যতামূলক করে যথাযথ সরকারি নির্দেশ জারি করা হয়েছে।' ভালো কথা।

[2.10—2.20 p.m.]

কিন্তু আপনি জানেন যে, সমবায় পরিচালন সমিতির স্থায়িত্বকাল ৩ বছর। এবং তাকে যদি বলা হয়, তুমি একটা পঞ্চবার্ষিক পরিকল্পনা কর তাহলে তার পক্ষে সেটা করা খুব মুশকিল হবে। যদিও সব কাজ করা যায়, কিন্তু ৩ বছরে সেই কাজ করে দিতে বললে সেটা খুব মুশকিল হবে। যদি ৩ বছরে সেই কাজটা করেও দেওয়া হয় তাহলেও দেখা গেল যে, ৩ বছর পর সেই পরিচালন সমিতির হাত বদল হয়ে অন্য পরিচালন সমিতির হাতে এলে তারা যে পঞ্চবার্ষিক পরিকল্পনা করেছেন তার সঙ্গে তার কোনো মিল হচ্ছে না। তারা সেটা পরিবর্তন করতে চান। আমি মাননীয় মন্ত্রী মহাশয়কে বলব যে, পঞ্চবার্ষিক পরিকল্পনার মধ্যে দিয়ে সমবায় সমিতিগুলোকে নির্দেশ জারি করুন, আইন পরিবর্তন করে প্রত্যেকটি পরিচালন সমিতির স্থায়িত্বকাল ৩ বছর থেকে বাড়িয়ে ৫ বছর করা হোক। আপনি জানেন, নতুন মডেল অ্যাক্ট হচ্ছে। সেই মডেল অ্যাক্টে দেখুন যাতে স্থায়িত্বকাল পঞ্চবার্ষিক পরিকল্পনার ধাঁচে প্রত্যেকটি সমবায় পরিচালন সমিতিকে আনা যায়, তাহলে সমবায় পরিচালন সমিতির স্থায়িত্বকাল ৩ বছরের পরিবর্তে ৫ বছর করা যায় কিনা—আপনি সেটা নিশ্চয়ই বিবেচনা করে দেখবেন। মাননীয় মন্ত্রী মহাশয় এই বাজেট বইয়ের দুই পৃষ্ঠায় বলেছেন যে, "পশ্চিমবঙ্গের প্রতিটি গ্রামকে পরিষেবা প্রদানে কোনও না কোনও সমবায় ঋণদান সমিতি সম্পূর্ণ ক্রিয়াশীলরূপে পাওয়া যায়, এটা আমরা সুনিশ্চিত করতে চাই"। অভূতপূর্ব, খুবই ভাল। এ বিষয়ে কোনো সন্দেহ নেই। প্রত্যেকটি গ্রামকে সমবায় সমিতির মাধ্যমে পরিষেবা দিতে চান। খুবই ভালো কথা। কিন্তু আমরা দেখছি সেটা করতে গেলে, পশ্চিমবঙ্গে কতগুলো সমবায় সমিতি আছে, মানে জীবিত আছে, কাজ করছে, মৃত অবস্থায় নেই এই হিসাব আপনার রাখা দরকার। এই হিসেব আমি বহুবার সমবায় দপ্তর থেকে জানতে চেয়েছি, কিন্তু সমবায় দপ্তর থেকে কিছু জানতে পারিনি। যদিও আমরা স্ট্যাটিসটিকাল অ্যাপেনডিক্স থেকে দেখছি যে, গোটা পশ্চিমবঙ্গে প্রায় বিভিন্ন রকমের সমবায় সমিতি নিয়ে ২৩ হাজার ১০০টি সোসাইটি আছে। কিন্তু পরে মাননীয় মন্ত্রী এক জায়গায় বলেছেন, ৪০ হাজার গ্রামে ৮ হাজার কৃষি ঋণদান সমিতি দরকার। ৫টি গ্রাম মিলিয়ে যদি একটি করে কৃষি ঋণদান সমিতি করতে

হয় তাহলে পশ্চিমবঙ্গে ৮ হাজার কৃষি ঋণদান সমিতি দরকার। সেই জায়গায় বলছেন যে, মৃত, অর্ধমৃত যেগুলো আছে সেগুলোকে বাদ দিয়ে পশ্চিমবঙ্গে নাকি ৬ হাজার কৃষি ঋণদান সমিতি আছে। এই ৬ হাজার কৃষি ঋণদান সমিতি কিভাবে আছে, তারা কৃষি ঋণদান করছেন কিনা, তারা অর্ধমৃত না মৃত—সে বিষয়ে যথেষ্ট সন্দেহ আছে।

মাননীয় মন্ত্রী মহাশয় তাঁর জবাবী ভাষণে নিশ্চয়ই এর উত্তর দেবেন। প্রকৃতপক্ষে কৃষি ঋণদান সমিতি যেগুলোকে আজকে আমরা 'প্যাক্স' বলি সেগুলো পশ্চিমবঙ্গে সত্যিকারের কতগুলো আছে এবং তারা কি কাজ করছে সে ব্যাপারে উনি নিশ্চয়ই আমাদেরকে পরিসংখ্যান দেবেন এবং উনি বলেছেন প্রত্যেকটি গ্রামকে পরিষেবামূলক কৃষি ঋণদান ছাড়াও, মার্কেটিং সোসাইটি হোক, ক্রেতা সমবায় সমিতি হোক, এই রকম ধরনের যে কোনো একটা ধরনের সমবায় সমিতি পশ্চিমবঙ্গে ৪০ হাজার গ্রামে উনি করবেন বলে অভিপ্রায় প্রকাশ করেছেন। অভূতপূর্ব, খুবই ভাল। কিন্তু এটা পশ্চিমবঙ্গে রূপায়িত করতে গেলে যে বাজেট বরাদ্দ দরকার সেটা আমরা দেখতে পাচ্ছি না। উনি বাজেটে বিভিন্ন ধরনের পরিকল্পনার কথা বলেছেন। সেই সব পরিকল্পনার জন্য কোথাও ১০ লক্ষ টাকা, কোথাও ৫ লক্ষ টাকা, কোথাও ১৪ লক্ষ টাকা বরাদ্দ করেছেন। সেই টাকা উনি পাবেন কিনা জানি না। যদি টাকা পানও তবুও বিভিন্ন পরিকল্পনাতে এই যে অল্প অল্প টাকা—৫ লক্ষ টাকা, ১০ লক্ষ টাকা, ১৫ লক্ষ টাকা দিয়ে কতদূর অভিপ্রায় বাস্তবে রূপায়িত করতে পারবেন—এ বিষয়ে যথেষ্ট সন্দেহ আছে। বাজেট বইয়ের দ্বিতীয় পৃষ্ঠার পঞ্চম অনুচ্ছেদে উনি বলেছেন, 'সকল সমবায় সমিতির পরিচালন ব্যবস্থায় দৃঢ়তর গণতন্ত্রীকরণ নিশ্চিত করতে, সাধারণ সদস্য থেকে নির্বাচিত কর্ম-পরিচালকবৃন্দের অধিকতর সহযোগ ঘটানো, কর্ম পরিচালনায় অধিকতর স্বনিয়ন্ত্রণ এবং পেশাদারিত্ব আনয়নের জন্য তথা সমবায় সমিতি সমূহকে স্বয়ম্ভর সংস্থারূপে বিকশিত করা হবে' খুবই ভাল কথা। আমরা চাই এটা বাস্তবে রূপায়িত হোক। কিন্তু আপনি নিজেই স্বীকার করেছেন যে, এ ব্যাপারে বাজেটে অর্থ বরাদ্দ করেননি। তাহলে কি করে এটা স্বয়ম্ভরপূর্ণ হবে জানি না। তবে উনি বলেছেন, 'বর্তমান দাবি-বরাদ্দের মধ্য থেকে ব্যবস্থা করে নেব, নতুবা সমবায় আর্থিক সংস্থা তথা জেলা কেন্দ্রীয় সমবায় ব্যাঙ্ক থেকে জোগাড় করে নেব বলে আশা রাখি।" আপনার বর্তমান দাবি-বরাদ্দ আটাত্তর কোটি টাকা। এর মধ্যে থেকে সমবায় সমিতিগুলিকে স্বয়ম্ভর করে তোলার লক্ষ্যে কত দূর এগোতে পারবেন তাতে আমার সন্দেহ আছে। জেলা কেন্দ্রীয় সমবায় ব্যাঙ্ক বা ডিস্ট্রিক্ট সেন্ট্রাল কো-অপারেটিভ ব্যাঙ্ক যেগুলি আছে সেগুলি থেকে টাকা নিয়ে স্বয়ম্ভর করার চেষ্টা করলে, সেটা বাস্তবসম্মত হবে না। তার কারণ জেলা কো-অপারেটিভ ব্যাঙ্ক থেকে টাকা নিলে সুদ দিতে হবে। বিনা সুদে তারা টাকা দেবে না, তাদেরও ব্যবসা করতে হবে। সুতরাং সেখান থেকে ১২% বা ১০% হারে সুদ নিয়ে প্রাথমিক সমিতিগুলিকে স্বয়ম্ভর করতে চাইছেন। যে প্রাথমিক সমিতিগুলি এমনিতেই চলতে পারছে না, মুখ থুবড়ে পড়েছে, অর্ধমৃত অবস্থা তাদের বলছেন সেন্ট্রাল কো-অপারেটিভ ব্যাঙ্ক থেকে ১০%, ১২% হারে সুদে টাকা ধার করে স্বয়ম্ভর হতে ! এটা কি বাস্তবসম্মত ? এই প্রশ্ন আপনার কাছে আমি করছি। সুদ এবং আসল মেটাবার ক্ষমতা কখনো প্রাথমিক সমিতিগুলির হবে বলে আমার মনে হয় না। সুতরাং প্রাথমিক সমিতিগুলিকে স্বয়ম্ভর করে তুলতে হলে রাজ্য সরকারকে অনুদান দিতে হবে। অনুদান দিয়ে স্বয়ম্ভর করতে পারলে নিশ্চয়ই একটা কাজের কাজ হবে। কিন্তু আপনার বাজেট বরাদ্দ থেকে কত টাকা এর

জন্য আপনি নিতে পারবেন তা আমি জানি না। কেন আপনি ওই পরিকল্পনা করেছেন ? ব্যাঙ্ক থেকে টাকা নিয়ে প্রাথমিক সমিতিগুলিকে স্বয়ম্ভর করার পরিকল্পনা সম্পূর্ণ অবাস্তব বলে আমি মনে করি। প্রকৃত অর্থে স্বয়ম্ভর করতে হলে আপনার বাজেট বরাদ্দ থেকেই টাকা দিতে হবে। বরাদ্দ যদি বেশি না থাকে তাহলে বরাদ্দ আরো বাড়াতে হবে। তবেই প্রাথমিক সমবায় সমিতিগুলি স্বয়ম্ভর হবে, এ বিষয়ে কোনো সন্দেহ নেই।

মাননীয় অধ্যক্ষ মহাশয়, সমবায় আন্দোলনের মূল লক্ষ্যই হচ্ছে—চাষীদের কতটা স্বল্প-মেয়াদী ঋণ দিতে পারছি। এটাই হচ্ছে সমবায়ের মূল উদ্দেশ্য। এটাই বরাবরের লক্ষ্য চাষীকে যাতে মহাজনের কবল থেকে মুক্ত করা যায়। তার জন্যই সমবায় সমিতি করা, কৃষি ঋণদান সমিতিগুলি করা এবং তার মাধ্যমে চাষীদের টাকা দেওয়া, যাতে তারা মহাজনের ঋণ মুক্ত হতে পারে তার চেষ্টা করা। সেই ব্যবস্থা করা। কিন্তু আমরা অত্যন্ত দুঃখের সঙ্গে লক্ষ্য করছি যে, যে পরিমাণ টাকা সমবায়ের মাধ্যমে, কৃষি ঋণদান সমিতির মাধ্যমে চাষীদের দেওয়া হচ্ছে তা অত্যন্ত নগণ্য। মাননীয় মন্ত্রী মহাশয়, আপনি সন্তোষ প্রকাশ করেছেন, ২০০০-২০০১ সালে ৩ কোটি টাকা দিয়েছেন এবং উপকৃত চাষীর সংখ্যা ১৩ লক্ষ ৩০ হাজার ৩ শত ৭৫ জন। এরপর আপনি আপনার বাজেট ভাষণে বলছেন, সর্বজনীন সদস্য করার যে ধারা আছে তাতে এ পর্যন্ত ৩৮ লক্ষ ৩০ হাজার লোককে সদস্যভুক্ত করতে পেরেছেন। সমবায় কৃষি ঋণদান সমিতির মাধ্যমে আপনি ১৩ লক্ষ ৩০ হাজার চাষীকে ৩০৩ কোটি টাকা দিয়ে উপকার করেছেন। তাহলে দেখা যাচ্ছে যে, স্বল্পমেয়াদী ঋণ পাওয়ার যোগ্যতা যাদের আছে তাদের মাত্র একের তিন অংশকে দিতে পেরেছেন।

আমার সময় শেষ হয়ে এসেছে, আমি আমার বক্তব্য আর বেশি বাড়াতে চাই না। মাননীয় অধ্যক্ষ মহাশয়, হাতুড়ি পিটছেন। আমার আর সময় নেওয়া উচিত হবে না, যদিও আমার আরো বলার ছিল। যাই হোক, আমি যা বললাম তার মধ্যে থেকে নিশ্চয়ই এটা প্রমাণ করতে পেরেছি যে, প্রকৃত অর্থে সমবায় আন্দোলনকে আপনারা তার সঠিক চেহারা দিতে পারেননি, বহু জায়গায় ব্যর্থতা প্রকাশিত হয়েছে। আমি আশা করব আগামীদিনে সমবায় আন্দোলনকে সঠিক চেহারা দেবার যথাযথ চেষ্টা করবেন। সে আন্দোলনের কোনো রূপরেখা আপনার এই বাজেটে পাচ্ছিনা। তাই আপনার বাজেট ভাষণের তীব্র বিরোধিতা করে, আমাদের কাট মোশান যেগুলি আছে সেগুলিকে সমর্থন করে আমার বক্তব্য শেষ করছি। ধন্যবাদ।

[2.20—2.30 p.m.]

POINT OF INFORMATION

শ্রী পঙ্কজ ব্যানার্জি : স্যার, আপনি জানেন অতি সম্প্রতি বামফ্রন্ট সরকার কলেজের ছাত্রছাত্রীদের মাসিক মাইনে ১০ গুণ, ১৫ গুণ বাড়িয়ে দিয়েছে। এর প্রতিবাদ করার জন্য আজকে মাননীয়া সদস্যা শ্রীমতী সোনালি গুহ যিনি পশ্চিমবঙ্গ তৃণমূলের ছাত্র-পরিষদের সভানেত্রীও বটে, তিনি ছাত্রছাত্রীদের এই দাবি নিয়ে স্মারকলিপি মহামান্য গভর্নরের কাছে দিতে গিয়েছিলেন। তিনি যখন ডেপুটেশন দিতে যান তখন তাঁকে সহ ছাত্র পরিষদের ৪১ জন সদস্যকে লালবাজারের পুলিশ গ্রেপ্তার করে লালবাজারে নিয়ে গেছেন। সভা

চলাকালীন অবস্থায় সভার সদস্যকে গ্রেপ্তার করেছে অথচ আপনাকে জানানো হয়নি। সভা চলছে, শ্রীমতী সোনালি গুহর অংশগ্রহণ করার কথা। আপনি অবিলম্বে হস্তক্ষেপ করে এই সভার সদস্যাকে পুলিশ যাতে ছেড়ে দিতে বাধ্য হয় আপনি সেই ব্যবস্থা করবেন।

DISCUSSION AND VOTING ON DEMANDS FOR GRANTS

শ্রী শুভেন্দু চৌধুরী : মাননীয় অধ্যক্ষ মহাশয়, আজকে ৫৭ নম্বর দাবির অধীনে যে ব্যয়-বরাদ্দ পেশ করা হয়েছে তাকে আমি সম্পূর্ণ সমর্থন করছি এবং বিরোধীদলের তরফ থেকে যে কাট-মোশনগুলি এসেছে তার আমি বিরোধিতা করছি। মাননীয় অধ্যক্ষমহোদয়, এখানে বাজেট বক্তৃতায় বলা হয়েছে যে, ভারতীয় সংবিধানের সপ্তম সিডিউলে রাজ্য তালিকার ৩২ ক্রমিক সংখ্যায় রাজ্য সরকারের কর্ম ও দায়িত্বের অন্তর্গত এবং ঠিক সেইভাবেই তিনি পালন করতে চান এবং সঙ্গে সঙ্গে তিনি এখানে সকল সদস্যদের কাছে, এমনকি বিরোধীদলের সদস্যদের কাছেও আহ্বান জানিয়েছেন, তাঁরা যেন নৈতিক এবং প্রত্যক্ষ ও পরোক্ষভাবে সমবায় আন্দোলনকে বিকশিত করার জন্য সাহায্য করেন। কিন্তু এটা স্যার, অরণ্যে রোদন। কারণ, চোরা না শোনে ধর্মের কাহিনী। আপনি যতই বলুন না কেন যে সমবায় আন্দোলন হিসাবে প্রসারিত করতে চান, সমস্ত গ্রামের মানুষের স্বার্থে সমবায়কে কাজে লাগাতে চান এবং তার জন্য ওদের কাছে যে সহযোগিতা চাচ্ছেন তা আপনি পাবেন না। এটা স্টেট সাবজেক্টের বিষয়, অতএব সেইভাবেই আপনি এগুতে চাচ্ছেন। হ্যাঁ, আমাদের কেন্দ্রীয় সরকার সংবিধানে এটা উল্লেখ করেই খালাস হয়ে গেছেন, ওদের কোনো দায়-দায়িত্ব নেই, কিন্তু আমাদের আছে এবং আমরা রাজ্য সরকার নিশ্চয়ই সেই দায়-দায়িত্ব পালন করবো এবং তারজন্যই আপনি সহযোগিতা চাচ্ছেন। কিন্তু ওদের কাছ থেকে সহযোগিতা পাওয়া যাবে না এটা আপনি সঠিকভাবেই জানেন। অতীশবাবু আমার পূর্ববর্তী বক্তা। উনি ভদ্রলোক, তাই ভদ্রভাবেই বললেন, আর্থ-সামাজিক ক্ষেত্রে অত্যন্ত গুরুত্বপূর্ণ হচ্ছে সমবায় এবং দরিদ্র শ্রেণীর জন্য পথ করে দিতে পারবে সমবায়। এখনো পর্যন্ত সরকারের তৎপরতার অভাব দেখা যাচ্ছে—এই কথা উনি বললেন। আমি বিনীতভাবে ওনাকে জিজ্ঞাসা করছি—আপনি যে কথাগুলি বললেন সেগুলি সঠিকভাবে জেনে-শুনেই বলেছেন ? আমরা কি সমবায় আন্দোলন প্রসারিত করার চেষ্টা করছি না ? আগে সমবায় আন্দোলন কোন্ অবস্থায় ছিল ? আর ১৯৭৭ সালের পর আমরা এই সমবায় আন্দোলনকে আজকে কোন অবস্থায় নিয়ে গেছি সেটা আপনাকে ভালো করে দেখতে হবে। আপনি জানেন, পশ্চিমবঙ্গে একটা রাজ্য সমবায় ব্যাঙ্ক আছে এবং আরো ১৭টি সমবায় ব্যাঙ্ক আছে। এই রাজ্য সমবায় ব্যাঙ্কে ১৯৮৭-৮৮ সালে আমরা নির্বাচিত বোর্ড তৈরি করি। এই নির্বাচিত বোর্ড তৈরি হওয়ার আগে সেটা লসে চলত। কিন্তু বর্তমানে সেটা লাভজনক সংস্থায় পরিণত হয়েছে। ১৯৮৭-৮৮ সালে যখন পরিচালকমণ্ডলী দায়িত্ব গ্রহণ করে তখন আমানত ছিল ১৪৭.৪৯ কোটি টাকা এবং সেটা লোকসানে চলত। এখন আমানত হয়েছে ১৪০০ কোটি টাকা। সুতরাং এটা কি ভাল দিক নয় ? ১৭টি জেলায় যে সেন্ট্রাল কো-অপারেটিভ ব্যাঙ্কগুলি আছে সেখানে ১৮৯৭.২৫ কোটি টাকার আমানত দাঁড়িয়েছে। বর্ধমান জেলা একটি বৃহৎ জেলা। ১৯৭৭-৭৮ সালে যেখানে ছিল ৬ কোটি টাকা, এখন সেখানে হয়েছে ৪৫০ কোটি টাকা। এর জন্য আমরা

গর্বিত। শ্রীধরপুর প্রাইমারি সোসাইটি—প্রাথমিক সমবায় সমিতি যেটা এশিয়ার মধ্যে সবচেয়ে বড় সমবায় সমিতি। সুতরাং সমবায় আন্দোলন বিকশিত হয়নি ? বিকশিত না হলে বড় একটা প্রাথমিক সমবায় সমিতি পাই কি করে ? কিভাবে উন্নত করতে পারি, তার বৃদ্ধি ঘটাতে পারি সেটা আমরা দেখছি এবং বৃদ্ধি ঘটাচ্ছি। তারপর উনি বলার সময় সার্বজনীন মেম্বারশিপের কথা বললেন। এই প্রসঙ্গে ওকে জানাই, গ্রামে যারা খেতমজুর, বর্গাদার, তাদের আমরা সার্বজনীন মেম্বারশিপ দিচ্ছি। এই সার্বজনীন মেম্বারশিপ '৭৭ সালে শুরু হয়েছে এবং আমাদের টার্গেট হচ্ছে আরও এক লক্ষকে সার্বজনীন মেম্বারশিপের সদস্যপদ দেওয়ার। তারপর গ্রামের মধ্যে যারা কৃষি কাজ করেন বা যারা কৃষির উপর নির্ভরশীল তাদের মধ্যে সমবায়ের বিকাশ ঘটানোর জন্য আমরা কিষান-কার্ড চালু করেছি। '৯৯ সালের জুন মাসে বর্ধমান জেলার সমবায় ব্যাঙ্ক প্রথম কিষান-কার্ড চালু করেছে। ইতিমধ্যে ৪২ হাজার ১৮১ জনকে কৃষান-কার্ড দেওয়া হয়েছে এবং এ ক্ষেত্রে আমাদের লক্ষ্যমাত্রা হচ্ছে আরও ৩ লক্ষকে কৃষান-কার্ড দেওয়ার। তারপর আমরা স্বয়ম্ভর গোষ্ঠী তৈরি করার কথা বলেছি। এটা আমরা বলছি সমবায়ের ভেতরে সমবায়। এর মধ্যে দিয়ে গ্রামীণ মহিলাদের বেশি করে আমরা সমবায়ের মধ্যে আনতে চাইছি। ইতিমধ্যে ৮৩৮টি কৃষি উন্নয়ন সমিতিতে ১০ হাজার ৭০টি স্বয়ম্ভর গোষ্ঠী আমরা তৈরি করেছি। তারা ২ কোটি ৫৪ লক্ষ টাকার আমানত সংগ্রহ করেছে। এদের মোট সদস্য হচ্ছে ৮৯ হাজার ৭১৯ জন এবং তার মধ্যে মহিলাদের সংখ্যা হচ্ছে ৮০ হাজার ৪৪৫ জন। আমাদের টার্গেট হচ্ছে আরও ৩০ হাজার গোষ্ঠী তৈরি করার এবং তার মধ্যে আমরা চাইছি মহিলাদের বেশি করে আনতে। কারণ মহিলারা অনেক আমানত সংগ্রহ করতে পারছেন এবং তার ফলে সমবায় ব্যাঙ্ক পুষ্ট হচ্ছে। এইসব কাজের মাধ্যমে আমরা সমবায়কে প্রসারিত করতে চাই। একটা সময় ছিল যখন গ্রামের গরিব কৃষকরা মহাজনদের শোষণের শিকার হত। সেই সময় প্রাতিষ্ঠানিক কোনো ঋণের ব্যবস্থা ছিল না। অপ্রাতিষ্ঠানিক ঋণ মহাজনদের কাছ থেকে নিয়ে কৃষকদের কৃষিকাজ করতে হত। সেই জায়গায় আমরা তাদের এখন প্রাতিষ্ঠানিক ঋণ দেওয়ার ব্যবস্থা করেছি। আমরা সকলেই জানি যে '৬৯ সালে ১৪টি ব্যাঙ্ক ন্যাশনালাইজড হয়েছিল, '৮০ সালে আরও ৬টি ন্যাশনালাইজড হয়। '৭৫ সালে গ্রামীণ ব্যাঙ্ক হয়েছিল। কিন্তু ঋণের ক্ষেত্রে আমরা দেখতে পাই যা ঋণ দেওয়া হত তা আমানতের ৪০ ভাগের বেশি নয়। এই ৪০ ভাগের ভেতরে আবার ৬৩ ভাগ হচ্ছে সমবায় ব্যাঙ্কের ঋণ। এই ঋণ না দেওয়ার ফলে গরিব কৃষকদের মহাজনদের দারস্থ হতে হত বাধ্য হয়ে। যদিও সেই মহাজনী প্রথা এখনও সম্পূর্ণরূপে উচ্ছেদ করা যায়নি কিন্তু আমাদের লক্ষ্য হচ্ছে এই মহাজনী প্রথাকে সম্পূর্ণরূপে উচ্ছেদ করে. সমবায় ব্যবস্থাকে আরও প্রসারিত করা যার জন্য মাননীয় মন্ত্রিমহাশয় সঠিকভাবে সেনসাসের কথা বলেছেন। এই সেনসাসের মাধ্যমে সমবায় সম্পর্কে সম্পূর্ণ খবরাখবর আমরা রাখতে চাই। এবারে মাননীয় মন্ত্রিমহাশয়ের বিবেচনার্থে কয়েকটি সাজেশান রাখছি। উত্তরবঙ্গের জন্য সমবায়ের আলাদা ডাইরেক্টরেট নেই। উত্তরবঙ্গের জন্য সমবায়ের আলাদা ডাইরেক্টরেট করলে কাজের অনেক সুবিধা হয়, উত্তরবঙ্গের লোকদের তাহলে আর এখানে আসতে হয় না কাজের জন্য। তারপর যে সমস্ত প্রোডাকসান ইউনিট রয়েছে সেখান থেকে সি.ও. একবার চলে গেলে আর সি.ও. দেওয়া হয় না ফলে কাজের

ক্ষেত্রে সেখানে একটা অনীহা দেখা দেয়। পার্মানেন্ট সি.ও. সব জায়গায় দেওয়ার জন্য আমি অনুরোধ জানাচ্ছি। মাননীয় মন্ত্রিমহাশয় '৮৩ সালের যে সমবায় আইন তা সংশোধনের কথা বলেছেন। তিনি বলেছেন আগামী শীতকালীন অধিবেশনে আইন সংশোধন করা হবে। আমরাও চাই এই আইন সংশোধন করা হোক। এরজন্য মন্ত্রিমহাশয়কে আমি ধন্যবাদ দিচ্ছি। তারপর যে সমস্ত ট্রেনিং সেন্টার আছে সেগুলি নষ্ট হয়ে যাচ্ছে, তার মেরামতির প্রয়োজন। সেদিকে দৃষ্টি দেওয়া দরকার।

সেখানে ট্রেনিং-এর জন্য যে টাকা দেওয়া হয় সেটা অত্যন্ত কম। সেটা যাতে আরো বেশি করে দেওয়া হয় তার জন্য বলছি। রেঞ্জগুলোতে আমরা দেখেছি ঠিকভাবে ফাংশান করে না। রেঞ্জগুলি যাতে সঠিকভাবে কাজ করে তারজন্য আবেদন করছি। সবশেষে বাজেটকে সমর্থন করে শেষ করছি।

[2.30—2.40 p.m.]

শ্রী দীপক ঘোষ : মাননীয় অধ্যক্ষ মহাশয়, মাননীয় সমবায় মন্ত্রী ৫৭নং খাতে যে ব্যয়-বরাদ্দ প্রস্তাব রেখেছেন, আমি তার বিরোধিতা করছি এবং সংশোধনী প্রস্তাবকে সমর্থন করে বলছি। বহুদিন ধরেই উনি মন্ত্রী রয়েছেন। আগে যে দপ্তরের উনি মন্ত্রী ছিলেন তার সঙ্গে সমবায় দপ্তরের সংযোগ ছিল। তাই আমার ধারণা, সেটা উনি কাজে লাগাতে পারবেন। সমবায়ের ধারণা, এটা কায়েমী স্বার্থচিন্তা নিয়ে এগোতে পারে না। আগে চিরস্থায়ী বন্দোবস্ত নিয়ে ক্ষমতাবানরা এর সভাপতি হতেন এবং গোমস্থাদের দিয়ে সেটা চালাতেন। তারা চাইতেন না, গ্রামের লোকেরা সমবায় সমিতির সদস্য হোন। দুঃখের কথা, স্বাধীনতা লাভের ৫০ বছর পরেও আমরা সেই ধারণাটা মাথা থেকে দূর করতে পারছি না। এখন প্রধানত রাজনৈতিক দলের লোকেরা সেগুলো দখল করে সেখানে নিজেদের স্বার্থ কায়েম করেছেন। পশ্চিমবঙ্গে ৫০ লক্ষ কৃষিজীবী মানুষ এবং ৫০ লক্ষ খেতমজুর রয়েছেন। এটা আমরা বিভিন্ন পরিসংখ্যানে দেখতে পাচ্ছি। এই ৫০ লক্ষ কৃষিজীবীর মধ্যে ১২ লক্ষ কৃষিজীবী, তাঁরা সমবায়ের বাইরে রয়েছেন। এদের মধ্যে ছোট বড় কৃষিজীবী, সবাই রয়েছেন। কিন্তু তাদের কিভাবে দ্রুত সমবায়ের আওতায় আনা হবে সে ব্যাপারে কিছু দেখতে পাচ্ছি না। এই খাতে বাজেট বরাদ্দও কম আছে। অনেকগুলো ছোট ছোট যা রয়েছে তাতে উপকার হবে যদি সৎভাবে কাজটা করা যায়। আজকে সমবায়ে রাজনৈতিক হস্তক্ষেপের কারণেই হচ্ছে দুর্নীতি। আর একটি বিষয় হ'ল, কো-অপারেটিভে কর্মচারী যাঁরা রয়েছেন তাঁরা এত কম পারিশ্রমিক পান যার জন্য সমবায় সমিতির কাজে নজর দেবার চেয়ে নিজেদের রোজগার বাড়াবার দিকে তাঁদের নজর থাকে। দশ বছর আগে শহীদমিনার মাঠে একটি জনসভায় মাননীয় অর্থমন্ত্রী অসীম দাশগুপ্ত বলেছিলেন যে, সমবায় কর্মীদের জন্য একটি পে-কমিশন করা হবে। মাননীয় অর্থমন্ত্রী প্রতিশ্রুতি দেন, কিন্তু সেটা না করতে পারলেই খুশী হন। স্বাভাবিকভাবেই দশ বছর আগে দেওয়া সেই প্রতিশ্রুতি পালিত হয়নি। আমি সমবায় মন্ত্রীকে বলব, সমবায় কর্মচারীদের সঙ্গে আলোচনা করে যদি একটা পূর্ণাঙ্গ পে-কমিশন করতে পারেন তাহলে সমবায় আন্দোলন গতিশীল হবে। মন্ত্রিমহাশয়ের পক্ষে সবচেয়ে বড় অসুবিধা হবে, সমবায়ের শীর্ষনেতা এবং

সমবায় ব্যাঙ্কের উপর তাঁর কোনো অধিকার থাকবে না। সেই অধিকার মাননীয় অর্থমন্ত্রী অসীম দাশগুপ্ত একচেটিয়া করে রেখে দিয়েছেন। ১৯৮৭ সালে উনি যখন প্রথম মন্ত্রী হন তখন বলেছিলেন যে, রাজ্য সরকারের নিজস্ব একটি ব্যাঙ্ক দরকার। তিনি চেয়েছিলেন, রাজ্য সরকারের নিজস্ব একটা ব্যাঙ্ক হোক। কিন্তু সেই অনুমতি তিনি রিজার্ভ ব্যাঙ্কের কাছ থেকে আদায় করতে পারেননি। রাজ্যের নিজস্ব একটা ব্যাঙ্ক হ'লে সেটা রাজ্যের জনগণের কাজে লাগত। যেহেতু সেটা হয়নি, তাই তিনি এই ব্যাঙ্ককেই নিজস্ব ব্যাঙ্ক করে ফেলেছেন। কিন্তু উনি অর্থমন্ত্রী হবার দু'বছরের মধ্যে আমরা দেখলাম ১৯৮৯ সালের ২৩শে আগস্ট সেখানে ৭ বছর ধরে একচেটিয়াভাবে যিনি চেয়ারম্যান ছিলেন তিনি সরে গেলেন। তিনি ২ বছর চেয়ারম্যান থাকার পর অজ্ঞাত কারণে তাঁকে সরিয়ে দেওয়া হল। আগের যিনি চেয়ারম্যান ছিলেন তাঁকে নিয়ে আসা হল, বর্ত্তমানে তিনি চেয়ারম্যান আছেন। এই সময় একটা বড় সাহায্য ব্যাঙ্ক পেয়েছিল, চৌধুরী দেবীলালের কাছ থেকে। তিনি যখন সরকারে এসেছিলেন তখন চাষীদের অনাদায়ী ঋণ ১০ হাজার কোটি টাকা মুকুব করে দিয়েছিলেন। ভারত সরকারের বিভিন্ন ব্যাঙ্কে দেয় যেখানে থাকে সেখানে ঋণ দেওয়া হয়েছিল। এই ৬২ কোটি টাকা পেয়েছিল এই সমবায় ব্যাঙ্ক, সেটা ঠিকভাবে চালাতে পারেনি। ১৯৯৯-২০০০ সালের অডিট হয়েছে, তাতে ব্যালান্সসিটে ৫ কোটি টাকার মতো লাভ দেখানো হয়েছে। আসলে হবে ১৫ কোটি টাকা লোকসান। আমি মাননীয় মন্ত্রী মহাশয়কে আবেদন করব একটা স্পেশাল অডিট করান। এখানকার পরিচালনমণ্ডলী চাপ সৃষ্টি করে হিসাবে কারচুপি করে এই ব্যালান্সসিট তৈরি করেছে। এটা অন্যায় শুধু নয়, অপরাধ। রিজার্ভ ব্যাঙ্কের সমস্ত নিয়মাবলি অগ্রাহ্য করে অডিট করা হয়েছে। এই ব্যাঙ্কে গত কয়েক বছর যাবত ৬২টি অ্যাকাউন্টে ঋণ দেওয়া হয়েছিল, সেই টাকা আদায় হবে না। ৬২টি অ্যাকাউন্টে ৮৪ কোটি টাকা ঋণ দেওয়া হয়েছে। মাননীয় সদস্যদের বলি পাটের দালালি করবার জন্য টাকা দেওয়া হয়েছে ক্যাশ ক্রেডিটে দুটি অ্যাকাউন্টে। যারা ব্যাঙ্কিং বোঝেন তাঁরা বুঝতে পারবেন পাটের দালালি করবার জন্য ৪ কোটি টাকা ঋণ দেওয়া হয়েছে। ৮৪ কোটি টাকা ঋণ দেওয়া হয়েছে সেটা পাবে না, দেখানো হচ্ছে পাবে। মন্ত্রী মহাশয় চাইলে আমি সমস্ত তথ্য দেব। আমার ধারণা স্পেশাল অডিট করলে এই ব্যাঙ্ক ভবিষ্যতে আবার লাভের মুখ দেখতে পারে, সেই সম্ভাবনা প্রচুর আছে। এই সম্ভাবনাকে নষ্ট করে দেওয়া হচ্ছে। ব্যাঙ্ককে ব্যক্তিগত কাজে পার্টির কাজে লাগানো হচ্ছে। প্রাইভেট প্রোমোটার বিল্ডিং প্রোমোটারদের পর্যন্ত কোটি কোটি টাকা ঋণ দেওয়া হচ্ছে। কিন্তু হাউসিং কো-অপারেটিভকে ঋণ দেওয়া হচ্ছে না। প্রাইভেট প্রোমোটারদের সেই লিস্ট আমার কাছে আছে, মন্ত্রী মহাশয় চাইলে দিতে পারব, ভবিষ্যতে নিশ্চয়ই দেব। আশা করি স্পেশাল অডিট করবেন। এই বাজেট প্রস্তাবের বিরোধিতা করে এবং বিরোধীদের সমস্ত কাট মোশানগুলিকে সমর্থন করে আমি আমার বক্তব্য শেষ করছি।

শ্রী গোকুল রায় : মাননীয় চেয়ারম্যান স্যার, পশ্চিমবঙ্গ সরকারের মাননীয় সমবায় মন্ত্রী ২০০১-২০০২ সালের জন্য যে ব্যয়-বরাদ্দের দাবি রেখেছেন তাকে আমি সমর্থন করে এবং বিরোধীদের আনা কাট মোশানগুলির বিরোধিতা করে আমি কিছু বক্তব্য রাখছি। পশ্চিমবাংলার গ্রামীণ অর্থনৈতিক বিকাশে বিশেষ করে কৃষিতে ক্ষুদ্র এবং প্রান্তিক চাষী যারা

বিলো প্রভার্টি লাইনে আছে তাদের অর্থনৈতিক বিকাশে এই দপ্তর বিরাট ভূমিকা পালন করে আসছে। কেন্দ্রীয় সরকারের যে ব্যাঙ্কিং নীতি সেই ব্যাঙ্কিং নীতির ফলে গ্রামীণ ব্যাঙ্কগুলির গ্রামের শাখাগুলি উঠিয়ে দিচ্ছে। তাঁরা গ্রামের যে আমানত সেটা শহরে বিনিয়োগ করছে। এই ব্যাঙ্কগুলি মাস ব্যাঙ্কিং ছেড়ে ক্লাস ব্যাঙ্কিং-এর দিকে এগিয়ে যাচ্ছে। কাজেই গ্রামের বিনিয়োগের ক্ষেত্রে সব দায়িত্ব কো-অপারেটিভ ব্যাঙ্কের উপর এসে পড়েছে। পশ্চিমবাংলায় এগ্রিকালচার ক্রেডিট হচ্ছে ১২০০ কোটি টাকা আর সেখানে কো-অপারেটিভ ব্যাঙ্কগুলি বিনিয়োগ করে ৪০০ কোটি টাকা, কমার্শিয়াল ব্যাঙ্ক ও গ্রামীণ ব্যাঙ্কগুলি বিনিয়োগ করে ২০০ কোটি টাকা। বাকি ৬০০ কোটি টাকার জন্য এখনও কৃষককে বিভিন্ন সংস্থার উপর নির্ভর করতে হয়। ২০০০-২০০১ সালে শর্ট টার্ম ক্রেডিট—শর্ট টার্ম কৃষিতে টারগেট ছিল ২৮০ কোটি টাকা সেখানে ইনভেস্টমেন্ট হয়েছে ৩০৩ কোটি টাকা যার বেশির ভাগই ক্ষুদ্র এবং প্রান্তিক চাষী। গত বছর ভয়াবহ বন্যার পরে কৃষিতে পুনর্গঠন এবং উৎপাদন বৃদ্ধির জন্য চেয়েছিল ৩০০০ কোটি টাকা। কমার্শিয়াল ব্যাঙ্কগুলি তাদের ৬৪ হাজার টাকা আমানত থাকা সত্ত্বেও ২৫০ কোটি টাকার কম ঋণ প্রদান করে। সেখানে কো-অপারেটিভ ব্যাঙ্কগুলি ৪০০০ কোটি টাকা আমানত থাকলেও ৩৭০ কোটি টাকা ঋণ প্রদান করে। অথচ কমার্শিয়াল ব্যাঙ্কগুলিতে গভর্নমেন্ট সেমি গভর্নমেন্ট ও জেলা পরিষদের প্রচুর টাকা আমানত থাকে সেখানে কো-অপারেটিভ ব্যাঙ্কগুলিতে থাকে না।

[2.40—2.50 p.m.]

এখানে সরকারী নির্দেশ থাকা সত্ত্বেও বিভিন্ন প্রতিষ্ঠান, বিশেষ করে গভর্নমেন্ট এবং জেলা পরিষদগুলি কো-অপারেটিভ ব্যাঙ্কে টাকা রাখতে চায় না। আমি রাজ্য সরকারকে অনুরোধ করব, এই ব্যাপারে রাজ্য সরকার যেন প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণ করেন। যেখানে গরিব মানুষের বাঁচার সংগ্রামে সমবায় হচ্ছে তার হাতিয়ার, সেখানে এখনও পর্যন্ত বেশিরভাগ মানুষকে সমবায় মনোভাবাপন্ন করে তুলতে পারা যায়নি। যেখানে কেন্দ্রীয় সরকার ক্লিয়ারিং ও ব্যালান্সসিটের জন্য কমার্শিয়াল ব্যাঙ্কগুলিকে ২১ হাজার কোটি টাকা দিয়েছে, সেখানে কো-অপারেটিভ ব্যাঙ্ককে সাত হাজার কোটি টাকা দেওয়ার ব্যবস্থা করেনি। কেন্দ্রীয় সরকার কো-অপারেটিভ সেক্টরের প্রতি কতখানি উদাসীন, তার প্রমাণ হচ্ছে, সমবায়ের জন্য কোনো আলাদা মন্ত্রক বা দপ্তর নেই। পশ্চিমবাংলায় আমাদের কো-অপারেটিভে যে অ্যাচিভমেন্ট তা হলো, রাজ্য সরকার স্বয়ম্ভর গোষ্ঠী বা সেল্ফ হেল্প গ্রুপ তৈরি করেছে। দারিদ্র্যসীমার নীচে বসবাসকারী মানুষ, বিশেষ করে মহিলাদের মধ্যে সেল্ফ হেল্প গ্রুপ করার ফলে দরিদ্র মানুষের পক্ষে তা সহায়ক হয়েছে। এর মধ্যে ৯০ শতাংশই হচ্ছে মহিলা। এই আর্থিক বছরে আরও দশ হাজার গ্রুপ করা হবে, যাতে একলক্ষ মানুষ ক্ষুদ্র ঋণ প্রকল্পে যুক্ত হতে পারে। ডিপোজিট মোবিলাইজেশনে; আমানত সংগ্রহের ক্ষেত্রে পশ্চিমবাংলা এক উল্লেখযোগ্য সাফল্য লাভ করেছে। সাধারণ মানুষের সঞ্চিত অর্থ আমানত জমা রেখে সেই অর্থ স্থানীয় এলাকায় গ্রামের উন্নতিতে খরচ করা হয় বা লোন দেওয়া হয়। বর্তমান আর্থিক বছরে, ৩১শে মার্চ, ২০০১ পর্যন্ত ১৭৬৪টি 'প্যাক্স' বা সমবায় সমিতি, ১৭টি ডিসিসিবিতে ২ হাজার ১৫.৮০ কোটি টাকা

আমানত জমা পড়েছে। প্যাক্স বা প্রাথমিক সমবায় সমিতিতে প্রত্যেককে যাতে ডিপোজিট গ্যারান্টি স্কিমের আওতায় আনার ব্যবস্থা করা যায়, তারজন্য আমি রাজ্য সরকারকে অনুরোধ করছি। যেসব ডিপোজিট মোবিলাইজেশান স্কিম আছে, সেখানে যাতে প্রত্যেককে ডিপোজিট স্কিমের আওতায় আনা হয় এবং রেগুলার তার ইন্সপেকশন করা হয়, তারজন্য আমি রাজ্য সরকারকে অনুরোধ করছি। এ.আর.ডি.বি.গুলো আমানত সংগ্রহের ক্ষেত্রে এক উল্লেখযোগ্য ভূমিকা পালন করছে। গ্রামে আগে যারা বাড়ি করার সুযোগ পেত না, এই স্কিম প্রবর্তনের ফলে তারা এখন বাড়ি করার সুযোগ পাচ্ছে এ.আর.ডি.বি. স্কিম পশ্চিমবাংলায় প্রথম চালু করা হয় এবং এখন পর্যন্ত আমানত সংগ্রহের পরিমাণ দাঁড়িয়েছে ৬৮ কোটি টাকা। আমি রাজ্য সরকারের কাছে আবেদন করব, আমানত প্রকল্পের জন্য বীমা প্রকল্প চালু করা হোক এবং বর্তমানে যে আইন আছে তাকে আর একটু শিথিল করার ব্যবস্থা করুন। সমবায়কে আরও গতিশীল করার জন্য আমি এবারে কয়েকটি প্রস্তাব রাজ্য সরকারের কাছে রাখছি। ব্লকস্তরে যেসব ইন্সপেক্টররা আছেন, তাঁদের বসার জন্য আলাদা কোনো ব্যবস্থা নেই। তাঁরা বিডিও অফিসে বসে কাজ করেন। তাঁদের আলাদা বসার ব্যবস্থা করা দরকার। সেই সাথে সাথে প্যাক্সগুলির রেগুলার ইন্সপেকশনের জন্য আমি রাজ্য সরকারের কাছে অনুরোধ করছি। গ্রুপ ইনস্যুরেন্স ব্লক-ভিত্তিক না করে মৌজাভিত্তিক করার জন্য আমি অনুরোধ করছি। যখন কোনো কৃষক ক্ষতিগ্রস্ত হয়, তখন দেখা যায় সে ইনস্যুরেন্সের কোনো ক্ষতিপূরণ পায় না। ক্ষতিগ্রস্ত কৃষক যাতে তার ফসলের ক্ষতিপূরণ পায় তার ব্যবস্থা করুন। রুগ্ন এবং অচল সমবায় সমিতিগুলিকে সচল এবং স্বয়ংসম্পূর্ণ করার কাজ দ্রুততার সঙ্গে করতে হবে। সেই সাথে সাথে আমি প্যাক্স লেবেলে এবং ডিসিসি লেবেলে যে ইম্ব্যালান্স আছে তা দূর করার জন্য রাজ্য সরকারের কাছে আবেদন জানাচ্ছি। সাধারণ কৃষক যাতে তার পণ্যের ন্যায্য মূল্য পায়, সেজন্য থানা মার্কেটগুলিকে আরও শক্তিশালী করতে হবে। কো-অপারেটিভ ব্যাঙ্কের কাজকর্মের আরও সরলীকরণ দরকার। কৃষিক্ষেত্রে দাদনের সুবিধার জন্য 'নাবার্ড'-এর যে এম.আই. নর্মস্ আছে তার কনসেপ্টের পরিবর্তন করা দরকার। যেসব ব্লকে অডিটর আছে, তারা যেন রেগুলার অডিটের কাজ করে, সেই ব্যাপারে আমি সমবায় দপ্তরকে অনুরোধ করছি। এই কথা বলে আমি আবার এই বাজেটকে সমর্থন করে এবং বিরোধীদের আনা কাট মোশানের বিরোধিতা করে আমার বক্তব্য শেষ করছি।

মিঃ স্পিকার : মিঃ গোকুল রায়, আমাদের বিধানসভায় নিয়ম হচ্ছে, কোনো প্রিপেয়ার্ড স্পিচ পড়া যায় না। এক্সটেম্পোর বলতে হয়। ভবিষ্যতে যখন বলবেন, তখন কোনো লিখিত স্পিচ আনবেন না।

শ্রী দেবপ্রসাদ সরকার : মাননীয় অধ্যক্ষ মহাশয়, মাননীয় সমবায় বিভাগের মন্ত্রী যে ব্যয়-বরাদ্দের দাবি পেশ করেছেন আমি তার বিরোধিতা করে আমার বক্তব্য রাখছি। মাননীয় অধ্যক্ষ মহাশয়, মাননীয় মন্ত্রী, তিনি সমবায় কৃষি, দাদন সমিতিগুলোর থেকে শুরু করে বিভিন্ন পেশায় নিযুক্ত সমবায় সমিতিগুলোর সার্বিক উন্নয়নের পরিকল্পনা তাঁর বাজেট ভাষণে উল্লেখ করেছেন। সমবায়ের মাধ্যমে সমবায় সমিতিগুলোকে স্বনির্ভর কেন্দ্র তৈরি করে এখানে

বছরে লক্ষ লক্ষ বেকারের সমস্যার সমাধানের কথা বলেছেন। আমি প্রথমে কৃষিতে স্বল্পমেয়াদী ঋণের বন্টন ব্যবস্থার প্রসঙ্গতে আসি। তিনি এতে বলেছেন ৩০৩ কোটি টাকার উপরে ঋণ দিয়েছেন, লক্ষ্যমাত্রা অতিক্রম করেও ১৩ লক্ষর উপরে কৃষকরা এর দ্বারা উপকৃত হয়েছে, যার অধিকাংশ ক্ষুদ্র ও প্রান্তিক চাষী। আমার এখানে মাননীয় মন্ত্রীর কাছে জিজ্ঞাস্য যে, ১৯০৪ সাল থেকেই কৃষিতে স্বল্পমেয়াদী কৃষি ঋণ সমবায় ব্যবস্থা গড়ে উঠেছিল যার মূল উদ্দেশ্য ছিল যে গরিব চাষীদের, তাদের সুদখোর চাষীদের হাত থেকে রক্ষা করার জন্য স্বল্প সুদে ঋণ দেওয়া। এটাই তার উদ্দেশ্য ছিল। কিন্তু আমরা দেখতে পাচ্ছি, মহাজনদের হাত থেকে চাষীদের রক্ষা করে স্বল্প সুদে ঋণ দেওয়ার যে পরিকল্পনা তাতে আজকে সমবায় সমিতিগুলো তারাই স্বয়ং কো-অপারেটিভ ব্যাঙ্কের মাধ্যমে চাষীদের কাছ থেকে উচ্চহারে সুদ আদায় করছে। আপনার ক্রপ লোন রুলস, এর জি.ও. ভাইড নং ৪৬০৫, ডেটেড ১.১২.৮৮ তাতে বলেছে কোনো মতেই চাষীদের কাছ থেকে ১০ পারসেন্টের বেশি সুদ নেওয়া যাবে না। সেখানে আপনার রাজ্য সরকারের জ্ঞাতসারে, মদতে ১৩ থেকে ১৪ পারসেন্ট সুদ নিচ্ছে এবং এখানে যে নির্ধারিত সুদের সীমা তার ঊর্ধ্বে এই উচ্চহারে সুদ আদায় করে সমবায় সমিতিগুলো মহাজনদের মত শোষণ করছে। মাননীয় মন্ত্রীর কাছে জিজ্ঞাস্য যে, আপনি প্রাথমিক সমবায় ঋণদান সমিতিগুলোকে সুদৃঢ় করার কথা বলেছেন ৮ হাজার সমবায় সমিতি থাকার কথা কিন্তু যার মধ্যে ৬ হাজার এসে দাঁড়িয়েছে, কিন্তু সেখানে সেই সমিতিগুলোকে দাঁড় করাবার জন্য আপনি কিছু অর্থ সাহায্যের ব্যবস্থা মাঝে মাঝে করেছেন। কিন্তু তাতেও কি সমিতিগুলো বাঁচবে তার কারণ এগ্রিকালচারাল সমবায় ব্যাঙ্কের ঋণ আদায়ের যে নীতি, সমিতিগুলোর ক্ষেত্রে যে নীতি, সেই নীতির পরিবর্তন না হলে এই সমস্যার সমাধান হবে না। এখানে এগ্রিকালচারাল রিভিউ কমিটি সুপারিশ করেছিল ঋণ আদায়ের বাবদ যে অর্থ ব্যাঙ্ক জমা নেবে, সেই অর্থ জমা নেওয়ার সময়ে সুদের টাকা সুদে এবং আসলের টাকা আসলে জমা পড়বে, তাহলে এই ব্যাঙ্কের হিসাবে আজকে সমবায় সমিতিগুলোর এই যে অসংগতি, পার্থক্য এটা আর থাকবে না। সুতরাং এগ্রিকালচারাল রিভিউ কমিটির রিপোর্ট যেটা ছিল ব্যাঙ্কের ঋণ আদায়ের ক্ষেত্রে সেই ব্যাঙ্কের ঋণ আদায়ের নীতির যদি কোনো পরিবর্তন না হয় তাহলে হবে না। সেখানে সরকার ওই ঋণ আদায়ের যে নীতি তার পরিবর্তন করছে না। এবং এই ব্যবস্থাটাকে অপরিবর্তিত রেখেই যাচ্ছেন, মাঝে মাঝে কিছু আর্থিক সাহায্য দিয়ে সমবায় সমিতিগুলোকে দাঁড় করানোর ব্যবস্থা করেছেন। তারপরে মাননীয় মন্ত্রী আই সি ডি পি অর্থাৎ সুসংহত সমবায় প্রকল্পের আওতায় সমিতিগুলোকে আনার কথা বলেছেন, যাতে সুসংহত সমবায়ের বিন্যাস হয়।

[2.50—3.00 p.m.]

সমস্ত সমিতিগুলিকে না এনে সরকারি মদতপুষ্ট কিছু কিছু সমিতিকে এর আওতায় আনা হচ্ছে, অন্যগুলিকে বঞ্চিত করা হচ্ছে। এই বৈষম্য যাতে না ঘটে। আমি আপনাদের কাছে বলব, এখানে সমবায়ের মধ্যে যে স্বয়ম্ভর গোষ্ঠী মাননীয় অর্থমন্ত্রীর পদাঙ্ক অনুসরণকারী, আপনি যা বলেছেন যে স্বয়ম্ভর গোষ্ঠীতে বেকারদের সংগঠিত করে তাদের যে সম্মিলিত আমানত, সেই আমানতের চারগুণ ঋণ দিয়ে আপনারা স্বয়ম্ভর গোষ্ঠী তৈরি করছেন এবং

তাতে বছরে একটা ব্যাপক সংখ্যক অর্থাৎ লক্ষাধিক কর্মসংস্থান হবে। মাননীয় মন্ত্রী নিজেও জানেন আমি তার স্মরণের জন্য বলছি, এই যে কৃষি ঋণ দাদনের ক্ষেত্রে প্রথম সমবায় সমিতিগুলি, কৃষি ঋণ দাদনের ক্ষেত্রে সেখানে তারা কৃষি জমি মর্টগেজ রেখে ঋণ দেয়। সেখানে কিন্তু যে ঋণ দেওয়া হয় সেটার রিকভারি থার্টি টু থার্টি ফাইভ পারসেন্ট। এমনকি মর্টগেজ রেখেও সেখানে আপনি এই বেকারদের সংগঠিত করে তাদের এইভাবে যে ঋণ দিয়েছেন চারগুণ ঋণ, সেই ঋণ পরিশোধিত হবে তো ? এই হচ্ছে প্রথম প্রশ্ন। এই ঋণ নিয়ে তারা কী করবে ? সেই ঋণে তারা কি স্বনির্ভর হতে পারবে ? তারা এই বাজারে, এমন সময়ে যেখানে সমস্ত ছোটোখাটো শিল্প বন্ধ হয়ে যাচ্ছে, দাঁড়াতে পারছে না, সেগুলির ঋণ তো অনাদায়ী থেকে যাচ্ছে। এই স্বনির্ভর গোষ্ঠী অন্যদিকে বেকারদের কর্মসংস্থান আর এই স্বনির্ভরতা এমনি যে সেগুলি শেষ হয়ে যাচ্ছে। তাদের অস্তিত্বও বিপন্ন হবে। আমি পরিশেষে একটি কথা বলতে চাই, এই যে সমবায় পরিকল্পনার কথা আপনি বলেছেন, এই পরিকল্পনা রূপায়ণের যে দায়িত্ব প্রাথমিক সমবায় সমিতিগুলির, সেই পঙ্গু সমবায় সমিতির যারা কর্মচারী আজকে তাদের যে দুরবস্থা তাদের না আছে কোনো বেতন কাঠামো, না আছে তাদের চাকরির নিরাপত্তা। বামফ্রন্ট সরকার '৮২ সালে পে কমিটি গঠন করেছিলেন এবং '৯২ সালে অর্থমন্ত্রী এবং তৎকালীন সমবায় মন্ত্রী ঘোষণা করেছিলেন যে এদের রাজ্য সরকারি কর্মচারীর হারে বেতন ও ভাতা দেওয়া হবে '৯৩-'৯৪ সালের বাজেটে বলা হয়েছিল। সেটা হল না। ৬ শত টাকা অ্যাডহক দেওয়ার কথা বলা হয়েছিল সেটাও বকেয়া আছে। গতবারে মন্ত্রী বলেছিলেন ৩৩ কোটি টাকা অর্থ দপ্তরের কাছে পাওনা আছে। সেখানে ৭ কোটি টাকা বাজেটে দেখিয়ে দেওয়া হয়েছে। এবারে সেই বকেয়া ছাড়াও আরো ১০ কোটি টাকা পাওনা আছে। সেখানে আপনি ৭ কোটি ৩৯ লক্ষ টাকা বরাদ্দ রেখেছেন। ফলে সমবায় সমিতির লোকেদের বঞ্চিত রেখে এটা কি কার্যকরীভাবে রূপায়িত করতে পারবেন ? এদের ব্যাপারে কি ভাবছেন সেটা আপনার জবাবি ভাষণে বলবেন।

শ্রী বাচ্ছামোহন রায় : মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, সমবায় মন্ত্রীর যে ব্যয়-বরাদ্দর প্রস্তাব সেটাকে আমি সমর্থন করছি। এবং এই প্রসঙ্গে আমি বলতে চাই যে সমবায় আন্দোলন সেটা আগের থেকে অনেকটা এগিয়ে গিয়েছে। এবং আমাদের গ্রামে-গঞ্জে চাষীদের সমবায়ের সঙ্গে যুক্ত থাকার একটা প্রবণতা দেখছি। তার ফলে দেখা যাচ্ছে আমাদের যে ব্যাঙ্ক কৃষি ঋণদান সমিতি আছে সেই সমিতিগুলির সংখ্যা প্রতি বছরে কিছু কিছু বাড়ছে। পাশাপাশি রাজ্য সরকারের তরফ থেকে একটা কৃষি সমিতির সদস্যকরণ যেটা বলা হচ্ছে সেটা করা হচ্ছে। তার সঙ্গে কিছু কিছু লোক এর সঙ্গে যুক্ত হয়ে যাচ্ছে এবং দেখা যাচ্ছে যে ২০০০-০১ সালে ২৮০ কোটি টাকা কৃষি ঋণ দেওয়া হয়। সারা পশ্চিমবাংলায় সেটা আবার বাড়ানোর জন্য মন্ত্রিমহাশয় প্রস্তাব রেখেছেন, সেটাকে ৩৫০ কোটি টাকা করতে চান, এটা আমাদের কাছে অত্যন্ত আনন্দদায়ক, তাহলে চাষীরা আরও বেশি করে উপকৃত হবে। সমবায়ের ক্ষেত্রে আমাদের আন্দোলনের যে সার্থকতা এবং গ্রামবাংলায় যে সমস্ত ঋণ বণ্টনের জায়গা আছে, ৪৬ শতাংশ ঋণ এই সমবায় দপ্তর থেকে দেওয়া হয়। সমবায়ের ক্ষেত্রে পশ্চিমবাংলার অনেকটাই অগ্রণী ভূমিকা আছে, এই ক্ষেত্রে কিছু কিছু জায়গা আমাদের

সমবায় দপ্তরকে গ্রহণ করার জন্য আমি বলছি। গ্রামে যে সমস্ত সমবায় সমিতি ঋণদান কেন্দ্রগুলো আছে সেগুলোর দিকে নজর দেওয়ার প্রয়োজন আছে। আমাদের সমবায় সমিতির উদ্দেশ্য হচ্ছে গ্রামের যারা গরিব কৃষক, তারা যাতে মহাজনদের কাছ থেকে চড়া সুদে ঋণ না নেয়, এই প্রতিরোধ ব্যবস্থা গড়ে তোলার জন্য সহজ সুদে কৃষকরা যাতে ঋণ পেতে পারে তার জন্য ব্যবস্থা করা। আমরা দেখছি পশ্চিমবাংলায় যে সমস্ত কৃষি ঋণদান সমিতি আছে সেগুলো সবগুলোই সচল নয়, কিছু কিছু অচল হয়ে আছে। মাননীয় মন্ত্রিমহাশয় তাঁর বাজেট বক্তৃতায় এক জায়গায় বলেছেন, এক হাজার সমিতিকে পুনরুজ্জীবিত করার জন্য তিনি লক্ষ্যমাত্রা রেখেছেন। আমি মনে করি সব সমিতিগুলোকেই পুনরুজ্জীবিত করা একান্ত প্রয়োজন। যেগুলো পুনরুজ্জীবিত অবস্থায় নেই সেগুলোর মূল কারণ হচ্ছে আর্থিক অসংগতি। জেলা সমবায় ব্যাঙ্কের সঙ্গে সমিতিগুলোর একটা বিরাট সুদের ফারাক আছে। পাশাপাশি লক্ষ লক্ষ সমবায় সমিতিতে অসংগতির জন্য অনাদায়ী ঋণ অনেক পড়ে আছে, অনেক লোক সেই সমবায় সমিতির সদস্য, কিন্তু তারা সেই ঋণ পরিশোধ করতে পারেনি। প্রাথমিক কৃষি ঋণদান সমিতি যে সমস্ত গ্রামে আছে তাদের একটা পরিকল্পনা গ্রহণ করা দরকার। যে টাকাটা তাদের দেওয়া হয় সেটা তারা নিয়মিত পান না, ফলে তাদের মধ্যে কাজের ফাঁকটা বেড়ে যায়, এটা আমাদের সমবায় দপ্তর থেকে ভালোভাবে দেখা দরকার। এই কৃষিঋণ দানের উপরে আমি জোর দেওয়ার জন্য জন্য বলছি। অনেক কারণে তাঁরা মহাজনদের দ্বারস্থ হতে বাধ্য হন। কৃষিক্ষেত্রে যে মূলধনের প্রয়োজন, সেই নগদ টাকা গরিব চাষীদের থাকে না, ফলে তারা ক্ষতিগ্রস্ত হয়। পরিশেষে আমি বলব, আমাদের সমবায়ভিত্তিক বণ্টন ব্যবস্থা জোরদার করার প্রয়োজন আছে। বিশেষ করে সারা উত্তরবাংলা বা পশ্চিমবাংলার ক্ষেত্রে প্রযোজ্য, ছোটো ছোটো চাষীদের কৃষি মূলধন জোগান দেওয়া প্রয়োজন। উত্তরবঙ্গের ক্ষেত্রে ছোটো চাষী, বর্গা চাষী, আজকে তারা মূলধনের অভাবে চাষ করতে না পারার জন্য তাদের জমিগুলো বিক্রি করে দিচ্ছে চা-বাগানের মালিকদের কাছে। তারা আজকে চা-শ্রমিকে পরিণত হচ্ছে। তাই সমবায় ভিত্তিতে চাষের ব্যবস্থা করার প্রয়োজন আছে।

[3.00—3.10 p.m.]

এখানে একটা বিশেষ অসুবিধা এই যে, লেবার কো-অপারেটিভ, ইঞ্জিনিয়ার্স কো-অপারেটিভ, ইত্যাদি গড়ার ক্ষেত্রে এ.আর.সি.এস.-রা রেজিস্ট্রেশন দিচ্ছে না, নানা অজুহাতে পশ্চিমবঙ্গ রেজিস্ট্রার কাউন্সিলের কাছে পাঠিয়ে দিচ্ছে। উত্তরবঙ্গ থেকে এসে এইগুলো তদারক করা অত্যন্ত দুরূহ ব্যাপার। কাজেই আমি প্রস্তাব রাখছি—উত্তরবঙ্গে একটি ডেপুটি ডাইরেক্টর বা এইরকম কোনো অফিস খোলা হলে সেখানকার লোক খুব উপকৃত হত। এই কথাগুলো বলে, এই বাজেটকে আবার সমর্থন করে আমার বক্তব্য শেষ করছি।

শ্রী অরুণাভ ঘোষ : মাননীয় চেয়ারম্যান স্যার, আমি প্রথমেই মন্ত্রী মহাশয়ের তিনটে পয়েন্ট তুলে ধরতে চাই। Deposit Guarantee Scheme—To help the growth of deposit mobilisation, it was needed to guarantee the safety and security of the deposits for common man. A sum of Rs. 30.00 lakh has been provided in the budget for the aforesaid purpose.

দেখা যাচ্ছে প্রণবানন্দ ব্যাঙ্ক বলে একটা ব্যাঙ্ক ছিল, তাতে ২.২৫ কোটি টাকা তছরূপ হয়েছে এবং এই ব্যাঙ্কটা, মন্ত্রী মহাশয়ের লেখা উচিত ছিল, এর এরিয়া বর্ধমান, মেদিনীপুর, বীরভূম। কিন্তু দেখা গেল গতবার যিনি মন্ত্রী ছিলেন তার বাড়ির ঠিকানা—যেখানে আমি থাকি, সল্টলেকের ঠিকানা। তার জামাইয়ের নামে লোন দেওয়া হয়েছে। ২.২৫ কোটি টাকা মেরে চলে গেল, তার কোনো উল্লেখ করলেন না। তৃতীয় বলছি। পেজ ১৩ই তে দেখা যাচ্ছে—পারফরমেন্স অফ কো-অপারেটিভ ইন কনজিউমার সেক্টর। কনফেডে একটা বিশাল দুর্নীতি হয়েছিল—আপনারা জানেন পোস্তর ব্যাপারে। আপনার ডিপার্টমেন্টের তিনজন ডেপুটি রেজিস্ট্রার, একজন জয়েন্ট রেজিস্ট্রার—তৎকালীন কনফেডের চেয়ারপার্সন এদের বিরুদ্ধে রিপোর্ট করেন। ৩৯৬.২৭ টন পপি সিড্স বাইরের স্টেটে চলে গেল। কাস্টমস থেকে ধরা পড়েছিল। কনফেডের মাধ্যমে বিক্রি হওয়ার কথা ছিল, কিন্তু দেখা গেল দুটো ডিস্ট্রিক্ট কো-অপারেটিভ এবং চারটে প্রাইমারি কো-অপারেটিভের মাধ্যমে বিক্রি হয়েছে। দেখা গেল তুলেছে চারজন বেসরকারি ব্যবসায়ী। আমরা তো কোনোদিন শুনিনি সরকারি জিনিস কেনা হচ্ছে কারো ব্যক্তিগত নামে চেক দিয়ে। সমস্ত টাকা অন্ধ্রপ্রদেশে চলে গেল। পশ্চিমবঙ্গের কেউ পপি সিড পেল না। রিপোর্টে দেখুন The disease that leads to collapse of the co-operative institutions have infected the CONFED. A section of the Board of Directors led by the Chairperson and a section of officers and staffs are scrumbling for crums and spoils. এটা আপনার ডিপার্টমেন্টের লোকেরা লিখেছে। From the information made availability is evident that the entire quantity of the poppy seeds was lifted by traders. অথচ হাইকোর্ট বলছে প্রাইভেট ট্রেডার্সদের পপি সিড বিক্রি করতে পারবেন না। আর, আপনার ডিপার্টমেন্টের অফিসাররাও লিখেছে, There is enough evidence to opine that concerned officials of NCCF, Customs along with a major section of Board of Directors of CONFED are involved in the scam as part of the racket. অথচ আপনার রিপোর্টে এসব কিছুই আপনি চেপে গেছেন, কোনো উল্লেখ নেই, কিছু লেখেননি।

আগের কনফেডের চেয়ারম্যানের বিরুদ্ধে সি বি আই তদন্ত করা দরকার। আপনার সম্পর্কে আমি বেশি কিছু জানি না। তবে আমি আশা করব যে, আপনি অন্তত অনেস্টি দেখিয়ে যে জিনিসটা দেখা গেল যে, পুলিশের রিপোর্টে যারা ডায়েরি করেছিলেন, সেই রিপোর্টে পুলিশ বললেন ভুল করে বর্তমান মন্ত্রী তার নাম থেকে গেছে। আমি জীবনে শুনিনি যে পুলিশ এর কাছে ভুল করে কারোর নাম দেয় এবং কোর্টের বিচার ছাড়াই সেই নাম উইথড্র করে নিলেন। এখানে আরও একটা জিনিস আছে এবং প্রত্যেক ছত্রে ছত্রে উল্লেখ আছে যে, কনফেডের চেয়ারম্যান এই দুর্নীর্তির সঙ্গে জড়িত, আপনি এই ব্যাপারে কোনও কিছু বলেননি এবং মজার ব্যাপার হচ্ছে চিফ একজিকিউটিভ অফিসার, যারা সাধারণত কনফেডের সব কিছু দেখাশোনা করা উচিত ক্লজ ৩১(২) অফ দ্য বাই লজ অফ কনফেড এটাকে প্রয়োগ করে সমস্ত কিছু চেয়ারপার্সন নিয়ে নিলেন। নিজের হাতে নিয়ে এই দুর্নীতির সঙ্গে যুক্ত হয়ে গেলেন। অথচ আপনার রিপোর্টে কিছু বলা নেই। আর একটা ব্যাপার বলতে চাই আসানসোল পিউপিল্‌স

কো-অপারেটিভ ব্যাঙ্ক ৩ বছর ধরে বন্ধ। এদের ডিপোজিটারসরা টাকা তুলতে পারছে না। অসীম দাশগুপ্ত তখন প্রাইভেট চিট ফান্ডের বিরুদ্ধে লড়াই করছেন, তখন আপনার কো-অপারেটিভ ব্যাঙ্কগুলি মানুষকে চিট করে যাচ্ছে। কিছু করতে পারছে না। প্রণবানন্দ ব্যাঙ্কের ১০ হাজার ডিপোজিটারস রাস্তায় ঘুরে বেড়াচ্ছে। আর আপনি লিখেছেন যে, এখানে সমস্ত কিছু সুযোগ-সুবিধা এবং প্রোটেকশান আপনি দেবেন। তার জন্য কত—২২ কোটি টাকা চুরি হয়েছে। আর আপনি রেখেছেন ৩০ লক্ষ টাকা। এইসব লোক দিয়ে কি হবে ? আর একটা জিনিস বলতে চাই—ওই সবুজ আলো জ্বলে গেছে। পরের ব্যাপারটা বললে লাল আলো জ্বলে যাবে। ওয়েস্ট বেঙ্গল কো-অপারেটিভ ট্রাইবুনাল গত মে মাসের পরে কোনো বেঞ্চ নেই। দুজন বিচারপতি লাগে বেঞ্চ চালাতে। বেঞ্চই নেই। আপনি আর যাই করুন, আমরা সবাই জানি, আপনার কাছে অনেস্টি আশা করব। আর এইসব লোকনাথ ট্রেডারস, সত্যম এন্টারপ্রাইজ এই কনফেডে যারা টাকা দিয়ে পোস্ত তুলেছিলেন, এদের বিরুদ্ধে একটু ব্যবস্থা নিন। আর এই ব্যাঙ্কগুলির বেসিক ব্যাপার হল বেসিক ডিপোজিটের উপর কিছু প্রোটেকশান দেওয়া হয়। আপনি দেখুন, একটার পর একটা এই রকম ঘটনা ঘটছে, কিন্তু কোনো প্রোটেকশান নেই। আর একটা জিনিস লিখেছেন আপনার অফিসার—Smt. Chhaya Ghosh remains unchanged as Chairperson since ensconced as such despite many ups and downs in her political life. During the period she has established .the fact that in the Confed, only her writ counts. Most of the business transactions were made under the order of the Chairperson issued in terms of rule 30 of the West Bengal Co-operative Service Rules, 1987. আপনি যদি চুরি না ধরতে পারেন, তাহলে আমরা ধরে নেব যে পরে আপনিও করবেন।

শ্রী সেখ ইলিয়াস মণ্ডল : মাননীয় চেয়ারম্যান স্যার, আমি প্রথমে সমবায় দপ্তরের ৫৭ নম্বর দাবিতে যে ব্যয়-বরাদ্দ পেশ করা হয়েছে তাকে সমর্থন করছি এবং বিরোধীদের আনা কাট মোশানের তীব্র বিরোধিতা করছি। ম্যাডাম, বর্তমান আর্থ-সামাজিক প্রেক্ষাপটে সমবায়ের গুরুত্ব অপরিসীম বিশেষ করে গ্রামাঞ্চলে অর্থনৈতিক বনিয়াদ গড়ে তুলতে গেলে সমবায়ের গুরুত্ব অপরিসীম। আজকে গ্রামের কৃষকরা সমবায়ের মধ্যে দিয়ে ঋণ নিয়ে খাদ্যের স্বয়ম্ভরতা বাড়াচ্ছে। ১৯০৪ সালে দেশ যখন পরাধীন তখন গ্রামের মানুষ ভেবেছিল যে, সমবায় ছাড়া গ্রামের গরিব কৃষক বাঁচতে পারে না। তাই সেদিন গ্রামের মানুষ আন্দোলন করেছিল, তাদের মুখ্য উদ্দেশ্য ছিল যে গ্রামের সুদখোর মহাজন যারা টাকা দিত কিন্তু সুদ নিত, তাদের নানা ধরনের কুবৃত্তি ছিল, এটা ঠিক যে এই সমবায় গ্রামাঞ্চলে তাদের অর্থনৈতিক বনিয়াদকে গড়ে দিয়েছে। ভাবতে আমাদের ভালো লাগছে যে সমবায় আজকে গ্রামের কৃষকদের ৪৭ শতাংশ ঋণদান করে থাকে এবং এর পুরো কৃতিত্ব গ্রহণ করেছে সমবায় ব্যাঙ্কগুলো। বিরোধী বন্ধুরা তাঁরা এই সভা আলো করে বসে আছেন। রাষ্ট্রায়ত্ত ব্যাঙ্কগুলো তো আপনারা করেছিলেন, আমরা সাহায্য করেছিলাম। রাষ্ট্রায়ত্ত ব্যাঙ্কগুলোর কাজ কী ছিল ? গ্রামের ক্ষেত্রে যে ব্যাঙ্কগুলো ছিল তারা তো গ্রামের কথা ভাবে না, গ্রামের কৃষি ব্যবস্থাকে এগিয়ে নিয়ে যাওয়ার জন্য তারা কৃষকদের ঋণ দিত না।

আজকে আপনারা বড়ো বড়ো কথা বলেছেন। স্বল্পমেয়াদী কৃষি ঋণদান সম্পর্কে তারা এক উল্লেখযোগ্য পদক্ষেপ গ্রহণ করেছেন। আমাদের যে কেন্দ্রীয় ব্যাঙ্ক রয়েছে তিনটে শাখার মাধ্যমে সমবায় ব্যাঙ্কগুলোকে ৩০৩ কোটি ৯৩ লক্ষ টাকা প্রদান করা হয়েছে। আমরা দেখেছি অসংখ্য কৃষক খেতমজুর, ক্ষুদ্র প্রান্তিক চাষী তারা উপকৃত হয়েছে। স্বল্পমেয়াদী ঋণ গ্রহণ করে উপকৃত হয়েছে ১৩ লক্ষ কৃষক, প্রায় ১৪ লক্ষ কৃষক। কারণ আমরা দেখলাম ২০০০-০১ সালের আর্থিক বছরে কৃষি ঋণের লক্ষ্যমাত্রা সাড়ে তিনশো ধার্য করা হয়েছে। কৃষি ঋণ পরিশোধটাও গুরুত্ব দিয়ে দেখতে হবে। কৃষকরা ২৫৫ কোটি ৫৮ লক্ষ টাকা কৃষিঋণ পরিশোধ করেছে। গত বছর ভয়াল বন্যাতে আমাদের রাজ্যের ৯টি জেল বিধ্বস্ত হয়ে গিয়েছিল। ৫ হাজার ৬৬০ কোটি টাকা ক্ষতিগ্রস্ত হল। আমাদের রাজ্য সরকার চেয়েছিল মাত্র ১৪৮৩ কোটি টাকা দুর্ভাগ্য আমাদের, এখন যাঁরা বিরোধী দলে বসে আছেন তাঁরাও সেদিন মন্ত্রিত্বে বসে আছেন তাঁরাও কোনও তদবির করেননি। মাত্র ১০৩ কোটি ২৫ লক্ষ টাকা আমরা পেলাম। আজকে বন্যাকবলিত এলাকার মানুষের উন্নয়নে সেচব্যবস্থার জন্য সমবায়ের মাধ্যমে, কৃষকদের কাছে টাকা পৌঁছে দেওয়ার জন্য সমবায় এক গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করেছে। কেন্দ্রীয় সরকার একটা পরিকল্পনা করেছিলেন কৃষকদের ক্রেডিট কার্ড দেওয়ার ব্যাপারে আমাদের রাজ্য সরকার এক দৃঢ়তাপূর্ণ অবস্থান অবলম্বন করে ১৪ হাজার ১৮১ জনকে ক্রেডিট কার্ড দিয়েছেন। এই আর্থিক বছরে ৫০ হাজার লক্ষ্যমাত্রা রেখেছেন, আরও আমাদের সরকার প্রয়াস নিয়েছেন সমবায় হচ্ছে জনগণের, সমবায় হচ্ছে সবার জন্য। সেই শিল্প আগামীদিনে আলোকবর্তিকায় পথ দেখাবে। মাননীয় মন্ত্রী যে ব্যয়-বরাদ্দের অনুমোদনের দাবি রেখেছেন তাকে সমর্থন করে এবং বিরোধীদের আনা কাটমোশানের তীব্র বিরোধিতা করে আমার বক্তব্য শেষ করছি।

শ্রী কালিপদ মণ্ডল : মাননীয়া চেয়ারপার্সন, আপনার মাধ্যমে মাননীয় মন্ত্রীর ৫৭নং দাবীর অধীন যে ব্যয়-বরাদ্দের দাবি রেখেছেন তার বিরোধিতা করে এবং আমাদের বিরোধীদের কাটমোশানকে সমর্থন করে দু-চারটি কথা বলতে চাই। ভারতের সংবিধানে সেবামূলক সংস্থা হিসাবে আমরা যেগুলি দেখতে পাই তা হল শিক্ষা, স্বাস্থ্য, পরিবহন, পঞ্চায়েত এবং সমবায়কে। এই সমবায়ের গুরুত্ব অপরিসীম। শিক্ষা আনে চেতনা, আর চেতনা বৃদ্ধির দায়বদ্ধতা সমবায়গুলির থেকে গেছে সেই দিক থেকে আমরা কিন্তু বামফ্রন্টের জমানায় দীর্ঘদিন যাবত দেখছি যে সার্বিক ক্ষেত্রে সমবায়ের মাধ্যমে উন্নয়ন করতে সমবায় ব্যর্থ হয়েছে। আমরা যদি সমবায় সংস্থাগুলির পরিকাঠামো বিচার বিশ্লেষণ করলে দেখি যে মহাজনের হাত থেকে বাঁচবার জন্য যে সমবায় গড়ে উঠেছিল বর্তমানে রাজনৈতিক তাঁবেদারির ম্যানেজমেন্টের মাধ্যমে সেখানে একটা সর্বনাশা ইতিহাস রচনা হয়েছে। কৃষিক্ষেত্রে স্বল্পমেয়াদী ঋণ দান এবং আদায়ের মধ্যে একটা অসামঞ্জস্য থেকে গেছে। আমরা দেখেছি রিজার্ভ ব্যাঙ্ক থেকে ২ পারসেন্ট সুদে টাকা নিয়ে গরিব কৃষক তপশিলি মানুষ যারা কারিগরি শিল্পের সঙ্গে যুক্ত তাদের কাছ থেকে সুদ নেওয়া হচ্ছে ৭ গুণ বেশি অর্থাৎ ১৪ পারসেন্ট হারে। আর দিনের পর দিন বলা হচ্ছে এই সমবায়গুলিতে আয়ের থেকে ব্যয়ের দিকটা বেশি হয়ে যাচ্ছে, তারা কর্মচারীদের উপর শোষণ চালাচ্ছে, কর্মচারীরা

অর্ধাহারে, অনাহারে দিন কাটাচ্ছে। মন্ত্রী মহাশয়ের প্রতিশ্রুতি থাকা সত্ত্বেও প্রায় ৩০ হাজার কর্মচারীর দিকে দৃষ্টিপাত করা হচ্ছে না। পক্ষান্তরে কেন্দ্রের সমবায় ব্যাঙ্কগুলিতে লস হওয়া সত্ত্বেও সরকার বাহাদুর দিনের পর দিন তাদের মাহিনা বৃদ্ধি করছেন, সরকারি হারে তাদের ডি.এ. বৃদ্ধি করেছেন, সব সুযোগ-সুবিধা দিচ্ছেন। তাই আমরা দেখতে পাচ্ছি সমবায়ের ক্ষেত্রে একটা দ্বিচারিতার ভূমিকা পালন করছে বর্তমান সমবায়। তাই আমি অনুরোধ করবো প্রাথমিকভাবে সমবায়ের সঙ্গে যুক্ত ৩০ হাজার কর্মী যেখানে কৃষির ক্ষেত্রে সাধারণ মজুরী ৬০ টাকার উপরে সেখানে তাদের মজুরির কথা মাননীয় মন্ত্রী মহাশয় যদি বিচার-বিশ্লেষণ করেন তাহলে খুশি হব। আমরা দেখেছি সার্বজনীন সদস্য পদ প্রদান, এক্ষেত্রে দুর্বল শ্রেণির যারা মানুষ, তপশিলি সম্প্রদায়ের যারা মানুষ, ভাগচাষী, পাট্টাদার তাদের সমবায়ের পরিষেবা ঠিকভাবে পাইয়ে দেওয়া যাচ্ছে না। কিষান ক্রেডিট কার্ড সম্পর্কে বলতে গেলে বলতে হয় ভারতবর্ষের সমস্ত রাজ্যে যখন এর ব্যাপক চাহিদা হচ্ছে তখন পশ্চিমবঙ্গ সরকার সবেমাত্র এই ক্রেডিট কার্ড চালু করা শুরু করেছেন মাত্র।

[3.20—3.30 p.m.]

এবং সেই কিষান ক্রেডিট কার্ডের মাধ্যমে যাতে প্রান্তিক কৃষক, গরিব চাষী সুযোগ-সুবিধা ব্যাপকভাবে পেতে পারে তার জন্য মাননীয় মন্ত্রী মহাশয়কে অনুরোধ করব। কর্মচারীদের মাইনে বৃদ্ধির ক্ষেত্রে বারবার সান্ত্বনা-বাক্য দেওয়া হয়েছে। ৪ আগস্ট, ১৯৯০ কর্মচারীদের বেতন হার সম্বন্ধে মাননীয় মন্ত্রী একটা বিবৃতি দিয়েছিলেন। নতুন বেতন হার চালু করার জন্য যে টাকা লাগবে সেটা দেবে রাজ্য সরকার এবং সমবায় সমিতিগুলো। কে কত দেবে তা পুজোর আগে ঠিক করা হবে এবং সেই সময়কার সমবায় মন্ত্রী ভক্তিভূষণবাবু বলেছিলেন যে, নতুন বেতন হার দিতে ১২৫ কোটি টাকা লাগবে। এবং তার মধ্যে ৮৫ কোটি টাকা দেবে রাজ্য সরকার। কিন্তু তখন কাজের কাজ কিছুই হয়নি। পরবর্তী পর্যায়ে, ২৮ জানুয়ারি, ১৯৯২ সালে যৌথভাবে মাননীয় অসীম দাসগুপ্ত এবং সরলদেব মহাশয় বললেন, ১২ হাজার সমবায় সমিতির ২১ হাজার মানুষকে ১লা মার্চ থেকে সরকারি আওতায় নিয়ে আসা হচ্ছে এবং তার জন্য ২ কোটি টাকা খরচ হবে। এর ৪০ ভাগ অর্থ দপ্তর দেবে এবং বাকি টাকা সমবায় দপ্তর দেবে। ১৯৯২ সালে যে পে-কমিশন গঠন করা হয়েছিল সমবায়ের জন্য তার রিপোর্টের পর এই বিবৃতি দিয়েছিলেন। সেই সুপারিশ অনুযায়ী অর্থ দপ্তর বেতন কাঠামো তৈরি করে এবং বেসিক বেতনের ২৭ শতাংশ মহার্ঘভাতা দেবে বলে জানায়। ১৯৯৩-৯৪ সালে আমরা দেখতে পাই যে, জেলা সমবায় ইউনিয়ন, রাজ্য কর্মচারী ইউনিয়নের বেতন কাঠামোর পুনর্বিন্যাস হয়েছে বলে সমিতি জানায় এবং তার ব্যয়ভার সরকার বহন করছেন বলেও জানায়। অথচ ব্যাঙ্ক সমবায় সমিতির কর্মীরা দীর্ঘদিন ধরে বঞ্চনার স্বীকার হচ্ছেন। এ ব্যাপারে সরকার শুধু আশার ফুলঝুরি আমাদের সামনে রাখছেন এবং কর্তব্য কাজে দ্বিধা করছেন, অনীহা দেখাচ্ছেন এবং তার ফলে কর্মচারীরা দীর্ঘদিন ধরে বঞ্চিত হচ্ছেন। মাননীয় মন্ত্রী মহাশয়কে অনুরোধ করব, আপনি ওদের প্রতি সদয় হোন, সহানুভূতিশীল হোন, আমরা সুখী হব।

এ ব্যাপারে আমরা যদি পরিসংখ্যান দেখি, সমবায় সমিতির অগ্রগতি, যেভাবে একে নিয়ে যাওয়ার কথা, পরিসংখ্যান কিন্তু তা বলছে না। ক্রেডিট সোসাইটির ক্ষেত্রে দেখা যাচ্ছে ১৯৯৫-৯৬ সালে ছিল ১৬,২২৩; ১৯৯৬-৯৭ সালে ছিল ১৩,২১২; ১৯৯৭-৯৮ সালে ছিল ১৩,৩৩২; ১৯৯৮-৯৯ সালে ছিল ১৪,৫৯৭। তাহলে পরিসংখ্যান বলছে কোন সময় কমছে, কোন সময় বাড়ছে।

নন-ক্রেডিটে ১৯৯৫-৯৬ সালে ছিল ৩৩৫৭, ১৯৯৬-৯৭ সালে ছিল ৮৩৫৪, ১৯৯৭-৯৮ সালে ছিল ৮৩৪০, ১৯৯৮-৯৯ সালে ছিল ৮৫০৩। কিন্তু দেখা যাচ্ছে নন-ক্রেডিট সোসাইটির কিছুটা অগ্রগতি হলেও ক্রেডিট সোসাইটিগুলো ব্যর্থ হচ্ছে। মেম্বারস যদি দেখেন তাহলে দেখবেন ক্রেডিট সোসাইটিতে ৭১ লক্ষ ২২ হাজার ৬৮০ থেকে বেড়ে হয়েছে ৭৫ লক্ষ ৪৭ হাজার ৪৭। দেখা যাচ্ছে সেদিকেও বৃদ্ধির হার কম। এবং নন-ক্রেডিটে যদি দেখা যায়, সভ্য সংখ্যা কত ছিল ? ২ লক্ষ ৩৬ হাজার ৮২৮ কিন্তু দীর্ঘ ৩০ বছরে জনসংখ্যা যে হারে বৃদ্ধি হয়েছে সমবায় সমিতির অগ্রগতি সেই হারে হচ্ছে না। জানতে হবে এর পেছনে এক শ্রেণির অসাধু চক্র কাজ করছে। রাজনৈতিক দাদাগিরি কিন্তু গ্রামে-গঞ্জে প্রভূত বৃদ্ধি পাচ্ছে। তাই মাননীয় মন্ত্রী মহাশয়ের কাছে অনুরোধ রাখব গ্রামীণ সমবায়ে সমিতিগুলোর প্রতি একটু দৃষ্টি দিন তাহলে এর অগ্রগতি সম্ভব হবে। নতুবা অচিরেই এগুলো বিনষ্ট হবে। পরিশেষে দাবি-পত্রের বিরোধিতা করে এবং কাট-মোশানের সমর্থন করে আমার বক্তব্য শেষ করছি। নমস্কার।

শ্রী ভক্তরাম পান : মাননীয়া চেয়ারপার্সন মহাশয়া, ২০০১-২০০২ সালের ৫৭ নম্বর দাবির অধীন যে ব্যয়-বরাদ্দের দাবি এখানে আমাদের রাজ্যের মাননীয় সমবায় মন্ত্রী শ্রী নরেন দে মহাশয় পেশ করেছেন তাকে সমর্থন করে কয়েকটি কথা উপস্থাপিত করতে চাই। মাননীয়া চেয়ারপার্সন মহাশয়া, সমবায় আন্দোলনের ক্ষেত্রে আমরা দেখেছি যে, এর শুরু ইউরোপ মহাদেশ থেকে। শিল্প বিপ্লবের পর ১৮৪৪ সালে ল্যাংকাশায়ারে তাঁত শ্রমিকরা তাঁদের মালিকদের শোষণের বিরুদ্ধে একটি বৈঠকে মিলিত হয়ে শপথ নেন যে, তাঁদের যে সামান্যতম সঞ্চয়, সেই সঞ্চয়কে পুঞ্জিভূত করে তাঁরা তাঁদের নিত্য ব্যবহার্য জিনিস ক্রয় করবেন। ইতিহাসে এই ঘটনাকেই সমবায়ের আদর্শ ও আন্দোলনের প্রথম বীজ বপন বলে ধরা হয়। পরবর্তীকালে ১৮৯৫ সালে ইন্টারন্যাশনাল কো-অপারেটিভ অ্যালায়েন্স নামে একটি সংস্থা গড়ে উঠে এবং তারও পরবর্তীকালে ১৯৬৬ সালে সারা বিশ্বের সমস্ত দেশের সমবায় আন্দোলনের অভিজ্ঞতার নিরিখে সমবায় আন্দোলন সম্পর্কে কতকগুলো মূল নীতি এবং আদর্শ গৃহীত হয়। এই মূল আদর্শ ও নীতিগুলো হল—স্বেচ্ছামূলক ও বাধাহীন সদস্যপাদ, গণতান্ত্রিক পরিচালন ব্যবস্থা, মূলধনের উপর নামমাত্র লভ্যাংশ প্রদান, সদস্যদের মধ্যে উদ্বৃত্ত বণ্টন, সমবায় শিক্ষার প্রসার ও সমবায় চেতনার বিকাশ, সমবায় প্রতিষ্ঠানগুলির মধ্যে পারস্পরিক সহযোগিতা। এই লক্ষ্যকে সামনে রেখে ভারতে সমবায় আন্দোলনের শুরু। আমরা সকলে জানি যে, ভারতে ব্রিটিশ শাসন যখন ছিল তখন একদিকে চিরস্থায়ী বন্দোবস্তের মধ্যে দিয়ে কৃষকদের উচ্ছেদ করার ফলে গ্রামের কৃষকদের মধ্যে ক্ষোভ, বিক্ষোভ শুরু হয় এবং রেলপথে ইউরোপের শিল্পসামগ্রী আমাদের দেশে নিয়ে

আসার ফলে আমাদের এখানে ক্ষুদ্র ও কুটির শিল্পের হাজার-হাজার মানুষকে উচ্ছেদ করা হয়। গ্রামের কৃষক এবং ক্ষুদ্র ও কুটির শিল্পের লক্ষ লক্ষ মানুষ তাদের যে ক্ষোভ এবং বিক্ষোভ, সেই ক্ষোভ এবং বিক্ষোভকে সমবায় আন্দোলনে পর্যবসিত করে। ব্রিটিশ সাম্রাজ্যবাদীরা কতকগুলো আইন আমাদের দেশে চালু করে। সেগুলো হল—১৮৮৩ সালে ভূমি উন্নয়নের উদ্দেশ্যে 'টাকাভি' আইন এবং ১৮৮৫ সালে বেঙ্গল টেনান্সি অ্যাক্ট-সহ কিছু সরকারি আইন পাশ হল। ১৮৮৪ সালে স্বল্পমেয়াদী কৃষিঋণ ব্যবস্থার প্রবর্তন হল। এই আইনগুলো নানা সীমাবদ্ধতার কারণে ব্যর্থ হয়। সমবায়ের জন্য পর পর সমস্ত অভিজ্ঞতার নিরিখে আমরা দেখেছি ১৯০৪ সালে লর্ড কার্জন কো-অপারেটিভ ক্রেডিট সোসাইটি অ্যাক্ট তৈরি করেন এবং এই যে নতুন আইন চালু হল তারই পথ ধরে আমাদের ভারতবর্ষে সমবায় আন্দোলন গড়ে উঠেছে। এখন দেশে ৩ লক্ষ ৪৮ হাজার সমবায় সমিতি আছে, যার সদস্য সংখ্যা ১৫ কোটি এবং গ্রাহকদের মূলধন ৪৮ হাজার কোটি টাকা। ভারতবর্ষের সমবায় আন্দোলন পৃথিবীর মধ্যে বৃহত্তম সমবায় আন্দোলন। পশ্চিমবঙ্গের ক্ষেত্রে ষাটের দশকে কংগ্রেসীদের জন্য এখানে প্রথম দিকে এই আন্দোলন কিছুটা গুরুত্ব পায়—গ্রামাঞ্চলে কায়েমি স্বার্থে তাদের নেতৃত্বে সমবায় আন্দোলন সংগঠিত হয়। পরবর্তীকালে সেগুলো আস্তে আস্তে শেষ হয়ে যায়। আমরা বামফ্রন্ট সরকার পশ্চিমবঙ্গে ক্ষমতায় প্রতিষ্ঠিত হওয়ার পর কৃষির উপর সবচেয়ে বেশি গুরুত্ব দিই। কৃষকদের মালিকানা ছিল না। আমরা এখানে ভূমিসংস্কার করে বর্গাদারদের অধিকার রক্ষার মধ্যে দিয়ে পশ্চিমবঙ্গের অর্থনৈতিক উন্নতি সাধন করি। তারই পথ ধরে সমবায় আন্দোলনের বিকাশ ঘটে।

[3.30—3.40 p.m.]

এর মধ্যে দিয়ে গ্রামাঞ্চলের গরিব, বঞ্চিত, অবহেলিত মানুষগুলি বেঁচে থাকার সুযোগ পাচ্ছে। গরিব চাষীরা সমবায়ের মাধ্যমে মূলধন জোগাড় করে চাষবাস করার সুযোগ পাচ্ছে, কৃষির অগ্রগতি ঘটাচ্ছে। মাননীয় মন্ত্রী মহাশয় সমবায় আন্দোলনকে শক্তিশালী করার উদ্যোগ গ্রহণ করেছেন। পুরাতন সমবায় সমিতিগুলিকে সচল করার জন্য উদ্যোগ গ্রহণ করছেন। এই প্রসঙ্গে আমি মন্ত্রী মহাশয়কে বলব যে, এখনো অনেক মৃত সমিতি আছে, সেগুলিকে এখনো বাঁচানো যায়নি। সেগুলিকে বাঁচিয়ে তোলার জন্য মন্ত্রী মহাশয়কে উদ্যোগ গ্রহণ করতে অনুরোধ করছি। গ্রামাঞ্চলের যে সমস্ত গরিব মানুষরা অতীতে কোনোদিন সমবায়ে প্রবেশাধিকার পেত না, তারা আজকে সেই সুযোগ পাচ্ছে। সর্বজনীন সদস্য পদের মধ্যে দিয়ে সমবায় আন্দোলনকে গ্রামাঞ্চলের গরিব মানুষের মধ্যে ছড়িয়ে দেওয়া সম্ভব হয়েছে। এর মধ্যে দিয়ে গ্রামাঞ্চলে আমানতের পরিমাণ বৃদ্ধি পেয়েছে। অতীতে আমরা দেখেছি ৪৬/৪৭ শতাংশ কৃষি-ঋণ মহাজনরা নিয়ন্ত্রণ করত। আজকে সেটা সমবায় সমিতির মাধ্যমে কৃষকরা পাচ্ছে। এর মধ্যে দিয়ে পশ্চিমবাংলায় কৃষির অগ্রগতি ঘটেছে। ফলে পশ্চিমবাংলা আজকে কৃষিতে প্রথম স্থান অধিকার করেছে। এ ক্ষেত্রে সমবায় এবং সমবায় আন্দোলনের গুরুত্বপূর্ণ ভূমিকা আছে। এই নিরিখে আজকে মাননীয় মন্ত্রী মহাশয় তাঁর বাজেট বক্তৃতার মধ্যে নতুন নতুন বিষয়গুলি এনেছেন, বিভিন্ন ক্ষেত্রের দুর্বলতা অতিক্রম করার জন্য নির্দিষ্ট পদক্ষেপের কথা বলেছেন।

এই প্রেক্ষাপটে আমি বলতে চাই যে, শুধু কৃষি-ঋণই নয় সমবায়ের মাধ্যমে সেচ ব্যবস্থারও সম্প্রসারণ ঘটাতে হবে। ট্রাক্টর, পাওয়ার টিলার ইত্যাদির ব্যবহার যাতে কৃষকরা সমবায় ভিত্তিতে করতে পারে তার জন্য উদ্যোগ গ্রহণ করা দরকার। সমবায়ের সাহায্যে কৃষকদের কাছে উন্নত বীজ সরবরাহ করা সম্ভব। সাথে সাথে সমবায়ের মাধ্যমে মৎস্য চাষ, পশুপালন প্রভৃতির সম্প্রসারণ ঘটাতে হবে। এই সব বিষয়গুলির প্রতি সমবায় দপ্তরকে বিশেষ গুরুত্ব দিতে হবে। পুরাতন অর্গানাইজেশনগুলিকে সজীব এবং সক্রিয় করার ক্ষেত্রে গ্রামাঞ্চলে ব্লক স্তর পর্যন্ত সমবায় বিভাগের যে প্রশাসনিক ব্যবস্থা আছে তাকে আরো সক্রিয় করে তুলতে হবে। এ বিষয়ে জনপ্রতিনিধিরা এবং গণসংগঠনগুলি যেমন উদ্যোগ নেবে, তেমন সরকারি প্রশাসনকেও উদ্যোগী হতে হবে। যৌথ উদ্যোগের মধ্যে দিয়ে সমবায় আন্দোলনকে আমরা এগিয়ে নিতে পারব। গ্রামাঞ্চলে সমবায় আন্দোলন কৃষি অর্থনীতির বিকাশে এবং সামাজিক উন্নয়ন ও বিকাশের ক্ষেত্রে একটা বিরাট ভূমিকা পালন করতে পারে। সেই উদ্দেশ্য এবং লক্ষ্যের দিকেই আমাদের এগিয়ে যেতে হবে। এই কথা বলে, বাজেটকে পুনরায় সমর্থন করে, বিরোধীদের কাট মোশানের বিরোধিতা করে আমার বক্তব্য শেষ করছি। ধন্যবাদ।

শ্রী জ্যোতির্ময় কর : মাননীয়া সভানেত্রী, সমবায় বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী শ্রী নরেন্দ্রনাথ দে কর্তৃক প্রদত্ত ২০০১-২০০২ সালের ৫৭ নং দাবির ব্যয়-বরাদ্দের বিরোধিতা করে, আমাদের পক্ষ থেকে উত্থাপিত কাট মোশানের সমর্থনে আমি আমার বক্তব্য উপস্থাপিত করছি।

মাননীয়া সভানেত্রী মহোদয়া, মার্কসীয় এবং অমার্কসীয় সমস্ত তত্ত্বেই আর্থ-সামাজিক মুক্তির হাতিয়ার হিসাবে সমবায় আন্দোলন ফলিত তত্ত্বের মত স্বীকৃত। ১৯১৪ সালে সমবায় আন্দোলনের শুরু। আমাদের মেদিনীপুর জেলা সমবায় আন্দোলনের ক্ষেত্রে অন্যতম প্রধান অগ্রগণ্য জেলা হিসাবে স্বীকৃত।

আজকে মাননীয় মন্ত্রী মহাশয়ের ভাষণ পড়ে মনে হচ্ছে তিনি ভাবের ঘরে চুরি করছেন। এই ভাষণের মধ্যে দিয়ে তিনি প্রকৃত সত্যকে আড়াল করার চেষ্টা করছেন, এটাই এই ভাষণ অধ্যয়ন করে আমার মনে হচ্ছে।

স্যার, আপনি জানেন সমস্ত রকম সমবায়কে চার ভাগে ভাগ করা যায়। একটা হচ্ছে, কৃষি ঋণ বা এগ্রিকালচারাল ক্রেডিট ; আর একটা হচ্ছে অকৃষি ঋণ বা নন-এগ্রিকালচারাল ক্রেডিট—এই রকম চার ভাগে সমস্ত কিছুকে সমবায়ের মধ্যে আনা যায়। মাননীয় সমবায় মন্ত্রী মহাশয় তাঁর বাজেট ভাষণের তৃতীয় প্যারায় বলেছেন, 'পশ্চিমবঙ্গে ৪০,০০০ গ্রামে, প্রতি ৫টি গ্রামের জন্য একটি প্রাথমিক সমবায় ঋণদান সমিতি আবশ্যিক ধরলে ৮০০০ সমিতি থাকা প্রয়োজন হলেও, এতাবত ৭৪০০-—র বেশ সমিতি নিবন্ধীকৃত হয়নি। এদের মধ্যে কয়েক শ'কে অচল বলে অবলুপ্ত ঘোষিত হয়েছে।' তিনি আরো বলেছেন, '৬০০০ প্রাথমিক সমবায় ঋণদান সমিতি স্বনির্ভর এবং স্বনির্ভর হতে সক্ষম বলে ধরা যায়।'

আমাদের দেশে একটা কথা আছে, মিথ্যা হোক মনকে পাক। ইট ইজ নট্ টু বাট লাইকলি টু বি ট্রু। ইট ইজ নাইদার ট্রু নর আন-ট্রু। প্রকৃত তথ্য, দিঘাতে অতি সম্প্রতি

২০ তারিখে ডিস্ট্রিক্ট কো-অপারেটিভ ব্যাঙ্কের যে সম্মেলন হয়েছিল তার তথ্য থেকে বেরিয়ে আসছে। ১৯৯৫-৯৬ সালে প্রাথমিক কৃষি সমবায় সমিতির মূল যে ইনস্টিটিউশন তার শিকড়ে যেতে হবে, সেখানে ভায়াবেল সমিতির সংখ্যা হচ্ছে ৩ হাজার ১১১টি আর নন-ভায়াবেল সমিতির সংখ্যা ২ হাজার ৩৬৬টি। সমবায় আন্দোলনের এমন গতি হল যে, ১৯৯৭-৯৮ সালে ৩ হাজার ১১১টির জায়গায় কমে গিয়ে দাঁড়াল ২ হাজার ৪২৮টিতে। সমবায় আন্দোলন এমন স্তরে গেল যে অলাভজনক সমিতির সংখ্যা বেড়ে দাঁড়িয়ে হল ৩ হাজার ১৪৩টিতে। ক্ষতির অঙ্ক হল ৪ কোটি ৮৫ লক্ষ টাকা। গতিশীল হলে ভায়াবেল সমিতির সংখ্যা তো বাড়বে। তা না হয়ে রিভার্স হয়ে গেল, ৩ হাজার ১১১টি থেকে ৩ হাজার ১৪৩টি প্রাথমিক সমিতি নন-ভায়াবেল হয়ে গেল। মাননীয় সভানেত্রী মহাশয়া, আমাদের ১৭টি ডিস্ট্রিক্ট সেন্ট্রাল কো-অপারেটিভ ব্যাঙ্ক আছে। এবার দেখা যাক তার স্বাস্থ্য পরীক্ষা করে। তার মধ্যে ৪টি জেলায় কেন্দ্রীয় সমবায় ব্যাঙ্ক ১৯৪৯ সালের বি.আর.অ্যাক্টের ১১(১) ধারা কমপ্রায়ন করতে না পারার জন্য নামে কেন্দ্রীয় ব্যাঙ্ক, কিন্তু কাজ নেই, কাম নেই। আবার দেখা যাচ্ছে, বলাগেরিয়া সেন্ট্রাল কো-অপারেটিভ ব্যাঙ্ক এবং পুরুলিয়া সেন্ট্রাল কো-অপারেটিভ ব্যাঙ্ক ১ বছরে আর্থিক ক্ষতির পরিমাণ গিয়ে দাঁড়ালো—বলাগেরিয়ায় ১ কোটি ৪২ লক্ষ টাকা আর পুরুলিয়া সেন্ট্রাল কো-অপারেটিভ ব্যাঙ্কে ১ কোটি ৭০ লক্ষ টাকা। ১ কোটি ৪২ লক্ষ টাকার আর্থিক ক্ষতির মুখোমুখি হয়ে—আশ্চর্যের ব্যাপার, আগের বছরেই ব্যাঙ্কটি জাতীয় পুরস্কার পেল—তাহলে কি রকম হল, কি রকম ইন্সপেকশন করা হল সে বিষয়ে সন্দেহের তীর কোনদিকে যায় আশা করি প্রবীণ মন্ত্রী মহাশয়কে তা বুঝিয়ে দিতে হবে না। রাজ্য ব্যাঙ্কের দিকে দেখা যাক। আমাদের থ্রি-টায়ার সিসটেম সমবায় ব্যাঙ্ক—প্যাক্স, ডিস্ট্রিক্ট এবং আর একটা হচ্ছে স্টেট। একজন মাননীয় সদস্য বললেন, রাজ্য সমবায় ব্যাঙ্ক ১৪০০ কোটি টাকা ডিপোজিট নিয়ে বিরাট কাজ করেছে পশ্চিমবঙ্গে। কিন্তু তথ্য বলছে, ১৯৯৯-২০০০ সালে ৫ কোটি ২৮ লক্ষ টাকা স্টেট কো-অপারেটিভ ব্যাঙ্ক লাভ করেছে। ওয়ার্কিং ক্যাপিটাল কত—১ হাজার ৬৪৯ কোটি টাকা। ৫ কোটি ২৮ লক্ষ টাকা লাভ করলে তাহলে ফুটোটা কোথায়, লিক্‌টা কোথায় সেটা অবশ্যই বের করতে হবে। এই হল কৃষি ঋণ দানের অবস্থা। তারপর ৫ নম্বর প্যারায় বলা হয়েছে, 'আমানত ধন-সুরক্ষা প্রত্যয়ীকরণ (গ্যারান্টি) প্রকল্প।' এখানে বলা হয়েছে, জেলা কেন্দ্রীয় সমবায় ব্যাঙ্ক ৩০ হাজার টাকা পর্যন্ত সব আমানতকে সুরক্ষিত ঘোষণা করছে। গ্রামের যারা গরিব কৃষক যারা প্রাথমিক সমিতিতে টাকা রাখে তাদের মধ্যে কতজনের আর্থিক সামর্থ্য আছে ৩০ হাজার টাকা পর্যন্ত রাখবে ? এখানে ৩০ হাজার টাকা পর্যন্ত একজন সিডিউল কাস্টস, সিডিউল ট্রাইবস্, সাধারণ কৃষক, যারা ভাগচাষী, পাট্টা হোল্ডার তাদের স্বার্থের কথা বলা হচ্ছে তাদের মধ্যে। ৩০ হাজার টাকা কতজন রাখে ? আমার মনে হয় এটা একটা ফাঁকি। এই ফাঁকটা বন্ধ করার জন্য এই বিভাগকে প্রয়োজনীয় ব্যবস্থা নিতে হবে। এ কথা কারা বলছে ? যারা নিজেরা ১ কোটি, ২ কোটি টাকা লসে রান করাচ্ছে, তারাই এইসব মানুষের দায়িত্ব নিচ্ছে। তাই আমার মনে পড়ে, সত্যি সেলুকাস কি বিচিত্র এই দপ্তর। এবার শহরাঞ্চলীয় বিতর্কে আসুন। শহরাঞ্চলীয় ঋণদান পরিষেবা ব্যবস্থা। আপনি শুনলে আশ্চর্য হবেন, বর্তমানে সমবায় আন্দোলন কি পর্যায়ে তার এক কলমও শহরাঞ্চলীয় সমবায় ব্যাঙ্ক সম্বন্ধে নেই। অথচ বাজেট ভাষণে

বলেছেন, শহরাঞ্চলীয় সমবায় ঋণদান সমিতি ও ব্যাঙ্কগুলি এই ঋণদান পরিষেবা দিয়ে থাকে। এ কাজে সম্প্রতি কিছু মহিলা সমবায় ঋণদান সমিতিও এগিয়ে এসেছে।' তথ্য কি বলছে ? ৫২টি রেজিস্টার্ড আরবান কো-অপারেটিভ ব্যাঙ্ক আছে। কাজ করে ৪৭টি আর ভায়াবেল হচ্ছে ১০/১২টি। গুজরাট ৩৪৬টি আর কর্ণাটক ২৫৭টি।

[3.40—3.50 p.m.]

মহারাষ্ট্র-৪৪৩। তাহলে ওই সমস্ত রাজ্যের তুলনায় পশ্চিমবঙ্গ যাকে আমরা বলি মেধা আন্দোলনের একটা গতিশীল রাজ্য সেই রাজ্যে সমবায় ব্যাঙ্কের অবস্থানটা কোথায় মন্ত্রী মহাশয় তা একটু চিন্তা করে দেখুন। তবে সবচেয়ে বড় কথা হচ্ছে, ডিপোজিট কনসেপশন। আজকাল ব্যাঙ্কের কনসেপশনটাই পাল্টে যাচ্ছে। আগে বলা হত ব্যাঙ্ক ডিপোজিট রিসিভ করবে, পরে বলা হল ব্যাঙ্ক ডিপোজিট মবিলাইজ করবে, এখন কনসেপ্টটা হচ্ছে ব্যাঙ্ককে ডিপোজিট ক্রিয়েট করতে হবে। কিন্তু এখানে সরকারের যদি এ রকম কুম্ভকর্ণের নিদ্রা চলতে থাকে তাহলে ষষ্ঠ বামফ্রন্ট কেন, ১৬তম বামফ্রন্ট এলেও একইরকমভাবে ব্যর্থতার গান গাইতে হবে। তারপর সরকার থেকে বড় বড় করে স্বনির্ভর প্রকল্পের কথা বলা হচ্ছে। কথাটা বলা খুবই সহজ। এন.সি.ডি.সি. আমাদের টাকা দিত ২৪ পারসেন্ট ইনটারেস্টে এবং সেখানে স্টেট গভর্নমেন্ট গ্যারান্টার থাকতেন এবং তারজন্য টাকার একটা বরাদ্দ থাকত। এই বন্দোবস্ত থেকে বেরিয়ে আসার জন্য আপনি ওই 'প্রাথমিক সমবায় ঋণদান সমিতিগুলিকে সুদৃঢ়ীকরণ' তারপর 'সুসংহত সমবায় বিকাশ প্রকল্প' ইত্যাদি কথা বললেন। আমি বুঝি না এতো জটিল ভাষা এখানে প্রয়োগ করা হল কেন ? এন.সি.ডি.সি. টাকা দিত, সেখানে স্টেট কো-অপারেটিভ ব্যাঙ্ক টাকা দেবে। কো-অপারেটিভ ব্যাঙ্ক টাকা দিত, প্যাক্স টাকা দেবে। সেন্ট্রাল ব্যাঙ্ক টাকা দেবে সেখানে রাজ্য সরকার গ্যারান্টার থাকবে। আপনাদের অনেকের অভিজ্ঞতা আছে যে, যে সমস্ত স্কিম এস.এস.আই. ইউনিট থেকে দেওয়া হয় সেখানে একটা লাইন লিখতে হয় যে টেকনিক্যালি ফিজিবল এবং ফিনান্সিয়ালি ভায়াবল। আমি দায়িত্ব নিয়ে বলছি এ রকম শত শত পড়ে আছে যেখানে টেকনিক্যালি ফিজিবল কথাটা লেখা আছে কিন্তু ফিনান্সিয়ালি ভায়াবল কথাটা লেখা নেই। এর ফলে বেকার যুবকরা ব্যাঙ্কের দরজা থেকে ফিরে আসছে। আমি মন্ত্রিমহাশয়কে অনুরোধ করছি, এই যে টেকনিক্যালি ফিজিবল এবং ফিনান্সিয়ালি ভায়াবল লেখার ব্যাপারটা এতে স্টেট গভর্নমেন্ট দায়িত্ব নিক এবং এন.সি.ডি.সি'র টাকা না নিয়ে কো-অপারেটিভ ব্যাঙ্কের টাকা নিক এবং সরকার সেখানে গ্যারান্টার থাক। তাতে ওই নন-ব্যাঙ্কিং ফিনান্সিয়াল ইন্সটিটিউশন যেমন সঞ্চয়িতা বা পিয়ারলেসের মতন সংস্থার কাছে সরকারকে হাত পাততে হবে না। সেখানে সমবায় ব্যাঙ্কের মাধ্যমে কাজটা এগিয়ে নিয়ে যাওয়া যাবে, আমি বলব, সমবায়ে মার্কেটিং সিস্টেমে প্রডাকশন, ডিস্ট্রিবিউশন, কনজিউমারকে একসূত্রে গেঁথে সমবায়ের পরিকাঠামোটা করা দরকার। মাননীয় মন্ত্রীমহাশয়ের দৃষ্টি আকর্ষণ করে বলব, সমবায় বিভাগ, তারা রেজিস্ট্রেশন, অডিট, ইন্সপেকশন, সুপারভিশন নিক আমার আপত্তি নেই কিন্তু ব্যাঙ্কটা চলুক বি.আর. অ্যাক্টে। আমরা তিন কর্তাকে নিয়ে চলি—বি.আর. অ্যাক্ট, সেন্ট্রাল অ্যাক্ট এবং স্টেট

অ্যাক্ট। এ কখনও চলতে পারে না। তাই বলব, রেজিস্ট্রেশান, অডিট, ইন্সপেকশন, সুপারভিশন সমবায় বিভাগ নিক আর বাকি সব কিছু উন্মুক্ত করে দিক। মাননীয় মন্ত্রিমহাশয় তার ভাষণে সমবায়কে স্বনির্ভর করতে চেয়েছেন। তা করতে গেলে গতিশীল হতে হবে, সৃজনশীল, উন্মেষশীল, বিকাশশীল হতে হবে। মাননীয় মন্ত্রিমহাশয়, কোনও উদ্ভাবনী শক্তি আপনার ভাষণে প্রতিবিম্বিত হতে দেখলাম না। যদি আমার বোঝার অক্ষমতা হয় মাফ করবেন তবে মন্ত্রিমহাশয়কে বলব, এগুলি আপনি নেগলেক্ট করবেন না। সমবায় আন্দোলন কখনও শুধু আইন করে হয় না। এর আগের মন্ত্রী বলেছিলেন আইনটা পাল্টাবেন। এখন শুনছি শীতকালীন অধিবেশনে বিল আসবে। মন্ত্রিমহাশয়কে বলব, সমবায় ইউনিয়ান, ফেডারেশন এগুলিকে গতিশীল করুন, তাহলে সমবায় চলবে। এই বলে আমি আমার বক্তব্য শেষ করলাম।

শ্রী নরেন্দ্রনাথ দে : মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আমি প্রথমেই বিরোধীদলের আনা সমস্ত কাটমোশানের বিরোধিতা করছি। আমি যে ব্যয়-বরাদ্দের প্রস্তাব এখানে উত্থাপন করেছি তা গ্রহণ করার জন্য সকলের কাছে আবেদন জানাচ্ছি।

মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি বসে বসে বিরোধীদের বক্তৃতা শুনছিলাম। আমি আশা করেছিলাম, কিছু উচ্চমানের বক্তব্য এখানে পেশ করা হবে। বাজেট বিতর্ক শুরু হবার আগে মাননীয় সদস্য পঙ্কজ ব্যানার্জির সঙ্গে আমার আলোচনা হয়েছে। কথায় কথায় তিনি বলছিলেন বাজেট বিতর্কের আগে যে, যেহেতু আমাদের এখানে ওভার হোয়েলমিং মেজরিটি যার জন্য ডেমোক্র্যাসি ঠিকমত থাকছে না। তখন তাঁর কথার উত্তর দেওয়া সম্ভব হয়নি, কারণ অন্য একজন এসে গিয়েছিলেন। ভেবেছিলাম বলব, যেখানে কোয়ান্টিটি কম সেখানে কোয়ালিটির দিকে নজর দিন। আমি ভেবেছিলাম, এখানে তাঁরা যুক্তিপূর্ণ কথা তত্ত্ব এবং তথ্য দিয়ে বলবেন এবং সেটা আমি তত্ত্ব এবং তথ্য দিয়ে খণ্ডন করব। কিন্তু ওঁরা বলতে হয় বলেই বলছি এ রকম মানসিকতা নিয়ে বলে গেলেন। তবে তার মধ্যে যে কটি কথা গুরুত্বপূর্ণ মনে হয়েছে যেটা দেবপ্রসাদবাবু এবং দীপকবাবু বলেছেন, আমি মনে রেখেছি। একজন বলেছেন সুদ সম্পর্কে কবেকার একটা জি.ও. কোট করে যেটা বাতিল হয়ে গেছে। এখন নাবার্ডের নির্দেশে সুদের হার নির্ধারিত হয়ে থাকে। সমবায় আন্দোলন আমাদের রাজ্যে ঠিকভাবেই চলছে, তার দিশাও ঠিক আছে। তবে তার মধ্যে কিছুটা ডিসিপ্লিন আনা প্রয়োজন বলে মনে হচ্ছে। তারজন্য আমরা ঠিক করেছি যে, একটা কো-অপারেটিভ সেনশন করব। সেজন্য সমস্ত সংগঠন সংস্থার কাছে কোয়েশ্চেনেয়ার পাঠিয়েছি এবং জানতে চেয়েছি কয়টি সোসাইটি ঠিকমত চলছে, কয়টি খুঁড়িয়ে খুঁড়িয়ে চলছে, কয়টি সোসাইটি ঘুমিয়ে আছে। এ ব্যাপারে সঠিক তথ্য জানবার জন্য তাদের কাছে কোয়েশ্চেনেয়ার পাঠিয়েছি। ইতিমধ্যে কিছু জেলা থেকে সেটা পেয়েছি। তথ্যগুলো পেলে সেটা কম্প্যুটারাইজড করা হবে। এ ব্যাপারে সঠিক তথ্য না পেলে এগিয়ে যাওয়া যাবে না। আশা করছি জুলাই মাসের মধ্যে না হলেও আগস্ট মাসের মধ্যে কাজটা শেষ করতে পারব। এই সমবায় আন্দোলনকে যদি ঠিকমত এগিয়ে নিয়ে যেতে হয় তাহলে একটা পরিকল্পনা থাকা দরকার, দিশা থাকা দরকার। সেজন্য সমস্ত সোসাইটিকে বলেছি এক বছরের পরিকল্পনা গ্রহণ করতে। অন্তত এক বছরের

পরিকল্পনা যদি সামনে না থাকে, ইমাজিনেশন যদি না থাকে তাহলে এগোতে পারব না। সেই পরিকল্পনা রচনার ক্ষেত্রে তাদের আমরা সাহায্য-সহযোগিতার ব্যবস্থা করেছি। শুধু এক বছরের পরিকল্পনা নয়, দশম পরিকল্পনার ২০০২ থেকে ২০০৭ পর্যন্ত পাঁচ বছরের পরিকল্পনা তৈরির জন্য তাদের নির্দেশ দিয়েছি। প্রসঙ্গত মাননীয় সদস্যদের বলছি, তিন বছরের টার্ম নয়, পাঁচ বছরের পরিকল্পনা করা হবে। তারপর নতুন বোর্ড এসে যাবে। তারজন্য টার্মটা পাঁচ বছরের করা চাই। আপনারা জানেন, নতুন করে কমিটি হচ্ছে, অ্যামেন্ডমেন্ট হবার কথা আছে এবং সেটা হয়তো সামনের উইন্টার সেশনে আসবে। কিন্তু তাতেও সমস্যার সমাধান সেভাবে হবে না। কারণ বিভিন্ন সময় বোর্ডে যাঁরা আসবেন তাঁরা হয়তো পাঁচ বছর বোর্ডে থাকবেন। তবে প্রভিশনটা করা যায় কিনা সেটা ভেবে দেখব। আমরা শুধু তথ্য জোগাড় করছি না, বিভিন্ন সোসাইটি, যেগুলো খুঁড়িয়ে খুঁড়িয়ে চলছে, সেগুলোকে ভায়াবেল করবার জন্য এক্সপার্ট গ্রুপ তৈরি করব।

[3.50—4.00 p.m.]

তাঁরা যে সাজেশান দেবেন সরকার সেই সাজেশান অনুযায়ী চলবে। আপনারা এটা জানেন যে আমাদের রাজ্যে সমস্ত গ্রামে এখনও সমবায়ের আওতায় নেই। আমরা চাইছি রাজ্যের সমস্ত গ্রামে সেই সমবায় আন্দোলন পৌঁছে যাক। সেই জন্য যে সংখ্যক সোসাইটি গড়ার প্রয়োজন সেই প্রয়োজনের তাগিদ অনুভব করে সেই সংখ্যক সোসাইটি আমরা করব। এইভাবে আমরা রাজ্যের সমস্ত গ্রামে সমবায় আন্দোলনকে পৌঁছে দিতে পারব। এই ব্যাপারে আমরা আরো বেশি জোর দেব। বিভিন্ন ধরনের সমবায় সোসাইটি আছে, তার অ্যাপেক্স আছে ডিসট্রিক লেভেলে আছে, প্রাইমারি লেভেলে আছে, বিভিন্ন ধরনের অ্যাপেক্স সোসাইটির মধ্যে একটা সম্পর্ক থাকা দরকার। এই অ্যাপেক্স সোসাইটিতে জেলা লেভেলে এবং জেলা থেকে প্রাইমারি লেভেলে একটা সম্পর্ক থাকা দরকার। হরাইজেনটাল লেভেল এবং ভার্টিকাল লেভেলে রিলেশানসিপটা যাতে ডেভেলপ করা যায়, অর্থাৎ একটা টোটাল রূপ সমবায় আন্দোলনে দেওয়া যায় তার জন্য উদ্যোগ গ্রহণ করেছি। এই ব্যাপারে সামগ্রিক প্রয়োজনে কমিটি হয়েছে, সেই কমিটি সুপারিশ দেবেন এবং সেই সুপারিশ অনুযায়ী আমরা কাজ করব। বর্তমান আর্থিক ব্যবস্থায় এই বিশ্বায়নের যুগে যদি নিম্নবিত্ত গরিব মানুষদের মাথা তুলে দাঁড়াতে হয় তাহলে তাদের যে হাতিয়ার হাতে তুলে নিতে হবে তা হল সমবায় আন্দোলন। সমবায় আন্দোলনকে আরো প্রসারিত করতে চাই। সমবায় ব্যাপকতা লাভ করুক, শুধু ব্যাপকতা নয় গভীরতা লাভ করুক। আমরা চাই শুধু কৃষি ক্ষেত্রে নয় অকৃষি ক্ষেত্রে শিল্প ক্ষেত্রে এই সমবায় আন্দোলন আরো বেশি প্রসারিত করতে। আমরা স্বয়ম্ভর গোষ্ঠীর ব্যবস্থা, সেল্ফ হেল্প গ্রুপের উপর জোর দিচ্ছি। শুধু গ্রামাঞ্চলে নয়, শুধু কৃষি ক্ষেত্রে নয় অকৃষি ক্ষেত্রে এবং শহরাঞ্চলে শিল্প ক্ষেত্রে এই স্বয়ম্ভর গ্রুপ তৈরি করছি। তার জন্য আরো ১০ হাজার সেল্ফ হেল্প গ্রুপ করার পরিকল্পনা গ্রহণ করা হয়েছে যাতে ১ লক্ষ গরিব মধ্যবিত্ত ছেলেমেয়েকে এর মধ্যে যুক্ত করা যায়। সমবায় আন্দোলনে যারা প্রত্যক্ষভাবে যুক্ত, সমবায়ের সাকসেস নির্ভর করছে তাদের উপর। এই সমবায় আন্দোলনে যারা প্রত্যক্ষভাবে

যুক্ত তাদের মূল্যবোধ থাকতে হবে, সততা থাকতে হবে মননশীলতা থাকতে হবে মমত্ববোধ থাকতে হবে, সেবা মনোভাব থাকতে হবে নিষ্ঠা এবং আন্তরিকতা থাকতে হবে। এই মূল্যবোধ নিয়ে যদি সমবায় আমরা এই রাজ্যে গড়ে তুলতে পারি—পারব বলে বিশ্বাস করি—তাহলে এই সমবায় আন্দোলনের সাকসেস আসবে। শুধু মূল্যবোধ জাগ্রত হবে তাই নয়, সমাজও এর মধ্যে দিয়ে উপকৃত হবে। মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমাদের এই সমবায় আন্দোলন বিশেষ করে কৃষি ক্ষেত্রে অনেকখানি অগ্রসর হয়েছে। আমরা চাই এই কৃষি ছাড়াও অকৃষি ক্ষেত্রে শিল্প ক্ষেত্রে গ্রাম ছাড়িয়ে শহরেও এই সমবায় আন্দোলন আরো বেশি প্রসারিত হোক। আমরা চাই আরো বেশি মানুষ সমবায় আন্দোলনের সঙ্গে যুক্ত হোক। আমরা দেখেছি আমাদের রাজ্যে অনেক খেলোয়াড় আছে যাদের প্রতিভা আছে। অর্থের অভাবে তাদের প্রতিভা বিকশিত হতে পারছে না। এটা আমাদের জাতীয় অপচয়। অনেক প্রতিভা অকালে নষ্ট হয়ে যায়, সেই খেলোয়াড় সুযোগ গ্রহণ করতে পারছে না অর্থের অভাবে। এই ব্যাপারে আমরা রাজ্য সরকারের পক্ষ থেকে উদ্যোগ গ্রহণ করব। সমবায়ের ভিত্তিতে স্পোর্টস কো-অপারেটিভ আমরা যাতে গড়ে তুলতে পারি তার চেষ্টা করব। যে সমস্ত বিভিন্ন ডিসিপ্লিন খেলোয়াড় আছেন তাদের দ্বারা গঠিত হবে এই সমবায় সংস্থা এবং এই সমবায় সংস্থার ভেতর দিয়ে খেলার উন্নতি এবং প্রতিভাবান গরিব ছেলেমেয়ে যারা অর্থের অভাবে খেলোয়াড় হতে পারছে না, প্রতিভা বিকশিত হতে পারছে না তাদেরও সুযোগ দেওয়া যাবে। আর একটি ক্ষেত্র আছে, যেখানে এখনও সমবায়ের পদচিহ্ন পড়েনি, সেটি হচ্ছে শিল্পক্ষেত্র। অনেক শিল্পী আছে, যাদের নিজেদের মধ্যে প্রতিভা আছে। কিন্তু তাদের দরিদ্রতার জন্য সেই প্রতিভা বিকাশের ক্ষেত্রে তারা পারছে না। ফলে আমরা শিল্পীদের নিয়েও সমবায় আন্দোলন গড়ে তুলতে চাইছি, যাতে আমাদের রাজ্যে শিল্পীদের মধ্যে যাদের প্রতিভা আছে তা যাতে ঠিকভাবে বিকশিত হতে পারে। আপনারা যে বক্তব্য বলেছেন, সেগুলি সম্পর্কে আমরা জানি, এমন কিছু সারবত্তা তাতে নেই, যেগুলির এখানে উত্তর দিতে হবে। পরিশেষে, আপনাদের কাছে আবেদন করব দুটি বিষয়ে—প্রথমত বাজেটে যে ব্যয়-বরাদ্দ এর প্রস্তাব রাখা হয়েছে, তাকে আপনারা ধ্বনিভোটে সমর্থন করবেন, এবং দ্বিতীয়ত, সমবায়কে এগিয়ে নিয়ে যাবার জন্য আপনারা সাহায্য করবেন। এই কথা বলে কাটমোশানের বিরোধিতা করে, সকলকে ধন্যবাদ জানিয়ে আমি আমার বক্তব্য শেষ করছি।

The motions (Cut Motion Nos. 1 & 2) that the amount of the Demand be reduced to Re. 1/- were then put and lost.

The motions (Cut Motion Nos. 3-24) that the amount of the Demand be reduced by Rs. 100/- were then put and lost.

The motion of Dr. Asim Kumar Dasgupta that a sum of Rs. 78,67,69,000 be granted for expenditure under Demand No. 57, Major Heads: "2425—Co-operation, 4425—Capital Outlay on Co-operation and 6425—Loans for Co-operation" during the year

2001-2002 (This is inclusive of a total sum of Rs. 26,22,56,000 already voted on account in February, 2001)

was then put and agreed to.

[4.00—4.10 p.m.]

DISCUSSION AND VOTING ON DEMANDS FOR GRANTS

Demand No. 49 & 50

Mr. Speaker: Now, Discussions on Demand No. 49 & 50.

শ্রী আনিসুর রহমান :

৪৯ নং দাবি

মাননীয় অধ্যক্ষ মহাশয়,

রাজ্যপালের সুপারিশক্রমে আমি ৪৯ নং দাবির অন্তর্ভুক্ত "২৪০৩—অ্যানিম্যাল হ্যাজবেন্ড্রী" এবং "৪৪০৩—ক্যাপিটাল আউটলে-অন-অ্যানিম্যাল হাজবেন্ড্রী (একসক্লুডিং পাবলিক আন্ডারটেকিংস)" খাতে ২০০১-২০০২ সালের জন্য ১৫৮,৪৫,১৫,০০০ টাকা (একশ আটান্ন কোটি পঁয়তাল্লিশ লক্ষ পনের হাজার টাকা) মাত্র ব্যয়বরাদ্দের দাবি পেশ করছি। এবছরের ভোট-অন-অ্যাকাউন্টে পেশ করা ৫২,৮১,৩৮,০০০ টাকা (বাহান্ন কোটি একাশি লক্ষ আটত্রিশ হাজার টাকা) মাত্র উল্লিখিত ব্যয়বরাদ্দ দাবির অন্তর্ভুক্ত।

৫০ নং দাবি

মাননীয় অধ্যক্ষ মহাশয়,

রাজ্যপালের সুপারিশক্রমে আমি ৫০ নং দাবির অন্তর্ভুক্ত "২৪০৪ ডেয়ারি ডেভেলপমেন্ট" এবং "৪৪০৪ ক্যাপিটাল আউটলে অন্ ডেয়ারি ডেভেলপমেন্ট (একসক্লুডিং পাবলিক আন্ডারটেকিংস)" খাতে ২০০১-২০০২ সালের জন্য ১৬১,১২,৭৮,০০০ টাকা (একশ একষট্টি কোটি বারো লক্ষ আটাত্তর হাজার টাকা) মাত্র ব্যয়বরাদ্দের দাবি পেশ করছি। এবছর ভোট-অন-অ্যাকাউন্টে পেশ করা ৫৩,৭০,৯২,০০০ টাকা (তিপ্পান্ন কোটি সত্তর লক্ষ বিরানব্বই হাজার টাকা) মাত্র উল্লিখিত দাবির অন্তর্ভুক্ত।

উপরোক্ত ব্যয় মঞ্জুরির দাবি উপস্থাপিত করার সাথে সাথে আমার বিভাগের এ পর্যন্ত অনুসৃত কর্মসূচির এবং বর্তমান আর্থিক বছরে যে সমস্ত কর্মসূচিকে এবং যে সব ক্ষেত্রে বা বিষয়ে অগ্রাধিকার দেওয়া হবে তাদের মূল বৈশিষ্ট্য সভায় পেশ করছি।

মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমরা সকলেই অবগত আছি যে এ রাজ্যের গ্রামাঞ্চলে একদিকে জনবসতির ঘনত্ব অত্যন্ত বেশি এবং অন্যদিকে মাথাপিছু লভ্য জমির পরিমাণ খুবই

কম। চাষযোগ্য জমির ব্যবহার প্রায় চূড়ান্ত অনুকূল স্তরে পৌঁছেছে। উপরন্তু শিল্পে কর্মসংস্থানের/কর্মীনিয়োগের সুযোগ ক্রমশ সংকুচিত হচ্ছে। এই পটভূমিতে প্রাণীপালন এবং দোহবিকাশ একদিকে প্রোটিন খাদ্য উৎপাদন বৃদ্ধিতে এবং অন্যদিকে গ্রামীণ খামারি ও বেকার যুবকদের আংশিক বা পূর্ণ পরিপূরক কর্মসংস্থান বৃদ্ধিতে গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করতে পারে। প্রাণীপালন ও দোহবিকাশ ক্ষেত্রদুটির প্রকৃত গুরুত্ব গ্রামীণ মানুষ যাতে উপলব্ধি করতে পারেন এবং লাভজনক উপার্জনের মাধ্যম হিসেবে একে গ্রহণ করতে এগিয়ে আসেন তার জন্য আমার দপ্তর তৎপর। এই কর্মকাণ্ডে আমাদের দপ্তরের পরিকল্পনা রূপায়ণের ত্রিস্তর পঞ্চায়েতকেও আমরা যুক্ত করছি। পরিকাঠামো উন্নয়নের জন্য প্রকল্প নির্বাচন এবং রূপায়ণের ভার জিলা পরিষদগুলির উপর দেওয়া হচ্ছে।

প্রাণীসম্পদ বিকাশ ও প্রাণী স্বাস্থ্য অধিকার একযোগে প্রাণীসম্পদ বিকাশ ও প্রাণী স্বাস্থ্য সুরক্ষার ক্ষেত্রে সামগ্রিক কাজকর্মের তদারকি করে থাকে। ব্লক এবং অতিরিক্ত ব্লক প্রাণীস্বাস্থ্য কেন্দ্রে দায়িত্বপ্রাপ্ত প্রাণী চিকিৎসক ছাড়া আমার দপ্তর একজন অতিরিক্ত আধিকারিককে ব্লক/পঞ্চায়েত সমিতিস্তরে প্রাণীসম্পদ বিকাশের কাজে নিয়োজিত করেছে। প্রায় প্রতিটি গ্রাম পঞ্চায়েত স্তরে প্রাণী সম্পদ বিকাশের কাজ ত্বরান্বিত করার জন্য একজন প্রাণী বিকাশ সহায়ক নিয়োগ করা হয়েছে। এছাড়া কৃত্রিম প্রজননের কাজের তদারকিতে থাকবেন প্রশিক্ষিত যুবকেরা অথবা সমবায় সমিতির প্রশিক্ষণপ্রাপ্ত কর্মীরা। জেলা, সমিতি এবং গ্রামপঞ্চায়েত স্তরে আমার দপ্তরের কাজকর্ম যাতে ত্রিস্তর পঞ্চায়েত পরিকাঠামোর সাথে কার্যকরী সমন্বয়ের মধ্য দিয়ে এগোয় তার প্রয়োজনীয় ব্যবস্থাও গ্রহণ করা হয়েছে।

মাননীয় অধ্যক্ষ মহাশয়, ২০০১-২০০২ সালের জন্য আমার বিভাগীয় কর্মসূচি নিম্নলিখিত লক্ষ্যমাত্রা অর্জনের উদ্দেশ্যে পরিচালিত হবে :

(ক) বেকারদের স্বনিযুক্তি কর্মসংস্থানের সুযোগ সৃষ্টি, গ্রামীণ দরিদ্রদের অতিরিক্ত আয়ের ব্যবস্থা করা, মহিলাদের অর্থনৈতিক স্বয়ম্ভরতা সুনিশ্চিত করা।

(খ) চাহিদা ও যোগানের মধ্যবর্তী ফারাক ঘোচাতে নিম্নলিখিত উপায়ে প্রাণীজাত পণ্যের উৎপাদন বৃদ্ধি :

(১) প্রজাতিগত মানোন্নয়ন,

(২) প্রাণীস্বাস্থ্য সুরক্ষা-প্রতিরোধ ও প্রতিকার উভয়ত :

(৩) প্রাণী খাদ্য ও সবুজ গো-খাদ্যের বন্দোবস্ত

(গ) বিপণন, প্রক্রিয়াকরণ এবং পরিচালন।

(ঘ) উপরিলিখিত সবকটি কর্মসূচির জন্য প্রয়োজনীয় পরিকাঠামো তৈরি।

প্রাণীপালন :

এ বছরই হরিণঘাটা খামারে চালু করা হয়েছে "প্রাণীসম্পদ বিকাশ প্রশিক্ষণ" নামে এক বছরের একটি প্রশিক্ষণ কর্মসূচি। কৃত্রিম প্রজননের ওপর বিশেষ জোর দেওয়া ছাড়াও এই প্রশিক্ষণের আওতায় প্রাণীজাত উৎপাদনের বিভিন্ন দিকে বেকার যুবক-যুবতীদের

প্রশিক্ষিত করে তোলা হবে। প্রশিক্ষণপ্রাপ্ত ব্যক্তিরা কৃত্রিম প্রজনন পরিষেবা প্রাণী পালকের দোরগোড়ায় পৌঁছে দেবার জন্য স্বনিযুক্ত প্রাণী উন্নয়ন স্বেচ্ছাসেবী হিসেবে কাজ করতে পারেন, অথবা স্বাধীনভাবে তাদের নিজস্ব প্রাণীপালন প্রকল্প রূপায়ণে উদ্যোগী হতে পারেন। প্রাণীপালন এবং মুরগির খামারে বিনিয়োগ ক্রমশ একটি আর্থিকভাবে লাভজনক ক্ষেত্র হিসেবে বিবেচিত হচ্ছে—কেননা এই ক্ষেত্রটির ইতিবাচক অভিনবত্ব এই যে এতে অল্প পুঁজির বিনিয়োগে অধিকতর কর্মসংস্থানের সুযোগ থাকে। তাছাড়া এই ক্ষেত্রটি পরিবেশ সহায়কও বটে।

এ রাজ্যে প্রতি বর্গ কিমি-তে গবাদি প্রাণীর সংখ্যাগত ঘনত্ব খুব বেশি হলেও এখানকার গবাদি প্রাণী কোনও স্বীকৃত উন্নত প্রজাতির অন্তর্ভুক্ত নয়। এদের দুধ এবং মাংসের গড় উৎপাদনক্ষমতা খুবই সীমিত।

২০০০-২০০১ আর্থিক বছরে দুধ উৎপাদন ৩৪.৭০ লাখ টন এবং মাথাপিছু দুধের লভ্যতা দৈনিক ১১৬ গ্রাম। মাথাপিছু দৈনিক ২১০ গ্রাম দুধের প্রয়োজনীয়তার বিষয়টি বিবেচনা করে বর্তমান ঘাটতি পূরণ করতে হবে হিমায়িত গোবীজ প্রযুক্তির সাহায্যে কৃত্রিম প্রজননের মাধ্যমে অধিকতর উৎপাদনক্ষমতাসম্পন্ন সংকর গাভী সৃষ্টি করে। এই সংকর গাভীদের উৎপাদনক্ষমতা দেশি গাভীদের দ্বিগুণেরও বেশি হবে। সেই কারণে এই মুহূর্তে এই বিভাগের সর্বাপেক্ষা গুরুত্বপূর্ণ কর্মসূচি হল কৃত্রিম প্রজননের সাহায্যে দেশি প্রজাতির মানোন্নয়ন ঘটানো।

বর্তমানে এই বিভাগের পরিচালনাধীন গ্রাম পঞ্চায়েত স্তর পর্যন্ত ৩০৫৭টি কৃত্রিম প্রজনন কেন্দ্র আছে। সংশ্লিষ্ট অন্যান্য পরিকাঠামো নিম্নরূপ :

(ক) রাজ্যে বর্তমানে চারটি হিমায়িত গোবীজ বীক্ষণাগার আছে—এর মধ্যে দুটি শালবনী এবং বেলডাঙাতে গত বছর চালু করা হয়েছে।

(খ) ১৮টি জেলাতেই হিমায়িত গোবীজ ব্যাঙ্ক বা সংরক্ষণ কেন্দ্র রয়েছে। কলকাতার বেলগাছিয়াতে একটি আঞ্চলিক গোবীজ সংরক্ষণ কেন্দ্র আছে।

(গ) শিলিগুড়ি, বেলগাছিয়া, হরিণঘাটা, শালবনী, বর্ধমান এবং বিষ্ণুপুরে মোট ছ'টি আঞ্চলিক কৃত্রিম প্রজনন সামগ্রী সরবরাহ ব্যাঙ্ক রয়েছে।

(ঘ) ন'টি তরল নাইট্রোজেন প্ল্যান্ট চালু করা হয়েছে।

আশা করা যায় যে, শালবনী ও বেলডাঙার হিমায়িত গোবীজ বীক্ষণাগার এবং ষাঁড়রক্ষণ কেন্দ্র দুটি পুরোপুরি চালু হলে হিমায়িত গোবীজ স্ট্র-এর চাহিদার বেশির ভাগটাই আমাদের রাজ্য থেকেই পাওয়া যাবে।

২০০০-২০০১ সালে রাজ্যে মোট ৮.৫৫ লাখ কৃত্রিম প্রজনন করা হয়েছে এবং মোট ২.৭৩ লাখ সংকর বাছুর জন্ম নিয়েছে। স্থির হয়েছে যে, কৃত্রিম প্রজনন পরিষেবা খামারির দোরগোড়ায় পৌঁছে দিতে প্রতিটি গ্রাম পঞ্চায়েতে একজন করে ভ্রাম্যমাণ কৃত্রিম প্রজনন স্বেচ্ছাসেবী রাখার ব্যবস্থা করা হবে। এই কাজের জন্য তাদের পারিশ্রমিক নেওয়ারও অনুমতি

দেওয়া হয়েছে। এর ফলে গ্রামের বেকার যুবকদের জীবিকা সংস্থান এবং সহায়ক আয়ের বন্দোবস্ত করা হয়েছে।

এই কর্মপ্রকল্পের আওতায় গ্রামের যুবকদের কৃত্রিম প্রজননের কাজে প্রশিক্ষিত করার জন্য নতুন প্রশিক্ষণ কেন্দ্র স্থাপন করা হবে। বর্তমানে মুর্শিদাবাদ, বীরভূম ও উত্তর দিনাজপুরে তিনটি এ ধরনের কেন্দ্র চালু করা হয়েছে এবং দক্ষিণ ২৪ পরগনায় চতুর্থ কেন্দ্রটি গড়ে তোলার কাজ শুরু হয়েছে। এই প্রসঙ্গে উল্লেখ করা যেতে পারে যে, 'ফিল্ড টেস্টিং অফ্ বুল' প্রকল্পে ভালোজাতের এঁড়ে বাছুর বাছাই করে তাদের ষাঁড় সংরক্ষণ কেন্দ্রে প্রতিপালন করা হচ্ছে। এদের ব্যবহার করা হচ্ছে কৃত্রিম প্রজননের জন্য প্রয়োজনীয় হিমায়িত গোবীজ 'স্ট্র' উৎপাদনের কাজে।

পশ্চিমবঙ্গ ডিম, মাংস এবং একদিনের মুরগি ছানার এক বড় উৎপাদক। মুরগি ও হাঁস পালনের ক্ষেত্রে গোটা রাজ্য জুড়েই রয়েছে সরকারি স্তরের কর্মকান্ড এবং হাওড়া ছাড়া সব জেলাতেই রয়েছে একটি করে হাঁস বা মুরগি খামার। রাজ্যে মোট এই ধরনের খামারের সংখ্যা ২১-এর মধ্যে ২টি ব্রয়লার এবং ৮টি হাঁস খামার। খামারগুলিতে মোট ০.৬৯ লাখ পাখি পালন করা হয়। এই খামারগুলির কাজকর্ম হল প্রধানত : বিশুদ্ধ প্রজাতির লেয়ার এবং ব্রয়লার 'পেরেন্ট স্টক' প্রতিপালন, খামারি/প্রাণী পালকদের কাছে বাচ্চা ফোটাবার ডিম, একদিনের মুরগির ছানা, হাঁস এবং প্রজননক্ষম মুরগি ও হাঁস বিক্রি। ২০০০-২০০১ আর্থিক বছরে মোট ডিম উৎপাদন ২৯.২ লক্ষ। বাচ্চা ফোটানোর ডিম ১৫.৯৬ লাখ এবং মুরগি ও হাঁসের ছানা ১০.৩৩ লাখ খামারিদের সরবরাহ করা হয়েছে।

টালিগঞ্জ, দুর্গাপুর এবং মেদিনীপুরে এই দপ্তর হাঁস, মুরগির প্রজনন কেন্দ্র গড়ে তুলেছে। কোয়েল এবং টার্কির মাংস জনপ্রিয় করে তোলার জন্য টালিগঞ্জে একটি টার্কি প্রজনন কেন্দ্র স্থাপন করা হয়েছে। এখানে উল্লেখ্য যে প্রাণীপালক ও বেসরকারি উদ্যোগীদের কাছে বাচ্চা ফোটানোর ডিম, একদিনের মুরগির বাচ্চা, প্রজননক্ষম মুরগি, হাঁস প্রভৃতি সুষ্ঠু সরবরাহের জন্য রাজ্যের সমস্ত চালু খামারগুলির শক্তি বৃদ্ধি ও সম্প্রসারণের লক্ষ্যে কাজ এগিয়ে চলেছে।

গ্রামের দরিদ্র মানুষদের কাছে ভেড়া ও ছাগল অস্থাবর সম্পত্তি। অন্যান্য আর্থিক দিক থেকে পিছিয়ে-পড়া মানুষদের কাছেও তাই। রাজ্যে মোট ৫টি মেষ-খামার এবং ৪টি ছাগ-খামার রয়েছে। এই খামারগুলি থেকে প্রজননক্ষম ভেড়া ও ছাগল প্রাণী পালকদের সরবরাহ করে রাজ্যের বর্তমান প্রজাতিগুলির মানোন্নয়নের চেষ্টা করা হয়।

রাজ্যের প্রায় সমস্ত জেলা সদরেই একটি করে খরগোশ খামার রয়েছে। এই সব খামার থেকে ভালো জাতের প্রজননক্ষম খরগোশ প্রাণী পালকদের সরবরাহ করা হয়। একাধারে এগুলি প্রদর্শন খামারও।

স্থানীয় দেশি শূকরের মানোন্নয়নের জন্য বিদেশি প্রজাতির 'ইয়র্কশায়ার'-এর সঙ্গে সংকরায়ণের কর্মসূচিও চালু আছে। এ রাজ্যে আপাতত হরিণঘাটা খামারে একটি শূকর প্রজননকেন্দ্র ও অন্যান্য স্থানে আরও পাঁচটি ক্ষুদ্র শূকর খামার চালু আছে।

শালবনী, কাকদ্বীপ এবং জঙ্গলমহলে তিনটি শূকর খামার গড়ে তোলা হয়েছে। এছাড়া, উত্তর ২৪-পরগনা, দক্ষিণ ২৪-পরগনা, বর্ধমান, নদীয়া, বাঁকুড়া এবং মেদিনীপুর জেলাতেও বেশ কিছু ব্যক্তিগত মালিকানাধীন শূকর খামার গড়ে উঠেছে।

গবাদি প্রাণীদের সারা বছর নিয়মিতভাবে সবুজ ঘাস ও অন্যান্য গোখাদ্য জোগান দেবার জন্য এই বিভাগ নিম্নলিখিত প্রকল্পগুলি গ্রহণ করেছে যাতে গো-খাদ্যের সামগ্রিক উন্নয়ন সুনিশ্চিত হয় :

(ক) মিনিকিট ও রুট কাটিং বিতরণ।

(খ) বিভিন্ন ধরনের ঘাস বীজ ভর্তুকি হারে সরবরাহ করা।

(গ) গ্রামবন, কিষাণবন, সবুজ গো-খাদ্য প্রদর্শনের জমি তৈরি।

(ঘ) খড় ও বর্জ্য উন্নয়ন।

২০০০-২০০১ সালে সবুজ ঘাসের উৎপাদন ১০২১৮.৫৭ মেট্রিকটন, ঘাস বীজ উৎপাদন ৭৩.০৭ মেট্রিকটন, মিনিকিট বিতরণ ১৬১০৭৩টি, সবুজ ঘাস-বীজ বিতরণ ২২.২৪২ মেট্রিকটন, ফডার কাটিং বিতরণ ১১৭.৩৪৭ মেট্রিক টন, সবুজ ঘাস প্রদর্শন জমি তৈরি ৬৫০টি, সবুজ ঘাস উৎপাদনের মোট জমির পরিমাণ ১.৩০ লাখ এবং রাজ্যে মোট সরকারি খামারের সংখ্যা ১৭টি।

রাজ্য সরকারের অধিকৃত সংস্থা 'ডেয়ারপোলে' উৎপাদিত গো-খাদ্যের গুণগত মানোন্নয়নের চেষ্টা করে চলেছে এই বিভাগ। সব ধরনের প্রাণী খাদ্য তৈরি করাই ডেয়ারপোলের প্রধান কাজ। আপাতত এই সংস্থার অধীন শিলিগুড়ি, গাজোল, কল্যাণী, দুর্গাপুর এবং মালদায় মোট পাঁচটি প্রাণী খাদ্য কারখানা আছে এবং এদের মিলিত উৎপাদনের হার দৈনিক ১৩৯ মেট্রিকটন গোখাদ্য। গুঁড়ো (ম্যাশ) এবং দানা (পেলেট) দু ধরনের গবাদি প্রাণী, মুরগি এবং শূকর খাদ্য এখানে তৈরি হয়। যথাক্রমে ১৯৯৯-২০০০ এবং ২০০০-২০০১ সালের উৎপাদনের চিত্রটি এইরকম :

১৯৯৯-২০০০	২০০০-২০০১
২৩৯৪৮ এম.টি.	২২৪৪০ এম.টি.

কল্যাণীতে অবস্থিত ক্ষুদ্র আকারের ফিড্‌মিলিং কারখানাটিকে (উৎপাদনক্ষমতা দৈনিক ৩০ মেট্রিকটন) পরিবর্ধন করে গবাদি প্রাণী ও শূকর দু ধরনেরই দানা খাদ্য (পেলেট) প্রস্তুতকারক কারখানায় রূপান্তরিত করার কাজ চলছে। কাজটি শীঘ্রই শেষ হবে।

এ বছর প্রায় ১.৪০ লাখ মিনিকিট বিতরণ করা হয়েছে বন্যাকবলিত জেলাগুলিতে স্বাভাবিক উৎপাদন ফিরিয়ে আনার জন্য। ত্রাণের কাজে গবাদি প্রাণী-খাদ্য এবং সবুজ ঘাস বাবদ ১৫৫.০০ লাখ টাকা ব্যয়িত হয়েছে।

রাজ্যের প্রাণী সম্পদের স্বাস্থ্য সুরক্ষার জন্য শুধু রোগাক্রান্ত প্রাণীর চিকিৎসাই নয়— মারণ রোগের বিরুদ্ধে প্রাণীদের প্রতিষেধক টিকাকরণের কাজও নিয়মিতভাবে হয়ে থাকে।

এই কাজের দায়িত্বে আছে রাজ্যের ১১০টি রাজ্য প্রাণী স্বাস্থ্যকেন্দ্র, ৩৪১টি ব্লক প্রাণী স্বাস্থ্য কেন্দ্র এবং গ্রাম পঞ্চায়েত স্তরে ৩২৪৩টি প্রাণীবিকাশ সহায়ক কেন্দ্র।

প্রাণী স্বাস্থ্য সুরক্ষার ক্ষেত্রে বিভাগীয় কর্ম সম্পাদন সংক্রান্ত প্রতিবেদন :

	বিষয়	সাল ১৯৯৯-২০০০	সাল ২০০০-২০০১
(১)	চিকিৎসা কেন্দ্রগুলিতে চিকিৎসাপ্রাপ্ত প্রাণীর সংখ্যা	৯১,২৮,৫৪৩	৯৫,৮৪,৯৭০
(২)	প্রাণীস্বাস্থ্য শিবিরগুলিতে চিকিৎসাপ্রাপ্ত প্রাণীর সংখ্যা	১১,৬৮,৩৯৫	১২,২৬,৮১৪
(৩)	রাজ্যের টিকাকরণ	৭,১১,৬৮৪ (মহামারী)	১,১৭,৯০,৬২৭
		১,০৭,৩৫,৫২৭ (মারণ রোগ)	—
(৪)	স্বাস্থ্য শিবিরে টিকাকরণ	১২,৭২,১৮৯	১৩,১০,৩৫৫
(৫)	সংগঠিত প্রাণীস্বাস্থ্য শিবির	১৪,৯৬৪	১৬,৩৬২
(৬)	উৎপাদিত টিকা	১,৫৩,২৩,১৫৪ ডোজ	১,৬৯,২১,৮৪৪ ডোজ

কলকাতার বেলগাছিয়ায় অবস্থিত 'ইনস্টিটিউট অফ্ অ্যানিম্যাল হেল্‌থ অ্যান্ড ভেটেরিনারি বায়োলজিকালস্" নামক প্রতিষ্ঠানে নানা ধরনের টিকা এবং অ্যান্টিজেন প্রস্তুত করা হয়ে থাকে, এখানে রাজ্যের প্রাণীরোগ নিয়ে গবেষণা, রোগ নির্ণয় ও প্রাণী পর্যবেক্ষণের কাজও করা হয়। উন্নত প্রযুক্তির মাধ্যমে প্রতিষেধক টিকার উৎপাদন বৃদ্ধির জন্য এখানে একটি "বায়ো ফারমেন্টার" স্থাপন করা হয়েছে। নিবিড় প্রতিষেধক টিকাকরণ কর্মসূচি এবং অন্যান্য মারণ প্রাণীরোগ প্রতিষেধক ব্যবস্থা গ্রহণের ফলে রাজ্যে কোথাও ব্যাপকভাবে/ মহামারী আকারে রোগের প্রাদুর্ভাবের খবর নেই। এছাড়া পশ্চিমবঙ্গ রিন্ডারপেস্ট বা গুটিরোগমুক্ত রাজ্য হিসাবে স্বীকৃতি লাভ করেছে।

গবাদি প্রাণী ও হাঁস মুরগির ক্ষেত্রে যেসব রোগ জাতীয় পর্যায়ে বিশেষ গুরুত্বপূর্ণ, সেগুলির যথাযথ পদ্ধতিতে নিয়ন্ত্রণের কাজ চলছে। এই রোগগুলি হল—বোভাইন টিউবারকিউলসিস, ক্যানাইন রেবিস এবং মুরগির পুলরাম এবং ম্যারেক রোগ। সরকারী সহায়ক মূল্যে প্রাণী পালকদের গরু-মহিষদের গণটিকাকরণের দ্বারা এফ.এম.ডি বা খুরাই রোগ প্রতিরোধ বিশেষ প্রয়াস অব্যাহত।

বেলগাছিয়ায় অবস্থিত 'ইনস্টিটিউট অফ্ অ্যানিম্যাল হেলথ্ অ্যান্ড ভেটেরিনারি বায়োলজিকালস্'-এর অধীন 'গবাদি প্রাণী রোগ নির্ণয় বীক্ষণাগার'টিকে আঞ্চলিক রোগ

নির্ণয় বীক্ষণাগারের পর্যায়ে উন্নীত করা হচ্ছে যাতে এটি সমগ্র পূর্বাঞ্চল এবং উত্তর পূর্বাঞ্চলের রাজ্যগুলির ক্ষেত্রে "রেফারাল (referral diagnostic lab) ডায়াগনস্টিক ল্যাবরেটরি" হিসাবে কাজ করতে পারে।

বন্যাত্রাণ :

মাননীয় অধ্যক্ষ মহাশয়, গত সেপ্টেম্বর-অক্টোবর মাসের বিধ্বংসী বন্যার জন্য এ বছর প্রাণীসম্পদ বিকাশের ক্ষেত্রে অগ্রাধিকারগুলির পুনর্বিন্যাস করতে হচ্ছে। যেহেতু প্রাণী ও পাখিদের মূলত খোলা উঠোনে বা অস্থায়ী বাসস্থানে রাখা হয়, তাই বন্যায় এদের মৃত্যুর হার খুবই বেশি। বন্যার ক্ষয়-ক্ষতিবাবদ ত্রাণ, পুনর্বাসন এবং পুনর্গঠনের জন্য স্বল্প ও দীর্ঘমেয়াদী দু'ধরনের কর্মসূচিই গ্রহণ করা হয়েছে। বিভাগীয় ও সহযোগী নানা সংস্থার সব শ্রেণীর কর্মচারীই অত্যন্ত প্রতিকূল বাতাবরণের মধ্যে আপ্রাণ, অক্লান্ত ও নিরলস প্রচেষ্টা চালিয়েছেন বন্যা-কবলিত জেলাগুলিতে সবরকম সাহায্য পৌঁছে দেবার। বন্যাক্রান্ত জেলাগুলিতে খাদ্য, সবুজ গো-খাদ্য, সবুজ ঘাস, মিনিকীট, গবাদি প্রাণীর ওষুধ, প্রতিষেধক টিকা প্রভৃতির খরচ বাবদ মোট ২৯৫.০০ লাখ টাকা দেওয়া হয়েছে। বন্যায় মৃত প্রাণী ও পাখির পুনঃ পূরণের জন্য পরিবারভিত্তিক প্রকল্পের মাধ্যমে বন্যা কবলিত এলাকায় খামারিদের মধ্যে মোট ১০.০০ লাখ মুরগির বাচ্চা, ৫.০০ লাখ হাঁসের বাচ্চা, ১০০০ পিগারি ইউনিট এবং ১,৪০,০০০ গো-খাদ্যের মিনিকীট বিতরণ করা হয়েছে। এজন্য মোট ২৭৭.৫০ লাখ টাকা অনুমোদন করা হয়েছে। বন্যার ক্ষয়ক্ষতি পূরণ, পুনর্গঠন এবং পরিকাঠামো তৈরির জন্য বিভিন্ন জেলা পরিষদকে মোট ১৩২০ লাখ টাকা সহায়ক অনুদান হিসাবে দেওয়া হয়েছে।

বিশ্ববিদ্যালয় :

প্রাণী চিকিৎসা ও প্রাণী বিজ্ঞানের ক্ষেত্রে আধুনিক শিক্ষার প্রসার এবং গবেষণার অগ্রগতির জন্য পশ্চিমবঙ্গ প্রাণী ও মৎস্যবিজ্ঞান বিশ্ববিদ্যালয়ে চারটি নতুন বিভাগ চালু করা হয়েছে। এগুলি হল যথাক্রমে—(১) জৈব রসায়ন (২) প্রতিষেধক ভেষজবিদ্যা (৩) জনস্বাস্থ্য এবং (৪) নিদানিক প্রাণী চিকিৎসা সংক্রান্ত ভেষজবিদ্যা। মৎস্যবিজ্ঞান শাখায় স্নাতকোত্তর পাঠক্রমের ছাত্রছাত্রীদের প্রথম দলটি এ বছরে উত্তীর্ণ হয়েছে এবং এরই পাশাপাশি বিশ্ববিদ্যালয় এ বছর থেকে "মৎস্যবিজ্ঞান" বিভাগে পি.এইচ.ডি. চালু করারও সিদ্ধান্ত নিয়েছে। সরকারি তরফে আয়োজিত নিয়মিত প্রশিক্ষণ কর্মসূচীগুলির বাইরেও বিশ্ববিদ্যালয়ের উদ্যোগে প্রাণীপালন প্রযুক্তিবিদ ও খামারিদের জন্য বিভিন্ন ধরনের প্রশিক্ষণের ও কর্মশালার ব্যবস্থা করা হয়।

দোহ বিকাশ :

হিসেব করে দেখা গেছে যে, প্রাণীপালন পেশার মোট সংগৃহীত আয়ের ৬৭%ই অর্জিত হয় শুধুমাত্র দুধ এবং দুগ্ধজাত পণ্যের বিক্রির সূত্রে। তাই বলা যায়, প্রাণী পালন বা

প্রাণীজ বস্তুর মধ্যে 'ডেয়ারি' ব্যবসা সর্বাপেক্ষা অর্থকরী এবং গ্রামীণ এলাকায় এই ব্যবসার স্থান কৃষির পরেই।

দুগ্ধ সমবায়ের মাধ্যমে সংগৃহীত দুধের ক্ষেত্রে ৪.৫% ফ্যাট ও ৮.৫% এস.এন.এফ. যুক্ত দুধের দাম ১০.৭৫ টাকার পরিবর্তে উদ্বৃত্ত মরসুমে কিলোপ্রতি ১১.৩০ টাকা এবং শুখা মরসুমে কিলোপ্রতি ১১.৮০ টাকা হারে নির্ধারিত করা হয়েছে। এই হারে দাম দেওয়া হচ্ছে ১.৯.২০০০ থেকে।

আশা করা যায় যে, আগামী দিনে দুধ এবং দুগ্ধজাত সামগ্রীর চাহিদার ধরনের আমূল পরিবর্তন আসবে। পরিবারগুলি পুষ্টিকর এবং জীবাণুমুক্ত প্যাকেটজাত দুধ এবং সেই সঙ্গে প্যাকেটজাত নানা ধরনের দুগ্ধজাত সামগ্রীর দিকেই ছুটবে।

সুষ্ঠু বিপণন ও প্রক্রিয়াকরণের উদ্দেশ্যে রাজ্য সরকার মিল্ক ফেডারেশনকে শীর্ষে রেখে ত্রিস্তর দুগ্ধ সমবায় পরিকাঠামো গড়ে তুলেছে। প্রাথমিক দোহ সমবায়গুলি উৎপাদক সদস্যদের কাছ থেকে দুধ কিনে জেলা সমবায়ের মাধ্যমে প্রক্রিয়াকরণের জন্য ডেয়ারিতে সরবরাহ করে। ২০০০-২০০১ সালে আরও ১৪৪টি প্রাথমিক সমবায় সমিতি গঠন করা হয়েছে। ফলে ১৬,৪৩৬ জন খামারিকে সমবায় পরিকাঠামোর আওতায় আনা সম্ভব হয়েছে। এছাড়া ১০০০ মহিলা সদস্য নিয়ে আরও ১২টি মহিলা দুগ্ধ সমবায় সমিতি গঠন করা হয়েছে। পশ্চিমবঙ্গ সমবায় দুগ্ধ উৎপাদক মহাসংঘ লিমিটেডের মাধ্যমে সংগৃহীত দুধের পরিমাণ দৈনিক ১,৯১,৪৩০ কেজি থেকে বেড়ে দৈনিক ২,১১,৮৬০ কেজি হয়েছে। পরিকাঠামোর বিষয়ে বলা যায় কোচবিহারে ১০,০০০ লিটার (দৈনিক) ক্ষমতাসম্পন্ন ডেয়ারি, আলিপুরদুয়ারে একটি ৪,০০০ লিটার (দৈনিক) বাল্ক কুলার-এর উদ্বোধন করা হয়েছে জুলাই, ২০০০-এ। এই জানুয়ারিতেই বোলপুরে খোলা হয়েছে ১০,০০০ লিটার (দৈনিক) পরিবর্ধিত করার সুযোগসহ একটি ৪,০০০ লিটারের বাল্ক কুলার। এছাড়া ২০০০-এর নভেম্বরে যৌথ উদ্যোগে বর্ধমানের আউসগ্রামে ২৫,০০০ লিটার (দৈনিক) ক্ষমতাসম্পন্ন একটি ডেয়ারি স্থাপিত হয়েছে। হুগলির পুরসুরাতে যৌথ উদ্যোগে একটি ৩৫,০০০ লিটার (দৈনিক) ক্ষমতাসম্পন্ন ডেয়ারি স্থাপনের প্রস্তাব নেওয়া হচ্ছে। নিম্নলিখিত উদ্যোগগুলিতে নির্মাণের কাজ চলছে :

— রায়গঞ্জে ১০,০০০ লিটার (দৈনিক) ক্ষমতাসম্পন্ন ডেয়ারি ;

— উত্তর দিনাজপুরে ৪,০০০ লিটার (দৈনিক) ক্ষমতাসম্পন্ন দুগ্ধ-শীতলীকরণ কেন্দ্র ; এবং

— দক্ষিণ চব্বিশ পরগনায় ৪,০০০ লিটার (দৈনিক) ক্ষমতাসম্পন্ন একটি বাল্ক কুলার।

দোহ উন্নয়ন অধিকার দৈনিক ১.৫ লক্ষ লিটার জীবাণুমুক্ত দুধ কলকাতা শহরে সরবরাহ করে চলেছে। এ ছাড়াও মাদার ডেয়ারী এবং মেট্রো ডেয়ারীর সঙ্গে যৌথভাবে দৈনিক প্রায় ৮ লক্ষ লিটার দুধ এবং ঘি, আইসক্রীম প্রভৃতি নানাধরনের দুগ্ধজাত সামগ্রী এই শহরে সরবরাহ করে থাকে।

অত্যাধুনিক বিজ্ঞান ও প্রযুক্তির প্রয়োগ দ্বারা আমার বিভাগ শুধু যে সর্বোৎকৃষ্টমানের দুধ এবং অন্যান্য দুগ্ধজাত সামগ্রী এক বিরাট সংখ্যক জনগণকে জোগান দিয়ে চলেছে তাই

নয়, গ্রামীণ জনগণকে বিপণনযোগ্য উদ্বৃত্ত দুধ সর্বাপেক্ষা লাভজনক দামে বিক্রি করে দেবার জন্য প্রয়োজনীয় পরিকাঠামো তৈরি করেছে এবং সেই সঙ্গে পশ্চিমবঙ্গের গ্রামাঞ্চলে দুধ উৎপাদনের পরিমাণ বিজ্ঞানসম্মতভাবে উত্তরোত্তর বৃদ্ধির জন্য দুগ্ধ উৎপাদকদের প্রয়োজনীয় সবরকম সহায়তা ও পরামর্শ এই বিভাগ নিরন্তর দিয়ে চলেছে।

মাননীয় অধ্যক্ষ মহাশয়, আপনার মাধ্যমে আমি মাননীয় সদস্যদের অবগত করতে চাই যে, সরকারের ঘোষিত নীতি অনুসরণ করে আমার বিভাগ সরাসরি ও পরোক্ষভাবে কর্মসংস্থানের সুযোগ সৃষ্টি করায় সচেষ্ট। বাণিজ্যিকভাবে প্রাণীপালনে উৎসাহ দেওয়া ছাড়াও বিভিন্ন পরিবারভিত্তিক প্রকল্পের অধীনে দরিদ্র পরিবার, মহিলা, তফসিলি জাতি-উপজাতি পরিবারসমূহকে প্রাণীপালনের ক্ষেত্রে আরও সহায়তা প্রদানের দিকে বিশেষ জোর দেওয়া হবে।

পরিশেষে, আমি বিধানসভার মাননীয় সকল সদস্যের কাছে সহযোগিতা, সমর্থন ও মূল্যবান পরামর্শ কামনা করি যাতে প্রাণীসম্পদ বিকাশ বিভাগের বিভিন্ন প্রকল্প ও কর্মসূচি কাঙ্খিত সাফল্যের সঙ্গে রূপায়িত হতে পারে।

Demand No. 49

Mr. Speaker : There are 15 cut motions on Demand No. 49. All the cut motions are in order and taken as moved. There are 23 cut motions on Demand No. 50. All the cut motions are in order.

1	Shri Ashok Kumar Deb	Sir, I beg to move that the amount of the Demand be reduced by Rs. 100/-
2	Shri Pankaj Banerjee	
3	Shri Kamal Mukherjee	
4	Shri Biman Chakraborti	
5	Shri Kallol Khan	
6	Shri Manturam Pakhira	
7-8	Shri Sadhan Pande	
9	Shri Mohan Jatua Choudhury	
10	Shri Mahbubul Haque	
11-12	Shri Tarak Bandyopadhyay	
13-15	Shri Abdul Mannan	

Demand No. 50

1	Shri Kashinath Mishra	Sir, I beg to move that the amount of the Demand be reduced to Re. 1/-

2	Shri Saugata Roy	Sir, I beg to move that the amount of the Demand be reduced by Rs. 100/-
3	Dr. Ashis Banerjee	
4	Shri Ashok Kumar Deb	
5	Shri Kalipada Mandal	
6	Shri Kamal Mukherjee	
7	Shri Biman Chakrabarti	
8	Smt. Manju Basu	
9-10	Shri Sadhan Pande	
11	Shri Moloy Ghatak	
12	Shri Ajit Bhunia	
13-14	Shri Kashinath Mishra	
15-16	Shri Kallol Khan	
17-18	Shri Tarak Bandyopadhyay	
19	Shri Sital Kumar Sardar	
20-22	Shri Abdul Mannan	
23	Shri Tamonash Ghosh	

শ্রী শোভনদেব চট্টোপাধ্যায় : স্যার, আনিসুর রহমান মহাশয় প্রাণীসম্পদ বিকাশ বিভাগের যে বাজেট পেশ করেছেন, একটু আগে মাননীয় মন্ত্রী বললেন, কাটমোশানের বিরোধিতা করে, বাজেটের বিরোধিতা করে বক্তব্য রাখা একটা রীতি হয়ে গেছে। আমরা যে কাটমোশানগুলো দিই, যদি আনজাস্টিফায়েড থাকে, তাকে বাতিল করা হবে। যদি জাস্টিফায়েড থাকে, সেটা গ্রহণ করা হোক।

মিঃ স্পিকার : আপনি কাটমোশান গ্রহণ করার অর্থ জানেন ? সরকার ভল্যান্টারিলি গদি ছেড়ে চলে যাক, আপনি তাই চান ? বলুন।

শ্রী শোভনদেব চট্টোপাধ্যায় : ২৫ বছর ধরে যে দপ্তরের বাজেট পেশ করছেন, এই বাজেটে কোনরকম পরিকল্পনার ছাপ নেই। এই ডিপার্টমেন্ট একটা ভাইটাল ডিপার্টমেন্ট হতে পারে—শুধু পশ্চিমবঙ্গের জন্য নয়, এটা সারা ভারতবর্ষের জন্য অত্যন্ত ইম্পর্ট্যান্ট ডিপার্টমেন্ট। এটি একটি পোটেনশিয়াল ডিপার্টমেন্ট, যে ডিপার্টমেন্ট থেকে বহু লোকের কর্মসংস্থান হতে পারে। এটি একটি গুরুত্বপূর্ণ ডিপার্টমেন্ট। আপনি জানেন, তবুও আপনাকে আমি মনে করিয়ে দিচ্ছি, ভারতবর্ষে টোটাল যে কর্মসংস্থান হয়, তার ফাইভ পার্সেন্ট কর্মসংস্থান হয় এই ডিপার্টমেন্টের মাধ্যমে। আমরা যদি ধরে নিই ভারতবর্ষের লোকসংখ্যা একশো কোটি, তার ফাইভ পার্সেন্ট, অর্থাৎ পাঁচ কোটি লোকের কর্মসংস্থান হয় এই ডিপার্টমেন্টের মাধ্যমে।

[4.00—4.10 p.m.]

এটা আমরা আপনার ইকোনমিক্স সার্ভের ২০০০-২০০১ থেকে উল্লেখ করছি। ২০০০-২০০১ সালে ৫ কোটি লোক এর সঙ্গে যুক্ত হবে। আর আপনি আপনার আর্থিক সম্ভাবনার মধ্যে বলছেন যে, ১ লক্ষ ৪০ হাজার মতো হবে। সুতরাং যেখানে অতিরিক্ত কর্মসংস্থানের সম্ভাবনা রয়েছে ২০০০-২০০১ সালে ৫ কোটি লোকের সেখানে আপনি বলবার চেষ্টা করেছেন যে, ১ লক্ষ ৪০ হাজার মতো হবে। অর্থাৎ আমাদের কাজ স্যাটিসফ্যাকটারি নয়, আপনার ডিপার্টমেন্ট স্যাটিসফ্যাকটারিলি কাজ করছে না। আপনাকে এখনো পর্যন্ত দুধ বাইরের থেকে আনতে হচ্ছে। আপনাকে বাইরের থেকে ডিম আনতে হচ্ছে। সুতরাং আমাদের রাজ্যের ফলনে আমরা ডিমান্ড মিট করতে পারছি না। আপনার বক্তব্যের মধ্যে আপনি বলেছেন এখনো পর্যন্ত দুধের যে পৌঁছানোর লভ্যতা ১১৬ গ্রাম। আপনার ইকোনমিক সার্ভেতে ২০০০-২০০১—এর অল ইন্ডিয়া অ্যাভারেজ অর্থাৎ সর্বভারতীয় ক্ষেত্রে ২১৪ গ্রামে পৌঁছে গেছে। সেখানে আপনি বলছেন ২১০ গ্রাম। অর্থাৎ এখনো অনেক পিছিয়ে আছেন দুধের ক্ষেত্রে। আপনাকে ১৯৭২-৭৩ সালের স্ট্যাটিসটিক্স বলছি ওই সময়ে যে দুধ সাপ্লাই করত পশ্চিমবঙ্গ সরকার—পশ্চিমবঙ্গ দুগ্ধ প্রকল্পর মাধ্যমে ২ লক্ষ ৬৭ হাজার। এটা ১৯৭৬-৭৭ সালের স্ট্যাটিসটিক্স যদি দেখি ওই একই পশ্চিমবঙ্গ দুগ্ধ প্রকল্প, যেটি বিধানচন্দ্র রায়ের আমলে হয়েছিল, সেই দুগ্ধ প্রকল্প থেকে দুধের সাপ্লাই ১ লক্ষ ৫০ হাজারে দাঁড়িয়েছে। আপনার নিয়োজিত সরকারি উদ্যোগে ডেভেলপমেন্ট হচ্ছে না কেন, উৎপাদন বাড়ছে না কেন সেটা দেখুন। আপনার যে ডেয়ারি ডেভেলপমেন্ট রয়েছে সেখানে কাজের যে পরিবেশ সেটা নষ্ট হয়ে গেল কেন সেটা দেখুন। আপনার ১৯৭২-৭৭ সালের স্ট্যাটিসটিক্স যদি দেখেন তাহলে দেখবেন ২ লক্ষ ৬৭ হাজার, আর আপনারই বইতে সেটা নেমে এসে দাঁড়িয়েছে ১ লক্ষ ৫০ হাজারের মতো বোধহয়। আমাদের ভারতবর্ষে গৃহপালিত পশুর সবচেয়ে বেশি বিচরণের জায়গা পৃথিবীর মধ্যে। পৃথিবীর প্রায় ৫৭ পার্সেন্ট মোষ আমাদের দেশে রয়েছে। আর ৬০ পার্সেন্ট গরু, ছাগল আমাদের দেশে রয়েছে, তার মধ্যে আমাদের রাজ্যেও তার থাকার সম্ভাবনা রয়েছে। ভারতবর্ষ পৃথিবীর মধ্যে মিল্ক প্রোডিউসিং কান্ট্রির মধ্যে এক নম্বর রয়েছে। আমাদের দেশ থেকে মাংস, ডিম সব কিছু বিদেশে রপ্তানি হচ্ছে। এই প্রসঙ্গে একটু পড়িয়ে শোনাচ্ছি— Export earnings from livestock sector rose from 1024 crores in the 1993-94 to 2073 crore in 1998-99. ১৯৯৮-৯৯ সালে আপনার উৎপাদন এমন একটা জায়গায় দাঁড়িয়েছে, দীর্ঘ ২৫ বছর পরেও আপনাদের অন্য জায়গার থেকে আমদানি করতে হচ্ছে। যেখানে ভারতবর্ষ থেকে মাংস, মাছ, ডিম দৈনিক রপ্তানি হচ্ছে বিদেশে, সেখানে আপনার অ্যানুয়াল গ্রোথ হচ্ছে ১০.৮ পার্সেন্ট। যেখানে লেদার প্রোডাক্ট ৫৪ পার্সেন্ট বেড়েছে এবং বিক্রি হয়েছে ১ হাজার ১২৯ কোটি টাকার চর্ম এবং চর্মজাত জিনিস ভারতবর্ষ থেকে এবং বিদেশে এক্সপোর্ট হয়েছে ৭৭২ কোটি টাকার। এক্সপোর্ট করছি আমরা, সারা ভারতবর্ষ এগিয়ে যাচ্ছে। আপনি কিন্তু একই জায়গায় দাঁড়িয়ে আছেন। আপনার যে ডিপার্টমেন্ট, সেই ডিপার্টমেন্টের একটা বিশেষ জায়গা আছে, সেটা হচ্ছে ভেটেনারী ট্রিটমেন্ট সেন্টার। আপনি ভাল করে খোঁজ নেবেন, সেই জায়গায় ভালভাবে কাজ হচ্ছে না। সকাল ৯টা থেকে বিকাল সাড়ে ৩টে পর্যন্ত ডাক্তারবাবুদের থাকার কথা। কিন্তু তারা থাকেন না।

তারা প্রাইভেট প্র্যাকটিস করেন। এই বাড়িগুলি যে জায়গায় সেখানে কাজ করার পরিবেশ আছে কিনা এবং সাড়ে তিনটের পর যদি কোনো ঘটনা ঘটে তাহলে ডাক্তারবাবুদের পাওয়া যাবে না। আপনি বলেছেন কৃত্রিম প্রজননের ক্ষেত্রে অন্য জায়গা থেকে গরুর সিমেন এনে কৃত্রিম প্রজননের ব্যবস্থা করেছেন। এই কৃত্রিম প্রজননের ব্যাপারে তারা যে স্ট্যাটিসটিক্স দিয়েছেন এবং সাকসেসফুল হয়েছে বলেছেন, এখানে ৮.৫৫ লক্ষ কৃত্রিম প্রজনন করা হয়েছে, তার মধ্যে ২.৭৩ লক্ষ শঙ্কর বাছুর জন্ম দেওয়া হয়েছে। আমি দায়িত্ব নিয়ে বলছি এটা সঠিক তথ্য নয়, আবার এখানে জাগলারি অফ স্ট্যাটিসটিক্স করা হয়েছে। আমি এটা জেনে বলছি, আপনি খবর নিন, এটা ঠিক হিসাব নয়। এই যে প্রজননের ক্ষেত্রে ১০০ শতাংশর মধ্যে ২৮ শতাংশ বলেছেন, এটা পৃথিবীর কোনো উন্নত দেশে এই ২৮ শতাংশ হয় না। এই কৃত্রিম প্রজনন কোনো উন্নত দেশেও হয়নি। অর্থাৎ এই যে ৮.৫৫ লক্ষ কৃত্রিম প্রজনন করা হয়েছে অর্থাৎ ২.৭৩ শতাংশ করেছেন তার মানে ১০০ শতাংশের মধ্যে ২৮ শতাংশ এটা হয় না। এটা আপনার দপ্তর বলে দিয়েছে, এটা হয় না। আপনি শেষ বক্তব্য বলবেন, বলে চলে যাবেন। এটা হচ্ছে অসীমবাবুর মতো জাগলারি অফ স্ট্যাটিসটিক্স। সব দপ্তরে এটা চালু হয়ে গিয়েছে, আপনার দপ্তরেও চালু হয়ে গেছে। জলাতঙ্ক রোগ নিবারণের একটা স্কিম আছে, সেন্ট্রাল গভর্নমেন্টের স্কিম। এই স্কিমে কি যে কাজ হয় জানি না। এখানে যে সমস্ত ইনফ্রাস্ট্রাকচার আছে তার মধ্যে কলকাতার ২টি পয়েন্টে ২টি গাড়ি রাখা আছে। তাতে প্রকৃত কাজ হয় কিনা জানি না, তবে আপনার ডিপার্টমেন্টের অন্য কাজ হয়। এই যে দুটো গাড়ি আছে একটা হচ্ছে কুকুর ধরার জন্য, আর একটা অ্যান্টির‍্যাবিশ ইনজেকশান এর গাড়ি আছে। এই ডিপার্টমেন্ট এই কাজ করে না। অন্য কাজ তারা কি করেন জানি না। যে দায়িত্বর জন্য তারা আছে, সেই কাজ তারা করে না। আর একটা জিনিস বলি, পৃথিবীতে বিভিন্ন মাংস এক্সপোর্ট করার জন্য ডিজিজ ফ্রি জোন আছে, এটা সেন্ট্রাল গভর্নমেন্টের স্কিম। এই ব্যাপারে আপনার কোনো ধারণা আছে কি কাজ হচ্ছে বলে ? এক্সপোর্ট করার জন্য ডিজিজ ফ্রি জোন দরকার। এটা সারা পৃথিবীতে আছে। সব রাজ্য গ্রহণ করেছে। আপনারও আছে। কিন্তু এদের যে কাজ ডিজিজ ফ্রি জোন করার জন্য যে পরিকল্পনা এবং তাকে বাস্তবায়িত করার যে দায়িত্ব সেই দায়িত্ব আপনার দপ্তর যথাযথভাবে পালন করছে না। এবং তার থেকেও বড় কথা যেটা এর সঙ্গে যুক্ত হয়ে গেছে, একটা ভয়ঙ্কর দুর্নীতি টালিগঞ্জে চলছে। টালিগঞ্জে আপনার বিশাল পোলট্রি ফার্ম রয়েছে, এই পোলট্রি ফার্মের ৪ ভাগের এক ভাগ জমিকে কাজে লাগাচ্ছেন, এটাকে আরো বেশি করে কাজে লাগিয়ে আরো উৎপাদন আপনি বাড়াতে পারতেন। আপনার জায়গা পড়ে আছে, আপনি সেই জায়গা কাজে লাগাচ্ছেন না। সেই জায়গাকে আপনি কাজে লাগাচ্ছেন না শুধু তাই নয় এখান থেকে একদিনের জন্মানো যে চিকেন দেওয়া হয় সেইগুলি আপনারা এখান থেকে যদি বিলি করতেন সেইগুলি নিয়ে আমরা বলেছিলাম স্বনির্ভরতা কর্মসূচির মধ্যে এইগুলিকে যত আপনি ডেভলাপ করাবেন তত বেকারদের সংস্থান খুলে যাবে, সারা ভারতবর্ষের মধ্যে এই কাজে ৫ কোটি মানুষ যুক্ত আছে।

[4.10—4.20 p.m.]

আমাদের রাজ্যের অভিশাপ হচ্ছে বেকারত্ব, যেখানে দশ হাজারের বেশি চাকরি হয় না এক বছরে। আপনারা অল্টারনেটিভ সেল্ফ এমপ্লয়মেন্টের দিকে আপনাদের দৃষ্টিভঙ্গি

রেখেছেন, কিন্তু তার জন্য যে ইনফ্রাস্ট্রাকচার দরকার, সেটাকে এগিয়ে নিয়ে যাবার জন্য যে কাজটা করা দরকার, তার পরিকল্পনার ছবি কিন্তু আমরা বাজেট বইয়ের মধ্যে দেখতে পাচ্ছি না। আরেকটা গুরুত্বপূর্ণ বিষয় আমি এখানে উল্লেখ করতে চাই, আপনি বলেছেন বন্যার সময় আপনার ডিপার্টমেন্ট অনেক কাজ করেছে, কিন্তু আমি আপনাকে স্ট্যাটিসটিক্স দিয়ে বলছি, বন্যত্রাণে আপনার অ্যালটমেন্ট ছিল ১০ লক্ষ মুরগির বাচ্চা, সেখানে আপনি দিয়েছেন ৯ লক্ষ ১৮ হাজার বাচ্চা, তার মধ্যে ৫০ শতাংশ মারা গেছে সেই খবর আপনার কাছে নেই। হাঁসের বাচ্চা আপনার দেওয়ার কথা ছিল ৫ লক্ষ, সেখানে আপনি দিয়েছেন মাত্র ৯৩,৫৭৪টি, এই সমস্ত তথ্যগুলো আমি বলছি এণ্ড অফ জুলাই পর্যন্ত। পাঁচ লক্ষ বাচ্চার জন্য আপনার টাকা স্যাংশান হয়ে গেল, কিন্তু আপনার ডিপার্টমেন্ট কোনো কাজ করতে পারল না। আপনার ডিপার্টমেন্টে কোনো ইনফ্রাস্ট্রাকচার নেই। শুয়োরের বাচ্চা বিলি করার কথা ছিল তিন হাজার, তার মধ্যে দিয়েছেন ১,৭৫৮টি। ২০০০ সালে বন্যা হয়েছিল, কিন্তু জুলাই ২০০১ পর্যন্ত আপনি সেই টার্গেট সম্পূর্ণ করতে পারলেন না। আপনি এই জায়গাটা থেকে এমপ্লয়মেন্টের ব্যবস্থা করতে পারছেন না। তাই এই বাজেট বরাদ্দকে সমর্থন করার কোনো প্রয়োজনীয়তা, যৌক্তিকতা আছে বলে আমি মনে করছি না, তাই এই বাজেট বরাদ্দের বিরোধিতা করে এবং বিরোধীদের আনীত কাট মোশানকে সমর্থন করে আমার বক্তব্য শেষ করছি।

ডঃ অসীম বালা : মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, প্রাণীসম্পদ বিকাশ দপ্তরের মন্ত্রিমহাশয় যে বাজেট বরাদ্দ উত্থাপন করেছেন তাকে সমর্থন করে আমার বক্তব্য রাখছি। সারা পৃথিবীতে গ্রামের যে দরিদ্র মানুষ তারাই প্রাণীসম্পদের মালিক। তৃতীয় বিশ্বের দেশ ভারতবর্ষ, এখানে দরিদ্র, গরীব মানুষরাই প্রাণী সম্পদের মালিক, অথচ যারা ধনী তারা এই প্রাণীসম্পদ থেকে যে খাদ্য তৈরি হয় সেটা বেশি ভক্ষণ করে থাকে। গরিব মানুষগুলো সেই খাদ্য খেতে পায় না। আমাদের দেশে সত্তর শতাংশ হচ্ছে প্রান্তিক চাষি, ক্ষুদ্র চাষি, তার মধ্যে ৬৭ শতাংশই হচ্ছে প্রাণী সম্পদের মালিক, তারাই খামার করে, তারাই উৎপাদন করে। প্রাণীসম্পদ থেকে জি.ডি.পি আসে ৯,২২৯ কোটি টাকা, আর ওদের ইনভেস্টমেন্ট হচ্ছে ০.৬ শতাংশ, এই টাকাটা হচ্ছে জি.ডি.পি-র ৯ শতাংশ। আমাদের পশ্চিমবাংলায় প্রাণীসম্পদ থেকে কন্ট্রিবিউশান আসে ১১,০৪২ কোটি টাকা। যেখানে অল ইন্ডিয়া ফিগার হচ্ছে ১৫ হাজার কোটি টাকা। আমরা মীট এক্সপোর্ট করি ৪১২ কোটি টাকার। পশ্চিমবাংলার যে ৩৮ হাজার গ্রাম আছে সেখানে ১ কোটি প্রাণীসম্পদ আছে। ১৮০ লক্ষ গরু, ১০ লক্ষ মহিষ, ১৭০ লক্ষ ছাগল, ভেড়া ৩৫০ লক্ষ, মুরগি ১৫০ লক্ষ।

১৯৭৬-৭৭ সালে দুধ উৎপাদন হোত ১,০৬৪ হাজার টন। এখন এসেছে ৩৪.৭০ লক্ষ টন। তবে এটা চাহিদার ৫০ শতাংশ। আমাদের পার ক্যাপিটা কনজাম্পশান ১১৯ গ্রাম মতো, অল ইন্ডিয়া কাউন্সিল অফ মেডিক্যাল সায়েন্সের গবেষকরা বলছেন প্রয়োজন ২১০ গ্রাম। সেদিক থেকে আমাদের ঘাটতি আছে। কিন্তু পশ্চিমবাংলার অ্যাচিভমেন্টকে তো অস্বীকার করা যায় না। মাংসে আমরা পেছনে আছি। ৩৪ লক্ষ মিলিয়ন টন উৎপন্ন হচ্ছে।

চাহিদার ২৫ শতাংশ। অর্থাৎ এখানে মানুষ ১৫ গ্রাম মাংস প্রতিদিন খেতে পারে। বিদেশে ৮০০ গ্রাম মাংস তৈরি করে। এটা আমরা সমর্থন করি। যদিও এখানে ডিমের উৎপাদন বেড়েছে, তবুও বছরে মাথাপিছু ৩৪টি পেতে পারে। অথচ বিদেশে মাথাপিছু ৩০০টি ডিম পেতে পারে। এখানে গরিব মানুষ ডিম খেতে পারে না, কিন্তু ধনিক শ্রেণি, এলিট শ্রেণি দিনে ৪/৫/৬টা করে ডিম খায়। এখানে প্রাণী স্বাস্থ্যকেন্দ্র বৃদ্ধি হয়েছে। ১৯৭৬-৭৭ সালে ছিল ৯৩১টি।

১৯৯৯-এর মানব উন্নয়ন রিপোর্ট থেকে বলছি—৫২ পার্সেন্ট মানুষ দারিদ্রসীমার নিচে বাস করে এবং ৫৩ পার্সেন্ট শিশু মায়ের পেট থেকে কম ওজন নিয়ে জন্মগ্রহণ করে। কারণ, মায়েরা অপুষ্টিতে ভোগে। অথচ তারাই মূল্যবান প্রোটিন তৈরি করে। এটা আমাদের দেখতে হবে। প্রাণীসম্পদ যদি উন্নয়ন করা যায় তাহলে এই ঘাটতি পূরণ হতে পারে।

আমাদের দেশে ৮.৪ কোটি বলদ আছে। এরা যে শক্তি তৈরি করে তা হলো ৩০ হাজার মেগাওয়াটের সমান, আমাদের দেশের উৎপাদিত বিদ্যুতের অর্ধেক। এদের ব্যবহার করলে ৪০০০ কোটি টাকার পেট্রোল বাঁচতে পারে। আমাদের দেশের ৬৬ পার্সেন্ট জমি বলদ দিয়ে চাষ হয়। এটা ট্রাক্টর দিয়ে করতে হলে ১.৫ মিলিয়ন ট্রাক্টরের প্রয়োজন। আগামী কয়েক যুগেও এখানে পৌঁছনো যাবে না। আর, বড় ফার্ম না হলে ছোট জমিতে ট্রাক্টর স্যুইটেবল নয়। প্রাণীসম্পদ উন্নয়নের জন্য দরকার প্রতিটি জেলাতে লাইভ স্টক ডেভেলপমেন্ট গ্রোথ সেন্টার করা। প্রত্যেকটা জায়গাতে একটা করে কম্পোজিট ফার্ম দরকার, যেখানে সেন্ট্রাল লাইভ স্টক সেন্টার থেকে চাষিরা বিভিন্ন বিষয়ে জানবেন।

[4.20—4.30 p.m.]

একটা জায়গায় এসে সমস্ত খবর, দরকারি প্রয়োজনীয় পরামর্শ, সমস্ত ওষুধ পেতে পারি, সেই রকম ব্যবস্থা যদি হয় তাহলে উৎপাদন আরও বৃদ্ধি পাবে। এর সঙ্গে আরও একটা কথা জানা দরকার যে, এমপ্লয়মেন্ট জেনারেশান যেটা মাননীয় মন্ত্রী বলেছেন ৪০ হাজার এমপ্লয়মেন্ট জেনারেশান করবেন স্বনির্ভর প্রকল্পের মাধ্যমে—এটাকে যদি আরও বেশি করা যায়, যদি এটাকে সঠিকভাবে প্রয়োগ করা যায় তাহলে আরও উন্নতি হবে। ন্যাশানাল এমপ্লয়িজ সার্ভে অর্গানাইজেশান যেটা ভারত গভর্নমেন্টের, তারা বলছেন যে, প্রাণীসম্পদে প্রায় ৪.১৫ শতাংশ এর বেশি কাজ করে। এটা কৃষির থেকে বেশি। কারণ কৃষিতে করে ১.৫ শতাংশ। তাহলে বুঝতেই পারছেন যে, অ্যানিমাল রিসোর্স বাড়লে এমপ্লয়মেন্ট জেনারেশান বৃদ্ধি হয়। তাই আপনি এখানে যে প্রকল্প দিয়েছেন, তাকে সমর্থন করি এবং এটা যাতে আরও বেশি বেশি হয়, তার জন্য সহযোগিতা করতে হবে। এবার বিশ্ববিদ্যালয় সম্বন্ধে বলি। এখানে যে ভেটেরেনারি বিশ্ববিদ্যালয় হয়েছে, সেখানে প্রাণীসম্পদ নিয়ে গবেষণা হবে। আমরা চাইছি সেখানে যেসব অধ্যাপক আছেন, তারা এই বিষয়গুলি নিয়ে আরও বেশি বেশি করে গবেষণা করবেন। সেখানে আরও এক্সটেনশান উইং থাকা দরকার। তা নাহলে যেসব তারা রিসার্চ করে বের করবেন, সেটা মানুষের কাছে নিয়ে যাওয়ার প্রয়োজন আছে এবং ওইসব এক্সটেনশান উইং এই কাজ করবে। তাই এদিকে জোর দিতে হবে। রুরাল ইকনমির দিকে

জোর দিতে হবে। লাইভস্টক প্রাণীসম্পদ সংরক্ষণের দরকার আছে। আবার ইউনিভার্সিটির সঙ্গে সরকারের সম্পর্ক ভালো থাকার দরকার আছে। শেষ কথা যেটা বলছি—আমাদের যে কো-অপারেটিভ আছে, সেটাকে স্ট্রেনদেন করতে হবে এবং এখানে মাল্টিন্যাশানাল কোম্পানিগুলি ঢুকে যাচ্ছে, তাই আমাদের মার্কেটের সঙ্গে লিঙ্ক আপ করতে হবে। এই কথা বলে এই বাজেটকে সমর্থন করে আমার বক্তব্য শেষ করছি।

শ্রী অসিত মাল : মাননীয় অধ্যক্ষ মহাশয়, আজকে প্রাণীসম্পদ দপরের মন্ত্রী মহাশয়, যে বাজেট পেশ করেছেন, আমি তার বিরোধিতা করে বিরোধীদের আনা কাটমোশানের সমর্থন করে আমার বক্তব্য শুরু করছি। গ্রামের অর্থনীতি চাঙ্গা করতে, বেকারদের কর্মসংস্থানের ব্যবস্থা করতে এবং রাজ্যের মানুষের ডিম, দুধ, মাংসের চাহিদা পূরণ করতে ব্যর্থ হয়েছে এই সরকার। এছাড়াও রাজ্যের পশু চিকিৎসাকেন্দ্রগুলির রক্ষণাবেক্ষণে সরকারের চরম ব্যর্থতা লক্ষ্য করা গেছে। আপনি দেখবেন মাননীয় মন্ত্রী বলেছেন এই রাজ্যে গ্রামাঞ্চলে একদিকে জনবসতির ঘনত্ব অত্যন্ত বেশি এবং অন্যদিকে মাথাপিছু জমির পরিমাণ কম। আপনি দেখবেন স্যার, আমাদের পশ্চিমবাংলায় জমির পরিমাণ হচ্ছে ১ কোটি ৩০ লক্ষ একর। চাষি প্রায় ৪ কোটির কাছাকাছি। এক একজন চাষিকে যদি ১৫ কাঠা জমি ভাগ করে দেওয়া সেটাও হয়তো তারা সঠিকভাবে পাবে না। এই দপ্তর একটা গুরুত্বপূর্ণ দপ্তর। কিন্তু এই দপ্তরের মধ্যে দিয়ে গ্রামের অর্থনীতিকে চাঙ্গা করা হচ্ছে না, বেকারদের কর্মসংস্থান হচ্ছে না। রাজ্যবাসীর যে চাহিদা সেই চাহিদা পূরণ হচ্ছে না। এই চাহিদা পূরণ করতে এই দপ্তর অক্ষম। এই দপ্তরকে ইমপরট্যান্স দেওয়া হয়নি। ২০০০-২০০১ সালের স্ট্যান্ডিং কমিটির একটা রিপোর্ট আছে, তাতে বলা আছে যে, এই দপ্তরের যে বাজেট আছে তাতে তার ৯০ শতাংশ কর্মচারীদের বেতন দিতেই চলে যায়। মাত্র ১০ ভাগ নিয়ে এতবড় একটা দপ্তর, এতবড় একটা গুরুত্বপূর্ণ দপ্তর কি করে চলবে। এতবড় একটা দপ্তর, এই দপ্তরের মাধ্যমে কর্মসংস্থানের উপায় হতে পারে। কাদের কর্মসংস্থানের উপায় হতে পারে। গ্রামের তফসিলি জাতি, উপজাতি দরিদ্র মানুষের কর্মসংস্থানের উপায় হতে পারে কিন্তু মাত্র ১০ ভাগ টাকা নিয়ে এই দপ্তর কি পরিকল্পনা করবে ? আপনি পরিষ্কার করে বলতে পারেননি আপনার গরু, হাঁস, মহিষের সংখ্যা কত ? তাদের রক্ষণাবেক্ষণের জন্য আপনি কটা পশু চিকিৎসা কেন্দ্র করতে পেরেছেন ? আপনি পারেননি। আমরা লক্ষ্য করেছি স্যার, গতবছর বন্যার পরে যখন আমরা বন্যাকবলিত এলাকায় গেছি তখন দেখেছি যে লক্ষ লক্ষ গবাদি পশু তলিয়ে গেছে। বন্যা শেষ হয়ে যাওয়ার পর আমরা যখন এলাকায় ঘুরছিলাম তখন আমরা দেখেছি যে সমস্ত গবাদি পশু বেঁচে আছে তাদের কি দুরবস্থা। এমন কোন গ্রাম আছে যেখানে আপনার স্টাফ আছে বা আপনার ডাক্তার আছে। এরকম গ্রাম খুঁজে পাওয়া যায় না। আমরা মন্ত্রীকে বলেছিলাম অল পার্টি মিটিঙে, সেখানে ডি.এমও গিয়েছিলেন, মানুষের জন্য শুধু রিলিফের ব্যবস্থা করলে হবে না, যে সমস্ত গরু, ছাগল, হাঁস মুরগি বেঁচে আছে তাদের বাঁচিয়ে রাখার ব্যবস্থা করতে হবে। আপনারা সেটা করতে পারেননি। হ্যাঁ, ঠিকই যে আপনার ক্ষমতা সীমিত, লোকজনের অভাব। এত প্রকটভাবে বন্যা হয়েছে কিন্তু তবুও আমি আপনার কাছে বলতে চাই যে সুযোগটুকু আছে সেটাকেই কাজে লাগাতে হবে। আজকে রাজ্য সরকার শিল্পপতি

খুঁজে আনার নামে সারা বিশ্বে ঘুরে বেড়াচ্ছে আর কোটি কোটি টাকা খরচ করছে কিন্তু শিল্প হচ্ছে না। আজকে পরিকল্পনা রূপায়ণ করতে হবে ছোট ছোট কাজের মধ্যে দিয়ে। আপনি বলতে পারলেন না যে কটা বেকার যুবক যুবতীদের আপনি ডেয়ারি করে দিতে পেরেছেন, কটা পোলট্রি করে দিতে পেরেছেন ? আজকে বাংলার দরিদ্র মানুষ যাতে গবাদি পশুর চিকিৎসা পায় তার জন্য ব্লক ওয়াইজ ডাক্তার রাখতে পেরেছেন ? মহকুমা ওয়াইজ ডাক্তার রাখতে পেরেছেন ? এই ডাক্তাররা কখন বসে কখন আসে, কখন যায় মানুষ জানতে পারে না। পশুদের অসুখে মানুষ টাকা পয়সা ধার করে চিকিৎসার জন্য শহরে আসে।

[4.30—4.40 p.m.]

এই মহিষদের কেমন করে আনবে, ট্রেনে ? এই ধ্যানধারণা আপনাদের আছে তো ? এগুলি করতে গেলে একটু কাণ্ডজ্ঞানের দরকার হয়। ঠাণ্ডা ঘরে বসে রাজনীতি করা যায়, পশ্চিমবাংলার মানুষকে বড় বড় কথা বলা যায়, কিন্তু কর্মসংস্থানের যে সুযোগ এতে ছিল তার থেকে পশ্চিমবাংলার মানুষকে আপনি বঞ্চিত করেছেন। এ ব্যাপারগুলি আপনাকে ভাবতে হবে। এই কথা বলি যে আপনি আরও টাকা চান টাকার যদি দরকার হয়, কিন্তু সেই টাকা কোথা থেকে আসবে সেটা বলে দিতে পারব না। গুজরাটে আমূল দুধ তৈরি হয়, সেই দুধ দিল্লি থেকে এনে এখানে মিক্স করেন, কেন এখানে করতে পারছেন না ? আপনার পরিকল্পনা কি ? আপনার কি অর্থাভাব আছে ? অর্থ দপ্তর কি আপনাকে টাকা দেয় না ? আপনি খোলা মন নিয়ে আপনার ব্যর্থতার কারণ কি বলুন। এই কথা বলে কংগ্রেস এবং বিরোধী দলের আনীত কাটমোশানগুলিকে সমর্থন করে এবং এই বাজেটের বিরোধিতা করে আমার বক্তব্য শেষ করছি।

শ্রী মেহেবুব মণ্ডল : স্যার, আমি আপনার মাধ্যমে এই মন্ত্রী মহাশয় যে ব্যয় বরাদ্দ পেশ করেছেন তাকে পূর্ণ সমর্থন জানিয়ে দু-চারটি কথা বলতে চাই। এই প্রাণীসম্পদ বিকাশ সম্পর্কে বিরোধী পক্ষ থেকে অনেক কথা বললেন। আজকে ১৪২৯টি জিনিস বাইরে থেকে আসছে, তার মধ্যে ২২৯টি কৃষিপণ্য যার মধ্যে দুধ, ডিমও আছে। আমাদের দুধ উৎপাদনের যে উন্নতি হয়েছে সেটা ইকনমিক রিভিউ থেকে বলছি দুধ উৎপাদনের ক্ষেত্রে ১৯৯৭-৯৮ সালে দুধ উৎপাদন হয়েছে ৩৪.১৫ লক্ষ টন, ১৯৯৮-৯৯ সালে ৩৪.৪১ লক্ষ টন, ১৯৯৯-২০০০ সালে ৩৪.৬৫ লক্ষ টন, আর ২০০০-২০০১ সালে ৩৪.৭০ লক্ষ টন দুধ উৎপাদন হয়েছে। এ থেকেই বোঝা যাচ্ছে দুধের উৎপাদন ক্রমশই বাড়ছে। আজকে দুধের উৎপাদন বাড়ানোর জন্য অনেক পরিকল্পনা নেওয়া হয়েছে, কিন্তু আমেরিকা দুধ এবং দুগ্ধজাত পণ্যের উপর ভরতুকি দিচ্ছে ১৪৮ পারসেন্ট, ইউরোপীয় দেশগুলিতে ২৩৪.৪ পারসেন্ট, জাপান দিচ্ছে ২৫৯.১ পারসেন্ট এবং ইন্ডিয়াতে হচ্ছে ৪.৩ পারসেন্ট। আজকে সেই ভরতুকি দেওয়া সস্তার দুধ লাভজনক দুধ আমাদের দেশে চলে আসছে। আমাদের গ্রামে-গঞ্জে খামার আছে, গবাদি পশু থেকে দুধ উৎপাদন হচ্ছে যার দাম অবশ্য ১১ টাকার উপরে, কিন্তু এই বাইরের সস্তার দুধের জন্য আমাদের বিভিন্ন খামারের চাষিরা মার খাচ্ছে। মাননীয় মন্ত্রী মহাশয় বলতে চেয়েছেন গবাদি পশুর হিমায়িত বীজের সাহায্যে কৃত্রিম প্রজননের মাধ্যমে বিভিন্ন

গ্রামে-গঞ্জে প্রশিক্ষণ দিতে চেয়েছেন। জিনিসটাকে আপনি গ্রামে-গঞ্জের মানুষের মধ্যে ব্লকস্তর থেকে শুরু করে প্রতিষ্ঠিত করতে চেয়েছেন। আবার এখানে বেকার মানুষের কর্মসংস্থানের সুযোগও আছে। এক্ষেত্রে সেই সব বেকারদের কো-অপারেটিভের মাধ্যমে যাতে ঋণের সুযোগ দেওয়া যায় সেটা ডিপার্টমেন্টকে লক্ষ্য দিতে হবে। আমরা ভূমি সংস্কার আইনে দেখেছি যে নন-ইরিগেটের এবং এগ্রিকালচারাল ল্যান্ডকে এক জায়গায় করে সিলিঙের মধ্যে ফেলা হয়েছে। আমি মনে করি ভূমি সংস্কারের মধ্যে দিয়ে যে ভেস্টেড ল্যান্ড পাওয়া যাবে সেখানে গো-চারণের ব্যবস্থা করে গো-চারণ ভূমির স্বল্পতার মোকাবিলা করা যাবে। এটা যাতে করা হয় তার আবেদন জানাব। এই কথা বলে মাননীয় মন্ত্রী মহাশয়ের ব্যয়-বরাদ্দকে সমর্থন করে আমার বক্তব্য শেষ করছি।

শ্রী অপূর্ব মুখার্জি : মাননীয় স্পিকার স্যার, মাননীয় মন্ত্রী মহাশয় যে ব্যয়-বরাদ্দ এখানে উত্থাপন করেছেন তার বিরোধিতা করে এবং আমাদের আনা কাটমোশানের সমর্থন করে কয়েকটা কথা বলছি। আমি নতুন বিধায়ক হিসাবে এখানে আসার পর দেখছি হাউসে যে কথাবার্তা হচ্ছে, নানা রকম কথাবার্তা হচ্ছে কিন্তু আসল সমস্যা উনি ভালোভাবে উল্লেখ করেছেন বক্তব্যের মধ্যে দিয়ে, সেটা হচ্ছে বেকার সমস্যা, প্রধান সমস্যা। উনি ব্যয়-বরাদ্দ উত্থাপন করে বলেছেন যে, যে ব্যয়-বরাদ্দ তিনি পেশ করেছেন তার মধ্যে দিয়ে বেকার সমস্যার কিছুটা সমাধান সম্ভব। বাস্তব কথা, সত্যিই সম্ভব। বিভিন্ন পশুপালনের মধ্যে দিয়ে এটা করা যায়। কিন্তু এটা করতে গেলে যে প্রোৎসাহন দেওয়া দরকার সেটা করতে হবে। কিন্তু কিভাবে কার্যকরী করে করা হবে সেটা এখানে বলা হয়নি। যদিও কিছু কিছু উদ্যোগ এক্ষেত্রে বেসরকারিভাবে হয়েছে এবং কিছু কিছু ছেলে এই কাজ করছে, যুক্ত আছে। কিন্তু সরকারি পক্ষ থেকে ব্যাপক আকারে যেটা করার দরকার ছিল সেটা সেইভাবে ভাবা হয়নি। আমি দুর্গাপুরের মানুষ। দুর্গাপুরে এই রকম একটা প্রশিক্ষণ কেন্দ্র আছে। কিন্তু তা ধীক ধীক করে চলছে। এখানে যে একটা নাম দিয়েছেন 'প্রাণীবন্ধু প্রকল্প' এবং তাতে কিছু বেকার ছেলেকে ট্রেন্ড করে তাদের উৎসাহিত করবেন এবং তারা পশুপালন করে স্বনির্ভর হতে পারবে। এটা ২০০১ সালে করবেন বলছেন। কিন্তু ১৯৯৫ সালে এই রকম একটা প্রকল্প ছিল 'এ.ডি. ভলান্টিয়ার' সেটা বন্ধ করলেন কেন সেটা মাননীয় মন্ত্রীমহাশয় উল্লেখ করেননি। হাঁস, মুরগি, গরু, মোষ প্রভৃতি ছাড়াও এই প্রোৎসাহন দেওয়া যায়। কিন্তু মার্কেটিং-টা সেইভাবে কোথাও তৈরি হয়ে ওঠেনি বিক্ষিপ্তভাবে কোথাও কোথাও মার্কেটিং হচ্ছে কিন্তু সঠিক তথ্য ও সঠিক মূল্য পাওয়া যায় না। মার্কেটিঙের ক্ষেত্রে দেখা যাচ্ছে পশুগুলো পালন চলাকালে কখনও এর দাম বেড়ে ৫০ টাকা হয়ে যাচ্ছে আবার কখনও বা কমে ৩৪ টাকা হয়ে যাচ্ছে।

[4.40—4.50 p.m.]

যখন দাম কমে যাচ্ছে তখন, এইদিকে যাঁরা কাজ করছেন তাঁরা বিশেষভাবে ক্ষতিগ্রাপ্ত হচ্ছেন। এরজন্য গভর্নমেন্টের সিলিং বেঁধে দেওয়া হলে তাঁদের সুবিধা হবে এবং এই কাজে তাঁদের প্রোৎসাহনও হবে। আপনারা ডেয়ারি প্রকল্পের ব্যাপারে অনেকগুলো কথা বাজেটে লিখেছেন। কিন্তু দুঃখের বিষয় দুর্গাপুরে সবচেয়ে পুরোনো যে ডেয়ারি আছে সেই ডেয়ারিটা

আজকে যে অবস্থায় চলছে তাতে ডেয়ারিটা সত্যিকারের থাকবে কিনা সেটা ভাবা মুশকিল। কারণ বাজেটে এতে মাত্র ২৫ লক্ষ টাকা দিয়েছেন। কিন্তু দুর্গাপুরের ডেয়ারিটার যে অবস্থা চলছে তাকে মডার্ননাইজেশন যদি না করে দেওয়া হয় তাহলে দুর্গাপুরের ডেয়ারি যে কোনদিন বন্ধ হয়ে যাবে। সেখানকার দুধের মান নেমে গেছে, সেখানে যাঁরা ওইসব প্রক্রিয়ার সঙ্গে যুক্ত আছেন আজকে তাঁদেরকে সরিয়ে দেওয়া হচ্ছে, দুধ যেটা আসছে সেটা সঠিক পরিমাণে আসছে না, তার গুণগত মান কমে গেছে। আমি মাননীয় মন্ত্রী মহাশয়ের কাছে আবেদন রাখব যে, নতুন যে প্রকল্পগুলো আছে তার সঙ্গে সঙ্গে বহুদিনের পুরোনো যে প্রকল্পগুলো আছে সেগুলোকে যাতে বাঁচিয়ে রাখা যায় তার জন্য দৃষ্টি দেওয়া হোক। দুধের থেকে যে প্রোডাক্টগুলো পাওয়া যায় তার জন্য আলাদা কাউন্টার করে দেওয়া হোক, আমার মনে হয় এর ফলে উৎপাদন আরও বাড়বে। এই কথা বলে এই বাজেটে যে ব্যয়-বরাদ্দের দাবি এখানে পেশ করা হয়েছে তার বিরোধিতা করে এবং আমাদের কাটমোশানগুলোকে সমর্থন করে আমি আমার বক্তব্য শেষ করছি। ধন্যবাদ।

শ্রী সুভাষ নস্কর : আজকে প্রাণীসম্পদ বিকাশ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী শ্রী আনিসুর রহমান মহাশয় যে বাজেট এখানে পেশ করেছেন তাকে সমর্থন করে আমি কয়েকটি কথা বলছি। আমি জানি না যে, মাননীয় অসিতবাবু কেন এত রেগে কথা বলছিলেন। এত রেগে কথা বলার কি দরকার ছিল ? কারণ এটা আমরা সকলে জানি যে, এটা একটা বিশাল দপ্তর, শুধু প্রচার কম, এরজন্য বোধহয় সকলের নজরে আসে না, আলোকে আসে না। আমরা জানি বাজারে থলে হাতে নিয়ে গিয়ে মাছ না পেলেও যে কোনও দোকানে দুটো ডিম আপনি পাবেন। যে কোনও গরিব বাড়িতে আত্মীয়স্বজন এলে তাদের যত্ন করার জন্য পোলট্রির মুরগির মাংস দেওয়া যেতে পারে। পশ্চিমবঙ্গ মাছ উৎপাদনে প্রথম হল, কিন্তু ডিম ও মাংস উৎপাদনে প্রথম হল না কেন জানি না। সেই পরিসংখ্যান আমার জানা নেই। আমি একটা ব্যাপারে বলি যে, গোচারণ ক্ষেত্র বলে প্রতিটি মৌজায় জমি ছেড়ে রাখা ছিল। এই গো-চারণ ক্ষেত্র হিসেবে যে জমি দেওয়া হচ্ছে বাস্তবিক ক্ষেত্রে দেখা যায় যে, কোন সরকারি জমি ফেলে রাখা যাচ্ছে না—হয় সেই জমি বিতরণ হয়ে যাচ্ছে অথবা সেই জমিতে সরকারের কোন অফিস, আদালত হচ্ছে। সুতরাং গো-চারণ ক্ষেত্র হিসেবে যেটা বলা হয় বা আছে, সেটা সবক্ষেত্রে থাকছে না। সেজন্য এই ব্যাপারে আইনের পরিবর্তন বা সংশোধন করা দরকার বলে মনে করি। হাই-ইল্ডিং-এর জন্য এখানে ধান বলুন, মাছ বলুন, বাস্তবিক সবকিছুই বৃদ্ধি পেয়েছে। দেশি মুরগির মাংস উৎপাদন কম হয়, দেশি গরুর দুধও কম পাওয়া যায়। সুতরাং মাংস বলতে মুরগি এবং ডিম বলতে পোলট্রির ডিম আর দুধ বলতে ডেয়ারির দুধ এখন হামেশাই পাওয়া যাচ্ছে। কয়েকটি ক্ষেত্রে মাননীয় মন্ত্রী মহাশয় সঠিক সিদ্ধান্ত নিয়েছেন, সেগুলো হল—প্রতিটি ব্লকের সঙ্গে পঞ্চায়েতের যোগসূত্র স্থাপনের চেষ্টা আপনি করেছেন এবং একজন অতিরিক্ত আধিকারিককে ব্লক, পঞ্চায়েত সমিতি স্তরে প্রাণীসম্পদ বিকাশের কাজে নিয়োজিত করেছেন। আগে ছিল শুধু ভি এস, এখন ভি এস ছাড়াও একজন অ্যাডিশনাল আধিকারিক পাঠিয়েছেন এবং সেটা যথেষ্ট কাজে লেগেছে। এ ক্ষেত্রে আর একটা নতুন জিনিস করেছেন। যে সমস্ত জল-জঙ্গলের এলাকায় নদীপথ ছাড়া

যাতায়াত করা যায় না, অথচ নদীপথে সব সময় যাতায়াত করা মুশকিল সে সমস্ত এলাকার গবাদি পশুদের জন্য ভ্রাম্যমাণ চিকিৎসা কেন্দ্র চালু করেছেন। একেবারের দূরের জায়গাগুলিতে, যেখানে সাইকেল, ভ্যান, রিক্সা ইত্যাদিতে করেও যাতায়াত করা যায় না সেসব জায়গায় সপ্তাহে একদিন করে নির্ধারিত পঞ্চায়েতের সঙ্গে যোগাযোগ করে ভি এস বা আপনার অন্য কোন স্টাফ পৌঁছচ্ছে। কিন্তু এই কাজ নদী-বহুল এলাকায় একটা ব্লকে একটা বোটের মাধ্যমে করা সম্ভব নয়। কারণ একটা ব্লকে একাধিক পঞ্চায়েত আছে। সুতরাং ৫-৬টি গ্রাম পঞ্চায়েতের জন্য যদি একটা করে ভ্রাম্যমাণ চিকিৎসা কেন্দ্র গড়ে তোলা যায় তাহলে খুবই ভাল হয়। এই বিষয়টা আমি মাননীয় মন্ত্রী মহাশয়কে একটু বিবেচনা করে দেখতে অনুরোধ করছি। এটা করতে পারলে প্রয়োজনীয় ক্ষেত্রে আরো দ্রুত চিকিৎসা ব্যবস্থা পৌঁছে দেয়া সম্ভব হবে। সর্বশেষে আমি মাননীয় মন্ত্রী মহাশয়কে অনুরোধ করছি—এক্ষেত্রে গ্রামাঞ্চলে যে ব্যাপক কর্মসংস্থান হয়েছে তার একটা পরিসংখ্যান প্রকাশ করুন। এ বিষয়ে আমরা অনেকেই সঠিক খবর জানতে পারি না। আজকে গ্রমাঞ্চলের প্রতিটি বাড়িতেই এই দপ্তরের কোন না কোন সাহায্যে কিছু না কিছু সংস্থানের সুযোগ ঘটেছে—হয় মুরগি পালন হচ্ছে, না হয় ডিম উৎপাদন হচ্ছে, না হয় ছাগল পালন হচ্ছে, না হয় ভেড়া পালিত হচ্ছে, না হয় গরু পালন করছে। সুতরাং কর্মসংস্থান কি পরিমাণ হয়েছে, সেই হিসাবটা জানা দরকার। মাননীয় মন্ত্রী মহাশয়ের কাছে আমার অনুরোধ, আপনার দপ্তরের মাধ্যমে গ্রামের কত মানুষ উপকৃত হয়েছে, সেই পরিসংখ্যানটা আপনি প্রকাশ করুন। তাহলে এই রকম একটা বিকল্প কর্মসংস্থানের বিষয়ে আমরা অবগত হতে পারব। আপনার দপ্তরের মাধ্যমে প্রকৃতপক্ষে যে গ্রামের বেকার যুবকদের কাজের সুযোগ ঘটছে তা সঠিকভাবে জানা যাবে। এই কথা বলে, মাননীয় অধ্যক্ষ মহাশয়, আপনাকে ধন্যবাদ জানিয়ে, মাননীয় মন্ত্রীর উত্থাপিত ব্যয়-বরাদ্দের দাবিকে সমর্থন করে আমার বক্তব্য শেষ করছি।

শ্রী আনিসুর রহমান : মাননীয় অধ্যক্ষ মহাশয়, এটাই স্বাভাবিক যে বিরোধীপক্ষ আমাদের বাজেটের বিরোধিতা করবেন এবং কিছু সমালোচনা করবেন। আমি সেটা জানি বা বুঝি তাতে বিরোধীপক্ষের দুটো ভূমিকা থাকে। একটা হচ্ছে—বাজেট বিতর্কে অংশগ্রহণ করে আমাদের ত্রুটি-বিচ্যুতি, দুর্বলতা ধরিয়ে দিয়ে আমাদের সমালোচনা করা। আর একটা হচ্ছে—কিছু ভাল পরামর্শ দেওয়া। কিভাবে চলা উচিত, কি করা উচিত তা বলা। আমি এই মানসিকতা নিয়েই আজকে এখানে উপস্থিত হয়েছিলাম। আমি আশা করেছিলাম কিছু ভাল পরামর্শ শুনব। আমাদের কাজের ক্ষেত্রে সুবিধা হবে। ওঁরা কিছু কিছু সমালোচনা করবেন, কিন্তু কোন পরামর্শ ওঁদের কাছ থেকে পেলাম না। তথাপি আমি অভিনন্দন জানাচ্ছি মাননীয় শোভনদেববাবুকে। তিনি বিরোধী দলের মুখ্যসচেতক। তিনি এই বাজেটের বিষয়বস্তুর মধ্যে ঢোকবার চেষ্টা করেছেন। কিন্তু সেভাবে ঢুকতে পারেননি। তবুও বিতর্কে অংশ নিয়ে এর মধ্যে ঢোকার চেষ্টা করেছেন বলে আমি ওঁকে অভিনন্দন জানাচ্ছি। আমরা এই দপ্তরকে গুরুত্ব দিচ্ছি কিনা, এই প্রশ্ন রেখেছেন। এই প্রশ্নটা আমারই ওঁদের কাছে করা উচিত। কয়েকদিন আগে আমি এখানে জিজ্ঞেস করেছিলাম,—আমার দপ্তরের বাজেট নিয়ে কি সভায় বিতর্ক হবে, না গিলোটিনে যাবে ? আমাদের পরিষদীয় মন্ত্রী আমাকে বলেছিলেন, 'বিরোধীরা

বিতর্ক চাইছেন না।' আমি জানতাম চাইবেন না। যে বিষয়ে রাজনৈতিক বিতর্ক করা যায় না, সে বিষয়কে ওঁরা গুরুত্ব দিতে চান না। আমি ওঁদের বলছি, এই বিষয়টির প্রতি ওঁদের গুরুত্ব দেওয়া উচিত। কেন গুরুত্ব দেওয়া উচিত তা আমি একটু উল্লেখ করতে চাই। গতকাল দিল্লিতে আই সি এ আর—ইণ্ডিয়ান কাউন্সিল ফর এগ্রিকালচারাল রিসার্চ-এর একটা সভা ছিল। সেই সভায় আমি গিয়েছিলাম। সেখানে আমি একটা অদ্ভুত ছবি দেখলাম। এখন থেকে ৫০ বছর আগে জি ডি পি-তে কৃষির কনট্রিবিউশন ছিল ৫২ ভাগ—কনট্রিবিউশন অব এগ্রিকালচার ইন জি ডি পি ৫২ ভাগ। বিগত ৫০ বছরে তা কমে হয়েছে ২৫ ভাগ। মজার ছবিটা হচ্ছে, আজ থেকে ৫০ বছর আগে লাইভস্টক সেক্টরের কন্ট্রিবিউশন ছিল মাত্র ২ ভাগ, এখন তা হয়েছে ৯ ভাগ। এর থেকেই বুঝতে পারা যাচ্ছে এই দপ্তরের কাজকর্ম কতটা গুরুত্বপূর্ণ। এখানে কতগুলো প্রশ্ন উত্থাপন করা হয়েছে। সব বিষয়ের মধ্যে আমি যাব না, সময় কম। আমি কয়েকটা কথা বলতে চাই। এই দপ্তরের সাফল্যের বিচার করবেন কি করে ? অনেকেই বললেন, 'আপনার এখানে একটা 'আমূল' করতে পারেননি। এটা আমাদের দুর্ভাগ্য যে এই প্রশ্ন এখানে রাখা হয়েছে। এর পরিপ্রেক্ষিতে আমি প্রশ্ন করি, কেউ তো আফসোস করে বলতেই পারেন দার্জিলিং-এর চা আমাদের সুন্দরবনে হচ্ছে না কেন ? আফসোস করতেই পারেন, কিন্তু সে আফসোস কোন দিনই কার্যকরী হয়ে মিটবে না। গুজরাটের আমূল গুজরাটেই গড়ে ওঠা সম্ভব, বাংলায় তা হওয়া সম্ভব নয়। পক্ষান্তরে গুজরাট খাদ্যশস্য উৎপাদনে কোনদিনই প্রথম হবে না, বাংলা হবে। এটা ঐতিহাসিক কারণে সত্য। ঐতিহাসিক কারণে গুজরাটে ভালজাতের গরু আছে এবং যেটা গুজরাতেই থাকা সম্ভব। সুতরাং এই ঐতিহাসিক ঘটনাগুলি জেনে মন্তব্য করা উচিত এবং আমাদের কাজে সহযোগিতা করার চেষ্টা করা উচিত।

[4.50—5.00 p.m.]

কিন্তু বাস্তব ছবিটা কি ? আমি লাঙল, বলদ, অমুক-তমুক বাদ দিলাম, এখান থেকে যেসব জিনিস পেয়ে থাকি, ধরুন, ১ নম্বর হচ্ছে দুধ, ২ নম্বর ডিম, ৩ নম্বর হচ্ছে মাংস, এ ছাড়াও আরো অনেক আছে, আমি তার মধ্যে যাচ্ছি না। দুধ উৎপাদনের ছবিটা কি—আমরা পিছিয়ে আছি। এটা লুকিয়ে রাখার ব্যাপার নয়, রাজ্যের মানুষের ব্যবহারের জন্য দরকার, আমরা পিছিয়ে আছি। ১ কোটি ৮০ লক্ষ গরু এবং মোষ আছে। কিন্তু নিম্নজাতের। আমরা চেষ্টা করছি বাড়াবার, কিন্তু ঐতিহাসিক কারণে জাত নিম্ন হওয়ার জন্য যা উৎপাদন হওয়ার কথা তা হয় না। কিন্তু অবস্থাটা কি ? সারা ভারতবর্ষে দুধের উৎপাদন সাড়ে তিনগুণ বাড়লেও এই রাজ্যে ৩০ বছরে আপনাদের সময়ে অপারেশন ফ্লাডে চলে যান, তখন ভারতবর্ষে ২১ মিলিয়ন টন দুধের উৎপাদন হত, এখন সেটা হয়েছে ৭৮ মিলিয়ন টন। আপনাদের খুশি হওয়া উচিত—১০ বছরে আপনাদের সময়ে চলে যান তখন দুধের উৎপাদন ছিল ১০.৬৪ লক্ষ টন আর এখন সেটা হয়েছে ৩৪.৭০ লক্ষ টন অর্থাৎ সাড়ে তিন গুণ পার হয়ে গেছে মাত্র ২২ বছরে। তাহলে কি বলবেন ? খারাপ বলবেন, না ভাল বলবেন তা আমি জানি না। ২ নম্বর ডিম। আপনি ডিমের উৎপাদনে চলে যান, ৬ কোটি ৭৬ লক্ষ যেটা আগে ছিল, এখন সেটা হয়ে দাঁড়িয়েছে ২৬ কোটি ৮৪ লক্ষ। এটা যদি খারাপ হয় তাহলে খারাপ, তবে

আমরা পঞ্চম পজিশনে আছি, এটা শুনলে আপনারা খুশি হবেন। দুটি বিষয়ে আমরা প্রথম স্থানে আছি। আজকেই এ বছরের একটা রিপোর্ট পেলাম তাতে ভারতবর্ষের মধ্যে আমরাই মাংস উৎপাদনে প্রথম স্থান অধিকার করেছি। আপনারা কি বলবেন আমি জানি না, তবে আমি গর্ববোধ করি। ৪.৩৮ লক্ষ টন মাংস উৎপাদন করে ভারতবর্ষের মধ্যে আমরা প্রথম স্থানে আছি। আর একটি বিষয়ে, হাসের ডিম উৎপাদন করে ভারতবর্ষের মধ্যে প্রথম স্থানে জায়গা করে নিতে পেরেছি। কি করে প্রশ্ন উঠল জানি না, তবে অল ইন্ডিয়া অ্যাভেলবিলিটি আছে পার ক্যাপিটা ২১২। আপনি বলছেন ২১৪ হতে পারে। আমার কাছে তথ্য আছে তাতে বলছে ২১২। ১১৯ আমাদের কম। তবে হিসাব করেছেন—কতটা মিষ্টি খান ? কোন্ রাজ্য আছে যারা এত বেশি মিষ্টি খায় ? সেটা বাদ দিয়ে হিসাব করুন ? আমরা যে পরিমাণ মিষ্টি খাই এবং মিষ্টির জন্য যে দুধ ব্যবহার করে থাকি, তা যোগ করলে অনেক বেশি এগিয়ে যাবে। আপনারা কোথায় দেখেছেন, দুধ চেয়েও দুধ পাচ্ছেন না ? দুধের ঘাটতি আছে ঠিকই, কিন্তু দুধ কিনতে গিয়ে পাচ্ছেন না—এই রকম উদাহরণ যদি থাকে আমাকে জানাবেন। কারণ আমি জানি, এই জানানোর ক্ষমতা আপনাদের নেই। আর একটা শোভনদেববাবু প্রশ্ন করেছেন। খুবই দুর্ভাগ্য। আপনি পুজোর প্যাণ্ডেলে দেখবেন, সামনের দিকটা এক রকম, আবার পিছনের দিকটা অন্য রকম। এখন আপনি যদি পিছনের দিকটাই দেখে বলেন সবই খারাপ তাহলে তো মারাত্মক। ২ লক্ষ ৮০ হাজার লিটার ৩টি ডেয়ারি থেকে ছিল। এখন সরকারি ব্যবস্থাপনার মাধ্যমে সাড়ে ৯ লক্ষ লিটার প্রতিদিন হচ্ছে। এ কথা তো বললেন না ? কেন্দ্রীয় ডেয়ারিতে কিছুটা কমের দিকে হলেও মাদার ডেয়ারিতে ৫ লক্ষ লিটার পার ডে এবং মেট্রো ডেয়ারিতে আড়াই লক্ষ লিটার প্রতিদিন হচ্ছে। এগুলি তো বললেন না ? এখানে ১৩টি আমাদের ডেয়ারি প্ল্যান্ট হয়েছে, সাড়ে ৯ লক্ষ লিটার দুধ বিক্রি হচ্ছে। সত্যিটা লুকিয়ে রেখে লাভ কি হবে ? প্রশ্ন এসেছে কৃত্রিম প্রজনন নিয়ে। বলছেন, আপনারা কি করলেন কৃত্রিম প্রজননের ব্যাপারে ? আপনাদের সময়ে ছিল ৯৩৭ কেন্দ্র আর তখন প্রজনন হত মাত্র ২.৪৩ লক্ষ। আর এখন আমাদের কেন্দ্র হচ্ছে ৩ হাজার ৫১২টি এবং ৮.৫৫ লক্ষ কৃত্রিম প্রজনন গত বছর হয়েছে। তাহলে কতগুণ বেড়েছে সেটা হিসাব করে নেবেন। এটাকে সাফল্য বলবেন, না কি বলবেন সেটা আপনারাই ঠিক করে নিন। প্রশ্ন করেছেন, কনসেপশন রেট কি ? ২.২৮ পারসেন্ট বলেছেন। আপনারা জানেন না অল ইন্ডিয়া অ্যাভারেজ হচ্ছে ৪০ পারসেন্ট। কতকগুলি দেশ তারা ৬৫ পারসেন্ট করে ফেলেছে। আমাদের এখানে নানা কারণ আছে, বিজ্ঞান, টেকনোলজিকে আরো এগিয়ে নিয়ে যাওয়া দরকার, কিন্তু সেটা হয়নি যার জন্য ওরা এমব্রায়ো ট্রান্সফার করছেন আর আমরা ফ্রোজেন সিমেন ব্যবহার করছি। পিছিয়ে আছি ঠিকই, কিন্তু সাফল্যটা অনেকখানি, আমাদের আরো করতে হবে। আরো প্রশ্ন এসেছে, ডিজিজ ফ্রি জোন কেন করছেন না ? বললে লজ্জা পাবেন, একটু আগে এটা নিয়ে একজন অপপ্রচার করলেন, আমি সপক্ষে বলে নিই, রিপোর্টে বলছে, ওই স্কিমের তালিকায় যারা সার্থকভাবে রূপায়ণ করছে তার মধ্যে বেস্ট হচ্ছে ওয়েস্টবেঙ্গল। কিন্তু পরে অবাক কাণ্ড করল—ওরা কতকগুলি স্টেটকে বেছে নিল যেখানে ডিজিজ ফ্রি স্টেট করবে। আনফরচুনেটলি সেই রাজ্যগুলি হচ্ছে বি.জে.পি. পরিচালিত সরকারের দ্বারা পরিচালিত রাজ্য। আমাদের একটাও মেনে নেয়নি। এরজন্য আমরা চিঠি পাঠিয়েছি মাননীয় মুখ্যমন্ত্রীর

মাধ্যমে, ওরা মেনে নেবেন কিনা জানি না। এখনও পাইনি। কিন্তু এর মধ্যে দাঁড়িয়ে বলতে পারি পশ্চিমবঙ্গ এফ.এম.ডি'র ব্যাপারে রোগমুক্ত। আপনারা জানেন যে হাওড়াতে বাফেলো প্রসেসিং সেন্টার করেছে। প্রতিদিন সেখানে ৮'শো থেকে ১২শো মোষ কাটা হবে, প্রসেসিং হবে কিন্তু আপনি যেটা বললেন যে বাইরে ওয়েস্টবেঙ্গল যেহেতু এখনও ডিজিজ ফ্রি জোন হিসাবে এই কনসেপ্টে এখানে এফ.এম.ডি হয় না—এখানে আপনি যেটা বললেন যে বাইরে বিক্রি হয় না, এটা মনে রাখবেন, আমেরিকাতে, তারা প্রতি টন দুধে এক হাজার ডলার করে ভরতুকি দেয়। প্রায় ৪৬/৪৭ টাকা প্রতি কিলো পাউডার দুধে ভরতুকি দেয়। তাও আমাদের সঙ্গে পারছে না। আমাদের প্রোডাকসান কস্ট অনেক কম। পারে না আমাদের সঙ্গে। তবে ওরা একটা অদ্ভুত কৌশল নিয়েছে, কালকে শুনলাম, বিজ্ঞানীরা বলছেন ভারতবর্ষের দুধ ওরা ব্যবহার করবেন না কারণ যন্ত্রের বদলে এখানে হাতে দোয়া হয়। ওরা ভারতবর্ষের চামড়া কিনতে চাইছে না কারণ হচ্ছে গরু খারাপভাবে নিয়ে যাওয়া হয় এবং ঠিকমতন স্লটার হয় না। এইসব অজুহাত দেখিয়ে ওরা বলছেন নেবেন না। এই রকম একটা জটিল অবস্থাতে আমরা আছি। তবে সীমাবদ্ধ ক্ষমতার মধ্যেও আমরা চেষ্টা চালিয়ে যাচ্ছি। তবে বিরোধীদলের মাননীয় সদস্যদের বলব, ভেতরে এক কথা আর বাইরে আর এক কথা—এরকম করবেন না। এতে বিপদ হয়ে যায়। একথা ঠিকই যে ভয়ঙ্কর বন্যা হয়েছিল এবং তাতে যে দুটি জেলা সবচেয়ে ক্ষতিগ্রস্ত হয়েছিল তার মধ্যে মুর্শিদাবাদ অন্যতম। সেখানে সবাই কিন্তু একবাক্যে স্বীকার করেছেন যে আপনার দপ্তরের লোকরা ভাল কাজ করেছে। মাননীয় সদস্যকে বলব যে আমি কালিয়াদহতেও গিয়েছি এবং সেখানে গ্রামের লোকরা বলেছেন বন্যায় আপনার দপ্তর ভাল কাজ করেছে। মাননীয় সদস্য যেসব কথা বললেন সেটা কাকে খুশি করার জন্য জানি না। তবে কিছু ফাঁকিবাজ নিশ্চয় আমার দপ্তরেও আছে, তাদের সমালোচনা আমিও করতে চাই কিন্তু ওইভাবে বললে যারা সত্যিকারের কাজ করছেন তারা আহত হবেন। এ বছর আমরা পরিকল্পনা করেছি ৪০ হাজার লোকের কর্মসংস্থানের ব্যবস্থা করব, তার জন্য পরিকল্পনা করেছি। এই বলে বাজেটকে আবার সমর্থন করে এবং অকারণে যেসব ছাঁটাই প্রস্তাব আনা হয়েছে তার বিরোধিতা করে শেষ করছি।

Demand No. 49

The motions that the amount of the Demand be reduced by Rs. 100 were then put and lost.

The motion of Dr. Asim Kumar Dasgupta that a sum of Rs. 158,45,15,000 be granted for expenditure under Demand No. 49, Major Heads: "2403—Animal Husbandry and 4403—Capital Outlay on Animal Husbandry (Excluding Public undertakings)" during the year 2001-2002.

(This is inclusive of a total sum of Rs. 52,81,38,000 already voted on account in February, 2001.)

was then put and agreed to.

Demand No. 50

The motion that the amount of the Demand be reduced to Re. 1 and the motions that the amount of the Demand be reduced by Rs. 100 were then put and lost.

The motion of Dr. Asim Kumar Dasgupta moved that a sum of Rs. 161,1278,000 be granted for expenditure under Demand No. 50, Major Heads: "2404—Dairy Development and 4404—Capital Outlay on Dairy Development (Excluding public Undertakings)" during the year 2001-2002.

(This is inclusive of a total sum of Rs. 53,70,92,000 already voted on account in February, 2001.)

was then put and agreed to.

POINT OF INFORMATION

শ্রী তাপস রায় : মাননীয় অধ্যক্ষ মহাশয়, একটি গুরুত্বপূর্ণ ব্যাপারে আপনার দৃষ্টি আকর্ষণ করছি। আমি যে বিষয়টি উত্থাপন করছি আশা করি এখানকার সব মাননীয় সদস্যই আমার সঙ্গে এ বিষয়ে একমত হবেন। স্যার, বেশ কয়েকদিন ধরেই আমরা লক্ষ্য করছি, মাইকে আমি যা বলছি তা অন্যরা বুঝতে পারছেন না এবং অন্যরা যা বলছেন আমি তা ঠিকমতন বুঝতে পারছি না। এখানে সংবাদপত্রের সাংবাদিক যাঁরা আছেন তাঁরাও এ বিষয়ে আমার সঙ্গে একমত হয়েই বলছেন যে তাঁরাও ঠিকমতন বুঝতে পারছেন না মাইকের গণ্ডগোলের জন্য। এ বিষয়ে আমি আপনার দৃষ্টি আকর্ষণ করছি।

Mr. Speaker: Now, the discussion on Demand No. 73 will be started.

DISCUSSION AND VOTING ON DEMANDS FOR GRANTS

Demand No. 73

শ্রী বংশগোপাল চৌধুরী : মাননীয় অধ্যক্ষ মহাশয়, মাননীয় রাজ্যপালের সুপারিশক্রমে আমি প্রস্তাব করছি যে, ৭৩নং দাবির অধীনে "২৮৫১—গ্রামীণ ও ক্ষুদ্রশিল্প (সরকারি উদ্যোগসমূহ বাদে)" "৪৮৫১—গ্রামীণ ও ক্ষুদ্রশিল্পের উপর মূলধন বিনিয়োগ (সরকারি উদ্যোগসমূহ বাদে)", "৬৮৫১—গ্রামীণ ও ক্ষুদ্রশিল্পসমূহের জন্য ঋণ (সরকারি উদ্যোগসমূহ বাদে)" এবং "৬৮৬০—কনজুমার শিল্পের জন্য ঋণ (গ্রামীণ ও ক্ষুদ্রশিল্প)" এই মুখ্য খাতগুলির ব্যয় নির্বাহের জন্য ১৬৮,৩৪,৫৭,০০০ (একশত আটষট্টি কোটি চৌত্রিশ লক্ষ সাতান্ন হাজার) টাকা মঞ্জুর করা হোক। [ইতিপূর্বে ভোট-অন অ্যাকাউন্টে ৫১,৮৫,৫৬,০০০ (একান্ন কোটি পঁচাশি লক্ষ ছাপ্পান্ন হাজার) টাকার যে দাবি পেশ করা হয়েছে, ওই অর্থাঙ্কের

মধ্যে তা ধরে নেওয়া হয়েছে]। বিভিন্ন প্রকল্প ও কর্মসূচী বাবদ বরাদ্দের বিস্তারিত বিবরণ ১৩নং বাজেট প্রকাশন "ডিটেল্ড ডিমাণ্ডস ফর গ্রান্টস ২০০১-২০০২" পুস্তিকার ১৩ থেকে ৪৯ পৃষ্ঠায় পাওয়া যাবে।

১

১.১ আমি এমন সময়ে আমার এই বাজেট প্রস্তাব পেশ করছি যখন সারা দেশ জুড়ে কুটির ও ক্ষুদ্রশিল্প একটা কঠিন অবস্থার মধ্যে দিয়ে যাচ্ছে। বিশ্ব বাণিজ্য সংস্থার চুক্তি অনুযায়ী পরিমাণগত বাধার অপসারণ এবং অসংরক্ষণের ফলে কুটির ও ক্ষুদ্রশিল্পকে অস্তিত্বরক্ষার ব্যাপারে বিরাট প্রতিদ্বন্দ্বিতার সম্মুখীন হতে হচ্ছে। আমদানি সহজ হয়ে গেছে এবং বৈদেশিক মুদ্রা প্রাপ্তিও উদার হয়েছে। ক্ষুদ্রশিল্প প্রতিষ্ঠান এখন কেবলমাত্র ভারতীয় বৃহৎ প্রতিষ্ঠানের কাছ থেকে প্রতিদ্বন্দ্বিতার সম্মুখীন হচ্ছে না, তাদের বহুজাতিক সংস্থাগুলির সঙ্গেও প্রতিদ্বন্দ্বিতা করতে হচ্ছে। ব্র্যাণ্ড-যুক্ত জিনিসের সহজ প্রাপ্তিহেতু ছোট দেশি বাজারেও ক্ষুদ্রশিল্প প্রতিষ্ঠানগুলি কঠিন অবস্থার সম্মুখীন হচ্ছে। অসংখ্য কুটির, গ্রামীণ এবং ক্ষুদ্রশিল্প প্রতিষ্ঠান অসহায়ভাবে লক্ষ্য করছে যে দেশি বাজারে তাদের দ্রব্যের স্থান নিয়েছে সস্তা আমদানিকৃত দ্রব্য।

১.২ রপ্তানি বাণিজ্যে ভারতীয় শিল্প ইতিমধ্যে ঘন ঘন অ্যান্টি-ডামপিং সংক্রান্ত ব্যবস্থা এবং অবাস্তব ধরনের উচ্চ কারিগরি ও স্বাস্থ্যসংক্রান্ত মান-আরোপনের মতো অসংখ্য অশুল্ক বাধার সম্মুখীন হচ্ছে। বাণিজ্য চুক্তির আওতায় উন্নত দেশগুলি কারিগরি এবং স্বাস্থ্যসংক্রান্ত যে সব মান ধার্য করেছে সেগুলো উন্নয়নশীল দেশের কারিগরি যোগ্যতার বাইরে এবং সেগুলো ধার্য করার সময় উন্নয়নশীল দেশের আর্থিক, বাণিজ্যিক এবং উন্নয়নসংক্রান্ত প্রয়োজন হিসাবের মধ্যে আনা হয়নি। আমাদের দেশে শিল্প প্রতিষ্ঠানের বেশির ভাগ অংশই দখল করে আছে ক্ষুদ্র ও মাঝারি শিল্প। অ্যান্টি-ডামপিং ব্যবস্থার বিরুদ্ধে যথাযথ পদক্ষেপ গ্রহণ করার জন্য অথবা উচ্চ কারিগরি ও স্বাস্থ্যসংক্রান্ত মান অর্জন করার জন্য যে পরিমাণ অর্থের প্রয়োজন তা এইসব সংস্থার নেই। রক্ষণের নতুন নতুন ধরন এই অবস্থার আরও অবনতি ঘটিয়েছে। পরিবেশগত মাপকাঠিকে বিশ্ব বাণিজ্য সংস্থা-সংক্রান্ত চুক্তিগুলির মূল স্রোতে রাখার জন্য একটা চাপ আছে। এই চুক্তিগুলির মধ্যে শ্রম-বিষয়ক মানের অন্তর্ভুক্তির ব্যাপারেও একই ধরনের চাপ আছে। শিল্পীদের পরিবারের লোকদের তৈরি ঐতিহ্যবাহী এবং সাধারণ জিনিস শিশুশ্রম ব্যবহারের অভিযোগে 'শিশুশ্রম দ্বারা তৈরি ছাপ পেয়ে যেতে পারে এবং এর ফলে কয়েকটি উন্নত দেশে এদের বিপণনে সমস্যা হতে পারে।

১.৩ ২০০০ সালে ভারত সরকার একটি নতুন জাতীয় বয়নশিল্প নীতি ঘোষণা করেছে। বয়নশিল্প ও বস্ত্রের উপর বিশ্ব বাণিজ্য সংস্থা সংক্রান্ত চুক্তি অনুসারে দ্বিপাক্ষিক কোটা ব্যবস্থা যা ১৯৯৪ সালের ৩১ ডিসেম্বর পর্যন্ত বর্তমান ছিল তা আস্তে আস্তে তুলে দেওয়া হবে এবং ২০০৫ সালে ১ জানুয়ারির মধ্যে গ্যাট, ১৯৯৪-তে পুরোপুরি একত্রিত হবে। ফলস্বরূপ, বয়ন ও বস্ত্রশিল্পের দ্রব্যগুলি অন্যান্য আন্তর্জাতিক দ্রব্যের মতো একই ধরনের নীতি ও শৃঙ্খলার আওতায় আসবে। জাতীয় বয়নশিল্প নীতিতে বহুমুখী-তন্তু ব্যবস্থা

সংক্রান্ত বিধিনিষেধের অপসারণের ফলে বয়নশিল্প ও পোশাক-পরিচ্ছদ নির্মাতাদের সুযোগের কথা বলা হলেও যে শিল্প অনেকদিন ধরে নিয়ম ও নিয়ন্ত্রণ, নিয়ন্ত্রিত আমদানি ব্যবস্থা ও রক্ষণের পরিবেশের মধ্যে লালিত হয়েছে, আমাদের আশঙ্কা তা হঠাৎ বিশ্ব বাণিজ্য সংস্থা আরোপিত প্রতিদ্বন্দ্বিতা মোকাবিলা করতে সমর্থ হবে না।

১.৪ পোশাক শিল্পকে ক্ষুদ্রশিল্পের আওতা থেকে আলাদা করা হয়েছে এই অনুমানের ভিত্তিতে যে কেবলমাত্র বৃহৎ শিল্প প্রতিষ্ঠানই আধুনিকীকরণের পথে যেতে পারে এবং শিল্পের উন্নতি করতে পারে। এই শিল্পে এখন বাধাহীনভাবে বিদেশি মূলধন আসতে পারে। বিদেশি মূলধনের আগমন বিশ্ব বাজারের কঠিন এলাকায় প্রবেশ করতে উদ্যোগী না হয়ে বরং বর্ধিষ্ণু দেশি বাজারকে গ্রাস করবে। রপ্তানি-সংক্রান্ত বাধ্যবাধকতা তুলে দেওয়ার ফলে এই ঘটনা আরও বেশী করে ঘটবে। এখনও পর্যন্ত ক্ষুদ্রশিল্পের ক্ষেত্রে সংস্থার ছোট আয়তনের সুবিধা ছিল এই যে, এই সব সংস্থায় সীমিত সংখ্যায় বিভিন্ন ধরনের চাহিদার পূরণ সম্ভব হত। জাতীয় বয়নশিল্প নীতিতে পরিষ্কার করে বলা হয়নি ক্ষুদ্রশিল্পের এই বিশেষ ক্ষমতার ফলপ্রসূ প্রয়োগ কিভাবে করা যাবে। পোশাক-পরিচ্ছদশিল্পকে ক্ষুদ্রশিল্পের বাইরে রাখা এবং বিশ্ব বাণিজ্য সংস্থার চুক্তি অনুযায়ী পরিমাণগত বিধিনিষেধের অপসারণ বয়ন শিল্প ও পোশাক শিল্পে নিযুক্ত ক্ষুদ্র সংস্থাগুলিকে অবলুপ্তির পথে ঠেলে দিতে পারে।

১.৫ কর্মসংস্থানের সুযোগ সৃষ্টির পরিপ্রেক্ষিতে কুটির ও ক্ষুদ্র শিল্পের ভূমিকা এবং মোট শিল্পোৎপাদনে এর অবদানের কথা বিবেচনা করে রাজ্য সরকার এই গুরুত্বপূর্ণ ক্ষেত্রের ভবিষ্যৎ সম্বন্ধে উদাসীন থাকতে পারে না। রক্ষাকবচ সংক্রান্ত চুক্তি অনুযায়ী যেসব ক্ষেত্রে কোনও দ্রব্যের আমদানির ফলে দেশি উৎপাদকদের সাংঘাতিক ক্ষতিগ্রস্ত হওয়ার ভয় আছে, সেসব ক্ষেত্রে পরিমাণগত বিধিনিষেধ পুনরায় আরোপ করার জন্য এবং অ্যান্টি-ডাম্পিং শুল্ক ধার্য করার মাধ্যমে অন্য দেশ থেকে আসা নিম্নমানের সস্তা দ্রব্যের ডাম্পিং প্রতিহত করার জন্যও রাজ্য সরকার কেন্দ্রীয় সরকারের কাছে আবেদন করেছে।

১.৬ বিশ্ব বাণিজ্য সংস্থা সৃষ্ট পরিবেশে কুটির ও ক্ষুদ্রশিল্পের অস্তিত্ব নির্ভর করছে প্রযুক্তির উন্নতি, উৎপাদনশীলতা বৃদ্ধি, মানোন্নয়ন, দ্রব্যের বৈচিত্র্য ও ডিজাইনের ক্ষেত্রে নতুনত্বের উপর। কুটির ও ক্ষুদ্রশিল্পের জন্য বিভিন্ন কর্মসূচি রূপায়ণের সময় রাজ্য সরকার এই ব্যাপারটা মাথায় রাখে।

১.৭ বিশ্ব বাণিজ্য সংস্থার চুক্তি অনুসারে উদারীকরণের ফলে উদ্ভূত প্রতিকূল পরিস্থিতির মোকাবিলা করার উদ্দেশ্যে এবং রাজ্য অর্থনীতিতে কুটির ও ক্ষুদ্রশিল্পের গুরুত্বপূর্ণ অবস্থান অব্যাহত রাখতে আমি এখন রাজ্যে বর্তমানে রূপায়িত প্রধান প্রধান প্রকল্প ও ২০০১-২০০২ সালে রূপায়িত হবে এমন নতুন কর্মসূচির উল্লেখ করছি।

২

২.১ মাননীয় সদস্যবৃন্দ অবগত আছেন যে, এই রাজ্যে প্রায় ৩.৫ লক্ষ হস্তচালিত তাঁত আছে। এর মধ্যে ১.৮ লক্ষ তাঁত সমবায়ের অধীন। আমার দপ্তর প্রধানত সমবায়ের

অধীনস্থ তাঁতশিল্পীদের জন্য বহুসংখ্যক উন্নয়নমূলক এবং কল্যাণমূলক পরিকল্প রূপায়ণ করছে। উন্নয়নমূলক পরিকল্পগুলির মধ্যে প্রাথমিকভাবে রয়েছে প্রোজেক্ট প্যাকেজ স্কীম, হস্তচালিত তাঁত উন্নয়ন কেন্দ্র স্থাপন ইত্যাদি। এই পরিকল্পগুলি রচনা করা হয়েছে উৎপন্ন দ্রব্যের মানোন্নয়ন, দ্রব্যের বৈচিত্র্য এবং প্রশিক্ষণের ক্ষেত্রে হস্তচালিত তাঁত শিল্পীদের নির্দিষ্ট প্রয়োজনের কথা মনে রেখে। ২০০০-২০০১ সালের শেষ নাগাদ ৭৪টি প্রকল্প, ১৯৭টি হস্তচালিত তাঁত উন্নয়ন কেন্দ্র এবং ৪০টি কোয়ালিটি ডাইং ইউনিট স্থাপন করা হয়েছে। ৩৩ হাজারেরও বেশি হস্তচালিত তাঁত শিল্পী, যাঁদের মধ্যে অনেকেই জনতা প্রকল্পের অধীনে কর্মরত ছিলেন, এই পরিকল্পের দ্বারা উপকৃত হয়েছেন। ২০০০ সালের ১ এপ্রিল থেকে এই পরিকল্পগুলির মেয়াদ শেষ হয়েছে। তবে অসমাপ্ত কাজ শেষ করার জন্য এই বছরের বাজেটে আমি ৩৮০.০০ লক্ষ টাকার প্রস্তাব করেছি।

২.২ ২০০০ সালের ১ এপ্রিল থেকে হস্তচালিত তাঁত শিল্পের ক্ষেত্রে প্রায় অন্যান্য সমস্ত পরিকল্পগুলির পরিবর্তে দীন দয়াল হাতকারঘা প্রোৎসাহন যোজনা নামে একটি কেন্দ্র-পোষিত পরিকল্প চালু হয়েছে। এই পরিকল্পে পরিকাঠামোগত সহায়তা, সাংস্থানিক সহায়তা, দক্ষতা উন্নতীকরণ, প্রয়োজনীয় দ্রব্যাদির যোগান, বিপণন সহায়তা ইত্যাদির ব্যবস্থা গ্রহণ করা হয়েছে। এই পরিকল্পটির মূল সুবিধা হল এই যে, সমবায় বা সমবায় বহির্ভূত সমস্ত হস্তচালিত তাঁত শিল্পীদের ক্ষেত্রে এটি প্রযোজ্য। আমি আগেই উল্লেখ করেছি যে, ৩.৫ লক্ষ হস্তচালিত তাঁত শিল্পীদের মধ্যে ১.৮ লক্ষ সমবায়ভুক্ত। সমবায়ভুক্ত নন এমন বিশাল সংখ্যক তাঁতশিল্পীরা আগেকার পরিকল্পগুলির সুযোগ-সুবিধা ভোগ করতে পারছিলেন না। দীন দয়াল হাতকারঘা প্রোৎসাহন যোজনা চালু হবার ফলে এই তাঁতশিল্পীদেরও এখন বিভিন্ন উদ্দেশ্যে সাহায্য করা যাবে। আমার দপ্তর সমবায় বহির্ভূত হস্তচালিত তাঁতশিল্পীদের ১৫০টি আত্মনির্ভর গোষ্ঠী তৈরি করার লক্ষ্যমাত্রা স্থির করেছে। প্রতিটি গোষ্ঠীতে অন্তত ২৫ জন তাঁতশিল্পী থাকবেন। এছাড়াও, ২০০১-২০০২ সালে সমবায়ভুক্ত তাঁতশিল্পীদের জন্য ২৮টি প্রকল্প এবং রাজ্য পর্যায়ের সংগঠনগুলির জন্য ৪টি প্রকল্প রূপায়ণ করার প্রস্তাব রয়েছে। এর ফলে ছয় হাজার কারিগর উপকৃত হবেন এবং প্রতি মাসে ষাট হাজার অতিরিক্ত শ্রম-দিবস সৃষ্টি হবে। চলতি বছরের বাজেটে এই খাতে রাজ্যের হিসাবে ১১৪৯.০০ লক্ষ টাকা প্রস্তাবিত হয়েছে।

২.৩ আমার দপ্তর রপ্তানিযোগ্য দ্রব্য এবং তার বিপণনের উন্নয়নকল্পে আরেকটি কেন্দ্র পোষিত পরিকল্প রূপায়ণ করছে। এই পরিকল্পের অধীনে রাজ্য থেকে হস্তচালিত তাঁতজাত দ্রব্যের রপ্তানি বৃদ্ধির লক্ষ্যে দ্রব্য উন্নয়ন, নকশার নতুনত্ব এবং বিদেশী নকশাকার নিয়োগের জন্য আর্থিক সহায়তার ব্যবস্থা আছে। বর্তমানে রাজ্যে এই ধরনের ৮টি প্রকল্প রূপায়িত হচ্ছে।

২.৪ ইতিপূর্বে আমি উল্লেখ করেছি যে, উদারীকরণের যুগে টিকে থাকতে হলে তাঁতশিল্পীদের দক্ষতার উন্নতিকরণ, তাঁতের আধুনিকীকরণ এবং নকশার নতুনত্বের ওপর বিশেষ জোর দেওয়া আবশ্যক। তাই আমার দপ্তর তাঁতশিল্পীদের দক্ষতা উন্নতকরণের জন্য প্রশিক্ষণ এবং তাঁদের আধুনিক তাঁত ও অন্যান্য প্রয়োজনীয় দ্রব্যাদি যোগান দেওয়ার লক্ষ্যে একটি কর্মসূচি গ্রহণ করেছে। হুগলি জেলার শ্রীরামপুরে ছাপা এবং বোনা রেশম বস্ত্রের জন্য

একটি আধুনিক ফিনিশিং ও প্রসেসিং হাউস স্থাপনের কর্মসূচিও গ্রহণ করা হয়েছে। দেশে এবং বিদেশে মানুষের পরিবর্তনশীল পছন্দের সঙ্গে তাল মিলিয়ে হস্তচালিত তাঁতজাত দ্রব্যের বাজারকে ধরে রাখতে নকশায় নতুনত্ব আনা একান্ত আবশ্যক। কলকাতায় অবস্থিত ভারত সরকারের বস্ত্র মন্ত্রকের অধীন তন্তুবায় সেবা কেন্দ্র এবং ন্যাশানাল ইনস্টিটিউট অফ্ ফ্যাশান টেকনোলজি এই বিষয়ে কাজ করছে। আমার দপ্তর হস্তচালিত তাঁতশিল্পী এবং পোশাক প্রস্তুতকারকদের নকশার ব্যাপারে সাহায্য করতে ইলেকট্রনিক্স টেস্ট ও ডেভেলপমেন্ট সেন্টারে (ETDC) একটি কম্পিউটারের সাহায্যে নকশা প্রস্তুত কেন্দ্র স্থাপন করেছে। সবচেয়ে বেশিসংখ্যক তাঁতশিল্পীদের জেলা নদিয়া এবং পার্শ্ববর্তী জেলাগুলির তাঁতশিল্পীদের নকশা-সম্বন্ধীয় চাহিদা মেটাতে জেলা প্রশাসনের উদ্যোগে নদিয়া জেলার শান্তিপুরে একটি কম্পিউটারের সাহায্যে নক্শা প্রস্তুত কেন্দ্র স্থাপন করা হয়েছে। ২০০১-২০০২ সালে এই দুটি কেন্দ্রকে আরও উন্নত করা হবে। তাঁতশিল্পীদের দক্ষতা বৃদ্ধির জন্য এই বছরের বাজেটে ৮০.০০ লক্ষ টাকার প্রস্তাব করা হয়েছে। আধুনিক তাঁত এবং প্রয়োজনীয় দ্রব্যাদির যোগান দেওয়ার জন্য ১২.০০ লক্ষ টাকার প্রস্তাব করা হয়েছে।

২.৫ যে সকল হস্তচালিত তাঁতশিল্পীদের নিজস্ব তাঁত নেই তাঁদের সাহায্য করতে আমার দপ্তর সংশ্লিষ্ট সকলের ব্যবহার্য কারখানা তথা বাসস্থান নির্মাণের একটি কর্মসূচি রূপায়ণ করবে। চলতি বছরের বাজেটে এই পরিকল্পের অধীনে ৫৪০.০০ লক্ষ টাকার প্রস্তাব করা হয়েছে।

২.৬ তাঁতশিল্পীদের কাজ করার পরিবেশের উন্নতি ঘটাতে আমার দপ্তর সমবায়ভুক্ত তাঁতশিল্পীদের জন্য কারখানা নির্মাণের লক্ষ্যে একটি কেন্দ্র-পোষিত পরিকল্প রূপায়ণ করে চলেছে। ২০০০-২০০১ সালের শেষ নাগাদ এই পরিকল্পের অধীনে ৫১৩৬টি কারখানা নির্মাণ করা হয়েছে। ভারত সরকার থেকে অনুদান, আর্থিক সংস্থাগুলি থেকে ঋণ এবং উপকৃত তাঁতশিল্পীদের দেয় সামান্য অর্থের সাহায্যে আমার দপ্তর গত বছরের বন্যায় ক্ষতিগ্রস্ত তাঁত শিল্পীদের জন্য ২৫৯৬টি কারখানা-তথা-বাসগৃহ নির্মাণের কর্মসূচি গ্রহণ করেছে।

২.৭ এই উন্নয়নমূলক পরিকল্পগুলি ছাড়া আমার দপ্তর হস্তচালিত তাঁত শিল্পীদের জন্য বেশ কিছু কল্যাণমূলক এবং সামাজিক নিরাপত্তামূলক পরিকল্প রূপায়ণ করে চলেছে। যে সকল সমবায় সমিতিভুক্ত তাঁতশিল্পীদের বয়স ষাট বছর পার হয়েছে তাঁদের মাসিক ৪০০ টাকা করে অবসর ভাতা প্রদান করা হয়। ২০০০-২০০১ সালের শেষ পর্যন্ত ১৫৯০ জন তাঁতশিল্পী এই পরিকল্পের অধীনে এসেছেন। চলতি আর্থিক বছরেও এই পরিকল্পটি চালু থাকবে।

২.৮ আমার দপ্তর হস্তচালিত তাঁত শিল্পীদের জন্য অংশদানকারী ভবিষ্যনিধি ও মিতব্যয়ী তহবিল পরিকল্প রূপায়ণ করে চলেছে। রাজ্য সরকার এই পরিকল্পে মজুরীর ৩ শতাংশ প্রদান করে। ভারত সরকার এবং সংশ্লিষ্ট তাঁতশিল্পী একই পরিমাণ অর্থ প্রদান করে। ডাকঘর সেভিংস ব্যাংকের মাধ্যমে এই তহবিলটি চালানো হয়। ২০০০-২০০১ সাল পর্যন্ত ১৭,৪০৫ জন তাঁতশিল্পী এই পরিকল্পের আওতায় এসেছেন। এ বছরের বাজেটে এই খাতে ৬০.০০ লক্ষ টাকার প্রস্তাব করা হয়েছে।

২.৯ বৃদ্ধাবস্থায় তাঁতশিল্পীদের সুবিধার্থে এবং তাঁতশিল্পীদের মৃত্যুর মতো দুর্ভাগ্যজনক ঘটনায় তাঁদের পরিবারকে বাঁচানোর জন্য আমার দপ্তর গ্রুপ সেভিংস যুক্ত বীমা পরিকল্প রূপায়ণ করছে। এই পরিকল্পের জন্য রাজ্য ও কেন্দ্র উভয় সরকারই সমপরিমাণ অর্থ প্রদান করে। ২০০০-২০০১ সালের শেষ পর্যন্ত ৬৬২০ জন তাঁতশিল্পী এই পরিকল্পের আওতায় এসেছেন। চলতি বছরের বাজেটে এই খাতে ৬.৪৫ লক্ষ টাকার প্রস্তাব করা হয়েছে।

২.১০ আমাদের রাজ্যে বিদ্যুৎচালিত তাঁতের উপস্থিতি খুব একটা তাৎপর্যপূর্ণ নয়। জাতীয় বস্ত্র নীতির অধীনে বিদ্যুৎচালিত তাঁত ক্ষেত্রের ওপর জোর দেওয়ার বিষয়টি মনে রেখে আমার দপ্তর পলিয়েস্টর মিশ্রিত বস্ত্র উৎপাদনের লক্ষ্যে বিদ্যুৎচালিত তাঁত ক্ষেত্রকে আধুনিকীকরণের জন্য পদক্ষেপ গ্রহণ করেছে। এই ধরনের বস্ত্রের বাজার চাহিদা প্রচুর। বিদ্যুৎচালিত তাঁত সমবায় সমিতিগুলির মূলধন ভিত্তিকে সুদৃঢ় করতে রাজ্য সরকার তাদের মূলধনে অংশগ্রহণ করে। এই পদক্ষেপ সমিতিগুলিকে নাবার্ড-এর কাছ থেকে প্রয়োজনীয় কার্যকরী মূলধন পেতে সাহায্য করে। জাতীয় সমবায় উন্নয়ন নিগম-এর আর্থিক সহায়তায় তিনটি বিদ্যুৎচালিত তাঁত সমবায় সমিতিতে সংশ্লিষ্ট সকলের ব্যবহার্য একটি কারখানা নির্মাণের কাজ শুরু হয়েছে। তাঁতের আধুনিকীকরণ এবং প্রক্রিয়াকরণের সুযোগ-সুবিধা স্থাপনের লক্ষ্যে চলতি বছরের বাজেটে ১১০.০০ লক্ষ টাকার প্রস্তাব করা হয়েছে। বিদ্যুৎচালিত তাঁত-এর বেশির ভাগটাই নদিয়া জেলায় থাকায় ভারত সরকারের অধীনে কলকাতার বিদ্যুৎচালিত তাঁত সেবা কেন্দ্রটিকে রাণাঘাটে স্থানান্তরিত করবার জন্য আমরা জায়গা দিতে চেয়েছি। কারণ, এর ফলে ঐ এলাকার বিদ্যুৎচালিত তাঁতগুলিকে উক্ত সেবা কেন্দ্রটি আরও ভালভাবে সাহায্য করতে পারবে।

২.১১ একসময় রাজ্যে হোসিয়ারি শিল্পের একটা আধিপত্য ছিল। নানা কারণে এই ক্ষেত্রে তার আদি গৌরব হারিয়েছে। হোসিয়ারি ক্ষেত্রে রাজ্যে ক্ষুদ্র এবং মাঝারি ধরনের ২২৯১টি সংস্থা আছে। বেশির ভাগ সংস্থাই পৃথক পৃথকভাবে বোনা, কাটা, সেলাই এবং প্রক্রিয়াকরণের কাজে রত। আমার দপ্তর হোসিয়ারি শিল্পের হৃতগৌরব পুনরুদ্ধারের চেষ্টা চালিয়ে যাচ্ছে। হোসিয়ারি শিল্পের উন্নতির একটি আবশ্যক পূর্বশর্ত হল উৎপাদনশীলতা বৃদ্ধি। এই উদ্দেশ্যে আমার দপ্তর একটি কমিটি গঠন করেছে। কমিটি তার প্রতিবেদন জমা দিয়েছে। প্রতিবেদনটি বর্তমানে সরকারের বিবেচনাধীন। বর্তমানে হোসিয়ারি শ্রমিক সমবায় সমিতিগুলিকে কার্যকরী ঋণ ও মূলধন দিয়ে সাহায্য করার প্রকল্প চালু রয়েছে। এই প্রকল্পগুলির জন্য চলতি বছরের বাজেটে ১১.১৫ লক্ষ টাকার প্রস্তাব করা হয়েছে।

২.১২ প্রাথমিক তন্তুবায় সমবায় সমিতিগুলির এবং সমবায় বহির্ভূত হস্তচালিত তাঁতশিল্পীদের বিপণনের ব্যাপারে সহায়তা প্রদানের জন্য পাঁচটি কেন্দ্রীয় বিপণন সংস্থা আছে। এগুলি হল পশ্চিমবঙ্গ রাজ্য হস্তচালিত তন্তুবায় সমিতি লিমিটেড (তন্তুজ), পশ্চিমবঙ্গ হস্তচালিত তাঁত ও বিদ্যুৎচালিত তাঁত উন্নয়ন নিগম লিমিটেড (তন্তুশ্রী), পশ্চিমবঙ্গ হস্তশিল্প উন্নয়ন নিগম লিমিটেড (মঞ্জুষা), পশ্চিমবঙ্গ হস্তশিল্প সমবায় সমিতি লিমিটেড (বঙ্গশ্রী) এবং পশ্চিমবঙ্গ রেশম শিল্পী সমবায় মহাসংঘ লিমিটেড (রেশম শিল্পী)। এই সব সংস্থাগুলি সমবায়

সমিতি এবং কারিগরদের কাছ থেকে হস্তচালিত তাঁতজাত বস্ত্র সংগ্রহ করে খুচরো বিক্রয় কেন্দ্রগুলির মাধ্যমে বিক্রি করে। এই প্রতিষ্ঠানগুলির মোট বিক্রয় ২০০০-২০০১ সালে ছিল ৮৮.৯০ কোটি টাকা, যা ১৯৯৯-২০০০ সালে ছিল ৭৪.৭১ কোটি টাকা। অবশ্য এই প্রতিষ্ঠানগুলির আর্থিক অবস্থা আমাদের চিন্তার কারণ হয়ে দাঁড়িয়েছে। ব্যয় হ্রাস এবং আয় বৃদ্ধির লক্ষ্যে আমার দপ্তর এই প্রতিষ্ঠানগুলির পরিচালন-পদ্ধতিতে কিছু পরিবর্তন ঘটানোর কথা চিন্তা করছে।

২.১৩ আমার দপ্তরের নিয়ন্ত্রণাধীন ছয়টি সুতাকল (স্পিনিং মিল) আছে। এগুলি হল : পশ্চিমবঙ্গ সমবায় স্পিনিং মিল্স্ লিমিটেড, তাম্রলিপ্ত সমবায় স্পিনিং মিল্স্ লিমিটেড, কংসাবতী সমবায় স্পিনিং মিল্স্ লিমিটেড, কল্যাণী স্পিনিং মিল্স্ লিমিটেড, ময়ূরাক্ষী কটন মিল্স্ লিমিটেড এবং পশ্চিম দিনাজপুর স্পিনিং মিল্স্ লিমিটেড। এই মিলগুলিকে চালু রাখতে হলে এগুলিকে অবশ্যই আধুনিক করে তুলতে হবে। আমার দপ্তর কয়েকটি স্পিনিং মিলকে আধুনিক করে গড়ে তোলার কার্যসূচি গ্রহণ করেছে। জাতীয় সমবায় উন্নয়ন নিগম-এর সহায়তায় কংসাবতী সমবায় স্পিনিং মিল্স্, পশ্চিমবঙ্গ সমবায় স্পিনিং মিল্স্ এবং তাম্রলিপ্ত স্পিনিং মিল্স্-এর আধুনিকীকরণের কাজ শুরু হয়েছে। এই তিনটি স্পিনিং মিল্স্-এর সংস্কার এবং আধুনিকীকরণ করার লক্ষ্যে বর্তমান বছরের বাজেটে ৬১৩.৩০ লক্ষ টাকার প্রস্তাব করা হয়েছে। আধুনিকীকরণ কর্মসূচির অংশ হিসাবে ২০০০-২০০১ সালে কিছু আধুনিক যন্ত্রপাতি ক্রয় করার জন্য কল্যাণী স্পিনিং মিল্স্-কে আর্থিক সহায়তা প্রদান করা হয়েছিল। মাননীয় সদস্যবৃন্দ জেনে খুশি হবেন যে ২০০০-২০০১ সালে কল্যাণী স্পিনিং মিল্স্-এর ক্ষতির পরিমাণ হ্রাস পেয়েছে এবং তাম্রলিপ্ত সমবায় স্পিনিং মিল্স্-এর লাভের পরিমাণ বৃদ্ধি পেয়েছে।

৩

৩.১ রেশম সুতা উৎপাদন এবং গ্রামীণ কর্মসংস্থানে রেশম চাষের ভূমিকা অপরিসীম। বিশ্ব বাণিজ্য সংস্থার (WTO) সঙ্গে চুক্তির পরিপ্রেক্ষিতে বাজার উন্মুক্ত হয়ে যাওয়ায় এবং আন্তর্জাতিক বাণিজ্যের ক্ষেত্রে বাধা হ্রাস পাওয়ায় যে প্রতিযোগিতামূলক পরিবেশের উদ্ভব হয়েছে তার সম্মুখীন হতে গেলে এই ক্ষেত্রকে উপযুক্তভাবে তৈরি করা দরকার। এই কথা মাথায় রেখে আমার দপ্তর রেশম চাষের ওপর সর্বাধিক গুরুত্ব আরোপ করতে চলেছে। উৎপাদন বৃদ্ধি করা ছাড়াও তুঁতজাত ও অ-তুঁতজাত তন্তুর উৎকর্ষ বৃদ্ধির দিকে বিশেষ নজর দেওয়া প্রয়োজন। আমার দপ্তরের উন্নয়নমূলক কর্মসূচি এই দিকে লক্ষ্য রেখেই রূপায়িত হবে।

৩.২ মাননীয় সদস্যবৃন্দ অবগত আছেন যে আমাদের রাজ্যে চার ধরনের রেশম উৎপন্ন হয়, যথা তুঁত রেশম, তসর, মুগা এবং এরি। এর মধ্যে প্রায় ৯৮ শতাংশই হচ্ছে তুঁত রেশম। এই রাজ্যের জলবায়ু চরমভাবাপন্ন হওয়ায় কেবলমাত্র নিস্তারী প্রজাতির পলু সারাবছর ধরে পালন করা সম্ভব, অধিক উৎপাদনশীল সংকর প্রজাতির পলু বছরে দুই থেকে তিনবারের বেশি চাষ করা যায় না। নিস্তারী প্রজাতির পলুর উৎপাদন ক্ষমতা ও গুণগত মান কম। উৎপাদনশীলতা এবং উৎকর্ষ বৃদ্ধির লক্ষ্যে আমাদের আরও বেশি মাত্রায় দ্বিচক্রী এবং

সংকর প্রজাতির পলুর চাষ করতে হবে। কেন্দ্রীয় বস্ত্র মন্ত্রকের অধীন কেন্দ্রীয় রেশম পর্যদের উচিত রাজ্য সরকারকে বিভিন্ন গবেষণালব্ধ ফল সরবরাহ করা। এ ব্যাপারে আমার দপ্তর তাদের সঙ্গে নিয়মিত যোগাযোগ রেখে চলেছে।

৩.৩ মাননীয় সদস্যবৃন্দ, আমি আগেই বলেছি যে গ্রামীণ কর্মসংস্থানের ক্ষেত্রে রেশম চাষের এক অত্যন্ত গুরুত্বপূর্ণ ভূমিকা আছে। এই কথা এবং উৎপাদনশীলতা বৃদ্ধি করার প্রয়োজনীয়তা মাথায় রেখে আমার দপ্তর আরও বেশি পরিমাণ জমিতে তুঁত এবং অর্জুন ও আসান (যা তসর পলুর খাদ্য) চাষের উদ্যোগ নিয়েছে। ২০০০-২০০১ সালে ৭৯৩ একর জমিতে নতুন করে তুঁতচাষ করা হয়েছিল, এ বছর তা বাড়িয়ে ১৭৬৫ একরের লক্ষ্যমাত্রা স্থির করা হয়েছে।

৩.৪ বেশিমাত্রায় দ্বিচক্রী এবং সংকর প্রজাতির রেশম উৎপাদনের জন্য উচ্চফলনশীল প্রজাতির তুঁতগাছের চাষ করা প্রয়োজন। এই উদ্দেশ্যে আমার দপ্তর নতুন জমিতে উচ্চফলনশীল জাতের তুঁতগাছ চাষের পরিকল্পনা নিয়েছে। বর্তমানে যেসব জমিতে কম ফলনশীল তুঁতগাছ রয়েছে, সেখানে পর্যায়ক্রমে এই জাতীয় তুঁতগাছ সরিয়ে উচ্চফলনশীল প্রজাতির চারা রোপণের সিদ্ধান্ত নেওয়া হয়েছে। বিগত আর্থিক বছরে এরকম ২০৩ একর জমিতে উচ্চফলনশীল প্রজাতির তুঁতগাছ লাগানো হয়েছে এবং চলতি আর্থিক বছরে এরকম ৭৭০ একর জমিতে উচ্চফলনশীল তুঁতগাছ রোপণের লক্ষ্যমাত্রা স্থির করা হয়েছে।

৩.৫ উৎপাদনশীলতা এবং উৎকর্ষ বাড়ানোর জন্য আমার দপ্তর কতকগুলি নির্দিষ্ট কার্যক্রম স্থির করেছে। 'নিবিড় তুঁতচাষ উন্নয়ন' প্রকল্পে তুঁতকাঠি এবং তুঁতচারা তুঁতচাষিদের ভরতুকি মূল্যে সরবরাহ করা হয়। ২০০১-২০০২ সালে এই বাবদ ৩০.০০ লক্ষ টাকার প্রস্তাব বাজেটে রাখা হয়েছে। 'রেশম চাষের উন্নয়নে সংস্থাগত ঋণ' প্রকল্পে নানা উদ্দেশ্যে তুঁতচাষিদের অনুদান ও ব্যাঙ্ক ঋণ দেওয়া হয়। এই বছরে ৩০০ তুঁতচাষিকে এই ধরনের সুবিধা দেওয়ার জন্য ৯.৩৭ লক্ষ টাকার প্রস্তাব বাজেটে রাখা হয়েছে। 'রেশম চাষের উন্নতিকল্পে অন্যান্য উন্নয়নমূলক প্রকল্পে' রেশমচাষিদের পলুঘর নির্মাণের জন্য অনুদান এবং লাইসেন্সধারী বীজ প্রস্তুতকারকদের ১০০০ টাকা হিসাবে উৎসাহ প্রদানকারী ভাতা দেওয়া হয়। চলতি আর্থিক বছরের বাজেটে এ বাবদ ৭৯.১৮ লক্ষ টাকার প্রস্তাব রাখা হয়েছে। 'জাতীয় রেশম প্রকল্প পরবর্তী অধ্যায়ে' রেশমচাষিদের জন্য প্রশিক্ষণের ব্যবস্থা করা হয়ে থাকে। ২০০১-২০০২ সালে ২৪০০ তুঁতচাষিকে প্রশিক্ষণ দেওয়া হবে। এর জন্য বাজেটে ৯.৪৫ লক্ষ টাকার প্রস্তাব রাখা হয়েছে। 'অ-তুঁতজাত রেশম উন্নয়ন' প্রকল্পে তফসিলি উপজাতিভুক্ত রেশমচাষিদের তৈরি গুটি বিপণনের জন্য সহায়তা দেওয়া হয়। এ বাবদ চলতি আর্থিক বছরে ৬ লক্ষ টাকার প্রস্তাব করা হয়েছে। এর মাধ্যমে ৭০০ জন তফসিলি উপজাতিভুক্ত রেশমচাষি উপকৃত হবেন।

৩.৬ 'সুইস এজেন্সি ফর ডেভেলপমেন্ট অ্যান্ড কো-অপারেশন' নামক বিদেশি সংস্থার সহায়তায় আমার দপ্তর সেরি-২০০০ নামে একটি প্রকল্প রূপায়ণ করছে। এই

প্রকল্পের আওতাভুক্ত একগুচ্ছ স্কিমের মাধ্যমে রিলার বা কাটাইদার, লাইসেন্সধারী বীজ প্রস্তুতকারক এবং তুঁতচাষিদের প্রশিক্ষণ, তুঁতচাষের উপযোগী আসবাবপত্র, পরিশোধক এবং সার ইত্যাদি দ্রব্যাদি সরবরাহ, পলুঘরের প্রয়োজনীয় পুনর্বিন্যাস, রেশমচাষিদের জন্য 'কোয়ালিটি ক্লাব' স্থাপন ইত্যাদির উদ্যোগ নেওয়া হয়েছে। ২০০০-২০০১ সালে এ বাবদ ২২ লক্ষ টাকা খরচ হয়েছে। চলতি আর্থিক বছরে এই স্কিমগুলির রূপায়ণে আরও গতি আনা হবে। এ বাবদ চলতি আর্থিক বছরে ৭৯.০০ লক্ষ টাকার প্রস্তাব রাখা হয়েছে।

৩.৭ 'ক্যাটালাইটিক্ ডেভেলপমেন্ট প্রজেক্ট' নামে চিহ্নিত আর একটি গুরুত্বপূর্ণ প্রকল্প কেন্দ্রীয় রেশম পর্ষদের সহায়তায় আমার দপ্তরের দ্বারা রূপায়িত হচ্ছে। এই প্রকল্পের খরচ কেন্দ্রীয় রেশম পর্ষদ ও রাজ্য সরকার মিলিতভাবে বহন করে। এই প্রকল্পের মধ্যে রেশমচাষিদের পলুপালনের সাজসরঞ্জাম সরবরাহ, পলু পালন ঘরের পুনর্বিন্যাস এবং গুটি শুকানোর প্রকোষ্ঠের গঠনের ক্ষেত্রে আর্থিক সহায়তা, উন্নত মানের তসর সুতা কাটাই বা পাকানোর মেশিন সংগ্রহের জন্য অনুদান, পলু চাষের বীমাকরণ ইত্যাদির ব্যবস্থা রয়েছে। এই বছরের বাজেটে এই প্রকল্পের জন্য মোট ৪২.৮৩ লক্ষ টাকার প্রস্তাব রাখা হয়েছে।

৩.৮ আমার দপ্তর ইউ এন ডি পি-এর অধীনে একটি পরিকল্পনা রূপায়িত করছে। এই পরিকল্পনা অনুযায়ী বাঁকুড়া ও পুরুলিয়া জেলায় তসর এবং কোচবিহার ও জলপাইগুড়ি জেলায় মুগা এই দুই রকমের অ-তুঁত রেশমের উন্নয়নের জন্য বিবিধ কর্মসূচি গৃহীত হচ্ছে। এই কর্মসূচি তিনটি এন জি ও বা বে-সরকারি সংস্থার দ্বারা রূপায়িত হচ্ছে। এই কর্মসূচি অনুযায়ী প্রতি ক্ষেত্রে ৫০ হাজার টাকা ব্যয়ে ৩৮টি ব্যক্তিগত বীজাগার স্থাপনের জন্য ১০০ শতাংশ অনুদান এবং সুতাকাটাই বা পাকানোর মেশিন কেনার জন্য ২৫ শতাংশ অনুদান দেওয়ার জন্য এই বছরের বাজেটে ২৩ লক্ষ টাকার প্রস্তাব রাখা হয়েছে।

৩.৯ রেশম শিল্পের উন্নয়নে বিশেষ গুরুত্ব দেওয়ার লক্ষ্যে আমার দপ্তর ইতিপূর্বে উল্লেখ করা প্রকল্পের বিভিন্ন কর্মসূচি ছাড়াও মালদা, মুর্শিদাবাদ এবং বীরভূমের জন্য কিছু বিশেষ কর্মসূচি গ্রহণ করবে। এই বাবদ বাজেটে ৭৫ লক্ষ টাকার প্রস্তাব রাখা হয়েছে।

৪

৪.১ ২০০০-২০০১ সালে, ৮৬২৪টি ক্ষুদ্রায়তন শিল্প ইউনিটকে স্বল্পকালীন/অস্থায়ী এবং স্থায়ী/চূড়ান্ত নিবন্ধীকরণ করা হয়েছে। এই ইউনিটগুলিতে ৫২৩৪৭ জনের কর্মসংস্থানের সম্ভাবনা রয়েছে। জেলা শিল্পকেন্দ্রের জেনারেল ম্যানেজাররা পরিবেশ আধিকারিক হিসাবে কাজ করে থাকেন এবং সবুজ, কমলা এবং লাল শ্রেণিভুক্ত শিল্পসমূহের স্থাপনে সম্মতি প্রদান করেন। সবুজ শ্রেণিভুক্ত শিল্পসমূহ চালানোর ক্ষেত্রেও সম্মতি প্রদান করেন। এর ফলে বহু ক্ষেত্রে সম্ভাব্য উদ্যোগীরা অন্য কোনো কর্তৃপক্ষের কাছে না গিয়েই দূষণমুক্তির শংসাপত্র পেয়ে থাকেন। বর্তমানে দূষণ ঘটায়না এমন কতকগুলি হস্তশিল্পজাত সামগ্রীর ক্ষেত্রেও দূষণমুক্তির শংসাপত্র দরকার হয়। আমার দপ্তর এইসব হস্তশিল্পজাত সামগ্রীকে দূষণমুক্তির শংসাপত্র নেওয়ার প্রয়োজন থেকে ছাড় দেওয়ার জন্য পশ্চিমবঙ্গ দূষণ নিয়ন্ত্রণ পর্ষদকে অনুরোধ করেছে এবং আশা করা যাচ্ছে এই ছাড় শীঘ্রই পাওয়া যাবে।

৪.২ এটা সুবিদিত যে উন্নত প্রাতিষ্ঠানিক পরিকাঠামো, শক্তিশালী অগ্র-পশ্চাৎ যোগাযোগ এবং আধুনিক প্রযুক্তির মূল্যানুগ ব্যবহারের ক্ষেত্রে গোষ্ঠীভিত্তি প্রচেষ্টা ক্ষুদ্রশিল্পের উন্নতির পক্ষে উপযোগী। আমার দপ্তর সম্ভাব্যক্ষেত্রে এই দৃষ্টিভঙ্গি গ্রহণ করছে। ১৯টি গোষ্ঠী ভিত্তিক ক্ষুদ্রায়তন শিল্প ইউনিটগুলি চিহ্নিত করে কেন্দ্রীয় মেকানিক্যাল ইঞ্জিনিয়ারিং রিসার্চ ইনস্টিটিউট, (সি.এম.ই.আর.আই), দুর্গাপুর এবং আর.ডি.সি.আই.এস, সেইল, রাঁচির কারিগরি নির্দেশনায় বারুইপুর সার্জিক্যালের ক্ষেত্রে সুনির্দিষ্ট পদক্ষেপ নেওয়া হয়েছে। বড়গাছিয়া ফেরাস এবং নন-ফেরাস ধাতু গোষ্ঠীর ক্ষেত্রে নির্ণায়ক সমীক্ষার কাজ এগিয়েছে। গোষ্ঠীভিত্তিক শিল্পের উন্নয়ন কর্মসূচির রূপায়ণের জন্য বর্তমান বছরের বাজেটে ৫০ লক্ষ টাকার প্রস্তাব করা হয়েছে।

৪.৩ হলদিয়া পেট্রোকেমিক্যালস্ প্রকল্পের অনুসারী শিল্প স্থাপনে আমার দপ্তর বিশেষ আগ্রহী। মাননীয় সদস্যবৃন্দ অবগত আছেন যে, হলদিয়া অনুসারী শিল্প স্থাপনের জন্য প্রচলিত উৎসাহ প্রদান ছাড়াও অতিরিক্ত উৎসাহ প্রদানের ব্যবস্থা আছে। সম্ভাব্য শিল্পোদ্যোগীদের এই বিষয়ে সব রকমের পরামর্শ দেওয়ার জন্য কুটির ও ক্ষুদ্রায়তন শিল্প অধিকারের একটি বিশেষ সেল স্থাপন করা হয়েছে। অনুসারী শিল্প সংস্থা স্থাপনে শিল্পোদ্যোগীদের আকৃষ্ট করার জন্য নির্দিষ্ট কয়েকটি জায়গায় বিশেষ ধরনের প্রচার করা হবে। এই ধরনের অনুসারী শিল্প সংস্থা স্থাপনে শিল্পোদ্যোগীরা যে সমস্ত সমস্যার সম্মুখীন হবে, তার সমাধানের জন্য ক্ষুদ্র শিল্প উন্নয়ন এজেন্সি (SIDA) সব রকম সহায়তা দেবে।

৪.৪ প্রধানমন্ত্রীর রোজগার যোজনা কর্মসূচি আমার দপ্তর রূপায়িত করে আসছে। কিন্তু এই কর্মসূচি রূপায়ণে এই রাজ্যের অবস্থা আশাব্যঞ্জক নয়। এর প্রধান কারণ, সম্ভাব্য উদ্যোগীদের ব্যাঙ্ক ঋণ প্রাপ্তিতে অসুবিধা। ২০০০-২০০১-এ বিভিন্ন ব্যাঙ্কে ২০২১৬টি আবেদনপত্র পাঠানো হয়েছিল। কিন্তু মাত্র ২৩১৫টি আবেদন মঞ্জুর হয়েছে। ব্যাঙ্কের সঙ্গে অবিরাম যোগাযোগ রাখা ছাড়াও বিভিন্ন স্তরে এই সমস্যার কথা তুলে ধরা হয়েছে।

৪.৫ জাতীয় জৈব গ্যাস প্রকল্প রূপায়ণে আমার দপ্তর ধারাবাহিকভাবে সন্তোষজনক কাজ করেছে। শুধু লক্ষ্যমাত্রা পূরণই হয়নি, তা অতিক্রান্তও হয়েছে। ২০০০-২০০১ সালে লক্ষ্যমাত্রা ১৫০০০-এর জায়গায় ১৫৩৬০ জৈব গ্যাস ইউনিট স্থাপন করা হয়েছে। মাননীয় সদস্যবৃন্দ আনন্দের সঙ্গে স্মরণ করবেন যে ১৯৯৮-১৯৯৯ সালে এই প্রকল্পতে মুর্শিদাবাদ শ্রেষ্ঠ জেলা হিসাবে বিবেচিত হয়েছিল। ২০০১-২০০২ সালেও ১৫০০০ জৈব-গ্যাস ইউনিট স্থাপনের প্রস্তাব রাখা হয়েছে।

৪.৬ শিল্পে উন্নতির একটি প্রাথমিক শর্ত শিল্পোদ্যোগের উন্নয়ন। কুটির ও ক্ষুদ্রায়তন শিল্প অধিকার, অন্যান্য সংস্থা যথা ক্ষুদ্র শিল্প পরিষেবা প্রতিষ্ঠান, পশ্চিমবঙ্গ কনসালট্যান্সি সংগঠন ইত্যাদির সহায়তায় শিল্পোদ্যোগ উন্নয়ন প্রকল্প (ই.ডি.পি) পরিচালনা করে আসছে। বেঙ্গল ন্যাশানাল চেম্বার অফ্ কমার্স অ্যান্ড ইন্ডাস্ট্রি কর্তৃক একটি শিল্পোদ্যোগ উন্নয়ন প্রতিষ্ঠান স্থাপনের প্রস্তাব রাজ্য সরকার ভারত সরকারের কাছে অনুমোদন সহ পাঠিয়েছে। এই বৎসরের বাজেটে প্রস্তাবিত ই.ডি.আই স্থাপনের জন্য রাজ্য সরকারের অংশ বাবদ ৫০ লক্ষ টাকার প্রস্তাব রাখা হয়েছে।

৪.৭ ক্ষুদ্রায়তন প্রস্তুতকারক সংস্থাগুলির কারিগরি এবং প্রযুক্তিগত প্রয়োজন মেটাতে আমার দপ্তর হাওড়ার দাশনগরে কেন্দ্রীয় কারিগরি সংগঠনটিকে একটি আধুনিক মিনি-টুলরুমে রূপান্তরিত করার প্রস্তাব সক্রিয়ভাবে বিবেচনা করছে।

৪.৮ হস্তশিল্প রাজ্যের একটি শক্তিশালী ক্ষেত্র। উদারিকরণের ফলস্বরূপ ক্ষুদ্রায়তন শিল্পগুলির ভবিষ্যৎ সম্পর্কে অনিশ্চয়তা রয়েছে, কিন্তু হস্তশিল্পের ভবিষ্যৎ সম্পর্কে সেরকম অনিশ্চয়তা নেই। সেই কারণে আমার দপ্তর এই ক্ষেত্রের উন্নতিতে বিশেষ অগ্রাধিকার দিচ্ছে। রপ্তানিবৃদ্ধি, দেশীয় বাজারে অংশ বৃদ্ধি এবং এই প্রক্রিয়ার মাধ্যমে কর্মসংস্থান সৃষ্টির উদ্দেশ্যে বাংলার হস্তশিল্পীদের প্রশিক্ষণ, দক্ষতার উন্নয়ন এবং উৎপাদিত দ্রব্যের বিপণনের উপর জোর দেওয়া হবে।

৪.৯ বারুইপুর পরীক্ষামূলক কর্মশালা তথা গবেষণা প্রতিষ্ঠান রুপোর তৈরি জিনিসে কারুকার্য, পাট দিয়ে বৈচিত্র্যপূর্ণ জিনিসের উৎপাদন, সোলার কাজ ইত্যাদি নানাবিধ বিষয়ে প্রশিক্ষণ কার্যক্রম রূপায়িত করে। উন্নত প্রশিক্ষণ এবং হস্তশিল্পের উন্নতি সাধনে গবেষণার জন্য বারুইপুরের এই কেন্দ্রটিকে রাজ্য হস্তশিল্প প্রতিষ্ঠানে উন্নীত করার সিদ্ধান্ত নেওয়া হয়েছে। এই লক্ষ্যে এই বছরের বাজেটে ৫০ লক্ষ টাকার প্রস্তাব রাখা হয়েছে।

৪.১০ বাংলার হস্তশিল্পের মূল্যবান ঐতিহ্য মর্মজ্ঞ জনসাধারণের সামনে তুলে ধরা এবং কারুশিল্পীদের বিপণনে সাহায্য করা এই দুই উদ্দেশ্য সম্পাদনে আমার দপ্তর প্রতি শীতে রাজ্য হস্তশিল্প এক্সপোর অনুষ্ঠান করে আসছে। ডিসেম্বর-জানুয়ারিতে (২০০০-২০০১) অনুষ্ঠিত এক্সপো-তে ৭.৯৪ কোটি টাকার সামগ্রী বিক্রি হয়েছিল। তার আগের এক্সপো-তে বিক্রির পরিমাণ ছিল ৪ কোটি টাকা। এই ফলাফলে উৎসাহিত হয়ে আমার দপ্তর ২০০১-২০০২তে শিলিগুড়িতে এই ধরনের এক্সপো করার সিদ্ধান্ত গ্রহণ করেছে। কলকাতায় একটি স্থায়ী প্রদর্শনী কেন্দ্র এবং একটি নগর হাট প্রতিষ্ঠা করার সিদ্ধান্তও গ্রহণ করা হয়েছে।

৪.১১ হস্তশিল্প দ্বারা উৎপাদিত সামগ্রীর গুণমান এবং স্থায়িত্ব বৃদ্ধির জন্য আই.আই.টি খড়্গপুরের গ্রামীণ উন্নয়ন কেন্দ্রকে কারুশিল্পীদের প্রয়োজনীয় কারিগরি পরামর্শ দেওয়ার জন্য অনুরোধ করা হয়েছে।

৪.১২ বৃদ্ধ বয়সে দরিদ্র শিল্পীদের সাহায্যার্থে আমার দপ্তর ৬০ বৎসরের বেশি বয়সী শিল্পীদের জন্য বার্ধক্য ভাতার ব্যবস্থা করে আসছে। আমি আনন্দের সঙ্গে বলছি যে, ১ অক্টোবর, ২০০০ থেকে প্রতি মাসে বার্ধক্য ভাতা ৩০০ টাকা থেকে বৃদ্ধি করে ৪০০ টাকা করা হয়েছে।

৪.১৩ আয় এবং কর্মসংস্থানের দিক দিয়ে মৌমাছি পালন একটি গুরুত্বপূর্ণ পেশা। আমার দপ্তর এই আর্থিক বৎসরে এই পেশাকে অধিকতর গুরুত্ব দেবে। অনেক ব্যক্তিকে মৌমাছি পালনের কৌশল সম্বন্ধে প্রশিক্ষণ দেওয়া হবে যাতে তারা আংশিক সময়ের পেশা হিসেবে এই প্রকল্প গ্রহণ করে তাদের পারিবারিক আয় বৃদ্ধি করতে পারে।

৪.১৪ রাজ্যে নারকেল ছোবড়াজাত সামগ্রীর উৎপাদনের ভালো সম্ভাবনা আছে। উলুবেড়িয়ার প্রশিক্ষণ তথা উৎপাদন কেন্দ্র পুনরায় খোলা হয়েছে। শিল্প সমবায় সৃষ্টি করে দক্ষিণ চব্বিশ পরগনার ধনচেবেড়িয়া কেন্দ্রটি চালু করার প্রয়াস চালানো হচ্ছে। এন সি ডি সি থেকে আর্থিক সাহায্য এবং রাজ্য সরকার ও কয়্যার বোর্ড থেকে আর্থিক সাহায্য নিয়ে বাগনান সি এ ডি সি নারীমঙ্গল ছোবড়া সমবায় শিল্প সমিতি একটি ৫০ র‍্যাটস ক্ষমতাসম্পন্ন মোটরাইজড্ কয়্যার স্পিনিং ইউনিট স্থাপন করছে।

৪.১৫ লাক্ষা চাষের উন্নয়ন এবং অধিক পরিমাণ লাক্ষা গুটির উৎপাদনের জন্য ২০০১-২০০২ সালে পুরুলিয়ায় দুটি নতুন লাক্ষা গুটি খামার স্থাপিত হবে।

৪.১৬ আমার দপ্তর জাতীয় চর্ম উন্নয়ন কর্মসূচির সাহায্যে আধুনিক উন্নত যন্ত্রপাতি বসিয়ে মডেল সেবা কেন্দ্রটির আধুনিকীকরণ করেছে। এর ফলে পূর্ব কলকাতার ক্ষুদ্র চর্মসামগ্রী প্রস্তুতকারক সংস্থাগুলি উন্নত গুণমানের চর্মসামগ্রী উৎপাদনের জন্য আধুনিক যন্ত্রপাতি ব্যবহারে সমর্থ হবে।

৪.১৭ পশ্চিমবঙ্গ খাদি ও গ্রামীণ শিল্প পর্ষদ গ্রামীণ কর্মসংস্থান সৃষ্টি প্রকল্প রূপায়ণ করে আসছে। গ্রামীণ শিল্প স্থাপনের মাধ্যমে কর্মসংস্থান সৃষ্টি করা এই প্রকল্পের লক্ষ্য। ঋণ ও অনুদানের সাহায্যে এই প্রকল্প রূপায়িত হয়। অনুদানের পরিমাণ মোট প্রকল্প মূল্যের ২৫ থেকে ৩০ শতাংশ। ২০০০-২০০১ সালে এই প্রকল্পের মাধ্যমে ৭১৫ শিল্পোদ্যোগীকে সাহায্য করা হয়। রাজ্য সরকারের প্রধান অগ্রাধিকারের মধ্যে কর্মসংস্থান সৃষ্টি অন্যতম। চলতি বৎসরে পশ্চিমবঙ্গ খাদি ও গ্রামীণ শিল্প পর্ষদ কমপক্ষে ১০০০টি আবেদন বিভিন্ন আর্থিক প্রতিষ্ঠানে পাঠাবে।

৪.১৮ ২০০০-২০০১ সালে পশ্চিমবঙ্গ ক্ষুদ্র শিল্প উন্নয়ন নিগম লিমিটেড তাদের নিয়ন্ত্রণাধীন ইন্ডাস্ট্রিয়াল এস্টেটগুলিতে ১৪৮টি প্লট ও শেড্ বণ্টন করেছে। বিপণনের ক্ষেত্রে এই সংস্থার মোট বিক্রির পরিমাণ ১৯৯৯-২০০০ সালে ৩৩৯২ লক্ষ টাকা থেকে বৃদ্ধি পেয়ে ২০০০-২০০১ সালে ৩৪১২ লক্ষ টাকা হয়েছে। সুসংহত পরিষেবা উন্নয়ন প্রকল্পের মাধ্যমে তিনটি ইন্ডাস্ট্রিয়াল এস্টেটের পরিষেবার উন্নতিকল্পে পশ্চিমবঙ্গ ক্ষুদ্র শিল্প উন্নয়ন নিগম একটি কর্মসূচি গ্রহণ করেছে। এই বিষয়ে সুনির্দিষ্ট প্রকল্পগুলি ভারতীয় ক্ষুদ্র শিল্প উন্নয়ন ব্যাঙ্কে শীঘ্রই পাঠানো হবে।

৪.১৯ ইলেকট্রনিক্স টেস্ট অ্যান্ড ডেভেলপমেন্ট সেন্টার (ETDC) ক্ষুদ্রায়তন বৈদ্যুতিক এবং বৈদ্যুতিন ইউনিটগুলিকে টেস্টিং এবং ক্যালিব্রেশান পরিষেবা দিয়ে থাকে। সরকারি সংস্থা সহ বিভিন্ন সংস্থার কর্মীদের এই প্রতিষ্ঠানে 'O' পর্যায়ের প্রশিক্ষণও দেওয়া হয়। এই প্রতিষ্ঠানের পরীক্ষাগারের উন্নতি ও আধুনিকীকরণের জন্য আমার দপ্তর ২০০০-২০০১ সালে ১৯ লক্ষ টাকা মঞ্জুর করেছিল। এই বছরের বাজেটে এই উদ্দেশ্যে আরও ২৮ লক্ষ টাকার প্রস্তাব রাখা হয়েছে। আশা করছি এই খরচের ৫০ শতাংশ কেন্দ্রীয় সরকার বহন করবে।

৪.২০ এই সংস্থা (ই টি ডি সি) 'A' লেভেল পাঠক্রম চালু করার জন্য কেন্দ্রীয় সরকারের তথ্য প্রযুক্তি মন্ত্রকের অধীনস্থ ডি.ও.ই.এসি.সি সমিতির স্বীকৃতির জন্য আবেদন করেছে। এর জন্য এই সমিতির দ্বারা পরিদর্শন সম্পূর্ণ হয়েছে। BCA পাঠক্রমও শীঘ্রই চালু করার প্রস্তাব আছে এবং এই ব্যাপারে কল্যাণী বিশ্ববিদ্যালয়ের স্বীকৃতি পাওয়ার জন্য আবেদন করা হয়েছে।

৫

৫.১ রাজ্য অর্থ কমিশনের সুপারিশক্রমে আমার দপ্তর জেলা পরিষদ এবং স্বায়ত্তশাসিত সংস্থাগুলিকে দপ্তরের সামগ্রিক উদ্দেশ্য এবং অগ্রাধিকারের প্রতি লক্ষ্য রেখে হস্তচালিত তাঁতশিল্প, রেশম চাষ এবং কুটির ও ক্ষুদ্রায়তন শিল্প (খাদি এবং গ্রামীণ শিল্প সহ) এইসব ক্ষেত্রে বিভিন্ন পরিকল্প রূপায়ণের জন্য পরিকল্পনা খাত থেকে অর্থ বরাদ্দ করে আসছে। এই জন্য ২০০১-২০০২ সালে জেলা পরিষদ এবং স্বায়ত্তশাসিত পৌর সংস্থাগুলিকে ১৭২৪.৪৭ লক্ষ টাকা দেওয়ার প্রস্তাব বাজেটে রাখা হয়েছে। ২০০০-২০০১ সালে জেলা পরিষদ এবং স্বায়ত্তশাসিত পৌর সংস্থাগুলির জন্য বরাদ্দ টাকা থেকে ২৭৮৪ লক্ষ টাকা নয়টি জেলায় বন্যাকবলিত হস্তচালিত তাঁতশিল্পী, রেশমচাষি এবং কারুশিল্পীদের ত্রাণ ও পুনর্বাসনের জন্য মঞ্জুর করা হয়েছিল।

৫.২ মাননীয় সদস্যবৃন্দ অবগত আছেন যে, ১ জানুয়ারি, ২০০০ থেকে রাজ্য সরকার একটি নতুন এবং আকর্ষণীয় উৎসাহ দান প্রকল্প চালু করেছে। ক্ষুদ্রায়তন শিল্পগুলিতে অতিরিক্ত উৎসাহ দানের সংস্থান রাখা হয়েছে। প্রচলিত নীতি অনুযায়ী এই সব উৎসাহ-অনুদান একটি জেলা স্তরের কমিটির অনুমোদনক্রমে জেলা পরিষদ ও স্বায়ত্তশাসিত পৌর সংস্থাগুলিতে দেওয়া অর্থ থেকে প্রদান করা হয়। অতিরিক্ত প্রয়োজনের প্রতি লক্ষ্য রেখে চলতি বৎসরের বাজেটে আলাদাভাবে ১০৫৪.৩৩ লক্ষ টাকা প্রস্তাব করা হয়েছে।

৫.৩ মাননীয় অধ্যক্ষ মহাশয়, এই কথাগুলি বলে আমি আমার ভাষণ সমাপ্ত করছি। আমি সংশ্লিষ্ট দাবির অধীনে প্রস্তাবিত ব্যয় অনুমোদনের জন্য মাননীয় সদস্যবৃন্দের সহযোগিতা কামনা করছি।

Demand No. 73

Mr. Speaker: There are 30 Cut Motions on this Demand. All the Cut Motions are in order.

Shri Mahbubul Haque: Sir, I beg to move that the amount of the Demand be reduced to Re. 1/-.

Shri Ashok Kumar Deb (2-8)
Shri Nirmal Ghosh (9)
Shri Partha Chatterjee (10)

Sir, I beg to move that the amount of the Demand be reduced by Rs. 100/-

Shri Saugata Roy (11)
Shri Kalipada Mondal (12)
Shri Dipak Kumar Ghosh (13)
Shri Ajoy Dey (14-16)
Shri Tanmoy Mondal (17-18)
Shri Kashinath Mishra (19-20)
Shri Ajit Bhunia (21)
Shri Jyoti Priya Mallick (22-23)
Shri Tamonash Ghosh (24-25)
Shri Abdul Mannan (26-28)
Shri Sital Kumar Sardar (29)
Shri Arup Bhadra (30)

[5.00—5.10 p.m.]

শ্রী সৌগত রায় : মাননীয় অধ্যক্ষ মহাশয়, মাননীয় তরুণ মন্ত্রী বংশগোপাল চৌধুরী যে ক্ষুদ্র এবং কুটিরশিল্প দপ্তরের ব্যয়-বরাদ্দ পেশ করেছেন, আমি তার বিরোধিতা করছি এবং আমাদের বিরোধীদলের সমস্ত কাটমোশনকে সমর্থন করছি। বংশগোপালবাবু যে কোনো কারণেই হোক বামফ্রন্টের খুবই প্রিয় মন্ত্রী, কারণ শৈলেনবাবুর জন্য তিনি মুম্বাই গিয়েছিলেন বলে ওঁর বাজেটের দিন বদলাতে হয়েছে। প্রায়ই ওঁর দপ্তরের পরিবর্তন হচ্ছে। উনি শুরু করেছিলেন মিনিস্টার অফ স্টেট ফর টেকনিক্যাল এডুকেশন দিয়ে। তারপর প্রমোশন পেয়ে মিনিস্টার হলেন টেকনিক্যাল এডুকেশন (পলিটেকনিক) দপ্তরের। তারপর বিরাট প্রমোশন পেয়ে বিদ্যুতবাবুর অকাল মৃত্যুর পর ইন্ডাস্ট্রি মিনিস্টার হলেন। তারপর আবার ডিমোশন হয়ে ইন্ডাস্ট্রি মিনিস্টার হলেন, কিন্তু কটেজ অ্যান্ড স্মল স্কেলে এসেছেন। আমি বলতে চাই, যে দপ্তর উনি পেয়েছেন সেটা ইন্ডাস্ট্রির মতো গুরুত্বপূর্ণ না হলেও দপ্তরটি বিরাট, কিন্তু দপ্তরের অবস্থা, দপ্তরের বিষয়গুলির অবস্থা খুবই খারাপ। তাঁর এই দপ্তরে হ্যান্ডলুম, সিল্ক, সেরিকালচার রয়েছে, ছোট ছোট কুটিরশিল্প রয়েছে এবং সেটা ইঞ্জিনিয়ারিং ক্ষেত্রেই বেশি। হস্তশিল্প এবং লুম বরাবরই এই দপ্তরে রয়েছে। অর্থাৎ এই ডিপার্টমেন্টের মাধ্যমে লোকের কর্মসংস্থানের সুযোগ রয়েছে। কটেজ অ্যান্ড স্মল স্কেল ইন্ডাস্ট্রি সরকারের চেষ্টায় গড়ে ওঠে না। ট্র্যাডিশনালি বাংলার বিভিন্ন জায়গায় বিভিন্নরকম কটেজ ইন্ডাস্ট্রি ছিল। শান্তিপুর, ধনেখালীতে তাঁতশিল্প ছিল। ব্রিটিশ আমল থেকেই সেখানে এটা চলছে। তাছাড়া পশ্চিমবঙ্গে হ্যান্ডিক্র্যাফ্‌ট, হ্যান্ডলুম ছিল, মালদা এবং মুর্শিদাবাদে সিল্ক হত, মুর্শিদাবাদের খাগড়ায় ট্র্যাডিশনালি কাঁসার বাসন পাওয়া যায়। পুরুলিয়ার ঝালদায় গালা এবং ছুরিকাঁচির কাজকর্ম হত। সারা পশ্চিমবঙ্গে এরকম সব ছোটশিল্প ছিল। তাছাড়া হাওড়ার বেলিলিয়াস রোডে ইঞ্জিনিয়ারিং-এর স্মল স্কেল ইন্ডাস্ট্রি ছিল যেগুলো দ্বিতীয় বিশ্বযুদ্ধের সময় ফুলেফেঁপে উঠেছিল। সরকারের এক্ষেত্রে যা দায়িত্ব ছিল—সরকার ওদের পরিকাঠামো দেবেন, মার্কেটে

বিপণনের ব্যবস্থা করবেন, যখন অভাবে পড়বেন সে সময় সরকার তাদের সাহায্য করবেন। এই যে বংশবাবুর দপ্তরের মধ্যে এগুলো আছে, সেক্ষেত্রে বংশবাবু একটা বড় প্রশ্ন তুলেছেন—ডব্লু.টি.ও-র প্রভাব কি হবে ? সি.পি.এম.-এর বিশ্বায়নের বিরুদ্ধে বলা, এটা তারা প্রতিদিনই বলে যান। এটা মনে রাখতে হবে, আজকে বিশ্বায়ন যদি একটা সমস্যা হয়, গ্লোবালাইজেশন একটা চ্যালেঞ্জ। হ্যাঁ, গ্লোবালাইজেশনের ফলে কিছু সমস্যা হয়। যদি বিদেশ থেকে সস্তা দামের মাল আসতে শুরু করে, তাহলে ছোট ইন্ডাস্ট্রিগুলি তার সঙ্গে ম্যাচ করতে পারে না, ফলে ডুবে যেতে পারে। কিন্তু ভারত এমন একটা দেশ যেখানে গ্লোবালাইজেশনের পরও ইমপোর্ট বাড়েনি, ভীষণভাবে ইমপোর্ট বাড়েনি, অনেক কলকারখানা উঠে গেছে সেটাও নয়। কিছু কিছু ইন্ডাস্ট্রির ক্ষেত্রে এটা হেল্পফুলও হয়েছে। মূলত যেখান থেকে চ্যালেঞ্জ আসছে সেটা বিশ্বায়ন নয়, চীন থেকে সেটা আসছে। আজকে সুজাপুরে চাষী যাঁরা রয়েছেন তাঁরা সিল্ক উৎপাদন করেন। তার একটা বড় চ্যালেঞ্জ হয়ে দাঁড়িয়েছে যে চায়না থেকে সস্তায় সিল্ক চলে আসছে। এখন, এটা যেমন একটা সমস্যা এবং একটা চ্যালেঞ্জও বটে। এরপর ওরা চায় এখানে সিল্কের সুতো তৈরি না করে চায়না সিল্কের সুতো সস্তায় এনে ওরা আরো ইম্প্রুভড ভ্যারাইটি ব্লেন্ড করে ইমপ্রুভড ভ্যারাইটি বাজারে প্রডিউস করতে পারে। আমাদের যেটা দেখার, এই চ্যালেঞ্জের মুখে রাজ্য সরকার তাদের কতটা সাহায্য করতে পারছে। আজকে আমাদের এটা বিশ্বায়নের ফলে এটা হচ্ছে। এটা আমাদের মনে রাখা দরকার, একটা চাপ ভারতবর্ষের উপর রয়েছে। সব সময় এটা বলা হচ্ছে ভারতবর্ষকে যে তোমাদের লেবার স্ট্যান্ডার্ড নেই। তৃতীয় বিশ্বের দেশগুলোকে বলা হচ্ছে তোমরা চাইল্ড লেবার দিয়ে সস্তায় জিনিস তৈরি করছ। অগ্রসর দেশগুলো সব সময় আমাদের জিনিস ব্লকড করার জন্য এই কথা বলে যে তোমরা শিশু শ্রমিক ব্যবহার করো কিংবা ফোর্সড লেবার ব্যবহার করো কিংবা তোমাদের লেবার স্ট্যান্ডার্ড নেই। এখনও পর্যন্ত লেবার স্ট্যান্ডার্ড নিয়ে ডবলু.টি.ও-তে কোনো এগ্রিমেন্ট হয়নি। ভারতবর্ষকে বলছে যে তোমরা রাতারাতি শিশু শ্রমিক তুলে দাও। আমরা চেষ্টা করছি। কিন্তু তার মানে এই নয় যে শিশু শ্রমিক সব তুলে দেওয়া যাবে। বহু পরিবার মারা যাবে না খেতে পেয়ে যদি এই শিশু শ্রমিক পুরোপুরি উঠে যায়। একটা ব্যালান্সে আসতে হবে। অ্যাট দি সেম টাইম বিশ্বায়নের ফলে একটা সুযোগ হয়েছে। আপনি জানেন স্যার, এর আগে হ্যান্ডলুম এক্সপোর্টের ক্ষেত্রে বা গারমেন্ট এক্সপোর্টের ক্ষেত্রে কোটা সিস্টেম ছিল। আমেরিকা থেকে এবং প্রথম সারির দেশ থেকে বলে দিত যে ইন্ডিয়া থেকে এত হ্যান্ডলুম এবং গারমেন্ট এক্সপোর্ট করবে। তাদের সেখানে এই রকম একটা কোটা ছিল। এখন নতুনভাবে ডব্লু.টি.ও হওয়ার ফলে মালটি ফেবরিক এগ্রিমেন্ট উঠে যাবে। তার ফলে আমাদের এই সুবিধা আছে, যেহেতু আমাদের লেবার কস্ট সস্তা, আমরা ব্যাপকভাবে জিনিসপত্র পাঠিয়ে ওদের বাজারটাকে দখল করার সুযোগ নিতে পারব। প্রশ্ন হচ্ছে, তার জন্য আমরা প্রস্তুত আছি কিনা। আমার নিজের যেটা মনে হয়েছে পশ্চিমবাংলায় আমরা সামগ্রিকভাবে এই চ্যালেঞ্জটা, বিশ্বায়নের এই চ্যালেঞ্জটা গ্রহণ করতে পারব না। আপনারা বিশ্বের কথা ছেড়ে দিন, আমাদের নিজেদের ভুলে, ভুল পলিটিকসের ফলে, ভুল পলিসির ফলে ভারতবর্ষের মধ্যে যেখানে আমরা কমপিটিটিভ ছিলাম সেখানে আমরা হারিয়ে যাচ্ছি। একটা সিম্পিল জিনিস দেখুন স্যার। আজকে হ্যান্ডলুমের সব চেয়ে বড় চ্যালেঞ্জ কি ?

পাওয়ারলুম। আপনি মহারাষ্ট্রের ভিওয়ানডি-তে যান। বোম্বের আশেপাশে স্যাটেলাইট সিটিগুলিতে দেখবেন ভিওয়ানডির পাওয়ারলুমে ভর্তি। আমরা পাওয়ারলুমকে ডেভলপ করতে পারলাম না। পাওয়ারলুমে এমন কিছু টেকনোলজি নেই, এমন কিছু স্কিল লাগে না। সুতরাং আমরা হ্যান্ডলুমের একটা অংশ পাওয়ারলুমে সিফ্‌ট করতে পারতাম তাহলে আমরা কমপিট করতে পারতাম। আমরা সেখানে হারিয়ে গেলাম। হোসিয়ারি। হোসিয়ারিতে পশ্চিমবাংলা সবচেয়ে এগিয়েছিল। তারপর কি হল ? সি.আই.টি.ইউ-এর আন্দোলন শুরু হল। কলকাতা জুড়ে হোসিয়ারির অনেক ইউনিট বন্ধ হয়ে গেল। আজকে কলকাতায় যাদের হোসিয়ারি ছিল তারা হোসিয়ারি করেছে কোয়েম্বাটুরের কাছে তিরুপুর বলে জায়গায়। তিরুপুর ভারতবর্ষের মধ্যে হোসিয়ারির জগতে এক নম্বর সেন্টার। তিরুপুরে আপনি যদি যান, আমি গিয়েছিলাম সেখানে, দেখবেন বেশিরভাগ মালিক হচ্ছে অরিজিনালি ক্যালকাটা বেস্‌ড। আমরা সেই অপারচুনিটিটা লস করলাম। আমার বন্ধু নেপাল মাহাতো, ঝালদার এম.এল.এ., তিনি বললেন যে পুরুলিয়ার ঝালদা এলাকায় লাক্ষা তৈরি হয়। গালা দিয়ে অনেক রকম জিনিস তৈরি হয়। এখানে একটা কোম্পনি ছিল, অচ্যুরাম ব্যাহান বলে। অচ্যুরাম ব্যাহান নামে ঝালদায় কলেজ আছে, অচ্যুরাম মেমোরিয়াল কলেজ। তার ইন্টারন্যাশনাল মার্কেট ছিল। গালা তো ইনসুলেটর, আমেরিকায় গালা যেত। আজকে সি.পি.এম আন্দোলন করার ফলে এই জায়গার কারখানাটা উঠে গেছে। চলে গেছে কোথায় ? ঝাড়খণ্ডের কুটিতে চলে গিয়েছে। রাঁচির কাছে যে কুটি আছে সেখানে। ফলে ঝালদার গালা কারখানা মার খেয়ে গিয়েছে। অনেক লোক বেকার হয়েছে। তার ফলে একদিকে রং পলিসির ফলে এবং অন্যদিকে ওভার মিলিটেন্সি অফ ট্রেড ইউনিয়ান—যেটা দরকার ছিল না—এই জিনিস হয়েছে। স্মল স্কেল ইন্ডাস্ট্রিতে সি.পি.এম বেস করতে গিয়েছিল, ইন্ডাস্ট্রিটাকে শেষ করে দিল। এখন যদি আমরা বলি স্মল স্কেল ইন্ডাস্ট্রি তৈরি করব—রাতারাতি কলকাতা থেকে বেস চলে গেল তিরুপুরে রাতারাতি এখানে হোসিয়ারি ইন্ডাস্ট্রি বসাতে পারবেন না। স্যার, মন্ত্রী মহাশয় বলেছেন যে সাড়ে তিন লক্ষ এখানে হ্যান্ডলুম উইভার্স আছে। কিছুদিন আগে পর্যন্ত হ্যান্ডলুম উইভার্সদের মেন প্রবলেম কি ছিল স্যার ? মার্কেটিং প্রবলেম। সারা বছর তো আর শাড়ি বিক্রি হত না, অথচ ওদের সারাবছর খেতে হবে। তাই ওদের সব সময় সমস্যা ছিল যে ওদের শাড়ি সস্তা দরে অসময়ে বিক্রি করতে হত। তাঁতিরা দাম পেত না। তাই রাজ্য সরকার এগিয়ে এসেছিল। একটা সময় তন্তুজকে মডেল হিসাবে তুলে ধরা হত। আলা মোহন দাস যেমন বড় ইন্ডাস্ট্রিয়ালিস্ট ছিলেন তেমনি পান্নালাল মাঝিকে বলা হত বিরাট সাকসেস স্টোরি। আজকে তন্তুজর অবস্থা কি ? আজকে সি.পি.এম ওভার পলিটিসাইজেশান করতে গিয়ে তন্তুজ লসে রান করছে।

[5.10—5.20 p.m.]

আমি আপনাকে একটা ফিগার দেব একটু পরে। আপনি জানেন, অজয় দে'র একটি প্রশ্নের উত্তরে সেদিন মাননীয় মন্ত্রী উল্লেখ করেছেন, শুধু তন্তুজ এবং তন্তুশ্রীর কাছে তাঁতিদের পাওনা ১৩ কোটি টাকা। গরিব তাঁতি যাদের কোনো মূলধন নেই, যারা একটা দুটো লুম নিয়ে চালায়, তাদের যদি এত টাকা গভর্নমেন্ট স্পনসর্ড কো-অপারেটিভের কাছে পাওনা

থাকে, তাহলে হ্যান্ডলুম ইন্ডাস্ট্রিটা কি করে ডেভেলপ করবে ? পলিটিক্স এখানেই শেষ হচ্ছে না। গতবারে বিধ্বংসী বন্যা হয়েছিল। আমরা তা নিয়ে এখানে আলোচনা করেছি। নদীয়ার রানাঘাট, শান্তিপুরে ন্যাশনাল হাইওয়েতে দশফুট জল জমে ছিল এবং শান্তিপুর, ফুলিয়া, রানাঘাটে যেগুলো মেন উইভার্স জোন, সেখানে সমস্ত তাঁত নষ্ট হয়ে গিয়েছিল। তারপরে ঠিক হল, ৬ কোটি ৮৮ লক্ষ টাকা দেওয়া হবে। বলা হল, প্রত্যেক তাঁতিকে দু'হাজার করে টাকা দেওয়া হবে, যাদের লুম নষ্ট হয়ে গিয়েছে তাদের একটা লুম করতে দু'হাজার করে টাকা দেওয়া হবে, তারজন্য সব জায়গায় থ্রি-ম্যান কমিটি করা হয়েছিল। দেখা যাচ্ছে এটা নিয়ে রানাঘাটে আন্দোলন চলছে। ওখানে যারা তাঁত চালাত তারা টাকা পাচ্ছে না। প্রকৃতপক্ষে বাইরের লোকেরা টাকা পাচ্ছে। অজয়বাবু এ নিয়ে নিশ্চয়ই বলবেন। রানাঘাটের এম.এল.এ, শংকর সিং আমাকে বলছিলেন যে, ওখানে প্রত্যেকদিন রাস্তা অবরোধ হচ্ছে, আন্দোলন হচ্ছে, ঝামেলা হচ্ছে। এখন পর্যন্ত নদীয়াতে আর্টিজান লোনের টাকা ডিস্ট্রিবিউট করা হয়নি। পূজার আর তিনমাস বাকি। এই সময়ে তাঁতিরা প্রোডাকশন করে। এই সময়ে টাকা পেয়ে তারা যদি প্রোডাকশন না করে, তাদের লুমগুলো যদি না চালাতে পারে, তাহলে কি করে এটা এগিয়ে যাবে ? এবারে আমি একটা হিসাব দিচ্ছি—এটা সরকারি হিসাব। হ্যান্ডলুম ইন্ডাস্ট্রিতে আমাদের একটা স্ট্যাগনেশান এসে গিয়েছে। এটা নিয়ে আমাদের সিরিয়াসলি ভাবা দরকার। তন্তুজ এবং তন্তুশ্রী নিয়ে আমরা এক সময়ে খুব হইচই করেছিলাম, কিন্তু আজকে সেখানে স্ট্যাগনেন্সি এসে গিয়েছে। আমরা সৌরভ গাঙ্গুলীকে নিয়েও হইচই করেছিলাম, তারপরে স্ট্যাগনেন্সি এসে গিয়েছে। গারমেন্টসে যদি কনস্ট্যান্টলি ডিজাইনের ক্ষেত্রে প্রোডাকশন অফ ক্লথে ইনোভেশান যদি না করা যায়, ডিজাইনের যদি চেঞ্জ না করা যায়, তাহলে সেটা কখনও টিকতে পারে না। এমনিতে তো আমরা আমাদের প্রাইসের জন্য আউট অফ মার্কেট হয়ে যাচ্ছি—এটা নিয়ে ভাবা দরকার। তারপরে একটা জিনিস দেখুন, প্রোডাকশন অফ হ্যান্ডলুমে আমাদের ১৯৯৭-৯৮ সালে যেটা ৪৩৯ মিলিয়ন মিটার ছিল, সেটা এবারে, ২০০০-০১ সালে হয়েছে ৪৪০ মিলিয়ন মিটার। তার মানে কোনও কিছু বাড়েনি। সেল্ফ এমপ্লয়মেন্ট ইন হ্যান্ডলুম সেক্টরে ১৯৯৭-৯৮ সালে যেখানে ছিল ৬ লক্ষ ৬৭ হাজার, সেটা ২০০০-০১ সালে হয়েছে ওই একই ৬ লক্ষ ৬৭ হাজার। তার মানে একদম স্ট্যাগনেন্ট হয়ে গেছে। সবচেয়ে মজার জিনিস হচ্ছে, সেলস্ টার্নওভার কিভাবে কমে যাচ্ছে দেখুন। ওয়েস্টবেঙ্গল স্টেট হ্যান্ডলুম উইভার্স কো-অপারেটিভ সোসাইটিতে সেলস্ হয়েছিল ১৯৯৫-৯৬তে ৭০ কোটি টাকা। ২০০০-০১ সালে সেটা কমে দাঁড়ায় ৬৭ কোটিতে। ১৯৯৯-২০০০ সালে সেটা দাঁড়ায় ৪৮ কোটিতে। ভেরি স্যাড পিকচার—গ্রাফের ট্রেন্ডটা ডাউনওয়ার্ডের দিকে। ওয়েস্ট বেঙ্গল হ্যান্ডলুম অ্যান্ড পাওয়ারলুম ডেভেলপমেন্ট কর্পোরেশনের সেলস্ ১৯৯৫-৯৬ সালে ছিল ৪৯.৭৭ কোটি টাকা। সেটা ৫০ কোটিতে দাঁড়িয়ে আছে। আমরা একটা স্ট্যাগনেশনে রিচ্ করে গিয়েছি। এটা সিরিয়াসলি ভাবা দরকার। এটা রাজ্য সরকার আগে করেনি, সেন্ট্রাল গভর্নমেন্টের দুটো অর্গানাইজেশন আছে। আপনি জানেন, একটা হচ্ছে উইভার্স সার্ভিস সেন্টার যেটা ডালহৌসীতে আছে, ওরা ডিজাইন করে দেন। আর একটা অর্গানাইজেশন আছে—এন.আই.এফ.টি। যেখানে নতুন ক্লথ, নতুন ফ্যাশন, ডিজাইন বানানো হয়। আজকে যে নতুন ডিজাইন আসছে, কম্পিউটারের ডিজাইনগুলো আসছে, সেগুলোকে ইন্ট্রোডিউস

করতে হবে। সেই টেকনোলজি অ্যাডপ্ট করার ক্ষেত্রে আমরা খুব স্লো হয়ে গিয়েছি। আমরা ক্যাচআপ করতে পারিনি। মাননীয় মন্ত্রী অনেকগুলো দপ্তর চেঞ্জ করে এসেছেন। এই দপ্তরে ইউজড্ হতে ওঁর কিছু সময় লাগবে। আমি আশা করি, এটা থেকে চেঞ্জ করা হবে না। এই দপ্তরকে মেনলি কটেজ অ্যান্ড স্মল স্কেল ইন্ডাস্ট্রির বিষয়গুলোকে নিয়ে ভাবতে হবে। এটা সিরিয়াসলি ভাবা দরকার। সিল্কের ক্ষেত্রেও সেই একই প্রবলেম। আমাদের সিল্কের ক্রেজ বিশেষ বেড়েছে, কিন্তু প্রোডাকশন অফ সিল্ক সিগনিফিক্যান্টলি বাড়েনি। ১৯৯৭-৯৮ সালে প্রোডাকশন অফ মালবেরি সিল্ক, যেগুলো তুঁতগাছ থেকে তৈরি হয়, সেখানে এটা ছিল ১২.৫৪ লক্ষ কেজি। সেটা ২০০০-০১ সালে হয়েছে ১২.৫০ লক্ষ কেজি। প্রোডাকশনকে যদি আমরা কনস্ট্যান্টলি না বাড়াতে পারি, তাহলে স্ট্যাগন্যান্ট হয়ে যায়, তাহলে পড়তে শুরু করে।

আমি হ্যান্ডলুম এবং সেরিকালচার দুটো ক্ষেত্রই দেখে এসেছি। মাননীয় মন্ত্রীর দৃষ্টি এদিকে আকর্ষণ করছি। তিনি তরুণ, এই ব্যাপারে উদ্যোগ নিতে পারলে এই ব্যাপারটা ভালভাবে কাজ করবে। স্যার, সেইজন্য এইক্ষেত্রে বলছি আমাদের সরকারের হাতে কয়েকটি টেক্সটাইল মিল রয়েছে, যার অবস্থা কহতব্য নয়। এই টেক্সটাইল মিলগুলোর অবস্থা খুবই খারাপ, তার মধ্যে কল্যাণী স্পিনিং মিল যেভাবে লোকসানে চলছে তাতে আপনার, আমার ট্যাক্সের টাকা ওখানে চলে যাচ্ছে। আপনার কল্যাণী স্পিনিং মিল ৯ কোটি ২৬ লক্ষ টাকা লস করছে, ওয়েস্ট দিনাজপুর স্পিনিং মিল ৫ কোটি ২৪ লক্ষ টাকার লস করছে। ওয়েস্ট বেঙ্গল কো-অপারেটিভ স্পিনিং মিল ১ কোটি ৭১ লক্ষ টাকার, কংসাবতী স্পিনিং মিল ৪৯ লক্ষ টাকার লস করছে, ময়ূরাক্ষী স্পিনিং মিল ১ কোটি ৬৮ লক্ষ টাকার লস করছে, তাম্রলিপ্ত স্পিনিং মিল ৭৫ লক্ষ টাকার, ওয়েস্ট বেঙ্গল হ্যান্ডলুম অ্যান্ড পাওয়ারলুম ডেভেলপমেন্ট কর্পোরেশন ৪ কোটি ৯৪ লক্ষ টাকার লস করেছে, ওয়েস্ট বেঙ্গল স্টেট লেদার ডেভেলপমেন্ট কর্পোরেশন ৯৫ লক্ষ টাকার, সেরিকালচার ডেভেলপমেন্ট কর্পোরেশন ৩ কোটি টাকার এবং ওয়েস্ট বেঙ্গল হ্যান্ডিক্র্যাফ্ট্ ডেভেলপমেন্ট কর্পোরেশন ৫৫ লক্ষ টাকার লস করেছে। সেখানে একমাত্র লাভ করেছে একটা ছোট্ট সংস্থা আপনার 'ওয়েবসি' সোপের, এতে ২০ লক্ষ টাকা লাভ করেছেন। আর গোটা কর্পোরেশনে আপনারা ২০ কোটি টাকার বেশি লোকসান করেছেন। এই লোকসান কমিয়ে রিজিনেবেল অ্যামাউন্ট আনা কিছুতেই সম্ভব হল না। এগুলো নেশনালাইজ করা সম্ভব হল না। সেখানে প্রফেশনালি এই মিলগুলো চালানো না যায় তাহলে এই মিলগুলোর নর্মালসি ফিরে আর কখনো আসবে না। তাই আমি বলছি যে এই একটা দপ্তর যেখানে কাজ দেখাবার সুযোগ ছিল এবং বেকারদের কাজ দেবার সুযোগ ছিল তা রক্ষা করতে পারলেন না। আপনার ইনফ্রাস্ট্রাকচার ইন্ডাস্ট্রিয়াল এস্টেটে তৈরি হয়নি। আপনার স্মল স্কেলের কাজ হলদিয়াতে ডাউন স্ট্রিমে কিছুই হয়নি। কেবলমাত্র নীলকমলে ১৫ কোটি টাকার একটা ছোট প্রজেক্ট আছে। কিন্তু স্মল ইন্ডাস্ট্রির ক্ষেত্রে হলদিয়াতে ডাউন স্ট্রিমে প্লাসটিক প্রোডাক্ট তৈরি করার কথা, সেটা আপনারা করতে পারেননি। আপনার ইন্ডাস্ট্রিয়াল এস্টেট ভালভাবে মেনটেন করা হয় না, অনেক জায়গায় গরু, বাছুর ঘুরে বেড়াচ্ছে, ভাড়া দেয় না। সুতরাং আপনাদের অনেক কাজ করার আছে। গত

২৫ বছরে বিশেষ কিছুই হয়নি। বিশ্বায়নের ফলে এই যে ঘটছে আজকে এদিকে আপনি যদি দৃষ্টি না দেন তাহলে শিল্প আরো খারাপ অবস্থায় যাবে। এই কথা বলে এই বাজেট বরাদ্দের বিরোধিতা করে আমার বক্তব্য শেষ করছি।

শ্রী আশুতোষ মুখার্জি : মাননীয় চেয়ারম্যান স্যার, পশ্চিমবঙ্গে কুটির এবং ক্ষুদ্র শিল্পের ভারপ্রাপ্ত মন্ত্রী যে ৭৩নং দাবির উপরে বাজেট বরাদ্দ উপস্থাপিত করেছেন আমি তাকে পূর্ণ সমর্থন করে বিরোধীদের আনা ছাঁটাই প্রস্তাবের বিরোধিতা করে আমার বক্তব্য রাখছি। মাননীয় মন্ত্রী তাঁর বাজেট ভাষণে যা বলেছেন তাতে এটা উপলব্ধি করার দরকার আছে যে, আমাদের দেশে কৃষি ব্যবস্থার পরে সব থেকে কর্মসংস্থানের ক্ষেত্র হচ্ছে এই কুটির ও ক্ষুদ্র শিল্পের জায়গা। আমাদের দেশের একটা ঐতিহ্য ছিল, শিল্পও আছে। স্বাধীনতার পরে সেই ঐতিহ্য ধরে রাখার যে চেষ্টা হয়েছিল সেটা ফলপ্রসূ হয়নি।

[5.20—5.30 p.m.]

আমাদের দেশে চিরাচরিত ঐতিহ্য, আমাদের যে তাঁত শিল্প, সেখানে আমরা দেখেছি এই তাঁত শিল্পে কি অধঃপতন ঘটেছিল স্বাধীনতার পরবর্তী যুগে। বর্তমানে যে অবস্থা সৃষ্টি হয়েছে বামফ্রন্ট সরকার '৭৭ সালে আসার পর তাঁতসহ অন্যান্য ক্ষেত্রেও, কুটির শিল্পের ক্ষেত্রকে উন্নত করার প্রচেষ্টা চালিয়েছেন এবং পরিকল্পনা করেছেন। বর্তমানে তা এক ভয়ঙ্কর বিপদজনক পরিস্থিতির সম্মুখীন হয়েছে। আমাদের বিরোধীদলের নেতা অভিজ্ঞ মাননীয় সদস্য সৌগতবাবু বলছিলেন এটা নাকি আমাদের অভ্যাসে দাঁড়িয়েছে—উদারনীতি, বিশ্বায়নের সমালোচনা করা। হ্যাঁ, এটা ঠিকই তো, আমাদের সমালোচনা করতে হবে। এবং সঙ্গে সঙ্গে এটাও ঠিক যেটা উনি বলেছেন চ্যালেঞ্জের মোকাবিলা নিশ্চয় আমরা করবার চেষ্টা করব। আমাদের সামনের পরিস্থিতিটা কি ? এখানে খুশি হতাম যদি সৌগতবাবু বলতেন যে আমাদের দেশের সরকার এই কুটির ও ক্ষুদ্র শিল্পের ক্ষেত্রকে ধ্বংস করার জন্য গত এক বছরে ১৪২৯টি দ্রব্য আমদানি করার অবাধ সুযোগ করে দিয়েছেন। ভাবুন তো, মুড়ি পর্যন্ত কিনা আমদানি করা হবে। বিদেশের মুড়ি আমাদের কিনে খেতে হবে, প্যাকেট করা মুড়ি আসবে। মুড়ি চিঁড়ে সবই বিদেশ থেকে আসবে। আমাদের গ্রামের যে পদ্মপিসি মুড়ি ভাজে রুটি রুজির ব্যবস্থা করতে তাদের কি হবে। আমেরিকা থেকে মুরগির ঠ্যাং এখানে আসবে, যেগুলি ওরা খায় না, আমরা সেই মুরগির ঠ্যাং খাব। এবং ১২/১৩ টাকা কেজিতে খেতে হবে। আমাদের এখানে হাজার হাজার বেকার ছেলে যারা পোলট্রি করছে তাদের বেকার হয়ে যেতে হবে। তারা কর্মহীন হয়ে যাবে। এই ব্যাপারে তো আপনারা প্রতিবাদ করলেন না ? ইতালি থেকে যে সিঁদুর আসছে, আলতা আসছে, আমাদের এখানে গ্রামের মেয়েরা সেই আলতা সিঁদুর পড়বে। ইতালির মেয়েরা আলতা সিঁদুর পড়ে না। আলতা সিঁদুর তৈরি করে যাদের রুটিরুজি চলে তারা মার খাবে। আসলে আমরা যেটা বুঝি, সব সময়, ফরেন মালটা হচ্ছে ভাল। ফরেন মাল এর প্রতি আমাদের একটা আকর্ষণ আছে। এখানে ছোট একটা কথা বলি, আমাদের দেশে যে বিড়ি শিল্প আছে, সেই বিড়ি গেল আমেরিকায়। আমেরিকার লোকেরা বিড়ি খেয়ে খুব খুশি। তারা বিড়ি খেতে আরম্ভ করল। ফলে তাদের সিগারেট বন্ধ

হয়ে যায়। তখন সিগারেট কোম্পানীরা প্রমাদ গুণলেন, তারা ক্লিন্টনের কাছে গেলেন ; ক্লিন্টন বলল ওই বিড়িটা বন্ধ করা যাবে না। কারণ ডাবলিউ.টি.ও.র শর্ত অনুযায়ী এটা আছে। তিনি বললেন এই ব্যাপারে ফেডারেল কোর্টে যাও। ফেডারেল কোর্ট বলল ওইটা আমদানি করা যাবে না, কারণ বিড়ি তৈরির ব্যাপারে শিশু শ্রমিকরা যুক্ত আছে। তখন সেটা বন্ধ হয়ে গেল। ডাবলিউ.টি.ও.তে আটকাতে পারল না, কিন্তু আমেরিকার আইনে তা আটকে গেল। আমরা যেটা রপ্তানি করব সেটা ওরা নেবে না, সেটা বন্ধ হয়ে যাবে, আর ওরা যেটা পাঠাবে সেটা আমাদের নিতে হবে। অনেক শিল্পজাত দ্রব্য আমাদের এখানে আসবে, আমাদের শিল্পকে ধ্বংস করবে। সকলে এখানে আসবে, তাই আমরা হৃদয় উন্মুক্ত করে দ্বার অবারিত করে বসে থাকব। আমাদের দেশের শিল্পের সর্বনাশ হবে, এই জায়গা থেকে আমাদের আত্মরক্ষা করতে হচ্ছে। এখানে ঠিক সঠিকভাবেই বলা হয়েছে, ক্ষুদ্র ও কুটির শিল্পের উন্নতি দরকার তার জন্য প্রযুক্তি দরকার, উৎপাদনশীলতা বৃদ্ধি করা দরকার, গুণগত মান উন্নয়ন করা দরকার। আর একটা যেটা দরকার সেটা হচ্ছে, ডিজাইন এর নতুনত্ব দরকার। এখানে আমাদের এইগুলি করতে হবে। নিশ্চয় এখনো আমরা অনেক পিছিয়ে আছি, চেষ্টা হচ্ছে, এইগুলি করলে আমরা প্রতিযোগিতার মুখোমুখি কতটা টিকতে পারি সেটার জন্য চেষ্টা করতে হবে। আমি বলব, দীনদয়াল হারকারঘাই উৎসাহ যোজনাকে কার্যকরীভাবে প্রয়োগ করার জন্য। আমাদের রাজ্যে রেশম চাষে গুরুত্ব দিতে হবে, আমরা কিভাবে রেশম চাষে উন্নতি করতে পারি সেটা আমাদের দেখা দরকার। রেশম চাষ বাড়ানোর জন্য সঠিকভাবে গুরুত্ব দিলে আমরা আরও উপকৃত হব। খাদি ও গ্রামীণ শিল্পের ক্ষেত্রে বহু কর্মসংস্থানের সুযোগ আছে। আমাদের মাঝে মাঝে মনে হয় খাদির সঙ্গে যুক্ত যারা তারা এটাকে পারিবারিক শিল্প ধরে কাজ করে, এখানে মজুরি সংক্রান্ত নিয়ম-কানুন চলে না। এখানে আমাদের সরকারের আরও গুরুত্ব দেওয়া দরকার। মাননীয় মন্ত্রিমহাশয়কে আমি বলব, ডি.আই.সি-র কাজকর্মের আরও উন্নতিসাধন করতে হবে, সরকারের অনেক প্রচেষ্টা সেখানে বাধা পেয়ে থমকে যাচ্ছে। সেগুলো যাতে ঠিক ঠিকভাবে করা যায়, সেটা আমাদের দেখতে হবে। হলদিয়ার ডাউন স্ট্রিমগুলো যাতে করা যায় সেটা আমাদের দেখতে হবে, এখানে আমাদের আরও উন্নতিসাধন করার সুযোগ আছে। তাঁতশিল্পের প্রসার এবং ভাতা বৃদ্ধি করার দিকে নজর দিতে হবে। এখানে প্রভিডেন্ড ফান্ড চালু করার ব্যাপারে সরকার একটা গুরুত্বপূর্ণ পদক্ষেপ নিয়েছে, এখানে গ্রুপ ইনসিওরেন্স চালু করা হয়েছে।

সবশেষে আমি মাননীয় মন্ত্রিমহাশয়কে বলব, মালদহে রেশম চাষ করা হচ্ছে, মুর্শিদাবাদে থান তৈরি করা হচ্ছে এবং শ্রীরামপুরে সেটা প্রসেসিং হচ্ছে। শ্রীরামপুরে যে ফিনিশড় প্রসেসিং ইউনিট করার পরিকল্পনা আছে সেটাকে যাতে আরও দ্রুত করা যায় তারজন্য আমি মন্ত্রিমহাশয়ের কাছে আবেদন জানাচ্ছি। এই কথা বলে বিরোধীদের কাট মোশানের বিরোধিতা করে এবং এই ব্যয়-বরাদ্দকে সমর্থন জানিয়ে আমার বক্তব্য শেষ করছি।

শ্রী অপূর্ব মুখার্জি : মাননীয় চেয়ারম্যান স্যার, কুটির ও ক্ষুদ্রায়তন বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহাশয় যে বাজেট বরাদ্দ পেশ করেছেন তার বিরোধিতা করে এবং আমাদের বিরোধীদের আনীত কাট মোশানকে সমর্থন করে আমার বক্তব্য রাখছি। কুটির শিল্প এবং

ছোট শিল্প, এই দুটোর ক্ষেত্রেই ঘুরেফিরে আসবে দুর্গাপুরের কথা। মাননীয় মন্ত্রিমহাশয় বলেছেন এই ছোট ছোট শিল্পের মাধ্যমে ৫২ হাজার মানুষের কর্মসংস্থান হবে। এই হবে কথাটা আজকে আমরা চব্বিশ বছর ধরে শুনে আসছি। দুর্গাপুরে রেজিস্ট্রিকৃত বেকারের সংখ্যা ১ লক্ষ ৩০ হাজার এবং গোটা রাজ্যে রেজিস্ট্রিকৃত বেকারের সংখ্যা ৫৬ লক্ষ। তবুও আমরা শুনে খুশি হয়েছি ৫২ হাজার মানুষের কর্মসংস্থান হবে। তাঁতশিল্পের ব্যাপারে মাননীয় সৌগতবাবু বিস্তারিতভাবে বলেছেন, আমি এর মধ্যে ঢুকছি না। দুর্গাপুর শিল্পনগরী, লোহা নগরী বলে পরিচিত। এই শিল্প নগরী বিধানচন্দ্র রায়ের তৈরি করা। ওখানে একটা কারখানা তৈরি করা হয়েছিল, যার নাম আমি আগেও উল্লেখ করেছি, সেই ডি.পি.এল। এই ডি.পি.এল-কে বলা হত ইন্ডাস্ট্রি ফর ইন্ডাস্ট্রি এবং একে কেন্দ্র করে ২৫০টি ছোট ছোট কারখানা তৈরি হয়েছিল। মাননীয় মন্ত্রিমহাশয় যখন হলদিয়া পেট্রোকেমিকেল নিয়ে আমাদের ওখানে একটা সেমিনার করছিলেন তখন ওনার সঙ্গে আমার কথা হয়েছিল। সেই ২৫০টি ছোট বড় কারখানার অধিকাংশই হয় ধুঁকছে, নয় বন্ধ হয়ে গেছে, এই ব্যাপারটা সেদিনও আমি ওনাকে বলেছিলাম।

[5.30—5.40 p.m.]

আজকে পিবকোর মতো কারখানা আর কোথাও ছিল না, সেটা বন্ধ হয়ে গেছে। বারবার বলা সত্ত্বেও সেটা খোলা সম্ভব হয়নি। হেনরিম্যান, লেম্যান, সাংকুহুইল আজ বন্ধ। আমি জানি মন্ত্রী মহাশয় একটু ইন্টারফিয়ার করলেই হয়তো ওই তিনটে কারখানা খোলা সম্ভব হত। হলদিয়া পেট্রোকেমিক্যালসের ডাউনস্ট্রিম তৈরি হোক আমরা চাই। কিন্তু যে ডাউনস্ট্রিম আগে তৈরি হয়েছিল, সেইগুলোকে উৎসাহ দিলে আবার তারা কাজ শুরু করতে পারত—কারণ তাদের পরিকাঠামো আছে। এই কারখানাগুলো বন্ধ হয়ে গেলে ক্ষুদ্রশিল্পের আকার ধারণ করবে। আমরা দেখছি, এই যে ছোট, বড় ইন্ডাস্ট্রিগুলো তৈরি হয়েছিল, সেখানে একটা ভয়ঙ্কর সমস্যা সৃষ্টি হচ্ছে। সেখানে কাজ করতে গিয়ে অনেক সময় অসুবিধা হচ্ছে। মন্ত্রী মহাশয় জানেন, সেখানে ই.পি.আই.পি. কমপ্লেক্স আছে। সেখানে যে কারখানাগুলো তৈরি হচ্ছে, সেখানে এই সমস্যা হচ্ছে। সেখান থেকে আমাদের দাবি ছেড়ে দিচ্ছি, আমরা চাই কারখানা চালু হোক। সেখানে যে এল অ্যান্ড টি সিমেন্ট ফ্যাক্টরি বন্ধ রয়েছে, কাজ চলছে তার উল্লেখ আগেও করেছি। এই সিদ্ধান্তটা ওখানে বসে নিলে খোলার সমস্যা হবে না। দুর্গাপুর ইন্ডাস্ট্রিয়াল জোন। সেখানে মানুষের বসতি ছিল কম। জনসংখ্যা ছিল ১ লক্ষ ৭০ হাজার। সেটা এখন বাড়ছে-বাইরে থেকেও লোক আসছে। বাড়তে বাড়তে ১২ লক্ষ হয়ে গেছে। দুর্গাপুর-১ এবং দুর্গাপুর-২-তে ভোটার হয়ে গেছে সাড়ে চার থেকে পাঁচ লক্ষ। আর একটা কথা আমি বলতে চাই, যেটা আগেও বলেছি—কোথাও হয়তো মানসিকতার অভাব থেকে যাচ্ছে। দুর্গাপুরের পাশে রয়েছে নকশা, বাঁকুড়ার বড়জোড়া, সেখানেও ছোট বড় শিল্প হচ্ছে। কিন্তু প্রোৎসায়নের অভাবে সেইগুলো ঠিক মতো চলছে না। আমরাও আমাদের দাবি ছাড়ছি না, আপনারাও আপনাদের দাবি ছাড়ছেন না। কারণ পেটের ক্ষুধা, পেটের অধিকার সকলেরই আছে। সকালবেলা লেবার মিনিস্টার ছিলেন, ভেবেছিলাম ওনার সঙ্গে আলোচনা করব। কিন্তু উনি চলে গেলেন। তাই আপনার মাধ্যমেই বলছি যে কথাটা, যেটা আজকের নয় অনেকদিন

আগেই বলেছি—গান্ধিজি বলেছিলেন—গ্রাম থেকে ক্ষুদ্র শিল্প তৈরি করে শহরকেন্দ্রিক করতে হবে। গ্রামের উন্নতি হলে শহরেরও উন্নতি হবে, গ্রামের মানুষ তাহলে শহরে যাবে না। কিন্তু আজকে দেখতে পাচ্ছি গ্রামের মানুষ শহরে আসছে। কলকাতায় সকালবেলা দেখবেন ফুটপাথে হাজার-হাজার মানুষ শুয়ে আছে, সকাল সাড়ে ৭টা, ৮টার সময় গিয়ে দেখবেন কাউকে খুঁজে পাবেন না। তবে ধন্যবাদ জানাব যে ২৪ বছর পর হলেও এই মানসিকতা আপনাদের তৈরি হয়েছে। পাঁচ বছর আগে দুর্গাপুরে দাঁড়িয়ে তৎকালীন মুখ্যমন্ত্রী জ্যোতি বসু বলেছিলেন—কাজকে সাংবিধানিক অধিকার দিতে হবে। আমরা সাধুবাদ জানিয়েছিলাম। অথচ দেখুন, দুর্গাপুরে এমপ্লয়মেন্ট এক্সচেঞ্জ থাকা সত্ত্বেও সেখান থেকে কাজের সুযোগ হচ্ছে না। অন্যভাবে নেবেন না, দেখতে পাচ্ছি জোর যার মুল্লুক তার অবস্থা চলছে। আগেও প্রমাণ হয়েছে, এখানেও প্রমাণিত হয়েছে। আমরা বলেছিলাম ১৯ তারিখে যাতে নো কনফিডেন্স এবং পুলিশের বাজেট একসাথে না হয়ে অন্যদিন হয়। আপনারা কিন্তু আপনাদের মতটা ঠিক রাখলেন এবং সেটা ধ্বনি ভোটে পাশ হয়ে গেল। আমার কথাগুলিও ধ্বনিভোটে পাশ হয়ে যাবে। আমরা যে কথাগুলি বলেছি সেগুলিও ধ্বনিভোটে পাশ হয়ে যাবে। একটা কথা বলছি এখানে মানসিকতার দরকার আছে। মানসিকতার অভাবে কাজ হবে না। আমি বলতে চাই আমাদের মানসিকতা আছে। একটা ছোট্ট ঘটনার কথা বলি। দুর্গাপুর স্টিল ফ্যাক্টরির ২০০ জন ক্রেনের ওয়ার্কার কাজ বন্ধ করে দিয়ে চলে এসেছিল। সেই সময় আমি ছোট ছিলাম এবং সেখানে আমি বসেছিলাম। আমি যে মানুষটির কথা বলছিলাম, তিনি তাদের বললেন 'তোমরা কিভাবে এসেছ। নিশ্চয় কাজ বন্ধ করে এসেছ। তিনি বলেছিলেন আগে গিয়ে কাজটা শুরু কর, তারপর কথা হবে।' সেদিন আমি একটা জিনিস শিখেছিলাম যে, প্রোডাকশানের দালালি আগে করতে হবে। প্রোডাকশানের দালালি না করলে পেটকে বাঁচানো যাবে না। বাঁচবে না মানুষের অধিকার, দাবি দাওয়া। সেই শিক্ষাই পেয়ে এসেছি। তাই বলছি মানসিকতা আমাদের আছে। আমি বলছি ছোট কারখানা না তৈরি করলে হবে না। কারণ আমি বলছি অ্যালয় স্টিল একটা বড় কারখানা। কিন্তু তার সেই পরিস্থিতি নেই। তাই বলছি ছোট ছোট কারখানা তৈরি করে পরিস্থিতি পরিবেশ তৈরি করতে হবে। আজকে এখানে ছোট ছোট জিনিসগুলি শেষ হয়ে যাচ্ছে। আজকে তাঁতশিল্প নষ্ট হয়ে যাচ্ছে। এই ব্যাপারে আমার পূর্ববর্তী বক্তা বলেছে। রেশম শিল্প যেটা পুরুলিয়া বাঁকুড়ায় রয়েছে, সেটাকে আরও উৎসাহ দিলে উন্নতি করবে। বিড়ি শিল্প বাঁকুড়া, পুরুলিয়া জেলাতে রয়েছে সেটাকে আরও সুন্দরভাবে গড়ে তোলা যায়। কাঁসার শিল্প আজকে স্টিলের দৌরাত্মে উঠে যেতে বসেছে। এই শিল্প বীরভূম পুরুলিয়ায় যদি তৈরি করা যায় তাহলে আরও উন্নতি হবে। সবচেয়ে বড় কথা হল যে, বারুইপুরে যে সার্জিক্যাল গুডসের জিনিস তৈরি হয়, যারা বহুদিন ধরেই বিশ্বমানের জিনিস তৈরি করে। কিন্তু সেটা উৎসাহদানের অভাবে বন্ধ হতে বসেছে। আমরা দেখছি যে ইনফ্রাস্ট্রাকচার রয়েছে। কিন্তু কাঁচামাল এবং অর্থের কারণে বন্ধ হয়ে পড়ে রয়েছে অনেক শিল্প। তাই মাননীয় মন্ত্রীকে বলছি এই ব্যাপারগুলি সহানুভূতির সঙ্গে দেখবেন। স্যানটু হুইল ১৪ মাস বন্ধ হয়ে গেছে। ইন্দো আমেরিকান কোম্পানি বন্ধ হয়ে গেছে। হেনলিম্যান প্রায় সাড়ে তিন বছর বন্ধ হয়ে গেছে। পিপকো কারখানা বন্ধ হয়ে গেছে। এই কারখানাগুলি সম্পর্কে একটু ভাববেন। এই কথা বলে এই বাজেটের বিরোধিতা করে আমার বক্তব্য শেষ করছি।

Md. Yakub : Respected Chair-person sir,

آج آپ کے سامنے ہمارے وزیر نے جو "Demand no. 73" پیش کیا ہے

کسی شکوہ شکایت کے بغیر ہم اس کی حمایت کرتے ہیں - غالب کے یہ اشعار ہمارے فاضل دوستوں کو آپ کے ذریعے نذر کرتے ہیں ؎

کوئی میرے دل سے پوچھے ترے تیرِ نیم کش کو
یہ خلش کہاں سے ہوتی جو جگر کے پار ہوتا
ہوئے مر کے ہم جو رسوا ہوئے کیوں نہ غرقِ دریا
نہ کبھی جنازہ اٹھتا نہ کہیں مزار ہوتا

ہمارے دوستوں کے پاس صرف شکوہ اور شکایت کے علاوہ اور کچھ بھی نہیں ہے۔

"Demand no. 73" کے بارے میں ہمیں کچھ کہنا نہیں ہے کیونکہ ہمارے وزیر موصوف نے وقت کی نزاکتوں کو سمجھتے ہوئے بہت ہی تلخ تجربے کے ساتھ تمام تجاویز کو ہمارے سامنے رکھا ہے ظاہری بات ہے اس پر مزید بحث کی ضرورت نہیں ہے - ساتھ ساتھ ہم اپنے فاضل دوست کو ملک کی تاریخ یاد دلانا چاہتے ہیں کہ انگریزوں سات سمندر اور تیرہ ندی پار کر کے شہنشاہ عالم کے دربار میں حاضر ہوئے تھے - اس وقت بادشاہی حکومت تھی - حکومت کے دربار میں جا کر کہا کہ بادشاہ عالم! بنگال کی ریشم بہت مشہور ہے - بنگال کی تانت سے بنی ساڑیاں بھی بہت مشہور ہیں - ہم اسکی تجارت کرنے کے لئے بنگال جانا چاہتے ہیں - آپ ہمیں اجازت نامہ دیجئے!

ہم اپنے دوستوں سے کہنا چاہتے ہیں کہ وہ مخالفت کر سکتے ہیں - کیونکہ جمہوریت ہے لیکن وقت کی نزاکت کو انہیں سمجھنا چاہیئے - انہیں جاننا چاہیئے کہ انگریز یہاں آئے اور آنے کے بعد کس طرح سے ہمارے پورے ملک کو غلامی کی زنجیر میں جکڑ لیا اور انہوں نے اپنے ملک میں، انگلینڈ میں جب کپڑے کا مل بنا یا تو وہاں کے کپڑے ہمارے ملک میں بھیجنے کے لئے، بازار پانے کے لئے ہمارے بنگال کے ہینڈلوم کے جو سب کاریگر تھے ان کے انگوٹھے کاٹ دیئے تھے - وہ تاریخ ہم انہیں اسلئے یاد دلانا چاہتے ہیں کہ آج مرکز میں دلّی میں جن کی حکومت ہے وہ W.T.O کے ذریعے بیرونی ممالک کے سامان ہمارے ملک میں لے آ رہے ہیں۔

دروازے کھول دیئے گئے ہیں - تو ہمارے ہینڈلوم کے جو کاریگر ہیں جو غریب لوگ ہیں
وہ کہاں جائیں گے کبھی سوچا ہے ہمارے فاضل دوستوں نے - انہوں نے اس پر توجہ نہیں دی ہے۔
اب تو ہمارے لباس (Garments) بھی باہر سے آئیں گے ایسے میں ہمارے یہاں کے ماسٹر درزی
~~کیسے جئیں گے~~ جو ہزاروں ہزار کی تعداد میں یہاں ہیں وہ کہاں جائیں گے - کبھی اس پر توجہ
نہیں دی گئی ہے - مخالفت کرنے سے پہلے انہیں اپنے گریبان میں منہ ڈال کر دیکھنا چاہئے۔
سیلاب کی وجہ سے ہمارے کاریگروں کو مصیبت کا سامنا کرنا پڑتا ہے - وقت کی نزاکت
کو سمجھتے ہوئے Cottage & Small Scale Industries کے سلسلے میں ہمارے وزیر
جو قدم اٹھا رہے ہیں اس کی حمایت کرتے ہوئے . ہمیں آگے بڑھنا چاہئے - انگریز
جس ریشم کو خریدنے کے لئے باہر سے یہاں آتے تھے اس ریشم کو فروغ دینے کے لئے ہمیں
کوشش کرنی چاہئے آگے بڑھنا چاہئے -

کہنے کو بہت کچھ تھا جو ہم کہنے پہ آتے
ان کو یہ شکایت ہے کہ ہم کچھ نہیں کہتے

শ্রী অজয় দে : মাননীয় চেয়ারম্যান স্যার, ক্ষুদ্র ও কুটির শিল্প বিভাগের মন্ত্রী শ্রী বংশগোপাল চৌধুরী মহাশয় এখানে যে ব্যয় বরাদ্দের দাবী পেশ করেছেন আমি এর বিরোধিতা করছি এবং আমার এবং বিরোধী দলের পক্ষ থেকে যে ছাঁটাই প্রস্তাব আনা হয়েছে তার সমর্থনে কয়েকটি কথা বলার চেষ্টা করছি। বিশেষ করে আজকে ছোট ছোট শিল্পগুলিকে ঘিরে যে গ্রামীণ অর্থনীতি দাঁড়িয়ে রয়েছে বিশেষ করে যেখানে চাকরির সুযোগ ক্রমশ সংকুচিত হয়ে আসছে, এমপ্লয়মেন্ট এক্সচেঞ্জ বেকারদের তালিকা দীর্ঘ থেকে দীর্ঘতর হচ্ছে সেই সময় আমাদের এই ছোট ছোট শিল্পগুলিতে বহু মানুষ রোজগার করছেন। কিন্তু আমরা দেখতে পাচ্ছি এই শিল্পের উপর যে পরিমাণ গুরুত্ব দেওয়ার দরকার, যেভাবে নজর দেওয়া দরকার সেটা মূলধনই হোক, বা বিপণনের ব্যবস্থাই হোক, বা যে কোনো ধরনের কারখানাই হোক বড় শিল্পের কাছে কাঁচামাল সাপ্লাইয়ের ব্যাপারে তাদের পাওনা মেটানোর ব্যাপারেই হোক একটা টালবাহানা চলছে। বড় বড় শিল্পের ব্যাপারে রাজ্য সরকার ভীষণভাবে প্রচার করছেন। আমরা দেখেছি বড় শিল্পকে নিয়ে রায়চকে র‍্যাডিশন ফোর্ড হোটেলে ডেস্টিনেশান ওয়েস্টবেঙ্গল হয়েছে, মৌ স্বাক্ষরিত হয়েছে, অনেক প্রচার হচ্ছে। আমি এর বিরুদ্ধে নই, পাশাপাশি আমি বলতে চাই ছোট ছোট শিল্পগুলিকে বাঁচিয়ে রাখতে গেলে যে উদ্যোগ

নেওয়ার দরকার তার অভাব রয়েছে। মন্ত্রী মহাশয় স্ট্যাটিসটিক্স দিয়েছেন বিভিন্ন জেলায় ৩১.০৩.২০০০ পর্যন্ত ২ লক্ষ ৭৯ হাজার ২১৯টি ইউনিট চলছে। আমার বক্তব্য হচ্ছে বড় শিল্পগুলি যখন বন্ধ হয়ে যায়, তখন বি. আই. এফ. আরে চলে যায়। এই ছোট শিল্পগুলি পুনরুজ্জীবিত করার জন্য তার কোনো ব্যবস্থা নেই। আপনি তালিকা দিয়েছেন ২ লক্ষের উপরে প্রায় ৩ লক্ষের মতো ইউনিট চলছে। কিন্তু মূলধনের অভাবে, মার্কেটিংয়ের অভাবে যে সব শিল্প বন্ধ হয়ে যাচ্ছে তার তালিকা দিতে পারবেন ? এই শিল্পগুলিকে পুনরুজ্জীবিত করবার জন্য একটা বোর্ড তৈরি করুন। ছোট ছোট শিল্পগুলিকে বাঁচিয়ে রাখার জন্য একটা বোর্ড করুন এবং তার পুনরুজ্জীবিত করবার জন্য একটা উদ্যোগ নেওয়া দরকার। বিশেষ করে ছোট ছোট শিল্পগুলির ক্ষেত্রে অনেক ব্যাপার অন্তরায় হয়ে দাঁড়ায়। এই ক্ষমতার বিকেন্দ্রীকরণ করা দরকার। সমস্ত জেলাতে ইন্ডাস্ট্রিয়াল অফিসগুলির হেড কোয়ার্টার্স আছে। তাই রেজিস্ট্রেশানের বিষয় নিয়ে এবং আরও অনেক বিষয় নিয়ে বলছি কাজের সরলীকরণ করা দরকার। ব্লকস্তরে, পঞ্চায়েত স্তরে কাজ করার সুযোগ দেওয়া যায় কিনা আপনি ভাববেন। আজকে ব্যাপক সংখ্যক কাজের তালিকা বাড়ছে কারণ বেকাররা এই দিকে বেশি করে ঝুঁকছে। আপনি এটা ভেবে দেখবেন। এখন ইলেকট্রনিক্সের যুগ, যুগের সাথে তাল মিলিয়ে চলা দরকার। আমি মনে করি কম্পিউটার আসছে, ইলেকট্রনিক মিডিয়া আসছে তাদের দিকে বিশেষভাবে নজর দেওয়া দরকার। এর জন্য ট্রেনিংয়ের বন্দোবস্ত করা দরকার যাতে ছোট শিল্পগুলি দাঁড়াতে পারে।

[5.50—6.00 p.m.]

আমি আশা করব সেই বিষয়গুলোর প্রতি আপনি নজর দেবেন। আমি যে এলাকা থেকে নির্বাচিত হয়েছি সেই শান্তিপুর হ্যান্ডলুমের ক্ষেত্রে একটা বিশেষ স্থান দখল করে রয়েছে। এ ব্যাপারে আমি এখানে কিছু কথা বলব। কৃষির পর যে শিল্পের উপর নির্ভর করে বাংলার মানুষের একটা বড় অংশ করে-কম্মে খায় তা হচ্ছে তাঁত শিল্প। কিন্তু এক্ষেত্রে বহু মানুষ সুযোগ-সুবিধা থেকে বঞ্চিত হচ্ছে। হ্যান্ডলুমকে বাঁচিয়ে রাখার জন্য যে দৃষ্টিভঙ্গির প্রয়োজন ছিল, উৎসাহের প্রয়োজন ছিল আপনাদের মধ্যে তার অভাব রয়েছে। কিন্তু পাওয়ারলুম আজকে বিভিন্ন জায়গায় ছড়িয়ে গেল। আপনারা হয়তো বলবেন যে, এক্ষেত্রে কেন্দ্রীয় সরকারের বিভিন্ন ব্যাপার আছে। তা সত্ত্বেও আমি বলছি হ্যান্ডলুমের ক্ষেত্রে, হ্যান্ডলুমকে বাঁচাতে যে উদ্যোগ নেওয়া দরকার ছিল তা নেওয়া হয়নি। আমি জানি কেন্দ্রীয় সরকার হ্যান্ডলুমকে বাঁচানোর জন্য একটা এনফোর্সমেন্ট উইং তৈরি করেছে এবং তার অধিকর্তাকে সরকার বেতন এবং বিভিন্ন সুযোগ-সুবিধা দিচ্ছে। সেন্ট্রাল গভর্ণমেন্ট তাঁকে পাঠিয়েছে। কিন্তু আপনারা তাকে দুটো স্পিনিং মিলের এম.ডি. করে রেখেছেন, অন্য কাজ করাচ্ছেন। আমি মনে করি এ বিষয়ে নজর দেওয়া দরকার। এর মধ্যে দিয়ে আজকে হস্তচালিত তাঁত শিল্পে ক্ষতি হচ্ছে।

বিভিন্ন জায়গায় দীর্ঘদিন ধরে হ্যান্ডলুম ডেভেলপমেন্ট অফিসারের পদ খালি পড়ে রয়েছে। শান্তিপুর, নবদ্বীপ, কাঁথি, বারুইপুর, আলিপুরদুয়ার প্রভৃতি স্থানে হ্যান্ডলুম

ডেভেলপমেন্ট অফিসারের পদ খালি পড়ে রয়েছে এবং সেখানে ডেপুটেশনে লোক দিয়ে কাজ চালানো হচ্ছে। এবং এর ফলে বিভিন্ন সময়ে প্রকৃত তাঁতীরা অসুবিধায় পড়ছে, উৎসাহ দিতে পারছেন না। অথচ আমি দায়িত্ব নিয়ে বলছি এই কাজগুলো টেকনিক্যাল অ্যাসিস্ট্যান্ট দিয়ে করাচ্ছেন। কিন্তু জয়েন্ট ডাইরেক্টরের পদ ১৫ মিনিটও খালি রাখছেন না। জয়েন্ট ডাইরেক্টরের পদ শূন্য রাখছেন না সাথে সাথে পূরণ করছেন, করুন। কিন্তু কেন দু বছর ধরে কৃষ্ণনগর ডিভিশনের একটা জায়গায় ডুয়েল চার্জ দিয়ে ডাইরেক্টরকে কাজ করানো হচ্ছে ? কৃষ্ণনগরে আপনাদের যে ডাইরেক্টর আছেন তিনি ফুল টাইমার নন। ছোট দপ্তর বলে নজর এত কম কিনা আমি জানি না। কমার্স অ্যান্ড ইন্ডাস্ট্রি দপ্তরের জয়েন্ট সেক্রেটারি তিনি এই ক্ষেত্রে ডাইরেক্টর হিসাবে কাজ করছেন। তাও কবে ফুল টাইমার হবেন জানি না।

সেন্ট্রাল গভর্ণমেন্টের প্ল্যান স্কীমে যে টাকা আসছে সেগুলো সঠিক সময়ে, সঠিক জায়গায় পৌঁছায় না। আমি দায়িত্ব নিয়ে বলছি প্রোজেক্ট প্যাকেজ স্কীমের টাকা ১লা ফেব্রুয়ারি ২০০০ সালে অনুমোদন হল ১ কোটি ১ লক্ষ ১৮ হাজার টাকা। কিন্তু তার এক বছর পরে ২০০১ সালের মার্চে সেটা গেল। ৫০ শতাংশ টাকা অর্থাৎ ৫২ লক্ষ ৭৮ হাজার টাকা সেন্ট্রাল গভর্ণমেন্ট দিয়েছিল কিন্তু রাজ্য সরকার ম্যাচিং গ্রান্টের ৫০ শতাংশ টাকা আজ পর্যন্ত দিলেন না। আমি মনে করি হ্যান্ডলুমের ক্ষেত্রে আপনাদের সঠিক দৃষ্টিভঙ্গির অভাব আছে, তা নেই। যদি প্রপার টাইমে টাকাটা ইউটিলাইজড হত, ম্যাচিং গ্রান্ট আপনারা সময়মত দিতেন তাহলে অনেক কাজ হতে পারত। এগুলো দেখা দরকার বলে আমি মনে করি।

আমরা দেখছি বিভিন্ন জায়গায় আধুনিক প্রযুক্তির মধ্যে দিয়ে শিল্পগুলো এগিয়ে চলেছে কিন্তু দুর্ভাগ্যের বিষয় সেন্ট্রাল গভর্ণমেন্টের টেক্সটাইল ডিপার্টমেন্ট ১০.০৭.১৯৯৮ সালে একটা সার্কুলার চালু করল যে সমস্ত স্টেটে ইন্ডিয়ান ইনস্টিটিউট অফ হ্যান্ডলুম টেকনোলজি তৈরি করা হবে এবং সেখানে ৩০ জন করে স্টুডেন্টস প্রতি বছর পাস করবে এবং তার মধ্যে দিয়ে নতুন ডিজাইন, নতুন কালার বেরিয়ে আসবে এবং তা প্রয়োগের মধ্যে দিয়ে এই শিল্পকে এগিয়ে নিয়ে যাওয়া যাবে। আমাদের পশ্চিমবাংলার ছেলেরা আজকে এ বিষয়ে পড়াশোনা করতে বেনারসে চলে যাচ্ছে। কিন্তু সেখানে আটটার বেশি সিট নেই। এ ব্যাপারে আমি বিধানসভায় প্রাক্তন মুখ্যমন্ত্রী জ্যোতি বসুকেও বলেছিলাম কিন্তু আজ পর্যন্ত আপনাদের টনক নড়েনি। সমস্ত ইনফ্রাস্ট্রাকচার শান্তিপুরে রয়েছে, ৭০ শতাংশ কেন্দ্রীয় সরকার এবং ৩০ শতাংশ রাজ্য সরকার দিয়ে সেখানে একটা এক্সপোর্ট জোন তৈরি করা হোক, এক্সপোর্ট জোন হিসাবে ডিকলেয়ার করা হোক। এখানে ছাত্রদের হোস্টেলের ব্যবস্থা রয়েছে, অথচ আপনি ঘোষণা করছেন না। আমি মনে করি তাঁত শিল্পকে বাঁচিয়ে রাখতে গেলে ইন্ডিয়ান ইনস্টিটিউট অফ হ্যান্ডলুম টেকনোলজি গড়ে তোলা দরকার, এরজন্য সবরকম ব্যবস্থা আছে। উন্নত প্রযুক্তির মধ্যে দিয়ে তাঁত শিল্পের উন্নতি হবে। উন্নত প্রযুক্তি থেকে এই রাজ্যের তন্তুজীবীরা বঞ্চিত হচ্ছেন, আজকে উন্নত প্রযুক্তির সুযোগ তাঁরা পাচ্ছেন না। নদীয়ায় ইন্ডিয়ান জুট রিসার্চ ইনস্টিটিউট তৈরি হয়েছে ৩ কোটি টাকা ব্যয়ে। কিন্তু সেটা পড়ে আছে। এ ব্যাপারে রাজ্য সরকারের দৃষ্টি দেওয়া দরকার। আমাদের তন্তুবায় সমিতিগুলোকে দেখা দরকার। বিভিন্ন যে তাঁত সমবায় সমিতিগুলো রয়েছে সেই তাঁত সমবায় সমিতিগুলো

আজকে ঘুঘুর বাসায় পরিণত হয়েছে, ঠিকমত মনিটরিং হচ্ছে না। সেই সমস্ত জায়গায় যে মনিটরিং কমিটিগুলো আছে সেই মনিটরিং কমিটিগুলোতে কোনো বিধায়ককে মেম্বার করা হয় না। আজকে সেই মনিটরিং কমিটিগুলোতে কেন এলাকার এম.এল.এ.দের মেম্বার হিসেবে রাখা হবে না.? আজকে সেই সব মনিটরিং কমিটিগুলোতে আপনাদের দলের লোকেদের রেখেছেন। ১৯৮৬ সালে ১১০টি তন্তুবায় সমিতি রেজিস্টার্ড হয়েছিল, তাদেরকে ৮ থেকে ১০ লক্ষ টাকা অনুদান দেওয়া হয়েছিল। কিন্তু আজকে সেখানে কি অবস্থা চলছে। আমি কতকগুলো জায়গার নাম বলছি, যেমন হুগলির গোঘাট, সেখানে সমবায় সমিতি সি.পি.এমের পার্টি অফিসে পরিণত হয়েছে, রানাঘাটের রামনগরে তাঁত সমবায় সমিতি গত বিধানসভা নির্বাচনের আগে সি.পি.এম পার্টির নির্বাচনী অফিসে পরিণত হয়েছিল। আজকে সোসাইটির যে অর্থ আছে তার কোনো অডিট হয় না, তার অডিটের কোনো ব্যবস্থা নেই। আজকে এরকম ঘটনা ঘটে চলেছে। আজকে এ ব্যাপারে নিশ্চিতভাবে দৃষ্টি দেওয়া দরকার। আজকে তন্তু শিল্পীদের নাভিশ্বাস উঠছে, এর হাত থেকে তাঁদের মুক্তি দেওয়ার ব্যবস্থা করবেন। এই কথা বলে এই বাজেটের বিরোধিতা করে এবং আমাদের কাট-মোশানগুলোকে সমর্থন করে আমি আমার বক্তব্য শেষ করছি।

শ্রী ধনঞ্জয় মোদক : মাননীয় চেয়ারম্যান স্যার, মাননীয় ক্ষুদ্র ও কুটির শিল্পমন্ত্রী শ্রী বংশগোপাল চৌধুরী মহাশয় এখানে ৭৩ নম্বর দাবির অধীন যে ব্যয়-বরাদ্দের দাবি পেশ করেছেন আমি তাকে সমর্থন করে কয়েকটি কথা বলতে চাই। এই বিষয়ে বলতে গিয়ে প্রথমেই বলা দরকার যে, স্বাধীনতা পাওয়ার পর আমাদের দেশে যাঁরা ক্ষমতায় এসেছিলেন তাঁরা দেশের অর্থনীতিকে কিভাবে পরিচালিত করা হবে সেই বিষয়ে প্রথমেই গোড়ায় গলদ করলেন। একটা দেশের কৃষির পরেই ক্ষুদ্র ও কুটির শিল্পের উপর সবচেয়ে বেশি গুরুত্ব দেওয়া দরকার। আমাদের দেশে যাঁরা শাসন ক্ষমতায় এসেছিলেন সেই কংগ্রেস দল তাঁরা আমাদের দেশের ক্ষুদ্র ও কুটির শিল্পকে গুরুত্ব না দিয়ে তাঁরা ভারী শিল্পকে প্রথমে গুরুত্ব দিলেন। একটা উন্নয়নশীল দেশে প্রথমে ক্ষুদ্র ও কুটির শিল্পের উপরই গুরুত্ব দিতে হয়। এর সঙ্গে সঙ্গে ক্ষুদ্র ও কুটির শিল্পের প্রয়োজনীয়তার উপর গড়ে উঠে মাঝারি শিল্প এবং তারপর মাঝারি শিল্পের প্রয়োজনীয়তার উপর গড়ে উঠে ভারী শিল্প। এটাই হল ইকনমিক্স। কিন্তু আপনারা তা করেননি। আজকে কংগ্রেসের কিছু অংশ তৃণমূলে গিয়েছেন। গান্ধীজি—যিনি কংগ্রেসের গড্ ফাদার বলে পরিচিত ছিলেন, খ্যাত ছিলেন—তিনি ক্ষুদ্র ও কুটির শিল্পের উপর গুরুত্ব দেওয়ার কথা বলেছিলেন। কিন্তু আপনারা তার উল্টো কাজ করেছেন। তাঁর নামে দল চললেও, তাঁর নীতির উল্টো কাজ করলেন। পরবর্তীকালে দেখা গেছে গান্ধীজির হত্যাকারী নাথুরাম গড্সের দলের সঙ্গে আপনাদের দলের কিছু অংশ মিশে গিয়েছিলেন। এটা ঘটনা। তাঁদের দলের নীতি নির্ধারকদের কথা তাঁরা শুনতেন না। পশ্চিমবঙ্গে বামফ্রন্ট সরকার ক্ষমতায় আসার পর ভূমিসংস্কার হয়েছে এবং তার ফলে পশ্চিমবঙ্গে ইকনমিক স্টেবিলিটি এসেছে, তার প্রমাণ পাওয়া যাবে ছত্রে ছত্রে। স্মল সেভিংসের ক্ষেত্রে ১৯৯৯-২০০০-এ আমরা ৫ হাজার ৫৮৪ কোটি টাকা সংগ্রহ করেছি। আমরা এল.আই.সি.-তে যে টাকা ডিপোজিট করি তাতে সারা ভারতবর্ষের মধ্যে মহারাষ্ট্রের পরেই আমাদের স্থান—এ ব্যাপারে আমরা দ্বিতীয় স্থানে আছি।

রিজার্ভ ব্যাঙ্ক ১৯৯৯-২০০০ সালের যে রিপোর্ট দিয়েছেন তাতে দেখা যাচ্ছে যে, ৫১,৫৪৭.৪৭ কোটি টাকা পশ্চিমবঙ্গ থেকে সংগৃহীত হয়েছে।

[6.00—6.10 p.m.]

পশ্চিমবাংলায় বামফ্রন্ট সরকারের বিভিন্ন কর্মসূচির মধ্যে দিয়ে গ্রামাঞ্চলে যে ইকনমিক স্টেবিলিটি এসেছে তাকে আরো শক্তিশালী করার জন্য, আরো গতিশীল করার জন্য ক্ষুদ্র ও কুটিরশিল্পকে গুরুত্ব দেওয়া দরকার। সেজন্য একটা র‍্যাডিক্যাল চিন্তা-ভাবনার প্রয়োজন। সেই চিন্তা-ভাবনাই আজকে মাননীয় মন্ত্রী মহাশয়ের বাজেট ভাষণের মধ্যে আমরা লক্ষ্য করছি। পশ্চিমবাংলায় তাঁত শিল্প একটা অসম প্রতিযোগিতার মধ্যে দাঁড়িয়ে আছে। তুলো কৃষ্ণ মৃত্তিকার ফসল। মহারাষ্ট্র বা ভারতবর্ষের পশ্চিমাঞ্চলে তুলো বেশি উৎপন্ন হয়। এর সঙ্গে দীর্ঘদিন ধরে মাশুল সমীকরণ নীতি আমাদের তাঁত শিল্প এবং বস্ত্রশিল্পকে প্রায় ধ্বংস করে দিয়ে গেছে। ওই নীতি অনুযায়ী আমাদের রাজ্যের কয়লা পশ্চিমবাংলায় এবং মহারাষ্ট্রে একই দামে বিক্রি হয়েছে। অথচ মহারাষ্ট্রের তুলো আমরা একদামে পাইনি। তারজন্য আমাদের অনেক বেশি দাম দিতে হয়েছে। আজও আমাদের তাঁত শিল্পকে একটা অসম প্রতিযোগিতার মধ্যে দিয়ে চলতে হচ্ছে। অথচ আমাদের রাজ্যে সাড়ে পাঁচ লক্ষ মানুষ তাঁত শিল্পের সঙ্গে যুক্ত। অতএব এ বিষয়ে রাজ্য সরকারকে উদ্যোগী হতে হবে। কিছুটা কম দামে তুলো বা সুতো যাতে তাঁত শিল্পীদের কাছে সরবরাহ করা যায় তার জন্য ব্যবস্থা গ্রহণ করতে হবে। সাথে সাথে তাঁরা যাতে সহজ শর্তে ব্যাঙ্ক বা অন্যান্য আর্থিক সংস্থা থেকে ঋণ পেতে পারে তার জন্যও ব্যবস্থা গ্রহণ করতে হবে। উৎপন্ন দ্রব্য সহজেই যাতে বাজারজাত করতে পারে তার জন্যও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে। সরকারের পক্ষ থেকে তাঁত শিল্পীদের যদি কিছু অনুদান দেওয়ার ব্যবস্থা করা যায় তাহলে সবচেয়ে ভাল হয়। এ ক্ষেত্রে শুধু তাঁত শিল্প নয়, আমাদের যে চিরাচরিত কুটির শিল্পগুলি আছে সেগুলির প্রতিও আমি সরকারের দৃষ্টি আকর্ষণ করছি। কৃষ্ণনগরের মাটির শিল্প এবং বাঁকুড়ার কাঠের শিল্পকেও আমাদের বাঁচিয়ে রাখার ব্যবস্থা করতে হবে এবং সম্প্রসারণের চেষ্টা করতে হবে। এসব বিষয়ে সঠিক পরিকল্পনা গ্রহণ করা আবশ্যক। আমরা লক্ষ্য করছি বিভিন্ন ক্ষেত্রে আমাদের রাজ্যের বেকার যুবকদের ব্যাঙ্ক এবং অন্যান্য আর্থিক সংস্থাগুলি ঋণদান করার ক্ষেত্রে সহযোগিতা করছে না। বিভিন্ন ব্যাঙ্ক এবং এল.আই.সি পশ্চিমবাংলা থেকে টাকা নিয়ে যাচ্ছে, অথচ পশ্চিমবাংলার বেকার যুবকদের ঋণদান করার ক্ষেত্রে বিভিন্নভাবে চক্রান্ত করে বঞ্চিত করছে। এমন কি আমাদের রাজ্যের ক্ষেত্রে পি.এম.আর.ওয়াই-এর টাকা পর্যন্ত দেওয়া হচ্ছে না। আমি মনে করি এ বিষয়ে আমাদের এই বিধানসভা থেকে একটা প্রস্তাব গ্রহণ করে ব্যাঙ্ক এবং অন্যান্য সংস্থাগুলির ওপর চাপ সৃষ্টি করা উচিত। এ ছাড়া আমি মনে করি শুধুমাত্র ডিস্ট্রিক্ট হেড কোয়ার্টারেই ডি.আই.সি থাকলেই হবে না, ব্লকে ব্লকে শিল্প কেন্দ্র স্থাপন করা দরকার। আমরা লক্ষ্য করছি আমাদের নদীয়া জেলার পাট চাষীরা প্রতি বছর ফড়িয়া, মহাজন এবং মিল মালিকদের খপ্পরে পড়ছে। কুটির ও ক্ষুদ্র শিল্পে পাটকে ব্যবহার করে আজকের দিনে বহু শিল্পদ্রব্য প্রস্তুত করা সম্ভব। বড় পাটকলগুলির ওপর কেবলমাত্র নির্ভরশীল না থেকে সেদিকে আমাদের উদ্যোগী হওয়া দরকার। ধানের তুষ থেকে তেল তৈরির সঠিক পরিকাঠামো গড়ার

দরকার আছে। আমরা দেখছি এই তেলের চাহিদা বৃদ্ধি পাচ্ছে। পরিশেষে আমি বলব ক্ষুদ্র শিল্প উদ্যোগীদের বাঁচাতে হলে ব্যাঙ্ক ঋণের ব্যবস্থা করতে হবে, কাঁচামালের ব্যবস্থা করতে হবে এবং উৎপন্ন পণ্য বাজারে বিক্রির ব্যবস্থা করতে হবে। পরিকল্পনামাফিক রাজ্য সরকারকে এই তিনটি কাজ করার জন্য সর্বপ্রকার উদ্যোগ গ্রহণ করতে হবে। এই ক'টি কথা বলে, এই বাজেটকে সমর্থন করে আমি আমার বক্তব্য শেষ করছি। ধন্যবাদ।

শ্রী অজিত ভুঁইঞা : মাননীয় সভাপতি মহাশয়, ক্ষুদ্র ও কুটির শিল্প বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী শ্রী বংশগোপাল চৌধুরী ২০০১-২০০২ সালের ৭৩ নং দাবির অধীন যে বাজেট প্রস্তাব এখানে পেশ করেছেন সেই বাজেট প্রস্তাবের বিরোধিতা করে এবং আমাদের পক্ষ থেকে আনা কাট মোশানগুলিকে সমর্থন করে আমি কয়েকটি কথা বলতে চাই। এই গ্রামীণ এবং ক্ষুদ্র কুটির শিল্প দপ্তর সমস্ত দপ্তরের চেয়ে—আমি মনে করি—এটা গুরুত্বপূর্ণ দপ্তর। আমাদের পশ্চিমবাংলায় হাজারও সমস্যা রয়েছে। তার মধ্যে অন্যতম প্রধান সমস্যা হচ্ছে বেকার সমস্যা আর এই বেকার সমস্যার সমাধানের বিষয়ে কর্মসংস্থানের দিক থেকেই বলুন আর স্বনিযুক্তি প্রকল্পের মাধ্যমেই বলুন—যেদিক দিয়েই আমরা যাই না কেন—সেই উদ্দেশ্যসাধন করতে গেলে কুটির এবং গ্রামীণ শিল্পের যে একটা বিশাল ভূমিকা রয়েছে সে বিষয়ে কোনো সন্দেহ নেই। কিন্তু আশ্চর্য হয়ে দেখছি, যে টাকা এই দপ্তরের উন্নয়নের জন্য বরাদ্দ হয়েছে তা হল ১৬৮ কোটি ৩৪ লক্ষ ৫৬ হাজার টাকা। একটু আগে একজন বর্ষীয়ান সদস্য বললেন, উটের মুখে জিরাফ, যেন সেইরকম অবস্থা হয়েছে। আমি এই কথা বলছি এই জন্য, পশ্চিমবাংলার গ্রামীণ ও ক্ষুদ্র কুটির শিল্পের ক্ষেত্রে কম-বেশি আমার কিছুটা অভিজ্ঞতা রয়েছে, যেহেতু আমি গ্রাম থেকে এসেছি। আমি দেখেছি, যাদের জন্য এই ভাবনা ভাবছেন সেই জায়গায়ই সমস্যা থেকে যাচ্ছে। এখানে অনেক সমস্যার কথা বলা হচ্ছে। এখন মুরগীর ঠ্যাং দেখে এরা ভয় পেয়ে যাচ্ছেন। এতে ভয় পাবার কিছু নেই। আসলে, ওদের ভয় পাওয়া অভ্যাস হয়ে গেছে। গ্যাট চুক্তি, উদারীকরণ তাতে ভয় পাবার বিষয় নয়। আপনাদের ভাবা দরকার, আপনাদের গুরুদেব, চীন, সেই চীন দেশ গ্যাট চুক্তিকে গ্রহণ করে নিয়ে তারা কুটির শিল্প-সামগ্রী ভারতবর্ষের বাজারে এবং আপনার খাবার টেবিলে হাজির করে যাচ্ছে। আমি যে কথাটা বলতে চাই, ভারতবর্ষের অর্থনীতিতে যে উদারীকরণ, সেই উদারীকরণ অর্থনীতির উপর দাঁড়িয়ে পাঞ্জাবে যদি কুটির শিল্পের প্রসার ঘটতে পারে, গুজরাটে যদি কুটির শিল্পের প্রসার ঘটতে পারে, মহারাষ্ট্র এবং অন্ধ্রপ্রদেশে যদি প্রসার ঘটতে পারে তাহলে আপনারা কেন ভয় পেয়ে যাচ্ছেন ? আসলে ফাঁকা মাঠে আপনাদের গোল দেবার অভ্যাস হয়ে যাচ্ছে। যেমন—নির্বাচনের সময়ে কেশপুর, গড়বেতা নিয়ে চিৎকার করে ১ লক্ষ ভোটে জিতে বাজিমাত করলেন, তেমনি শিল্পের ক্ষেত্রেও যাতে কোনো প্রতিযোগিতা না থাকে তারজন্য পশ্চিমবাংলার গান গেয়ে দিল্লির সেমিনারে গিয়ে বাজিমাত করবেন। মাননীয় মন্ত্রিমহাশয় এই বাজেটে যে বিষয়ের উপর বেশি করে গুরুত্ব দিচ্ছেন তাহল, হ্যান্ডলুমে দিয়েছেন ১০ কোটি ২২ লক্ষ ৫ হাজার টাকা। স্মল স্কেল ইন্ডাস্ট্রিতে দিয়েছেন ১০ কোটি ২৮ লক্ষ ১১ হাজার টাকা। হ্যান্ডিক্র্যাফ্‌ট ইন্ডাস্ট্রিতে দিয়েছেন ১ কোটি ১৫ লক্ষ ৩০ হাজার টাকা। খাদি ভিলেজে—যে জায়গায় দাঁড়াবার জন্য খুব বেশি গুরুত্ব দেওয়া দরকার ছিল, সেই খাদি

ভিলেজ উন্নয়ন পর্ষদে ৩ কোটি ১০ লক্ষ টাকা বরাদ্দ করেছেন। আপনি খোঁজ নিয়ে দেখেছেন কিনা জানি না, আপনি যে বাজেট পেশ করেছেন সেক্ষেত্রে প্রতি ব্লকে, প্রতি জেলায় খাদির উপর কতজন শিল্পোদ্যোগী আজকে স্বনির্ভর হতে পেরেছে সেই হিসাবের কোনো উল্লেখ নেই, আপনি শুধু সারা পশ্চিমবাংলার হিসাব দিয়েছেন। আসল কথা, যাদের নিয়ে ভাবছেন, যাদের নিয়ে শিল্প গড়ার স্বপ্ন দেখছেন—এই ২৫ বছরের অভিজ্ঞতায় দেখছি—বংশগোপালবাবু সব ধ্বংস করে দিয়েছেন। যাদেরকে নিয়ে ভাবছেন শিল্প করার তারা খাদি ভাণ্ডার, খাদি কমিশন থেকে লোন নিয়েছিল, কিন্তু পরিশোধ করতে শেখেনি। আপনারা তাদের জন্য আবার দায়িত্ব নিচ্ছেন। ব্যাঙ্ক থেকে লোন তারা নেবেন আর বিকালে ৫টার সময়ে লাল পতাকা নিয়ে মিছিল করলে তাদের আর ব্যাঙ্কের টাকা পরিশোধ করতে হবে না।

[6.10—6.20 p.m.]

তাই আমি যে কথাটা বলছিলাম সেটা হচ্ছে, এর আগে আই.আর.ডি.পি.-র মাধ্যমে হাজার হাজার কোটি টাকা বরাদ্দ করা হয়েছে ওই ক্ষুদ্র এবং গ্রামীণ শিল্পের উন্নয়নের জন্য কিন্তু তা বরাদ্দ করার পরও কি হয়েছে সেটা আপনি জানেন। সেখানে কতজন মানুষ মাথা তুলে দাঁড়াতে পেরেছেন আশা করি সেটা বলবেন। এই যেখানে অবস্থা সেখানে আপনার এই ১৬৮ কোটি টাকাতে কি হবে আমরা বুঝতে পারছি না। আপনি চিরাচরিতভাবে বা বাঁধা বন্দোবস্ত হিসাবে যেসব প্রকল্প চলে আসছে তার কথা বলেছেন এবং বরাদ্দ করেছেন, তার আমি বিরোধিতা করছি না, কিন্তু এর বাইরেও ক্ষুদ্র এবং কুটির শিল্প যেগুলি আছে তার দিকেও আপনাকে বিশেষভাবে নজর দিতে হবে। ক্ষুদ্র ও কুটির শিল্প বলতে শুধু ওই তাঁতশিল্প, হ্যান্ডিক্র্যাফ্‌ট বা খাদি কমিশন নিয়েই ভাবলে চলবে না তার বাইরেও আপনাকে ভাবতে হবে। আমাদের মেদিনীপুর, বাঁকুড়া, পুরুলিয়ায় যে বিস্তীর্ণ বনাঞ্চল যেটাকে ল্যাটেরাইট জোন বলা হয় সেই এস.সি.এস.টি অধ্যুষিত এলাকার মানুষদের কথাও আপনার বিশেষভাবে ভাবা দরকার এবং সেখানে কুটির শিল্পের প্রসার ঘটানো দরকার কিন্তু আপনার বাজেট ভাষণে তার কোনো উল্লেখ নেই। স্পেশ্যাল কমপোনেন্ট প্ল্যানে এখানে এক কোটি এক লক্ষ টাকা দিয়েছেন, কমপোজিট ভিলেজ অ্যান্ড স্মল ইন্ডাস্ট্রিতে দিয়েছেন মাত্র ৫ লক্ষ ৭৫ হাজার টাকা। এই ৫ লক্ষ ৭৫ হাজার টাকা বরাদ্দ করাটা একটা হাস্যকর ব্যাপার ছাড়া আর কিছুই নয় কারণ আপনারা এটা নিয়ে অনেক বড় বড় কথা বলছেন। এই টাকা দিয়ে কতজন মানুষকে এই প্রযুক্তির মধ্যে আনতে পারবেন বলুন। আমি আপনাকে বিশেষ করে বাঁশ ও বেত শিল্প নিয়ে ভাবতে বলব। আপনি জানেন, এই বাঁশ ও বেত শিল্পের উপর যারা জীবিকা নির্বাহ করেন তারা অত্যন্ত নিম্ন আয়ের মানুষ। বলা যায় তারা দারিদ্র্যসীমার নীচে বসবাসকারী মানুষ। এই শিল্পের মাধ্যমে তারা যাতে ভালোভাবে জীবিকা নির্বাহ করতে পারেন এবং তাদের জীবনযাত্রার মান উন্নয়ন করতে পারেন সে ব্যাপারে আপনার সচেষ্ট হওয়া দরকার। আপনি জানেন আজকের অর্থনৈতিক অবস্থা যা দাঁড়িয়েছে তাতে ওই ৫ হাজার টাকা বা ১০ হাজার টাকা দিয়ে কিছুই হয় না শুধু পার্টির ক্যাডার পোষা ছাড়া, কাজেই মানুষের আর্থিক বুনিয়াদ যদি মজবুত করতে হয় তাহলে সঠিকভাবে তা নিয়ে চিন্তাভাবনা করা উচিত। আজকে একটা শিল্প করতে গেলে প্ল্যান, এস্টিমেট অনুযায়ী যা

দাঁড়ায় তাতে ৫০ হাজার বা এক লক্ষ টাকা ছাড়া হয় না কিন্তু সেখানে আপনি ধরেছেন মাত্র ৫ লক্ষ ৭৫ হাজার টাকা। এই টাকা দিয়ে কজন মানুষের আপনি উপকার করতে পারবেন আমরা বুঝতে পারছি না। সেইজন্যই আমি বলছিলাম, এই টাকাটা বরাদ্দ করা হাস্যকর ছাড়া আর কিছু নয়। মাননীয় মন্ত্রী মহাশয় স্বীকার করেননি কিন্তু মাননীয় অর্থমন্ত্রী তার জেনারেল বাজেটে স্বীকার করেছেন যে রাজ্যে ক্ষুদ্র ও কুটির শিল্প এবং মাঝারি শিল্প গড়ার ক্ষেত্রে মূল সমস্যা হচ্ছে বিদ্যুৎ, রাস্তাঘাট এবং ক্যাপিটাল। আপনারা এর সঙ্গে একটা নতুন আইটেম যোগ করেছেন সেটা আমরা সমর্থন করতে পারি, সেটা হচ্ছে ল্যান্ড ব্যাঙ্ক। আজকে যারা ক্ষুদ্র এবং কুটির শিল্প করতে চান তারা যথাযথভাবে জমি পাচ্ছেন না। সেখানে প্ল্যান, এস্টিমেটে যে টাকাটা তাঁরা ধরছেন তাতে জমি কেনার টাকাটা ধরা না থাকায় তারা অসুবিধায় পড়ছেন। কাজেই এই জমি ব্যাঙ্ক তৈরি করার যে পরিকল্পনা সেটা ভাল। পাশাপাশি নতুন একটা আইটেম আপনারা যোগ করেছেন সেটা হচ্ছে আধুনিক প্রযুক্তি প্রদর্শন এবং প্রশিক্ষণের জন্য একটা প্রযুক্তি উদ্যান। এই বাজেট তো শুধুমাত্র মানুষকে ভুলাবার জন্য। সেখানে ২০ কোটি টাকা অতিরিক্ত বরাদ্দ করেছেন, কিন্তু আমরা যে কথা বলতে চাই, ২৫ বছর ধরে জ্যোতিবাবু ৫২বার বিদেশ গেছেন, কিন্তু শিল্প গড়ে তুলতে পারেননি। আপনি দেখুন কিছু করতে পারেন কিনা। এই বলে বাজেটের বিরোধিতা করে শেষ করছি।

শ্রী শেখ ইলিয়াস মহম্মদ : মাননীয় অধ্যক্ষ মহাশয়, ক্ষুদ্রায়তন এবং কুটিরশিল্প দপ্তরের মাননীয় মন্ত্রী ৭৩নং দাবির ভিত্তিতে যে বাজেট-বরাদ্দ সভায় পেশ করেছেন তাকে সম্পূর্ণ সমর্থন করে এবং বিরোধীপক্ষের কাটমোশনের তীব্র বিরোধিতা করে দু'চারটি কথা বলছি। স্যার, আপনারা সবাই জানেন, আজকে ভারতবর্ষের অর্থনীতি একটা ভগ্নপায়ে দাঁড়িয়ে রয়েছে। আমরা দেখেছি, এই অর্থনীতি যাঁরা প্রণয়ন করেন তাঁরা ভারত সরকারের গুরুত্বপূর্ণ পদে প্রতিষ্ঠিত লোক, কংগ্রেস আমলে ডঃ মনমোহন সিং, এই আমলে যশবন্ত সিনহা। আজকে উদারীকরণের ফলে আমাদের দেশে ক্ষুদ্র এবং কুটিরশিল্প একটা সঙ্কটের মধ্যে দিয়ে চলছে। সেই সঙ্কটের মধ্যে দাঁড়িয়ে রাজ্যের ক্ষুদ্র এবং কুটির শিল্পকে বাঁচাবার জন্য যে পদক্ষেপ গ্রহণ করেছেন সেটা প্রশংসনীয়। আমরা দেখছি, বিদেশ থেকে ঢালাওভাবে শিল্পজাত সামগ্রী আমাদের দেশে ঢুকছে এবং তার ফলে দেশে একটা অসম প্রতিযোগিতা চলছে। তার ফলে আমাদের কুটির শিল্প বাড়ছে না। এটা ঠিক, আমাদের কুটির শিল্পজাত সামগ্রীর গুণগত মান বাড়াতে হবে। তার জন্য এই শিল্পের সঙ্গে যাঁরা যুক্ত থাকেন তাঁদের দক্ষতা বাড়াবার প্রয়োজন আছে। আমাদের মাননীয় মন্ত্রী সেদিকে দৃষ্টি আরোপ করেছেন, তার জন্য তাঁকে ধন্যবাদ। আমরা জানি ৩.৫ লক্ষ হস্তচালিত তাঁতশিল্প রয়েছে। আগে ওইসব তাঁতশিল্পীদের জন্য কোনো সুযোগ-সুবিধার ব্যবস্থা ছিল না। কিন্তু আমাদের সরকার ষাটোর্ধ্ব তাঁত শিল্পীদের জন্য মাসিক ৪০০ টাকা ভাতার ব্যবস্থা করেছেন, কারণ বৃদ্ধবয়সে তাদের পরিবার-পরিজনকে চরম দারিদ্র্যের মধ্যে কাটাতে হত। এছাড়া আজকে গ্রুপ সেভিংসের মধ্যে দিয়ে তাঁতশিল্পী ভাইয়েরা যদি কোনো দুর্ঘটনায় পড়েন তাহলে এককালীন মোটা টাকা তাঁরা পাচ্ছেন। তার জন্য এই বাজেটকে বাজেট হিসাবে নয়, বামফ্রন্টের মন্ত্রী আছেন বলেও নয়, একটা সার্থক রূপরেখা তৈরি করেছেন, তার জন্য একে সমর্থন করছি। আজকে রাজ্যে

হলদিয়া পেট্রোকেমিক্যালসের গুরুত্ব অপরিসীম। দীর্ঘকাল কংগ্রেস জমানায় তাঁরা এর লাইসেন্স দেননি। আমরা গ্রামে-গঞ্জে লড়াই করেছিলাম এর অনুমোদনের জন্য। অবশেষে যুক্তফ্রন্ট ক্ষমতায় এসেছে এবং আমরা তার লাইসেন্স অনুমোদন পেলাম এবং পেট্রোকেমিক্যালস গঠিত হল। তাঁরা বলেছিলেন, এতে কোনো প্রডাকশন হবে না। কিন্তু আজকে দেখবেন, সেখানে বিভিন্ন পেট্রো প্রডাক্ট তৈরি হচ্ছে এবং ডাউন স্ট্রিমে অনুসারী শিল্প গঠিত হয়েছে। ২০০০-২০০১ আর্থিক বছরে এই অনুসারী শিল্প গঠনে আমাদের টার্গেট ছিল ৩৭০, সেখানে ওই আর্থিক বছরে ৪০০-র বেশি অনুসারী শিল্প গড়তে সক্ষম হয়েছি। এই দপ্তর একটা গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করছে, শিল্পোদ্যোগীদের সাহস এবং অর্থ জোগাচ্ছে। এটা করে এই দপ্তর একটা মহান দায়িত্ব পালন করে চলেছে। বিরোধীরা নিশ্চয়ই বিরোধিতা করতে পারেন, কিন্তু অন্ধ বিরোধিতা করলে পশ্চিমবঙ্গের মানুষ তাঁদের কখনো বিশ্বাস করবেন না।

পশ্চিমবাংলার মানুষ আপনাদের আঁস্তাকুড়ে নিক্ষেপ করে প্রমাণ করে দিয়েছে শুধু এই ৬বার নয় আগামী দিনে এই বামফ্রন্ট সরকার আসবে এবং ভবিষ্যতে থাকবে। আগামী দিনের জন্য বামফ্রন্ট সরকারের কোনো বিকল্প হতে পারে না। সেইজন্য এই বাজেটকে সমর্থন করে কাট মোশানগুলির বিরোধিতা করে আমার বক্তব্য শেষ করছি।

[6.20—6.30 p.m.]

শ্রী মহবুবুল হক : মাননীয় চেয়ারম্যান স্যার, বামফ্রন্ট সরকারের কুটির শিল্প বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী শ্রী বংশগোপাল চৌধুরী মহাশয় যে বাজেটের দাবি পেশ করেছেন সেটাকে সমর্থন করলে ভাল হত কিন্তু আমি সমর্থন করতে পারছি না। আমাদের বিরোধী দলের পক্ষ থেকে যে কাট মোশান নিয়ে এসেছেন সেটা যুক্তিসংগত বলে আমি সমর্থন করছি। অনেক বন্ধু এখানে ভয় পেয়ে গিয়েছেন। কারণ ভারতবর্ষে বিশ্বায়নের ছোঁয়া লেগে গেছে বলে। ভারতবর্ষের মধ্যে পশ্চিমবাংলা একটা অঙ্গরাজ্য, আজকে পশ্চিমবাংলা ভয় পেয়ে গেছে, বিশ্বায়ন নিয়ে চিন্তা করছেন। এক বন্ধু বললেন যে বৃহৎ শিল্পের জন্য কুটির শিল্প ধ্বংস করে দিয়েছে। আমি এর প্রতিবাদ করছি। এই কথা মনে রাখা দরকার, বৃহৎ শিল্পের সঙ্গে সঙ্গে অন্যান্য শিল্প গড়ে ওঠে। ভারতবর্ষের অন্যান্য জায়গায় বড় বড় শিল্প হয়েছে। মহারাষ্ট্র, গুজরাট, পাঞ্জাব সেখানে বড় বড় শিল্প হয়েছে। সেখানে কি কুটির শিল্প ধ্বংস হয়ে গেছে ? আমাদের পশ্চিমবাংলার থেকে তারা এগিয়ে আছে। ২৪ বছর ধরে আপনারা পশ্চিমবাংলায় শাসন ব্যবস্থায় আছেন। আজকে আপনাদের দূরদর্শিতার অভাবে কুটির শিল্পের এই হাল। গান্ধীজির স্বপ্ন ছিল গ্রামীণ অর্থনীতিকে চাঙা করতে হলে কুটির শিল্প খাদি গ্রামীণ শিল্পের মাধ্যমে করতে হবে। সেই স্বপ্ন আজকে ভেঙে গিয়েছে। বিশেষ করে ২৪ বছর ধরে বামফ্রন্ট সরকারের দূরদর্শিতার অভাবে এটা হয়েছে বলে আমি মনে করি। জানি আপনারা একমত হতে পারবেন না। আপনাদের কোনো সমন্বয় নেই। আজকে এখানে কুটির শিল্পের বাজেট বরাদ্দ অনুমোদিত হবে, তার সঙ্গে আনুষঙ্গিক যে সমস্ত দপ্তর আছে তাদের সঙ্গে আপনি সমন্বয়সাধন করতে পারেননি। আপনার সমবায় দপ্তরকে দরকার আপনার

কুটির শিল্পের মধ্যে, আজকে বিদ্যুৎ দপ্তরকে দরকার আছে। গ্রামে রাস্তাঘাটের প্রয়োজন আছে, আজকে তার মার্কেটিং-এর দরকার আছে। আজকে জলের ব্যবস্থা করার দরকার আছে, ব্যাঙ্কের দরকার আছে। আপনি বলুন তো, আজকে এখানে বক্তব্যে বলেছেন এখানে ব্যাঙ্কের ঋণ পাওয়ার জন্য একটা ইউনিট করেছেন, কিন্তু ব্যাঙ্কে কতবার ছোটাছুটি করতে হয় ? ঋণ পেলেই হলনা, আনুষঙ্গিক বিদ্যুৎ পাচ্ছে না, রাস্তাঘাট নেই, জল নেই। প্রথমত শিল্প গঠন করার ক্ষেত্রেই রুগ্‌ণ হয়ে যাচ্ছে, ব্যাঙ্কে ঋণের সুদ বেড়ে যাচ্ছে। সেইজন্য বলছি সমন্বয়ের অভাব। বংশগোপালবাবু নতুন মন্ত্রী হয়েছেন, আশা করি উনি সেই দিকে নজর দেবেন। আমি কয়েকটি বিষয় আপনার কাছে নিবেদন করব। ক্ষুদ্র শিল্পকে বাঁচাবার জন্য সমন্বয়সাধন করতে না পারলে কিছু হবে না। এটা আপনাকে খুঁজে বার করতে হবে। এখানে তাঁত শিল্পের কথা রেশম শিল্পের কথা বলা হয়েছে। আরো অনেক শিল্প আছে যেটা ক্ষুদ্র শিল্পের আওতায় পড়ে। কাঁসার শিল্প, এটা মার খাচ্ছে। পুরুলিয়ার কোটলারি শিল্প, এটা বিশ্ববিখ্যাত শিল্প ছিল, সেটার ব্যাপারে আপনারা গুরুত্ব দিচ্ছেন না। এখানে লাক্ষার কথা বলা হয়েছে। রেশম, মালদা মুর্শিদাবাদে প্রচুর হয়। এই বিশ্বায়নের যুগে চীন থেকে ভালমানের সিল্ক আসছে, যার ফলে আমাদের রেশম শিল্প মার খাচ্ছে। মালদা মুর্শিদাবাদে যথেষ্ট ভালমানের রেশম তৈরি হয়, সেটা কেন মার খাচ্ছে সেটা দেখতে হবে। আমরা কেন পেছিয়ে যাচ্ছি সেটা আমরা লক্ষ্য করতে পারছি না। মধুঘাটায় ফিলিয়েচার এবং উইভিং সেন্টার দীর্ঘদিন ধরে বন্ধ হয়ে আছে। আপনারা জেলা পরিষদকে অনেক ক্ষমতা দিয়েছেন। মালদহে মধুঘাট ফিলিয়েচার, যেটি একটি সরকারি উইভার্স সেন্টার ছিল, সেটি আজও চালু হল না। এইদিকে দৃষ্টি না দিলে কিছুই হবে না। আপনাদের যে সমস্ত শিল্প- সামগ্রীর মার্কেটিং হচ্ছে, বিশেষ করে তন্তুশ্রী এবং মঞ্জুষার মাধ্যমে যেগুলি বিক্রি হচ্ছে, সরকার-এর বিভিন্ন দপ্তর যেগুলো কিনছে, দেখা যাচ্ছে, তন্তুজ এবং তন্তুশ্রীর মাধ্যমে যে মার্কেটিংগুলো হচ্ছে, সেখানে আমরা কি দেখছি ? প্রায় সব জায়গাতেই লসে চলছে। আমি সাবজেক্ট কমিটির মেম্বার ছিলাম, আমার কাছে লিস্ট আছে। তাতে লেখা আছে, Out of 125 showroom situated in the state and out-side, 8 are running at a profit and 117 showroom are running at a loss. কোন্ কোন্ ডিস্ট্রিক্টে ক'টা শো-রুমে লস হয়েছে এবং ক'টা লাভ করছে, তা আমি বলছি। ঢাকুরিয়া, গোলপার্ক, লিন্ডসে স্ট্রিট, মানিকতলা এবং রিফিউজি হ্যান্ডিক্রাফট ও তন্তুজ ভবন, আমাদের ওয়েস্ট বেঙ্গলে মাত্র ছ'টি লাভ করছে। মোট ১২৫টির মধ্যে ১১৭টিতে লস, আর ৮টি মাত্র লাভ করছে। ওয়েস্ট বেঙ্গলের বাইরে ৪৫টির মধ্যে ৪০টি লসে রান করছে কেন, না আজকে যাদের মাধ্যমে মার্কেটিং করছেন, সেগুলো লসে চলছে। এটা কেন হচ্ছে তা চিন্তা করবেন না ? তন্তুশ্রীর যে শোরুমগুলো আছে, সেগুলো কোথায় আছে, কিভাবে আছে তা কি দেখেছেন ? অনেক জায়গায় পরিবেশ নেই, মানুষকে অ্যাট্রাকশান করার মতো কিছু নেই। আপনারা কর্মসংস্কৃতির কথা বলছেন। কিন্তু দেখা যাচ্ছে, তন্তুশ্রীর যে দোকানগুলো আছে, সেখানে ওয়ার্ক কালচার নেই। পাশাপাশি, বেসরকারি যেগুলো আছে, তাদের সেলস্‌ম্যানরা অনেক কথা খরচ করে, মানুষের সঙ্গে হাসিমুখে কথা বলে জিনিসপত্র বিক্রি করে। কিন্তু তন্তুশ্রীর যে সমস্ত কর্মচারীরা আছে, তাদের আমরা হাসিমুখ দেখতে পাই না। আমি যদি কাউকে গিফট্ দিতে চাই—কি

করে প্যাক করতে হয় তাও এরা জানে না—এবং আমাকে যদি পলিপ্যাকে জিনিসটা ভরে দেওয়া হয়, তাহলে সেটা কি শোভনীয় হবে ? সেদিকে নজর দেওয়া হচ্ছে না। অথচ সেদিকে নজর না দিলে বিক্রি নেমে যায়। আমার কাছে হিসাব আছে—আমার সময় কম, সবটা বলতে পারব না—যে সমস্ত সরকারি সংস্থাগুলো আছে, তারা যে সমস্ত জিনিসগুলো নেয়, তার দামটা দীর্ঘদিন ধরে বকেয়া রেখে দেয়। তন্তুশ্রীর কাছে উন্নয়ন সমিতির ৪ লক্ষ ৬৬ হাজার ১৬৬ টাকা বাকি আছে। আপনাদের কাছে যে সমস্ত তন্তুজীবী তাদের উৎপাদন সামগ্রী পাঠায়, তাদের যদি দীর্ঘদিন ধরে পাওনা টাকা শোধ না করেন তাহলে তাদের অবস্থাটা কি দাঁড়ায় ? তারা যে ঋণ নিয়েছে, সেটা তারা শোধ দিতে পারবে না। তারা পঙ্গু হয়ে যাবে এবং আরও দুর্বল হয়ে যাবে। আপনারা কিছু কিছু টাকা, থোক্ টাকা অনুদান হয়তো দিলেন, কিন্তু এইভাবে সমবায় টিঁকতে পারে না। সরকারের বিভিন্ন ডিপার্টমেন্টের কাছে সমবায়গুলোর যে টাকা পাওনা আছে, তা কেন তারা শোধ করবে না, সে কথাটা চিন্তা করতে হবে। মাননীয় অধ্যক্ষ মহাশয়, এখানে এক হাজার টাকা বাকি আছে। বিধানসভার ক্ষেত্রে আমরা গর্ব করতে পারি। আপনার ধাক্কায় কম টাকা বাকি আছে। মাননীয় অর্থমন্ত্রী আপনার দপ্তরের জন্য যে টাকা বরাদ্দ করবেন সেই টাকা আপনি যে সময়মত পাবেন, তার নিশ্চয়তা নেই। আপনাকে আস্তে আস্তে দেওয়া হবে। এইভাবে সমস্ত ইন্ডাস্ট্রিকে দুর্বল করার চেষ্টা হচ্ছে। একে বাঁচাতে গেলে যে সমস্ত দুর্বল দিক আছে তা দূর করতে দলীয় স্বার্থে কাজ করলে হবে না, মানুষের স্বার্থে কাজ করতে হবে। এখানে আমার আগে অনেকে বলেছেন, এই দপ্তর রাজনীতির একটা আখড়া হয়ে দাঁড়িয়েছে। সেদিকে সজাগ দৃষ্টি দেবার জন্য অনুরোধ জানাই। আন্তরিকতার সঙ্গে এটা দেখা দরকার। ক্ষুদ্রশিল্পকে যদি বাঁচাতে হয়, গ্রামীণ শিল্পকে যদি বাঁচাতে হয়, তাহলে এই সমস্ত লুপহোলগুলোকে দেখতে হবে। এই কথা বলে, আমাদের কাটমোশানগুলোকে সমর্থন করে আমার বক্তব্য শেষ করছি।

[6.30—6.40 p.m.]

শ্রী মদন বাউড়ি : মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে ৭৩ নং দাবির যে ব্যয়বরাদ্দ পেশ করা হয়েছে আমি তাকে পূর্ণ সমর্থন জানাচ্ছি। বিরোধী বন্ধুদের আনা ছাঁটাই প্রস্তাবের তীব্র বিরোধিতা করছি। আমি বিরোধিতা করতে গিয়ে আপনাদের কয়েকটি বিষয়ের উপরে উল্লেখ করতে চাই। এতক্ষণ ধরে আলোচনা হচ্ছিল কুটির এবং ক্ষুদ্র শিল্পের ভবিষ্যত এবং এগুলো পশ্চিমবঙ্গের অগ্রগতির ক্ষেত্রে এই শিল্পকে বাঁচানো যেতে পারবে কিনা ইত্যাদি কিন্তু আগামীদিনে এই শিল্পের ভূমিকা কি হবে এটাই বিরোধীবন্ধুরা উল্লেখ করার চেষ্টা করলেন না। আমি ওঁদেরকে একটা কথাই বলার চেষ্টা করি যে, আজকে পশ্চিমবঙ্গে কুটির এবং ক্ষুদ্র শিল্পকে একটা বিরাট প্রতিদ্বন্দ্বীতার মধ্যে দিয়ে পশ্চিমবঙ্গের বামফ্রন্ট সরকার এবং সংশ্লিষ্ট দপ্তর এগিয়ে নিয়ে যাবার চেষ্টা করছে। আমরা এটা সবাই জানি ডব্লিউ টি ও অ্যাক্টের কথা যেটা বললেন এবং বিশ্বায়নের কথা যে বললেন এবং বিশ্ব বাণিজ্যের কথাও আমরা শুনেছি। এর মধ্যে দিয়েই একটা চিত্র পরিষ্কার হয়েছে যে, আমাদের দেশের দেশীয় শিল্পকে বাঁচাতে গেলে বহুজাতিক সংস্থার বিরুদ্ধে প্রতিদ্বন্দ্বীতার মধ্যে দিয়ে আমাদের এগোতে হবে। সেখানে এই ক্ষুদ্র এবং কুটির শিল্পকে বাঁচানোর জন্য সরকার

বিশেষ উদ্যোগ নিয়েছেন। এইক্ষেত্রে আমি বলতে চাই ভারতবর্ষের স্বাধীনতার পরবর্তীকালে ভারতবর্ষের শিল্পর রপ্তানি-আমদানি ব্যবস্থাকে সঠিকভাবে পরিচালনা করার জন্য এম.আর.টি.পি. অ্যাক্ট এবং ফেরা অ্যাক্ট চালু ছিল। যে দলে আপনারা সবাই বিগত দিনে ছিলেন এবং সেই দলের কিছু বন্ধু এখনও বসে আছেন, তাঁদের সময়ে তৈরি এমন একটা অ্যাক্টকেও তারা পরবর্তীকালে পরিবর্তন করেছিলেন। আপনার এম.আর.টি.পি. অ্যাক্ট তুলে দিয়েছিলেন, ফেরা অ্যাক্ট তুলে ফেমা অ্যাক্ট না কি করেছিলেন এবং এন.ডি.এ. সরকার এটা করেছেন। সুতরাং এই প্রতিদ্বন্দ্বিতার ফলে বিদেশি পুঁজির অনুপ্রবেশ ঘটে এবং তার ফলে ক্ষুদ্র ও কুটির শিল্প আজকে ধ্বংসের পথে যেতে বাধ্য। কিন্তু তা সত্ত্বেও বামফ্রন্ট সরকার রাজ্যের ক্ষুদ্র ও কুটির শিল্পকে বাঁচিয়ে রাখার যে উদ্যোগ নিয়েছে তা আপনার বিরোধী বন্ধুরা মন্ত্রীর বইয়ের মধ্যে সেই বিষয়গুলো যে লেখা আছে সেগুলো পড়ে থাকলেও বলার চেষ্টা করলেন না। আজকে কয়েক হাজার কর্মসংস্থানের সুযোগ এর মধ্যে আছে। বিভিন্ন ধরনের কাজের মধ্যে দিয়ে ক্ষুদ্র ও কুটির শিল্পকে বাঁচিয়ে রেখে, তার বিকাশ এবং অগ্রগতির জন্য যে পরিকল্পনা করা হয়েছে বিরোধী বন্ধুরা সেগুলো দেখতে পেলেন না। আজকে ক্ষুদ্র ও কুটির শিল্পকে বাঁচিয়ে রাখার জন্য যে ব্যয়বরাদ্দ বাজেট ধরা হয়েছে তার কথা ওঁনারা এখানে উল্লেখ করলেন না। আসলে আপনারা এই বিরোধিতা ইচ্ছাকৃতভাবেই করেছেন। তারপরে অজিত ভুঁইয়া, বিরোধী সদস্য, তিনি লাল ঝাণ্ডার ভয়ের কথা বললেন। তাঁকে বলি লাল ঝাণ্ডাকে আপনাদের এত ভয় কেন, ওই লাল ঝাণ্ডার জন্যই তো আমরা আজকে এখানে বসে আছি, ওই লাল ঝাণ্ডার জন্যেই তো আমরা শাসন ক্ষমতা দখল করেছি। ওই লাল ঝাণ্ডাকে তো ভয় হবার কোনো কারণ নেই, এখানে তো আমরা লাল ঝাণ্ডা নিয়ে বসে নেই, এখানে তো আপনাদের সঙ্গে আমাদের বন্ধুত্বপূর্ণ সম্পর্ক নিয়েই সরকারি কাজ পরিচালনার চেষ্টা করছি। আপনারা কেবলই বলেন যে আমরা হাটে বাজারে লাল ঝাণ্ডা নিয়ে ঘুরে বেড়াই। আজকে লাল ঝাণ্ডার জন্যই তো উন্নতি হয়েছে। ওই লাল ঝাণ্ডার মধ্যে দিয়েই তো পশ্চিমবঙ্গের বামফ্রন্ট সরকার উন্নয়ন কর্মসূচী, জনমুখী কর্মসূচি, কর্মমুখী কর্মসূচি নিয়েছে। আসলে এই দপ্তর যে কর্মসংস্থানের জন্য যে কর্মসূচি গ্রহণ করেছে এটা তারা মেনে নিতে পারছে না।

আমি অনুরোধ করব যে আপনারা শুধু বিরোধিতা করার জন্যই বিরোধিতা করবেন না। গতকাল রাত্রি থেকে একটা কথাই ভাবছিলাম আপনারা কেন এত বিরোধিতা করেন ? আপনারা যখন বিরোধিতা করেন তখন আমার মনে হয় আমরা বোধহয় ভাল কাজ করছি। আপনারা যখন নীরব থাকেন তখন ভাবনা হয় বোধহয় কোথাও গোলমাল হচ্ছে। সেইজন্য আমরা আনন্দিত হই যখন আপনারা বিরোধিতা করেন। আবার আমি বলি, সরকারের যে ব্যয়-বরাদ্দ এখানে এসেছে, তাঁকে সমর্থন করি এবং বিরোধী পক্ষ থেকে যে ছাঁটাই প্রস্তাব এসেছে তার বিরোধিতা করে আমার বক্তব্য শেষ করছি।

শ্রী পরেশ নাথ দাস : মাননীয় অধ্যক্ষ মহাশয়, কুটির ও ক্ষুদ্র শিল্প দপ্তরের ভারপ্রাপ্ত মন্ত্রী মাননীয় বংশগোপাল চৌধুরী মহাশয় ৭৩ নম্বর দাবির উপর যে ব্যয়-বরাদ্দ এখানে পেশ করেছে তাঁকে সমর্থন করে এবং বিরোধীদের আনা কাটমোশানের বিরোধিতা করে কয়েকটি

কথা আমি এখানে বলতে চাই। আমাদের পশ্চিমবঙ্গ ভারতবর্ষের মধ্যে একটি অঙ্গরাজ্য। ভারত সরকার যে নীতি প্রণয়ন করে কোনো রাজ্য তার সেই প্রভাব থেকে সম্পূর্ণ মুক্ত হতে পারে না। স্বাভাবিকভাবে আপনারা জানেন গত '৯১-'৯২ সালে কেন্দ্রীয় সরকার অর্থনীতির ক্ষেত্রে যে নীতি প্রণয়ন করেছেন সেটা আমাদের সর্বনাশের কারণ হয়ে দাঁড়িয়েছে। এবং সেই দিন থেকে আমাদের উদারীকরণ, বিশ্বায়ন, ডাবলিউ টি ও ওইসব অর্থনীতির ক্ষেত্রে নতুন নতুন কথা আমাদের শুনতে হয়েছে এবং তার ফলে আমরা লক্ষ্য করছি বিদেশ থেকে আমাদের এখানে নির্বিচারে জিনিসটা আমদানি করা হচ্ছে। আমাদের দেশের শিল্প কারখানাগুলি ক্রমে ক্রমে বেসরকারিকরণ করা হচ্ছে এবং ক্রমান্বয়ে তা বিদেশিদের কাছে চলে যাচ্ছে। আমরা দেখলাম গত বছরের বাজেট পাশ করার সময় কেন্দ্রীয় সরকার বলেছেন দ্বিতীয় প্রজন্মের সংস্কার। এই দ্বিতীয় প্রজন্মর সংস্কারটা কি ? এতে কি কোনো লাভ হবে ? কেন সাধারণ মানুষকে বড় শিল্পকে, কুটির শিল্পকে আমাদের শ্রমিক শ্রেণীকে আমাদের শিল্পকে অর্থনীতিকে ধ্বংস করার জন্য কেন্দ্রীয় সরকার এমন সব পদক্ষেপ গ্রহণ করেছেন—আমাদের আজকে এটা শুনে ভালো লাগল, মাননীয় সদস্য সৌগতবাবু তিনি আশঙ্কা প্রকাশ করেছেন এই বিশ্বায়ন একটা সমস্যা, একটা চ্যালেঞ্জিং, কাদের বিরুদ্ধে কাকে চ্যালেঞ্জ-এর মুখে দাঁড় করিয়েছেন আপনারা ? '৯১-'৯২ সালে আপনারা ছিলেন, আপনাদের নেতা নেত্রীরা কেন্দ্রীয় সরকারে ছিল, আপনারা প্রতিবাদ করেননি। আজকে এই জায়গায় এসে দাঁড়িয়ে, আপনারা বলছেন, বিশ্বায়ন একটা চ্যালেঞ্জিং। সেই জায়গায় দাঁড়িয়ে ক্ষুদ্র ও কুটির শিল্প দপ্তরের ভারপ্রাপ্ত মন্ত্রী এখানে যে বাজেট প্লেস করেছেন সেই দপ্তরের অবস্থা খারাপ হচ্ছে। আমি বলতে চাই, যে নীতি তারা গ্রহণ করেছেন এবং তার ফলে যে ঝড় আসছে, বড় শিল্পসহ কুটির শিল্পর এই ঝড়কে সামাল দেবার জন্য একটা বিকল্প পথের সন্ধান করে পশ্চিমবঙ্গ সরকার এখানে চলেছে। তেমনিভাবে এই দপ্তরের ভারপ্রাপ্ত মন্ত্রী চেষ্টা করেছেন এই শিল্পকে রক্ষা করার। ব্যাপকভাবে বাইরে থেকে এই সমস্ত ছোট ছোট শিল্পজাত দ্রব্য এলে পরে আমাদের শিল্প ধ্বংস হয়ে যাবে, নষ্ট হয়ে যাবে, সেই কারণে আমরা বলতে চাচ্ছি এই শিল্পকে রক্ষা করার জন্য আমাদের সকলকে উদ্যোগী হওয়া দরকার। আমাদের অর্থনীতিকে রক্ষা করার জন্য সকলের আজকে উদ্যোগী হওয়া দরকার। বিদেশ থেকে আমাদের যদি পোশাকসহ সুতির পোশাক ব্যাপকভাবে ব্যাপক পরিমাণে যদি গতিবিধি আরোপ না করে ব্যাপকভাবে আসে তাহলে আমাদের তাঁত শিল্প বাঁচবে না, শেষ হয়ে যাবে। আগামী ২০০৫ সালের মধ্যে আরো ব্যাপক আক্রমণ নেমে আসবে অবাধে। বাণিজ্যের ব্যাপারে ডাবলিউ. টি.ও.র মাধ্যমে যে নীতি গ্রহণ করা হচ্ছে, তাদের সেই নীতির কাছে কেন্দ্রীয় সরকার যেভাবে আত্মসমর্পণ করেছে আমাদের তাঁত শিল্পসহ নানান বড় শিল্পে ব্যাপক আক্রমণ নেমে আসবে। সেই কারণে আমি বলতে চাই যে ব্যয়-বরাদ্দ এখানে আনা হয়েছে বিকল্প নীতিকে সামনে রেখে, সেই কারণে আমি বলতে চাই আমাদের পশ্চিমবাংলায় এক লক্ষ টন পাট উৎপন্ন হয়। আজকে পাটশিল্পগুলো বন্ধ হয়ে যাচ্ছে। তাই জুট স্টিক এবং জুট ফাইবারকে নিয়ে ছোট ছোট শিল্প যদি করা যায় তাহলে পাট চাষীরা বাঁচবে। এই ব্যাপারে একটা পরিকাঠামো গড়ে তোলার দরকার আছে। সেই ব্যাপারে মাননীয় মন্ত্রিমহাশয় নিশ্চয় দৃষ্টি দেবেন। এই কথা বলে এই

ব্যয়-বরাদ্দকে আরেকবার সমর্থন জানিয়ে এবং বিরোধী পক্ষের আনীত কাট মোশানগুলোর বিরোধিতা করে আমার বক্তব্য শেষ করছি।

[6.40—6.50 p.m.]

শ্রী বংশগোপাল চৌধুরী : মাননীয় অধ্যক্ষ মহাশয়, আজকে এখানে কুটির ও ক্ষুদ্রায়তন শিল্প বিভাগের যে বাজেট বরাদ্দ উত্থাপন করা হয়েছে এবং তার উপরে যে আলোচনা এখানে হয়েছে, বিরোধীপক্ষের মাননীয় সদস্য সৌগত রায় যে আলোচনার সূত্রপাত করেছেন এবং সরকারি পক্ষের সদস্যরাও সেই আলোচনায় অংশগ্রহণ করেছেন, যারা আলোচনায় অংশগ্রহণ করেছেন তাদেরকে আমি প্রথমে স্বাগত জানাচ্ছি। আর বিশেষ করে সৌগতবাবু যে কথা দিয়ে তার বক্তব্য শুরু করলেন, অনেকটা বিষয়ই তিনি এখানে বলার চেষ্টা করেছেন, তার মধ্যে বিশেষ কয়েকটা দিক আছে। যেগুলোর ব্যাপারে আমাদের একমত হওয়া দরকার। সৌগতবাবুর সঙ্গে কয়েকটি বিষয়ে আমি একমত। সংসদীয় রাজনীতিতে সৌগতবাবুর অভিজ্ঞতা আছে এবং তার একটা জায়গা আছে। তবে কয়েকটি বিষয়ে সৌগতবাবুর বিরোধিতা আমাকে করতেই হবে। ভারতবর্ষের অর্থনীতি সম্পর্কে আপনি যেটা বলেছেন—ডবলু.টি.ও., গ্লোবালাইজেশান এবং তার চ্যালেঞ্জ, এটা আপনারা নিশ্চয় জানেন এবং হাউসের যারা সদস্য তাদের সকলেরও এটা জানা আছে। কেন্দ্রীয় সরকার যেভাবে নির্বিচারে আমদানি করে যাচ্ছে, এটা আমাদের দেশের পক্ষে সঠিক হচ্ছে না। আমি বিখ্যাত অর্থনীতিবিদ সুন্দরমের কথা বলব, তিনি রিসেন্ট যে স্টাডি করেছেন—আপনি কখনোই বলতে পারবেন না তিনি সবটা বামপন্থী মনোভাব নিয়ে বিশ্লেষণ করেন—সেখানে দেখানো হয়েছে এবং তিনি গুরুত্বপূর্ণভাবে বিশ্লেষণ করেছেন, আমাদের দেশের উপরে একটা আঘাত এখন সরাসরিভাবে নেমে এসেছে। সেই ক্ষেত্রে কেন্দ্রীয় সরকারের কতগুলো জায়গায় চেক অ্যান্ড ব্যালান্স থাকা দরকার। সেটা কিন্তু থাকছে না। সেটাকে আপনারা রাজনৈতিকভাবে সমর্থন করেন কিনা সেই বিতর্কে আমি যাচ্ছি না এবং সেটা আমি আপনাদের কাছে উত্থাপনও করব না। তবে আমি বলব এটা একটু ভেবে দেখা দরকার। সংসদীয় রাজনীতিতে আপনাদের একটা পথ আছে, আমাদের একটা পথ আছে, অনেক বিতর্ক আছে, অনেক পার্থক্য আছে, কিন্তু সঙ্গে সঙ্গে আমাদের এটাও বিবেচনা করতে হবে। সেই আলোচনায় আমি যেতে চাইছি না। আমাদের যেটা বড় সর্বনাশ হচ্ছে, আমাদের কৃষির উপরে সবচেয়ে আঘাত নেমে এসেছে। অজয়বাবু তার নদীয়া জেলার এবং বিধানসভা কেন্দ্রের তন্তুজীবীদের সম্পর্কে উদ্বেগ প্রকাশ করেছেন। আমি বলব কৃষিতে ভারতবর্ষে সবচাইতে আঘাত নেমে এসেছে এবং আমাদের অর্থনীতির চেহারা পাল্টে দিয়েছে। ভারতবর্ষের ভারী শিল্প যাকে ঘিরে আমাদের অ্যানসিলারী শিল্প হতে পারে, ক্ষুদ্র শিল্প হতে পারে সেই জায়গাতে সবচেয়ে বেশি আঘাত নেমে এসেছে, সবচেয়ে বেশি আঘাতপ্রাপ্ত হয়েছে। আমাদের খনি শিল্প আঘাত পেয়েছে, ইস্পাত শিল্পে আমাদের আঘাত নেমে এসেছে। এই হাউসের ভিতরে আমরা যতই বিতর্ক করি না কেন, অর্থনীতি কিন্তু তার নিজস্ব নিয়মে চলবে, তাকে আটকানো যাবে না। আমাদেরই ঠিক করতে হবে কোন পথটা আমরা গ্রহণ

করব। সবচেয়ে বড় কথা হচ্ছে, আমাদের সূচিমুখ কি হবে, কোন রাস্তাতে আমরা এগোব সেটা আমাদের ঠিক করতে হবে। ভারতবর্ষে যে অর্থনৈতিক সমীক্ষা হয়েছিল শিল্প সম্পর্কে, সেখানে কিন্তু আপওয়ার্ড গ্রোথ হচ্ছে না, সেখানে ডাউনওয়ার্ড ট্রেন্ড লক্ষ্য করা যাচ্ছে। আজকে ইন্ডাস্ট্রিয়াল প্রোডাকশান ফল করছে। গ্লোবালাইজেশান নিয়ে অন্যান্য কি বিতর্ক আছে সেই আলোচনায় আমি যাব না। কিন্তু আমাদের কার্ভ নট আপওয়ার্ড, রাইজিং, ডাউনওয়ার্ড হচ্ছে, ইন্ডাস্ট্রিয়াল প্রোডাকশান আমাদের সারা ভারতবর্ষে ফল করছে, এটা শুধু পশ্চিমবাংলাতে নয়। আপনারা যদি এটা খোলা মনে মেনে নিতে পারেন ভালো কথা, সেখানে কে শাসন করছে সেটা বড় কথা নয়। বি.জে.পি অন্যান্য রাজ্যে আছে, কেন্দ্রেও বি.জে.পি আছে। তবে ভেঙে পড়বে কিনা সেটা ওদের উপর নির্ভর করবে। কোথাও কোথাও ছোট হয়ে যাচ্ছে, সেটা ওদের দুর্ভাগ্য। অন্য রাজ্য যদি ভালো করে, আমরা নেব না কেন ? খোলা মনে নিতে হবে। সেইজন্য আপনাদেরও বলছি, সারা ভারতবর্ষের ইন্ডাস্ট্রিয়াল প্রোডাকশনের দিকে আমাদের তাকাতে হবে এবং আপনাকে নির্ভর করতে হবে অ্যানসিলারাইজেশনের উপর। ভারী শিল্প, কারখানা, খনি, ইস্পাত শিল্প মার খাচ্ছে। সুতরাং আমাদের চেহারা সুখকর থাকবে না—যতই বিতর্ক করি আমাদের সবাইকেই চেষ্টা করতে হবে। এখানে তো মত পার্থক্যের কিছু নেই।

মাননীয় বিধায়ক অজয়বাবু একটা প্রশ্ন তুলেছেন—শান্তিপুর ইত্যাদি জায়গায় কো-অপারেটিভে পার্টির লোক ইত্যাদি। খোলা মনেই বলছি, আমি তো আপনার সাথে কথা বলেই ঠিক করেছি শান্তিপুরে মিটিং করব এবং সেখানে পার্টির অ্যাফিলিয়েশন কিছু নয়। যে প্রস্তাব আপনি দিয়েছেন, সেটা আমি গ্রহণ করেছি এবং এটা আমাদের সরকারের কথা—আপনি নির্বাচিত বিধায়ক, আপনি সদস্য, আপনার কথা, আপনার মত আমাকে শুনতে হবে। নদীয়াতে, শান্তিপুরে মিটিং আমি আপনার সাথে কথা বলেই ঠিক করেছি, কোনো কো-অপারেটিভ, কোনো পার্টির অফিসে বসে নয়। আপনার সাথে যে বিতর্ক, তাই বাইরে চলবে।

এই যে বন্যার কথা বলা হয়েছে ম্যান মেড, সেটা একটু দয়া করে বিবেচনা করবেন। আপনার দলের সব নেতা, নেত্রীদেরও সম্মান আছে, সেই সম্মান দিয়েই বলছি একটু বিচার করেন—বন্যা যদি ম্যান মেড হয়, তারপর রিলিফের ব্যাপারটা কি করে ম্যান মেড হবে ? আর, রিলিফ ইত্যাদির কথা যেটা বলেছেন, সেটা রিভিউ করেছি। সামান্য কয়েকদিন আগে আমি এই দপ্তরের দায়িত্ব নিয়েছি। এটা ঠিক যে, মন্ত্রী হলেই সব বিদ্যায় পারদর্শী হয় না। সৌগতবাবু পদার্থবিদ্যার অধ্যাপক। যখন আমি বিশ্ববিদ্যালয়ে পড়তাম, তখন বন্ধুদের কাছে শুনতাম উনি পদার্থবিদ্যা খুব ভালো পড়ান। উনি পদার্থবিদ্যার অধ্যাপক ঠিকই, কিন্তু উনি যদি আইন ব্যবসা করতেন, তাহলে নানান কথা কিভাবে প্লেসমেন্ট করা যায়—সেটা সত্য হোক অসত্য হোক—খুব ভালোভাবে করতে পারতেন। এটা সৌগতবাবুর একটা কৃতিত্ব। এই সৌগতবাবু একটা খুব গুরুত্বপূর্ণ কথা বলেছেন, তাঁকে গুরুত্ব আমাকে দিতেই হবে। স্মল স্কেল ইন্ডাস্ট্রির ক্ষেত্রে যদি টেকনিক্যাল সাপোর্ট দিতে পারি। টেকনিক্যাল সাপোর্ট দিতে না পারলে, টেকনোলজি সাপোর্ট দিতে না পারলে—এই বিতর্কে একজন মাননীয় সদস্যও বলেছেন—ছোট কারখানা বন্ধ হয়ে যায়। বন্ধ হয় মানে—প্রতিযোগিতার মুখে দাঁড়াচ্ছে, টেকনিক্যাল

সাপোর্ট দেওয়া যাচ্ছে না। তারপর সবচেয়ে বড় কথা—পুঁজির অভাব হচ্ছে। স্বল্প পুঁজি নিয়ে যারা ব্যবসা করে তাদের অসুবিধা হচ্ছে। সেই বিতর্কে যাব না। রায়চক ইত্যাদিতে বড় বড় ইন্ডাস্ট্রি নিয়ে কথা হচ্ছে, জ্যোতিবাবুর বিদেশে যাওয়া, এসব কথা বলা হয়েছে। বিদেশে যদি ভালো কিছু থাকে তাহলে সেটা জানতে হবে। এই তো আমাদের অনারেবল্ স্পীকার পৃথিবীর বিভিন্ন দেশে গিয়ে সুনাম করেছেন, আমাদের সম্মান বেড়েছে। বিদেশের ভালো কিছু জানতে হলে জানব না কেন ? বিদেশের বিজ্ঞানকে অস্বীকার করতে পারেন ? আইনস্টাইন বিদেশি বলে তাঁকে অস্বীকার করতে পারেন ? বিদেশে যদি কিছু ভালো থাকে তা গ্রহণ করতে হবে। কিন্তু বিদেশে যাওয়ার নাম করে বেড়ানো ইত্যাদির আমরা সবসময় বিরোধিতা করি।

যেটা সবসময় বলছি, আমাদের টেকনিক্যাল সাপোর্ট দিতে হবে। বাইরের দেশের কথা বুঝতে হবে, অন্য রাজ্যের কথা বুঝতে হবে। আমরা স্মল স্কেল ইন্ডাস্ট্রিকে সাপোর্ট সার্ভিস দিতে চাই। স্মল স্কেল ইন্ডাস্ট্রি ডেভেলপমেন্ট এজেন্সি যেটা আছে, সেটা আমাদের উন্নত করতে হবে। এই কারণে সাপোর্ট সার্ভিসের ক্ষেত্রটিও বিবেচনা করব। আমি স্বল্প কয়েকদিন-এর মধ্যে রিভিউ-ও করেছি। এখন এটা স্ট্রেনদেন করতে চাই এই জন্য যে, স্মল স্কেল ইন্ডাস্ট্রিগুলোকে যদি এসকর্ট সার্ভিস দিতে পারি এবং ব্যাঙ্ক ফাইনান্স যদি করা যায় তবে এটা সার্থক হতে পারে। তবে আমাদের ন্যাশনালাইজ ব্যাঙ্কগুলোর একটা সমস্যা আছে, পেমেন্ট-রিপেমেন্ট-এর ক্ষেত্রে সি.ডি. রেসিও কম। কর্ণাটক, তামিলনাড়ুতে যা আছে, তার থেকে কম।

[6.50—7.00 p.m.]

আমাদের ক্রেডিট ডিপোজিট রেশিওতে আমরা কেন পিছিয়ে তার উত্তর তো আমাকে দিল্লিতে নিতে হবে। এছাড়াও আমাদের চেষ্টা করতে হবে যে, আমরা আমাদের স্মল ইন্ডাস্ট্রিজ ডেভেলপমেন্ট ব্যাঙ্ক অফ ইন্ডিয়া যেটা আছে, সিডবি যেটা আছে, আমাদের ন্যাশানাইল ব্যাঙ্কগুলির সঙ্গে কি করে আমাদের যোগাযোগ বাড়াতে পারি, আমাদের রাজ্যের কো-অপারেটিভ ব্যাঙ্ক অন্য জায়গায় আমাদের ফিনান্সিয়াল ইনস্টিটিউশান সেগুলির সাথে স্মল স্কেল ইন্ডাস্ট্রিকে কিভাবে আরও ভাল করে যুক্ত করতে পারি। আমি সেইজন্য বলছি এখানে আমাদের দিকটা হচ্ছে—আমাদের কর্মসংস্থান সৃষ্টির কথা আমরা যেমন বলছি, সেইরকম এক্ষেত্রে সাপোর্ট সার্ভিস দিতে পারব। ইন্ডাস্ট্রিগুলিতে সেটা আমাদের লক্ষ্য রাখা দরকার। এবার আমি বেশি আলোচনায় না গিয়ে আমি বলব—তন্তুজ, তন্তুশ্রী ইত্যাদি হ্যান্ডলুমের ক্ষেত্রে যে কথা উঠেছে, কেন্দ্রীয় সরকারের টাকার প্রশ্ন। এখানে উঠেছে—সেটা আমরা আলোচনা করছি। দপ্তরের যদি কোথাও কোনো ত্রুটি দুর্বলতা থাকে, খোলা মনে স্বীকার করতে হবে। আলোচনা আমাদের করতে হবে। আর সেগুলি আমাদের সমাধান করতে হবে। কিন্তু এটাও জানবেন, অজয়বাবু নিশ্চয় জানেন যে, মার্চ মাসে যদি দিল্লি থেকে টাকা আসে, তাহলে সেই টাকা খরচ করার একটু অসুবিধা আছে। সেটা স্বাভাবিক নিয়মে সেই ইউটিলাইজেশান সার্টিফিকেট দেওয়া যায় না। মার্চের শেষ দিকে যদি টাকা ছেড়ে দেওয়া হয় দিল্লি থেকে, সেটা আমাদের সবাই মিলে মিলিতভাবে দিল্লিকে একটু বলতে হবে। কিন্তু আমি

এটা বলছি না যে, আমাদের কোথাও কোনো দুর্বলতা নেই। ত্রুটি আমাদের নেই। সমালোচনা, আত্মসমালোচনা সবই আমাদের করতে হবে। সেটা আমাদের নিয়েই করতে হবে। তারপর সেখান থেকে আমাদের একটা রাস্তা বের করতে হবে। কিন্তু আপনি এখানে ছোট একটা বিষয়ে নজর দিয়েছেন—জয়েন্ট ডাইরেক্টার, তার .ব্যাপারে ওইসব এত খুঁটিয়ে নজর আপনার না দিলেও চলবে। কিন্তু আমি বলছি এর জন্য দপ্তরের সচিব আছেন, আমাদের ভালো অফিসার আছেন। ওরা দেখছেন, উনি ভালো করে মনিটরিং করছেন। এরপরে সেটার যদি সমস্যা না মেটে সেটা আমি বলছি, আমি আপনাদের সঙ্গে আলোচনা করে সেটা আমরা ভালোভাবে করতে পারব। এরপরে যে কথাটা বিশেষ করে বলতে চাই তা হল এখানে আমাদের রাজ্যে আমরা ওই হ্যান্ডলুমের ক্ষেত্রে ক্যাড বেশি করে ইনট্রোডিউজ করতে চাই। সৌগতবাবু যেটা বলেছেন, আমি আবার সেটার সঙ্গে সহমত পোষণ করছি। কম্পিউটার এডেড ডিজাইন আমাদের করতে হবে। কারণ এই যে পরিবর্তন হচ্ছে, সেই পরিবর্তনের সঙ্গে যদি তাল মেলাতে হয়, তাহলে আমাদের ব্যবহার করতে হবে। আমরা কিভাবে ব্যবহার করব, কি উন্নত প্রযুক্তি নেব—আমাদের অনেক সেন্টার আছে, আমাদের নিজস্ব ই.টি.ডি.সি. আছে, আমরা তার সাহায্য নিতে পারি। অন্যান্যদের সাহায্য নিতে পারি। সবার সাহায্য নিয়ে আমাদের সেই সিস্টেমের মধ্যে আমরা যেতে পারি। ক্যাড করতে হবে। এক্সপোর্ট প্রোমোশনের ক্ষেত্রে আমাদের গুরুত্ব আরও গুরুত্ব নিশ্চয় আমাদের রাজ্যে আছে। একে আমরা বাড়াব। স্টেট এক্সপোর্ট কাউন্সিলকে আমরা একটু সুবিন্যস্ত করছি। আমরা একটু বড় আকারে নিয়ে আসতে চাইছি। এই ব্যাপারে আমাদের কেন্দ্রীয় সরকারের কিছু ভূমিকা আছে। আমরা যোগাযোগ ইতিমধ্যেই শুরু করেছি। কেন্দ্রীয় সরকারের সঙ্গে যা আমাদের লক্ষ্যের ক্ষেত্রে যেটা ছিল, এক্সপোর্ট প্রোমোশনের ক্ষেত্রে আমাদের যে স্টেট এক্সপোর্ট কাউন্সিল আছে, আমরা কিভাবে সেগুলি ব্যবহার করতে পারি, এইসবই আমরা আলোচনা করছি। আপনারা জেনে খুশি হবেন যে, বেঙ্গল চেম্বার অফ কমার্স অ্যান্ড ইন্ডাস্ট্রি-এর সাথে আমরা যৌথভাবে এন্টারপ্রেনারশিপ ডেভেলপমেন্ট ইনস্টিটিউট করতে চাইছি কলকাতায়। তার অনেকখানি অগ্রগতি হয়েছে। আমাদের জমি হস্তান্তরিত হয়েছে। মাননীয় মুখ্যমন্ত্রী বারবার আলোচনা করেছেন আমাদের সঙ্গে। তারপর উনি জমি হস্তান্তরের ব্যাপারে সাহায্য করেছেন। এখানে আমাদের বাজেটের ৫০ লক্ষ টাকা নিয়ে ভারত সরকারের সঙ্গে আলোচনা করছি এবং আমরা বেঙ্গল চেম্বার অফ কমার্স অ্যান্ড ইন্ডাস্ট্রির সঙ্গে জয়েন্টলি ইনস্টিটিউট তৈরি করব। আমরা এখন নাবার্ডের সঙ্গে ভালো যোগাযোগ করছি। আমরা চেষ্টা করছি আলোচনা করার। বাঁকুড়াতে আমাদের ২০০ কোটি টাকার কর্মসুচি এসেছে নাবার্ডের। সেই কাজ করব। স্মল স্কেল সেক্টারে যার মধ্যে খাদির কথা বলছিলেন মাননীয় সদস্য, খাদি বোর্ড এর সঙ্গে যুক্ত হবে। আমরা খাদি বোর্ডকে আরও বিন্যস্ত করার চেষ্টা করছি। কিভাবে আরও সেটা ভিলেজ অ্যান্ড রুরাল ইন্ডাস্ট্রি হেল্প করতে পারে। অ্যাগ্রো বেসড ইন্ডাস্ট্রিতে আমরা কি করে আরও সি.এফ.জি.আর.ওয়াই মাইশোরের সাহায্য নিতে পারি এবং আমরা মাইশোর যাব বিধানসভা বন্ধ হওয়ার পরে। আমরা সেখানে দেখব যে, কি টেকনোলজি আছে। এইজন্য সব দেখে নিয়ে আলোচনা আমাদের করতে হবে। শুধু বড় জেলা নয় নাবার্ড আরও কিছু জেলাতে আসতে চাইছে। তারপর আমাদের যে মিনারেলস আছে, পুরুলিয়াতে আমাদের সেরামিক আছে

মানবাজারে, পাঁচামি আছে, নানারকম আছে, সেগুলি আমরা ধীরে ধীরে ব্যবহার করার চেষ্টা করছি। সেইজন্য আমি আপনাদের সামনে বলতে চাইছি যে এখানে আমরা ক্ষুদ্র এবং ক্ষুদ্র কুটির শিল্প দপ্তর থেকে চাইছি যেখানে কর্মসংস্থান সৃষ্টি করব, ঠিক একইভাবে আমরা আমাদের রাজ্যের ক্ষুদ্র এবং ক্ষুদ্র কুটির শিল্পে নতুন কতগুলি দিক উন্মোচন করতে হবে। গারমেন্ট ইন্ডাস্ট্রিতে আমাদের বড় কমপ্লেক্স করা দরকার। কোনা এক্সপ্রেসের কাছে আমাদের জমি আছে। আমরা ভালো প্রস্তাব পেয়েছি। জয়েন্ট ভেনচারে গারমেন্ট কমপ্লেক্স তৈরি করব। গারমেন্ট ইন্ডাস্ট্রিতে আমাদের অনেক বড় স্কোপ আছে। আমাদের খুঁজে দেখতে হবে। সেইভাবে কম্পিউটারের ক্ষেত্রে আই.টি.-তে আমাদের ডেভেলপমেন্ট হয়েছে। আই.টি. ডাউনস্ট্রিম-এ আমরা কি করতে পারি। আমরা সেখানে ই কমার্স, ই গভর্নেস আমাদের ওয়েব সাইটের ক্ষেত্রে আমাদের ছোট ছোট অনেক কাজ সেখানে হতে পারে। এইভাবে কর্মসংস্থান সৃষ্টির সুযোগ আছে। কোনা এক্সপ্রেসের কাছে আমরা সেই কাজ করব। ইন্ডাস্ট্রিয়াল এস্টেটগুলো আমরা আপনাদের জ্ঞাতার্থে বলি বেহালাতে ৩ কোটি টাকা আমরা দিচ্ছি। তিন কোটি টাকা দিয়ে তাকে আধুনিকীকরণ করব। ঠিকই আমরা দুঃখিত দেখে যে আমাদের ইন্ডাস্ট্রিয়াল এস্টেটগুলোর রাস্তাঘাট, ইনফ্রাস্ট্রাকচার ভালো নেই, যা সত্যি তাকে স্বীকার করতে হবে, সত্যের অপলাপ করে লাভ নেই সিদ্ধান্ত যা হয়েছে বাইরের সিদ্ধান্ত, রাজনৈতিক সিদ্ধান্ত সে বাইরে হয়েছে। সে লড়াই আপনাদের সাথে আমাদের লড়াই হয়েছে বাইরে হয়েছে কিন্তু এখন তো আমাদের এইসব ব্যাপারে একমত হওয়া উচিত সেজন্য আমরা বলছি যে যে ইন্ডাস্ট্রিয়াল এস্টেট আমরা পরিবর্তন করব। আমরা তার ইনফ্রাস্ট্রাকচার পাল্টাব। আমরা বেহালাতে শুধুমাত্র তিন কোটি টাকা দিচ্ছি সেখানে একশোটা ইউনিট আছে, অস্ট্রেলিয়া থেকে লোকজন আসে। আমরা বলছি যে রাস্তাঘাট ভাল করতে হবে বিউটিফিকেশন করতে হবে। আর সেজন্য আমাদের সেরিকালচার ইত্যাদি আমাদের যা কিছু আছে মালদহে তাতে বেশ কিছু হাউস আমাদের মডার্নাইজ করতে হবে। বন্যার জন্য সিল্কের আমাদের একটু ক্ষতি হয়েছে। এই বছর আমরা আশা করছি যে আমাদের প্রোডাকশন বাড়াতে পারব। তসরের ক্ষেত্রে আমরা এগোতে পারব। সেজন্য আমি আপনাদের সাহায্য সহযোগিতা কামনা করে এবং বেশি আলোচনায় না গিয়ে এই বাজেট বরাদ্দকে সমর্থন করে এবং আপনারা সকলে আমাদের রাজ্যের কর্মসংস্থানের উদ্দেশ্যে আমাদের সরকারের যে নীতি ক্ষুদ্র কুটির শিল্পের ক্ষেত্রে তার সাথে সহমত হবেন, এই আশা রেখে আপনাদের কাট মোশনের বিরোধিতা করে আমার বক্তব্য শেষ করছি।

Demand No. 73

The Motions that the amount of the Demand be reduced to Re.1 and by Rs. 100 were then put and lost.

The Motion of Dr. Asim Kumar Dasgupta that a sum of Rs. 168,34,57,000 be granted for expenditure under Demand No. 73, Major Heads : "2851-Village and Small Industries (Excluding Public

Undertakings), 4851—Capital Outlay on Village and Small Industries (Excluding Public Undertakings), 6851—Loans for Village and Small Industries (Excluding Public Undertaking) and 6860—Loans for Consumer Industries (Village and Small Industries) during the year 2001-2002 (This is inclusive of a total sum of Rs. 51,85,56,000 already voted on account in February, 2001)

was then put and agreed to.

Adjournment

The House was then adjourned at 6.58 p.m. till 11 a.m. on Wednesday 18th of July, 2001 at the Assembly House, Kolkata.

Proceedings of the West Bengal Legislative Assembly assembled under the provisions of the Constitution of India

The Assembly met in the Legislative Chamber of the Assembly House, Kolkata, on Wednesday, the 18th July, 2001 at 11.00 a.m.

PRESENT

Mr. Speaker (SHRI HASIM ABDUL HALIM) in the Chair, 13 Ministers, 10 Ministers of State and 185 Members.

[11.00—11.10 a.m.]

OBITUARY REFERENCE

Mr. Speaker : Before taking up the business of the day I rise to perform a melancholy duty to refer to the sad demise of Shri Ananta Kumar Bharati, former member of the West Bengal Legislative Assembly who breathed his last on the 14th May, 2001 at his residence in Kolkata after a prolonged illness. He was 77.

Shri Bharati was born on the 27th Bhadra, 1331 Bangabda in Khulna of undivided Bengal (now in Bangladesh). He did his graduation in Arts. By profession he was a timber marchant. A devoted worker of Indian National Congress Shri Bharati was also associated with many philanthropic and social organisations.

Shri Bharati was elected a member of the West Bengal Legislative Assembly from the Beliaghata (North) Assembly Constituency as a congress candidate in 1972.

At the sad demise of Shri Bharati the state has lost a veteran politician and as ardent social worker.

Now, I would request the Hon'ble Member to rise in their seats for 2 minutes as a mark of respect to the deceased.

At this stage, the members rose in their seats in silence for two minutes as a mark of respect to the deceased.

Thank you, ladies and gentleman.

Secretary will send the message of condolence to the members of the bereaved family of the deceased.

Starred Heldover Questions
(to which oral answer were given)

উন্নয়ন প্রকল্পে এন.জি.ও.-গুলিকে যুক্তকরণ

*৭০। (অনুমোদিত প্রশ্ন নং *১৫৭) শ্রী শোভনদেব চট্টোপাধ্যায় : পঞ্চায়েত ও গ্রাম উন্নয়ন বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) গ্রাম পঞ্চায়েত স্তরে বিভিন্ন প্রকার উন্নয়ন প্রকল্প রূপায়ণের কাজের সুবিধার্থে এন.জি.ও.-গুলিকে যুক্ত করার কোনো পরিকল্পনা সরকারের আছে কি না ; এবং

(খ) থাকলে, তার রূপরেখা কীরূপ ?

ডাঃ সূর্যকান্ত মিশ্র :

(ক) হ্যাঁ।

(খ) ১৯৯১ সাল থেকেই গ্রামীণ স্বাস্থ্যবিধান প্রকল্প রূপায়ণে পঞ্চায়েতের সঙ্গে বিভিন্ন স্বেচ্ছাসেবী সংস্থা যুক্ত আছে। 'স্বর্ণজয়ন্তী গ্রাম স্ব-রোজগার যোজনা'-র নির্দেশাবলী অনুসারে কিছু এন.জি.ও. স্বনির্ভর গোষ্ঠী তৈরি করার কাজে অংশগ্রহণ করছে। জেলা পরিষদের ডি.আর.ডি সেল এ কাজের দেখাশোনা করে। এ ছাড়া সাধারণভাবে স্বেচ্ছাসেবী সংস্থাগুলিকে বিকেন্দ্রীকৃত পরিকল্পনা, রচনা, প্রশিক্ষণ ও পঞ্চায়েতের সঙ্গে উন্নয়নমূলক কাজ করার ব্যাপারে জেলা স্তরে ও রাজ্যস্তরে সমন্বয় সমিতি গঠন করার সিদ্ধান্ত হয়েছে। রাজ্যস্তরে একটি উপদেষ্টা পর্ষদ এই কাজটি দেখছেন।

শ্রী শোভনদেব চট্টোপাধ্যায় : কিছুদিন আগে সংবাদপত্রে দেখছিলাম যে কেন্দ্রীয় সরকার দীর্ঘদিন ধরে এই ধরনের এন.জি.ও.-দের স্বাস্থ্য পরিষেবার কাজে লাগাচ্ছে এবং তাদের কাজের পরিধি বৃদ্ধি করার সিদ্ধান্ত গ্রহণ করা হয়েছে। এন.জি.ও-দের সম্বন্ধে তাতে ভালো সংবাদের মধ্যে বিভিন্ন রিভার্স রিমার্কও আছে। অনেক দুর্নীতির অভিযোগ আছে। আপনি বলেছেন, '১৯৯১ সাল থেকেই গ্রামীণ স্বাস্থ্যবিধান প্রকল্প রূপায়ণে পঞ্চায়েতের সঙ্গে বিভিন্ন স্বেচ্ছাসেবী সংস্থা যুক্ত আছে।' আমাদের রাজ্যেও যে স্বাস্থ্য পরিষেবার কাজে উন্নতি করা দরকার সেটা নিশ্চয় আপনি স্বীকার করবেন। সরকার স্বাস্থ্য পরিষেবার যেসব ক্ষেত্রে যুক্ত আছে সেখানে এন.জি.ও.-দের যুক্ত করার কোনো পরিকল্পনা আছে কিনা যেমন করে কেন্দ্রীয় সরকার সিদ্ধান্ত নিয়েছে ?

ডাঃ সূর্যকান্ত মিশ্র : স্যার, মাননীয় সদস্যকে মনে করিয়ে দিই প্রশ্নটা পঞ্চায়েত ও গ্রামোন্নয়ন মন্ত্রীকে করা হয়েছে স্বাস্থ্য-মন্ত্রীকে নয়। তবে পঞ্চায়েত মন্ত্রী হিসাবে বলতে পারি, যে কথা ওখানে বলা হয়েছে, আমরা ১৯৯১ সাল থেকে চেষ্টা করছি গ্রামোন্নয়নের কাজের সঙ্গে যুক্ত যে বিভিন্ন স্বেচ্ছাসেবী সংস্থা আছেন তাদের কি করে সমন্বয় করা যায়। কিন্তু

আমরা সেখানে একটা নির্দেশিকা তৈরি করেছি। আমরা যে ক্ষেত্রগুলো স্বেচ্ছাসেবী সংস্থার জন্য চিহ্নিত করেছি সেটা হচ্ছে, পঞ্চায়েত ও গ্রামোন্নয়ন দপ্তর থেকেই করেছি, রোগ প্রতিষেধক এবং তার সঙ্গে সুনির্দিষ্ট বিষয়, সেটা একটা ক্ষেত্র, পঞ্চায়েতের থেকে আলাদা নয়। তাছাড়াও আমরা সুনির্দিষ্টভাবে সেগুলো চিহ্নিত করে পাঁচ পাতার একটা নির্দেশিকা করেছি। পড়তে সময় লাগবে, সেগুলো বলে দিতে পারি। আমাদের উদ্দেশ্য হচ্ছে পঞ্চায়েত আছে, সরকার আছে কিন্তু এন.জি.ও কোনো বিকল্প নয়। তবে তারা পরিপূরক ব্যবস্থা গ্রহণ করতে পারে। সেই দৃষ্টিভঙ্গি নিয়ে নিশ্চয় একটা সংস্থা হোক, সেটা আমরা চাই। কিন্তু একটা সমন্বয় হোক। তার একটা নীতি ঠিক করেছি।

শ্রী শোভনদেব চট্টোপাধ্যায় : যে সমস্ত এন.জি.ও. এই ধরনের কাজে লাগছে, গ্রামোন্নয়নের কাজে লাগছে তাদের যোগ্যতার মাপকাঠি অর্থাৎ এর মধ্যে কোনো রাজনৈতিক দৃষ্টিভঙ্গি আছে কিনা ? তাদেরকে বিভিন্ন রাজনৈতিক ব্যবস্থা বা সংস্থার মধ্যে দিয়ে আসতে হচ্ছে কিনা ? তাদেরকে পলিটিক্যাল ইনফ্লুয়েন্স এবং পলিটিক্যাল ক্লিয়ারেন্সের মধ্যে দিয়ে আসতে হচ্ছে কিনা ? এন.জি.ও-দের ক্ষেত্রে এই রকম কোনো ক্লিয়ার-কাট ডিমার্কেশন আছে কিনা ?

ডাঃ সূর্যকান্ত মিশ্র : আমাদের ঘোষিত নীতি সুস্পষ্ট, সুনির্দিষ্ট। প্রথম হচ্ছে, যেসব সংস্থা আমাদের সঙ্গে অর্থাৎ পঞ্চায়েত, সরকারের সঙ্গে কাজ করছে তাদের সম্বন্ধে নতুন করে চিহ্নিত করার প্রশ্ন ওঠে না। কিন্তু সমন্বয় সমিতি যেটা গঠন করার কথা বলেছি তাতে তাদের যোগ্যতার মাপকাঠি নির্দেশ করা আছে। প্রথম হচ্ছে '৬১ সালের সোসাইটি রেজিস্ট্রেশন অ্যাক্ট, '৮২ সালের ভারতীয় ট্রাস্ট অ্যাক্ট' বা '২০ সালের চ্যারিটেবল রিলিজিয়াস অ্যাক্ট'—কোনো একটার দ্বারা ওই সমিতিকে নিবন্ধীকৃত হতে হবে।

[11.10—11.20 a.m.]

(খ) কমপক্ষে গত ৩ বছর ধরে এক বা একাধিক ব্যাংক বা পোস্ট অফিসে অ্যাকাউন্ট থাকতে হবে। (গ) তাদের কার্যালয়ের কাজ শহরাঞ্চলের মধ্যে যদি হয়ে থাকে তা হলে হবে না, গ্রামাঞ্চলেও তাদের কাজ করতে হবে, তা না হলে আমাদের সমন্বয় করা মুশকিল হবে। (ঘ) উন্নয়নমূলক কাজকর্মের দ্বারা গ্রামবাসীদের উদ্বুদ্ধ করে তাদের উদ্যোগকে যুক্ত করে কোনোরকম অনিয়ম ব্যতিরেকে কাজ করার রেকর্ড থাকতে হবে। (ঙ) গ্রামের মানুষদের সামাজিক, অর্থনৈতিক উন্নয়নের বিষয়ে ব্যবস্থা এবং তাদের সচেতন করার অভিজ্ঞতা তাদের থাকতে হবে। (চ) অতীতে তাঁরা যে টাকা পেয়েছেন এবং মানুষের উদ্যোগ যুক্ত করে কিছু কাজ করেছেন—এরকম সুনির্দিষ্ট দৃষ্টান্ত থাকতে হবে। তাছাড়া ক্যাপার জাতীয় সংস্থা বা আন্তর্জাতিক সংস্থা থেকে তাঁরা যদি কোনো সময় অনুদান পেয়ে থাকেন সেই অনুদান খরচা করতে গিয়ে কোনো অভিযোগ প্রমাণিত হয়ে থাকে বা সেই গ্র্যান্ট যদি বন্ধ করা হয়ে থাকে তাহলে সেটা ডিসকোয়ালিফিকেশন হিসেবে ধরা হবে। তাঁরা যদি এই সংস্থার সদস্য হওয়ার জন্য আবেদন করবেন, তখন তাঁদের দেখাতে হবে যে তাঁরা কোন সূত্র থেকে মূলধন সংগ্রহ করছেন এবং কিভাবে কোথা থেকে মূলধন পাচ্ছেন সেটা দেখাতে হবে। যেখান থেকে যে টাকা

পাচ্ছেন এবং যেভাবে খরচা করছেন সেটা প্রকাশ্যে ঘোষণা করতে হবে, সব কিছুতে থাকবে হবে। ভারতে বা বিদেশে তাঁদের বিরুদ্ধে কোনো আদালতে যদি কোনো ফৌজদারি মামলা রুজু হয় তাহলে সেটা যদি নিষ্পত্তি না হয় তাহলে সেটা ডিসকোয়ালিফিকেশন হিসেবে ধরা হবে। মামলা নিষ্পত্তি হয়ে গেছে যদি তাঁদের বিরুদ্ধে কোনো রায় না থাকে তাহলে তাঁরা যুক্ত হতে পারবেন, আর তাঁদের বিরুদ্ধে যদি কোনো রায় থাকে তাহলে তাঁরা এই সংস্থার সদস্য হতে পারবেন না। তাঁদের যে কর্মপরিকল্পনা, তাঁরা কোথায়, কি কাজ করছেন সেটা আমাদের কাছে অগ্রিম পাঠিয়ে দিতে হবে।

শ্রী শোভনদেব চট্টোপাধ্যায় : আপনি যে পয়েন্টগুলো বললেন সেগুলো সবই গুরুত্বপূর্ণ। কিন্তু আমার মনে হয় একটা পয়েন্ট মিস হয়েছে, সেটা হল যে, সময়মত রিটার্ন দেওয়ার কথাটা উল্লেখ করা নেই। সেটা একটা ক্রায়েটেরিয়া হওয়া উচিত যে, সময়মতো তাদের রিটার্ন জমা দিতে হবে। আমি যখন গ্রামে ছিলাম তখন দেখতাম যে, ৪-৫ বছর রিটার্ন সাবমিট করেনি, এরকম অনেকে আমার কাছে সার্টিফিকেট দেওয়ার জন্য আসত। এলাকার বিধায়ক হিসেবে আমাকে সার্টিফিকেট দিতে হতো। সুতরাং সময়মতো রিটার্ন দিতে হবে—এটাও শর্তের মধ্যে থাকলে ভালো হয়। দুর্নীতিযুক্ত কাজের জন্য কতজন এন.জি.ও-কে আপনি ডিসকোয়ালিফাই করেছেন ?

ডাঃ সূর্যকান্ত মিশ্র : আপনি বোধহয় শোনেননি যে, একটু আগে আমি যে শর্তাবলীগুলোর কথা বললাম তাতে সময়মতো বাৎসরিক রিটার্ন জমা দেওয়ার কথা আমি বলেছি। শুধু সময়মতো রিটার্ন জমা দিলেই হবে না, সেটা জনসমক্ষে ঘোষণা করতে হবে। যেমন পঞ্চায়েতকে গ্রামসংসদে ঘোষণা করতে হয় সেরকম ওদেরও জনসমক্ষে ঘোষণা করতে হবে—এটা আমরা শর্তাবলীর মধ্যে রেখেছি। আর আপনি যেটা বললেন যে, দুর্নীতি যুক্ত কাজের সঙ্গে যুক্ত কতজন এন.জি.ও-কে ডিসকোয়ালিফাই করা হয়েছে—সে ব্যাপারে এখন আমি ৩টি নাম মনে করতে পারি। আমরা টাকা দিই নি, টাকা দিয়েছে ক্র্যাপার। কিন্তু টাকা দেওয়ার পর যখন তাঁরা হিসেব পাচ্ছেন না, তাদের ঠিকানা পাচ্ছেন না তখন তাঁরা আমাদেরকে বলেছেন, ' ওদের খুঁজে পাওয়া যাচ্ছে না'। ওদের খুঁজে বার করার ব্যাপারে তাঁরা আমাদের সাহায্য চেয়েছেন। তখন আমরা বললাম যে, ওদের টাকা দিয়েছেন তখন আমাদের জিজ্ঞাসা না করেই টাকা দিয়েছেন, আর এখন তাদের ঠিকানা খুঁজে পাচ্ছেন না বলে আমাদেরকে তাদের ঠিকানা খুঁজে দিতে বলছেন। তারপর আমি ডি. জি.-কে ডেকে মিটিং করেছি, বারে বারে মিটিং করেছি, এই মিটিং-এ কেন্দ্রীয় স্তরের মন্ত্রীরা ছিলেন, এর মধ্যে অনেকবার কেন্দ্রের মন্ত্রী বদল হয়েছেন, তাঁদের প্রত্যেককে বলেছি—যে, এবার থেকে যখন টাকা-পয়সা দেবেন তখন আমাদের সঙ্গে কথা বলে দেবেন—কাকে টাকা দিচ্ছেন, কোথায় দিচ্ছেন এগুলো আমাদের সঙ্গে কথা বলে দেবেন—এই ব্যবস্থা চালু করার চেষ্টা করছি।

শ্রী নির্মল দাস : মাননীয় মন্ত্রী মহাশয়, আমরা জানি কিছু কিছু এন.জি.ও ভালো কাজ করেন, আবার কিছু কিছু এন.জি.ও. ড্যামেজিং, তাদের ভাবমূর্তি খুব খারাপ। ফরেস্ট

ভিলেজগুলি এখন পঞ্চায়েতের অন্তর্ভুক্ত হয়েছে। কিন্তু ওইসব এলাকার গ্রামোন্নয়নের কাজে অনেক ক্ষেত্রে পঞ্চায়েতের চেয়ে এন.জি.ও-রা বেশি গুরুত্ব পাচ্ছে। ফলে অনেক জায়গায় গ্রামোন্নয়নের কাজ সঠিকভাবে হচ্ছে না। অনেক এন.জি.ও. কাজ করার নামে টাকা-পয়সা নিয়ে ব্যবসা করছে। মূলত পঞ্চায়েতের মাধ্যমেই যাতে গ্রামোন্নয়নের কাজগুলি হয় তার জন্য আপনার দপ্তর থেকে কোনো নির্দিষ্ট নির্দেশ দেওয়া আছে কি ? সাথে সাথে রাজ্য সরকার এন.জি.ও.-দের নিয়ন্ত্রণের মধ্যে রেখে কাজ করাবার জন্য কোনো নির্দিষ্ট নীতি নির্ধারণ করেছে কি ? বিশেষ করে পঞ্চায়েত এলাকায়, যে বনবস্তিগুলি এখন পঞ্চায়েতে এসেছে সেগুলির ক্ষেত্রে এন.জি.ও.-দের পঞ্চায়েতের পরিপূরক শক্তি হিসাবে ব্যবহার করার জন্য কোনো নির্দিষ্ট নীতি নির্ধারণ করা হয়েছে কি ?

ডাঃ সূর্যকান্ত মিশ্র : আমি আগেই বলেছি রাজ্য সরকারের দৃষ্টিভঙ্গি খুবই স্বচ্ছ। পরিষ্কার করে বলা হয়েছে যে, এন.জি.ও-রা স্বেচ্ছাসেবী সংস্থা। তারা সংবিধানসম্মত নির্বাচিত পঞ্চায়েতের বিকল্প হতে পারে না। সংবিধানগতভাবে নির্বাচিত সংস্থার সাবস্টিটিউট হতে পারে না। এন.জি.ও-রা কেবলমাত্র পঞ্চায়েতের কিছু কিছু কাজের ক্ষেত্রে পরিপূরক ভূমিকা পালন করতে পারে। সে ক্ষেত্রগুলিও আমরা চিহ্নিত করেছি। তাই পঞ্চায়েতকে বাদ দিয়ে, তাদের বাই-পাস করে, এড়িয়ে গিয়ে এন.জি.ও.-দের গুরুত্ব দেওয়ার প্রশ্নই ওঠে না। আর সাধারণভাবে বলা ঠিক নয় যে, সব এন.জি.ও-ই গোলমেলে। অনেক এন.জি.ও. ভালো কাজ করছে। আবার খারাপও আছে। আমি বলেছি যারা আমাদের শর্তগুলি মেনে নেবে তাদের আমরা সহযোগিতা করব। পঞ্চায়েতের সঙ্গে সহযোগিতা করতে হবে, টাকা-পয়সা খরচের ক্ষেত্রে স্বচ্ছতা বজায় রাখতে হবে, এলাকার মানুষের সঙ্গে পরামর্শ করে কাজ করতে হবে। এসবগুলি শর্তের মধ্যে রয়েছে। কাজেই শর্ত না মানলে সরকারের সঙ্গে সমন্বয় হবে না, তাদের সহযোগিতা করার প্রশ্নই উঠবে না।

[11.20—11.30 a.m.]

শ্রী দেবপ্রসাদ সরকার : মাননীয় মন্ত্রী মহাশয়, ইতিপূর্বে মাননীয় সদস্য নির্মলবাবু যে প্রশ্ন করলেন সেটার মধ্যে কিছু উদ্বেগ আছে। এন.জি.ও-গুলির ওপর সরকারি নিয়ন্ত্রণ কতটা কাজ করতে পারবে।

এবং স্বচ্ছতা সম্পর্কে, আপনি এই সম্পর্কে বলেছেন সরকারের ৫ পাতার নির্দেশিকা আছে যে শর্তগুলি পূরণ করার মধ্য নিয়ে বিধি-নিষেধ আছে সেটা নিয়ন্ত্রণ করা যাবে। এই যে ৫ পাতার নির্দেশিকা সরকারের কাছে আছে সেটা জনপ্রতিনিধি এবং জনগণ তারা যাতে সতর্ক দৃষ্টি রাখতে পারে সেই জন্য জনপ্রতিনিধিদের ওই ৫ পাতার নির্দেশিকা আজকে যদি বিলি করে দেবার ব্যবস্থা করেন তাহলে ভালো হয়। কিন্তু আমার যেটা প্রশ্ন সেটা হচ্ছে, সরকারের এই উন্নয়নের কাজে বা বিভিন্ন কাজের পরিপূরক হিসাবে যে সমস্ত এন.জি.ও-রা এগিয়ে এসেছে তাদের সংখ্যা কত এবং তাদের নামের তালিকা দেওয়া যাবে কি ?

ডাঃ সূর্যকান্ত মিশ্র : প্রথমত যে নির্দেশিকার কথা বলছেন সেটা আমার কাছে আছে। সেটা অ্যাসেম্বলী সেক্রেটারিয়েটকে দিতে পারি যদি তারা দায়িত্ব নিয়ে বিলি করে দেন। এটা দিতে আমার কোনো আপত্তি নেই। এ ছাড়া আপনি আর যা যা প্রশ্ন করেছেন সেটা হচ্ছে সংখ্যা কত এবং নামের তালিকা। এই বইখানা আমার কাছে আছে। এখানে নামের তালিকা আছে, এটা পড়া অসুবিধা হবে। কোন ব্লকে কোন জেলায় কাজ করছেন তার তালিকা এখানে রয়েছে। খুবই স্বচ্ছ। মাননীয় স্পীকার মহাশয় অনুমতি দিলে আমি অ্যাসেম্বলি সেক্রেটারিয়েটকে দিয়ে দিতে পারি।

মিঃ স্পীকার : আপনি কপি দিয়ে দেবেন, আমি সার্কুলেট করে দেব।

শ্রী ইউনুস সরকার : আমার জিজ্ঞাস্য, প্রাকৃতিক বিপর্যয়, যেমন—বন্যা, ভাঙন ইত্যাদি হলে এন.জি.ও.-দের কি ভূমিকা থাকে ? তারা পঞ্চায়েতের সঙ্গে কোনো সহযোগিতা করেন কিনা ? যেমন, গতবারের বন্যায় মুর্শিদাবাদ এবং অন্যান্য যেসব জেলায় ব্যাপক বন্যা হয়েছিল সেই সমস্ত জেলায় এন.জি.ও-দের কি ভূমিকা ছিল, পঞ্চায়েতের সঙ্গে তাদের সহযোগিতা কতটুকু ছিল তার উদাহরণ আপনার কাছে আছে কিনা ?

ডাঃ সূর্যকান্ত মিশ্র : এন.জি.ও-দের কি ভূমিকা ছিল তার জবাব দেওয়া মুশকিল। সরকার এন.জি.ও.-দের কাজকর্মের জন্য জবাবদিহি করবে না।

শ্রী নেপাল মাহাতো : আমার অতিরিক্ত প্রশ্ন, এম.পি. এবং এম.এল.এ.-দের ডেভেলপমেন্ট যে টাকা সেই টাকা দিয়ে কোনো এন.জি.ও.-কে স্বাস্থ্য পরিষেবার জন্য কোনো অ্যাম্বুলেন্স দিতে পারা যায় কিনা ? যদি পারা যায় তাহলে কিভাবে দেওয়া যাবে ?

ডাঃ সূর্যকান্ত মিশ্র : এম.পি. বা এম.এল.এ.-রা তাদের ডেভেলপমেন্টের টাকা কাকে দেবেন এবং কিভাবে দেবেন সেটা মাননীয় সদস্যের জানা উচিত এবং এম পি-দেরও জানা উচিত। এ বিষয়ে আমার মন্তব্য করা ধৃষ্টতা হবে।

মিঃ স্পীকার : এম.পি. এবং এম.এল.এ.-দের কোটার টাকা কিভাবে দেবেন সেটা তো গাইড-লাইন দেওয়া আছে। উনি কিভাবে তার উত্তর দেবেন।

শ্রী অসিত মিত্র : আমার প্রশ্ন হচ্ছে, পঞ্চায়েত সমিতি এবং জেলা পরিষদ স্তরে ইতিমধ্যে এই এন.জি.ও-দের পঞ্চায়েত সমিতি এলাকায় অথবা জেলা পরিষদ এলাকায় উন্নয়নের কোনো কাজে যুক্ত করা হয়েছে কিনা ? যদি যুক্ত করা হয়ে থাকে তাহলে সেই বিভাগগুলি কী কী ?

ডাঃ সূর্যকান্ত মিশ্র : আমি তো আগেই বললাম, আমাদের এখানে একটা উপদেষ্টা পর্ষদ আছে। তারা ৮টি জেলায় গিয়ে মিটিং করেছেন এন.জি.ও-দের সঙ্গে। এরা ব্লকে কাজ করছেন, বিভিন্ন স্তরে কাজ করছেন। যারা কাজ করছেন তারা আমাদের সঙ্গে মূলত একটি প্রকল্পে এসেছে সেটা হচ্ছে নিবিড় স্বাস্থ্য বিধান প্রকল্পে। এ ছাড়াও তারা ব্লকে কাজ করছেন, পঞ্চায়েত সমিতি স্তরেও কাজ করছেন। সেই তালিকা আমি দিয়ে দেব, সেই তালিকা সার্কুলেশন হোক।

ম্যাকিনসে সংস্থার সাহায্যে সমীক্ষা

*২০১। (অনুমোদিত প্রশ্ন নং *৮৬) **শ্রী অশোক দেব :** শিল্প ও বাণিজ্য বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) তথ্য-প্রযুক্তি, খাদ্য ও ফল প্রক্রিয়াকরণ, পরিকাঠামো উন্নয়ন প্রভৃতি ক্ষেত্রে বিনিয়োগ আকর্ষণের জন্য ম্যাকিনসে সংস্থাকে সমীক্ষা চালানোর কোনো দায়িত্ব সরকার দিয়েছিলেন কি না ;

(খ) দিয়ে থাকলে, ওই সংস্থা উক্ত বিষয়ে রিপোর্ট পেশ করেছেন ; এবং

(গ) উক্ত রিপোর্টের ভিত্তিতে কি কি ব্যবস্থা অবলম্বিত হয়েছে ?

শ্রী নিরুপম সেন :

(ক) এখনও পর্যন্ত ম্যাকিনসে সংস্থাকে দিয়ে সমীক্ষা চালানোর বিষয়টি আলোচনা স্তরে রয়েছে।

(খ) প্রশ্ন ওঠে না।

(ঘ) প্রশ্ন ওঠে না।

শ্রী অশোক দেব : মাননীয় মন্ত্রিমহাশয় কি জানাবেন, এই সংস্থাটি ছাড়া আর কোনো সংস্থার সাথে এই সমীক্ষার ব্যাপারে আপনারা আলোচনা চালিয়ে যাচ্ছেন কিনা, যদি চালিয়ে যান তাহলে সেই সংস্থাটির নাম কী ?

শ্রী নিরুপম সেন : না।

শ্রী অশোক দেব : উত্তরবঙ্গে আনারস পাওয়া যায়, বারুইপুরে ফল পাওয়া যায়। মাননীয় মন্ত্রিমহাশয় কি জানাবেন, বারুইপুর, উত্তরবঙ্গকে নিয়ে এইভাবে সমীক্ষা চালানোর বিষয় চিন্তা করছেন কিনা ?

শ্রী নিরুপম সেন : আমি তো বললাম, সব বিষয়টা বিবেচনার স্তরে আছে। যে যে পয়েন্ট আপনি তুলেছেন তা বিবেচনার স্তরে আছে, এখনও এ বিষয়ে কিছু করা হয়নি।

শ্রী অশোক দেব : মাননীয় মন্ত্রিমহাশয় বললেন যে বিষয়টি আলোচনার স্তরে আছে। আলোচনার স্তরে যখন আছে তখন নিশ্চয় কিছু করার চেষ্টা করছেন। এই যে করার চেষ্টা করছেন সেটা কোথায়, কিভাবে করবেন নিশ্চয় সেটা চিন্তা-ভাবনা করছেন। যেটা চিন্তা-ভাবনা করছেন সেটা যদি হাউসে জানান তাহলে আমরা বুঝতে পারবো যে সরকার থেকে কতটা করার চেষ্টা করা হচ্ছে। মন্ত্রী মহাশয় সেটা জানাবেন কি ?

শ্রী নিরুপম সেন : না, না মাননীয় সদস্য মহাশয়, আপনার প্রশ্নের উত্তরে আমি জানিয়েছি যে বিষয়টি আলোচনার স্তরে আছে। তবে সেটা এরকম নয় যে পশ্চিমবঙ্গের কোনো একটি অঞ্চলের জন্য আলোচনা করা হচ্ছে। সারা পশ্চিমবঙ্গের ক্ষেত্রে কোথায় কোথায় কি সম্ভাবনা আছে, না আছে, সেটা নিয়ে কি করবো, এটা যতক্ষণ না ঠিক হচ্ছে, তার টার্মস অব রেফারেন্স ঠিক হচ্ছে ততক্ষণ পর্যন্ত জানাতে পারি না যে কোথায় কীভাবে কী হবে।

শ্রী. অশোক দেব : আমরা সব সময় দেখছি বেসরকারিকে দিচ্ছেন। এক্ষেত্রে তো সরকারের উদ্যোগ নেওয়া উচিত। এক্ষেত্রে সরকারের ভূমিকা কোথায় সেটা মন্ত্রিমহাশয় জানাবেন কি ?

শ্রী নিরুপম সেন : সরকারই তো এটা করাবার কথা বিবেচনা করছেন। যারা এই কাজটা দেখেন, যে সমস্ত সংস্থা এই ধরনের কাজ করেন, আপনাদের মনে রাখা দরকার যে আমাদের এখানে লক্ষ্য হচ্ছে বিনিয়োগকারীদের আকর্ষণ করা। তা করতে গেলে এমন সংস্থাকে দিয়ে এটা করানো দরকার যাদের রিপোর্টের উপর বিনিয়োগকারীদের আস্থা আছে। এই লক্ষ্য নিয়েই কাজটা করার কথা বিবেচনা করা হচ্ছে।

শ্রী আবু আয়েশ মণ্ডল : '৯৯ সালের ১৭ জানুয়ারি রায়চকে অনুষ্ঠিত 'গন্তব্য পশ্চিমবঙ্গ'-এর পর পশ্চিমবঙ্গ সরকার এ রাজ্যে শিল্পের বাতাবরণ সৃষ্টির জন্য ৬টি টাস্ক ফোর্স গঠন করেছিলেন। তাদের যথা সময়ে রিপোর্ট দেওয়ার কথা। কোনো টাস্ক ফোর্স রিপোর্ট দিয়েছেন কি এবং দিলে তার ভিত্তিতে রাজ্য সরকার কোনো পদক্ষেপ নিয়েছেন কিনা মাননীয় মন্ত্রী মহাশয় জানাবেন কি ?

শ্রী নিরুপম সেন : যদিও মূল প্রশ্নের সঙ্গে এই অতিরিক্ত প্রশ্ন রিলেটেড নয় তবুও মাননীয় সদস্যকে জানাই যে, যে ৬টি টাস্ক ফোর্স তৈরি করা হয়েছিল সেই ৬টি টাস্ক ফোর্সই রিপোর্ট জমা দিয়েছে এবং রাজ্য সরকার সেগুলি পর্যালোচনা করছেন। কোন কোন গুলি কিভাবে কার্যকরী করা হবে সেগুলি বিবেচনার স্তরে রয়েছে।

শ্রী পংকজ ব্যানার্জী : মাননীয় মন্ত্রিমহাশয় বললেন যে, মুখ্য সচিবকে চেয়ারম্যান করে যে ৬টি টাস্ক ফোর্স করা হয়েছিল তারা রিপোর্ট জমা দিয়েছেন। আমার জিজ্ঞাস্য, তার অ্যাকশন টেকেন রিপোর্ট সম্পর্কে কিছু জানাতে পারেন কিনা ? ম্যাকিনসে রিপোর্ট দিল এবং তার উপর টাস্ক ফোর্স হল এই টাস্ক ফোর্স যে রিপোর্ট দিল তার উপর অ্যাকশন টেকেন রিপোর্ট কি—কি কি করা হবে, কোন কোন ইনফ্রাস্ট্রাকচারাল ডেভেলপমেন্ট করা হবে, কোথায় শুরু হয়েছে, কোথায় হতে যাচ্ছে। কতদিনের মধ্যে টাইম ফ্রেম করেছেন সে সম্পর্কে জানাবেন কি ?

শ্রী নিরুপম সেন : আমি তো উত্তরে আগেই বললাম যে, ৬টি টাস্ক ফোর্স গঠন করা হয়েছিল সেই টাস্ক ফোর্সের যে সুপারিশ সেগুলির কোন কোন ক্ষেত্রে কোনগুলি আমরা এখনই কার্যকরী করতে পারি সে বিষয়ে রিপোর্ট তৈরি করা হচ্ছে। সুতরাং এটা তো হচ্ছে। আর আপনি যেটা বললেন, ইতিমধ্যে সেই কাজ আমাদের কিছু শুরু হয়েছে। ইনফ্রাস্ট্রাকচার ডেভেলপমেন্টের কাজে আমরা হাত দিয়েছি।

[11.30—11.40 a.m.]

এটা তো আপনারা জানেন। তাহলে আলাদা একটা প্রশ্ন করুন যে কোন কোন ইনফ্রাস্ট্রাকচার কাজ করছে, কোন কোন জায়গায় করছে, যেসব দপ্তরে কাজটা হচ্ছে সেটা বলে দেওয়া হবে।

শ্রী রামপদ সামন্ত : খাদ্য, ফল প্রক্রিয়াকরণ শিল্প এবং বামফ্রন্ট সরকারের কর্মসংস্থানমুখী বাজেট, এই বাজেট একে সফল করতে বিশেষভাবে সাহায্য করবে। আমি জানতে চাই, ফল এবং খাদ্য প্রক্রিয়াকরণে প্রশিক্ষণের জন্য বামফ্রন্ট সরকার সুনির্দিষ্ট কি কি পরিকল্পনা গ্রহণ করেছেন ?

শ্রী নিরুপম সেন : মাননীয় সদস্য যে প্রশ্ন করেছেন সেটা আমার দপ্তরের প্রশ্ন নয়। এই কারণে এটা বলছি, ফুড প্রসেসিং-এর একটা আলাদা দপ্তর করা হয়েছে এবং সেখান থেকে ট্রেনিং এবং অন্যান্য বিষয়গুলি বিবেচনা করা হবে। আপনি আলাদা প্রশ্ন করলে এ ব্যাপারে বিস্তৃতভাবে জানতে পারবেন।

শ্রী সৌগত রায় : মাননীয় মন্ত্রী জানিয়েছেন যে, ম্যাকেন্সীর রিপোর্টের ভিত্তিতে যে ৬টি টাস্ক ফোর্স গঠিত হয়েছিল, ৬টি টাস্ক ফোর্সেরই চেয়ারম্যান ছিলেন মুখ্য সচিব, তাদের ৬টি রিপোর্টই জমা পড়েছে এক বছর আগে এবং এখনো সেটা সরকারের বিবেচনাধীন রয়েছে, কোনো সিদ্ধান্তে পৌঁছতে পারেননি। আমি জিজ্ঞাসা করছি, এছাড়া রাজ্য সরকার একটি কনসালটেন্সি সংস্থা 'পার্থ ঘোষ অ্যাসোসিয়েটস'কে রাজ্যের জেলায় জেলায় শিল্প সম্ভাবনা কতটা আছে সে ব্যাপারে নিয়োগ করেছিলেন। তারা তাদের রিপোর্ট বহুদিন আগে জমা দিয়েছেন। তার মধ্যে খাদ্য প্রক্রিয়াকরণ, তথ্যপ্রযুক্তি, সব কিছুই ছিল। তাদের ওই রিপোর্টের ভিত্তিতে সরকার কোনো ব্যবস্থা নিয়েছেন কিনা ?

শ্রী নিরুপম সেন : ওই ধরনের কোনো রিপোর্ট সরকারের কাছে আসেনি।

.... (নয়েজ অ্যান্ড ইন্টারাপশন)........

আমি তো বলেছি, সরকারের কাছে পার্থ ঘোষ অ্যাসোসিয়েটসের কোনো রিপোর্ট জমা পড়েনি এবং সরকার পক্ষ থেকে তাঁকে কোনো দায়িত্ব দেওয়া হয়েছে বলেও আমার জানা নেই।

শ্রী রবীন দেব : মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমার অতিরিক্ত প্রশ্ন, মাননীয় সদস্য অশোক দেবের প্রশ্নের উত্তরে আপনি যা বলেছেন, আমি নির্দিষ্টভাবে জানি, কারণ আমি নিজে রায়চকে অনুষ্ঠিত 'ডেস্টিনেশন ওয়েস্ট বেঙ্গল' প্রোগ্রামে উপস্থিত ছিলাম, সেখানে ম্যাকেনসী তাদের রিপোর্ট উপস্থিত করেছিলেন। তার ভিত্তিতে রাজ্যের শিল্প দপ্তর যে টাস্ক ফোর্স হয়েছে সেটা উল্লেখ করেছেন। আমি নির্দিষ্টভাবে জানতে চাই, ম্যাকেনসির রিপোর্ট নয়, এই রাজ্যে শিল্প উন্নয়নের জন্য ১৯৯৪ সালের ২৩ সেপ্টেম্বর যে শিল্পনীতি ঘোষণা করা হয়েছে তার ভিত্তিতে এই রাজ্যে তথ্যপ্রযুক্তি, খাদ্য ও ফল প্রক্রিয়াকরণ পরিকাঠামো উন্নয়ন সম্পর্কে যে ব্যবস্থা আপনার দপ্তর গ্রহণ করেছে, আপনার দপ্তর বিশেষ করে ডবলু বি আই ডি সি থেকে শুরু করে শিল্প পরিকাঠামো উন্নয়ন করপোরেশন করেছেন, সমস্ত ক্ষেত্রে সামগ্রিক যে তথ্যপ্রযুক্তি, খাদ্য ও ফল প্রক্রিয়াকরণ এবং পরিকাঠামো উন্নয়নের ফলে কত বিনিয়োগকারী আগ্রহী হয়েছে আমাদের রাজ্যে সেটা জানাবেন কি ?

শ্রী নিরুপম সেন : মাননীয় সদস্য যেটা বললেন সেটা হচ্ছে কত বিনিয়োগ হয়েছে এবং কত বিনিয়োগকারী এসেছেন। এর উত্তর আমি অতীতে দিয়েছি, যদি আবার আলাদা করে প্রশ্ন করেন তাহলে উত্তর দিয়ে দেব। তবে বলতে পারি, ১৯৯৪ সালের পর থেকে যে নীতি গ্রহণ করা হয়েছে তাতে আমাদের রাজ্যে শিল্পের ক্ষেত্রে অনেক বিনিয়োগ হয়েছে এবং অনেক শিল্পপতি এখানে শিল্প গড়েছে এবং পরিকাঠামো ক্ষেত্রে যথেষ্ট অগ্রগতি ঘটেছে।

কুটির ও ক্ষুদ্রায়তন শিল্পের মাধ্যমে কর্মসংস্থান

*২০৬। (অনুমোদিত প্রশ্ন নং *৩৬২) **শ্রী তপন হোড়** : কুটির ও ক্ষুদ্রায়তন শিল্প বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) কুটির ও ক্ষুদ্রায়তন শিল্প দপ্তরের মাধ্যমে কর্মসংস্থানের লক্ষ্যমাত্রা পূরণের ব্যাপারে সরকার কোনো পরিকল্পনা গ্রহণ করেছেন কি না ;

(খ) করে থাকলে, উক্ত পরিকল্পনায় কী কী বিষয় অগ্রাধিকার পেতে পারে ; এবং

(গ) ২০০০-২০০১ সালে ক্ষুদ্র ও কুটির শিল্প স্থাপনে উৎসাহ প্রদানে কী কী ব্যবস্থা নেওয়া হয় ?

শ্রী বংশগোপাল চৌধুরী :

(ক) কর্মসংস্থান সৃষ্টির জন্য সরকার কিছু নির্দিষ্ট প্রকল্প গ্রহণ করেছেন ;

(খ) তাঁতশিল্পের উন্নয়ন, হস্তশিল্পের উন্নয়ন, অধিক পরিমাণ জমি রেশম চাষের আওতায় আনা, গ্রামীণ শিল্প স্থাপনের মাধ্যমে কর্মসংস্থানের ব্যবস্থা করা ইত্যাদি বিষয়কে অগ্রাধিকার দেওয়া হবে।

(গ) ২০০০/২০০১ সালে ক্ষুদ্র ও কুটির শিল্পে বিশেষ উৎসাহদানের জন্য "উৎসাহদান প্রকল্প-২০০০" নামে একটি নতুন প্রকল্প চালু করা হয়েছে।

শ্রী তপন হোড় : এই যে আমাদের সরকারের পক্ষ থেকে ক্ষুদ্র এবং কুটির শিল্পের উপর যেভাবে নজর দেওয়া হয়েছে এবং কর্মসংস্থানের একটা ব্যাপক লক্ষ্যমাত্রা রাখা হয়েছে, এখানে দাঁড়িয়ে আমি আপনার কাছে জানতে চাই বিগত আর্থিক বছরে কতগুলি ক্ষুদ্রশিল্প স্থাপন হয়েছে এবং কতগুলি তাঁত শিল্প, রেশম শিল্প খাদি গ্রামীণ শিল্প স্থাপন হয়েছে এবং তার মাধ্যমে কতজনের কর্মসংস্থান হয়েছে ? এটা যদি বলেন তাহলে চেহারাটা পরিষ্কার হয়ে যাবে।

শ্রী বংশগোপাল চৌধুরী : মাননীয় সদস্য যে প্রশ্ন করেছেন সুনির্দিষ্ট শিল্পের সংখ্যা এবং কর্মসংস্থানের সংখ্যা সবটা বলা যাবে না, সবই অন গোইং স্কিম আছে। তবে মোটামুটি রূপরেখা হচ্ছে বিগত আর্থিক বছরে ২৯২৮টি নতুন ক্ষুদ্র শিল্প স্থাপন হয়েছে এবং তাতে প্রায় ১১ হাজার জনের নতুন কর্মসংস্থান হয়েছে। তাঁত শিল্প ৩৬৬৬টি স্থাপন হয়েছে এবং তার মাধ্যমে ৯১৬৫ জনের নতুন কর্মসংস্থানের সৃষ্টি হয়েছে। এই রকমভাবে রেশম শিল্পের ক্ষেত্রে ৬৩৪৪ জনের এবং খাদি গ্রামীণ শিল্পে ৪২৫০ জনের নতুন কর্মসংস্থানের সৃষ্টি হয়েছে।

শ্রী তপন হোড় : বিগত আর্থিক বছরের কথা যেটা বললেন মোটামুটি সেটা সন্তোষজনক। আমরা লক্ষ্য করছি বিভিন্ন জেলার ক্ষেত্রে, যাঁরা উদ্যোগ নেবেন তাঁদের বিভিন্ন প্রকল্প সম্পর্কে সম্যক ধারণা গড়ে উঠতে পারেনি। তার ফলে প্রকল্পগুলির সুবিধা নেওয়ার ক্ষেত্রে অসুবিধা হচ্ছে।

[11.40—11.50 a.m.]

এই ক্ষেত্রে বিভিন্ন প্রকল্প সম্পর্কে কোনো ওয়ার্কশপ করে তাদের অ্যাওয়ারেন্সের জায়গায় নিয়ে যাওয়া—কারণ আমরা দেখেছি হলদিয়া পেট্রোকেমের ডাউন স্ট্রিমে যে কাজগুলো হয়েছে, আমাদের পূর্বাঞ্চলে ৫৬ শতাংশ বাজার আছে, অথচ আমাদের ছেলেদের এ সম্পর্কে সম্যক ধারণা না থাকার ফলে গুজরাট এবং অন্ধ্রপ্রদেশ থেকে ছেলেরা এসে সুযোগ নিচ্ছে—ক্ষুদ্র ও কুটির শিল্পের জন্য আপনি যে উদ্যোগ নিয়েছেন, তাতে আমাদের ছেলেরা কি উদ্যোগ নিতে পারে, তার জন্য সেমিনার, ওয়ার্কশপ করার কোনো পরিকল্পনা আপনার আছে কিনা ?

শ্রী বংশগোপাল চৌধুরী : মাননীয় সদস্য জানেন, আমরা ইতিমধ্যে জেলায় জেলায় হলদিয়া পেট্রোকেমের ডাউন স্ট্রিমের উদ্যোগীদের সাথে সভা শুরু করেছি। গত দু মাসে দুটো হয়েছে। উত্তরবঙ্গের কোচবিহারে আগামী ২৭ তারিখে এই ধরনের একটা সভা আছে। এছাড়া, গত এক বছরের মধ্যে—আমি এই আর্থিক বছরের কথা বলছি—হলদিয়া পেট্রোকেমের ডাউন স্ট্রিমে আমাদের এই রাজ্যে অনেক ভালো ভালো ইউনিট স্বল্পদ্যোগীরা স্থাপন করেছেন। এইক্ষেত্রে আমাদের যে অগ্রগতির হার, তাও সন্তোষজনক। এটাকে আমরা আরও এগিয়ে নিয়ে যেতে পারব বলে আশা করি। হলদিয়া পেট্রোকেমের ডাউন স্ট্রিমকে আরও এগিয়ে নিয়ে যাওয়ার জন্য আমরা দুর্গাপুরে একটা অফিস খুলেছি। এছাড়া সমগ্র দক্ষিণবঙ্গে—বাঁকুড়া, বীরভূম, মেদিনীপুর, হুগলি জেলা সমেত স্বল্পদ্যোগীদের আমরা সহায়তা করব। হলদিয়া পেট্রোকেমের যাঁরা কমার্শিয়াল টিম-এর সঙ্গে যুক্ত, তাঁরা বসছেন। একটা অফিস খোলা হয়েছে উত্তরবঙ্গে শিলিগুড়ি এবং জলপাইগুড়িতে তাদের সাহায্য দেওয়ার জন্য। এছাড়া, স্মল ইন্ডাস্ট্রিজ ডেভেলপমেন্ট এজেন্সি 'সিডা'কে আমরা আরও শক্তিশালী করছি, যাতে এই ধরনের স্পট সার্ভিস দিতে পারি।

শ্রী তপন হোড় : আমাদের জেলাগুলিতে বিভিন্ন ঋণদান প্রকল্প যেগুলি আছে, ক্ষুদ্রশিল্প প্রসারের ক্ষেত্রে বাধা হয়ে দাঁড়িয়েছে ব্যাংক থেকে ঋণ পাওয়ার ক্ষেত্রে। যে ঋণ আছে, তা থেকে কম দেওয়া হচ্ছে। ডিলে করছে। টাকা যা পাওয়ার কথা, সেই টাকা পুরো পাচ্ছে না, আংশিক পাচ্ছে। এই ক্ষেত্রে আপনি 'উৎসাহদান প্রকল্প, ২০০০' এটা চালু করেছেন। এই ক্ষেত্রে যাই আপনি করুন না কেন, ব্যাংক ঋণের ক্ষেত্রে ভয়ংকর প্রতিবন্ধকতা সৃষ্টি হচ্ছে। সে সম্পর্কে আপনি কি বিশেষ দৃষ্টিভঙ্গি নিচ্ছেন ?

শ্রী বংশগোপাল চৌধুরী : আমাদের রাজ্যের ব্যাংকগুলোর যে সমস্যা সেটা আপনি জানেন। এটা নিয়ে এখানে একাধিকবার আলোচনা হয়েছে। আমাদের মাননীয় অর্থমন্ত্রী স্টেট

লেভেল ব্যাংকার্স কমিটির সাথে প্রতিনিয়ত যোগাযোগ রাখছেন। এটা গুরুত্ব সহকারে বিবেচনা করা হচ্ছে। আমাদের ক্ষুদ্র ও কুটির শিল্প দপ্তর যাতে কো-অর্ডিনেট করতে পারে, তার জন্য আমরা সর্বতোভাবে চেষ্টা করছি। আমরা 'সিডবি'র সাথে আমাদের যোগসূত্র দৃঢ় করার চেষ্টা করছি।

শ্রী পার্থ চ্যাটার্জী : মাননীয় মন্ত্রিমহাশয় এখানে বললেন যে, ব্যাংকগুলোর মাধ্যমে উৎসাহ দেওয়ার চেষ্টা করছেন। আমি আপনার কাছে জানতে চাইছি, সরকারের মাধ্যমে যে সমস্ত উদ্যোগীদের লোন দিয়েছিলেন, সেইসব সংস্থা লোন ফেরত দিয়েছে কিনা ? আপনি একটা লিস্ট দিতে পারবেন যে, কাদের লোন দিয়েছিলেন, কি কাজে তারা লোন নিয়েছিল এবং তারা সেই লোন ফেরত দিতে পারবে কিনা ?

শ্রী বংশগোপাল চৌধুরী : এই প্রশ্নের সাথে এটি যুক্ত না। আমি এর উত্তর দিতে পারছি না। কে লোন পেয়েছে, এই তালিকা রাখার দায়িত্ব এই দপ্তরের নয়।

শ্রী তমসের আলি : মাননীয় মন্ত্রীর কাছে আমার প্রশ্ন যে, হলদিয়ায় ডাউন স্ট্রিম অনুসারী প্রকল্পে ব্যাংকের দ্বারা অ্যাপ্রুভাল পাচ্ছে এইরকম তথ্য আপনার কাছে আছে কিনা জানাবেন কি ?

শ্রী বংশগোপাল চৌধুরী : অনুসারী প্রকল্প এখনো পর্যন্ত যতগুলো স্থাপন করেছি তার বাইরেও ১ হাজার ৩২টির রেজিস্ট্রেশন হয়েছে এবং সেটাও ব্যাংকের অ্যাপ্রুভাল নিয়েই হয়েছে।

শ্রী অরূপ ভদ্র : মাননীয় মন্ত্রীর কাছে অতিরিক্ত প্রশ্ন যে, বারুইপুরে ডাঃ বিধানচন্দ্র রায়ের স্বপ্ন অনুযায়ী ইন্ডাস্ট্রিয়াল এস্টেট পিয়ালী টাউন গড়ে তুলেছিলেন। ওখানে অনেক ক্ষুদ্র ও কুটির শিল্প গড়ে উঠেছিল এবং তাতে বেকার যুবক-যুবতীদের ব্যাংকের লোন নিয়ে করেছিল। কিন্তু এখন অনেক সরকারি জায়গা রয়েছে, তারা ছেড়ে চলে গেছে। সুতরাং পরবর্তী পর্যায়ে সরকারের কোনো পরিকল্পনা আছে কিনা যে, ওখানে যারা ব্যবসা করতে চায় তাদেরকে ওই জায়গা দেওয়া যায় কিনা। ওই জায়গাগুলো যারা ব্লক করে আছে তাদের কাছ থেকে ছাড়িয়ে এনে এবং এই ব্যাপারে সরকার কোনো জায়গা পাইয়ে দেবার কোনো পরিকল্পনা আছে কিনা যাতে করে যারা ব্যবসা ছেড়ে চলে গেছে তার পরবর্তী অন্য কাউকে দেবার জন্যে।

শ্রী বংশগোপাল চৌধুরী : আমাদের ওয়েস্ট বেঙ্গল স্মল ইন্ডাস্ট্রিজ ডেভেলপমেন্ট কর্পোরেশন তারা এইরকম এস্টেটের জমি নিয়ে শিল্প করছে। আর মাননীয় সদস্য যেটা বলেছেন যে, জমি নিয়ে ফেলে রেখেছে কারখানা বন্ধ। সেখানে ওই নতুন জমি অন্যকে কিভাবে অ্যালোট করব তার নিয়ম আছে এবং সেটা ডব্লিউ.বি.এস.আই.ডি.সি. ঠিক করবে, আমরা পরিকল্পনা করছি যাতে সেখানে জমি নিয়মমতো দিয়ে দেওয়া যায়।

শ্রী সমর হাজরা : মাননীয় মন্ত্রীর কাছে আমার অতিরিক্ত প্রশ্ন যে, ক্ষুদ্র ও কুটির শিল্পের মাধ্যমে অনেক বেকার যুবক-যুবতীদের কর্মসংস্থানের কথা মাননীয় মন্ত্রী বলেছেন

কিন্তু এই ক্ষুদ্র ও কুটির শিল্পজাত দ্রব্যাদি, উৎপাদিত দ্রব্য যেগুলো তৈরি করছে তার বিক্রি করার বাজার এক্ষেত্রে থাকছে না। অনেক সময়ে দেখা যাচ্ছে আস্তে আস্তে বন্ধ হয়ে আসছে। সেই কারণে ওই কুটির শিল্পজাত জিনিসের বিপণনের ব্যবস্থা আপনার দপ্তর ভাবনাচিন্তা করছে কি ?

শ্রী বংশগোপাল চৌধুরী : মাননীয় সদস্যকে জানাই যে, রাজ্যে যেসব সংস্থাগুলো রয়েছে তাদের একটা পারচেজ পলিসি আছে। বর্তমানে ক্ষুদ্র ও কুটির শিল্প দপ্তর থেকে যেসব সংস্থা জিনিস তৈরি করে, তাদের উৎপাদিত জিনিসের যাতে ঠিক দাম পায় এবং বেশি বিক্রি হয় সেই জন্য অর্থ দপ্তর থেকে একটা নির্দেশনামা জারি করেছে। সেটা যাতে ঠিকমতো লাগু করা যায় তার জন্য এই দপ্তর দেখাশোনা করছে। এছাড়া ক্ষুদ্র ও কুটির শিল্পের বিভিন্ন ইউনিট থেকে যেসব জিনিস তৈরি হয় তার কোয়ালিটি কন্ট্রোলের জন্য সেল তৈরি করার আমরা চেষ্টা করছি। তাছাড়া ডব্লিউ.বি.এস.আই.ডি.সি. আমাদের রাজ্যে যে সংস্থা আছে তারা ওই ইউনিটগুলোকে যাতে বাড়তি গুরুত্ব দিতে পারে এবং উৎপাদিত মাল বাজারে ঠিকমতো সাপ্লাই করতে পারে সেটা দেখে।

শ্রী নির্বেদ রায় : মাননীয় মন্ত্রীর কাছে জানতে চাই যে, ক্ষুদ্র ও কুটির শিল্পের ক্ষেত্রে আপনি বিভিন্ন ধরনের উৎসাহ প্রদানের কথা বলেছেন এবং অনুসারী শিল্প সম্পর্কেও হলদিয়াতে যে গড়ে উঠেছে সেই সম্পর্কে বলেছেন। আমার প্রশ্ন ক্ষুদ্র ও কুটির শিল্পের যে পরিকাঠামো আপনাদের ব্যবস্থাপনায় গত ২৪ বছরে গড়ে উঠেছে কি তার ডেভেলপমেন্ট হয়েছে দয়া করে জানাবেন কি ?

শ্রী বংশগোপাল চৌধুরী : পরিকাঠামো সম্পর্কে যেটা আমাদের দেখতে হয় সেটা মাননীয় সদস্য যেভাবে বলছেন সেইভাবে ক্ষুদ্র ও কুটির শিল্পকে আলাদাভাবে ভাগ করা যায় না। আমাদের জল, বিদ্যুৎ, রাস্তাঘাট ইত্যাদির উন্নতির ব্যবস্থা আমরা করেছি। একটু আগে উল্লেখও হয়েছিল যে, যে প্রসঙ্গে যে টাস্ক ফোর্সের ব্যাপারে। সেই টাস্ক ফোর্সও তার রিপোর্টে কিছু রেকমেনডেশান করে। এই যে টাস্ক ফোর্স গঠন করা হয়েছে তা বৃহৎ, ক্ষুদ্র ও কুটির শিল্প এবং মাঝারি শিল্পের উন্নতির জন্যে।

[11.50—12.00 Noon]

শিল্পের অন্তর্ভুক্ত যে সমস্ত স্কিমগুলি আছে ডাবলিউ.বি.এস.আই.ডি.সি.-র সেখানে বড় পরিকল্পনা আমরা নিচ্ছি। আমাদের বেহালায় ইন্ডাস্ট্রিয়াল এস্টেট নিয়ে গতকাল বাজেট বক্তৃতার সময় বলেছি সাড়ে তিন কোটি টাকা খরচ করছি পরিকাঠামোর উন্নতি করার জন্য। বেহালায় একশত ইউনিট হবে, সেখানে জমি আছে। একই সঙ্গে কসবায় ইন্ডাস্ট্রিয়াল এস্টেটকে উন্নত করছি। এছাড়া জেলায় যেগুলি আছে, দুর্গাপুর, বোলপুর অন্যান্য জেলাগুলিতে, সেই সমস্ত জায়গায় ডাবলিউ.বি.এস.আই.ডি.সি. থেকে আমরা পরিকল্পনা নিচ্ছি।

শ্রী রতন দাস : স্যার, মাননীয় মন্ত্রী মহাশয়ের কাছ থেকে আমি জানতে চাইছি, নাদনঘাট এলাকায় সমুদ্রগড়, শ্রীরামপুর, ধাত্রীগ্রাম, নবদ্বীপ, শান্তিপুর ইত্যাদি এলাকায় তাঁত

শিল্প আজকে বন্ধ হতে চলেছে। বিশেষ করে কাঁচামালের মূল্যবৃদ্ধির সমস্যা আছে ও বিপণন-এর সমস্যা আছে, একে বাঁচাবার জন্য কোনো পরিকল্পনা নিয়েছেন কি ?

শ্রী বংশগোপাল চৌধুরী : মাননীয় সদস্য আপনি জানেন, তাঁত শিল্পের যে সমস্যা আছে, সেই ব্যাপারে বলি, আমাদের যে সমবায় সমিতিগুলি আছে তাকে আরও বেশি সাপোর্ট দিতে হবে। এই সমবায় সমিতিগুলিকে রক্ষা করার জন্য আমরা ঠিক করেছি এদের যে বকেয়া পাওনা আছে, বিভিন্ন সংস্থা থেকে তাদের সেই টাকা দ্রুত মিটিয়ে দেবে। এখন নতুন করে কম্পিউটার এইডেড ডিজাইন করছে, গতকাল বাজেটে বলেছি টেকনিক্যাল সাপোর্ট আমরা দেব, ক্যাড আমরা করতে চাই, তারা যাতে ভালো মার্কেটিং করতে পারেন, এক্সপোর্ট করতে পারেন, এর জন্য সহায়তা দেব, তাদের টাকা-পয়সা ইত্যাদি দেব আর্থিক সহায়তার জন্য, আমরা সেই প্রকল্প নিচ্ছি।

*২০৭। (স্থগিত)

*২১০। (নট কল্ড)

ব্লক পুনর্বিন্যাস

*২১১। (অনুমোদিত প্রশ্ন নং *৮৭০) **শ্রী বঙ্কিমচন্দ্র হাজরা** : পঞ্চায়েত ও গ্রামোন্নয়ন বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) রাজ্যে ব্লক পুনর্বিন্যাস করার কোনো পরিকল্পনা সরকারের আছে কি না ;

(খ) থাকলে, উক্ত পুনর্বিন্যাসের কাজ কবে নাগাদ বাস্তবায়িত হবে বলে আশা করা যায় ; এবং

(গ) এই পুনর্বিন্যাসের তালিকায় কোন কোন ব্লকের উল্লেখ আছে ?

ডাঃ সূর্যকান্ত মিশ্র :

(ক) বর্তমানে এরূপ কোনো পরিকল্পনা সরকারের নেই।

(খ) প্রশ্ন ওঠে না।

(গ) প্রশ্ন ওঠে না।

শ্রী বঙ্কিমচন্দ্র হাজরা : মাননীয় মন্ত্রী মহাশয়ের কাছে আমার অতিরিক্ত প্রশ্ন। একটা ব্লক পুনর্বিন্যাসের ক্ষেত্রে সরকারের কোন কোন ক্রাইটেরিয়া আছে, দয়া করে জানাবেন কি ?

ডাঃ সূর্যকান্ত মিশ্র : সাধারণত জেলা থেকে প্রস্তাব আসে, জেলাশাসক প্রস্তাব পাঠান। এখন যেহেতু পঞ্চায়েত সমিতি হয়েছে, জেলা পরিষদ হয়েছে, তাই পঞ্চায়েত সমিতির প্রস্তাব জেলা পরিষদে আসে, আবার গ্রাম পঞ্চায়েত হলে, গ্রাম পঞ্চায়েতের প্রস্তাব আসে, সেটা জেলা পরিষদে আসার পরে সেটা নিয়ে সিদ্ধান্ত নেওয়া হয়।

শ্রী বঙ্কিমচন্দ্র হাজরা : আপনি বললেন, পঞ্চায়েত সমিতি, গ্রাম পঞ্চায়েত বা জেলা পরিষদ থেকে আসার পর পুনর্বিন্যাস করেন। এটা কোন ক্রাইটেরিয়াতে করেন ? লোকসংখ্যার উপরে নাকি আয়তনের উপরে দাঁড়িয়ে পুনর্বিন্যাস করেন ?

ডাঃ সূর্যকান্ত মিশ্র : আয়তন, জনসংখ্যা এই সবই আছে। কিন্তু আমরা একটা সিদ্ধান্ত করেছিলাম '৯৩ সালের পঞ্চায়েত নির্বাচনের আগে, যে সমস্ত ব্লকে ১৫টির বেশি গ্রাম পঞ্চায়েত হয়ে গেছে সেইগুলি ভাগ করে দিয়ে বড় ব্লক কতকগুলি তা আমরা চিহ্নিত করলাম, সেই সময় ভাগ করা হয়েছিল। দু-একটি ব্লক তারা প্রস্তাব নেননি। কিন্তু ভাগ হওয়া উচিত ছিল। আমরা তো জোর করে করি না। আমাদের কাছে বাইফারকেশন-এর তিনটি প্রস্তাব আছে। আমরা সেইগুলি দেখছি।

শ্রী পরেশনাথ দাস : মাননীয় মন্ত্রী মহাশয়ের কাছে আমি জানতে চাই, মুর্শিদাবাদ জেলার বহরমপুরে ১৫টির বেশি গ্রাম পঞ্চায়েত আছে, সেখানে সেই ব্লককে ভাগ করার কোনো প্রস্তাব আছে কিনা দয়া করে বলবেন কি ?

ডাঃ সূর্যকান্ত মিশ্র : আমি বললাম তিনটি প্রস্তাব আছে। তার মধ্যে বহরমপুরও একটা। ব্লক থেকে জেলায় এসেছে, জেলাশাসক একটা কপি পাঠিয়েছেন, আমরা পেয়েছি, এখন জেলাশাসকের রিপোর্টের জন্য অপেক্ষা করছি।

শ্রী গোবিন্দচন্দ্র নস্কর : মাননীয় মন্ত্রী মহাশয় আপনি নিশ্চয় জানেন, বারুইপুরে একটি ব্লকে ১৯টি গ্রাম পঞ্চায়েত আছে এবং সুন্দরবনের গোসাবায় একটি ব্লকে নয়টি গ্রাম পঞ্চায়েত আছে। সুন্দরবনের ওই দ্বীপগুলিতে যাতায়াতের খুবই অসুবিধা আছে। আপনি যে তিনটির কথা বললেন তার মধ্যে এই ব্লকগুলো আছে কি ?

ডাঃ সূর্যকান্ত মিশ্র : আমি বলেছি তো প্রস্তাব না এলে হবে না। আপনি যদি উদ্যোগ নিয়ে প্রস্তাব পাঠান তাহলে আমি দেখব।

শ্রী নির্মল দাস : মাননীয় মন্ত্রিমহাশয়, আমাদের রাজ্যে অনেক ক্ষেত্রেই বিধানসভার ক্ষেত্র এবং ব্লক অনেক ক্ষেত্রেই আলাদা, ফলে নানা অসুবিধা হয়। এই অবস্থায় বিধানসভা কেন্দ্রভিত্তিক ব্লক পুনর্গঠন করে, প্রশাসনিক সুযোগ-সুবিধা নেওয়ার জন্য কোনো পরিকল্পনা আপনি নেবেন কি ?

ডাঃ সূর্যকান্ত মিশ্র : আমি বললাম তো সেই রকম কোনো পরিকল্পনা সরকারের নেই। কনস্টিটিউশন ডি-লিমিটেশন কমিশন বসেছে, সেই কমিশন যদি চেঞ্জ করে তাহলে হবে। নইলে আমরা একবার চেঞ্জ করব, ওরা আরেকবার চেঞ্জ করবে, এটা তো হয় না। তাই আমাদের এখন কোনো পরিকল্পনা নেই।

শ্রী চৌধুরী মোহন জাটুয়া : মাননীয় মন্ত্রী মহাশয়ের কাছে জানতে চাইছি, আপনি বললেন, পঞ্চায়েত লেভেল থেকে প্রোপোজাল আসলে হবে। কিন্তু সমস্যা হল, তিনটি ব্লক নিয়ে ও তিনটি থানা নিয়ে আমার বিধানসভা কেন্দ্র করা হয়েছে। মাননীয় মন্ত্রিমহাশয়

বললেন গ্রামীণ লেভেল থেকে প্রোপোজাল এলে হবে। এই ক্ষেত্রে কোনো লেভেল থেকে প্রোপোজল আসতে হবে।

ডাঃ সূর্যকান্ত মিশ্র : উনি বললেন ওনার বিধানসভা কেন্দ্রের মধ্যে তিনটি ব্লককে ঢোকানো হয়েছে। বিধানসভা কেন্দ্রগুলোতো আমরা গঠন করি না। এর জন্য কনস্টিটিউয়েন্সি ডি-লিমিটেশন কমিশন কাজ করছে, তারা যদি কিছু করে তাহলে আলাদা কথা। আর ব্লক যদি ভাগ করতে হয় তাহলে পঞ্চায়েত লেভেল থেকে প্রোপোজাল আসতে হবে জেলার মাধ্যমে, জেলাশাসকের মাধ্যমে।

নদিয়া জেলা পরিষদে অডিট

*২১৩। (অনুমোদিত প্রশ্ন নং *১২০২) **শ্রী শিবদাস মুখার্জী :** পঞ্চায়েত ও গ্রামোন্নয়ন বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) নদিয়া জেলা পরিষদে ১৯৯৮-১৯৯৯ ও ১৯৯৯-২০০০ সালের অডিট করা হয়েছে কিনা ; এবং

(খ) না হলে, তার কারণ কী ?

ডাঃ সূর্যকান্ত মিশ্র :

(ক) না।

(খ) জেলা পরিষদের অডিট করেন মহাগাণনিক (পশ্চিমবঙ্গ) অডিট-১-এর প্রশাসনিক নিয়ন্ত্রণাধীন এগজামিনার অফ লোকাল অ্যাকাউন্টস। তারা উক্ত দুই বৎসরের অডিট না হওয়ার বিষয়ে রাজ্য সরকারকে কিছু জানাননি।

শ্রী শিবদাস মুখার্জী : স্যার, আপনার মাধ্যমে মাননীয় মন্ত্রিমহাশয়ের কাছে জিজ্ঞাসা করতে চাই, সমগ্র পশ্চিমবাংলায় জেলা পরিষদগুলোর মাধ্যমে কোটি কোটি টাকা খরচ হচ্ছে বিভিন্ন খাতে। বিশেষ করে আমি নদীয়া জেলা সম্বন্ধে বলছি, ১৯৯৯-২০০০ সালের অডিট করা হয়েছে কিনা এবং তার কারণ কি আমি জানতে চেয়েছিলাম। উনি বলেছেন জেলা পরিষদের অডিট করেন মহাগাণনিক, এটা রাজ্য সরকারের নিয়ন্ত্রণাধীন নয়। এরা যদি এনকোয়ারি না করে, অডিট না করে তাহলে প্রতি বছর কোটি কোটি টাকা বিভিন্ন খাতে জেলা পরিষদের সভাপতিরা খরচ করছে, এর প্রতিকার কী হবে ?

ডাঃ সূর্যকান্ত মিশ্র : আমি দুঃখিত, মাননীয় সদস্যকে আমার স্মরণ করিয়ে দিতে হচ্ছে, সি.এ.জি. আমাদের নিয়ন্ত্রণাধীন নয়, এটা কেন্দ্রীয় সরকারের নিয়ন্ত্রণাধীন। মাননীয় সদস্য যে রকম উদ্বিগ্ন, আমরাও সেই রকম উদ্বিগ্ন। আমরা বহুবার এই ব্যাপারে হাউসে উদ্বেগ প্রকাশ করেছি। এই বিষয়ক যে সাবজেক্ট কমিটি আছে তারাও এখানে বহুবার প্রস্তাব করেছে, বহুবার আমরা সি.এ.জি.-কে বলেছি, কোটি কোটি টাকার অডিট সময় মতো যদি না হয় তাহলে অসুবিধা হবে।

[12.00—12.10 p.m.]

৭/৮ বছর বাকি আছে। আগে তো ১৯৮৯-৯০ পর্যন্ত বাকি ছিল। তারপর বহু লেগে ১৯৯৭-৯৮ পর্যন্ত হয়েছে। কিন্তু বহু জেলাতে অডিট করা যেতে পারেনি। এরপর যখন আরও ৫ বছর পেরিয়ে যাবে, আরও দেরি হবে, তখন অনেক অফিসারও চলে যাবেন, অসুবিধা হবে। এটা নিয়ে আপনি যেমন উদ্বিগ্ন, আমিও তেমনি উদ্বিগ্ন। তারা বলছে তাদের লোকজন নেই, ইত্যাদি। পঞ্চায়েত সমিতিও করে। কিন্তু আমরা সি.এ.জি.-কে দিয়েছি। তারা করতে পারছে না। অন্য কোনো রাজ্যে তো এসব নেইই। আমরা বলেছি, যদি না পারেন তাহলে আমাদের দিন, আমরা করি। কিন্তু জেলা পরিষদেরটা আমরা নিতে চাই না, সি.এ.জি. করুক এটা খুব গুরুত্বপূর্ণ তো। তাই যেটা করছে সেটা যাতে তাড়াতাড়ি করে সেই চেষ্টা করতে হচ্ছে।

শ্রী নিরুপম সেন : মাননীয় স্পীকার মহাশয়, মাননীয় সদস্য সৌগতবাবুর একটা অতিরিক্ত প্রশ্নের উত্তর (হেল্ড ওভার *২০১) যেটা দিয়েছিলাম, সেটা আমি একটু সংশোধন করে নিতে চাই। আমার বিভাগ, আমার দপ্তর থেকে খোঁজ নিয়ে জানলাম যে, ১৯৯৬ সালে ওয়েবেলের উদ্যোগে এবং আমাদের দপ্তরের সাহায্যে একটা এই ধরনের প্রতিবেদন তৈরি হয়েছে, সেই সম্পর্কে বিস্তারিত খোঁজ নিয়ে আমি পরে সভাতে জানাব।

মিঃ স্পীকার : আমি মাননীয় মন্ত্রীদের দৃষ্টি আকর্ষণ করতে চাই—যে প্রশ্ন হেল্ড ওভার হয়ে গেছে, পরের নির্দিষ্ট দিনে যেন তার উত্তরটা দেওয়া যায়। যদি ওইদিন দেওয়া সম্ভব না হয়, তাহলে অন্তত ৫ দিন আগে আমাদের সেক্রেটারিয়েটে জানিয়ে দিন যাতে লিস্টে ছাপা না হয়। লিস্টে ছাপা হয়ে গেলে সদস্যরা মনে করবেন উত্তরটা পাওয়া যাবে। তাই বলছি—হেল্ড ওভার কোশ্চেন শুড নেভার বি হেল্ড ওভার এগেইন।

Question hour is over.

Held over starred questions
(to which answers were laid on the Table).

চা শিল্পে উদারনীতির প্রতিফলন ও চা রপ্তানি

*২১০। (অনুমোদিত প্রশ্ন নং *৬৫৯) **শ্রীমতী কনিকা গাঙ্গুলী :** শিল্প ও বাণিজ্য বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

কেন্দ্রীয় সরকারের উদার আমদানি নীতির ফলে রাজ্যে চা রপ্তানি ও বাণিজ্যের উপর কোনো প্রভাব পড়েছে কি না ?

শিল্প ও বাণিজ্য বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় :

কেন্দ্রীয় সরকারের উদার আমদানি নীতির প্রভাব সামগ্রিকভাবে সব পণ্যের আমদানি রপ্তানির ক্ষেত্রেই অনুভূত হচ্ছে ; তবে চা পর্ষদ থেকে পাওয়া তথ্য অনুযায়ী এ রাজ্যের ক্ষেত্রে এর প্রভাব এখনও পর্যন্ত সামান্যই। ২০০০ সালে যে চা আমদানি করা হয়েছে তার ৯৯.৮ শতাংশ থোক চা। এর শতকরা

৯৪ শতাংশ আবার রপ্তানি করা হয়েছে। অধিকন্তু অন্তর্দেশীয় বাণিজ্যের জন্য থোক আমদানিকৃত চাষের পরিমাণ খুবই সামান্য।

রাজ্যের পঞ্চায়েত সমিতির অডিট

*২১৫। (অনুমোদিত প্রশ্ন নং *১৩২৯) **শ্রী সুব্রত মুখার্জী** : পঞ্চায়েত ও গ্রামোন্নয়ন বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) ৩১-৩-১৯৯৯ পর্যন্ত রাজ্যের কত সংখ্যক পঞ্চায়েত সমিতির অডিট হয়েছে ; এবং

(খ) উক্ত সময় পর্যন্ত অডিট না হওয়া পঞ্চায়েত সমিতির ক্ষেত্রে কী কী ব্যবস্থা গ্রহণ করা হয়েছে ?

পঞ্চায়েত ও গ্রামোন্নয়ন বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় :

(ক) ২৩৩টি পঞ্চায়েত সমিতির ৩১-৩-১৯৯৯ পর্যন্ত অডিট হয়েছে।

(খ) যেহেতু অডিট না হওয়ার জন্য পঞ্চায়েত সমিতি দায়ী নয়, তাদের ক্ষেত্রে কোনো ব্যবস্থা নেওয়ার প্রশ্ন ওঠে না।

চতুর্থ স্তর পঞ্চায়েত ব্যবস্থা

*২১৬। (অনুমোদিত প্রশ্ন নং *১৪৮৫) **শ্রী শেখ জাহাঙ্গীর করিম** : পঞ্চায়েত ও গ্রামোন্নয়ন বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

চতুর্থ স্তর পঞ্চায়েত ব্যবস্থা চালু করার কোনো পরিকল্পনা সরকারের আছে কি না ?

পঞ্চায়েত ও গ্রামোন্নয়ন বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় :

না।

Starred Questions
(to which answers were laid on the Table).

হাসপাতালে প্রতিষেধক ওষুধের চাহিদা ও জোগান

*২৫২। (অনুমোদিত প্রশ্ন নং *৪২৩) **শ্রী আশিস ব্যানার্জী** : স্বাস্থ্য ও পরিবার-কল্যাণ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) রামপুরহাট মহকুমা হাসপাতালে কুকুর ও সাপে কামড়ানোর প্রতিষেধক ওষুধ চাহিদা মতো পাওয়া যায় কি না ; এবং

(খ) 'ক' প্রশ্নের উত্তর হ্যাঁ হলে, বর্তমান বছরের মে মাসে ওই হাসপাতালে উক্ত প্রতিষেধকের চাহিদা ও জোগান কীরূপ ছিল ?

স্বাস্থ্য ও পরিবার কল্যাণ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় :

(ক) হাসপাতালগুলির কুকুর ও সাপে কামড়ানোর প্রতিষেধক ওষুধের চাহিদা হাসপাতাল কর্তৃপক্ষ অনুমানের ভিত্তিতে অগ্রিম পেশ করে থাকে। যেহেতু এই জীবনদায়ী প্রতিষেধকগুলি দুষ্প্রাপ্য এবং দামি তাই প্রকৃত সরবরাহ নির্ভর করে সংশ্লিষ্ট হাসপাতালের প্রতিষেধকগুলির অতীত সদ্ব্যবহারও প্রাসঙ্গিক সময়ে তাদের মোট জোগানের মাত্রার ওপর। অবশ্য লক্ষ্য রাখা হয় যাতে হাসপাতালটিতে কোনো সময়ই প্রতিষেধকগুলির অভাব না ঘটে এবং এরূপ সম্ভাবনার সৃষ্টি হলে জরুরি ভিত্তিতে সরবরাহ অক্ষুণ্ণ রাখার চেষ্টা করা হয়।

রামপুরহাট মহকুমা হাসপাতালে প্রতিষেধকগুলির সরবরাহ একই পদ্ধতিতে করা হয়।

(খ) মে মাসে রামপুরহাট বা মহকুমা হাসাপাতালে সাপে কামড়ের প্রতিষেধকের কোনো চাহিদা ছিল না কারণ হাসপাতালে প্রতিষেধকটির ৬৯০ ভায়াল মজুত ছিল।

২০০০-২০০১ সালে স্বল্প সঞ্চয় প্রকল্পের লক্ষ্যমাত্রা

*২৫৩। (অনুমোদিত প্রশ্ন নং *২৫) **শ্রী রামপদ সামন্ত :** অর্থ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) ২০০০-২০০১ সালে স্বল্প সঞ্চয় প্রকল্পে রাজ্য সরকারের লক্ষ্যমাত্রা কত ছিল ; এবং

(খ) উক্ত খাতে কত টাকা জমা পড়েছে ?

অর্থ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় :

(ক) নিট সংগ্রহের লক্ষ্যমাত্রা ৫৫০০ কোটি টাকা।

(খ) নিট সংগ্রহ ৬৩৮৭ কোটি টাকা (বেসরকারিভাবে বিভিন্ন ডাকঘর থেকে প্রাপ্ত তথ্যের ভিত্তিতে)।

নারকেল ছোবড়াভিত্তিক শিল্প

*২৫৪। (অনুমোদিত প্রশ্ন নং *৯৭৭) **শ্রী শীতলকুমার সর্দার :** কুটির ও ক্ষুদ্রায়তন শিল্প বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) নারকেল ছোবড়াভিত্তিক শিল্প স্থাপনে সরকারের কোনো পরিকল্পনা আছে কি না ; এবং

(খ) থাকলে, উক্ত ব্যাপারে কী কী ব্যবস্থা গ্রহণ করা হয়েছে / হচ্ছে ?

কুটির ও ক্ষুদ্রায়তন শিল্প বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় :

(ক) এই বিষয়ে সরকারের কয়েকটি সুনির্দিষ্ট পরিকল্পনা আছে।

(খ) কারিগরি দক্ষতা বৃদ্ধির জন্য প্রশিক্ষণ দান, তন্তু সরবরাহ, দড়ির গুণগত মান ও উৎপাদন বৃদ্ধির লক্ষ্যে প্রয়োজনীয় যন্ত্রপাতি সরবরাহ করা হচ্ছে। এছাড়া, প্রশিক্ষণপ্রাপ্ত উদ্যোগীদের নিয়ে বিভিন্ন জেলায় শিল্প সমবায় তৈরির ব্যবস্থা নেওয়া হয়েছে।

উদারীকরণ নীতির ফলে বিদেশের পণ্যের প্রবেশ

*২৫৫। (অনুমোদিত প্রশ্ন নং *৬৫৩) **শ্রী রবীন দেব :** শিল্প ও বাণিজ্য বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) উদারীকরণ নীতির ফলে বিদেশি পণ্য এ রাজ্যে অবাধে প্রবেশ করছে কি না ; এবং

(খ) করে থাকলে, তার ফলে রাজ্যের ব্যবসা-বাণিজ্যের ক্ষতি হচ্ছে কি না ?

শিল্প ও বাণিজ্য বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় :

(ক) উদারীকরণ নীতি চালু হবার স্বাভাবিক ফলশ্রুতিতে বিদেশি পণ্য এ রাজ্যের বাজারেও পাওয়া যাচ্ছে। তবে, অবাধে পণ্যের আমদানির বিষয়টি কেন্দ্রীয় সরকারের এক্তিয়ারে। এ কারণে এ সম্পর্কে সুনির্দিষ্ট তথ্য দেবার সুযোগ নেই।

(খ) কম দামি বিদেশি পণ্যের প্রতি ভোক্তাদের স্বাভাবিক আগ্রহের ফলে, দেশীয় পণ্য প্রবল প্রতিযোগিতার সম্মুখীন। এই প্রতিযোগিতার প্রত্যক্ষ ও পরোক্ষ প্রভাব কেন্দ্রীয় সরকারের বিভিন্ন সংস্থা পর্যালোচনা করে থাকেন।

মুর্শিদাবাদ ও মালদহ জেলায় গঙ্গা-পদ্মার ভাঙন রোধ

*২৫৬। (অনুমোদিত প্রশ্ন নং *৭৮৮) **শ্রী অতীশচন্দ্র সিংহ :** সেচ ও জলপথ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) ২০০০-২০০১ বর্ষে সরকার মুর্শিদাবাদ ও মালদহ জেলার গঙ্গা-পদ্মার ভাঙন রোধে মোট কত টাকা বরাদ্দ করেন ; এবং

(খ) তন্মধ্যে, সর্বশেষ প্রাপ্ত তথ্যানুযায়ী মোট কত টাকা ব্যয়িত হয়েছে ?

সেচ ও জলপথ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় :

(ক) গঙ্গা-পদ্মার ভাঙন রোধে ২০০০-২০০১ আর্থিক বছরে মুর্শিদাবাদ ও মালদহ্ জেলার জন্য রাজ্য পরিকল্পনা খাতের বিভিন্ন উপখাতে বরাদ্দকৃত মোট টাকার পরিমাণ ছিল নিম্নরূপ :

(কোটি টাকায়)

জেলা	মূল বরাদ্দ (২০০০-২০০১)	সংশোধিত বরাদ্দ (২০০০-২০০১)
মুর্শিদাবাদ	৯.২২	৪০.২০
মালদহ্	৬.১৫	৩০.৯২
মোট :	১৫.৩৭	৭১.১২

উপরোক্ত সংশোধিত বরাদ্দের মধ্যে বিশেষজ্ঞদের কমিটি (কেশকার)-র সুপারিশ অনুযায়ী মুর্শিদাবাদ এবং মালদহ্ জেলায় গঙ্গা-পদ্মা নদীর ভাঙন রোধের জন্য ১৫ কোটি টাকা ধরা ছিল। এই টাকার একটি অংশ কেন্দ্রীয় সরকারের বিশেষ আর্থিক সহায়তা হিসাবে পাওয়ার কথা ছিল।

একাদশ অর্থ কমিশনের সুপারিশকৃত ৬০ কোটি টাকার মধ্যে ২৪ কোটি টাকা এবং হাডকো ঋণ সহায়তা বাবদ ১৭.৫০ কোটি টাকার সংস্থান সংশোধিত বরাদ্দে রাখা ছিল।

(খ) মোট ব্যয়িত টাকার পরিমাণ :

জেলা	২০০০-০১ সালে মোট ব্যয়িত অর্থের পরিমাণ (কোটি টাকায়)
মুর্শিদাবাদ	১০.৫৫
মালদহ্	২১.৬৫
মোট	৩২.২০

বিশেষজ্ঞ কমিটির সুপারিশ অনুযায়ী ২০০০-০১ সালে কেন্দ্রীয় সরকার থেকে কোনো আর্থিক সাহায্য পাওয়া যায়নি।

একাদশ অর্থ কমিশনের টাকা ২০০০-০১ সালের ২০০০-এর আগস্ট মাসে পাওয়ার পর বিধিবদ্ধ নিয়মপালন করার পর ওই বৎসর ওই টাকা ব্যয় করা যায়নি।

রাজ্যে থ্যালাসেমিয়া রোগী ও রোগনির্ণয়ক যন্ত্র

*২৫৭। (অনুমোদিত প্রশ্ন নং *৩৯৮) শ্রী ব্রহ্মময় নন্দ : স্বাস্থ্য ও পরিবার কল্যাণ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) বর্তমানে রাজ্যে থ্যালাসেমিয়া রোগীর সংখ্যা কত ; এবং

(খ) থ্যালাসেমিয়া নির্ণয়ের জন্য যন্ত্র কোন কোন হাসপাতালে ইতিমধ্যে বসানো হয়েছে ?

স্বাস্থ্য ও পরিবার কল্যাণ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় :

(ক) সরকারি চিকিৎসা প্রতিষ্ঠানে প্রায় ৬৩৪১ জন রোগী বর্তমানে চিকিৎসা নিচ্ছেন।

(খ) এন আর এস মেডিক্যাল কলেজ—ও আর জি কর মেডিক্যাল কলেজ, মেডিক্যাল কলেজ কলকাতায় অবস্থিত এই তিনটি মেডিক্যাল কলেজে হিমোগ্লোবিন ইলেকট্রোফোরেসিস যন্ত্র বসানো হয়েছে থ্যালাসেমিয়া রোগ নির্ণয়ের জন্য।

মহার্ঘ্য ভাতার বৈষম্য

*২৫৮। (অনুমোদিত প্রশ্ন নং *৫৭৪) **শ্রী তারক বন্দ্যোপাধ্যায় :** অর্থ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) বর্তমানে রাজ্যে কেন্দ্রীয় সরকারি কর্মচারীদের সঙ্গে রাজ্য সরকারি কর্মচারীদের মহার্ঘ্য ভাতা প্রদানের ক্ষেত্রে কোনো বৈষম্য আছে কি না ; এবং

(খ) থাকলে, তার সমতা আনার জন্য রাজ্য সরকার কি কি ব্যবস্থা গ্রহণ করেছেন। করছেন ?

অর্থ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় :

(ক) বাজেট প্রস্তাবে এক কিস্তি ভাতা ১লা জুলাই, ২০০১ থেকে প্রদান করার সিদ্ধান্ত ঘোষণায় কর্মচারীরা তার একটি কিস্তিই পিছিয়ে থাকবেন।

(খ) বকেয়া কিস্তিটিও মিটিয়ে দেওয়ার প্রস্তাব সরকার যথাসময়ে বিবেচনা করবেন।

চটের বস্তা ব্যবহারে বাধ্যবাধকতা

*২৫৯। (অনুমোদিত প্রশ্ন নং *১৩৭৪) **শ্রী তাপস চট্টোপাধ্যায় :** শিল্প ও বাণিজ্য বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) এটা কি সত্যি যে, সম্প্রতি কেন্দ্রীয় সরকার চিনি ও খাদ্যশস্য মজুতের জন্য চটের বস্তার ব্যবহার বাধ্যতামূলক করেছেন ; এবং

(খ) সত্যি হলে, সার প্যাকেজিং-এর ক্ষেত্রেও উক্ত সিদ্ধান্ত কার্যকরী হবে কি ?

শিল্প ও বাণিজ্য বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় :

(ক) না।

(খ) প্রশ্ন ওঠে না।

মেদিনীপুর জেলায় বেসরকারি মেডিক্যাল কলেজ স্থাপন

*২৬০। (অনুমোদিত প্রশ্ন নং *৭০৯) শ্রী **কমল মুখার্জী** : স্বাস্থ্য ও পরিবার কল্যাণ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) মেদিনীপুর জেলায় একটি বেসরকারি মেডিক্যাল কলেজ স্থাপনের জন্য সম্প্রতি সরকার অনুমতি প্রদান করেছেন কি না ;

(খ) 'ক' প্রশ্নের উত্তর হ্যাঁ হলে, উক্ত কলেজটির প্রাথমিক কাজকর্মের জন্য ইতিমধ্যেই কি পরিমাণ আর্থিক সাহায্য দেওয়া হয়েছে ;

(গ) কবে নাগাদ বেসরকারি মেডিকেল কলেজটির গৃহনির্মাণকার্য শুরু হবে বলে আশা করা যায় ; এবং

(ঘ) উক্ত খাতে আনুমানিক খরচের পরিমাণ কত ?

স্বাস্থ্য ও পরিবার কল্যাণ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় :

(ক) হ্যাঁ।

(খ) এ পর্যন্ত এক কোটি টাকা অনুদান হিসাবে দেওয়া হয়েছে।

(গ) ইতিমধ্যেই শিক্ষাভবন ও প্রশাসনিক ভবনের প্রথম পর্যায়ের কাজ সম্পূর্ণ হয়েছে।

(ঘ) এই মুহূর্তে বলা সম্ভবপর নহে।

অতিরিক্ত সংযোজনী

"সেন্টার ফর অ্যাডভান্সমেন্ট অব হায়ার এডুকেশন" নামক একটি নিবন্ধি সমিতি মেদিনীপুরে একটি মেডিক্যাল কলেজ স্থাপন করার জন্য উদ্যোগী হয়েছেন। সরকার ওই সমিতিকে মেডিক্যাল কলেজ স্থাপনের অনুমতি দিয়েছেন। ইতিমধ্যেই সরকার উক্ত সমিতিকে মেদিনীপুর জেলা হাসপাতাল-সংলগ্ন ৪.৭৮ একর জমিও হস্তান্তর করেছেন। উক্ত সমিতি ইতিমধ্যে তাঁদের অর্থনৈতিক, পরিকাঠামো ও প্রযুক্তিগত প্রতিবেদন তৈয়ারি করেছেন।

১৯৯৬-২০০১ সালে রেসকোর্সের মাঠ থেকে আয়

*২৬১। (অনুমোদিত প্রশ্ন নং *৭০২) শ্রী **আব্দুল মান্নান** : অর্থ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) বিগত ১৯৯৬-২০০১ সময়ে কলকাতার রেসকোর্স মাঠ (রয়্যাল ক্যালকাটা টার্ফ ক্লাব) ঘোড়দৌড় থেকে সরকারের আয়ের পরিমাণ কত ছিল (বছর অনুযায়ী) ; এবং

(খ) উক্ত ঘোড়দৌড় বন্ধ করার কোনও পরিকল্পনা সরকারের আছে কি ?

অর্থ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় :

(ক)

আর্থিক বছর	বেটিং কর (টাকা)	টোটালাইজেটর বা টোট কর (টাকা)	বিনোদন বা প্রমোদকর (টাকা)	মোট (টাকা)
১৯৯৬-৯৭	৩,১৫,৮৮,০৮০.২৫	৪,১৬,৬২,৮১৪.৫০	৯,৭০,০৫১.১৫	৭,৪২,২০,৯৪৫.৯০
১৯৯৭-৯৮	২,৯৮,১৯,০১০.০০	৪,৪৯,৪১,৮৯৩.২৫	৯,৬৭,৪০৫.১৯	৭,৫৭,২৭,৯০৮.৪৪
১৯৯৮-৯৯	৩,২৬,৫৯,৮০০.৫৫	৪,৪৯,৮৩,২৯৪.৬৩	১০,৯৬,১৬৯.৫১	৭,৮৭,৩৯,২৬৪.৬৯
১৯৯৯-২০০০	৩,৩৩,৪২,২১৮.৭৫	৪,৫১,৯৬,১৯০.৭৫	৯,৭২,৮৮৭.৩৮	৭,৯৫,১১,২৯৬.৮৮
২০০০-২০০১	৩,২১,২৩,৯০৮.২৯	৫,০৭,১১,৮২৯.০০	৮,৯৯,৬৩৯.৫০	৮,৩৭,৩৫,৩৭৬.৭৯

(খ) না।

বি. সি. রায় মেমোরিয়াল হাসপাতাল

*২৬২। (অনুমোদিত প্রশ্ন নং *৮০৩) **শ্রী পূর্ণেন্দু সেনগুপ্ত** : স্বাস্থ্য ও পরিবার কল্যাণ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) এটা কি সত্যি যে, বর্তমানে কলকাতার বি. সি. রায় মেমোরিয়াল হাসপাতালে একই বেডে একাধিক রোগীর চিকিৎসা হয়ে থাকে ; এবং

(খ) সত্যি হলে, এ ব্যাপারে কী ব্যবস্থা গ্রহণ করা হয়েছে ?

স্বাস্থ্য ও পরিবার কল্যাণ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় :

(ক) হ্যাঁ, কোনো কোনো সময়ে অনিবার্য হয়ে পড়ে।

(খ) উন্নততর পরিকাঠামো গঠন করার জন্য চেষ্টা চালানো হচ্ছে।

ব্লক হাসপাতালগুলিতে গাড়িতে জ্বালানি তেলের মাসিক বরাদ্দ

*২৬৩। (অনুমোদিত প্রশ্ন নং *১০৯৭) **শ্রী ঈদ মহম্মদ** : স্বাস্থ্য ও পরিবার কল্যাণ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

রাজ্যের ব্লক হাসপাতালগুলিতে ব্যবহৃত গাড়ি / অ্যাম্বুলেন্সের জ্বালানি (তেল) বাবদ মাসিক বরাদ্দের পরিমাণ কত ?

স্বাস্থ্য ও পরিবার কল্যাণ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় :

রাজ্যের ব্লক হাসপাতালগুলিতে ব্যবহৃত গাড়ি বা অ্যাম্বুলেন্সের জ্বালানি (তেল) বাবদ কোনো পৃথক বরাদ্দ নেই। তবে জ্বালানিসহ অ্যাম্বুলেন্স ও অন্যান্য গাড়ি চলাচলের জন্য মাসিক বরাদ্দের পরিমাণ নিম্নরূপ :

(ক) পেট্রোলচালিত অ্যাম্বুলেন্সের চলাচলের জন্য ৪১৬৭ টাকা

(খ) ডিজেলচালিত অ্যাম্বুলেন্সের চলাচলের জন্য ৩৭৫০ টাকা

(গ) অন্যান্য গাড়ি চলাচলের জন্য ২৫০০ টাকা।

জেলা হাসপাতালগুলির তদারকি কমিটি

*২৬৪। (অনুমোদিত প্রশ্ন নং *১৪৩০) শ্রী ইউনুস সরকার : স্বাস্থ্য ও পরিবার কল্যাণ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) জেলা হাসপাতালগুলি তদারকির জন্য কোনো কমিটি আছে কি না ; এবং

(খ) থাকলে, উক্ত কমিটিগুলির সভা নিয়মিত হয় কি না ?

স্বাস্থ্য ও পরিবার কল্যাণ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় :

(ক) হ্যাঁ।

(খ) জেলা স্বাস্থ্য কমিটির সভাতে হাসপাতালের কাজকর্মের পর্যালোচনা নিয়মিতভাবে করা হয়।

Mr. Speaker : No. more. The question hour is over.

ADJOURNMENT MOTION

Mr. Speaker: Today I have received six notices of Adjournment Motions. The first one is from Dr. Ashish Banerjee on the subject of reported assult of professor by the students. The second one is from Shri Kashinath Mishra on the subject of proposed enhancement of unit charge of electricity by WBSEB. The third one is from Shri Sobhandeb Chattopadhyay on the subject of alleged suspension of appointment in government services by the State Government. The fourth one is from Shri Biplab Roychowdhury on the subject of alleged spurt in the incident of murder of businessmen in the state. The fifth one is from Shri Ashok Kumar Deb on the subject of alleged violation of rules by buses and minibuses causing serious accidents in the state. And the sixth one is from Shri Mahbubual Haque on the subject of alleged mal-practice by some traders in weights and measures in the state.

The subject matter of the first and fourth motions relate to the Home (Police) Department, demand for grants of which is scheduled to be taken up for discussion and voting tomorrow. So, members will get ample scope to raise the matter during discussion on that day.

The subject matters of the remaining four motions relate to day-to-day business of the administration and are not such that may call for the adjournment of the business of the House. The

members may invite attention of the Ministers concerned through Calling Attention, Mention, Question, etc.

I, therefore, withhold my consent to all the motions.

One member of the party may however, read the text of the motion as amended.

শ্রী অশোক কুমার দেব : স্যার, জনসাধারণের পক্ষে গুরুত্বপূর্ণ জরুরি এবং সাম্প্রতিক একটি নির্দিষ্ট বিষয়ে আলোচনার জন্য এই সভা আপাতত তার কাজ মুলতবী রাখছেন। বিষয়টি হল—

'বেপরোয়া এবং নিয়ম না মেনে বাস, মিনিবাস চালানোর ফলে প্রায়শই দুর্ঘটনা ঘটছে। মঙ্গলবার মগরাহাট থানা এলাকায় ভূতল পরিবহনের বাসের ধাক্কায় একজন মারা যান এবং একজনেরা অবস্থা আশংকাজনক। জনৈক বোস এবং নূরজাহান খাতুন ঘটনাস্থলে মারা যান এবং আর একজন সাহানারা খাতুন। সরকারকে বারবার বলা সত্ত্বেও কোনো কাজ হচ্ছে কিনা।'

শ্রী মহবুবুল হক : জনসাধারণের পক্ষে গুরুত্বপূর্ণ জরুরি এবং সাম্প্রতিক একটা নির্দিষ্ট বিষয়ে আলোচনার জন্য এই সভা আপাতত তাঁর কাজ মুলতবী রাখছেন। বিষয়টি হল—

গোটা পশ্চিমবাংলায় ওজন কারচুপিতে কিছু অসাধু ব্যবসায়ী সাধারণ মানুষকে প্রতারণা করে চলেছে। অবিলম্বে ক্রেতাদের স্বার্থে প্রতিটি জায়গায় অভিযান চালাবার নীতি নির্ধারণের জন্য আলোচনা করার প্রয়োজন আছে।

CALLING ATTENTION (NOTICE)

Mr. Speaker : Today I have received seven notices of Calling Attention on the following subjects, namely :—

	Subject		Name
i)	Reported seize of properties of CMOH Office in Purulia	:	Shri Nepal Mahato
ii)	Scarcity of drinking water in different places of Birbhum district.	:	Dr. Asish Banerjee
iii)	Alleged illiteracy of a large number of children in Kolkata	:	Shri Kashinath Misra
iv)	Turmoil over admission in Patha Bhawan School	:	Shri Parash Dutta

	Subjects		Name
v)	Reported attack on Police in Jaugaon	:	Shri Nirmal Das
vi)	Alleged curtailment of opportunity of the tribal students in Joint Entrance Examination	:	Dr. Sambhunath Mandi
vii)	Out-break of Jaundice at Uttarpara Kotrang Municipality area.	:	Shri Binoy Dutta & Shri Bhaktaram Pan

I have selected the notice of Shri Parash Dutta on the subject of turmoil over admission in Patha Bhawan School.

The Minister-in-Charge may please make a statement today, if possible or give a date.

Shri Prabodh Chandra Sinha : Sir, the statement will be made on 23rd July, 2001.

CALLING ATTENTION (STATEMENT)

Mr. Speaker : Now, I call upon the Minister-in-Charge of Commerce & Industries Department to make a statement on the subject of apprehended closure of Indian Iron & Steel Company. (Attention called by Shri Moloy Ghatak on the 10th July, 2001).

শ্রী নিরুপম সেন : মাননীয় অধ্যক্ষ মহাশয়, ইসকো কোম্পানি একটি কেন্দ্রীয় সরকারি সংস্থা। এটি ১৯৯৪ সাল থেকে বি. আই. এফ. আর-এ নথিভুক্ত আছে। রাজ্য সরকারের আন্তরিক ও ধারাবাহিক প্রচেষ্টা সত্ত্বেও এখনও পর্যন্ত এই সংস্থা পুনরুজ্জীবনের কোনো প্রকল্প তৈরি করা সম্ভব হয়নি। কেন্দ্রীয় সরকার এবং স্টিল অথরিটি অব ইন্ডিয়া (সেল) কোনোরকম অর্থ এই সংস্থার জন্য বাজেটে বরাদ্দ করেনি। যৌথ প্রচেষ্টায় যাতে এই সংস্থাটিকে চালানো সম্ভব হয়, সেই লক্ষ্যে আন্তর্জাতিক সহযোগীর যে খোঁজ চলছিল তাও এখনও পর্যন্ত ফলপ্রসূ হয়নি। ইসকোর ভবিষ্যৎ তাই অনিশ্চিত। রাজ্য সরকার কর্তৃক ভারত সরকারের সর্বোচ্চ স্তরেও বারে বারে এটির পুনরুজ্জীবনের জন্য হস্তক্ষেপের অনুরোধ করা হয়েছে, কিন্তু কোনো সদর্থক সাড়া মেলেনি।

১৯৯৬ সালে সেল এইভাবে চিন্তা-ভাবনা করেন যে, ইসকোর পুনরুজ্জীবন সম্ভব যদি ভারত সরকার কতকগুলি পদক্ষেপ নেন। এগুলো হল—

(ক) স্টিল উন্নয়ন তহবিল থেকে ৩৪০০ কোটি টাকা যে ঋণ বাবদ দেওয়া হয়েছিল তা মকুব করা;

(খ) ভারত সরকার / সেল কর্তৃপক্ষ নতুন করে প্রয়োজনীয় অর্থ ইক্যুইটিতে বিনিয়োগ করা ;

(গ) ইসকো কর্মচারী ও রাজ্য সরকারের নিকট থেকে ১০০ কোটি টাকার মতো জোগাড় করা।

যদিও প্রথম দফায় রাজ্য সরকার প্রস্তাবটি নাকচ করে, কিন্তু সংস্থাটির পুনরুজ্জীবনের স্বার্থে এবং এই সংস্থার ২৪,০০০ কর্মচারীর এই প্রকল্পে অংশগ্রহণে রাজি হওয়ায় রাজ্য সরকার এই সংস্থাটির পুনরুজ্জীবনকল্পে ইতিবাচক সিদ্ধান্ত গ্রহণ করেন। ভারত সরকার মন্ত্রিদের নিয়ে একটি কমিটি গঠন করেন কিন্তু ওই কমিটি এই সংস্থাকে কোনোরকম বাজেট বরাদ্দ দিতে সেল-এর প্রস্তাব নাকচ করেন।

সেলের কর্তৃত্বাধীনে যাতে কম শেয়ারের অংশীদার জোগাড় করে যুগ্ম সহযোগিতায় যাতে কোম্পানী পুনরুজ্জীবন করা যায় তার জন্য ১৯৯৭ সাল থেকে একটি প্রচেষ্টাও শুরু হয়। আন্তর্জাতিক টেন্ডারের মাধ্যমে জাপানের মিতসুই কোম্পানি এবং রাশিয়ার টি. পি. ই. কোম্পানি যৌথভাবে তাদের প্রস্তাব পাঠায়। কিন্তু মিতসুই কোম্পানি শেষ পর্যন্ত তাদের প্রস্তাব ফিরিয়ে নেন। যেহেতু ভারত সরকারের সঙ্গে রুশ সরকারের ঋণ পরিশোধের দ্বিপাক্ষিক চুক্তিতে কিছু আর্থিক বিনিময় সংক্রান্ত অসুবিধা হয়। এ কারণে টি. পি. ই-র প্রস্তাবটিও পরিত্যক্ত হয়।

পরবর্তীকালে মার্চ ২০০০ সালে ভারত সরকারের ইস্পাত মন্ত্রিমহাশয়ের পরামর্শে স্থির হয় যে, কম শেয়ার ধরে রেখে বেশি শেয়ার দিয়ে কোনও বেসরকারি সংস্থার সাহায্যে যৌথভাবে পরিচালনায় সংস্থাটির পুনরুজ্জীবন করা যায় কিনা তা বিবেচনা করা যেতে পারে। সেক্ষেত্রে সেল এবং ভারত সরকারের ঋণের টাকা (যার পরিমাণ ১৫৬৬ কোটি টাকা ও ৩৮১ কোটি টাকা যথাক্রমে) মকুব করে এবং অর্থনৈতিক পরিকাঠামো পরিবর্তন করে প্রকল্পটির পুনরুজ্জীবনের কথা বিবেচনা করা। এরই পরিপ্রেক্ষিতে এপ্রিল মাসের ২০০০ সালে একটি আন্তর্জাতিক টেন্ডার ডাকা হয় যাতে রাশিয়ার টিপিই, জাপানের মিতসুই এবং অস্ট্রেলিয়ার ব্রোকার হাইড প্রপার্টিস সংস্থাগুলি অংশগ্রহণ করেন। কিন্তু উক্ত টেন্ডার কার্যকরী হয়নি।

এখন পর্যন্ত যা পরিস্থিতি তাতে এই অগ্রণী স্টিল কোম্পানির পুনরুজ্জীবন প্রকল্প সফলতা লাভ করেনি। ১৯৯৯-২০০০ সালে কোম্পানির মোট ক্ষতির আর্থিক মূল্য নির্ধারিত হয় ২১০ কোটি টাকা এবং গত ২০০০-২০০১ সালের আর্থিক ক্ষতি প্রায় ১৮৭ কোটি টাকা। ইসকো কর্তৃক পরিচালিত আকরিক লৌহ খনি থেকে এক মাত্র লাভ পাওয়া যায় ৩.২ কোটি টাকা ১৯৯৯-২০০০ সালে এবং পরবর্তী বছরে ১.৭ কোটি টাকা, ইসকোর অধীন চাসনালা খনি এবং জিতপুর খনি গত বছর (২০০০-২০০১) ২.৮ কোটি টাকা লাভ করেছে, যেখানে আগের বছরের (১৯৯৯-২০০০) ক্ষতির পরিমাণ ছিল ১৮.৬ কোটি টাকা। এই প্রসঙ্গে বলা প্রয়োজন যে, ইসকো খনি প্রকল্পে কর্মচারীর সংখ্যা ৫০০০, বার্ণপুর স্টিল কোম্পানিতে

২৫,৫০০ এবং কুলটি প্রকল্পে ৩৫০০। বার্ণপুর স্টিল প্রকল্পের ক্ষতির পরিমাণ ১৯৯৯-২০০০ সালে ১৫৩ কোটি ও গত বছর (২০০০-২০০১) ১৩১ কোটি টাকা। কুলটি প্রকল্পে আর. সি. সি. স্পান পাইপ তৈরি হয়। জনস্বাস্থ্য কারিগরি বিভাগ এই সংস্থাকে ৪.৫ কোটি টাকার বরাত দেওয়া সত্ত্বেও ১৯৯৯-২০০০ সালে এর ক্ষতির পরিমাণ দাঁড়ায় ৪২ কোটি টাকা। গত বছরে এই ক্ষতির পরিমাণ ছিল ৬০ কোটি টাকা।

সেলের নিজস্ব আর্থিক পরিস্থিতি খারাপ থাকায় ইসকোর পুনরুজ্জীবন প্রকল্পটিও প্রচণ্ড অসুবিধার সম্মুখীন। সেলের কর্মচারীরা মজুরি সংক্রান্ত ব্যাপারে চুক্তি করলেও সেটি ইসকোর কর্মচারীদের ক্ষেত্রে প্রযোজ্য না হওয়ার ফলে শ্রমিক অসন্তোষের সৃষ্টি হচ্ছে। বি. আই. এফ. আর. যদিও ইসকোর পরিচালন কর্তৃপক্ষের পরিবর্তনের জন্য চাপ দিচ্ছেন, কিন্তু আন্তর্জাতিকভাবে কেউ এগিয়ে না আসায় এটা বাস্তবায়িত হচ্ছে না।

ইসকো কর্তৃপক্ষ এই সংস্থাটি পুনরুজ্জীবনের জন্য নিম্নলিখিত পদক্ষেপগুলি বিচার-বিবেচনা করছেন—

(১) আকরিক খনিগুলিকে মিতসুই / বি. এইচ. সি-র নিকট লিজ দেওয়া, যাতে বার্ণপুর / কুলটির ক্ষতি আটকানো যায়।

(২) ইসকো সংস্থাটিকে খনি (কয়লা এবং আকরিক—আলাদাভাবে), ইস্পাত বিভাগ এবং পাইপ / ঢালাই বিভাগকে ভেঙে দিয়ে অংশীদার খুঁজে তাদের মাধ্যমে পরিচালনা করা।

(৩) বার্ণপুর কোক ওভেন প্লান্ট এবং ব্লাস্ট ফার্নেস বন্ধ করে দেওয়া এবং ইস্পাত বিভাগটিকে দুর্গাপুর স্টিল প্ল্যান্টের কাজ শেষ করার ব্যাপারে রোলিং মিল হিসাবে ব্যবহার করা।

(৪) কুলটিতে ডাকটাইল, লোহার স্পান পাইপ সুযোগ স্থাপনের জন্য বেসরকারী সংস্থাকে আনা।

(৫) ইসকো কর্তৃপক্ষ সংস্থাটিকে আংশিক বা সম্পূর্ণভাবে বন্ধ করতে কত খরচ পড়তে পারে তার হিসাবও করছেন।

সম্প্রতি ইসকো বাঁচাও কমিটি (৫টি ট্রেড ইউনিয়ন ও অফিসারদের যৌথ সংগঠন) তাদের ২৫ জুনের প্রতিবেদনে ইসকোর বার্ণপুর ও কুলটির সংস্থা দুটির বন্ধ হওয়ার সবরকম সম্ভাবনাকে বাতিল করতে রাজ্য সরকারের হস্তক্ষেপ প্রার্থনা করেছেন। উক্ত প্রতিবেদনে ৫১০ কোটি টাকার নিয়োগ করার প্রস্তাবে রয়েছে। এই টাকার মাত্র ৩০০ কোটি টাকা আনলেই ইসকোকে ১৮ মাসের মধ্যে সচল করা সম্ভব বলে মনে করা হয়। রাজ্য সরকার উক্ত প্রস্তাবটি ২৯শে জুন, ২০০১ তারিখে ভারত সরকারের ইস্পাত মন্ত্রণালয়ে পাঠিয়ে ইস্পাত মন্ত্রীর হস্তক্ষেপ চেয়েছেন যাতে উক্ত প্রস্তাবটি সহানুভূতির সঙ্গে বিবেচিত হয়।

রাজ্য সরকার এই আশা পোষণ করেন যে, ভারত সরকার সংস্থাটর ঐতিহ্য, জাতীয় অর্থনীতিতে এর ধারাবাহিক অবদান এবং এই সংস্থায় নিয়োজিত কর্মচারীদের সামগ্রিক স্বার্থ

বিবেচনা করে এর পুনরুজ্জীবনের লক্ষ্যে দ্রুত প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণ করবেন। তবে বিলগ্নীকরণ নীতি অনুসরণ করার ফলে ভারত সরকার এই বিষয়টি কিভাবে বিবেচনা করবেন সেটিই বড় প্রশ্ন।

[12.10—12.20 p.m.]

শ্রী মলয় ঘটক : স্যার, আপনার মাধ্যমে মাননীয় মন্ত্রী মহাশয়ের কাছে প্রশ্ন, ইসকো কারখানাটি ভারতবর্ষের মধ্যে সবচেয়ে পুরনো লৌহ-ইস্পাত কারখানা, এটি ১০০ বছরের বেশি পুরনো কারখানা। সমস্ত স্টিল প্ল্যান্ট মর্ডানাইজেশান হওয়া সত্ত্বেও ইসকো আজ পর্যন্ত হয়নি। এর মর্ডানাইজেশনের জন্য ৫১০ কোটি টাকার একটা প্রোপোজাল তৈরি করেছে। যদি ৫১০ কোটি টাকা পাওয়া যায় তাহলে ইসকো কারখানার মর্ডানাইজেশন হতে পারে এবং এটা লাভজনকভাবে চলতে পারে। এই ৫১০ কোটি টাকা সেইল (স্টিল অথরিটি অফ ইন্ডিয়া লিমিটেড) দিতে রাজি হয়নি। ইসকো কারখানা ব্যাংকের থেকে ৫১০ কোটি টাকা ধার চেয়েছিল। ব্যাংক গ্যারেন্টার চেয়েছে। রাজ্য সরকার ৫১০ কোটি টাকার গ্যারেন্টার হতে রাজি আছে কি ?

শ্রী নিরুপম সেন : এটা কেন্দ্রীয় সরকারের ব্যাপার, কেন্দ্রীয় সরকার এ বিষয়ে কি সুস্পষ্ট অবস্থান গ্রহণ করছেন, আমি বলেছি, সেল ইসকোর ব্যাপারে এই প্রস্তাব দিয়েছে এবং তারা বলেছে এক্ষেত্রে ৩০০ কোটি টাকা দিলে ১৮ মাসের মধ্যে এটা সবল হবে এবং বাকি টাকা দিলে লাভজনক হবে। তবে সেল কর্তৃপক্ষ কি বলছেন না জেনে রাজ্য সরকার তার কর্তব্য স্থির করতে পারেন না।

Mr. Speaker : Now, I call upon the Minister-in-Charge of Irrigation & Waterways Department to make a statement on the subject of flood situation in Hooghly and South 24-Parganas. (Attention called by Shri Kashinath Mishra on the 13th July, 2001).

শ্রী অমলেন্দ্রলাল রায় : মাননীয় অধ্যক্ষ মহাশয়, হুগলি জেলার বলাগড় অঞ্চলে হুগলি নদীর ডানতীরের ভাঙন সম্পর্কে সেচ ও জলপথ বিভাগ যথেষ্ট অবহিত। বিগত কয়েক বছর ধরে ওই অঞ্চলের ভাঙন রোধের জন্য বিভিন্ন প্রকল্পের মাধ্যমে প্রায় ৩৩৫০ মিটার দীর্ঘ নদীপাড় সংরক্ষণের কাজ ইতিমধ্যেই সম্পূর্ণ করা হয়েছে। এর মধ্যে কয়েকটি উল্লেখযোগ্য কাজ করা হয়েছে সুলতানপুর, সন্দলপুর (দুটি পর্যায়ে) এবং মিলনগড়ে।

প্রসঙ্গক্রমে উল্লেখ করা যায় যে, সেপ্টেম্বর মাসে অতিরিক্ত বৃষ্টিজনিত কারণে ভাগীরথী নদীতে প্রবল বন্যা এবং আশ্বিনের ভরা কোটালে হুগলি নদীর অস্বাভাবিক জলস্ফীতির সম্মিলিত প্রভাবে বলাগড় ও গুপ্তিপাড়াসহ হুগলি নদীর দুই তীরে বহু অঞ্চলের বেশ কিছু এলাকা জলমগ্ন হয়ে পড়ে। জলমগ্নতা সত্ত্বেও সংরক্ষণমূলক কাজসমূহের কোনো ক্ষতি হয়নি। এ বছর এখনো পর্যন্ত হুগলি জেলার ওইঅঞ্চলে জলমগ্নতাজনিত কোনো সমস্যা দেখা দেয়নি।

অতি সম্প্রতি, ৯ জুলাই ২০০১ থেকে ১২ জুলাই ২০০১ সময়কালের মধ্যে সুন্দরবন অঞ্চলে ভারী বর্ষণ হয়। এরই সঙ্গে সামুদ্রিক হাওয়াও বইতে শুরু করে। এর প্রকোপে সামুদ্রিক জলোচ্ছ্বাস ও ঢেউয়ের তীব্রতা বৃদ্ধি পায়। ফলে দক্ষিণ ২৪-পরগনা জেলার পাথরপ্রতিমা ব্লকে গোবর্ধনপুর অঞ্চলে জি-প্লটে মাটির ঘের বাঁধে অপেক্ষাকৃত দুর্বল অংশে ৪০০ মিটার দৈর্ঘ্যে ফাটল ধরে ও পরে অংশটুকু ভেঙে যায়। ভাঙনের ফলে বেশ কিছু এলাকা জলমগ্ন হয় ; কিছু কাঁচা বাড়ি ভেঙে যায় ও ফসলের ক্ষতি হয়।

এই অঞ্চলে ভাঙনপ্রবণ জায়গাগুলি হল সমুদ্রতট অঞ্চলে গোবর্ধনপুর, সীতারামপুর, ইন্দ্রপুর এবং গোবিন্দপুর আবাদ (পাত্রকর্ণার)। এর মধ্যে গোবর্ধনপুরে দুটি পর্যায়ে ১০০০ মিটার সমুদ্রবাঁধ তৈরি করে ব্রিক ব্লক পীচিং (Brickblock pitching) দ্বারা সংরক্ষণের কাজ শেষ হয়েছে। এখানে উল্লেখ করা যায় যে কিছু স্থানীয় জমিমালিকের আবেদনক্রমে মহামান্য কলকাতা হাইকোর্টের নির্দেশে কাজটি বন্ধ রাখতে হয় এবং এর ফলে বাঁধের দুর্বল অংশের মজবুতিকরণের কাজে এখনো হাত দেওয়া যায়নি।

সীতারামপুরে সাম্প্রতিক বর্ষণে ও সামুদ্রিক ঢেউয়ের আঘাতে ৫০০ মিটার বাঁধ খুবই ক্ষতিগ্রস্ত হয়েছে। এখানে সমুদ্রতটের ভূমিক্ষয়জনিত সমস্যা কয়েক বছর ধরে দেখা যাচ্ছে। এই সমস্যা প্রতিকারের জন্য এখানে ১৬০০ মিটার দৈর্ঘ্যের "রিটায়ার্ড বাঁধ' ও সংরক্ষণমূলক কাজের প্রকল্প তৈরি করা হয়েছে। জেলা পরিষদের অনুমোদনসাপেক্ষে প্রয়োজনীয় আর্থিক বরাদ্দের মাধ্যমে বাঁধ তৈরি ও মজবুতিকরণের কাজ পর্যায়ক্রমে শুরু করা যাবে বলে আশা করা যায়। সীতারামপুর এলাকায় ক্ষতিগ্রস্ত বাঁধটির মেরামতির কাজ ইতিমধ্যেই হাতে নেওয়া হয়েছে। মেরামতি শীঘ্রই শেষ হয়ে যাবে বলে আশা করা যায়।

এ ছাড়া, ইন্দ্রপুরে ৫০০ মিটার বাঁধ সংরক্ষণের কাজ শেষ হয়েছে এবং গোবিন্দপুর আবাদে জেলা পরিষদের বরাদ্দকৃত সাহায্য-অনুদান (Grants-in-Aid)-এর মাধ্যমে ৬০০ মিটার বাঁধ মজবুতিকরণ ও সংরক্ষণের কাজ বর্তমানে সমাপ্তির শেষ পর্যায়ে আছে।

(লিখিত, পঠিত স্টেটমেন্ট সংযোজিত)

[12.20—12.30 p.m.]

শ্রী কাশীনাথ মিশ্র : মাননীয় মন্ত্রিমহাশয় জানাবেন কি যে, মহামান্য হাইকোর্টের নির্দেশে কাজ বন্ধ আছে ? বা দুর্বল অংশে কিছু করতে পারছেন না ? মহামান্য হাইকোর্টের নির্দেশকে খারিজ করার জন্য কি কি ব্যবস্থা আপনার দপ্তর থেকে নিয়েছেন ?

শ্রী অমরেন্দ্রলাল রায় : এটা হাইকোর্টে কি করা হচ্ছে না হচ্ছে সেটা যেমন একটা দিক, আমি এখানে পরিষ্কারভাবে বলেছি যে, কাজ সেখানে চালু আছে।

LAYING OF REPORTS

Audit Reports on the Accounts of the West Bengal Financial Corporation for the year 1998-99 and 1999-2000.

Dr. Asim Kumar Dasgupta : Sir, I beg to lay the Audit Reports on the Accounts of the West Bengal Financial Corporation for the years 1998-99 and 1999-2000.

Annual Report and Accounts of the West Bengal Financial Corporation for the years 1995-96, 1996-97, 1997-98, 1998-99 and 1999-2000.

Dr. Asim Kumar Dasgupta : Sir, I beg to lay the Annual Report and Accounts of the West Bengal Financial Corporation for the years 1995-96, 1996-97, 1997-98, 1998-99 and 1999-2000.

78th Annual Report of the Westinghouse Saxby Farmer Limited for the year 1999-2000.

Shri Nirupam Sen : Sir, I beg to lay the 78th Annual Report of the Westinghouse Saxby Farmer Limited for the year 1999-2000.

Annual Report and Accounts of the Saraswaty Press Limited for the year 1999-2000.

Shri Nirupam Sen : Sir, I beg to lay the Annual Report and Accounts of the Saraswaty Press Limited for the year 1999-2000.

39th Annual Report of the West Bengal State Warehousing Corporation for the year 1996-97.

Shri Nirupam Sen : Sir, I beg to lay the 39th Annual Report of the West Bengal State Warehousing Corporation for the year 1996-97.

Annual Report of the West Bengal Industrial Development Corporation Limited for the year 1999-2000.

Shri Nirupam Sen : Sir, I beg to lay the Annual Report of the West Bengal Industrial Development Corporation Limited for the year 1999-2000.

Mr. Speaker : Now, I call upon the Minister-in-Charge of Irrigation & Waterways Department to make a statement on the subject of alleged arrest of some Members.

শ্রী প্রবোধচন্দ্র সিনহা : মাননীয় অধ্যক্ষ মহাশয়, বিগত ১৪.০৭.২০০১ তারিখে আসানসোলের ঘটনা সম্পর্কে মাননীয় বিধায়ক শ্রী কাশীনাথ মিশ্র মহাশয় যে মুলতবি প্রস্তাব এনেছেন সে সম্পর্কে আপনার নির্দেশ অনুযায়ী আমি আমার বিবৃতি দিচ্ছি।

বিগত ১৪.০৭.২০০১ তারিখে সকাল ১০টা ২০ মিনিট নাগাদ আসানসোলের কমলালয় নার্সিং হোমের সামনে ১০/১৫ জন তৃণমূল কংগ্রেসের সমর্থক একত্রিত হয়ে, জনৈক

আফতার অনাসারী নামে চিকিৎসাধীন ব্যক্তির মৃত্যুর প্রতিবাদে, নার্সিং হোমের প্রবেশ পথ বন্ধ করে বিক্ষোভ প্রদর্শন করছিলেন। এই আন্দোলন সূত্রে তাঁরা নার্সিং হোমে চিকিৎসকদের প্রবেশেও বাধা দিয়েছিলেন। এর ফলে ওই নার্সিং হোমে চিকিৎসাধীন অপরাপর ব্যক্তিদের সুষ্ঠু চিকিৎসার ব্যবস্থা করা সম্ভব হচ্ছিল না। পুলিশের অনুরোধেও আন্দোলনকারীরা নার্সিং হোমের সামনে থেকে অবরোধ সরাননি। পুলিশ বাধ্য হয়ে ওই স্থান থেকে ৫ (পাঁচ) ব্যক্তিকে গ্রেপ্তার করে। পরে বিকেল ৬টা ২০ মিনিট নাগাদ ধৃত ব্যক্তিদের পি.আর. বন্ডে মুক্তি দেওয়া হয়।

এ প্রসঙ্গে জানা যায় যে, গত ২৬.০৬.২০০১ তারিখে আফতার আনসারী চিকিৎসার উদ্দেশ্যে ঐ নার্সিং হোমের আই. সি. ইউ-তে ভর্তি হন। তিনি ০৩.০৭.২০০১ তারিখে মারা যান। মৃতের আত্মীয়দের অভিযোগ, ডাক্তার এ. কে. গুপ্তের ভুল চিকিৎসাই মৃত্যুর কারণ। তাদের লিখিত অভিযোগের ভিত্তিতে আসানসোল (দক্ষিণ) পি. পি. একটি কেস শুরু করে। ডাঃ এ. কে. গুপ্ত. এস. ডি. জে. এম. আসানসোলের আদালতে আত্মসমর্পণ করেন। তিনি আদালতের আদেশে বর্তমানে জামিনে আছেন।

১৪।৭।২০০১ সন্ধে সাড়ে ছটা নাগাদ পুনরায় জনৈক ভি. শিবদাসন নায়ারের নেতৃত্বে ৩০০/৪০০ ব্যক্তি, তৃণমূল সমর্থকদের গ্রেপ্তারের বিরুদ্ধে, বিক্ষোভ প্রদর্শনের উদ্দেশ্যে জি টি রোডের ওপর শহিদ ভগৎ সিং-এর মূর্তির কাছে এবং আরও কয়েকটি গুরুত্বপূর্ণ স্থানে পথ অবরোধ করে। যানবাহন চলাচল স্তব্ধ হয়ে যায়। জনসাধারণের হয়রানি হয়। বিক্ষোভকারীদের দাবি ছিল যে উচ্চপদস্থ অফিসারদের ওই স্থানে উপস্থিত হয়ে তৃণমূল কংগ্রেসের সমর্থকদের গ্রেপ্তারের জন্য নিঃশর্ত ক্ষমা চাইতে হবে।

এস ডি পি ও, আসানসোল পথ অবরোধ তুলে নিতে অনুরোধ জানালেও, বিক্ষোভকারীরা তা শোনেননি। সন্ধে আটটা (৮টা) নাগাদ মহকুমা শাসক আসানসোল এবং অতিরিক্ত এস পি আসানসোল ঘটনাস্থলে যান। বিক্ষোভকারীরা এদের অনুরোধও শোনেনি। উপরন্তু তারা মহকুমা শাসককে হেনস্থা করে। তার উদ্দেশ্যে ঢিল ছোঁড়ে। চারজন পুলিশ কনস্টেবলকে মারধোর করেন। পুলিশের একটি গাড়ির ক্ষতিও হয়।

কোনও উপায়ন্তর না দেখে বারবার সাবধান করে দেবার পর, মহকুমা শাসক ওই জমায়েতকে বেআইনি সমাবেশ বলে ঘোষণা করেন এবং পুলিশকে ওই জমায়েৎ ছত্রভঙ্গ করার আদেশ দেন। পুলিশ তখন লাঠিচার্জ করে। পুলিশ ভি. শিবদাসন নায়ার সহ মোট ১৭ জনকে গ্রেপ্তার করেন।

ওই সময় তৃণমূল কংগ্রেসের তিন স্থানীয় বিধায়ক সর্বশ্রী মলয় ঘটক, কল্যাণ ব্যানার্জী এবং মানিক উপাধ্যায় ঘটনাস্থলে উপস্থিত হন। তাঁরা তাঁদের সমর্থকদের নিঃশর্ত মুক্তি দাবি করেন। অন্যথায় তাদেরও গ্রেপ্তার করার দাবি জানান।

তাঁদের এই অযৌক্তিক দাবি মানা না হলে তাঁরা নিজে থেকেই আসানসোল (দক্ষিণ) পি.পি.-তে অপরাপর ধৃত ব্যক্তিদের সাথে প্রবেশ করেন এবং ডিউটি অফিসারের ঘরে অপেক্ষা করেন।

ধৃত ব্যক্তিদের পি.পি-র লক আপে নিয়ে যাওয়ার সময় ওই তিন বিধায়ক, 'বন্দেমাতরম' বলে শ্লোগান দেন এবং তারা পি.পি.-তে অনশন ধর্মঘট করছেন বলে ঘোষণা করেন। পি.পি.-তে আসার পর তাঁরা বিভিন্ন মিডিয়ার লোকজনের সাথে যোগাযোগ করেন, পুলিশ তাঁদের গ্রেপ্তার করেছে এবং তাদের ওপর অত্যাচার করেছে বলে অভিযোগ করেন। ঘটনাটিকে অহেতুক উত্তেজনাপ্রবণ করে তোলা এবং ধৃত ব্যক্তিদের মুক্তিদানের জন্য পুলিশ অফিসারদের ওপর চাপ সৃষ্টি করার উদ্দেশ্যেই ওই তিন বিধায়ক এই ধরনের কাজ করেন বলে মনে হয়।

অবশেষে, ১৫ জুলাই, ২০০১ তারিখে, ভোররাতে সোয়া চারটে নাগাদ তিন বিধায়ক নিজে থেকেই পি.পি. ছেড়ে চলে যান।

এ প্রসঙ্গে আমি আরও জানাতে চাই যে, মাননীয় বিধায়ক শ্রী কাশীনাথ মিশ্রের আনীত মুলতুবি প্রস্তাবে কিছু ভুল তথ্য আছে।

প্রথমত, আফতার আনসারীর মৃত্যু হয় ৩.৭.২০০১ তারিখে ১৪.০৭.২০০১ তারিখে নয়।

দ্বিতীয়ত, বিধায়ক মলয় ঘটকের ওপর কোনো লাঠিচার্জ করা হয়নি।

তৃতীয়ত, তিন বিধায়ককে পুলিশ মারধোর করেনি।

চতুর্থত, তিন বিধায়কদের পুলিশ একেবারেই গ্রেপ্তার করেনি। কাজেই সেই গ্রেপ্তারের সংবাদটি বিধানসভার অধ্যক্ষ মহাশয়ের নজরে আনার কোনো প্রশ্নই ওঠে না।

MENTION CASE

মিঃ স্পীকার : মিঃ দেবপ্রসাদ সরকার বলুন।

শ্রী দেবপ্রসাদ সরকার : মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে..........

(বিরোধী সদস্যরা এক সাথে সবাই দাঁড়িয়ে উঠে কথা বলার চেষ্টা করেন।)

মিঃ স্পীকার : বসুন, বসুন। মিঃ সরকার বলুন।

শ্রী দেবপ্রসাদ সরকার : মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে একটা গুরত্বপূর্ণ বিষয় এখানে উল্লেখ করছি।

(প্রচণ্ড গোলমাল)

মিঃ স্পীকার : বলুন, বলুন মিঃ সরকার।

(এই সময় তৃণমূল কংগ্রেস এবং আই এন সি সদস্যগণ সভাকক্ষ ত্যাগ করেন।)

শ্রী দেবপ্রসাদ সরকার : মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি অপানার মাধ্যমে স্বরাষ্ট্র তথা মুখ্যমন্ত্রীর দৃষ্টি অকার্যণ করছি।

[12.30—12.40 p.m.]

বিষয়টা হচ্ছে, কুলতলির মৈপীঠ ও বৈকুণ্ঠপুর-সহ বিস্তীর্ণ এলাকা জুড়ে সেখানে ব্যাপকভাবে পাট্টাপ্রাপ্ত চাষীদের পাট্টা বাতিল করে দেওয়া হচ্ছে, বর্গা চাষীদের উচ্ছেদ করা হচ্ছে এবং বিশেষ করে মৈপীঠ ও বৈকুণ্ঠপুর অঞ্চলে যে ভয়াবহ সন্ত্রাস দীর্ঘদিন ধরে চলেছে তার প্রতিকার এবং প্রতিবিধানের দাবিতে জেলার ডি এম অর্থাৎ আলিপুরে জেলা প্রশাসকের দপ্তরের সামনে কুলতলির ক্ষতিগ্রস্ত এলাকার মানুষদের নিয়ে কুলতলি থানা কেন্দ্রের বিধায়ক শ্রী প্রবোধ পুরকাইতের নেতৃত্বে অনির্দিষ্টকালের জন্য অনশনের কর্মসূচি শুরু হচ্ছে। দীর্ঘদিন ধরে বিভিন্ন এলাকায় যেভাবে পাট্টাপ্রাপ্ত চাষীদের পাট্টা রাজনৈতিক কারণে বাতিল করে দেওয়া হচ্ছে সেই কারণে।

(এই সময়ে বিরোধী বেঞ্চের সদস্যরা আবার সভাকক্ষে প্রবেশ করেন)

শ্রী রবীন দেব : মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে মাননীয় অর্থমন্ত্রী এখানে উপস্থিত আছেন—তাঁর নজরে একটি গুরুত্বপূর্ণ বিষয় এখানে আনতে চাইছি। আমাদের রাজ্যে অর্থনীতির ক্ষেত্রে ব্যাংক একটা অন্যতম সংস্থা—ফিনানসিয়াল ইনস্টিটিউশন। ২টি ব্যাংক—স্টান্ডার্ড চাটার্ড ব্যাংক এবং গ্রিন্ডলেস ব্যাংক একই মালিকানার আওতায় এসেছে। তারা গত মে মাসে হঠাৎ করে একটা নোটিশ দেয়—আগে যেটা ছিল ভি.আর.এস. সেটাকে পালটে এখন বলা হচ্ছে আরলি রিটায়ারমেন্ট স্কীম (ই.আর.এস.)। গত ২৫ জুন, যেহেতু কর্মচারীরা কর্তৃপক্ষের এই স্বেচ্ছাচারমূলক অবসর গ্রহণের ক্ষেত্রে মাথা নত না করার ফলে এবং কোনো শর্ত না মানার ফলে স্টান্ডার্ড, চাটার্ড ব্যাংকের ১৭৩ জন কর্মীকে মেটিয়াবুরুজ এবং নারকেলবাগান অফিসে—যেখানে গুদাম ঘর, কোনো শাখা নেই, অফিস নেই—সেখানে ট্রান্সফার করেছে। আর গ্রীন্ডলেস ব্যাংকের ২৭ জন কর্মচারীকে দার্জিলিংয়ে, ট্রান্সফার করে দিয়েছে। এটা ইউনিয়নের সঙ্গে যে চুক্তি হয় এবং যে আইন রয়েছে তার পরিপন্থী। ৩০০ জন কর্মীকে বসিয়ে দিয়ে বিভিন্ন এজেন্সি দিয়ে সিকিউরিটি এজেন্সির মাধ্যমে কাজ করাচ্ছে। যার ফলে যারা আমানতকারী তাদের গোপনীয়তা রক্ষার প্রশ্ন বিঘ্নিত হচ্ছে। এ ছাড়াও আমাদের রাজ্য থেকে তারা নানা অজুহাত দেখিয়ে এখান থেকে সমস্ত কাজ চেন্নাই সহ বিভিন্ন শহরে তুলে নিয়ে যাচ্ছে। আমি মাননীয় অর্থমন্ত্রী মহাশয়কে অনুরোধ করছি—তিনি এখানে উপস্থিত আছেন—এটা হস্তক্ষেপ করার জন্য এবং এ ব্যাপারে তিনি যদি হাউসকে কিছু জানান তাহলে হাউস অবগত হবে।

শ্রী নেপাল মাহাতো : স্যার, আমি আপনার মাধ্যমে বিভাগীয় মন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি এই মর্মে যে, পুরুলিয়া জেলা সারা পশ্চিমবাংলার মধ্যে অনগ্রসর জেলা। গত বৎসর সরকারিভাবে ঘোষণা করা হয়েছিল যে, পুরুলিয়া জেলায় একটি ডিগ্রি ইঞ্জিনিয়ারিং কলেজ খোলা হবে। কিন্তু দুঃখের বিষয়, সেই ডিগ্রি ইঞ্জিনিয়ারিং কলেজটি খোলার কোনো পদক্ষেপ নেওয়া হয়নি। সেখানে কোনো জায়গার অভাব নেই। তাই আমি মাননীয় মন্ত্রীমহাশয়কে অনুরোধ করব, অবিলম্বে পুরুলিয়া জেলায় ডিগ্রি ইঞ্জিনিয়ারিং কলেজ খোলা হোক। কারণ

পুরুলিয়া একমাত্র জেলা যেখানে ডিগ্রি ইঞ্জিনিয়ারিং কলেজ এখনো হয়নি। তাই আমি মাননীয় মন্ত্রিমহাশয়ের কাছে দাবি জানাচ্ছি।

শ্রী শ্যামাপ্রসাদ পাল : মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি অপানার মাধ্যমে বিদ্যালয় শিক্ষামন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। এস. এস. সি-র মাধ্যমে শিক্ষক নিয়োগের ক্ষেত্রে যারা ইন-সার্ভিস শিক্ষক আছেন তাঁরা এই পরীক্ষায় অংশগ্রহণ করার পর নির্বাচিত হলে তাঁরা পুরানো স্কুল ছেড়ে নতুন স্কুলে জয়েন করছেন। এর ফলে পুরনো স্কুলের ছাত্র-ছাত্রীদের পড়াশোনার ব্যাপক ক্ষতি হচ্ছে। এক্ষেত্রে এস এস সি-র মাধ্যমে যারা শিক্ষক নিয়োজিত হচ্ছে তাদের যাতে ট্রান্সফারের ব্যবস্থা করা হয় এই বিষয়টি বিবেচনা করার জন্য মাননীয় বিদ্যালয় শিক্ষামন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি।

শ্রী আশিস ব্যানার্জী : মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আপনার মাধ্যমে একটি অত্যন্ত উদ্‌বেগজনক ঘটনার প্রতি সভার তথা সংশ্লিষ্ট দপ্তরের মন্ত্রিমহাশয়ের দৃষ্টি আকর্ষণ করছি। স্যার, হাসপাতালে মানুষ যায় নিরাময়ের জন্য অথচ রামপুরহাট মহকুমা হাসপাতালের আউটডোরে, সেখান থেকে বোমা পাওয়া গেল। স্যার, আপনি শুনলে অবাক হয়ে যাবেন, যেখানে মানুষ চিকিৎসার জন্য যাচ্ছেন সেখানে ওষুধের পরিবর্তে বোমা পাওয়া গেল এবং সেই বোমা সেখান থেকে উদ্ধার করা হল। এ ছাড়া স্যার, রামপুরহাট শহরে পরপর কয়েকটি চুরির ঘটনা ঘটলেও পুলিশ সেখানে কোনোরকম ব্যবস্থা নিতে পারেনি। মন্ত্রিমহাশয়ের কাছে আমার দাবি, অবিলম্বে সেখানে উপযুক্ত ব্যবস্থা গ্রহণ করা হোক।

শ্রী পরেশচন্দ্র অধিকারী : মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, ২৯৪ জন সদস্যবিশিষ্ট এই বিধানসভার আসনের নম্বর অনুযায়ী আমার বিধানসভা কেন্দ্রের নং হচ্ছে—এক। অর্থাৎ মেখলিগঞ্জ থেকে বিধানসভার আসনের নম্বর শুরু হয়েছে। আবার পিছিয়ে পড়ার দিক থেকে পরিসংখ্যান নিলে দেখা যাবে এই মেখলিগঞ্জ এক নং স্থানে আছে। এখানে মাননীয় স্বাস্থ্যমন্ত্রী আছেন, আমার নির্বাচনী কেন্দ্র মেখলিগঞ্জে যে স্বাস্থ্যকেন্দ্রটি আছে সেখানে একটি চরম অব্যবস্থা চলেছে। '৯২ সালে মেখলিগঞ্জ প্রাথমিক স্বাস্থ্যকেন্দ্রটিকে ২০ শয্যার হাসপাতাল করা হয়। কিন্তু সেখানে কোনো গাইনোকোলজিস্ট নেই, অ্যানাসথেসিস্ট নেই। সেখানে বিরাট অপারেশন রুম থাকলেও তা বন্ধ। অবিলম্বে সেখানে বিশেষজ্ঞ ডাক্তার পাঠানোর জন্য স্বাস্থ্যমন্ত্রীকে আমি অনুরোধ জানাচ্ছি।

শ্রী বিপ্লব রায়চৌধুরী : মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, এখানে মাননীয় অর্থমন্ত্রী মহাশয় উপস্থিত আছেন, একটি বিষয়ের প্রতি আপনার মাধমে তার দৃষ্টি আকর্ষণ করছি। স্যার, আপনি জানেন, এই বিধানসভায় আমরা অনেক চিৎকার করার পর কৃপণ হাত দিয়ে জল গলেছিল, উনি এম এল এ উন্নয়ন ফান্ডে প্রতি এম এল এ-র জন্য ১৫ লক্ষ টাকা করে বরাদ্দ করেছেন। স্যার, অন্যান্য রাজ্যে কিন্তু এই এম এল ফান্ডের টাকা অনেক বেশি—কোথাও ৪০ লক্ষ, কোথাও ৫০ লক্ষ। এই ১৫ লক্ষ টাকা দিয়ে উন্নয়নের কাজ বিশেষ একটা করা যায় না। এটা স্যার, আপনিও জানেন, সমস্ত এম এল এ-রা জানেন এবং একান্ত

আলাপচারিতায় সকলেই একথা স্বীকার করেন। আমি মনে করি, এটা বাড়ানো উচিত এবং অর্থমন্ত্রীর কাছে আমি দাবি করছি, প্রতি এম এল এ-র জন্য অন্তত ৫০ লক্ষ টাকা করে এই এম এল এ উন্নয়ন ফান্ডে বরাদ্দ করা হোক। এটা করা হলে এম এল এ-রা উন্নয়নের কাজ বেশি করতে করতে পারবেন এবং মানুষের দুর্দশা কিছুটা লাঘব করতে পারবেন।

শ্রী গোবিন্দ রায় : মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, একটি গুরুত্বপূর্ণ বিষয়ের প্রতি আপনার মাধ্যমে মাননীয় ক্রীড়ামন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। বহু উদ্দেশ্য নিয়ে জলপাইগুড়িতে একটি স্পোর্টস কমপ্লেক্সের কাজ শুরু হলেও তা এখন অর্ধসমাপ্ত হয়ে পড়ে আছে। এটি দ্রুত সম্পন্ন করার জন্য আমি দাবি জানাচ্ছি। আলিপুরদুয়ারে একটি ইন্ডোর স্টেডিয়াম করার উদ্যোগ নেওয়া হলেও সেটি কার্যকরী হচ্ছে না। এ ব্যাপারে মন্ত্রিমহাশয়কে দ্রুত ব্যবস্থা নিতে অনুরোধ জানাচ্ছি। আমাদের জলপাইগুড়ি জেলার ডুয়ার্স এবং গ্রামাঞ্চলে যে সমস্ত ক্রীড়া প্রতিভা আছে উদ্দেশ্য ছিল তাদের নিয়ে এসে প্রশিক্ষণ দেওয়ার। এ ব্যাপারে তাকে ব্যবস্থা নিতে অনুরোধ জানাচ্ছি।

শ্রী পরশ দত্ত : মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আপনি জানেন, কলকাতা শহরে অফিস টাইমে ট্রাক ঢোকা বারণ কিন্তু আমার এলাকায় সেখানেই নিয়মিত অফিস টাইমে ট্রাক মুভমেন্ট হচ্ছে। আনোয়ার শা রোড থেকে করুণাময়ী হয়ে, এম জি রোড হয়ে, মতিলাল গুপ্ত রোড হয়ে ডায়মন্ডহারবার রোড দিয়ে ট্রাকগুলি কলকাতায় ঢুকছে। এর ফলে সকাল, সন্ধ্যায় ট্রাফিক জ্যাম হচ্ছে।

[12.40—12.50 p.m.]

তার জন্য আমি মাননীয় মন্ত্রীর কাছ অনুরোধ জানাচ্ছি, কলকাতা পুলিশকে বাইপাস করে কলকাতার মধ্যে ট্রাক ঢুকে পড়াটা আপনি বন্ধ করুন। আজকের সকালবেলাতেই দেখলাম, ময়দানের নেতাজি স্ট্যাচুর সামনে দিয়ে ট্রাক ঢুকছে। তার জন্য পুলিশকে একটু সক্রিয় হয়ে ট্রাফিক আইন রক্ষা করবার জন্য বলবেন, তা না হলে জনসাধারণকে দুর্ভাগ্যের সম্মুখীন হতে হচ্ছে।

শ্রী ধনঞ্জয় মোদক : মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আপনার মাধ্যমে আমি প্রাথমিক শিক্ষামন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। নদিয়া জেলায় ২,০৬২ জন প্রাথমিক শিক্ষক নিয়োগ করার জন্য এমপ্লয়মেন্ট এক্সচেঞ্জ থেকে নাম চাওয়া হয় এবং তার জন্য ৪০,০০০ যুবকের বায়োডাটা চাওয়া হয়। সেটা কম্প্যুটারাইজ্‌ড হচ্ছে। আমরা দাবি করছি, যেহেতু বামফ্রন্ট সরকার সমস্ত কাজ দ্রুত করতে চাইছেন, তার জন্য ওই কম্প্যুটারাইজেশনের কাজটা তাড়াতাড়ি করে ওই জেলার প্রাথমিক শিক্ষক নিয়োগের কাজ ত্বরান্বিত করবার ব্যবস্থা করা হোক।

শ্রী কাশীনাথ মিশ্র : মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আপনার মাধ্যমে একটি গুরুত্বপূর্ণ বিষয়ের প্রতি মন্ত্রীসভা এবং অর্থমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। বাঁকুড়া জেলা বিভিন্ন সম্পদে

পরিপূর্ণ। প্রাকৃতিক সম্পদ সেখানে ঈশ্বর ঢেলে দিয়েছেন, কিন্তু সেসব ব্যবহার করছেন না। সেখানকার তামা, উলফার্ম, গ্রাফাইড, কয়লা, অভ্র, ম্যাঙ্গানিজ এসব ব্যবহার করছেন না, চায়না ক্লে ব্যবহার করছেন না। এমন কি, জিওলজিক্যাল সার্ভে অব ইন্ডিয়ার রিপোর্ট দেখুন, তাঁরা বলছেন যে, বাঁকুড়াতে তেল পাওয়ার সম্ভাবনাও রয়েছে। কিন্তু বিষয়গুলো কেউ দেখছেন না। আপনারা বলে থাকেন, কংগ্রেস এসব দেখেনি কিন্তু আপনারা তো ২৪ বছর হয়ে গেল ক্ষমতায় আছেন এবং আপনারা যখন শিল্পের উন্নতি চাইছেন তখন এদিকে অবশ্যই আপনাদের নজর দেওয়া দরকার।

শ্রী খারা সোরেন : মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আপনার মাধ্যমে ক্ষুদ্রসেচ মন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করে আমি বলছি, উত্তরবঙ্গ-সহ দক্ষিণ দিনাজপুরে উপযুক্ত বৃষ্টি না হবার ফলে কৃষকরা সেখানে মাঠে হাল দিতে পারছেন না। আজকে শ্রাবণ মাসের ২ তারিখ, আমন চাষের আরো এক মাস সময় আছে। তার জন্য দক্ষিণ দিনাজপুরে এগ্রি (মেকানিক)-এর যেসব টিউবওয়েল আছে তার মাধ্যমে যাতে মাঠে জল দেওয়া হয়, আগামী দিনে যাতে সেখানকার চাষীরা ফসল ফলাতে পারেন তার জন্য ক্ষুদ্রসেচ মন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি।

শ্রী অসিতকুমার মাল : মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আপনার মাধ্যমে আমি মাননীয় স্বাস্থ্যমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। এখানে মাননীয় সদস্য আশিস ব্যানার্জী মহাশয় রামপুরহাট মহকুমা হাসপাতাল সম্পর্কে বলেছে যে, সেটার অবস্থা অত্যন্ত খারাপ। ওখানে যক্ষ্মা রোগের চিকিৎসার কোনো ব্যবস্থা নেই। অধিকাংশ প্রাইমারি হাসপাতালে যক্ষ্মা রোগের ওষুধ পাওয়া যায় না। এমন কি, বর্তমানে ডট-এর সাহায্যে যক্ষ্মার যে চিকিৎসা হচ্ছে, রামপুরহাট হাসপাতালে আপনি ডট-এর জন্য ঘরও করে রেখেছেন, সেই ঘর বন্ধ করে রেখে দেওয়া হয়েছে। দয়া করে ডট-এর মাধ্যমে যক্ষ্মা চিকিৎসার যে ব্যবস্থা করেছেন রামপুরহাট হাসপাতালে এবং তার জন্য ঘরও অ্যালট করেছেন, কিন্তু চিকিৎসা হচ্ছে না, এটা দেখবার জন্য অনুরোধ করছি।

শ্রী নির্মল দাস : স্যার, আপনার মাধ্যমে আমি বিদ্যুৎমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। ডঃ শংকর সেন মহাশয় যখন বিদ্যুৎমন্ত্রী ছিলেন, ১৯৯৭-৯৮ সালে একটা উদ্যোগ তিনি নিয়েছিলেন, সেটা হল বাংলাদেশ থেকে গ্যাস এনে উত্তরবঙ্গে গ্যাস টারবাইনের মাধ্যমে বিদ্যুৎ সংকট নিবারণের জন্য। ইতিমধ্যে সাগরদিঘিতে বাংলাদেশ থেকে গ্যাস নিয়ে এসে ১০০০ মেগাওয়াট সম্পন্ন একটা গ্যাস টারবাইন করার চুক্তি হয়েছে। আমার অনুরোধ ঠিক একই সাথে উত্তরবঙ্গের আলিপুরদুয়ারে যাতে একটা গ্যাসটারবাইন করা হয় সেই ব্যাপারে বিদ্যুৎ দপ্তর দিল্লির সঙ্গে কথা বলেন। উত্তরবঙ্গের আলিপুরদুয়ারে যদি গ্যাসটারবাইন গড়ে ওঠে তাহলে উত্তরবঙ্গের বিদ্যুৎ সংকট নিবারণ হবে, উত্তরবঙ্গের পাশাপাশি ভুটান উপকৃত হবে, আসাম উপকৃত হবে, বিহার উপকৃত হবে এবং উপকৃত হবে উত্তরবঙ্গের সারাউনডিং এলাকা। রাজ্য সরকার শিল্প পুনর্গঠনের চেষ্টা করছে, নানা শিল্পের সম্ভাবনার সৃষ্টি হচ্ছে এবং পরিকাঠামো উন্নয়নের স্বার্থে যাতে এই গ্যাসটারবাইন উত্তরবঙ্গের আলিপুরদুয়ারে তৈরি হয় তার জন্য বিদ্যুৎমন্ত্রী নির্দেশ প্রদান করুন।

শ্রী দীপককুমার ঘোষ : মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আপনার মাধ্যমে আমি একটি গুরুত্বপূর্ণ এবং জ্বলন্ত সমস্যার প্রতি সংশ্লিষ্ট মন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। নির্বাচনের পর থেকেই মেদিনীপুর, বাঁকুড়া, এবং হুগলির বিভিন্ন অঞ্চলে তৃণমূল কংগ্রেস বা কংগ্রেস যারা ভোট দিয়েছে তাদের উপরে নানা অত্যাচার হচ্ছে। সম্প্রতি যেটা করা হচ্ছে সেটা হল জরিমানা ধার্য করা হচ্ছে। জরিমানা না দিলে মজুর বয়কট করা হচ্ছে যাতে চাষ না করতে পারে। চাষের পাম্প থেকে আরম্ভ করে লাঙল, ট্রাকটার সব আটকে দেওয়া হচ্ছে যদি জরিমানা না দেয়। এই পর্যন্ত যেটা খবর পাওয়া গেছে তাতে খেজুরি থানায় ১০৪টি কেস হয়েছে, কেশপুর থানায় ৬৪০টি হয়েছে, পিংলা থানায় ২৭৩টি কেসে এইরকম চাষ আটকে দেওয়া হয়েছে। বিভিন্ন পর্যায়ে থানার অফিসারদের কাছে যাওয়া হয়েছে, অন্যান্য জায়গায় যাওয়া হয়েছে। সেখানে বলা হচ্ছে যে, মিটমাট করে নিন, মানে কয়েক হাজার টাকা জরিমানা দিন। আমি এই ব্যাপারে মাননীয় ভূমিরাজস্বমন্ত্রী এবং স্বরাষ্ট্রমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি।

শ্রী তপন হোড় : স্যার আমাদের রাজ্য সরকার এবং বেঙ্গল পিয়ারলেসের যৌথ উদ্যোগে একটা বড় আবাসন 'সোনারতরি' বোলপুর শান্তিনিকেতনে গড়ে উঠছে। এটা একটা অসাধারণ প্রকল্প শান্তিনিকেতনে হচ্ছে। আমি আবাসন মন্ত্রী মহাশয়কে ধন্যবাদ জানাচ্ছি এই ধরনের একটা উদ্যোগ নেবার জন্য। আমি আবাসনের ব্যাপারে আর একটা কথা বলছি। বোলপুর-শান্তিনিকেতনে হাজার হাজার মানুষ আসে যারা আর্থিক দিক থেকে দুর্বল এবং নিম্ন আয়ের মানুষ। তাদের নাইট সেলটারের জন্য সটস্টে হোম করা দরকার। আমি তাই আপনার মাধ্যমে মাননীয় আবাসন মন্ত্রীর দৃষ্টি করছি যাতে সেখানে নাইট সেলটারের জন্য সটস্টে হোম করা হয়।

শ্রী মলয় ঘটক : মাননীয় ডেপুটি স্পীকার স্যার, আপনার মাধ্যমে আমি—আমার সৌভাগ্য যে স্বাস্থ্যমন্ত্রী আছেন—স্বাস্থ্যমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। আমার হীরাপুর বিধানসভা কেন্দ্রে চাপরাইল বলে একটা গ্রাম আছে। সেখানে কোনো পানীয় জলের বন্দোবস্ত নেই। সেখানকার মানুষ বর্ষার জল খেয়ে গত ২ বছর ধরে প্রচন্ড আন্ত্রিক রোগ হচ্ছে। ইতিমধ্যে ১৫ জন মানুষদের গ্রামীণ হাসপাতালে ভর্তি হয়েছে। রাজ্য সরকারের পক্ষ থেকে একটা টিম চাপরাইল গ্রামে পাঠানো হোক যাতে আন্ত্রিকের প্রকোপ বন্ধ করতে পারেন তার দাবি আমি জানাচ্ছি।

শ্রীমতী সাধনা মল্লিক : মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আপনার মাধ্যমে একটি গুরুত্বপূর্ণ বিষয়ে দৃষ্টি আকর্ষণ করতে চাই। গতকাল সন্ধ্যায় দাঁইহাট পৌরসভা এলাকায় প্রাইমারি বিদ্যালয়ের ছাত্রছাত্রীদের জন্য বিনামূল্যে বিতরণের মিড-ডে মিলের চাল খোলবাজারে বিক্রি করতে গিয়ে তৃণমূলের একজন লোক ধরা পড়ে। তার ফলে এলাকায় প্রচন্ড উত্তেজনার সৃষ্টি হয়। এলাকার মানুষ কাটোয়া থানার ও. সি. এবং মহকুমা শাসকের কাছে দোষী ব্যক্তিদের শাস্তিদানের জন্য বিক্ষোভ প্রদর্শন করেন। এই ঘটনা দাঁইহাট পৌরসভা এলাকায় ঘটেছে।

[12.50—1.00 p.m.]

আমি যা বলতে চাই তা হচ্ছে, শিশুর মুখের গ্রাস কেড়ে নিয়ে যারা নিজেদের স্বার্থ সিদ্ধি করতে চায়, তাদের অবিলম্বে শাস্তির ব্যবস্থা করবার জন্য আমি আপনার কাছে আবেদন জানাচ্ছি।

শ্রী অর্ধেন্দু মাইতি : মাননীয় ডেপুটি স্পীকার, স্যার, আমি আপনার মাধ্যমে মাননীয় স্বরাষ্ট্রমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। আমি মেদিনীপুর জেলার ভগবানপুর বিধানসভা কেন্দ্র থেকে নির্বাচিত। ওখানে অতি সম্প্রতি ডাকাতির ঘটনা খুব বেড়েছে। এক মাসের মধ্যে নানকার গ্রামে অমলেন্দু ঘোষের বাড়িতে এবং গোপীমোহনবার গ্রামের অসিত জানার বাড়িতে ডাকাতি হয়েছে। এছাড়া জলিবাড় গ্রামের সদ্য বিবাহিতা গৃহবধূ, সুন্দরীকে ধর্ষণ করে খুন করা হয়েছে। এই বিষয়ে পুলিশের কাছে বারংবার মাস ডেপুটেশন দেওয়া হয়েছে এবং পুলিশের উর্দ্ধতন কর্তৃপক্ষের কাছে বারংবার ডেপুটেশন এবং রিপ্রেজেনটেশন দেওয়া সত্ত্বেও পুলিশ কোনো ব্যবস্থা নিচ্ছে না। আমি তাই আপনার মাধ্যমে মাননীয় স্বরাষ্ট্রমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি যাতে অবিলম্বে এই সমস্ত দুষ্কৃতকারীদের গ্রেপ্তার করা হয় তার ব্যবস্থা করুন। এই কথা বলে আমি আমার বক্তব্য শেষ করছি।

শ্রী মানিকলাল আচার্য : মাননীয় ডেপুটি স্পীকার, স্যার, আমি রাজ্য সরকারের মাধ্যমে কেন্দ্রীয় সরকারের দৃষ্টি আকর্ষণ করছি। আমার নির্বাচন কেন্দ্র কুলটি। বরাকর স্টেশনের সামনে ৭০টি পরিবার বহুদিন ধরে বসবাস করছে। হঠাৎ করে রেল কর্তৃপক্ষ এদের উঠে যাবার জন্য নোটিশ দিয়েছেন। এর ফলে এরা আতংকিত এবং এদের রাত্রিতে ঘুম হচ্ছে না। এই ব্যাপারে আমি রেলমন্ত্রীকে চিঠি দিয়েছি, কিন্তু কোনো উত্তর পাইনি। এদের অবিলম্বে পুনর্বাসনের ব্যবস্থা করতে হবে এবং ওখানে থাকবার ব্যবস্থা করতে হবে। এরা যদি ঘরছাড়া হয়, তাহলে আইন-শৃঙ্খলার অবনতি ঘটবে। আমি রেলমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি, যাতে এদের পুনর্বাসনের ব্যবস্থা করা যায়। ধন্যবাদ।

ডাঃ রত্না দে (নাগ) : মাননীয় ডেপুটি স্পীকার, স্যার, শ্রীরামপুর একটি অতি জনবহুল শহর। এখানে নিকাশী ব্যবস্থা একেবারে ভেঙে পড়েছে। এর ফলে বৃষ্টির জমা জল শহরে বাইরে বেরোতে পারছে না। শ্রীরামপুরে তিনটি যে পাম্পিং স্টেশন আছে, তার মধ্যে প্রভাস নগরের পাম্পটি সব সময়ই অকেজো হয়ে থাকে এবং একটি কাজ করে না। এর ফলে রেলের পশ্চিম পাড়ে বিস্তীর্ণ অঞ্চল জলমগ্ন হয়ে থাকে। মেন পাম্পিং স্টেশনে ৫টি পাম্প আজ থেকে ৮ বছর আগে বসানো হয়েছিল সি. এম. ডবলু. এস. এ-র তত্ত্বাবধানে। এই ৫টি পাম্প কখনো একসঙ্গে কাজ করে না। ১টি পাম্প স্থানীয় পৌর কর্তৃপক্ষ কোনো রকম কার্যকরী করে কাজ চালাচ্ছে। গঙ্গা অ্যাকশন প্ল্যানে যে লাইন পাতা হয়েছিল তা পরিকল্পনাবিহীনভাবে পাতা হয়েছিল। গঙ্গা অ্যাকশন প্ল্যানে সেকেন্ড ফেজের জন্য শ্রীরামপুরের মানুষের দীর্ঘদিনের দাবি ছিল। কিন্তু সেই দাবিকে অগ্রাহ্য করে সেটা মন্ত্রী মহাশয় পাশের শহর রিষড়াতে দিয়েছেন। শ্রীরামপুরে দেননি। তাই মাননীয় মন্ত্রিমহাশয়ের কাছে আমার দাবি, এই ব্যাপারে আপনি আশু হস্তক্ষেপ করুন। তা না হলে এই বর্ষায় শ্রীরামপুরের বিস্তীর্ণ অঞ্চল জলমগ্ন হয়ে থাকবে এবং মানুষ দুর্দশার মধ্যে পড়বে।

শ্রী সামসুল ইসলাম মোল্লা : মাননীয় ডেপুটি স্পীকার, স্যার, আমি আপনার মাধ্যমে মন্ত্রিসভার একটি বিষয়ের প্রতি দৃষ্টি আকর্ষণ করছি। নদিয়া জেলার চাকদহ এলাকার বিস্তীর্ণ

অঞ্চল সীমান্তবর্তী এলাকা। সেখানে মানুষ নানা সময়ে আক্রান্ত হচ্ছে। ইতিপূর্বে দেবনাথপুরে বি এস এফ তাণ্ডব চালায় এবং এর ফলে ১১ জন আহত হয়। ১৩১ ব্যাটালিয়নের জওয়ানরা ব্যবসায়ী, ক্ষুদ্রচাষী এদের হাটে-বাজারে নানাভাবে হয়রানি করছে। দিনের পর দিন এটা বাড়ছে। এই ব্যাপারে বি এস এফ কর্তৃপক্ষকে বলা সত্ত্বেও শুনছে না। আমি এই ব্যাপারে মন্ত্রীসভার দৃষ্টি আকর্ষণ করছি।

শ্রী বঙ্কিমচন্দ্র হাজরা : মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে অর্থমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। সাগর বিধানসভা কেন্দ্রের সাগর ব্লকে রুদ্রনগরে সাব-রেজিস্ট্রি অফিসটি সরকারিভাবে ১৯৯০ সালের ১৯ মে জমি অধিগ্রহণ করা হয়েছিল। কিন্তু জমি অধিগ্রহণ করা সত্ত্বেও ওই জমিতে নতুন বিল্ডিং নির্মাণ হয়নি এবং ভাড়া বাড়িতেই কাজ চলছে। এখন ওই ভাড়া বাড়ির ছাদ ভেদ করে জল পড়ছে এবং সরকারি মূল্যবান সম্পত্তি নষ্ট হচ্ছে। এই প্রসঙ্গে আরও জানাই যে, ওই রুদ্রনগর সাব-রেজিস্ট্রি অফিসের কোষাগারে ৫০ লক্ষ টাকার রেভিনিউ এসে থাকে। সুতরাং ওখানে নতুন ভবন নির্মাণের জন্য মাননীয় মন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি।

শ্রী অক্ষয় ঠাকুর : মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে পূর্তমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। আমার নির্বাচনী কেন্দ্র কোচবিহার পশ্চিমে পুন্ডিবাড়ি অঞ্চলে তোর্ষা নদীর উপরে ম্যাকেনটোজ বার্ন কোম্পানি একটা ব্রিজ তৈরি করছিল। ওই ব্রিজটি পাঁচ বছরে শেষ হবার কথা, কিন্তু ১৯৯৮ সালে টি. এম. সি-র কিছু সমাজবিরোধীর অত্যাচারে ম্যাকেনটোজ বার্ন কোম্পানি সেখান থেকে পালিয়ে যায় এবং তারপরের থেকেই কাজ বন্ধ হয়ে যায়। ওই ব্রিজটি সম্পন্ন হলে পরে কোচবিহার থেকে শিলিগুড়ির দূরত্ব ৪০ কি.মি. কমে যাবে এবং ১ ঘণ্টা সময় কম লাগবে। সেই কারণে অনুরোধ করছি পুনরায় ওর কাজ শুরু করা হয় জনস্বার্থের সুবিধার জন্যে।

শ্রী মন্টুরাম পাখীরা : মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে স্বাস্থ্যমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। কাকদ্বীপ বিধানসভা কেন্দ্রের কাকদ্বীপ, পাথরপ্রতিমা, সাগর, নামখানা নিয়ে ১৯৯০-৯১ সালে কাকদ্বীপ মহকুমা তৈরি হয়। কিন্তু ওই কাকদ্বীপে আজ পর্যন্ত কোনো হাসপাতাল হয়নি। মানুষ যারা স্বাস্থ্যকেন্দ্রে যায় তাদের স্বাস্থ্যকেন্দ্র থেকে ট্রান্সফার করে পাঠানো হয় ডায়মন্ডহারবার স্বাস্থ্যকেন্দ্রে। এতে সাধারণ মানুষের অসুবিধা হয়। তাই অবিলম্বে কাকদ্বীপ মহকুমায় হাসপাতাল স্থাপিত হয় তার জন্য স্বাস্থ্যমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি।

শ্রী শেখ ইলিয়াস মহম্মদ : মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে আমার বিধানসভা কেন্দ্র নন্দীগ্রামে বেসরকারি প্রায় ৪২টি বাস নন্দীগ্রাম থেকে কলকাতা শহরে এবং রাজ্যের বিভিন্ন প্রান্তে যায়। ওখানে যে বাস স্ট্যান্ডটি ছিল সেই বাস স্ট্যান্ডটি সম্প্রসারণে জন্য অর্থ বরাদ্দ করা সত্ত্বেও কাজ এগোয়নি। সেই কারণে আমার দাবি ওখানে বাস স্ট্যান্ডটি সম্প্রসারণের কাজ যাতে দ্রুত করা যায় সেই কারণে বিভাগীয় মন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি এবং সাথে সাথে একথাও বলছি সরকারি বাসের গুরুত্ব অপরিসীম, সরকারি বাসের বরাদ্দ যাতে বাড়ানো যায় তার দাবিও রাখছি।

শ্রী অশোককুমার দেব : মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, এখানে অর্থমন্ত্রী আছেন। আমাদের দীর্ঘদিনের দাবি করে এসেছি যে এম পি রাজ্যসভা এবং লোকসভায়। তাদের

১ কোটি করে এম পি কোটাতে পান, ওই বরাদ্দও বাড়ানোর কথা হয়েছে। আমাদেরও ডিমান্ড অনেক দিন করার পর সবেমাত্র ১৫ লক্ষ টাকা করা হল, সেটা আরো বাড়িয়ে যাতে ৫০ লক্ষ টাকা করা হয় তার দাবি রাখছি। তাহলে পরে আমরা এলাকার কাজ করতে পারব এবং আশা করি, এতে সরকার পক্ষে যারা বসে আছেন তাদের নিশ্চয় আপত্তি থাকবে না। এটা শুধু আমাদের দলের নয়, সমস্ত এম. এল. এ-দের জন্য দাবি করছি। এখানে অর্থমন্ত্রী আছেন, যদি সম্ভব হয় তিনি উত্তর দেবেন। তিনি নিশ্চয় আমাদের জন্য এই চেষ্টা করবেন। এমনিতেই এম. এল. এ-দের সত্যি কথা বলতে গেলে এলাকায় কাউন্সিলার যারা রয়েছে তাদের দাপট রয়েছে এবং সেখানে আমাদের সার্টিফিকেট দেওয়া ছাড়া কোনো কাজই থাকে না। সুতরাং এই যে টাকা পাই তা দিয়ে কিছুই করতে পারি না। আশা করি মাননীয় অর্থমন্ত্রী হাউসে আছেন বলবেন।

আশা করি আজকে অর্থমন্ত্রী হাউসে বলবেন, তিনি এই ব্যাপারে এগিয়ে যাবেন কি যাবেন না, সাহায্য করবেন কি করবেন না ?

[1.00—1.10 p.m.]

শ্রী পরেশনাথ দাস : মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে মাননীয় পূর্তমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। বীরভূম জেলার একটি রাস্তা লোহাপুর থেকে ভায়া জিনদিঘি হয়ে মুর্শিদাবাদ জেলার জরেরবালারা পর্যন্ত গিয়েছে, যেটিকে বাদশাহী রোড বলা হয়। এই রাস্তাটি পাকা করার জন্য দীর্ঘদিন ধরে বলে আসছি, আমাদের অন্যান্য সদস্যরাও মেনশান করেছেন, সেই জন্য আমি বলতে চাইছি অবিলম্বে রাস্তাটা পাকা করার জন্য ব্যবস্থা করা হোক।

শ্রী অরূপ ভদ্র : মাননীয় ডেপুটি স্পীকার স্যার, আমি অপানার মাধ্যমে বিভাগীয় মন্ত্রীর কাছে আবেদন করছি, বারুইপুরের গুরুত্বপূর্ণ শহর সাব-ডিভিশনে সেখানে বাস টার্মিনার্সের প্রয়োজন আছে। সেখানে বাস টার্মিনাস হলে জেলার বিভিন্ন জায়গায় দূরপাল্লার বাস ছাড়া যায় সেইদিকে নজর দেওয়া হবে। ওখানে ৮০-র বাস বন্ধ হয়ে গেছে, ৯৭ নম্বর বাস বন্ধ হয়ে গেছে, এবং সি. টি. সি-র বাস যা চলছিল সেটাও বন্ধ। সরকারি বাস ভর্তুকি দিয়ে চলে, কেন্দ্রীয় সরকার ভর্তুকি কমিয়ে দিলে ওরা সবাই চিৎকার-চেঁচামেচি করেন, কিন্তু সি. টি. সি-র বাস ভরতুকি দিয়ে চালানো উচিত, কিন্তু ওরা যেখানে কেবল লাভ হবে, সেখানেই চালাবে। যে সমস্ত এলাকায় লাভ করতে পারে না সেখানে বাস বন্ধ করে দিচ্ছে। বারুইপুর থেকে শুরু করে ক্যানিং জোন, জয়নগর পর্যন্ত সি. টি. সি. বাস চলত, সেইগুলি কেন বন্ধ হয়ে গেল ? ভরতুকি দিয়ে চালু করুন। সেখানে যোগাযোগ ব্যবস্থা ভেঙে পড়ছে, ফলে সুন্দরবন এলাকার মানুষ দক্ষিণ ২৪-পরগনা এলাকার মানুষ তারা তাদের কর্মস্থলে পৌঁছতে পারছে না।

শ্রী ইউনুস সরকার : মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আমি অপনার মাধ্যমে জেলার একটি গুরুত্বপূর্ণ ব্যাপারে উল্লেখ করছি। জেলাতে যে মহকুমা ও ব্লক হাসপাতাল আছে, বিশেষ করে ব্লক হাসপাতালগুলিতে ডাক্তাররা কুকুরে কামড়ানোর ইনজেকশন এবং সাপে কাটার ইনজেকশন রাখার ঝামেলা বলে সেটা তারা রাখছে না। তারা জেলা হাসাপাতাল তেকে সেইগুলি আনেন না। ফলে রোগীরা কলকাতায় আসছে, না হলে জেলা হাসপাতালে যাচ্ছে। স্যার, এটা আমি আপনার মাধ্যমে স্বাস্থ্যমন্ত্রীকে বলব এই বিষয়টি দেখার জন্য। এবং ঠিকমতো যাতে মেডিকেল অফিসাররা ওষুধটি নিয়ে যান তার জন্য আমি দাবি জানাচ্ছি।

শ্রী অসিত মিত্র : স্যার, আমি আপনার মাধ্যমে মাননীয় অর্থমন্ত্রী মহাশয়ের দৃষ্টি আকর্ষণ করে একটি গুরুত্বপূর্ণ বিষয় এখানে উপস্থিত করছি। আমি যে কথা বলব, আমাদের ২/৩ জন সদস্য এর আগে এই কথা বলছেন। আমাদের বিধায়কদের এলাকার উন্নয়ন তহবিল নামে যেটা আছে, সেটা খুবই কম। স্যার, বামফ্রন্টের বিধায়করা এখানে আছেন, ওদের বুক ফাটে তো মুখ ফোটে না, ওরা শৃঙ্খলিত। আমি স্যার, আপনার মাধ্যমে অসীম দাশগুপ্ত মহাশয়ের দৃষ্টি আকর্ষণ করে বলতে চাই, তিনি গত বছরে ১৫ লক্ষ টাকা করে বিধায়কদের এলাকার উন্নয়নের তহবিলে দিয়েছিলেন। এটা প্রয়োজনের তুলনায় কম। এই বিষয়ে কোনো সন্দেহ নেই। কিছুদিন আগে ঝাড়খণ্ডের কিছু বিধায়ক এখানে এসেছিলেন, শুনলে অবাক হয়ে যাবেন, সবেমাত্র সেই রাজ্যটি গঠিত হয়েছে, তাদের বিধায়কদের এলাকার উন্নয়নের জন্য ১ কোটি টাকা দেওয়া হয়েছে। মাননীয় বিধায়কদের যদি কিছুমাত্র এলাকার উন্নতি করতে হয় তাহলে মিনিমাম ৫০ লক্ষ টাকা দেওয়া দরকার। তাহলেই স্যার, আমরা আমাদের এলাকার উন্নয়নের কাজ করতে পারব। আশা করি মাননীয় অর্থমন্ত্রী এই বিষয়ে সবাইকে আশ্বস্ত করবেন।

শ্রী বিশ্বনাথ মণ্ডল : মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে স্বাস্থ্যমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। আবার বিধানসভা কেন্দ্রের খড়গ্রাম বিধানসভায় ৪টি উপস্বাস্থ্য কেন্দ্র আছে। একটা ব্লক হাসপাতাল আছে, ব্লক হাসপাতালটি নতুন করে সরকারি সাহায্যে গ্রামীণ হাসপাতালে পরিণত করার কাজ চলছে। আমার এলাকার লোকসংখ্যা ২ লক্ষ ৩৬ হাজার, সেখানকার লোকেরা হাসপাতালের মাধ্যমে চিকিৎসা পাচ্ছে না। আমাদের ওখানে যে চারটি উপস্বাস্থ্য কেন্দ্র আছে সেখানে অবিলম্বে ডাক্তার পাঠানো হোক। না হলে এলাকার মানুষ সাংঘাতিক অসুবিধার মধ্যে পড়বে, তারা ওষুধপত্র পাচ্ছে না, চিকিৎসা পাচ্ছে না। অবিলম্বে সেখানে ডাক্তার পাঠানোর জন্য আমি মাননীয় মন্ত্রিমহাশয়ের কাছে অনুরোধ করছি।

শ্রী রবীন্দ্রনাথ চ্যাটার্জী : মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে উচ্চশিক্ষামন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। বর্তমানে কলেজ পরিচালন সমিতিগুলো গঠিত হয়— বিশ্ববিদ্যালয়ে প্রতিনিধি, সরকারি প্রতিনিধি, কলেজের অধ্যাপক, অশিক্ষক কর্মচারীদের প্রতিনিধি এবং ছাত্র প্রতিনিধি একজন সেখানে থাকে। শাসক দলের পৃষ্ঠপোষকতায় এই গভর্নিং বডিগুলি পরিচালিত হয়। এখন দেখা যাচ্ছে মফস্বল কলেজগুলোতে কলকাতা থেকে বহু অধ্যাপক সেখানে পড়াতে যায়, কিন্তু তারা কলেজ ঠিকমতো হাজির হয় না। এর বিরুদ্ধে ছাত্ররা যখন আন্দোলন করে, তখন সেই ছাত্রদের বিরুদ্ধে শাস্তিমূলক ব্যবস্থা নেওয়া হয়। মাননীয় মন্ত্রিমহাশয়ের কাছে আমার অনুরোধ এই গভর্নিং বডিগুলোতে ছাত্র প্রতিনিধির সংখ্যা বাড়ানো হোক এবং অভিভাবকদের থেকে একজন প্রতিনিধি সেখানে রাখার ব্যবস্থা করা হোক।

শ্রী প্রফুল্লকুমার ভৌমিক : মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, এটি একটি গুরুত্বপূর্ণ বিষয়, রাজ্য সরকারের মাধ্যমে কেন্দ্রীয় সরকারকে বলা দরকার, আমাদের কৃষ্ণনগর থেকে করিমপুর পর্যন্ত অনেকটা রাস্তা, বাস রাস্তার উপরেই আমাদের নির্ভর করতে হয় এবং বাস

বন্ধ হয়ে গেলে আমাদের যাওয়ার কোনো উপায় থাকে না। আমরা বহুদিন ধরে ঐখানে রেল লাইন স্থাপনের জন্য দাবি করছি এবং এই ব্যাপারে একটা প্রস্তাবও আছে। অবিলম্বে কৃষ্ণনগর থেকে করিমপুর পর্যন্ত একটা রেল লাইনের ব্যবস্থা করা হোক।

Smt. Rubi Noor : Sir, I wouild like to draw the attention of the Hon'ble Health Minister to the deplorable condition of Sujapur Hospital of my constituency. Sir, this is an old hospital in a thickly populated area. But there is no doctor and no medicine. People needs the help of the doctor. Compounder is doing the job of a dector. So, please give your attention. Besides this, not only antisocials have taken it over, in every evening groups of antisocials are doing all kinds of nuisence job. So, I request the Hon'ble Minister to look into it and do something. Thank you.

শ্রী শেখ মাজেদ আলি : মাননীয় মিঃ ডেপুটি স্পীকার স্যার, আমি আপনার মাধ্যমে কৃষি বিপণন মন্ত্রিমহাশয়ের দৃষ্টি আকর্ষণ করছি। ওই এলাকায় যে রেগুলেটিং মার্কেট আছে সেখানে নির্বাচিত কোনো কমিটি নেই। এস. ডি. ও-কে চেয়ারম্যান করে সেই রেগুলেটিং মার্কেটে কাজ হচ্ছে, ফলে মার্কেটের কাজ ব্যাহত হচ্ছে। সেই জন্য আমি মাননীয় মন্ত্রিমহাশয়ের কাছে দৃষ্টি আকর্ষণ করছি সেখানে মনোনীত একটা কমিটি করে রেগুলেটিং মার্কেট যাতে ঠিকমতো চলে সেই ব্যবস্থা করবেন। ধন্যবাদ।

শ্রী গোবিন্দচন্দ্র নস্কর : মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে ভূমি ও ভূমিরাজস্ব দপ্তরের মন্ত্রিমহাশয়ের দৃষ্টি আকর্ষণ করতে চাই। আপনি নিশ্চয় জানেন, ১৯৭২-৭৭ সাল পর্যন্ত তৎকালীন সরকার ৭ লক্ষ ৫০ হাজার হেক্টর বিঘে জমি গরিব কৃষকদের মধ্যে বিলি করেছিল, পাট্টা দিয়েছিল। ভূমিরাজস্ব মন্ত্রী হিসাবে দায়িত্ব নেওয়ার পরে এই সমস্ত পাট্টা বাতিল না করে, নতুন লোককে ওই জমিগুলো আবার পাট্টা দেওয়া হয়েছে। যারা ওই জমিগুলো রায়ত পেয়েছিল তারা যাতে তাদের জমিতে চাষ করতে পারে সেদিকে দৃষ্টি দেবার জন্য আমি অনুরোধ করছি। নতুন লোককে আবার পাট্টা দিয়ে সেখানে গণ্ডগোল পাকানোর চেষ্টা চলছে। সুন্দরবন এলাকাতেও এই জিনিস হচ্ছে। আমি আপনার মাধ্যমে এই কাজটা বন্ধ করার জন্য মাননীয় মন্ত্রিমহাশয়ের কাছে অনুরোধ করছি।

[1.10—1.20 p.m.]

শ্রী জয়ন্ত চৌধুরী : মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে মাননীয় শিক্ষামন্ত্রির দৃষ্টি আকর্ষণ করছি। স্যার আপনি জানেন, কলেজ থেকে ১১/১২ ক্লাস উঠে যাওয়ায় বিষ্ণুপুর শহরে ছাত্র-ছাত্রীদের ভর্তির সমস্যা প্রকট আকার ধারণ করেছে। রামানন্দ কলেজে আগে ছাত্র-ছাত্রীরা ভর্তি হত এতদিন। সেই জায়গায় যমুনাদাস খেমকা হাইস্কুল, মহকুমা উচ্চ বিদ্যালয় এবং শিবদাস গার্লস হাইস্কুলে পরিকাঠামো আছে, সেই স্কুলগুলোতে অবিলম্বে যাতে দ্বাদশ শ্রেণি চালু হয় তার অনুমোদন যাতে পায় এবং ছাত্র-ছাত্রীরা যাতে ভর্তির সুযোগ পায় তার ব্যবস্থা করার জন্য অনুরোধ করছি।

শ্রীমতী তপতী দত্ত : মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে মাননীয় পূর্তমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি, হাবড়া শহরের মধ্যে দিয়ে গেছে ৩৫নং জাতীয় সড়ক। এই রাস্তার অবস্থা খুবই খারাপ। এই রাস্তা দিয়ে ঢাকা-কলকাতা বাস যাতায়াত করে, এছাড়াও বহু যানবাহন চলাচল করে। বন্যার সময় মাননীয় মন্ত্রীরা অনেকেই গিয়েছিলেন। হাবড়া শহর ওই বেহাল সড়কের জন্য ভয়ানক যানজটের মধ্যে পড়ে, মানুষ হয়রানি হয়। অবিলম্বে রাস্তাটি সংস্কার করা এবং এটা বাইপাস নির্মাণ করে মানুষকে দুর্ভোগের হাত থেকে রক্ষা করার আবেদন জানাচ্ছি।

শ্রীমতী মাফুজা খাতুন : মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে মাননীয় সেচমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। আমার দক্ষিণ দিনাজপুর জেলা কৃষি প্রধান জেলা। জেলাবাসী কৃষির উপর সম্পূর্ণভাবে নির্ভরশীল। গোটা বর্ষায় বৃষ্টি হয়নি বললেই চলে। কৃষকরা একটু জলের জন্য চাতক পাখির মতো আকাশের পানে উদগ্রীব হয়ে চেয়ে আছে। তারা জমিতে লাঙল নিয়ে যেতে পারে না। আমি চাই বিকল্প সেচের ব্যবস্থা করে কৃষকদের মুখে হাসি ফোটাতে আপনি অবিলম্বে ব্যবস্থা নেবেন। কৃষকদের হৃদকম্প শুরু হয়েছে, তারা আতঙ্কে প্রহর গুনছে।

শ্রী সৌগত রায় : মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে বাংলার ও.বি.সি. এবং অন্যান্য পশ্চাৎপদ সম্প্রদায়ের প্রতি বামফ্রন্ট সরকারের চূড়ান্ত প্রতারণার কথা উল্লেখ করতে চাই।

আপনি জানেন স্যার, মণ্ডল কমিশনের সুপারিশ অনুযায়ী কেন্দ্রীয় সরকার আগেই ও.বি.সি.-দের চাকরির সংরক্ষণ ২৭ পার্সেন্ট ঘোষণা করেছে। পরবর্তীকালে পশ্চিমবঙ্গ সরকারও ও.বি.সি.-দের জন্য কমিশন বসায় এবং ৭ পার্সেন্ট ও. বি. সি. ও অন্যান্য পশ্চাৎপদ ব্যক্তির জন্য সংরক্ষণ করে। মণ্ডল কমিশনের সুপারিশ অনুযায়ী কেন্দ্রীয় সরকার এবং সমস্ত রাজ্যে ও.বি.সি.-দের জন্য শিক্ষা প্রতিষ্ঠানে সংরক্ষণের ব্যবস্থা আছে। এখানে বামফ্রন্ট সরকার গত ১২ এপ্রিল একটা ক্যাবিনেট মিটিং করে ঘোষণা করে যে ও.বি.সি.-দের জন্য শিক্ষা প্রতিষ্ঠানের সংরক্ষণ থাকবে। তারপর ১৩ এপ্রিল মুখ্যমন্ত্রী বুদ্ধদেব ভট্টাচার্য ঘোষণা করেন যে, এই সংরক্ষণের সিদ্ধান্ত আপাতত স্থগিত, কারণ নির্বাচনের আগে এটা করা ঠিক হবে না। এরপর নির্বাচন হয়ে গেল, বুদ্ধদেব ভট্টাচার্য মুখ্যমন্ত্রী হলেন, দু মাস হয়ে গেল—কিন্তু আজ পর্যন্ত ও.বি.সি.-দের শিক্ষা প্রতিষ্ঠানে সংরক্ষণ হয়নি। এদিকে সমস্ত শিক্ষা প্রতিষ্ঠানে ভর্তি চলছে। প্রথমে উচ্চ মাধ্যমিক, তারপর কলেজ, তারপর বিশ্ববিদ্যালয়ে। আপনার মাধ্যমে দাবি করছি অবিলম্বে ক্যাবিনেট মিটিং থেকে যে সিদ্ধান্ত মন্ত্রিসভা ১২ এপ্রিল নিয়েছিল, সেটা যাতে কার্যকরী হয়, ও.বি.সি.-দের যাতে শিক্ষা প্রতিষ্ঠানে সংরক্ষণ চালু হয়।

শ্রী শিশিরকুমার অধিকারী : মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে মাননীয় সেচমন্ত্রী, অর্থমন্ত্রী এবং স্বাস্থ্যমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। সুবর্ণরেখা প্রকল্প সম্পর্কে এই হাউসে বারে বারে উল্লেখ করা হয়েছে।

আমাদের তরফ থেকে বহুবার বলা হয়েছে সুবর্ণরেখা প্রকল্পের প্রথম শুরুকাে ৫০০ কোটি টাকার ছিল। এখন সেটা সাড়ে ৭ থেকে ৮ হাজার কোটি টাকায় চলে গেছে। অবিলম্বে এই কাজে উদ্যোগ গ্রহণ করে কেন্দ্রীয় সরকারকে রাজি করানোর যেন ব্যবস্থা করা হয়। অবিলম্বে এই কাজ করে খড়্গপুর এবং কাঁথি মহকুমার বিস্তীর্ণ অঞ্চলের লক্ষ লক্ষ দরিদ্র কৃষককে বাঁচান। এই কাজটা বহুদিন ধরে আটকে আছে। এই কথা বলে আবার বক্তব্য এখানে শেষ করছি।

ZERO HOUR

মিঃ ডেপুটি স্পীকার : Now zero hour.

শ্রী শোভনদেব চট্টোপাধ্যায় : অনুপস্থিত।

শ্রী অতীশচন্দ্র সিনহা : মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, শ্রী অসিত মিত্র মহাশয় বিধায়কদের এলাকা উন্নয়নের ব্যাপারে উল্লেখপর্বে উল্লেখ করেছেন এবং আরও অনেকে করেছেন। আমি তাদের সবাইকে ধন্যবাদ জানাচ্ছি এবং এখানে অর্থমন্ত্রী উপস্থিত আছেন এবং সূর্যকান্ত মিশ্রও উপস্থিত আছেন। তাদের আমি জাননাই যে, যে ১৫ লক্ষ টাকা বিধায়কদের এলাকার উন্নয়নের জন্য দেওয়া হয়েছে, সেটা প্রয়োজনের তুলনায় খুবই অপ্রতুল এবং এটা নিশ্চয়ই সকলেই স্বীকার করেন। বিশেষ করে টাকার যেভাবে অবমূল্যায়ন হচ্ছে, তার ফলে বিধায়কদের তার এলাকায় এই ১৫ লক্ষ টাকায় উন্নয়ন করা অসুবিধা দেখা দিয়েছে। এম পি-রা ২ কোটি টাকা পান। আপনি যদি ভাগ করেন তাহলে দেখবেন যে, এই তুলনায় বিধয়াকদের টাকার পরিমাণ অত্যন্ত কম। আমরা দাবি করছি এটা বাড়িয়ে অন্তত ৫০ লক্ষ টাকা করা হোক। এখানে অর্থমন্ত্রী আছেন, আমি বারবার বলেছি। কিন্তু দুঃখের সঙ্গে বলতে হচ্ছে—এখনও পর্যন্ত সাড়া পাইনি। আমরা আশা করি যে আগামী দিনে মুখ্যমন্ত্রী এই বিষয় চিন্তা-ভাবনা করে এখানে যদি কোনো বক্তব্য রাখেন যে, এটাকে কিভাবে এবং কত টাকা বাড়ানো যায়, তাহলে ভালো হবে।

শ্রী পূর্ণেন্দু সেনগুপ্ত : স্যার, আমি একটা অন্য প্রসঙ্গ তুলছি। সম্প্রতি পাক-ভারত বৈঠক হয়ে গেল এবং সেই বৈঠকের ফলাফলও আমরা জানি। এখন চলছে উভয় পক্ষে প্রতি দোষারোপ। কে এই বৈঠকের জন্য কতটা দায়ী। সংঘ পরিবারই বা কতটা দায়ী। কিন্তু আমরা যারা ভারত এবং পাক উভয় দেশের জনগণ, আমরা চাই ভারত-পাক উভয় দেশের শান্তি যেন বজায় থাকে এবং আমরা আশা করি এবার সফল না হলেও আগামীদিনে ভারত-পাক বৈঠকে যেন উভয় প্রতিবেশী রাষ্ট্র শান্তিপূর্ণভাবে সহাবস্থান করতে পারে সেটাই প্রতিফলিত হয়।

শ্রী অজয় দে : মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আপনার মাধ্যমে সংশ্লিষ্ট দপ্তরের মন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। সরকার পক্ষ থেকে গরিব এবং দুঃস্থ মানুষকে জি আর দেওয়া হয়। এটা দেওয়া হয় সেনসাস পপুলেশন অনুযায়ী স্যার, ২ হাজার ১ সালের পপুলেশন কমপ্লিট

হয়ে গেল, অথচ শান্তিপুর সহ নদীয়া জেলায় জি আর দেওয়া হয়েছে ১৯৮১ সালের সেনসাস রিপোর্ট অনুযায়ী। এক হাজার পপুলেশনে আড়াই জনের বেশি পাওয়া যায় না। জনগণের সংখ্যা বাড়ছে। আমি দাবি করছি ৮১ সালের পপুলেশন অনুযায়ী নদীয়া জেলাতে দেওয়া হচ্ছে। এটা যেন ২ হাজার এক সালের জনগণনা যে হয়েছে, সেই ভিত্তিতে দেওয়া হোক।

শ্রী জ্যোতিপ্রিয় মল্লিক : মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আপনার মাধ্যমে স্বরাষ্ট্রমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। গত ২১শে জুন, ২৩শে জুন এবং এরপর আবার ১৬ই জুলাই গাইঘাটার ডোমা অঞ্চলে পরপর ১০টি বাড়িতে ডাকাতি হয়েছে এবং আবার ১৬ই জুলাই ৩টি বাড়িতে তোতাপাড়া অঞ্চলে ডাকাতি হয়েছে। পাশের গ্রাম তার নাম হচ্ছে তিলিরমাঠ। ৪টি বাড়িতে ডাকাতি হয়েছে। নির্বাচনের পর থেকেই দেখছি গাইঘাটাতে বিভিন্ন প্রান্তে এই জিনিস ঘটছে। মাননীয় স্বরাষ্ট্রমন্ত্রীকে অনুরোধ করছি এ ব্যাপারে একটা বিহিত করুন। পুলিশ দিয়ে না পারেন তাহলে গোয়েন্দা বিভাগকে দিয়ে এর ব্যবস্থা করুন। গাইঘাটার মানুষ সন্ত্রস্ত।

শ্রী রবীন ঘোষ : মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে মাননীয় সেচমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। আমার শ্যামপুর এলাকার ৭৫টি মৌজার গরিব কৃষকরা বঞ্চিত হচ্ছে, দামোদরমুখী একটা স্লুইস নির্মাণ করা দরকার। প্রয়াত মন্ত্রী ননী ভট্টাচার্য তিনি এর তদন্ত করেছিলেন, তার পরে অফিসাররা তদন্ত করে সিদ্ধান্ত নিয়েছিলেন। কিন্তু আজ পর্যন্ত সেখানে স্লুসই নির্মাণ হয়নি। হাজার হাজার গরীব কৃষক এর জন্য ক্ষতিগ্রস্ত হচ্ছে, দামোদর মজে যাচ্ছে। গরিব কৃষকদের স্বার্থে—শ্যামপুর থানা একটা কৃষিপ্রধান এলাকা, সেখানে স্লুইস নির্মাণ যাতে হয় তার ব্যবস্থা করবেন।

শ্রী নির্মল ঘোষ : মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আমি এই জল নিকাশী ব্যাপারটা নিয়ে বহুবার এই হাউসে বলেছি। আজকে মাননীয় সেচমন্ত্রী এবং অর্থমন্ত্রী আছেন। আমাদের জেলার ৮টি বিধানসভা এলাকায় জল নিকাশী ব্যবস্থা বিপর্যস্ত। নোয়াই, বাগজোলা খাল, ভাঙর কাটা খাল, সোনাই সহ এর কাজ দ্রুতগতিতে না করলে বর্ষা এসে গেলে, কাজ বন্ধ হয়ে যাবে। এই কাজটা যাতে দ্রুতগতিতে হয় তার জন্য ৩টি ডিপার্টমেন্টের কো-অর্ডিনেশন দরকার। আমরা যখন ইরিগেশন ডিপার্টমেন্টকে বলি তারা বলে যে এটা আমরা করছি না, এটা উন্নয়ন দপ্তর করছে, আবার উন্নয়ন দপ্তরকে বললে তারা বলে অর্থ দপ্তর। কাজটা যে গতিতে হওয়া উচিত ছিল সেই গতিতে কাজ হচ্ছে না। আমার কনস্টিটিউয়েন্সী এবং তার পাশে মাননীয় অর্থমন্ত্রীর কনস্টিটিউয়েন্সীর এইসব মিলে প্রায় ১০-১৫ লক্ষ মানুষ জলের তলায় থাকে। এখানে মাননীয় অর্থমন্ত্রী নিজে রয়েছেন তিনি ভালো করেই জানেন খড়দার মানুষ আমরা কিভাবে সেখানে রয়েছি। সেখানে ২০০, ৩০০ মিটার জায়গা একদল লোক সি.ই.এস.সি-র ছাই দিয়ে ফিলিং করছে এবং সেটা প্রোমোটাররা করাচ্ছে। মাননীয় অর্থমন্ত্রীর কনস্টিটিউয়েন্সীতেও এটা হচ্ছে। এ ব্যাপারে যত শীঘ্রই সম্ভব এই কাজ সম্পন্ন করার জন্য আমি মাননীয় বিভাগীয় মন্ত্রীর কাছে অনুরোধ করছি।

শ্রী নির্মল দাস : মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, রাজ্য সরকার ঘোষণা করেছেন যে, প্রত্যন্ত এলাকায় প্রশাসনকে নিয়ে যাবেন এবং সেই অনুযায়ী বিভিন্ন ডিপার্টমেন্টও এটা ঘোষণা করেছেন যে মহাকরণের বিভিন্ন দপ্তর উত্তরবঙ্গে নিয়ে যাবেন। পূর্ত দপ্তর নিয়ে গেছে, তাদের ইনফ্রাস্ট্রাকচারও গড়ে উঠেছে, অবশ্য চীফ এঞ্জিনিয়ার থাকছেন না। কৃষি দপ্তর, সেচ দপ্তর যায়নি। সেচ বিভাগের মন্ত্রী মহাশয় এখানে আছেন, যদিও এর আধিকারিকরা মহাকরণ থেকেই প্রশাসন চালাতে চাইছেন। আমরা চাইছি সরকার যেটা ঘোষণা করেছেন সেটা বাস্তবায়িত করুন। যাতে উত্তরবঙ্গের মানুষকে কলকাতার মহাকরণে আসতে না হয় কিছু করার জন্য। এটা যদি উত্তরবঙ্গে গড়ে ওঠে তাহলে উত্তরবঙ্গের ১ কোটি মানুষ উপকৃত হবেন। মাননীয় মন্ত্রী এখানে আছেন তিনি এটা মন্ত্রীসভার সদস্যদের বোঝাবেন।

[1.20—2.00 p.m.]/(including adjournment)

শ্রী পার্থ চ্যাটার্জী : মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আমি একটি গুরুত্বপূর্ণ বিষয় সংশ্লিষ্ট মন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। বেহলা পশ্চিম কেন্দ্র একটি হোলসেল কনজিউমার কো-অপারেটিভ সোসাইটি আছে এবং সেখানে প্রায় ৪০ জন স্টাফ কাজ করেন। বহু সংখ্যক মানুষ এই কো-অপারটিভের মাধ্যমে উপকৃত হন। এর বাড়ির অবস্থা খুবই খারাপ। এখানকার ইউনিটটি সংশ্লিষ্ট রেজিস্টার্ড অফ কো-অপারেটিভকে জানিয়েছিল কিছু করার জন্য। রেজিস্ট্রার অফ কো-অপারেশন সঙ্গে সঙ্গে বলেছিলেন আমার কিছুই করণীয় নেই। এ ব্যাপারে আমি এখানে আগেও বলেছি। সেই বাড়ির ছাদ ভেঙে যে কোনো মুহূর্তে দুর্ঘটনা ঘটতে পারে। এ ব্যাপারে যদি সংশ্লিষ্ট মাননীয় মন্ত্রী ব্যবস্থা নেন তাহলে বেহলাবাসী উপকৃত হবে।

শ্রী রবীন্দ্রনাথ চ্যাটার্জী : মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে মাননীয় পূর্তমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। গত বন্যার ফলে কাটোয়া বর্ধমান রোড নষ্ট হয়ে যাওয়ার পর যেভাবে মেরামত হয়েছে তা খুবই নিম্ন মানের। এবং তা পুনরায় নষ্ট হয়ে গেছে। এছাড়াও কাটোয়ার সঙ্গে সংযোগকারী বিভিন্ন রাস্তারও করুণ অবস্থা। যাতে রাস্তাগুলো দ্রুততার সঙ্গে মেরামত করা হয় তার আবেদন জানাচ্ছি।

শ্রী বিপ্লব রায়চৌধুরী : স্যার, আমার নির্বাচনী এলাকার সঙ্গে দাসপুরের যোগাযোগের জন্য জসার সেতু নির্মাণের মাপজোক চলছে গত ৭-৮ বছর ধরে। আমি শুনতে পাচ্ছি নাবার্ডের লোনের জন্য এক্ষেত্রে দরখাস্ত করা হয়েছে। আগে এখানে মাননীয় চিত্ত মুখার্জী মহাশয় এম এল এ ছিলেন, এবারে তিনি পরাজিত হয়েছেন। যাইহোক, উক্ত সেতুর ব্যাপারে জেলা পরিষদের কাছে কাগজপত্র পাঠানো হয়ে গেছে এবং ইরিগেশনের কাছেও কাগজপত্র পৌঁছে গেছে। উক্ত সেতু সম্পূর্ণ হলে প্রায় পাঁচ লক্ষ মানুষ উপকৃত হবে। তাই আমি এ ব্যাপারে দৃষ্টি দেওয়ার জন্য আপনার মাধ্যমে মাননীয় সেচমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি।

শ্রী গোবিন্দচন্দ্র নস্কর : মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে মাননীয় স্বরাষ্ট্রমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। দক্ষিণ ২৪-পরগনার ভাঙড়ে আজকে প্রায় ১৫০ মানুষ ঘর ছাড়া, দে আর ওয়ান্ডারিং হোমলেস অ্যান্ড ডেসটিটিউট। তাদের ঘর-বাড়ি, ধান-চাল, সোনাদানা, হাঁস-মুরগী, সব লুঠ করে নেওয়া হয়েছে। অবিলম্বে যাতে ডালপুকুরে পুলিশ ক্যাম্প করে, পুলিশ দিয়ে সেই সব মানুষদের বাড়ি ফেরত পাঠানো হয় তার জন্য আমি আবেদন জানাচ্ছি।

শ্রী ধনঞ্জয় মোদক : স্যার, কেন্দ্রীয় সরকার ধীরে ধীরে শিক্ষায় গৈরিকীকরণ করছে। রিসেন্টলি ইউ জি সি-র মাধ্যমে তাঁরা ফতোয়া জারি করে বিশ্ববিদ্যালয়গুলোর রেজিস্ট্রারদের চিঠি দিয়ে বলছেন 'আদি শংকরাচার্য অদ্বৈত' নামে যে সি ডি রম বেরিয়েছে, যার দাম ৫০০ টাকা, সেগুলো তাদের ছাত্রদের মধ্যে বিক্রি করতে হবে, তাদের শোনাতে হবে। স্যার, এই হাউসের একটা ঐতিহ্য আছে। অবিলম্বে যাতে এ ব্যপাারে এই হাউস থেকে একটা নিন্দা প্রস্তাব নেওয়া হয় এবং রাজ্য সরকারের মাধ্যমে কেন্দ্রীয় সরকারের কাছে পাঠানো হয় তার দাবি করছি।

শ্রী কাশীনাথ মিশ্র : স্যার, বাঁকুড়াতে যে জুনিয়র হাইস্কুলগুলে আছে তাদের কোনোটার বয়স ১৬ বছর কেনোটোর বা ২৬। এই দীর্ঘদিন ধরে স্কুলগুলো চলছে। কিন্তু অনুমোদন দেওয়া হচ্ছে না।

কেঞ্জাকুড়া ব্লক (১)-র মোলবোনা বিবেকানন্দ শিক্ষা মন্দির গত ২৬ বছর ধরে চলছে। এখানকার শিক্ষকরা ভোটে অংশগ্রহণ করে, কেউ কেউ প্রিসাইডিং অফিসারও হয়েছেন এবং এই স্কুলে ভোট কেন্দ্র হয়েছে। কিন্তু এখনও পর্যন্ত অনুমোদন পায়নি।

আবার, সারদামণি বিদ্যাপীঠ ১৬ বছর ধরে চলছে। বাঁকুড়ার মেয়েরা পঞ্চম শ্রেণিতে ভর্তি হতে পারছে না, সমস্যা হচ্ছে। উক্ত বিষয় দুটো যদি মাননীয় অর্থমন্ত্রী আছেন, দয়া করে দেখেন তাহলে সেখানকার মানুষের সমস্যার সমাধান হয়।

শ্রীমতী সাবিত্রী মিত্র : মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আপনার মাধ্যমে মাননীয় বিদ্যুৎমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। মাননীয় বিদ্যুৎমন্ত্রী পার ইউনিটে তিন টাকা করে বিদ্যুতের দাম বাড়িয়ে দিয়েছেন। এটা পশ্চিমবাংলার মানুষের কাছে একটা বোঝা হয়ে দাঁড়াচ্ছে। বিশেষ করে মধ্যবিত্ত মানুষের পক্ষে এই বাড়তি টাকা দেওয়া কষ্টসাধ্য হয়ে পড়েছে। তাই এ ব্যাপারে আমি মাননীয় মন্ত্রী মহাশয়ের দৃষ্টি আকর্ষণ করছি। মালদা জেলায় ব্যাপক লোডশেডিং চলচে, সেখানে রোজ ৮ থেকে ১০ ঘণ্টা পর্যন্ত লোডশেডিং থাকে। এর ফলে মানুষের জীবনযাত্রা বেহাল অবস্থা হয়ে পড়েছে। এর মধ্যে আপনি বিদ্যুতের দাম ৩ টাকা বৃদ্ধি করেছেন। আমি মাননীয় মন্ত্রী মহাশয়ের কাছে আবেদন রাখছি যে, আপনি বিদ্যুতের দাম ৩ টাকা পার ইউনিট বৃদ্ধি করেছেন, সেটা জনগণের স্বার্থে আপনি বিবেচনা করবেন, তাহলে মানুষ উপকৃত হবেন।

(At this stage the House was adjourned till 2 pm)

[2.00—2.10 p.m.] (after recess)

DISCUSSION AND VOTING ON DEMANDS FOR GRANTS

Demand No. 32

Shri Subrata Mukherjee (1) Shri Tanmoy Mondal (2) Shri Dipak Kumar Ghosh (3) Shri Abdul Mannan (4) Shri Kashinath Misra (5)	Sir, I beg to move that the amount of the Demand be reduced to Rs. 1/-
Shri Moloy Ghatak (6) Shri Kalyan Banerjee (7-8) Dr. Asish Banerjee (9-13) Shri Ajay Dey (14) Shri Pankaj Banerjee (15) Dr. Ratna De (Nag) (16) Shri Subrata Mukherjee (17) Shri Subrata Bakshi (18-19) Smt. Sonali Guha (20-21) Shri Arup Bhadra (22) Shri Abdul Mannan (23-28) Shri Nirmal Ghosh (29) Shri Tapas Paul (30) Shri Biman Chakraborti (31) Shri Jyoti Priya Mallick (32-33) Shri Kashinath Mishra (34-55) Shri Manturam Pakhira (56-58) Shri Ardhendu Maity (59-60) Shri Tanmoy Mondal (61-64) Shri Choudhury Mohan Jatua (65) Shri Kallol Khan (66) Shri Deba Prasad Sarkar (67) Shri Sital Kumar Sardar (68) Smt. Manju Basu (69) Shri Gyan Singh Sohanpal (70) Shri Gobinda Chandra Naskar (71) Shri Tamonash Ghosh (72) Shri Pundarikakshya Saha (73) Shri Ajit Bhunia (74) Shri Abu Taher Khan (75) Shri Kamal Mukherjee (76-79)	Sir, I beg to move that the amount of the Demand be reduced by Rs. 100/-

Demand No. 33

Shri Kamal Mukherjee (1) Shri Abdul Mannan (2-3) Shri Kashinath Mishra (4-5) Shri Subrata Bakshi (6) Shri Ashok Kumar Deb (7-8) Shri Arup Bhadra (9) Shri Nirmal Ghosh (10) Shri Deba Prasad Sarkar (11) Shri Jyotipriya Mallick (12)	Sir, I beg to move that the amount of the Demand be reduced by Rs. 100/-

Demand No. 34

Shri Subrata Mukherjee (1) Shri Kashinath Misra (2)	Sir, I beg to move that the amount of the Demand be reduced to Re. 1/-
Shri Kamal Mukherjee (3) Shri Satyanarayan Bajaj (4) Shri Pankaj Banerjee (5) Shri Jyoti Priya Mallick (6) Shri Partha Chatterjee (7) Shri Subrata Bakshi (8) Shri Ashok Kumar Deb (9-10) Shri Kashinath Misra (11) Shri Tamonash Ghosh (12) Shri Abdul Mannan (13-14) Shri Nirmal Ghosh (15)	Sir, I beg to move that the amount of the Demand be reduced by Rs. 100/-

Mr. Deputy Speaker : All the Demands will be discussed Jointly.

ডাঃ রত্না দে (নাগ) : মিঃ ডেপুটি স্পীকার স্যার, মাননীয় স্বাস্থ্যমন্ত্রীর আনা বাজেটের বিরোধিতা করে এবং আমাদের জানা কাট মোশানের সমর্থনে আমি আমার বক্তব্য রাখছি।

এ কথা আজ সকালেই জেনে গিয়েছেন পশ্চিমবঙ্গের স্বাস্থ্য পরিষেবা ভেঙে পড়েছে। সাধারণ মানুষ হাসপাতালে গেলে ন্যূনতম চিকিৎসাও পাচ্ছে না। কিন্তু এর কারণ কি ? রোগ নির্ণয় না করলে রুগীর চিকিৎসা করা সম্ভব নয়। আমি আশা করেছিলাম আমাদের এবারের স্বাস্থ্যমন্ত্রী নিজে যখন একজন ডাক্তার তখন তিনি কারণের মধ্যে ঢুকে রোগ নির্ণয়ের একটা অর্থবহ ভূমিকা নেবেন। কিন্তু মাননীয় মন্ত্রী তাঁর লক্ষ্যহীন বাজেটে কোনো নতুন পথ দেখাতে ব্যর্থ হয়েছেন। তিনি বিগত ২৫ বছরের মতো রিপিট অল লিখেই ছেড়ে দিলেন। মাননীয় রাজ্যপালের ভাষণে দেখলাম এবং মাননীয় স্বাস্থ্যমন্ত্রীর ভাষণেও দেখলাম ডাক্তার এবং স্বাস্থ্য

কর্মীদের অ্যাকাউন্টেবল করার কথা বলা হয়েছে। ভাবখানা এই, ডাক্তাররা এবং স্বাস্থ্যকর্মীরা আরও বেশি অ্যাকাউন্টেবল হলেই পশ্চিমবঙ্গের স্বাস্থ্য পরিষেবা এক আদর্শ জায়গায়ে পৌঁছে যাবে। কিন্তু আমাদের সকলের এটা ভেবে দেখা দরকার যে, এই দুর্ভাগ্যজনক স্বাস্থ্য পরিষেবার কারণ কি ? আগে সরকারি হাসপাতালে যে সংখ্যক ওষুধ পাওয়া যেত তা এখন কমে কমে ৫৮টিতে এসে দাঁড়িয়েছে। অথচ নানা রকম অসুখ নিয়ে মানুষ হাসপাতালে আসতে বাধ্য হচ্ছেন। পশ্চিমবঙ্গের আর্থসামাজিক অবস্থায় শহরাঞ্চলের ৭০ ভাগ এবং গ্রামাঞ্চলের আরও বেশি মানুষ সরকারি স্বাস্থ্য পরিষেবার ওপর নির্ভরশীল। অথচ বেশির ভাগ মানুষই এই পরিষেবায় সন্তুষ্ট নয়। এখন আমাদের ভাবা দরকার কি করে স্বাস্থ্য পরিষেবার উন্নতি করা যায়।

স্যার, আমরা হাসপাতালে গিয়ে দেখি একটা বিছানায় দুজন রুগী একসঙ্গে শুয়ে আছেন। একজন মায়োকার্ডিয়াক ইনফারশন অ্যান্ড স্টোক, আর একজন অন্য রোগে আক্রান্ত। এমন কি মাটিতে কম্বল পেতে রুগীরা শুতে বাধ্য হচ্ছেন। একই বিছানায় দুজন গর্ভবতী মা শুয়ে আছেন। শীতকালে ডেরিফাইলিন ইঞ্জেকশন পাওয় যায় না তো বর্ষাকালে স্যালাইন পাওয়া যায় না। হাইপারটেনশন, ডায়েবিটিস, এপিলেপসির ওষুধ পাওয়া যায় না। এই সব অসুখের ওষুধ সরকারি সিডিউলভুক্ত নয়। ১৯৯৩ সালে বিশ্বব্যাংক উন্নয়নশীল দেশগুলির স্বাস্থ্য পরিষেবা বিশ্লেষণ করে চারটি মূল কারণ নির্দিষ্ট করেন এই দুর্ভাগ্যজনক স্বাস্থ্য পরিষেবার কারণ হিসাবে সেগুলি হচ্ছে—(1) Misallocation of funds. (2) Inequality in distribution of healthcare facilities. (3) Inefficient management of government infrastructure of different units. (4) Exploring cost of medicare. এই চারটে কারণের একটাও শোধরানোর চেষ্টা হয়েছে কি ? স্বাস্থ্যমন্ত্রীর ভাষণে তা নেই। বহুদিন ধরে রটনা হচ্ছে ডাক্তাররা গ্রামে যেতে চায় না। মাননীয় মন্ত্রী তথ্য দিয়ে বলেছেন পি. এস. সি-র মাধ্যমে নিয়োগপত্র দেওয়া কতজন ডাক্তার গ্রামে যেতে চায়নি। সব স্ট্যাটিটিক্সের মতো এই স্ট্যাটিটিক্সেও ভুল আছে। পি. এস. সি-র মাধ্যমে চাকরি পেয়ে ডাক্তাররা গ্রামে যাচ্ছে না। কিন্তু প্যারাডক্সটা হচ্ছে, গ্রামে যেতে চান যেসব ডাক্তাররা, তাঁরা পি. এস. সি-র মাধ্যমে চাকির পাচ্ছেন না। তাহলে এদেরকে কি করে পি. এস. সি-র মাধ্যমে চাকরি দিয়ে গ্রামে পাঠানো যার তার রাস্তা খুঁজে বের করা দরকার। মাননীয় মন্ত্রিমহাশয় বলেছেন চুক্তির ভিত্তিতে ডাক্তার নিয়োগ করছেন। হোয়াট বেসিস ? দিজ কনসেপ্ট কামস ফ্রম গ্লোবালাইজেশন। আমি যতদূর জানি, বর্তমান সরকার এর বিরুদ্ধে। স্বাস্থ্য পরিষেবা ক্যান ট বি অন কনট্যাক্ট বেসিস। এখন ভেবে দেখতে হবে কি করে এই স্বাস্থ্য পরিষেবার উন্নতি করা যায়। মাননীয় মন্ত্রিমহাশয় বলেছেন, বিভিন্ন অফিসারদের ট্রেনিং দেওয়া হচ্ছে। কিন্তু ট্রেনিং দিয়ে এটার প্রয়োগ করবেন কোথায় ? তারা কি শুধু দেবযানীর অভিশাপের মতো একটা বিদ্যার ভারবহ হয়ে থাকবে, পারিবে না করিতে প্রয়োগ ? আই সি সি ইউ, এনড্রোস্কোপি, ইকো-কার্ডিওগ্রাম ইত্যাদি চালু হয়েছে কি কোনো প্রজেক্ট হাসপাতালে ? যখন এগুলি চালু হবে তখন যাঁরা ট্রেনিং নিয়েছেন তাঁদের আবার ট্রেনিং নেবার সময় এসে যাবে। সরকার হিসাব নিয়ে দেখুন, বহু দামী মেশিন পড়ে আছে বাকসো-বন্দী হয়ে আর যখন এগুলি চালু হবে তখন এগুলি রিপেয়ার করার মতো অবস্থায়

থাকবে না। এখানেই আমার প্রশ্ন, তাহলে স্বাস্থ্য পরিষেবার উন্নতি কি করে করবেন ? মেডিক্যাল এডুকেশন সিস্টেমের দিকে তাকালে দেখবেন, বিগত ২৫ বছর ধরে নানারকম পরীক্ষা-নিরীক্ষা করতে গিয়ে রাজ্য সরকার শেষ করে দিয়েছেন এই শিক্ষা ব্যবস্থাকে। বিগত মন্ত্রিসভার মাননীয় স্বাস্থ্যমন্ত্রী কফিনের শেষ পেরেকটি পুঁতে দিয়ে গেছেন সরকারি ডাক্তারদের ৩ ভাগে ভাগ করে। এম বি বি এস পাশ করার পর হাউস-স্টাফশিপ আগে যেটা ছিল ম্যানডেটরি এখন সেটা উঠে গেছে। যার ফলে ছাত্র-ছাত্রীরা এম. বি. বি. এস পাশ করার পর এম. সি. কিউ নিয়ে বসে গেছে পোস্ট গ্র্যাজুয়েটে চান্স পাবার জন্য। ফলে তাদের হাতে-কলমে কাজ শেখাটা হয়ে উঠছে না। যখন এরা চিকিৎসা ক্ষেত্রে এক্সপোজ হচ্ছে নানারকম অসুবিধার সৃষ্টি হচ্ছে। এর জন্য দায়ী এরা, না মেডিক্যাল এডুকেশন সিস্টেম ? সরকার বলেছেন, ১০০ পারসেন্ট সেন্ট্রাল এইডেড ব্লাইন্ডনেস কন্ট্রোল প্রোগ্রামের সাফল্যের কথা। কিন্তু মন্ত্রিমহাশয়, আপনি কি জানেন, রেগুলার বেসিসে সরকারি হাসপাতালে এর মধ্যে কতকগুলি হয়েছে ? কেন্দ্রীয় সরকারের সঙ্গে শেয়ারে প্রাপ্ত ৫০ । ৫০ ম্যালেরিয়া কন্ট্রোল প্রোগ্রামের দিকে তাকালে দেখা যায়, সরকারি পরিসংখ্যানই বলছে ২০০০ সালে ১ লক্ষ ৪২ হাজার ৩৯৬ জন ম্যালেরিয়ায় আক্রান্ত হয়েছে। তার মধ্যে ১০৩ জন মারা গেছে। ফলে দেখা যাচ্ছে, ম্যালেরিয়া কন্ট্রোল প্রোগ্রামে ব্যর্থতা, তেমনি ব্যর্থতা হচ্ছে পোলিও নির্মূলকরণের ক্ষেত্রেও। আমি এখন মাননীয় স্বাস্থ্যমন্ত্রীর কাছে কতকগুলি সুনির্দিষ্ট প্রস্তাব দিতে চাই। এখানে একটি কথাও অপ্রাসঙ্গিক হবে বলে মনে করি না। আমার শ্রদ্ধেয় শিক্ষক, বিখ্যাত হৃদরোগ বিশেষজ্ঞ, প্রয়াত আর. এন. চ্যাটার্জি বলেছিলেন, সরকারি এবং বেসরকারি সেক্টরে যে টাকা খরচ হয় তার শতকরা ৮০ ভাগ খরচ হয় ২০ ভাগের জন্য আর ২০ ভাগ খরচ হয় ৮০ ভাগ মানুষের জন্য। ৭০১ কোটি টাকার স্টেট হেলথ সিস্টেম ডেভেলপমেন্ট প্রোজেক্ট (২), ২৫শে জুন, ১৯৯৬ সালের ৫ বছরের জন্য ২১৪টি হাসপাতাল কভার করার প্রোজেক্ট নেওয়া হয়েছিল। সেই ৫ বছর শেষ হয়ে গেছে। মন্ত্রিমহাশয় কি জানেন, এর মধ্যে কোনো প্রোজেক্ট হাসপাতালের সিভিল কনস্ট্রাকশনের কাজ শেষ হয়েছে কিনা ? একটি হাসপাতালে ও.টি. ১৫ মাস ধরে বন্ধ, কোনো অপারেশন হচ্ছে না। কেউ বলতে পারছে না সেই হাসপাতালে ও.টি কবে খুলবে এবং অপারেশন কবে শুরু হবে ? আমি স্বাস্থ্য নিয়ে রাজনীতি করতে চাই না। আমি আশা করি, সরকার এবং সরকারি দলও স্বাস্থ্য পরিষেবা নিয়ে রাজনীতি করবে না। ভালো কাজের জন্য যেমন পুরস্কার আছে, তেমনি খারাপ কাজের জন্য তিরস্কার দেবার সময়ে সে কোন সংগঠনের সদস্য সেটা না দেখে তার কার্যক্ষমতাটাই বিবেচনা করা উচিত। আমি ২৫ বছরের অভিজ্ঞতাসম্পন্ন হিসাবে সহযোগিতার হাত বাড়িয়ে দিলাম। তারা সেটা গ্রহণ করবেন, কি করবেন না সেটা তাদেরই ইচ্ছা।

শ্রী প্রভীনকুমার সাউ : মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, মাননীয় স্বাস্থ্যমন্ত্রী ডাঃ সূর্যকান্ত মিশ্র স্বাস্থ্য বাজেটে যা বরাদ্দ করেছেন তাকে পূর্ণ সমর্থন জানিয়ে আমি আমার বক্তব্য রাখছি। ডাঃ দের ভাষণ আমি শুনলাম। উনি ডাক্তার হিসাবে ঠিকই বক্তব্য রেখেছেন, কিছু কিছু কম-বেশি হয়েছে। আমি স্যার, আপনার মাধ্যমে এই হাউসকে বিশেষ করে আমাদের বিরোধীপক্ষের যাঁরা সদস্য আছেন তাঁদের কাছে আমি নিবেদন করতে চাই।

[2.10—2.20 p.m.]

এদের মনে করিয়ে দিতে চাই যে আলমাআটা শহরে হু একটা ডিক্লিয়ারেশন দিয়েছিল ২৫ বছর আগে যে হেল্‌থ ফর অল বাই টু থাউজেন্ট এ. ডি.। তার মানে সকলের জন্য স্বাস্থ্য দু হাজার সালের মধ্যে। আমাদের দেশ তার একজন সদস্য এবং তাই আমরাও এই অঙ্গীকার করেছিলাম। আমাদের দেশেও একটা টার্গেট রাখা হয়েছিল। স্যার, একটা দেশের স্বাস্থ্য কি ধরনের অবস্থায় আছে এবং কতটা উন্নতি করেছে তা দেখার জন্য কিছু প্যারামিটার আছে। যেমন বার্থ রেট, ডেথ রেট, ইনফ্যান্ট মর্টালিটি রেট ইত্যাদি। দু হাজার সালে যে ইনভেস্টিগেট করা হল এবং দেখা হল কোথায় কি পজিশন আছে তাতে আমাদের দেশের বিভিন্ন রাজ্যের সঙ্গে আমাদের রাজ্যের অবস্থাটা তুলনা করলেই বোঝা যাবে যে আমাদের পজিশনটা কি রকম। এক্ষেত্রে কেরালা হচ্ছে নাম্বার ওয়ান স্থানে। আমাদের অবস্থান এক থেকে চার অবধি। যে কোনো প্যারামিটার দেখলেই দেখবেন আমরা কোন জায়গায় হয়ত দ্বিতীয় স্থানে আছি, কোন জায়গায় হয়ত তৃতীয় স্থানে আছি, কোন জায়গায় হয়ত চতুর্থ স্থানে আছি। আলমাআটাতে একথা বলা হয়েছিল যে, শুধু রোগ না থাকলেই একজনকে সুস্থ বলা যায় না, সেখানে সুস্থ বলতে ফিজিক্যাল এবং মেন্টাল দুটি ক্ষেত্রেই সুস্থ থাকা দরকার। সেখানে বলা হয়েছিল যে স্বাস্থ্যের জন্য কিছু পূর্ব শর্ত আছে। সেগুলি হচ্ছে, সুষম খাদ্য, পানীয় জল, লেস পলিউটেড অ্যাটমোসফেয়ার, শিক্ষা, সামাজিক, ন্যায় এবং অন্যান্য ব্যাপার। আজকে কেরালা এবং এক নং স্থানে কেন ? কেরালা এক নং স্থানে এইজন্য যে সেখানে শিক্ষার হার হচ্ছে সবচেয়ে বেশি, বিশেষ করে নারী শিক্ষা। সামাজিক ন্যায় সেখানে অনেক ভালো। মেল চাইল্ড এবাং ফিমেল চাইল্ডের মধ্যে ফারাক সেখানে সবচেয়ে কম। সেখানে যেসব পূর্ব শর্ত ছিল গত ২৫ বছর ধরে পশ্চিমবাংলায় বামফ্রন্ট সরকার তার দিকে বেশি নজর দিয়ে চলেছেন বলেই আজকে আমাদের রাজ্য স্বাস্থ্যের ব্যাপারে এগিয়ে আছে। এক্ষেত্রে যে প্যারামিটারগুলি আছে মাননীয় স্বাস্থ্যমন্ত্রী মহাশয় সঠিকভাবে উপলব্ধি করায় তার বাজেট স্পিচের মধ্যে সেগুলি উল্লেখ করেছেন। ফ্যামিলি প্ল্যানিংয়ের ব্যাপারে দুর্ভাগ্যের সঙ্গে বলতে হচ্ছে আমাদের দেশে '৫১ সাল থেকে ফ্যামিলি প্ল্যানিংয়ের ব্যাপারে প্রোগ্রাম নেওয়া সত্ত্বেও আজকে ৫০ বছর অতিক্রান্ত হবার পর দেখা যাচ্ছে ফ্যামিলি প্ল্যানিংয়ে আমরা সেরকম ভালো জায়গায় পৌঁছতে পারিনি। আমাদের পশ্চিমবাংলায় বার্থ রেট হচ্ছে ২০.৭ পারসেন্ট, এক্ষেত্রে অল ইন্ডিয়া ফিগার হচ্ছে ২৬.১ পারসেন্ট। ফ্যামিলি প্ল্যানিংয়ে আমরা যে এতো উন্নতি করেছি তার কারণ হচ্ছে কোনোদিন কোনো প্রোগ্রাম আমরা উপর থেকে চাপিয়ে দিই না। আমরা জানি, উপর থেকে জোর করে চাপিয়ে দিলে প্রোগ্রামগুলি ভালো করা যায় না। কেন্দ্রীয় সরকার কিন্তু গত ৫০ বছর ধরে তাই করে এসেছেন, তারা উপর থেকে প্রোগ্রামগুলি চাপিয়ে দিতে চেয়েছেন। আমরা জানি যে কোনো প্রোগ্রাম সফল করতে গেলে দুটি জিনিস লাগে—টপ ডাউন, বটম আপ। সরকারের তরফ থেকে পরিষেবা দেওয়া হল কিন্তু যারা টার্গেট, যারা অর্গান, যারা সেবাটা নেবেন তারা যদি সচেতন না হন, ইচ্ছুক না হন তাহলে সেটা সফলভাবে করা যায় না। তাই সরকারের তরফ থেকে ফ্যামিলি প্ল্যানিং-এর প্রোগ্রাম নেওয়া সত্ত্বেও মহিলারা যদি সচেতন না হন তাহলে ফ্যামিলি প্ল্যানিং কি করে সাকসেসফুল

হবে। এমনকি, সঞ্জয় গান্ধী ইর্মাজেন্সির সময় ফ্যমিলি প্ল্যানিং চাপাবার চেষ্টা করেছিলেন। কিন্তু তার ফল কি হয়েছিল সেটা সবার জানা আছে। বার্থ রেট সম্পর্কে আমি বলছি, মহিলারা যদি এক্ষেত্রে সচেতন না হন, তাদের বয়স যদি বিয়ের সময় ১৮ বছর না হয়, বাচ্চা হবার সময় যদি তারা সুস্থ না থাকেন, তাহলে শিশু কি করে সুস্থ হবে ? তার ফলে ইনফেন্ট মর্টালিটি রেটটা বেড়ে যাবে। এখানে মাননীয়া সদস্যা ডাঃ দে কয়েকটি পয়েন্ট রেইজ করেছেন। তিনি বলেছেন, আমাদের হাসাপাতালগুলিতে এনড্রোসস্কোপি ইত্যাদি নেই। আমরা বিভিন্ন সময় দেখেছি, সৌগতবাবু বলেছেন, সমস্ত হসপিটালে সি টি স্ক্যান মেশিন বসিয়ে দিন। আমি বলতে চাই, আমাদের হেল্‌থ বাজেটে রয়েছে ১,৬২৪ কোটি টাকা। তার মধ্যে প্ল্যান বাজেট হচ্ছে মাত্র ৪২৭ কোটি টাকা। এবং ওয়ার্ল্ড ব্যাংক প্রোজেক্টে ৭০১ কোটি টাকার কাজ চলছে। এ বছরের জন্য সেটা নির্ধারিত হয়েছে ২৯০ কোটি টাকা। মাননীয় মন্ত্রী মহাশয়ও হয়তো স্বীকার করবেন যে, ঐ প্রোজেক্টের কাজ আমরা আগামী পাঁচ বছরের মধ্যে কমপ্লিট করতে পারব না। তার জন্য তার মেয়াদ একটু বাড়ানো হচ্ছে। ওয়ার্ল্ড ব্যাংক প্রোজেক্ট বাদ দিলে অন্যান্য ক্ষেত্রে মাত্র ১৩০ কোটি টাকা থাকছে। এই ১৩০ কোটি টাকায় এতবড় ইনফ্রাস্ট্রাকচার কি করে ডেভেলপ করা যাবে সেদিকে মাননীয় স্বাস্থ্যমন্ত্রী নজর দিয়েছেন। ওনার স্পিচের লাস্টের দিকে বলেছেন, আমরা চিকিৎসা ব্যবস্থার উন্নতি করবার চেষ্টা করব, কেন না আমরা প্রাথমিক স্বাস্থ্যের দিকে অনেকটা এগিয়ে এসেছি, এবারে চিকিৎসা সরবরাহ করবার জন্য সচেষ্ট হব। মাননীয় স্বাস্থ্যমন্ত্রী তারপর বলেছেন, আমরা মেডিক্যাল এডুকেশন উন্নত করবার চেষ্টা করছি। তিনি হেল্‌থ সার্ভিসে ডাক্তার নিয়োগ করবার কথা বলেছেন। এখানে আলোচনা করবার সময় ডাঃ দে কনট্রাক্ট সার্ভিসের কথা বলছিলেন, প্রাইমারি হেল্‌থ সেন্টারের কথা বলছিলেন। পি. এস. সি.-র নিয়োগের যে পদ্ধতি সেই পদ্ধতিতে কমপক্ষে দুই থেকে তিন বছর লাগে ডাক্তার নিয়োগ করতে। সেখানে অ্যাডভার্টাইজমেন্ট করতে হয়, জয়েন করার জন্য সময় দিতে হয়। এসব ব্যাপারগুলো সেখানে আছে এবং এসব প্রসেস করতে অনেক সময় লাগে। আমরা জানি, অনেক হেল্‌থ সেন্টারে ডাক্তার নেই। আমরা বিভিন্ন সময় হেল্‌থ কমিটির পক্ষ থেকে বিভিন্ন রাজ্যে গিয়েছি। গুজরাটে গিয়ে আমরা একটা নতুন জিনিস লক্ষ করলাম, সেখানে ডাক্তার যাঁরা রয়েছেন তাঁরা গ্রামে হেল্‌থ সেন্টারে গিয়ে থাকেন না। তার জন্য ওরা একটা পদ্ধতি করেছে, ওয়াক-ইন-ইন্টারভিউর ব্যবস্থা করেছেন। যে কোনো একটা নির্দিষ্ট দিনে একজন ডেপুটি ডাইরেক্টর একটি নির্দিষ্ট সেন্টারে থাকবেন বলে পেপারে অ্যাডভার্টাইজমেন্ট করেন। তাতে গুজরাট এবং গুজরাটের বাইরে থেকে গিয়েও ইন্টারভিউ দেওয়া যেতে পারে। সেখান থেকে সঙ্গে সঙ্গে ওয়ান-টাইম অ্যাপয়েন্টমেন্ট দিয়ে দেওয়া হয়। সেখানে আমরা নিশ্চয়ই পশ্চিমবঙ্গে ডাক্তার যাঁরা রয়েছেন তাঁদের প্রেফারেন্স দেব।

[2.20—2.30 p.m.]

কিন্তু আমরা এটা চাই ডাক্তার ছাড়া হেল্‌থ সেন্টার কোনো জায়গাতে না থাকে। সর্বশেষ আমি যে কথা বলতে চাই তা হল যে, আলোচনা করা যেতে পারে, পলিসি সরকারের তরফ

থেকে নেওয়া হয়, আমরা তাকে সমর্থন করি, বিরোধীরা বিরোধিতা করেন। আমার যেটা নিবেদন, বিরোধিতা করার সময় তাঁরা যেন কন্সট্রাকটিভ বিরোধিতা করেন। স্বাস্থ্য হচ্ছে ডেলিকেট সাবজেক্ট, একে নিয়ে অন্যান্য বাজেটের মতো বলা যেতে পারে না। আমাদের সীমাবদ্ধতা আছে, টাকার অভাব আছে, তারপর উদারীকরণ হচ্ছে। এটা আমাদের পক্ষে মেনটেন করা দূরূহ হয়ে পড়ছে। তথাপিও মাননীয় স্বাস্থ্যমন্ত্রী খুব ভালো পদক্ষেপ নিচ্ছেন। তাই আমি এই বাজেটকে সমর্থন করে আমি আমার বক্তব্য শেষ করছি।

শ্রী রবীন্দ্রনাথ চ্যাটার্জী : মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, মাননীয় স্বাস্থ্যমন্ত্রী ৩২, ৩৩, ৩৪ নম্বর দাবি মতে যে বাজেট বরাদ্দ পেশ করেছেন আমি তার বিরোধিতা করছি এবং কংগ্রেস সহ অন্যান্য বিরোধীদের আনা কাট মোশানগুলির সমর্থনে কিছু বক্তব্য রাখছি। স্বাস্থ্যমন্ত্রী স্বাস্থ্য পরিষেবার ক্ষেত্রে দুটি গুরুত্বপূর্ণ দিকের কথা বিশেষ করে উল্লেখ করেছেন। প্রথম হচ্ছে রোগ প্রতিরোধ এবং দ্বিতীয় হচ্ছে রোগ নিরাময়। রোগ প্রতিরোধের ক্ষেত্রে আমরা দেখেছি রাজ্য সরকার চরম ব্যর্থ। ২ বছরের হিসাব দিয়ে দেখিয়েছেন যে ম্যালেরিয়া রোগে কতজন লোক মারা গিয়েছে। তিনি ব্যাখ্যা করে বলেন নি ম্যালেরিয়া রোগ সম্পূর্ণ নির্মূল হয়ে যাওয়ার পরও আবার কি করে ফিরে এল। কাদের ব্যর্থতায় নতুন করে আবার ম্যালেরিয়া ফিলে এল ? উনি এখানে যক্ষ্মা নিবারণের কথা বলেছেন। পশ্চিমবাংলায় যক্ষ্মা রোগ মারাত্মক আকার ধারণ করেছে। এই রোগে আক্রান্তের সংখ্যা দিনের পর দিন বেড়ে যাচ্ছে। এখানে গড়ে প্রতিদিন একজন করে মানুষ এই রোগে মারা যায়। বিশ্ব ব্যাংকের সহায়তায় ভারতবর্ষের বেশ কিছু রাজ্যে যক্ষ্মা নিবারণের প্রকল্প কার্যক্রম নেওয়া হয়েছে। আমাদের এই রাজ্যে কয়েকটি জেলায় শুরুই হয়নি। সেখানে উনি বলছেন যে এই কার্যক্রম সফল হয়েছে। যক্ষ্মা রোগের ব্যাপারে উনি ডাক্তার, উনি ভালো করে জানেন যক্ষ্মা রোগের ওষুধ এবং পথ্য দুটি সমান গুরুত্বপূর্ণ। সময়মতো পথ্য না পেলে বা ওষুধ না পেলে পরবর্তীকালে রোগীকে ভালো করে তোলা যায় না। সেই জায়গায় ওষুধ সরবরাহের ব্যাপারটা রোগ প্রতিরোধের ক্ষেত্রটা নির্ভর করে। এখনও পর্যন্ত যক্ষ্মা রোগের ওষুধ ঠিকভাবে সরবরাহ করা হয় না। বিশ্ব ব্যাংকের সহায়তায় যে পরিকল্পনা ঘোষণা করা হয়েছে, তাতে বলা হয়েছে যক্ষ্মা রোগীদের পথ্য এবং ওষুধ খাওয়ানোর জন্য স্বাস্থ্য কর্মী নিয়োগ করার কথা। কিন্তু এই স্বাস্থ্যকর্মী কিভাবে নিয়োগ করা হবে তার বিস্তারিত ব্যাখ্যা নেই। এখানে মন্ত্রী মহাশয় বলেছেন যে ২০০ পরিবার পিছু একজন করে স্বাস্থ্যকর্মী নিয়োগ করা হবে। কিন্তু যক্ষ্মা যেভাবে বেড়ে যাচ্ছে তাতে আগামী দিনে আরো ভয়াবহ আকার ধারণ করবে। কুষ্ঠর ক্ষেত্রে আমরা দেখেছি, কুষ্ঠ নিবারণের জন্য যে প্রকল্প গ্রহণ করা হয়েছিল তাতে ভারতবর্ষের অন্যান্য রাজ্যের তুলনায় পশ্চিমবাংলা অনেক পরে শুরু করেছে। কুষ্ঠ রোগ নিরাময়ের ক্ষেত্রে ব্যর্থ হয়েছেন। পালস পোলিও-র ব্যাপারে পশ্চিমবঙ্গ সরকার টিকাকরণের ক্ষেত্রে সম্পূর্ণ সফলতা লাভ করেনি। সংখ্যা তথ্যের হিসাবে দেখানো হচ্ছে ১১০-১১২ পারসেন্ট। আপনি ডাক্তার মানুষ আপনি নিশ্চয়ই জানেন একজন রোগী যদি থাকে তাহলে তার দ্বারা সংক্রামিত হয়ে এই রোগ ব্যাপক আকার ধারণ করবে। বাস্তব দিক দিয়ে চিন্তা করা হয়নি বলে পালস পোলিও টিকাকরণ ঠিকভাবে হয়নি বলে এই রোগ নির্মূল করা যায়নি। আপনার রোগ প্রতিরোধের

যে বক্তব্য তা অনেকটাই সফল হয়নি। তার সঙ্গে সঙ্গে আপনার বাজেট বক্তৃতায় আমরা দেখতে পাচ্ছি, এখানে যা বলা হয়েছে, তাতে আগামী দিনগুলিতে হেল্‌থ সেন্টার এবং সাব-হেল্‌থ সেন্টার তৈরির ক্ষেত্রে ইচ্ছার অভাব আছে। আপনার যে স্টেটমেন্ট, তাতে আমরা দেখছি, ১৯৯৪-৯৫ সালে হেল্‌থ সেন্টারগুলিতে যেখানে বেডের সংখ্যা ছিল ১২,৪৮৬টি, সেখানে ১৯৯৯-২০০০ সালে তা কমে দাঁড়িয়েছে ১২,৩১৯টিতে। অর্থাৎ বাড়েনি, বেডের সংখ্যা কমে গেছে। সাব-হেল্‌থ সেন্টারগুলিতে পশ্চিমবঙ্গে ১৯৯৪-৯৫ সালে বেডের সংখ্যা ছিল ৮,১২৬টি, ১৯৯৯-২০০০ সালে সংখ্যাটি ঐ একই ছিল। অর্থাৎ হেল্‌থ সেন্টারের বেড কমে গেল এবং সাব-হেল্‌থ সেন্টারে বেড বাড়ল না। হেল্‌থ সেন্টার এবং সাব-হেল্‌থ সেন্টারগুলিতে আপনাদের বেড তৈরির ক্ষেত্রে একটা অনীহা আছে। মহকুমা হাসপাতালগুলিতে আজকে কি হচ্ছে ? আপনাদের বহু ঘোষিত স্বাস্থ্য উন্নয়ন ব্যবস্থা—২,৭০১ কোটি টাকার প্রোজেক্ট। যার মধ্যে গত ৫ বছরে মাত্র তিনশো কোটি টাকা খরচ করেছেন, চারশো কোটি টাকা খরচ করতে পারেননি। আমি এই প্রসঙ্গে কাটোয়া মহকুমা হাসপাতালের উদাহরণ দিচ্ছি। আপনাদের স্বাস্থ্য কেন্দ্রগুলিতে বেড কমছে, উপ-স্বাস্থ্যকেন্দ্র বাড়ছে না। আর ওয়ার্ল্ড ব্যাংক প্রোজেক্টের মাধ্যমে ২ কোটি টাকা ১৯ লক্ষ টাকা খরচ করা হবে বলে ঠিক হয়েছে এবং এর ফলে গ্রামের মানুষের স্বাস্থ্যকেন্দ্রে চিকিৎসার সুযোগ-সুবিধা বাড়বে বলে বলছেন। কিন্তু আমরা কি দেখছি, মানুষের চিকিৎসা পরিষেবার সুযোগ কমে যাচ্ছে। উপস্বাস্থ্য কেন্দ্রে চিকিৎসার সুযোগ কমে যাচ্ছে। এমনকি সেখানে বেডও বাড়ছে না। বিশ্ব ব্যাংকের যে টাকা খরচ করছেন, তার দ্বারা একটি বেডও বাড়ছে না। এখানে মাননীয়া সদস্য ডাঃ রত্না দে একটু আগে বলেছেন, এই টাকা দিয়ে কিছু দামি দামি যন্ত্র কেনা হয়েছে। স্বাস্থ্য পরিকাঠামোর উন্নতির জন্য, সুষ্ঠুভাবে পরিচালনা করবার মতো বক্তব্য রাখা হয়েছে, কিন্তু বক্তব্যের মধ্যে একটা গ্যাপ রয়েছে। আমি মনে করি, এটা একটা ষড়যন্ত্র। তার কারণ, যে সমস্ত যন্ত্রগুলি কিনে হাসপাতালে পাঠিয়েছেন, সেগুলি ব্যবহারের অযোগ্য। যন্ত্রগুলি এক -দু বছর পরে যখন পাঠাবেন তখন বলবেন, এগুলো পুরনো, চলবে না। কিন্তু আপনি যদি তদন্ত করে দেখেন তাহলে দেখবেন, পাঠানোর দিন থেকেই সেগুলো অকেজো হয়ে আছে। টাকাগুলো সম্পূর্ণ আত্মসাৎ করা হচ্ছে। যার ফলে যন্ত্রগুলো অব্যবহৃত হচ্ছে। আপনি স্বাস্থ্যমন্ত্রী হবার পর আমি আশা করি, এটা আপনি তদন্ত করে দেখবেন। তা না হলে আপনার এই যে চেষ্টা, এটা ফলপ্রসূ হবে না। সেই সাথে সাথে আমি আশা করব, আরও চারশো কোটি টাকা যা খরচ করতে বাকি আছে—বিশ্ব ব্যাংক আপনাদের টাইম বাড়িয়েছে দেড় বছর—এই সময়ের মধ্যে সুষ্ঠুভাবে পরিকল্পিতভাবে খরচ করবেন। কেননা, কোনো পরিকল্পনা ছাড়া যদি খরচ করতে হবে বলে খরচ করেন, তাহলে কিন্তু উন্নতি হবে না এবং স্বাস্থ্য পরিষেবা ঠিকমতো সম্পন্ন হবে না। আপনি স্বাস্থ্য পরিষেবার জন্য অনুদানের কথা বলেছেন। ৭৩তম এবং ৭৪তম সংবিধান সংশোধনের পর সরকার তার বাজেটের একটা অর্থ জেলা পরিষদগুলির মাধ্যমে তাদের বিভিন্ন পরিকল্পিত বিভাগের মাধ্যমে স্বয়ংসম্পূর্ণ প্রতিষ্ঠান করতে চেয়েছিল, যাতে মানুষের স্বাস্থ্য নিরাময়ের ক্ষেত্রে তারা একটা ভূমিকা গ্রহণ করতে পারে। কিন্তু আমি জোরের সঙ্গে বলছি, কোনো পৌরসভার ক্ষেত্রে স্বাস্থ্য দপ্তর টাকা বরাদ্দ করেনি। দুর্ভাগ্যের বিষয়, পৌরসভাগুলি এই ব্যাপারে টাকা বরাদ্দ করে না। তাদের একমাত্র

আই পি পি-৮ ছাড়া অন্য কোনো পরিষেবার ব্যবস্থা নেওয়া হয়নি। সারা রাজ্যে ৮০টি পৌরসভা আছে, সেখানে তাদের কোনো স্বাস্থ্য পরিকাঠামা নেই। স্বাস্থ্য দপ্তর এবং পৌর দপ্তর কোনো লক্ষ্য না রাখার ফলে পৌর এলাকাগুলিতে এক চরম অব্যবস্থা দেখা দিয়েছে। আমার পূর্ববর্তী বক্তা জন্ম-মৃত্যুর হার নিয়ে বোঝাতে চাইছিলেন, আমাদের স্বাস্থ্য ব্যবস্থা নাকি খুব ভালো। কিন্তু তাঁর বক্তব্য থেকে আবার বেরিয়ে এসেছে যে, মায়েরা যদি সচেতন না হন, তাহলে এটা কিছুতেই কার্যকরী হয় না। জন্মহারের ব্যাপারে আমি বলব যে, পশ্চিমবঙ্গের স্বাস্থ্য দপ্তরের এতে কোনো কৃতিত্ব নেই।

[2.30—2.40 p.m.]

অর্থনৈতিক দুরবস্থা মানুষকে বাধ্য করেছে জন্মের হার কমাতে আর সেটাই আজকে বাস্তব চিত্রে প্রতিফলিত হয়েছে। এই সম্পর্কে আপনার দপ্তরকে আরও সচেতন হয়ে কাজ করতে হবে। মাননীয় মন্ত্রী এর আগেও অনেক সময়ে বলেছেন যে, স্বাস্থ্যকেন্দ্রগুলোতে ডাক্তার পাঠাতে চান কিন্তু ডাক্তাররা যেতে চাইছে না। আমার কাছে একটা তথ্য আছে গয়েশপুর সাব-হেল্‌থ সেন্টারে ফার্মাসিস্ট দ্বারা পরিচালিত। নদীয়া জেলার গয়েশপুরে ১৯৯৬ সালের ২রা ফেব্রুয়ারি একজন হোমিওপ্যাথিক ডাক্তারকে সেখানে পাঠানো হল। ওখানে পোস্টিং হল ২.২.৯৬ তারিখে। ডাঃ মহেশ ভট্টাচার্যকে সেখানে পাঠানো হল। আর ৭.২.৯৬ তারিখে ওখানকার সি এম ও এইচ তাঁকে রিলিজ করে দিলেন। তাঁকে ডেপুটেশান ভ্যাকেন্সিতে পাঠিয়ে দেওয়া হল হাওড়ায়। সুতরাং হোমিওপ্যাথিক ডাক্তার নেই বলে একজন হোমিওপ্যাথিক ডাক্তার পাঠানো হল, তিনি জয়েন করতে গেলেন, তাঁকে জয়েন করতে না দিয়ে হাওড়ায় পাঠিয়ে দেওয়া হল। কাজেই হেল্‌থ সেন্টার যেভাবে অবহেলিত হচ্ছে তার জন্য আপনার দৃষ্টি আকর্ষণ করছি। সেখানে এই পরিস্থিতি যদি দূর না করা যায় এবং শুধুমাত্র ডাক্তাররা যেতে চাইছে না এই অজুহাত দেখিয়ে স্বাস্থ্য ব্যবস্থার উন্নতি করা যাবে না। আপনাকে আরো বেশি করে এই বিষয়ে চিন্তা-ভাবনা করতে হবে। আজকে স্বাস্থ্য পরিষেবা খারাপ হওয়ার জন্য বহু মানুষ অন্য রাজ্যে চিকিৎসার জন্য চলে যাচ্ছে। এক সময়ে স্বাস্থ্য ব্যবস্থা বিশেষ স্থান অধিকার করেছিল। লোকে অন্য রাজ্য থেকে এখানে আসত চিকিৎসা করার জন্য। এই সম্পর্কে আপনাদের চিন্তা করা দরকার। আমরা জানি যে পশ্চিমবঙ্গে বহু বহু ভালো ডাক্তার আছে, তারা চিকিৎসা করতে পারেন কিন্তু চিকিৎসা ব্যবস্থার দ্রুত উন্নততর করতে গেলে দামি দামি যন্ত্রপাতি আনতে হবে। অন্যান্য রাজ্য যেসব যন্ত্রপাতি কিনে চিকিৎসার ব্যবস্থা করেন কিন্তু সেখানে আমাদের রাজ্য সেসব যন্ত্রপাতি কিনতে পাচ্ছে না। যেখানে পশ্চিমবঙ্গ চিকিৎসা ব্যবস্থায় যথেষ্ট উন্নতি করতে পারত সেখানে আমাদের রাজ্য অনেক পিছিয়ে আছে। ফলে এই রাজ্য থেকে অন্য রাজ্যে লোকদের অর্থ ব্যয় করে চিকিৎসার জন্য যেতে বাধ্য হচ্ছে। আমাদের রাজ্যে আরো উন্নততর যন্ত্রপাতি কিনতে হবে এবং তাকে প্রয়োগ করার জন্য ব্যবস্থাও নিতে হবে। সেই অনুরোধ আমি আপনার কাছে রাখছি। তার সঙ্গে সঙ্গে আরেকটা কথা বলতে চাই ব্ল্যাড ব্যাংকের ব্যাপারে, আপনি ব্ল্যাড ব্যাংকে পুরনো পদ্ধতি বদলে নতুন পদ্ধতি এনেছেন এবং যেভাবে ব্ল্যাড ব্যাংকের উন্নয়নের

কথা বলেছেন তাতে আপনি ওখানে এয়ার কন্ডিশনের ব্যবস্থা করেছেন। এমনি এয়ার কন্ডিশনের ব্যবস্থা করেছেন যে সরকারী পরিচালিত...........

(এই সময়ে মাইক অফ হয়ে যায় অন্য সদস্যর নাম ডাকা হয়।)

শ্রী রবীন্দ্র ঘোষ : মাননীয় চেয়ারম্যান স্যার, মাননীয় স্বাস্থ্যমন্ত্রী ডাঃ সূর্যকান্ত মিশ্র এবং রাষ্ট্রমন্ত্রী প্রত্যুষ মুখার্জী যে ব্যয়বরাদ্দের দাবি পেশ করেছেন আমি তাকে পূর্ণ সমর্থন করছি। আমি সকলের কাছে এই কথা বলতে চাই যে, ২৫ বছর আগেও আপনারা মোটামুটি সবাই ছিলেন এবং স্বীকারও নিশ্চয় করবেন যে, অতীতে হসপিটালগুলো কিরকম অবস্থায় ছিল এবং তার জন্য অর্থনৈতিক দিক থেকে চিন্তা-ভাবনাও ছিল না। ১৯৭২ সালে অর্থাৎ সেই পিরিয়ডে অ্যাসেমব্লীর স্টাফেরা বলত রোজ আপনি উলুবেড়িয়া হাসপাতাল, উলুবেড়িয়া হাসপাতাল বলে তার সমস্যার কথা সব সময় তুলে ধরেন কেন। এর ফলে মাঝে মাঝে বলতে আমারও লজ্জাও লাগত রোজ রোজ বলতে হতে বলে। আজকে সেই জায়গায় হাসপাতালের মান অনেক বেড়েছে। স্বাস্থ্যের মান অনেক বেড়েছে, '৭৭ সালের আগে যা ছিল সেই তুলনায় অনেক ভালো হয়েছে। আমি আগে আমার এলাকার কথা বলি, তারপরে সারা পশ্চিমবাংলার কথা বলব। আগে আমাদের ওখানে ১৫৯টি বেড ছিল, এখন সেটা হয়েছে ৩১০ ; পেয়িং বেড চালু হয়েছে—৮ টাকা করে পার বেড। যে এক্স-রে মেশিন ছিল তা প্রতি মাসে চারবার করে খারাপ হত সেখানে আজকে গরিব মানুষেরা ফটো তোলার জন্য এক্স-রে মেশিনের সুযোগ পাচ্ছে, পেটের ফটো তোলার জন্য বেরিয়ামের ব্যবস্থা করা হয়েছে। পেটের ফটো তোলার জন্য আলট্রা সোনোগ্রাফি মেশিনের ব্যবস্থা করা হয়েছে। গ্রামেতে চোখ অপারেশন করার ব্যবস্থা ছিল না, আজকে উলুবেড়িয়া হাসপাতালে মাইক্রোসার্জারি ব্যবস্থায় অপারেশন হচ্ছে। আগে একটা রোগীর অপারেশন হলে কলকাতার মেডিকেল কলেজের ব্লাড ব্যাংক থেকে ব্লাড কিনে নিয়ে যেতে গেলে রোগী মারা যেত। আজকে উলুবেড়িয়া হাসপাতালে ব্লাড চালু হয়েছে। এইসব কিছুর উন্নতি হয়েছে। এটা অস্বীকার করা উচিত নয়। অন্যান্য জেলাতেও এইসব ব্যবস্থা চালু হয়েছে। মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আজকে আমি বলছি, মাননীয় বিরোধী সদস্যারা নিশ্চয় স্বীকার করবেন গ্যাট চুক্তি কারা করেছিলেন, কারা হাসপাতালের ওষুধের তালিকা দিয়েছিলেন যে এই ওষুধগুলি থাকবে, এই ওষুই ছাড়া হাসপাতালে অন্য কোনো ওষুধ ব্যবহার করা যাবে না। বিরোধী দলের সদস্যদের বলব, সেই ওষুধগুলির কত দাম, সেই ওষুধ সব সময় থাকে না। উলুবেড়িয়া হাসপাতালে যে স্ট্রেন্থ থাকার কথা ৩১০টি বেডের হিসাবে, সেখানে প্রায় ৬ শত রোগী ভর্তি থাকে, কিন্তু সেই স্ট্রেন্থ-এর অভাব। ন্যাশানাল হাইওয়ের অ্যাকসিডেন্ট, রেল অ্যাকসিডেন্ট, মেদিনীপুর, বাঁকুড়া, পুরুলিয়া, হাওড়া জেলার সর্বত্র অ্যাকসিডেন্টই বেশি ভর্তি হয়। হাসাপাতালের যে মর্গ সেটা নরককুন্ড ছিল, সেটাকে এসি করা হয়েছে। কিন্তু ওষুধের দাম নিয়ে বলছি, যে সমস্ত ওষুধগুলি আমাদের দেশে আট আনা, দুই টাকা, পাঁচ টাকায় রোগীরা কিনতে পারত, আজকে সেই ওষুধের দম কত হারে বেড়েছে। এটা নিশ্চয় বিরোধীরা তারা অনুভব করবেন। উন্নতি হয়েছে ঠিকই, কিন্তু যে হারে রোগীর সংখ্যা বাড়ছে, সেই হারে স্টাফ ডাক্তারের স্ট্রেন্থ আরও

বাড়ানোর প্রয়োজন আছে। এইটা মাননীয় মন্ত্রী নিশ্চয় স্বীকার করবেন। স্যার, হাসপাতালে ২০/২৫ বছর ধরে যে সমস্ত স্টাফরা রয়েছে, নার্সরা রয়েছে, তারা কিন্তু সেখানে বাস্তু ঘুঘুর বাসায় পরিণত হয়েছে। তারা ডাক্তারবাবুকে মানেন না। মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, নার্সরা যারা আছেন তাঁদের ব্যাপারে একটা আইন করতে বলব, স্টাফ নার্সরা মিনিমাম ৩/৪ বছরের বেশি এক হাসপাতালে যেন না থাকে, চার বছর পরে তাদের অন্যত্র যাতে ট্রান্সফার করা হয়, কারণ বেশিদিন এই স্টাফরা এক জায়াগয় থাকলে রোগীদের প্রতি খারাপ ব্যবহার করে।

[2.40—2.50 p.m.]

এমনকি তারা ডাক্তারবাবুদের কথা শোনে না, নানা রকম কটূক্তি করে। তাই আমি মাননীয় মন্ত্রিমহাশয়কে বলব, একজন স্টাফ নার্স যাতে তিন, চার বছরের বেশি এক জায়গায় থাকতে না পারে সেই ব্যবস্থা করবেন। ১৯৭২ সালে প্রাথমিক স্বাস্থ্যকেন্দ্রগুলো তৈরি হয়েছিল এবং যেখানে দরকার নেই সেখানেও এই স্বাস্থ্যকেন্দ্রগুলো করা হয়েছিল। অনেক প্রাথমিক স্বাস্থকেন্দ্রে ডাক্তার নেই, জঙ্গল হয়ে গেছে, অনেকগুলোর বাড়ি ভেঙ্গে গেছে। আমার প্রস্তাব হচ্ছে, যে প্রাথমিক স্বাস্থ্যকেন্দ্রগুলো আছে সেখানে অন্তত একজন করে ডাক্তার দিতে হবে। নবগ্রাম স্বাস্থ্যকেন্দ্রটির বিল্ডিং ৩২ লক্ষ টাকা খরচ করে করা হয়েছে, মাননীয় প্রশান্ত শূর তখন স্বাস্থ্যমন্ত্রী ছিলেন এবং কন্ট্রাক্ট বেসিসে সেখানে ডাক্তারদের নিয়োগ করা হয়েছিল। ডাক্তাররা গ্রামে যেতে চায় না, কিন্তু গ্রামে রাস্তাঘাট উন্নত হয়েছে, পরিবহন ব্যবস্থা ভালো হয়েছে, সেখানে থাকার ব্যবস্থা আছে, কিন্তু গ্রামে ডাক্তাররা যেতে চাইছে না, যখন তারা ফর্ম ফিলআপ করবে তখন স্বাস্থ্য দপ্তরকে আইন করে বাধ্য করতে হবে যাতে তারা গ্রামে যেতে বাধ্য থাকে। ওয়ার্ল্ড ব্যাঙ্কের টাকা নিয়ে অনেক জায়গায় হাসপাতালগুলোর উন্নতি করা হয়েছে, কিন্তু সেগুলোকে জেলা হাসপাতাল বলে ঘোষণা করা হয়নি। সেগুলোকে জেলা হাসপাতাল বলে ঘোষণা করার পাশাপাশি সেখানে সব রকম ব্যবস্থা করতে হবে। বাঁকুড়া মেডিকেল কলেজে সবরকম চিকিৎসার ব্যবস্থা আছে, কিন্তু সব রকম চিকিৎসা সেখানে হয় না। সাউথ হাওড়ায় তিরিশ বেডের একটা জেলা হাসপাতাল আছে, কিন্তু সেখানে কোনো সার্জেন্ট নেই, সেখানে অনেক ভ্যাকান্সি পড়ে আছে। এই পদগুলো পূরণ করা দরকার। আলিপুরে ১ কোটি ২৪ লক্ষ টাকা খরচ করে একটা হাসপাতাল করা হয়েছে, কিন্তু সেখানে বিশেষজ্ঞ কোনো ডাক্তার নেই। সেখান থেকে মেডিকেল কলেজে ট্রান্সফার করলে রোগীরা রাস্তাতেই মারা যায়। আজকাল ম্যালেরিয়ায় অনেক মানুষ মারা যাচ্ছে। এই ম্যালেরিয়া আমাদের দেশ থেকে চলে গিয়েছিল, এখন আবার ফিরে এসেছে। আলিপুর হাসপাতালের সুপার বি. বিশ্বাস তিনি নিজে প্রাইভেট প্র্যাকটিশ করেন। তাছাড়া ওই এলাকায় ফরেষ্ট ম্যালেরিয়ায় অনেক লোক মারা যাচ্ছে। এই ম্যালেরিয়া থেকে মানুষকে কি করে বাঁচানো যায় এই ব্যাপারে স্বাস্থ্য দপ্তর চিন্তাভাবনা করবেন। কারণ নতুন নতুন পদ্ধতিতে এখন ট্রিটমেন্ট হচ্ছে, সেই পদ্ধতি প্রয়োগ করে চিকিৎসার ব্যবস্থা করতে হবে। অনেক জায়গায় হাসপাতালের নতুন বিল্ডিং হয়েছে ওয়ার্ল্ড ব্যাঙ্কের টাকায়। আজকে পশ্চিমবাংলার সর্বত্র

চিকিৎসার মানের উন্নতি হয়েছে। মানুষদের জন্য হাসপাতালগুলোতে যাতে যথেষ্ট পরিমাণে ওষুধের সাপ্লাই থাকে সেই ব্যবস্থা করতে হবে। হাওড়া হাসপাতালের চিফ্ মেডিক্যাল অফিসার সম্পর্কে আমাকে কোনো অফিসার বললেন যে, সরকারি মিটিংয়ে তিনি অ্যাটেন্ড করেন না। ওখানে পোস্টমর্টেম বা মর্গের অবস্থা খুবই খারাপ। গ্রাম থেকে অনেক রোগীকে কলকাতার পি. জি. হাসপাতালে বা মেডিক্যাল কলেজে বা ন্যাশানাল মেডিক্যাল কলেজে ট্রান্সফার করতে হয়। ন্যাশানাল মেডিক্যাল কলেজে একবার এক রোগীকে দেখতে গিয়েছিলাম, দেখলাম সুপার নেই। খুব খারাপ অবস্থা হাসপাতালগুলোর। দেখেছি মেডিক্যাল কলেজে চট বিছিয়ে রোগী শুয়ে আছে। ১৯৭৩ সালে নানু ঘোষ আর একজন শৈলেশ্বর ব্যানার্জীকে দেখতে গিয়েছিলাম পি. জি.-তে। ডাঃ ছেত্রীকে বললাম, ভগবান ছাড়া কোনো ডাক্তার বাঁচাতে পারে না। তিনি আমাকে বললেন, আমার যা করণীয় আমি করেছি, এখন ভাগবানকে ডাকুন, তিনিই রক্ষা করবেন। ডাক্তারা অপারেশন টেবিলে ছুরি-কাঁচি, যন্ত্রপাতি রেখে আরাধনা করে। উলুবেড়িয়াতে যে কোনো অপারেশন ৯৯ পার্সেন্ট সাকসেস হয়। সেখানে রেল অ্যাকসিডেন্ট ন্যাশানাল হাইওয়ে অ্যাকসিডেন্ট কেস রোজই ৩০-৩৫টা আসছে। সেখানে ব্রেইন-এর অপারেশন হচ্ছে। কিন্তু স্ক্যান করাতে কলকাতায় পাঠাতে হয়, তাতে প্রচুর খরচ। পি জিতে সব সময় সুযোগ পাওয়া যায় না। প্রত্যেক জেলায় অন্তত একটা করে স্ক্যান মেশিন বসানোর জন্য আবেদন করছি। বিভিন্ন অ্যাকসিডেন্টের ক্ষেত্রে স্ক্যান খুব জরুরি। কয়েকদিন আগে মারুতি ভ্যান অ্যাকসিডেন্টে পুড়ে মারা গেল। কলকাতায় ট্রান্সফার করা হল। কিন্তু মেডিক্যাল কলেজে, পি. জি.-তে, ন্যাশনাল মেডিক্যাল কলেজে চিকিৎসা হল না। হাওড়া জেলায় পাঁচলায় একটা হাসপাতাল আছে, সেটা উদ্বোধন করেছিলেন তদানীন্তন মন্ত্রী কানাইলাল ভট্টাচার্য। সেই হাসপাতালে একটা অ্যাম্বুলেন্স আছে, সেটা সি এম ও এইচ নিজের ব্যবহারের জন্য রেখে দিয়েছে, বলছে ভি আই পিদের জন্য রাখা হয়েছে। উলুবেড়িয়া সাব-ডিভিশন হাসপাতালে একটা অ্যাম্বুলেন্স আছে মাত্র। কিন্তু কলকাতায় ৮/১০ জন রোগীকে আনতে হয়, ফলে অ্যাম্বুলেন্স ভাড়া করতে হয়। তাদের তেল খরচ দিতে হয় ৫০ টাকা। গরিব মানুষরা যাতে ফ্রিতে কলকাতায় অ্যাম্বুলেন্সে আসতে পারে তার ব্যবস্থা করার জন্য মাননীয় মন্ত্রীকে অনুরোধ করছি।

[2.50—3.00 p.m.]

মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আমার রাজনৈতিক জীবন হচ্ছে গরিব মানুষদের সেবা করা। আমি হসপিটালের সামনে থাকি। আমি স্যার বলছি যে, অন্যান্য মেডিক্যাল কলেজে যেমন পি. জিতে হাউস স্টাফ আছে। নীলরতন, কারমাইকেলে আছে। স্যার, আমি অনেক হাসপাতালে গেছি। আগে কি অবস্থা ছিল এবং এখন কি অবস্থা আছে সেটা আপনারা নিশ্চয় বুঝতে পারছেন। সেটা নিশ্চয় স্বীকার করবেন। আমরা যেটুকু পারছি আমাদের সীমাবদ্ধ ক্ষমতায়, তার মধ্য দিয়েই আমরা গরিব মানুষদের সেবা করে যাচ্ছি। আমাদের উদ্দেশ্য গরিব মানুষের সুযোগ-সুবিধা করে দেওয়া এবং বিনা পয়সায় যাতে চিকিৎসা করা যায়, তার নিশ্চয় পরিকল্পনা আমাদের আছে। তবে ওষুধপত্র, ইঞ্জেকশন, মেশিন আরও বাড়াবার প্রয়োজন আছে। প্রাইভেট প্র্যাকটিশ যদি আইনে থাকে করবেন। কিন্তু

ডাক্তারবাবুদের টাইম মেনটেন করতে হবে। হাসপাতালে বোর্ড রাখতে হবে। কোন ডাক্তার কখন হাসপাতালে আসবেন, কোন ডাক্তার কখন আউটডোরে বসবেন এটার হিসাব রাখতে হবে। এটা আমার জীবনের অভিজ্ঞতা থেকে বলছি। তাই আমি মাননীয় মন্ত্রীর কাছে বলি, ওঁনার প্রতি আমার আস্থা আছে। রাষ্ট্রমন্ত্রী প্রত্যুষ মুখার্জী তিনি আমার বন্ধু, আমার আশা আছে, আমার এই প্রস্তাবগুলিকে মেনে নেবেন। এই কথা বলে এই বাজেটকে সমর্থন করে আমার বক্তব্য শেষ করছি।

শ্রী গোবিন্দচন্দ্র নস্কর : মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, মাননীয় স্বাস্থ্যমন্ত্রী এখানে যে বাজেট বিবৃতি রেখেছেন, আমি তার বিরোধিতা করছি এবং যে কাটমোশান আমাদের বিরোধীপক্ষের ভাইয়েরা রেখেছেন সেগুলিকে সমর্থন করছি। আজকে এখানে যেটা উনি রেখেছেন সেটা উনি নিজেও ঠিকমত পড়েছেন কিনা জানি না এবং তার সরকারি কর্মচারী করে দিয়েছেন এবং উনি তাড়াতাড়ি করে সই করে দিয়েছেন। ঠিকমত পড়লেই বোঝা যাবে যে প্রকৃত রহস্য কি আছে। এখানে চিকিৎসা ও জনস্বাস্থ্যের ৩২ নম্বর দাবিতে ১ হাজার ১ লক্ষ ৯৮ কোটি ৪৪ লক্ষ ৯৪ হাজার টাকা বরাদ্দ করতে চেয়েছেন তারপর জনস্বাস্থ্যে ১৭০ কোটি ৭৮ লক্ষ ৫০ হাজার টাকা কি করে বরাদ্দ হতে পারে ? এটা আরও ডবল হওয়া উচিত ছিল ? আবার ফ্যামিলি প্ল্যানিং-এ ১৪৩ কোটি ৯ লক্ষ ৩৯ হাজার টাকা। তাহলে ৩২ নম্বর দাবিতে যা আছে তার বেশিও এটা হতে পারে ? তাই আমি এর বিরোধিতা করছি। মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, হু তারা বলেছিলেন World Health Organisation—Health for all by 2000 A.D. কিন্তু আমরা দেখতে পাচ্ছি আজকে বামফ্রন্ট সরকার স্ট্যান্ডিং যে কমিটি করেছিলেন, সেই কমিটির রিপোর্ট কী বলছে.... In 2000 A.D. we are dismayed to find that this declared goal of Health for all in 2000 A.D. still remains as a dream. আজকে ওই কাজটা সম্পূর্ণরূপে সবদিক থেকে শেষ হয়ে গেছে। গোটা পশ্চিমবাংলায় স্বাস্থ্যের ক্ষেত্রে একটা চরম নৈরাজ্য এবং বিশৃঙ্খলার সৃষ্টি হয়েছে। কে এর হাত থেকে একে রক্ষা করবে ?

মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, মাননীয় মন্ত্রী মহাশয় বলেছেন স্বাস্থ্যকেন্দ্র হবে না, হাসপাতাল হবে না, বেড বাড়বে না। আশ্চর্য ব্যাপার, এতে আমি অত্যন্ত ভীত, দুঃখিত। কিভাবে পশ্চিমবঙ্গের স্বাস্থ্য পরিষেবার প্রাথমিক যে কাজ সেটা জনগণকে পাইয়ে দেবেন। তাঁর বক্তব্যের প্রথম প্যারাগ্রাফে তিনি বলেছেন নতুন স্বাস্থ্যকেন্দ্র খোলার পরিবর্তে ইতিমধ্যে প্রতিষ্ঠিত স্বাস্থ্য কেন্দ্রগুলির উন্নতি সাধনের যে সরকারি নীতি বর্তমানে চালু আছে, তা বজায় থাকবে। কি উন্নতি করতে চান ? আজকে পশ্চিমবঙ্গের প্রত্যেকটি গ্রামে গিয়ে দেখুন প্রাইমারি হেলথ সেন্টার, রুরাল হসপিটাল, ব্লক হসপিটাল বা কলকাতায় যে সমস্ত বড় বড় হসপিটাল আছে তার কি অবস্থা ? আজকে বাঙ্গুর হসপিটালে যান, সেখানে পেশেন্ট গেলে ভাঙা খাটের দিকে তাকিয়ে আর এই অব্যবস্থা দেখে যেভাবে কিছুক্ষণ বাদে এই খাটে করেই তাকে প্রত্যাবর্তন করতে হবে। আজকে পি. জি. হসপিটাল, মেডিকেল কলেজ হসপিটাল, আর. জি. কর. হসপিটাল, ন্যাশানাল মেডিকেল কলেজ হসপিটাল এই সমস্ত হসপিটালে কি চরম অব্যবস্থা রয়েছে। সেখানে না আছে ডাক্তার, না আছে নার্স, না আছে পথ্য, না আছে

যন্ত্রপাতি সবদিক থেকে একটা অব্যবস্থার মধ্যে আছে। সেখানে অপারেশান থিয়েটারগুলিতে কি অবস্থা ? অপারেশান হচ্ছে হঠাৎই টেবিল ভেঙে গেল, আবার অপারেশান থিয়েটারে কাজ চলছে হঠাৎ বিদ্যুৎ চলে গেল তখন টর্চ লাইটের সাহায্যে অপারেশান হয়। প্রশান্তবাবু ডুবিয়ে গেছেন, তার পর পার্থবাবু ডুবিয়ে গেছেন আবার নতুন করে ইনি এসেছেন ডঃ হিসাবে। তাঁর আমলে স্বাস্থ্য সুস্বাস্থ্য হবে না কি বিপদজনক অবস্থায় দাঁড়াবে আমি জানি না। মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, এখানে স্ট্যান্ডিং কমিটির একটা রিপোর্ট আছে—আজকে যে পশ্চিমবঙ্গের ব্লক লেভেলে উন্নতি করা হবে হেলথ সেন্টারগুলিকে, বেডের সংখ্যা বাড়বে না, সীমিত সংখ্যার মধ্যে রাখতে হবে ইত্যাদি। ডাঃ গৌরীপদ দত্ত তাঁর রিপোর্টে বলেছেন Strengthening of block level hospitals, rural hospitals, subdivisional and district level hospitals with OTs. equipments specialised doctors, etc. should be done in order to reduce unnecessary crowd of patients in the teaching hospitals and to render curative service to the patients at a place nearer to their place of living. এই রিপোর্ট পাওয়া সত্ত্বেও আজ পর্যন্ত তাঁদের ঘুম ভাঙলো না। তারা বলছেন হেলথ সেন্টার নতুন করে করা হবে না। তাঁরা পশ্চিমবঙ্গের মানুষকে চরম অব্যবস্থার মধ্যে ঠেলে দিচ্ছেন। তাঁরা ২, ৩টি কাজ করবেন বলেছেন যেমন, মুর্শিদাবাদ জেলার ডোমকল ব্লক প্রাথমিক স্বাস্থ্যকেন্দ্রকে মহকুমা হাসপাতালকে ওই জেলার জেলা পরিষদকে হস্তান্তর করা হয়েছে। এটা কি বাজেট স্পীচের মধ্যে আসে। আবার উত্তর ২৪ পরগনার গোবরডাঙ্গা গ্রামীণ হাসপাতালকে ওই জেলার জেলা পরিষদের কাছে হস্তান্তর করা হয়েছে। হলদিয়া মহকুমা হসপিটালকে হলদিয়া উন্নয়ন পর্যদকে হস্তান্তরের পদক্ষেপ গ্রহণ করা হচ্ছে। বামচন্ডীপুর জেলার হাসপাতাল গোত্রীয় গ্রামীণ হাসপাতালকে বর্ধমান জেলা পরিষদকে পরিচালনার জন্য হস্তান্তর করা হবে। এগুলি কি বাজেট স্পীচের মধ্যে স্থান পেতে পারে ? বসিরহাট মহকুমা হাসপাতাল-এ একটি আকুপাংচার ক্লিনিক খোলা হয়েছে। দার্জিলিং উপমুখ্য স্বাস্থ্য আধিকারিকের অফিস এবং দার্জিলিং জেলা মজুত ভান্ডারকে দার্জিলিং গোর্খা পার্বত্য পরিষদকে দেওয়া হয়েছে। বিভিন্ন স্বাস্থ্য কেন্দ্রগুলিতে ৪৪টি বিভিন্ন প্রকার নতুন পদ সৃষ্টি করা হয়েছে এই হচ্ছে বাজেট স্পীচের মূল বক্তব্য। বাকিগুলি হলো ক্লিনিক। বিশ্বব্যাংক থেকে কি এনেছেন ? ৭০১ কোটি টাকা বিশ্বব্যাংক থেকে এনেছেন, তাতে সুন্দরবন এলাকায় ৩৬টি প্রাথমিক স্বাস্থ্যকেন্দ্র এই প্রকল্পের আওতায় আছে। তাতে হেলথ সেন্টার, সাবডিভিশনাল হসপিটাল, ডিস্টিক্ট হসপিটাল, নর্থ বেঙ্গল মেডিকেল কলেজ, বাঁকুড়া সম্মিলনী মেডিকেল কলেজ এই সমস্ত ২১৪টি হসপিটাল ও স্বাস্থ্যকেন্দ্র আছে। সেখানে পরিষেবা বাড়াতে হবে। সেখানে উন্নত যন্ত্রপাতি আনতে হবে। সুন্দরবনে বিল্ডিং করতে হবে। এর সঙ্গে দেখা যাচ্ছে যে বিশ্বব্যাঙ্কের ৪০০ কোটি টাকা এখনও খরচ হয়নি। ১৯৯৬ সালের ২৬শে জুন ৭০১ কোটি টাকার ৫ বছর মেয়াদি যে প্রকল্প সূচনা করা হয়েছে তার অধীনে ২১৪টি স্বাস্থ্যকেন্দ্রকে আনা হয়েছে। বর্ধমান ও বাঁকুড়া মেডিকেল কলেজ হাসপাতালসহ ১৮টি জেলা হাসপাতালকে এই প্রকল্পের আওতায় আনা হয়েছে। আজকে কি অবস্থা গ্রামাঞ্চলের এই হেলথ্ সেন্টারগুলির, সেখানে

জীবনদায়ী ওষুধ নেই, একটা কুকুর কামড়ানোর প্রতিষেধক নেই, সাপে কাটলে তার জন্য অ্যান্টিভেনাম নেই, ওষুধপত্র কিছু নেই। এক চরম অব্যবস্থার মধ্যে পশ্চিমবঙ্গের এই স্বাস্থ্যকেন্দ্রগুলি চলছে।

[3.00—3.10 p.m.]

আজকে মাননীয় মন্ত্রীর কাছে অনুরোধ বাস্তুঘুঘুর বাসা ভাঙবার চেষ্টা করুন। পোষ্ট গ্রাজুয়েট ইনস্টিটিউশন, উচ্চ-শিক্ষার গবেষণার ক্ষেত্রে যা আছে সেখানে একজন মাত্র প্রফেসর আছেন। চরম অব্যবস্থার মধ্যে দিয়ে তা চলছে, তার উন্নতির চেষ্টা করা হচ্ছে না। টিচিং ইনস্টিটিউটগুলো সব ধুঁকছে। ১৯৭২-৭৭ সালে সিদ্ধার্থশঙ্কর রায়ের আমলে আই. পি. জি. এম. আর কমিটি হয়েছিল। তারা যা বলেছিল তা আপনারা করেননি। সেই কমিটি বারেবারে রিপোর্ট দিয়েছিল কিন্তু আপনারা কিছুই করেননি। Establishment of a proper post graduate Institute is a crying need. It must be immediately done. For this purpose integration and analgamation of IPGMER & University College of Medicine should be done with all urgency. এর কোনো গুরুত্ব আপনারা দেননি। পশ্চিমবাংলার মানুষকে ম্যালেরিয়া, কুষ্ঠ, যক্ষ্মা, ক্যান্সার, জন্ডিস, আন্ত্রিক চেপে ধরেছে। গত বছর ম্যালেরিয়াতে ১৪৪ জন এবং এ বছর ১০৩ জন মারা গেছে। চিত্তরঞ্জন ক্যান্সার ইনস্টিটিউট-এ ইক্যুইপমেন্টের অভাবে চিকিৎসা হচ্ছে না, অস্ত্রোপচার হচ্ছে না। চিকিৎসা ক্ষেত্রে পশ্চিমবাংলা আজকে শেষ হয়ে গেছে। আজকে থ্যালসেমিয়া রোগের কি অবস্থা ? শিশু মৃত্যুর হার ক্রমাগত বেড়েই চলেছে। আপনারা সেন্টাল ব্লাড ব্যাংক মেডিকেল কলেজ থেকে মানিকতলাতে নিয়ে গেছেন। রক্তের অভাবে আজকে শহরের মানুষ ভুগছে। পশ্চিমবাংলার হাসপাতালগুলোতে আজকে শ্মশানের চিত্র বর্তমান। আপনারা আউটডোরে টিকিট করার ক্ষেত্রে চার্জ ধার্য করছেন। কিন্তু টাকা-পয়সা সব কোথায় যাচ্ছে ? চিকিৎসা পরিষেবায় তা লাগানো হচ্ছে কিনা তার হিসাব কে দেবে ? মাননীয় মন্ত্রী মহাশয় আশা করি উক্ত বিষয়গুলোর প্রতি নজর দেবেন।

শ্রী সুভাষ নস্কর : মাননীয় মহাশয়, স্বাস্থ্য বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী সূর্যকান্ত মিশ্র মহাশয় এবং প্রতিমন্ত্রী প্রত্যুষ মুখার্জি মহাশয় আপাতত ২০০১-২০০২ সালের জন্য যে ব্যয়-বরাদ্দ পেশ করেছেন তাঁকে সমর্থন করে কিছু বলছি। বিরোধী পক্ষের সদস্যরা এখানে বক্তব্য রাখছিলেন। গোবিন্দবাবুও বললেন। উনি এই দপ্তরের এক সময় মন্ত্রী ছিলেন। আমাদের সরকারের মূল লক্ষ্য হল স্বাস্থ্য ব্যবস্থার বিকেন্দ্রীকরণ করা। এটা নিশ্চয় গোবিন্দবাবু জানেন। ওঁদের সময় কিন্তু এই ব্যবস্থা ছিল না, কেন্দ্রীভূত ছিল। আমাদের সরকার স্বাস্থ্য ব্যবস্থায় বিকেন্দ্রীকরণ ঘটিয়ে এটাকে গ্রামের মধ্যে নিয়ে যেতে চেষ্টা করেছে। আজ প্রতিটি গ্রামে কোনো না কোনো স্বাস্থ্য কর্মী প্রত্যেক সপ্তাহে কোনো না কোনো এক সময়ে বাড়িতে বাড়িতে যাচ্ছে। কারও জন্ম হচ্ছে, কারও মৃত্যু হচ্ছে, তার রিপোর্ট ডাইরিতে লিপিবদ্ধ করছেন। অর্থাৎ প্রত্যেকের জন্য স্বাস্থ্য এই কর্মসূচিতে আমরা পৌঁছবার চেষ্টা করছি। প্রতি ৩ হাজার জনসংখ্যার জন্য একটা করে উপ-স্বাস্থ্য কেন্দ্র, যেখানে

মেল-ফিমেল কর্মী কাজ করছে। কিন্তু অসুবিধা হচ্ছে মেল ক্যান্ডিডেটের সঙ্গে ফিমেল ক্যান্ডিডেট, যে এ. এন. এম., তার সংখ্যা কিছু কম আছে। তবে এর বিকল্প হিসাবে সরকার সি. এইচ. জিদের ১৯ টাকা মাসিক বরাদ্দ দিয়ে নেবার কথা বলেছে এবং পঞ্চায়েতের মাধ্যমে নেওয়া হচ্ছে। পালস পোলিও কর্মসূচি এখানে ধারাবাহিকভাবে চলছে এবং সর্বত্র এটা একটা উৎসাহ-উদ্দীপনার সৃষ্টি করেছে। এক্ষেত্রে যে দিন ধার্য করা হয় সকলে আত্মনিয়োগ করতে, একে সফল করতে নেমে পড়েন। এবং ব্যাপকভাবে তার সফলতা আমরা পেয়েছি। বলা যেতে পারে সেই জবরদস্তি বন্ধ্যাত্বকরণ আর নেই। সেই জবরদস্তি বন্ধ্যাত্বকরণের বিকল্প হিসেবে প্রতিটি গ্রামে, প্রত্যেক মায়ের কাছে কোথাও স্বাস্থ্যকর্মীরা, কোথাও সি. এইচ. জি., কোথাও আই. সি. ডি. এসের অঙ্গনওয়াড়ি কর্মীরা গিয়ে মায়েদের বুঝিয়ে স্বাস্থ্যকেন্দ্রে নিয়ে আসার চেষ্টা করছেন। সেই জবরদস্তি আর নেই। সুতরাং অনেক পরিবর্তন হয়েছে, সেই জায়গায় দাঁড়িয়ে বলা যেতে পারে যে, আমাদের সরকার ধাপে ধাপে চেষ্টা করছেন এটাকে এগিয়ে নিয়ে যাওয়ার জন্য। মাননীয় স্বাস্থ্যমন্ত্রী মহাশয়ের দৃষ্টি আকর্ষণ করে বলছি যে, তিনি একটা ভাল বিষয়ের কথা বলেছেন যে, আমাদের হোমিওপ্যাথির দিকে আরও বেশি নজর দেওয়ার দরকার এবং এই কারণে তিনি হোমিওপ্যাথির অ্যাডমিনিস্ট্রেশনের দিকে নজর দিয়েছেন, সেটা খুব ভাল। আমরা দেখি, গ্রামে অ্যালোপ্যাথির ডাক্তারের চেয়ে হোমিওপ্যাথির ডাক্তারের কাছে ভিড় বেশি হয়। গ্রামের মানুষ মূলত হোমিওপ্যাথি ডাক্তারের উপর বেশি নির্ভর করেন। এখনও দেখা যায় অ্যালোপ্যাথি ডাক্তারের কাছে না গিয়ে মানুষ ৪০০ টাকা ফিজ দিয়ে হোমিওপ্যাথি ডাক্তার ডাঃ ভোলানাথ চক্রবর্তীকে দিয়ে চিকিৎসা করানোর জন্য মানুষ ৭ মাস ধরে অপেক্ষা করে থাকেন। আমি একটা বিষয়ে মাননীয় স্বাস্থ্যমন্ত্রী মহাশয়ের দৃষ্টি আকর্ষণ করাতে চাই, এর আগে পার্থবাবু যখন স্বাস্থ্যমন্ত্রী ছিলেন তখন তাঁকেও বলেছি, সেই বিষয়টা হল—বাজারে এই ধরনের একটা গবেষণামূলক গ্রন্থ বিক্রি হচ্ছে, যার লেখক ডাঃ তপন ভট্টাচার্য, এম. ডি. (ক্যাল), তিনি এই গ্রন্থে লিখেছেন দুই দশকের শ্রেষ্ঠ জালিয়াতির নাম হচ্ছে হোমিওপ্যাথি। এই হোমিওপ্যাথির উপর সারা ভারতবর্ষের মানুষ নির্ভর করছে। আমাদের সরকার ঠিক যথাযথভাবে মূল্য দিয়ে হোমিওপ্যাথিতে যাতে আরও সরকারি প্রতিষ্ঠান গড়ে তোলা যায় তার জন্য সচেষ্ট হয়েছেন। এই যে বইটি লেখা হয়েছে এই বইয়ের লেখক ডাঃ তপন ভট্টাচার্য, এম. ডি. (ক্যাল), এই বইতে তিনি হোমিওপ্যাথিকে জালিয়াতি বলেছেন, এই বইটির ব্যাপারে তদন্ত করে দেখা হোক যে তিনি কেন এইরকম কথা বললেন, এই বইটি আমি আপনার মাধ্যমে মাননীয় স্বাস্থ্যমন্ত্রী মহাশয়কে দিতে চাই। এবারে আমি মাননীয় স্বাস্থ্যমন্ত্রী মহাশয়ের কাছে আরেকটি বিষয় উল্লেখ করতে চাই, এই বিষয় সম্বন্ধে বাজেটে উল্লেখ থাকলে ভাল হত, সেটি বলছি— সুন্দরবনের নদী অধ্যুষিত ব্লকগুলিতে কালাজ্বর ভীষণভাবে সংক্রামিত হয়েছে, সান-ফ্লাই নামক একটা মাছির কামড়ে কালাজ্বর হচ্ছে। এই মাছির কোথায় জন্ম হচ্ছে, কিভাবে আসছে, কোথায় কোথায় দেখা যাচ্ছে ইত্যাদি ব্যাপারে হয়তো টি. ভি.তে দেখেছি, ডাক্তারবাবুরা বলেছেন। কিন্তু গ্রামের অভ্যন্তরে কিভাবে সেই মাছির কামড়ের হাত থেকে মানুষকে রক্ষা করা যায় সে ব্যাপারে দৃষ্টি দেওয়া দরকার। কেউ কেউ বলছেন আদিবাসী অধ্যুষিত এলাকায় যেখানে শূকর পালন করা হয় সেখানে

এই মাছির উৎপত্তি হচ্ছে। সুতরাং এটা বোঝা মুশকিল যে কিভাবে, কোথা থেকে এই মাছি আসছে। এ ব্যাপারে আমাদের ওখানে একজন ডাক্তার আছেন, সেই ডাক্তার নন্দী ক্যানিং-এর এক জায়গায় চিকিৎসা করার জন্য যান। ক্যানিং হাসপাতালে কালাজ্বরের পেশেন্ট এবং অন্যান্য সাধারণ পেশেন্ট এক জায়গায় থাকেন, এঁদের জন্য আলাদা কোনো ব্যবস্থা নেই। যেহেতু কালাজ্বর সারা রাজ্যে ছড়িয়ে পড়েনি সেজন্য আমি মাননীয় মন্ত্রী মহাশয়কে অনুরোধ করব যে, কালাজ্বরের পেশেন্টদের চিকিৎসার জন্য আলাদা ব্যবস্থা করা যায় কিনা সেটা দেখা দরকার। ওই হাসপাতালে এর জন্য আলাদা সেক্টর করা যায় কিনা, স্প্রে করার ব্যবস্থা করা যায় কিনা সেটা দেখা দরকার। প্রতিটি ব্লকে স্প্রে ওয়ারকার দিয়ে স্প্রে করার ব্যাপক ব্যবস্থা করা দরকার। এখনও স্প্রে-ওয়ারকাররা কাজে নামেননি। অথচ ৫০ থেকে ৬০ জন কালাজ্বরের রোগী এখনও হাসপাতালে আছেন। এবারে আরেকটি বিষয়ে মাননীয় মন্ত্রী মহাশয়ের দৃষ্টি আকর্ষণ করে বলছি যে, বিশ্বব্যাঙ্কের আর্থিক সাহায্যে হাসপাতাল বিল্ডিংগুলো খুব ভলো হয়েছে এবং হাসাপাতালগুলোকে দেখে মনে হয়েছে, এবারে গ্রামের হাসপাতালগুলো নতুন করে সেজেগুজে জাঁকিয়ে হয়েছে। কিন্তু তার অভ্যন্তরে কি হচ্ছে আমরা তা জানি না। আপনি তার অভ্যন্তরে কিছু যন্ত্রপাতি কেনার কথা বলেছেন, কিন্তু কেনা নিশ্চয়ই হয়েছে। কিন্তু সেখানে কে চিকিৎসক হবেন ? গ্রামে কেউ যেতে চান না। বিশেষজ্ঞ কে হবেন ? এটা তো পাচ্ছি না।

[3.10—3.20 p.m.]

সুতরাং সুনির্দিষ্ট পরিকল্পনা নিয়ে বিশেষজ্ঞ পাঠাবার ব্যবস্থা করতে হবে। বর্তমানে কন্ট্রাক্ট বেসিসে ডাক্তার নিয়োগের উদ্যোগ নেওয়া হচ্ছে। দ্রুততার সঙ্গে তার কার্যকর করলে ভালো হয়। ওয়ার্ল্ড ব্যাংকের টাকায় এন. জি. ওদের মাধ্যমে কাজ করা হচ্ছে। আমাদের মতো বিধায়ক বা জনপ্রতিনিধিদের কথা ছেড়েই দিচ্ছি, পঞ্চায়েত সমিতির সভাপতি এবং গ্রাম পঞ্চায়েতের প্রধানদের সঙ্গে এন. জি. ওদের একটা সমন্বয় থাকা দরকার। আমরা দেখছি প্রচার হচ্ছে এন. জি. ও-ই সব করছে। বিশ্ব ব্যাংকের টাকায় পশ্চিমবঙ্গ সরকারের সহযোগিতায় যে কাজ হচ্ছে, সে প্রচার কিন্তু হচ্ছে না। এটা একটু দেখা দরকার। আমি মনে করি জেলার অভ্যন্তরেই জেলা সদর হাসপাতাল থাকা উচিত। তাহলে জেলার মানুষরা সেই হাসপাতালের সুযোগ-সুবিধাগুলি পেতে পারে। দক্ষিণ ২৪ পরগনা জেলার সদর হাসপাতাল হচ্ছে কলকাতার বাঙ্গুর হাসপাতাল, পংকজবাবুর কেন্দ্রে অবস্থিত। কলকাতায় অনেক হাসপাতাল এবং বিভিন্ন চিকিৎসার সুযোগ রয়েছে, স্টেট হাসপাতাল, কলেজ হাসপাতালগুলি রয়েছে। অথচ দক্ষিণ ২৪ পরগনার মানুষদের, অতগুলো ব্লকের বিস্তীর্ণ অঞ্চলের মানুষদের চিকিৎসার জন্য কলকাতায় আসতে হচ্ছে। জেলার মধ্যে সে সুযোগ নেই। সুতরাং জেলার অভ্যন্তরেই একটা বড় হাসপাতাল থাকা দরকার। সেটা হতে পারে বারুইপুরে, সেটা হতে পারে সোনারপুরে। যেখানেই হোক, এটা মাননীয় মন্ত্রীকে আমি একটু ভেবে দেখতে অনুরোধ করছি। বহু টাকার পরিকল্পনা করা হচ্ছে, স্বাস্থ্য পরিষেবার বিকেন্দ্রীকরণের কথা বলা হচ্ছে। সে হিসাবে জেলা সদর হাসপাতাল জেলার অভ্যন্তরেই করা হোক। এই প্রস্তাব আমি মন্ত্রী

মহাশয়ের কাছে রাখছি। ক্যানিং, বারুইপুর, কাকদ্বীপ এবং নদিয়া জেলার তেহট্টে নতুন মহকুমা হয়েছে। আমরা জানি এসব জায়গায় ব্লক হাসপাতাল আছে, এখন সেগুলিকে মহকুমা হাসপাতালে উন্নীত করা দরকার। সুতরাং সে প্রস্তাবও আমি মন্ত্রীকে দিচ্ছি। কারণ প্রতিটি মহকুমায়ই একটা স্ট্যান্ডার্ড ব্যবস্থা থাকা দরকার। তারপর সি. এইচ. জি-রা অত্যন্ত দুরবস্থার মধ্যে রয়েছেন। তাঁরা যে যে পার্টিই করুন তাঁদের দুরবস্থা অবিলম্বে দূর করা দরকার। তাঁরা মাসে ৫০ টাকা করে পেয়ে থাকেন। সেটা মাইনে, না ভাতা তা আমি জানি না। মাইনে তো হতেই পারে না। ভাতা হলেও এত কম হওয়া উচিত নয়। ইতিপূর্বে এই বিধানসভা থেকে আমরা রেজিলিউশন নিয়ে কেন্দ্রীয় সরকারের কাছে পাঠিয়েছিলাম যে, ওঁদের অন্তত মাসে ২০০ টাকা করে দেওয়ার ব্যবস্থা করা হোক। কেন্দ্রীয় সরকার আমাদের সে প্রস্তাবের কোনো সদুত্তর দেয়নি, দেবেও না। এখন আমি বলছি সি. এইচ. জি-রা গ্রামের অভ্যন্তরে স্বাস্থ্যকর্মী হিসাবে যাতে কাজ করেন তার জন্য যদি কোনো পরিকল্পনা গ্রহণ করা হয় তাহলে আমরা তাঁদের উৎসাহিত করতে পারব এবং সেই পরিপ্রেক্ষিতে তাঁদের কিছু ভাতা বা প্রাপ্ত টাকার পরিমাণ বৃদ্ধি করা সম্ভব হবে। আমরা জানি আমাদের রাজ্যের মতো এত অ্যাসেট, ইনফ্রাস্ট্রাকচার আর কোথাও খুঁজে পাওয়া যাবে না। সুতরাং এই যে কর্মীরা রয়েছে মাত্র ৫০ টাকা পাচ্ছেন, এঁদের বিষয়ে আমাদের একটু চিন্তা-ভাবনা করার অবকাশ রয়েছে। আমি মনে করি সর্বত্র ডগ বাইটিং এবং স্নেক বাইটিং-এর ক্ষেত্রে যে যে ব্যবস্থা থাকা উচিত তা রাখার দরকার আছে। ডগ বাইটিং-এর ক্ষেত্রে অসুবিধা হচ্ছে 'পাস্তুর' থেকে ওষুধ নিয়ে যেতে হয়। কুকুরে কামড়ালে ব্লক হাসপাতাল থেকে ইনডেন করে ১০ দিন পরে লাইন দিয়ে ওষুধ নিয়ে ১৩/১৪টা ইঞ্জেকশন দিয়ে হয়। মানুষকে খুবই অসুবিধার মধ্যে পড়তে হয়। সুতরাং এ বিষয়ে প্রতিটি জেলা এবং মহকুমা স্তরে স্টক রাখার ব্যবস্থা করার জন্য আমি মাননীয় স্বাস্থ্যমন্ত্রীকে অনুরোধ করছি। স্নেক বাইটিং-এর ক্ষেত্রে এখন আর খুব একটা অসুবিধা হচ্ছে না। প্রতিটি হাসপাতালেই যথাসম্ভব ফ্রিজে ওষুধ রাখার ব্যবস্থা করা হয়েছে। প্রয়োজনে জেনারেটর চালিয়ে ফ্রিজে ওষুধ রাখা হচ্ছে। মাননীয় মন্ত্রিমহাশয়, অনেক দিন আগে, ১৯৮২ সালে উত্তরবঙ্গের জলপাইগুড়িতে একটা ভেষজ উদ্যান সংস্থানের পরিকল্পনা গ্রহণ করা হয়েছিল। সে উদ্দেশ্যে জমি অধিগ্রহণ করা হয়েছিল এবং তদানীন্তন স্বাস্থ্যমন্ত্রী ননী ভট্টাচার্য মহাশয় একটা ইনস্টিটিউট করার উদ্যোগ নিয়েছিলেন এবং শিলান্যাসও করা হয়েছিল।

আপনি জানেন, নর্থ বেঙ্গলের ওই সাইডের মানুষ তাদের খুব আশা এবং উৎসাহ যে, সেই ১৯৮২ সালের শিলান্যাসকৃত জমিতে ভেষজ উদ্যান হবে। ইতিপূর্বে এই বিধানসভায় এটা নিয়ে অনেকবার মেনশন হয়েছে। আমি আবার অনুরোধ করব। এই রাজ্যে ভেষজ চিকিৎসার জন্য সেই জায়গাটুকু সঠিকভাবে কাজে লাগানো হোক, সকলের চিকিৎসার কাজে আরও সহায়তা করা হোক। অনুরূপভাবে কোচবিহারে হেমিওপ্যাথ চিকিৎসা খোলার জন্য আমার একটি প্রস্তাব আছে। সুদূর উত্তরবঙ্গ থেকে বড় বড় মারাত্মক চিকিৎসার জন্য কলকাতায় আসতে হয়। সেটা অসুবিধাও বটে। এইজন্য দূরতম জেলাগুলিতে চিকিৎসার বিশেষ বিশেষ ব্যবস্থাদি যদি রাখা যায় তাহলে আমাদের চিকিৎসা ব্যবস্থা আজকে সারা রাজ্য জুড়ে যে সুন্দর পরিকল্পনার কাঠামোর উদ্যোগ গ্রহণ করা হয়েছে সেটা আরো সুপরিকল্পনায়

এসে যাবে বলে আমি মনে করি। আমি সামগ্রিকভাবে এই বাজেটকে সমর্থন করছি এবং আমি আশা করি, যেভাবে আপনি নিয়ত স্বাস্থ্য দপ্তরের খুটিনাটি ব্যবস্থা করার কথা চিন্তাভাবনা করছেন তাতে আমি নিশ্চিত আগামী দিনে আমাদের রাজ্য আরো বেশি ফলপ্রসূ হবে, সেই আশা রেখে ধন্যবাদ জানিয়ে আমার বক্তব্য শেষ করছি।

শ্রী সুব্রত বক্সী : মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, পশ্চিমবঙ্গ সরকারের স্বাস্থ্য ও পরিবার কল্যাণ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী ডাঃ সূর্যকান্ত মিশ্র এবং রাষ্ট্রমন্ত্রী শ্রী প্রত্যুষ মুখার্জী ২০০১-২০০২ সালের যে বাজেট বরাদ্দ পেশ করেছেন তার আমি বিরোধিতা করি এবং আমাদের দল-সহ বিরোধীদের আনা কাট-মোশনকে সমর্থন করে দু-একটি কথা এই কক্ষে বলতে চাই। আমরা যারা এই সভায় নতুন এসেছি, স্বাভাবিকভাবেই কয়েকদিন যাবৎ এই সভায় বসে আমরা উল্লেখপর্বে এবং জিরো-আওয়ারে লক্ষ্য করে দেখলাম সরকারপক্ষের এবং বিপক্ষে যত সদস্য আছেন তাঁরা প্রতিনিয়ত যে যে এলাকা থেকে তাঁরা নির্বাচিত হয়ে এসেছে সেই সেই এলাকায় সাধারণ মানুষের স্বাস্থ্য পরিষেবার বেহাল অবস্থার কথা উল্লেখ করেছেন। তাতে নিশ্চিতভাবেই পশ্চিমবঙ্গে বামফ্রন্ট সরকার ক্ষমতায় থাকায় যদি ব্যর্থতার মাপকাঠি করা যায় তাহলে স্বাস্থ্য দপ্তরই প্রথম স্থান অধিকার করবে। স্বাস্থ্য দপ্তর পশ্চিমবাংলায় কম-বেশি ৮ কোটি মানুষের জন্য শুধুমাত্র সুপার স্পেশালিটি রেফারেন্স এস. এস. কে. এমের উপর দাঁড়িয়ে আছে। এ ছাড়াও অন্যান্য যেসব হাসপাতালগুলি আছে যেমন, ক্যালকাটা মেডিক্যাল কলেজ হসপিটাল, এন. আর. এস. হসপিটাল, চিত্তরঞ্জন ন্যাশনাল মেডিক্যাল কলেজ, আর. জি. কর মেডিক্যাল কলেজ, শম্ভুনাথ পণ্ডিত হাসপাতাল প্রভৃতি কোথাও সার্বিক অর্থে আধুনিক চিকিৎসা ব্যবস্থা আমরা পাইনি। জেলায় জেলায় স্বাস্থ্য দপ্তরের যে অবস্থা রয়েছে, সে প্রাথমিক স্বাস্থ্যকেন্দ্র থেকে শুরু করে মহকুমা স্বাস্থ্যকেন্দ্র এবং পরবর্তী পর্যায়ে জেলা সদর হাসপাতালের যা পরিস্থিতি তাতে স্বাভাবিকভাবেই কলকাতার উপর দিনের পর দিন চাপ বাড়ছে। একটু আগে মাননীয় সদস্য শ্রী রবীন ঘোষ মহাশয় বললেন, পি. জি. অর্থাৎ এস. এস. কে. এম. হাসপাতালেই এমমাত্র সিটি স্ক্যানের ব্যবস্থা আছে। স্বাভাবিকভাবেই সারা বাংলার বিভিন্ন প্রান্ত থেকে দুঃস্থ মানুষ ছাড়াও সবারই সরকার হয় অ্যাম্বুলেন্স করে লোক পাঠিয়ে এস. এস. কে. এম. হাসপাতালে আসতে সিটি স্ক্যানের জন্য। কিন্তু সারা দিন ঘুরে সময় পান না, চলে যান। এই কলকাতা শহরেই যারা থাকে তারাও সিটি স্ক্যানের জন্য এস. এস. কে. এম. হাসপাতালে আর্জি জানালে ৩/৪ মাস পর তাদের সময় পড়ে। ততদিনে পেসেন্ট আর বাঁচে না। শুধুমাত্র এস এস কে এম হাসপাতালেই সিটি স্ক্যান নেই, কিছুদিন আগে বাঙ্গুর ইনস্টিটিউট অফ নিউরোলজিতে এন. আর. আই. চিকিৎসা ব্যবস্থা চালু হয়েছে। স্বাভাবিকভাবেই সারা বাংলার যে চাপ তা কলকাতার এস. এস. কে. এম. হাসপাতালকে ভিত্তি করেই হবে। এখানে আপনি বাজেট ভাষণে বলেছেন—

[3.20—3.30 p.m.]

আপনি বাজেট ভাষণে বলেছেন, 'হাসপাতালে উন্নততর সুবিধার জন্য ক্রমবর্ধমান এই চাহিদার সঙ্গে সরকার একদিকে যখন সঙ্গতি রাখার প্রয়াস চালিয়ে যাবে, অন্যদিকে তেমনি

সীমাবদ্ধ আর্থিক সঙ্গতির মধ্যেও গ্রামাঞ্চলে এবং শহরগুলির অজস্র মানুষ, যাদের মধ্যে রয়েছে বেশ কিছু দারিদ্র্যসীমার নীচের মানুষ, তাদের চিকিৎসার প্রয়োজনকেও কোনোভাবেই উপেক্ষা করা হবে না।' এই যদি কাঠামো হয়ে থাকে শুধুমাত্র একটি হাসপাতালের তাহলে দারিদ্র্যসীমার নীচে যাঁরা বাস করেন তাঁদের সেবা কীভাবে হবে আমার জানা নেই। আপনি আপনার ভাষণে বলেছন, 'উন্নতমানের চিকিৎসার সুবিধা দেওয়ার জন্য বেসরকারি সংস্থাসমূহ বর্তমানে চালু থাকা হাসপাতাল চত্বরে আধুনিক সরঞ্জাম বসাচ্ছেন। সেখানে উল্লেখ করেননি কোন কোন হাসপাতাল বসাচ্ছে। রবীনবাবু বলার চেষ্টা করলেন যে জেলা হাসপাতালে স্ক্যান মেশিন বসানোর চেষ্টা করছেন কিন্তু অনেক জেলা হাসপাতাল আছে যেখানে ই. সি. জি. মেশিন পর্যন্ত নেই। আপনি আপনার ভাষণে বলেছেন যে, ক্যালকাটা মেডিক্যাল কলেজ হাসপাতালে একটি সি. টি. স্ক্যান মেশিন বসানো হবে। আমরা দীর্ঘদিন ধরেই শুনছি ক্যালকাটা মেডিক্যাল কলেজ হাসপাতালে সি. টি. স্ক্যান মেশিন বসবে কিন্তু বাস্তবে ঠিক কতদিনের মধ্যে এই মেশিন বসবে আশা করি আপনার জবাবি ভাষণে তা বলবেন। তা না হলে আমরা বুঝব লেখাটা শুধু লেখার মধ্যেই সীমাবদ্ধ থাকবে, বাস্তবে তা হবে না।' আপনার এই 'অদূর ভবিষ্যতে' কবে হবে সেটা দয়া করে বলবেন। আপনি বলেছেন, অনগ্রসর এলাকা যেমন বাঁকুড়া, বর্ধমান, উত্তরবঙ্গ মেডিক্যাল কলেজে সরকারের শর্তাবলী মেনে বেসরকারি সংস্থার দ্বারা যন্ত্রপাতি বসানো হবে 'অদূর ভবিষ্যতে'। এখানেও এই 'অদূর ভবিষ্যৎ' কবে হবে সেটা জানলে জেলার মানুষরা উপকৃত হবেন। গত ২৪ বছর ধরে আপনারা ক্ষমতায় থেকেও এখানে আগে থেকে যে স্ট্রাকচারটি ছিল তার উপর বাড়তি কিছু করতে পারেননি। কলকাতা-সহ বিভিন্ন জেলার সরকারি হাসাপাতালগুলিতে আপনারা সব রকম সরঞ্জাম দিতে পারেননি। আপনারা যেটা করেছেন সেটা হচ্ছে গুটিকতক নার্সিং হোম করে দিয়েছেন যাতে ব্যবসাদাররা এই নিয়ে ব্যবসা করতে পারে। সেই সুযোগ আপনারা তাদের করে দিয়েছেন। কলকাতা এবং তার উপকণ্ঠে আমরা তাই দেখছি ওই পিয়ারলেস হাসপাতাল, ডানকান, অ্যাপোলো, রুবি জেনারেল হাসপাতাল, বি. এম. বিড়লা, কোঠারি হাসপাতাল—এসবই আপনাদের বদান্যতায় তৈরি হয়েছে। কোথাও তাদের জমি দিয়েছেন, কোথাও আর্থিক সহায়তা দিয়েছেন। কিন্তু সেখানে নিজেরা কিছু করে উঠতে পারেননি। কলকাতার এই অবস্থা, জেলাগুলির অবস্থা আরও করুণ। সদর হাসপাতাল যেগুলি রয়েছে সেইসব সদর হাসপাতালগুলিতে এক একটা বেডে দুজন করে কোথাও কোথাও তিনজন করে পেসেন্ট রাখা হয়। অথচ আপনি আপনার বাজেট ভাষণে বলছেন যে নতুন কোনো হাসপাতাল হবে না, নতুন করে বেড বৃদ্ধি হবে না। স্বাভাবিকভাবেই একটা পেসেন্ট যার অবস্থা খুব খারাপ তার পাশে যে পেসেন্টটি শুয়ে থাকে তার মানসিক অবস্থাটা কী হতে পারে সহজেই অনুমেয়। দক্ষিণ ২৪-পরগনার সদর হাসপাতালের কথা মাননীয় সদস্য সুভাষবাবু বললেন। তিনি বললেন, কলকাতার উপকণ্ঠে অবস্থিত এম. আর. বাঙুর হাপাতালকে যদি কলকাতা শহরের হাসপাতাল বলে চিহ্নিত করা হয় তাহলে জেলার জন্য আর একটি হাসপাতাল হওয়া দরকার। দক্ষিণ ২৪-পরগনার জেলা সদর হাসপাতালটি যদি কলকাতার উপকণ্ঠে থাকার জন্য কলকাতার হাসপাতাল বলে চিহ্নিত হয় তাহলে দুটি

যে সাবডিভিশনাল হাসপাতাল আছে—ডায়মণ্ডহারবার সাবডিভিশনাল হাসপাতাল এবং বেহালার বিদ্যাসাগর হাসপাতাল তার দিকে বিশেষভাবে দৃষ্টি দেওয়া দরকার। গত ১৫ জুলাই স্টেটসম্যান পত্রিকাতে একটি আর্টিকেল বেরিয়েছিল—Amtala Hospital on sickbed. In 1987, Mr. Jyoti Basu had inaugurated the Hospital. He had said the Hospital would have all modern facilities very soon. In election campaign, before the three Assembly polls since 1987, the CPI-M doled out promises to modernise the Hospital after the polls. The modernisation never happened. রাজ্যের স্বাস্থ্য ব্যবস্থা উন্নয়ন প্রকল্প অনুসারে '৯৬ সালের ২৬শে জানুয়ারি বাজেটের টাকায় যে ৯৪টি হাসপাতালকে উন্নীত করার কথা ছিল তার মধ্যে এই আমতলা হাসপাতালটির কথাও বলা আছে। কিন্তু আমরা দেখছি সেখানে নানান রকমের সুযোগ-সুবিধা থাকা সত্ত্বেও প্যাথলজি ইউনিট থেকে শুরু করে ডাক্তারের পর্যন্ত সঠিক ব্যবস্থা নেই। গ্রামগঞ্জের হাসপাতালগুলির আজকে এমনই অবস্থা যে স্বাস্থ্যকেন্দ্রগুলিতে শুধুমাত্র একটি করে লিস্ট টাঙানো থাকছে এবং তাতে সদর হাসপাতালের ডিসটেন্স এবং তার জন্য অ্যাম্বুলেন্স ভাড়া কত সেটা লেখা থাকছে। সেখানে পেসেন্ট আসলে তাকে চার্ট দেখিয়ে ভাড়া দিয়ে অ্যাম্বুলেন্স ডেকে তুলে দেওয়া হচ্ছে।

পরিশেষে বলি, আপনি চিত্তরঞ্জন ক্যানসার হসপিটালের কথা বলতে গিয়ে আপনি গর্ব অনুভব করেছেন যে, কলকাতার চিত্তরঞ্জন ক্যানসার হসপিটাল জাতীয় ক্যানসার গবেষণা কেন্দ্র এবং ওই কেন্দ্র ক্যানসার চিকিৎসায় পীঠস্থান হিসাবে কাজ করে। কিন্তু আপনারা যখন চিত্তরঞ্জন ক্যানসার হসপিটালের ব্যাপারে সেন্ট্রাল গভর্নমেন্টের কাছে দাবি রাখেন তখন নন-প্ল্যান খাতে সেন্ট্রাল গভর্নমেন্ট দেবেন ৪৫ পারসেন্ট এবং আপনারা দেবেন ৫৫ পারসেন্ট, এই দাবি রেখে তার মালিকানা রাখেন। এখন স্ট্যান্ডিং ফিনান্স কমিটি থেকে যে টাকার স্যাংশন দেওয়া হয় তার ৫৫ পারসেন্ট আপনাদের দেবার কথা, ৪৫ পারসেন্ট সেন্ট্রাল গভর্নমেন্টের দেবার কথা। কিন্তু দেখুন, ১৯৯৯-২০০০ সালে অ্যাপ্রুভ হয়েছিল ৮৮৩ লক্ষ টাকা। তার মধ্যে গভর্নমেন্ট অফ ইন্ডিয়া দিয়েছেন ৩৯৭ লক্ষ টাকা। ওয়েস্ট বেঙ্গলের দেবার কথা ছিল ৪৮৬ লক্ষ টাকা, কিন্তু দিয়েছেন ৩৩৭ লক্ষ টাকা। অর্থাৎ ১৪৮ লক্ষ টাকা আপনাদের শর্টফল হয়েছে। একইভাবে ২০০০-২০০১ সালে আপনাদের দেবার কথা ছিল ৫৫০ লক্ষ টাকা, সেখানে দিয়েছেন ৩২৫ লক্ষ টাকা। অর্থাৎ ২১৪ লক্ষ টাকারও বেশি শর্টফল হয়েছে আপনাদের। এভাবে আজকে আমাদের গর্বের চিত্তরঞ্জন জাতীয় ক্যানসার চিকিৎসা কেন্দ্রটি অবলুপ্তির পথে। পয়সা দিয়েও সেখানে ওষুধ পাওয়া যায় না, কেমো দেওয়া যায় না। তার জন্য এই স্বাস্থ্য বাজেটের বিরোধিতা করে কাট-মোশনকে সমর্থন করে বক্তব্য শেষ করছি।

শ্রী পূর্ণেন্দু সেনগুপ্ত : মাননীয় চেয়ারম্যান মহাশয়, আমি স্বাস্থ্য খাতের বরাদ্দকে সমর্থন জানাচ্ছি। সমর্থন জানাচ্ছি এইজন্য, কারণ পশ্চিমবঙ্গের ৭০ শতাংশ মানুষ আজকে সরকারি হাসপাতালগুলিতে চিকিৎসার সুযোগ পান। ভারতবর্ষের অন্য কোনো রাজ্যে এত বেশি সংখ্যক মানুষ সরকারি হাসপাতালে চিকিৎসার সুযোগ পান না। আমরা জানি,

আমাদের রাজ্যে হাসপাতালের শয্যাসংখ্যা অনেক বেশি বেড়েছে। আগে এই শয্যাসংখ্যা ছিল ৯,৮৩৮, এখন বেড়ে ৬০,০০০-এর মতো হয়েছে। কিন্তু আমাদের কিছু কিছু ত্রুটি-বিচ্যুতি রয়েছে। আমাদের রাজ্য প্রাথমিক স্বাস্থ্য পরিষেবা এবং রোগ প্রতিরোধ পরিষেবাতেও উল্লেখযোগ্য সাফল্য লাভ করেছে। তবে চিকিৎসার ক্ষেত্রে সামগ্রিক ব্যবস্থায় কিছু কিছু ত্রুটি-বিচ্যুতি আমাদের রয়েছে। যেমন, মফস্বল থেকে যদি কোনো রোগীকে কলকাতার হাসপাতালে রেফার করা হয় তাহলে আমরা দেখতে পাই তারা পি জি হাসপাতালে যান, কিন্তু বেড পান না। বেড না পেয়ে তারা তারপর মেডিক্যাল কলেজে যান, কিন্তু সেখানেও বেড পেলেন না। সেখান থেকে অন্য কোনো হাসপাতালে গিয়ে তারা ভর্তি হন। এই অবস্থা দূরীকরণের জন্য মাননীয় স্বাস্থ্যমন্ত্রীকে অনুরোধ জানাচ্ছি। আজকেই একরম ঘটনা ঘটেছে, উত্তরবঙ্গ থেকে একটিয় ১০-১২ বছরের ছেলে লরিতে একটি হাত জখম হয়ে কলকাতায় এসেছে। প্রথমে তাকে পি জি-তে নিয়ে যাওয়া হয়েছে, কিন্তু বেড পায়নি। পি জি থেকে থাকে মেডিক্যাল কলেজে নিয়ে যাওয়া হয়েছে পি জি রেফার করায়, কিন্তু সেখানেও তাকে ভর্তি করা যায়নি। সেখান থেকে তাকে চিত্তরঞ্জন হাসপাতালে রেফার করা হয়েছে। চিত্তরঞ্জনে তাকে ভর্তি হবার পর তার আত্মীয়দের বলেছেন—আগে আনতে পারলেন না, তিনদিন আগে আনলে হাতটা কেটে বাদ দিতে হত না। এই ধরনের ঘটনা বামফ্রন্ট সরকারের আমলে যত কম হয় ততই মঙ্গল। আমি জানি এই বিভাগে কাজ করতে অনেক অসুবিধা আছে। বামফ্রন্ট সরকার ১৯৫১ সালে ক্লিনিকাল এস্টাবলিশমেন্ট অ্যাক্ট যা ছিল তার পরিবর্তন করেছেন। তার ফলে আমাদের রাজ্যে বেসরকারি হাসপাতাল এবং নার্সিং হোমগুলি যে ধরনের কাজকর্ম করত সেটা বন্ধ হবে এবং তার ফলে জনসাধারণের সুবিধা হবে। এর সঙ্গে সঙ্গে আমি বলতে চাই, কেন্দ্রীয় সরকার বুনিয়াদি প্রকল্পে ন্যূনতম যে পরিষেবা—বি এম এফ, তাতে টাকা দেওয়া বন্ধ করে দিয়েছেন। তবে আমাদের অর্থমন্ত্রীর কাছ থেকে কিছু কিছু সাহায্য সেটা পাচ্ছেন।

[3.30—3.40 p.m.]

আমরা জানি বিশ্বব্যাংক আমাদের কিছু সাহায্য করেছে। কিন্তু বিশ্বব্যাংক যে টাকা আমাদের সাহায্য করেছে, বিশেষ করে বিভিন্ন হাসপাতালে যে যন্ত্রপাতি যাচ্ছে সেই যন্ত্রপাতিগুলির ব্যাপারে সেই হাসপাতালের সুপার জানেন না যে কী যন্ত্রপতি আছে। মেদিনীপুর জেলা হাসপাতালে আমি খবর নিয়ে দেখেছি সেখানে ৫৬টি মেশিন পাঠানো হয়েছে, তিনি চেনেন না যে কী মেশিন পাঠিয়েছে। সেই মেশিনগুলির ভেতর ৩৩টি মেশিন ইন্সটলেশন করা যায়নি। সেখানে ৭০টি টেবিল, ১০০টি আলমারি পাঠিয়েছে। এই ধরনের অপচয় বন্ধ করতে হবে। আমি আর একটা ব্যাপারে মাননীয় মন্ত্রী মহাশয়কে অনুরোধ করব, আলিপুরদুয়ার যে মহকুমা হাসপাতাল রয়েছে সেটাকে যদি জেলা হাসপাতালে উন্নীত করা যায় তাহলে সুবিধা হয়। আলিপুরদুয়ারে মহকুমা হাসপাতালে যদি কোনো জটিল রোগী আসে তাহলে দেখা যায় যে তাদের কলিকাতায় রেফার করতে হয়, অথবা নর্থ বেঙ্গল

মেডিক্যাল কলেজে যেতে হয়, কারণ জলপাইগুড়ির দূরত্ব বেশি। আলিপুরদুয়ার মহকুমা হাসপাতালের কিছুটা সুযোগ-সুবিধা বাড়িয়ে দিয়ে জটিল রোগ নিরাময়ের ক্ষেত্রে আধুনিক যন্ত্রপাতি যেসব বার হয়েছে সেইগুলি দিয়ে যদি জেলা হাসপাতালে উন্নীত করা যায় তাহলে আলিপুরদুয়ার মহকুমার অধিবাসীরা উপকৃত হবে। আমি বিরোধীদের মতো এই কথা মনে করি না যে পশ্চিমবাংলার স্বাস্থ্য পরিষেবা ভেঙে পড়েছে, সমস্ত গেল গেল রব উঠেছে। পশ্চিমবাংলার স্বাস্থ্য পরিষেবার বিরাট পরিকাঠামো—প্রথমে প্রাইমারি হেল্থ সেন্টার, তারপর ব্লক হেল্থ সেন্টার তারপর মহকুমা হেল্থ সেন্টার এবং তারপর জেলা হাসপাতাল। পশ্চিমবাংলায় হাসপাতালের সংখ্যা প্রায় ১০ হাজারের মতো, ৯৮০৮টি হাসপাতাল আর্থিক সমীক্ষায় রয়েছে। এই স্বাস্থ্য পরিষেবা সচল রাখতে সকলের সহযোগিতা কাম্য। শুধু সমালোচনা করলেই হবে না, এই ত্রুটি কীভাবে সংশোধন করা যায় সেই দিকে সচেষ্ট হতে হবে। আমাদের এখানকার মধ্যবিত্তদের যে মানসিকতা—আমাদের পশ্চিমবাংলায় ভালো চিকিৎসক আছেন, ভালো পরিবেশ আছে—তবুও আমাদের রাজ্য থেকে চিকিৎসা করাতে বাইরে চলে যান, অন্য রাজ্যে চলে যান। আমাদের এই যে ঘাটতি এই ঘাটতি পূরণের জন্য সকলে একসঙ্গে প্রচষ্টা শুরু করতে হবে এবং সেটা আমরা নিশ্চয়ই পারব। আমরা তো আমাদের পশ্চিমবাংলায় জন্মের হার কমাতে পেরেছি, আমাদের এখানে শিশুমৃত্যুর হার কমাতে পেরেছি। সেই দিক থেকে আমি বলব আমাদের এখানে স্বাস্থ্য পরিষেবা মোটেই খারাপ নয়। ম্যালেরিয়া যখন হচ্ছিল তখন আপনারা চিৎকার করছিলেন। কিন্তু সেই সময় ২ বছর আগে যখন আমাদের কলিকাতায় এবং মফঃস্বল গ্রামগুলোতে ম্যালেরিয়ার প্রাদুর্ভাব দেখা দিয়েছিল, আপনারা জানেন ম্যালেরিয়া রোগ প্রতিরোধ করার জন্য কেন্দ্র থেকে যে তেল আসত সেই তেল তারা বন্ধ করে দিল। আমাদের সেই রকম পরিকাঠামো ছিল না, তা সত্ত্বেও সেই দিন ম্যালেরিয়া প্রতিরোধ করার জন্য স্বাস্থ্য দপ্তরের কর্মীরা এবং আধিকারিকবৃন্দ চিকিৎসকবৃন্দ কষ্ট করে তাকে প্রতিরোধ করেছে। আমরা দেখেছি আমাদের এখানে যে প্রাকৃতিক দুর্যোগ হয় সেই দুর্যোগকে মোকাবিলা করবার জন্য এই স্বাস্থ্য দপ্তরের তত্ত্বাবধানে গ্রাম এলাকায় বা শহর এলাকায় যেখানে যে ঘটনা ঘটেছে সেখানে তারা ছুটে গিয়েছে। সেখানে আন্ত্রিক হয়নি, সেখানে কলেরা হয়নি, সেখানে মহামারি ছড়িয়ে পড়েনি। এ স্বাস্থ্য দপ্তরকে দিয়ে নিশ্চয়ই আমরা কাজ করাতে পারব। আমাদের যে ডাক্তারবাবুরা আছেন, চিকিৎকরা আছেন তাদের মানসিকতার পরিবর্তন করতে হবে। যে কাজ সদর হাসপাতালে করা যায়, মহকুমা হাসপাতালে করা যায় তার জন্য কেন আমরা কলিকাতায় রেফার করব ?

আমি পরিশেষে মাননীয় স্বাস্থ্যমন্ত্রীর কাছে বদলির ব্যাপারে একটা অনুরোধ করব। বদলির ব্যাপারে যে প্রশ্ন উঠছে, কাদের বদলি করা হবে ? সমস্ত কর্মরত চিকিৎসকদের স্বাস্থ্যকেন্দ্রগুলিতে পাঠিয়ে স্বাস্থ্যকেন্দ্রগুলিকে সচল করা হোক। কোথাও যেন কোনো ডাক্তারবাবু বসে না থাকেন এটা দেখা দরকার। আমরা চুক্তির ভিত্তিতে যেমন ডাক্তার নিয়োগ করছি, হেল্থ সার্ভিসের মাধ্যমে যেমন করছি, তেমনিভাবে পি. এস. সি-র মাধ্যমেও নিয়োগ করতে হবে। সুষ্ঠুভাবে এবং সঠিকভাবে বদলী করবার জন্য আমি মাননীয়

স্বাস্থ্যমন্ত্রীকে অনুরোধ জানাই। আমি বিরোধীদের আনা কাট-মোশানের বিরোধিতা করছি এবং বাজেটকে সমর্থন করে আমার বক্তব্য শেষ করছি।

শ্রী মুস্তাক আলম : মাননীয় চেয়ারম্যান, স্যার, আমি আপনার মাধ্যমে স্বাস্থ্য দপ্তরের মন্ত্রী মহোদয় যে বাজেট পেশ করেছেন তার বিরোধিতা করছি এবং সেই সাথে সাথে কংগ্রেস সহ বিরোধী দলের আনীত যে কাট-মোশান, তাকে সমর্থন করে কিছু কথা এখানে তুলে ধরছি। এখানে এতক্ষণ ধরে শাসকদলের সদস্যরা বলেছেন। ওঁদেরকে বলতেই হবে। দলীয় হুইপ মেনে বলতে হবে। কিন্তু পশ্চিমবাংলার স্বাস্থ্য ব্যবস্থা কেমন আছে ? আমরা যারা বিধানসভার সদস্য, আমরা যে মেডিক্যাল বিল সাবমিট করি, দয়া করে সেগুলোকে পরীক্ষা করলেই আমরা বুঝতে পারব, আমরা যে যাই বলি না কেন, পশ্চিমবাংলায় হাসপাতালের প্রতি আমাদের কারও আস্থা নেই, বিশ্বাস নেই। এটাই জাজ্জ্বল্য প্রমাণ। এগুলো পরীক্ষা করে দেখলে বোঝা যাবে, আমরা কি চাইছি, কেন আমরা বিরোধিতা করছি। ক'টা হাসপাতাল বাড়ল, ক'টা বেড আছে, তার জন্য আমরা বিরোধিতা করছি না। আমরা জানি, বিশ্বব্যাংক আমাদের ৬০০ কোটি টাকা দিয়েছিল আমাদের হেল্‌থ সিস্টেমকে পুরো পরিবর্তন করার জন্য। তিন বছরের মধ্যে এই টাকাটা খরচ করার কথা ছিল। ১৯৯৬ সালের জুন থেকে এর কাজটা শুরু হয়েছে। তিন বছরে খরচ হয়নি বলে সময়টা বাড়ানো হয়েছে। এই টাকা দিয়ে হাসপাতালের বিল্ডিং থেকে শুরু করে যন্ত্রপাতিও কেনার কথা ছিল। অনেক জায়গায় বিল্ডিং নিশ্চয়ই হয়েছে। হয়নি তা বলব না। কিন্তু বিল্ডিংগুলো হ্যান্ডওভার করার আগেই ভেঙে পড়ছে, ছাদ থেকে জল পড়ছে। আমার হরিশ্চন্দ্রপুরে সেই অবস্থা হয়েছে। শুধু তাই নয়, বিভিন্ন হাসপাতালে মেশিন, ইকুইপমেন্টগুলো পাঠানো হয়েছে, কিন্তু কোনো লোক, কোনো টেকনিশিয়ান পাঠানো হল না। দামি দামি যন্ত্রগুলো সব ব্যবহার না করার ফলে নষ্ট হয়ে যাচ্ছে। সেদিক সরকারের কোনো নজর নেই। পাশাপাশি, বিশ্বব্যাংকের টাকায় বিভিন্ন হাসপাতালে অ্যাম্বুলেন্স কিনে দেওয়া হয়েছে, কিন্তু পেশেন্টের যাতায়াতের সংখ্যা কমে যাচ্ছে। অ্যাম্বুলেন্সের স্টাফ, ডাক্তারবাবু তাঁরা আসছেন যাচ্ছেন, মাইনে তুলছেন। এগুলো হচ্ছে। বিশ্বব্যাংকের টাকায় ডাক্তারদের ট্রেনিংয়ের জন্য বাইরে পাঠানো হচ্ছে। সম্প্রতি একটা টীম জাপান ঘুরে আসলেন। চিকিৎসক যাঁরা ট্রেনিং নেবেন, তাঁদের সেখানে পাঠানো হচ্ছে না। সভাধিপতিদের পাঠানো হচ্ছে। তাঁরা ঘুরে এসে নিশ্চয়ই চিকিৎসা করবেন না। এটা দেখা দরকার। শুধু তাই নয়, খুব অল্পদিনের মধ্যেই দেখছি, এ জি বেঙ্গল বিজয়গড় স্টেট জেনারেল হাসপাতালের ব্যাপারে ১৪ লক্ষ ৬৫ হাজার টাকার গরমিল ধরেছে। তারা সরকারকে তদন্ত করবার জন্য বলেছে। সরকারি টাকা যদি এইভাবে নয়ছয় হয় তাহলে বলার কিছুই থাকে না।

[3.40—3.50 p.m.]

আজকে সত্যি সত্যি বলতে গেলে স্বাস্থ্য ব্যবস্থা যদি ভালো থাকত তাহলে দক্ষিণ ভারতে কেন পেশেন্টদের চলে যেতে হচ্ছে, সরকারি হাসপাতালে পেশেন্ট নেই। সরকারি হাসপাতালে এক একটা বেডে ২ জন ৩ জন করে শুতে হচ্ছে। আপনারা বলছেন ওষুধপত্র

ঠিকমতো আছে, কিন্তু আমরা বলছি ওষুধ ঠিকমতো যাচ্ছে না, ওষুধ নেই বলতে গেলেই হয়। তারপরে সবচেয়ে বড় কথা হচ্ছে হাসপাতালগুলো নিট অ্যান্ড ক্লিন নয়। আমাদের অর্থাৎ বাইরের লোকেরা হাসপাতালে গেলে নাকে রুমাল দিয়ে ঢুকতে হয়। তাহলে হাসপাতালে পেশেন্ট যারা রয়েছে তাদের অবস্থা কি অনুমান করুন। সুতরাং এইদিকটা আপনার নজর দেওয়ার দরকার আছে। বর্তমানে যে স্ট্রাকচার আছে সেই স্ট্রাকচারে চলে যাবে কিন্তু পঞ্চায়েতের হাতে দিয়ে দিলে পঞ্চায়েতের সভাধিপতি, সভাপতিদের এত কাজ এবং এত কমিটির সঙ্গে যুক্ত যে নতুন করে স্বাস্থ্য দপ্তরের দায়িত্ব দেওয়া হয় তাহলে যে কটা চেয়ার, টেবিল, বেঞ্চ আছে সেগুলো আর হাসপাতালে থাকবে না। সব বাইরে চলে যাবে। তারপরে রুরাল হসপিটালে বাউন্ডারি ওয়াল নেই। স্বাস্থ্য দপ্তরের যে পরিকাঠামো, সেই পরিকাঠামো বলে আর কিছুই নেই। সেখানে জেলার হাসপাতালগুলিতে হেল্‌থ কমিটির মিটিং বসে না। সি. এম. ও. এইচের পরিবর্তে সভাধিপতি তার দায়িত্ব পালন করেন। তারপরে মেডিসিন কিনতে হলে আমরা দেখতে পাই আপনারা নিজেদের লোকেদেরই বরাত পাইয়ে দেন। পাশাপাশি সরকারি পক্ষ থেকে শুনে থাকি যে, আমরা বেসরকারিকরণের বিরুদ্ধে, কিন্তু আমরা দেখতে পাচ্ছি কলকাতার ন্যাশনাল মেডিকেল কলেজ, মেডিকেল্ কলেজ এবং পি. জি. হাসপাতাল—এই ৩টে হাসপাতালে বেসরকারি করার অর্থ কিছু সংস্থাগুলোত যেমন গ্রুপ 'ডি' স্টাফের ক্ষেত্রে প্রাইভেটাইজেশান করা হয়েছে। তার কাজ আপনারা ইতিমধ্যেই শুরু করে দিয়েছেন। আপনারা বলেন কেন্দ্রীয় সরকারের প্রাইভেটাইজেশানের আপনারা বিরুদ্ধে কিন্তু আপনারা নিজেরা কি করতে যাচ্ছেন দেখুন। একে তো নিজেদের লোককে ঢোকাচ্ছেন ফলে ডাক্তাররা কাজ করতে পারছেন না। ইউনিয়নবাজীদের দৌরাত্ম্যে কাজ বন্ধ হবার জোগাড়। এইভাবে গ্রুপ ডি স্টাফে প্রাইভেটাইজেশান করে আপনারা সমস্ত হাসপাতালটাকেই প্রাইভেটাজেশান করতে চাইছেন। গ্রুপ ডি-তেও আপনারা নিজেদের লোককে ঢোকাচ্ছেন। আপনারা তো চিৎকার করে বলেন যে, স্বাস্থ্যই হচ্ছে সম্পদ এবং সেখানে বলা হয়ে থাকে মানব সম্পদ হচ্ছে শ্রেষ্ঠ সম্পদ। সেই মানব সম্পদ স্বাস্থ্যের ক্ষেত্রে যেখানে এত ইনভেস্ট হচ্ছে সেগুলো যাচ্ছে কোথায়। কেন্দ্রীয় সরকার মানব সম্পদের উপরে একটা আলাদা দপ্তর করেছেন, সবাই তার উপরে গুরুত্ব দিয়েছেন। কিন্তু আমাদের এখানে স্বাস্থ্যের পরিকাঠামো না থাকায় কি লাভ হবে এসব করে ? সেই কারণে মাননীয় মন্ত্রীর বাজেট বরাদ্দের বিরোধিতা নিঃসন্দেহে আমি করছি কিন্তু সেই সাথে বলছি যে, যতটুকু জানি পঞ্চায়েত দপ্তর এই মন্ত্রী থাকাকালীন অত্যন্ত দৃঢ়তার সঙ্গে কাজ করেছেন। তিনি এর আগেও সতর্কতার কথা বলেছেন। কিন্তু আজকে সেই সতর্কতার বিষয়ে সন্দেহ আছে, প্রশ্ন আছে। তা আমাদের গান্ধীজি বলেছিলেন জনগণই শেষ কথা বলবে, মাও সে তুং বলেছিলেন বন্দুকের নলই শেষ কথা বলবে, অরে লেনিন বলেছিলেন পার্টিই শেষ কথা বলবে। সুতরাং সেই পার্টির শেষ কথার বাইরে চলে এসে আসুন, কিছু করতে পারলে করুন। এই কথা বলে এই ব্যয়বরাদ্দের বিরোধিতা করে আমাদের আনা কাট-মোশানকে সমর্থন করে আমার বক্তব্য শেষ করছি। ধন্যবাদ।

ডাঃ কামরে ইলাহি : মাননীয় চেয়ারম্যান স্যার, আমি স্বাস্থ্য দপ্তরের ভারপ্রাপ্ত মন্ত্রী ডাঃ সূর্যকান্ত মিশ্র এবং রাষ্ট্রমন্ত্রী শ্রী প্রত্যুষ মুখার্জী যে ২০০০-২০০১ সালের ৩২, ৩৩, ৩৪নং দাবির উপরে বাজেট বিবৃতি পেশ করেছেন আমি তাকে পূর্ণ সমর্থন করে বিরোধীদের আনা ছাঁটাই প্রস্তাবের বিরোধিত করে মাননীয় সদস্যদের কাছে কিছু নিবেদন করছি। মাননীয় চেয়ারম্যান স্যার, আপনি জানেন যে, প্রাথমিক স্বাস্থ্য পরিষেবা রোগ-প্রতিরোধ চিকিৎসায় উল্লেখযোগ্য সাফল্য অর্জন করেছে। স্বাস্থ্য দপ্তরের যে পরিকাঠামো রয়েছে সেই পরিকাঠামো পরিপূর্ণ এবং পরিপূর্ণ উৎকর্ষ। The infrastructure of Health care system is comprehensive, infrastructure of Health care system is accessible, infrastructure of Health care system is acceptable, infrastructure of Health care system is providing scope for community participation.

আমাদের রাজ্যে যে স্বাস্থ্য পরিষেবা করা হয়েছে তা তিনটি মৌলিক নীতির উপরে রচিত হয়েছে। একটা হচ্ছে স্বাস্থ্য ব্যবস্থার ইমপ্লিকেশান, স্বাস্থ্য ব্যবস্থার ডি-সেন্ট্রালাইজেশন, স্বাস্থ্য ব্যবস্থার রূপায়ণ-এ পিপিলস অ্যাকটিভ পার্টিসিপেশন। আমরা যদি পরিকাঠামোগত বিশ্লেষণ করতে চাই তাহলে আমরা দেখব প্রতি গ্রামে একজন করে প্রশিক্ষিত দাই রয়েছেন। প্রশিক্ষিত দাইকে আমরা দেখেছি জুতো সেলাই থেকে চণ্ডীপাঠ পর্যন্ত করেন। প্রসূতি মাকে তেল মাখানো থেকে শুরু করে গর্ভকালীন টিকাকরণ-এর ব্যবস্থা করা এবং প্রসূতিকালীন যে পরিষেবা দরকার তারা তা দিতে পারেন। আমরা সরকারিভাবে তাদের যে স্বীকৃতি দিতে পেরেছি সেটা কেবল নামমাত্র। এক হাজার জনসংখ্যায় একজন করে কমিউনিটি হেল্‌থ গাইড রয়েছে। স্যার, আপনি জানেন ৪২ হাজার কমিউনিটি হেল্‌থ গাইড রয়েছে। এই কমিউনিটি হেল্‌থ গাইডরা বিভিন্ন স্বাস্থ্য পরিষেবার সঙ্গে যুক্ত থাকেন, নিয়মিতভাবে যুক্ত থাকেন। এরা পালস পোলিও থেকে শুরু করে বিভিন্ন ইম্যুনাইজেশান প্রোগ্রাম তারা করেন এবং গ্রামে যদি ডাইরিয়া হয় তাহলে তার চিকিৎসা করা থেকে শুরু করে প্রয়োজনে তাঁকে হাসপাতালে নিয়ে যাওয়া পর্যন্ত এই বিভিন্ন স্বাস্থ্য পরিষেবার কাজ তারা করে থাকেন। অথচ তাদের সাম্মানিক হিসাবে যেটা দেওয়া হয় তা মাত্র একশত টাকা। তবে এদের সাম্মানিক ভাতা বৃদ্ধি করে আরো নিবিড়ভাবে গ্রামীণ স্বাস্থ্য পরিষেবার কাজে যদি নিযুক্ত করা যায় তাহলে গ্রামীণ স্বাস্থ্য পরিষেবার উন্নতি হতে পারে বলে বিশ্বাস করি। এছাড়া প্রতি ৫ হাজার জনসংখ্যা পিছু একটি করে উপস্বাস্থ্যকেন্দ্র রয়েছে। প্রত্যন্ত এলাকায় ও আদিবাসী অধ্যুষিত এলাকায় ৩ হাজার জনসংখ্যা পিছু একটি করে উপ-স্বাস্থ্যকেন্দ্র রয়েছে। এই উপ-স্বাস্থ্যকেন্দ্রে একজন করে মহিলা স্বাস্থ্যকর্মী ও একজন করে পুরুষ কর্মী রয়েছেন। এই উপ-স্বাস্থ্য কেন্দ্রগুলি হল গ্রামীণ স্বাস্থ্য পরিষেবার প্রাণ কেন্দ্র। ওরা খালি স্বাস্থ্য পরিষেবার কাজই করে না, রোগীর পুষ্টি, শিক্ষা ইত্যাদি নানান বিষয়ে মানুষকে তারা সচেতন করেন। আপনারা জানেন, প্রতি ৩০ হাজারে জনসংখ্যার ভিত্তিতে রয়েছে একটি করে প্রাথমিক স্বাস্থ্যকেন্দ্র। অবশ্য প্রত্যন্ত এলাকায়, আদিবাসী অধ্যুষিত এলাকায় একটি করে প্রাথমিক স্বাস্থ্যকেন্দ্র রয়েছে ২০ হাজার জনসংখ্যা পিছু একটি করে স্বাস্থ্যকেন্দ্র আছে। এই প্রাথমিক স্বাস্থ্যকেন্দ্রে একজন চিকিৎসক থাকেন,

একজন আছেন পুরুষ কর্মী, একজন মহিলা কর্মী, একজন ফার্মাসিস্ট এবং অন্যান্য স্বাস্থ্য কর্মীরা থাকেন। পশ্চিমবাংলার সরকারের যে স্বাস্থ্য পরিষেবা রয়েছে তাতে এই প্রাইমারি হেল্‌থ সেন্টারগুলি হচ্ছে কিউরেটিভ চিকিৎসা ব্যবস্থার জন্য। শুধু কিউরেটিভ নয়, প্রিভেনটিভ অ্যাসপেক্ট-এ দেখা হয়। এছাড়া প্রতি ব্লকে একটি করে ব্লক প্রাথমিক স্বাস্থ্যকেন্দ্র আছে। গ্রামীণ স্বাস্থ্যকেন্দ্রের মূল স্তম্ভ হচ্ছে যে সমস্ত ব্লকে প্রাথমিক স্বাস্থ্যকেন্দ্র আছে তার আধিকারিকরা যত এফিসিয়েন্ট হবে, সেই ব্লকের গ্রামীণ স্বাস্থ্য পরিষেবা তত ভাল হবে। এর উপরে রয়েছে, মহকুমা হাসপাতাল, জেলা হাসপাতাল, স্টেট জেনারেল হসপিটাল, মেডিকেল কলেজ হাসপাতাল এবং স্পেশালাইজড হাসপাতাল। আমরা যদি স্বাস্থ্য ব্যবস্থার ইভ্যালুয়েশন করতে চাই তাহলে আমাদের তিনভাগে ইভ্যালুয়েশন করতে হবে। প্রথম হচ্ছে, ইভ্যালুয়েশন অফ স্ট্রাকচার, দ্বিতীয় হচ্ছে ইভ্যালুয়েশন অফ প্রসেস, তৃতীয় হচ্ছে ইভ্যালুয়েশন অফ আউটকাম। স্ট্রাকচারাল ইভ্যালুয়েশন করতে গিয়ে আমরা দেখতে পাচ্ছি, পশ্চিমবাংলায় স্বাস্থ্য পরিষেবার যে বিশাল ইনফ্রাস্ট্রাকচার রয়েছে, আমাদের মতো দেশে, ভারতবর্ষের আর কোনো রাজ্যে এই রকম ইনফ্রাস্ট্রাকচার নেই। আমি আগেই বলেছি এই ইনফ্রাস্ট্রাকচার এটাও পরিপূর্ণ নয়, এটার উৎকর্ষতা রয়েছে। The infrastructure of Health care system is comprehensive. The infrastructure of health system is acceptable. The infcrastructure of health system is providing scope for community participation. এরপরে যদি আমরা ইভ্যালুয়েশন অফ প্রসেস করতে যাই তাহলে আমরা দেখতে পাই, এখানে কিছু কিছু ত্রুটি আমাদের চোখে পড়ে। আমাদের মাননীয় স্বাস্থ্যমন্ত্রী এইগুলি দৃঢ়হস্তে মোকাবিলা করবেন এটা আমাদের আশা। কিছু কিছু ত্রুটি রয়েছে সেইগুলি আমি উল্লেখ করছি। এই যে শোনা যায়, প্রাথমিক স্বাস্থ্যকেন্দ্রে ডাক্তার পাওয়া যায় না, প্রাথমিক স্বাস্থ্যকেন্দ্রে ডাক্তার আসে না, ডাক্তারদের তাদেরকে পি. এস. সি.-র পরীক্ষার মাধ্যমে আসতে হবে তা নাহলে কন্ট্রাকচুয়াল সিস্টেমে আসতে হবে। আমরা শুনেছি বিরোধী দলের সদস্যরা প্রায়ই বলেন পি. এস. সি. পরীক্ষা নিয়মিত হচ্ছে না, যদি হত তাহলে প্রাথমিক স্বাস্থ্যকেন্দ্রে ডাক্তার পাওয়া যেত।

[3.50—4.00 p.m.]

সেখানে ডাক্তারের অভাব হয় না। আমি বলতে চাইছি পাবলিক সার্ভিস কমিশনের পরীক্ষার ভিত্তিতে ডাক্তারদের নিয়োগ করা হচ্ছে, কিন্তু তারা সেখানে যাচ্ছে না, শতকরা চল্লিশ ভাগের বেশি ডাক্তার সেখানে জয়েন করছে না। এর থেকে বেরিয়ে আসার জন্য কন্ট্রাক্ট সার্ভিসে ডাক্তার নিয়োগ করার ব্যবস্থা হয়, কিন্তু সেখানেও সবাই জয়েন করছে না। মূল সমস্যাটা কিন্তু অন্য জায়গায়। ডাক্তারদের মানসিকতার পরিবর্তন হয়েছে, এম. বি. বি. এস. পাস করার পর তারা ইনটার্নশিপ করতে চাইছে এবং যে কোনো একটা সাবজেক্টে স্পেশালাইজেশনের মানসিকতা দেখা যাচ্ছে। প্রাথমিক স্বাস্থ্যকেন্দ্রে যোগদান করা থেকে এটাই তাকে প্রিভেন্ট করছে। আমরা যদি এই ব্যাপারটাকে কাজে লাগাতে পারি তাহলে প্রাথমিক স্বাস্থ্যকেন্দ্রগুলিতে ডাক্তারের অভাব হবে না বলে আমি মনে করি। যদি এমন করা

যায় যে এম বি বি এস করার পরে ইনটার্নশিপ করতে হলে তাকে অন্ততপক্ষে তিন বছর প্রাথমিক স্বাস্থ্যকেন্দ্রে কাজ করতে হবে। তবেই সে কেবলমাত্র পোস্ট গ্র্যাজুয়েট এনট্রান্স পরীক্ষায় বসতে পারবে। তবেই কেবলমাত্র এই সমস্যা থেকে উদ্ধার হওয়া সম্ভব। মাননীয় স্বাস্থ্যমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করে আমি বলতে চাইছি, পোস্ট গ্র্যাজুয়েটে যতগুলো সিট রয়েছে, সেই সিটগুলো ইন সার্ভিসেস ডাক্তারদের নিয়ে দেওয়া হবে। ইন সার্ভিসেস ডক্তার মানে পাবলিক সার্ভিস কমিশনের মাধ্যমেই আসুক, কিংবা কন্ট্রাক্ট সার্ভিসের মাধ্যমেই তারা আসুক, তাদেরই শুধুমাত্র সুযোগটা দেওয়া হবে পোস্ট গ্র্যাজুয়েট করার জন্য। তাহলেই প্রাথমিক স্বাস্থ্যকেন্দ্রগুলোতে আর কোনো ডাক্তারের অভাব হবে না বলে আমি মনে করি।

স্যার, আমার দ্বিতীয় কথা হচ্ছে, ব্লক প্রাথমিক স্বাস্থ্যকেন্দ্রগুলিতে অ্যাডমিনিস্ট্রেটিভ হেড হচ্ছে ব্লক স্বাস্থ্য আধিকারিক। এদের অনেকগুলো কাজ করতে হয়—যে ফিল্ড স্টাফরা আছে এবং যারা হাসপাতালের সঙ্গে যুক্ত তাদের ড্রয়িং এন্ড ডিসবার্সিং অফিসার হিসাবে তাকে কাজ করতে হয়, হাসপাতাল মেইনটেইন করতে হয়, স্টোর সামলাতে হয়, অফিস সামলাতে হয়, এতগুলো দায়িত্ব তাদের মাথায় থাকে। ব্লক প্রাথমিক স্বাস্থ্যকেন্দ্রের ব্লক স্বাস্থ্য আধিকারিক হচ্ছে সার্কাসের ক্লাউন, সেব খেলাতেই সে ওস্তাদ, সব খেলাই সে দেখাতে পারে, কিন্তু আসল কাজটা তার হাসিল হয় না, লোকের কাছে হাস্যাস্পদ হয় যায়। আমার বক্তব্য হচ্ছে, ব্লক প্রাথমিক স্বাস্থ্যকেন্দ্রে যদি দুটো সেপারেট অ্যাডমিনিস্ট্রেশন ইউনিট করা যায় তাহলে ভালো হয়। প্রথম বি. এইচ. এম. ও. হাসপাতাল সংশ্লিষ্ট যে সমস্ত কর্মচারীরা আছে তাদের ড্রয়িং অ্যান্ড ডিসবার্সিং অফিসার হবে এবং স্টোর দেখবেন। সেকেন্ড মেডিকেল অফিসার ফিল্ড স্টাফদের ড্রয়িং অ্যান্ড ডিসবার্সিং অফিসার হবেন, ফ্যামিলি প্লানিং, স্টোর এবং গ্রামীণ পরিষেবার ক্ষেত্রে যে বিভিন্ন স্বাস্থ্য প্রকল্প রয়েছে তার দায়িত্বে থাকবেন। যদি এটা করা যায় তাহলে এই সমস্যা থেকে আমরা বেরিয়ে আসতে পারব। বীরভূমে ১৯টি ব্লক প্রাথমিক স্বাস্থ্যকেন্দ্র আছে। কিন্তু সেখানে মাত্র বারেটি ব্লক প্রাথমিক স্বাস্থ্যকেন্দ্রে বি. এইচ. এম. ও. আছে এম. বি. বি. এস. ডাক্তাররা। বাকি সাতটিতে রয়েছে হোমিওপ্যাথি মেডিকেল অফিসার। কিন্তু তাদের পক্ষে ব্লক প্রাথমিক স্বাস্থ্যকেন্দ্রের দায়িত্ব পালন করা সম্ভব নয়। এই বিষয়ে কোনো সন্দেহ থাকতে পারে না।

এখানে অনেক মাননীয় সদস্য বললেন হাসপাতালে কোনো ওষুধ পাওয়া যায় না। এটা ঠিক নয়, আমি নিজে প্রাথমিক স্বাস্থ্যকেন্দ্রে কাজ করেছি, ব্লকে কাজ করেছি, আমরা দেখেছি ওষুধপত্রের কোনো অভাব কোথাও নেই। সমস্ত রকম প্রয়োজনীয় ওষুধপত্র সেখানে পাওয়া যায়। ক্রাইসিস বলে যেটা বলা হচ্ছে, সেটা আর্টিফিসিয়াল ক্রাইসিস। আমি যদি সেন্ট্রাল মেডিসিন স্টোর থেকে, জেলা হাসপাতাল থেকে ওষুধটা আনতে না পারি, তাহলে দোষটা আমার। চতুর্থত, প্রসেস অফ আউটকাম, ইভ্যালুয়েশন অফ আউটকাম বলে আমি শেষ করব। দেখছি গ্রামের রোগীরা এখন পি জি হাসপাতালে আসছে। বর্তমানে জন্মহার, মৃত্যুহার কমেছে। সবচেয়ে বড় কথা যৌবন এখন প্রলম্বিত হয়েছে। এই কথাগুলো বলে, মাননীয় স্বাস্থ্যমন্ত্রীর বাজেট বরাদ্দের সমর্থন করে আমার বক্তব্য শেষ করছি।

শ্রী শিবদাস মুখার্জী : মাননীয় চেয়ারম্যান স্যার, মাননীয় স্বাস্থ্যমন্ত্রিদ্বয় যে বাজেট উত্থাপন করেছেন তার বিরোধিতা করে এবং আমাদের পক্ষ থেকে আনা কাট-মোশানগুলোকে সমর্থন করে আমার বক্তব্য রাখছি।

পশ্চিমবঙ্গের স্বাস্থ্য পরিষেবার ভয়াবহ অবস্থার দিকে মন্ত্রিদ্বয়ের দৃষ্টি আকর্ষণ করতে চাই। নদিয়া জেলার কয়েকটি হাসপাতালের কথা বলব। কল্যাণী ছিল ডাঃ বিধানচন্দ্র রায়ের মানসকন্যার নামে। সেখানে নিটে হাসপাতাল—জওহরলাল নেহরু হাসপাতাল, মহাত্মা গান্ধী হাসপাতাল এবং নেতাজী সুভাষচন্দ্র স্যানাটরিয়াম। এর মধ্যে নেতাজী সুভাষচন্দ্র স্যানাটরিয়ামে টি বি পেশেন্টদের চিকিৎসা হয়। কিন্তু সেখানে সবসময় ডাক্তার থাকে না, ওষুধ পাওয়া যায় না। গান্ধী হাসপাতালে হার্টের চিকিৎসা হয়, কিন্তু হার্টের পরীক্ষার জন্য যে সমস্ত সরঞ্জাম আছে , সেইগুলো ব্যবহার হয় না। রোগীরা সেখানে ঠিকমতো চিকিৎসা পাচ্ছে না। জওহরলাল হাসপাতালের মধ্যে ঢুকে সমাজবিরোধীরা রোগীকে গুলি করে হত্যা করেছে। অপরাধীরা আজও ধরা পড়েনি। সেখানকার সুপার প্রায়ই টি ভি-তে বলেন ঠিকমতো ওষুধ পাচ্ছেন না। এই হাসপাতাল তিনটি থেকে যাতে মানুষ উন্নততর পরিষেবা পেতে পারে সেটা দেখার জন্য অনুরোধ করছি। কৃষ্ণনগর সদর শহর। সেখানে তিনটে হাসপাতাল আছে, কৃষ্ণনগর সদর হাসপাতাল, মাতৃসদন, শক্তিনগর হাসপাতাল। হাসপাতালের ক্যাশিয়ার নন্দদুলাল চক্রবর্তী, তিনি দার্জিলিং, কুচবিহার করে বেড়ান, যেহেতু তিনি কো-অর্ডিনেশন কমিটির পাণ্ডা। তার অডিট চলছে এবং তাতে কয়েক লক্ষ টাকা চুরি ধরা পড়েছে। অডিট দলের যিনি নেতৃত্ব দিচ্ছেন, তিনি বলেছেন মন্ত্রীর সেক্রেটারির সঙ্গে এই ব্যাপারে কথা বলেছেন। মন্ত্রী মহাশয় নিশ্চয় জানেন। আমি স্পেসিফিক বললাম, তদন্ত করে দেখুন। নদিয়া জেলার সি. এম. ও. এইচ. সত্যনারায়ণ দত্ত, বাঁকুড়ায় ছিলেন, তিনি বলেন রাইটার্স বিল্ডিংস আমার হাতে, মন্ত্রী পার্থ দে আমার হাতে। তিনি ১৯৯৭ সালের ১৩ আগস্ট চাকরিতে যোগদান করেন। গত বছর ১৩ লক্ষ টাকা ওষুধ কেনার জন্য রাজ্য সরকার থেকে দেওয়া হয়েছিল, ওষুধ কেনা হয়নি, টাকাটা ফেরত গেছে। একবার বলছেন সেন্ট্রাল মেডিক্যাল স্টোর্স থেকে টেন্ডার ডাকা হবে, আবার বলছেন..... মাধ্যমে কিনবে। ১৩ লক্ষ টাকা ফেরত গেছে। ৬০ লক্ষ টাকা পড়ে আছে, ওষুধ কেনা হচ্ছে না। কৃষ্ণনগরের রোগীরা ওষুধ পাচ্ছে না। কৃষ্ণনগর হাসপাতালে সাপে কাটার, কুকুরে কামড়ানোর ওষুধ নেই। যে কথাগুলো আমি বলছি, মাননীয় মন্ত্রিদ্বয় নিশ্চয় তা পরীক্ষা করে দেখবেন সত্য না মিথ্যা। বিশ্বব্যাংকের টাকাতে বিভিন্ন হাসপাতাল গড়ে উঠছে। কৃষ্ণনগর সদরে হাসপাতাল তৈরি হয়েছে, শক্তিনগরে একটা তৈরি হচ্ছে। সেই হাসপাতাল যে কবে শেষ হবে, কবে থেকে রোগীরা চিকিৎসা পাবে, সেটা মন্ত্রিদ্বয় একটু তদন্ত করে দেখবেন।

[4.00—4.10 p.m.]

আপনারা নিরপেক্ষ তদন্ত করুন এবং আমার নদিয়া জেলার স্বাস্থ্য পরিষেবা ফিরিয়ে নিয়ে নতুন করে কিছু করার চেষ্টা করুন। আমরা নদিয়ার সীমান্তবর্তী জেলা যেখানে কমলেন্দুবাবুর এরিয়া, সেখানে হাসপাতাল তৈরি হবে ঠিক হল। কিন্তু আমরা পরে দেখতে

পেলাম যে, সেই হাসপাতালকে কৃষ্ণগঞ্জে নিয়ে যাওয়া হল। স্যার, নদিয়ার স্বাস্থ্য বিভাগে একটা তুঘলকি কারবার চলছে। আমি একটা ঘটনার কথা বলছি—আমার নির্বাচনী ক্ষেত্রে কৃষ্ণনগর ইস্ট সেখানের দিকনগর হাসপাতালে চিন্তামণি ঘোষ তার সন্তান প্রসব করলেন ২০.৪.২০০০ সালে। সেখানে ১টা ১৫ মিনিটে তার একটা পুত্রসন্তান হল। কিন্তু সন্ধ্যা ৭টার সময় সেই সন্তান চুরি হয়ে গেল। সে ঘুরে দেখে যে তার সন্তান নেই। হাসপাতালে সি. এম. ও. এইচ. রয়েছেন। সেখানে তুঘলকি কারবার করছেন। পুলিশ দিয়ে ভয় দেখানো হল যে যদি সন্তানের জন্য থানায় যেতে হয়, তাহলে গ্রেপ্তার করা হবে। শেষ পর্যন্ত এ. পি. ডি. আর নকশালদের তরফ থেকে এই সন্তান ফেরত পাবার জন্য হাইকোর্টে মামলা করা হয়। স্যার, আমার নদিয়া জেলার আর একটা হাসপাতালের কথা বলছি। ধুবুলিয়া টি বি হসপিটাল। যে হাসপাতাল বিধানচন্দ্র রায় তৈরি করেছিলেন। সেখানে থেকে দরজা-জানলা চোর-ডাকাতরা খুলে নিয়ে চলে যাচ্ছে। সেখানে কিছুদিন আগে পেশেন্ট মারা গেছে। খাবার অন্য জায়গায় চলে যাচ্ছে। তাই আমি মন্ত্রী মহাশয়ের কাছে অনুরোধ করব—সত্যেন্দ্রনাথ দত্ত যিনি নদিয়া জেলার সি. এম. ও. এইচ. তিনি ওখানে তুঘলকি কারবার করছেন, তার বিরুদ্ধে তদন্ত করা হোক। এই কথা বলে এই বাজেটের বিরোধিতা করে আমার বক্তব্য শেষ করছি।

শ্রী তুষারকান্তি লায়া : মাননীয় চেয়ারম্যান স্যার, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী মহাশয় ২ হাজার এক দু হাজার দুই সালের যে বাজেট বরাদ্দ রেখেছেন তাকে সমর্থন করে কাট-মোশানরে তীব্র বিরোধিতা করে আমার বক্তব্য শুধু করছি। স্যার, মাননীয় মন্ত্রী মহাশয় তার বাজেট ভাষণের প্রথমেই বলেছেন যে, প্রাথমিক স্বাস্থ্য পরিষেবার পাশাপাশি চিকিৎসা সংশ্লিষ্ট বিভিন্ন হাসপাতালের বিকেন্দ্রীকরণের মাধ্যমে জনগণের প্রকল্পে অংশ গ্রহণের ক্ষেত্রটিতে সুনিশ্চিত করে তোলা হবে। আমরা বিশ্বাস করি জনগণের হাতে জনস্বাস্থ্য সবচেয়ে বেশি নিরাপদ। স্যার, আমি নতুন বিধায়ক। কয়েকদিন ধরেই শুনতে পাচ্ছি যে, ২৪ বছর ধরে বামফ্রন্ট সরকার কিছু করেনি। কিন্তু যারা এই কথা বলেছেন তারা এই রাজ্যে ২৮ বছর ধরে ছিল এবং সেই সময় কেন্দ্রীয় সরকার তাদের বন্ধু সরকার ছিল। ওই ২৮ বছর ধরে বন্ধু সরকারকে নিয়ে তারা কি করতে পেরেছে ?

মাননীয় ডাঃ বিধানচন্দ্র রায় ছিলেন মহান ব্যক্তিত্বের মানুষ, তাঁর মহত্ত্ব এবং চিকিৎসা শাস্ত্রে তাঁর অবদান ছিল অপরিসীম, তুলনাহীন। তিনি যখন মুখ্যমন্ত্রী ছিলেন তাঁর শাসনকালে এবং তার পরে তার উত্তরসুরীরা যে স্বাস্থ্য ব্যবস্থা করেছিলেন তার সব কিছুই যেন আজকে বামফ্রন্ট সরকার ভেঙেচুরে দিয়েছেন। যেন তাদের সময়ে সব হাসপাতালেই আধুনিক ব্যবস্থা ছিল, সব হাসপাতালেই সিটি স্ক্যান ছিল, আলট্রা-সোনোগ্রাফি ছিল, শীততাপ নিয়ন্ত্রিত ছিল। তাঁরা যেন এটাই বলতে চেয়েছেন যে তাদের ২৮ বছরে তাঁরা যে হাসপাতাল করেছিলেন বামফ্রন্ট এসে সব ভেঙেচুরে দিয়েছেন। স্যার, ওঁরা ভুলে গেছেন, ওঁদের সময় এম. বি. বি. এস. কোর্স পড়ানো হত কিন্তু পরীক্ষা ঠিক সময়মতো নেওয়া হত না। সেটা এখন সময়মতোই হয়। এম. বি. বি. এস. কোর্স হচ্ছে সাড়ে ৪ বছরের কোর্স। গোঁফ গজায়নি এই রকম অবস্থায় ছাত্ররা মেডিকেল কোর্সে ঢুকতো আর তারা যখন পাশ

করে বেরতো তখন তাদের মাথার চুল পেকে যেত। কিন্তু আজকে সেই কোর্স সময়মতো হয় এই বামফ্রন্ট সরকারের আমলে। মানুষেরা বাঁচবার জন্য প্রথমেই দরকার খাদ্য, বস্ত্র ও বাসস্থান। ১৯৭৭ সালে যখন বামফ্রন্ট সরকার পশ্চিমবাংলায় ক্ষমতায় আসে তখন এ সবের কিছুই ছিল না। তাই ব্যাপক ভূমি সংস্কার ও ক্ষমতার বিকেন্দ্রীকরণের মধ্য দিয়ে খাদ্য, বস্ত্র ও বাসস্থানের প্রভূত উন্নতি সাধন হয়েছে। পশ্চিমবাংলার জনগণ তাই ষষ্ঠবারের জন্য বামফ্রন্ট সরকারকে প্রতিষ্ঠিত করে জানিয়ে দিয়েছেন এবার চাই স্বাস্থ্য, এবার চাই বিদ্যুৎ, এবার চাই কর্মসংস্থান। আর সেই জন্যই ষষ্ঠবারের বামফ্রন্ট সরকার স্বাস্থ্য, বিদ্যুৎ ও শিল্পের ওপর জোর দিয়েছেন, এ জন্য বামফ্রন্ট সরকারকে আমি সাধুবাদ জানাই। স্বাধীনতার আগে এবং পরে হাসপাতালগুলিতে যে স্বাস্থ্য ব্যবস্থার পরিকাঠামো ছিল, স্বাধীনতার পরে তার আধুনিকীকরণ তো দূরের কথা পরীক্ষা-নিরীক্ষার জন্য যে যন্ত্রপাতিগুলি ছিল তার রক্ষণাবেক্ষণ পর্যন্ত করেননি। ওঁদের ২৭ বছরের স্বাস্থ্য ব্যবস্থায় পরিকাঠামোটা পুরোটাই ভেঙে পড়েছিল। ২৪ বছরে বামফ্রন্ট সরকার দায়িত্ব সহকারে আধুনিকীকরণ বাস্তবায়িত করে চলেছে। পশ্চিমবাংলায় স্নাতক পর্যায়ের (এম. বি. বি. এস.) পাঠক্রমের জন্য ৭টি মেডিকেল কলেজ আছে। তার আধুনিকীকরণের জন্য বর্ধমান মেডিকেল কলেজে ২০০০ সালের শিক্ষাবর্ষে স্নাতক পর্যায়ে আরও ৫০ জনকে ভর্তি করা হয়েছে। বাঁকুড়া ও উত্তরবঙ্গ মেডিকেল কলেজেও ছাত্রছাত্রী ভর্তির সংখ্যা বৃদ্ধি পাবে আশা করা যায়। ৫০ আর ৫০ মোট ১০০টি। বাঁকুড়া মেডিকলে কলেজে একটি অপারেশন থিয়েটার ও ক্যাজুয়ালটি ব্লক তৈরি হচ্ছে। আর জি কর মেডিকেল কলেজে একটি নতুন ইনটেনসিভ ট্রিটমেন্ট ইউনিট খোলা হয়েছে এবং কার্ডিওলজি বিভাগের ইনটেনসিভ করোনারি কেয়ার ইউনিটটিকে ঢেলে সাজানো হয়েছে। বর্ধমান মেডিকেল কলেজে ও এন. আর. এস. মেডিকেল কলেজের রেডিওথেরাপি বিভাগে টেলিকোবাই যন্ত্র বসানো হয়েছে। ন্যাশনাল মেডিকেল কলেজের ইমার্জেন্সী বিভাগেটিকে ঢেলে সাজানো হয়েছে। আজকে বাঙ্গুর ইনস্টিটিউট অফ নিউরোলজিতে একটি ম্যাগনেটিক রেসোন্যান্স ইমেজিং যন্ত্র স্থাপন করা হয়েছে। শম্ভুনাথ পণ্ডিত হসপিটালে একটি ডায়ালিসিস কেন্দ্র খোলা হয়েছে। এন. আর. এস. মেডিকেল কলেজের হিমাটোলজি বিভাগে থ্যালাসেমিয়া নির্ণয় প্রকল্প (ডিটেনশান অফ থ্যালাসেমিয়া কেরিয়ার্স স্কিম) তার কাজ শুরু করেছে। আরো ভালোভাবে শিক্ষাদান, গবেষণা ও স্বাস্থ্য পরিষেবার উদ্দেশ্যে বিভিন্ন মেডিকেল কলেজের জন্য এবং চিকিৎসার জন্য প্রয়োজনীয় হিস্টারোস্কোপ, আলট্রাসোনাগ্রাফি যন্ত্র, ল্যাপারোস্কোপ যন্ত্র ইত্যাদি স্থাপন করা হয়েছে। কলকাতার সেবিকা শিক্ষন মহাবিদ্যালয়ে নার্সিং কলেজে নার্সিং বিষয়ে স্নাতকোত্তর পাঠক্রম চালু হয়েছে। এই প্রতিষ্ঠানটি এই বিষয়ে স্নাতকোত্তর ডিগ্রী প্রদানের ক্ষেত্রে পূর্ব ভারতের একমাত্র প্রতিষ্ঠান। কমিউনিটি হেল্‌থ সার্ভিস অফিসারদের দক্ষতা ও জ্ঞান বৃদ্ধির জন্য সাড়ে তিন বছরের একটি সংক্ষিপ্ত চিকিৎসা পাঠক্রম চালু করা হয়েছে। এস. এস. কে. এম. হাসপাতালে খালি শয্যা দেখানোর জন্য বৈদ্যুতিন বোর্ড লাগানো হয়েছে। হোমিওপ্যাথি চিকিৎসা ব্যবস্থার উন্নতিকল্পেও রাজ্য সরকার চেষ্টা চালিয়ে যাচ্ছেন।

[4.10—4.20 p.m.]

বসিরহাটে একটা নতুন আকুপাংচার ক্লিনিক খোলা হয়েছে। স্বাস্থ্য ব্যবস্থার উন্নতির জন্য আধুনিকীকরণের সঙ্গে সঙ্গে ওষুধপত্র ও কিছু পরীক্ষা-নিরীক্ষা এবং শারীরিক, সামাজিক ও মানসিক—এই তিনটির সুসামঞ্জস্য ভারসাম্যের মধ্য দিয়েই স্বাস্থ্য ব্যবস্থার ক্ষেত্রে বিজ্ঞানসম্মতভাবে সুদৃঢ় করা যায়।

তাই বামফ্রন্ট সরকার প্রকৃত সত্য অনুধাবন করেছিলেন বলেই আজকে ২৪টি বছর ধরে হাসপাতালগুলিকে যেমন আধুনিকীকরণ করেছেন যেমনি স্বাস্থ্য পরিষেবা ও প্রতিষেধক ব্যবস্থার মাধ্যমে পরিষেবার মান উন্নয়নের জন্য নানা রকমের ব্যবস্থা গ্রহণের ভাবনা-চিন্তা করছেন। আর তার ফলস্বরূপ উপযুক্ত মানুষদের স্বাস্থ্যকেন্দ্রগুলির পরিচালনার জন্যে পঞ্চায়েতকে অথবা নির্বাচিত স্বেচ্ছাসেবী সংস্থাকে দায়িত্বভার দেবেন বলে রাজ্য সরকার সিদ্ধান্ত নিয়েছেন। এই নীতিকে আমরা সমর্থন করি। স্যার, একটা কথা আছে, প্রিভেনশন ইজ বেটার দেন কেয়ার। রোগ সারানোর চেয়ে রোগ না হতে দেওয়াই ভালো। মেডিকেল সায়েন্সের এই মূল কথাটিকে বাস্তবায়িত করতে রাজ্য সরকার নানা ব্যবস্থা নিয়েছেন। আজকে টিকাকরণ কর্মসূচি, পালস পোলিও টিকাদান কর্মসূচি, পরিবার পরিকল্পনা কর্মসূচি, গ্রামীণ স্যানিটেশন কর্মসূচির মধ্যে দিয়ে, ব্লকে ব্লকে নিবিড় স্বাস্থ্য বিধান প্রকল্পের মধ্যে দিয়ে সাধারণ মানুষের মধ্যে স্বাস্থ্য সচেতনতা বৃদ্ধি পাচ্ছে। আজকে স্নাতক কোর্সে আসন সংখ্যা বৃদ্ধি, নতুন মেডিকেল কলেজ স্থাপন, হাসপাতালের সংখ্যা বৃদ্ধি, শয্যা বৃদ্ধি, হাসপাতালগুলোর আধুনিকীকরণ, স্বাস্থ্য পরিষেবার উন্নতিসাধন ও মানুষের স্বাস্থ্য সচেতনতা বৃদ্ধির মাধ্যমে স্বাস্থ্য ব্যবস্থার যে প্রভূত উন্নতি সাধন হয়েছে তা জন্মহার, মৃত্যুহার ও শিশুমৃত্যু হার—ভারতবর্ষের সার্বিক হার ও ভারতের অন্যান্য রাজ্যের হারের সঙ্গে পশ্চিমবঙ্গের তুলনা করলেই বোঝা যায় কতখানি এই হারগুলো কম। রাজ্যে জন্মহার, মৃত্যুহার আর শিশুমৃত্যুহারের নিম্নগামিতার মাধ্যমে প্রতিফলিত হচ্ছে রাজ্যের মাথাপিছু আয়ের আর সাক্ষরতা হারের ঊর্ধ্বমুখীনতা। অর্থনৈতিক ও রাজনৈতিক সিদ্ধান্ত বিকেন্দ্রীকরণের দরুন উন্নয়নের সুযোগ-সুবিধাগুলো দরিদ্র জনসাধারণের কাছে পৌঁছে দেওয়ার কাজটি নিশ্চিত করা গেছে এবং এতে মিলেছে ঊর্ধ্বমুখী সাক্ষরতার হার, যার ফলে সাধারণ মানুষের সামাজিক ও ব্যক্তিগত মুল্যবোধ পাল্টে গেছে। পঞ্চায়েত, পুরসভা এবং বিভিন্ন স্বেচ্ছাসেবী সংগঠনের কাজে জনসাধারণের অংশগ্রহণের ফলে স্বাস্থ্য ও পরিবার কল্যাণ প্রকল্পগুলির পরিধি ও ফলপ্রসূতা বেড়ে গেছে। সুতরাং স্যার, আজকে এই সব ব্যবস্থার মধ্যে দিয়ে সরকার রোগ প্রতিরোধের ক্ষেত্রে যে ব্যবস্থাগুলো নিয়েছেন, চিকিৎসা ব্যবস্থার উন্নতি সাধনের চেষ্টা করেছেন তাকে আমি সমর্থন করছি এবং বিরোধীদের আনা কাট-মোশানের বিরোধিতা করে আমার বক্তব্য শেষ করছি।

শ্রী পার্থ চ্যাটার্জী : স্যার, মাননীয় মন্ত্রিদ্বয় আবেদন করার আগে তাদের উত্থাপিত বাজেট বরাদ্দের বিরোধিতা করে এবং আমাদের দলের ও বিরোধী দলের আনা কাট-মোশানের সমর্থন করে কিছু বলছি। সময়ের স্বল্পতার জন্য সব সময় সব কথা বলা সম্ভব

হয় না। যতটা পারা যায় বলছি। যারা সমর্থন করেছেন, তাদের দলের প্রতি দায়বদ্ধতা আছে, তাই অনেক কিছুই দেখতে পান কিন্তু বলতে পারেন না এবং অনেক সময় আমাদের হাতে কাগজ দিয়ে বলেন, 'একটু ভাই বলে দিস'। সেই জন্য বলি দেওয়ার কাজ করছি। মাননীয় স্বাস্থ্যমন্ত্রী ব্যস্ত লোক, তাঁকে দল দেখতে হয়, জেলা দেখতে হয় এবং ডাকাবুকো মন্ত্রী বলে ওনার সুনাম আছে। আমি এখানে কাগজ থেকে দু-একটা হেড লাইন পড়ছি দেখা যাক যে সব বন্ধুরা স্বাস্থ্য ব্যবস্থার পক্ষে বক্তব্য রাখলেন এটা শুনে তাদের মুখ উজ্জ্বল হয়ে ওঠে কিনা, জ্বলজ্বল করে কিনা। 'বছরের পর বছর টাকা আসছে, ফিরে যাচ্ছে, পড়ে থাকছে', 'নদীয়ার হাসপাতালগুলোতে ওষুধ কেনা হচ্ছে না', 'চতুর্দিকে হাহাকার', 'উত্তরবঙ্গে দ্রুত ম্যালেরিয়া ছড়াচ্ছে প্রতিরোধের ব্যবস্থা নিচ্ছে কেন্দ্র, পরিস্থিতি নিয়ে উদ্বিগ্ন কেন্দ্রের স্বাস্থ্যমন্ত্রী'। স্টোরে তালা, রোগীদের ওষুধ বন্ধ আছে। কুপার্স ক্যাম্প হাসপাতাল হানাবাড়ি হয়ে দাঁড়িয়েছে। এ বছরে এখনও কালাজ্বরে মৃত ৪৫০ জন। এই সংখ্যাটা আরও বাড়তে পারে। সুভাষবাবু আপনি ভালো করে শুনুন। বহরমপুর হাসপাতালে চূড়ান্ত অব্যবস্থা। আমার সময় যথেষ্ট অল্প, কয়েকটি উল্লেখ করলাম। আমি আপনাদের কাছে কয়েকটি বিষয়ে তথ্য দিচ্ছি—১৯৮৩ সালে হাসপাতালের সংখ্যা ছিল ৪০০, ১৯৯৮ সাল পর্যন্ত তা দাঁড়িয়েছে ৪০৪, ৪টে বাড়ল। ১৯৮৩ থেকে ১৯৯৮ সাল পর্যন্ত বেস ইয়ার ধরে এই সময় শয্যাসংখ্যা ছিল ৬১ হাজার ১৯, এটা বেড়ে দাঁড়িয়েছে ৬৯ হাজার ৩২১। যদিও খোঁজ নিলে দেখা যাবে যে, যে সংখ্যাটার কথা বলা হয়েছে সরকারি রিপোর্টে তার সঙ্গে বাস্তবের কোনো মিল নেই। সমস্ত ভারতবর্ষের মধ্যে পশ্চিমবঙ্গ পরিষেবায় দশম স্থানে আছে। এই সংখ্যাটা আপনার নেতৃত্বে প্রথম বা দ্বিতীয় কবে হবে ? ওয়ার্ল্ড ব্যাংকের টাকায় মোবাইল ভ্যান কেনা হয়েছিল। সেই ভ্যানগুলো মানুষ দেখতে পেল না, খালি বৃষ্টি দেখল, বসে বসে নষ্ট হল। আপনি কি ব্যবস্থা করবেন যাতে এই ভ্রাম্যমাণ ভ্যানগুলো মানুষের সেবায় লাগতে পারে। আপনি দশজনের পরে আছেন ১ লক্ষ ৮২ হাজার ২৬৪ জনে একটা হাসপাতাল। আমরা ২০০১ সালে বাস করছি। মাননীয় স্বাস্থ্যমন্ত্রী আপনি নিজে ডাক্তার। আপনার কি লজ্জা হচ্ছে না ? ১ লক্ষ ৮২ হাজার ২৬৪ জনে একটা করে মাত্র হাসপাতাল। এস. বি. এইচ. আই. রিপোর্ট অনুযায়ী আপনার বেড টার্নওভার মাত্র ১৯, প্রায় ২০ পারসেন্ট বেড অকুপ্যান্সি। আপনি আপনার জবাবী ভাষণে আমাদের জানাবেন, আমার তথ্য ভুল হলে আমি স্বীকার করে নেব। গ্রামীণ হাসপাতালগুলোর জন্য ১৯৯২ থেকে ১৯৯৫ সাল পর্যন্ত পশ্চিমবঙ্গে স্বাস্থ্য বাজেটের ৪০ পারসেন্ট বরাদ্দ ছিল, কিন্তু সেই টাকার মধ্যে গ্রামীণ হাসপাতাল আর ডিসপেনসারির জন্য খরচা হয়েছে মাত্র ২.২ পারসেন্ট, ওষুধ আর অন্যান্য মেডিকেল সাপ্লাইতে খরচা হচ্ছে ১১.৯ পারসেন্ট, আন্দোলন করে পশ্চিমবঙ্গের যারা বারোটা বাজিয়েছেন তাদের বেতনের জন্য আপনাকে দিতে হয়েছে সেই বছর পর্যন্ত ৫৯.৮ পারসেন্ট। জেলা সদর হাসপাতালগুলিতে কোনো পরিকাঠামো নেই, কোনো সুব্যবস্থা নেই। প্রাথমিক গ্রামীণ স্বাস্থ্যকেন্দ্র, সাবসিডিয়ারি হেল্‌থ সেন্টারে কোনো সিট পাওয়া যায় না। সেখানে শাড়ি ছেঁড়া দিয়ে ক্ষতস্থান বাঁধতে হয়, মরচে পড়া নিড়ল দিয়ে ইনজেকশন দেওয়া হয়। তাও আপনার লোকেরা বাহবা দিচ্ছে। এখানে আমরা বা আপনি নন, পশ্চিমবঙ্গের সমস্ত মানুষ আপনার

নেতৃত্বে বাঁচতে চাই। আপনি কি তার সুরাহা করবেন ? ১৯৯৭ সালে বিশ্ব ব্যাংকের সহায়তায় প্রজনন ও শিশু স্বাস্থ্য প্রকল্পের জন্য কাজ শুরু হয়েছিল। কিন্তু দুর্ভাগ্যের বিষয় ওয়ার্ল্ড ব্যাংকের টিম এসে ঘুরে যাওয়ার পর তারা যে রিপোর্ট দিয়েছেন সেই রিপোর্টে বলা হয়েছে, 'একাজ খুব মন্থর গতিতে চলছে'। এর পরে বিশ্ব ব্যাংক থেকে আপনাদের সরকার যে অর্থ সাহায্য পেয়েছেন তাতে শর্ত হিসেবে আমি যতদূর জানি, আমার যদি ভুল হয় তাহলে আপনি ভুল শুধরে দেবেন—তাতে বলা ছিল যে, গ্রামে ডাক্তারকে যেতে হবে—এই শর্ত ছিল। আপনি তার কতদূর ব্যবস্থা করতে পেরেছেন ? রাজ্য সরকার কি সেই ব্যাপারে দৃষ্টি দিচ্ছেন ? ডাক্তারদের গ্রামে যেতে বললেই হবে না, তার পরিকাঠামো ব্যবস্থা করতে হবে, ওষুধের ব্যবস্থা করতে হবে।

[4.20—4.30 p.m.]

কলকাতা মেডিকেল কলেজ হাসপাতালের ১৬৮ বছরের পুরনো মূল ভবনটি ৬ কোটি টাকা ব্যয় করে রেনোভেশন করা হয়েছে ১৫ বছর ধরে। এটার আপনি তদন্ত করাবেন না কেন ? আজ পর্যন্ত নতুন কোনো মেডিকেল কলেজ হাসপাতাল আসানসোল, দুর্গাপুরে হল না। এর জন্য আপনি কোনো ব্যবস্থা করবেন কি ? আমার বিধানসভা কেন্দ্রের বিদ্যাসাগর হাসপাতাল কিংবা সরশুনা স্বাস্থ্য কেন্দ্র আজ কি অবস্থায় আছে—আপনি দয়া করে একবার ভিজিট করে তাকে হাসপাতাল, না গরু রাখার জায়গা তা বলে দেবেন। আমি চাই আপনার নেতৃত্বে রাজ্যের স্বাস্থ্য পরিষেবার উন্নতি হোক। আপনি এগিয়ে আসুন, আমরা আপনাকে সাহায্য করব। স্বাস্থ্য পরিষেবার পরিকাঠামোর উন্নতিতে জোর দিন। অবশ্য আপনারা শিল্প, কৃষি, স্বাস্থ্য, সব ক্ষেত্রেই জোর দিচ্ছেন, কিন্তু বাস্তবে শুধু জোরই থাকছে, আন্তরিকতা থাকছে না। আপনি অন্তত একটু আন্তরিকতা দিয়ে কাজ করার চেষ্টা করুন। তা নাহলে ইতিহাস কাউকে ক্ষমা করবে না, সূর্যকান্তকেও ক্ষমা করবে না, সে যতই ভালো লোক হোক না কেন। ধন্যবাদ।

শ্রীমতী সাধনা মল্লিক : মাননীয় চেয়ারম্যান স্যার, মাননীয় স্বাস্থ্যমন্ত্রী মহাশয়, ৩২, ৩৩ এবং ৩৪ নং দাবির অধীন যে ব্যয়-বরাদ্দ এখানে পেশ করেছেন তা আমি সম্পূর্ণ সমর্থন করছি। আমি বিরোধীদের আনা কাট-মোশানের বিরোধিতা করছি। মাননীয় চেয়ারম্যান স্যার, আজকে এই বিতর্কের শুরুতেই বিরোধী দলের মাননীয়া সদস্যা বললেন—পশ্চিমবাংলায় সাধারণ মানুষ সরকারি স্বাস্থ্য পরিষেবা পাচ্ছে না। আমি তাঁকে অনুরোধ করব তিনি কলকাতা শহরে যে সমস্ত সরকারি বড় বড় হাসপাতালগুলি আছে সেগুলিতে গিয়ে সকাল ৯টার সময়ে আউটডোরের ভিড়টা একটু দেখে আসুন। আমার মনে হয় তিনি তা কোনোদিন দেখেনি। দয়া করে গিয়ে একটু দেখে আসুন সাধারণ মানুষ স্বাস্থ্য পরিষেবা পাচ্ছে কিনা। স্যার, স্বাস্থ্য নিয়ে একটা বড় প্রত্যাশা মানুষের মধ্যে তৈরি হয়েছে। তা পূরণ করার ক্ষেত্রে কতগুলি কথা আমাদের মনে পড়ে যায়। বিরোধী বন্ধুরা ক্রমাগত বলার চেষ্টা করছেন যে, এ রাজ্যের স্বাস্থ্য ব্যবস্থা পুরোপুরি ভেঙে পড়েছে। আমি মনে করি এটা ঠিক নয়। আমি বিরোধী বন্ধুদের বলব, আপনারা হতাশা নিয়ে মানুষের কাছে বিভ্রান্তি ছড়াবেন না। এ রাজ্যে স্বাস্থ্য ব্যবস্থার

অনেক ইতিবাচক দিক আছে যা নজির সৃষ্টি করেছে। সারা ভারতবর্ষের যে কোনো সচেতন মানুষ এ রাজ্যের স্বাস্থ্য পরিষেবার ইতিবাচক দিকগুলি সম্বন্ধে অবহিত। এ রাজ্যে জন্ম-মৃত্যু হারে, শিশুমৃত্যুর হারে অনেক উন্নতি ঘটেছে। কারণ এখানে শিক্ষার অগ্রগতি ঘটেছে, বিশেষ করে নারী শিক্ষার অগ্রগতি ঘটেছে। নারীদের সামাজিক মর্যাদা বৃদ্ধি পেয়েছে। পরিবার পরিকল্পনা সম্বন্ধে মানুষকে অনেকখানি সচেতন করা সম্ভব হয়েছে। আমাদের রাজ্যে মৃত্যুর হার সারা দেশের মধ্যে সর্বনিম্ন। কেরালা বাদ দিলে আমাদের রাজ্য তৃতীয় স্থানে, কিন্তু শহরাঞ্চল ধরলে আমাদের রাজ্য প্রথম স্থানে রয়েছে। শতকরা ৭০ ভাগ রুগী সরকারি হাসপাতাল, এবং সরকারি স্বাস্থ্য কেন্দ্রের চিকিৎসার ওপর নির্ভরশীল। কলকাতা শহরের বড় বড় হাসপাতালগুলোয় বেশিরভাগ সাধারণ মানুষের সব রকম বড় বড় অপারেশনের ব্যবস্থা আছে এবং সে সুযোগ তারা গ্রহণ করেছে। সরকারি হাসপাতালগুলি সারা বছর ৪ কোটি রুগীকে ভিজিট করে। রাজ্যে জটিল রোগের ৯০ ভাগ অপারেশন সরকারি হাসপাতালগুলিতে হয়ে থাকে। সরকারি পরিষেবার মধ্যে দিয়ে রোগ প্রতিশোধক কর্মসূচির বহুল পরিমাণে অগ্রগতি ঘটানো সম্ভব হয়েছে। প্রতিষেধক কর্মসূচির ক্ষেত্রে এবং জনস্বাস্থ্যের ব্যাপারে জাতীয় পরিকল্পনায় যে অগ্রাধিকার দেওয়া উচিত ছিল তা কিন্তু আজ পর্যন্ত দেওয়া হয়নি। পশ্চিমবাংলা ছাড়া ভারতবর্ষের আর অন্য কোনো রাজ্যে সরকারি হাসপাতালে বিনা পয়সায় চিকিৎসার ব্যবস্থা আছে নাকি ? শুধু ইনজেকশন কেনা নয়, গজ, ব্যান্ডেজ, তুলো পর্যন্ত কিনে দিতে হচ্ছে। ভারতবর্ষের বিভিন্ন রাজ্যে যে সমস্ত হাসপাতালগুলি আছে সেইসব হাসপাতালের রোগীদের এই সমস্ত জিনিস কিনে দিতে হয়। আর আমাদের এখানে যাদের মাসিক ১৫০০ টাকা আয় তাদের চিকিৎসা বিনা পয়সায় করা সম্ভব হয়েছে। হাসপাতালে যে সমস্ত ওষুধ পাওয়া যায় তাও এখানে বিনামূল্যে রোগীদের দেওয়া হয়ে থাকে। তাদেরকে ফ্রি বেডে চিকিৎসা ব্যবস্থা দেওয়া সম্ভব হয়েছে। ওদের আমলে হাসপাতালের সংখ্যা যা ছিল বামফ্রন্ট সরকারের ২৪ বছরের রাজত্বে তার সংখ্যা অনেক বৃদ্ধি হয়েছে। শয্যা সংখ্যাও বৃদ্ধি ঘটেছে। উপ-স্বাস্থ্য কেন্দ্র, স্বাস্থ্য কেন্দ্র, স্বাস্থ্য কেন্দ্র সবই বৃদ্ধি হয়েছে। তার সাথে সাথে শয্যা সংখ্যা বেড়েছে। ওদের আমলের সাথে সংখ্যাগত দিক থেকে কোনো তুলনাই করা যায় না। যারা অভিযোগ করছেন যে সাধারণ মানুষ এই রাজ্যে স্বাস্থ্য পরিষেবা পায় না তাদেরকে আমি বলব, দয়া করে সকাল ৯টার সময়ে সরকারি হাসপাতালগুলিতে যান, দেখতে পাবেন, সুদূর প্রত্যন্ত গ্রাম থেকে সাধারণ মানুষ সরকারি হাসপাতালে এসে আউটডোরে লাইন দিয়ে দাঁড়িয়ে থেকে স্বাস্থ্য পরিষেবা পায়, চিকিৎসা পায়—এটাই হচ্ছে তার প্রকৃত প্রমাণ। আর চিকিৎসা পাচ্ছে বলেই তো সরকারি হাসপাতালে ভিড় হচ্ছে, চিকিৎসা পাচ্ছে বলেই তো সাধারণ মানুষ প্রত্যন্ত গ্রাম থেকে দলে দলে কলকাতায় আসছে চিকিৎসা পরিষেবা পাবার জন্য। ওরা বাকসর্বস্য, ওরা বুঝবে না। ওদের আমলে চিকিৎসার যে হাল তৈরি করেছিল তা পশ্চিমবাংলার মানুষ জানে। যাইহোক, পরিশেষে স্বাস্থ্য খাতে ৩২, ৩৩, ৩৪ নম্বরে যে ব্যয়-বরাদ্দ উপস্থিত করা হয়েছে তাকে সমর্থন করছি এবং বিরোধীদের আনা ছাঁটাই প্রস্তাবের তীব্র বিরোধিতা করে আমার বক্তব্য শেষ করছি। ধন্যবাদ।

শ্রী নির্মলচন্দ্র মণ্ডল : স্যার, মাননীয় স্বাস্থ্যমন্ত্রী যে বাজেট বরাদ্দের হিসাব দেখিয়েছেন তার আমি বিরোধিতা করছি এবং আমাদের দলের আনীত কাট-মোশনকে সমর্থন করে দু-একটি কথা বলতে চাই। উনি ৩২, ৩৩ এবং ৩৪ নম্বর ডিমান্ডে টোটাল ১৫১২ কোটি টাকা ৩২ লক্ষ ৮৩ হাজার টাকার যে আয়-ব্যয়ের হিসাব দিয়েছেন তার মধ্যে আছে স্বাস্থ্য, মেডিক্যাল শিক্ষা, পরিবার কল্যাণ বিষয়ক প্রভৃতি ব্যাপার। যাইহোক, সারা পশ্চিমবাংলায় প্রতিটি হাসপাতালে গেলে দেখা যাবে সেখানে ডাক্তারের অভাব।

[4.30—4.40 p.m.]

সেখানে গরিব রোগীরা লাইন দিয়ে দাঁড়িয়ে থাকে আর এই চিকিৎসা ব্যবস্থা নিয়ে হাসপাতালগুলিতে দুর্নীতি চলে। সেখানে হাসপাতালের যারা কর্মচারী তারা ডাক্তারদের নানানভাবে কনভিন্স করিয়ে নিজেদের আত্মীয়স্বজনদের দেখায় আর অপরদিকে সাধারণ, গরিব রোগীরা সকাল থেকে ৫/৬ ঘন্টা লাইনে দাঁড়িয়ে কোনো রকমে একটা প্রেসক্রিপশন করায়। তারা কোনোরকমে হয়তো একটা প্রেসক্রিপশন করায় কিন্তু দেখা যায় তারা হাসপাতাল থেকে ওষুধ পায় না। সেই প্রেসক্রিপশন নিয়ে বাইরে গিয়ে তাদের ওষুধ কিনতে হয়। ২০/২৫ বছর আগে সরকারি হাসপাতালগুলি থেকে রোগীদের ওষুধ দেওয়া হত বিনামূল্যে কিন্তু এখন আর তা দেওয়া হয় না। সরকার পক্ষের বক্তারা নানানভাবে সরকারি হাসপাতালগুলিতে উন্নত পরিষেবা দেওয়া হচ্ছে বললেও তারা সবাই স্বীকার করেছেন যে গরিবদের ঠিকমতো ওষুধ হাসপাতালগুলি থেকে দেওয়া হয় না। তারপর আমরা দেখছি, হাসপাতালে এক্স-রে এবং রক্ত পরীক্ষা করার ব্যাপার থাকলে সেখানে সুপারিশ ঠিকমতো সংগ্রহ করতে না পারলে তা সময়মতো করানো যায় না। ফলে অর্থের অভাবে গরিব মানুষরা সঠিক চিকিৎসা থেকে বঞ্চিত হন। এই প্রসঙ্গে মাননীয় মন্ত্রিমহাশয়ের কাছে একটি বিষয়ে আমি জানতে চাই। সারা পশ্চিমবাংলায় স্ক্যানের ক্ষেত্রে আমরা জানি পি. জি-র সঙ্গে লাগোয়া যে বাঙুর ইনস্টিটিউট সেখানে এই স্ক্যান করানো যায় সরকারি হাসপাতালগুলির মধ্যে। আমরা যেহেতু বিধায়ক সেইহেতু সাধারণ মানুষরা আমাদের কাছে আসেন এই স্ক্যানের ব্যাপারে তারা যাতে বিনামূল্যে এবং সময়মতো করতে পারেন তার জন্য আবেদন জানাতে। এক্ষেত্রে বিধায়ক হিসাবে আমরা তাদের কোনো সাহায্য করতে পারি কিনা জবাবী ভাষণে আশা করি মন্ত্রিমহাশয় তা আমাদের জানাবেন। আপনারা স্বাস্থ্য পরিষেবা নিয়ে অনেক গর্ব করেন কিন্তু আপনাদের বলব, এই স্বাস্থ্য পরিষেবার মধ্যেই রয়েছে সবচেয়ে বেশি দুর্নীতি এবং দুর্নীতি থাকার জন্যই আমরা সবার থেকে এ ক্ষেত্রে পিছিয়ে পড়ছি। বাজেটে যে টাকা রাখা হয়েছে এই দুর্নীতির জন্যই তা সঠিকভাবে খরচ হবে না বলেই আমাদের ধারণা। পরিশেষে আমি সোনারপুরের দুটি স্বাস্থ্যকেন্দ্র নিয়ে বলব। একটি স্বাস্থ্যকেন্দ্রে সম্প্রতি এক্স-রে মেশিন গিয়েছে, সেখানে দিনে ৫/৬টির বেশি এক্স-রে হয় না। ওখানে মিউনিসিপ্যালিটিতে শাসক দলের লোক যাঁরা আছেন তাদের সুপারিশেই এই ৫/৬টি এক্স-রে হয়। এটা মন্ত্রিমহাশয় একটু দেখবেন যাতে গরিব মানুষরা সুযোগটা পান। তারপর সুভাষগ্রাম প্রাথমিক স্বাস্থ্যকেন্দ্রে প্রচুর প্রসূতি মায়েরা আসেন, সেটা যাতে ভালোভাবে চলে

তা দেখবেন। আপনার বাজেটে তপশিল জাতি, আদিবাসী অধ্যুষিত এলাকার কথা বলেছেন। আজ থেকে ২০ বছর আগে সোনারপুর অঞ্চলের খোয়াদা অঞ্চলে একটি বাড়ি ইট দিয়ে গাঁথা অবস্থায় পড়ে আছে কিন্তু হাসপাতাল চালু হয়নি। মন্ত্রী মহাশয় এটা একটু দেখবেন। জগদীশপুরে একটি জায়গা নেওয়া আছে, সেখানে হাসপাতাল যাতে হয় সেটা দেখবেন। এই বলে বাজেটের বিরোধিতা করে, কাট-মোশানগুলি সমর্থন করে শেষ করছি।

শ্রী যোগরঞ্জন হালদার : মাননীয় ডেপুটি স্পীকার মহাশয়, আজকে মাননীয় স্বাস্থ্যমন্ত্রী এবং স্বাস্থ্য রাষ্ট্রমন্ত্রী ৩২, ৩৩ এবং ৩৪ নং দাবির উপর যে বাজেট পেশ করেছেন, আমরা দীর্ঘক্ষণ ভেবেছি তার বিরোধিতা করব কিনা। আমরা জানি, সূর্যকান্ত মিশ্র মহাশয় ডাক্তার মানুষ। তিনি আমার ব্লকে গিয়েছিলেন এবং সেখানে একই মঞ্চে আমরা মিটিং করেছিলাম, অবশ্য তখন তিনি স্বাস্থ্যমন্ত্রী ছিলেন, পঞ্চায়েত দপ্তরের মন্ত্রী ছিলেন। কিন্তু আজকে তিনি বাজেট পেশ করেছেন সেটা জনবিরোধী, গরিববিরোধী, কৃষকবিরোধী। সেজন্য এই বাজেটের বিরোধিতা করতে হবে। তিনি তাঁর ভাষণের প্রথম দিকে বলেছেন, নতুন কোনো স্বাস্থ্যকেন্দ্র খোলার পরিকল্পনা নেই। যদি স্বাস্থ্যকেন্দ্রই না থাকে তাহলে স্বাস্থ্যের উন্নতি হবে কি করে, যদি স্বাস্থ্যকেন্দ্র না থাকে তাহলে চিকিৎসার উন্নতি হবে কি করে ? একটি স্বাস্থ্যকেন্দ্রে যদি ১০০ লোককে চিকিৎসার পরিষেবা প্রতিদিন দিতে হয়, বা একটি মানুষকে যদি সাপে বা কুকুরে কামড়ায় তাহলে সেই রোগীর তো ডাক্তারের কাছে পৌঁছবার আগেই মৃত্যু হয়ে যাবে ! সরকার পক্ষের মাননীয় সদস্যরা কিন্তু বাজেটকে সমর্থন করতে গিয়ে মন্ত্রীর বক্তব্য 'নতুন করে আর স্বাস্থ্যকেন্দ্র খোলা হবে না', তাকে সমর্থন করেছেন। কিন্তু পশ্চিমবঙ্গে যদি নতুন করে স্বাস্থ্যকেন্দ্র তৈরি না হয় তাহলে স্বাস্থ্য পরিষেবার উন্নতি কি করে হবে ? কিন্তু আপনারা তাকে সমর্থন করেছেন। তাহলে আমরা মাইকে করে বলব, সি পি এম সদস্যরা চান না পশ্চিমবঙ্গে নতুন স্বাস্থ্যকেন্দ্র হোক। সে কারণে এই বাজেটের বিরোধিতা করছি। তাই আবেদন জানাচ্ছি নতুন স্বাস্থ্যকেন্দ্র খোলার জন্য। আমরা বাজেটের বিরোধিতা করছি এই কারণে, তিনি বলেছেন, স্বাস্থ্যকেন্দ্রগুলি পরিচালনার দায়িত্ব পঞ্চায়েতের উপর ন্যস্ত হচ্ছে। কিন্তু আপনারা জানেন, গ্রামাঞ্চলের পঞ্চায়েত কি পরিমাণে দুর্নীতিগ্রস্ত। ওইসব দুর্নীতিগ্রস্ত মানুষকে স্বাস্থ্য পরিষেবার দায়িত্ব দেবার ফলে স্বাস্থ্য বিভাগ ডকে উঠবে। আজকে স্বাস্থ্যে রাজনীতিকরণ করা হচ্ছে। আমরা এই রাজনীতিকরণের বিরোধী, তার জন্য এই বাজেটকে সমর্থন করতে পারছি না, বিরোধিতা করছি। আপনারা অনেকে বলবেন যে, পঞ্চায়েতের মাধ্যমে স্বাস্থ্যের উন্নতি সম্ভব। একটি গ্রামে পঞ্চায়েত সদস্যরা বলে দেবেন কাকে কাকে চিকিৎসার সুযোগ দেওয়া হবে, কারণ সেখানে নিরপেক্ষতার অভাব। আপনারা জানেন, আমার ব্লকে বেলপুকুর প্রাথমিক স্বাস্থ্যকেন্দ্র রয়েছে। সেখানে ডাক্তার রিটায়ার করেছেন, কম্পাউন্ডার রিটায়ার করেছেন, কিন্তু সেই পদ পূরণ করা হয়নি। তার জন্য সেখানে যিনি ডাক্তার রয়েছেন তিনি সকালে মাত্র তিন ঘণ্টা বসছেন, তারপর আর তাঁকে পাওয়া যাচ্ছে না। তার ফলে সেখানকার স্বাস্থ্য পরিষেবা ভেঙে পড়েছে। আমি ডায়মণ্ডহারবার মহকুমা হাসপাতালের কথা বলছি, ওই হাসপাতালে যদি কোনো রোগী যান তাকে কনভিন্স করা হয়

নার্সিংহোমে যাবার জন্য। তাঁরা রোগীদের বলেন, ওখানে না গেলে চিকিৎসা হবে না। এর বিরুদ্ধে কোনো ব্যবস্থা নিচ্ছেন না। তারজন্য এই বাজেটের বিরোধিতা করছি। আজকে সরকারি হাসপাতালের ডাক্তাররা রোগীর চিকিৎসা করেন না, চিকিৎসা পরিষেবা দিতে চান না। আমি বিশেষ করে ডায়মণ্ডহারবার হাসপাতালের কথা বলছি।

[4.40—4.50 p.m.]

বিশেষ করে ডায়মণ্ডহারবারের মহকুমা হাসপাতালের ডাক্তারগুলো রোগীদের বাধ্য করে নার্সিংহোমে যেতে। সেখানে ডাক্তাররা নার্সিংহোমে দেখেন এবং বিনা কারণে অস্ত্রপ্রচার করে বেশি পরিমাণে টাকা নেয়। সারা পশ্চিমবাংলায় এই ব্যবস্থা চলছে। এই ব্যাপারে ব্যবস্থা নেবার জন্য আমি মন্ত্রী মহাশয়কে অনুরোধ করছি। আমি বিরোধী দলের সমস্ত কাট মোশান সমর্থন করে এবং বাজেটের বিরোধিতা করে আমি আমার বক্তব্য শেষ করছি।

শ্রী পুণ্ডরিকাক্ষ সাহা : মাননীয় চেয়ারম্যান স্যার, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিদ্বয় ডাঃ সূর্যকান্ত মিশ্র এবং রাষ্ট্রমন্ত্রী শ্রী প্রত্যুষ মুখার্জী মহাশয় ২০০১-২০০২ সালের জন্য যে বাজেট বরাদ্দ পেশ করেছেন আমি তার বিরোধিতা করছি। আমাদের দলের আনা এবং অন্যান্য বিরোধী দলের আনা কাট মোশানগুলিকে সমর্থন করে আমি দু-একটা কথা বলতে চাই। আমি স্বাস্থ্যমন্ত্রীর দৃষ্টিগোচরে আনছি কি ভাবে একটার পর একটা আপনার দপ্তরে অন্যায় কাজ হচ্ছে এবং সেটা প্রশ্রয় পেয়ে যাচ্ছে। নদিয়া জেলার স্বাস্থ্য দপ্তরে আপনার টাকা-পয়সা যাচ্ছে এবং সেই টাকা পয়সা খরচ হচ্ছে না। খরচ না হওয়াতে সেইগুলি আবার ফিরে আসছে। এখানে সরকারপক্ষের সমস্ত বিধায়ক সীমিত ক্ষমতা বলে চিৎকার করছেন। সেই সীমিত ক্ষমতার সীমিত অর্থ যখন পরিষেবার কাজে না লেগে ফিরে আসে তখন কি বলবেন ? এই পরিষেবা কাদের জন্য ? এই পরিষেবা হচ্ছে গরিব মানুষের জন্য। তাই গরিব মানুষগুলোকে যারা বঞ্চিত করছে তাদেরকে কি শাস্তি দিয়েছেন জানি না। আমার পূর্ববর্তী বক্তা শিবদাস মুখার্জী বলছিলেন যে লক্ষ লক্ষ টাকা খরচ না হয়ে এখানে ফিরে আসছে। এই স্বাস্থ্য দপ্তরের পরিষেবা যাদের জন্য আছে সেই পরিষেবা থেকে গরিব মানুষেরা বঞ্চিত হচ্ছে তাই নয়, ৫ই জুলাই আনন্দবাজার পত্রিকায় বেরিয়েছে "রসিদ দিয়ে রক্ত-ব্যবসা মানিকতলা ব্লাড ব্যাঙ্কে"। সেখানে বলছে 'টাকা নেওয়ার সময় তারা কেন্দ্রীয় ব্লাড ব্যাঙ্ক অধিকর্তার নামে ছাপানো রসিদও ব্যবহার করছে'। সেখানে সাড়ে তিনশো চারশো করে টাকা নিচ্ছে। এটা কেন ব্লকে নয়, কোনো জেলায় নয় খোদ এ-ওয়ান সিটিতে এই জিনিস দেখতে পাচ্ছি এই কার্যকলাপ চলছে। এমন পরিস্থিতিতে এমন দুর্নীতিতে এমন পরিষেবায় কি ভাবে মানুষ সুযোগ পাবে ? বুদ্ধদেব ভট্টাচার্য মুখ্যমন্ত্রী হওয়ার পরে নির্দেশ দিয়েছিলেন সমস্ত জেলায় জেলায় যে সি.এম.ও.এইচ বা এই ধরনের পদাধিকারীরা চতুর্থ কর্মচারী ঢোকাতে পারবেন না। ১০ই জুলাই বর্তমান পত্রিকায় বার হলো নদিয়া জেলার নবদ্বীপ, কৃষ্ণনগর এবং শান্তিপুরে ৪ জন চতুর্থ শ্রেণির কর্মচারীকে নিয়োগ করে ব্যক্তিগত কাজে লাগাচ্ছে। এই দিক থেকে দেখতে পাচ্ছি অন্যান্য হাসপাতালে কর্মচারী সংখ্যা সীমিত। এই অবস্থার মধ্যে দিয়ে এই

অন্যায় পথে আপনার দপ্তর এগিয়ে চলেছে। আমরা দেখেছি যখন মাননীয় বিধায়করা আপনাকে প্রশ্ন করেছেন তখন আপনি নম্র এবং বিনয়ীভাবে শুনেছেন এবং তার উত্তর দেওয়ার চেষ্টা করেছেন। এই রকম নম্র এবং বিনয়ী থাকলে হবে না, আপনাকে সুদৃঢ় পদক্ষেপ গ্রহণ করতে হবে। এই সুদৃঢ়তার মধ্যে দিয়ে সেখানে যাতে সুস্থ পরিবেশ গড়ে ওঠে সেটা দেখতে হবে এবং সরকারি হাসপাতালে সকলে যাতে সমান সুযোগ পায় সেটা দেখতে হবে। আপনি হাসপাতাল সম্পর্কে সুন্দর বক্তব্য তুলে ধরেছেন কিন্তু আপনার সেই হাসপাতালে সেই রকম কোনো চিকিৎসা পাচ্ছে না।

কিন্তু আমরা দেখতে পাচ্ছি যে, বাংলার বাইরে মহারাষ্ট্রে ১৬৬টি কলেজ, আয়ুর্বেদিক এবং মেডিকেল কলেজ রয়েছে। কর্ণাটকে রয়েছে ১২৫টি, তামিলনাড়ুতে রয়েছে ৭৮টি, উত্তরপ্রদেশে রয়েছে ৩৫টি, অন্ধ্রপ্রদেশে রয়েছে ২৯টি। আর সেখানে পশ্চিমবাংলায় রয়েছে মাত্র ১৯টি। এমনকি পাশের রাজ্য ওড়িশা আমাদের উপরে রয়েছে। আমাদের মেডিকেল কলেজ যদি না বাড়ে, তাহলে ডাক্তারের সংখ্যাও বাড়বে না। শুধু তাই নয়, আমরা দেখতে পাচ্ছি অন্যান্য রাজ্যে তুলনামূলকভাবে যেভাবে বেডের সংখ্যা বাড়ছে, আমাদের রাজ্য সেখানে পিছিয়ে রয়েছে। স্বাস্থ্যকেন্দ্রগুলোর বিকেন্দ্রীকরণ কি শুধু পঞ্চায়েতের হাতে তুলে দিলেই হয়ে যাবে ? প্রাইমারি হেল্‌থ সেন্টার, সাবসিডিয়ারি হেল্‌থ সেন্টার যাই বলুন না কেন, গ্রামবাংলায় যদি বেডের সংখ্যা না বাড়ে, তাহলে গ্রামের মানুষ চিকিৎসা পরিষেবা থেকে প্রকৃতপক্ষে বঞ্চিতই থেকে যাবে। আগে গরিব মানুষ যেভাবে ডাক্তারের সুবিধা, বেডের সুবিধা পেত, সেই সুবিধা থেকে তারা বঞ্চিত হচ্ছে শুধুমাত্র পরিকাঠামো না থাকার জন্য। আজকে এই জন্য যে পরিস্থিতি তৈরি হচ্ছে যাতে গরিব মানুষেরা অসহায় বোধ করছে, তারা বঞ্চিত হচ্ছে। সেই কারণে আপনার বাজেটের বিরোধিতা করে এবং আমাদের ছাঁটাই প্রস্তাবকে সমর্থন করে আমার বক্তব্য শেষ করছি।

শ্রী শিশির অধিকারী : মাননীয় চেয়ারম্যান, স্যার, আমি আপনার মাধ্যমে পশ্চিমবঙ্গ সরকারের মাননীয় স্বাস্থ্যমন্ত্রী মহোদয় এবং রাষ্ট্রমন্ত্রী মহোদয় ২০০০-২০০১ সালের জন্য ৩২নং, ৩৩নং এবং ৩৪নং যে বাজেট এনেছেন তার বিরোধিতা করে এবং আমাদের বিরোধীদের কাটমোশানের পক্ষে কিছু বলতে চাই। পশ্চিমবঙ্গ সরকার যখন ১৯৭৭ সালে ক্ষমতায় আসেন, তখন এখানে কৃষি, শিক্ষা এবং স্বাস্থ্য ব্যবস্থা যে অবস্থায় ছিল, আজকে মাননীয় অসীমবাবু তাঁর বাজেট বক্তৃতায় যা উল্লেখ করেছেন, জনস্বাস্থ্যে দু'নম্বর থেকে ১৮ নম্বরে এসে দাঁড়িয়েছে। এখানে কেরালার কথা বলা আছে। জন্মহার, মৃত্যুহার এবং মহারাষ্ট্রের কথা বলা আছে। পশ্চিমবঙ্গে এগুলো কমে গেছে বলা হয়েছে। যাই হয়ে থাকুক না কেন, পরিসংখ্যান যা বেরিয়েছে তাতে দেখা যাচ্ছে, পশ্চিমবাংলায় ১৯৯৭-৯৮ সালের পরে আমাদের বেডের সংখ্যা ৬৭,২৫৬টির জায়গায় ৭০,৩৮৪তে এসে দাঁড়িয়েছে। যাই হোক এতে খুব বেশি বলার আছে বলে আমি মনে করি না। চিকিৎসার ক্ষেত্রে সরকারি নয়, বেসরকারি ব্যবস্থার ওপরে আমাদের বেশি নির্ভর করতে হচ্ছে। কিন্তু আমাদের যে

ঐতিহ্যবাহী সনাতন চিকিৎসা, আয়ুর্বেদ ও হোমিওপ্যাথ, এরমধ্যে হোমিওপ্যাথ খুব পপুলার হয়েছে। সে সম্পর্কে সরকারের চিন্তা-ভাবনা আছে বলে আমি মনে করি না। আমাদের কল্যাণীতে যে আয়ুর্বেদ উৎপাদন কেন্দ্রগুলো ছিল, সেগুলো গতবারের বন্যায় নষ্ট হয়েছে, তাকে পুনরায় সুচারুরূপে গড়ে তোলার দিকে সরকার লক্ষ্য দেয়নি। এই সরকারের বিশ্বব্যাঙ্কের টাকা ছাড়া আর কোনো উল্লেখযোগ্য কিছু আছে বলে আমি মনে করি না। গরিব মানুষকে পরিষেবা দেওয়ার ক্ষেত্রে দক্ষিণবঙ্গ বা উত্তরবঙ্গে বিশেষ কিছু নেই। শুধুমাত্র কলকাতার প্রতিষ্ঠানগুলোকে মাথাভারি করে তুলেছেন। সেজন্য গ্রামবাংলার জনগণ, মাথাভারি প্রশাসন, এইসব প্রশ্ন আসছে। আমি মনে করি এটা একটা টেকনিক্যাল ডিপার্টমেন্ট। মাননীয় মন্ত্রী নিজে একজন ডাক্তার। এই ডিপার্টমেন্টে গণতন্ত্রের স্বার্থে কিছু মানুষ আসছেন ঠিকই, কিন্তু যে ভাবে ছড়ি ঘোরাচ্ছেন, জনগণের প্রতি দায়বদ্ধতার ক্ষেত্রে সরকারকে আরও গতিশীল হওয়া উচিত ছিল। কলকাতায় যে চিকিৎসা ব্যবস্থা, ২৪ বছরে একজন দেবী শেঠীকে নিয়ে এসে, শিলিগুড়িতে ইন্টারনেটের মাধ্যমে চিকিৎসা করা হবে বলছেন। বেসরকারি ব্যক্তিত্বের ওপরে জোর দেওয়া হচ্ছে।

[4.50—5.00 p.m.]

মাননীয় স্বাস্থ্যমন্ত্রীকে অনুরোধ করব তিনি আইনি ব্যবস্থা নিন কারণ বহু লোক চায় এখানে ভালো চিকিৎসা হোক এবং তার জন্য টাকা দিতে রাজি আছে। বহু গ্রামেগঞ্জের মানুষ শহরে আসেন চিকিৎসার জন্য। কিন্তু সুচিকিৎসা পায় না। সেই কারণে আমার অনুরোধ এখানে অনেক মধ্যবিত্ত, উচ্চবিত্ত মানুষ তারা ইচ্ছুক জমি কিনে দিতে এবং হাসপাতালের যন্ত্রাংশ কিনে দিতে, কিন্তু আপনার আইন নেই বলে তারা পাচ্ছে না। সেক্ষেত্রে আপনি এই ব্যাপারে আইন করে এর ব্যবস্থা নিন। আমাদের পূর্ব পুরুষেরাও বহু জমি হাসপাতাল তৈরি করতে দান করেছেন। এখনও অনেক লোক দিতে চান, গ্রামবাংলার লোকেরা চান। আপনি বহরমপুরে মেডিকেল কলেজ করবেন বলেছেন। কিন্তু এই যে লোকেরা জমি দিতে চাইছে, টাকা দিতে চাইছে, আপনি সেক্ষেত্রে আইন পরিবর্তন করে এগুলোকে কাজে লাগান। তারা ওইসব অর্থ দিয়ে উন্নতমানের স্ক্যানিং মেশিন, এনড্রসকোপি মেশিন, উন্নতমানের এক্সরে মেশিন কিনে দিতে চায়, আপনারা সেগুলো গ্রহণ করছেন না কেন জানি না। আপনারা পয়সা খরচ করে অনেক যন্ত্রপাতি বসিয়েছেন সেগুলো চলছে না, সেগুলোকে সচল করার ব্যবস্থা করুন। আজকে আপনি মেডিকেল কলেজ স্থাপনের কথা বলেছেন কিন্তু দুঃখের বিষয় যে, স্বাধীনতা আন্দোলনের পরে মেদিনীপুরের মানুষেরা অর্থাৎ আমাদের পিতৃ পুরুষেরা একটা মেডিকেল কলেজ স্থাপনের জন্য ওখানে ভিত্তি প্রস্তর স্থাপন করেছিল। কিন্তু আজকে লজ্জা করা উচিত ওখানে একটাও মেডিকেল কলেজ স্থাপিত হল না। মেদিনীপুরে ১ কোটি মানুষের বাস, যেখানে ইন্ডিয়ান মেডিকেল কাউন্সিল ৩০০টি বেড হলে পরে একটি মেডিকেল কলেজ গড়ার কথা বলেছে, সেখানে আমাদের এখানে ১ কোটি মানুষের বাস, সুতরাং ৩০০টি বেড হওয়ার কোনো অসুবিধা নেই এবং মেডিকেল কলেজ গড়তেও কোনো অসুবিধা নেই। তাছাড়া

আমাদের লোকেরা টাকা দিতে প্রস্তুত। আপনি ইনফ্রাস্ট্রাকচারের জন্য টাকা দিয়েছেন। আপনি বলছেন ডাক্তাররা গ্রামে যেতে চাইছেন না। কিন্তু সত্যি কি গ্রামে চিকিৎসার পরিবেশ আছে ? আজকে মিউনিসিপ্যালিটিতে ইনফ্রাস্ট্রাকচার আছে, কর্পোরেশানে আছে কিন্তু পঞ্চায়েতে কোনো ইনফ্রাস্ট্রাকচার নেই। আপনাদের বহু অফিসার আছেন, তারা কেবল বগলে ফাইল নিয়ে চা কফি খেয়ে ঘুরে বেড়ান। তাদের আপনি গ্রামে পাঠান। আপনার জেলা পরিষদেও কোনো ইনফ্রাস্ট্রাকচার নেই। আপনারা খালি বলেন ডাক্তাররা গ্রামে যায় না, গ্রামে যায় না। তাদের শুধু তো পাঠিয়ে দিলেই হবে না। গ্রামে চিকিৎসকরা যাবে না কেন—তাদের বিদ্যুৎ, পানীয় জলের কোনো ব্যবস্থা নেই, এসব ব্যবস্থা করুন। তাদের গ্রামে আমোদপ্রমোদের কোনো ব্যবস্থা নেই, ছেলেমেয়েদের জন্য বিদ্যালয়ের সেরকম ব্যবস্থা নেই। তাদের নির্দিষ্ট পড়ার ঘর নেই। ঘোড়া যেমন নির্দিষ্ট পুকুর খুঁজে জল খায়, অন্য সব পুকুরে জল খায় না, তেমনি কলকাতায় ডাক্তারি, ইঞ্জিনিয়ারিং পাশ করা ছেলেদের গ্রামে পাঠালেই হবে না, তাদের জন্য উপযুক্ত ব্যবস্থা নিতে হবে। তাদের যথেষ্ট ইন্টালিজেন্সি আছে। তাদের গ্রামে রেখে দিয়ে আজ এ জেলা কাল অন্য জেলা করছেন তারা গ্রামে যাবে না। আজকে গ্রামের মানুষেরা সুচিকিৎসা পাওয়ার জন্যে কলকাতার পি.জি. হাসপাতালে আসতে হচ্ছে। তাদের আত্মীয় স্বজনরা তো আর রোগীকে ছেড়ে থাকবে না। কিন্তু তাদের থাকার কোনো ব্যবস্থা নেই। আপনার জেলা স্বাস্থ্যকেন্দ্রগুলোকে আরো গতিশীল করুন তাহলে অনেক উপকার হবে। আপনি আধুনিক যন্ত্রপাতি কিনেছেন কিন্তু সেগুলোকে সচল করার ব্যবস্থা করুন। তারপরে আপনি প্রশিক্ষণ দেবার কথা বলেছেন। আপনার দপ্তরে যে দায়িত্বশীল অফিসাররা রয়েছেন তাদেরকে গ্রামে পাঠান, প্রশিক্ষণ দিন তাঁরা। মানুষ যাতে স্বাস্থ্যের পরিষেবা পায় তার ব্যবস্থা করুন। আপনার এই প্রশিক্ষণ ব্যবস্থাটাকে আরো দৃঢ়তর করুন। এই কথা বলে এই স্বাস্থ্য বাজেটের উপরে যে ব্যয়বরাদ্দ এনেছেন তার বিরোধিতা করে, আমাদের কাটমোশানকে সমর্থন করে আমার বক্তব্য শেষ করছি।

শ্রী দেবপ্রসাদ সরকার : মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আজকে মাননীয় স্বাস্থ্যমন্ত্রীদ্বয় যে ৩২, ৩৩, ৩৪ নং দাবির উপরে ব্যয়বরাদ্দ পেশ করেছেন, সেই স্বাস্থ্য বাজেটের বিরোধিতা করে আমাদের কাটমোশানকে সমর্থন করে আমার কিছু বক্তব্য এখানে রাখছি। মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, গ্যাট চুক্তি, ডব্লিউ.টি.ও জারি করা ফরমানে আমাদের দেশের সার্বিক জনস্বাস্থ্যকে সম্পূর্ণ অস্বীকার করে সরকার স্বাস্থ্য পরিষেবাকে ক্রমাগত সংকুচিত করে ফেলেছেন।

ক্রমাগত সঙ্কুচিত করে ফেলছে, সরকারি হাসপাতালে ফ্রি বেড কমে যাচ্ছে, ঔষধ পাওয়া যাচ্ছে না এককথায় সরকারি স্বাস্থ্য ব্যবস্থায় স্বাস্থ্য পরিষেবা জনসাধারণের কাছে দুর্মূল্য হয়ে উঠেছে এই সরকারি স্বাস্থ্য পরিষেবার অভাবে। আজকে এই রকম একটা অবস্থায় পশ্চিমবাংলার বামফ্রন্ট সরকার তারা এই বেসরকারিকরণ স্বাস্থ্য ব্যবস্থায় স্বাস্থ্য পরিষেবার মুখে বিরোধিতা করলেও আমরা দেখতে পাচ্ছি কার্যক্ষেত্রে তারা একই পথ অনুসরণ করে

চলেছেন এবং অন্যান্য বছরের তুলনায় আমি বলব এবারের বাজেটে রাজ্য সরকার আরো নগ্নভাবে জনস্বাস্থ্যকে বেসরকারিকরণ করার পক্ষে যে জনবিরোধী পদক্ষেপগুলি তারা ঘোষণা করেছেন, এই কথা এই বাজেটের মধ্যে দিয়ে প্রতিফলিত হচ্ছে। যেখানে রাজ্যের প্রয়োজনের তুলনায় শতকরা ৫০ ভাগ স্বাস্থ্যকেন্দ্র রয়েছে, সেখানে মাননীয় স্বাস্থ্যমন্ত্রীর বাজেট ভাষণে নতুন আর কোনো স্বাস্থ্যকেন্দ্র বা হাসপাতাল তৈরি হচ্ছে না। তাদের পূর্বাপুর এই নীতি বহাল থাকছে ফলে একদিকে প্রয়োজনের তুলনায় অত্যন্ত অপ্রতুল সরকারি স্বাস্থ্য পরিষেবা যদিও আছে, তবুও সরকারের স্বাস্থ্য পরিষেবায় জীবনদায়ী ঔষধ থেকে শুরু করে ডাক্তার নার্স স্বাস্থ্যকর্মী চিকিৎসক অন্যান্য প্রয়োজনীয় উপকরণ এর অভাবে যতটুকু স্বাস্থ্য পরিষেবা ৫/৭ বছর আগে ছিল আজকে সেটুকু অবলুপ্ত হতে চলেছে। ফলে একদিকে এই সরকারের ঔদাসীন্যতার ফলে সরকারের স্বাস্থ্য পরিষেবা ক্রমাগত সঙ্কুচিত হয়ে যাচ্ছে। অপরদিকে সরকারের পৃষ্ঠপোষকতায় স্বাস্থ্য ব্যবস্থায় বেসরকারিকরণের উদ্যোগ ক্রমাগতভাবে গ্রহণ করা হচ্ছে। ফলে কোন নীতি তারা অনুসরণ করছেন এখানে ? মাননীয় চেয়ারম্যান স্যার, বিশ্বব্যাঙ্কের সাহায্য নিয়ে এই যে রাজ্যে স্বাস্থ্য ব্যবস্থার উন্নয়ন প্রকল্পে যেখানে ২১৪টি জেলা হাসপাতাল মহকুমা হাসপাতাল রয়েছে, এইগুলির উন্নয়নের জন্য এই যে ৭০১ কোটি টাকা নির্ধারণের সময় অর্ধেক টাকাও ব্যয় করতে পারেননি, প্রচুর কাজ অসম্পূর্ণ হয়ে রয়েছে এবং শুধু তাই নয় যে কাজও হয়েছে সেখানে যে টাকা খরচ হয়েছে সেখানে অর্থ নয়ছয় হচ্ছে বিভিন্ন দিক থেকে অভিযোগ আসছে। মানে এখানেও এই বিশ্বব্যাঙ্কের টাকায় যে বিল্ডিং হল, সেখানে কাজ শুরু হল না, বিল্ডিং ভেঙে পড়ছে, জল পড়ছে, সেখানে যন্ত্রপাতি যাচ্ছে তো সেখানে যন্ত্রপাতি চালাবার জন্য চিকিৎসক যাচ্ছে না, লোক যাচ্ছে না, ফলে এই রকম একটা অবস্থায় টাকা নয়ছয় হচ্ছে। সেখানে ট্রেনিং এর নামে এমন কি বিদেশে পর্যন্ত আমলারা যাচ্ছেন। আমলা পাঠান হচ্ছে সরকারি টাকায়। অথচ এই ৭০১ কোটি টাকা সুদে আসলে পরিশোধ করতে হবে। কাদের পরিশোধ করতে হবে, এই রাজ্যের জনগণকে। অথচ সেই টাকা এইভাবে অপব্যবহার হচ্ছে, দুর্নীতি হচ্ছে, সরকার সেখানে নির্বাক ভূমিকা পালন করছেন। মাননীয় চেয়ারম্যান স্যার, এই যে ওয়ার্ল্ড ব্যাঙ্ক, ওয়ার্ল্ড ব্যাঙ্কের নির্দেশ এখানে স্বাস্থ্য পরিষেবা দুর্মূল্য হয়ে যাচ্ছে, ইতিমধ্যে মহকুমা হাসপাতালগুলিতে যেখানে দু-একটি বেড পেয়িং বেড ছিল, সেখানে ৪০/৪৫টি পেয়িং বেড হচ্ছে, কেবিন হচ্ছে, সেখানে থাকার জন্য চার্জ নেওয়া হচ্ছে।

[5.00—5.10 p.m.]

সেখানে স্বাস্থ্য পরিষেবা দুর্মূল্য হয়ে উঠবে, নার্সিংহোমের স্বাস্থ্য পরিষেবা মানুষের নাগালের বাইরে চলে যাবে। এই বিষয় সাবজেক্ট কমিটির চেয়ারম্যান ছিলেন গৌরীপদ দত্ত মহাশয়, তিনি ২০০০-০১ সালের বাজেট স্ক্রুটিনিতে বলেছেন, Department feels that the rise in the budgetary allocation on medical excluding Public Health is due to externally aided projects. The Department is keen to

receive more funds on the core sector. In the externally aided funds, the method of expenditure is formulated by the funding agencies. It has been discussed during the evidence that these assistance would provide limited benefit to the community. সাবজেক্ট কমিটির রিপোর্ট থেকেই এটা বোঝা যায়। ওয়ার্ল্ড ব্যাঙ্কের সাহায্য নিয়ে যে স্বাস্থ্য পরিষেবা গড়ে তুলতে চাইছি, এটা বেসরকারিকরণের একটা ব্লু-প্রিন্ট। স্বাস্থ্যকে দুর্মূল্য করার ব্যবস্থা মাত্র।

মাননীয় চেয়ারম্যান স্যার, আজকে জনস্বাস্থ্য জনগণের হাতে সুরক্ষিত, এই ব্যাঙ্কের আড়ালে সরকার কার্যতঃ পঞ্চায়েতের হাতে দায়িত্ব ছেড়ে দিয়ে মুক্ত হতে চেয়েছে। যেখানে আজকে সরকারি স্বাস্থ্য পরিষেবার অভাব, সেখানে রুথলেস এক্সপ্লয়টেশান করা হচ্ছে সাধারণ মানুষকে। তারা আজকে নার্সিংহোমগুলোর খপ্পরে পড়ছে। স্বাস্থ্য পরিষেবার ব্যাপারে বাজেট অ্যালটমেন্টে আমরা দেখতে পাচ্ছি শতকরা ৯৫ শতাংশ বাজেট অ্যালোটমেন্ট করা হয়েছে নন-প্লান সেক্টরে। প্রাক্টিকালি ডেভেলপমেন্টের কোনো প্রভিশান নেই। চিত্তরঞ্জন হাসপাতালের জন্য যেখানে বরাদ্দ ছিল ১ কোটি ৭৫ হাজার টাকা, সেই বাজেটারি অ্যালোটমেন্ট কমিয়ে করা হয়েছে ৩৪ লক্ষ ৬৬ হাজার টাকা। আজকে আপনারা উন্নয়ন চাইছেন না। আজকে মারাত্মক ব্যাপার হচ্ছে ...State Illness Assistance Fund towards Expenditure for Hospitalisation of poverty stristken people.

সেখানে আপনার কোনো বাজেটারি অ্যালোটমেন্ট নেই। ড্রাগের মূল্য বাড়ছে, কিন্তু ড্রাগের ক্ষেত্রে অ্যালোটমেন্ট কমছে। আমি আরেকটা ব্যাপার বলছি, যেটা মাননীয় স্বাস্থ্যমন্ত্রী নোট করতে পারেন, আমার নিজের কেন্দ্র জয়নগরে সেখানে যে ব্লক হাসপাতাল আছে সেখানে আপনার পূর্বসুরি পার্থবাবু এবং তার পূর্বসুরি প্রশান্তবাবুর আমলে একটা এক্স-রে মেশিন বসাবার জন্য স্যাংশান দিয়েছিলেন। প্রশান্তবাবু গেলেন, পার্থবাবু এলেন, পার্থবাবু গেলেন আপনি এলেন, কিন্তু সেই এক্স-রে মেশিনের টেকনিসিয়ানের অভাবে মেশিনটি চালু করা গেল না। এই হচ্ছে স্বাস্থ্য দপ্তরের কর্মতৎপরতার নমুনা। তাই এই স্বাস্থ্য বাজেটের বিরোধিতা করি এবং যে কাট-মোশানগুলো আনা হয়েছে তাকে সমর্থন করে আমার বক্তব্য শেষ করছি।

শ্রী কাশীনাথ মিশ্র : মাননীয় চেয়ারম্যান স্যার, মাননীয় স্বাস্থ্যমন্ত্রী যে ৩২, ৩৩, ৩৪নং দাবির ব্যয়বরাদ্দ দাবি করেছেন, তাতে যে টাকা চেয়েছেন ১৫১২ কোটি ৩২ লক্ষ ৮৩ হাজার টাকা। এটা ক্রমাগত বৃদ্ধি পাচ্ছে। ১৯৮০-৮১-তে ছিল ১৪৯ কোটি ৫০ লক্ষ ৯০ হাজার টাকা, ১৯৮১-৮২-তে ছিল ১৬৬ কোটি ৪৫ লক্ষ ৯০ হাজার টাকা। এবং এটা ক্রমান্বয়ে বেড়ে চলেছে। আপনি তো সূর্য, আপনার একটা রশ্মি আছে, তাই প্রকৃত ব্যাপারটা উপলব্ধি করতে পেরেছেন এবং সেই জন্য ডাক্তার থেকে স্বাস্থ্য বিভাগের সর্বস্তরের কর্মীদের তাদের দায়বদ্ধতা সম্পর্কে সচেতন করে দিচ্ছেন। আপনার বাজেট বইয়ের ৭ পাতায় উল্লেখ করছেন—বেসরকারি সংস্থার দ্বারা যন্ত্রপাতি বসানো হবে। কিন্তু চিকিৎসার জন্য কেন সবাই

পশ্চিমবাংলার বাইরে যাচ্ছে ? এখানে ঠিকমতো চিকিৎসা পাচ্ছেন না। জ্যোতি বসু গিয়েছিলেন কিউবায়, বিদ্যুৎমন্ত্রী গিয়েছিলেন কোথায় ? অ্যাপোলোতে শৈলেনবাবুকে যেতে হয়েছিল ব্রিচক্যান্ডিতে। ফোর্থ প্ল্যান, ফিফ্‌থ প্ল্যান থেকে কতগুলো ট্রেনিং ছিল। আন্ডার গ্র্যাজুয়েট, পোস্ট গ্র্যাজুয়েটের জন্য ব্যাপকভাবে শিক্ষার ব্যবস্থা ছিল। তখন ২৬,৫০০ ডাক্তার ছিল। মেডিক্যাল রিসার্চ ইনস্টিটিউট ছিল, ডেন্টাল ইনস্টিটিউট ছিল, ট্রেনিং প্রোগ্রাম অফ প্যারামেডিক্যাল ছিল, পার্সোনাল নার্সিং ইনস্টিটিউশন ছিল, নাম্বার অফ নার্সেস ছিল ১২ হাজার মতো। আজকে বিভিন্নভাবে টাকার পরিমাণ বাড়ছে, তার সঙ্গে সঙ্গে পরিষেবাটাও ভালো হোক। এখানে কেন্দ্রীয় ও রাজ্য সরকারের যৌথ দায়িত্ব আছে। কেন্দ্রের কিছু কিছু প্রোগ্রাম আছে, সেখানে কেন্দ্রীয় সরকার টাকা দেয়। এখন তো বাইরে থেকেও টাকা-পয়সা আসছে। আপনি বিকেন্দ্রীকরণের কথা বলেছেন। এটা যদি ভালোভাবে ছড়িয়ে যেতে পারে তো খুবই ভালো। সেই সময় গ্রামাঞ্চলে প্রাথমিক স্বাস্থ্যকেন্দ্র ছিল ৩৩৫টি, সাবসিডিয়ারি হেল্‌থ সেন্টার ছিল ৬৩৫টি আর বেড ছিল ৭,২০০। আজকে সেখানে কী অবস্থা ? কেন আজকে শহরের উপর চাপ বাড়ছে ? বাঁকুড়া জেলা হাসপাতালে সবই করেছেন, সেখানে আউটডোর করেছেন, ডাক্তার নিয়োগ করেছেন, কিন্তু কোনো ব্যবস্থা নেই, ফাঁকা। প্রত্যেকটা ক্ষেত্রে এরকম হচ্ছে। বাঁকুড়াতে সিটি স্ক্যান বা এম. আর. আই.-এর ব্যবস্থা নেই। সেখানে নিওরো সার্জারি, চিলড্রেন সার্জারির ব্যাপারটা দেখবেন। বাঁকুড়া সম্মিলনী মেডিক্যাল কলেজ হাসপাতালে এখনও চিলড্রেন সার্জারি চালু করতে পারেননি। আমি সেটা নিয়ে মিটিং করেছি। ম্যানেজমেন্ট অফ দ্য কমিটিতে গেছি। প্রথম মিটিংয়ে গেছি, দেখেছি তাদের বিভিন্ন অসুবিধা আছে। ডাক্তার যেখানে নিয়োগ করছেন, সেখানে তারা যাচ্ছে কিনা দেখুন। বলছেন গ্রামে যেতে, কিন্তু সেখানে পরিষেবা ক্রমান্বয়ে ছোট হয়ে যাচ্ছে।

[5.10—5.20 p.m.]

সাবডিভিশনাল হাসপাতালগুলিকে সেইভাবে দেখা হচ্ছে না। ডিস্ট্রিক্ট হাসপাতালগুলিকে সেভাবে দেখা হচ্ছে না। তারপর বড় হাসপাতালগুলিকে সেই ব্যবস্থা করতে পারেননি। তাই বিভিন্নভাবে আজকে উন্নতি করতে গেলে যন্ত্রপাতি চেঞ্জ করার দরকার আছে। আমরাও আপনাকে এই ব্যাপারে সহযোগিতা করব। এটা বাস্তব ঘটনা—আমি রোগী দেখতে গেছি একটা হাসপাতালে, সেখানে গাইনি বিভাগের সেপটিক ওয়ার্ডের একটা বেডে তিনজন রোগী রয়েছে। এই তো হচ্ছে হাসপাতালের অবস্থা। ডাঃ বিধানচন্দ্র রায়ের চিন্তাভাবনা যা ছিল, তার থেকে আমরা ক্রমশই পিছিয়ে যাচ্ছি। এত টাকা খরচ করা হচ্ছে। সেটা ঠিকভাবে বিকেন্দ্রীকরণ করে যদি পরিষেবা করা যায় তাহলে আমার মনে হয় ভালো হবে। আজকে-আপনারা ম্যালেরিয়া দূর করতে পারেননি। থ্যালাসেমিয়া রোগী ক্রমশ বাড়ছে, কালাজ্বর বাড়ছে। এগুলি কেন হচ্ছে সেই ব্যাপারে অনুসন্ধান করবার প্রয়োজন আছে। স্বাস্থ্য পরিষেবা আরও বাড়াতে গেলে ডাক্তার নার্স স্টাফ বাড়াতে হবে। আপনারা সাব-ডিভিশনাল হসপিটালগুলিকে বিকেন্দ্রীকরণ করুন। আমি আশা করব আমাদের আনা কাট-

মোশানগুলিকে সমর্থন করবেন এবং তা গ্রহণ করবেন। এই কথা বলে আমাদের আনা কাট-মোশানের সমর্থন করে, এই বাজেটের বিরোধিতা করে আমার বক্তব্য শেষ করছি।

শ্রী তারক বন্দ্যোপাধ্যায় : মাননীয় অধ্যক্ষ মহাশয়, মাননীয় স্বাস্থ্যমন্ত্রী মহাশয় যে ব্যয়বরাদ্দের দাবি এখানে পেশ করেছেন, আমি তার বিরোধিতা করে আমার বক্তব্য শুরু করছি। মাননীয় মন্ত্রী তাঁর বাজেট বইতে বলেছেন যে, স্বাস্থ্য পরিষেবা উল্লেখযোগ্য সাফল্য লাভ করেছে। আমি আপনাকে বলি হিউম্যান রাইট্স কমিশনের অ্যানুয়াল রিপোর্ট, সেখানে বলছে, The Department of Health and Family Welfare, Government of West Bengal reported to the Commission that there were 113 Primary Health Centres in the State which were running without qualified doctors. The Government had been trying to appoint Medical Officers on contract basis.

সেখানে হিউম্যান রাইট্স কমিশন বলছে, The Commission felt dismay by the disclosure that 113 Primary Health Centres in the State were operating without Medical Officers. A large section of the State population was thus without any medical facilities. It is the bounden duty of the Government to ensure that health care is provided at all cases and that health centres are properly manned are remained functional.

স্বাস্থ্যমন্ত্রী বলছেন স্বাস্থ্যকেন্দ্র ভালো চলছে। স্যার, পশ্চিমবঙ্গের স্বাস্থ্য দপ্তর সব থেকে বেশি বিকল। আপনি দেখবেন নীলরতন সরকার হাসপাতালে একজন রোগী ভর্তি হল ২৮.৫.২০০১-এ। ২৯.৬.২০০১ তারিখে রোগীর বাড়িতে একটা চিঠি এসেছে যে, তোমাদের রোগী ভালো আছে। রোগীকে তোমরা বাড়ি নিয়ে যাও। আরও তাকে পরিষেবা ভালো করার জন্য দেওয়ার জন্য আপনারা পরিজনরা এখানে এসে বাড়ি নিয়ে যান।

মাননীয় স্বাস্থ্যমন্ত্রী দেখুন আপনারা হেল্থ ডিপার্টমেন্ট কিভাবে চলছে, রোগী মারা গেল এবং তাকে কাশী মিত্র শ্মশানঘাটে দাহ করা হয়ে গেল, বার্নিং সার্টিফিকেট দেওয়া হল অথচ হাসপাতাল তার বাড়িতে চিঠি পাঠিয়েছে যে রোগী ভালো আছে, আপনারা বাড়ি নিয়ে যান। কোথায় গিয়ে স্বাস্থ্য ব্যবস্থা দাঁড়িয়েছে সেটা দেখুন। মাননীয় স্বাস্থ্যমন্ত্রী শুনুন প্রতিবন্ধী মেয়েকে নিয়ে বাবা মন্ত্রী থেকে শুরু করে বড়, মেজ, ছোট আমলাদের কাছে হাত পেতে ভিক্ষা চেয়েছেন—পয়সা নয়, একটু চিকিৎসা—পাননি। দক্ষিণ দিনাজপুরের খুটিপুকুরের বাসিন্দা। আজকে থ্যালাসেমিয়া রোগীদের কী অবস্থা। এখন ১৭ পারসেন্ট থ্যালাসেমিয়া রোগী পশ্চিমবঙ্গে। আপনি এঁদের কোনো চিকিৎসা ব্যবস্থা করতে পারেননি। মাসে তাদের ৫, ৬ হাজার টাকা মিনিমাম খরচা, মাসে দুবার করে রক্ত দিতে হয়, ইনজেকশন দিতে হয়। সরকার থ্যালাসেমিয়া রোগীদের কোনো রকম দায়িত্ব গ্রহণ করছেন না। থ্যালাসেমিয়া রোগীদের কিভাবে চিকিৎসা দেওয়া যায় সে ব্যাপারে সরকার উদাসীন। মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আমি দাবি করব বিয়ের আগে পাত্র-পাত্রীদের সরকারি খরচে

অর্থাৎ বিনা পয়সায় রক্ত পরীক্ষার ব্যবস্থা সরকার করুন। সরকার এই দায়ভার গ্রহণ করে থ্যালাসেমিয়ার হাত থেকে সমাজকে বাঁচান। মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, স্বাস্থ্য দপ্তরের নমুনা দেখুন, পূর্ব বাংলা থেকে আগত রিফিউজি ভাই-বোন যাদেরকে হাতিয়ার করে এই বামফ্রন্ট এই বাংলার বুকে রাজনীতি করেছিল, সংগঠিত করেছিল, সেই কুপার্স হসপিটাল হানাবাড়ি হয়ে দাঁড়িয়েছে। পশ্চিমবাংলার সর্বত্র স্বাস্থ্য ব্যবস্থা ভেঙে পড়েছে। আমার এলাকায় অবিনাশ দত্ত মেটারনিটি হোম সেখানে গাইনি নেই, হাউস স্টাফ নেই, অ্যানাসথেসিস্ট নেই, জি. ডি. এম. নেই। আবার দেখুন যে মেয়ো হসপিটালে হাওড়া, হুগলি, কলকাতার হাজার হাজার লক্ষ লক্ষ মানুষ স্বাস্থ্যের পরিষেবা পেতেন নেই হসপিটাল তুলে দিলেন। সেই হসপিটালের টোটাল সম্পত্তি কোটি কোটি টাকার, তার হিসাব নেই। তার অস্তিত্ব আজকে কোথায় ? আমার এলাকায় বাগবাজারের চ্যারিটেব্‌ল ডিসপেনসারি ছিল সেটা এখন মদের ঠেক হয়েছে, সেখানে গরু-ছাগল ঘুড়ে বেড়ায়। ওই চ্যারিটেব্‌ল ডিসপেনসারিটিকে নতুন করে চালু করার জন্য আমার এলাকার মানুষ অনুরোধ করেছিলেন, আপনারা কেয়ার করেন নি। তার পরে দেখুন আপনারা বেসরকারীকরণের বিরুদ্ধে, স্পেশাল অ্যাটেনডেন্ট হসপিটালে যাঁরা ছিলেন তাঁদের কাজে নিয়োগ না করে বাইরে থেকে ঠিকাদারি প্রথা চালু করেছেন। বাইরে থেকে যাঁরা স্পেশাল অ্যাটেনডেন্টের কাজ করেন তাঁদের মাধ্যমে কাজ করানোর সিদ্ধান্ত নিয়েছেন। আপনাদের মূল কথা হচ্ছে পশ্চিমবাংলায় কোনো স্বাস্থ্য-ব্যবস্থা নেই, নেই কোনো সুস্থ প্রশাসন। কাজেই আমি দাবি করছি পশ্চিমবাংলায় একটা হেল্‌থ কমিশন গঠন করে স্বাস্থ্যের পরিষেবা গ্রামে এবং শহরের সর্বত্র পিছিয়ে পড়া গরিব মানুষেরা এটা পেতে পারে তার ব্যবস্থা করার জন্য অনুরোধ করব।

শ্রী প্রত্যুষ মুখার্জী : মাননীয় ডেপুটি স্পীকার মহোদয়, স্বাস্থ্য, পরিবার কল্যাণ দপ্তরের ৩২, ৩৩, ৩৪ নং দাবি সমর্থন এবং তার ব্যয় বরাদ্দের অনুমোদন করার জন্য আবেদন জানিয়ে আমি আমার বক্তব্য রাখব।

[5.20—5.30 p.m.]

এবং মূলত ৩৪ নম্বর দাবিতে আমাকে আমার বক্তব্য কিছুটা সীমাবদ্ধ রাখতে হবে। সময় কম, মাননীয় ভারপ্রাপ্ত মন্ত্রী মহাশয়ও বলবেন। আমি দেখলাম, ৩৪ নম্বর দাবিতে মাননীয় সদস্যরা ১৪টা মতো কাট-মোশান দিয়েছেন। আমি আমার বক্তব্য বলার আগে মাননীয় সদস্যদের জ্ঞাত করতে চাই যে স্বাস্থ্য ব্যবস্থার উন্নয়ন এবং সামগ্রিক জনকল্যাণ আজকে শুধু একটা রাজ্যের মধ্যে সীমাবদ্ধ নেই। কারণ আমরা জানি যে আজকে পশ্চিমবঙ্গ শুধু নয় গোটা ভারতবর্ষ একটা বিশাল সাম্রাজ্যবাদী আগ্রাসনের সামনে এবং তার উন্নয়নকে একটা ভীষণ বাধার মধ্যে দিয়ে চলতে হচ্ছে এবং এটাও আমরা জানি যে ইউনিসেফ, ইউনাইটেড নেশনস তারা মাঝে মাঝেই ভাবিত হচ্ছে এবং দুশ্চিন্তাগ্রস্ত হচ্ছে আমাদের মতো উন্নয়নশীল দেশগুলোর অগ্রগতি, জনকল্যাণ এবং জনসমস্যা নিয়ে। এবং আপনারা জানেন আলমাআটা শহর শুধু নয় তার পরেও কতগুলো আন্তর্জাতিক সম্মেলন হয়েছে। ১৯৭৪ সালে বুখারেস্টে

হয়েছে, ১৯৯৪ সালে কায়রোতে হয়েছে এবং সেই সমস্ত জায়গায় আমাদের মতো এই উন্নয়নশীল দেশগুলোর যে ভবিতব্য, সাম্রাজ্যবাদী দেশগুলোর দ্বারা নিয়ন্ত্রিত হচ্ছে তা ১৯৯৪ সালের ইউনিসেফের রিপোর্টে সারা বিশ্বেকে চোখে আঙুল দিয়ে দেখিয়ে দিয়েছে। সেই রিপোর্টে বলা হয়েছিল যে, উন্নয়নশীল দেশগুলো যদি বাঁচাতে হয় তাহলে ডেভেলপিং কান্ট্রিগুলো, যারা নিজস্ব উন্নয়নের জন্য অন্যান্য উন্নয়নশীল দেশগুলোর উপর অন্যায় এবং অমানবিক শর্ত চাপিয়ে দিচ্ছে এবং তাদের অগ্রগতি এর ফলে রুদ্ধ হচ্ছে, নানা সমস্যার সম্মুখীন হচ্ছে। এক্ষেত্রে যদি পরিসংখ্যান দেখা যায় তাহলে দেখা যাবে, সমগ্র বিশ্বের জনমানসের মাত্র ১৮ শতাংশ মানুষ তারা পৃথিবীর ৬৬ শতাংশ সম্পদ ভোগ করে। আর ৫০ শতাংশ আমাদের মতো তৃতীয় বিশ্বের মানুষ যারা পৃথিবীর ১৪ থেকে ১৫ শতাংশ সম্পদ ভোগ করে, তাহলে এর মধ্যে দিয়ে বোঝা যাচ্ছে আজকের পরিস্থিতি কত ভয়ংকর। তবে আপনারা পশ্চিমবঙ্গের প্রেক্ষিতে বক্তব্য রেখেছেন আমরা তার উত্তরও দেব। আমরা জানি আজকে সমগ্র স্বাস্থ্য ব্যবস্থা শুধু ইনস্টিটিউশনাল সার্ভিস দিয়ে হবে না। আমরা জানি যে সমস্ত মানুষের কাছে স্বাস্থ্য চেতনা এবং প্রতিষেধকমূলক যে স্বাস্থ্য ব্যবস্থা তাদের কাছে পৌঁছে দেবার জন্য আমাদের সর্বাত্মক চেষ্টা গ্রহণ করতে হবে। আমরা সেই চেষ্টা কিছু কিছু গ্রহণ করেছি, করতে পেরেছি তা বিরোধী পক্ষ নিশ্চিতভাবে স্বীকার করবেন। আপনারা অনেকে বক্তব্য রাখতে গিয়ে বলে ফেলেছেন জন্মের হার, মৃত্যুর হার, শিশুমৃত্যুর হার, মাদার্স মর্টালিটি, মায়েদের মৃত্যুর হার অনেক কম। পশ্চিমবঙ্গের মানুষের গণ-চেতনা, দীর্ঘদিনের যে ঐতিহ্য তারা বহন করে চলেছেন, মানুষের জন্য সকলে আমরা কাজ করব, মানুষকে বাঁচানোর চেষ্টা করব—যত অসুবিধা, যত সীমাবদ্ধতা, সীমাবদ্ধ ব্যবস্থা থাকুক না কেন এবং তার মধ্যে দাঁড়িয়ে এই পরিসংখ্যান তাই প্রমাণ করে। সাধারণ বাজেট সম্বন্ধে আলোচনার সুযোগ এখানে আজকে নেই। কিন্তু আমরা জানি পশ্চিমবঙ্গের মানুষের বিশেষ করে গ্রামাঞ্চলের মানুষের কিছু ক্রয়ক্ষমতা বেড়েছে, তাদের সম্পদ ভোগ করার ক্ষমতা বেড়েছে, তাদের শিক্ষার চেতনা বেড়েছে। সামগ্রিকভাবে এগিয়ে যাওয়ার জন্য মানুষের যে চেতনা আমি মনে করি সেই চেতনা পশ্চিমবঙ্গের মানুষের আছে। তার নিরিখে আমাদের সীমাবদ্ধ অসুবিধার মধ্যে দাঁড়িয়ে কাজ করছি। আপনাদের কিছু কিছু সমালোচনার মধ্যে কিছুটা বাস্তব হলেও, আপনারা আজকে দেখুন যে, ডিসিনাল গ্রোথ রেট যা সারা ভারতবর্ষে ২১.৩৪—দশ বছরে গ্রোথ রেট, সেখানে পশ্চিমবঙ্গের ক্ষেত্রে সেটা দাঁড়িয়েছে ১৭.৮৪, যার অর্থ হল গত ১০ বছরে আমরা ৬.৮৯ পারসেন্ট কমিয়ে নিয়ে এসেছি। এটা কি অগ্রগতি নয় ? এটা কি অস্বীকার করা যায় ? আজকে ইনফ্যান্ট মরটালিটি রেট যেখানে সারা দেশে ৭০ সেখানে আমাদের রেটটা হচ্ছে ৫২। আমাদের আগে কেরালা আছে, মহারাষ্ট্র আছে। এটা কি কম কথা ? যেটা কিছুদিন আগেও ছিল প্রায় ৭২-এর কাছাকাছি, শুধু তাই নয়, ন্যাচারাল গ্রোথ রেট দেখুন—১৯৮১ সালে ২২.২, ১৯৯১ সালে ১৮.৭, ১৯৯৯ সালে ১৩.৬, ইন জেনারেল আমাদের দেশের রেট হচ্ছে ১৭.৩। এটা আমাদের নিশ্চয় সাফল্য। এটা অস্বীকার করার উপায় থাকতে পারে না। এছাড়া আজকে কাপ্‌ল প্রোটেকশন রেট যেটা ইউনিভারসাল ইমিউনাইজেশন প্রোগ্রাম এবং আমাদের ফ্যামিলি প্ল্যানিং প্রোগ্রাম তা নাকি সব ব্যর্থ হয়ে গেছে। তাই যদি হয় তাহলে দেখুন হিসাব কী বলে ? কাপ্‌ল প্রোটেকশন

রেট—কনট্রাসেপটিভ ইউজ, দেখা যাচ্ছে যে মডার্ন মেথড ইউজ করছেন ৪৭.৩ পারসেন্ট কাপ্‌ল। এবং অ্যানাদার মেথড যে কোনো মেথড, ব্যবহার করেন ৬৬.৬ পারসেন্ট। এটা যথেষ্ট উন্নতি, সারা ভারতের গড় হার থেকে বেশি বই কম নয়। মাদার্স অ্যান্টি নেটাল কেয়ার যেটা ইনক্লুড করছে রিপ্রোডাকটিভ চাইল্ড হেল্‌থ সিস্টেম যেটা আপনারা বলছিলেন, মা এবং শিশু মায়ের গর্ভে থাকাকালীন যে পরিচর্যা, যাতে মা ও শিশুকে রক্ষা করা যায়। মাদার মরটালিটি হার এবং ইনফ্যান্ট মরটালিটি হার তার সঙ্গে তার ডেভেলপমেন্ট যুক্ত করে আমরা যে ব্যবস্থা গ্রহণ করেছি অ্যান্টি নেটাল কেয়ারের ক্ষেত্রে আমাদের ৯০ পারসেন্ট—একটা জায়গায় এসে আমরা পৌঁছেছি। শুধু তাই নয়, ম্যাটারনাল মরটালিটি রেটকে আমরা অনেকটা কমিয়ে আনতে সক্ষম হয়েছি, সেকানে সারা ওয়ার্ল্ড রেটের গড় ৪০৮ পার ল্যাক্‌স লাইফ বার্থ সেখানে আমাদের ২৬৬। আমি বেশি সংখ্যাতত্ত্বে যাব না। আপনারা নিশ্চয়ই বুঝতে পারবেন যে, এই যে পরিসংখ্যান, এই যে তথ্য—ওই তথ্য কথা বলবে। এই তথ্য থেকে বোঝা যাবে যে, পশ্চিমবঙ্গ অগ্রসর হচ্ছে, পশ্চিমবঙ্গের মানুষের চেতনা জাগছে, পশ্চিমবঙ্গের মানুষ গোটা ভারতবর্ষকে বুঝে নেওয়ার চেষ্টা করছেন, সারা পৃথিবীকে বুঝে নেওয়ার চেষ্টা করছেন। স্বাস্থ্য ব্যবস্থাকে সচল রাখার জন্য আমরা শত বাধা থাকলেও এগোচ্ছি, উই আর মুভিং, উই আর মুভিং অ্যাহেড। এটা বাস্তব সত্য। আজকে পাল্‌স পোলিও, ইমিউনাইজেশন প্রোগ্রাম বলুন, আজকে ই. সি. জি. ডি. টি. সি, ও. পি. ডি. বলুন—সব ক্ষেত্রে যে বেশি রোগী আমরা চিকিৎসা করতে চাই। এবং আমরা সব রোগীর ক্ষেত্রে, আমরা সমস্ত ক্ষেত্রে আমাদের ইনফ্রাস্ট্রাকচার বাড়াবার চেষ্টা করছি। আমাদের সাব-সেন্টার থেকে আরম্ভ করে, আমাদের বি. পি. এইচ. সি. পর্যন্ত যদি ধরেন তাহলে তার সংখ্যা আপনাদের সময় ছিল ১০০৫। ফ্যামিলি ওয়েলফেয়ার সেন্টার—সেখানে আমরা ডেভেলপমেন্ট করে ৮১২৫ করেছি।

[5.30—5.40 p.m.]

শুধু তাই নয়, অনেকে বললেন সি. এম. ডি. এ. এলাকায়, ক্যালকাটা আর্বান সাইডে খুব একটা ডেভেলপ করেনি। না, এটা সঠিক তথ্য নয়। আপনাদের কাছে এই তথ্য থাকা দরকার ছিল যে, ক্যালকাটা মিউনিসিপ্যাল কর্পোরেশন এলাকার মধ্যে ৩৩৬টা ফ্যামিলি ওয়েলফেয়ার সেন্টার কাজ করছে এবং ৭৮টি পোস্ট মর্টালিটি ইউনিট কাজ করছে। আর. টি. আই, এস. টি. আই চিকিৎসা ব্যবস্থা চালু করেছি। এই ব্যবস্থার মধ্যে দিয়ে আজকে অনেক ধরনের রোগ প্রতিরোধ করা সম্ভব হচ্ছে। বিশেষ করে মায়েদের বিপজ্জনক অবস্থা থেকে বাঁচানোর কাজ করতে আমরা সক্ষম হচ্ছি। অনেকে পাল্‌স পোলিও নিয়ে প্রশ্ন তুলেছেন—এখনো পর্যন্ত নাকি অনেক এরিয়াকে কভারেজ দেওয়া যায়নি ! আমি আপনাদের বলছি যদি কোথাও কভারেজ না দেওয়া হয়ে থাকে আমাকে বলুন, আমি কালকেই কভারেজ দিয়ে দেব। বলবেন কোন জায়গায় করতে হবে। আমি আপনাদের বলছি, পশ্চিমবাংলায় এমন কোনো বাড়ি নেই যা পাল্‌স পোলিওর বাইরে আছে। ৬টা রাউন্ড দেওয়া হয়েছে, ১৯৯৬ সাল থেকে শুরু হয়েছে। গোটা পশ্চিমবাংলায় ১৫ লক্ষ ৮৬ হাজার ২০৬ জন শিশুকে কভার করা হয়েছে। এটা আমি নির্দিষ্টভাবে বলছি। গ্রামাঞ্চলে প্রতিটি ব্লকে এবং শহরাঞ্চলে প্রতিটি ওয়ার্ডকে ধরে

গ্রুপ করে করে সার্ভিলেন্স কাজ হয়েছে। সেটা শুধু রাউন্ড হিসাবেই নয়, আমাদের ফ্যামিলি ওয়েলফেয়ার সেন্টারগুলি রুটিনওয়াইজ কাজ করছে। আপনারা আরো জানবেন, আমরা ১০১.৮৬ শতাংশ ইমিউনাইজেশন আর্ন করেছি। শুধু তাই নয়, এখনো পর্যন্ত ২০০১ সালে কোনো পোলিও ভাইরাস ডিটেকশনে আসেনি। ২০০০ সাল পর্যন্ত ছিল। তারপর কোনো পোলিও ভাইরাস আমাদের কাছে আসেনি বা আমরা পাইনি। কোনোভাবে কোথাও আনকভারেজ থাকলে আমরা বলেছি তিন দিনের মধ্যে সে সম্বন্ধে আমরা ব্যবস্থা নিতে সক্ষম হব। সেই ইনফ্রাস্ট্রাকচার আমরা তৈরি করতে পেরেছি। এখানে এস. টি. ডি. এড্‌স নিয়ে কিছু কথা বলা হয়েছে। আমি আপনাদের একটু বলি, এস. টি. ডি. এড্‌স ইত্যাদি ব্যাপারে দেশে প্রথম '৮৬ সালে এই কেস ধরা পড়ে। সেই ৮৬ সালের পর থেকে আমরা প্রিভেনশন অব কন্ট্রোল অব এড্‌স, এস. টি. ডি. সব ক্ষেত্রগুলিতে দিয়ে একটা সোসাইটি তৈরি করি এবং তারপর থেকে সার্ভিলেন্স চালু করি। আমাদের ফার্স্ট রাউন্ড, সেকেন্ড রাউন্ড, থার্ড রাউন্ড সার্ভিলেন্সে হয়ে গেছে। ১ জুন থেকে ১৫ জুন পর্যন্ত লাস্ট সার্ভিলেন্সের কাজ করেছি। এত করার পর দেখা যাচ্ছে ২০ হাজার ৪শো সামথিং পজিটিভ কেস এসেছে। তথাপি এই পজিটিভ কেসগুলি জিরো পজিটিভ কেসের মধ্যে পড়ে না। ডেঞ্জারাস জোন বলে যা বলা হয়, নির্দিষ্টভাবে কোনো দিনই আমাদের পশ্চিমবাংলা তার মধ্যে পড়ে না। পশ্চিমবাংলা লো এপিডেমিক জোন হিসাবে পরিগণিত হয়েছে। তবুও আমরা সতর্ক আছি। প্রত্যেক এলাকাকে বিভিন্ন সার্ভিলেন্সের সঙ্গে যুক্ত করছি। হাউস টু হাউস সার্ভে করছি। আমার মনে হয় যে অবস্থা আমাদের রাজ্যে আছে তাতে আমরা নিশ্চিতভাবে এটা নিয়ন্ত্রণ করতে পারব। নিশ্চয়ই আমাদের সতর্ক থাকতে হবে। মাননীয় সদস্য যে উদ্‌বেগ এখানে প্রকাশ করেছেন, তাঁর সঙ্গে এ ব্যাপারে আমি একমত। এছাড়া হোমিওপ্যাথি সম্বন্ধে মোড অফ ট্রিটমেন্ট আমরা নতুন করে পশ্চিমবাংলায় চালু করার চেষ্টা করছি। দীর্ঘকাল ধরে পশ্চিমবাংলার জনমানসে হোমিওপ্যাথি ট্রিটমেন্ট সম্বন্ধে ভালো ধারণা চালু আছে। শহরাঞ্চলে এবং গ্রামাঞ্চলে এ সম্বন্ধে একটা ভালো ধারণা আছে। বিশেষ করে শিশুদের ক্ষেত্রে হোমিওপ্যাথি চিকিৎসা এখন পর্যন্ত কার্যকরী হয়। আমরা ইতিমধ্যে চারটে ডিগ্রি কলেজ স্থাপন করতে পেরেছি। টিচিং স্টাফ, বিল্ডিং, অ্যাপারেটাস, লাইব্রেরি, ল্যাবরেটরি ইত্যাদি সব রকম ব্যবস্থাই করতে পেরেছি। প্রত্যেক হাসপাতালে ৫০টি করে বেড রয়েছে। এবং সেই হাসপাতালগুলিতে যাতে মানুষ চিকিৎসিত হতে পারে তার জন্য ব্যবস্থা গ্রহণ করা হচ্ছে। ইতিমধ্যে কয়েক কোটি টাকা খরচ করে কিছু অ্যাপারেটরস, ইন্সট্রুমেন্টের ব্যবস্থা করেছি। আমরা ৮টি নন-গভর্নমেন্ট মেডিক্যাল কলেজ স্থাপন করেছি। পশ্চিমবঙ্গের গ্রামাঞ্চলের ৫৫০টি ডিসপেনসারি, স্টেট ডিসপেনসারি ৫২৫টি দেওয়া সম্ভব হয়েছে যেগুলি পঞ্চায়েতের দ্বারা পরিচালিত হবে। সার্বিকভাবে হোমিওপ্যাথিক মোড অফ ট্রিটমেন্ট এবং আয়ুর্বেদিক মোড অফ ট্রিটমেন্ট গরিব মানুষের জন্য কিছুটা সহজে, কম পয়সায়, কম খরচে নিয়ে যেতে পারি সেইদিকটা অত্যন্ত গুরুত্ব সহকহারে দেখছি। আমাদের হোমিওপ্যাথ, আয়ুর্বেদ এবং অন্যান্য যে ইন্ডিয়ান সিস্টেম অফ মেডিসিন যেগুলি রয়েছে সেগুলিকে গুরুত্ব দিয়ে দেখছি। গ্রামাঞ্চলে প্রসারিত করার জন্য, প্রত্যেক ব্লকে ব্লকে প্রসারিত করার জন্য ব্যবস্থা গ্রহণ করব। সর্বশেষ স্বাস্থ্য ও পরিবার কল্যাণ দপ্তরের

বাজেটের উপর, বিশেষ করে ৩৪ নম্বর দাবি উপর এবং অন্যান্য দপ্তরের দাবির উপর যে কাট-মোশানগুলি এসেছে সেগুলি সুচিন্তিতভাবে এসেছে বলে আমার মনে হয় না। যে সুযোগ আছে তার উন্নতি করতে গেলে সকলের সাহায্য, সকলের সহযোগিতা, সকলের সহমর্মিতা পাবো আজকে বাজেট বরাদ্দ সমর্থন করার ক্ষেত্রে এই আশা রেখে আমরা বক্তব্য শেষ করছি।

ডাঃ সূর্যকান্ত মিশ্র : মাননীয় ডেপুটি স্পীকার স্যার, আমরা যে বাজেট এখানে পেশ করেছি সেই বাজেটের সমর্থনে এবং মাননীয় বিরোধী পক্ষের সদস্যরা যে কাট-মোশনগুলি এনেছেন তার বিরোধিতা করে সংক্ষেপে কয়েকটি কথা নিবেদন করতে চাচ্ছি। তার মধ্যে প্রথম কথা হচ্ছে, এই যে, আমাদের পশ্চিমবাংলার স্বাস্থ্যব্যবস্থার স্বাস্থ্য কী রকম ? খুব ভালো ? না, আমি তা বলছি না। খুব খারাপ ? না, আমি তা মেনে নিচ্ছি না। আমাদের সাফল্যের দিক আছে, আমাদের দুর্বলতার দিক আছে। আমাদের সেগুলি বস্তুনিষ্ঠভাবে চিহ্নিত করতে হবে। আমরা সাফল্যের দিকগুলির উপর নির্ভর না করলে দুর্বলতার যে দিকগুলি আছে সেগুলির বিরুদ্ধে যে লড়াই করতে হবে, যে সংগ্রাম করতে হবে তার জন্য যে ন্যূনতম আত্মবিশ্বাসের প্রয়োজন সেই আত্মবিশ্বাস, সেই রসদ খুঁজে পাব না। সাফল্যের দিক বহুবার উল্লেখিত হয়েছে। আমি তার পুনরাবৃত্তি করতে চাচ্ছি না। কিন্তু এটা কি ঘটনা নয় যে পশ্চিমবাংলায় মৃত্যু হার কেরালা বাদ দিলে সর্বনিম্ন ? আমাদের অনেকে বলেন দক্ষিণমুখী হচ্ছে। কেন চিকিৎসার জন্য রাজ্যের বাইরে চলে যাচ্ছে ? কিন্তু যেখানে যাচ্ছে সেখানে লোক বেশি মরছে। আমাদের চাইতে সেখানে মৃত্যুর হার বেশি। সেখানে যদি লোক বেশি মরে তাহলে গিয়ে কি লাভ ? স্বাস্থ্য ব্যবস্থায় মরা একটা সূচক তো ? মানুষ কত মরে যাচ্ছে। শিশু মৃত্যু হার সব থেকে কম যেদিক থেকে দেখুন। যদি সি. এম. ডি. এ. এলাকা ধরেন তাহলে কেরালার চাইতে তামিলনাড়ুর চাইতে সর্বনিম্ন। জন্মহারে তৃতীয়। যদি সি. এম. ডি. এ. এলাকা ধরেন তাহলে কেরলের চাইতে কম, তামিলনাড়ুর চাইতে কম, সর্বনিম্ন। এই যে সাফল্যের দিকগুলি এগুলির উপরই নির্ভর করতে হয় যদি দুর্বলতার দিকগুলি অনুসন্ধান করতে হয়। পার্থবাবু পেপার কাটিং থেকে পড়ে গেলেন। উনি এখানে নেই। জবাব নেবার জন্য উপস্থিত থাকলে ভালো হত। আমি বলছি পেপার কাটিং-এর উপর বেশি নির্ভর আপনারা করবেন না। ওই পেপারে তো লিখেছিল আপনাদের এখানে বসবার কথা। তার উপর বিশ্বাস করে আপনারা ওইদিকে বসেছেন। আমাদের গোপন করার কিছুই নেই, আমরা কিছুই গোপন করব না। আমি প্রথম প্রতিশ্রুতি যেটা দিতে চাই সেটা হচ্ছে, তথ্য আমার কাছে যা আছে তার মধ্যে ইতিবাচক আছে, নেতিবাচক আছে, সাফল্যের দিক আছে, দুর্বলতার দিক আছে, সবই দিতে চাই। আমাদের প্রতি বছর একবার করে হেল্‌থ অন মার্চ বেরোয় বিভিন্ন সংখ্যার তথ্য থেকে। আপনারা জানলে সুবিধা হবে। আমি তাই প্রত্যেক সদস্যদের কাছে দিতে পারি। গত বছরেরটা আমার কাছে আছে। নতুন করে করতে ২/৩ মাস সময় লাগবে। নতুন করে জনগণনা হয়েছে। সেটাই আমি বিশেষ করে আপনাদের কাছে পৌঁছে দিতে চাই।

[5.40—5.50 p.m.]

ধরুন বিশ্ব ব্যাংকের সহায়তায় যে প্রকল্পের কথা বলা হচ্ছে—West Bengal Health System Development Project II. এটা নিয়ে অনেক অভিযোগ আপনারা করেছেন। ঠিকই তো, আপনাদের জানা দরকার যে এই হাসপাতালে সিভিল ওয়ার্কের জন্য কত টাকা খরচ হয়েছে, আপনাদের জানা দরকার ওখানে কী কী যন্ত্রপাতি গিয়েছে, আপনাদের জানা দরকার ওখানে ওষুধ কেনার জন্য কত টাকা বরাদ্দ আছে, আপনাদের জানা দরকার ওখানে খাট, ম্যাট্রেস, আসবাবপত্র কেনার জন্য কত টাকা বরাদ্দ আছে ইত্যাদি। এটা স্বচ্ছতার জন্য দরকার। এই স্বচ্ছতা যদি না থাকে তাহলে আমরা বুঝতে পারব না এই ব্যবস্থা ঠিক ঠিকভাবে চলছে কিনা। সেইজন্য আমরা ঠিক করেছি সেটা আপনাদের দেব। এটা বিরাট বিষয়, তথাপি আমরা ঠিক করেছি জেলাভিত্তিক দেব। সেখানে প্রত্যেকটা হেল্‌থ সেন্টার ধরে ধরে—চার রকমের যে হাসপাতাল আছে তার কোন হাসপাতালে কী বরাদ্দ, কী যন্ত্রপাতি গিয়েছে ইত্যাদি বিশদ বিবরণ দিয়ে দেব। কেমন করে দেব জানি না তবে জেলাভিত্তিক দিতে হবে। হয়ত পোস্ট অফিসের মাধ্যমে দিতে হবে অথাব জেলাশাসক বা সি. এম. ও. এইচ-দের মাধ্যমে দিতে হবে। সেটা দেব কারণ যাতে আপনাদের হাতে পৌঁছানোর পর আপনারা দেখতে পারেন ওই হাসপাতালের জন্য কী ব্যবস্থা করা হয়েছে। এখানে বারবার বিকেন্দ্রীকরণের কথা বলা যায়। কাশীবাবু এটা সমর্থন করেছেন তার জন্য আমি তার কাছে কৃতজ্ঞ তবে ওর পাশে দু-একজন বসে আছেন যাঁরা এটা নিয়ে তির্যক মন্তব্যও করেছেন। ওরা ভাবছেন বিকেন্দ্রীকরণ মানে খালি পঞ্চায়েত। না, তা নয়। বিকেন্দ্রীকরণ মানে খালি পৌরসভাও নয়। পঞ্চায়েত এবং পৌরসভা গুরুত্বপূর্ণ প্রতিষ্ঠান, সাংবিধানিক ব্যবস্থা অনুযায়ী সেগুলি আমরা চালু করেছি এখানে এবং সেখানে আপনাদের লোকেরাও আছেন, আপনাদের লোকরাও সেখানে নির্বাচিত হয়েছেন। সেখানে আপনাদের লোকরাও জনপ্রতিনিধি হয়ে গিয়েছেন। এখন এ পর্যন্ত হাসপাতালগুলিতে যে ম্যানেজিং কমিটিগুলি ছিল, তাতে সব জায়গাতে বিধায়করা ছিলেন, এমন কোনো এম. এল. এ. আমাদের রাজ্যে ছিলেন না যিনি সদস্য ছিলেন না ওখানে। কিন্তু ম্যানেজিং কমিটিতে থেকে পরিচালন ব্যবস্থায় তাদের যে ভূমিকা পালন করার কথা ছিল সেটা কি সবাই করতে পেরেছেন ? সবই আমাদের দেখতে হবে আত্মসমীক্ষার দৃষ্টিতে। আমরা তাই ঠিক করেছি এগুলি পুনর্গঠন করব। পুরানো পরিচালন কমিটিগুলি সব ভেঙে দিচ্ছি। আমরা চাইছি পরিচালনা কমিটিগুলি পুনর্গঠন করতে। এখানে নির্বাচিত জনপ্রতিনিধি এবং বিশেষজ্ঞদের নিয়ে করব। যাঁরা আমাদের বিধায়ক আছেন, পঞ্চায়েতে আছেন, পৌরসভায় আছে তাঁরা থাকবেন আর যাঁরা বিশেষজ্ঞ তাঁরা থাকবেন। এর বাইরে আর কারোকে পরিচালন কমিটিতে যুক্ত করতে চাইছি না। সেইজন্য পুরানো কমিটিগুলি আমরা ভেঙে দিয়েছি, এগুলি নতুন করে পুনর্গঠন করব। যদি এক্ষেত্রে আপনাদের কোনো প্রস্তাব থাকে যে কিভাবে করতে হবে সেটা আমাকে বলবেন। আমাদের মন খোলা আছে। আমরা চাইছি পরিচালন কমিটিতে এলাকার মানুষদের যুক্ত করতে, উদ্যোগী করতে। অর্থাৎ একটা বিকেন্দ্রীভূত ব্যবস্থার উপর নির্ভর করে স্বয়ম্ভর

হয়ে পরিচালন কমিটিগুলি যাতে এগুলি পরিচালনা করতে পারেন সেটাই আমরা চাইছি। রাজ্য সরকার টাকা দেয়, সেটা রাজ্য সরকার দেবে কিন্তু শুধু রাইটার্স বিল্ডিং বা মহাকরণ থেকে বা ডাইরেক্টরেট থেকে এগুলি তো চালানো যায় না। আমরা তো তাই বারবার বলি, আপনারা আমাদের চোখ—আপনারা যদি চোখ খোলা রাখেন তাহলে আমরা দেখতে পাই। আপনারা আমাদের কান—আপনারা কান খোলা রাখলে আমরা শুনতে পাই। এতো জঞ্জাল যে শুধু দুজন মন্ত্রী নিয়ে, কয়েকজন বিধায়ক নিয়ে এবং কয়েকজন অফিসার নিয়ে এইসব জঞ্জাল তো আমরা পরিষ্কার করতে পারব না। যদি লক্ষ কোটি মানুষের হাত আমাদের হাতের সঙ্গে না মেলে, যদি লক্ষ কোটি মানুষের চোখ খোলা না থাকে, যদি লক্ষ কোটি মানুষের কান খোলা না থাকে তাহলে সবটা করা যাবে না। মানুষকে যুক্ত করা ছাড়া একটা শক্তিশালী জনস্বাস্থ্য আন্দোলন করা যাবে না। স্বাস্থ্য মানুষের জন্মগত অধিকার। সেই অধিকার কারোর দয়ার উপর নির্ভরশীল নয়। এই চেতনা মানুষের মধ্যে সৃষ্টি করা ছাড়া দায়বদ্ধতা সুনিশ্চিত করা যাবে না। স্বাস্থ্য ব্যবস্থার কাছ থেকে আমাদের যে অধিকার, চেতনা সৃষ্টি না করলে সেই অধিকার আদায় করতে পারব না। সেখানে একটা গুরুত্বপূর্ণ ভূমিকা জনপ্রতিনিধিদের পালন করতে হবে। আমরা সেটার উপর নির্ভর করছি। এখানে হেল্‌থ কমিশন করার কথা বলা হয়েছে। লেহল্ কমিশন করার সিদ্ধান্ত আমরা নিইনি। তার কারণ, আমাদের এখানে স্ট্যান্ডিং কমিটি আছে, তারা অনেকবার অনেক সুপারিশ করেছেন, সেগুলি আমরা পরীক্ষা করে দেখছি, পরামর্শদাতা কমিটির সুপারিশ আছে সেগুলি আমরা দেখছি। আমাদের সেন্ট্রাল কাউন্সিল অব হেল্‌থ যেটা কেন্দ্রীয় স্তরে আছে তারাও স্বাস্থ্যনীতির একটা খসড়া দিয়েছেন, সেটাও আমরা দেখছি। আমরা আলোচনা করে একমত হবার চেষ্টা করছি। নাহলে দেখব আমরা আমাদের মতো কিছু করতে পারি কিনা। তার জন্য আমি প্রথমে আপনাদের সহযোগিতা চাইছি। ডাঃ নাগ জিজ্ঞাসা করেছিলেন, 'আপনি তো ডাক্তার, রোগ নির্ণয়ের কী করলেন ?' রোগ নির্ণয় আমরা করেছি, পছন্দ নাও হতে পারে, এল. পি. জি.—লিবারাইজেশন, প্রাইভেটাইজেশন, গ্লোবাইজেশন। এসব যা হচ্ছে তাতে স্বাস্থ্যের পণ্যাকরণ হয়েছে। যার পয়সা আছে সে সেটা কিনতে পারবে, না থাকলে কিনতে পারবে না। সেন্ট্রাল হেল্‌থ কাউন্সিলের যে সভা হল সেখানে কেন্দ্রীয় সরকার যা বলেছেন তাতে মোট অভ্যন্তরীণ জি ডি পি-র ১ পারসেন্ট স্বাস্থ্যে খরচ হচ্ছে, অথচ বলা হচ্ছে ৫ পারসেন্ট খরচ করা হবে। ৫২ বছর চলে গেল, এখনো কিছু হল না। আমাদের পশ্চিমবঙ্গে স্বাস্থ্যে ১ শতাংশ খরচ হয়, ভারতবর্ষের অন্যান্য রাজ্যে ১ শতাংশের কম খরচ হয়। রেভিনিউ বাজেট ৬ থেকে ৮ শতাংশ পশ্চিমবঙ্গে, অন্যান্য সব রাজ্যে রেভিনিউ বাজেট এর থেকে কম। রেভিনিউ বাজেটের শতাংশ দেখুন, সারা ভারতবর্ষের গড় থেকে আমাদের বেশি আছে। তবে আমাদের আত্মসন্তোষের অবকাশ নেই। এটা দিয়েও হবে না এই যে একটা সমস্যার মধ্যে যা রয়েছি। এটা ঠিক নয় যা এখানে বলা হয়েছে—আমাদের স্বাস্থ্যে বেসরকারিকরণ হবে। আমরা কোনো সরকারি হাসপাতাল বেসরকারি সংস্থার হাতে তুলে দিচ্ছি না। আমরা বলছি করবার কথা বাইরে নয়, জায়গা দিয়ে বলেছি সি টি স্ক্যান মেশিন বসান। আমাদের সি টি স্ক্যান মেশিন তো তাদের হাতে তুলে দিইনি। পরিকাঠামো তুলে দিইনি, জায়গাটা

দিয়েছি। আমরা বলেছি, এই রেটে আপনাকে করে দিতে হবে, মেনটেনেন্স করবার খরচও আপনার। একে বেসরকারিকরণ বলবেন ? আমি একদিন মেডিক্যাল কলেজে গিয়েছিলাম, দেখলাম গ্রুপ-ডি কর্মচারীরা কেউ সেখানে নেই। জিজ্ঞাসা করায় বললেন, 'তাঁরা বাড়িতে আছেন,. ছুটিতে আছেন।' জিজ্ঞাসা করেছিলাম, 'কতদিন ছুটিতে আছেন, তাদের ফিরে আসার চান্স আছে কিনা।' তারা জানালেন যে, দু বছর ধরে ওরা ছুটিতে আছেন। আমি বলেছিলাম, তাহলে কি করা হবে তাদের বিরুদ্ধে ? আমাকে জানানো হল, কেউ এভাবে ছুটিতে থাকলে ৫ বছর আগে তার বিরুদ্ধে ব্যবস্থা গ্রহণ করা যায় না। তারই জন্য ওটা এজেন্সিকে দিয়েছি। এটাকে বেসরকারিগরণ বলে ? কালকে বাঁকুড়ায় টেলিমেশিন চালু হবে। উত্তরবঙ্গের জেলাগুলি থেকে, কোচবিহার, জলপাইগুড়ি থেকে, দার্জিলিং পাহাড় থেকে, এমন কি, উত্তর-পূর্বাঞ্চলের পেশেন্টরাও এখানে আসেন। একজন হার্টের রোগী এসেছেন, এখানে তার ব্যবস্থা করা হয়েছে। এখানে তার ই. সি. জি., ইকো-কার্ডিওগ্রাম, এক্স-রে হয়েছে। এখন বাঙ্গালোর থেকে বিশেষজ্ঞদের পরামর্শ সঙ্গে সঙ্গে নিতে পারছি। এক মাস হয়নি, একজন লোকের হার্ট অ্যাটাক হয়েছিল, সে ভালো হয়েছে। আমাদের কিছু পয়সা খরচ করতে হচ্ছে না, একটা জায়গা দিয়েছি এবং আমাদের কিছু ডাক্তার রয়েছেন। একে কি বেসরকারিকরণ বলে ? তাহলে আপনারা এটা বলে দিন যে, এসব করবেন না। এর মধ্যেই আমাদের রাস্তা খুঁজে বের করতে হচ্ছে। কিন্তু যেসব কথা বলেছেন সেটা ঠিক নয়। বলছেন, রোগীরা চিকিৎসা পাচ্ছে না, অথচ বলেছেন, একটি বেডে দুজন রোগী আছে। চিকিৎসাই যদি না পান তাহলে একটা বেডে কেন দুজন আছেন ? এটা কি তারা খাবার জন্য করেন ? আমরা চাহিদা সব সময় পূরণ করতে পারছি না। কেন পারছি না সেটা হিসাব করে দেখছি যে, কেন নেই। কত পারসেন্ট বেড টার্নওভার হচ্ছে, অকুপেন্সি হচ্ছে রাজ্যে, ডিস্ট্রিক্টে, সেটা আমরা হিসেব করে দেখছি।

[5.50—6.00 p.m.]

আছে আমার কাছে তথ্য। উনি তো চাইছিলেন। উনি একটা কী তথ্য দিয়ে চলে গেলেন। সেই জন্য উনি নেই যেহেতু, সেই জন্য আমি আর বলছি না সেই সব কথা। কিন্তু আমাদের চাপ আছে, চাপ আমাদের কমাতে হবে। টার্টারি লেভেল হাসপাতাল, এই যে বড় হাসপাতাল, মেডিক্যাল কলেজ হাসপাতাল, এটার উপর চাপ কমানোর জন্য মধ্যস্তরীয় হাসপাতাল যেগুলো তার উপর এখন আমরা জোর দিয়েছি। আর তার নিচে আমাদের হচ্ছে প্রাথমিক হাসপাতাল, সেটার উপর আমরা সবচেয়ে বেশি জোর দিতে চাই। সেখানে আমরা জোর দিচ্ছি। এর আগে এই হাউসে আমি আপনাদের বলেছি যে জার্মান প্রোজেক্ট ডি. এফ. আই. ডি. এই দুটিতে মিশিয়ে প্রাথমিক স্তরে ব্লক প্রাইমারি হেল্‌থ সেন্টার, বি. পি. এস. সি., পি. এইচ. সি. এবং সাব-সেন্টার—খুব সঠিকভাবেই এখানে বলা হয়েছে কমিউনিটি হেল্‌থ ওয়ার্কারদের কথা—সবটাকে নিয়ে আমরা এই ব্যবস্থাটাকে আরো শক্তিশালী করতে পারি তাহলে আমরা নিচের স্তরে মধ্যস্তরে খানিকটা শক্তিশালী করতে পারলাম। বাকি সমস্যা হচ্ছে এই যে চাপ, এটা এখান থেকে কমবে। আর এখন আমাদের যেটা করতে হবে, উপর স্তরে

আধুনিকীকরণ করতে হবে। বিজ্ঞান প্রযুক্তির অগ্রগতি হচ্ছে, আমরা কি পেছিয়ে থাকব নাকি ? না আমরা পেছিয়ে থাকব না। আমাদের সেন্টার অফ একসেলেন্সি তৈরি করতে হবে। আমাদের এখানে কি না হতে পারে। কেন আমাদের নেত্রালয়ে যেতে হবে। নেত্রালয়ে যে সুবিধা আছে এখানে সেই সুবিধা আমরা করতে পারি। কিছু জায়গায় প্রাইভেট সেক্টরে কিছু হয়েছে, আমরা সরকারি সেক্টরেও কিছু করতে পারব। হার্ট অপারেশন আমাদের এখানে হতে পারে, বাইপাস এখানে হয়। ভালবের ডিফেক্ট থাকলে হার্টের, এখানে বাইপাস হয়। কিন্তু আমাদের আরো বাড়াতে হবে। সেই সংখ্যাটা বাড়াতে হবে এবং আরো কিছু সুযোগ-সুবিধা আমাদের তৈরি করতে হবে। আরো বেশি আধুনিকীকরণ করতে হবে।

(গোলমাল)

হ্যাঁ, হচ্ছে। আপনি পাঠাবেন, আমি করে দেখিয়ে দেব। বসুন, রোগি পাঠাবেন। আপনার এই খবর জানা নেই, আজকে হচ্ছে না, ৫ বছর ধরে হচ্ছে। হয়ত বাইপাস কি উনি জানেন না সেটা আলাদা ব্যাপার।

(গোলমাল)

বাইপাস হচ্ছে না আবার বলছেন ? তাহলে বাইপাস কি সেটা আপনাকে বোঝাতে হবে আমাকে। বসুন। সেই জন্য আমি বলছি সব তথ্য আপনাদের ঠিক নয়। যে রকম এখানে বলছেন একজন যে কালাজ্বরে নাকি এখানে সাড়ে চারশো জন মারা গেছে। আমি ৪ বছরের হিসাব আপনাকে বলতে পারি। ৫ জন এক বছরে, তার পরের বছর ৬ জন, ১১ জন এক বছর আর এই বছর শূন্য। নীল। ৪ বছর যোগ করলে ৪৫০ জন হচ্ছে না। উনি বলে দিলেন ৪৫০ জন মারা গেছে। এত লোককে কালাজ্বরে মেরে আপনাদের লাভ কি ? যে মরেনি তাকেও মেরে ছাড়ছেন। কিছু তো লাভ নেই এতে। বলছেন যে লেপ্রসিতে কিছু হয়নি। আমি তো এখানে সংখ্যা তথ্য দিয়েছি। কুষ্ঠ রোগিদের কত লোককে আমরা রোগ নির্ণয় করেছি। সব লক্ষ্যমাত্রা আমরা অতিক্রম করেছি। বিপুলভাবে অতিক্রম করেছি। আমি এখানে যে হিসাব দিয়েছি আপনাদের, এই যে ব্লাইন্ডনেস সেন্ট্রাল প্রোগ্রাম, ১০২ শতাংশ। যা লক্ষ্যমাত্রা তার চেয়ে বেশি অর্জন করেছি। খারাপ করেছি কিছু ? ম্যালেরিয়ার কথা উঠেছে এখানে। ম্যালেরিয়া কেন ফিরে এল এখানে। আমাকে জিজ্ঞাসা করছেন ? আমার এটা আপনাদের কাছে পড়তে ইচ্ছা হচ্ছে যে সি. ডি. এ. কি বলেছে। এটা আমার নয়, কেন্দ্রীয় সরকারের একটা গবেষণা সংস্থা আছে এন. আই. সি. ডি. আপনারা জানেন এটা ওরা বার করেছে ম্যালেরিয়া নিয়ে। আমি সেই দিন গিয়েছিলাম কলকাতা করপোরেশনে ওদের একটা প্রোগ্রামে। আমি শুনেছিলাম এটা, সেখানে লেখা ম্যালেরিয়া কবে ফিরে এল, কি করে ফিরে এল। এখানে তো লেখা আছে এটাই যে The resurgence of Malaria after 1964 reached its Peak in 1976. আমরা ছিলাম না তখন। যাঁরা ছিলেন তাঁরা হয়ত বলতে পারেন কি করে রিসারজেন্স হল। আর ১৯৭০ সালে পিকে গিয়ে পৌঁছেছিল। ম্যালেরিয়া ইর‍্যাডিকেশান স্টেজে আমরা চলে গিয়েছি। এর জবাব আমাকে দিতে হবে ? এটা

তো সারা ভারতবর্ষের সমস্যা। ন্যাশনাল সেন্টার ফর হেল্‌থ কাউন্সিল ব্লক হল, বলা হয়েছে এখানে এক বছর প্লেগ, তারপর ম্যালেরিয়া তারপরের বছর সেপটিসেমিক হেমোরেজিয়া, হেমোরেজিয়া সেপটাসেমিয়া এই আউটব্রেক হচ্ছে। আমরা তো ক্ষোভ প্রকাশ করেছি। সারা ভারতবর্ষের চিত্র এই। উন্নয়নশীল দেশগুলির সমস্যা এই। কারণ এই সব দেখেও রোগ প্রতিষেধক ব্যবস্থা খাতে যে বরাদ্দ তা কমে যাচ্ছে ক্রমশ এবং স্বাস্থ্য উন্নতিকরণের জন্য ব্যবস্থা ছেড়ে দেওয়া হচ্ছে। এই যদি হয় এতে আমরা কেউ বাঁচব না। যাদের পয়সা আছে তাঁরাও বাঁচবেন না এবং উন্নত দেশগুলো বাঁচবে না। কারণ রোগ-ভোগ এই সব কোনো সীমানা মানে না, সীমানা ছাড়িয়ে যেখানে উন্নত দেশ সেখানে চলে যাবে। আর আমরা একটু সুখে আছি উপরে আছি ম্যালেরিয়াতে। এখানে যদি আমাকে জিজ্ঞাসা করেন তাহলে আমি আপনাদের ২ বছরের হিসাব দিতে পারি। ধরুন ২০০০ সালের জানুয়ারি মাস থেকে মে মাস, যে সময় হয় সাধারণত। আমাদের ম্যালেরিয়া রক্ত পরীক্ষা কত হয়েছিল—গত বছর ৭ লক্ষ ২৬ হাজার ৭৫টি রক্ত পরীক্ষা হয়েছিল। তার মধ্যে প্যারাসাইড পাওয়া গিয়েছিল ৩৭,৭৭৭। এই বছরে তার চাইতে বেশি পরীক্ষা হয়েছে ৮ লক্ষ ৬৪ হাজার ৭১০, আর প্যারাসাইড পাওয়া গিয়েছে ২০,৮০৩—কম পাওয়া গেছে, যেখানে রক্ত পরীক্ষা বেশি হয়েছে। গত বছরের চাইতে কম পাওয়া গেছে, সুতরাং যেটা ভালো সেটা আপনাদের বলতে হবে। আমি সরকারি যেগুলি, সেগুলির কথা বলছি। সেই রকম আরও বলেছেন, এখানে আমি কুষ্ঠের কথা, লেপ্রসির কথা বললাম। এই বছর এ পর্যন্ত একটাও পোলিও হয়নি। আপনারা কি এতে অখুশি। গত বছরে ৮টা হয়েছে। এখানে ওয়ার্কিং প্রোগ্রামও হয়েছে। আমার সঙ্গে উত্তরপ্রদেশের মন্ত্রীর সঙ্গে দেখা হয়েছিল। উনি দুঃখ করছিলেন। আপনি তো গত বছরের কথা বলেছেন—আপনি তো পোলিও ডায়াগনাইজ করবেন না, ডায়াগনাইজ যাঁরা করবার তাঁরা করবেন। উনি বলছেন, হয়েছে, আমরা বলছি, হয়নি। না বললে উনি অখুশি। বিরোধী বলে কি এটা বলতে হবে যে পোলিও হয়েছে ? গত বছরে ৮টা হয়েছিল। উত্তরপ্রদেশের মন্ত্রী আমাকে বললেন, এর মধ্যে এখানে ১১টা হয়েছে। আপনারা জেনে নিন, পশ্চিমবাংলা থেকে পোলিও নির্মূল করা হবে। পশ্চিমবাংলায় আর কোনোদিন পোলিও ফিরে আসতে পারবে না। আমরা করব। এটাকে কেউ আটকাতে পারবে না। ব্লাড ব্যাংকের উন্নয়ন হয়েছে, জিজ্ঞাসা করেছেন। বলেছেন, কি উন্নয়ন হয়েছে ? আমাদের সেন্ট্রাল ব্লাড ব্যাংক—আমি হিসাব করছিলাম, ৮৬ হাজার রক্ত সংগ্রহ করেছে। গরমের সময়ে আমাদের অভাব পড়ে। এই বছরে বেশি হয়েছে। এখন আমাদের বলতে হয়েছে, আমাদের বেশি টানাটানি করবেন না। আমাদের যথেষ্ট সংগ্রহ হয়েছে। এই বছরে সংগ্রহ হয়েছে ১ লক্ষ ২৬ হাজার। গত বছরের চাইতে চল্লিশ, পঞ্চাশ হাজার বেশি হবে। আর সব যোগ করলে ৫ লক্ষ ছাড়িয়ে যাবে। তার প্রয়োজনে আমরা আধুনিকীকরণের রূপ দিয়েছি। ব্লাডকে তিনটে ভাগে ভাগ করার ব্যবস্থা হয়েছে। কারও হয়তো রেড ব্লাড সেল, তার হয়তো খালি সেটাই দরকার। এই যে পৃথকীকরণ, এই কাজটা হয়েছে। কারও হয়ত খালি প্লাজমা দরকার, তার রক্তে প্লাজমা দেওয়া হবে। কারও হয়ত প্লেটলেট, বাংলায় যাকে 'অনুচক্রিকা' বলে, সেটা দরকার। তাকে সেটাই দেওয়া হবে। এই যে পৃথকীকরণের ব্যবস্থা হয়েছে, এর ফলে একজন যিনি রক্ত

দিয়েছেন, তাঁর সেই রক্তে তিনজন সুবিধা পাবে। ওই যে বললেন, দুর্নীতি হচ্ছে—ওখানে এখন ইলেকট্রনিক বোর্ড ডিসপ্লে করা হয়েছে। আপনি যাবেন, দেখে আসবেন। আমি গিয়েছি। ওখানে কোনো ব্লাড গ্রুপ, কত ব্লাড আছে, সব দেখতে পাবেন। ওখানে কেউ গেলে বসতে পারবেন। কেউ রাত্রিতে গেলে তাঁর থাকবার ব্যবস্থা আছে। হেপাটাইটিস পরীক্ষাটা বাধ্যতামূলক করা হয়েছে এ মাসের পয়লা থেকে। সুতরাং উন্নতিবিধান করা হয়েছে। তবে আমাদের এতে আত্মসন্তুষ্টি নেই। এখানে আর একজন বললেন যে, অর্থনৈতিক দুর্বলতার জন্য এখানে জন্মহার কমে যাচ্ছে। কিন্তু পৃথিবীর ঘটনা হচ্ছে অন্য রকম। অর্থনীতি দুর্বল হলে জন্মহার বেশি হয়। এতেও কি আপনারা অখুশি ? মৃত্যুহার বেড়ে গেলে, শিশু মৃত্যু হার বেড়ে গেলে কি খুশি হন ? আপনারা বললেন যে, শুধুমাত্র ৪৫ রকমের ওষুধ দেওয়া হচ্ছে, না, তা নয়।

মিঃ ডেপুটি স্পীকার : এই বাজেটের জন্য যে সময় নির্দিষ্ট করা ছিল দেখা যাচ্ছে, সেই সময়ের মধ্যে শেষ করা যাবে না। সেজন্য আমি সকলের অনুমতি-সাপেক্ষে ১০ মিনিট সময় বাড়াতে চাইছি। আশা করি, এতে সকলের সম্মতি আছে ?

(ভয়েস : হ্যাঁ আছে।)

(এই সময়ে ১০ মিনিট সময় বৃদ্ধি করা হয়।)

ডাঃ সূর্যকান্ত মিশ্র : ২৬৮ রকমের ওষুধ সরবরাহ করা হয়। আর যদি ওই ওষুধ জেলায় না থাকে, তাহলে তা কেনবার ক্ষমতা দেওয়া হয়েছে।

[6.00—6.10 p.m.]

এমনকি ২৬৮টি তালিকাভিত্তিক ওষুধের বাইরে প্রোজেক্ট আছে হাসপাতালে—অন্য যে কোনো ওষুধ যে রকম যা দরকার হয় তার কেনবার ক্ষমতা দেওয়া হয়েছে। কত টাকা দেওয়া হয়েছে সেগুলোকে আপনাদের জানাতে চাইছি। আপনারা একটু ঠাণ্ডা মাথায় শুনুন।

(নয়েজ)

আপনারা ঠাণ্ডা মাথায় শুনুন, শুধু চেঁচালেই হবে না। আমি তো ডাক্তার, সেই জন্য বলছি চেঁচাবেন না, গলা খারাপ হয়ে যাবে। লোকাল কডে ল্যারেনজাইটিস হয়ে গলা ফুলে যাবে, সেটা খুব খারাপ, সেটা করবেন না।

আমি আপনাদের হিসাব দিয়ে দেব কোন জেলায় কত টাকা আছে। ওষুধ যদি নেই বলে, কিনে দিন, এটা আপনারা করতে পারেন। আর এ টি এস—সাপে কাটাতে যেটা দেওয়া হয়, তারও একটা হিসাব গত বছরে আমরা এটা দিয়েছিলাম ৪৪ হাজার ১৪৫ ফাইল সংগ্রহ করেছিলাম আর ৩২ হাজার ১০০টি জেলায় জেলায় দিয়েছিলাম। কোন জেলায় কত আমার কাছে তার হিসাব সব কিছু আছে। এগুলো আপনাদেরকে জানাতে হবে তাই জানাচ্ছি। আর কুকুরে কামড়ানোর ওষুধ—এটা হয়ত আপনারা শুনলে খুশি হবেন। আমি যে হিসাবটা গত

বছর দিয়েছিলাম—জেলাগুলোতে দিয়েছিলাম ১৩ লক্ষ ৯১ হাজার এম এল। আপনারা বলেছেন ওতে সন্তুষ্ট নন, যথেষ্ট পাননি। আমাদের আরও বেশি পেতে হবে। সেই কারণে আমরা এখানে পাস্তর ইনস্টিটিউটকে আরও উন্নতিসাধন করছি। আমরা ওখানে ভ্যাকসিন তৈরি করতে আরম্ভ করেছি। এবং এই যে নতুন ধরনের ভ্যাকসিন তৈরি করতে আরম্ভ করেছি এই নতুন ধরনের যন্ত্রপাতি দিয়ে, তাতে তার প্রথম ব্যাচ আমরা কোশৌলীতে পাঠিয়ে দিয়েছি। পরীক্ষা দিয়ে চলে এসেছে, অত্যন্ত সন্তোষজনক রিপোর্ট। দুটি ব্যাচে আমাদের পাঠাতে হবে, ফলে আমরা এখানে ১২ লক্ষ এম. এল. প্রথমেই এইরকম উৎপাদন করতে পারব। তারপরে আপনাদের অসন্তোষের কোনো কারণই থাকবে না। আপনাদের দরকার হলে আমাকে এসে বলবেন, দরকার হলে আমার অফিসারদের বলবেন। কিন্তু দেখলাম আমার কাছে একজন এসে বললেন একটা গরুকে কুকুরে কামড়েছে, পাগলা কুকুরে কামড়েছে এবং সেই গরুর দুধ যারা খেয়েছিলেন তাদেরকেও ভ্যাকিসিন দিতে হবে এই ধরনের সুপারিশ পাঠিয়ে দিয়েছেন। এক্ষেত্রে সেটা তো আমি দেব না। আমি বললাম সেখানে কি করে দেব ? আমি ডাঃ নাগকে বলছি, আপনি তো বুঝবেন, আপনি ভালো করে বুঝবেন, দিতে হবে নাকি তাদেরকে ? ওটা আপনারা চাইবেন না, তা না হলে দেওয়া যাবে। আর বাকি কথা ডাক্তার পাঠানো ইত্যাদি ব্যাপারে উঠেছে,-সেটা তো পুরনো কথা। আমি এখানে বলেছি, আপনাদের আবার বলছি যে, আমাদের জেলাতে যে স্যাংসান্ড স্ট্রেংথ, যে অনুমোদিত তারপরেও ১৯৯১ সালে একটা এসটাব্লিশমেন্ট টেবিল হয়, সেই এসট্যাব্লিশমেন্ট টেবিল অনুসারে করতে হয়। আমাকে সকালে একজন বিধায়ক একটা স্লিপ দিলেন যে, আমাদের কোনো ডাক্তার নেই, গায়নোকোলজিস্ট নেই, সার্জন নেই, মেডিসিনে নেই, অর্থপেডিক্স নেই। আমি বলেছি সব আছে ওখানে। যিনি আছেন তিনি গায়নোকোলজিস্ট হিসাবে পোস্টিং নয়, কিন্তু উনি গায়নোকোলজিতে পোস্ট-গ্র্যাজুয়েট করেছেন—করবেন না উনি ওখানে ? কেন করবেন না ? অপারেশনের ক্ষেত্রে যিনি অর্থোপেডিক্স পোস্ট গ্র্যাজুয়েট করেছেন ? তাহলে কেন তিনি ওখানে অর্থোপেডিক সার্জেন হিসাবে কাজ করবেন না ? উনি জি. ডি. এম. ও. পোস্টে আছেন, আমি কি তাহলে ওঁকে পাঠিয়ে দেব কোথাকার পি. এইচ. সি.-তে ? উনি ওখানে পোস্ট গ্র্যাজুয়েট করেছেন, আমি ওনাকে সাব-ডিভিশন হাসপাতালে পোস্ট করব ? উনি ওখানেই করবেন। আমার যেখানে স্যাংসান্ড স্ট্রেনথ আছে, বেশি লোক আছে সব জায়গাতে, তা সত্ত্বেও তাঁকে ডিস্ট্রিক্ট হসপিটাল, সাব-ডিভিশন হসপিটাল বা শহরের হাসপাতালে নিয়ে আসতে হবে ? আবার কেউ কেউ বলেছেন গ্রামে থাকার খুব অসুবিধা, ছেলে পড়ানোর অসুবিধা ইত্যাদি। আপনারা সুর মেলাচ্ছেন ভালো কথা এবং বলছেন ওদের থাকার ব্যবস্থা করে দিন। কিন্তু ওখান থেকে চলে আসলে যেখানে স্যাংসান্ড স্ট্রেনথ তার চাইতেও বেশি আছে সেখানে কেন পাঠাবো ? তাঁরা যেখানে ছিলেন সেখানেই তারা কেন যাবে না বলুন। আর বাইরের সমস্যা তো থাকবেই। আমি আগেও বলেছি পাবলিক সার্ভিস কমিশনের সঙ্গে কথা হয়েছে। পরিষ্কার আপনাকে বলতে চাই যে, পাবলিক সার্ভিস কমিশনের বিবেচ্য বিষয় কি সেটা ওঁরা ঠিক করবেন। আমাদের তো ঠিক করার কোনো এক্তিয়ার নেই। আমরা কেবলমাত্র তাঁদের সুপারিশ করতে পারি যে, একটাই কেবল বিবেচ্য সেখানে আছে যে, একজন ডাক্তার আমাদের দরকার, আমাদের এই হেল্‌থ সেন্টার খালি আছে, আপনি

যাবেন কিনা এবং যাবেন তো অ্যাপয়েন্টমেন্ট লেটার নিন, চলে যান। আর আমাদের কোনো পরীক্ষা নেওয়ার নেই। ওঁরা তো অনেক পরীক্ষা দিয়ে এসেছেন। জয়েন্ট এনট্রান্স পরীক্ষা দিয়েছেন, এম. বি. বি. এস. পাস করেছেন, এম. ডি. পাস করেছেন, তারপরে আবার কি পরীক্ষা ?

তারপর দেবপ্রসাদবাবু, আপনি জয়নগর নিয়ে চিন্তা করছেন কেন, জয়নগর নিয়ে পশ্চিমবাংলা নয়। আপনার বিষয়টা আমি বিশেষ করে দেখব, আপনি চিন্তিত হবেন না। আমি বলছি, আপনারা সাহায্য করুন, আপনারা একটু সাহায্য করুন। আপনাদের যে কেউ ডাক্তার এসে বললেন যে, এখানে আমার ছেলে পড়ানো যাচ্ছে না, এখানে কিছু নেই, আমাকে সাব-ডিভিশান হাসপাতাল, ডিস্ট্রিক্ট হাসপাতালে দিয়ে দিন, সঙ্গে সঙ্গে আমাকে এখানে এসে একটা স্লিপ ধরিয়ে দিলেন যে ওঁকে এখান থেকে ওখানে দিন। করজোড়ে নিবেদন করছি এটা করতে পারব না, এই সুপারিশ করবেন না। বরং যে ক্ষমতা আছে সেটা প্রয়োগ করুন। যেখানে বেশি লোক আছে, সেখান থেকে যেখানে নেই, সেখানে পাঠাবার জন্য বলুন। তারপরে যদি খালি থাকে আপনাদের যদি জানাশোনা থাকে, দু-একজন ডাক্তার ছেলে থাকে, আপনারা তাঁদের ধরে আনুন, কন্ট্রাকচুয়াল অ্যাপয়েন্টমেন্ট দেব। কেন দেব না আমরা। সবাই মিলে চেষ্টা করব পূরণ করার। যদি পূরণ করতে পারি—আমাদের যা আছে, এটা করেছি আমরা—এই যে ওয়াক-ইন-ইন্টারভিউ করা, এই ওয়াক-ইন-ইন্টারভিউ করে গত বছরে এই বছরে ৮শোর বেশি পোস্টে আমরা এম ই এস ফিলআপ করেছি, অ্যাসিসটেন্ট প্রফেসার এইসব পূরণ করেছি। দেড় মাসের মধ্যে সব পূরণ করলাম। আগে কিছু পূরণ করেছিলাম। এই যে নার্সিং এত খালি ছিল, ক্যাবিনেটে আমাদের যে কমিটি আছে, অ্যাপয়েন্টমেন্ট কমিটি সাড়ে পাঁচশোর বেশি পদে আমরা পূরণ করেছি, আবার আমরা চেষ্টা করছি, দ্রুততার সঙ্গে করবার চেষ্টা করছি, কিন্তু এতে আমাদের যতটা সমস্যা আছে, সবটা আমরা একসঙ্গে করে উঠতে পারব এমন নয়। বেশি কথা হয়তো আমি আপনাদের বলতে পারছি না, এখানে, তবে আমি নিশ্চিত আমার এই আত্মবিশ্বাস আছে, আসছে বছর যখন বাজেট প্লেস হবে তখন আমি আরও জোরে আরও অনেক বেশি কথা আপনাদের বলতে পারব এই বিশ্বাস আমাদের আছে। কিন্তু আমরা সেই কাজে আপনাদের সাহায্য চাই, সহযোগিতা চাই। মেডিকেল কলেজ নিয়ে একজন বললেন, তিনি বললেন মেডিকেল কলেজ আমাদের নাকি উড়িষ্যার চাইতেও কম। কোথা থেকে এই তথ্য পেলেন ? উড়িষ্যার সব জেলায় আমি গিয়েছি, অনেকদিন ছিলাম আমি ওখানে। এখানে কে একজন বক্তৃতা করে গেলেন, মেডিকলে কলেজ আমাদের বাড়েনি। কিন্তু এই বছরে দেড়শোটা সিট বেড়েছে। সেটা তো বললেন না। তিনটি কলেজে ৫০, ৫০, ৫০ করে যদি নতুন করতাম আর সেখানে পুরনো কলেজে যদি ৫০, ৫০, ৫০ করে সিট বাড়াই সেটা কি খুব খারাপ হল কিছু ? দেড়শো সিট বেড়েছে। আমরা বলছি, প্রাইভেট খুলতে হলে আমাদের একটু সংশোধন করতে হবে। আমরা তো বলছি, নীতি ঘোষণা করেছি, ডেন্টাল কলেজ হোক, মেডিকেল কলেজ হোক, প্রাইভেটে কেউ যদি করতে চান তিনি এগিয়ে আসুন। আমাদের যা সাহায্য করার সহযোগিতা করার

আমরা তো করব, আমরা এর বিরোধিতায় নেই। সুতরাং সেই প্রস্তাব আপনারা নিয়ে আসুন। আমরা দেখছি যতগুলি প্রস্তাব আমাদের কাছে আছে, সেখানে কিন্তু বিনিয়োগের ব্যাপারটায় কেউ খোলসা করে বলছেন না ; যে এই টাকাটা কোথা থেকে কিভাবে পাওয়া যাবে। সেইজন্য বলছি আমরা দেখব। আর ঐ ইন্ডিয়ান সিস্টেম অফ মেডিসিন অ্যান্ড হোমিওপ্যাথি এটা নিয়ে নাকি আমরা কিছু বলিনি। লিখেছি তো কি কাজ করেছি। আমরা ইন্ডিয়ান সিস্টেম অফ মেডিসিন-এর উপর জোর দেব। হার্বাল মেডিসিনে আমাদের পাশের দেশ চীন এখন বিশ্বের বাজারে তাদের যে চাহিদা হয়েছে, তারা, আমাদের সারা দেশে যা করার কথা, ওরা যা করে ১০০ গুণ প্রায়, ওরা বেশি রপ্তানী করছে এখন। সারা দুনিয়াতে এখন চাহিদা বেড়েছে। ডাঃ নাগ বলছিলেন, রোগ নির্ণয় করতে গিয়ে উনি ওয়ার্ল্ড ব্যাংক-এর সঙ্গে কথা বলছিলেন, ওয়ার্ল্ড ব্যাংকের কথাটা লাস্ট-এ বললেন, ৪ নম্বরে বললেন, আস্তে করে বললেন, এক্সপ্লোসিভ কস্ট অফ ট্রিটমেন্ট এই যে রোগীরা সম্মুখীন হচ্ছে, এটা কে করেছে ? গ্যাট চুক্তি কে করেছে ? কারা ঐ পেটেন্ট-এর ব্যবস্থা ঐ রকম করেছে ? এতো সাংঘাতিক হয়ে যাবে, ওষুধপত্র যা খরচ হবে তার জন্যই আমরা ইন্ডিয়ান সিস্টেম অফ মেডিসিনের ওপর জোর দিচ্ছি। হোমিওপ্যাথি বিকাশের চেষ্টা আমরা করছি। স্যার, কয়েকদিন আগে আমি দিল্লি গিয়েছিলাম, এই ব্যাপারে ঐ দপ্তরের যারা এটা দেখাশুনা করেন আমি তাঁদের কাছ থেকে সব কিছু যোগাড় করে এনেছি। কি কি গাছ আমাদের বিশেষ করে মেডিসিনাল প্লান্টের চাহিদাতে আছে, বিশ্বের বাজারে চাহিদাতে আছে, ভারতবর্ষের বাজারেতে চাহিদায় আছে, সেইগুলি আমাদের চাষ করতে হবে। আর সব তথ্য সংগ্রহ করেছেন, চিঠি তৈরি করেছেন, ভালোই করেছেন, যিনি দিয়েছেন ওইটা, সেই অফিসারের সঙ্গে আমার বিশদ কথা হয়েছে। আমরাও করব সেইসব। আমরা সেইসবের উপর অগ্রাধিকার দিতে চাইছি। আমি সেই জন্য আপনাদের আর বেশি সময় নিতে চাইছি না। আমি এটা বলছি, আমাদের সাধারণ দিকে নির্দেশটায় বলেছি, বিকেন্দ্রীকরণে দায়বদ্ধতা সুনিশ্চিত করা, আমাদের আধুনিকীকরণের উপর যে সমস্ত টারসিয়ারী কলেজ হাসপাতাল ইত্যাদি আছে, বড় হাসপাতাল ইত্যাদি আছে, আর ওই ভারতীয় সিস্টেমে যে আয়ুর্বেদ আছে, ইউনানি আছে সেটাও বিকাশের অবকাশ আমাদের আছে আর হোমিওপ্যাথি ইত্যাদিও তার সঙ্গে করা। আর যা বলেছি, সেইগুলি করা। এই অভিমুখে আমরা অবিচল থাকব। কাশীবাবু আপনার যদি কিছু বলার থাকে, কালকে আমি জরুরি কাজে বাঁকুড়া যাচ্ছি, আপনি যদি থাকেন, আমি কথা বলিয়ে দেব, একসঙ্গেও যেতে পারি। খুব জরুরি কাজ বলেই যেতে হচ্ছে। এই কথা বলে বিরোধীদের আনা কাট-মোশানের বিরোধিতা করে আমার বাজেট প্রস্তাবকে পুনরায় সমর্থন করে আমার বক্তব্য শেষ করছি।

[6.10—6.14 p.m.]

Demand No. 32

The motions of Shri Subrata Mukherjee, Shri Tonmoy Mondal, Shri Dipak Kumar Ghosh, Shri Abdul Mannan and Shri Kashinath Mishra that the amount of the Demand the reduced to Re. 1, were then put and lost.

The motions of Shri Moloy Ghatak, Shri Kalyan Banerjee, Dr. Asish Banerjee, Shri Ajoy Dey, Shri Pankaj Banerjee, Dr. Ratna De (Nag), Shri Subrata Mukerjee, Shri Subrata Bakshi, Smt. Sonali Guha, Shri Arup Bhadra, Shri Abdul Mannan, Shri Nirmal Ghosh, Shri Tapas Paul, Shri Biman Chakraborty, Shri Jyotipriya Mallick, Shri Kashinath Mishra, Shri Manturam Pakhira, Shri Ardhendu Maity, Shri Tonmoy Mondal, Shri Chowdhury Mohan Jatua, Shri Kallol Khan, Shri Deba Prasad Sarkar, Shri Sital Kumar Sardar, Smt. Manju Basu, Shri Gyan Singh Sohan Pal, Shri Gobinda Chandra Naskar, Shri Tamonash Ghosh, Shri Pundarikakshya Saha, Shri Ajit Bhunia, Shri Abu Taher Khan, Shri Kamal Mukherjee—that the amount of the Demand be reduced by Rs. 100—were then put and lost.

The motion of Dr. Asim Kumar Das Gupta that a sum of Rs. 1198,44,94,000 be granted for expenditure during the year 2001-2002 under Demand No. 32, Major Heads : "2210-Medical and Public Health (Excluding Public Health) and 4210-Capital Outlay on Medical and Public Health (Excluding Public Health)".

(This is inclusive of a total sum of Rs. 399,48,32,000 already voted on account in February, 2001.)

was then put and agreed to.

Demand No. 33

The motions of Shri Kamal Mukherjee, Shri Abdul Mannan, Shri Kashinath Mishra, Shri Subrata Bakshi, Shri Ashok Kumar Deb, Shri Arup Bhadra, Shri Nirmal Ghosh, Shri Deba Prasad Sarkar and Shri Jyotipriya Mallick that the amount of the Demand be reduced by Rs. 100—were then put and lost.

The motion Dr. Asim Kumar Das Gupta that a sum of Rs. 170,78,50,000 be granted for expenditure under Demand No. 33, Major Heads "2210-Medical and Public Health (Public Health)", during the year 2001-2002.

(This is inclusive of a total sum of Rs. 56,92,83,000 already voted on account in February, 2001.)

was then put and agreed to.

Demand No. 34

The motions of Shri Subrata Mukherjee and Shri Kashinath Mishra that the amount of the Demand be reduced to Re. 1, and

the motions of Shri Kamal Mukherjee, Shri Satyanarayan Bajaj, Shri Pankaj Banerjee, Shri Jyotipriya Mallick, Shri Partha Chatterjee, Shri Subrata Bakshi, Shri Ashok Kumar Deb, Shri Kashinath Mishra, Shri Tamonash Ghosh, Shri Abdul Mannan and Shri Nirmal Ghosh that the amount of the Demand be reduced by Rs. 100/- were then put and lost.

The motion of Dr. Asim Kumar Das Gupta that a sum of Rs. 143,09,39,000 be granted for expenditure under Demand No. 34, Major Head : "2211-Family Welfare" during the year 2001-2002.

(This is inclusive of a total sum of Rs. 47,69,80,000 already voted on account in February, 2001.)

was then put and agreed to.

Adjournment

The House was then adjourned at 6/14 p.m. till 11-00 a.m. on Thursday, the 19th July, 2001, at the Assembly House, Kolkata.

Proceedings of the West Bengal Legislative Assembly assembled under the provisions of the Constitution of India

The Assembly met in the Legislative Chamber of the Assembly House, Kolkata, on Thursday, the 19th July, 2001 at 11.00 a.m.

PRESENT

Mr. Speaker (SHRI HASHIM ABDUL HALIM) in the Chair, 28 Ministers, 10 Ministers of State and 225 Members.

[11.00—11.10 a.m.]

Mr. Speaker : Today the questions of Mr. Ashoke Bhattacharjee will be held over as his wife has fallen ill and he has to leave for Siliguri.

Starred Questions
(To which oral answers were given)

সফট্‌ওয়্যার পার্ক

*২৬৬। (অনুমোদিত প্রশ্ন নং *১৪১) শ্রী আবু আয়েশ মণ্ডল : তথ্য প্রযুক্তি বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) এটা কি সত্যি যে, আসানসোল-দুর্গাপুর ডেভেলপমেন্ট অথরিটি এবং একটি বেসরকারি সংস্থার যৌথ উদ্যোগে দুর্গাপুরে একটি সফ্‌টওয়্যার পার্ক গড়ে তোলার পরিকল্পনা গ্রহণ করা হয়েছে ;

(খ) সত্যি হলে, উক্ত বেসরকারি সংস্থার নাম কী ; এবং

(গ) উক্ত পরিকল্পনাটি রূপায়ণের কাজটি বর্তমানে কোন পর্যায়ে আছে ?

শ্রী মানবেন্দ্র মুখার্জী

(ক) হ্যাঁ।

(খ) উক্ত বেসরকারি সংস্থার নাম ই. এল. নেট. ৩-এল (প্রা.) লিমিটেড। এই সংস্থাটি কলকাতায় অবস্থিত।

(গ) বর্তমানে, উক্ত পার্ক স্থাপনের জন্য ৫০ একর জমি চিহ্নিত করা হয়েছে। এবং পরিকল্পনা রচনা করার কাজ চলছে।

শ্রী আবু আয়েশ মণ্ডল : আমাদের রাজ্যে এই ধরনের অন্য কোনো সফ্ট ওয়্যার পার্ক আছে কিনা এবং থাকলে কোথায় আছে, এবং সেখানে কী কী কর্মসূচি রূপায়িত হচ্ছে।

শ্রী মানবেন্দ্র মুখার্জী : আমাদের রাজ্যে সবচেয়ে বড়ো সফটওয়্যার পার্ক হচ্ছে ইলেকট্রনিক্স কমপ্লেক্স, সল্টলেক, সেক্টর-৫। সেখানে ১৭০ একর জমি চিহ্নিত করে পুরো দমে কাজ চলছে এই মুহূর্তে। ভবিষ্যৎ পরিকল্পনা হিসাবে দুর্গাপুরে সফটওয়্যার পার্ক, দক্ষিণ ২৪-পরগনার নোনাডাঙায় ৭০ একর জমি নিয়ে এবং নিউ টাউনে প্রাথমিক পর্যায়ে ১৫ একর জমি নিয়ে এই ধরনের পার্ক করার পরিকল্পনা আছে।

শ্রী আবু আয়েশ মণ্ডল : তথ্য প্রযুক্তি শিল্পে উপযুক্ত গুণমানের প্রযুক্তি তৈরি করার ক্ষেত্রে কি কি কর্মসূচি নেওয়া হয়েছে ?

শ্রী মানবেন্দ্র মুখার্জী : আমাদের সরকারি নিয়ন্ত্রণের মধ্যে ৩১টি ইঞ্জিনিয়ারিং কলেজের মোট গ্রহণ করা ছাত্রের ৫৭ শতাংশ তথ্য-প্রযুক্তি বিষয়গুলোতে অধ্যয়ন করছে। এছাড়া আই. আই. আই. টি. গত বছর থেকে যেটা চালু হয়েছে সেটা পুরোদমে কাজ করছে। দুর্গাপুরে আর একটা আই. আই. আই. টি. তৈরি করার পরিকল্পনা আছে। এছাড়া স্কুল পর্যায়ে কমপিউটার শিক্ষাকে ছড়িয়ে দেওয়ার জন্য গত বছর থেকে আমরা প্রাথমিকভাবে ১০০টি মাধ্যমিক স্কুলকে চিহ্নিত করে কমপিউটার এডুকেশনকে ইন্ট্রোডিউস করেছি। আলাপ-আলোচনা চলছে পর্যায়ক্রমে সমস্ত মাধ্যমিক এবং উচ্চ মাধ্যমিক স্কুলগুলোকে কমপিউটার এডুকেশনের আওতায় নিয়ে আসার জন্য। এর মাধ্যমে আমরা আমাদের রাজ্যে প্রয়োজনীয় তথ্য-প্রযুক্তি গুণমান সম্পন্ন মানব সৃষ্টি করতে পারব।

শ্রী আবু আয়েশ মণ্ডল : ওয়েস্ট বেঙ্গল ইউনিভার্সিটি অফ টেকনোলজির অধীনে দুটো সংস্থা বা কলেজ আছে। এছাড়া আরও নতুন-নতুন প্রতিষ্ঠান, যেখান থেকে ডিগ্রি কোর্স পর্যন্ত শিক্ষা দেওয়া যেতে পারে, তার পরিকল্পনা আছে কি ?

শ্রী মানবেন্দ্র মুখার্জী : আমাদের বেসরকারি ইঞ্জিনিয়ারিং কলেজ যেগুলো যুক্ত, আগামী দিনে নির্দিষ্টভাবে শিক্ষা দপ্তর তার উত্তর দিতে পারবে। সেখানে তথ্যপ্রযুক্তি একটা গুরুত্বপূর্ণ ভূমিকা নেবে। এছাড়া বিভিন্ন প্রাইভেট সংস্থা, বেসরকারি সংস্থা, তারা বিভিন্ন পর্যায়ের শিক্ষাক্রম ছাত্রদের কাছে উপস্থিত করছেন।

শ্রী নির্মল দাস : আপনার দপ্তর ইতিমধ্যে বিভিন্ন স্কুলকেও বিশেষ করে তথ্য প্রযুক্তি এবং অন্যান্য বিষয়ে তাদের কাজকর্ম করার সুযোগ দিচ্ছে। প্রত্যেক ব্লকে ব্লকে যে সমস্ত ব্লক আধিকারিক আছে, প্রত্যন্ত এলাকায় নেওয়ার জন্য সেখানে এই নেটওয়ার্ক ছড়িয়ে দেওয়া এবং যে সমস্ত স্কুলগুলি আমার আলিপুরদুয়ারে দু-তিনটি স্কুল সেই শিক্ষা গ্রহণ করছে। সমস্ত উচ্চ মাধ্যমিক বিদ্যালয়কে সংযোজিত করে তথ্য প্রযুক্তিকে আরও অর্থবহ করার জন্য কি করেছিলেন। আপনি এবং আমাদের বিদ্যালয় শিক্ষা দপ্তর এবং বিশ্ববিদ্যালয় কিভাবে যোগাযোগ হতে পারে।

শ্রী মানবেন্দ্র মুখার্জী : এই বিষয়ে নির্দিষ্ট পরিকল্পনা বিদ্যালয় শিক্ষা দপ্তর করছে। কিন্তু আমাদের চূড়ান্ত লক্ষ পর্যায়ক্রমে আমাদের রাজ্যের সমস্ত মাধ্যমিক এবং উচ্চ মাধ্যমিক

স্কুলে যখন কমপিউটার এডুকেশন প্রবেশ করেনি। এটা দীর্ঘমেয়াদী পরিকল্পনা। নির্দিষ্টভাবে পরিকল্পনা করছে। স্কুল শিক্ষা দপ্তর আছে। স্কুল এডুকেশান ডিপার্টমেন্ট তারাই এটা করছে।

শ্রী নির্বেদ রায় : মাননীয় স্পীকার স্যার, আপনার মাধ্যমে আমি মন্ত্রীর কাছে প্রশ্ন রাখতে চাই যে, তথ্য প্রযুক্তির ক্ষেত্রে প্রথমত হার্ড ওয়্যার এবং সফ্ট ওয়্যারের যে জগৎ, সেখানে হার্ড ওয়্যার প্রযুক্তি বিশেষ করে ন্যামো সায়েন্স বা টেকনিক্যাল-এর প্রযুক্তির ক্ষেত্রে আমাদের অবস্থান কি ভারতবর্ষ এবং পৃথিবীর পরিপ্রেক্ষিতে। (২) শুধুমাত্র সফ্টওয়্যার দিয়ে যেটা হয়, সেটা হচ্ছে অপারেশান কাজকর্ম হয়। সফ্ট ওয়্যার ডেভেলপমেন্টের ক্ষেত্রে বডি শপিং খুব বেশি হচ্ছে। সফ্ট ওয়্যার ডেভেলপমেন্টের ক্ষেত্রে কি কি ডেভেলপমেন্ট হচ্ছে সেটা নিশ্চয় বলবেন এবং যেটা অত্যন্ত উল্লেখযোগ্য ব্যাপার হচ্ছে তথ্য প্রযুক্তির ক্ষেত্রে বিশ্বায়ন বা নিয়ন্ত্রণ কোনটা মেনে চলার পক্ষপাতি বা আপনি কোনটা মেনে চলছেন।

মিঃ স্পীকার : হাউসের একজন মেম্বার শ্রীমতী মঞ্জু বোস অসুস্থ হয়ে পড়েছেন। তাই আমি আধঘন্টার জন্য (১১-৩৮ মিঃ পর্যন্ত) হাউস বন্ধ রাখছি। আধঘন্টা পরে আবার মিলিত হব।

[At this stage the House was adjourned till 11.38 a.m.]

[11.40—11.50 a.m.]

(After adjournment)

শ্রী মানবেন্দ্র মুখার্জী : মাননীয় সদস্য যে প্রশ্ন করেছেন তার দুটো ভাগ। প্রথম পার্ট— হার্ডওয়্যার ম্যানুফ্যাকচারিং আমাদের রাজ্যে প্রত্যক্ষভাবে এখনও হয়নি। আমাদের এখানে প্রধানত তথ্য প্রযুক্তি শিল্পে সফ্ট ওয়্যার এবং আই টি এনেবেল সার্ভিস এই দুটো এখানে কাজ করছে। গ্লোবালাইজেশানের রেসপেক্টে সফ্টওয়্যার মার্কেট যদি বলেন, গোটা মার্কেটই গ্লোবাল মার্কেট। সেদিক থেকে গ্লোবালাইজেশানের প্রভাব তো আছেই এর মধ্যে। কিন্তু এর মধ্যে যে স্ট্রাকচারাল ইমব্যালান্স যার প্রভাব এই মুহূর্তে বুঝতে পারছি, এবং গ্লোবাল মার্কেট করতে গিয়ে আমাদের ইন্ডিয়ান এক্সপোর্ট-এর ৬২ শতাংশ নির্ভর করে ইউ. এস. মার্কেটের উপর। ফলে ইউ. এস. মার্কেটে ক্রাইসিস হলে তার ধাক্কা সরাসরি ভারতবর্ষের আই. টি. ইন্ডাস্ট্রিগুলোর উপর এসে পড়ে। গ্লোবালাইজেশন ইমব্যালেন্সের কারণে আমাদের তৃতীয় বিশ্বের দুর্বল দেশগুলো ক্ষতিগ্রস্ত হয়। আমরা গ্লোবালাইজেশনের বিরুদ্ধে নয় গ্লোবালাইজেশনের ইমব্যালেন্সের বিরুদ্ধে যাতে আমাদের তৃতীয় বিশ্বের দেশগুলোর শিল্পগুলো মার খায়।

শ্রী সৌগত রায় : মাননীয় মন্ত্রী নতুন দপ্তর পেয়েছেন, তথ্য প্রযুক্তি বিষয়ে উৎসাহিত বোধ করছেন। আমি মন্ত্রীর কাছে জানতে চাইছি যে লোকসভায় সমস্ত মেম্বারদের ল্যাপ টপ

কমপিউটার দেওয়া হয়েছে। এখন আপনার কাছে জানতে চাইছি আমাদের বিধানসভার সদস্যদের যদি ল্যাপ টপ কমপিউটার থাকত তাহলে আপনার সাথে চিঠি লিখে আর যোগাযোগ করতে হবে না। এরকম কোনো প্রস্তাব আপনার দপ্তরের আছে কি ?

শ্রী মানবেন্দ্র মুখার্জী : এই সম্পর্কে কোনো প্রস্তাব এবং আর্থিক ব্যবস্থা বিষয়ে যদি পরিষদীয় দপ্তর এবং স্পীকারের দিক থেকে আর্থিক ব্যবস্থা সহ প্রস্তাব আসে তাহলে নিশ্চয়ই বিবেচনা করব।

Mr. Speaker: I can inform the House that I have had a preliminary discussion with the Minister on computer training of members, and after the session is adjourned we will take up the matter with the department and the Minister concerned. First, making arrangement for training of computer operation and later on we shall decide whether anything can be arranged or not.

শ্রী তমাল মাঝি : স্যার, মাননীয় মন্ত্রীর কাছে অতিরিক্ত প্রশ্ন যে দুর্গাপুরে যে সফটওয়্যার পার্ক গড়ে তোলার প্রকল্প গ্রহণ করা হয়েছে, সেই পার্ক গড়ে তোলার জন্য আনুমানিক ব্যয় কত হবে এবং এই ব্যয়ের ক্ষেত্রে কেন্দ্রের কোনো সাহায্য পাওয়া যাবে কিনা ?

শ্রী মানবেন্দ্র মুখার্জী : এই প্রকল্প গড়ে তোলার জন্য দুটো সংস্থা কাজ করছে। একটা হচ্ছে আসানসোল—দুর্গাপুর ডেভেলপমেন্ট অথরিটি এবং আরেকটা হচ্ছে ই. এল. নেট (থ্রি এল) প্রাইভেট লিমিটেড। ফলে আর্থিক সমস্ত দায়ভার দুটো কোম্পানির। আর কেন্দ্রীয় সরকারের কাছ থেকে এই সম্পর্কে কোনো সাহায্য পাওয়া যাবে না।

শ্রী পংকজ ব্যানার্জী : মাননীয় মন্ত্রিমহাশয়-এর কাছে? মূল প্রশ্নটা হয়তো আসানসোল দুর্গাপুর ডেভেলপমেন্ট অথরিটিকে ঘিরে। আমি একটা প্রশ্ন এই সুযোগে আপনাকে করতে চাই। সম্প্রতি রাজ্যের মুখ্য সচিব আমেরিকা গিয়েছিলেন বিল গেটসের সঙ্গে কথাবার্তা বলতে। সেখানে কি কথা হয়েছে মুখ্য সচিবের সঙ্গে আমাদের জানা নেই। বিল গেটসের সাজেশন নিয়ে পশ্চিমবঙ্গে কি নতুন কোনো টেকনিক্যাল এক্সপারটিস করতে চাইছেন। আপনারা বারবার বলেছেন যে রাজ্যের বিভিন্ন জেলায়, গ্রাম পর্যায়ে কমপিউটার-এর মাধ্যমে যোগাযোগ করতে চাইছেন, ভিডিও স্ক্রিনিং করতে চাইছেন। মুখ্যসচিব অতি সম্প্রতি আমেরিকা গিয়ে বিল গেটসের সঙ্গে কথাবার্তা বলেছেন। এ সম্পর্কে আমাদের অবহিত করলে আমরা বুঝতে পারি এ বিষয়ে আপনাদের কোনো পরিকল্পনা আছে কিনা ?

শ্রী মানবেন্দ্র মুখার্জী : মাননীয় সদস্যকে জানাই যে এটা আমাদের রাজ্যের পক্ষে ভালো হচ্ছে মাইক্রো-সফট একটা সফটওয়্যার মার্কেট প্রকৃতপক্ষে একটা দৈত্য, জায়েন্ট তারা আমাদের রাজ্য সম্পর্কে উৎসাহ দেখিয়েছেন। এই কারণে আমাদের সচিব গিয়েছিলেন আমাদের রাজ্যে তারা কি কি কাজ করতে চান, একটা প্রস্তাব আমাদের কাছে এসেছে। এই

মুহূর্তে চূড়ান্ত বিবেচনাধীন আছে, সেগুলো সহমত হলে অল্প সময়ের মধ্যে আমাদের "মৌ" সই করা হবে। যেহেতু এখনও চূড়ান্ত সিদ্ধান্ত হয়নি তাই বিবেচনাধীন আছে। ফলে মাননীয় সদস্যকে অ্যাসেম্বলি ফ্লোরে নির্দিষ্ট করে বলছি না। ব্যক্তিগতভাবে যোগাযোগ করে বলতে পারি কি কি বিষয়গুলো আছে।

শ্রী পরশ দত্ত : স্যার, মাননীয় মন্ত্রীর কাছে একটা জিনিস উল্লেখ করতে চাই সেই সঙ্গে প্রশ্ন আছে যে এখন সফটওয়্যার মার্কেট যেটা আপনি বললেন ইউ. এস. এ. থ্রি মিলিয়ন ডলার ইন্ডিয়াতে ফ্রিজ হয়ে যাচ্ছে। কাজেই ইউরোপে সিমিলার মার্কেট রয়েছে সেখানে কোনো প্রোব করা হয়েছে কিনা ওয়েস্ট বেঙ্গলে পশ্চিমবঙ্গ সরকারের পক্ষ থেকে পশ্চিমবঙ্গে হার্ডওয়্যার ডেভেলপমেন্টের জন্য। হার্ডওয়্যার ম্যানুফ্যাকচারারদের এই মার্কেট খুব বড়ো এবং আমরা কমপিটিশনে যেতে পারি, এ ব্যাপারে সরকারের পক্ষ থেকে কোনো প্রোব করা হয়েছে কিনা ?

শ্রী মানবেন্দ্র মুখার্জী : আমাদের ভারতবর্ষের তথ্য-প্রযুক্তি সংক্রান্ত বৈদেশিক মার্কেট ২৪ পারসেন্ট ইউরোপে আছে। আমাদের টার্গেট এরিয়া কোনটা হবে এটা রাজ্য সরকারি পর্যায়ে নির্দিষ্ট হয় না, এটা কেন্দ্রীয় সরকারের সঙ্গে যুক্ত। আমাদের এখানে যে প্রাইভেট কোম্পানিগুলি আছে ইউরোপ বেস্‌ড কোম্পানি তার মধ্যে সীমা ভালো। আমাদের রাজ্যে যে সমস্ত বেসরকারি সংস্থা আছে তাদের সঙ্গে ইউরোপ এবং আদার্স বাজারের যোগাযোগ আছে। কিন্তু আমরা কোনটা গুরুত্ব দেব সেটা কেন্দ্রীয় সরকারের নীতির উপর নির্ভর করে। হার্ডওয়্যার এখন আমাদের রাজ্যে কিছু নেই, আমাদের ভারতবর্ষে একমাত্র উইপ্রো সবেমাত্র এসেছে এবং প্রথমে ডেভেলপমেন্ট সেন্টার তৈরি করছেন। ভারতবর্ষে তাদের বিনিয়োগের প্রশ্ন এবং সে ক্ষেত্রে হার্ডওয়্যার ম্যানুফ্যাকচারারের বিষয়টা আমাদের আলোচনাতে প্রায়োরিটির জায়গাতে আছে।

শ্রী রবীন দেব : মাননীয় অধ্যক্ষ মহাশয়, তথ্য প্রযুক্তি মন্ত্রী জানিয়েছেন এটা নতুন দপ্তর, স্বাভাবিকভাবেই কতগুলি উদ্যোগ গ্রহণ করা হয়েছে। আমি জানতে চাইছি ওয়েস্ট বেঙ্গল স্টেট ওয়াইড এরিয়া নেট ওয়ার্ক প্রোজেক্ট এটা সম্পর্কে আপনার দপ্তর কি অবস্থায় আছে এবং কি কার্যকরী ব্যবস্থা গ্রহণ করেছেন জানাবেন ?

শ্রী মানবেন্দ্র মুখার্জী : ওয়েবসন প্রযুক্তি হচ্ছে আমাদের রাজ্যের তথ্যপ্রযুক্তির মেরুদণ্ড। এর প্রথম পর্যায় প্রায় সম্পূর্ণের মুখে। আমাদের ১৭টি ডিস্ট্রিক্ট হেড কোয়ার্টার্স-এর সাথে রাইটার্স বিল্ডিং-এর সংযোগ পরীক্ষামূলকভাবে অর্ধেক চালু হয়েছে। তৈরি হয়ে গেছে, আগামী মাসের মধ্যে এটা অপারেশনাল হয়ে যাবে। ফার্স্ট ফেজের একস্‌পানশানের কাজে আমরা হাত দিয়েছি। ১৭টা হেড কোয়ার্টার্স ছাড়া ৮টি গুরুত্বপূর্ণ শহর যেমন আলিপুরদুয়ার, শিলিগুড়ি, আসানসোল, বোলপুর, কল্যাণী, দুর্গাপুর, খড়গপুর এবং হলদিয়া এর সংযোগ আমাদের ওয়েবসনের অন্তর্ভুক্ত, সেটা চালু হবে। পরবর্তী পর্যায়ে যেটা হবে সে ক্ষেত্রে আমাদের সাবডিভিশনাল হেড-কোয়ার্টার্স এবং ব্লকগুলিকে সংযুক্তির প্রশ্নে এ বছরে কাজে হাত দিতে পারবো, পরিকল্পনা রচনার কথা চলছে।

রাজারহাট উপনগরী

*২৬৭। (অনুমোদিত প্রশ্ন নং *৯৪) **শ্রী অশোক দেব :** আবাসন বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) প্রস্তাবিত রাজারহাট উপনগরীতে অ্যাকশন এরিয়া-দুই-এর কাজ কি শুরু হতে চলেছে ; এবং

(খ) উক্ত এলাকায় উপনগরী নির্মাণের জন্য পরিবেশগত সরকারি ছাড়পত্র পাওয়া গেছে কি ?

শ্রী গৌতম দেব

(ক) হ্যাঁ, প্রস্তাবিত রাজারহাট উপনগরীর অ্যাকশন এরিয়া-দুই-এর কাজ ইতোপূর্বে আরম্ভ হয়ে গেছে।

(খ) হ্যাঁ, পশ্চিমবঙ্গ সরকারের পরিবেশ দপ্তর হইতে পরিবেশগত ছাড়পত্র ইতোপূর্বে পাওয়া গেছে।

শ্রী অশোক দেব : কত জমি নেওয়া হয়েছে এবং কতজনকে উচ্ছেদ করা হয়েছে ?

শ্রী গৌতম দেব : এখনও পর্যন্ত সাড়ে ৭ বিঘা জমি আমাদের হাতে আছে, মোট ২৩ হাজার বিঘা জমি আমাদের লাগবে। দু-আড়াই মাসের মধ্যে আরও ৩ হাজার বিঘা জমি আসবে। তাহলে সাড়ে ১০ হাজার বিঘা জমি আমাদের হাতে আছে। এখনও পর্যন্ত ৫২ জনকে সরাতে হয়েছে, সেই ৫২ জনকে বাড়ি দিয়েছি তারা সেখানে যাচ্ছে।

শ্রী অশোক দেব : যারা উচ্ছেদ হয়েছেন তারা কত টাকা করে পেয়েছেন ? সবাই কি টাকা পেয়েছেন ? আপনারা কত টাকার ফ্ল্যাট, প্লট বিক্রি করেছেন ?

[11.50—12.00 noon]

শ্রী গৌতম দেব : অনেকগুলো প্রশ্ন করলেন। ১২৫ কোটি টাকা জমির জন্য উত্তর ২৪-পরগনার জেলা কালেক্টরকে দিয়েছি জুন মাস পর্যন্ত। প্রত্যেকের নামে নামে চেক ডিসবার্সমেন্ট হয়ে গেছে। যাদের প্রপার্টি রাইটে লিটিগেশন আছে তাদের ক্ষেত্রে অসুবিধা থাকলেও ক্লিন কেসের ক্ষেত্রে কোনো অসুবিধা নেই, টাকা দেওয়া হয়েছে। আগেই বলেছি, বাড়িঘর-দোর বাদ দিয়ে একেবারে ধানখেতের মধ্যে কিছু কুঁড়েঘর রয়েছে এমন জায়গায়, টাউনসিপের পরিকল্পনা হয়েছে। এই রকম ৫২-টা কুঁড়েঘর সেখানে রয়েছে তাদের সরানো হবে। এবং তার জন্য দেড় লক্ষ টাকা দিয়ে বাড়ি বানানো হয়েছে। প্ল্যানিং কমিশনের ভাইস চেয়ারম্যান কে. সি. পন্থ নিজে এসে এই রিহ্যাবিলিটেশন প্রত্যক্ষ করেছেন। কাজ শুরু হয়েছে কয়েকদিনের মধ্যে শেষ হবে।

শ্রী অশোককুমার দেব : ক'তলা এবং কতগুলো ফ্ল্যাট হবে ? কীভাবে বন্টন করবেন এবং কারা পেতে পারে ?

শ্রী গৌতম দেব : সাড়ে ৭ লক্ষ মানুষ ওখানে থাকবে। আর, আড়াই লক্ষ মানুষের যাতায়াতের ব্যবস্থা থাকবে। ফলে ১ লক্ষ মিলিয়ন পপুলেশনের মতো করে গোটা ব্যবস্থাটা ওখানে করা হচ্ছে। আর, সাড়ে ৭ লক্ষ মানুষ যারা থাকবে তাদের মধ্যে ১ লক্ষ ৬০ হাজার মানুষ অলরেডি জমি পেয়ে গেছে ৫ জনের একটা ফ্যামিলি ধরে। শীতের সময় তারা নিজের জমিতে, বাড়িতে যাবে। এর মধ্যে ৭৫ শতাংশ ইকোনমিক্যালি উইকার সেকশনের জন্য, লোয়ার ইনকাম গ্রুপের জন্য এবং এম. আই. জি.-দের জন্য। বাকি ২৫ শতাংশ এইচ. আই. জি. এবং এন. আর. আই.-দের জন্য।

শ্রী অশোককুমার দেব : যে সমস্ত কৃষকরা জমি দিয়েও টাকা পায়নি তারা কবে টাকা পাবে ?

শ্রী গৌতম দেব : যদি এমন কোনো লোক বাকি থাকে আপনি আমাকে তথ্য দেবেন। জুন মাস পর্যন্ত এ ব্যাপারে কালেক্টর আমার কাছে যে টাকা চেয়েছেন প্রেস করেছি। সারা ভারতবর্ষে যে নিয়ম আছে, ক্লিয়ার কাগজপত্র দেখে চেক দেওয়া, সেটা জুন মাস পর্যন্ত দেওয়া হয়েছে। যদি কোথাও লিটিগেশনের সমস্যা থাকে তাহলে পদ্ধতিগতভাবে তা মেটাতে হবে। কিন্তু জেনুইন কেস থাকলে, টাইটেলের সমস্যা যেখানে নেই, তারা টাকা পাচ্ছে না এমন কোনো কেস আমার জানা নেই। মাননীয় সদস্যের যদি জানা থাকে আমাকে দেবেন, আমি দেখব।

শ্রী শোভনদেব চট্টোপাধ্যায় : আমি আগের দিন বাজেট আলোচনার সময়ও বলেছিলাম যে জমির জন্য ৮ বা ১০ হাজার টাকা দিচ্ছেন, আপনি বলেছিলেন ১৫ হাজার টাকা করে দিচ্ছেন—যাইহোক, সেটা বিতর্কের বিষয়, আরো খবর নিয়ে বলা যাবে। সেখানে ব্যক্তিগতভাবে একটা পরিবারকেও দিচ্ছেন। কিন্তু টোট্যাল রাজারহাটের যে ডেভেলপমেন্ট হবে তার কতটা সরাসরি সরকার করবে, জয়েন্ট সেক্টরে কতটা হচ্ছে এবং প্রাইভেট এন্টারপ্রেনাররা-ই বা কতটা অংশ করছে ? এর পরিমাণ কত ? সুতরাং, আপনি এবং কোনো কোম্পানি মিলে, সরাসরি সরকার বা পুরোপুরি প্রাইভেট এন্টারপ্রেনার কত কত ভাগে করছেন ? এই ভাগটা কি করে ঠিক করছেন ?

শ্রী গৌতম দেব : এখনও সেই স্টেজ আসেনি। কিন্তু রাফলি বলা যায়, ৮০ থেকে ৯০ শতাংশ বাড়ি,—যারা ইনডিভিজুয়াল প্লটের অধিকারী অথবা কো-অপারেটিভ প্লটের অধিকারী,—নিজেদের বাড়ি নিজেরা করে নেবেন। আর, টোটাল ডেভেলপমেন্ট করছে হিডকো। ল্যান্ড প্রকিওরমেন্ট, ল্যান্ড ডেভেলপমেন্ট, রোড, সোয়ারেজ, ড্রেনেজ, ড্রিংকিং ওয়াটার, সোয়ারেজ, ইলেকট্রিসিটি, টেলিকমিউনিকেশন, ব্রীজ, ফ্লাইওভার—এই টোট্যাল ডেভেলপমেন্টটা হিডকো করছে। এর মধ্যে অন্য কিছু নেই। অ্যাকচুয়াল কনস্ট্রাকশন, জমির উপর, সেই স্টেজ আসেনি। আমি বলেছি, ১ লক্ষ ৬০ হাজার মানুষ ইতিমধ্যে জমি পেয়ে গেছে। এর মধ্যে জয়েন্ট সেক্টর কিছু নেই, লোক লটারিতে পেয়েছে, ১০ জনের কো-অপারেটিভও আছে। নিজেরাই নিজেদের বাড়ি তৈরি করে নেবে। জয়েন্ট সেক্টরে সরকার ১০ থেকে ১৫ শতাংশ বাড়ি তৈরি করতে পারবে কিনা জানি না।

শ্রী তন্ময় মণ্ডল : স্যার, আমি মাননীয় মন্ত্রী মহোদয়ের কাছে জানতে চাইছি— রাজারহাট প্রকল্পে যে জমি অধিগ্রহণ করা হয়েছে তার বেশিরভাগই ক্ষুদ্র চাষীর, প্রান্তিক চাষীর জমি। ওখানে জোতদার, জমিদারদের জমি খুব কমই ছিল। দরিদ্র চাষীরা তাদের এ' জমিতে দুটো করে ফসল চাষ করতো। আজকে তারা সেসব জমি ৮০০০ টাকা দরে বিক্রি করে দিয়ে ব্যাংকে টাকা রেখে তা ভেঙে খাচ্ছে। এর আগে তারা জমি চাষ করে খাচ্ছিল। গচ্ছিত টাকা ভেঙে খেতে খেতে ২/৩ বছরের মধ্যে সব টাকা শেষ হয়ে যাবে। তখন এ' কৃষকরা কিভাবে বাঁচবে ? যাদের জমি নেওয়া হয়েছে তাদের একটা বড়ো অংশই হচ্ছে ইসলাম ধর্মের মানুষ। তাদের কেউ কেউ আমার সঙ্গে যোগাযোগ করেছিল। তারা বলছে— ইসলাম ধর্মের অনেক মানুষই ইন্টারেস্ট নেয় না, এমনকি ব্যাংকের ইন্টারেস্টও খায় না। তারা জিজ্ঞেস করছে, "জমি বেচে দেওয়ার পরে আমাদের ফিউচার জেনারেশনের ছেলে-মেয়েদের কি হবে ? তারা কি কোনো চাকরি পাবে ?" মন্ত্রী মহোদয়ের কাছে আমি জানতে চাইছি তাদের জন্য কোনো রকম চাকরির ব্যবস্থা করা হচ্ছে কি ?

শ্রী গৌতম দেব ? ওখানকার যিনি এম. এল. এ. তাঁর কিছু জমিও সম্ভবত আমরা নিয়েছি। যিনি প্রশ্নটি করলেন তিনিই সেই এম. এল. এ.। সুতরাং তিনি আমার চেয়ে ভালো জানেন ওখানে ইতিপূর্বে জমি কি দামে কেনা-বেচা হত। সমস্ত মৌজার সমস্ত কাগজপত্র আমাদের কাছে আছে। সাড়ে ৮ হাজার টাকা থেকে ২২ হাজার টাকা পর্যন্ত শালি জমি হলে ; আর ডাঙা হলে আরো ৫০% বেশি শহরের দিকে। ভি. আই. পি. রোডের দু-পাশের সমস্ত জমিই তো বিক্রি হয়ে গেছে। যখন তা হল তখন এ-সব প্রশ্ন করা হয়নি, এখন গভর্নমেন্ট কিছু করতে গেলেই এই সব প্রশ্ন তোলা হয়। ওঁর জমি আমরা ভয় দেখিয়ে ওঁর কাছ থেকে নিইনি। উনি নিজে এসে আমাদের কাছে দিয়ে গেছেন। কিন্তু প্রশ্নটা সঠিক। এই যে ১২৫ কোটি টাকা আমরা দিয়েছি, এর মধ্যে ১০০ কোটি টাকা কৃষকদের হাতে আছে। এই প্রসঙ্গে আমরা ব্যাংকগুলিকে বলেছি হঠাৎ করে গরিব কৃষকদের হাতে ১০০ কোটি টাকা এসে গেছে। ওদের সঙ্গে আপনারা যোগাযোগ করুন যাতে টাকাটা ওরা ঠিকভাবে রাখতে পারে, নষ্ট না করে। আমাদের আগের মুখ্যমন্ত্রী জ্যোতি বসু বলেছিলেন, বর্তমান মুখ্যমন্ত্রীও বলেছেন—জমির বদলে ওদের শুধু টাকা দিলেই হবে না, এ সমস্ত পরিবারের মানুষজনরা যাতে কাজ পেতে পারে তার ব্যবস্থা করতে হবে। কাজের কিছুটা ব্যবস্থা করতেই হবে। আমরা চেষ্টা করছি। আমরা নতুন কমিটি করবো, মাননীয় সদস্য তাতে থাকবেন, বুদ্ধি দেবেন।

শ্রী তপন হোড় : মাননীয় মন্ত্রী মহাশয়, রাজারহাট উপনগরীর ফেজ ওয়ানে গ্রাঁ-প্রিঁ মোটর রেসের যে প্রকল্পটি হবার কথা ছিল সেই প্রকল্প কি এখনো সরকারের বিবেচনার মধ্যে আছে ?

শ্রী গৌতম দেব : চিফ সেক্রেটারির নেতৃত্বে একটা কমিটি হয়েছে। সেই কমিটির সঙ্গে ওদের আলোচনা হয়েছে। আমাদের বলা হয়েছিল ওটার জন্য কিছু জায়গা রাখতে। আমরা জায়গা রেখেছি।

[12.00—12.10 p.m.]

শ্রী অম্বিকা ব্যানার্জী : মাননীয় মন্ত্রিমহাশয়, আমাদের পূর্ব অভিজ্ঞতা থেকে দেখছি, বিশেষ করে এইচ. আই. টি.-তে—হাওড়ায় বিভিন্ন জায়গায় জমি অধিগ্রহণ করা হয়েছে বাড়ি করার জন্য। সেখানে স্বাভাবিকভাবেই ইনফ্রাস্ট্রাকচার তৈরি করার জন্য একটা বিশাল টাকা খরচ হয়। সেই টাকাটা অ্যাড করে পরে ভ্যালুয়েশানটা ঠিক করা হয়। আমরা লক্ষ্য করে দেখছি, যে দামে জমি রিক্যুইজিশান করা হচ্ছে সেখানে তুলনামূলকভাবে তার অন্তত ৫০ গুণ বেশি দামে জমি দেওয়া হচ্ছে। সাধারণ মানুষ এটা করলে সেটা ব্ল্যাক মার্কেট হত—সেটা আপনারাও বলতেন, আমরাও বলতাম। আমার প্রশ্ন, ইনফ্রাস্ট্রাকচারের জন্য যে খরচ খরচা হচ্ছে সেটা ধরে কি প্রোপোরশান রেখে সরকার জমি দিচ্ছেন সেটা জানাবেন কি ? এটা কি লাভ বেসিসে হচ্ছে, যদি হয় তাহলে কি কি ভাগ রেখে এই জমির দামটা ঠিক করা হচ্ছে। অর্থাৎ কি প্রোপোরশান রেখে আপনারা জমির দামটা ঠিক করছেন এবং তা করে মানুষের কাছে বিক্রি করছেন জানাবেন কি ? অবশ্য এটা ঠিক যে রাস্তার উপর জমি হলে তার দামটা বেশি হবে, ভেতরে হলে কম হবে। আমার প্রশ্ন, কি প্রোপোরশানে জমির ভ্যালুয়েশানটা ঠিক করছেন ?

শ্রী গৌতম দেব : প্রথম কথা হচ্ছে, ১।। বছরও হয়নি হিডকো তৈরি হয়েছে। তার এক বছরের হিসাবে আজকেই আমি সই করলাম, বিধানসভায় কয়েকদিনের মধ্যেই সেই এক বছরের হিসাব পেশ করা হবে। এটা গভর্নমেন্ট কোম্পানি তো, সেটা দেখতে পাবেন। দ্বিতীয়ত, আপনি অনেকের চেয়ে ভালো জানেন, একটা জমি হলেই—বিশেষ করে সরকার সেইভাবে প্রকল্প করে না। সেখানে ৯২ হাজার টাকা পার কাঠা ডেভেলপ করতে লাগে। সেই হিসাবটা এখানে থাকবে, সেটা দেখে নেবেন, কিছু ভুল থাকলে কারেক্ট করে দেওয়া যাবে। কিন্তু এখন পর্যন্ত যা হিসাব ৯২ হাজার টাকা—শুধু জল গঙ্গা থেকে নিয়ে আসতে হবে তার জন্য ১৫০ কোটি টাকা, রাস্তা হবে, তিন ফুট থেকে সাড়ে তিন ফুট করে ল্যান্ড ফিলিং করতে হচ্ছে। শুধু একটা জমির উপর বাড়ি করছে তা তো হতে পারে না। সুতরাং সেখানে ৯২ হাজার টাকা হচ্ছে ব্রেক ইভন প্রাইস। আর ১৫ হাজার টাকা পার কাঠা যারা গরিব মানুষ, যাদের রিহ্যাবিলিটেড করতে হচ্ছে তাদের জন্য জমির কাঠা হচ্ছে ১৫ হাজার টাকা। এল. আই. জি.'র ক্ষেত্রে ৫০ হাজার টাকা পার কাঠা। এখানে আমরা ক্রশ সাবসিডি করছি। যারা একটু বেশি আয়ের মানুষ তাদের কাছ থেকে একটু বেশি নিচ্ছি। আমরা এ' ৯২ হাজার টাকা ব্রেক ইভন প্রাইসটা ঠিকঠাক রেখেছি, উইথ অল মডার্ন ফেসিলিটিস অব টোয়েন্টিফার্স্ট সেঞ্চুরির কথাটা মাথায় রেখে। সেখানে ১২ কিলোমিটার রাস্তা তৈরি করছি, ৪৮ কোটি টাকা খরচ হচ্ছে। সুতরাং এই সমস্ত ইনপুট ধরে হচ্ছে। খালি জমি ধরলে হবে না।

শ্রী নির্মল ঘোষ : মাননীয় মন্ত্রী মহাশয়কে আমি প্রথমেই স্মরণ করিয়ে দিতে চাই যে বহু বিতর্কিত এই প্রোজেক্টটি। উনি বলছেন, এক কাঠা জমি ডেভালপ করতে ৯২ হাজার থেকে ১ লক্ষ টাকা লাগছে। আপনি বললেন কয়েক হাজার পরিবার, তার মানে বেশ কিছু লোককে অলরেডি আপনি অ্যালটমেন্ট দিয়েছেন। আপনি বললেন এক মিলিয়ন আপনার টার্গেট যারা এ' সিটিতে যাতায়াত করবে এবং বসবাস করবে। তার মানে ১০ লক্ষ লোকের

ভার এই রাজারহাট উপনগরী যেটা করতে চাইছেন সে নেবে। এখন সল্ট লেক ১/২/৩/৪ নং সেক্টার এবং অ্যাডেড এরিয়া ধরে যে অবস্থায় গিয়ে এই সল্ট লেক দাঁড়িয়েছে তারপর তার অনতিদূরে আপনি এই প্রোজেক্টটি করছেন যে ১০ লক্ষ লোকের ভার নেবে। এখন সল্ট লেকের যা অবস্থা তাতে সেখানে স্যুয়ারেজ সিস্টেম, বিদ্যুতের সিস্টেম, ইনফ্রাস্ট্রাকচার সেটা অলরেডি ভেঙে পড়েছে এবং তা নিয়ে অনেক বিতর্ক ও আলোচনাও চলছে। এ ব্যাপারে আপনারাও একমত এবং আমরাও একমত যে ভেঙে পড়েছে। আগে লেক টাউন পার হতে একটা লোকের ক' মিনিট লাগতো আর এখন কত সময় লাগে তা জানেন। সেখানে লেকটাউন পার করতে হবে, কেষ্টপুর পার করতে হবে। সেখানে এই ১০ লক্ষ লোক এবং আরও যে লোক বাড়বে তাদের নিয়ে যাবেন কি করে ? ১০ বছরের মধ্যে সেখানে ১০ লক্ষ লোক যাবে, তারপর আরো জনসংখ্যা বাড়বে। এই জায়গাটা আরো একটু রেস্ট্রিক্ট হতে পারে কিনা, আপনাদের ওই পরিধি আরো কমিয়ে আনতে পারেন কিনা ? পরিধির জন্য সেখানে প্যান্ডামোনিয়াম হবে। ওই পরিধিটা কমাতে পারেন কিনা সেটাই সবচেয়ে বড়ো কথা, কারণ বহু জায়গা পড়ে রয়েছে কলকাতা থেকে ২০-২৫ কিলোমিটারের মধ্যে, সেখানে আপনারা নতুন টাউনশিপ করতে পারেন। সেখানে ইউ ক্যান গো অ্যান্ড হ্যাভ এ টাউনশিপ। ওই ইনফ্রাস্ট্রাকচার যদি না করতে পারেন, দেখছেন তো এখানকার ইনফ্রাস্ট্রাকচার অলরেডি ভেঙে পড়েছে। একটু বৃষ্টি হলেই লেকটাউন, কালিন্দী জলে ডুবে যায়, রাস্তায় মারুতি কার জলের তলায় তলিয়ে থাকে। রাজারহাট প্রকল্পের কাজ শেষ হলে দেখবেন ড্রেনেজ এবং স্যুয়ারেজ সিস্টেম ভেঙে পড়বে। তার জন্য বলছি, পরিধিটা কমিয়ে আনতে পারেন কিনা ?

শ্রী গৌতম দেব : মাননীয় সদস্য যদি পানিহাটী, সোদপুরে চলাচল করেন দেখবেন, সেখানে রিকশা পর্যন্ত চলাচল করতে পারে না এত ভিড়। পানিহাটী এবং বিরাটিতে এক স্কয়্যার কিলোমিটারের মধ্যে ৮,০০০ লোক থাকে, আর সল্টলেকে থাকে পার স্কোয়ার কিলোমিটারে ১৩,০০০ লোক, ২০,০০০ নয়। ওটা হচ্ছে প্ল্যানড্ সিটি। দেয়ার ইজ এ বেসিক ডিফারেন্স বিটুইন এ প্ল্যানড্ সিটি অ্যান্ড এ নন-প্ল্যানড্ সিটি। প্ল্যানড্ সিটিতে পার স্কয়ার কিলোমিটারে ২০,০০০ লোক থাকতে পারে। বিরাটি প্ল্যানড্ এলাকা নয়, কিন্তু ওখানে প্ল্যানিং আছে। আমরা দিল্লি, খড়গপুর, আই. আই. টি., শিবপুর, যাদবপুরের এক্সপার্টদের মতামত নিয়েই ওটা করেছি। যেসব কথা বলছিলেন ড্রেনেজ, স্যুয়ারেজ সম্পর্কে, ড্রিঙ্কিং ওয়াটার, রোড নেটওয়ার্ক সম্পর্কে, আমরা সেখানে ২০ পারসেন্ট অফ দি টোটাল ল্যান্ড রেখেছি রোড নেটওয়ার্কের জন্য যেভাবে করেছি তাতে খুব ভালই হবে এবং শহরের সঙ্গে ইনটিগ্রেট করা যাবে যেটা আধুনিক শহরের ক্ষেত্রে হয়।

শ্রী তারক ব্যানার্জী : নিউ কলকাতায় জমি ডিস্ট্রিবিউশন যা সরকারিভাবে হচ্ছে তার জন্য অ্যাপ্লিকেশন জমা দিতে হল, তারপর লটারি হল এবং লটারি হবার পর যারা জমি পেলেন তাদের নাম এনলিস্টেড হল। তারপর দেখলাম, চেয়ারম্যানের কোটা বলে একটা ফর্ম বাজারে ইস্যু করা হয়েছে, তাতে জমি দেওয়া হবে। মুখ্যমন্ত্রীর কোটায় ডাক্তারিতে ভর্তি, সল্টলেকে জমি বিতরণ, তা নিয়ে অনেক আলোচনা হয়েছে, আদালতে মামলা হয়েছে।

তারপর মুখ্যমন্ত্রীর কোটা উঠে গেল। চেয়ারম্যানের কোটায় একটা সার্টিফিকেট দরকার। অনেকে আমার কাছে এসে বলছেন যে, আমি তাদের সার্টিফিকেট দিলে তারা নাকি চেয়ারম্যানের কোটায় জমি পাবেন। আপনি যদি বলেন, চেয়ারম্যানের কোটায় কিসের ভিত্তিতে জমি বিতরণ হবে, ভালো হয়।

শ্রী গৌতম দেব : এম.এল.এ. কোটায় ১৫ লক্ষ টাকার জায়গায় ৫০ লক্ষ করতে বলছেন। এম. এল. এ. কোটায় রাস্তা, পার্ক, স্কুল, এসব তো করেন। তবুও বলছি,— ভূ-ভারতে কোথায়ও নেই—সুপ্রিম কোর্টে মামলা হল পয়সা খেয়ে। সুপ্রিম কোর্ট জানিয়ে দিলেন, মন্ত্রীর কোটা হোক বা চেয়ারম্যানের কোটা হোক, গাইড লাইন করতে হবে। আমরা এটা জানিয়ে দিলাম, কমিটি থাকবে। নানা কারণে হয়তো কেউ বাইরে থাকেন বলে দরখাস্ত করতে পারেননি। চেয়ারম্যান কোটা বলুন বা মন্ত্রীর কোটাই বলুন, সেটা জমি দেওয়ার একটা গাইডলাইন। এবং এটা সুপ্রিম কোর্টের রায় অনুযায়ী যা যা করণীয় সেভাবে করা হয়েছে।

[12.10—12.20 p.m.]

এমনকি ওয়েবসাইড চালু করা আছে, বিদেশিরাও করতে পারেন। সেখানে এম.এল.এ. কোটা আছে মন্ত্রীদের কোটা আছে সেই অনুযায়ী অ্যাপ্লিকেশান জমা দিতে পারেন। এইগুলি সব এনলিস্টমেন্ট হচ্ছে, কমিটি স্ক্রিনিং করে আমাদের কাছে পাঠাবে। তার থেকে জমি দেওয়া হবে। এটা সুপ্রিম কোর্টের যে লেটেস্ট রায় সেই রায় অনুযায়ীই যা যা করনীয় সেটা করা হচ্ছে। অন্য জায়গায় কোটার ব্যাপারে রায়-টায়ের কোনো ব্যাপার নেই। এখানে 'হিডকো'-র ব্যাপারে রায় অনুযায়ীই করা হচ্ছে।

শ্রী কল্যাণ ব্যানার্জী : আপনার মাধ্যমে মাননীয় মন্ত্রী মহাশয়ের কাছে একটি অতিরিক্ত প্রশ্ন করতে চাই। আমাদের বিধায়ক তন্ময় মণ্ডলের জমির ব্যাপারে প্রশ্নের উত্তরে বলেছেন তারা আপনার কাছে গিয়েছেন তবেই নিয়েছেন। আমার প্রশ্ন হচ্ছে এই চাষীদের অন্য কাউকে জমি বিক্রি করার রাস্তা আছে ? আন্ডার কমপালশান চাষীদের আপনার কাছেই জমি বিক্রি করতে হবে। দ্বিতীয় হচ্ছে, এই সমস্ত চাষীরা যারা ল্যান্ড এভাকুই হয়ে যাচ্ছে তাদের জন্য আপনি অলটারনেটিভ অ্যারেঞ্জমেন্ট করেছেন অফ লাইফ ? অন্য জায়গায় তাদের চাকুরীর ব্যবস্থা করছেন কিনা জানাবেন ? কথায় কথায় আপনারা কেন্দ্রীয় সরকারের কথা বলেন, বজবজের আই. ও. সি., তারা চাকুরী দিয়েছে। আপনি তাদের চাকুরীর ব্যবস্থা করছেন ?

(গোলমাল)

কথায় কথায় তো আপনারা কেন্দ্রীয় সরকারের কথা বলেন, এখানে এই উত্তরটা মন্ত্রী মহাশয়কে দিতে দিন।

শ্রী গৌতম দেব : মাননীয় সদস্য যে প্রশ্নটা এখানে করেছেন সেই ব্যাপারে কেন্দ্রীয় সরকারের কথা আসেনি, এই ক্ষেত্রে আমি কেন্দ্রীয় সরকারের কথা বলিনি। অন্য প্রসঙ্গে আসতে পারে, এই ক্ষেত্রে আসেনি। আমরা যখন রেজিস্ট্রি বন্ধ করেছি তখন তাদের মধ্যে

থেকে আমরা ডাইরেক্ট পারচেজ করেছি। রেজিস্ট্রি বন্ধ কেন করলাম সেটা আমার চেয়ে আপনারা ভাল জানেন। প্রোমোটাররা সমস্ত জমি চাষিদের কাছ থেকে ২ হাজার ৩ হাজার টাকা করে কিনে নিচ্ছে। কোথায় কত কী জমি বিক্রি হয়েছে এইভাবে সেই সব তথ্য আমার কাছে আছে। কৃষকদের কাছ থেকে ৩ হাজার টাকা কাঠা কিনে 'হিডকো'-র কাছে ১০ হাজার টাকা করে বিক্রি করতে আসছে। এই ভাবে তারা প্রফিট করছে। এই রকম একটা নেকশাস সেখানে ডেভেলপ করেছে। আমরা একটা স্পেশাল পাওয়ার অ্যাপ্লাই করে ফিনান্স ডিপার্টমেন্টকে দিয়ে যাতে সরাসরি টাকাটা কৃষকরা পায় তার ব্যবস্থা করছি। অনেক মানুষ বার করে দিতে পারি যারা ২ হাজার টাকা করে কাঠা জমি বিক্রি করেছে। তারা এখন ১০ হাজার টাকা কাঠা বিক্রি করে ন্যায্য দাম পাচ্ছে।

Mr. Speaker: I would like to inform the Hon'ble Members that the Question Hour will be closed at 12.15 p.m.

*268 : Held over

রাজ্যে ট্রেন ডাকাতি

*২৬৯। (অনুমোদিত প্রশ্ন নং *১৯৬) **শ্রী চিত্তরঞ্জন রায়:** স্বরাষ্ট্র (আরক্ষা) বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) জানুয়ারি, ১৯৯৯ থেকে মার্চ, ২০০১ পর্যন্ত রাজ্যে কতগুলি ট্রেন ডাকাতির ঘটনা ঘটেছে ; এবং

(খ) তন্মধ্যে কতজন ডাকাতকে ধরা সম্ভব হয়েছে ?

শ্রী বুদ্ধদেব ভট্টাচার্য

(ক) ৬০টি।

(খ) ৫২৬ জনকে।

শ্রী চিত্তরঞ্জন রায়: মাননীয় মন্ত্রী মহাশয়ের কাছে আমার অতিরিক্ত প্রশ্ন। আমি জানতে চাইছি আগের বছরের তুলনায় ট্রেন ডাকাতি কমেছে না বেড়েছে এবং এই ব্যাপারে তিনি কি চিন্তাভাবনা করছেন ?

শ্রী বুদ্ধদেব ভট্টাচার্য: বাড়াকমার ব্যাপারে আমি ৪ বছরের একটা হিসাব দিচ্ছি। ১৯৯৭ সালে হয়েছে ২৬টি, ১৯৯৮ সালে সেটা বেড়ে হল ৪০টি, ১৯৯৯ সালে আবার কমে হলো ৩৪টি এবং ২০০০ সালে আরো কমল, ২২টি। বর্তমান বছরের মার্চ পর্যন্ত ৪টি। আমরা বাড়া-কমার গুরুত্ব দিচ্ছি না, মারজিনালি বাড়ছে কমছে ডাকাতি। সাধারণভাবে বলা যায় ২০-২২টি অ্যাভারেজ হচ্ছে। ব্যবস্থা নেওয়ার ব্যাপারে আমাদের জরুরি ভিত্তিতে যেটা করতে হয়েছে রেল অথরিটির সঙ্গে কথা বলে সেটা হচ্ছে আমাদের রাজ্যে দূরগামী যে সমস্ত ট্রেনগুলি আছে সেই ট্রেনগুলিতে পুলিশ দেওয়া।

আমাদের ১৭টি ট্রেনে মোবাইল পুলিশ স্টেশন আছে। অর্থাৎ একটা থানাতে যে পুলিশ আছে, সেই সংখ্যক পুলিশ নিয়ে কয়েকটি ট্রেনে আমরা করছি। এছাড়া আমাদের এখানে আরো কয়েকটি ব্যবস্থা নেওয়া হয়েছে। যেমন, জি. আর. পি. থানাগুলিকে আমরা আর একটু শক্ত করছি এবং লোক্যাল ট্রেন যেগুলি আছে, সমস্ত লোক্যাল ট্রেনেই হবে। বিশেষ একটা সময়ে আমরা চেষ্টা করছি, যাতে একটা পুরো পুলিশ স্টেশন না বলে মোবাইল স্টেশন বলব, অল্প কিছু ট্রেনকে গার্ড দিচ্ছি। এছাড়া আমাদের রাজ্যের কয়েকটি এলাকা চিহ্নিত করে, যেখানে বেশি ডাকাতি হয়—এটা হচ্ছে মালদহ এবং মুর্শিদাবাদের একটা অংশ। সেখানে জেলা পুলিশ কর্তৃপক্ষ এবং রেল পুলিশ কর্তৃপক্ষ, আমরা একসঙ্গে নামাচ্ছি। তার ফলে একটু হলেও খানিকটা কমছে। এই ব্যবস্থাগুলো নেওয়া হচ্ছে।

Starred Questions
(To which written answers were laid on the Table)

মেদিনীপুর জেলায় উদ্‌বৃত্ত হোমগার্ড

*২৭০। (অনুমোদিত প্রশ্ন নং *৮০২) **শ্রী পূর্ণেন্দু সেনগুপ্ত** : স্বরাষ্ট্র (অসামরিক প্রতিরক্ষা) বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) এটা কি সত্যি যে, মেদিনীপুর জেলায় ছয় শতাধিক হোমগার্ড উদ্‌বৃত্ত ;

(খ) সত্যি হলে, তাদের কাজ দেওয়ার কোনো পরিকল্পনা সরকারের আছে কি ; এবং

(গ) মে, ২০০১ পর্যন্ত উক্ত কর্মীদের কতজনকে (জেলাভিত্তিক) পুনরায় কাজে নেওয়া হয়েছে ?

স্বরাষ্ট্র (অসামরিক প্রতিরক্ষা) বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় :

(ক) না।

(খ) প্রশ্ন ওঠে না।

(গ) প্রশ্ন ওঠে না

*271 : Held over

রাজ্যে অনুপ্রবেশকারী

*২৭২। (অনুমোদিত প্রশ্ন নং *৩৩৩) **শ্রী তপন হোড়** : স্বরাষ্ট্র (আরক্ষা) বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) এটা কি সত্যি যে, রাজ্যে অনুপ্রবেশকারীদের সংখ্যা উত্তরোত্তর বৃদ্ধি পাচ্ছে—এমন অভিযোগের ভিত্তিতে কেন্দ্রীয় সরকারের সঙ্গে রাজ্য সরকারের আলোচনা হয়েছে ;

(খ) সত্যি হলে, উক্ত বিষয়ে আলোচনার ফলশ্রুতি কীরূপ ; এবং

(গ) অনুপ্রবেশ রোধে রাজ্য সরকারের বিশেষ কোনো পরিকল্পনা আছে কি ?

স্বরাষ্ট্র (আরক্ষা) বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় :

(ক) হ্যাঁ।

(খ) উক্ত আলোচনায় পশ্চিমবঙ্গে অধিক মাত্রায় বাংলাদেশিদের অনুপ্রবেশের ঘটনায় গভীর উদ্বেগ প্রকাশ করা হয়েছে। কিছুদিন আগে পর্যন্ত বাংলাদেশি অনুপ্রবেশকারীদের গ্রেপ্তারের পরেই বাংলাদেশে ফেরৎ পাঠানো হত কিন্তু আলোচনার পর থেকে এই ধরনের আটক বা গ্রেপ্তার হওয়া বাংলাদেশিদের আদালতে বিচার করা হয় এবং দোষী সাব্যস্ত হলে শাস্তির মেয়াদ পূর্ণ হওয়ার পর বাংলাদেশে ফেরত পাঠানো হয়।

(গ) হ্যাঁ আছে। অনুপ্রবেশ রোধে রাজ্য সরকার নিম্নলিখিত দীর্ঘমেয়াদী পদক্ষেপগুলির পরিকল্পনা গ্রহণ করেছে :

১। সীমান্ত নিরাপত্তা বাহিনীর শক্তি বৃদ্ধি করার জন্য কেন্দ্রীয় সরকারকে পুনঃপুনঃ অনুরোধ করা ;

২। সীমান্ত বেড়া দেওয়া ও সড়ক নির্মাণের জন্য দ্রুত জমি অধিগ্রহণ ও অন্যান্য সহযোগিতার মাধ্যমে এই কাজকে ত্বরান্বিত করা ;

৩। বাংলাদেশিদের চিহ্নিত করার জন্য মোবাইল টাস্ক ফোর্সের শক্তি বৃদ্ধি করা।

৪। সীমান্ত এলাকায় জেলা প্রশাসনের তদারকি ও নজরদারি বৃদ্ধি করা।

কাকদ্বীপ মহকুমার প্রশাসনিক কাজ

*২৭৩। (অনুমোদিত প্রশ্ন নং *৮৭৯) **শ্রী বঙ্কিমচন্দ্র হাজরা :** কর্মীবর্গ ও প্রশাসনিক সংস্কার বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) এটা কি সত্যি যে, কাকদ্বীপ মহকুমা চালু হওয়া সত্ত্বেও সমস্ত প্রশাসনিক কাজকর্ম অদ্যাবধি শুরু করা সম্ভবপর হয়নি ; এবং

(খ) সত্যি হলে, কবে নাগাদ উক্ত কাজ সম্পূর্ণরূপে চালু করা যাবে বলে আশা করা যায় ?

কর্মীবর্গ ও প্রশাসনিক সংস্কার বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় :

(ক) কাকদ্বীপে ট্রেজারি-সহ মহকুমা শাসকের অফিস, মহকুমা পুলিশ অফিস, মহকুমা ভূমি ও ভূমি সংস্কার অফিস এবং মহকুমা খাদ্য ও সরবরাহ অফিস চালু আছে। অন্যান্য প্রশাসনিক অফিসগুলি চালু করার ব্যবস্থা গ্রহণ করা হচ্ছে।

(খ) সমস্ত অফিস যতশীঘ্র সম্ভব কার্যকরী করার চেষ্টা চলছে।

*274 : Held over

রাজ্যে উগ্রপন্থী সংগঠন

*২৭৫। (অনুমোদিত প্রশ্ন নং *২১৪) শ্রী আব্দুল মান্নান : স্বরাষ্ট্র (আরক্ষা) বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) এটা কি সত্যি যে, সম্প্রতি রাজ্যের বাইরের বিভিন্ন উগ্রপন্থী সংগঠনের কিছু কর্মী এ রাজ্যে আশ্রয় নিয়েছে ; এবং

(খ) সত্যি হলে, কতজন উগ্রপন্থীকে ৩১ মে, ২০০১ পর্যন্ত গ্রেপ্তার করা সম্ভবপর হয়েছে ?

স্বরাষ্ট্র (আরক্ষা) বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় :

(ক) হ্যাঁ।

(খ) ১৯৯৮ সাল থেকে ৩১.৫.২০০১ পর্যন্ত এ রাজ্যে মোট ৮৩ জন সন্দেহজনক উগ্রপন্থীকে গ্রেপ্তার করা হয়েছে।

*276 : Held over

*277 : Held over

বিচ্ছিন্নতাবাদী শক্তির সক্রিয়তা

*২৭৮। (অনুমোদিত প্রশ্ন নং *৬৬২) শ্রীমতী কণিকা গাঙ্গুলী : স্বরাষ্ট্র (আরক্ষা) বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) সাম্প্রতিককালে উত্তরবঙ্গে বিচ্ছিন্নতাবাদী শক্তি সক্রিয় হয়ে ওঠার ফলে জনজীবনে শান্তি বিঘ্নিত হচ্ছে কি না ; এবং

(খ) পুরুলিয়া, বাঁকুড়া ও মেদিনীপুর জেলাকে সদ্যগঠিত 'ঝাড়খণ্ড' রাজ্যের সাথে অন্তর্ভুক্ত করার কোনো দাবি সরকারের গোচরে আছে কি না ?

স্বরাষ্ট্র (আরক্ষা) বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় :

(ক) হ্যাঁ ;

(খ) আছে।

*279 : Held over

*280 : Held over

*281 : Held over

পুলিশ কমপিউটার সেন্টার

*২৮২। (অনুমোদিত প্রশ্ন নং *১৪০০) **শ্রী শিবপ্রসাদ মালিক:** স্বরাষ্ট্র (আরক্ষা) বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) সমগ্র রাজ্যের আইন-শৃঙ্খলা সম্পর্কিত তথ্য সংগ্রহের নিমিত্ত 'পুলিশ কমপিউটার সেন্টার' জাতীয় কোনো কেন্দ্র আছে কি না ; এবং

(খ) থাকলে, তা কোথায় ?

স্বরাষ্ট্র (আরক্ষা) বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় :

(ক) হ্যাঁ, আছে।

(খ) পুলিশ কমপিউটার সেন্টার তথা স্টেট ক্রাইম রেকর্ড্স ব্যুরো, পুলিশ রেকর্ড্স ভবন, সল্ট লেক, ব্লক-ডি. জে., কলকাতা - ৭০০ ০৯১।

রাজ্যে ব্যাঙ্ক ডাকাতি

*২৮৩। (অনুমোদিত প্রশ্ন নং *৬০৩) **শ্রী অজয় দে :** স্বরাষ্ট্র (আরক্ষা) বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) ডিসেম্বর, ২০০০ থেকে মে, ২০০১ পর্যন্ত সময়কালে রাজ্যে কতগুলি ব্যাঙ্ক ডাকাতির ঘটনা ঘটেছে ;

(খ) তন্মধ্যে, কতগুলি ঘটনার কিনারা করতে পারা গেছে ; এবং

(গ) নদিয়া জেলায় উক্ত ঘটনার সংখ্যা কত ?

স্বরাষ্ট্র (আরক্ষা) বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় :

(ক) ৬টি।

(খ) সকল ক্ষেত্রেই তদন্ত চলছে।

(গ) ১টি।

কৃষ্ণনগরে খুন

*২৮৪। (অনুমোদিত প্রশ্ন নং *১১৯৬) **শ্রী শিবদাস মুখার্জী :** স্বরাষ্ট্র (আরক্ষা) বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) ২রা জুন, ২০০১ তারিখে কৃষ্ণনগরে কোতোয়ালি থানার অন্তর্গত সুকান্ত পল্লীতে কোনও খুনের ঘটনা ঘটেছিল কি না ;

(খ) ঘটে থাকলে, কতজন কী কারণে খুন হয়েছিলেন ; এবং

(গ) উক্ত অপরাধে কত জনকে গ্রেপ্তার করা সম্ভব হয়েছে ?

স্বরাষ্ট্র (আরক্ষা) বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় :

(ক) না।

(খ) প্রশ্ন ওঠে না।

(গ) প্রশ্ন ওঠে না।

রাজ্যের বেতার কেন্দ্র

*২৮৫। (অনুমোদিত প্রশ্ন নং *১২৪৩) **শ্রী কাশীনাথ মিশ্র :** স্বরাষ্ট্র (অসামরিক প্রতিরক্ষা) বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

পশ্চিমবঙ্গে বন্যা ও অন্যান্য প্রাকৃতিক বিপর্যয় রোধে নিজস্ব বেতার কেন্দ্র চালু করতে সরকার কী ধরনের ব্যবস্থা গ্রহণ করেছেন ?

স্বরাষ্ট্র (অসামরিক প্রতিরক্ষা) বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় :

বন্যা ও অন্যান্য প্রাকৃতিক বিপর্যয় রোধে পশ্চিমবঙ্গ সরকারের সেচ ও জলপথ বিভাগের উত্তরবঙ্গ বন্যা নিয়ন্ত্রণ কমিশনের অধীনে বর্ষাকালে (জুন থেকে অক্টোবর) মোট ২৯টি নিজস্ব বেতারবার্তা প্রচার কেন্দ্র স্থাপন করা হয় এবং সেই কেন্দ্রগুলির ১৭টি স্বরাষ্ট্র (অসামরিক প্রতিরক্ষা) বিভাগের কর্মী দ্বারা এবং বাকি কেন্দ্রগুলি স্বরাষ্ট্র (পুলিশ) বিভাগের কর্মীদ্বারা পরিচালিত হয়।

যুগ্মসচিবের সংখ্যা

*২৮৬। (অনুমোদিত প্রশ্ন নং *১৩৩৪) **শ্রী সুব্রত মুখার্জী :** কর্মীবর্গ ও প্রশাসনিক সংস্কার বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) বর্তমানে রাজ্য সরকারের অধীন কতজন যুগ্ম সচিব পর্যায়ের আধিকারিক আছেন ; এবং

(খ) তন্মধ্যে (১) আই.এ.এস. ও

(২) ডব্লিউ.বি.সি.এস. পর্যায়ভুক্ত কতজন ?

কর্মীবর্গ ও প্রশাসনিক সংস্কার বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় :

(ক) ১৪২ জন।

(খ) ১। ২৭ জন আই. এ. এস.

২। ১০৫ জন ডব্লু. বি. সি. এস.

৩। জুডিসিয়াল ২ জন ও

৪। ডব্লু. বি. জি. এস. ৮ জন।

Kidnapping of businessmen

*287. (Admitted Question No. *66) **Shri Saugata Roy:** Will the Minister-in-Charge of the Home (Police) Department be pleased to state—

(a) whether Kidnapping of businessman has become common in Kolkata;

(b) number of such kidnappings in the last six months (monthwise break-up); and

(c) steps taken by Police in the matter?

স্বরাষ্ট্র (আরক্ষা) বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় :

(ক) না।

(খ) ১০

মাস	ঘটনার সংখ্যা
জানুয়ারি	১
ফেব্রুয়ারি	২
মার্চ	২
এপ্রিল	০
মে	৪
জুন	১

(২৪.০৬.২০০১ পর্যন্ত)

(গ) প্রাতঃকালীন ভ্রমণকারীরা যেসব জায়গায় নিয়মিত ভ্রমণে যায়, সে সব জায়গায় নিয়মিত পুলিশি পাহারার ব্যবস্থা করা হচ্ছে, শহরের গুরুত্বপূর্ণ মোড়ে এবং বাইরে যাওয়ার পথে গার্ড রেল্স বসিয়ে চলমান গাড়িগুলিকে পরীক্ষা করা হচ্ছে। মুক্তিপণ পাওয়ার জন্য অপহরণ প্রতিরোধ করতে গোয়েন্দা বিভাগ বিশেষ দল গঠন করেছে এবং তাদের বিশেষভাবে প্রশিক্ষণ দেওয়া হয়েছে।

তথ্য প্রযুক্তি বিভাগের উদ্যোগ

*২৮৮। (অনুমোদিত প্রশ্ন নং *২৫৯) শ্রী রবীন দেব : তথ্য প্রযুক্তি বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) রাজ্যে তথ্য প্রযুক্তি বিভাগ কবে থেকে চালু হয়েছে ; এবং

(খ) ১৫ই মে, ২০০১ পর্যন্ত উক্ত বিভাগের উল্লেখযোগ্য উদ্যোগগুলি কী কী ?

তথ্য ও প্রযুক্তি বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় :

(ক) দপ্তরটি, গত ১৬.০৮.২০০০ থেকে কার্যকরী হয়েছে (১০৩৬-সি. এম. এস., এই নোটিফিকেশন দ্বারা।)

(খ) এই দপ্তরের ১৫ই মে, ২০০১ তারিখ পর্যন্ত কিছু উল্লেখযোগ্য উদ্যোগগুলি নিম্নরূপ :

১। পরিকাঠামোগত উন্নয়নমূলক কর্মসূচি :

(ক) দ্বিতীয় সফ্টওয়ার টেকনোলজি পার্কের (এস. টি. পি. আই.) কাজ শেষ হয়েছে। এই উদ্দেশ্যে বিনিয়োগকারীদের প্রায় ৫৫,০০০ বর্গফুট জায়গা দেওয়া হয়েছে।

(খ) 'ব্যান্ডউইড্‌থ' বাড়ানোর জন্য এস. টি. পি. আই. তৃতীয় আর্থ স্টেশন তৈরি করছে। এই উদ্দেশে এস. টি. পি. আই.-কে ১ কোটি ৬৩ লক্ষ টাকা মঞ্জুর করা হয়েছে।

(গ) ওয়েবসোয়ান প্রোজেক্টের কাজ শুরু হয়েছে। এর সাহায্যে জেলা সদরগুলির ও সোনারপুর ব্লকের সঙ্গে কলকাতার সরাসরি যোগাযোগ করার কাজ শুরু হয়েছে। ২-এম. বি. পি. এস. অপটিক্যাল ফাইবার কেবল লাইন তৈরির কাজ আগস্ট, ২০০১-এর মধ্যে শেষ হবে। এখানে ডেটা, ফ্যাক্স, ভয়েস ট্রান্সফার ও ভিডিও কনফারেন্সের ব্যবস্থা থাকবে। এছাড়া আলিপুরদুয়ার, শিলিগুড়ি, আসানসোল, দুর্গাপুর, হলদিয়া, খড়্গপুর, বোলপুর এবং কল্যাণীর মতো আটটি গুরুত্বপূর্ণ শহরকে সত্বর এই সংযোগ ব্যবস্থার আওতায় আনা হবে।

২। তথ্য প্রযুক্তির ক্ষেত্রে এই রাজ্যে আরও তথ্য প্রযুক্তি উদ্যোগ বৃদ্ধির কর্মসূচি :

(ক) তথ্য প্রযুক্তি ক্ষেত্রের বৃহৎ উদ্যোগপতি, উইপ্রো এই রাজ্যে তাদের ইউনিট তৈরি করছে। এই উদ্দেশ্যে উইপ্রোকে ১২ একর জমি দেওয়া হয়েছে। এই কাজে তারা ২৪০০ সফ্টওয়ার কর্মী নিয়োগ করবে।

(খ) ন্যাশনাল অ্যাসোসিয়েশন অফ সফ্টওয়ার অ্যান্ড সার্ভিস কোম্পানিজ (ন্যাশকম) শীঘ্রই কলকাতায় তাদের অফিস চালু করবে।

(গ) দ্য ইন্ডাস এনটারপ্রেনিওরস বা টাই 'কলকাতা দ্য' এ বছরের প্রথমে চালু হয়েছে।

৩। ই-গভর্নেন্সের ব্যাপারে বিভিন্ন দপ্তর বিভিন্ন রকম পদক্ষেপ নিচ্ছে। এই দপ্তর তাদের সবরকম সহযোগিতা করছে।

৪। সরকারি দপ্তরের ব্যবহারোপযোগী বাংলা সফ্টওয়ার প্যাকেজ তৈরি করা হয়েছে, কী-বোর্ড সহ।

৫। ওয়েবেল ২০টি পুরসভাতে ভৌগোলিক তথ্য প্রণালী (জি. আই. এস.) প্রকল্প চালু করেছে। তার মধ্যে বিধাননগর, কার্শিয়াং, কালিম্পং এবং পূজালীতে এই প্রকল্পের কাজ পুরোপুরি শেষ হয়েছে।

৬। ওয়েবেল আই. বি. এমের সহায়তায় তথ্য প্রযুক্তির ক্ষেত্রে 'সম্প্রসারিত বৈদ্যুতিন শিক্ষাক্রম' (ডিস্ট্যান্ট লার্নিং প্রোগ্রাম)-এর কাজ শুরু করেছে। কিছু কলেজ সিসকো নেটওয়ার্কিং অ্যাকাডেমির মাধ্যমে এ বছর থেকেই প্রশিক্ষণ শুরু হবে। ওয়েবেলের মাধ্যমে একটি ভেঞ্চার ক্যাপিটাল কর্পাস এবং ইনকিউবেশন কেন্দ্র চালু হয়েছে।

৭। স্কুল শিক্ষার ক্ষেত্রে, সারা রাজ্যে ১০০টি স্কুলে হার্ডওয়্যার ও সফ্টওয়ার দেওয়া হয়েছে। এখানে সপ্তম থেকে দ্বাদশ শ্রেণি পর্যন্ত ছাত্রছাত্রীদের কমপিউটার শিক্ষা দেওয়া হবে। পরিকাঠামো এবং শিক্ষক নিয়োগের ব্যাপারে ওয়েবেল এ কাজে তাদের সাহায্য করছে। এছাড়াও ওয়েবেল স্কুল শিক্ষক ও শিক্ষিকাদের কমপিউটার শিক্ষার ব্যবস্থা করছে, যাতে তাঁরা ছাত্রছাত্রীদের শিক্ষা দিতে পারেন।

এছাড়াও জেলা কমপিউটার কেন্দ্র চালু হতে চলেছে একাদশ অর্থ কমিশনের আর্থিক সহায়তায়। ওয়েবেল এখানেও পরিকাঠামো এবং প্রশিক্ষক দেওয়ার কাজ করছে।

পরিবেশ আদালত

*২৮৯। (অনুমোদিত প্রশ্ন নং *৮০) **শ্রী অশোক দেব** : পরিবেশ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) এটা কি সত্যি যে, প্রতিটি জেলায় একটি করে "পরিবেশ আদালত" চালু করার পরিকল্পনা গ্রহণ করা হয়েছে, এবং

(খ) সত্যি হলে, উক্ত পরিকল্পনার রূপরেখা কীরূপ ?

পরিবেশ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় :

(ক) না।

(খ) প্রযোজ্য নয়।

দার্জিলিং গোর্খা পার্বত্য পরিষদ

*২৯০। (অনুমোদিত প্রশ্ন নং *২৮৫) **শ্রী আবু আয়েশ মণ্ডল :** পার্বত্য বিষয়ক বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) দার্জিলিং গোর্খা পার্বত্য পরিষদকে ১৯৯৬ সালের ১লা এপ্রিল থেকে ২০০১ সালের ৩১শে মার্চ পর্যন্ত সংশ্লিষ্ট পরিষদকে রাজ্য সরকার কর্তৃক প্রদত্ত অর্থের পরিমাণ কত ;

(খ) তন্মধ্যে, ব্যয়িত অর্থের পরিমাণ কত ; এবং

(গ) উল্লেখযোগ্য উন্নয়নের ফলাফলগুলি কী কী ?

পার্বত্য বিষয়ক বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় :

(ক) ৬২৭ কোটি ৭৩ লক্ষ ৯৩ হাজার ৭২৪ টাকা।

(খ) ৫৮৬ কোটি ৪৪ লক্ষ ১১ হাজার ৮২৩ টাকা।

(গ) দার্জিলিং পার্বত্য অঞ্চলের সার্বিক উন্নয়ন। দার্জিলিং পার্বত্য অঞ্চলে প্রধানত পর্যটন, সড়ক, বন, মৎস্যচাষ, ক্রীড়া, শিক্ষা, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ, কৃষি, গ্রামীণ উন্নয়ন, জল সরবরাহ ইত্যাদি ক্ষেত্রে সুসংহত ও সার্বিক উন্নতির প্রচেষ্টা চলছে।

Police Firing

*291. (Admitted Question No. *238) **Shri Abdul Mannan** and **Shri Gyan Singh Sohanpal:** Will the Minister-in-Charge of the Home (Police) Department be pleased to state—

(a) on how many occasions the police opened fire in the State during the year 2000; and

(b) the number of persons killed in the firing?

স্বরাষ্ট্র বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় :

(ক) ১২১টি ক্ষেত্রে।

(খ) ৪৩ জন।

মহকুমা শহর গঠন

*২৯২। (অনুমোদিত প্রশ্ন নং *৮১৮) শ্রী নিশিকান্ত মেহেতা : কর্মীবর্গ ও প্রশাসনিক সংস্কার বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) ঝালদা ও মানবাজারকে মহকুমা শহর তৈরি করার কোনো পরিকল্পনা সরকারের আছে কি না ; এবং

(খ) থাকলে, কবে নাগাদ তা কার্যকর হবে বলে আশা করা যায় :

প্রশাসনিক সংস্কার বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় :

(ক) না

(খ) প্রশ্ন ওঠে না।

Atrocities on women

*293. (Admitted Question No. *240) **Shri Gyan Singh Sohanpal** and **Shri Abdul Mannan :** Will the Minister-in-charge of the Home (Police) Department be pleased to state—

(a) the total number of cases relating to atrocities on women registered in the State during the years 1999 and 2000 ;

(b) whether there has been any rise/fall in the number of cases registered during the said period as compared to 1997 and 1998 ; and

(c) the number of persons convicted on this account during the last four years ?

Minister-in-Charge of the Home (Police) Department :

(ক)

১৯৯৯	২০০০
৮০৪৬	৮০৪৪

(খ) ১৯৯৭ সালের তুলনায় একটু কমেছে ও ১৯৯৮ সালের তুলনায় সামান্য বেড়েছে।

(গ) ১৭৯ জন।

নবসাক্ষরকারীদের পড়াশোনা

*২৯৪। (অনুমোদিত প্রশ্ন নং *১৬৪২) শ্রী ব্রহ্মময় নন্দ : গ্রন্থাগার পরিষেবা বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) রাজ্যের গ্রন্থাগারগুলিতে নবসাক্ষরকারীদের জন্য পড়াশোনার কোনো সুযোগ আছে কি ; এবং

(খ) থাকলে, তা কী ধরনের ?

গ্রন্থাগার পরিষেবা বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় :

(ক) রাজ্যের সাধারণ গ্রন্থাগারগুলিতে নবসাক্ষরকারীদের পড়াশোনার জন্য বিশেষ সুযোগ আছে।

(খ) নবসাক্ষরকারীরা বিনা চাঁদায় গ্রন্থাগারে পড়াশোনা করার সুযোগ পান। প্রতি বৎসর গ্রন্থাগার পরিষেবা অধিকারের পক্ষ থেকে যে, "নির্বাচিত পুস্তক তালিকা" প্রকাশিত হয় তাতে নবসাক্ষরকারীদের উপযোগী পুস্তকের আলাদা তালিকা থাকে। এই তালিকা থেকে কোনো গ্রন্থাগারের অনুকূলে যে পুস্তক ও পত্রপত্রিকা কেনার অনুদান দেওয়া হয় তার শতকরা ১০ ভাগ ক্রয় করা বাধ্যতামূলক।

জনশিক্ষা প্রসার দপ্তরের আদেশ অনুসারে প্রতিটি ব্লকে একটি করে সাধারণ গ্রন্থাগার নির্বাচিত করে, সেই গ্রন্থাগারের মাধ্যমে নবসাক্ষরকারীদের বিশেষ পরিষেবা প্রদানের কাজ চলছে।

*295 : Held over

দূষণকারী কারখানা

*২৯৬। (অনুমোদিত প্রশ্ন নং *১৪৫) শ্রী আবু আয়েশ মণ্ডল : পরিবেশ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) বর্তমানে সারা রাজ্যে অতিরিক্ত দূষণকারী কারখানার সংখ্যা কত ;

(খ) তন্মধ্যে, কলকাতা শহরে এ ধরনের কারখানা কয়টি ; এবং

(গ) সংশ্লিষ্ট কারখানাগুলির দূষণ রোধের বিরুদ্ধে কী ধরনের ব্যবস্থা গ্রহণ করা হয়েছে ?

পরিবেশ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় :

(ক) সারা রাজ্যে ২২৮টি কারখানাকে অধিকতর দূষণের সম্ভাবনা সম্পন্ন বলে চিহ্নিত করা হয়েছে।

(খ) কলকাতায় এ ধরনের কারখানা ২টি।

(গ) পশ্চিমবঙ্গ দূষণ নিয়ন্ত্রণ পর্যদ কর্তৃক গৃহীত দূষণ রোধের ব্যবস্থা হল :

- চিহ্নিত ২২৮টি কারখানার দূষণ নিয়মিতভাবে নির্দিষ্ট সময়সূচি অনুসারে পর্যবেক্ষণ করা।
- কোনো সংস্থা অনুমোদন সীমা ছাড়ালে প্রথমে ওই সংস্থাকে কারণ দর্শাতে আদেশ জারি করা।
- কারণ সন্তোষজনক না হলে বা বারংবার ব্যর্থ হলে সংস্থাটির শুনানি।
- সংস্থাটিকে শুনানির মাধ্যমে নির্দিষ্ট সময়সীমার মধ্যে যথাযথ দূষণ নিয়ন্ত্রণ ব্যবস্থা গ্রহণ করতে আদেশ দেওয়া এবং ব্যাঙ্ক গ্যারান্টি আরোপ করা।
- নির্দিষ্ট সময়সীমার মধ্যে সন্তোষজনক ব্যবস্থা গ্রহণ করতে না পারলে কারখানাটির বিরুদ্ধে ব্যাঙ্ক গ্যারান্টি কেটে নেওয়া বা শেষ পর্যন্ত কারখানা বন্ধের নির্দেশ দেওয়া।

সরকারি আবাসনের ভাড়াটিয়া আবাসিকদের ফ্ল্যাটের মালিকানা প্রদান

*২৯৭। (অনুমোদিত প্রশ্ন নং *১১৩) **শ্রী অশোক দেব :** আবাসন বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) সরকারি আবাসনগুলির ভাড়াটিয়া আবাসিকদের উক্ত ফ্ল্যাটের মালিকানা দেওয়ার কোনো প্রস্তাব সরকারের বিবেচনাধীন আছে কিনা ; এবং

(খ) থাকলে, তার রূপরেখা কীরূপ ?

আবাসন বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় :

(ক) পশ্চিমবঙ্গ সরকারি বাড়ি (ভাড়া প্রনিয়ন্ত্রণ) আইন, ১৯৭৬ দ্বারা পরিচালিত সরকারি আবাসনগুলির বৈধ আবাসিকদের মালিকানা দেওয়ার প্রস্তাব নীতিগতভাবে অনুমোদিত হয়েছে।

(খ) বৈধ ভাড়াটিয়াগণের মধ্যে কমপক্ষে শতকরা ৭৭ জনের মালিকানা স্বত্ব গ্রহণের অনুমোদনসাপেক্ষে এবং কলকাতার উপকণ্ঠে বাড়ি বা ফ্ল্যাট না থাকার শর্তে এবং ফ্ল্যাটের নির্ধারিত মূল্য সহজ কিস্তিতে পরিশোধ করার অঙ্গীকারে ৯৯৯ বছরের লিজে ফ্ল্যাটগুলির মালিকানা স্বত্ব প্রদান করা হবে।

গঙ্গার পরিবেশ দূষণ

*২৯৮। (অনুমোদিত প্রশ্ন নং *১৪৩২) **শ্রী ব্রহ্মময় নন্দ :** পরিবেশ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

গঙ্গাকে পরিবেশগত দূষণ থেকে রক্ষা করার জন্য রাজ্য সরকার কর্তৃক গৃহীত ব্যবস্থাদি কীরূপ ?

পরিবেশ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় :

গঙ্গা নদীকে দূষণমুক্ত করার পরিকল্পনা দুটি পর্যায়ে ভাগ করা হয়েছে। পশ্চিমবঙ্গের গঙ্গা তীরবর্তী ১৫টি প্রথম শ্রেণির শহরকে এই যোজনার প্রথম পর্যায়ের অন্তর্ভুক্ত করা হয়েছিল। প্রথম পর্যায়ের ১১০টি প্রকল্পের মধ্যে রাজ্য সরকার এ পর্যন্ত ১০৯টি সমাপ্ত করেছে। গঙ্গার ধারে বৈদ্যুতিক শবদাহগৃহ, স্যুয়েজ পরিশোধন ব্যবস্থা, স্বল্প ব্যয়ে সুলভ শৌচাগার, নদী তীরের বিকাশ সাধন ইত্যাদি এই প্রকল্পের অন্তর্ভুক্ত। পশ্চিমবঙ্গ সরকারের কলকাতা মহানগর উন্নয়ন নিগম (CMDA), জনস্বাস্থ্য কারিগরি অধিকার (PHE Directorate), কলকাতা মহানগর জল ও স্বাস্থ্য ব্যবস্থাপক নিগম (CMWSA) এবং পুর কারিগরি আধিকার (Municipal Engineering Directorate)-এর মাধ্যমে এই কাজগুলি সম্পন্ন হয়েছে। গঙ্গা কার্য যোজনার দ্বিতীয় পর্যায়ের কাজের জন্য পশ্চিমবঙ্গের গঙ্গা তীরবর্তী ২৩টি শহর বেছে নেওয়া হয়েছে এবং কাজ শুরু হয়েছে। এছাড়াও রাজ্য সরকার টালি নালা ও সার্কুলার খালের পলি অপসারণের জন্য যথাক্রমে ৬০১.০৫ লক্ষ ও ১৮০ লক্ষ টাকা বরাদ্দ করেছে।

শিল্পসংস্থাজনিত দূষণের হাত থেকে রক্ষা করার জন্য ন্যাশনাল রিভার কন্‌সারভেশন ডাইরেক্টরেটের নির্দিষ্ট শর্ত অনুসারে ৯৮টি প্রধান দূষণকারী শিল্প সংস্থাকে চিহ্নিত করা হয়েছে। এর মধ্যে ৭০টি শিল্প সংস্থার নির্গত জল হুগলি নদীতে এসে পড়ে। ওই শিল্প সংস্থাগুলিকে নির্দিষ্ট সূচির মাধ্যমে নিয়মিত মাসিক বা দ্বিমাসিক ভিত্তিতে পরিদর্শন করা হয় ও সংস্থা থেকে নিষ্কাশিত জল পরীক্ষা করা হয়। কোনো শিল্প সংস্থা থেকে নির্গত জলে যদি দূষণ সৃষ্টিকারী পদার্থ অনুমোদিত সীমার থেকে বেশি পরিমাণে পাওয়া যায় তবে সেই সংস্থার বিরুদ্ধে আইনসম্মত ব্যবস্থা গ্রহণ করা হয়।

এছাড়া পশ্চিমবঙ্গ দূষণ নিয়ন্ত্রণ পর্ষদ গঙ্গার আটটি স্থানে প্রত্যেক মাসে নদীর জলের গুণগতমান পরিমাপ করে থাকে। এই স্থানগুলি হল বহরমপুর, পলতা, শ্রীরামপুর, উলুবেড়িয়া, শিবপুর, গার্ডেনরিচ, দক্ষিণেশ্বর এবং ডায়মন্ডহারবার। এছাড়া পর্ষদ প্রত্যেক মাসে গঙ্গার যে চারটি স্থান থেকে জল পরিশোধন করে পানীয় জল সরবরাহ করা হয় সেই স্থানের নদীর জলের গুণগতমান পরিমাপ করে।

(Question Hour is over)

DISCUSSION ON RESOLUTION UNDER RULE 201 OF R. P. & C. B.

(At this stage Hon'ble Deputy Speaker took the Chair)

Mr. Deputy Speaker : Now, here is a notice of Resolution under Article 179(c) of the Constitution of India read with the rule 201 of the Rules of Procedure and Conduct of Business in the

West Bengal Legislative Assembly from Shri Saugata Roy, Shri Pankaj Banerjee, Shri Ambica Banerjee, Shri Tapas Roy, Shri Sobhandeb Chattopadhyay, Shri Asit Mitra and Shri Abu Hasem Khan Choudhury "That this House expresses its no-confidence in the Speaker and resolves that he be removed from his office." The notice, as it is, does not contain specific charges against the Speaker. The constitutional provision as well as the provision in the Rules of Procedure and Conduct of Business in the West Bengal Legislative Assembly does not as such require that specific charges would have to be given with the relevant resolution. But the principle of natural justice demands that specific reasons or charges for removal of the Speaker from his office should be given so that the Speaker who has a right under the Constitution to speak and take part in the concerned debate may refute the reasons or charges in his reply, if he chooses to do so. In this connection, I would invite the attention of the Hon'ble Members to the ruling given by the Deputy Speaker of the Lok Sobha when a point of order was raised regarding the admissibility of the resolution for the removal of the Speaker, Mavalanker: "Unless there are specific charges which could be made, and of which due notice has been given, this resolution is clearly out of order."

What I find is that in a letter dated 18.07.2001 addressed to the Secretary, West Bengal Legislative Assembly, Shri Saugata Roy, Shri Pankaj Banerjee, Shri Ambica Banerjee, Shri Tapas Roy, Shri Sobhandeb Chattopadhyay, Shri Asit Mitra and Shri Abu Hasem Khan Choudhury jointly submitted a list of ten charges against the Speaker.

[12.20—12.30 p.m.]

And I also find that Shri Ambica Banerjee and Shri Asit Mitra, the two signatories of the original notice have not signed in the said letter. Moreover, the charges are of general nature, not specific as ought to have been and at least two of the charges are not related to the functioning of the office of the Speaker. Again, while the original notice was submitted on 2.7.2001 the present letter containing the list of charges was submitted on 18.7.2001 and as such it cannot be a part of the original resolution in any way. Even if it is taken as a part of the original resolution, the notice as a whole

will become a fresh one and require a period of 14(fourteen) days to be raised in the House. Thus the list of charges brought as an addendum does not stand as a part of the resolution. Though prima facie the resolution has not been properly framed yet since it happens to be a resolution for removal of the Speaker. I am going to allow it now following a high tradition of this House, of course subject to the leave of the House. I think there is no objection.

শ্রী তপন হোড় : স্যার, এই যে মোশান ওঁরা এনেছেন সেটা হচ্ছে নাইনথ্ জুলাইয়ের এবং গতকাল ১৮ তারিখে এর অ্যামেন্ডমেন্ট দিয়েছেন। কাজেই এই মোশান তার রুলস্ অ্যান্ড প্রসিডিওর মেনে আনা হয়নি। কাজেই এই ক্ষেত্রে আমি বলছি যে, এই মোশানের উপরে অ্যামেন্ডমেন্ট দিতে গেলে তাদের ফ্রেস অ্যামেন্ডমেন্ট আনতে হবে এবং ফ্রেস নোটিশ দিতে হবে ১৪ দিন আগে। আপনারা ১৮ তারিখে অ্যামেন্ডমেন্ট এনেছেন তাহলে আপনাদের ফ্রেস নোটিশ ১৪ দিন আগে দেওয়া উচিত ছিল। কাজেই এটা গ্রহণ করা যায় না। আমি এর বিরোধিতা করছি এবং তার সঙ্গে সঙ্গে কাউল অ্যান্ড সাক্‌দার থেকে পড়ছি, সেখানে বলেছে A resolution for removal of the speaker or the Dy. Speaker must be specific with respect to the charges and the members should refer to the specific points while speaking on such a resolution. এই কথা ওখানে বলা হয়েছে। সুতরাং ওরা যে অ্যামেন্ডমেন্ট এনেছেন সেই অ্যামেন্ডমেন্টে স্পেশিফিক কিছু নেই। স্যার, অ্যাসেম্বলীর যে বিজনেস যেমন কোশ্চেন আওয়ার, মেনশন, জিরো আওয়ার এবং গভর্নমেন্ট বিজনেস, এর কোথাও ওরা স্পেশিফিক ভাবে স্পীকারের এগেন্সটে বক্তব্য রাখতে পারেননি। স্যার, এই যে মোশান এনেছেন সৌগতবাবু, এই সৌগতবাবু ইন্দিরা কংগ্রেসে ছিলেন তিনি এক সময়ে ইন্দিরা গান্ধীকে কটুক্তি করেছিলেন এবং বেরিয়ে এসেছিলেন। তারপরে আবার ইন্দিরা গান্ধীর পায়ে ধরে ইন্দিরা কংগ্রেসে চলে গেছিলেন।

শ্রী লক্ষ্মী দে : স্যার, পয়েন্ট অফ অর্ডারকে কেন্দ্র করে রুলিং ডেপুটি স্পীকার দিয়েছিলেন বলরাম জাখরের বিরুদ্ধে যখন নো-কনফিডেন্স মোশান আনা হয়েছিল। সেখানে কোনো স্পেশিফিক কোশ্চেন, স্পেশিফিক সাজেশান আসতে পারেনি এবং সেখানে ডেপুটি স্পীকার রুলিং দিয়েছিলেন। সুতরাং আপনাকেও বলছি একটা রুলিং দিন পার্লামেন্টের প্রসিডিওর মেনে।

মি. ডেপুটি স্পীকার : আমি তো মোশানটা আউট অফ অর্ডার বলেই দিয়েছি, তবে অ্যালাউ করেছি। মি. রায় মুভ ইয়োর মোশান। Now, I call upon Shri Saugata Roy to move his motion.

Shri Saugata Roy: Sir, I beg to move that this House expresses its no-confidence in the speaker and resolves that he be removed from his office.

Mr. Deputy Speaker: I would like to request the Hon'ble members who are in favour of granting leave to rise in their seats.

(At this stage members of the opposition rose in their seats.)

শ্রী সৌগত রায় : স্যার, আমি অধ্যক্ষ মহাশয়ের বিরুদ্ধে আনা অনাস্থা প্রস্তাবের উপর বক্তব্য শুরু করছি। আমি অরিজিনাল মোশান মুভ করেছি। অরিজিনাল মোশানে স্পীকারের বিরুদ্ধে কোনো চার্জ দিইনি। আমি চার্জগুলি এখানে এক এক করে পড়ছি।

(1) Arbitrarily disallowing questions and supplementaries even from the Leader of the Opposition likely to cause acute embarrassment to the Chief Minister and the other Ministers ;

(2) Wilfully disallowing all types of adjournment motions intended to discuss issues of public importance and problems concerning the people of the State and affecting them seriously ;

(3) Creating an ugly unprecedented record by repressing members of the Opposition, including lady members, by ordering them to be pushed and shoved inside the House by the police in the guise of security staff ;

(4) Regulating the proceedings and abusing the discretionary powers in such manner as to prevent exposure of the Government's incompetence and misdeeds and to bring about suppression of the Opposition ;

(5) Misrepresenting and misinterpreting the Rules and Procedures of the House regarding his own powers ;

(6) Ceasing to maintain an impartial attitude necessary to command the confidence of all sections of the House ;

(7) Continuing to maintain his membership of the State Committee of the CPI(M) ;

(8) Misusing and abusing the powers to enforce discipline in the House ;

(9) Failure to apply an unbiased mind to the deliberations of the House ; and

(10) For being involved in questionable transactions in Wakf Properties.

স্যার, আমি অত্যন্ত দুঃখের সঙ্গে এই নো-কনফিডেন্স মোশান মুভ করছি। হালিম সাহেবের সঙ্গে ব্যক্তিগত ঝগড়া আমার নেই, কিন্তু আগের বারে ওর বিরুদ্ধে নো-কনফিডেন্স এনে যে কথা বলেছিলাম জুলিয়াস সিজারকে ব্রুটাস বলেছিলেন Not that I love Caesar less but I love Rome more. আমারও বক্তব্য Not that I love Shri Hashim Abdul Halim less but I love democracy more. গণতন্ত্রকে বাঁচাতে এই স্পীকারকে সরানো দরকার। স্যার, ওরা অনেকেই বলেন স্পীকার নাকি ওয়ার্ল্ড রেকর্ড করেছেন, সবচেয়ে বেশিবার তিনি নাকি স্পীকার হয়েছেন। আমি আরো বলছি, স্পীকারের আরো অনেক ওয়ার্ল্ড রেকর্ড হয়েছে, এটাও এখানে রেকর্ড হওয়া দরকার। সবচেয়ে কম ভোটে জিতে তিনি স্পীকার হয়েছেন। আমি আরো বলছি স্পীকার একমাত্র ব্যক্তি যার বিরুদ্ধে তিনবার নো-কনফিডেন্স এল। আপনি জানেন স্যার, এর আগে কোনো স্পীকারের বিরুদ্ধে এতবার নো-কনফিডেন্স আনা হয়নি। আমাদের এই স্পীকারের বিরুদ্ধে কংগ্রেস দল নো-কনফিডেন্স এনেছিল ২৭.৪.৮৪-তে। আবার দ্বিতীয়বার ওর বিরুদ্ধে কংগ্রেস দল নো-কনফিডেন্স এনেছিল ৮.৪.৯৩-তে। আবার আজকে ১৯.৭.০১ তারিখে নো-কনফিডেন্স আনলাম। পৃথিবীর ইতিহাসে একটা স্পীকারের বিরুদ্ধে তিনটি নো-কনফিডেন্স হয়নি। স্যার, আপনি শুনলে আশ্চর্য হয়ে যাবেন, এর আগে এই হাউসে আরো বড়ো বড়ো স্পীকার ছিলেন, আজিজুল হক স্পীকার ছিলেন, নৌসের আলি মহাশয় স্পীকার ছিলেন, তাদের কারোর বিরুদ্ধে নো-কনফিডেন্স আসেনি। ওরা এই হাউসের স্পীকার ছিলেন। স্বাধীনতার পরে শৈল মুখার্জী স্পীকার ছিলেন, তাঁর বিরুদ্ধে নো-কনফিডেন্স আসেনি। পরবর্তীকালে কেশব চন্দ্র বোস স্পীকার ছিলেন তাঁর বিরুদ্ধে নো-কনফিডেন্স আসেনি। '৪৭ সাল থেকে '৬৭ সাল পর্যন্ত একজন স্পীকার ছিলেন তাঁর বিরুদ্ধে নো-কনফিডেন্স এসেছিল, তিনি হলেন শঙ্করদাস ব্যানার্জী মহাশয়, তাঁর বিরুদ্ধে জ্যোতিবাবু অনাস্থা এনেছিলেন, তিনি ওই সময়ে চিনি কলের ডাইরেক্টার ছিলেন বলে।

[12.30—12.40 p.m.]

আর হালিম সাহেব ওয়ার্ল্ড রেকর্ড করেছেন, তাঁর বিরুদ্ধে তিনবার নো-কনফিডেন্স মোশান আনা হয়েছে। সি. পি. এমের মনসুর হবিবুল্লা পাঁচ বছরের জন্য স্পীকার ছিলেন, ভদ্রলোক, তার বিরুদ্ধে কোনোদিনই নো-কনফিডেন্স মোশান আনার দরকার হয়নি। অথচ এই হালিম সাহেবের বিরুদ্ধে তিনবার নো-কনফিডেন্স মোশান আনা হল, ওর যদি লজ্জা থাকে তাহলে ইলেকশানে না দাঁড়িয়ে ওঁনার রিজাইন করা উচিত। এর পরে ওনার আর থাকা উচিত নয়। স্যার, আমি আপনার কাছে বলছি, আমার দশ নম্বর চার্জটা দেখুন, For being involved in questionable transactions in wakf properties. আমি আরও উল্লেখ করতে চাই, প্রাক্তন বিধায়ক সুলতান আহমেদ এই হাউসে যে চার্জ ওঁনার বিরুদ্ধে এনেছিলেন ৯.৭.৯৬ তারিখে, আজও পর্যন্ত হাসিম আব্দুল হালিম তার জবাব দেননি। আমরা আশা করেছিলাম বক্তাদের লিস্টে তার নাম থাকবে, স্পীকারের জবাব দেওয়ার দরকার আছে, কিন্তু তিনি তা এড়িয়ে গেছেন। সুলতান আহমেদ যে চার্জগুলো এনেছিল, আমি আবার তা

রিপিট করছি, হাসিম আব্দুল হালিম, করিম এ রশিদ ওয়াকফ এস্টেটের সোল মুতোয়ালী হিসাবে নিজে রয়েছেন এবং ভাড়ার রসিদে ভাড়া আদায় করছেন। কিন্তু করিম এ রশিদ ওয়াকফ্ এস্টেটে এনরোলড্ হয়নি। আমার দ্বিতীয় বক্তব্য হচ্ছে, স্পীকার একটা চিঠি পেয়েছিলেন, সি. পি. এম লিডার ইয়েচুরির কাছ থেকে। তিনি বলেছেন যিনি যুক্ত আছেন হামিদুল হুদা, মিউজিটোনের সঙ্গে, ১৯৪, চাঁদনি চক স্ট্রিট। আজকে পর্যন্ত হালিমসাহেব তার জবাব দেয়নি। মধু মূলচান্দি বলে একজন ল-ইয়ার চিঠি লিখেছেন সুপ্রিম কোর্ট থেকে, টু এইচ. এ. হালিম এবং সেখানে তিনি বলেছেন, I have received your letter dated 8.12.94 along with the Demand Draft. সুপ্রিম কোর্টে কেস করেছেন ওয়াকফ এস্টেটের পক্ষে। কেন কেস করতে হয়েছে সেই ব্যাপারে আজ পর্যন্ত হাসিম আব্দুল হালিম সাহেব জবাব দেননি। স্যার, ওর শালা ডাঃ কবির রশিদ, ২/১, ইব্রাহিম রোড, সিটি আর্কিটেক্ট তার হিয়ারিং নেই এই ব্যাপারে এবং সেই কবির রশিদ যে বেআইনি বাড়ি করছেন কর্পোরেশান তাঁর প্ল্যান রিজেক্ট করে দিয়েছে। আজকে পর্যন্ত স্পীকার তার জবাব দেয়নি। ইরান সোসাইটির যে বাড়িটায় স্পীকার থাকেন ১২, কিড স্ট্রিট, সেই ইরান সোসাইটির হাউজিং ফিনান্স বিল্ডিং-এর ডেভালপমেন্ট কমিটির চেয়ারম্যান হয়ে আছে এই হাসিম আব্দুল হালিম এবং সেই কমিটিরই মেম্বার হয়ে আছেন হামিদুল হুদা, যার নাম এই হাউসে উঠেছিল। সেই হুদা ৪১। ৪২ কলিংস স্ট্রিটের ওয়াকফ প্রোপার্টি প্রমোট করলেন এবং তাঁর তিন ছেলেকে মাত্র ৪০০ টাকায় ভাড়া দিয়েছিলেন। সেই হামিদুল হুদার সঙ্গে যুক্ত, হাসিম আব্দুল হালিম। We wanted the speaker to clear his name. আজও পর্যন্ত স্পীকার সেই ব্যাপারটা ক্লিয়ার করেননি। স্যার, দ্বিতীয়ত আমি এই সম্বন্ধে বলতে চাই, উনি এই হাউসে কি করছেন। এই হাউসে উনি ডিসিপ্লিন এনফোর্স করার নামে বাইরে থেকে ডিটেকটিভ ডিপার্টমেন্টের কনস্টেবলদের এই হাউসে নিয়ে এসেছেন, এর চেয়ে বেআইনি কাজ আর কিছু হতে পারে না। আমি নাম করতে চাই, ডিটেকটিভ ডিপার্টমেন্টের দুজন মহিলা কনস্টেবল আছেন, তাঁরা এই হাউসের মধ্যেই দাঁড়িয়ে আছেন। কোন নিয়মে আপনি বাইরের পুলিশ এখানে নিয়ে এসেছেন। বুদ্ধদেববাবু এখানে নেই, ডিটেকটিভ ডিপার্টমেন্টের থেকে যাঁদের নিয়ে এসেছেন তাঁরা হচ্ছে পাওয়ার লিফটার, এশিয়াড চ্যাম্পিয়ান। কেন এই দুজন মহিলা কনস্টেবলদের নিয়ে আসলেন, যাতে তাঁরা সোনালি গুহর মতো মহিলাকে তুলে ফেলে দিতে পারে। এই জন্য সেম, আমি হালিম সাহেবকে বলতে চাই, হাউসের মধ্যে পুলিশ ঢোকানোর আগে হালিমসাহেবের পদত্যাগ করা উচিত ছিল। ডিটেকটিভ ডিপার্টমেন্ট কি দেখে। আপনি জানেন, ডিটেকটিভ ডিপার্টমেন্টের দায়িত্ব হচ্ছে বার্গলারি, স্ন্যাচিং, মার্ডার, ক্রিমিনাল ইনটেলিজেন্স এইসব জিনিসগুলো ডিটেকটিভ ডিপার্টমেন্ট ডিল করে।

হাউসের মেম্বার কি স্ন্যাচিং, বার্গলারি, মার্ডার, কার থেপট এসবের সঙ্গে যুক্ত যে তার জন্য ডি. ডি. কনস্টেবলদের নিয়ে আসতে হয়েছে ? এবং, তারা কি করছে দেখুন স্যার। আমি আপনাকে বলছি, ২৮শে জুন এই মহিলা কনস্টেবলদের দিয়ে, পুরুষ ডি. ডি. কনস্টেবলদের দিয়ে হাউসের মধ্যে আমাদের নেতাদের ধাক্কা-ধাক্কি করালেন। নয়না ব্যানার্জি, সোনালি গুহ, দুজন মহিলা সদস্য ইনজিওর্ড হলেন। লজ্জা করে না পুলিশ দিয়ে এরকম

করতে ? হালিমসাহেবের সাহস থাকলে বলতেন—আমার সি. পি. আই (এম) পার্টির মেম্বাররাই আমাকে বাঁচাবে। কিন্তু তিনি ডি. ডি. কনস্টেবলদের, মহিলা কনস্টেবলদের, পাওয়ার লিফটারদের নিয়ে এসেছেন নিজেকে বাঁচানোর জন্য। এত যদি ভয়, তাহলে স্পীকার হলেন কেন ? আরও বলতে চাই কি কি করেছেন হালিমসাহেব। পঙ্কজ ব্যানার্জি, লিডার অফ দা অপোজিশন যখন প্রশ্ন করার জন্য হাত তুলছেন, তাঁকে বলতে দেওয়া হচ্ছে না। এরকম যে হয় কোনোদিন শুনেছেন ? গত ২রা জুলাই বুদ্ধদেববাবু বিবৃতি দিলেন সল্ট লেক স্টেডিয়ামের ব্যাপারে, আন্ডার রুল ৩১৯—আমরা মোশান দিয়েছিলাম। বি. এ. কমিটির মিটিং হচ্ছিল ওনার ঘরে, উনি বললেন রুল ৩১৯ আলোচনা দেব না। নো-কনফিডেন্স মোশান এনেছে আমার বিরুদ্ধে, এর আলোচনা দেব। ইজ দিস অ্যাটিচ্যুড অফ দা স্পীকার ? ওঁর বিরুদ্ধে নো-কনফিডেন্স দিলে আলোচনা দেওয়া যাবে না ? দ্যাট ইজ দ্য অ্যাটিচ্যুড। আমি নিন্দা করি এই জন্য। গতবার, ১৮.৭.২০০১ তারিখে হেল্ড ওভার কোশ্চেন আবার হেল্ড ওভার হয়ে যাচ্ছে, মন্ত্রীদের বিরুদ্ধে কোনো ব্যবস্থা হচ্ছে না। আজকেও আমার প্রথম কোশ্চেন হেল্ড ওভার হয়ে গেছে, কোনো ব্যবস্থা নেননি। আজকে এই যে ডিবেট হচ্ছে স্পীকারের বিরুদ্ধে, আমরা চেয়েছিলাম—আজকে পুলিশ বাজেট না দিয়ে অন্য দিন দেওয়া হোক। উনি বললেন—না, মানব না, আমার ক্ষমতা। উনি নিজেকে মনে করেন হিটলার। উনি যা বলবেন তাই হবে। কিন্তু বিজনেস অ্যাডভাইসরি কমিটির প্রসিডিংসের জন্য ভোট হল হাউসে। আমি এতদিন হাউসে আসি, কোনোদিন এরকম ভোট দেখিনি। শেষে বলতে চাই, এই স্পীকার, স্পীকার হবার পরেও সি. পি. আই. (এম.)-এর স্টেট সেক্রেটারিয়েটের মেম্বার হয়েছেন। ওঁর লজ্জা নেই। আমি কাউল অ্যান্ড সাকদের থেকে পড়ে শোনাচ্ছি—While the Speaker stands on party ticket for his election to the House, he may or may not continue to be the member of his party after his election as Speaker. Even when he does not saver connections with his party, he has refrained from attending any party meeting. However, a convention has, more or less developed at the Centre for the Speaker to disassociate himself from his party. Shri N. Sanjiv Reddy resigned from the Congress Party on being elected as Speaker of the Fourth Lok Sobha. Dr. G.S. Dhillion, on being chosen as Speaker resigned from the Congress Party in Parliament. আর এই স্পীকার গর্ব করে আবার নতুন করে স্টেট সেক্রেটারিয়েটের মেম্বার হয়েছেন—স্পীকার হবার পর। এর ফলে তিনি স্পীকার থাকতে পারেন না। আমরা কেন তাঁর বিরুদ্ধে বক্তৃতা রাখছি ? লোকসভায় এর আগে সোমনাথবাবুরা বলরাম জাখরের বিরুদ্ধে নো-কনফিডেন্স এনেছিলেন। তার আগে মবলংকারের বিরুদ্ধে আনা হয়েছিল ১৯৫৪ সালে। দেখছি দুবার না তিনবার—৯ বছরের মধ্যে—লোকসভার স্পীকারের বিরুদ্ধে নো-কনফিডেন্স আনা হয়েছিল। সেখানে এস. এস. মোরে মবলংকারের বিরুদ্ধে নো-কনফিডেন্স মোশান মুভ করতে গিয়ে বলেছেন আমি তার বিরোধিতা করছি।

[12.40—12.50]

But when we move for removal of a particular Speaker, however respectable for large section of Members of the Opposition, simply defeating it by majority will not be enough because we have to see that confidence developes not only in the Opposition benches but in the world outside. Repeat that reason that justice has to be done, but justice not appeared to be done.

শ্রী অসিত মিত্র : মাননীয় স্পীকারের বিরুদ্ধে আনা এই অনাস্থা প্রস্তাবকে সমর্থন করে আমি আমার বক্তব্য রাখছি। স্যার, আজকে আলোচনা অধ্যক্ষ মহাশয়ের বিরুদ্ধে অনাস্থা প্রস্তাব নিয়ে। এটা অনেকের কাছে অস্বাস্থ্যকর মনে হতে পারে। কিন্তু একেবারে অপ্রয়োজনীয় নয়। স্যার, স্পীকারের ফাংশন সম্পর্কে আমাদের ধারণা অত্যন্ত সুস্পষ্ট। তার কারণ তাকে অনেক বেশি নিউট্রাল হতে হবে। ইমপার্শিয়াল হতে হবে। একটা ব্যাপারে আমি স্পীকারকে ধন্যবাদ জানাই তার কারণ যখন আজকে এই সভা চলাকালীন এই হাউসের টি. এম. সি.-র একজন মহিলা সদস্যা শ্রীমতি মঞ্জু বোস হঠাৎ অসুস্থ হয়ে পড়লেন, তখন স্পীকার অত্যন্ত আন্তরিকতা দেখিয়ে হাউস অ্যাডজর্ন করে তার সুস্থতার জন্য নিজে খোঁজ নিতে গেলেন এবং তার জন্য তারা চেষ্টা করেছেন এবং অনেক খোঁজ খবর নিয়েছেন। এর কারণে আমি খুশি। কিন্তু একই সঙ্গে বলছি মঞ্জু বোস অসুস্থ হওয়ার ফলে তিনি যে দ্রুত গতিতে তার অসুস্থতার ট্রিটমেন্ট করার জন্য ছোটাছুটি করলেন, এই হাউস দিনের পর দিন যেভাবে অসুস্থ হয়ে পড়ছে, তার জন্য যদি তিনি এক কণা চেষ্টা করতেন তাহলে আমরা মনে করতাম যে, তিনি যথেষ্টভাবে গণতান্ত্রিক চিন্তা-ভাবনা নিয়ে গেছেন। স্যার, স্পীকারের পার্লামেন্টারি প্রসিডিওরে কি বলছে যে তিনি অভিভাবক হবেন। His impartiality within the House is secured by the fact that he remains above all considerations of party or political career and to that effect he may resign from the Party to which he belongs to.

স্যার, সৌগত রায় এইমাত্র বলেছেন, আমি তাকে সমর্থন করে বলছি যিনি ওই অধ্যক্ষ পদের চেয়ারে বসবেন, তিনি যদি তার নিরপেক্ষতা প্রমাণ করতে চান, তাহলে তার যদি সেই সততা থাকে তিনি যদি মনে করেন যে, আমি একজন স্বচ্ছ নিরপেক্ষ স্পীকার, তাহলে তিনি তার দলের তার যে পদ আছে, সেই পদ থেকে পদত্যাগ করে, সি. পি. এমের সেক্রেটারি থেকে পদত্যাগ করে, তিনি প্রমাণ করতে পারতেন যে, আমার নিরপেক্ষতা সকলের মধ্যে। স্যার, পরবর্তী পর্যায়ে আমি একটা কথা বলতে চাইছি—শুধুমাত্র পাওয়ার দিয়ে একজন স্পীকার চলে না। শুধুমাত্র রুল দিয়ে তিনি গাইডেড হন না। এই কথা পার্লামেন্টারি প্রসিডিওরে আছে। Though his powers and duties have been laid in the rules and to same extent in the constitution, the rules which he has to administer are in Elastic character. ইলাসটিক কারেকটার

হতে বলছেন। ফিক্সড না স্যার, এটা ইলাসটিক হতে হবে। কখনো কখনো রুলের উপর গিয়েও বাস্তব বুদ্ধির পরিচয় দিয়ে তিনি চেষ্টা করবেন হাউসের সদস্য, বিভিন্ন দলের সদস্যদের মতামত নিয়ে তিনি সেই হাউসকে চালান এবং In same matters he has to exercise his discreation. স্যার, এখানেই আমার কথা। আমরা বি. এ. কমিটিতে তাকে বলেছিলাম যে, আপনি একদিনে দুটো সাবজেক্ট করবেন না। নো-কনফিডেন্স মোশান আনবেন না। আপনি আর একদিন পুলিশ বাজেট নিয়ে আলোচনা করুন। বি. এ. কমিটিতে এটা আলোচনা করেছিলাম। আপনি বলেছিলেন আইনে সে কথা বলেনি। স্যার, আমি আপনাকে আরও একটা কথা বলতে চাইছি His duties are very arduous and in their discharge he must be actuated by a sense of Justice and fairness, Sir, is this Justice and fairness ? এটা জাস্টিস না ফেয়ারনেস ? কোনটা স্যার, আমি আপনাকে এটুকু বলতে চাই যে, আজকে আমরা যে নিরপেক্ষতা আশা করেছিলাম, সেই নিরপেক্ষতা স্পীকার সাহেবের কাছ থেকে পাইনি। তাকে ব্যক্তিগতভাবে আক্রমণ নয়, তিনি দীর্ঘদিন ধরে আছেন। কিন্তু তা সত্ত্বেও আমরা মনে করি যে, বিরোধী দলের কণ্ঠ রোধ করার কোথাও যদি কোনো অবকাশ থাকে, তাহলে সেটার আগে যিনি রক্ষা করতে এগিয়ে আসবেন, তাঁর নাম পশ্চিমবঙ্গের মুখ্যমন্ত্রী নয়, তাঁর নাম পশ্চিমবঙ্গের স্পীকার হাসিম আবদুল হালিম। তাঁকেই এই দায়িত্ব নিতে হবে। যেন আমাদের কণ্ঠস্বর কোনোদিন রুদ্ধ না হয়। স্যার, সংসদীয় গণতন্ত্রের কথা তিনি বলছিলেন। এরা বলেন আমরা ক্ষমতায় আসতে পারিনি। আমরা ক্ষমতায় আসতে চেয়ে লড়াই করেছিলাম। কিন্তু আমরা ক্ষমতায় আসতে পারিনি। একদিন স্যার, এই হাউসে মাত্র দুজন সদস্য ছিলেন। কমিউনিস্ট পার্টি অফ ইন্ডিয়ার। তার একজনের নাম রতনলাল ব্রাহ্মণ। আর একজনের নাম জ্যোতি বসু। আর কেউ ছিল না। কিন্তু স্যার স্পীকার তাঁকে রক্ষা করেছেন। যাতে তারা তাদের বক্তব্য এখানে বলতে পারেন। স্যার, পরবর্তী পর্যায়ে জ্যোতি বসু এখানে বিরোধী দলের নেতা ছিলেন। তার সঙ্গে নাকি বিধান রায়ের অত্যন্ত ঘনিষ্ঠ সম্পর্ক ছিল। স্যার, কিসের জন্য সেই সম্পর্ক ছিল। স্পীকার তিনি চেষ্টা করেছেন কংগ্রেস অফ ইন্ডিয়ার সদস্য যারা একসময় ইয়ে আজাদি ঝুটা হ্যায়, আমরা জাতীয় পতাকার অসম্মান করছি, তাদের মধ্যেও এরা গণতন্ত্রকে রক্ষা করার জন্য চেষ্টা করেছেন। আমি আপনাকে এটুকু বলব যে, এই বিধানচন্দ্র রায় বা হাউসের কাছে জ্যোতি বসু কি এতবড়ো মহান মানুষ ছিলেন ? তার থেকে বড়ো ব্যারিস্টার কি ভারতবর্ষে ব্যারিস্টার ছিল না ? তিনি কি পণ্ডিত রবিশংকরের মতো একজন ভালো সেতারিস্ট ছিলেন ? তিনি কি যামিনী রায়ের মতো চিত্রকলার একজন অভিজ্ঞ মানুষ ছিলেন ? তিনি কি উত্তম কুমারের মতো অভিনেতা ছিলেন ? তিনি কি হেমন্ত মুখার্জীর মতো সঙ্গীতজ্ঞ ছিলেন ? তা সত্ত্বেও তিনি সম্মান পেয়েছেন এই হাউসে। কারণ যে জায়গায় স্যার, পংকজ ব্যানার্জী বসে আছেন, সেই জায়গায় অতীশ সিন্‌হা ছিলেন, যে জায়গায় সিদ্ধার্থ রায় ছিলেন, এই আসনটার নাম বিরোধী দলনেতার আসন। তার জন্য জ্যোতি বসু এই হাউস থেকে অনেক বেশি সম্মান আদায় করে নিয়ে গেছেন। এর বাইরে অন্য কোনো নাম তার ছিল না। স্যার আজকে আপনার কাছে এটা বলতে চাইছি যে, তিনি কি দিয়েছেন ? আজকে

রিপোর্টাররা এখানে বসে লিখতেন, তারা এখানে আমাদের কথা শুনতেন। তাদের স্যার, এক কথায় পাঠিয়ে দেওয়া হয়েছে ওখানে। কেন স্যার, আমি জানতে চাইছি কিসের জন্য এটা ঘটল ? কিসের কারণে ওঁরা ওখানে চলে গেছেন। এই যে আর্বিটারী ডিসিশান, একবারও তিনি বিরোধী দলনেতার সঙ্গে আলোচনা করেছেন ? বিরোধী দলের মুখ্য সচেতকের সঙ্গে আলোচনা করেছেন ? স্যার, যারা ওখানে দাঁড়িয়ে থাকেন, এই রকম মানুষ তারা কি এখানে পুজো করার জন্য থাকেন ? তাদের ভয় দেখিয়ে কি আমাদের রুখে দেওয়া হয়েছে ? আপনি তো দীর্ঘদিন ধরে এখানে আছেন। এই দৃষ্টান্ত এর আগে কোনোদিন দেখেছেন ? এদের রক্ষা করার জন্য করলেন ? স্যার, আজকে এখানে অনেক তরুণ সদস্য চিৎকার করে বললেন। আমরা তো পচা ডিম ছুঁড়িনি ? আমরা তো কারোর গায়ে পেপার ওয়েট ছুরে মারিনি ? এই দৃষ্টান্তের যারা নজির সৃষ্টি করেছেন এখানে তারা আর কেউই নয়, ওদিকে আজকে যারা বসে আছেন তারাই আজকে এই নজির সৃষ্টি করেছেন। সুতরাং এর পর আর কি বিচার করবেন আমাদের। তাই আপনার কাছে বলতে চাই এখন আপনারা ক্ষমতায় এসেছেন অনেক কিছু বলবেন। স্যার, আমি আপনার কাছে জিজ্ঞাসা করতে চাই, আমরা জনসাধারণের রায়কে মাথা পেতে নিয়েছি। এই হাউসে এক সময়ে আমরা ২০ জন নিয়েছিলাম, ৪২ জন নিয়েছিলাম, ৪৫ জন নিয়েছিলাম, আজকে সকলে মিলে ৯০ হয়েছি। আজকে স্যার, আমি আপনার কাছে জিজ্ঞাসা করতে চাই আমাদের কি অধিকার নেই, আমরা এখানে এসেছি মাথা উঁচু করে জনগণের রায় নিয়ে। স্যার, ৭২ সালে যারা পরাজিত হয়েছিল তাদের সেই মানসিক দৃঢ়তা ছিল না। তারা এখানে আসেননি। তারা বেরিয়ে গিয়ে চক্রান্ত করা শুরু করেছিলেন। তাই আজকে আপনার কাছে বলতে চাই যে হাউসে একদিন প্রফুল্লচন্দ্র ঘোষ, যে চেয়ারে আজকে মুখ্যমন্ত্রী বসেন সেই চেয়ারে বসতেন তাকে একদিন হেনস্থা করা হয়েছিল। মাননীয় মুখ্যমন্ত্রী প্রফুল্লচন্দ্র সেন তাঁকে কিভাবে হেনস্থা করা হয়েছিল সেকথা সবাই জানে। এই হাউসে সে ঘটনাও ঘটেছিল যে ঘটনা নজিরবিহীন। যারা তরুণ প্রজন্মের মানুষ তারা ইতিহাসের পাতা থেকে দেখবেন। তারা সংসদীয় রীতি নীতি ইতিহাস থেকে জানবেন। যারা তরুণ প্রজন্মের মানুষ নয়, অনেক প্রবীণ।

[12.50—1.00 p.m.]

যাঁরা প্রবীণ তাঁরা নিজেরা জানেন, যাঁদের মধ্যে অনেক মাননীয় সদস্যই এখানে উপস্থিত আছেন। আমি বলতে চাই বারে বারেই কোশ্চেন হেল্ড ওভার হচ্ছে কেন ? এটা নিয়ে কেউ কোনো প্রশ্ন তুলতে পারবেন না। প্রতিদিন একটা করে কোশ্চেন হেল্ড ওভার হয়ে যাচ্ছে। কারণ মন্ত্রী আসেননি। এই যন্ত্রণার শরিক অধ্যক্ষ মহাশয় আপনিও কি হবেন না ? একজন সদস্য অনেক চেষ্টা করে প্রশ্ন করলেন তাঁকে সেই প্রশ্নের উত্তর দেওয়া হবে না। আরও অনেক কথা আমি বলতে পারতাম, কিন্তু আমার সময় অল্প। আইন আছে, রুল আছে এবং সবচেয়ে বড়ো কথা হচ্ছে কনস্টিটিউশানে স্পীকার হচ্ছেন এই হাউজের অভিভাবক। তাঁর রুলের ধারা অনুযায়ী আমি শাসন সহ্য করতে পারি, কিন্তু শাসন করা তাঁরই সাজে সোহাগ করে যে। তাই বলছি সদস্যদের গণতান্ত্রিক অধিকার যিনি দিতে চান তিনিই আদর্শ অধ্যক্ষ। যাঁরা বিরোধী দলের তাঁদের সেফ গার্ড দেওয়া সংসদীয় গণতন্ত্রে আছে, তাকে অ্যাপ্লাই করতে

হবে। থিওরি আর প্র্যাকটিস যদি এক না হয় যদি পার্থক্য থাকে তাহলে সংসদীয় গণতন্ত্র ব্যর্থ হয়ে যায়। তাই আমি এই নো-কনফিডেন্স মোশানকে সমর্থন করে আমার বক্তব্য শেষ করছি।

শ্রী পংকজ ব্যানার্জী : মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, তৃণমূল কংগ্রেস এবং কংগ্রেসের তরফ থেকে পশ্চিমবঙ্গের বর্তমান বিধানসভার অধ্যক্ষর বিরুদ্ধে অনাস্থা প্রস্তাব আমরা পেশ করেছি। কেন পেশ করেছি তার চার্জশীট আপনার কাছে পাঠ করে শুনিয়েছি। এই চার্জশীটের প্রথম এবং প্রধান অভিযোগ স্পীকারের কাছ থেকে আমরা বিরোধী দলের সদস্যরা যথোচিত সম্মান এবং অধিকার পাচ্ছি না। পাচ্ছি না তার কারণ মাননীয় অধ্যক্ষ মহাশয় নিজেকে কখনই সংকীর্ণ রাজনীতির উর্দ্ধে নিয়ে যেতে পারছেন না। কাউল এবং সাকদারের বইয়ের থেকে আমি উদ্ধৃতি দেব সেখানে বলা হয়েছে ভারতবর্ষের স্পীকারের চেহারা এবং চরিত্র কি হবে। বইয়ের ৭৫ পাতায় যদি দেখেন "In India the Presiding Officers follow more or less the traditions and functions established by the Speakers of the British House of Commons."

"Speaker Patel disassociated himself from Swarajist Party of which he was an active member prior to his election and during the entire term of office he kept himself from party interest." মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, এই হচ্ছে ভারতবর্ষের প্রিসাইডিং অফিসার অর্থাৎ স্পীকারের চরিত্র এবং চেহারা। মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, মবলংকার সাহেব যিনি ভারতবর্ষে প্রিসাইডিং অফিসার বা অধ্যক্ষের নজির সৃষ্টি করেছেন তিনি বলেছেন "It is obviously not possible, in the present conditions of our political and parliamentary life, to remain as insular as English Speaker, so far as political life goes. But the Indian Speaker acting as such, will be absolutely a non-party man." Sir, he said, 'will be absolutely a non-party man meaning thereby that he keeps all of from party deliberations and controversies." Mr. Deputy Speaker, Sir, he also said "though a Congress man it would be my duty and effort to deal with members and sections of the House with justice and equality and it would be my duty to be an impartial and remain above all considerations of party or of political parties." Sir, again he said, "the essence of the matter is that a Speaker has to place himself in the position of a judge." Sir, I repeat, "the essence of the matter is that a Speaker has to place himself in the position of a judge." এখানে আমরা দেখছি মাননীয় অধ্যক্ষ মহাশয় তিনি পাঁচ দফা স্পীকার হয়েছেন, তার পরে তিনি নতুন করে পার্টির রাজ্য কমিটির সদস্য হয়েছেন, সেক্রেটারিয়েটের সদস্য হয়েছেন। এই হাউজ শুরু হওয়ার পর লেফট-ফ্রন্টের এম. এল. এ.-দের নিয়ে যখন আলিমুদ্দিন স্ট্রিটে পাঠানো হল তখন হি ওয়াজ ওয়ান অফ দা প্রোমোটার্স, হি ওয়াজ ওয়ান অফ দা টিচার্স।

He went on teaching the MLA show to behave in the House. It absolutely means that he could not rise to the occasions. On the contrary, he became more & more a party men for which, Sir, the House is being effected, the House is being malafied. স্যার, আমি আবার বলছি যে, এখানটায় সেদিন উনি দম্ভভরে বললেন, I am the Speaker, I can decide anything. I will decide anything, I will decide the fate. এখানটায় কী বলছে স্যার তা আপনাকে আমি একটু পড়ে দিচ্ছি। এখানে বলছে, "The speaker is a part of the House, drawing his powers from the House for the better functioning of the House and in the ultimate analisys a servant of the House, not it's master." But he is behaving as the super master in the House. মাননীয় উপাধ্যক্ষ মহোদয়, আমরা অনাস্থা চেয়েছিলাম, আজ তার আলোচনা হচ্ছে। কিন্তু বিগত নির্বাচনেই তো মানুষ ওঁর উপর অনাস্থা জানিয়ে দিয়েছে। যে নির্বাচন ক্ষেত্র থেকে গতবার সাড়ে ৭ হাজার ভোটে জিতে এলেন এবং গত পাঁচ বছর স্পীকার থাকাকালীন তিনি নির্বাচনে দাঁড়িয়ে ৬৪ ভোটের ব্যবধানে জিতে এলেন। তাও সাধারণ মানুষের ভোটে নয়, সাধারণ মানুষ ভোট দেয়নি স্যার এটা হচ্ছে পোস্টাল ব্যলট, কো-অর্ডিনেশন কমিটির মেম্বারদের ভোট। পোস্টাল ব্যালটে তিনি কোনো রকমে কান কেটে ৬৪ ভোটে ফিরে এসে, তখন বলা উচিত ছিল, আর নয় আমাকে এখন রেহাই দাও। কিন্তু কিছুই করার নেই, তিনি বসে আছেন। মাননীয় উপাধ্যক্ষ মহোদয়, আমরা ওনার বিরুদ্ধে হাউসে অনাস্থা এনেছি ঠিকই। কিন্তু আজকের স্টেটসম্যান পত্রিকা কি বলছে একটু দেখুন। দি স্টেটসম্যান রিলিজড ইন ক্যালকাটা অন থার্সডে, দি নাইনটিন্থ জুলাই, টু থাউজেন্ড ওয়ান—অনাস্থা প্রকাশ করেছে। স্টেটসম্যান কি বলছে স্যার আজকে ? বলছে, "It is to forest all this that the Marxists have not hesitated in making the Speaker Hashim Abdul Halim a party to the controversy. Compared even to his immediate predecessor and party comrade Mansoor Habibullah, Halim's highly partisan conduct as Speaker has undermined legislative norms and conventions and made his Chair controversial." স্যার, আজকে তিনি নিজেকে কন্ট্রোভার্সিয়াল করে তুলেছেন। আমি বলছি, হাউসের ভিতরে মাননীয় সদস্যরা বলছেন, তার নির্বাচকমণ্ডলী বলছেন, এমনকি কলকাতা থেকে প্রকাশিত অন্যতম প্রাচীন, মানুষের কাছে গ্রাহ্য, শিক্ষিত মানুষের মুখপাত্র স্টেটসম্যান পত্রিকা বলছে।

মাননীয় উপাধ্যক্ষ মহোদয়, এখান থেকে কপিরাইটারদের ওখানে নিয়ে যাওয়া হল। আমি ইংরাজিতে বললে কি বলব জানি না, বাংলায় বলতে হবে তিনি অসত্য কথা বলেছেন। হি ইজ এ [***]। হি ইজ এ [***]। তিনি আমাদের বললেন আমরা যখন জিজ্ঞাসা করলাম যে, এখান থেকে এদের সরিয়ে দেওয়া হল কেন ? স্যার, তিনি বললেন যে, ওরা

***Expunged as ordered by the chair.

বলেছে, ওদের অসুবিধা হচ্ছে। স্যার, ইট ওয়াজ টোল্ড বাই হিম যে, রিপোর্টাররা বলেছে এখানে বসে কাজ করতে অসুবিধা হচ্ছে। কিন্তু আমি যখন রিপোর্টারদের জিজ্ঞাসা করলাম তখন রিপোর্টাররা বললেন না, আমরা বলিনি, সি. আর. অর্থাৎ চিফ রিপোর্টার বললেন, আমরা তা বলিনি, আমরা বলেছি, আমাদের সরিয়ে দিলে অসুবিধা হবে। কিন্তু আজকে তিনি আমাদের বললেন, আমাদের জন্য তিনি সরিয়ে দিয়েছে আর ওদেরকে বললেন আমি অন্যান্য রাজ্যে গেছি, অন্যান্য রাজ্যে কপি রাইটাররা গ্যালারিতে বসেন, তাই আপনাদের গ্যালারিতে পাঠাচ্ছি। কোনটা সত্য স্যার ? আমাদের হাউসে তিনি বললেন, আমাদের জন্য সরিয়ে দিয়েছেন আর রিপোর্টারদের কাছে গিয়ে বললেন, তিনি অন্যান্য জায়গায় গ্যালারিতে কপি রাইটারদের বসতে দেখেছেন তাই তিনি তাদের সরিয়ে দিয়েছেন। এই অসত্য কথার আমি তীব্র নিন্দা করি।

মাননীয় উপাধ্যক্ষ মহোদয়, আমার সহকর্মী বন্ধু, সৌগত রায় বলেছেন যে, হাউসের ভেতরে আপনারা পুলিশ নিয়ে এসেছেন। মাননীয় উপাধ্যক্ষ মহোদয় আমি আপনাকে পড়ে শোনাচ্ছি যে আজকে হাউসের মধ্যে পুলিশ নিয়ে এলেন কিন্তু এই হাউসেই সেই ঐতিহাসিক রায় যিনি দিয়েছিলেন, বিজয় ব্যানার্জি। বিজয় ব্যানার্জি ৩০-১১-১৯৬৭ সালের ২৯ তারিখে তিনি চাবি দিয়ে চলে গিয়েছিলেন, ৩০-১১-১৯৬৭ তারিখে অল ইন্ডিয়া রেডিও থেকে তিনি ভাষণ দিয়ে বললেন, I was requested to Post Police guards in plain clothes inside the House. Such request was disrespectful to the MLAs and I did not concede to it. কে বলেছিলেন ? আপনার পূর্বসুরী। তাকে বলেছিলেন তদানীন্তন মুখ্যমন্ত্রী ডাঃ প্রফুল্লচন্দ্র ঘোষ, যে, হাউস চালাতে তুমি হাউসের ভেতরে সাদা পুলিশ নিয়ে এস। বিজয় ব্যানার্জি বললেন, "I was requested to post security guards in plain clothes inside the House. Such a request was disrespectful to the MLAs. So I did not accede to it" "I was requested not to allow the visitors. I did not agree"... "The police commissioner requested to deploy more police force in the assembly premises. I did not agree. As it would be derogatory to the prestige of the MLAs."

[1.00—1.10 p.m.]

স্যার, সেই পরিপ্রেক্ষিতে আমি বলছি এবারে আমাদের হাউস শুরু হল গত মাসের ১৪ তারিখে। ১৪ তারিখেই স্পীকার সভায় পুলিশ নিয়ে এলেন। আগে ৩/৪ দিন হাউস হয়েছে, হাউসে ডিস্টার্বেন্স হয়েছে, অশালীন কার্যকলাপ হয়েছে তা নয়। হাউস যে দিন বসলো সেদিনই আমরা হাউসে পুলিশ কনস্টেবলদের দেখলাম। দেখলাম তারা সব সাদা পোশাকে লাইন দিয়ে দাঁড়িয়ে আছে। মহিলা পুলিশদের পর্যন্ত নিয়ে এলেন। আমাদের মহিলা সদস্যা কারা ? মিসেস মঞ্জু বসু, তিনি কে ? তিনি একটা উচ্চ মাধ্যমিক স্কুলের শিক্ষিকা। আমাদের সদস্য কে ? শ্রীমতী তপতী দত্ত। তিনি কে ? তিনি একটা মিউনিসিপ্যালিটির চেয়ারপার্সন

এবং একটা উচ্চ মাধ্যমিক স্কুলের শিক্ষিকা। আমাদের একজন সদস্য ডাঃ রত্না নাগ, একজন প্রখ্যাত চিকিৎসক হিসাবে যাঁর নাম আছে। আমাদের সদস্য কে, শ্রীমতী নয়না ব্যানার্জি, চলচ্চিত্র জগতের নামী অভিনেত্রী। আমাদের সদস্যা কে, শ্রীমতী সোনালী গুহ, ছাত্র-পরিষদের সভানেত্রী। এঁদের মোকাবিলা করতে ১৪ তারিখে এখানে লাইন করে মহিলা পুলিশ নিয়ে আসা হল—টু কমব্যাট দেম। এটা অত্যন্ত লজ্জার ব্যাপার। অথচ গতকাল মুখ্যমন্ত্রী উত্তরে বাংলায় বলেছেন, 'বিরোধিরা খুব অশালীন ব্যবহার করছে।' মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আমার কাছে প্রোসিডিংসের কপি আছে। আমি তাতে দেখছি, রিপোর্ট অফ দি কমিটি অফ দি প্রিভিলেজে, সেকেন্ড রিপোর্ট—মিঃ কমলকান্তি গুহ ওখানে বসে আছেন, মিঃ কমলকান্তি গুহ ওয়াজ প্রেসেনটেড টু হাউস অন টুয়েন্টি ফিফথ ফেব্রুয়ারি, নাইনটিন সিক্সটি ফোর—কিসের ওপর প্রিভিলেজ হয়েছিল ? স্যার, প্রিভিলেজ হয়েছিল, "As soon as the House re-assembled after a short recess on the 25th February, 1964, Shrimati Sudharani Dutta, a member of the Assembly, complained that an egg had been thrown by Shri Kamalkanti Guha, another member of the Assembly."

এই কমল গুহ সেদিন ডিম ছুঁড়ে মেরেছিলেন কংগ্রেসের মহিলা সদস্যার গায়ে। আজকে এঁরা আমাদের বিচার করবেন ! আজকে মুখ্যমন্ত্রী আমাদের বলবেন আমাদের কি করা উচিত ? এখানেই শেষ নয়। ওঁরা অনেক বড় বড় কথা বলেন। প্রাক্তন মুখ্যমন্ত্রী বলেছিলেন, "স্পীকার হাউসে ছাত্রদের ঢোকাচ্ছে কেন ?" সত্যিই তো হাউসে ছাত্রদের ঢোকানো যায় না। আমরা দেখছি '৬৯ সালের সেপ্টেম্বর মাসের ২১ সেপ্টেম্বর দি অনারেবল কালীপদ মুখার্জি এই হাউসে বলেছিলেন, "উপাধ্যক্ষ মহোদয়, দেড় ঘন্টা যাবৎ যে বিতর্ক চলেছে, 'পুলিশ ফায়ারিং, মব ভাওলেন্সকে অবলম্বন করে—"Continuous uproar from the opposition Benches and throwing of shoes and slippers from the opposition at the congress table. স্যার, তারপর আমি পড়ছি শুনুন, "শ্রীনেপালচন্দ্র রায় : স্যার, একটু আগে এখানে যা ঘটে গেল—শ্রীবিজয় সিং নাহার : মাননীয় ডেপুটি স্পীকার মহাশয়, আজকে এখানে যে ঘটনা হয়ে গেল, অপজিশনের তথাকথিত লীডার জ্যোতি বসু মহাশয় নিজে যেভাবে জুতা তুলেছেন তার জন্য তাঁকে কি পানিসমেন্ট দেওয়া হবে আমি জানতে চাই। আমি জানতে চাই, তাঁর উপর কি শাস্তি বিধান করা হবে এবং অন্যান্য যাঁরা এই হাউসের জিনিস নষ্ট করেছেন তাঁদের সম্বন্ধে কি ব্যবস্থা অবলম্বন করা হবে—" জ্যোতিবাবু বলেছেন,—হাউসে ছাত্রদের ঢোকাবেন না। তার কারণ কমল গুহর মতো সদস্য আছেন, তিনি কখন ডিম ছুঁড়ে মারেন তার ঠিক নেই। জ্যোতিবাবু মুখ্যমন্ত্রীর চেয়ারে চলে গিয়েছিলেন, তবুও আতংক ছিল কখন তিনি জুতো ছুঁড়ে মারেন, তার কোনো ঠিক ছিল না। তারপর আমি আরও পড়ছি, "Even before the speaker left the House, there was considerable rowdyism and the speaker does not appear to have made any arrangement for the protection of the members. He had earlier turned down an offer for making proper security

arrangements. Deliberate attempts to assault members of the Treasury Bench followed. Even a strong wooden thing was hurled at me by a member. I would have suffered serious injury and might have been killed if it did not hit the lampstand first and then deflect and hurt me a little just below the eye. God has saved me."

ভগবান তাঁকে বাঁচিয়ে দিয়েছিলেন। এই রকম এদের চেহারা। সে তুলনায় আমরা কি করেছি ? মাননীয় উপাধ্যক্ষ মহোদয়, আমরা প্রতিবাদে, প্রতিরোধে সোচ্চার হবার চেষ্টা করেছি। আমরা বলেছি এই সরকার রিগিং করা সরকার। আমরা বোঝাবার চেষ্টা করেছি বাংলার মানুষের আশা-আকাঙ্ক্ষা এই সরকারে প্রতিফলিত হয়নি। তাই তো সি. পি. আই. নেতারা বলেছেন, 'মানুষের মধ্যে আলোড়ন কোথায় ? ২০০ মত আসন পেয়েছি, অথচ মানুষের মধ্যে স্বতঃস্ফূর্ততা নেই।' মানুষ জানে কিছু মানুষ গায়ের জোরে প্রশাসনকে কব্জা করে গুণ্ডাবাহিনী নামিয়ে এই সরকার নির্বাচনে জিতে এসেছে। তাই তো সুভাষবাবু বলেছেন, '৪০০০ ভোটে জিতে আমার অপরাধ হয়ে গেছে, আর বাকি সবাই কি সংস্কৃত কলেজের পণ্ডিতদের ভোটে জিতেছে !' আজকে এখানে সব এক-লাখি, দু-লাখি বসে আছে। এক একজন ৫০,০০০-এর ওপর ভোটে জিতে এসেছে। মন্ত্রীরা অনেকে ৫০,০০০/৬০,০০০ ভোটে জিতে এসেছে। এ লজ্জা আমরা রাখব কোথায় ?

পশ্চিমবাংলার মানুষের রায়কে অস্বীকার করে পশ্চিমবঙ্গের গণতন্ত্রকে পদদলিত করে, পশ্চিমবঙ্গের গণতান্ত্রিক ব্যবস্থাকে ভূলুণ্ঠিত করে, পশ্চিমবঙ্গের প্রশাসনকে কব্জা করে নিয়ে পশ্চিমবাংলায় গুণ্ডারাজ কায়েম করে দিয়ে, পশ্চিমবাংলার মানুষের অধিকারকে কেড়ে নিয়ে শাসক তথা শোষক এই দুর্বিনীত সরকার ক্ষমতার অলিন্দে প্রবেশ করেছেন। তাই আজকে আমাদের প্রতিবাদ আপনি স্পীকার হিসাবে পদদলিত করবার চেষ্টা করছেন। আমরা রেলেভেন্ট প্রশ্ন তুলছি, সেই প্রশ্ন মন্ত্রীদের অস্বস্তিতে ফেলতে পারে তাই আপনি দিনের পরদিন সেই প্রশ্নগুলি মুলতুবি করে দিচ্ছেন। আমাদের যেসব প্রশ্ন মন্ত্রীকে খানিকটা বিচলিত করতে পারে কারণ ওদের সাজানো উত্তরে কারসাজি হচ্ছে না, আপনি সেই প্রশ্নের উত্তর করতে দিচ্ছেন না। আমাদের সেইসব প্রশ্নের উত্তর চাইবার অধিকার আপনি কেড়ে নিচ্ছেন। আমরা প্রিভিলেজ মোশান আনছি কিন্তু আপনি তাতে সাড়া দিচ্ছেন না। আমরা বলছি, এই হঠকারিতা আপনি করবেন না। আপনি স্পীকার, আমরা জানি আপনাদের সংখ্যাধিক্য আছে। গণতন্ত্রের অভিশাপ হচ্ছে brute majority in the.House can not do Justice to the opposition. Parlimetary Democracy. এবং আমাদের পার্লামেন্টারি ডেমোক্রাসিতে বলা হয়েছে, The House belongs to the opposition, But where do we stand Sir ? আমরা সামান্য একটা প্রস্তাব বি. এ. কমিটিতে পাঠাতে গেলাম, স্পীকার ক্ষমতার দম্ভ নিয়ে, ক্ষমতার অলন্দ দিয়ে টেবিল চাপড়ে, ভোটের আধিক্যে তাদের নিজেদের মতামতকে জিতিয়ে নেবার চেষ্টা করেন। Democracy is being denied. Democratic procedure is being destroyed, democratic rights

are being ceased and the protestive voice of the common people of Bengal are being tried to be shuttered down. We oppose, we oppose this attitude of the Speaker. The Speaker who is supposed to be the judge of the House, the Speaker who should rise to the ocassion, the Speaker who should give justice to all of the people's representatives has become a complete partialised man, a CPI(M) cadre. That is why we have urged his resignation, We would be very much glad in order to save democracy and demoratic procedure earlier the date you step down and release us from your oppression with these words Sir, I again condem the attitude of the Speaker, we again ask him to change his attitude, to be a democratic man, to try to give justice to the people of Bengal and try to give justice to the members of this August House. Thank you Sir.

শ্রী শোভনদেব চট্টোপাধ্যায় : মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আজকে স্পীকারের বিরুদ্ধে যে অনাস্থা প্রস্তাব এখানে আনা হয়েছে সেই প্রস্তাব সমর্থন করে আমি আমার বক্তব্য রাখছি। স্যার, স্পীকার মহাশয়ের বিরুদ্ধে যে অনাস্থা প্রস্তাব আমরা হাউসের মধ্যে আনছি তার বিধানসভা কেন্দ্রের মানুষ কিন্তু আগেই তার বিরুদ্ধে অনাস্থা জানিয়ে দিয়েছেন। গতবার উনি ৭ হাজারের বেশি ভোটে জিতেছিলেন, এবারে মাত্র ৬৪ ভোটে জিতেছেন এবং সেটাও তিনি জিতেছেন চুরি করা ভোটে অর্থাৎ পোস্টাল ব্যালটে। শুধু ভারতবর্ষে নয়, সারা পৃথিবীর মধ্যে যে কোন স্পীকারের ক্ষেত্রে যদি এটা হত তাহলে তিনি বিষয়টা বুঝতে পারতেন। তার ইলেকসানকে কোর্টে চ্যালেঞ্জ করা হয়েছে। কিন্তু তারপরেও তিনি এখানে স্পীকারের দায়িত্ব পালন করছেন। স্যার, এই হাউসের ২৯৫ জন সদস্যই নয়, বাংলার মানুষ তার প্রতি অনাস্থা জ্ঞাপন করেছে। তার বিরুদ্ধে কেস চলছে, মানুষ তার প্রতি কনফিডেন্স জানাচ্ছেন না তাই তিনি প্রতিদিন দুর্বল হচ্ছেন। দ্বিতীয়ত, তিনি দুর্বল হলেন এই হাউসে স্পীকার নির্বাচনের সময়। স্পীকার নির্বাচনে ভোট হল এবং আমরা তার বিরুদ্ধে ক্যান্ডিডেট দিলাম। সেখান থেকেই তার উষ্মা শুরু, সেদিন থেকে তার আমাদের প্রতি রাগের শুরু। পংকজবাবু, সৌগতবাবু বলেছেন, স্পীকারের এই যে কথা, 'এখানে আমি স্পীকার, এখানে আমি যা বলব তাই হবে'—এই যে দম্ভ, স্পীকারের এই দম্ভ থাকা উচিত নয়। স্পীকারের জানা উচিত যে তিনি কোথা থেকে ক্ষমতা পান। আমি স্যার, কাউল অ্যান্ড সাগদার থেকে পড়ে শোনাচ্ছি। The Speaker is a part of the House and throws his power from the House. অর্থাৎ স্পীকারের যে ক্ষমতা হাউস তা তাকে দিয়েছে, বাইরে থেকে আসেনি। উনি হাউসের বাইরে নন এটা বোঝার চেষ্টা করুন। এই যে আমি সর্বময় ক্ষমতার অধিকারী, আমি যা ইচ্ছা করতে পারি—এই যে কথাটা উনি বলার চেষ্টা করেন এইজন্যই আমরা তার বিরুদ্ধে অনাস্থা প্রস্তাব এনেছি। সৌগতবাবু বললেন তিনবার অনাস্থা প্রস্তাব এসেছে, আমি বলছি, না, ৪ বার অনাস্থা প্রস্তাব এসেছে ওর ১৯ বছরের মধ্যে।

[1.10—1.20 P.m.]

আজকে স্পীকার সভায় নেই, মুখ্যমন্ত্রীও সভায় নেই। তাই আমি বলছি, আমাদের আপনারা গুরুত্ব দেন না। শুধু তাই নয়, আজকে সরকারপক্ষের কেউ এই ডিবেটে অংশ গ্রহণ করছেন না কি বলেই বা আপনারা সমালোচনা করবেন। আমি এখানে বিগত ১০ বছরে দুটি অনাস্থা প্রস্তাব দেখেছি এবং সেখানে দেখেছি স্পীকার বসে থেকে বক্তব্য শুনেছেন। আজকে একদিকে এতই দুর্নীতির পাহাড় যে সেটা শুনতে লজ্জা লাগবে, অন্যদিকে স্বৈরাচারী মনোভাবের কারণে সেটা শুনতে বাধবে। তাঁর বিরুদ্ধে আমাদের অভিযোগটা স্বীকার করে নিয়েছেন বলেই তিনি হাউস থেকে চলে গেছেন এবং যখন সমস্ত বিধানসভা বসে শুনছেন তখন তিনি সভায় অংশ গ্রহণ করতে পারেননি। ওয়াকফ সম্বন্ধে তাঁর কিছু বলবার আছে ? ওয়াকফ দুর্নীতির সঙ্গে যে তিনি জড়িত রয়েছেন একথা তো আপনারা অস্বীকার করতে পারবেন না। কাউল অ্যান্ড সাকদার বলেছেন, "The Speaker is a part of the House, drawing his powers from the House for the better functioning of the House, and in the ultimate analysis, a servant of the House, not its master." কিন্তু তাঁর এ্যাটিচ্যুড আজকে কোথায় পৌছে গেছে ? তাঁর এ্যাটিচ্যুড আজকে নট লাইক এ সার্ভেন্ট অফ দি হাউস, আজকে এ্যাটিচ্যুড পৌছে গেছে লাইক এ মাস্টার। এটাই তিনি ভেবে নিয়েছেন যে, তিনি হাউসের মাস্টার। ২রা জুন আমরা গিয়েছিলাম কিছু বলবার জন্য মিঃ স্পীকারের কাছে। আমরা জানতে চেয়েছিলাম সভার মধ্যে এত পুলিশ কেন ; ওদিকে সি. পি. এম. এম. পি.-রা পার্লামেন্ট অচল করে দিচ্ছেন, এক-দেড় মাস পার্লামেন্ট তার জন্য অচল হয়ে যাচ্ছে, তাঁরাও সেখানে স্পীকারের দিকে ছুটে যান, কিন্তু সেখানে তো পুলিশ আনতে হয়নি ! কিন্তু এই অ্যাসেম্বলী হাউসকে তিনি কি করেছেন ? বুদ্ধদেববাবু তাঁর বাজেট বক্তৃতার প্রথমে বলেছেন— সুমহান কক্ষ। সেই সুমহান কক্ষকে কেউ যদি কারাগারে পরিণত করে থাকেন তিনি হচ্ছেন আব্দুল হালিম। সভায় ঢুকলেই আমরা এখন পুলিশের মুখ দেখছি। আমরা কেন তাঁর বিরুদ্ধে নো কনফিডেন্স মোশন দিলাম ? দিলাম এজন্য যে, হাউস বিলংস টু অপোজিশন, কিন্তু দেখছি, অপোজিশন লিডার হাত তুলে বসে আছেন, কিন্তু অন্য সদস্যের নাম তিনি ডাকছেন। এই জিনিস হয় না। অপোজিশন লিডার হাত তুললেই তাঁকে বলতে দিতে হয়, সিনিয়র লিডার বলতে চাইলেই বলতে দিতে হয়। উনি চান, ওঁকে [* * *] করতে হবে, [* * *] করে বিদেশ যাবার টিকিট পেতে হবে, [* * *] করে মেডিকেল কলেজে, ইঞ্জিনিয়ারিং কলেজে ভর্তি হতে হবে, [* * *] করে সল্টলেকে জমি পেতে হবে। কিন্তু ইতিহাস পাল্টে গেছে ; কেউ তাঁকে [* * *] করবে না, কারণ সেসব সুযোগ-সুবিধা কেউ চান না। তারই জন্য তাঁর বিরুদ্ধে অনাস্থা প্রস্তাব এনেছি। এক বিখ্যাত সংবিধান বিশেষজ্ঞ বলেছেন, Bad & biased Speakers are a nuisance to democracy. I charge this Speaker that he is nuisance to democracy. একজন ব্যাড অ্যান্ড বায়াসড্ স্পিকার ইজ এ নুইসেন্স টু ডেমোক্র্যাসি। একথা আমি বলছি না, একথা বলেছিলেন সংবিধান

*** Expunged by order from the chair.

বিশেষজ্ঞ কে. ভি. রাও। এখানে স্পীকারের কাছে আমাদের তরফ থেকে দাবি করা হল যে, একই দিনে দুটি গুরুত্বপূর্ণ বিষয়—অনাস্থা প্রস্তাব এবং পুলিশ বাজেট—আলোচনা করা সম্ভব নয়। যেখানে নিজে রিগিং করে জিতে এসেছেন, লুটপাট করে জিতে এসেছেন। নির্বাচনের আগে থেকে তৃণমূলের এজেন্টদের তুলে নিয়েছেন। এই রকম একটা গুরুত্বপূর্ণ বাজেট, এই বাজেটের আলোচনা আলাদা গুরুত্ব পাবে। কিন্তু এই ক্ষেত্রে স্পীকার তাঁর ইমপার্সিয়ালিটি মেনটেন করলেন না, নিউট্রালিটি মেনটেন করতে পারলেন না। আমি কবিতার একটা লাইন বলি আপনার কাছে। "দণ্ডিতের সাথে দণ্ডদাতার কাছে যাবে সমান আঘাতে, সর্বশ্রেষ্ঠ সেই বিচার।" এটা আমাদের দেশের ফিলোজফি যে দণ্ডিতের সাথে দণ্ডদাতার কাঁধে যাবে সমান আঘাতে। আমাদের এখানে দণ্ডদাতা যিনি তিনি স্পীকার, তিনি সর্বময় কর্তা। He should be impartial but is not Partial. তিনি সব সময় এখানে কোনো মন্ত্রী এলে উত্তর দিতে না পারলে তাঁকে বাঁচিয়ে দিচ্ছেন, যখন কঠিন প্রশ্ন হচ্ছে বাঁচিয়ে দিচ্ছেন। যখন কোনো রকমভাবে বিরোধিরা প্রশ্ন করবার চেষ্টা করছে তিনি তাকে আড়াল করবার চেষ্টা করছেন। পয়েন্ট অফ অর্ডার তুলতে দেবেন না, তিনি চেয়ারে বসে আছেন, পয়েন্ট অফ অর্ডার দেওয়া যাবে না, পয়েন্ট অফ ইনফরমেশান দেওয়া যাবে না। দিনের পর দিন চেয়ারকে এক্সপ্রয়েট করছেন, মানুষের অধিকারকে খর্ব করার চেষ্টা করছেন। এর বিরুদ্ধে আজকে আমরা এখানে নো কনফিডেন্স মোশান স্পীকারের বিরুদ্ধে মুভ করেছি। আজকে গোটা হাউসকে চারিদিক থেকে পুলিশ দিয়ে ঘিরে দিয়েছেন। এতো পুলিশের কি প্রয়োজন আছে ? আজকে কুখ্যাত [* * *] এখানে প্রতিদিন দেখতে পাচ্ছি, বুদ্ধদেববাবুর বিশেষ লোক উনি, প্রিয়পাত্র। যাকে মানব অধিকার কমিশন স্ট্রিকচার দেয়, দেওয়ার পরেও আজকে মানব অধিকার কমিশন থেকে স্ট্রিকচারপ্রাপ্ত পুলিশ অফিসারকে আমাদের টাইট করবার জন্য এনেছেন। বিধানসভার ভেতরে আমাদের টাইট করবার জন্য এনেছেন। সেই [* * *] যাকে দিয়ে মেদিনীপুর টাইট করেছেন তাকে নিয়ে এসেছেন নির্বাচিত প্রতিনিধিদের টাইট করতে। [* * *] নিয়ে এসেছেন আমাদের শায়েস্তা করবার জন্য। স্যার আপনাকে আজকে এখানে বলছি আমাদের হাউসের মধ্যে পংকজ বন্দ্যোপাধ্যায় বলেছেন, তখন তো এতো পুলিশ ছিল না। এই হাউসের মধ্যে মহিলা সদস্যদের—কান খুলে শুনুন—মহিলাদের শাড়ির তলায় আলতা দিয়ে দিয়েছিলেন সি. পি. এম.-এর লোকেরা কমিউনিস্ট পার্টির লোকেরা। লজ্জায় মাথা হেঁট হয়ে যাবে। এই সমস্ত লোকেরা জ্ঞানের কথা বলছেন, আদর্শের কথা বলেছেন, হাউসকে আজকে শিক্ষার কথা বলছেন ! তাঁরা মহিলা সদস্যাদের শাড়ির তলায় আলতা দিয়ে দিয়েছিলেন। ওই তো কমলবাবু এখানে বসে, তুমি মহারাজ সাধু হলে আজ, তুমি আজকে সাধু হয়ে গেছো। এখানে বসে পচা ডিম মারতে মারতে আজকে এখানে পৌঁছে গেছো। এই হাউসে কাঠের ঠুকরো মারা হয়েছিল প্রাক্তন মুখ্যমন্ত্রীকে। জ্যোতিবাবু পায়ের জুতো ছুঁড়ে মেরেছিলেন। সেইদিন বিধানসভায় তো এত পুলিশ আনা হয়নি। এইভাবে আমাদের কণ্ঠ রোধ করবার চেষ্টা করা হয়নি। আজকে বিধানসভার মধ্যে এই জিনিস হচ্ছে। আমি শেষ করবো একটা কথা বলে, আমি কাউল অ্যান্ড

---

* * *Expunged as order by the chair.

সাকদারের একটা স্ট্যানজা পড়ে আমি আমার বক্তব্য শেষ করব। "His duties are very arduous, and in their discharge he must be actuated by a sense of justice and fairness, uninfluenced by passion or prejudice. He has to impress the House generally with confidence in the soundness and impartiality of his jugements, with the conviction that he considers himself the conscience and guardian of the House."

(এই সময় লালবাতি জ্বলে ওঠে)

আমি স্যার ওনার ইমপারসিয়ালিটি অফ হিজ জাজমেন্ট পাইনি

(এই সময় মাইক বন্ধ হয়ে যায়)

মিঃ ডেপুটি স্পীকার : [* * *] কথাটা বাদ যাবে আর [* * *] কথাটা বাদ যাবে।

[1.20—1.30 p.m.]

মিঃ ডেপুটি স্পীকার : আমি অলরেডি বাদ দিয়েছি ওটা। আপনি বসুন।

শ্রী তপন হোড় : স্যার, বিরোধী দলের নেতা যেভাবে অসংসদীয় বক্তব্য রেখেছেন, আমি এক্সপাঞ্জ করতে বলছি। তার সঙ্গে শোভনদেববাবু যেভাবে 'মহিলাদের শাড়ির তলায় আলতা' কথাটা ব্যবহার করেছেন, এটা বাদ দিন।

মিঃ ডেপুটি স্পীকার : আমি [* * *] এবং [* * *] কথা বাদ দিয়েছি।

শ্রী প্রবোধচন্দ্র সিন্‌হা : মাননীয় উপাধ্যক্ষ মহোদয়, বিরোধী দলের মাননীয় সদস্য সৌগত রায় সহ আর কয়েকজন সদস্য মাননীয় অধ্যক্ষ মহাশয়ের বিরুদ্ধে যে অনাস্থা প্রস্তাব উত্থাপন করেছেন এবং সেই অনাস্থা প্রস্তাবের স্বপক্ষে তাঁরা কয়েকজন বক্তব্য রাখলেন, আমরা সেগুলি শুনলাম। আমি প্রথম কথা যেটি বলতে চাইছি যে, একজন স্পীকারের বিরুদ্ধে অনাস্থা প্রস্তাব আনা যায় যদি তিনি তাঁর কাজ পরিচালনা করার ক্ষেত্রে সংবিধানের নিয়ম নীতি লংঘন করেন। কিন্তু বিধানসভা পরিচালনা করার ক্ষেত্রে আমাদের রুলস্‌ অফ প্রসিডিওরে যে বিধি আছে, সেটা লংঘন করে যদি কাজ করেন, তবেই এটা আনা যায়। কিন্তু ওঁরা যে অনাস্থা প্রস্তাব উত্থাপন করেছেন, তার মধ্যে কোনো নির্দিষ্ট এই রকম অভিযোগ নেই। কিছু ভাসা ভাসা অস্পষ্ট বক্তব্য ওঁরা তুলে ধরেছেন। সুতরাং এই যে অনাস্থা প্রস্তাব, আমি বলতে চাই, এই অনাস্থা প্রস্তাব সম্পূর্ণ রাজনৈতিক উদ্দেশ্যপ্রণোদিত। এই যে অনাস্থা প্রস্তাব এখানে উত্থাপিত হয়েছে, এর আইনগত এবং সাংবিধানিক দিক এর মধ্যে এতটুকুও নেই। মাননীয় উপাধ্যক্ষ মহোদয়, কি অভিযোগ আমরা শুনলাম ? আপনি খুব উদারতার পরিচয় দিয়েছেন। কারণ সুস্পষ্ট অভিযোগ ছাড়া অনাস্থা প্রস্তাব হয় না, আমাদের এই রকম রুলিং থাকা সত্ত্বেও আপনি যেহেতু বাইরের জনগণ আমাদের ভুল বুঝতে না পারে, তার জন্য উদারতার পরিচয় দিয়ে অনাস্থা প্রস্তাবে ওঁদের বলতে দিয়েছেন। কিন্তু যে বিষয়টা আমরা

সকলেই জানি, গত ১৪ই জুন বিধানসভার অধিবেশন শুরু হয়েছে। আর অনাস্থা প্রস্তাব আনা হয়েছে কবে, ২রা জুলাই। অর্থাৎ প্রায় মাত্র কুড়ি দিনের ব্যবধানে আনা হয়েছে। এটা কিসের প্রতিফলন ? এটা মস্তবড় হতাশার প্রতিফলন। নির্বাচনের মাধ্যমে ক্ষমতা দখলের যে স্বপ্ন ছিল, সেই ক্ষমতা দখল করতে না পারার যে হতাশা, তার থেকেই এই অনাস্থা প্রস্তাব ওঁরা এনেছেন। ওঁরা কি কথা বললেন—কি, না কোশ্চেন করতে দেওয়া হয় না। আমাদের রীতি রয়েছে, যিনি প্রশ্নকর্তা, তিনি দুটি সাপ্লিমেন্টারি পাবেন। তারপর ঐ পক্ষের এবং এ পক্ষের একটা করে সাপ্লিমেন্টারি পাবেন। সেটি একটা নির্দিষ্টভাবে সেই কাজটি উনি (স্পীকার) করে থাকেন। আমি অনেক সময়ে অধ্যক্ষ মহাশয়কে বলেছি, আগে প্রশ্ন করার ক্ষেত্রে এত সময় নষ্ট হোত না। এখন চার-পাঁচটি প্রশ্নেই এক ঘণ্টা নষ্ট হয়ে যায়। তারপর যে সাপ্লিমেন্টারি প্রশ্ন করেন—আমি কাউকে আঘাত করতে চাই না—লম্বা কথা বলে তারপর প্রশ্ন করা হয়। এটা রীতি নয়। তাতে সময়টা অনেকখানি নষ্ট করা হচ্ছে। অন্যদের অধিকারকে খর্ব করা হচ্ছে। কিন্তু আমি এই কথা বলতে চাই, বিরোধীদের প্রতি একটু বেশি ফেভারিটিজম্, একটু সদয় মনোভাব দেখিয়ে উনি ওঁদের বেশি সাপ্লিমেন্টারি করতে দেন। আমি বেশিদিনের কথায় যাচ্ছি না, আজকেরই প্রশ্নোত্তরে রাজারহাটের ব্যাপারে সরকারি পক্ষের একটি সাপ্লিমেন্টারি ছিল, আর বিরোধীদের ৬, ৭টা সাপ্লিমেন্টারি হয়েছে। কাজেই তাহলে এই তো অবস্থা তাহলে কি করে এই অভিযোগ উত্থাপিত হয় ? স্যার, এই অভিযোগ উত্থাপিত হয়েছে উনি নাকি অ্যাডজর্নমেন্ট মোশান অ্যাডমিট করেন না—হ্যাঁ, অ্যাডজর্নমেন্ট মোশান আনতে পারেন কিন্তু অ্যাডজর্নমেন্ট মোশান অ্যাডমিট করার ক্ষেত্রে যে পদ্ধতি রয়েছে, সেই পদ্ধতি কি মানা হয় ? কাউল অ্যান্ড সাক্‌দারে পরিষ্কার বলা আছে যে, এ্যাডজর্নমেন্ট মোশান যদি অ্যাডমিট করতে হয় পেজ ৪৫১, দেখুন এটা হয়েছে, ফোর্থ এডিশনে It has been held that an adjournment motion on a matter which can be raised during debate on the motion of thanks on the President's Address; bubget discussion; motion on international situation: motion regarding a matter of public importance such as food policy etc. to be held in the same session in not in order. Similarly a matter which can be raised under any other procedural device, viz. Calling attention notices; questions, short notice quesions, half an hour discussion etc, cannot be raised though an adjournment motion.

সেখানে অ্যাডজর্নমেন্ট মোশান হয় না। সুতরাং আমাদের ধারণা এইরকম কোন মোশান এখানে উত্থাপিত হয়নি যেটা রাজ্যপালের ধন্যবাদসূচক প্রস্তাবের উপরে আলোচনা করার সুযোগ নেই কিংবা বাজেট ডিসকাসানে আলোচনা করার সুযোগ নেই। এই ধরনের একটিও এ্যাডজর্নমেন্ট মোশান এখানে উত্থাপিত হয়নি। সুতরাং আইন মোতাবেক যদি এ্যাডজর্নমেন্ট মোশান গ্রহণ না করে থাকেন তাহলে কোনো আইনের খেলাপই তিনি করেননি। কেবলমাত্র একস্ট্রা অর্ডিনারি সিচুয়েশানে এমন কোনো বিষয়ে যদি উত্থাপিত হয় যেখানে অন্য কথা

উল্লেখের সুযোগ নেই, সেখানেই কেবল এ্যাডজর্নমেন্ট মোশান এনে—রুল আছে, নিয়ম আছে বলে মিস ইউজ করতে হবে এই জিনিস কোথাও নেই। আমার তৃতীয় নং কথা হচ্ছে, আজকে আপনারা স্পীকারকে বলছেন আইন মোতাবেক চলতে হবে। মাননীয় বিরোধী দলের সদস্য বন্ধুরা, আপনাদের আইন মেনে চলতে হবে না ? আপনাদের জন্য কি আইনের বিধান নেই। রুল মানতে হবে না ? আপনাদের কি কি করতে হবে, সমস্ত সদস্যরা শুনুন—

(নয়েজ)

আপনাদের গায়ে লাগছে

মিঃ ডেপুটি স্পীকার : আপনাদের যখন সৌগতবাবু, পংকজবাবু, এঁরা সবাই বললেন ওঁরা তো শুনেছেন। যদিও ওঁদের কথা আপনাদের ভাল লাগবে না এবং আপনাদের কথাও ওঁদের ভালো লাগবে না কিন্তু সংসদীয় গণতন্ত্রে শুনতে হবে। শুনুন আপনারা।

শ্রী প্রবোধচন্দ্র সিন্‌হা : মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, মাননীয় সদস্যদের বিধানসভায় কতগুলো কাজ করতে হয়, কি কি কাজ করতে হয়—Not to raise slogans in the House. কি হয় এই ওয়েলের মধ্যে এই বিধানসভা যখন চলে। এটা বিধানসভা বলে মনে হয় না, মাছের হাট বলে মনে হয় ? এই যে সব চলে Not to Produce exhibits during the debate and not to approach the chair Personlly in the House. কিন্তু কী ঘটেছে—আমাদের বিরোধী দলনেতা তিনি ছুটে গিয়েছেন স্পীকারের পোডিয়ামে, তাঁর মাইক নিয়ে বক্তৃতা করেছেন এবং পবিত্র বিধানসভার সীমার মধ্যে থেকে একে কলুষিত করেছেন, নিয়ম লঙ্ঘন করেছেন। সুতরাং আইন শুধু স্পীকারকেই মানতে হবে, আইন শুধু সরকারকেই মানতে হবে ? বিরোধী সদস্যদের আইন মানার কোনো দরকার নেই ? এটা তো ঘটনা নয়, আপনারা কখনো আইন মানেননি। পুলিশের কথা বলছেন, আপনারা জানেন—অনেক পুরনো সদস্য এখানে আছেন, আমিও ১৯৭১ সাল থেকে এখানে সদস্য, মাঝখানে একবার ছিলাম না। এই বিধানসভা সকলের কাছে অবারিত দ্বার ছিল, কোনো রকম প্রবেশ, যাতায়াতে রেসট্রিকশান ছিল না। কিন্তু ক্রমে ক্রমে পরিস্থিতির পরিবর্তন হয়। নানা ধরনের জটিলতা দেখা যায়, শৃঙ্খলাভঙ্গের ঘটনা ঘটে। স্পীকার সাহেব তখন বিরোধী দলের নেতাকে এবং অন্যান্য হুইপস্‌দের নিয়ে একটা কমিটি করে দেন হাউ টু স্ট্রেনদেন দি সিকিউরিটি সিসটেম ইন দি অ্যাসেম্বলি। আজকে আমরা মন্ত্রীদেরও ঢুকতে হয় 'কারপাস' দেখিয়ে, আমরা বিধানসভায় এমনি আসতে পারি না। 'কারপাস' দেখিয়ে আমাদের ঢুকতে হয়। এম. এল. এ.-দেরও ঢুকতে হয় এইভাবে—এটা কারা করেছেন, কি পরিস্থিতিতে হয়েছে সেটা বুঝতে হবে। এই বিধানসভার অভ্যন্তরে সিকিউরিটির ব্যাপার আছে, সেখানে আপনার দেখতে হবে রুল ৩৫২।

[1.30—1.40 P.m.]

কী ঘটেছে, আমি আপনাদেরকে বলছি। আপনারা

(গোলমাল)

আপনাদের কোনো অধিকার আছে ফিজিক্যালি অপোজ করার ?

(গোলমাল)

মিঃ ডেপুটি স্পীকার : বসুন, বসুন। Mr. Saugata Roy, please restrain yourself.

শ্রী প্রবোধ চন্দ্র সিন্‌হা : I must be said uninterrupted. আমাকে বলতে দিন। মাননীয় সদস্যদের কারোর কোনো অধিকার নেই রাজ্যপালকে এই সভাকক্ষে প্রবেশ করার ক্ষেত্রে ফিজিক্যালি অপোজ করার, কোনো এক্তিয়ারই নেই। এই কাজ যদি করেন তার প্রোটেকশানের ব্যাপারটা কী হবে ? আমি বলছি কাউল অ্যান্ড সাকদারে বলা আছে, Utmost dignity and decorum befitting the occasion has to be maintained in the House. Any action on the part of a member which creates disturbance or mars the proceedings of the House is punishable by the House. আর এই ঘরের অভ্যন্তরে যে সিকিউরিটির ব্যবস্থা এটা নিয়মে আছে, স্পীকার শান্তিশৃঙ্খলা রক্ষা করার জন্য প্রয়োজন মনে করলে যদি সিকিউরিটি স্টাফকে গ্রহণ করতে হয় তাহলে ট্রেন্ড পুলিশ পারসোনেল থেকে ডেপুটেশানে নেওয়া হবে। ফলে যারা এখানে এসেছে they are on deputation. They are watch and ward under the guidance and control of the Marshall of the House. সুতরাং এই কথা বলা যেতে পারে না। এখানে মেজ নিয়ে মল্লযুদ্ধ চলবে, মন্ত্রীদের হাত থেকে কাগজ কেড়ে নেওয়া হবে, কাজ করতে দেওয়া হবে না, আমরা নীরব দর্শক হয়ে বসে থাকব, স্পীকার নীরব হয়ে বসে থাকবে, হাউস অপোজিশানের কাছে চলে যাবে, তারা রানসাম করবে, তারা রিপোর্টারদের চেয়ার ভাঙবে, সবই সুন্দর, এই ক্ষেত্রে সেটাকে নিয়মে বেঁধে দিতে গেলে সব...

(গোলমাল)

ঘটনা জানেন না, এখানে রিপোর্টাররা বসতেন, কি হয়েছে এখানে ? চেয়ার ভাঙা হয়েছে, তাদের নিরাপত্তা বিঘ্নিত হয়েছে। সুতরাং স্পীকার তাদের বসার জন্য জায়গা করে দিয়েছে। এটায় কোনো অন্যায় হয়নি। আর একটি কথা বলি, আপনারা ওয়াকফ নিয়ে বলেছেন। ওইটা নিয়ে অনেক আলোচনা হয়েছে। ওইটা পুরনো রেকর্ড বাজাচ্ছেন আর জনগণের কাছে ওইটার মূল্য নেই। আর বাকি যেটা বলেছেন স্পীকার রাজনৈতিক সদস্যপদ ত্যাগ করবেন কি করবেন না। আমি প্রশ্ন করি, ভারতবর্ষ একটা যুক্তরাষ্ট্রীয় দেশ, কেন্দ্রে একটা সরকার আছে, এতগুলি রাজ্য আছে, একটা উদাহরণ দিতে পারেন যেখানে কংগ্রেসের স্পীকার আছে, তিনি দল থেকে পদত্যাগ করেছেন। কিংবা অন্য কোনো দলের, তিনি স্পীকার হওয়ার পর

দল থেকে পদত্যাগ করেছেন ? কোথাও করবে না, শুধু পশ্চিমবাংলায় যেহেতু বামশাসিত তাই স্পীকারকে পদত্যাগ করতে হবে। এটা হচ্ছে আপনাদের বাম-বিরোধী মাপকাঠি।

(গোলমাল)

শুনুন, দে আর নট পুলিশমেন, দে আর অ্যাসেম্বলি সিকিউরিটি স্টাফ। মভলঙ্কার-এর বিরুদ্ধে যে অনাস্থা প্রস্তাব এসেছিল সেই ব্যাপারে বলেছেন যে পদত্যাগ করতে হবে। মভলঙ্কার কী বলেছিলেন,

(গোলমাল)

স্যার, মভলঙ্কার কি বলেছেন, মভলঙ্কার বলেছেন, ইংল্যান্ডের সিস্টেম যদি এখানে জানা যেত স্পীকার পার্টির সঙ্গে থাকবে না, তাহলে খুব ভাল হত। তিনি কী বলছেন। I can not be out of that great organisation the Indian National Congress—under whose barmer I have had the privilege of serving in one capacity or another for the last 40 years.

মভলঙ্কার বলেছেন এই বিষয়কে কেন্দ্র করে, পণ্ডিত নেহরু কী বলেছেন—অপোজিশানরা যে অনাস্থা প্রস্তাব এনেছিল স্পীকারের বিরুদ্ধে, It was condemned by the Prime Minister as "vicious" and the described the opposition responsible for it as incompetent and frivolous.

সুতরাং যে কথা আপনি বললেন ভারতবর্ষের যে সংসদীয় গণতন্ত্র ব্যবস্থা চালু রয়েছে, এখানে এমন কোনো পরিবেশ বা পরিস্থিতি তৈরি হয়নি, স্পীকার একজন ব্যক্তি হিসাবে নির্বাচিত হলে তাকে দলের সাথে সমস্ত সম্পর্ক ছিন্ন করতে হবে। এই কনভেনশান, ট্র্যাডিশান বা প্র্যাকটিশ এখনো তৈরি হয়নি। আপনারা যে মোশানটা নিয়ে এসেছেন এর কোনো সারবত্তা নেই, এর কোনো ভিত্তি নেই, উদ্দেশ্যপ্রণোদিতভাবে আপনারা নিয়ে এসেছেন, আমি এর তীব্র বিরোধিতা করছি।

(ভয়েস : এখানে এত পুলিশ কেন ?)

মিঃ ডেপুটি স্পীকার : এখানে কোনো পুলিশ নেই, এরা আমাদের স্টাফ। বসুন, বসুন।

(নয়েজ)

শ্রী বুদ্ধদেব ভট্টাচার্য : মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আজকে আমাদের দুর্ভাগ্য বিরোধীরা এই সুমহিম সভায় অধ্যক্ষের বিরুদ্ধে অনাস্থা এনেছেন। আমার বাজেট স্পীচে আমি সুমহিম লিখেছি, আপনারা কথাটা একটু ভুল করেছেন। এই সভায় বিরোধীরা অধ্যক্ষের বিরুদ্ধে অনাস্থা এনেছেন। আমরা উনিশ বছর ধরে ওনাকে দেখছি। অতীতে যখন এই বিধানসভায় আলোচনা হয়েছে, বিশেষ করে বিধানসভার অধিবেশনের শেষ দিনে আনুষ্ঠানিকভাবে যখন আমরা বক্তব্য রাখি প্রতিবারই আমরা অধ্যক্ষ সম্পর্কে—সরকারি পক্ষ এবং বিরোধী পক্ষ—

একমত হয়ে বলেছি, গণতন্ত্র সম্পর্কে তাঁর মুল্যবোধ, তাঁর কর্মদক্ষতা, একজন বিশিষ্ট আইনজীবী হিসাবে তাঁর জ্ঞান আমরা দেখেছি। দূর্ভাগ্যের বিষয় সৌগতবাবু মাননীয় অধ্যক্ষ মহাশয়কে [***] সঙ্গে তুলনা করেছেন। উনি [***] মতো নাকি ব্যবহার করছেন।

(ভয়েস : শ্রী সৌগত রায় : আমি এই কথা বলিনি।)

(নয়েজ)

[1.40—1.50 p.m.]

(ডে. স্পীকার : ঠিক আছে, বাদ যাবে)

আপনি না বলে থাকলে খুব ভালো কথা, আমি তুলে নিচ্ছি। কিন্তু একবার দেখে নিতে হবে স্যার। আপনাকে বলছি, তিনি শুধু এই বিধানসভাতেই তাঁর সাফল্য দেখাননি, দিল্লীতে যখন সর্বভারতীয় অধ্যক্ষদের সম্মেলন হয়, সেই সম্মেলনগুলোতেও তিনি মধ্যমনি হিসাবে সম্মান পান। সেই শ্রীহাসিম আবদুল হালিম, আমাদের মাননীয় স্পীকার, তিনি কমনওয়েলথ পার্লিয়ামেন্টারি অ্যাসোসিয়েশনে পরপর দু-বার ছিলেন ভাইস প্রেসিডেন্ট। এটা পশ্চিমবাংলা বিধানসভারই নয়, সমস্ত ভারতবাসীর কাছে একটা সম্মানের বিষয়। এখন তিনি সেখানে ভাইস প্রেসিডেন্ট নেই, কিন্তু কমনওয়েলথ পার্লিয়ামেন্টারি অ্যাসোসিয়েশন থেকে তাঁকে রিসোর্স পার্সন হিসাবে সম্মান দিয়েছেন। এই অধিবেশন শেষ হবার পরই তিনি যাচ্ছেন। কমনওয়েলথ্ পার্লিয়ামেন্টারি কমিটি তাঁকে পাঠাচ্ছে আফ্রিকাতে। আফ্রিকার যে কটি দেশে পার্লিয়ামেন্টারি ডেমোক্রেসি আছে, সেখানে পার্লিয়ামেন্টারিয়ানদের কাছে সংসদীয় গণতন্ত্রের রীতিনীতি, পদ্ধতিগুলো রাখবেন। এই সম্মান তাকে দেওয়া হয়েছে। তিনি সভাপতি আছেন দীর্ঘদিন ধরে। ওয়ার্ল্ড ফেডারেশন অফ ইউনাইটেড নেশনস্, আপনি জানেন ১১০টি দেশে এর শাখা আছে এবং আন্তর্জাতিক এই কমিটিরও সভাপতি তিনি—হাসিম আবদুল হালিম, তাঁর বিরুদ্ধে আপনারা অনাস্থা এনেছেন। অনাস্থা প্রস্তাবের আলোচনা করতে গিয়ে কিছু কথাও উঠেছে। আপনারা যেসব অভিযোগ করেছেন, সেসবের মধ্যে আমি যাব না, শুধু কয়েকটি কথা আমাকে বলতেই হবে। আপনি বললেন তিন বার, শোভনদেববাবু সংশোধন করে বললেন চারবার, তাঁর বিরুদ্ধে অনাস্থা প্রস্তাব আনা হয়েছে। আপনি বললেন আমাদের বিধানসভার ইতিহাসে অতীতে এরকম কোনো নজির নেই। তবে, এরকম একটা বিরোধী দলের মতো দলেরও কোনো নজির নেই আমাদের বিধানসভায়, এ একেবারে তুলনাহীন দল, একেবারে নজিরবিহীন। এখানে একটা কথা উঠেছে, এখানে বিরোধী সদস্যরা একটা ব্যাপারে খুব স্পর্শকাতর হয়েছে ঠিকই, আমিও ব্যাপারটা নিয়ে চিন্তা করেছি—আগেও চিন্তা করেছি, এখনও করছি—এই নিরাপত্তা কেন ? এর বিরুদ্ধে বলতে চাই। মন্ত্রীরা যাঁরা বসে আছেন, এদিকে যাঁরা বসে আছেন, আমাদের নিরাপত্তার কোনো প্রয়োজন নেই, আমাদের জন্য আনিনি। কিন্তু কেন আনতে হয়েছে ? ভোট অন অ্যাকাউন্টের সময় মাননীয় রাজ্যপাল যখন এখানে এসেছিলেন, তাঁকে শারীরিকভাবে আঘাত করা হয়েছে। আমি মনে করি

***Expunged as ordered by the chair.

মাননীয় রাজ্যপালের সঙ্গে কী আলোচনা হয়েছে, সেটা আমার বলা উচিত নয়, আমি বলতেও চাই না। তবে দায়িত্ব নিয়ে বলছি, তাঁকে শারীরিকভাবে নিগৃহীত হতে হয়েছিল আপনাদের হাতে। এই হচ্ছে আপনাদের দল। আর আমাদের এই হাউসে অতীতে কোনোদিন দেখা যায়নি যে বিরোধী দলের নেতা অধ্যক্ষের মাইকে গিয়ে কথা বলেছেন, স্লোগান দিচ্ছেন। এরকম কোনো অতীত অভিজ্ঞতা আমাদের নেই। আমি এখানেও খুব স্পষ্ট করে বলতে চাই যে, এই নিরাপত্তা বাহিনী এখানে না রাখলেই ভালো হত। আবার এই কথা বলতে চাই নিরাপত্তা বাহিনী এখানে না রাখলে ভালো হত। আমি এখানে বিরোধী দলের নেতাদের কাছে আবেদন করব এই সভার সুস্থ অবস্থা আপনারা ফিরিয়ে আনুন। মন্ত্রীদের কোনো প্রয়োজন হবে না। শুধু আপনারা আপনাদের অবস্থা আমাদের জানিয়ে দিন যে, আপনারা শুধু সংসদীয় গণতন্ত্রের রীতিনীতির মধ্যে থাকবেন, না তার বাইরে যাবেন। এটা আপনারা পরিষ্কার করে জানান। আমরা রাজ্যপালের নিরাপত্তার প্রশ্নে, অধ্যক্ষের নিরাপত্তার প্রশ্নে, উপাধ্যক্ষের নিরাপত্তার প্রশ্নে এইসব প্রশ্নের কাছে আমরা কোনো আপস করব না। আপস করতে পারি না। আমরা রাজ্যপালের নিরাপত্তার প্রশ্নে কোনো আপস করতে পারি না। এই কারণে আমরা করতে বাধ্য হয়েছিলাম। আমি এখনও বলছি, আবেদন করছি যদি আপনারা গণতন্ত্রের ডিগনিটির মধ্যে থাকেন, সবাই কি হওয়া উচিত, কি হওয়া উচিত নয়, আপনারা ভালো করেই জানেন। পুরনো সদস্য অনেকে আছেন। নতুন সদস্যরা জানেন না। পুরনো সদস্যরা আছেন। যদি আপনারা এই দায়িত্ব নেন, আমি বিশ্বাস করি এই আবহাওয়ার মধ্য দিয়ে চলতে পারে না। আমি আমার বক্তব্য আর দীর্ঘ করব না। আপনাদের কাছে আবার বলব এই কথা আমার সংসদীয় মন্ত্রী প্রবোধ সিনহা বলেছেন, ওই গণতন্ত্র, ওই দলভিত্তিক গণতন্ত্রে স্পীকারের কি ভূমিকা হওয়া উচিত। সৌগতবাবুও বক্তৃতায় এই সব কথা বলেছিলেন। স্মরণ করিয়ে দিই তাঁকে—জরুরি অবস্থার দিনগুলিতে স্পীকার ছিলেন বলরাম জাখর। তিনি তখন পার্লামেন্টে কি করেছিলেন সেটা একটু উল্টে দেখে নেবেন। এরপর আমি আপনাদের কাছে এই কথা বলতে চাই আমাদের অধ্যক্ষ আমাদের এই বিধানসভার সম্পদ, কিন্তু আপনারা এমন একটা দল, এমন একটা সংস্কৃতি নিয়ে এসেছেন যে, এই সংঘাত অনিবার্য। তাই বলছি এখনও আপনারা নিজেদের যুক্তি বিচারে সুস্থতা ফিরিয়ে নিয়ে আসুন যাতে বিধানসভার এই অবস্থা পরিবর্তন হয় এবং অধ্যক্ষ তার সম্মান-এর আসন থেকেই এই বিধানসভা পরিচালনা করতে পারেন, এই আবেদন জানিয়ে আপনাদের এই প্রস্তাবের সম্পূর্ণ বিরোধিতা করে আমার বক্তব্য শেষ করছি।

শ্রী সৌগত রায় : স্যার, এই যে ডিবেট হল, তার রিপ্লাইয়ের ছোট্টো জবাবে আমি বলছি—রাজপালের নিরাপত্তার কথা বুদ্ধদেববাবু বলেছেন। আমি তাঁকে স্মরণ করিয়ে দিতে চাই ১.৩.৬৯-এ সেদিন ধরমবীরা রাজ্যপাল ছিলেন। প্রমোদ দাশগুপ্ত বললেন ইউনাইটেড ফ্রন্ট এম. এল. এ.-দের "তোমরা ধরমবীরাকে ঘেরাও কর।" তারপর বলা হচ্ছে যে, গভর্নর যখন চলে গেলেন ইউনাইটেড ফ্রন্ট এম. এল. এ. এবং মন্ত্রীরা দাঁড়াল না। তাঁর গাড়িতে হামলা করা হল। তাঁর উপর থুতু ফেলা হল এবং লাথি মারা হল।

এই হচ্ছে ১.৩.৬৯-এ ইউনাইটেড ফ্রন্ট-এর চেহারা। আমি হালিম সাহেবের প্রশংসা করছি। আমি জানি যে, তিনি কমনওয়েলথ পার্লামেন্টারি অ্যাসোসিয়েশানের মধ্যে আছেন এবং আমি এটাও জানি যে, তার মতো এয়ারলাইনস বিল আর কারোর জন্য খরচ হয় না। কিন্তু আপনাকে স্মরণ করিয়ে দিতে চাইছি যে, হালিম সাহেব আমাদের শ্রদ্ধেয় ছিলেন। কিন্তু কমনওয়েলথ পার্লামেন্টারি অ্যাসোসিয়েশানের প্রেসিডেন্ট পদে কনটেস্ট করে তিনি হেরে গিয়েছিলেন মালয়েশিয়াতে। আপনি একটু ভেরিফাই করে দেখবেন। সুতরাং সবটাই পজেটিভ নয়। আমি খুশি হতাম যদি বুদ্ধদেববাবু আমি যে ১০ দফা চার্জ দিয়েছিলাম, তার একটা উত্তর দিতেন। আমি বলেছিলাম ওয়াকফের ব্যাপারে। তার যোগাযোগের ব্যাপারে। আমি বললাম যে, হাউসে তিনি যেভাবে বি. এ. কমিটির মেম্বারের উপর রাইড রাফশেড করলেন, সেই ব্যাপারে একটু ব্যবস্থা নিন। হাউসে বারবার বিরোধী দলের নেতাকে প্রশ্ন করতে না দেওয়া, এই যে অশিষ্টতা, এটা স্পীকার পরিহার করুন। আমি বারবার বলেছিলাম যে স্পীকার বায়াসড্ হবেন কেন ? তার কারণ স্পীকারের কাজ তাদের সকলের স্বার্থ দেখা। পণ্ডিত জওহরলাল নেহরু বলেছিলেন কনস্টিটিউয়েন্ট অ্যাসেম্বলিতে "There is always that danger—even from a National Government—that it may choose to ride roughshed over others that there is always a danger from a majority that it may choose to ride roughshed over the opinions of a minority and it is from that the Speaker comes in to protect each single Member." স্পীকারের দায়িত্ব হচ্ছে যে, মেজরিটি মাইনরিটিকে দমিয়ে না দিতে পারে সেটা দেখা। কিন্তু স্পীকার তা পালন করেন না। আমরা এইকথা তো বলছি যে, আজকে স্পীকার কনট্রোভার্সিয়াল হয়ে গেছে। আজকে তার নির্বাচন নিয়ে মামলা উঠেছে। মামলার সেই কেসে কী বলছে ?

[1.50—2.00 p.m.]

সেই নিয়ে মামলা উঠেছে। সেই মামলায় কি বলছে, [* * *]

(গণ্ডগোল)

মিঃ ডেপুটি স্পীকার : মিঃ সৌগত রায়, জুডিসিয়াল যেটা, সাবজুডিস ম্যাটার, আপনি অনেকদিন ধরে পার্লামেন্টেরিয়ান এগুলো বাদ যাবে। এগুলো সাবজুডিস ম্যাটার। এগুলো বলা যাবে না। এটা বাদ যাবে।

শ্রী সৌগত রায় : আপনি তো জানেন না স্যার, ভুল রুলিং দিচ্ছেন। আমি বলছি ইলেকশন পিটিশন হয়েছে এ তো পাবলিক নলেজ, কাগজে বেরিয়েছে। সাবজুডিস আবার কি ? হাউসের নিয়ম আপনি নতুন করে তৈরি করতে চান ? সেখানে করাপ্ট প্র্যাকটিসের অভিযোগ রয়েছে। আমি আবার রিপিট করছি এটা রেকর্ডেড হোক। আমি এই কথা বলতে চাই স্যার, আমরা এই হাউসে পাবলিকের গ্রিভান্স এই হাউসে ভেন্টিলেট করবই। মানুষের

---

* * *Expunged as ordered from the chair.

কাছে তুলে ধরবই। সুভাষ চক্রবর্তী যুবভারতী ক্রীড়াঙ্গনে সমাজবিরোধীদের আশ্রয় দেবেন আমরা তার বিরুদ্ধে প্রতিবাদ করবই। তাকে বাঁচাবার জন্য বুদ্ধদেববাবু চেষ্টা করবেন আমরা তার বিরুদ্ধে প্রতিবাদ করবই। গ্যাঞ্জেস জুট মিলে শ্রমিক সোমেশ্বর রাওকে গুলি করে মারা হবে আমরা তার বিরুদ্ধে প্রতিবাদ করবই। প্রবোধবাবু আমাদের রুল শেখাচ্ছেন। যে বিরোধীদের ডিম ছুঁড়ে, চটি ছুঁড়ে, কাঠের খণ্ড ছুঁড়ে বিরোধী থেকে সরকারি দলে গিয়েছেন তাঁদের মুখে আমরা জ্ঞানের কথা শুনতে চাই না। আপনারা পশ্চিমবাংলায় গণতন্ত্রকে কোন জায়গায় কত নীচে নামানো যায় আপনারা বারবার দেখিয়েছেন এবং আমরা তো দেখালুম যে আপনারা সরকারে থাকতে ৬৯ সালে ইউনাইটেড ফ্রন্ট রেজিমের সময়ে, গভর্নরের গাড়িতে থুতু দিয়েছেন, তিনি গিয়েছেন তাঁকে উঠে দাঁড়িয়ে কার্টসি পর্যন্ত দেখাননি। আজকে বুদ্ধদেববাবু বলছেন যে গভর্নরকে বাঁচানোর জন্য ডিটেকটিভ ডিপার্টমেন্টের কনস্টেবলদের নিয়ে এসেছেন। বুদ্ধদেববাবু আমি আমার দলের থেকে দায়িত্ব নিয়ে বলছি যে আপনারা বললেন আপনাদের দলের কোনো নিরাপত্তার দরকার নেই, আমাদের বিরোধীদেরও কোনো নিরাপত্তার দরকার নেই, আপনি ওই পুলিশগুলোকে বার করুন, চোখের সামনে যখন দেখি ডি. ডি. কনস্টেবলরা পবিত্র বিধানসভায় দাঁড়িয়ে আছে তখন লজ্জা হয়, ওরা আমাদের মহিলা সদস্যদের গায়ে হাত দেয় তখন আমাদের লজ্জা হয় হাউসের সদস্য হিসেবে। তাই আমি আবার বলছি হয় স্পীকার সাহেবকে বলুন পদত্যাগ করতে না হলে

(মাইক অফ)

The motion of Shri Saugata Roy "that this House expresses its no-confidence in the Speaker and resolves that he be removed from his office" was then put and a division was taken with the following result.

NOES

Abdur Razzak Molla, Shri
Abu Ayes Mondal, Shri
Abul Hasnat, Shri
Acharya, Shri Manik Lal
Adhikary, Shri Nisith
Adhikary, Shri Paresh Chandra
Anisur Rahaman Sarkar, Shri
Badal Zamadar, Shri
Bag, Shri Kartick Chandra
Bagdi, Shri Kiriti
Bala, Dr. Asim
Basu, Shri Badal
Bauri, Shri Madan

Bauri, Shri Ramcharan
Bera, Shri Dipak
Bera, Shri Nityananda
Bhattacharjee, Shri Buddhadeb
Bhattacharjee, Shri Nanda Gopal
Bhowal, Shri Subrata
Bhowmick, Shri Prafulla Kumar
Biswas, Shri Kamalakshmi
Biswas, Shri Kanti
Biswas, Shri Sushil
Biawas, Smt. Susmita
Bose, Shri Subrata
Chakraborty, Shri Satyasadhan
Chatterjee, Smt. Nirupama
Chatterjee, Shri Pratim
Chattopadhyay, Shri Tapas
Chaudhuri, Shri Amar
Choudhuri, Shri Nripen
Choudhuri, Smt. Asima
Choudhury, Shri Bansagopal
Chowdhury, Shri Biswanath
Chowdhury, Shri Jayanta
Chowdhury, Shri Nanigopal
Chowdhury, Shri Subhendu
Dakua, Shri Dinesh Chandra
Dal, Smt. Nanda Rani
Das, Shri Ananda Gopal
Das, Dr. Debesh
Das, Shri Jagadish Chandra
Das, Shri Nirmal
Das, Shri Paresh Nath
Das, Shri Puspa Chandra
Das, Shri Ratan
Dasgupta, Dr. Asim Kumar
Dasthakur, Shri Chittaranjan
Datta, Shri Binoy
Deb, Shri Goutam

Deb, Shri Rabin
Dey, Smt. Ibha
Dey, Shri Naren
Dhar, Shri Padma Nidhi
Duley, Shri Krishna Prasad
Dutta, Shri Gurupada
Dutta, Smt. Sarmistha
Ganguly, Smt. Kanika
Gayen, Shri Nripen
Ghose, Smt. Manasi
Ghosh, Shri Bankim
Ghosh, Shri Bhaktipada
Ghosh, Shri Pankaj
Ghosh, Shri Rabindra
Ghosh, Shri Sunil Kumar
Ghosh, Shri Susanta
Goala, Shri Rajdeo
Goswami, Shri Subhas
Guha, Shri Kamal
Hafiz Alim Sairani, Shri
Hatial, Shri Bhabani Sankar
Hazra, Shri Samar
Hembram, Shri Rabindra Nath
Hembrom, Shri Jadu
Hore, Shri Tapan
Id Mohammad, Shri
Jane Alam Mian, Shri
Kabi, Shri Pelab
Kanji, Shri Bansari Mohan
Kar, Smt. Anju
Khan, Shri Sukhendu
Khanra, Shri Saktipada
Kisku, Shri Upen
Kujur, Smt. Kumari
Kundu, Shri Ranjit
Lakra, Shri Somra
Laya, Dr. Tushar Kanti

Mafuja Khatun, Smt.
Mahata, Shri Khagendranath
Mahata, Smt. Shamya Pyari
Maitra, Shri Banshi Badan
Majhi, Shri Bhandu
Majhi, Shri Nanda Dulal
Majhi, Shri Tamal Chandra
Mal, Shri Nimai
Malick, Shri Shiba Prasad
Mallik, Smt. Sadhana
Mandal, Shri Subhas
Mandi, Shri Sambhu Nath
Mondal, Shri Biswanath
Mondal, Shri Ganesh Chandra
Mondal, Shri Kshiti Ranjan
Mondal, Shri Mohan
Mondal, Shri Sailen
Md. Salim, Shri
Md. Yakub, Shri
Mehbub Mondal, Shri
Mehta, Shri Nishi Kanta
Minj, Shri Prokash
Modak, Shri Dhananjoy
Mohammed Amin, Shri
Mojibor Rahaman, Shri
Mostafa Bin Quasem, Shri
Mukherjee, Shri Braja
Mukherjee, Shri Manabendra
Mukherjee, Shri Manas
Mukherjee, Smt. Nabanita
Mukherjee, Shri Narayan
Mukherjee, Shri Pratyush
Mukhopadhyay, Shri Ashutosh
Munda, Shri Chaitan
Murmu, Shri Maheswar
Mursalin Molla, Shri
Nanda, Shri Brahmamoy

Nanda, Shri Kiranmoy
Naskar, Shri Subhas
Nazmul Haque, Shri
Noorar Rahman, Shri
Paik, Shri Sunirmal
Pakhira, Shri Ratan
Pal, Shri Shyama Prosad
Patra, Shri Manoranjan
Raha, Shri Sudhan
Routh, Shri Dibakanta
Roy, Shri Amalendralal
Roy, Shri Gobinda
Roy, Shri Lakshmi Kanta
Roy, Shri Narmada Chandra
Roy, Shri Nripendra Nath
Roy, Shri Samar
Sahis, Smt. Bilasibala
Samanta, Shri Rampada
Sanatani, Smt. Mina
Sanyal, Shri Kamalendu
Saren, Shri Bhutnath
Sarkar, Shri Dipak Chandra
Sarkar, Shri Nayan
Sarkar, Shri Sailen
Seal, Shri Sudhangshu
Sen, Shri Dhiren
Sengupta, Shri Purnendu
Shamsul Islam Molla, Shri
Shaw, Dr. Pravin Kumar
Singh, Smt. Jyotsna
Singh, Shri Lagan Deo
Sinha, Shri Prabodh Chandra
Sk. Jahangir Karim, Shri,
Sk. Majed Ali, Shri
Saren, Shri Khara
Tamser Ali, Shri
Thakur, Shri Akshoy

Tirkey Shri Dasrath
Tudu Shri Makar
Tudu, Shri Sadhu
Unus Ali Sarkar, Shri
D'costa Hart, Smt. Gillian Rosemary

AYES

Abdul Karim Choudhary, Shri
Adhikari, Shri Sisir
Bajaj, Shri Satyanarayan
Bakshi, Shri Subrata
Bandyopadhyay, Smt. Nayna
Bandyopadhyay, Shri Tarak
Banerjee, Shri Ambica
Banerjee, Shri Asish
Banerjee, Shri Kalyan
Banerjee, Shri Pankaj
Bhadra, Shri Arup
Bhunia, Shri Ajit
Chakrabarti, Shri Biman
Chatterjee, Shri Partha
Chattopadhyay, Shri Sobhandeb
Datta, Smt. Tapati
De (Nag), Dr. Ratna
Ghatak, Shri Moloy
Ghosh, Shri Arunava
Ghosh, Shri Dipak Kumar
Ghosh, Shri Nirmal
Giri, Shri Akhil
Guha, Smt. Sonali
Hazra, Shri Bankim Chandra
Khan Shri Kallol
Lahiri, Shri Jatu
Mallik Shri Jyotipriya
Mandal, Shri Kalipada
Mishra, Shri Kashinath
Mondal, Shri Dilip

Mondal, Shri Tanmoy
Mukherjee, Shri Apurba
Mukherjee, Shri Ashoke (Gopal)
Mukherjee, Shri Sibdas
Mukherjee, Shri Subrata
Mukherjee, Prof. Swaraj
Naskar, Shri Gobinda Chandra
Pakhira, Shri Manturam
Pande, Shri Sadhan
Paul, Shri Tapas
Ray, Shri Nirbed
Raychowdhury, Shri Biplab
Roy, Shri Saugata
Roy, Shri Tapas
Saha, Shri Pundarikakshya
Sardar, Shri Sital Kumar
Singh, Shri Arjun
Abu Hasem Khan Choudhury, Shri
Abu Hena, Shri
Chatterjee, Shri Rabindranath
Dey, Shri Ajoy
Golam Kibria Miya, Shri
Humayun Reza, Shri
Lakra, Shri Paban Kumar
Mahabubul Haque (Badal), Shri
Mainul Haque, Shri
Mal, Shri Asit Kumar
Mitra, Shri Asit
Mitra, Smt. Sabitri
Mostaque Alam, Shri
Mukherjee, Shri Kamal
Paul, Smt. Maya Rani
Quazi Abdul Gaffar, Shri
Ray, Shri Pramatha Nath
Roy, Shri Chittaranjan
Rubi Noor, Smt.
Sinha, Shri Atish Chandra

Abu Taher Khan, Shri
Hamidul Rahaman, Shri
Mahoto, Shri Nepal
Niamot Sk., Shri

The Ayes being 71, and the Noes 166, thed resolution was lost.

POINT OF INFORMATION

শ্রী রবীন দেব : স্যার, আমার পয়েন্ট অফ ইনফরমেশন হচ্ছে, মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, মাননীয় সদস্য সৌগত রায় এখানে উপস্থিত আছেন, তিনি বক্তব্য রাখতে গিয়ে তাঁর জবাবী বক্তৃতার মধ্যে ধর্মবীরার যে উক্তি দিলেন এবং ডেট মেনশন করলেন আমি তা দায়িত্ব নিয়ে বলতে পারি ১লা ফেব্রুয়ারি, ১৯৬৯ সালে, সেই সময় হাউজের এগজিস্ট ছিল না, তখন রাষ্ট্রপতি শাসন চলছিল। তারপর মার্চ মাসে ভোট হয়েছিল, এইভাবে হাউজকে বিভ্রান্ত করা হয়েছে, এটা এখান থেকে বাদ দেওয়ার ব্যবস্থা করুন।

ADJOURNMENT MOTION

Mr. Speaker: Today I have received four notices of Adjournment Motions. The first one is from Dr. Asish Banerjee on the subject of alleged lathi charge by police on the agitators at Burdwan on 18.07.2001 against enhancement of fees in schools and colleges. The second one is from Shri Ashok Kumar Deb on the subject of alleged lathi charge by police on the agitators at Burdwan against enhancement of fees in schools and colleges. The third one is from Shri Asit Kumar Mal on the subject of alleged agitations by students protesting against enhancement of fees in schools and colleges. And the fourth one is from Shri Kashinath Mishra on the subject of dispossession of properties of the Calcutta University.

The subject matter of the first, second and third motions relate to the Home (Police) Department, demand for grants of which is scheduled to be taken up for discussion and voting today. The members will get ample scope to raise the matter for discussion in the House today.

The subject matter of the fourth motion is not such that may call for the adjournment of the business of the House. The members may invite the attention of the Minister concerned through Calling Attention, Mention, Question, etc.

I, therefore, withhold my consent to all the motions.

One member of the party may however read the text of the motion as amended.

[2.00—3.00 p.m. (including recess)]

CALLING ATTENTION (NOTICE)

Mr. Speaker: Today I have received seven notices of Calling Attention on the following subjects, namely :

	Subjects	Name
(i)	Recruitment of teachers through School Service Commission	: Shri Nepal Mahato
(ii)	Deplorable condition of Rampurhat Sub-divisional Hospital	: Dr. Asish Banerjee
(iii)	Suspension of bus service in Bishnupur-Durgapur route due to deplorable condition of roads	: Shri Kashinath Misra
(iv)	Mysterious death of one lady near Burtola P.S.	: Shri Ashok Kumar Deb
(v)	Formation of Regulated Marketing Committee at Karimpur, Nadia	: Shri Prafulla Kumar Bhowmik
(vi)	Formation of 'Investment Promotion Board' and 'State Investment Promotion Centre'	: Shri Tapan Hore
(vii)	Measures taken to prevent flood and bank-erosion in the State	: Shri Nirmal Das

I have selected the notice of Shri Prafulla Kumar Bhowmik on the subject of formation of Regulated Marketing Committees at Karimpur, Nadia.

The Minister-in-Charge may please make a statement today, if possible or give a date.

Shri Prabodh Chandra Sinha: Sir, the statement will be made on 24th July, 2001.

LAYING OF RULES

The West Bengal Municipal (Ward Committee) Rules, 2001

Shri Prabodh Chandra Sinha: Sir, with your permission, I beg to lay the West Bengal Municipal (Ward Committee) Rules, 2001, published in the Calcutta Gazette, Extraordinary, dated 6th February, 2001 under Notification No. 119/MA/0/C-4/1A-35/2000, dated 6.2.2001.

Mr. Speaker: Now recess. We will meet again at 3 O'clock.

(At this stage the House was adjourned for recess till 3 p.m.)

[3.00—3.10 p.m.]

(After recess)

শ্রী তপন হোড়: স্যার, আজকের সান্ধ্য খবরের কাগজে বলা হয়েছে, 'পুলিশের দ্বারস্থ পুত্রবধূ, মামলা আদালতে। তৃণমূল বিধায়কের বিরুদ্ধে অভিযোগ বধূ নির্যাতনের।' এখানে মাননীয় সদস্য দীপক ঘোষের নামে এই কথা বলা হয়েছে। এটা একটা ভয়ঙ্কর ব্যাপার। লোকপাল বিল আসছে, এরপর বিধায়ক বা মন্ত্রী কেউ ছাড় পাবেন না। কাজেই এই ধরনের কোনো বিধায়কের বিরুদ্ধে নারী নির্যাতনের কেস আমাদের বিরুদ্ধে অসম্মানের। আমি আপনার দৃষ্টি আকর্ষণ করছি।

মিঃ স্পীকার: না না, এ সব হয় না। বসুন। আমি আবার মেম্বারদের মনে করিয়ে দিই, খবরের কাগজের রিপোর্ট নিয়ে এখানে আলোচনা করা যায় না। আপনারা খবরের কাগজের কোনো রিপোর্ট নিয়ে এখানে আলোচনা করবেন না। বিটুইন পার্টিস-লিটিগেশন থাকতেই পারে, কোনো কেস থাকতেই পারে, সেটা কোর্ট বিচার করবে। দ্যাট ইজ নট এ পার্ট অফ দি পার্লামেন্টারি ফাংশনিং। স্বামী-স্ত্রীর মধ্যে মামলা হতে পারে, পুত্রবধূ-শ্বশুরের মধ্যে হতে পারে, ভাই-বোনে হতে পারে, বাবা-মা'র মধ্যে হতে পারে, অনেক ব্যাপার থাকতে পারে। আমরা কেন তার মধ্যে ইনভল্‌ভ হব ? ডোন্ট ডু ইট।

DISCUSSION AND VOTING ON DEMAND FOR GRANT

Demand No. 21

Mr. Speaker: Now, discussion and voting on Demand No. 21.

শ্রী বুদ্ধদেব ভট্টাচার্য: মাননীয় অধ্যক্ষ মহাশয়, রাজ্যপালের সুপারিশক্রমে আমি প্রস্তাব করছি যে, ২০০১-২০০২ সালের ব্যয়নির্বাহের জন্য ২১ নং দাবির অধীনে মুখ্যখাত

"২০৫৫-পুলিশ" বাবদ ১০০৯,৭০,৪১,০০০ (এক হাজার নয় কোটি সত্তর লক্ষ একচল্লিশ হাজার) টাকা মঞ্জুর করা হোক। ইতিমধ্যে ভোট-অন-অ্যাকাউন্টে গৃহীত টাকাও এর মধ্যে ধরা হয়েছে।

২। এই একই খাতে ২০০০-২০০১ সালে ৯১৩,৪৪,৪৩,০০০ (নয়শ' তেরো কোটি চুয়াল্লিশ লক্ষ তেতাল্লিশ হাজার) টাকা মঞ্জুর করা হয়েছিল। কর্মচারীদের বেতন ও ভাতা বৃদ্ধি, নতুন পদ সৃষ্টি, বাহিনীসমূহের ব্যবহারের জন্য যান ও অত্যাবশ্যক সাজ-সরঞ্জাম ক্রয়, নবগঠিত বিভিন্ন ইউনিট ও সেইসঙ্গে পুলিশ কর্মীবর্গের স্থান সঙ্কুলানের জন্য ভবন নির্মাণ ও অধিগ্রহণ, পরিকাঠামোগত বর্তমান সুযোগ-সুবিধার উন্নতিবিধান ও নতুন পরিকাঠামো গড়ে তোলা ইত্যাদি বাবদ আরও বেশি সংস্থান রাখার ফলে বিগত বছরের তুলনায় ২০০১-২০০২ সালে ব্যয়ের পরিমাণ বৃদ্ধি পেয়েছে। প্রশাসনিক কাঠামোকে মজবুত করার প্রয়োজনেই এইসব ব্যবস্থা গ্রহণ করতে হয়েছে।

৩। মাননীয় সদস্যদের আমি আনন্দের সঙ্গে জানাচ্ছি, এই বিধানসভার সাধারণ নির্বাচন ও একটি লোকসভা নির্বাচন ক্ষেত্রের উপ-নির্বাচন কয়েকটি বিক্ষিপ্ত ঘটনা বাদে শান্তিপূর্ণভাবেই সম্পন্ন হয়েছে। এই কৃতিত্ব রাজ্যের জনগণ, প্রতিদ্বন্দ্বী প্রার্থী ও রাজনৈতিক দলসমূহ এবং সদাসতর্ক প্রশাসনের প্রাপ্য। বিপুল সংখ্যক ভোটদাতার ভোটদান আরও একবার এই রাজ্যের জনগণের রাজনৈতিক সচেতনতার পরিচয় দিয়েছে। বামফ্রন্ট সরকার ষষ্ঠবারের জন্য ক্ষমতায় আসীন হয়েছে। এই ঘটনা শুধুমাত্র এ দেশের ইতিহাসেই নয়, অন্যান্য দেশের ইতিহাসেও অনন্য। প্রাক-নির্বাচনী পর্বে কিছু বিক্ষিপ্ত হিংসাত্মক ঘটনার খবর পাওয়া গিয়েছে। এ-ধরনের ঘটনা কঠোরভাবে মোকাবিলার জন্য প্রশাসন দ্রুত ব্যবস্থা নিয়েছে। আমি সমস্ত রাজনৈতিক দলের কাছে হিংসা পরিহারের জন্য আবেদন জানাচ্ছি। আইন-শৃঙ্খলা রক্ষা, গণতান্ত্রিক আদর্শ তুলে ধরা ও রাজ্যের অর্থনৈতিক বিকাশকে ত্বরান্বিত করতে অনুকূল পরিবেশ সৃজনের জন্যও আমি আপনাদের সকলের সহযোগিতা কামনা করছি।

৪। আমাদের রাজ্য সারা বছর ধরে সাম্প্রদায়িক শান্তি ও সম্প্রীতির ঐতিহ্য বজায় রেখেছে। ইতস্তত বিক্ষিপ্ত কিছু ঘটনা ছাড়া এই রাজ্যের সমস্ত ধর্ম ও বর্ণের মানুষ শান্তিপূর্ণ পরিবেশে বসবাস করছে এবং সাম্প্রদায়িক ও মৌলবাদী শক্তিসমূহের প্ররোচনার মুখে এই রাজ্যের জনগণ যে দৃষ্টান্তমূলক সংযমের পরিচয় দিয়েছেন তা পরিতৃপ্তির বিষয়। এই অবসরে আমরা যে কোনো মূল্যে সাম্প্রদায়িক শান্তি ও সম্প্রীতি অক্ষুণ্ণ রাখার সংকল্প আরও একবার ব্যক্ত করছি।

৫। তবে উত্তরবঙ্গে সংঘটিত কয়েকটি ঘটনা সম্পর্কে আমরা গভীরভাবে উদ্বিগ্ন এবং আমরা তাদের গতিবিধির উপর কড়া নজর রাখছি। বেশ কিছুকাল ধরেই সন্নিহিত একটি রাজ্যের আলফা ও বোড়ো জঙ্গিরা শিলিগুড়ি করিডর ব্যবহার করছে। এই জঙ্গিরা অস্ত্রশস্ত্র সরবরাহ করা, প্রশিক্ষণ দেওয়া ও অন্যান্য সহায়তার মাধ্যমে উত্তরবঙ্গে কে. এল. ও.-র মতো বিচ্ছিন্নতাবাদী ও নাশকতাকামী বিভিন্ন গোষ্ঠীকে মদত দিচ্ছে। এইসব জঙ্গি সংগঠন ব্যবসায়ী

ও শিল্পপতিদের কাছ থেকে টাকা আদায়ের কাজে কে. এল. ও.-কে ব্যবহার করছে। এদের কার্যকলাপ যথেষ্ট পরিমাণে নিয়ন্ত্রণ করার ক্ষেত্রে রাজ্য প্রশাসনের সতর্ক নজরদারি সফল হয়েছে এবং এদের বিপুল সংখ্যক সক্রিয় কর্মীকে গ্রেপ্তার করা হয়েছে। আমরা প্রতিবেশী একটি দেশকে ওই দেশের ভূখণ্ডে এ-ধরনের সমস্ত প্রশিক্ষণ শিবির বন্ধ করে দেওয়ার জন্য রাজি করাতে ভারত সরকারের সঙ্গে আলোচনা চালিয়ে যাচ্ছি।

৬। পি. ডব্লিউ. জি./এম. সি. সি.-র ছত্রছায়ায় কিছু বিপথগামী শক্তি মেদিনীপুর, বাঁকুড়া ও পুরুলিয়া জেলার প্রত্যন্ত অঞ্চলে বসবাসকারী সরল ও শান্তিপ্রিয় মানুষের ভাবাবেগকে অসদুদ্দেশ্যে কাজে লাগানোর প্রয়াস চালিয়ে যাচ্ছে। রাজ্য প্রশাসন ওই অঞ্চলে নজরদারি ব্যবস্থা জোরদার করেছে এবং এদের গ্রেপ্তার করার জন্য ঘন ঘন অতর্কিত অভিযান চালানো হচ্ছে। তা ছাড়া, উন্নয়নমূলক ও অর্থনৈতিক কর্মকাণ্ডে এইসব গ্রামীণ মানুষদের সামিল করার মাধ্যমে অবস্থার উন্নতি ঘটানোর জন্যও ব্যবস্থা নেওয়া হচ্ছে।

৭। আই. এস. আই.-এর কার্যকলাপ সম্পর্কে আমরা বিগত কয়েক বছর ধরে উদ্বেগ প্রকাশ করে চলেছি। বাংলাদেশ ও নেপাল বরাবর সহজভেদ্য ভারতীয় সীমান্তের সুযোগ নিয়ে আই. এস. আই.-এর লোকজন বিচ্ছিন্নতাকামী ও রাষ্ট্রবিরোধী শক্তিকে মদত দিয়ে, জাল মুদ্রা ছড়িয়ে দিয়ে এবং নাশকতামূলক কার্যকলাপে লিপ্ত হয়ে বিভিন্নভাবে শান্তিপূর্ণ পরিবেশকে বিঘ্নিত করার চেষ্টা চালিয়ে যাচ্ছে। উত্তরবঙ্গে গোয়েন্দা শাখার শক্তি বৃদ্ধি করে এবং কেন্দ্র ও রাজ্যের গোয়েন্দা সংস্থার মধ্যে নিয়মিত গোয়েন্দা তথ্য আদান-প্রদানের মাধ্যমে এদের কার্যকলাপের ওপর তীক্ষ্ণ নজর রাখা এবং এদের সঙ্গে অন্যান্য জঙ্গিগোষ্ঠী ও তাদের সংবাদ-সরবরাহকারী ভারতীয়দের মধ্যে সংযোগসূত্র চিহ্নিত করা সরকারের পক্ষে সম্ভবপর হয়েছে। আর্থিক অপ্রতুলতা সত্ত্বেও দক্ষতার সঙ্গে কাজ করার প্রয়োজনে রাজ্য পুলিশকে তদন্তের জন্য সর্বাধুনিক সাজ-সরঞ্জাম, যোগাযোগের উন্নততর যন্ত্রপাতি, আধুনিক অস্ত্রশস্ত্র ও অন্যান্য পরিকাঠামো সরবরাহ করার জন্য আমরা নিরবচ্ছিন্ন প্রয়াস চালাব।

৮। আমি আনন্দের সঙ্গে সভাকে জানাচ্ছি, রাজ্য সরকার বিভিন্ন শাখার পুলিশ আধিকারিকদের নিয়ে যে বিশেষ তদন্ত দল (এস. আই. টি.) গঠন করেছিল তাঁরা ১০-২-২০০১ তারিখে কার্সিয়াং থানার চিলানুধুরায় দার্জিলিং গোর্খা স্ব-শাসিত পার্বত্য পরিষদের চেয়ারম্যান শ্রীসুভাষ ঘিসিঙের উপর বর্বরোচিত আক্রমণ সংক্রান্ত কেসটির তদন্তের কাজ সাফল্যের সঙ্গে শেষ করেছে। অতি অল্প সময়ের মধ্যে পুলিশ এই তদন্তের কাজ শেষ করেছে। ১৮ জন ব্যক্তির বিরুদ্ধে চার্জশিট দাখিল করা হয়েছে। এদের মধ্যে ১৪ জনকে ইতিমধ্যেই গ্রেপ্তার করা হয়েছে।

৯। রাজ্য সরকার ২,২১৬ কি.মি. দীর্ঘ ভারত-বাংলাদেশ সীমান্তের ব্যবস্থাপনা এবং সেই সংক্রান্ত সমস্যা সম্পর্কে গভীরভাবে উদ্বিগ্ন। প্রশাসন বাংলাদেশীদের অনুপ্রবেশ, চোরাচালান, গবাদি পশু চুরি এবং ডাকাতির মতো বেশ কিছু সমস্যার সম্মুখীন হয়েছে। এই আন্তর্জাতিক সীমান্ত প্রহরার দায়িত্ব সীমান্তরক্ষী বাহিনীর উপর ন্যস্ত থাকলেও ভারত সরকার কখনোই সীমান্ত বরাবর পর্যাপ্ত পরিমাণে বাহিনী মোতায়েন করতে সক্ষম হয়নি। অনুমোদিত

ব্যাটেলিয়ানের সংখ্যা ৩৪ হলেও কখনোই কার্যত মোটামুটি ২২ ব্যাটেলিয়ানের বেশি মোতায়েন করা হয় না। এর ফলে, সীমান্তে নজরদারির কাজ শিথিল হয়ে পড়েছে। অবশ্য, সীমান্তবর্তী অঞ্চলে সড়ক নির্মাণ ও সীমান্তে বেড়া দেওয়ার কাজ এগিয়ে চলেছে এবং এই কাজ সম্পূর্ণ হলে সীমান্ত প্রহরার কাজে সুবিধা হবে। প্রথম পর্যায়ে অনুমোদিত ৫০৭ কিমি দৈর্ঘ্যের মধ্যে ৫০৫ কিমি দীর্ঘ বেড়া নির্মাণের কাজ সম্পূর্ণ হয়েছে। সম্প্রতি রাজ্য সরকারের প্রস্তাবক্রমে ভারত সরকার দ্বিতীয় পর্যায়ে ১,০২১ কিমি দীর্ঘ বেড়া নির্মাণের বিষয়টি অনুমোদন করেছে। প্রাথমিক কাজ ইতিমধ্যেই শুরু হয়ে গেছে। একই ভাবে, অনুমোদিত ১,৪৬৪ কিমি দীর্ঘ সড়কের মধ্যে ২০০১ সালের এপ্রিল মাস শেষ হওয়া পর্যন্ত ১,৩৮৯ কিমি সড়ক নির্মাণের কাজ সম্পূর্ণ হয়েছে। সীমান্ত বরাবর কয়েকটি পূর্ত বিভাগীয় সড়ককে সীমান্ত সড়ক হিসেবে ব্যবহার করার বিষয়ে আমাদের সরকার সম্মত হয়েছে। কিন্তু প্রশাসনিক নিয়ন্ত্রণ থাকবে রাজ্য সরকারের হাতে। জাতীয় সড়ক বা রাজ্য সড়কের সঙ্গে সীমান্তরক্ষী বাহিনীর বিভিন্ন ফাঁড়ির সংযোগ স্থাপনের জন্য সীমান্তরক্ষী বাহিনী কর্তৃক ২০টি পঞ্চায়েত রাস্তার মানোন্নয়নের প্রস্তাবেও আমাদের সরকার সম্মতি দিয়েছে। এইসব ব্যবস্থার ফলে সীমান্তরক্ষী বাহিনীর পক্ষে আরও ভালভাবে টহলদারি ও নজরদারির কাজ চালানোর সুবিধা হবে। এই সীমান্ত ব্যবহার করে রাষ্ট্রবিরোধী ও নাশকতামূলক কার্যকলাপের জন্য অবাঞ্ছিত ব্যক্তিদের এদেশে পাঠানোর ক্ষেত্রে আই. এস. আই.-এর লাগাতার অপচেষ্টার পরিপ্রেক্ষিতে এই আন্তর্জাতিক সীমান্তে পর্যাপ্ত সংখ্যক রক্ষী মোতায়েন করার বিষয়টি সাম্প্রতিককালে প্রভূত গুরুত্ব পেয়েছে।

১০। আমাদের রাজ্য ও নেপালের মধ্যে যে ১০০ কিমি দীর্ঘ সীমান্ত রয়েছে তার ৬০ কিমি পার্বত্য এলাকায় এবং বাকি অংশ সমতলে। আপনারা জানেন, নেপালের সঙ্গে আমাদের উন্মুক্ত সীমান্ত রয়েছে। তবে সীমান্ত পেরিয়ে চলাচল নিয়ন্ত্রণ করার জন্য আমাদের কয়েকটি চেক্ পোস্ট রয়েছে। পুলিশ অফিসার ও কর্মীর বর্তমান অনুমোদিত সংখ্যা চেক্ পোস্টগুলিতে কার্যকরভাবে কর্মী মোতায়েনের জন্য পর্যাপ্ত নয়। অবাঞ্ছিত লোকেদের গতিবিধি প্রতিরোধ করতে পোস্টগুলিতে এমবার্কেশন ও ডিস্‌এমবার্কেশন কার্ড চালু করা হয়েছে এবং সীমান্তের মোটর চলাচলযোগ্য অংশে জিপ ও মোটর সাইকেলের সাহায্যে নজরদারি ও টহলদারি চালু করা হয়েছে। ৬০৩ লক্ষ টাকা ব্যয়ে ইন্দো-নেপাল টাস্ক ফোর্সকে পর্যায়ক্রমেও জোরদার করে তোলার জন্য একটি প্রস্তাব ১৯৯৯ সাল থেকে ভারত সরকারের বিবেচনাধীন রয়েছে। নেপাল থেকে বাংলাদেশে পণ্য পরিবহণের জন্য রাস্তার সুবিধা করে দিতে আমাদের সরকার ভারত সরকারের সঙ্গেও সহযোগিতা করে চলেছে। জনবহুল এলাকা এড়িয়ে নেপাল থেকে বাংলাদেশে পণ্য পরিবহণের জন্য একটি বিকল্প পরিবহন পথ চিহ্নিত করা হয়েছে। এই পথে যে সমস্ত রাস্তা ও সেতু রয়েছে সেগুলি মজবুত না হওয়া পর্যন্ত মালবাহী ট্রাকের চলাচল গুরুতর সমস্যা সৃষ্টি করবে। নেপাল-বাংলাদেশ বাণিজ্য সহজতর করে তুলতে এই বিকল্প বাণিজ্যপথের উন্নয়নের উদ্দেশ্যে আমরা ভারত সরকারের অর্থ বরাদ্দের জন্য অপেক্ষা করছি। ভারতীয় এলাকা দিয়ে যাওয়ার সময় পণ্যবাহী যানগুলির জন্য নিরাপত্তার পর্যাপ্ত ব্যবস্থা করা হয়েছে।

১১.১। মাননীয় সদস্যগণ নিশ্চয়ই জানেন, অপরাধমূলক কাজকর্ম এখন আন্তর্জাতিক মাত্রা পেয়ে গিয়েছে। বিশ্বায়ন প্রক্রিয়ার এটা হয়তো একটা অবাঞ্ছিত ফসল। এরই হাত ধরে 'সাইবার' অপরাধ ও অন্যান্য উচ্চপ্রযুক্তি-নির্ভর অপরাধের মতো নতুন নতুন অসামাজিক কাজ জন্ম নিচ্ছে। এরই সঙ্গে একটা নীতিনিরপেক্ষ সমাজে, যেখানে যে কোনো মূল্যে সচ্ছল হওয়াই জীবনের পরমার্থ, সেখানে উত্তরোত্তর বেড়ে চলা ভোগবাদ এমন এক পরিস্থিতির সৃষ্টি করেছে যে নতুন প্রজন্মের অনেকেই অপরাধমূলক কাজ করতে প্রলুব্ধ হচ্ছে। যাই হোক, জাতীয় অপরাধ চিত্রের পরিপ্রেক্ষিতে অন্য অনেক রাজ্যের তুলনায় আমাদের রাজ্যের অবস্থা যথেষ্ট ভালো এবং কয়েকটি বিষয়ে আমাদের রাজ্যের অবস্থা দেশের মধ্যে সবচেয়ে ভালো।

১১.২। আমি পশ্চিমবঙ্গ সহ চারটি রাজ্যে ২০০০ সালে সংঘটিত গুরুতর অপরাধগুলির একটি হিসাব পেশ করছি। তথ্যগুলি রাজ্য অপরাধ নথিভুক্তিকরণ ব্যুরো থেকে পাওয়া গেছে :

রাজ্যের নাম	ভারতীয় দণ্ডবিধির অধীনে আদালতগ্রাহ্য অপরাধের মোট সংখ্যা	ডাকাতি	খুন
উত্তরপ্রদেশ	১,৭১,০৮৭	৮৯৩	৭,৬২৩
অন্ধ্রপ্রদেশ	১,১০,১২৪	২৫৪	২,৫০৬
মধ্যপ্রদেশ	২,১১,০১১	১৮৯	৩,২২৭
পশ্চিমবঙ্গ	৫২,৮৫৮	৩২৬	১,৮৪৩

১১.৩। এই পরিসংখ্যান থেকে দেখা যাবে, পশ্চিমবঙ্গে আদালতগ্রাহ্য অপরাধের সংখ্যা সবচেয়ে কম। ডাকাতির সংখ্যা বিচারে এ রাজ্য রয়েছে তৃতীয় সর্বনিম্ন স্থানে, খুনের ঘটনার বিচারে এ রাজ্যের অবস্থা অন্য তিনটি রাজ্যের তুলনায় যথেষ্ট ভালো। দেশের বিভিন্ন অংশে যখন ভারতীয় দণ্ডবিধির অধীনে আদালতগ্রাহ্য অপরাধের সংখ্যা ক্রমশ বৃদ্ধি পাচ্ছে, সেখানে এই রাজ্যে অপরাধের সংখ্যা কমেছে। পশ্চিমবঙ্গে, ১৯৯৯ সালে যেখানে ৫৫,০৭৮টি আদালতগ্রাহ্য অপরাধের ঘটনা নথিভুক্ত হয়েছে, সেখানে ২০০০ সালে নথিভুক্ত হয়েছে ৫২,৮৫৮টি ঘটনা।

১১.৪। আমি এরপর দেশের চারটি মহানগরী দিল্লি, মুম্বাই, বাঙ্গালোর ও কলকাতায় ২০০০ সালে সংঘটিত ভারতীয় দণ্ডবিধির অধীনে আদালতগ্রাহ্য অপরাধের হিসাব পেশ করছি—

মহানগরীর নাম	ভারতীয় দণ্ডবিধির অধীনে আদালতগ্রাহ্য অপরাধের মোট সংখ্যা	ডাকাতি	খুন
দিল্লি	৫৬,২৫৮	৫৫	৫৫৪
মুম্বাই	২৯,২৩৭	৭৮	৩১১
বাঙ্গালোর	২৭,০৭৫	৪৫	২১৪
কলকাতা	১২,৯৭৬	২৭	৪৯

১১.৫। এই হিসাব থেকে দেখা যাচ্ছে, কলকাতায় ডাকাতি, খুন ও অন্যান্য আদালতগ্রাহ্য অপরাধের সংখ্যা দেশের অন্যান্য মহানগরীর অপরাধের সংখ্যার তুলনায় সবচেয়ে কম। অবশ্যই আত্মতুষ্টির কোনো কারণ নেই এবং এটা আমরা জানি, অপরাধীদের দ্রুত ও সাফল্যের সঙ্গে গ্রেপ্তার করতে আমাদের আরো সক্রিয় হতে হবে।

১২। রাজ্য সরকার মহিলাদের বিরুদ্ধে সংঘটিত অপরাধ দমনের উপর সব সময়েই বিশেষ নজর দিয়ে থাকে। মহিলাদের প্রতি নির্যাতনের ঘটনাগুলি দেখার জন্য পশ্চিমবঙ্গে সি. আই. ডি.-র অধীনে মহিলা অভিযোগ সেল রয়েছে। এই সেলের প্রধান হলেন একজন ডি. আই. জি. এবং এখানে বেশ কয়েকজন মহিলা অফিসারসহ সিনিয়র অফিসার রয়েছেন। এই সেল ছাড়াও প্রত্যেক জেলায় এবং কলকাতায় পৃথক মহিলা অভিযোগ সেল রয়েছে। মহিলাদের অভিযোগের প্রতি এইসব সেল সর্বদাই নজর দিয়ে থাকে। মহিলাদের উপর নির্যাতন প্রতিরোধে সত্বর ব্যবস্থা নেওয়ার জন্য জেলার প্রতিটি থানাকে বিশেষভাবে নির্দেশ দেওয়া হয়েছে। বিশেষত ভারতীয় দণ্ডবিধির ৪৯৮ক, ৩৭৬, ৩৫৪ ধারার অধীনে মামলা ও পণপ্রথার দরুন মৃত্যু-সংক্রান্ত মামলাগুলির প্রতি পুলিশ সর্বদা বিশেষ নজর দিয়ে থাকে।

১৩। জাতীয় সড়কে ডাকাতি তথা রেলপথে সংঘটিত নানাবিধ অপরাধমূলক কাজকর্ম সর্বদাই রাজ্য সরকারের কাছে গুরুতর চিন্তার বিষয়। রাজ্যে এ ধরনের ঘটনা নিয়ন্ত্রণের চেষ্টা করা হচ্ছে। জাতীয় সড়ক-৩৪, জাতীয় সড়ক-৬ এবং জাতীয় সড়ক-২-এ টহলদারির ব্যবস্থা ছাড়াও কলকাতা পুলিশ সমেত সমস্ত স্থানীয় থানাকে জাতীয় সড়কে ডাকাতি রোধ করার জন্য সতর্ক থাকতে বলা হয়েছে। বিপজ্জনক অঞ্চলগুলিতে জেলা পুলিশ নৈশ টহলদারির ব্যবস্থা করে। রেলপথে অপরাধ কমাতে ৯৩টি দূরপাল্লার ট্রেন (আপ ও ডাউন) এবং ১৩৭টি (আপ ও ডাউন) শহরতলির ট্রেনে পুলিশি নিরাপত্তার ব্যবস্থা করা হয়েছে। এই রাজ্যে রাত্রে যাতায়াতকালে সমস্ত মেল ও এক্সপ্রেস ট্রেনে রক্ষীর ব্যবস্থা করা হয়েছে। অপরাধপ্রবণ এলাকা দিয়ে রাত্রে যাতায়াতের সময় শহরতলির ট্রেনগুলিতেও রক্ষীদলের ব্যবস্থা হচ্ছে। অপরাধপ্রবণ এলাকাগুলি চিহ্নিত করা হয়েছে। রেল পুলিশ, জেলা পুলিশ, সি. আই. ডি. ও কলকাতা পুলিশ যৌথভাবে পশ্চিমবঙ্গের বিভিন্ন অঞ্চলে ও কলকাতা পুলিশের এলাকায় নিয়মিতভাবে হানা দিচ্ছে। এ-ধরনের যৌথ অভিযানের মাধ্যমে বেশ কিছু দুর্ধর্ষ রেল অপরাধী গ্রেপ্তার হয়েছে। ট্রেনে ডাকাতি, রাহাজানি করার উদ্দেশ্যে জড়ো হওয়ার সময়ও বেশ কিছু অপরাধীকে গ্রেপ্তার করা হয়েছে। দূরপাল্লার মেল ও এক্সপ্রেস ট্রেনে ১৭টি ভ্রাম্যমাণ থানার ব্যবস্থা করা হয়েছে। আন্তঃ-রাজ্য রেল অপরাধীদের বিরুদ্ধে ব্যবস্থা নেওয়ার জন্য রেলের অফিসার, আর. পি. এফ. ও পাশের রাজ্যগুলির পুলিশ কর্তৃপক্ষের মধ্যে নিয়মিত বৈঠক হয়।

১৪। জনসংখ্যা বৃদ্ধির সঙ্গে সঙ্গে রাজ্যের নিম্নস্তরে পুলিশ প্রশাসনের নতুন নতুন ইউনিট স্থাপন করা জরুরি হয়ে পড়েছে। ২০০০-২০০১ সালে সাঁইথিয়ায় তিনটি নতুন ফাঁড়ি স্থাপন করা হয়েছে। বীরভূম জেলার সাঁইথিয়া থানার অধীন সাঁইথিয়া শহরে, নানুর থানার কীর্ণাহারে এবং হুগলি জেলার খানাকুল থানার অধীন ঘোষপুরে নতুন পুলিশ ফাঁড়ি স্থাপন করা হয়েছে।

আলোচ্য বছরে দক্ষিণ ২৪-পরগনা জেলার মহেশতলা থানার অধীনে কালিতলা ও যাদবপুর থানার অধীনে গলফ গ্রিনে, মালদা জেলায় রতুয়া থানার অধীনে মহানন্দতলায় এবং উত্তর দিনাজপুর জেলায় রায়গঞ্জ থানার অধীনে কর্ণঝোরায় চারটি পুলিশ তদন্তকেন্দ্র স্থাপন করা হয়েছে। রেলপথে অপরাধের মোকাবিলা করতে বর্তমান বছরে দক্ষিণ ২৪-পরগনা জেলার ডায়মন্ডহারবার ও বালিগঞ্জে দুটি নতুন রেল পুলিশ থানা মঞ্জুর করা হয়েছে। তা ছাড়া, হাওড়া রেল পুলিশ জেলাকে দ্বিখণ্ডিত করে খড়গপুর রেল পুলিশ জেলা নামে একটি নতুন রেল পুলিশ জেলা বর্তমান বছরেই মঞ্জুর করা হয়েছে। আমি সানন্দে ঘোষণা করছি, তিন দশকেরও বেশি সময় অতিক্রান্ত হওয়ার পর এই রাজ্যে একটি নতুন রেল পুলিশ জেলা গঠিত হল। ২০০০-২০০১ সালে উত্তর ২৪-পরগনা জেলার অশোকনগরে একটি নতুন থানা চালু করা হয়েছে। এখন তুলনামূলকভাবে ক্ষুদ্রতর অধিক্ষেত্র হওয়ার সুবাদে সেখানকার পুলিশ কর্মীদের পক্ষে খুব কম সময়ের মধ্যে মানুষজনের বিশেষ বিশেষ দরকারে সহজে সাড়া দেওয়া সম্ভব হবে। রাজ্য পুলিশ এবং সেই সঙ্গে কলকাতা পুলিশের আওতাভুক্ত এলাকার মধ্যে আরও কয়েকটি থানা চালু করার বিষয়টি আমার সরকার গুরুত্বসহকারে বিবেচনা করে দেখছে।

১৫। বিভিন্ন ক্ষেত্রে পুলিশের দায়-দায়িত্ব বেড়ে যাওয়ার ফলে পুলিশ বাহিনীকে আরও দ্রুতগতিতে আধুনিক করে তোলার প্রয়োজনীয়তা বেশ ভালোভাবেই বোঝা যাচ্ছে। পুলিশ বাহিনীর আধুনিকীকরণ কর্মপ্রকল্পে বাহিনীগুলিকে আরও গতিশীল করতে নতুন যানবাহন ও পুরনোর বদলে নতুন যানবাহন, উন্নততর ক্ষমতাসম্পন্ন আধুনিক অস্ত্রশস্ত্র, আধুনিক যোগাযোগ প্রণালী এবং গোয়েন্দাগিরি সমেত তদন্তকাজে সহায়ক সরঞ্জাম ইত্যাদি সংগ্রহ, প্রশিক্ষণকেন্দ্র ভবন, থানা ও ব্যারাক ভবন নির্মাণ, বোমা অনুসন্ধান ও নিষ্ক্রিয় করার জন্য সুরক্ষা সরঞ্জাম, মাইন অনুসন্ধান ইত্যাদির জন্য সংস্থান রাখা হয়েছে।

১৬। রাজ্য সরকার ইতিমধ্যে পুলিশ বাহিনীকে ব্যাপকভাবে আধুনিকীকরণের কাজ হাতে নিয়েছে এবং ১২,০৯৫ লক্ষ টাকা ব্যয়ের প্রস্তাব অনুমোদিত হয়েছে। এর মধ্যে ৫০ শতাংশ হল কেন্দ্রীয় বরাদ্দ এবং এ বাবদ ভারত সরকারের কাছ থেকে ৬,০৪৭ লক্ষ টাকা পাওয়া গেছে।

১৭। ২০০০-২০০১ সালে বুলেট-প্রুফ গাড়িসহ অন্যান্য গাড়ি এবং বোমা অনুসন্ধান ও নিষ্ক্রিয়করণ দলের ব্যবহার্য সরঞ্জামসহ অন্যান্য সরঞ্জাম ক্রয়ের জন্য ২,৬১০ লক্ষ টাকা মঞ্জুর করা হয়। যোগাযোগ ব্যবস্থার উন্নতিসাধন এই আধুনিকীকরণ কর্মপ্রকল্পের গুরুত্বপূর্ণ অঙ্গবিশেষ। গত বছর কলকাতা পুলিশ কমপিউটার নেটওয়ার্ক সম্প্রসারণের জন্য একটি কর্মপ্রকল্প এবং সল্টলেকের জন্য একটি অন লাইন কমিউনিটি পুলিশ ব্যবস্থার আর একটি কর্মপ্রকল্প মঞ্জুর করা হয়েছিল। প্রথমোক্ত কর্মপ্রকল্পের মধ্যে মহানগরীর মোট ৪২টি পুলিশ থানা এবং সশস্ত্রবাহিনী ও তাদের সংশ্লিষ্ট সদর দপ্তর ও লালবাজারে কেন্দ্রীয় কম্যান্ডের মধ্যে সংযোগ-স্থাপন কর্মসূচি রয়েছে।

১৮। গত বছরের কেন্দ্রীয় বরাদ্দের একটি বড়ো অংশ মার্চের একেবারে শেষদিকে পাওয়া গিয়েছিল এবং ওই বরাদ্দ চলতি বছরে অর্থাৎ ২০০১-২০০২ সালে ব্যয়ের জন্য পুনর্বৈধ করা হয়েছে।

১৯। পুলিশ বাহিনীকে প্রশিক্ষণদান পুলিশ বাহিনী আধুনিকীকরণ কর্মপ্রকল্পের একটি অত্যাবশ্যক অঙ্গ। তাই, এই পুনর্বিহিত বরাদ্দের অর্থে প্রশিক্ষণ ভবনসমূহ নির্মাণের কাজ হাতে নেওয়া হচ্ছে। চালু ও নতুন থানাগুলির জন্য ভবন নির্মাণ ও পুলিশ কর্মীদের জন্য বাড়ি/কোয়ার্টার নির্মাণও এই আধুনিকীকরণ কর্মসূচির অন্তর্ভুক্ত। এই কাজও চলতি বছরে হাতে নেওয়া হচ্ছে।

২০। পশ্চিমবঙ্গ পুলিশের অধস্তন কর্মীদের বসবাসের জন্য দশম অর্থ কমিশনের মানোন্নয়ন অনুদানের অধীনে মঞ্জুর হওয়া ১,৬৪৮টি আবাসিক কোয়ার্টারের মধ্যে বিভিন্ন স্থানে অবস্থিত ৫৯৪টি কোয়ার্টারের নির্মাণের কাজ শেষ হয়েছে। একইভাবে, কলকাতা পুলিশ কর্মীদের জন্য সল্টলেক সিটিতে এরকম ২০৮টি কোয়ার্টারের নির্মাণকাজ শেষ করা হয়েছে। কোন্নগরে আনুমানিক ২,১১২ লক্ষ টাকা ব্যয়ে কলকাতা-পুলিশ কর্মীদের জন্য এরকম ৭০৪টি কোয়ার্টার নির্মাণের প্রকল্প হাতে নেওয়া হয়েছে। এই উদ্দেশ্যে পশ্চিমবঙ্গ আবাসন পর্ষদকে ইতিমধ্যেই ৪০০ লক্ষ টাকা দেওয়া হয়েছে এবং কাজটি এগিয়ে চলেছে।

২১। ২০০০-২০০১ সালের বার্ষিক যোজনার অধীনে পুলিশ ভবনগুলির জন্য জল সরবরাহ ব্যবস্থা, ট্র্যাফিক নিয়ন্ত্রণের উন্নতিবিধান, পুলিশ বিভাগের সংস্থাগত পরিকাঠামোর উন্নতিসাধনের জন্য জেলায় জেলায় স্থানীয় প্রশাসনকে অনুদান প্রদান, বিস্ফোরক পদার্থ পরীক্ষাগার ভবন নির্মাণ, জমি অধিগ্রহণ, পুলিশ ভবনগুলির বিশেষ মেরামতের কাজ ইত্যাদি কর্মপ্রকল্পের জন্য ১৪১৮.৭০ লক্ষ টাকা মঞ্জুর করা হয়।

২২। ২০০১-২০০২ সালে স্বরাষ্ট্র (পুলিশ) বিভাগের জন্য বার্ষিক যোজনা খাতে প্রস্তাবিত বরাদ্দ হল ৩,১৯৫ লক্ষ টাকা। এর মধ্যে একাদশ অর্থ কমিশনের সুপারিশ করা ৪০৩ লক্ষ টাকা মানোন্নয়ন অনুদানও অন্তর্ভুক্ত। প্রতিটি খাতে বরাদ্দের মধ্যে রয়েছে যথাক্রমে পুলিশ আবাসনের জন্য ৫০০ লক্ষ টাকা, থানা ভবনসমূহ নির্মাণের জন্য ৪৫০ লক্ষ টাকা, জমি অধিগ্রহণের জন্য ৬৬০ লক্ষ টাকা, জল সরবরাহ ব্যবস্থার জন্য ১২০ লক্ষ টাকা, বিশেষ মেরামতির জন্য ১৮০ লক্ষ টাকা, ট্র্যাফিক নিয়ন্ত্রণ ব্যবস্থার উন্নতিসাধনের জন্য ১১০ লক্ষ টাকা এবং মহিলা পুলিশ কর্মীদের জন্য বিশ্রাম-কক্ষ ও শৌচাগার নির্মাণের জন্য ৩৮ লক্ষ টাকা।

২৩। রাজ্যের শবাগারগুলির সমস্যা খতিয়ে দেখে সেগুলির মানোন্নয়নের জন্য এবং চিকিৎসা সংক্রান্ত আইনি সমস্যাগুলি সমাধান করার জন্য সুপারিশ করার উদ্দেশ্যে রাজ্য সরকার একটি কমিটি গঠন করেছে। উত্তর ও দক্ষিণ ২৪-পরগনা, হাওড়া, হুগলি এবং মেদিনীপুর জেলার সমস্ত শবাগার সম্পর্কে উক্ত কমিটি রিপোর্ট জমা দিয়েছে ও আমরা এখন তাদের সুপারিশসমূহ পরীক্ষা করে দেখছি। আশা করছি, পরবর্তী কাজকর্ম শীঘ্রই শুরু হবে। ইতিমধ্যে বাকি জেলাগুলিতে যেসব শবাগার এখনো সুপারিশের আওতাভুক্ত করা হয়নি সেগুলি সম্পর্কে খোঁজখবর চালিয়ে যেতে এই কমিটিকে পুনর্গঠিত করা হয়েছে। ইতিমধ্যে আমরা রাজ্যের প্রায় সব ক'টি শবাগারের জন্য প্রয়োজনীয় পরিকাঠামো দিতে যথাযোগ্য পদক্ষেপ গ্রহণ করেছি।

২৪। এই সুমহিম সভার সদস্যগণ অনুগ্রহ করে স্মরণ করতে পারেন, গত বছর আমার বাজেট ভাষণের সময় আমি রাজ্য ফরেনসিক বিজ্ঞান পরীক্ষাগারে বিস্ফোরক পদার্থ নিয়ে কাজ করার জন্য একটি বিস্ফোরক পদার্থ শাখা স্থাপনের চিন্তা-ভাবনার উল্লেখ করেছিলাম। আমি সানন্দে ঘোষণা করছি, রাজ্য সরকার এই উদ্দেশ্যে ৩৭.৭৩ লক্ষ টাকা মঞ্জুর করেছে এবং এটির নির্মাণকাজ এগিয়ে চলেছে। এই ক্ষেত্রে আর একটি গুরুত্বপূর্ণ ঘটনা হল, আমরা ভারত সরকারের পুলিশ গবেষণা ও উন্নয়ন ব্যুরোর সঙ্গে আলাপ-আলোচনা চালিয়েছি এবং আমাদের পরামর্শক্রমে উক্ত ব্যুরো রাজ্যের সাম্প্রতিকতম অপরাধচিত্র সামনে রেখে এই রাজ্যে ফরেনসিক সুযোগ-সুবিধার আধুনিকীকরণের একটি যোজনা রচনা করেছে এবং সেটি এখন খতিয়ে দেখা হচ্ছে। ভারত সরকার এই আধুনিকীকরণ যোজনা রূপায়ণ করতে প্রয়োজনীয় কারিগরি সহায়তা ও পরামর্শ দেওয়ার আশ্বাস দিয়েছে। রাজ্যের ফৌজদারি বিচার ব্যবস্থার উৎকর্ষ সাধনে আমরা এ রাজ্যে ফরেনসিক সুযোগ-সুবিধার মানোন্নয়ন করতে বদ্ধপরিকর।

২৫। আমি এই সুমহিম সভাকে অবহিত করতে চাই, রাজ্য সরকার, পুলিশ এবং জনসাধারণের মধ্যে পারস্পরিক সম্পর্কের উন্নতিবিধানের উদ্দেশ্যে থানা স্তরে উপদেষ্টা কমিটি গঠনের জন্য তাদের কর্ম-প্রকল্পটির কাজ শুরু করে দিয়েছে। এমন উপদেষ্টা কমিটি অধিকাংশ জেলা ও কলকাতায় গঠিত হয়েছে। এই কমিটিগুলি জনসাধারণ ও পুলিশ কর্তৃপক্ষের মধ্যে পারস্পরিক বিশ্বাস এবং সহযোগিতার পরিবেশ গড়ে তুলতে সহায়ক হবে। এই কমিটিগুলি বিভিন্ন ধর্মীয় উৎসব পালনের ক্ষেত্রেও তাৎপর্যপূর্ণ ভূমিকা পালন করেছে। সাধারণ মানুষের কাছ থেকে পাওয়া অভিযোগগুলি সম্পর্কে যাতে অনুসন্ধান করা হয় সেজন্য জেলার পুলিশ সুপারিনটেনডেন্টের অফিস ও কলকাতা পুলিশের ডেপুটি কমিশনারদের অফিসে একটি সেল তৈরি করার বিশেষ পদক্ষেপও গ্রহণ করা হচ্ছে।

২৬। রাজ্যে মানবাধিকার সুপ্রতিষ্ঠিত করার স্বীয় দায়িত্ব সম্পর্কে সচেতন এই রাজ্য সরকার সমাজের দুর্বলতর মানুষের প্রতি সামাজিক ও অর্থনৈতিক সুবিচার প্রসারিত করার লক্ষ্যে বিভিন্ন কর্মসূচি রূপায়ণের উপর সবিশেষ গুরুত্ব দেয়। মানবাধিকার লঙ্ঘিত হওয়ার ঘটনাগুলি বা ওইরূপ লঙ্ঘনের ঘটনা রোধ করার ক্ষেত্রে রাজ্যের প্রশাসন যন্ত্রের ব্যর্থতার বিরুদ্ধে প্রাপ্ত অভিযোগগুলির দ্রুত তদন্তের ওপর রাজ্য সরকার সজাগ দৃষ্টি রেখেছে। মানবাধিকার লঙ্ঘনের ঘটনায় ক্ষতিগ্রস্ত মানুষ বা তাঁদের নিকট আত্মীয়দের, সহানুভূতিমূলক কারণে আর্থিক সহায়তাদানের জন্য ক্ষতিপূরণ দেবার পাশাপাশি মানবাধিকার লঙ্ঘনের জন্য দায়ী আধিকারিকদের বিরুদ্ধে রাজ্য সরকার কড়া ব্যবস্থা নিতে বদ্ধপরিকর। পুলিশ হেপাজতে থাকাকালীন মানবাধিকার লঙ্ঘনের ঘটনা যাতে না ঘটে সেই উদ্দেশ্যে রাজ্য সরকার বেশ কয়েকটি ব্যবস্থা নিয়েছে। সেগুলিতে ইতিবাচক সাড়া পাওয়া ছাড়াও দৃষ্টিভঙ্গিগত পরিবর্তনের প্রভূত লক্ষণ দেখতে পাওয়া যাচ্ছে। পুলিশ কর্মীদের জন্য মানবাধিকার লঙ্ঘনের ঘটনা যাতে না ঘটে সেইজন্য সর্বস্তরের কর্মীদের সজাগ করা হয়েছে।

২৭। জাতীয় মানবাধিকার কমিশন ও পশ্চিমবঙ্গ মানবাধিকার কমিশন যাতে তাঁদের কাজ সুসম্পন্ন করতে পারে সেইজন্য রাজ্য সরকার সর্বদা সক্রিয় সহযোগিতা করে এসেছে। ২০০০ সালের ১লা এপ্রিল থেকে ২০০১ সালের ৩১শে মার্চ পর্যন্ত সরকার জাতীয়

মানবাধিকার কমিশনের কাছ থেকে ১৭টি সুপারিশ ও পশ্চিমবঙ্গ মানবাধিকার কমিশনের কাছ থেকে ৫৮টি সুপারিশ পেয়েছে। এই সুপারিশগুলির বেশিরভাগই রাজ্য সরকার গ্রহণ করেছে এবং সেগুলি রূপায়িত হয়েছে বা হওয়ার পথে। মানবাধিকার প্রতিষ্ঠিত করতে এবং মানবাধিকার লঙ্ঘন বন্ধ করতে রাজ্য সরকারের আন্তরিক প্রচেষ্টা মানুষের মধ্যে সামগ্রিক চেতনা সৃষ্টি করতে সফল হয়েছে।

২৮। রাজ্যে খেলাধূলার উন্নতিসাধন করতে আমাদের সরকার সচেষ্ট। খেলোয়াড়দের পুলিশের চাকুরিতে আকৃষ্ট করতে পশ্চিমবঙ্গে পুলিশ ও কলকাতা পুলিশে সাব-ইন্সপেক্টর ও কনস্টেবলের পদে প্রতি বছর যে শূন্যপদ সৃষ্টি হয় তার ২ শতাংশ খেলাধূলায় পারদর্শীদের মধ্যে যোগ্য ব্যক্তিদের জন্য সংরক্ষিত রাখা হয়েছে।

২৯। দ্বিতীয় পুলিশ কমিশনের শেষ অংশের (চতুর্থ ভাগের) সুপারিশ ইতিমধ্যে পাওয়া গেছে। এই অংশটির লক্ষ্য হল কমিশনের সুপারিশগুলির সার্বিক বৈশিষ্ট্য ও গুরুত্বের ওপর আলোকপাত করা। কয়েকটি সুপারিশের জন্য প্রয়োজন দীর্ঘমেয়াদী পরিকল্পনা ও প্রচুর অর্থসংস্থান। এগুলি সরকারের বিবেচনাধীন এবং এই সুপারিশ সংক্রান্ত সিদ্ধান্ত শীঘ্রই নেওয়া হবে। দ্বিতীয় পুলিশ কমিশনের (১ম ও ২য় ভাগের) সুপারিশ অনুযায়ী আমরা ইতিমধ্যে পশ্চিমবঙ্গ পুলিশের সশস্ত্র ও নিরস্ত্র শাখায় অধস্তন পদমর্যাদাভুক্ত অর্থাৎ এ. এস. আই. ও তদূর্ধ্ব পদাধিকারিকদের জন্য একটি সার্বিক একরূপ পদোন্নতির নীতি গ্রহণ করেছি। পদোন্নতির নতুন নীতির প্রধান বৈশিষ্ট্য হল এই যে, প্রত্যেকটি পদস্তরে প্রতিটি পদোন্নতির আগে চাকুরিকালের একটি নির্দিষ্ট সময়সীমা সমাপ্ত করার পর প্রশিক্ষণ দেওয়া হবে ও পরীক্ষা নেওয়া হবে। এই বিষয়টি দেখাশোনার উদ্দেশ্যে প্রশিক্ষণের জন্য বোর্ড অব কন্ট্রোল এবং পরীক্ষা ও পদোন্নতির জন্য বোর্ড অব কন্ট্রোল নামে দুটি বোর্ড অব কন্ট্রোল গঠন করা হয়েছে। পশ্চিমবঙ্গ পুলিশে সাব-ইন্সপেক্টর পদস্তর অবধি পদোন্নতির ক্ষেত্রে একটি সাধারণ রাজ্য অনুমোদিত তালিকা চালু করা হয়েছে। কলকাতা পুলিশের ক্ষেত্রেও একই রকমের বিধান চালু করা হবে। কমিশনের সুপারিশ অনুযায়ী ডিটেকটিভ ট্রেনিং স্কুল কোর্সের পাঠ্যসূচিতে যে বিষয়গুলি অন্তর্ভুক্ত হয়েছে সেগুলি হল নগরায়ন ও সামাজিক প্রেক্ষাপট বদল, গ্রামীণ সামাজিক কাঠামো, সমাজে গণমাধ্যমের ভূমিকা, মহিলাদের পরিবর্তিত ভূমিকা, যৌথ পরিবার ভেঙে যাওয়া ইত্যাদির মতো সমাজ বিজ্ঞানের প্রধান প্রধান সমস্যা। পুলিশ ট্রেনিং কলেজ/ডিটেকটিভ ট্রেনিং স্কুলের পরিকাঠামোর উন্নতিসাধন করা হয়েছে। ব্যারাকপুর পি. টি. সি.-র পরিকাঠামোর উন্নয়নের কাজ ইতিমধ্যেই শুরু করা হয়েছে। কসবায় সাবসিডিয়ারি ট্রেনিং সেন্টারটিকে বাড়ানো এবং কৃষ্ণনগর ও বড়জোড়ায় (বাঁকুড়াতে) আরও দুটি নতুন এস. টি. সি. স্থাপন করার কথা সক্রিয়ভাবে চিন্তা করা হচ্ছে। বিশেষজ্ঞের অভিমত দেরিতে পাওয়ায় ঘটনার মতো তদন্তের বাধাগুলির মোকাবিলা করা এবং রেঞ্জের অন্তর্গত আধিকারিকদের তদন্ত করার সক্ষমতা নিরূপণ করার মাধ্যমে রেঞ্জের ডি. আই. জি.-রা সমস্ত বিশেষ রিপোর্টগুলির ক্ষেত্রে তদন্তের তত্ত্বাবধান ও তদারকি যাতে আরও বেশি সনিষ্ঠভাবে করতে পারেন তা সুনিশ্চিত করা হয়েছে। পুলিশ ও জনগণের মধ্যে বন্ধুত্বপূর্ণ সম্পর্ক স্থাপন করতে বেশ কয়েকটি ব্যবস্থা নেওয়া হয়েছে। এইসব ব্যবস্থার মধ্যে রয়েছে থানা

অ্যাডভাইসরি কমিটি, ফুটবল টুর্নামেন্ট ও রক্তদান শিবির গঠন। পথ-শিশুদের কল্যাণসাধনের কর্মসূচি হাতে নেওয়া হয়েছে, যাতে স্বল্প অপরাধপ্রবণ সমাজ গঠনে মানুষ আরও বেশি করে সক্রিয়ভাবে অংশগ্রহণ করে।

৩০। রাজ্যে পুলিশ প্রশাসনকে যে সমস্ত সীমাবদ্ধতা ও ত্রুটি-বিচ্যুতি অতিক্রম করে আসতে হবে সেগুলির সম্পর্কে আমি সম্পূর্ণ সচেতন। বেকারত্ব, ভোগবাদ, দেশব্যাপী রাজনীতিতে দুর্নীতি ও দুর্বৃত্তায়নের মতো বিভিন্ন আর্থ-সামাজিক বিষয় পুলিশ প্রশাসনের কাজকে আরও কঠিন করে তুলেছে। আমরা জনগণের আশা-আকাঙ্ক্ষার প্রত্যাশাপূরক এক দুর্নীতিমুক্ত, শৃঙ্খলাবদ্ধ ও সংবেদনশীল পুলিশ বাহিনী চাই। উচ্চনীচ ভেদাভেদ না করে পুলিশকে সমান আনুগত্য ও নিষ্ঠার সঙ্গে পরিষেবা দিতে হবে। কাজটি কঠিন হলেও আমরা আপনাদের মূল্যবান পরামর্শ ও সক্রিয় সহায়তায় আমাদের এ রাজ্যে একটি তৎপর ও জনমুখী পুলিশ প্রশাসন স্থাপন করার চেষ্টায় আছি।

৩১। এই কথা বলে, আমি আমার বিভাগের ব্যয়-মঞ্জুরির প্রস্তাব অনুমোদন করার জন্য মাননীয় সদস্যদের কাছে পেশ করছি।

Mr. Speaker: There are 138 Cut Motions on Demand No. 21. All the Cut Motions are in order.

Shri Abdul Mannan (1)	Sir, I beg to move that the amount of the Demand be reduced to Re. 1/-
Dr. Asish Banerjee (2-4) Shri Biman Chakrabarti (5-6) Shri Partha Chatterjee (7-8) Shri Tanmay Mondal (9-10) Shri Pundarikakshya Saha (11) Shri Arup Bhadra (12) Shri Subrata Bakshi (13) Smt. Sonali Guha (14) Shri Tapas Paul (15) Shri Parash Dutta (16) Shri Ajit Bhunia (17-18) Shri Mostaque Alam (19) Shri Moloy Ghatak (20-21) Shri Kalipada Mondal (22) Shri Kallol Khan (23-24) Shri Manturam Pakhira (25-26) Smt. Manju Basu (27)	Sir, we beg to move that the amount of the Demand be reduced by Rs. 100/-

Shri Dipak Kumar Ghosh (28) Shri Mahabubul Haque (29) Shri Gyan Singh Sohanpal (30) Shri Sital Kumar Sarder (31) Shri Pankaj Banerjee (32) Shri Bankim Chandra Hazra (33-38) Shri Chaudhury Mohan Jatua (39-40) Shri Tarak Bandyopadhyay (41-43) Shri Deba Prasad Sarkar (44-45) Shri Sadhan Pande (46-48) Shri Abdul Mannan (49-60) Shri Nirmal Ghosh (61-64) Shri Subrata Mukherjee (65-69) Shri Saugata Roy (70-71) Shri Gobinda Chandra Naskar (72-75) Shri Kamal Mukherjee (76-81) Shri Ajoy Dey (82-85) Shri Jyotipriya Mallick (86-96) Shri Kashinath Mishra (97-137) Shri Tamanash Ghosh (138)	Sir, we beg to move that the amount of the Demand be reduced by Rs. 100/-

শ্রী পংকজ ব্যানার্জী : মাননীয় অধ্যক্ষ মহোদয়, পশ্চিমবাংলার মুখ্যমন্ত্রী তথা স্বরাষ্ট্র মন্ত্রী শ্রীবুদ্ধদেব ভট্টাচার্য ২০০১-২০০২ সালের ২১ নং অভিযাচনে যে ব্যয়-বরাদ্দ উত্থাপন করেছেন সে সম্বন্ধে বলবার আগে আমি বলি—মাননীয় মুখ্যমন্ত্রী যখন তাঁর ব্যয়-বরাদ্দ পেশ করছেন পশ্চিমবাংলার অবস্থাটা কি ? সেটা ওঁর জানা দরকার। তার কারণ জুন মাসে তিনি এই প্রতিবেদন রেখেছিলেন। আজকে এটা অফিসিয়ালি প্লেস হয়েছে এবং এর ওপর আমরা আলোচনা করছি। এখন মাননীয় মুখ্যমন্ত্রী বলবার চেষ্টা করবেন—সব ঠিক হ্যায়। পশ্চিমবাংলায় সব কিছু ঠিক ঠিক চলছে, এটাই ওঁর দাবি। বিগত বিধানসভা নির্বাচনে মেদিনীপুর জেলার ডেবরা বিধানসভা কেন্দ্রে আমাদের তৃণমূল কংগ্রেসের প্রার্থী ছিলেন মাধ্যমিক স্কুলের শিক্ষক শ্রীরাধাকান্ত মাইতি। তিনি নির্বাচনে লড়াই করে পরাজিত হয়েছেন। কিন্তু গতকাল বেলা তিনটের সময় সি পি এম-এর দুর্বৃত্তরা হানা দিয়ে তাঁর এবং তার পরিবারের লোকজনদের ওপর অত্যাচার চালিয়েছে। তিনি ৬ মাস আগে সি পি এম-এর লোকেদের বিরুদ্ধে একটা মামলা করেছিলেন। সেই মামলার রায় বেরিয়েছে অপরাধীদের গ্রেপ্তার করার। সে মামলা তুলে নেবার জন্য রাধাকান্তবাবুর বাড়িতে ঢুকে অত্যাচার চালানো হয়েছে। তাঁর পুত্রবধূর ওপর নির্যাতন হয়েছে, আজকে এখানে কেউ কেউ বধূ নির্যাতন নিয়ে কুম্ভীরাশ্রু বিসর্জন করছেন। তার উপর নৃশংস অত্যাচার চালায়। তার পুত্রবধূ তাকে রক্ষা

করতে গেলে তিনি নিগৃহীতা হন। মাননীয় মুখ্যমন্ত্রী মহাশয়কে বলছি, এ সম্পর্কে কি ব্যবস্থা তিনি করেছেন বা করবেন সেটা যেন হাউসকে জানান। স্যার, আমরা দেখছি, বুদ্ধদেববাবু স্বরাষ্ট্রমন্ত্রী থাকাকালীন ক্রমান্বয়ে ১০০ কোটি টাকা করে বাজেট বাড়িয়ে চলেছেন। '৯৭-'৯৮ সালে ওর বাজেট বরাদ্দ ছিল—৬৬২ কোটি ৩৫ লক্ষ টাকা, '৯৮-'৯৯ সালে ওর বাজেট বরাদ্দ ছিল ৭৪৮ কোটি ১৫ লক্ষ ৮৫ হাজার টাকা, '৯৯-২০০০ সালে ছিল ৮৬৪ কোটি ৩৬ লক্ষ ৭৫ হাজার টাকা, ২০০০-২০০১ সালে ছিল ৯১৩ কোটি ৪৪ লক্ষ ৪৩ হাজার টাকা। ৫ বছরে ৫০০ কোটি টাকা ওর বাজেট বেড়েছে। স্যার, যত ওর বাজেটে টাকা বাড়ছে তত দেখছি পশ্চিমবাংলার আইনশৃঙ্খলা বিঘ্নিত হচ্ছে। যত বেশি উনি বাজেট বরাদ্দ চাইছেন তত বেশি পশ্চিমবাংলার আইনশৃঙ্খলা তলানীতে এসে ঠেকছে। এইভাবে পশ্চিমবঙ্গ একটা জঙ্গলের রাজত্বে পরিণত হয়েছে। উনি স্যার, ওর বাজেট ভাষণে বলেছেন যে পশ্চিমবাংলায় বিধানসভার নির্বাচন এবং একটি লোকসভা কেন্দ্রের উপনির্বাচন কয়েকটি বিক্ষিপ্ত ঘটনা ছাড়া শান্তিপূর্ণভাবে সম্পন্ন হয়েছে। স্যার, এটা হচ্ছে একবিংশ শতাব্দীর সবচেয়ে বড় অসত্য ভাষণ। স্যার, পশ্চিমবাংলার আইনশৃঙ্খলার পরিস্থিতি কি, কি রকম নির্বাচন এখানে হয়েছে তা আমরা সকলেই জানি। গত ১০ই মে ভারতবর্ষে পশ্চিমবঙ্গ সহ ৫টি রাজ্যে নির্বাচন হয়েছিল। এই ৫টি রাজ্যের নির্বাচন সম্পর্কে ভারতবর্ষের তাবৎ পত্র-পত্রিকা—দৈনিক, সাপ্তাহিক, মাসিক এমনকি ইলেকট্রনিক মিডিয়া পর্যন্ত বলেছিল ৫টি রাজ্যেই ক্ষমতার রদবদল হবে। অর্থাৎ শাসন ক্ষমতায় যারা আছেন তারা বিরোধীপক্ষে যাবেন, আর বিরোধীপক্ষে যারা আছেন তারা শাসন ক্ষমতায় যাবেন। পশ্চিমবঙ্গ ছাড়া বাকি ৪টি রাজ্যে হলও তাই। সেখানে হল তার কারণ সেখানে গণতান্ত্রিক পদ্ধতিতে নির্বাচন হয়েছিল। এমনকি একজিট পোলেও বলা হয়েছিল ফিফটি ফিফটি চান্স—এনি বডিস চান্স। সি. পি. এম. পার্টি অফিস থেকেও বলা হয়েছিল যে এবারে হাড্ডাহাড্ডি লড়াই হবে, যে কেউ জিততে পারে। মাননীয় মুখ্যমন্ত্রী তাঁর মুখ্যমন্ত্রীত্বের পাট রেখে দিয়ে সকাল থেকে রাত্রি পর্যন্ত যাদবপুরে পড়ে থাকলেন, সেখানে বাচ্চাদের গাল টিপে আদর করলেন যাতে করে তাদের বাবা, মায়েদের সহানুভূতি তিনি পেতে পারেন। তিনি নিজেও ভেবেছিলেন কি যেন কি হয়, কি যেন কি হয়। এই কি যেন কি হয় ভাবতে ভাবতে দেখলাম তিনি ৩৫ হাজার ভোটে জিতে গেলেন। নির্বাচনের পরের দিনই আমরা দাবী করেছিলাম বিধানসভার অন্তর্গত ১০১/১০৭/১০৮/ ১১১/১১২/১১৪ নং বুথে রিগিং হয়েছে। বুদ্ধদেববাবু নির্বাচনের আগে বাড়িতে বাড়িতে গিয়ে বাচ্চাদের গাল টিপে আদর করে বাবা, মায়েদের করুণা আদায়ের চেষ্টা করলেন আর ফলাফল ঘোষণার সময় দেখা গেল তিনি ৩৫ হাজার ভোটে জিতে বেরিয়ে এসেছেন। এইভাবে তো নির্বাচন হয়েছে। স্যার, ওরা ঠিক করেই নিয়েছিলেন যে পশ্চিমবাংলায় গণতান্ত্রিক রীতিনীতি এবং পদ্ধতি তার কোনোটা ওরা চলতে দেবেন না এবং তারই ফলে আমরা দেখছি আজকে নির্বাচনোত্তর সংঘর্ষের ঘটনাগুলি ঘটছে। সেটা উনি বন্ধ করতে পারেননি। স্যার, নির্বাচনের প্রাইমারি কনডিশান হচ্ছে নির্বাচকমণ্ডলী। এখানে নির্বাচক মণ্ডলী নেই। বিভিন্ন জেলা, বিভিন্ন থানা, বিভিন্ন গ্রামের হাজার হাজার তৃণমূল কংগ্রেস সমর্থক, কংগ্রেস সমর্থক, সি. পি. এম. বিরোধী সমর্থক তাদের বাড়ি ছাড়া করে দেওয়া হয়েছে। নির্বাচনের আগে বারবার আমরা মুখ্যমন্ত্রীর কাছে গিয়েছি, মুখ্যমন্ত্রী বলেছিলেন আলোচনা করবো। আলোচনায় বসেছিলেন

আমাদের প্রতিনিধিরা মেদিনীপুরের জেলাশাসকের দপ্তরে। সেখানে জেলাশাসক, অতিরিক্ত জেলাশাসক, এস. পি., অ্যাডিশন্যাল এস. পি., আই. জি., আমাদের পার্টি, সি. পি. এম পার্টি মিলে বসে আলোচনা করা হয়েছে। স্যার, একদিকে আলোচনা চলছে সার্কিট হাউসে আর অপরদিকে বিভিন্ন গ্রামে আমাদের সমর্থকদের উপর আক্রমণ চালানো হচ্ছে—তাদের বাড়ি লুঠ করা হচ্ছে। যখন সেই খবর এলো তখন আর আলোচনা করার কোনো ভিত্তিই থাকলো না। স্যার, নির্বাচনের আগে ভোটারদের তাড়িয়ে দিয়ে একতরফাভাবে সেখানে নির্বাচন করা হয়েছে। স্যার, মাননীয় স্বরাষ্ট্রমন্ত্রী তাঁর ভাষণে বলেছেন শান্তিপূর্ণ। এই শ্মশানের শান্তি আমরা চাই না। এখনও হিসাবমতো পশ্চিমবাংলায় আমাদের ১১ হাজার কর্মী, সমর্থক, সাধারণ মানুষ, তারা গৃহছাড়া, জেলা ছাড়া। বারবার এস. পি., জেলাশাসককে বলা হচ্ছে কিন্তু তারা অসহায়। এমনকি অনেক ক্ষেত্রে আমি বলতে চাই মাননীয় মুখ্যমন্ত্রী চেষ্টা করেছেন রাইটার্স বিল্ডিং-এ বসে যখন আমরা মিটিং করতে গিয়েছি কিন্তু ওর কথা ওর পার্টির জেলার নেতারা শোনেননি। কারণ তারা ঠিক করেই নিয়েছিলেন যে তারা তাদের প্রতিদ্বন্দ্বী লোককে রেখে নির্বাচনে যাবেন না। আজকে কি রকম মাথাভারি প্রশাসন বুদ্ধদেববাবু করে রেখেছেন দেখুন।

[3.10—3.20 p.m.]

আজকে কংগ্রেস আমলের অনেক সমালোচনা হয়। মাননীয় বুদ্ধবাবু, কংগ্রেস আমলে ১ জন আই. জি. ছিলেন, আর ৫ জন ডি. আই. জি. ছিলেন। এই নিয়ে তখন পুলিশ প্রশাসন চলতো। আজকে ডি. জি.-র সংখ্যা ৪, এ. ডি. জি.-র সংখ্যা ১২, আই. জি.-র সংখ্যা ৪২, ডি. আই. জি.-র সংখ্যা ৮০। কংগ্রেস আমলে একজন আই. জি. এবং ৫ জন ডি. আই. জি. ছিলেন, কিন্তু আজকে বুদ্ধবাবু গোটা পশ্চিমবঙ্গের কি অবস্থা করেছেন ! ওই বড়োবাজার বিধানসভা থেকে কয়েকশো গজ দূরে, সেখানে দিনের বেলায় খুন হচ্ছে, প্রতিদিন দুপুরবেলায় সেখানে লুট হচ্ছে। আর তিনি ডি. জি. বাড়াচ্ছেন ৪ জন। আগে ডি. জি.-র কোনো পোস্টই ছিল না, এ. ডি. জি.-র কোনো পোস্ট ছিল না। সেখানে ডি. জি. ৪ জন, এ. ডি. জি. ১২ জন হয়েছেন, আই. জি. হয়েছেন ৪২ জন এবং ডি. আই. জি. হয়েছেন ৮০ জন। পুলিশের সংখ্যা কত ? এই সংখ্যা বেঙ্গল পুলিশে বেশি ; বেঙ্গল পুলিশে কম-বেশি ৬০,০০০, কলকাতা পুলিশে ২০,০০০ এবং প্রতি ৩,০০০ পুলিশে ১ জন ডি. আই. জি. আছেন, প্রতি ১০,০০০ পুলিশে ১ জন আই. জি. আছেন, প্রতি ৩০,০০০ পুলিশে ১ জন ডি. জি. আছেন। তাহলে ডি. জি. থাকবার কথা ২, আই. জি. থাকবার কথা ৬, ডি. আই. জি. থাকবার কথা জনা ২০, কিন্তু সংখ্যাটা চার-পাঁচ গুণ হয়ে গেছে। প্রাইজ দিয়ে ডি. জি. করে নিয়ে যাওয়া হয়েছে বাজপেয়ীকে চার-পাঁচজনকে ডিঙিয়ে। আজকে কলকাতা পুলিশের কমিশনার হিসাবে তিনি গোটা পুলিশী ব্যবস্থাকে লুণ্ঠিত করে দিয়েছেন। গোটা কলকাতায় আজকে আইন-শৃঙ্খলা ভেঙে পড়েছে। এখন কলকাতায় প্রকাশ্য দিবালোকে খুন হচ্ছে, আই. এস. আই. কলকাতাকে আজকে একটা সেন্টার হিসাবে গড়ে তুলেছে। তিন-চার বছর আগে আমরা বলেছিলাম ইনসার্জেন্সির হেডকোয়ার্টার হচ্ছে কলকাতা এবং শিলিগুড়ি। কলকাতাকে সেন্টার করে আই. এস. আই. পূর্বাঞ্চলে এবং শিলিগুড়িকে কেন্দ্র করে তারা উত্তর-পূর্বাঞ্চলে সন্ত্রাসমূলক তৎপরতা চালাচ্ছে। আজকে দিনের পর দিন আমরা দেখছি ইনসার্জেন্সি গ্রুপের আতঙ্কবাদী

যারা আছে তারা এটাকে হেড কোয়ার্টার করে কাজ করছে। তখনকার ওই অপদার্থ পুলিশ কমিশনার দীনেশ বাজপেয়ীর সময় আমরা দেখেছি যে, পার্ক স্ট্রিটে আমাদের উত্তরপ্রদেশের পুলিশ অপরাধীদের তাড়া করে গুলি করছে। দিনের পর দিন তিনি কলকাতার পুলিশী ব্যবস্থাকে ভেঙে দিয়েছেন, পর্যুদস্ত করে দিয়েছেন। সমস্ত ইনফর্মেশন সোর্সকে নষ্ট করে দিয়ে তিনি ডি. সি.-দের নিজের তালুকের প্রজা করে নিজের ব্যবস্থাটাকে কায়েম করেছেন। তার ফলে ল অ্যান্ড অর্ডার ডেটোরিয়েট করেছে, মুখ থুবড়ে পড়েছে। আজকে তাঁকে লালবাজার থেকে রাইটার্স বিল্ডিংয়ে ডি. জি. করে নিয়ে এসেছেন কেন ? যো হুজুর বলেন বলে ? তার ফলে সারা পুলিশ বাহিনী করে খাচ্ছে, তারা সাধারণ মানুষের পাশে গিয়ে দাঁড়াচ্ছে না এবং তার ফলে অপরাধীরা চরে খাচ্ছে। তার জন্য বলতে চাই, আজকে পশ্চিমবঙ্গে যে অবস্থা সৃষ্টি করেছেন, যেভাবে পুলিশ প্রশাসন মুখ থুবড়ে পড়েছে, তার জন্য পশ্চিমবঙ্গের মানুষ আতঙ্কিত। আজকে পশ্চিমবঙ্গে দিনের পর দিন আমরা কি দেখছি ? মাননীয় মুখ্যমন্ত্রী শুধু নাট্যকার নন, অভিনেতাও বটে। নির্বাচনের পূর্বে দেখলাম, উস্তিতে ডাকাতি হবার পর সেখানে গিয়ে ভ্যান-রিকসায় চেপে ডাকাতি হওয়া গ্রাম ঘুরে দেখে এলেন। নির্বাচনের পর কি পশ্চিমবঙ্গে ডাকাতি হয়নি ? আপনি গিয়েছেন তখন ? রাইটার্স বিল্ডিং-এর পেছনে ৩০ লক্ষ টাকা ডাকাতি হয়ে গেল। একবারও গিয়ে দেখে এসেছেন সেখানে কি হয়েছে, পুলিশ সেখানে কি করছিল ? নির্বাচনের আগে ভ্যান-রিকসায় চেপে উস্তির গ্রামে গিয়ে ইলেকট্রনিক মিডিয়ার মাধ্যমে দেখালেন সাধারণ মানুষের কথা আপনি কত ভাবছেন। নির্বাচন শেষ, আপনার অভিনয়ও শেষ, দায়িত্বও শেষ। এটাই কি আমরা একজন মুখ্যমন্ত্রীর কাছ থেকে আশা করি ? আমি বলবো, একটি ছেলে খুন হয়ে গেলো ওঁর নির্বাচন কেন্দ্রের কাছে কসবাতে। উনি গিয়ে ছেলেটির মাকে সান্ত্বনা দিয়ে এসেছেন। তারপর যারা খুন হল, রাজনৈতিক কনফ্রনটেশনে যারা খুন হল তাদের পরিজনের কাছে গিয়ে কি আপনি কথা বলেছেন, সান্ত্বনা দিয়েছেন ? আজকে পুলিশ এবং পার্টি, পুলিশ এবং প্রশাসনিক দল, এই দুই মুখ একত্রিত হয়ে যাবার জন্যই আজকে রাজ্যে ডাকাতি হচ্ছে, খুন হচ্ছে। তার কারণ তাদের বলা হয়েছিল, তোরা যদি নালিশ করিস পুলিশকে, গোটা পরিবারকে আমরা পরিষ্কার করে দিয়ে যাবো, বংশে বাতি দেবার কেউ থাকবে না। আজকে তো হবেই এইসব। আজকে মন্ত্রীসভায় কাদের রেখেছেন ? আমি আশা করেছিলাম এবারে মুখ্যমন্ত্রী হচ্ছে—উপমুখ্যমন্ত্রী থাকাকালীন ধারাবাহিকতা রেখে জ্যোতিবাবু যাঁদের মন্ত্রী রেখেছিলেন তাদের নিয়ে ৬ মাস চালাতে হবে—নির্বাচনের পর দেখলাম যে মাননীয় মুখ্যমন্ত্রী তাঁদের ফেস লিফ্‌ট করলেন না। যে মন্ত্রীর বিরুদ্ধে আমাদের সরাসরি অভিযোগ ছিল সেই মন্ত্রীকেই আবার তিনি নিয়ে এলেন। দপ্তর পালটে দিয়েছেন ঠিক কথা কিন্তু মন্ত্রীসভায় তিনি রেখে দিলেন। মানুষকে কি শিক্ষা দিলেন, কি দীক্ষা দিলেন ? যদি একজন মন্ত্রীর বিরুদ্ধে সরাসরি অভিযোগ থাকে সন্ত্রাসের, আর্মস অ্যান্ড এমিউনিশান চলাচলির অভিযোগ থাকে, খুনোখুনির ডাইরেক্ট প্রোভোক করার অভিযোগ থাকে তাহলে তিনি মন্ত্রীসভায় থাকতে পারেন ? সমাজবিরোধীরা এর থেকে কি শিক্ষা পাবে ? অপরাধীরা ভাববে ভাল হয়েছে, যা খুশি তাই করবো শুধু দিনের শেষে

পতাকা তুলবো। যা খুশি তাই করবো আর নির্বাচনের সময় কয়েকটি ভোট এনে দেব। তারই তো পরিণাম আজকে স্টেডিয়াম। আজকে যুবভারতী স্টেডিয়ামের যে কাণ্ড কারখানা, এটা কি স্যার বিচ্ছিন্ন ঘটনা ? আজকে রাজনীতিতে দুর্বৃত্তায়ন কোথায় কোন পর্যায়ে গিয়েছে ? আজকে একটা হাঁড়ির ভাত টিপেই সেটা বেরিয়ে গিয়েছে। মাননীয় মুখ্যমন্ত্রীকে বলি, কর্ণেল রায় সেখানে দায়িত্বে আছেন, অনেকদিন আগে বলেছিলাম, বিস্তারিত রিপোর্ট দিয়ে বলেছিলাম যে সেখানে একটা থানা করে দিন। সেখানে সমাজবিরোধীরা আসে রাতের বেলায় দিনের পর দিন। সেই এলাকাটাকে দখল করে রেখেছে। সেখানে একটা পুলিশ ক্যাম্প করেননি। কেন ? কেন না সুভাষবাবুদের চক্রকে সেখানে রাখতে হবে। সেখান থেকে নির্বাচনের আগে গোটা কলকাতায় সমাজবিরোধীদের ভাড়া দেওয়া হয়েছে। তারা গিয়ে নির্বিবাদে বুথ দখল থেকে আরম্ভ করে সমস্ত কিছু করেছে। মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি বলতে চাই যে গোবিন্দ দে বলে যে ভদ্রলোক, সে আউটসাইডের সমস্ত দুষ্কৃতকারীদের হাওড়া এবং উত্তর ২৪-পরগনার থেকে নিয়ে এসে জড়ো করেছিল। কোথায় গোবিন্দ দে ? কেন তাকে পুলিশ ধরলো না ? তার কারণ তাকে ধরলে মাথা পর্যন্ত ধরা পড়ে যাবে। এখানে যে মন্ত্রীর বিরুদ্ধে অভিযোগ তিনি আজকে তার অভিযোগ থেকে বার হতে পারছেন না। সি. আই. ডি.-কে দায়িত্ব দিয়েছেন। আর আলিমুদ্দিন স্ট্রীট থেকে তাঁদের পার্টির নেতারা বলে দিচ্ছে, না না এই মন্ত্রী জড়িত নন, আমরা জানি তার হাত-পা বাঁধা। আর আপনার মন্ত্রীসভার আর একজন সদস্য নূতন শিল্পমন্ত্রী হয়েছেন, তিনি বর্ধমানে গিয়ে বললেন, না না যে মন্ত্রীর বিরুদ্ধে অভিযোগ আসছে সেই অভিযোগের কোনো প্রাইমাফেসি নেই। কি করে বলছে ? তাহলে কি সি. আই. ডি. আপনার পার্টির অফিসে গিয়ে রিপোর্ট দিয়ে আসছে ? আর সি. আই. ডি. দেখাচ্ছেন ? সি. আই. ডি.-কে যতগুলি কাজ আপনি দিয়েছেন আজ পর্যন্ত কোনো কেসে কিছু হয়নি। ভিখারি পাসোয়ানের কেস সি. আই. ডি.-কে দিলেন। তারা পুলিশের উপর গাওনা গেয়ে পুলিশকে আড়াল করার চেষ্টা করেছে। বাঘেরখোলে ১০ জন মানুষকে খুন করা হয়েছিল, আপনি সি. আই. ডি.-কে দিলেন, সেখানটায় আততায়ীদের গ্রেপ্তার করতে পারেনি, সেই ঘটনার তদন্ত কিছু করতে পারেনি। বেহালার অক্সিটাউনে একটা পরিবারকে নিশ্চিন্ন করে দেওয়া হয়েছিল। আপনি সি. আই. ডি.-কে দিলেন, সি. আই. ডি. তার কোনো বিচার করতে পারেনি। গুরুপদ বাগচী, আপনার দলের কর্মী খুন হয়ে গেল। আপনি সি. আই. ডি.-কে দিলেন, এখনও পর্যন্ত তার কোনো ব্যবস্থা হয়নি। সুজাতা দাস খুন হয়ে গিয়েছে। আপনি সি. আই. ডি.-কে দিয়েছেন, এখনও পর্যন্ত তার কোন ব্যবস্থা হয়নি। ছোট আঙারিয়ার ঘটনা সি. আই. ডি.-কে দিয়েছিলেন। হাইকোর্ট বলেছেন সি. আই. ডি.-কে দেওয়া মানে ধামাচাপা দেওয়া, তাঁরা সি. বি. আই.-কে দিয়ে দিয়েছেন। আজকে কথায় কথায় পকেট থেকে সি. আই. ডি. বার করেন যেন সি. আই. ডি. একটা নূতন ব্রাহ্মণ, নূতন ব্রাহ্মণত্ব পেয়েছে, পৈতে ধরে দাঁড়ালে পরে সঙ্গে সঙ্গে তার পায়ের কাছে গিয়ে জো হুঁজুর বলে প্রণাম করে তার সমস্ত পাপাচারের কথা সেই কনফেসানের কথা বলে আসবে। তাই মাননীয় অধ্যক্ষ মহাশয় আজকে গোটা পশ্চিমবাংলা সমাজবিরোধীদের একটা অবাদ মুক্তাঞ্চল হয়ে গিয়েছে। গোটা পশ্চিমবাংলায় রাইটার্স বিল্ডিং অফিসার থেকে শুরু করে কন্সটেবল পর্যন্ত আজকে

পার্টির অঙ্গুলি হেলনে চলছে, পার্টির নির্দেশে চলছে। তাই এখানে বিচারের বাণী নীরবে নিভৃতে কাঁদে। মানুষ নিহত, মানুষ আহত, মানুষের মৃতদেহতে ভর্তি। মানুষের ঘর জ্বালিয়ে দেওয়া হচ্ছে, মানুষকে ঘর থেকে বার করে পিটিয়ে খুন করে দেওয়া হচ্ছে। আর প্রশাসনিক বক্তব্য আমাদের এখানটা পশ্চিমবাংলাটা মরূদ্যান। এটা মরূদ্যান নয় মাননীয় অধ্যক্ষ মহাশয়। আজকে পশ্চিমবাংলা শ্মশানের মরুভূমি। এখানে শুধু কান্না, এখানে শুধু অশ্রুধারা, এখানে শুধু হত্যা, এখানে শুধু অগণতন্ত্র, এখানে শুধু ফ্যাসিজিম, এখানে শুধু মানুষের অধিকার কেড়ে নেওয়া। তাই আমাদের কাছে যে ব্যয়-বরাদ্দের দাবি পেশ করা হয়েছে স্বাভাবিকভাবে পশ্চিমবাংলার মানুষের স্বার্থে সেই দাবিকে নস্যাৎ করে দিতে বলতে হবে। দিয়ে বলতে হবে তুমি ব্যর্থ, তুমি পশ্চিমবাংলার মানুষের ধন-মান-জীবন এবং সম্পদের নিরাপত্তা দিতে পারনি।

[3.20—3.30 p.m.]

তোমাদের রাজত্বে মানুষ লুণ্ঠিত হচ্ছে, মানুষের অধিকার লুণ্ঠিত হচ্ছে। তাই এই প্রস্তাবের তীব্র বিরোধিতা করে এবং আমাদের দলের সমস্ত কাটমোশানকে সমর্থন করে আমি মুখ্যমন্ত্রীকে বলবো, আপনি দপ্তরের দিকে নজর দিন। পুলিশকে তার ন্যস্ত দায়িত্ব পালন করতে দিন। বাংলার মানুষকে সাহায্য করুন। এই কথা বলে আমার বক্তব্য শেষ করছি।

শ্রী রবীন দেব : মাননীয় অধ্যক্ষ মহাশয়, মাননীয় মুখ্যমন্ত্রী এবং স্বরাষ্ট্রমন্ত্রী ২০০১-২০০২ সালের জন্য ২১ নং অভিযাচনে যে ১ হাজার ৯ কোটি ৭০ লক্ষ ৪১ হাজার টাকার দাবি পেশ করেছেন, তাকে আমি সমর্থন করছি এবং বিরোধীদের আনা ছাঁটাই প্রস্তাবের বিরোধিতা করছি। মাননীয় অর্থমন্ত্রী রাজ্যের জন্য যে ৬৭,৮৯৭ কোটি ৬৪ লক্ষ ১৪ হাজার টাকা ব্যয়-বরাদ্দের অনুমোদন এখানে নিয়েছেন, তার মধ্যে ১১ হাজার ৯ কোটি টাকা পুলিশ খাতে এখানে বরাদ্দ হয়েছে—মোট বরাদ্দের ১.৫ শতাংশ। এখানে মাননীয় বিরোধী দলের নেতা আঁতকে উঠেছেন। একটু ভাবুন। কেন্দ্রীয় সরকার যেখানে ১.৮৯ শতাংশ ব্যয় করছে শিক্ষার জন্য, সেখানে আমাদের রাজ্যে ২৬ শতাংশ ব্যয় হয় শিক্ষার জন্য। আর পুলিশের জন্য আমাদের মোট ব্যয়-বরাদ্দের ১.৫ শতাংশ, ১ হাজার ৯ কোটি ৭০ লক্ষ ৪১ হাজার টাকার মধ্যে, যেটা গতবারের চেয়ে মাত্র ৯৬ কোটি টাকার একটু বেশি। বিরোধী দলের নেতা তিনি নিশ্চয়ই বাজেট বক্তৃতাটা পড়েননি মাননীয় মুখ্যমন্ত্রী যা উপস্থিত করেছেন। তাতে পরিষ্কার উল্লেখ আছে, কেন এই বরাদ্দ বাড়লো—'কর্মচারীদের বেতন ও ভাতা বৃদ্ধি, নতুন পদ সৃষ্টি, বাহিনী সমূহের ব্যবহারের জন্য যান ও অত্যাবশ্যক সাজ-সরঞ্জাম ক্রয়, নবগঠিত বিভিন্ন ইউনিট ও সেইসঙ্গে পুলিশ কর্মীবর্গের স্থান সংকুলানের জন্য ভবন নির্মাণ ও অধিগ্রহণ, পরিকাঠামোগত বর্তমান সুযোগ সুবিধার উন্নতিবিধান ও নতুন পরিকাঠামো গড়ে তোলা ইত্যাদি বাবদ...' এই ব্যয় বাড়ানো হয়েছে। আমাদের রাজ্যে মোট ৪০৫টি থানা আছে পশ্চিমবঙ্গ পুলিশের আন্ডারে, আর ৪২টি থানা আছে কলকাতা পুলিশের আন্ডারে। আমাদের রাজ্যে পুলিশ কর্মী, পশ্চিমবঙ্গ পুলিশের আন্ডারে আছে ৬০,৩২৪, আর কলকাতা পুলিশের আন্ডারে আছে ২৩,৩৭০। এই হচ্ছে পুলিশ কর্মীর সংখ্যা। বিরোধী দলের নেতা জানেন—গত ৩রা মে রাজভবনে যেখানে আমাদের কেন্দ্রীয় মুখ্য নির্বাচন কমিশনার ডঃ এম. এস. গিল

এসেছিলেন, ঠিক নির্বাচনের প্রাক্কালে যখন সর্বদলীয় বৈঠক হচ্ছে, সেখানে নির্বাচন কমিশনার কী বলেছিলেন ? তিনি বলেছিলেন, পাঞ্জাবে যেটি একটি ছোটো রাজ্য, যার লোকসংখ্যা ৮ কোটি ২ লক্ষ, সেখানে পুলিশের সংখ্যা দেড় লক্ষ। আর পশ্চিমবঙ্গে মোট পুলিশ কর্মীর সংখ্যা ৮৫ হাজারের নীচে। তিনি বলেছিলেন, আমি অবাক হয়ে যাচ্ছি, এতবড় রাজ্যে কি করে এত কম পুলিশ দিয়ে চলছে ? হ্যাঁ, আমাদের রাজ্য শান্তিপ্রিয় রাজ্য। কিন্তু তার মধ্যে থেকে দিনের পর দিন কেন অপরাধ প্রবণতা বাড়ছে ? যারা এই অপরাধ প্রবণতা বাড়াচ্ছে তাদের দিকে লক্ষ রাখুন। বিরোধী দলের নেতা সে সম্বন্ধে একটা কথাও উল্লেখ করলেন না। কেন পুলিশকে এত সক্রিয় ভূমিকা পালন করতে হচ্ছে ? পুলিশকে তৎপরতা দেখাতে হচ্ছে ? কেন এটা বাড়ছে ? ১৯৯১ সালে যেটা কংগ্রেসের নেতৃত্বে হয়েছিল, এল. পি. জি.— লিবারালাইজেশান, প্রাইভেটাইজেশান এবং গ্লোবালাইজেশান, তারই হাত ধরে আসছে ক্রিমিন্যালাইজেশান, কমিউন্যালাইজেশান, কোরাপশান এবং কনজুমারাইজম। এগুলোর আজকে যে প্রক্রিয়া, এগুলোর ছাপ এসে পড়ছে সমাজে। তারই ফলে আজকে বেকারি বাড়ছে, ভোগবাদ বাড়ছে, ব্যক্তিকেন্দ্রীকতা বাড়ছে, অপরাধপ্রবণতা বাড়ছে, মারামারি বাড়ছে, হানাহানি বাড়ছে, বাড়ছে রক্তারক্তি। এই জায়গায় দাঁড়িয়ে আমাদের সরকার, আমাদের মুখ্যমন্ত্রী তথা স্বরাষ্ট্রমন্ত্রী এই ধারাবাহিকতা ২৪ বছরের সাফল্য নিয়ে এগিয়ে চলেছে। এই প্রসঙ্গে আমি মূল জায়গায় যেটা আমরা অবহিত করতে চাইছি যে, বেকারত্বের জ্বালা থেকে মুক্ত করা। আমাদের সংবেদনশীল সরকার আজ তাই সঠিকভাবে এবং গুরুত্ব দিয়ে নিজ নিজ রূপ দিতে চাইছে। সেখানে এই পুলিশ বাজেট যেটা আনা হয়েছে তাতে সামগ্রিকভাবে সমাজের শান্তি-শৃঙ্খলা ফিরিয়ে আনার জন্য পুলিশের অর্থ বরাদ্দের কথা বলা হয়েছে। এবং সেখানে সমাজের একটা অশান্ত যে উৎস মুখ তাকে অবহেলিত রেখে বিরোধীদলের নেতারা বাইরে গিয়েও দায়িত্ব পালনের কোনো দায়বদ্ধতা তাদের নেই। জনগণের প্রতি যে দায়বদ্ধতা, অন্তত ৩৯ শতাংশর ভোটে যে জিতে এসেছেন তাদের প্রতিও কোনো দায়বদ্ধতা নেই। ওদের তো হুমকি গলা কেটে দেব, নাক কেটে দেব ইত্যাদি এবং সব চুল বাঁধবো না যতক্ষণ পর্যন্ত রাইটার্স দখল না করছি ইত্যাদি। এইভাবে তো ৩৯ শতাংশ ভোটে তারা জিতে এসেছেন তাদের প্রতি দায়বদ্ধতা কোথায় ? আমাদের স্বরাষ্ট্রমন্ত্রী একটার পর একটা ব্যয়-বরাদ্দের দাবি উত্থাপিত করেছেন কি খাতে কত খরচ ইত্যাদি এবং সেখানে দ্বিতীয় প্যারায় বলেছেন যে কোন কোন জায়গায় নির্বাচন হয়েছে গত আর্থিক বছরে। একটা ইমপর্টেন্ট নির্বাচন, পুরো নির্বাচন গত বছর হয়েছে। কলকাতা বিধাননগরে উপনির্বাচন হয়েছে, পূজালিতে উপ-নির্বাচন হয়েছে এবং রায়গঞ্জে উপ-নির্বাচন হয়েছে, এছাড়া ত্রয়োদশ বিধানসভার নির্বাচন হয়েছে। এবং ওই এক মাসের মধ্যেই পূজালি এবং রায়গঞ্জের পুর নির্বাচনও হয়েছে। এতগুলো নির্বাচন হয়েছে এবং সংগঠিত হয়েছে। প্রত্যেকটি নির্বাচনই এই সামগ্রিক অবস্থার পরিপ্রেক্ষিতে সুষ্ঠুভাবে সংগঠিত হয়েছে। আমাদের পশ্চিমবঙ্গ তো আলাদা কোনো রাষ্ট্র নয়, অন্যান্য রাজ্যের মতো একটি রাজ্য। সেখানে গত ১০ তারিখে আপনার নেত্রী এতো হইচই করলেন এবং 'ভি' দেখালেন টিভিতে। তার পরের দিনই ১১ তারিখে হরিশ চ্যাটার্জি স্ট্রিট থেকে হইচই শুরু করে দিলেন এবং একটা স্নায়ুবিক চাপ সৃষ্টি করে দেবার চেষ্টা করলেন যে, তারা নাকি চলে আসছেন। আর ১৩ তারিখে ইলেকট্রনিক্স ভোটিং মেশিনে ভোটের খবর যখন বেরুল তখন একেবারে ঘরের ভেতরে ঢুকে গেলেন আর খুঁজেই পাওয়া যায়নি। প্রথমে

এমন উদ্দাম এবং উত্তাল হয়ে উঠেছিলেন এবং সবাইকে জানিয়ে দিলেন যে তারাই জিতে আসছে আর ভোটের রেজাল্টের পর অন্য রূপ। তখন তিনি কাকে দোষারোপ করলেন—এম. এস. গিলকে। কেন্দ্রীয় সরকারকে দোষারোপ করতে লাগলেন। আবার তো এন. ডি. এ. সরকারে ফিরে যাবার জন্যে খোকাবাবুর প্রত্যাবর্তনের মতো আকুপাকু করছেন। আপনাদের নেতা-নেত্রীদের এমন অবস্থা যে কে আগে যায়—অজিত পাঁজা আগে যান না আপনাদের নেত্রী আগে যান তা নিয়ে টানাপোড়েন চলছে। প্রথমে আপনাদের নেত্রী কাকে দায়ী করল—এম. এস. গিলকে, তারপরে কেন্দ্রীয় সরকারকে এবং সবচেয়ে বেশি দায়ী করলেন বামফ্রন্ট সরকারকে। তাই আজকে জনগণের আর কোনো আস্থা নেই আপনাদের উপরে। আপনাদের নেত্রী ১০ তারিখ পর্যন্ত বললেন আমরা জিতছি, তারপরে ১১ তারিখে খড়দায় রি-পোলিং হল, তিনি সেখানে ছুটে গেলেন এবং ওখানে গিয়ে ডি. এস. পি.-কে থ্রেড করলেন। পুলিশের ডি. এস. পি.-কে একজন প্রাক্তন কেন্দ্রীয় মন্ত্রী এবং এম. পি. থ্রেড করলেন। ওই ডি. এস. পি. শ্রী দাশগুপ্ত, তাঁকে গিয়ে তিনি থ্রেড করলেন। এবং তিনি স্পষ্ট করে জানিয়ে দিলেন যে বিরোধীরাই নাকি এই রাজ্যে সরকার গঠন করতে চলেছে। সুতরাং তাদের যে ভূমিকা জনগণ দেখেছে। আজকে ৮ কোটি ২ লক্ষ মানুষের বাস, এই রাজ্যের উত্তর সীমান্তে আই. এস. আই. চক্রান্ত চালাচ্ছে। আলফা এবং বোরোরা সক্রিয় এবং তাদের কাছ থেকে অস্ত্র নিয়ে কামতাপুরী লিবারেশান অনগানাইজেশান জলপাইগুড়ি, কোচবিহারে আক্রমণ চালাচ্ছে।

[3.30—3.40 p.m.]

তারা উত্তরবঙ্গের জলপাইগুড়িতে কোচবিহারে আক্রমণ চালিয়েছে জঙ্গি ভূমিকা নিয়েছে, কাদের সঙ্গে আপনারা অ্যালায়েন্স করলেন ? আর আমাদের মাননীয় স্বরাষ্ট্রমন্ত্রী সেই সময় স্পেশাল টিম গঠন করেন, এই স্পেশাল টিম গঠন করে ওখানে উত্তরবঙ্গে এগুলিকে অনেকটা জনগণ থেকে বিচ্ছিন্ন করা গিয়েছে, এতে আত্মসন্তুষ্টির অবকাশ নেই। আপনারা দেখেছেন, ১০ই ফেব্রুয়ারি কার্শিয়াঙে ওই ডি. জি. এইচ. সি.-র চেয়ারম্যান সুবাস ঘিসিং-এর উপর আক্রমণ করা হয়েছিল। সেই সুবাস ঘিসিং-এর আক্রমণকারীদের ব্যাপারে একটু আগে বললেন, একটা বিশেষ তদন্ত দল, স্পেশাল ইনভেস্টিগেশান টিম গঠন করেছিলেন মাননীয় স্বরাষ্ট্রমন্ত্রী, এই সময়ের মধ্যে এটাকে ভিসুয়ালাইজড করে একটা স্পেশাল ইনভেস্টিগেশান টিম তৈরি করেছিলেন। এই ঘটনা ঘটার সঙ্গে সঙ্গে ১৮ জনের বিরুদ্ধে চার্জশিট দিয়েছিলেন, ১৪ জনকে গ্রেপ্তার করেছিলেন। নিজের এলাকার মধ্যে সুভাষ ঘিসিং আক্রান্ত হওয়ার পরে যারা অপরাধী তাঁদের গ্রেপ্তার করে ১৩ জনকে চার্জশিট দেওয়া হল। এই ঘটনা আপনারা ভাবতে পারেন ? এই যে জ্যোতিপ্রিয় মল্লিক লাফাচ্ছেন, আপনি যে সিট থেকে নির্বাচিত হয়েছেন, সেই সিটে একজন বিধায়ক ছিলেন, তাঁর নাম ছিল চণ্ডী মিত্র। সেই চণ্ডী মিত্রকে যারা খুন করেছিল '৭২ সালে—আপনাদের কয়েকজন এখানে আছেন, যারা মন্ত্রী ছিলেন সেই সময়ের মন্ত্রিসভার সদস্য—আপনাদের দলের লোককে খুন করেছে, আপনাদের দলের সরকার ছিল, একজনকে গ্রেপ্তার করেনি, একজন অপরাধীকেও গ্রেপ্তার করেনি। একটিও চার্জশিট দেয়নি। বর্ধমানের বীরেশ্বর ব্যানার্জী ছাত্র পরিষদের নেতা, একটাও মামলা হয়নি।

আপনাদের সরকার, সিদ্ধার্থ শঙ্কর রায়ের নেতৃত্বের সরকার ছিল, একটাও মামলা হয়নি। একটু আগে মাননীয় সদস্য পঙ্কজ ব্যানার্জী বলছিলেন যে মাননীয় স্বরাষ্ট্রমন্ত্রী ছুটে যাচ্ছেন, কৌস্তভ ঘোষের বাড়িতে। কৌস্তভ ঘোষ খুন হঁলে ছুটে গিয়েছেন তাঁর বাড়ীতে। উনি তো দেখেন, খবর রাখেন না। উনি ডায়মন্ডহারবারেও গিয়েছেন, ডায়মন্ডহারবারে নির্বাচনের আগেও গিয়েছেন, পরে গিয়েছেন। যেখানে ঘটনা ঘটেছে সেখানেই মাননীয় মন্ত্রী ছুটে বেড়িয়েছেন। আপনারা যখন ম্যান মেড বন্যা বলছিলেন, আমাদের রাজ্যে ৩৫৬ ধারা লাগু করার জন্য ব্যস্ত ছিলেন তখন আমাদের স্বরাষ্ট্রমন্ত্রী, উপমুখ্যমন্ত্রী ছুটে বেড়িয়েছিলেন ওইসব বানভাসি মানুষদের ব্যবস্থা করার জন্য। তারপরে তিনি মুখ্যমন্ত্রীর দায়িত্ব নিলেন ৬ই নভেম্বর, তারপরে তিনি সেই বানভাসি মানুষের পাশে গিয়েছেন, বনগাঁয় গিয়েছেন, নদিয়ায় গিয়েছেন এবং জেলায় জেলায় ঘুরেছেন তাঁদেরকে আকুলভাবে বুকে টেনে নিয়েছেন। তিনি মাটির কাছাকাছি মানুষ, মাটির কাছাকাছি মুখ্যমন্ত্রী, মাটির কাছাকাছি স্বরাষ্ট্রমন্ত্রী, মাটির সঙ্গে মিশে মানুষের সঙ্গে আলিঙ্গন করছেন, এই দৃশ্য আপনারা ভাবতে পারেন, ভাবতে পারবেন না কোনোদিন। সেইভাবে তিনি যখন মাটির কাছাকাছি, কবি সুকান্তর ভাষায়, তিনি মানুষকে কাছে টেনে নিয়েছেন, মানুষকে আলিঙ্গন করেছেন, তেমনি পুলিশকে মানুষের কাজে টানবার জন্য, কাজে দেওয়ার জন্য তাঁদের তৈরি করেছেন। আমরা জানি কিছু পুলিশ এখানে বসে আছেন, পুলিশকে এখানে যদি অন্য জায়গা থেকে সিকিউরিটির জন্য আনা হয় তাতে তখন আপনাদের রাগ হয়। কিন্তু একজন প্রাক্তন পুলিশ অফিসার যে আপনাদের মাহিনা নিল, সারা জীবন কাজ করল ৫৮ বছর পর্যন্ত কাজ করার পর, সে আপনাদের সঙ্গী হচ্ছেন সমস্ত সুযোগ-সুবিধা ভোগ করে, তাঁর পাশে বসতে আপনাদের আপত্তি হয় না। এটাই হচ্ছে মুশকিল। একটু আগে মাননীয় সদস্য তপন হোড় বলছিলেন, এখানে আই. এ. এস., আই. পি. এস. তাঁদের নিয়ে ছোটাছুটি করতে আপনাদের আপত্তি নেই। মানুষের বিরুদ্ধে পুলিশকে কিভাবে ব্যবহার করেছেন ? মাননীয় স্বরাষ্ট্রমন্ত্রী মুখ্যমন্ত্রী পুলিশকে ব্যবহার করেছেন অপরাধীদের খুঁজে বের করবার জন্য। আপনাদের নিরাপত্তাও দিতে হয়েছে। গত ৩০শে এপ্রিল বিকাশ বসু নামে এক ভদ্রলোক খুন হয়ে গেলেন, আপনাদের নেতা, ব্যারাকপুর চত্বরে ইছাপুর চত্বরে জ্বালিয়ে দেওয়া হল, সমস্ত কাগজে বেরিয়েছে, মাননীয় অধ্যক্ষ মহাশয়, আপনি একটু আগে বলছিলেন খবরের কাগজ দেখে পড়বেন না, কিন্তু আমি নির্দিষ্টভাবে যেটা বলতে চাইছি, এই ঘটনার প্রতি, আনন্দবাজার পত্রিকায় বেরিয়েছে, এই খুনীদের ধরার পরে, যারা ধরা পড়ল—পুলিশকে ছুটে যেতে হয়েছে—চারজন ধরা পড়লেন, সেই ছবি বেরিয়েছে। পুরভোটে টিকিট দেননি বলে বিকাশকে হত্যা করা হয়েছে, হত্যাকারী কারা, তারা কবুল করেছে, কাগজে বেরুলো। তারা ধরা পড়লো কোথায়, কাগজে বেরিয়েছে। সর্বশেষ জুলাই মাসে আনন্দবাজার পত্রিকায়, আজকাল, প্রতিদিন, বর্তমান, স্টেটসম্যান, টেলিগ্রাফ যা চান, যে যে কাগজগুলি দেখলে আপনাদের আনন্দ হয়, সেই কাগজগুলি কোড করছি, সর্বশেষে কাগজে দেখুন, গোপালকে ধরল। ওই জুলাই মাসে গোপাল ধরা পড়ল দীঘা থেকে। দীঘায় পালিয়েছিল। আপনাদের সঙ্গী পরশবাবু আগে যে দলে ছিল, সেই দলের অফিসেও কয়েকজন লুকিয়েছিল, এটাও সংবাদপত্রে বেরোল। আর পুলিশকে বি. জে. পি. অফিসে গিয়ে বিকাশ বসুর হত্যাকারীদের খুঁজে বার করতে হচ্ছে, এটাও আমাদের দেখতে

হচ্ছে। আজকে পুলিশকে এই কাজেও যুক্ত থাকতে হচ্ছে। আজকে আপনাদের দলের কর্মীদের, আপনাদের দলের কর্মীরাই খুন করছে। আমাদের এখানে যন্ত্রণা যে খুন হচ্ছে তার বিধবা স্ত্রী আপনাদের দলের প্রার্থী এবং যে খুনি সেও আপনাদের দলের প্রার্থী, তারা দুজনেই আপনাদের দলের প্রার্থী। ফলে পুলিশকে অসুবিধার মধ্যে পড়তে হচ্ছে, তাহলে পুলিশ কি করে আইন-শৃঙ্খলা রক্ষা করবে। পুলিশ যখন দেখছে এরা হচ্ছে অপোজিশানের, আমরা জানি হাউস বিলংস টু দি অপোজিশান, সংসদীয় গণতন্ত্রে অপোজিশানের একটা ভূমিকা আছে। ১৯৪৬ সাল থেকে জ্যোতিবাবু এই হাউসের সদস্য ছিলেন এবং অপোজিশানের ভূমিকা পালন করেছেন। অপোজিশানের ভূমিকা পালন করেই পরে তিনি মুখ্যমন্ত্রী হয়েছেন। সাড়ে তেইশ বছর তিনি মুখ্যমন্ত্রী ছিলেন, মাঝে তেরো মাস তিনি উপ-মুখ্যমন্ত্রী ছিলেন। সুতরাং অপোজিশানেরও একটা ভূমিকা আছে, অপোজিশান যদি সহযোগিতা না করেন তাহলে হবে না। মাননীয় বিরোধী দলের সদস্যদের কাছে আমার আবেদন অপরাধ প্রবণতার ব্যাপারে তারা যাতে সহযোগিতা করেন, না হলে হবে না। আজকে সারা ভারতবর্ষে কি ঘটছে, সেটা বুঝতে আমি বিরোধী সদস্যদের অনুরোধ করছি। আজকে কাশ্মীরে কি ঘটছে, আসামে কি ঘটছে ! ১০ই মে আসামে যে নির্বাচন হল, সেখানে একটি আসনে নির্বাচন হয়নি। কারণ, সেখানে বি. জে. পি.-র প্রার্থী জয়ন্ত দত্তকে হত্যা করা হয়েছে। কিন্তু আমাদের রাজ্যে ২৯৪টি আসনে নির্বাচন হয়েছে। এখানে দাঁড়িয়ে বলতে পারেন, হ্যাঁ, আমাদের রাজ্যে বি. জে. পি. একটাও আসন পায়নি। বামপন্থীরা কেরালায় আছে, পশ্চিমবঙ্গে আছে, সেখানে বি. জে. পি. একটাও সিট পায়নি। সারা ভারতবর্ষে ৮২৪টি আসনে ইলেকশান হয়েছে, তার মধ্যে মাত্র ১২টি আসন পেয়েছে বি. জে. পি.—পশ্চিমবঙ্গ বিধানসভায় সবেধন নীলমণি হয়ে বি. জে. পি.-র একজন এসেছিল, সেখানকার মানুষ এবারে তাকেও কাট করে দিয়েছে। মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি মাননীয় স্বরাষ্ট্রমন্ত্রীর কাছে অনুরোধ জানাব, আজকে যে ব্যবস্থার মধ্যে আমরা দাঁড়িয়ে আছি সেখানে ইনটেলিজেন্সের ব্যাপারে আমাদের একটু বাড়তি উদ্যোগ নেওয়া দরকার। আজকে ১৯শে জুলাই, ডি. এল. রায়ের জন্মদিন, ১৯৬৯ সালের ১৯শে জুলাই ব্যাঙ্ক জাতীয়করণ করা হয়েছিল, কিন্তু কেন্দ্রীয় সরকার আজকে সারা ভারতবর্ষে একটার পর একটা প্রতিষ্ঠানকে বেসরকারিকরণ করছে, কারখানা বন্ধ হয়ে যাচ্ছে। বিলগ্নিকরণ করছে, আমাদের দেশের অর্থনীতিকে ধ্বংস করে দিচ্ছে। যাঁরা কর্মরত ছিলেন তাঁরা কাজ হারাচ্ছেন। এই সময় দাঁড়িয়ে যখন আমাদের আরও দায়বদ্ধতার মধ্যে পড়তে হচ্ছে তখন আপনি একটু ভেবে দেখুন, আপনার দপ্তরের ইনটেলিজেন্স দপ্তরটিকে শক্তিশালী করতে হবে। আপনাদের জন্যই ১৯৯৩ সালের ২১শে জুলাই তেরো জনের প্রাণ চলে গিয়েছিল। তৃণমূলের নেতা, যিনি আপনাদের দলের এখনও সভাপতি, তাকে তো আপনারা তাড়াতে পারেননি। তিনি নির্দিষ্টভাবে বলেছেন তাদের নেত্রী পাগল হয়ে গেছে, উন্মাদ হয়ে গেছে। উনি পাঁচজনের একটা টিম বসিয়েছেন, এবং তারা প্রাথমিক তদন্ত করে রিপোর্ট দিয়েছে, সেই রিপোর্টটা হচ্ছে মারাত্মক। অজিত পাঁজা এও বলেছেন তৃণমূল যদি জিতত, যদি সরকারে আসত, তাহলে রক্ত গঙ্গা বয়ে যেত। আমি মাননীয় স্বরাষ্ট্রমন্ত্রীকে অনুরোধ করব, আপনি ইনটেলিজেন্স ব্রাঞ্চকে আরও শক্তিশালী করুন। এইসব কারা ঘুরে বেড়াচ্ছে, কারা ঘুর ঘুর করছে এই হাউসের মধ্যে। পুলিশ এই অবস্থার মধ্যে দাঁড়িয়েও তাদের দায়িত্ব পালন

করেছে এবং গোটা দেশের সামনে আমাদের মাথা উঁচু করে দিয়েছে। নির্বাচনের পরে এম. এস. গিলের কাছে আপনারা চিঠি পাঠালেন, রিটায়ারমেন্টের আগে এম. এস. গিল মমতা ব্যানার্জীকে সেই চিঠির জবাবও দিয়েছেন। আমি আপনার মাধ্যমে মাননীয় স্বরাষ্ট্রমন্ত্রীকে অনুরোধ করব, পুলিশকে আপনি আরও শক্তিশালী করুন এবং তার জন্য আমাদের দায়বদ্ধতা যাতে সত্যিকারের পালিত হয় সেটা দেখবেন। এই কথা বলে এই ব্যয়-বরাদ্দের প্রস্তাবকে আরও একবার সমর্থন জানিয়ে এবং বিরোধী দলের ছাঁটাই প্রস্তাবের বিরোধিতা করে আমার বক্তব্য শেষ করছি।

[3.40—3.50 p.m.]

শ্রী মুস্তাক আলম : মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে মাননীয় স্বরাষ্ট্র দপ্তরের ভারপ্রাপ্ত মন্ত্রী তথা মুখ্যমন্ত্রী যে বাজেট পেশ করেছেন তাকে সম্পূর্ণভাবে বিরোধিতা করে এবং কংগ্রেস সহ বিরোধী দলের আনা কাটমোশানগুলোকে সমর্থন করে কিছু বক্তব্য এবং তথ্য তুলে ধরছি।

মাননীয় মন্ত্রী চারটে রাজ্যের তুলনামূলক পরিসংখ্যান দিয়ে বলতে চেয়েছেন অন্যান্য রাজ্যের তুলনায় পশ্চিমবাংলায় আদালত-গ্রাহ্য অপরাধের সংখ্যা কম। এতে বোঝাতে চেয়েছেন পশ্চিমবাংলায় অন্যান্য রাজ্যের থেকে আইনশৃঙ্খলা ভালো। কিন্তু এটা সঠিক নয়। পশ্চিমবাংলার প্রতিটি থানাতেই দেখা যায় আক্রান্ত মানুষ থানায় গেলে পুলিশ অফিসাররা তাদের অভিযোগ গ্রহণ করে না। অথচ এই সরকার স্লোগান দিচ্ছে—আমরা সাধারণ মানুষকে একটা স্বচ্ছ প্রশাসন তুলে দিতে চাই। আগে কি সাধারণ মানুষ থানায় গেলে বিচার পেত না ? আজকে কি থানায় গেলে সাধারণ মানুষকে পুলিশ চেয়ার এগিয়ে দেয়—এখানে বসে কমপ্লেন লেখ। সাধারণ মানুষের কমপ্লেন তারা নেয় না। যদিও কমপ্লেন নেয়, কোনো তদন্ত হয় না, যদিও তদন্ত হয়, কেস রেকর্ড হয় না, যদিও কেস রেকর্ড হয়, আসামী গ্রেফতার হয় না। গ্রেফতার হলেও ফরোয়ার্ডিংয়ের জোরে ফিরে আসে, চার্জশিট হয় না। পুলিশের কথামতো কাজ করতে গেলে চাকরি চলে যাবে, তাই নেতাদের কথামতো ফাইনাল রিপোর্ট দেয়। এই তো চিত্র পশ্চিমবঙ্গের। এখানে চুরির কিনারা হয় ২৪.৪৩ পার্সেন্ট, শাস্তি হয় ১২.২৮ পার্সেন্টের। ডাকাতির কিনারা ৫০ শতাংশ হলেও শাস্তি হয় মাত্র ১০ শতাংশের। সব থানাতেই এরকম চিত্র এই রাজ্যে। চারটে থানার কাকে কোথায় পোস্টিং দেওয়া হবে, সেখানে প্রশাসনের হাত থাকে না। ব্রিটিশ আমলের স্টাফ প্যাটার্ন আজকেও পশ্চিমবাংলার সমস্ত থানাগুলোতে আছে। প্রত্যেকটা থানাতেই জনসংখ্যা বাড়ছে, ভোটার বাড়ছে, কিন্তু পুলিশের সংখ্যা বাড়ছে না। সেই ভাঙা জিপ এখনও চলছে। যে তেল দেওয়া হয়, তাতে ৭ দিনও চলে না। কথায় কথায় বলে তেল শেষ। জেলার হেড কোয়ার্টারে গেলে তেল শেষ হয়ে যায়। কোনো ডাকাতির খবর শুনে পুলিশকে যেতে বললে বলে—তেল নেই। এনকোয়ারির জন্য যেতে পারে না। পশ্চিমবঙ্গের শোষিত, নিপীড়িত, নির্যাতিত মানুষ আক্রান্ত হয়ে থানায় বিচারের জন্য গেলে, ফিরে আসার সময় গাড়িতে তেল ভরে দিতে হয়। এরপরও বলবেন এখানে স্বচ্ছ প্রশাসন, স্বচ্ছ পুলিশ আছে ? ক্ষমতায় আসার পর এই সরকার দাবি করে যুব,

শ্রমিকদের আশীর্বাদে তারা নির্বাচিত হয়েছে। কিন্তু এটা হচ্ছে রিগিংয়ের গভর্নমেন্ট, বুথ ক্যাপচারিং-এর গভর্নমেন্ট। আজকেও শ্লোগান দেওয়া হচ্ছে, পুলিশ যখন শক্ত হাতে কিছু করতে যায়, তখন শ্লোগান দেওয়া হয়—পুলিশের খাকি টুপি ছিনিয়ে নাও, লাল টুপি পরিয়ে দাও। এরপরে কোনো পুলিশের মেরুদণ্ড থাকতে পারে না। পুলিশ এরপরে যখন এগিয়ে যায়ও কিছু করতে, একটা ঘটনার পরে অ্যারেস্ট করতে হয়, তখন পুলিশকে বলা হয় অ্যারেস্ট করবে না। তাহলেই পোস্ট খোয়াবে। স্বভাবতই পুলিশ নিরুত্তর হয়ে ফিরে আসে। পুলিশের মুখে একটাই শ্লোগান থাকে—ঘুমিয়েই আমরা থাকতে চাই, একটা প্রোমোশান দেবে ভাই। ন্যাচারালি পুলিশ মেরুদণ্ডহীন ভাবে পার্টির তাঁবেদারি করছে। মাননীয় পুলিশমন্ত্রী কিছু করেনি বললে ভুল হবে। তিনি প্রত্যেকটা থানায় মহিলা সেল চালু করবেন বলেছিলেন। কয়েকটা জায়গায় সেল চালুও হয়েছে। সব থানাতে হয়নি। উনি বলেছেন যে, পশ্চিমবঙ্গের প্রত্যেকটা থানার পুলিশের সঙ্গে জনগণের যোগাযোগ বাড়াবার জন্য একটা করে কমিটি করে দেওয়া হয়েছে। সেই কমিটি আর কোনো কমিটি নয়। এই কমিটি হচ্ছে প্রত্যেকটা থানার পাশের পার্টি অফিস। থানার অফিসাররা এই পার্টি অফিসে টেলিফোন করে মতামত নেয়। পঞ্চায়েত সমিতির সভাপতি সেই ব্লকের ফার্স্ট সিটিজেন, প্রশাসন যদি মনে করেন, তাহলে তার কাছে মতামত নিতে পারেন। পাবলিক রিপ্রেজেনটেটিভ যদি থাকেন, তাহলে তার মতামত নিতে পারেন। পুলিশ তাদের জিজ্ঞাসা করে না। জিজ্ঞাসা করেন লোকাল কমিটির সেক্রেটারিকে যে এই ঘটনা ঘটছে, কি করব বলে দিন। আমার জেলার এস. পি. দেবাশিস রায়। আজকে সেখানে এই ঘটনা ঘটেছে। তাকে বারবার বলা হয়। তিনি আমাদের জেলার মন্ত্রীর কনসাল্ট ছাড়াই এক পাও নড়তে পারেননি। সীমান্তবর্তী এলাকায় অনেকগুলি উগ্রপন্থী আন্দোলনের কথা বলা হয়েছে। পাশাপাশি অনুপ্রবেশের কথাও বলা হয়েছে। মালদা জেলার মোজামপুরে একজন বড় ক্রিমিনাল আসাতুল্লা বিশ্বাস পুলিশেরই মদতে প্রকাশ্যে আর্মস নিয়ে ঘুরে বেড়াচ্ছে। কিছু করতে পারছে না। তাকে বলা হয়েছে অ্যারেস্ট করবে তো পদ খোয়াবে। মাননীয় মন্ত্রী বলেছেন পশ্চিমবঙ্গে নাকি আইনশৃঙ্খলা আছে। এখানে দেখতে পাচ্ছি নির্বিচারে নারী নির্যাতন হচ্ছে, খুনের ঘটনা ঘটছে, লক আপে মৃত্যুর ঘটনা ঘটছে। এরপরেও যদি বলতে চান যে, পশ্চিমবঙ্গে শাসনব্যবস্থা খুব ভালো তাহলে কিছু বলার নেই। রোমানিয়ার চেসেস্কুর কথা নিশ্চয় জানেন। চেসেস্কু সমর্থন পাওয়ার পরেও তাকে গতিচ্যুত হতে হয়েছিল। এই কথা এই বাজেটের বিরোধিতা করে আমার বক্তব্য শেষ করছি।

শ্রী শৈলেন মণ্ডল : মাননীয় অধ্যক্ষ মহাশয়, মাননীয় মুখ্যমন্ত্রী তথা স্বরাষ্ট্রমন্ত্রী যে বাজেট বরাদ্দ পেশ করেছেন আমি তাকে সমর্থন করে আমার বক্তব্য পেশ করছি। স্যার, আমাদের রাজ্যের মধ্যে যে নানা ধরনের অপরাধ প্রবণতা বাড়ছে এবং সেই অপরাধের বিরুদ্ধে দাঁড়িয়ে আমাদের রাজ্য সরকার এখনকার মানুষকে শান্তিপূর্ণ পরিস্থিতিতে রাখার চেষ্টা করছেন এবং সেই কথা আপনি বাজেট বক্তব্যের মধ্য দিয়ে উল্লেখ করেছেন। স্বাভাবিকভাবে সেই কথা নিশ্চিতভাবে আমরা রাজ্যের মানুষ হিসাবে সবাই জানি। কিন্তু এও জানি যে, আমাদের রাজ্যের পুলিশ প্রশাসনের পরিকাঠামো আগের থেকে নিশ্চয় বেড়েছে।

[3.50—4.00 p.m.]

কিন্তু আমাদের দেশের অপরাধ প্রবণতা বাড়ছে এবং নানা ধরনের অপরাধ প্রবণতা বাড়ছে যা বিগত দিনে ছিল না। এই অবস্থার মধ্যে দাঁড়িয়ে আমরা মনে করি যে সামগ্রিকভাবে গোটা প্রশাসনের মধ্যে একটা অংশ সক্রিয় থাকে যারা আমাদের রাজ্য সরকারের নীতি এবং কর্মসূচিকে আমাদের রাজ্যের মানুষের কাছে পৌঁছে দেওয়ার ক্ষেত্রে নানা বাধার সৃষ্টি করে থাকে। সুতরাং তার মাঝে দাঁড়িয়ে মাননীয় মন্ত্রীর বিশেষ বিশেষ অংশগুলো সমর্থন করে দু-একটি কথা বলতে চাই। সেই বিষয়গুলো নিয়ে বলতে চাই যেখানে আমাদের সরকারপক্ষকে আরও বেশি করে উদ্যোগ গ্রহণ করতে হবে। সাধারণভাবেই গোটা দেশে অপরাধপ্রবণতা বাড়ছে। কিন্তু ইদানীং কালে আমরা দেখছি যে আমাদের রাজ্যে তথা সারা দেশে আই. এস. আই. কার্যকলাপ বৃদ্ধি পাচ্ছে পাশাপাশি বিচ্ছিন্নতাবাদী শক্তিগুলো মদত পাচ্ছে, উসকানি পাচ্ছে বিশেষ করে বর্ডার এলাকায়, কামতাপুরী আন্দোলন, বাকুড়া, বীরভূম, মেদিনীপুরে ঝাড়খণ্ডী, এম. সি. সি. যে কার্যকলাপ, পরিকল্পিতভাবে আক্রমণ পুলিশ প্রশাসন ব্যস্ত রাখছে। আর আমাদের এই ব্যবস্থা দিয়ে আমরা তাকে মোকাবিলা করতে পারছি না। মাননীয় মন্ত্রী এ বিষয়গুলো উল্লেখ করেছেন এবং স্বীকারও করেছেন। আমরা দেখছি যে শহর এলাকার বাইরে, শহর কলকাতার বাইরে গ্রামীণ এলাকায় স্বাভাবিকভাবে ওই এলাকাগুলোর যে পরিকাঠামো রাস্তাঘাট-এর পরিকাঠামো এবং থানাগুলোর ক্ষেত্রে টহলদারির ক্ষেত্রে পরিকাঠামোর অভাব রয়েছে। গ্রামীণ থানাগুলোতে গাড়ির অভাব রয়েছে, গাড়ির সংখ্যা কম। সেই ক্ষেত্রে শহরাঞ্চলে থানাগুলোর বা জেলা সদরে যে ধরনের সুন্দর গাড়ি রয়েছে বা একাধিক গাড়ি রয়েছে, গ্রামীণ এলাকায় সেগুলো নেই। এই ব্যবস্থা উন্নত হওয়া দরকার। একটা গ্রামীণ থানায় প্রায় দেড় থেকে দু-লক্ষের বেশি লোকের বাস। টহলদারির জন্য সময়মতো পৌঁছনোর জন্য তাদের গাড়ি দরকার। সুতরাং এই বিষয়টা গুরুত্ব দিয়ে দেখার জন্য আবেদন করছি। সামগ্রিকভাবে আমাদের রাজ্যে থানার সংখ্যা বৃদ্ধি করা দরকার। মাননীয় মন্ত্রী বিভাগীয় প্রশ্নোত্তরের সময়ে বলেছেন এবং বাজেট বক্তৃতায় বলেছেন কিন্তু থানার সংখ্যা আরও বাড়ানো দরকার যেখানে অপরাধ বাড়ছে, বর্ডার এলাকায় অপরাধ বাড়ছে, থানার সংখ্যা না বাড়লেও পুলিশ ফাঁড়ির সংখ্যা বাড়ানোর দরকার আছে। পুলিশ পরিকাঠামোর অন্য আরেকটা দিক গ্রামীণ এলাকায় থানা বাড়ি, পুলিশ কোয়ার্টার এই ব্যবস্থাগুলোর উন্নয়ন দরকার। আরেকটা গুরুত্বপূর্ণ বিষয় হল গ্রামীণ থানা এলাকায় হোমগার্ডরা একটা গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করে থাকে, আইনশৃঙ্খলা রক্ষার ক্ষেত্রে অনেক কাজ করে। তাদের রক্ষণাবেক্ষণের প্রশ্নে প্রশাসনকে উদ্যোগ গ্রহণ করতে হবে। গ্রামের ট্রাফিক ব্যবস্থায় হোমগার্ডরা ট্রাফিক কনট্রোল করে থাকে কিন্তু তাদের অভিজ্ঞতা না থাকার কারণে অনেক সময়ে তারা ঠিকমতো কাজ করতে পারে না। এই ব্যবস্থার উন্নতি করা দরকার আছে। আমাদের দেশে নানা ধরনের অপরাধ প্রবণতা বাড়ছে। এই প্রবণতাকে রুখবার জন্য আধুনিক যন্ত্রপাতি দরকার, আধুনিক অস্ত্রশস্ত্র দরকার, আধুনিক যোগাযোগ ব্যবস্থা, প্রযুক্তি প্রয়োজন। একথা মাননীয় মন্ত্রীও বলেছেন। অর্থাৎ যেখানে যেটা প্রয়োজন সেখানে সেটাকে কাজে লাগাতে হবে কিন্তু সেটা শুধুমাত্র শহরকেন্দ্রিক যেন না হয়। সর্বস্তরে

যথাযোগ্য ব্যবস্থা গ্রহণ করতে হবে, তাকে আরও বেশি শক্তিশালী করতে হবে, আরও বেশি পরিকল্পনা করা দরকার। বিচ্ছিন্নতাবাদী আন্দোলন, কার্যকলাপ যেভাবে আমাদের রাজ্যে অস্থিরতা সৃষ্টি করেছে তাকে প্রতিরোধ করতে আমাদের আরও সক্রিয় হওয়া দরকার। বিশেষ করে বর্ডার এলাকা যেখানে বিভিন্ন রাজ্যের সঙ্গে এবং বিভিন্ন দেশের যোগাযোগ আছে সেখানে আমাদের রাজ্যের প্রশাসনের সঙ্গে কেন্দ্রীয় সরকারের প্রশাসনের সঙ্গে যোগাযোগে এটাকে আরও সক্রিয় করা, উন্নত করা দরকার। পাশাপাশি আমাদের রাজ্যের উপর দিয়ে অনেকগুলি জাতীয় সড়ক গেছে, রেললাইন আছে সেই এলাকাগুলিতে অপরাধপ্রবণতা দেখা দেয়। এই এলাকাগুলিতে বিশেষ করে যেখানে জাতীয় সড়কগুলি আছে সেখানে যে ধরনের ট্রাফিক থাকা দরকার তা নেই। নিশ্চয়ই এ কথা বলতে ভুল হবে না এই টহলদারির ক্ষেত্রে লাগোয়া থানার সংখ্যা যদি বাড়াতে না পারি তাহলে এই অপরাধপ্রবণতাকে আমরা কন্ট্রোল করতে পারবো না। তার ফলে আমাদের সরকার বেকায়দায় পড়বে এবং নানান অপপ্রচারের সম্মুখীন আমরা হবো। জাতীয় সড়ক যেখানে রেললাইন সংলগ্ন যে জায়গাগুলি সেখানে থানার পরিকাঠামো, তার পুলিশ কর্মচারীর সংখ্যা গাড়ির সংখ্যা বাড়ানোর ক্ষেত্রে আমাদের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে। তার সঙ্গে সঙ্গে পুলিশের সঙ্গে জনগণের একটা ভালো সম্পর্ক গড়ে তোলার ক্ষেত্রে একটা উদ্যোগ শুরু হয়েছে সেটাকে আরও বাড়ানোর দরকার। নানান আন্দোলনের মধ্যে দিয়ে আজকে আমাদের বামফ্রন্ট সরকার তার একটা নির্দিষ্ট অবস্থান গড়ে তুলেছে সেটাকে পরিকল্পিতভাবে আজকে শেষ করে দেওয়ার চেষ্টা হচ্ছে। তাই আমাদের আরও সক্রিয় ভূমিকা নিতে হবে এবং সক্রিয় হতে হবে। এই আবেদন রেখে, এই বাজেটকে সমর্থন করে আমার বক্তব্য শেষ করছি।

শ্রী নির্মল ঘোষ : মিঃ স্পীকার স্যার, যিনি আমাদের মুখ্যমন্ত্রী তিনিই আমাদের পুলিশমন্ত্রী। তিনি এখন হাউসে নেই, তাই স্যার আপনার মাধ্যমে হাউসকে বলতে হচ্ছে যে আমার একটা অ্যাডভাইস আছে যদি আপনি কিছু মনে না করেন তাহলে বলি যে তিনি দীর্ঘদিন পুলিশমন্ত্রী ছিলেন এবং আজকে তিনি মুখ্যমন্ত্রী হয়েছেন। এই বাজেটের বিরোধিতা করে প্রথমেই বলি এই পুলিশমন্ত্রী থেকে তাঁকে রেহাই দিন। ব্যক্তিগতভাবে বুদ্ধদেববাবুর বিরুদ্ধে আমার কিছু বক্তব্য নেই। কিন্তু তিনি সংস্কৃতি জগতের মানুষ থেকে আজকে দুর্বৃত্ত জগতের মানুষের সঙ্গে ঢুকেছেন। সেখানে মার্কসবাদী বন্ধুদের বলি উনি কি চোলাই, সাট্টা, জুয়া, ব্রথেল এগুলি বন্ধ করতে পেরেছেন ? ১ হাজার ৯ কোটি টাকা আপনি গ্রহণ করছেন আপনি পারলেন না এই ২৪ বছরে পশ্চিমবাংলা থেকে সাট্টা, জুয়া, চোলাই, ব্রথেল তুলে দিয়ে বাংলার সংস্কৃতিকে ফিরিয়ে আনতে। আমার দ্বিতীয় প্রশ্ন, অপরাধের বিরুদ্ধে রাজ্যের যে আইনের শাসন, সেই শাসনের সবটাকে রাজনীতিকরণ করা হয়েছে। এ এক অদ্ভুত ব্যবস্থা সারা ভারতবর্ষের মধ্যে পশ্চিমবঙ্গে দেখতে পাই। মন্ত্রী তাঁর সঙ্গে থাকবেন লোকাল কমিটির সেক্রেটারি, তার সঙ্গে থাকবেন এস. পি. এবং লোকাল থানার ও. সি., এই ৪ জনই বিচার করবেন যে কোনো একটা লোক জাস্টিস পাবে কি না। তার জীবন রক্ষা হবে কিনা, তার সম্পত্তি রক্ষা করতে পারবে কিনা, তার মা-বোনের ইজ্জত রক্ষা করতে পারবেন কিনা। সেটা তাঁরা বলে দেবেন। লোকাল কমিটির সেক্রেটারি বলে দেবেন। আপনারা কেউ নিজের পরিচয়

গোপন করে থানায় একটা ফোন করুন যে আমার বাড়িতে দুর্বৃত্ত ঢুকেছে আমার মেয়েকে রেপ করতে। তখন থানা থেকে বলবে আপনার মেয়ে রেপ হয়ে যাবার পরে থানায় আসবেন। আজকে বুদ্ধদেববাবু এক অদ্ভুত পরিস্থিতির সৃষ্টি করেছেন। '৪০-এর দশকে, '৫০-এর দশকে, '৬০-এর দশকে পুলিশ ছিল, তখন এস. ডি. পি. ও ডব্লু. বি. সি. এস. বা আই. পি. এস. এদের নীচে লেখাপড়া জানা পুলিশের সংখ্যা ছিল কম।

[4.00—4.10 p.m.]

এখন '৬০-এর দশকের পর থেকে পুলিশের মধ্যে লেখাপড়া জানা লোকের সংখ্যা বেড়ে গিয়েছে। এই বিরাট পুলিশবাহিনীর কাছে আমাদের আশা ছিল অনেক। আমরা আশা করেছিলাম যাঁরা মার্কসবাদ, লেলিনবাদের সুন্দর জীবনের কথা বলেন তাঁরা বাংলার মানুষের সামাজিক দায়-দায়িত্ব পালন করার যে একটা কর্তব্য রয়েছে তার প্রতি তাদের আকৃষ্ট করতে পারবেন। কিন্তু এক্ষেত্রে মন্ত্রী ব্যর্থ হয়েছেন। তাই তাঁর ব্যয়-বরাদ্দকে আমি সমর্থন করতে পারছি না। পুলিশের মধ্যে ক্ষোভ আছে একথা ঠিক। স্যার আপনি দেখবেন, একদল পুলিশ আছেন যাঁদের এফিসিয়েন্সি থাকা সত্ত্বেও শাসক দলের সঙ্গে সহমত পোষণ না করার জন্য বছরের পর বছর তাদের সাব-ডিভিশন, জেলায় ডিউটি দেওয়া হলেও থানা অঞ্চলে দেওয়া হয় না। বাইরে রাখা হবে। পুলিশের মধ্যে ক্ষোভ আছে। তাদের কোয়ার্টারের সমস্যা আছে, বাড়ির সমস্যা আছে। প্রোমোশনের সমস্যা আছে, প্রোমোশন পাচ্ছে না। কিন্তু তাদের সেই ক্ষোভকে উসকে দিয়ে রাজ্য প্রশাসনে সমস্যার নীতিকে আমরা বিশ্বাস করি না। আমরা আশা করেছিলাম বামফ্রন্ট সরকার পুলিশের মধ্যে একটা সুন্দর ব্যবস্থার প্রবর্তন করবেন। কিন্তু এক্ষেত্রে আমরা হতাশ হয়েছি। আপনার পুলিশ যেমন একদিকে উত্তর ২৪-পরগনার ''শাসনের' অন্ধকারময় দিনের অবসান ঘটাতে পেরেছেন এবং সেই এলাকাকে সাধারণ মানুষের জন্য মুক্ত করতে পেরেছেন তেমনি অন্যদিকে দেখতে পাচ্ছি আমদের এক জেলা-পরিষদের বিরোধী দলের নেতাকে পুলিশ সিকিউরিটি না দিয়ে তাঁর বিরুদ্ধে দাঁড়ানো পরাজিত প্রার্থীকে সিকিউরিটি দিচ্ছে। আপনিও এটা জানেন। আমরা বারবার এ ব্যাপারে মাননীয় পুলিশমন্ত্রীর কাছে, ডি. জি.-র কাছে দরবার করেছি কিন্তু সেই জেলা পরিষদের বিরোধী নেতাকে সিকিউরিটি না দিয়ে তাঁর বিরুদ্ধে দাড়ানো পরাজিত প্রার্থী, যিনি ১০টা মার্ডার কেসের আসামী তাঁকে সিকিউরিটি দেওয়া হচ্ছে। আজকে এই কথা এই পবিত্র হাউসে ছাড়া আর কার কাছে বলব ? কয়েকদিন আগেই সেখানে দৌলত আলি, জুম্মন আলি খুন হল। আরো কত নাম বলব। কিন্তু সম্পূর্ণ রাজনৈতিক কারণে কোনো খুনের কিনারা হচ্ছে না, বিচার হচ্ছে না, দোষীর শাস্তি হচ্ছে না।

বেনি ইঞ্জিনিয়ারিঙের কথা আজকে আর কে না জানে। বেনি ইঞ্জিনিয়ারিঙের মালিকের থেকে ঘুষ দেওয়া এবং নেওয়ার মধ্যে দিয়ে আজকে বাংলার ঐতিহ্যকে কালিমালিপ্ত করা হয়েছে, কলুষিত করা হয়েছে। মাননীয় মুখ্যমন্ত্রীর বুকের পাটা হয়নি যে বা যারা সেই ঘুষ দিয়েছিল বা নিয়েছিল তাদের শাস্তি দেওয়ার। এরা আবার বাংলার মানুষকে শিক্ষা দেবে ? আপনারা পারবেন না।

মাননীয় সুভাষবাবুকে বলি আপনাকে মাননীয় বুদ্ধদেববাবু যেদিকে নিয়ে যেতে চাইছেন সেদিকে, সেই জায়গায় আপনাকে যেতেই হবে। আজ হয়তো যাচ্ছেন না, কিন্তু নিয়ে যাবেনই। আজকে সল্ট লেক স্টেডিয়াম বাংলার ক্রীড়াপ্রেমী মানুষের গর্বের বস্তু। আমরা ছোটোবেলায় ইস্টবেঙ্গল, মোহনবাগানের খেলা দেখতে ময়দানে গিয়েছি। কিন্তু সেই যুবভারতীতে একটা দুর্ঘটনা আমরা প্রত্যক্ষ করলাম। স্যার মাননীয় মুখ্যমন্ত্রী রাজ্যবাসীকে বলেছিলেন দুর্নীতিমুক্ত, সুন্দর, শৃঙ্খলাপরায়ণ প্রশাসন দেবেন। তাহলে কি জ্যোতিবাবুর সাড়ে ২৩ বছরের শাসন দুর্নীতিমুক্ত ছিল না ? আর, সংবেদনশীল, দায়বদ্ধ পুলিশবাহিনী গঠন করাতেও তিনি ব্যর্থ হয়েছেন।

শ্রী তপন হোড় : স্যার, ২০০১-২০০২ সালের জন্য ২১ নং অভিযাচনের অধীন যে ব্যয়-বরাদ্দ পশ্চিমবঙ্গ সরকারের মাননীয় মুখ্যমন্ত্রী তথা স্বরাষ্ট্র বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী শ্রীবুদ্ধদেব ভট্টাচার্য এখানে রেখেছেন তাকে সমর্থন করে আমি কয়েকটি কথা বলছি। প্রথম কথা হচ্ছে, এবারের বাজেট বরাদ্দ কিছু বেড়েছে। নীতিগতভাবে আমরা জানি দেশের প্রতিরক্ষা বাজেট এবং পুলিস বাজেট বাড়া উচিত নয়। কারণ এ-দুটি ক্ষেত্রে বরাদ্দ বৃদ্ধি করার ফলে যে টাকাটা বেশি খরচ হবে সেই টাকা যদি উন্নয়নমূলক কাজের ক্ষেত্রে যুক্ত করা যায় তাহলে দেশের বেশি উপকার হয়। তথাপি আমাদের স্বরাষ্ট্রমন্ত্রী তথা মুখ্যমন্ত্রী বলেছেন, প্রশাসনিক কাঠামোকে মজবুত করার জন্য কিছু ব্যবস্থা করতে হচ্ছে। কেন করতে হচ্ছে ? এই জবাবটা আমাদের ট্রেজারি বেঞ্চের কাছে নয়, আমাদের বিরোধীদের কাছেই আছে। আমরা জানি এর আগে মহাকরণ দখল করতে গিয়ে ওঁরা১৪ জনের প্রাণবলি দিয়েছিলেন। আজকে তাঁদের শহিদ বানিয়ে দিয়েছেন। ওঁরা বোমা নিয়ে, বিভিন্ন অস্ত্রশস্ত্র নিয়ে মহাকরণ দখল করতে গিয়েছিলেন। এই যদি অবস্থা হয় তাহলে মাননীয় মন্ত্রী কি করবেন ? আমাদের কি করার আছে ? শুধু তাই নয় আগামী ২১শে জুলাই ওঁরা আবার শহিদ দিবস পালন করার নামে এখানে আবার আইন-শৃঙ্খলা ভঙ্গ করতে চলেছেন। সেটা আমাদের মাথা ব্যথার কারণ হয়ে দাঁড়িয়েছে। সাধারণ মানুষ আতঙ্কিত। কাজেই কি করা যাবে ! এই যে পাপ, এই পাপ আমাদের নয়। অজিত পাঁজা কি করছেন ? তিনি চুঁচুড়ার ঘড়ি মোড়ে একটা জনসভা করতে চলেছেন। আমরা পুলিশের বাজেট কখনোই বাড়াতে চাই না। কিন্তু ওঁদের কারণেই আমাদের বাজেট বৃদ্ধি করতে হচ্ছে। ওঁরা ঘটনা ঘটাবেন, নিজেদের পাপকে সাধারণ মানুষের মধ্যে ঢুকিয়ে দেবার চেষ্টা করবেন, তাকে আমাদের সর্বশক্তি দিয়ে প্রতিরোধ করতে হবে। তাই আমি ওঁদের বলব—আপনাদের পাপ আপনাদের মধ্যে থাকছে না। কিন্তু আপনারা এই ব্যাপারগুলি কখনোই এখানে বলবেন না। ওঁরা একটার পর একটা ঘটনা ঘটাচ্ছেন, যার মধ্যে আমরা ভাল কিছু দেখতে পাচ্ছি না। আজকেই আমাদের এখানে বিধায়ক শ্রীমতি মঞ্জু বসু অসুস্থ হয়ে পড়লেন। আমাদের সন্দেহ হচ্ছে, বিকাশ বসু মারা গেছেন, তাঁর মামলা উইথড্র করার জন্য বোধ হয় চাপ দেওয়া হচ্ছে, সে কারণে উনি অসুস্থ হয়েছেন কিনা ! সে জন্যই আপনাদের কাছে আমার প্রশ্ন, আপনারা আপনাদের পাপ আমাদের ওপর চাপিয়ে দিচ্ছেন কেন ? পঙ্কজবাবু আলোচনার প্রসঙ্গে নানা কথা বললেন। আজকে পশ্চিমবাংলা সম্বন্ধে কিছু বলার আগে আমি তাঁকে ভাবতে বলছি—এক বীরাপ্পান দুটো স্টেট, তামিলনাড়ু এবং কর্ণাটককে একেবারে

লেজে-গোবরে করে দিয়েছে। কিছুই করতে পারেনি কেন্দ্রীয় সরকার, তামিলনাড়ু সরকার এবং কর্নাটক সরকার। বোম্বাইয়ের কি অবস্থা ? দাউদ ইব্রাহিম, 'টি-সিরিজ'-এর মালিককে খুন করলো। তার কি হল ? গত কয়েক বছরে কত ঘটনাই তো সেখানে ঘটছে। আমাদের মাননীয় স্বরাষ্ট্রমন্ত্রী বলেছেন—উত্তরপ্রদেশ, অন্ধ্রপ্রদেশ, মধ্যপ্রদেশ প্রভৃতি রাজ্যে ডাকাতি, খুন, আদালত গ্রাহ্য অপরাধের সংখ্যা কি ! আপনাদের লজ্জা হওয়া উচিত। বোম্বাই, ব্যাঙ্গালোর এবং কলকাতার যে অ্যাভারেজ স্ট্যাটিসটিক্স দেওয়া রয়েছে তাতে আপনাদের লজ্জা হওয়া উচিত। তারপরেও আপনারা এসব কথা কি করে বলেন ? আমরা পশ্চিমবাংলায় কিভাবে চলছি ? ঘিসিং সাহেবের ওপর আক্রমণ হয়েছে। ১৪ জন অভিযুক্তের মধ্যে ১০ জনকে অ্যারেস্ট করা হয়েছে। আপনারা জানেন দার্জিলিং এক সময় পশ্চিমবাংলার মাথাব্যথা ছিল। কিন্তু রাজনৈতিক সদিচ্ছা যদি থাকে এবং সংগঠন যদি থাকে তাহলে সব রকম সমস্যারই মোকাবিলা করা যায়। আজকে দার্জিলিং সমস্যাকে আমরা কোথায় নামিয়ে আনতে পেরেছি তা নিশ্চয়ই আপনাদের আজ আর বলে দিতে হবে না।

[4.10—4.20 p.m.]

আজকে ঘিসিং সাহেবের প্রোটেকশান পশ্চিমবঙ্গ সরকার সঠিকভাবেই দিতে পেরেছেন, আশা করি আপনারা সেটা দেখেছেন। তারপর কামতাপুরী আন্দোলনকে আপনারা কোথায় নিয়ে গিয়েছিলেন তা আপনারা জানেন। এই কামতাপুরী আন্দোলন একটা বিচ্ছিন্নতাবাদী আন্দোলন। এটা পুঁজিবাদী সমাজব্যবস্থার মধ্যে এই ধরনের এপমিক মুভমেন্ট যখন হয় পুঁজিপতিরা তখন সবাইকে একত্রিত করে আবার সংকট নিরসনের জন্য, সংকট থেকে বাঁচার জন্য সে তাকে বিচ্ছিন্ন করে দেয়। কামতাপুরীদের এই বিচ্ছিন্নতাবাদী আন্দোলনের সঙ্গে বোড়ো এবং আলফারা যুক্ত হয়ে কি ভয়ংকর অবস্থার সৃষ্টি করেছিল তা আপনারা সকলেই জানেন। কিন্তু একদিকে পুলিশের ইনটেলিজেন্স কাজ করার জন্য এবং অন্যদিকে জনগণের মধ্যে রাজনৈতিক সদিচ্ছা আমরা বাড়াতে পেরেছিলাম বলেই আজ কামতাপুরীরা এখানে আসতে পারেনি, বিধানসভাতে তারা একটিও আসন পায়নি। আপনারা তাদের সাপোর্ট করেছিলেন, মদত দিয়েছিলেন কিন্তু তা সত্ত্বেও সেই কামতাপুরী আন্দোলন কোথায় চলে গিয়েছে তা সকলেই জানেন। এমন কি সেখানকার রাজবংশী সম্প্রদায়রা পর্যন্ত সেই আন্দোলনকে ভূলুণ্ঠিত করে দিয়েছে। আজকে আমরা সেখানে রাজনৈতিক সদিচ্ছা মানুষের মধ্যে জাগাতে পেরেছিলাম বলেই সেই কামতাপুরী আন্দোলনকে আমরা দমন করতে পেরেছি। সেখানে একদিকে পুলিশের ইনটেলিজেন্স সঠিকভাবে কাজ করার জন্য এবং অপরদিকে সাধারণ মানুষের মধ্যে সঠিক রাজনৈতিক সদিচ্ছা জাগানোর জন্যই সেই সমস্যাকে ওভারকাম করা গিয়েছে। তারপর বাজেটে টাকা বৃদ্ধির কথা আপনারা বলেছেন। এ ক্ষেত্রে তো আমাদেরও আপত্তি আছে কিন্তু আপনারা এখানে যা করে চলেছেন তাতে তো আমাদের আপত্তি টিকছে না। আপনারা কি কাণ্ডটাই না এখানে করছেন সেটা একবার ভাবুন। এই যে বিধানসভা ভবন, এই বিধানসভা ভবনের নান্দনিক দৃশ্য তা দেখার জন্য শুধু ভারতবর্ষ নয়, ভারতবর্ষের বাইরে থেকেও প্রচুর মানুষ এখানে আসতেন। পশ্চিমবঙ্গ বিধানসভা ভবনের নান্দনিক দৃশ্য দেখে মানুষ অভিভূত

হয়ে যেতেন। আপনাদের কার্যকলাপের জন্য সাধারণ মানুষের এই বিধানসভা ভবনে আসা রেস্ট্রিকটেড করতে হল ফলে তারা পশ্চিমবঙ্গ বিধানসভা ভবনের নান্দনিক দৃশ্য দেখা থেকে বঞ্চিত হচ্ছেন। আপনাদেরই একজন বিধায়কের নেতৃত্বে ছাত্র পরিষদের গুণ্ডাবাহিনী বিধানসভা ভবনে এসে হামলা চালিয়েছিল ফলে দর্শকদের আসা রেস্ট্রিকটেড করতে হয়েছে। বিরোধী দলের নেতা বললেন, বিধানসভার পবিত্রতা সুমহান। বিধানসভার পবিত্রতা সুমহান রাখতে গেলে আপনাদের কার্যকলাপের জন্য কিছু ব্যবস্থা আমাদের নিতেই হবে এবং তা নেওয়া হয়েছে ফলে দর্শকরা বঞ্চিত হচ্ছেন। এর জন্য কিন্তু সরকারপক্ষ দায়ী নয়, এর জন্য দায়ী আপনারাই। আপনারা যে আচরণ করেছেন তার জন্যই এই রকম ব্যবস্থা নিতে হয়েছে। আপনারা বলছেন, এখানে পুলিশবাহিনী নিয়ে আসা হয়েছে। না, তা নয়, এদের অ্যাসেম্বলির স্টাফ করে নিয়ে আসা হয়েছে। এটা অনভিপ্রেত কিন্তু আপনাদের আচরণের জন্যই এটা করতে হয়েছে। আপনারা একজন মহিলা সাব ইন্সপেক্টার, তাকে কনস্টেবল বলেছেন এবং তা বলে তাঁর আত্মসম্মানে ঘা দিয়েছেন। মহিলাদের মর্যাদা পর্যন্ত আপনারা দিতে শেখেননি। আমরাও চাই না যে এখানে পুলিশ আসুক কিন্তু এই আনার জন্য দায়ী হচ্ছেন আপনারাই। আপনারা ভাঙচুর করেছেন, মাইক কেড়ে নিয়েছেন। লিডার অব দি হাউস এবং লিডার অব দি অপোজিসান আমরা জানি একে অপরের পরিপূরক কিন্তু সেখানে আমরা দেখলাম লিডার অব দি অপোজিসান স্পীকারের মাইক কেড়ে নিলেন। আজকে এখানে কর্মচারীরা প্রহৃত হয়েছেন, অত্যাচারিত হয়েছেন সেই কারণে পুলিশ প্রোটেকসান নিতে হচ্ছে। আমরাও চাই না পুলিশ প্রোটেকসান কিন্তু আপনাদের আচরণ বাধ্য করছে কিছু ব্যবস্থা নিতে। এর জন্য জবাবদিহি তো আপনাদেরই করতে হবে। আপনারা মাননীয় অধ্যক্ষ মহাশয় সম্বন্ধে বলতে গিয়ে বললেন তিনি অসত্য কথা বলেছেন। এ ক্ষেত্রে যে ভাষা বিরোধী পক্ষের নেতা ইউজ করলেন তা চিন্তা করা যায় না। স্পীকার মহাশয়ের সেই সাংবাদিক সম্মেলনের সময় আমিও সেখানে উপস্থিত ছিলাম। তিনি বলেছিলেন, ওখান থেকে ওঁরা চলে গেলেন কেন আপনারাই তা বলুন। আপনারাই বলুন, কেন ওঁদের ওখানে পাঠানো হল ? কাজেই বিরোধী দলের নেতার মুখে আমি মনে করি এইসব ভাষা শোভা পায় না। মুখ্যমন্ত্রী বলছিলেন, মেয়র হিসাবে এইসব করা আপনাকে মানায় না। আমিও তেমনি বলছি, বিরোধী পক্ষের নেতার কাছেও অনেক কিছু শেখার আছে, আমরা মনে করি, তিনি এমন বক্তৃতা করবেন যে আমরা হাঁ করে শুনবো, কিন্তু দেখলাম তিনি এমন সব ভাষা ব্যবহার করলেন যা একজন বিরোধী দলের নেতার মুখে মানায় না। অতীতে কোনো বিরোধী দলের নেতা মেনশান বা জিরো আওয়ারে বলতেন না, কিন্তু এখন উনি তাও বলছেন। সেখানে অসংসদীয় ভাষা তিনি ব্যবহার করলেন। ওই রিপোর্টারদের বসার ব্যাপারে সেই সাংবাদিক সম্মেলনে আমিও উপস্থিত ছিলাম। সেখানে স্পীকার মহাশয় বলেছিলেন, ইউ দি জার্নালিস্ট, আপনারাই বলুন কেন ওঁদের ওখানে পাঠানো হল ? এ ক্ষেত্রে বলতে গিয়ে যে ভাষা উনি প্রয়োগ করলেন একজন বিরোধী দলের নেতার মুখে সেই ভাষা শোভা পায় না। আজকে সাংবাদিক সম্মেলন, সেখানে আমি উপস্থিত ছিলাম। সেখানে তিনি পরিষ্কার বলেছেন, এখান থেকে ওঁরা চলে গেলেন কেন, আপনারা সাংবাদিক, আপনারাই বলবেন যে এখান থেকে ওখানে পাঠানো হল কেন। আপনি যে ভাষা প্রয়োগ করেছেন সেটা

কিন্তু বিরোধী দলের নেতার মুখে শোভা পায় না। মাননীয় মুখ্যমন্ত্রী একজনকে বলেছিলেন, তাঁকে মেয়র হিসাবে মানায় না। তেমনি আমরাও বিরোধী নেতার মুখ থেকে ওইরকম ভাষা শুনতে চাই না। আমরা হাঁ করে শুনবো যে বিরোধী নেতা গুরুত্বপূর্ণ সব কথা বলছেন। আগে বিরোধী নেতা হাত তুললে সেটাই মেনশন হত, সেটাই হত জিরো আওয়ার। এটাই ছিল কনভেনশন। এটা আপনারাই ব্রেক করেছেন। এর জন্য দায়ী ট্রেজারি বেঞ্চ নয়, এর জন্য দায়ী আপনারা। এবং এসব ঘটনা আপনারা দিনের পর দিন করে চলেছেন। কাজেই পুলিশ বাজেটে বরাদ্দ বৃদ্ধি, এটা অবশ্যম্ভাবী ; পুলিশ প্রশাসনের কাজ সঠিকভাবে করবার জন্য এটা করতেই হবে। সেজন্য বলছি, মাননীয় স্বরাষ্ট্রমন্ত্রী সতর্ক থাকুন আগামী ২১ তারিখে আবার অঘটন ঘটবার ব্যাপারে। আমাদের ভাবনাটা পুলিশের দিক থেকে নয়, ওদের দিক থেকে ভাবতে হবে। সেদিন আরো কিছু তরতাজা তরুণের প্রাণ যাবে বলে আমরা ভাবছি।

তারপর বি. এস. এফ.-এর কথা বলতে গিয়ে বলছি, আমাদের এতবড় সীমানার একদিকে নেপাল, আর একদিকে বাংলাদেশ। সেখানে দেখতে পাচ্ছি, এ ক্ষেত্রে কেন্দ্রীয় সরকারের যে দায়িত্ব ছিল, যত সংখ্যক বি. এস. এফ. পাঠাবার কথা ছিল, সেটা তাঁরা পাঠাননি। তার জন্য সেখানে চোরাচালান এবং গরু-মোষ-ছাগল চুরির ঘটনা ঘটছে। তার জন্য আমি বলবো, কেন তাঁরা বি. এস. এফ.-এর সংখ্যা বাড়াচ্ছেন না, কেন বেড়া দেবার কাজটা তরান্বিত করছেন না ? সীমান্তবর্তী ব্যাপক এলাকায় তাই শান্তি-শৃঙ্খলা রক্ষার্থে পুলিশবাহিনীকে যেভাবে চালিত করা দরকার সেভাবে চেষ্টা করা হচ্ছে। বামফ্রন্ট সরকার ক্ষমতায় এসেই বলেছিলেন যে, এই সরকারের পুলিশবাহিনী কোনো গণতান্ত্রিক আন্দোলনে ইন্টারফেয়ার করবে না। মাননীয় স্বরাষ্ট্রমন্ত্রী সেভাবেই পুলিশকে চালিত করবার চেষ্টা করছেন। তবে গণতান্ত্রিক আন্দোলনে কখনো কখনো কিছু ঘটনা ঘটছে। দেখতে হবে, সেটা যেন না হয়। এই বলে মাননীয় মন্ত্রীর ব্যয়-বরাদ্দকে সমর্থন করে শেষ করছি।

শ্রী চৌধুরী মোহন জাটুয়া : মাননীয় অধ্যক্ষ মহাশয়, আপনার মাধ্যমে আজকে পুলিশ বাজেটের বিরোধিতা করে আমার বক্তব্য রাখছি। আমি প্রথমে বলতে চাই, সরকার পক্ষের এক মাননীয় সদস্যা সকালের দিকে হঠাৎ অসুস্থ হয়ে পড়া সম্বন্ধে যে তির্যক মন্তব্য করেছেন সেটা সদস্যের রুচির সঙ্গে সামঞ্জস্যপূর্ণ কিনা সেটা ভাবতে হবে। রুলিং পার্টির সদস্যরা বলছেন, পশ্চিমবঙ্গে আইন-শৃঙ্খলা ভাল রয়েছে, ওঁরা রাজ্যের জন্য ভাল ভাল কাজ করছেন এবং তার জন্যই ওঁরা ক্ষমতায় এসেছেন। কিন্তু এটা আসল কথা নয়। কথা হল, আপনারা ক্ষমতায় রিগিং করে এসেছেন। চাইলে তার প্রমাণ আমি দিতে পারি। রাজ্যে আপনারা শ্মশানের শান্তি এনেছেন।

[4.20—4.30 p.m.]

মাননীয় মন্ত্রী মহাশয় তাঁর বাজেট ভাষণে বলেছেন "দেশব্যাপী রাজনীতিতে দুর্নীতি ও দুর্বৃত্তায়নের মতো বিভিন্ন আর্থ সামাজিক বিষয় পুলিশ প্রশাসনের কাজকে আরো কঠিন করে তুলেছে"। উনি রাজনীতিতে দুর্নীতি এবং দুর্বৃত্তায়নের কথা স্বীকার করেছেন। এটা আছে বলেই আপনারা এখানে জিতেছেন এবং সেটা নেই বলেই কেরলে হেরেছেন। ক্রাইমের স্ট্যাটিসটিক্স

এখানে দেওয়া হয়েছে। ক্রাইম পশ্চিমবাংলায় কমাতে পেরেছেন বলেছেন, পশ্চিমবাংলায় নেই বললেই চলে, অন্য রাজ্যে অনেক বেশি হচ্ছে। ক্রাইমের স্ট্যাটিসটিক্স নিয়ে আলোচনা করার আগে বলি, পঞ্চাশের দশকে ল অ্যান্ড অর্ডার নিয়ে একটা প্রবাদ ছিল, সেটা এস. পি.-র ঘরের সামনে লেখা হলো। আমি মাননীয় সদস্যদের অবগতির জন্য সেটা বলে দিচ্ছি। সেটা হলো "সালংকারা বরাংগনা করে যদি পথে বিচরণ একাকী নিশিথে, তবে মানি প্রকৃষ্ট শাসন হয়" এখন এখানে রাতের মধ্যে তো নয়ই দিনের বেলায় যাওয়া যাচ্ছে না, একা তো নয়ই দলবল নিয়ে যাওয়া যাচ্ছে না। সেইজন্য আজকে অলংকারের প্রবেশ লকারে ঘটেছে, তার জায়গায় আজকে তার প্লেস নিয়েছে ইমিটেশান। এখন সব রুপোর গহনা পরছে। আপনারা বলেছেন পশ্চিমবাংলায় ডাকাতি ৩২৬টি হয়েছে ১ বছরের মধ্যে। থানার সংখ্যা আমার যতদূর মনে পড়ছে ৩৪০টি। তার মানে ৩৪০টি থানায় ৩২৬টি ডাকাতি হয়েছে, তার মানে প্রতি থানায় একটারও কম ডাকাতি হয়েছে। যাই হোক তাহলে বলা যায় ডাকাতি প্রায় নেই। ডাকাতি থাকবে কি করে ? থানায় ডায়েরি নেয়, থানায় সমস্ত এফ. আই. আর. হয় ? থানায় কি নেবে না নেবে সেটা নির্ভর করে ও. সি.-র উপর তিনি যদি মনে করেন ডাইরি নেবো তবে তিনি লিখবেন। উনি যদি মনে করেন ডাকাতির কেস লিখবেন তবে সেটা লেখা হবে। যেগুলি লেখা হচ্ছে না সেইগুলির কোনো রেকর্ড থাকছে না। সুতরাং এই ফিগার দেখে চিফ মিনিস্টার খুশি হবে। এই বছর ডাকাতি দেখিয়েছেন ৩২৬টি, আগামী বছর দেখবেন ১২৬টি ডাকাতি হয়েছে। আপনি আরো খুশি হয়ে তাদের রিওয়ার্ড দেবেন। ওরাও খুশি হবে। মার্ডার আপনি দেখিয়েছেন এই বছর পশ্চিমবাংলায় ১৮৪৩টি হয়েছে। অন্যান্য স্টেটে মার্ডার বেশি হয়েছে এখানে কম। এখানে একটা বড় ট্রিক্স আছে। মার্ডার হচ্ছে ৩০২ ধারায় হয় ৩০৪ ধারায় হয়। আমাদের পশ্চিমবাংলায় যে স্ট্যাটিসটিক্স, যাঁরা তৈরি করে দিয়েছেন মুখ্যমন্ত্রীকে, আমি আপনাকে বলছি এর মধ্যে ৩০৪ ধারার ফিগার নেই। ৩০৪ ধারা এবং ৩০২ ধারার মধ্যে তফাত কি ? যদি স্পটে মারা যায় তাহলে ৩০২ ধারা আর হাসপাতালে নিয়ে যেতে গিয়ে যদি মারা যায় তাহলে ৩০৪ ধারায় পড়ে। ইন্ডিয়ান পেনাল কোডে ৩০২ ধারা এবং ৩০৪ ধারা সম্পর্কে পরিষ্কার বলা আছে। ওয়েস্ট বেঙ্গল পুলিশ এই ইনটারোগেশান অনুযায়ী চলেন। আগামী বছর ৩০২ ধারা এবং ৩০৪ ধারা যোগ করে ফিগার দেন তাহলে আমরা বুঝতে পারবো পশ্চিমবাংলায় মার্ডারের কি পজিশান আছে। এর পর আসছি ইলেকশানের ব্যাপারে। আমাদের ইলেকশানের পরে এবং ইলেকশানের আগে টি. এম. সি. সাপোর্টাররা পুলিশের কাছে অত্যাচারিত হয়েছে, মার খেয়েছে, টি. এম. সি. সাপোর্টারদের ফল্‌স কেসে ইনভল্‌বড করিয়ে দেওয়া হয়েছে। আমি একটা ছোটো ইন্সট্যান্স দিলে আপনারা বুঝতে পারবেন কি হয়েছে। গত ১৪ তারিখে আসানসোলে যে ঘটনা ঘটেছে তাতে বলা হয়েছে টি. এম. সি. সাপোর্টাররা নাকি পুলিশকে এবং এস. ডি. ও.-কে মারধোর করেছে। সেই জন্য তাদের বিরুদ্ধে ৩০৭ ধারায় মামলা করা হয়েছে, অ্যাটেম টু কমিটেড মার্ডার দেওয়া হয়েছে। অ্যাটেম টু কমিটেড মার্ডার করেছে আমাদের লোকেরা ! কি দিয়ে মেরেছে ? যে স্টেটমেন্ট গতকাল সভায় দিয়েছেন মাননীয় মুখ্যমন্ত্রীর তরফ থেকে পরিষদীয় মন্ত্রী, তাতে পেজ ওয়ানে আছে যে আমাদের তৃণমূলের সমর্থকরা হাতে ঢিল নিয়ে ছুড়েছিল পুলিশ প্রশাসনের বিরুদ্ধে, এস. ডি. ও.-র উদ্দেশ্যে। একটা পাইপগান দেখাতে পারলেন না ? শুধু ঢিল ছুঁড়ে কি মার্ডার করা যায় ? তৃণমূলের সমর্থকরা ইঁট ছুড়েছিল তাতে

৩০৭ ধারা হয়ে গেল। তাতে ১৭ জন লোককে ৩ দিন জেলে ঢুকিয়ে দিলেন। কিছু না, একটা ঢিল ছুঁড়েছে, তাতে একেবারে ৩০৭ হয়ে গেল, তাতেই আমাদের ১৭ জন লোক তিনদিন জেলে থাকল। এই হচ্ছে ট্রিটমেন্ট পুলিশের কাছ থেকে। তাতে আমার আর কি বলার আছে। এতে যদি পশ্চিমবঙ্গের মুখ্যমন্ত্রী খুশি হন, তো তাই থাকুন। আর একটা খুব বড়ো অভিযোগ আছে। আমাদের এম. এল. এ.-রা নাকি বন্দেমাতরম্ বলেছেন। সেটা আবার ইনভার্টেড কমার মধ্যে রেখেছেন। বন্দেমাতরম্ কি বড়ো অভিযোগ ? আমাদের কর্মীদের যদি পুলিশ খুনও করে, তাহলেও তারা বন্দেমাতরম্ই বলবে। শত প্ররোচনাতেও তারা ইন্‌কিলাব বলবে না। আমার প্রিডিসেসর বলছিলেন, ওপর তলায় ডি. জি., আই. জি., ডি. আই. জি.—এদের জিওমেট্রিক হারে প্রোমোশন হয়। ১-৪-৮, এই প্রোপোর্শানে প্রোমোশন হয়। আমি এবারে ৪টি থানার কনস্টেবল স্ট্রেনথের কথা বলবো। লাভপুর থানায় ২০ জন, মথুরাপুরে ১৩ জন, মন্দিরবাজারে ১২ জন, আরশা থানায় ১২ জন। ২০ বছর পরেও সেই ১২, ১৩তেই আছে। এখনও কিন্তু বাড়েনি। তাহলে কি করে ল' অ্যান্ড অর্ডার ইম্প্রুভ করবে ? যাই হোক, এই কথা বলে আমার কথা শেষ করছি।

শ্রী পূর্ণেন্দু সেনগুপ্ত : মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি এই পুলিশ বাজেটকে সমর্থন জানিয়ে দু'-চারটি কথা এই সভায় উপস্থিত করতে চাই। আমার সময় খুব সংক্ষেপ, তাই আমি অল্প কথায় আমার বক্তব্য শেষ করবো। মানুষের দুটি সত্তা থাকে। তেমনি পুলিশের মধ্যে যাঁরা কাজ করেন, আমরা হয়তো দেখতে পাই, একজন ট্রাফিক কনস্টেবল ট্রাক ড্রাইভারের কাছ থেকে পয়সা নিচ্ছে। আবার একজন অন্ধ বৃদ্ধ বা বৃদ্ধাকে রাস্তা পার করে দিচ্ছেন, এটাও দেখতে পাই। এটা সকলের মধ্যেই প্রযোজ্য। আমরা জানি, এই বিধানসভায় এমন অনেক কথা উচ্চারিত হয়, আমরা তা যদি পর্যালোচনা করি, যেমন, কাঁথি থানায় ভজা চাউরি বলে একটা গ্রাম আছে। সেখানে বিদ্যুৎ পৌঁছায়নি, সেখানে ভিডিও হল নেই। অথচ একজন বিধায়ক এখানে দাঁড়িয়ে বললেন, আমার চলচ্চিত্র দেখার ইচ্ছা, সেখানে আমাকে তা দেখতে দিচ্ছে না। এর তো কোনো জবাব নেই। সভায় মিথ্যা বিবৃতি দেবার জন্য আমরা তাঁকে অভিযুক্ত করতে পারতাম। কিন্তু সেটা আমরা করিনি। যাইহোক, আমি যেটা বলতে উঠেছি, পশ্চিমবাংলায় পুলিশের কাজকর্মের আমি তথ্য দিয়ে জবাব দেব। আমার কাছে যে প্রতিবেদন এসেছে—আদালতে গ্রাহ্য মামলার সংখ্যা পশ্চিমবাংলায় সর্বনিম্ন ৫২,৮৫৮। উত্তরপ্রদেশে সেই সংখ্যা ১,৭১,০৮৭। ডাকাতি—পশ্চিমবাংলায় যেখানে ৩২৬, আমরা তৃতীয় স্থানে আছি। এখানে খুন হয়েছে ১,৮৪৩। আর উত্তরপ্রদেশে এই সংখ্যা ৭,৬২৩। আবার কলকাতাতে আমরা দেখছি অপরাধ সংখ্যা, আদালত গ্রাহ্য ১২,৯৭৬, সেখানে দিল্লিতে সংখ্যা হচ্ছে ৫৬,২৫৮। ডাকাতি, কলকাতায় হচ্ছে ২৭, আর দিল্লিতে এটা ৫৫, বোম্বেতে ৭৮ এবং ব্যাঙ্গালোরে ৪৫ এবং খুন ৫৫৪। আর এটা কলকাতায় হচ্ছে ৪৯। এই তথ্য থেকে এটাই প্রমাণিত হয় যে পশ্চিমবাংলার আইনশৃঙ্খলা অন্যান্য রাজ্যের চাইতে অনেক ভাল। দ্বিতীয় কথা হচ্ছে, এতবড় বিধানসভার নির্বাচন হয়ে গেল এই রাজ্যে। কিন্তু নির্বাচনের দিন আমাদের রাজ্যে কোনো প্রকার অপ্রিয় ঘটনা ঘটেনি। যাইহোক, পশ্চিমবাংলায় আমাদের রাজ্যে পুলিশ যে কাজ করে, সে সম্পর্কে আমি দু'চারটি কথা বলতে চাই।

[4.30—4.40 p.m.]

আমি জানি তাদের অনেকেরই কোয়ার্টার নেই, পুলিশ কনস্টেবলদের ব্যারাক নেই। তাদের থাকার জন্য একটা আচ্ছাদন পর্যন্ত নেই। সেখানে ভেহিক্যাল সবগুলোই পুরনো। আমার জেলায় ১৪টি মটর সাইকেল রয়েছে, তার মধ্যে ৯টি চলে, একটা স্কুটার এবং আর ৪টি খারাপ হয়ে রয়েছে। মহিলা পুলিশ যারা রয়েছেন তারা যে ব্যারাকে থাকে সেখানে কোনো আচ্ছাদন নেই। কলকাতায় রাস্তায় একজন ট্রাফিক পুলিশ দূষণ রোধ করার জন্যে মাস্ক পরেন, কিন্তু তারই পাশে একজন হোমগার্ড, তার নাকে কোনো আচ্ছাদন নেই। এই পার্থক্য খুবই পীড়াদায়ক। সুতরাং এই যে বৈষম্য এটা দূর করার চেষ্টা করবেন। তারাও তো সাধারণ মানুষ। আমি জানি আমাদের অনেক বাধা আছে, অনেক অসুবিধা আছে কিন্তু তা সত্ত্বেও পুলিশবাহিনীকে আরো সচল করতে পারলে তাহলে আমরা আমাদের রাজ্যে আরো অনেক উন্নতি করতে পারব। মেদিনীপুর জেলায় সমস্ত থানায় এখনো পর্যন্ত ওয়ারলেস কানেকশান হয়নি। অর্থাৎ সেই সুদূর বেলপাহাড়ি, বাঁশপাহাড়ি অঞ্চলে, যেখানে জনযুদ্ধ আপনার সংসার পেতেছে সেই বাঁশপাহাড়ি, বেলপাহাড়ি অঞ্চলে সুদূর অঞ্চলের সঙ্গে মেদিনীপুর শহরের কোনো যোগাযোগ নেই। সেখানে ৪টে টাওয়ার হলে পরে কানেকশান হতে পারে। এখন অবধি ৪৭টি থানা আছে, বর্তমানে ৫০-৫১টি নতুন থানা হবার কথা। সুতরাং তথ্য প্রযুক্তির আমলে এই সীমাবদ্ধ ক্ষমতার মধ্যে এই ইক্যুয়াল ডিস্ট্রিবিউশান না করতে পারলে আগামী দিনে মোকাবিলা করতে পারবে না। আমাদের সীমান্ত এলাকায় বাংলাদেশ শহর, নেপাল শহর অবস্থিত, সেখানে আলফা এবং বোরোরা যেরকম সক্রিয় এবং আই. এস. আই. চক্র সক্রিয়তার মোকাবিলা খুব তৎপরতার সঙ্গে করতে হবে। আমরা জানি আমাদের সীমান্তবর্তী এলাকায় কাঁটাতারের বেড়া এবং সেখানে পুলিশ বাহিনী সাধ্যমত চেষ্টা করছে। কিন্তু শুধুমাত্র এইভাবে থেমে থাকলেই চলবে না, আরো অগ্রসর হতে হবে। সেখানে পুলিশ বাজেটে যে বরাদ্দ করা হয়েছে, সেই অর্থ প্রতি বছরই কিছু না কিছু বাড়ানো হয় কিন্তু সেই অর্থে আধুনিক যন্ত্রপাতি যাতে কেনা হয় তার চেষ্টা করুন। আমরা যখন পুলিশকে হাতে দিচ্ছি রাইফেল তখন বিপক্ষে এ কে ৪৭ নিয়ে তারা আক্রমণ চালাচ্ছে। সুতরাং রাইফেল নিয়ে ওই সন্ত্রাসবাদীদের সঙ্গে মোকাবিলা করা যাবে না। আজকে আন্তর্জাতিক মতে অপরাধ চক্র যেভাবে বেড়ে উঠেছে এবং বিশ্বায়নের মতো অপরাধ যেভাবে বেড়ে চলেছে তার মোকাবিলা করতে গেলে শুধু পুলিশের ওই রাইফেল দিয়ে হবে না। পুলিশকেও আরো দক্ষ করে তুলতে হবে। তাদেরকে আধুনিক অস্ত্রশস্ত্র দিতে হবে। তারপরে ডাকাতি এখন যেভাবে বেড়ে চলেছে, কলকাতাতে ডাকাতি বেড়েছে। মেদিনীপুরে তো ডাকাতিকে কেন্দ্র করে বনধ্‌ই পালিত হয়ে গেল। একজন এ. এস. আই. সেখানে ডাকাতকে জাপটে ধরতে গেলে ওই ডাকাত তাঁকে গুলি করে পালিয়ে গেল। ওই এ. এস. আই. হাসপাতালে গেলেন আর ওই ডাকাত পালিয়ে গেল। পরে অবশ্য ওই ডাকাত ধরে পড়েছে। সাথে সাথে আরেকটা বিষয় বলব যে, এই ব্যবস্থায় কনস্টেবল বাহিনি প্রোমোশন পায় না। যখন ইন্দ্রজিৎ গুপ্ত স্বরাষ্ট্রমন্ত্রী ছিলেন তখন তিনি সারা ভারতবর্ষে উল্লেখ করেছিলেন যাতে এই কনস্টেবল বাহিনির প্রোমোশন করে দেওয়া যায়। তার জন্য তিনি সুপারিশ করেছিলেন। আমি আশা করব বর্তমান সরকার এই

কনস্টেবল থেকে যাতে এ. এস. আই. হতে পারে তার ব্যবস্থা করবেন এবং সেই ব্যাপারে সচেষ্ট হবেন। তাদের জন্যও বিশেষ ব্যবস্থা গ্রহণ করুন কারণ কনস্টেবলরাও আমাদের দেশের সাধারণ মানুষ, তাদের সারা জীবন যাতে কনস্টেবল হয়ে জীবন কাটাতে না হয়, সেইদিকটা দেখবেন। এই কথা বলে এই ব্যয়-বরাদ্দকে সমর্থন করে আমার বক্তব্য শেষ করছি। ধন্যবাদ।

শ্রী পবনকুমার লাকড়া : মাননীয় চেয়ারম্যান স্যার, মাননীয় স্বরাষ্ট্রমন্ত্রী পুলিশ বাজেট ব্যয়-বরাদ্দের বিপক্ষে এবং আমাদের আনীত কাটমোশানের পক্ষে কিছু কথা বলতে চাই। স্যার, আমার বিধানসভার কেন্দ্র কালচিনিতে যে ২৭টি চা বাগান আছে, ২টি বনাঞ্চল আছে এবং কিছু গ্রাম নিয়ে এই কেন্দ্রটি। এখানের ৭০ শতাংশ লোক আদিবাসী সম্প্রদায়ের এবং এরা বেশির ভাগ হচ্ছে কৃষিজীবী। স্যার, এখানে বাজেটে পুলিশের অস্ত্রের উন্নয়নের কথা বলেছেন। আপনি পুলিশের গৃহ নির্মাণের কথা বলেছেন এবং আপনি আরো অনেক কিছু বলেছেন। আমি এই ব্যয়-বরাদ্দের ব্যাপারে আপনার কাছে জানতে চাই, এই ব্যয়-বরাদ্দ কাদের জন্য ? যে পুলিশ চতুর্দিকে আইনশৃঙ্খলা বজায় রেখে চুরি ডাকাতি থেকে মানুষকে নিরাপত্তা প্রদান করে, সমাজে পিছিয়ে পড়া মানুষদের সামাজিক নিরাপত্তা দেয়, তাদের জন্য ? স্যার, গত ১৫ তারিখে আমার কেন্দ্র কালচিনিতে জয়ডাক এলাকায় একটা সুপার মার্কেটে ২জন কনস্টেবলের রাইফেল ছিনতাই হয়ে যায়। আসামী এখনও ধরা পড়েনি। স্যার, দুঃখের বিষয় আমার জেলার পুলিশ সুপার দায়িত্বপূর্ণ অফিসার তিনি ওখানে বিভিন্ন পত্রিকায় স্টেটমেন্ট দিয়েছেন, এই কাজের জন্য যুক্ত আদিবাসী লোকেরা। স্যার, আমি একজন আদিবাসী সম্প্রদায়ের লোক, আমাদের সম্প্রদায়ের অনেক সদস্য মন্ত্রীও আছেন। আমাদের বলতে লজ্জা লাগছে, একজন দায়িত্বশীল অফিসার চোর বা ডাকাত বলে আমাদের অভিযুক্ত করেছেন। এই ব্যাপারে আমি তীব্র প্রতিবাদ জানাচ্ছি। সাথে সাথে আমি আপনার মাধ্যমে অনুরোধ জানাচ্ছি আগামী দিনে যেন এই রকম দায়িত্বশীল অফিসার এই রকম উক্তি না করেন। আমার এলাকায় যে ২৭টি চা বাগান আছে, এই চা বাগানে যে সমস্ত শ্রমিকরা আছে, যারা এই চা বাগানে কাজ করেন তারা কাজের শেষে, তাদের সময় কাটানোর জন্য, আপনাদের সরকারের দেওয়া বিভিন্ন জায়গায় যে মদের লাইসেন্স দেওয়া হয়েছে, তারা সেই সমস্ত জায়গা থেকে মদ খেয়ে শুয়ে থাকে। রাত্রে যখন পুলিশ টহল দিতে যায়, আসামী ধরার জন্য বের হয়, পুলিশ তখন আসামী ধরার নাম করে আদিবাসী শ্রমিকদের ধরে নিয়ে আসে এবং বিভিন্ন কেস দিয়ে দেয়। এখানে অনেক বিধায়ক আছেন কথায় কথায় তারা কামতাপুরীদের কথা বলছেন, উগ্রপন্থীদের কথা বলছেন। আমার কালচিনি বিধানসভা কেন্দ্রে নির্বাচনের পর ওখানে যিনি লোকসভার প্রার্থী ছিলেন এবং বিগত দিনে কালচিনি পঞ্চায়েত সমিতির চেয়ারম্যান ছিলেন, ওনার পরিবারের লোকেরা এ কে ৪৭ সমেত ধরা পড়েছিল। তারপর পুলিশ তাদের ধরে থানায় নিয়ে গিয়েছিলেন এবং কিছুদিন রেখেছিলেন এবং পরে ছেড়ে দেওয়া হয়। আমার বলতে লজ্জা হয়, যারা দেশদ্রোহীতার কাজ করেন এবং কামতাপুরিদের গুলি সরবরাহ করেন, যে গুলি খেয়ে বহু লোক মারা গিয়েছেন তাদেরকে পুলিশ ধরে না। তারা আপনাদের দলের সমর্থক। তাই আমি আপনাদের এই বাজেটকে

সমর্থন করি না। কারণ পুলিশ দিয়ে আপনারা আদিবাসী সম্প্রদায়ের উপর নির্যাতন করছেন। সেইজন্য আজকে এই বাজেটের বিরোধিতা করে আমার বক্তব্য শেষ করছি।

[4.40—4.50 p.m.]

শ্রী বিনয় দত্ত : মাননীয় ডেপুটি স্পীকার স্যার, স্বরাষ্ট্রমন্ত্রী তথা মুখ্যমন্ত্রী যে ব্যয়-বরাদ্দ পেশ করেছেন, ২১ নম্বর দাবির অধীন ১ হাজার ৯ কোটি ৭০ লক্ষ ৪১ হাজার টাকা, সেই ব্যয় মঞ্জুরীকে পূর্ণ সমর্থন জানাচ্ছি এবং বিরোধীদের আনীত সমস্ত কাট মোশানের বিরোধিতা করছি। প্রথমেই আমি বলতে চাই, গত বছরের বাজেট বরাদ্দ থেকে এই বছরের বাজেট বরাদ্দ ৯৬ কোটি ২৫ লক্ষ ৯৮ হাজার টাকা বেশি করা হয়েছে এবং এখানে তার কারণ হিসাবে বলা হয়েছে, প্রশাসনিক কাঠামোকে আরও মজবুত করার জন্যই এটা করা হয়েছে। আমরা লক্ষ করছি সাধারণ অপরাধী, যেমন—চোর, ডাকাতরা আছে, তার পাশাপাশি নতুন এক ধরনের অপরাধ আমরা দেখতে পাচ্ছি তৃণমূলীদের। পশ্চিমবাংলার আইন-শৃঙ্খলা এবং তার স্থিতাবস্থাকে ধ্বংস করার জন্য নানারকম পথ তারা গ্রহণ করেছে। আমরা দেখতে পাচ্ছি পশ্চিমবাংলায় বিভিন্ন জায়গায় সমাজবিরোধীদের ওরা উস্কাচ্ছে তা নয়, যিনি এখন বিরোধী দলনেতা, সেই পঙ্কজবাবু ২০.১২.২০০০ তারিখে পুরশুড়া থানায় একদল এম. এল. এ.-কে নিয়ে গিয়ে ডেপুটেশান দেবার নাম করে থানা ভাঙচুর করলেন, পুলিশকে মারলেন, তাদের আক্রমণ করলেন। এই ব্যাপারে একটা এফ. আই. আরও করা হয়েছে। আরেকটি ঘটনার কথা আমি বলছি, দুবরাজপুরে ১৩ই মার্চ তারিখে এই ধরনেরই আরেকটি ঘটনা তারা ঘটিয়েছে। সেখানকার ও. সি., সুখময় রায় খাটুয়া, বয়স ৫৭, তার উপরে তৃণমূলীরা আক্রমণ করে। তাকে হাসপাতালে নিয়ে যাওয়া হয়, পরবর্তীকালে পি. জি.-তে গিয়ে উনি মারা যায়। বিগত ১৯৯৮ সালের পঞ্চায়েত নির্বাচন থেকে ২০০০ সালের জুলাই পর্যন্ত হুগলি, বাঁকুড়া ও মেদিনীপুরের বর্ডার এলাকা জুড়ে নয়টি থানা এলাকায় পি. ডবলু. জি. এবং বি. জে. পি.-কে সঙ্গে নিয়ে সমাজবিরোধীদের সঙ্গে যুক্ত হয়ে হাজার হাজার মানুষের উপরে এরা অত্যাচার করেছে, গরিব মানুষের বাড়িঘর ভেঙে দিয়েছে। ওই নয়টি থানা এলাকায় তাঁরা ১১ জনকে খুন করেছে এবং অনেক মহিলাকে ধর্ষণ করেছে। কিন্তু ওই সমস্ত এলাকার সচেতন মানুষ নিজেদের জীবনের অভিজ্ঞতার উপরে দাঁড়িয়ে পুলিশ প্রশাসনকে সাহায্য করেছে। তাই গত বছরের আগস্ট মাসের পর থেকে সমস্ত রকম তৃণমূলী কার্যকলাপের বিরুদ্ধে মানুষ রুখে দাঁড়াচ্ছে এবং এলাকায় শান্তি বিরাজ করছে। আরামবাগে ওদের নেত্রী গিয়েছিল, কিন্তু মানুষের মন পায়নি, মানুষ তৃণমূলীদের প্রত্যাখ্যান করেছে। আজকে ওরা লক্ষ করছে ওদের পায়ের তলার মাটি সরে যাচ্ছে।

এরা পি. ডবলু. জি-কে ভাড়া করছে এবং কৃষক আন্দোলনের নেতাদের খুন করার চেষ্টা করছে। কিছুদিন আগেই আরামবাগ বিধানসভার খানাকুলে এরকম ঘটনা ঘটেছে। আসামীদের গ্রেফতার করা হয়েছে। আসামীরা নকশালদের সঙ্গে যুক্ত। এই হল ওদের অবস্থা। আমরা বলছি, অন্যান্য রাজ্যের তুলনায় পশ্চিমবঙ্গে অপরাধ কমছে, গত ২৪ বছর ধরেই ক্রমশ কমছে। স্বরাষ্ট্রমন্ত্রী সঠিকভাবেই কতগুলো কথা বলেছেন। পুঁজিবাদী সমাজ ব্যবস্থায়,

বিশ্বায়নের যুগে অপরাধ স্বাভাবিক। পশ্চিমবঙ্গ হল আউটপোস্ট অফ ডেমোক্রেসি। সমস্ত ভারতবর্ষের ক্ষেত্রে কৃষক আন্দোলনের নেতৃত্ব দিয়েছে এই পশ্চিমবাংলা। কেন্দ্রীয় সরকারের সাম্প্রদায়িকতার বিরুদ্ধে, এল. পি. জি.-র বিরুদ্ধে, মার্কিন সাম্রাজ্যবাদের বিরুদ্ধে, বিশ্বায়নের বিরুদ্ধে পশ্চিমবাংলা, তাই পশ্চিমবাংলাকে তারা আক্রমণের লক্ষ্যস্থল হিসাবে বেছে নিয়েছে, আজকে তারা তৃণমূল, কামতাপুরী, ঝাড়খণ্ডিদের মদত দিচ্ছে এখানকার আইন-শৃঙ্খলা ভেঙে ফেলার জন্য। কিন্তু পশ্চিমবাংলার সচেতন মানুষ তাদের পরিহার করেছে। আজকে স্বরাষ্ট্র দপ্তর এবং জনগণের প্রচেষ্টার জন্য ভারতবর্ষের অন্যান্য রাজ্যের তুলনায় এখানে অপরাধের সংখ্যা কম। স্ট্যাটিসটিক্যাল অ্যাপেন্ডিক্স থেকে বলছি—১৯৯৯ সালে প্রকাশিত। ১৯৯৭ সালে অন্ধ্রপ্রদেশে ১ লক্ষ ১৪ হাজার ৯৬৩টি অপরাধ সংঘটিত হয়েছিল। গুজরাটে হয়েছিল ১ লক্ষ ১৭ হাজার ৮২৩টি, মধ্যপ্রদেশে ২ লক্ষ ৫০ হাজার ২৬টি, মহারাষ্ট্রে ১ লক্ষ ৮৫ হাজার ১২২টি, তামিলনাড়ুতে ১ লক্ষ ৪০ হাজার ৮২৭টি, উত্তরপ্রদেশে ১ লক্ষ ৫২ হাজার ৭৭৯টি অপরাধ সংঘটিত হয়েছে, সেখানে পশ্চিমবাংলায় মাত্র ৬৫ হাজার ৪৮১টি। ১৯৯৯-২০০০ সালেও পশ্চিমবঙ্গে অপরাধের সংখ্যা কমেছে। আজকের তৃণমূলী, যারা আগে ছিল কংগ্রেস, তারা এই বিধানসভায় কি বলেছিল ? ১৯৭৪ সালে তারা এই বিধানসভায় চিৎকার করেছিল আইনের শাসন নেই, তারা বলেছে খাদ্য চাই, খাদ্যের অভাবে ডাকাতি, রাহাজানি হচ্ছে। একটার পর একটা বলেছে। ১৯৭৪ সালে কংগ্রেসের সদস্য ফণীভূষণ সিংহ বলছেন—ওর নির্বাচনী কেন্দ্রে রাহাজানি, চুরি, ছিনতাই বেড়েছে। ভবানীপ্রসাদ সিংহরায় বলছেন—ওদেরই সদস্য—সবচেয়ে আশ্চর্যের ব্যাপার, পুলিশ নাকি পুলিশের কাছ থেকে ঘুষ নিচ্ছে। ঘুষ না দিলে টি. এ. বিল পাশ করাবে না। ওদেরই সদস্য অনন্ত কুমার ভারতী বলছেন একই কথা। পাশাপাশি আর একটা বলব—এখানে উল্লিখিত হয়েছে বেণী ইঞ্জিনিয়ারিংয়ের ঘটনা। সেক্ষেত্রে অপরাধী কোন্ দলের সেটা বিচার করা হয়নি, যে ঘুষ দিয়েছে এবং যে ঘুষ নিয়েছে, উভয়কেই গ্রেফতার করা হয়েছে।

[4.50—5.00 p.m.]

এখানে উল্লিখিত আছে ১৯ নাম্বার এবং ২৫ নাম্বার অনুচ্ছেদে যেটা আমি সময় সংক্ষেপের জন্য পড়তে পারলাম না। এই দুটো অনুচ্ছেদে সুপারিশ করা হয়েছে জনগণের সঙ্গে পুলিশের সম্পর্ক তৈরি করার জন্য উপদেষ্টা কমিটি করা হয়েছে। সেটা সঠিক সিদ্ধান্তই গ্রহণ করা হয়েছে। এই কথা বলে এই বাজেটের সমর্থন করে আমার বক্তব্য শেষ করছি।

শ্রী আবু তাহের খান : মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, এখানে অরণ্যে রোদন করার মতো অবস্থা হয়েছে। কারণ এখানে মন্ত্রীই নেই। তাই আমি মনে করছি অরণ্যে রোদন করা হচ্ছে। আমি অনুরোধ করছি—তিনি সভায় একটু সময় নিয়ে আসুন, আমাদের বক্তব্য এখানে পেশ করব। স্যার, আজকে কংগ্রেস এবং তৃণমূল যে কাটমোশানগুলি নিয়ে এসেছেন আমি তাকে সমর্থন করে কিছু বক্তব্য রাখছি। আজকে মাননীয় স্বরাষ্ট্রমন্ত্রী তথা মুখ্যমন্ত্রী প্রতিবারই পুলিশ খাতে বরাদ্দ বাড়িয়ে চলেছেন। গতবারের তুলনায় এবারে উনি ১০০ কোটি টাকারও বেশি বরাদ্দ করেছেন। ১৯৭২ সালে পুলিশ খাতে ব্যয়বরাদ্দ ছিল ৩০ কোটি। আজকে সেটাই

৩৫ গুণ বেড়েছে। কিন্তু তা সত্ত্বেও মানুষের যে নিরাপত্তা পাওয়ার কথা ছিল, তা পায়নি। মানুষের যে শান্তি-শৃঙ্খলা পাওয়ার কথা ছিল, তা পায়নি। গ্রামের মানুষের সুষ্ঠুভাবে বসবাস করার অধিকার ছিল, সেই অধিকার সাধারণ মানুষের নেই। আজকে আমাদের বিধায়ক অসিত মিত্র মহাশয়ের প্রশ্নের জবাবে মাননীয় মন্ত্রী বলেছেন ৯৯ সালে টোটাল মহিলা নির্যাতন হয়েছে এই রাজ্যে ৮ হাজার ৪৬ জন এবং ২ হাজার সালে ৮ হাজার ৪৪ জন এবং এর মধ্যে এখন পর্যন্ত বিচার পেয়েছেন মাত্র ১৭৯ জন। তাহলে বুঝতেই পারছেন যাদের নিয়ে আমরা গর্ব করি বাংলার মহিলাদের মান সম্মানের বিষয় নিয়ে, আজকে তারা বিভিন্নভাবে নির্যাতিত হচ্ছে। আজকে যেখানে নির্যাতিতা হচ্ছে ৮ হাজার ৪৬ জন সেখানে বিচার পাচ্ছেন ১৭৯। তাহলে বুঝতেই পারছেন সংখ্যাটা কত করুণ। আজকে খবরের কাগজ খুললেই আমার মুর্শিদাবাদ জেলা সম্পর্কে বিভিন্ন ঘটনার কথা শুনতে পাবেন। প্রায় রোজই মুর্শিদাবাদ জেলার বিভিন্ন থানায় খুন হচ্ছে। কোনো খুনের কিনারা হচ্ছে না। পুলিশ নিষ্ক্রিয়। আপনি উদাহরণ দিয়েছেন উত্তরপ্রদেশে আদালত গ্রাহ্য অপরাধ হচ্ছে ১ লক্ষ ৭১ হাজার ৮৭টা এবং পশ্চিমবঙ্গে ৫২ হাজার ৮৫৮ জন। এই জেলায় প্রতিদিনই খুন এবং ডাকাতি হচ্ছে। আমার মনে হয় প্রতিদিনই গড়ে দুটো করে ডাকাতি হয়। আর গোটা বাংলায় বলছেন যে পার্সেন্টেজ অতি নগণ্য। থানায় যে ডায়েরি করা হয় সে ডায়েরির একটা নকল ডায়েরি থাকে। আসল ডায়েরি কোনোদিন করা হয় না। প্রতি মাসে সামান্য সংখ্যক কেস রুজু করা হয়। তাই বলব যে এটা শুধুমাত্র একটা পরিসংখ্যা তুলে ধরতে হয় তাই তুলে ধরা হয়েছে। এটা সম্পূর্ণ অসত্য। আজকে আমাদের রাজ্যে আমরা দেখতে পাচ্ছি, যে শ্রমিক আন্দোলনের কথা বামপন্থীরা বারবার বলেছেন। আর যখন আমাদের রাজ্যে শ্রমিকরা আন্দোলন করেন, ছাত্ররা আন্দোলন করেন, বিদ্যুতের জন্য চাষিরা যখন আন্দোলন করেন তখন আজকের পুলিশ প্রশাসন, সেই বামপন্থী পুলিশ প্রশাসন আজকে নির্বিচারে শ্রমিকদের উপর গুলি চালায় বিনা প্ররোচনায়। কদিন আগে বাঁশবেড়িয়ায় শ্রমিকদের উপর নৃশংসভাবে গুলি চলেছে। নদীয়ার রাণাঘাটে পুলিশ নির্বিচারে গুলি চালিয়েছে। ঐতিহাসিক হরিহরপাড়ায় পুলিশ নির্বিচারে গুলি চালিয়েছে। সেই গুলিতে সাতজন মানুষ মারা গেছে। সেই সাতজন মানুষ মারা যাওয়ার পর সেখানকার মানুষের আন্দোলনের ফলে সেখানে একটা দাস কমিশন গঠন করা হয়েছিল। সেই কমিটি গভর্নমেন্টকে দোষী সাব্যস্ত করেছে। প্রতি পরিবারকে ৫ লক্ষ টাকা করে দেওয়ার জন্য বলা হয়েছিল। যারা ইনজিওর্ড তাদের তিন লক্ষ করে টাকা দেওয়া হবে। আজ পর্যন্ত সেই টাকা তারা পায়নি। আজকে আপনারা যতই বড়ো বড়ো কথা বলুন না কেন বাস্তবের সঙ্গে তার কোনো মিল নেই। আজকে গোটা বাংলায় বিশৃঙ্খলা সৃষ্টি হচ্ছে পুলিশের দ্বারা। আজকে মুর্শিদাবাদ জেলায় একটা গুরুত্বপূর্ণ বিষয়ের কথা উল্লেখ করতে চাই। মুর্শিদাবাদ জেলার পুলিশ সুপার সেখানে কয়লা পাচারকারীদের কাছ থেকে ৩০ লক্ষ টাকা ঘুষ নিয়েছেন। এটা কি ধরনের কার্যকলাপ। পুলিশ সুপারের অফিসে গিয়ে যদি দেখেন তাহলে দেখবেন যে রাইটার্স বিল্ডিংসে যে ধরনের সিঁড়ি ব্যবহার করা হয়েছে সেই ধরনের মার্বেল পাথর নয়। সবচেয়ে সেরা মার্বেল পাথর পুলিশ সুপারের অফিসে ব্যবহার করা হয়েছে। গোটা বিল্ডিংটাকে এয়ার কন্ডিশন করা হয়েছে, স্টাফদের কোটপ্যান্ট

পরিয়ে বসিয়ে রাখছেন। এই টাকা কোথা থেকে আসছে। এই সমস্ত কয়লা পাচারকারীদের টাকা থেকে এইসব হচ্ছে। মুখ্যমন্ত্রীর কাছে আবেদন জানাচ্ছি তিনি এইগুলো দেখবেন কারণ তিনি বলেছেন যে পুলিশ প্রশাসনকে তিনি স্বচ্ছ করতে চান। অথচ আমাদের মুর্শিদাবাদ জেলায় আমার এলাকা রেজিনগরে থানায় ৪০ হাজর টাকার ডাকাতি হয়েছে, প্রত্যেক মাসে ডাকাতি হচ্ছে। এখানে আপনারাও পুলিশের নানা দুর্নীতির কথা বলেছেন আর আজকে এই পুলিশ বাজেটে পুলিশকে বাহবা দিচ্ছেন সেটা তো দেবেনই কারণ পুলিশের সাহায্যেই আপনারা রিগিং করে ক্ষমতায় এসেছেন।

[5.00—5.10 p.m.]

পুলিশের সাপোর্ট ছাড়া বাংলায় আসতে পারবেন না। তাই পুলিশকে নিয়ে আগামী দিনের জন্য বাহবা দিয়ে পুলিশের কাজের ভালো দিকটা আলোচনা করছেন। মাননীয় মন্ত্রী যে বাজেট পেশ করেছেন আমি সম্পূর্ণভাবে তার বিরোধিতা করছি এবং মুর্শিদাবাদের এস. পি. এবং থানায় যে ডাক হয় সেগুলির তদন্তের দাবি রেখে আমার বক্তব্য শেষ করছি।

শ্রী নাজিমূল হক : মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, মাননীয় মুখ্যমন্ত্রী তথা স্বরাষ্ট্রমন্ত্রী ২১ নং দাবি খাতে ১ হাজার ৯ কোটি ৭১ লক্ষ ৪০ হাজার টাকার যে ব্যয়-বরাদ্দের উথাপন করেছেন আমি তা সম্পূর্ণভাবে সমর্থন করছি এবং আমাদের মাননীয় বিরোধী সদস্য বন্ধুরা আবেগতাড়িত হয়ে যে কাটমোশানগুলি এনেছেন আমি তার বিরোধিতা করছি। পুলিশ দপ্তরের এক তরফা সমালোচনা হচ্ছে। আমাদের বিরোধী বন্ধুরা সমালোচনা করতে গিয়ে যেটা স্মরণে রাখেননি যে পুলিশ কাঠামো নিয়ে আমরা গোটা দেশে কাজ করছি এই কাঠামোয় সমাজে দায়বদ্ধতা তৈরি করার জন্য কিম্বা আইনের শাসন বলবৎ করার জন্য কিম্বা মানবিক মূল্যবোধকে উদ্দীপিত করে সৎ পুলিশ বাহিনী তৈরি করা হয়নি। মূলত এই বাহিনী তৈরি হয়েছিল ঔপনিবেশিক আমলে। ঔপনিবেশিক সাম্রাজ্য যাতে অব্যাহত থাকে, বৃটিশ সাম্রাজ্যের ভিত যাতে রক্ষা করা যায় মূলত দমন-পীড়ন করার যন্ত্র হিসাবে ব্যবহার করা হয়েছিল। আপনি জানেন পুলিশ কাঠামো, পুলিশ আইন এবং পুলিশের পোশাকের মৌলিক ভাবে কিছুই পরিবর্তন হয়নি, যা হয়েছে তা খুবই সামান্য। শুধু তাই নয় ১৯০৫ সালে ফ্রেডার সাহেব কমিশনে বৃটিশ পুলিশের অসত্যতা, অস্বচ্ছতার দিকে অঙ্গুলী নির্দেশ করেছিলেন। ১৯৬০-৬১ সালে প্রথম পুলিশ কমিশনে পুলিশের অদক্ষতা, অস্বচ্ছতার দিকটা চিহ্নিত হয়েছিল। ১৯৮২-৮৭ সালে সর্বভারতীয় পুলিশ কমিশন পুলিশের ত্রুটি-বিচ্যুতির দিকটা নির্দেশ করেছিল এবং রাজ্য পুলিশের কাছ থেকে একটা কর্মপ্রকল্প তৈরির জন্য সুপারিশ চেয়েছিল। পশ্চিমবঙ্গে ৮.৩৫ কোটি লোক বাস করে আর সেখানে মাত্র ৮৬ হাজার পুলিশ। পশ্চিমবঙ্গে সারা ভারতবর্ষের অন্য যে কোনো রাজ্যের তুলনায় জনসংখ্যা বেশি, পুলিশ কম। মোট বাজেটের মাত্র ১.৫ শতাংশ পুলিশ খাতে খরচ হয়। যেখানে অপরাধ জগতে অপরাধীরা সর্বাধুনিক প্রযুক্তি ব্যবহার করছে, যেখানে সাইবার ডেভালপমেন্ট অপরাধ জগতে প্রবেশ করেছে, যে দেশে আকাশ সীমা লঙ্ঘন করে একটা রাজ্যে অস্ত্র বর্ষণ করা যায়, আবার আমাদের রাজ্যের একটা জেলায় নানুরের সুচপুরের মাঠে একটা দুঃখজনক ঘটনা ঘটেছিল

আপনাদের স্মরণে আছে। আমাদের কলকাতায় বৃটিশ অ্যামবাসীর দুইজন অফিসার গাড়ি নিয়ে সেখানে গিয়েছিলেন কি করতে? কাদের জন্য কোন সংবাদপত্রগুলি, রাজনৈতিক দলগুলি নির্লজ্জের মতো কাজকে সমর্থন করেছিলেন এটা সবার স্মরণে আছে। আমাদের সামনে একটা কঠিনতর পরিস্থিতি তৈরি হয়েছে, বাইরের সীমান্ত দিয়ে মার্কসিস্ট কো-অর্ডিনেশান কমিটি আসছে, পিপিল ওয়ার গ্রুপ আসছে। উত্তরবঙ্গে সক্রিয় রয়েছে কামতাপুরী লিবারেশন অর্গানাইজেশান। আলফারা তাদের মদত দিচ্ছে। পশ্চিমবাংলার এবং নেপালের ১০০ কি.মি. সীমান্ত দিয়ে আই. এস. আই. ঢুকে আসতে চাইছে, নাশকতামূলক কার্যকলাপ করতে চাইছে।

এবারে মোট বাজেটের ১.৫ শতাংশ পুলিশ খাতে বরাদ্দ করা হয়েছে। কিন্তু আপনারা তো একবারও পুলিশের প্রচেষ্টা, তৎপরতা, সক্রিয়তার কথা বললেন না। আপনারা যদি তাদের সাফল্যের কথাও তুলে না ধরেন শুধু ডেস্ট্রাকটিভ আলোচনা করতে থাকেন তাহলে তা পুলিশের মধ্যে উৎসাহের সৃষ্টি করতে পারবে না। নৈরাশ্য, হতাশা আনবে। মনে রাখতে হবে, যে সমাজ কাঠামোর মধ্যে আমি, আপনি জন্মগ্রহণ করেছি, বড়ো হয়েছি পুলিশও তার বাইরে নয়। 'হাওলা' তালিকা দেখলেই বোঝা যাবে, তাতে কত নাম আছে, ভোরা সাহেবের যে রিপোর্ট তাতে পাবেন। আমরা কোথায় আছি! আপনারা তো একতরফা পুলিশের সমালোচনা করে যাচ্ছেন। ভালো কাজগুলোর কথা তো বললেন না। কিন্তু মনে রাখা দরকার, যে কোনো রাজ্যের তুলনায় পশ্চিমবাংলায় অপরাধের সংখ্যা কম। ভারতবর্ষের সমস্ত মেট্রোপলিটন সিটির মধ্যে একমাত্র হায়দ্রাবাদের পর কলকাতা সবচেয়ে ভালো স্থানে রয়েছে। এক্ষেত্রে, আমাদের রাজ্য সম্পর্কে স্টেট ক্রাইম ব্যুরোর তথ্য অনুযায়ী, কলকাতা এবং আমাদের রাজ্যে অপরাধ প্রবণতা ক্রমাগত কমছে। এ ব্যাপারে আমি একটা হিসাব দিচ্ছি, সেটা হচ্ছে কম্পারেটিভ ক্রাইম স্টেটমেন্ট। ১৯৯৮ সালে পশ্চিমবাংলায় ক্রাইম হয়েছিল ৫৬,৫৬৬টা, ১৯৯৯ সালে হয়েছিল ৫৫,০৭৮টা, ২০০০ সালে হয়েছিল ৫২,৮৫৮টা এবং ২০০১ সালের মে পর্যন্ত অপরাধ হয়েছিল ১৭,৩২৯টা। অর্থাৎ দেখা যাচ্ছে অপরাধের সংখ্যা ক্রমহ্রাসমান। এটা এমনি এমনি হয়নি। এই অপরাধের সংখ্যা কমার পেছনে কৃষি উৎপাদন বৃদ্ধি, শিক্ষার হার বৃদ্ধি এবং উৎপাদনের গড় বৃদ্ধির হার বজায় থাকাও অন্যতম। এটা সত্য যে আমাদের এখানে দারিদ্রসীমার নিচে মানুষের সংখ্যা কমেছে। আবার এটাও সত্য যে শিক্ষার হার বিগত ২৪ বছরে বেড়েছে। সাথে সাথে প্রিভেনশন পুলিশ অ্যাকটিভিটিসেও এ রাজ্য বিরাট সাফল্য অর্জন করেছে। সেকশন ১১৬(৩), ১১০, ১০৯, ১০৭ এবং ২৯০ আই. পি. সি.-র সাহায্য নিয়ে পুলিশ কত অপরাধ প্রতিহত করেছে তার একটা হিসাব আমি দিচ্ছি। ১৯৯৯ সালে মোট ২,২১,৩৫৭টা এবং ২০০০ সালে মোট ২,৬৬,৮৫৪টা অপরাধ ঘটতে পারত এমন ক্ষেত্রে পুলিশ তা ঘটতে দেয়নি। এটা কি পুলিশের তৎপরতা প্রমাণ করে না? ১৯৯৯ সালে আর্মস অ্যান্ড অ্যামিউনেশন উদ্ধার হয়েছে ৩৭৯০টি এবং গ্রেপ্তার হয়েছে ৩৪৬৭ জন। ২০০০ সালে উদ্ধার হয়েছে ৪১১৫টি এবং গ্রেপ্তার হয়েছে ৩০২৮ জন। ওয়েপন ফ্যাক্টরি ধরা পড়েছে ৪টি। পুলিশ সেগুলো আবিষ্কার করেছে। এবং তাতে বহু লোক গ্রেপ্তার হয়েছে।

কিন্তু উক্ত বিরাট সাফল্য সত্ত্বেও রাজ্যের মানুষকে উদ্বেগে দিন যাপন করতে হয়। কারণ এখানে একটা রাজনৈতিক দলের নেত্রী আছেন যাঁকে দেশের মানুষ এবং খবরের কাগজের লোকেরা জানেন 'পাগলি' বলে। উনি মুখ্যমন্ত্রী হতে চেয়েছিলেন কিন্তু ভোট দেননি, নমিনেশন ফাইল করেননি। উনি একটা নির্বাচিত সরকারকে বোম মেরে উৎখাত করতে চেয়েছিলেন এবং তার জন্য ২১শে জুলাই ১৩ জন তরুণের প্রাণ গেল। উনি চমকাইতলাতে গিয়ে বললেন, চমকে দেব, আবার, কলকাতায় পথসভা করে বললেন, সি. পি. এম.-কে ভুতের নাঁচন দেখাব। উনি কেশপুরে গিয়ে বললেন, হাত-পা কেটে নিন। উনি আবার বর্তমান কেন্দ্রীয় সরকারের প্রাক্তন মন্ত্রী, ওনার মুখে এই ধরনের ভাষা। এই যদি ওনার মুখের ভাষা হয় তাহলে তো আইন-শৃঙ্খলার সমস্যা হয়েই যায় স্যার।

[5.10—5.20 p.m.]

আর একটা কথা বলে আমি আমার বক্তব্য শেষ করব। বিগত বিধানসভা নির্বাচনের আগে পর্যন্ত ওদের মুখে একটাই শুধু কথা ছিল, "সুশান্ত ঘোষ।" যে কোনো সভায়, যে কোনো জায়গায় শুধু একটাই কথা, "সুশান্ত ঘোষ।" সুশান্ত ঘোষের নামে ওরা যা খুশি তাই কুৎসা করেছেন। তারপরেও সুশান্ত ঘোষকে মানুষ ভোট দিয়েছে, তিনি জিতেছেন। মাননীয় মন্ত্রী সুশান্ত ঘোষ এখানে উপস্থিত আছেন। উনি নির্বাচিত হয়েছেন এবং রাজ্যে বামফ্রন্ট সরকার ষষ্ঠবারের জন্য পুনঃপ্রতিষ্ঠিত হয়েছে। মানুষ ওদের কুৎসায় কান দেয়নি। এরপরেও ওঁরা গণতান্ত্রিক রীতিনীতি মানছেন না, সভ্যতা-ভব্যতা ভুলে যা খুশি তাই করছেন। ওঁদের আচরণকে ধিক্কার জানিয়ে, বাজেটকে সমর্থন করে আমার বক্তব্য শেষ করছি।

শ্রীমতী সোনালী গুহ : মাননীয় অধ্যক্ষ মহাশয়, আজকে পুলিশ মন্ত্রী পুলিশ খাতের যে ব্যয়-বরাদ্দ পেশ করেছেন তার বিরোধিতা করে আমাদের পক্ষ থেকে দেওয়া সমস্ত কাটমোশানগুলোকে সমর্থন করে আমি আমার বক্তব্য উপস্থিত করছি।

স্যার, মুখ্যমন্ত্রী তথা স্বরাষ্ট্র (পুলিশ) মন্ত্রী তাঁর বাজেট বিবৃতির প্রথম অনুচ্ছেদে বলেছেন, "২০০১-২০০২ সালের ব্যয়নির্বাহের জন্য ১০০৯ কোটি ৭০ লক্ষ ৪১ হাজার টাকা মঞ্জুর করা হোক।" এই টাকা মঞ্জুরির দাবি তিনি এখানে পেশ করেছেন। সাথে সাথে তিনি আরো উল্লেখ করেছেন, "২০০০-২০০১ সালে ৯১৩ কোটি ৪৪ লক্ষ ৪৩ হাজার টাকা মঞ্জুর করা হয়েছিল।"

আমরা লক্ষ্য করছি এবারে তিনি বরাদ্দের পরিমাণ বাড়িয়েছেন। তিনি দাবি করেছেন সামগ্রিক প্রশাসনিক পরিকাঠামোর উন্নতি বিধানের জন্যই তাঁকে বরাদ্দ বৃদ্ধি করতে হচ্ছে।

স্যার, তারপর আমরা লক্ষ্য করছি মুখ্যমন্ত্রী তথা স্বরাষ্ট্রমন্ত্রী তাঁর ভাষণের ১৬ নং অনুচ্ছেদে বলছেন, "রাজ্য সরকার পুলিশ বাহিনীতে ব্যাপকভাবে আধুনিকীকরণের কাজ হাতে নিয়েছে।" অর্থাৎ তিনি বলতে চাইছেন পুলিশ বাহিনীর মর্ডানাইজেশনের কাজ তাঁরা শুরু করেছেন এবং তার জন্য ১২.০৯৫ লক্ষ টাকা বরাদ্দ করেছেন।

স্যার, আমি শুধু এ প্রসঙ্গে বলতে চাই যে, মুখ্যমন্ত্রী তথা পুলিশ মন্ত্রী তাঁর ভাষণের ১১.১ অনুচ্ছেদে হাই-টেক্ ক্রাইমের কথা বলেছেন, সাইবার ক্রাইমের কথা বলেছেন। অথচ আমরা জানি অতীতে কলকাতা পুলিশের স্কটল্যান্ড ইয়ার্ডের সঙ্গে তুলনা করা হত। সেই পুলিশের আজকে এমন অবস্থা করা হয়েছে যে, হাই-টেক্ ক্রাইম মোকাবিলায় তাকে মর্ডানাইজ করার কথা ভাবতে হচ্ছে ! সে জন্য নতুন করে উদ্যোগ নিতে হচ্ছে। কারণ এখন এখানে সেসবের কোনো ব্যবস্থাই নেই। তাই আধুনিকীকরণের কথা বলতে হচ্ছে এবং বাজেটে তার জন্য ব্যবস্থা রাখতে হচ্ছে। এখন পর্যন্ত আধুনিকীকরণ বলতে আমরা দেখছি— এস. পি., এবং ডি. সি. পর্যায়ের অফিসারদের একটা করে কমপিউটার দিয়ে দেওয়া হয়েছে। অবসর সময়ে এস. পি. ; ডি. সি.-রা সফ্টঅয়্যারে খেলা করছে ! তারা সাইবার ক্রাইম বা হাই-টেক্ ক্রাইমের বিরোধিতা করার জন্য পুলিশ বাহিনীকে উদ্যোগ নিতে বলছে না।

স্যার, উনি ১৭ নং অনুচ্ছেদে বলেছেন, ২০০০-২০০১ সালে বুলেট প্রুফ গাড়িসহ অন্যান্য সরঞ্জাম কেনার জন্য ২,৬১০ লক্ষ টাকা বরাদ্দ করেছিলেন। সত্যি সত্যিই কেনা হয়েছে, না কেনার নামে কাটমানি খাওয়া হয়েছে ? আমি শুধু বলতে চাই আধুনিকীকরণ প্রক্রিয়া যদি শুধু এস. পি., ডি. সি. পর্যায়ের মধ্যে সীমাবদ্ধ থাকে তাহলে আমাদের আর কিছুই বলার থাকে না ! ডি. সি., এস. পি.-রা টাটা সুমো, মারুতি ভ্যান চাপবে আর নীচের তলার কর্মচারীরা, জেলান্তরে থানার ও. সি.-দের জন্য একটা করে ভাঙাচোরা জিপ বরাদ্দ থাকছে এবং সেই জিপে ও. সি.-রা নিজেদের পরিবার পরিজনদের নিয়ে ঘুরে বেড়াচ্ছেন। এমনকি তারা সেই গাড়ি নিয়ে নিজ নিজ থানার পরিসরের বাইরে চলে যাচ্ছে, আর থানার মধ্যে ঘটনা ঘটে গেলে অন্যান্য পুলিশের পক্ষে ঘটনাস্থলে যাওয়া সম্ভব হচ্ছে না। এই জিনিস আমরা সর্বত্র লক্ষ্য করছি। সে জন্য আমি মুখ্যমন্ত্রীকে প্রশ্ন করছি, আপনি কাদের জন্য গাড়ি কিনছেন, সাজসরঞ্জাম কিনছেন ? কাদের জন্য টাকা মঞ্জুর করছেন ? রাজ্যবাসীর এতে কোনো উপকারই হচ্ছে না। ইতিপূর্বে রবার বুলেট, জল-কামান কেনা হয়েছিল শুনেছিলাম ! সত্যিই কি তা কেনা হয়েছে ? মন্ত্রী মহাশয় তা একটু বলবেন।

স্যার, উনি প্রশাসনিক পরিকাঠামোর উন্নতির কথা বলেছেন। কলকাতার কতগুলো ইমপর্টেন্ট ক্রসিং-এ আউট পোস্ট বসিয়েছেন। তার মধ্যে ভিক্টোরিয়া, ট্যাংড়া, ব্রড স্ট্রিট এবং গড়িয়াহাটা ক্রসিং আছে। এইসব ক্রসিং-এ যে গাড়িগুলো থাকে সেগুলোর ওয়ারলেস মাঝে মাঝেই কাজ করে না। অথচ এই ব্যবস্থা করার কারণ হচ্ছে ক্রাইম করে ক্রিমিনাল যখন পালিয়ে যায় তখন তাঁকে যাতে ধাওয়া করা যায়। পুলিশ ধাওয়া করবে কি করে তাদের নিজেদের গাড়িই যদি কার্যকর না থাকে ? তাদের গাড়িকেই অন্য গাড়ি দিয়ে টেনে নিয়ে যেতে হয়। এই অবস্থায় তারা ক্রিমিনালদের কি করে তাড়া করে ধরবে, এ কথা এখানে পুলিশ মন্ত্রী বলেননি।

স্যার, কলকাতার থানাগুলির পরিসর এমনিতেই ছোটো। সেগুলিকে ভেঙে ভেঙে আরো ছোটো করে দেওয়া হচ্ছে। অথচ জেলার থানাগুলো বিরাট বিরাট অঞ্চল নিয়ে গঠিত,

সেগুলোকে ভাঙার কোনো কথা এখানে মন্ত্রিমহাশয় উল্লেখ করেননি। কেবল মাত্র সাঁইথিয়ায় তিনটে নতুন ফাঁড়ি, আর অশোকনগরে একটা নতুন থানা স্থাপন করা হয়েছে। এই করেই মাননীয় মন্ত্রী পরিকাঠামোর সংস্কার এবং উন্নতির দাবি করছেন ! এই যদি পরিকাঠামোর উন্নতি হয় তাহলে আমরা বিরোধীপক্ষ থেকে এই বাজেটের তীব্র বিরোধিতা করছি। গুরুত্বপূর্ণ গ্রামীণ থানাগুলোর পরিসীমা ছোটো করে প্রশাসনিক পরিকাঠামো ইমিডিয়েটলি আরো উন্নত করে গড়ে তোলা দরকার। বিরোধীপক্ষ থেকে আমরা স্বরাষ্ট্র তথা মুখ্যমন্ত্রীর কাছে সে কাজ করার দাবি রাখছি।

এই বইতে মাননীয় মন্ত্রিমহাশয় বলেছেন যে পুলিশবাহিনীকে প্রশিক্ষণ প্রদান করার জন্য একটা ট্রেনিং কমপ্লেক্স করতে হবে। ট্রেনিং কমপ্লেক্স করার কথা বলেছেন অথচ পুলিশমন্ত্রী নিজেও জানেন হয়তো যে পুলিশদের এখন আর ট্রেনিং দেওয়া হয় না। পুলিশ প্যারেড বন্ধ হয়ে গিয়েছে। ফায়ারিং প্র্যাকটিশ এখন আর হচ্ছে না। আগে ট্রেনিং-এর সময় পুলিশদের বলে দেওয়া হত যে কখন লাঠিচার্জ করতে হবে, কখন টিয়ার-গ্যাস চলবে, কখন গুলি চলবে। এখন পুলিশকে গুলি চালানোর নির্দেশ দিলেই যেহেতু তারা ট্রেনিং নেননি সেইহেতু তারা ইতস্তত, বিক্ষিপ্তভাবে মানুষের মাথায়, বুকে গুলি করছেন ফলে বিভিন্ন জায়গায় জন-বিক্ষোভ শুরু হয়ে যাচ্ছে। কাদের দোষ দেব স্যার ? পুলিশদের আমরা সমালোচনা করছি আর এ আমেরিকাতে ৮ ঘন্টা কাজের দাবিতে শ্রমিকরা যখন প্রতিরোধ করেছিল তখন তাদের উপর গুলি চলেছিল বলে এই বামপন্থীরা, যারা গ্রামবাংলায় চোখের জল ফেলে মে দিবস পালন করেন তাদের রাজত্বেই এই পুলিশ কর্মীরা ২৪ ঘন্টা কাজের জন্য দায়বদ্ধ থাকেন। তার জন্য এই বামফ্রন্ট সরকারের এক ফোঁটা চোখের জলও পড়ে না। যারা সময়ের অতিরিক্ত কাজ করেন সেই পুলিশ কর্মীদের জন্য এই পুলিশ বাজেটে কোনো রকম ওভারটাইমেরও বরাদ্দ নেই স্যার। মাননীয় মন্ত্রিমহাশয় বলেছেন যে পুলিশদের আবাসন করে দেওয়া হচ্ছে। কোলকাতার পুলিশ কর্মীদের জন্য ৭০৪টি কোয়ার্টার নির্মাণ করা হচ্ছে কোথায় ? কোন্নগরে। স্যার, পুলিশের ডিউটি হচ্ছে এমারজেন্সি ডিউটি। কোলকাতা পুলিশের কর্মীরা এমারজেন্সি ডিউটি করবে আর আসবে কোন্নগর থেকে। কোলকাতা পুলিশের কর্মীরা এমারজেন্সি ডিউটি করবে আর থাকবে ডানলপে—এই হচ্ছে অবস্থা। কাজেই তাদের থেকে আমরা অন্তত এমারজেন্সি ডিউটি আশা করতে পারি না। তিনি বলছেন, ১ হাজার ৬৪৮টি আবাসিক কোয়ার্টারের মধ্যে ৫৯৪টি কোয়ার্টারের কাজ শেষ করেছেন। কোয়ার্টারের বাইরে থাকার জন্য, পরিবারকে না আনার জন্য ওদের মধ্যে প্যাথোলজিক্যালি ক্রাইম করার প্রবণতা দেখা যাচ্ছে। তাই আমরা দেখছি কখনও থানার মধ্যে, সেখানে পুলিশ কনস্টেবল মহিলাকে ধর্ষণ করছে, কখনও অন্য জায়গায় এইসব কাজ করছে। এই তো গত দু-দিন আগে হেস্টিংস থানার একজন পুলিশ একজন মহিলাকে ধর্ষণ করেছে। সাগর থানার ও. সি. নিজেই নিজের স্ত্রীর গলা কেটে পেছনের দরজা দিয়ে পালিয়ে গিয়েছে। আমরা জানি, সেফটি নেভার স্লিপস। কিন্তু তার মানে এই নয় যে একটা লোক টানা ৬দিন কাজ করার পরও ২৪ ঘন্টা তাকে ফিজিক্যালি এবং মেন্টালি রেস্ট দেওয়া হবে না। হায়ার অফিসারদের জন্য সেখানে সাপ্তাহিক ছুটির ব্যবস্থা থাকবে, বরাদ্দ থাকবে কিন্তু ছোটো

ছোটো অধস্তন কর্মচারীদের নিজেদের মধ্যে অ্যাডজাস্টমেন্ট করে ছুটি নিতে হবে—এই জিনিস এখানে চলছে। ডেজিগনেশান অনুযায়ী তাদের ছুটির কোনো উল্লেখ মুখ্যমন্ত্রী তথা স্বরাষ্ট্রমন্ত্রীর বাজেট ভাষণে নেই। মাননীয় মন্ত্রিমহাশয় তার বাজেট ভাষণে বলেছেন যে, রাজ্যে যারা মানবাধিকার লঙ্ঘন করেছে সেই সমস্ত অফিসারদের তিনি কঠোর শাস্তি দেবেন। কিন্তু আমরা কি দেখলাম ? আমরা দেখলাম, ভিখারী পাসোয়ান মামলায় অভিযুক্ত যে পুলিশ অফিসার শ্রীহরমনপ্রীত সিং, তাকে প্রোমোশান দিয়ে এ রাজ্যের সর্বত্র ঘোরাচ্ছেন এবং তিনি সি. পি. এম.-কে সন্ত্রাস করে, রিগিং করে ভোটে জেতানোর চেষ্টা করছেন। তারপর মানবাধিকার কমিশনে অভিযুক্ত আর এক অফিসার যিনি গোটা মেদিনীপুর জেলাকে জ্বালিয়ে এসেছেন সেই গৌরব দত্তকে ভি. ভি. আই. পি.-দের সিকিউরিটি প্রভাইড করার জন্য এখানে নিয়ে আসা হয়েছে। তাকে ডি. সি. (এস. বি.) করা হয়েছে। স্যার, এই প্রসঙ্গে আর একটা গুরুত্বপূর্ণ তথ্য দিচ্ছি। তার অফিসের পুলিশ নয়, এমন একজন মানুষ তার নাম সমরেশ কুণ্ডু, তাকে নদিয়া থেকে নিয়ে আসা হয়েছে। তিনি এই ডি. সি. (এস. বি.)-র মতন প্রোটেকটেড প্রেসে ঘুরে বেড়িয়ে সমস্ত অফিসারদের উপর দাপট দেখাচ্ছেন। মাননীয় বুদ্ধদেববাবু জানেন কিনা জানি না, আমি ৪টি গাড়ির নাম্বার দিচ্ছি—ডবলু. বি. ও. ২ডি-০৯৭৬ এবং ডবলু. বি. ও. ২ডি-৭৮৭১। এই দুটি গাড়ি মাঝে মাঝে ডি. সি. ও. ব্যবহার করেন। আর দুটি গাড়ির নাম্বার হচ্ছে ডবলু. এন. এফ.-৪২৩৩ এবং ডবলু. বি. ০২এফ-৭৩৯২। এই ৪টি গাড়ির থেকে মাসে ৮০ থেকে ৯০ লিটার তেল বেচে এ লোকটিকে মাসে ১০ হাজার টাকা করে পাইয়ে দেওয়ার চেষ্টা হচ্ছে। আমি মাননীয় স্বরাষ্ট্রমন্ত্রীর কাছে জানতে চাই, যে সমস্ত আই. পি. এস. অফিসাররা রেলের ভুয়ো পাশ দিয়ে তা ব্যবহার করে দুর্নীতি করেছিলেন তাদের বিরুদ্ধে কি ব্যবস্থা তিনি নিয়েছেন ? সেদিন শ্রী অসিত মিত্রের বিবৃতির বিরোধিতা করে তিনি ভিজিলেন্স কমিশনের কথা বলছিলেন, আমার জিজ্ঞাস্য, স্বরাষ্ট্রমন্ত্রী জানান এ সম্পর্কে ভিজিলেন্স কমিশনের রিপোর্টে কি আছে এবং কি ব্যবস্থা নেওয়া হয়েছে। স্যার, আমার কাছে একটি তথ্য আছে যাতে দেখা যাচ্ছে 'বর্তমানের' একজন সাংবাদিক ৩,১১,২০০০ তারিখে তিনি দেগঙ্গা থানাতে একটি রিপোর্ট আনতে গিয়েছিলেন। হারাধন চৌধুরী তার নাম। দেগঙ্গা থানার অফিসার থানার মধ্যে ঢুকিয়ে তাকে মেরে তার আইডেনটিটি কার্ডটা কেড়ে নিয়েছিল। এতে সাংবাদিকরা প্রচণ্ড বিক্ষুব্ধ হয়ে মাননীয় মুখ্যমন্ত্রীর কাছে নালিশ করেছিল। মুখ্যমন্ত্রী তারপর এ জেলাতে গিয়েছিলেন এবং সেখানে গিয়ে হারাধনবাবুকে ডেকে তার পিঠ চাপড়ে দিয়ে বলে এসেছিলেন যে তুমি চিন্তা করো না, আমি ওকে সাসপেন্ড করব। তার চার্জশিট হয়েছে অথচ দেখা যাচ্ছে তাকে সেখানে প্রোমোশান দিয়ে জেলা পুলিশে পাঠিয়ে দেওয়া হয়েছে। এর থেকে লজ্জার আর কিছু থাকতে পারে বলে আমি মনে করি না। স্যার, এরা পুলিশকে নিরপেক্ষ থাকতে দিচ্ছেন না। কোনো পুলিশ অফিসার নিরপেক্ষ থাকতে চাইলে তাকে দূরদূরান্তে পোস্টিং করে দিচ্ছে।

[5.20—5.30 p.m.]

যোগ্যতা থাকা সত্ত্বেও ডি. জি. (হোমগার্ড) মানস চক্রবর্তীকে ডি. জি. করা হয়নি, দীনেশ বাজপেয়ীকে ডি. জি. করা হয়েছে। তাহলে পুলিশ নিরপেক্ষ হবে কি করে ? এই মন্ত্রিসভার

একজন সদস্য মাননীয় সুভাষবাবু বলেছেন যে, তাঁর বিরুদ্ধে পুলিশের এক অংশ ষড়যন্ত্র করছে। এই রাজ্যের একজন মন্ত্রী, তিনি যদি রাজ্য পুলিশ সম্বন্ধে ওই ধরনের অভিযোগ করেন তাহলে সহজেই অনুমেয় যে এই রাজ্যে বিরোধী দলের এবং সাধারণ মানুষের কি অবস্থা। সুভাষবাবুর ব্যাপারে আমরা চেয়েছিলাম সি. বি. আই., আপনি বলেছিলেন—না, সি. আই. ডি.। ছোটো আঙারিয়ার ব্যাপারে আমরা বলেছিলাম সি. বি. আই., আপনি বলেছিলেন—না, সি. আই. ডি.। যখনই আমরা সি. বি. আই. চাই, আপনি একটা চ্যালেঞ্জ নিয়ে বলেন—না, সি. আই. ডি। জানুয়ারি মাসের প্রথম সপ্তাহে ছোটো আঙারিয়ায় যে ঘটনা ঘটলো তাতে অনেকগুলো লোক মারা গেল। আমরা সি. বি. আই., দাবি করেছিলাম, আপনি বললেন—না, সি. আই. ডি.। সি. আই. ডি. সেখান থেকে ঘুরে এসে বললেন, সেখানে কোনো লোক খুন হয়নি। কিন্তু পরে কোর্টের অর্ডারে প্রমাণ হল, সেখানে লোক খুন হয়েছে, প্রমাণও লোপাট করা হয়েছে। এই তথ্য পুলিশমন্ত্রী গোপন রাখবার চেষ্টা করেছেন, কারণ মুখ্যমন্ত্রী হয় মিসলিড করতে চাচ্ছেন, না হয় সব জেনেও চেপে থাকতে চাইছেন। সুভাষবাবু সংস্কৃত কলেজের অধ্যাপকদের ভয় পাচ্ছেন, কারণ পুলিশকে কিছু বললে যদি তাঁরা সবকিছু ফাঁস করে দেন ! নির্বাচনের আগে মমতা ব্যানার্জীকে নিয়ে অনেক কথা বলেছিলেন, কিন্তু তারপর তাঁকে নকল করেই কিন্তু উক্তিতে ভ্যান-রিকসায় চেপে গিয়েছিলেন। মানুষ ভেবেছিল, কি দারুণ বামপন্থী এবার ফিরে এসেছে। কিন্তু নির্বাচনের পর দেখা গেল, কলকাতায় গত ৭ দিনে ৬ জন বড়ো-ছোটো ব্যবসায়ীর উপর আক্রমণ হল, পুলিশের চোখের সামনে রাইটার্স বিল্ডিংয়ের পাশে একটার পর একটা ডাকাতি হয়ে গেল, পুলিশমন্ত্রী কৃত্রিম মুখোশ খুলে ফেলে মন্ত্রীর মুখোশ পরে রাইটার্স বিল্ডিং-এর ঠাণ্ডাঘরে ঢুকে গেলেন। তিনি নিজেকে পুলিশের মুখ্যমন্ত্রী ভাবছেন না, সি. পি. এম.-এর মুখ্যমন্ত্রী ভাবছেন। তার জন্য বিরোধী দলের সমস্ত কাটমোশনকে সমর্থন করে এবং পুলিশ বাজেটের বিরোধিতা করে শেষ করছি।

শ্রী অক্ষয় ঠাকুর : মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমাদের পুলিশমন্ত্রী যে ব্যয়বরাদ্দ পেশ করেছেন সেই দাবীকে সমর্থন করে দু-একটি কথা বলছি। আমরা জানি অপরাধ কখন বাড়ে। যখন রাজ্যে আর্থসামাজিক অবস্থা দুর্বল হয় তখন সমাজে অপরাধ বাড়ে। আমাদের পশ্চিমবঙ্গে বামফ্রন্ট সরকার যেভাবে আর্থসামাজিক পরিকাঠামো ঢেলে সাজাবার ব্যবস্থা করেছেন, যেভাবে সংস্কৃতিকে উন্নত করবার চেষ্টা করছেন, তার ফলে আমাদের পশ্চিমবঙ্গে দিনের পর দিন অপরাধের সংখ্যা কমছে। এখানে বিভিন্ন রাজ্যের সঙ্গে অপরাধের তুলনামূলক পরিসংখ্যান যা দেওয়া হয়েছে তা থেকে বুঝতে পারছি, পশ্চিমবঙ্গে আর্থসামাজিক অবস্থার উন্নতি ঘটেছে বলেই অপরাধ প্রবনতা দিনের পর দিন কমছে। আমাদের ভাবতে অবাক লাগছে, যারা এতক্ষণ ধরে পুলিশ প্রশাসনের বিরুদ্ধে নানা কটুক্তি করলেন তাদের আমি প্রশ্ন করতে চাই, যেদিন কামতাপুরীরা আলফার সহযোগিতায় গোটা উত্তরবঙ্গে ব্যাঙ্ক-ডাকাতি থেকে শুরু করে ট্রেন ডাকাতি, ব্যবসায়ীদের কাছ থেকে জোর করে টাকা আদায় ইত্যাদি করছিল এবং যার ফলে উত্তরবঙ্গ সন্ত্রাস কবলিত হওয়ার অবস্থা হল, যদি তখন আমাদের পুলিশ প্রশাসনের নজর অত প্রসারিত না হত তাহলে উত্তরবঙ্গের অবস্থা কি হত ? সেখানে আগুন জ্বলতে পারতো। তাদের সতর্ক নজরদারির জন্য তারা ব্যাপক

পরিমাণ এই সন্ত্রাসবাদ বিচ্ছিন্নতাবাদীদের গ্রেপ্তার করেছিল এবং তাদের জেলখানায় পাঠিয়ে দিয়েছে। কিন্তু অত্যন্ত দুঃখের বিষয়, যাঁরা এখানে চোখের জল ফেলছে, পুলিশ প্রশাসনের বিরুদ্ধে বলছে, সেই দিন যে সমস্ত কামতাপুরীদের গ্রেপ্তার করেছিল আমাদের পুলিশ, গোটা উত্তরবঙ্গ শান্তি করবার জন্য যাদের জেলখানায় ঢুকিয়েছিল, আপনাদের দলের নেত্রীর নির্দেশে তৎকালীন কেন্দ্রীয় মন্ত্রী অজিত পাঁজা মহাশয় শিলিগুড়ির জেলখানায় সন্ত্রাসবাদীদের সঙ্গে দেখা করতে যান এবং তাদের মদত দিতে যান। শুধু তাই নয় পাশাপাশি এই কথা বলব, সীমান্ত এলাকার খবর আপনারা জানেন, সীমান্ত এলাকায় বি. এস. এফ. প্রশাসন আছে, গোটা সীমান্ত এলাকাতে প্রশাসন কাদের হাতে আছে তা আমি বুঝতে পারছি না। সীমান্ত এলাকার লোকেরা চাষ করতে যেতে পারছে না, স্কুলে ছেলে-মেয়েরা আসতে পারছে না। সীমান্ত এলাকায় রাস্তা তৈরি হয়েছে, সেই রাস্তা নাগরিকদের ব্যবহার করতে দেওয়া হচ্ছে না। সেখানে কোনো অপরাধ হলে থানায় যদি কেউ ডায়েরি করে তাহলে সেখানে পুলিশ প্রশাসনকে যেতে দিচ্ছে না। আপনারা কেউ সেই কথা একবারও বললেন না। সীমান্ত এলাকায় নাগরিকদের জীবন সুন্দর করার জন্য সেখানে শান্তি স্থাপন করার জন্য কেন্দ্রীয় সরকারের উপর চাপ সৃষ্টি করার কথা কেউ একবারও বললেন না। আর এখানে বসে বসে যত দোষ নন্দ ঘোষের মতো পুলিশ প্রশাসনের উপর চাপিয়ে দিচ্ছেন। এই ব্যাপারে আমি স্বরাষ্ট্রমন্ত্রীর কাছে একটা প্রস্তাব দিতে চাই। সীমান্ত এলাকার মানুষের জীবনযাত্রা দুর্বিবহ হয়ে উঠেছে। সেখানকার প্রশাসনকে আরো সুষ্ঠুভাবে পরিচালনা করবার স্বার্থে একজন অ্যাডিশনাল এস. পি. (বর্ডার) এই রকম একজন অফিসারকে নিয়োগ করুন সেখানকার সমস্যা সমাধান করার ক্ষেত্রে। আমি এই দাবি মাননীয় স্বরাষ্ট্রমন্ত্রীর কাছে রাখছি। পাশাপাশি আমি এই কথা বলব যে গোটা পশ্চিমবাংলাতে পুলিশ প্রশাসন সাংস্কৃতিক এবং সামাজিক দায়-দায়িত্ব পালন করছে সেই কথা আপনারা একবারও কেউ বললেন না। আজকে পশ্চিমবাংলার পুলিশ বিভিন্ন জায়গায় রক্তদান শিবির করছে। তারা ব্লাড ডোনেশান ক্যাম্প করে রক্ত সংগ্রহ করে দুঃস্থ রোগীদের সেই রক্ত দান করছে। তারা খেলাধুলার ব্যবস্থা করছে, সাংস্কৃতিক অনুষ্ঠানে অংশগ্রহণ করছে। পুলিশ প্রশাসন ভাল ভাল জনকল্যাণমুখী কাজ করার মধ্যে দিয়ে মানুষের কাছাকাছি যাওয়ার চেষ্টা করছে। পশ্চিমবাংলায় এই ব্যবস্থা আপনাদের খারাপ লাগছে, আপনাদের ভাল লাগছে না। আপনাদের ভাল করলেও আপনারা ভাল চান না। ১৯৭২ সালের কালো দিনের কথা আমরা ভুলে যাইনি, সিদ্ধার্থ রায়ের আমলের কথা আমরা ভুলে যাইনি। সেই দিন আপনারাই ছিলেন। আপনারা জামাটা পরিবর্তন করেছেন, রংটা পরিবর্তন করেছেন কিন্তু সেইদিন আপনারাই ছিলেন। পুলিশ প্রশাসনের নামে একটা বিভীষিকা তৈরি করেছিলেন। পুলিশের নামে বাংলার মানুষ ঘর ছেড়ে পালাত, সাধারণ মানুষ থানায় যেতে পারত না, ডায়েরি করতে পারত না, অভিযোগ জানাতে পারত না। কই একবারও তো বললেন না যে এখানে স্বর্গ রাজ্যে বাস করছি ? পশ্চিমবাংলার পুলিশ দায়দায়িত্ব পালন করে, তারা আপনাদের কথা শোনে মানুষের কথা শোনো। পশ্চিমবাংলার এই প্রশাসন আপনাদের খারাপ লাগছে তাই আপনাদের এত রাগ এত কষ্ট। আপনারা চান পশ্চিমবাংলার পুলিশ প্রশাসন দুর্বল হয়ে যাক। আপনারা যদি রাইটার্স বিল্ডিং দখল করতে

যান. আপনারা যদি জোর করে থানায় ও. সি.-র চেয়ারে বসেন তাহলে পুলিশ তার দায়িত্ব পালন করবে না এটা ভাবেন কি করে ? তারা সঠিক দায়িত্ব পালন করেছে। এই বিষয়টা আপনাদের বোঝা দরকার। পুলিশকে আরো জনমুখী করার জন্য আমাদের স্বরাষ্ট্র মন্ত্রী অ্যাডভাইসারি কমিটি করেছেন। দ্রুত কাজ করবার জন্য অ্যাডভাইসারি কমিটি করেছেন অভিযোগগুলি খতিয়ে দেখার জন্য।

[5.30—5.40 p.m.]

সেই কমিটি যাতে সঠিকভাবে হয় এবং মাসে যাতে দু-বার করে বৈঠক হয় এবং জনপ্রতিনিধিরা যাতে সেই কমিটিতে থাকেন তা দেখার জন্য আমি মাননীয় স্বরাষ্ট্রমন্ত্রীকে অনুরোধ জানাই। মাননীয় স্বরাষ্ট্র মন্ত্রী যে দাবি পেশ করেছেন, তাকে সমর্থন করে আমি আমার বক্তব্য শেষ করছি।

শ্রী নিয়ামৎ শেখ : মাননীয় ডেপুটি স্পীকার, স্যার, মাননীয় মুখ্যমন্ত্রী এবং পুলিশমন্ত্রী যে বাজেট এই সভায় এনেছেন তাকে সম্পূর্ণভাবে বিরোধিতা করে এবং আমাদের কংগ্রেস এবং তৃণমূল কংগ্রেসের কাটমোশানকে সমর্থন করে আমি কয়েকটি কথা বলতে চাই। আজকে পশ্চিমবাংলায় আইনশৃঙ্খলা ভেঙে পড়েছে। তার প্রমাণ আমরা প্রতিদিনের পত্রিকায় দেখতে পাই। খুন, নারীধর্ষণ, ডাকাতি প্রতিদিনই দেখতে পাই। তাই এখানে আইনশৃঙ্খলা যে শান্তিপূর্ণভাবে চলছে সেটা আমরা মেনে নিতে পারি না। তাই এই বাজেটের বিরোধিতা করছি। আমি মুর্শিদাবাদের হরিহরপাড়া কেন্দ্রের বিধায়ক। মুর্শিদাবাদ এমন একটা সন্ত্রাসী এলাকা, সেখানে সন্ত্রাসবাদীদের বিরুদ্ধে সাধারণ মানুষের কোনো বক্তব্য নেই। তারা কিছু বলতে পারে না। কারণ, আমি আপনাদের সামনে বিগত দিনের একটি ঘটনাকে তুলে ধরছি। ১৯৯২ সালে ব্লক অফিসে ২রা নভেম্বর সেখানকার সমাজবিরোধীদের দমনের দাবিতে শান্তিপ্রিয় মানুষ যখন ডেপুটেশন দিতে গিয়েছিল, তখন নিরীহ মানুষের ওপরে পুলিশ নির্বিচারে গুলি চালিয়ে ৭জনকে খুন করেছিল। সেই খুনের তদন্ত করেছিল 'দাস কমিশন'। দাস কমিশন সরকারের কাছে তার রিপোর্ট জমা দিয়েছিল। তাতে দোষী পুলিশের শাস্তির কথা বলা হয়েছিল এবং বলা হয়েছিল যে, যারা খুন হয়েছে তাদের ৫ লক্ষ টাকা এবং যারা আহত হয়েছিল তাদের দু'লক্ষ, তিন লক্ষ করে টাকা দিতে হবে। আজকে পুলিশের বিরুদ্ধে কোনো আন্দোলন করা যায় না। কোনো মিল কারখানার মালিকের বিরুদ্ধে কোনো শ্রমিক আন্দোলন করতে পারে না। কোনো ছাত্র আন্দোলন করতে পারে না, সাধারণ মানুষ কোনো আন্দোলন করতে পারে না। কারণ ন্যায্য দাবিতে কোনো আন্দোলন করতে গেলে থ্রি নট থ্রি গুলিতে আন্দোলনকারীদের মারা হয়। তাই আমি হাউসের সকল মেম্বার এবং মাননীয় স্পীকারের কাছে অনুরোধ করছি, আমাদের এখানে যেন থ্রি নট থ্রি গুলি দিয়ে মানুষকে খুন না করা হয় তা আপনারা দেখুন। ইজরাইলে, প্যালেস্টাইনে কোনো আন্দোলন হলে রাবার বুলেট ব্যবহার করা হয়। তাই আমি দাবি রাখছি, আমাদের রাজ্যে কোনো আন্দোলনে থ্রি নট থ্রি বুলেট না চালিয়ে রাবার বুলেট ব্যবহার করুন। আমি হরিহরপাড়া বিধানসভা কেন্দ্রের বিধায়ক, আমি পুলিশের বিরুদ্ধে বলতে বাধ্য হচ্ছি এই কারণে যে, পুলিশ

কোনো সময়ে নিষ্ক্রিয় থাকে আবার কোনো কোনো সময়ে সক্রিয় হয়ে ওঠে। সেই নিষ্ক্রিয়তা কখন আমরা দেখতে পাই—যখন আমরা দেখি বাম-বিরোধী মানুষেরা অত্যাচারিত হয়, খুন হয়, যখন নারী ধর্ষণ হয় তখন পুলিশ নিষ্ক্রিয় ভূমিকা পালন করে। আবার যখন বামপন্থী বন্ধুদের ক্ষেত্রে ওই ধরনের ঘটনা ঘটে, তাদের ক্ষেত্রেও যখন খুন, ডাকাতি ইত্যাদি হয় তখন কিন্তু পুলিশ সক্রিয় হয়ে দাড়ায়। আমরা দেখেছি পুলিশের বাম-বিরোধী মানুষেরা গেলে তাদের ডায়েরি নেয় না, আর বামপন্থীরা ডায়েরি করতে গেলে তাদের ডায়েরি নেওয়া হয় এবং তাদেরকে মাথায় করে রাখা হয়। আর বিরোধীদের ক্ষেত্রে ডায়েরি যদিও বা নিল সেখানে কোনো অ্যাকশান নেওয়া হয় না। সুতরাং বাম-বিরোধীদের প্রতি পুলিশের যে ভূমিকা তাতে আমরা কখনোই বলব না যে পশ্চিমবঙ্গ শান্তিতে রয়েছে। আপনারা বলেছেন আমাদের রাজ্য শান্তিপূর্ণ রাজ্য, কিন্তু আমরা বলছি অশান্ত রাজ্য, অশান্তিপূর্ণ রাজ্য। এখানে সাধারণ মানুষের কোনো শান্তি নেই। সাধারণ মানুষ শান্তি চায়, আপনারা দিতে পারেন না। পুলিশী হস্তক্ষেপ তা পাওয়া যায় না। এই কথা বলে এই ব্যয়-বরাদ্দের বিরোধিতা করে আমার বক্তব্য শেষ করছি।

শ্রী তাপস রায় : স্যার, এখানে স্বরাষ্ট্রমন্ত্রী উপস্থিত নেই, এত বড় একটা সিরিয়াস ব্যাপার, সেখানে পুলিশমন্ত্রী তথা মুখ্যমন্ত্রী উপস্থিত না থাকায় বলা যাবে না। ওঁনাকে আসতে বলুন।

মিঃ ডেপুটি স্পীকার : আপনি বলুন, উনি বাইরের থেকে শুনছেন।

শ্রী তাপস রায় : আপনি চীফ হুইপকে দিয়ে ওঁনাকে খবর দিন আসার জন্যে।

(এই কথা বলে এখানে বক্তব্য না রেখে নিজের আসনে বসে রইলেন।)

মিঃ ডেপুটি স্পীকার : নাউ, শ্রী সৌগত রায়

(সৌগত রায় হাউসে থাকা সত্ত্বেও উনি ডিবেটে পার্টিসিপেট করেননি কারণ স্বরাষ্ট্রমন্ত্রী হাউসে নেই বলে।)

[5.40—5.50 p.m.]

শ্রী দেবপ্রসাদ সরকার : মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আজকে ২১ নম্বর দাবিতে পুলিশ বাজেটের উপর মাননীয় মন্ত্রী এখানে তার যে প্রস্তাব পেশ করেছেন আমি তাঁর বিরোধিতা করে, আমাদের কাটমোশানের সমর্থনে আমি আমার বক্তব্য রাখছি। মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, এবারে পুলিশ বাজেটে মাননীয় স্বরাষ্ট্রমন্ত্রী তথা মুখ্যমন্ত্রী বাজেট ব্যয়-বরাদ্দ ৯৬ কোটি টাকার উপর বাড়িয়েছেন অর্থাৎ ব্যয়-বরাদ্দ ১০ শতাংশর উপর পুলিশ বাজেটে বাড়ানো হয়েছে। আমি জানি না যে ১০ শতাংশর অধিক ব্যয়-বরাদ্দ আর কোনো খাতে এই রকম বেড়েছে ? অর্থাৎ একটা ম্যাক্সিমাম অর্থ পুলিশ বাজেটে বেড়েছে। কিন্তু ইনসিডেন্টাল অফ ক্রাইম, অপরাধমূলক ঘটনা কমছে না। খুন, ডাকাতি, নারী ধর্ষণ, রাহাজানি, চুরি এইসব ক্রমাগত বেড়ে যাচ্ছে। এবং এই সমস্ত অপরাধমূলক ঘটনা সবই যে সরকারের নথিভুক্ত হচ্ছে এই রকম ব্যাপার নয়। ফলে পরিসংখ্যানে, অনেক সময় সরকারি পরিসংখ্যানে দেখা

যায়, অপরাধমূলক ঘটনা যেভাবে বাড়ছে, সরকার কর্তৃক পরিসংখ্যানে সেটা মেলে না। বাস্তব চিত্র থেকে সেটা বোঝা যায় এবং সেখানে শুধু খুন নয়, ডাকাতি নয়, খুন যেভাবে বাড়ছে, নারী নির্যাতনও বাড়ছে, সেটা মারাত্মক। নারী পাচার, শিশু পাচার হচ্ছে, এটা অমানবিক। শিশু পাচার হয়ে যাচ্ছে, নারী পাচার হচ্ছে, আমাদের এই পশ্চিমবাংলার দরিদ্র এলাকার শিশুদের তাদের বাইরে নিয়ে যাওয়া হচ্ছে। যেখানে এই শিশুদের ব্যবসায়ীরা পাচার করে তারা তাদের পঙ্গু করে হাত পা ভেঙে দিয়ে ভিক্ষা করাচ্ছে, রোজগার করাচ্ছে, এটা অমানবিক। অতি সম্প্রতি মোম্বাইতে রেলওয়ে পুলিশ এই রকম ৬জন শিশুকে উদ্ধার করেছে, এই শিশু পাচারকারীরা পশ্চিমবাংলা থেকে ৬জনকে পাঠাচ্ছিল, তারা তাদের উদ্ধার করেছে। এই রকম একটা মর্মান্তিক অবস্থা। এবং কেন্দ্রীয় সরকারের সি. বি. আই. তারা এখানে নির্দেশ দিয়েছেন রাজ্যগুলিকে, এমনকি পশ্চিমবাংলাকেও—এই শিশু পাচারের পূর্ণাঙ্গ তথ্য ভাণ্ডার যেন সৃষ্টি করা হয়। এবং ভারপ্রাপ্ত পুলিশ আধিকারিক তিনি বলছেন আমাদের কাছে সব সংবাদ থাকে না। অনেক খবর দেয় না। খবর দেবে তারপরে খবর সংগ্রহ করবেন—ভাল। এই জন্য পুলিশ বাজেট বাড়ছে এবং অপরাধের মাত্রা ভীষণ বাড়ছে। মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, পুলিশের যে নিরপেক্ষ ভূমিকা এ তো অনেকদিন নেই, কিন্তু অন্যান্য পক্ষে যতখানি ভূমিকা থাকা দরকার, মুখ্যমন্ত্রী বলছেন, পুলিশমন্ত্রী বলছেন, পুলিশকে নিরপেক্ষভাবে কাজ করতে হবে। কিন্তু কার্যক্ষেত্রে আমরা দেখতে পাচ্ছি শাসক দলের একেবারে তৃণমূল স্তরে যারা আছেন তাদের নির্দেশে পুলিশকে চলতে হয়, তাদের সাহস নেই, পুলিশ প্রশাসন নিরপেক্ষ ভাবে কিভাবে কাজ করবে। এই রকমই একটা অবস্থা দাঁড়িয়েছে যখন দায়িত্ববান স্বরাষ্ট্রমন্ত্রীর ইচ্ছা থাকলেও তা নীচের তলায় পারকোলেট হচ্ছে না। সেখানে যে গণতান্ত্রিক মূল্যবোধ যতটুকু থাকা দরকার তা থাকছে না। আজকে পুলিশ কিভাবে গণ আন্দোলনকে দমন করছে, আজকে পুলিশ লক আপে যেভাবে বন্দি মৃত্যু হচ্ছে এটা তার প্রমাণ। সম্প্রতি আলিপুর কোর্টে একজন বন্দি মারা গেল। এটা প্রমাণ করছে ন্যূনতম যে মানবিক মূল্যবোধ, গণতান্ত্রিক মূল্যবোধ সেটা কাজ করছে না। আমি এই প্রসঙ্গে বলব পুলিশ কিভাবে মিথ্যা মামলা সাজাচ্ছে। গতবার অধিবেশনের শেষ দিনে আপনি হরিহরপাড়ার রিপোর্ট এই হাউসে পেশ করেন, জজ হরিদাস দাসকে চেয়ারম্যান করে যে কমিশান করা হয়েছিল তার রিপোর্টে বলা হয়েছে অন্য কথা। কিন্তু পুলিশ বলেছিল সমাজ বিরোধীদের হাত থেকে বিডিও-কে বাঁচাবার জন্যই পুলিশ নির্বিচারে গুলি চালিয়েছিল এবং ওই গুলিতে সাতজন নিহত হয়েছিল। ডিস্ট্রিক্ট অ্যাডমিনিস্ট্রেশান বলছে, পুলিশ ফায়ারিঙের জাস্টিফিকেশান ছিল, মব ভায়োলেন্স হয়ে গেছে, তারা লেথাল ওয়েপেন্স ব্যবহার করেছিল। আপনি যে বিচার-বিভাগীয় তদন্ত কমিশন বসিয়েছিলেন তারা কিন্তু সম্পূর্ণ এগেনস্টে রিপোর্ট দিয়েছিল। এর থেকেই প্রমাণ হয় আপনার পুলিশ মিথ্যা রিপোর্ট দিয়েছিল। কমিশন তার রিপোর্টে আরও বলেছিল এই ঘটনায় পুলিশের গুলিতে যে সাতজন মারা গিয়েছিল তাদের পাঁচ লক্ষ টাকা করে ক্ষতিপূরণ দেওয়ার জন্য, কারণ এই পুলিশ ফায়ারিঙের কোনো জাস্টিফিকেশান নেই। যদিও সরকার সেটা মেনে নেয়নি, যারা নিহত হয়েছেন, তাদের পরিবারকে মাত্র পঁচিশ হাজার টাকা করে দেওয়া হয়েছে। এর থেকেই প্রমাণ হয়ে যায় পুলিশ কীভাবে গণ

আন্দোলনকে দমন করার চেষ্টা করছে। সেদিন গ্যাঞ্জেস জুট মিলের শ্রমিকদের উপরে পুলিশ গুলি চালালো। এই ক্ষেত্রে আমি মাননীয় মন্ত্রিমহাশয়কে বলব, গণতান্ত্রিক মূল্যবোধ, মানবিক মূল্যবোধের কথা ভেবে পুলিশ যেন গুলি চালানো থেকে বিরত থাকে। আশা করা যায় আপনি এই বিষয়টা দেখবেন। মাননীয় মুখ্যমন্ত্রী তথা স্বরাষ্ট্রমন্ত্রীর কাছে আমি উল্লেখ করতে চাই, দক্ষিণ ২৪ পরগনার কুলতলিতে একটা জঙ্গলের রাজত্ব চলছে, সেখানে মৈপীঠ বৈকুণ্ঠপুরে যে অত্যাচার চলছে তা অবর্ণনীয়। কুলতলীর বিভিন্ন এলাকায়, পুরোনো পাট্টাচাষী যারা দীর্ঘদিন ধরে পাট্টা পেয়ে সেই জমিতে চাষ করছে, তাদের সেই পাট্টা বাতিল না করে, ওই জমিতে নতুন করে আবার পাট্টা দেওয়া হয়েছে। এইভাবে হাজার হাজার পাট্টাপ্রাপ্ত চাষীকে উৎখাত করা হচ্ছে। সেখানে সমস্ত বিলি-বন্টনের রেকর্ডপত্র হাফিস করে দিয়ে নতুনভাবে পাট্টা বিলি করা হচ্ছে। একটা মারাত্মক আক্রমণ চলছে, পাট্টাগুলো নষ্ট করে দেওয়া হচ্ছে। ১৯৮৯ সালে সি. পি. এম. আশ্রিত সমাজবিরোধীদের আক্রমণে আমাদের সাতজন আদিবাসী কৃষক নিহত হয়েছিল। তার মধ্যে চারজনের বডি এখনো পর্যন্ত খুঁজে পাওয়া যায়নি। দশ, বারো বছর ধরে সেখানে অত্যাচার চলছে। যারা আসামী তাদের বিরুদ্ধে কেস রয়েছে, তাদের বিরুদ্ধে চার্জশীট হয়েছে, ওয়ারেন্ট জারি হয়েছে, কিন্তু সেই সমস্ত আসামীরা প্রকাশ্যে ঘুরে বেড়াচ্ছে এবং তারা একটার পর একটা অপরাধ করছে। এই কারণে বহু পরিবার আজকে ঘরছাড়া। একদিকে এই পুরোনো পাট্টাদারদের উৎখাত করে নতুন পাট্টাদারদের বসানো হচ্ছে, চারিদিকে খুন সন্ত্রাস এইসব চলছে।

[5.50—6.00 p.m.]

এটা বন্ধের দাবিতে আমাদের কুলতলি এলাকার ক্ষতিগ্রস্ত মানুষ আলিপুর দক্ষিণ ২৪-পরগনার জেলা শাসকের অফিসের সামনে কাল থেকে অনশন করছে এবং সেই অনশনে আমাদের কুলতলির বিধায়ক প্রবোধ পুরকায়েতও অংশগ্রহণ করেছেন। ২৪ ঘণ্টা হয়ে গেছে, এখনও পর্যন্ত মন্ত্রীর দপ্তর থেকে তাদের কথা শোনা হয়নি। আমি মাননীয় স্বরাষ্ট্রমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি যে, এইভাবে গরিব পাট্টাদারদের রাজনৈতিক কারণে যে ভাবে উচ্ছেদ করা হচ্ছে, এবং ক্ষতিগ্রস্ত যারা অনশন করছে এর প্রতিকার, প্রতিবিধানের দাবিতে, একটা মানসিক দৃষ্টিভঙ্গি থেকে তিনি বিষয়টা দেখবেন। ওই দপ্তরের পক্ষ থেকে এবং ব্যক্তিগত ভাবে নিজে বিষয়টায় হস্তক্ষেপ করে সমস্যার প্রতিকার, প্রতিবিধান যাতে হয় সেটা নিশ্চিত করবেন। আজকে তাঁর বাজেট ভাষণের জবাব যখন দেবেন, তখন এটা বলবেন এটা আশা করি। এই কটি কথা বলে, এই বাজেটের বিরোধিতা করে এবং আমার আনা কাটমোশানকে সমর্থন করে আমার বক্তব্য শেষ করছি।

শ্রী তাপস রায় : মাননীয় অধ্যক্ষ মহাশয়, মাননীয় পুলিশ মন্ত্রী তথা মুখ্যমন্ত্রী ২০০১-০২ সালের যে ব্যয়বরাদ্দের দাবি পেশ করেছেন সম্পূর্ণভাবে তার বিরোধিতা করে এবং আমাদের বিরোধীদের আনা ১৩৮টি কাটমোশানের সমর্থন করে আমার বক্তব্য শুরু করছি।

'মানুষ যত মরে মরুক, রক্তের হোলি খেলা চলুক।
পুলিশের ব্যয়বরাদ্দ সঙ্গে সঙ্গে তার বেড়ে চলুক।।'

মাননীয় মুখ্যমন্ত্রীর ব্যয়বরাদ্দ দেখে তাই মনে হচ্ছে। মুখ্যমন্ত্রী যখন তথ্য-সংস্কৃতি দপ্তরের মন্ত্রী, তখন বলেন এটা সাইবার এজ, কনজিউমার্স সোসাইটি, ভোগবাদী সমাজে অপরাধ বাড়ছে। আর যখন পুলিশমন্ত্রী হিসাবে বিবৃতি দেন, তখন লেখেন অপরাধ কমছে। তাহলে কোনটা ধরব ? আপনি এখানে তুলনা করেছেন উত্তরপ্রদেশ, মধ্যপ্রদেশের সঙ্গে। চম্বলের সঙ্গে তো তুলনা করলেন না ? মধ্যপ্রদেশের অর্ধেকটাই তো চম্বল। এখানে চম্বলও নেই, দস্যুও নেই। উত্তরপ্রদেশের কিছুটা উত্তরাঞ্চল হয়ে গেলেও এখনও বিরাট রাজ্য, তার মধ্যে কয়েকটা পশ্চিমবঙ্গ ঢুকে যাবে। আপনি তুলনা করেছেন মুম্বাইয়ের সঙ্গে। মুম্বাই ফিনান্স ক্যাপিটাল। আপনি মনে করছেন মুম্বাই এখনও ছোট্টই আছে। দিল্লির সঙ্গে তুলনা করেছেন—দিল্লিও এখন অনেক বড়ো হয়ে গেছে। দিল্লি, মুম্বাইয়ের সঙ্গে তুলনা করেছেন কলকাতা শহরের। এটা তো বললেন না, মুম্বাই শহরে একটা থানায় থাকে ৫ জন ইন্সপেক্টর, ৩০০ জন কনস্টেবল, ৩০ জন সাব-ইন্সপেক্টর—দেড় লক্ষ পপুলেশন যেখানে। আর কলকাতায় ৫, ৬, ১০ লক্ষ পপুলেশন হলেও একটা থানায় থাকে দুটো অ্যাডিশনাল, ১০০ থেকে ১১০ জন কনস্টেবল, ৯/১০/১১ জন সাব-ইন্সপেক্টর। আপনি এখানে বলেছেন সংশ্লিষ্ট মন্ত্রীর বক্তব্য জানতে পারেননি, পরিষদীয় মন্ত্রী বলেছেন সেটা শুনেছেন—দ্যাট হ্যাজ বিকাম দা প্রপার্টি অফ দা হাউস। যুব ভারতী ক্রীড়াঙ্গন নিয়ে আজ পর্যন্ত আমরা জানতে পারলাম না। কি রিপোর্ট বেরিয়েছে পশ্চিমবাংলার মানুষ জানতে পারল না। আমি জানি সি. আই. ডি. আপনাকে রিপোর্টটা দিয়েছে। সেই রিপোর্ট বাংলার মানুষকে জানাবেন না ? এখানকার সদস্যদের জানাবেন না ? এই সদনকে জানাবেন না ? সবই গোপনে হবে ? সি. আই. ডি.-র উপর আপনার এত বিশ্বাস বা আত্মবিশ্বাস কেন বলতে পারেন ? আই. বি., সি. আই. ডি. তো প্রতিটি কেসে আপনাকে ডুবিয়েছে। ২১শে জুলাই তরতাজা যে ১৩টি ভাই আমাদের প্রাণ বলিদান করল, সেই কেসের এখনও কোনো কিনারা হয়নি। তাদের জীবন নিয়ে আর যাই করুন উপহাস, পরিহাস করবেন না। ১৯৫৯ সালে, কংগ্রেস আমলে ৩১শে আগস্ট যাদের প্রাণ গিয়েছিল, তাদের নিয়ে আমরা কোনোদিন উপহাস, পরিহাস করিনি। সেটা করলে আমাদের অন্যায় হবে, পাপ হবে। ২১শে জুলাই শহিদদের নিয়ে দয়া করে উপহাস করবেন না। ১৩টি তরতাজা প্রাণ চলে গেল। কলকাতার কালো পিচের রাস্তা লাল হয়ে গেল। ইতিহাস আপনাদের ক্ষমা করবে না। আপনি যদি সুভাষবাবুর যুব আবাসের ক্রীড়াঙ্গনের দৃশ্যের কিনারা না করতে পারেন, আপনি যদি ছোটো আঙারিয়ার ঘটনার কিনারা না করতে পারেন, আপনি যদি বাঘের খোলের ঘটনার কিনারা না করতে পারেন, নানুরের ঘটনার কিনারা না করতে পারেন তাহলে ইতিহাস আপনাকে ক্ষমা করবে না। এরা সবাই বলছে এর জন্য নাকি তৃণমূল কংগ্রেস দায়ী এবং কংগ্রেস দায়ী। '৭১ সালে সি পি আইয়ের রণেন সেন এবং ভূপেশ গুপ্ত একটা বই লিখেছিলেন ৩০ বছর আগে সি পি এমের সম্পর্কে—The Reign of Terror let loose by CPI(M) in West Bengal. আজকে ৩০ বছর পরে কোথায় এনে দাঁড় করিয়েছেন এবং কমিউনিস্ট উইল গো অ্যাওয়ে এবং পুলিশ উইল টেক ওভার। পুলিশকে যেভাবে আপনারা তৈরি করছেন—তাতে স্টেট উইদারড অ্যাওয়ে। তা যে কারণেই হোক, ছোটো আঙারিয়ার ঘটনার জন্যই হোক, কেশপুরের

ঘটনার জন্যই হোক, ইলেকশানের কাজে লাগাতেই হোক এটা করছেন। গৌতমদেববাবু '৯৬ সালের সেপ্টেম্বর মাসে তাঁর পার্টি পত্রিকায় বলেছিলেন আপনাদের উদ্দেশ্যে—'মার্কস বেঁচে থাকলে বলতেন আমি মার্কসবাদী নই।' আজকে এই সমস্ত ক্রিয়াকলাপ দেখলে তিনি ১৮৮৩ সালে মারা গেছেন, তিনি বলতেন না আমি মার্কসিস্ট ছিলাম না। মার্কসের প্রতি অবমাননা, পশ্চিমবঙ্গের মানুষের প্রতি অবমাননা আমাদের প্রতি যে অবমাননা, হ্যাঁ, নিশ্চয় আপনি আই এস আইয়ের ব্যাপারে উদ্বিগ্ন—এটা ঘটনা। আপনি এগুলি পছন্দ করেন না। বাংলাদেশ, নেপাল, ভুটান, আসামের—সুয়েদ নাসের যে গ্রেপ্তার হল, ডিসেম্বর '৯৮ সালে, কলকাতা থেকে তাকে অ্যারেস্ট করা হল কিন্তু সারপ্রাইজিংলি হি ওয়াজ রিলিজড্ উইদাউট এনি কেস। তার অ্যাসোসিয়েট আর একজনকে অ্যারেস্ট করা হল, ভবানীপুর থানায় রাখা হল। তার কি হল ? আই এস আইয়ের এজেন্ট হিসাবে তাদের ধরা হয়েছিল। '৯৯ সালের ৭ই জানুয়ারি তাকে ধরা হয়েছিল। তাদের কি হল ? সেই দুজন বেঁচে আছে কি নেই, আশা করি সেই ব্যাপারে কিছু বলবেন। আর একজন খালাফি, তাকে অ্যারেস্ট করলেন, আমার কাছে খবর আছে যে, মোটা টাকার বিনিময়ে তাকে ছেড়ে দেওয়া হয়েছে। কলকাতার পুলিশের কি হয়েছিল জানেন ? সি পি (এ), সি পি (ও), সি পি (টি), তারপরেও আর একটা বাড়ানোর কথা হয়েছিল। তখন বললেন যে, সি পি (জি) হবে। জি মানে জেনারেল। আমি বললাম না এটা করবেন না। তাহলে গোট হয়ে যাবে। দয়া করে গোট করবেন না। তারপরে জি না করে এ পি করলেন। আর একটা কথা বলি কলকাতা পুলিশের গাড়িতে ক মাঝখানে অ্যারো চিহ্ন দিয়ে পু এটা লেখা থাকে। দূর থেকে দেখলে এটা কাপু বলে মনে হয়। মানে কাপুরুষ। তাই স্যার বলছি কাপুরুষই হোক, বীরপুরুষ হোক, আপনারা বড়ো করে কলকাতা পুলিশ লিখুন। অথবা এই অ্যারোর জায়গায় হাইফেন দিন। ধানখেত থেকে আর কত কঙ্কাল বের করে দাঁত দেখে বার করবেন। পুকুর থেকে আর কত মৃতদেহ বেরোবে। আমি সুকান্ত ভট্টাচার্যের সিঁড়ি কবিতা থেকে একটা লাইন তুলে ধরছি—

'তবু আমি জানি, চিরকাল আর পৃথিবীর কাছে চাপা থাকবে না,
আমাদের দেহে তোমাদের এই আঘাত
আর সম্রাট হুমায়ুনের মত, একদিন তোমাদেরও হতে পারে পদস্খলন।'

[6.00—6.10 p.m.]

এটা মনে রাখবেন। এত ঔদ্ধত্য ভালো নয়। শৈলেন দাশগুপ্ত বলে গেছেন একজন দুর্নীতিগ্রস্ত দাম্ভিক প্রকৃতির মানুষের জন্য, তাদের কাজকর্মের জন্য মানুষের কাছে বড়ো হয়ে দেখা দিচ্ছে। কিছু কিছু ক্ষেত্রে সমাজবিরোধী ব্যক্তিদের সঙ্গেও যোগাযোগ বা প্রশ্রয় দেওয়ার অভিযোগ আছে। এর জন্য এই মুষ্টিমেয়দের জন্য পার্টির ভাবমূর্তি ক্ষতি হচ্ছে। শৈলেন দাশগুপ্তের বক্তব্য ১৮ই সেপ্টেম্বর রাজ্য সদর দপ্তরের বর্ধিত সভায়। আবার সুভাষবাবুর প্রসঙ্গে তাঁরই জেলায় জেলা কমিটির সম্পাদকমণ্ডলীর সদস্য বড়দা অমিতাভ বসু—তিনি কি বলছেন—কামারহাটিতে ২৪ থেকে ২৬শে ডিসেম্বর ১৯৯৭—বড়দা বলছেন ছোড়দাকে—অর্থনৈতিক সাধ্যের মাধ্যমে পুলিশ প্রশাসনকে ব্যবহার করে, গোষ্ঠীদ্বন্দ্ব বজায় রাখা,

উপদলীয় মানসিকতার দ্বারা পরিচালিত হয়ে প্রোমোটার, ইঁটখোলা, ভেড়ির মালিক, জমির মালিক, এদের সঙ্গে যুক্ত হয়ে একজন নেতার হঠাৎ নবাব হওয়ার বাসনা জেগেছে। তারা তাদের গোষ্ঠী তৈরি করার কাজে অবৈধ অর্থ সংগ্রহের জন্য এগুলি ব্যবহার করে, মস্তান ব্যবহার করে এবং ঘনিষ্ঠ সম্পর্ক গড়ে তোলে এবং সমাজবিরোধীদের প্রশ্রয় দেন। আজকে আপনাকে বলতে হবে মাননীয় মুখ্যমন্ত্রী। এই কথা মাননীয় অর্থমন্ত্রী আপনাকেও বলতে হবে। আমরা আপনাকে সমর্থন করব। আপনার দলকে সমাজবিরোধী মুক্ত করার ক্ষেত্রে আপনাকেই দায়িত্ব নিতে হবে। পশ্চিমবঙ্গে আর পুলিশ খাতে ব্যয়বরাদ্দ বাড়াতে হবে না। পুলিশকে কমালেও চলবে। বেশি পুলিশ বা বেশি ব্যয়বরাদ্দ তার প্রয়োজন হবে না। এবার আমি আসছি বাংলার পুলিশে। কসবা থানায় কৌস্তভের বাড়িতে আপনি গিয়েছিলেন। পূর্ব যাদবপুর কসবা এবং তিলজলায় তার কিছুদিন আগে যে ৮টা ডাকাতি কেস তার কিনারা হয়েছে ? আপনি জানেন যে, ৩০২, আপনি বলছেন যে, খুন, ডাকাতি কমছে। খুনের কেস তো হয় না। ৩০২-এর জায়গায় ৩০৮ দেওয়া হয়। Culpable homicide not amounting to murder. আপনি জানেন সেটা, জিজ্ঞাসা করবেন আপনার অফিসারদের। ডাকাতি কেস রাবারি করে দেখানো হয়। ৫ জনের কম ৩ বা ৪ জন থাকলে সেটা ডাকাতি হয় না। ডাকাতি হয় ৫ বা ৫-এর ঊর্ধ্ব হলে। আপনার কলকাতায় ৪২টি থানা। পশ্চিমবঙ্গে ৪৪০টা থানা। প্রতিটি থানায় যদি খুন দেখানো কম হয়, ডাকাতি দেখানো কম হয় তাহলে কি হবে। আজকে হিন্দমোটরে সিটুর নেতা খুন হয়েছে। ৪ বছর ধরে সি. আই. ডি.-র হাতে কেস। বুদ্ধদেববাবু যে সি. আই. ডি.-র প্রতি এত আস্থা, ৪ বছর হয়ে গেল, সিটুর নেতার খুনের কিনারা আজ পর্যন্ত কেন হল না ? গড়বেতায় এ আর ৫৬ রাইফেল পাওয়া গেল। চেকোশ্লোভাকিয়া মেড। সাড়ে ৭ লক্ষ টাকা যার মূল্য। অ্যারেস্ট হল না কেন ? অনুসন্ধান হল না কেন ? কেন এনেছিল ? কারা দায়ী ? নানুরে ১৩টা খুন হল। কেশপুরে ১১ জন খুন হল। তাদের জীবন্ত হাজির করুন। তাদের মৃতদেহ হাজির করুন। তাদের কঙ্কাল হাজির করুন। গাইঘাটা এবং হাবড়ায় যে ডাকাতিগুলি হয়েছে, তার কোনো কিনারা হয়েছে কিনা আপনি জানাবেন। বেলপাহাড়ি পুলিশ ড্যাম থেকে যে ৪টি রাইফেল ছিনতাই হয়েছিল, তার কি হল ? সি. আই. ডি. যে ফেলিওর হয়েছে, সেটা আপনি সবসময়ই জানেন। গুরুপদ বাগচীর কেসই হোক, ভিখারি পাশোয়ানের কেসই হোক, ছোটো আঙারিয়ার ক্ষেত্রেই হোক, আসানসোল, দুর্গাপুর বেল্ট-এ যে ব্যবসায়ী নিখোঁজ হয়েছে তাদের একজনকে আপনি ফিরিয়ে দিতে পেরেছেন কি ? এন. জে. পি. স্টেশানে যে বিস্ফোরণ হয়েছে, তার তদন্তের রিপোর্ট কি হল ? সুশান্ত ঘোষের পার্টি অফিসে বিস্ফোরণ তার তদন্তের কি হল ? আপনি বলুন পি. ডবলু. জি.-র একজনকে ধরেছেন ? প্রথমে ব্যবহার করেছে। পরে ফেরত চলে গেছে। পি. ডবলু জি. যে রাইফেলগুলি দিয়ে গেছে, সেগুলি কেন পুলিশের কাস্টোডিতে নেই ? বেনেপুকুর থানায় বেকনি বেকারিতে যে ডাকাতি হয়েছিল, তার কি আজ পর্যন্ত ঠিক করেছেন ? আজ পর্যন্ত সেই ডাকাতির কিনারা হয়নি এবং হবেও না। ডি. সি. ডি. ডি. নিজে বলেছেন মান নেমে গেছে, তাই কিনারা হচ্ছে না। নারকেল ডাঙ্গা থানায় এক বছর আগে কো-অপারেটিভে বৃদ্ধ-বৃদ্ধা খুন হয়েছে। আজ পর্যন্ত সেই খুনের কিনারা হয়নি। সি. আই. টি.

রোডে সূর্য চক্রবর্তী তিনমাস আগে, সে ডাক্তার তার চেম্বারে খুন হয়েছে। অনিল বিশ্বাস গিয়েছিলেন। সান্ত্বনা দিয়ে এসেছিলেন। আজ পর্যন্ত সূর্য চক্রবর্তীর কেন খুনের কিনারা হল না ? জোড়াসাঁকো পি. এস.-এ ৫ জন নিখোঁজ হয়েছিল ৩ মাস আগে। ৪ জনকে ধরে এনেছিলেন। আজকে জোড়াসাঁকো পি. এস.-এ ৫ জন নিখোঁজ হয়েছিল, আজ থেকে ৩ মাস আগে ৪ জনকে ধরে এনেছিল, কিন্তু খেমকার কি হলো ? আজ পর্যন্ত তাঁকে পাওয়া যাচ্ছে না উধাও। তাঁর স্ত্রী, পুত্র প্রতিদিন লালবাজার ঘুরে যাচ্ছেন, তাঁর পরিবারের হাতে তাঁকে তুলে দিতে পারেননি। ডায়রেক্টর জিওলজিক্যাল সার্ভে অফ ইন্ডিয়া—সি. আই. ডি. কি করলো ? সি. বি. আই. কোর্টে গিয়ে তাঁর স্ত্রী আবেদন করেন তাঁকে পাওয়া যাচ্ছে না। তার পর লক্ষ্মীনারায়ণ ডাটি, মহেশ শর্মা, আগরওয়াল, মহেশ গুপ্ত এই সব ট্রেডারের কথা আর কত বলবো ? ইন্ডাস্ট্রিয়ালিস্টরা চলে গেছে, এবার ট্রেডাররাও চলে যাবে। সারা কলকাতা জুড়েই চলছে, তালতলা থানায় ৮ মাসের বাচ্চাকে পাওয়া যাচ্ছে না। আজকে তাই আপনি যে ব্যয়-বরাদ্দ চেয়েছেন তার বিরোধিতা করা ছাড়া আর কোনো পথ পাচ্ছি না। আজকে প্রশ্ন হচ্ছে দাঙ্গা হলে, দুর্ভিক্ষ হলে, খরা হলে, বন্যা হলে পালিয়ে যায় মানুষ, কিন্তু মাননীয় মুখ্যমন্ত্রী পুলিশমন্ত্রী আপনি বলুন কেন আজকে মেদিনীপুর, হুগলি, আরামবাগ, বাঁকুড়ার লোক কেন কলকাতায় থাকবে। কেন মেদিনীপুরের টাউনে থাকবে ? সমাজবিদ্যা এবং রাষ্ট্রবিদ্যা শিক্ষায় আমাকে শিখিয়েছে যে আজকে দুর্ভিক্ষ, বন্যা, খরা হয়নি অথচ কেন মানুষকে তার নিজের জায়গা ছেড়ে চলে যেতে হবে। তাই স্যার, আমি আরেকটা কবি সুকান্তের কবিতা শুনিয়ে আমার বক্তব্য শেষ করবো, এটা 'বোধন' থেকে বলছি—পৃথিবী উদাস শোন হে দুনিয়াদার, সামনে দাঁড়িয়ে মৃত্যু কালো পাহাড় দগ্ধ হৃদয়ে যদিও ফেরাও ঘরে, সামনে পিছনে কোথাও পাবে না পাড়, কি করে খুলবে মৃত্যু ঠেকানো দুয়ার। এই মুহূর্তে জবাব দেবে কি তার বুদ্ধদেববাবু, এই বলে ব্যয়বরাদ্দের বিরোধিতা করে এবং ১৩৮টা কাটমোশানের সমর্থন করে আমার বক্তব্য শেষ করছি।

শ্রী সৌগত রায় : স্যার, আমার আগে আমার তরুণ বন্ধু তাপস রায় অননুকরণীয়ভাবে পুলিশ বিভাগের যে ভুল-ত্রুটি-বিচ্যুতি তা তুলে ধরেছেন, মুখ্যমন্ত্রী আগে শেষ বক্তা হিসাবে আমি যখন বলবো তাতে স্বাভাবিক আমাদের দলের পক্ষ থেকে পুলিশ বাজেটের বিরোধিতা করে এবং পুলিশ বিভাগের ত্রুটি-বিচ্যুতি তুলে ধরবো কিন্তু কোথাও কোথাও তার পুনরাবৃত্তি হবে। তা সত্ত্বেও আমি প্রথমে মুখ্যমন্ত্রীকে বলতে চাই তিনি এ বছর ১ হাজার ৯ কোটি টাকার বাজেট করেছেন। এর মধ্যে মোট পরিকল্পনা খাতে ব্যয়-বরাদ্দ কত যদি দেখা যায়, তাহলে দেখবেন ১ হাজার ৯ কোটি টাকার যেখানে বাজেট সেখানে পরিকল্পনা খাতে মাত্র ৩৯ কোটি ৭৪ লক্ষ টাকা। তার মানে রাফলি ৪ পারসেন্ট পরিকল্পনা খাতে ব্যয় হবে। যেখানে আজকে পুলিশ বাহিনীর আধুনিকীকরণ দরকার, যেখানে ভিড় নিয়ন্ত্রণে বা ক্রাউড কন্ট্রোলে আধুনিক ব্যবস্থা ওয়াটার হোস, স্টান গ্রেনেড, রাবার বুলেট দরকার, সেখানে সব টাকাটাই খরচ হয়ে যাচ্ছে পুলিশের মাহিনা, টি. এ., ডি. এ. এবং রেশন দিতে। স্বাভাবিকভাবেই কেন্দ্রীয় সরকার একটা পরিকল্পনা দিয়েছে ফর মর্ডানাইজেশান অফ পুলিশ ফোর্স, তার অর্ধেক টাকাও কেন্দ্রীয় সরকার দিচ্ছে। তা সত্ত্বেও পরিকল্পনা খাতে

আধুনিকীকরণের জন্য ৪ পারসেন্টের বেশি এগোচ্ছে না। এটা মুখ্যমন্ত্রীর মনে রাখা দরকার তার ফলে মুখ্যমন্ত্রী যেটা বহন করছেন সেটা উত্তরাধিকার সূত্রে, তাকে একটা উন্নত ফোর্সে উন্নত করার কোনো উদ্যোগ নেওয়া হচ্ছে না। সারা পৃথিবীর অপরাধীদের বিরুদ্ধে লড়ছে বিজ্ঞানের উপর নির্ভরশীল হয়ে। কমপিউটারে ইন্টারপোলে পৃথিবীর যে কোনো প্রান্তে যে কোনো দেশে অপরাধীর হাতের ইন্টারনেটের সাহায্যে পাঠিয়ে দিতে পারছে। আজকে যে কোনো জায়গায় অপরাধীদের রেকর্ডিং ইন্টারনেটে এক জায়গায় একটা কানেকশানের মধ্যে পেয়ে যাচ্ছে, সেখানে আমাদের পুলিশবাহিনী প্রাচীন যুগে বাস করছে। আজকে কলকাতা পুলিশের সমস্ত থানাগুলি অপটিক্যাল ফাইবার দ্বারা কানেকটেড নয়, পশ্চিমবঙ্গ তো দূরের কথা। আমরা প্রাচীন যুগে রয়েছি। যেখানে পৃথিবী দ্রুত এগোচ্ছে সামনের দিকে, আজকে সবচেয়ে বড়ো সমস্যা হচ্ছে বিস্ফোরণ। এই বিস্ফোরক কে কি করে ডিফিউজ করা যায় তার জন্য আধুনিক ব্যবস্থা বের করছে। কি করে প্লাস্টিক এক্সপ্লোসিভ ডিটেক্ট করা যায় তার জন্য আধুনিক ব্যবস্থা হচ্ছে। কিন্তু আমাদের পুলিশে এই ধরনের কিছুই নেই।

[6.10—6.20 p.m.]

আমাদের পুলিশের এইসব নেই। আমাদের একটা বড়ো সমস্যা হচ্ছে মারামারি, গণ্ডগোল, রায়ট। সারা পৃথিবীতে নতুন অনেক রায়ট ভিকেল, আধুনিক রায়ট ভিকেল বের হচ্ছে। আজকাল আমেরিকাতে বড়ো বড়ো ক্রাউড কন্ট্রোল করা হয় হেলিকপ্টার থেকে। কিন্তু আমাদের এখানে বজ্র ছাড়া আর কোনো রায়ট ভিকেল নেই। এর ফলে পুলিশ তার প্রয়োজনীয় দায়িত্ব পালন করতে পারছে না। একথা মাননীয় বুদ্ধদেববাবু নিশ্চয় স্বীকার করবেন যে আমাদের পুলিশ অপেক্ষাকৃত ভাগ্যবান কারণ তাদের অন্যান্য রাজ্যের মতো যে এনডোমিক প্রবলেম আছে তা আমাদের এখানে নেই। এখানকার মানুষ শান্ত। অন্ধ্র, বিহারের মতো হিংস্র পিপলস ওয়ার গ্রুপের মোকাবিলা তাদের করতে হয় না। শুধু গড়বেতার আশপাশে একটু ঘুরছে তাতেই তারা কুপোকাৎ, হিমশিম খাচ্ছেন। আমাদের পুলিশকে বীরাপ্পনের মতো চন্দন দস্যুর মোকাবিলা করতে হয় না। আমাদের পুলিশকে মুম্বাইয়ের আন্তর্জাতিক যোগসম্পন্ন স্মাগলার দাউদ ইব্রাহিমের ডি. কোম্পানিকে হ্যান্ডেল করতে হয় না। আমাদের পুলিশকে কাশ্মীরের পুলিশের মতো সন্ত্রাসবাদীদের মোকাবিলা করতে হয় না। তবে এটাও ঠিক যে পুলিশে সমস্যা আছে। বড়ো সমস্যা হচ্ছে আমাদের রাজ্যের সঙ্গে বাংলাদেশের একটা বিরাট সীমান্ত রয়েছে এবং সেখান দিয়ে চোরাচালান, গরু পাচার হচ্ছে। আরেকটা হচ্ছে, নেপালের সীমান্তেও সমস্যা রয়েছে। এবং এই নেপাল সীমান্ত দিয়ে আমাদের এখানে আই. এস. আই. ঢুকে পড়ছে। তাই আমি মাননীয় বুদ্ধদেববাবুকে বলতে চাই যে, আগামী পাঁচ বছর আমাদের উত্তরবঙ্গের দিকে দৃষ্টিটাকে ফোকাস করতে হবে। আজকে পশ্চিমবাংলায় যারা বিচ্ছিন্নতাবাদ সৃষ্টি করতে চাইছে,—বোরো, উলফা বা অন্যরা নয়, উত্তরবঙ্গের শিলিগুড়ির কাছে যে চিকেন নেক আছে সেখান দিয়ে আই. এস. আই. ঢুকছে। সেই দিকে লক্ষ্য রেখে উত্তরবঙ্গকে সারা বাংলার সঙ্গে যুক্ত করার ক্ষেত্রে কি ব্যবস্থা করেছেন? এ ব্যাপারে কামতাপুর অত্যন্ত ছোটো আন্দোলন। আপনারা শুধু রাজনৈতিক

ফয়দা তোলার জন্য এটাকে বড়ো করে দেখানোর চেষ্টা করছেন। উলফার তুলনায় কে. এল. ও. অত্যন্ত ছোটো সংগঠন। তাই আমার দাবি উত্তরবঙ্গে এ. ডি. জি. পদমর্যাদার একজন অফিসারকে দায়িত্ব দেওয়া হোক। আলাদা পুলিশ হেড কোয়ার্টার বসাতে হবে। সি. আই. ডি., আই. বি., এস. পি. এখান থেকে নয়, উত্তরবঙ্গের জন্য আলাদা করে করতে হবে। তার কারণ আমি আজকে বলে গেলাম, উত্তরবঙ্গ আগামীদিনে ফোকাস হবে। কিন্তু বুদ্ধদেববাবুর বাহিনী আধুনিক তো হয়নি আবার অন্যদিকে সমস্যা হচ্ছে পুলিশ প্রশাসন চলে থানান্তরে এবং আই. পি. সি. দেখলে দেখা যাবে, ইন্ডিয়ান পেনাল কোড রেকগনাইজড ওনলি সাব-ইন্সপেক্টর, ইন্সপেক্টর, ও. সি. অফ দি পুলিশ স্টেশন। আই. জি., ডি. জি.-র দরকার আছে কিন্তু তাদের উল্লেখ নেই। আমাদের পশ্চিমবাংলায় ফোর্সের সংখ্যা কত ? ৫৫,৫৪৩। কলকাতা পুলিশে ২৪,৫৪৫ জন এবং পশ্চিমবঙ্গ পুলিশে ৪,৯৩৫ জন অর্থাৎ ৫ হাজারের কাছাকাছি ইন্সপেক্টর আছে। এবং থানার দায়িত্বে আছেন ১৮০০ কর্মী। কিন্তু যেটা মূল পয়েন্ট অফ রিক্রুটমেন্ট, কনস্টেবল তো উপরের নেতৃত্বে চলে, আপনারা সাব-ইন্সপেক্টর, ইন্সপেক্টরের রিক্রুটমেন্টের ক্ষেত্রে এতটা বায়াসড যে ডি. জি.-র অফিস থেকে সমস্ত রিক্রুটমেন্ট করা হয় এবং সেখানে আলিমুদ্দিন স্ট্রিট না কোথা থেকে লিস্ট চলে যায়। ফলে আজকে ফেয়ার রিক্রুটমেন্ট হচ্ছে না। কেন এদের পাবলিক সার্ভিস কমিশনের মাধ্যমে নেওয়া হবে না ? কেন ডি. জি.-র অফিসের মাধ্যমে এদের রিক্রুট করা হবে ? ডি. জি. অফিসের মাধ্যমে আজকে লোক নিয়োগের জন্য ভালো কোয়ালিটির লোক পুলিশে নিয়োগ সম্ভব হচ্ছে না। কিন্তু যদি পি. এস. সি.-র মাধ্যমে এ ক্ষেত্রে লোক নিয়োগ করা হয় তাহলে পুলিশে ভালো ভালো ছেলেরা আসবে বলে আমি মনে করি। স্যার, আমি একবার পুলিশ ট্রেনিং কলেজে গিয়েছিলাম। তাদের ট্রেনিংয়ের প্রসেসটা এখনও প্রাচীন এবং প্রাগৈতিহাসিক রয়ে গেছে। সব কন্ট্রোলের ক্ষেত্রে আধুনিক যে টেকনিক, বিজ্ঞানসম্মত উপায়, ইলেকট্রনিক মাইক্রোস্কোপ, ইলেকট্রনিক ফটোমিটার, স্পেকটোমিটার, ব্যবহার হচ্ছে সেখানে আমাদের এখানে সাব-ইন্সপেক্টর লেভেলের অফিসারদের ট্রেনিংয়ে কোনো উন্নত মানের যন্ত্রপাতি ব্যবহার হচ্ছে না এবং তার ফলে এফিসিয়েন্ট অফিসার টার্ন-আউট করছে না। তার ফলে আপনার প্রধান দুর্বলতাটা সেখানে থেকে গিয়েছে। পুলিশবাহিনীর ৪টি গুণের কথা আমরা বলি যেটা দরকার। কি দরকার ? লয়েলটি, হিউম্যানিটি, অনেস্টি, এফিসিয়েন্সি। অনেকে বলেন আমাদের পশ্চিমবঙ্গের পুলিশের মধ্যে দুটি গ্রুপ আছে। একদল বলেন এফিসিয়েন্সি থাকলেই ভালো, অনেস্টির প্রয়োজন নেই। আবার একদল বলে অনেস্টিটাই জরুরি, এফিসিয়েন্সি একটু কম থাকলেও চলবে। এখন বুদ্ধদেববাবু কি চাইছেন ? বুদ্ধদেববাবু চাইছেন লয়েলটি—লয়েলটি টু দি রুলিং পার্টি। সেখানে অনেস্টি, এফিসিয়েন্সি, হিউম্যানিটি স্যাকরিফাইজড হয়েছে। এখানে ভুল প্রসেসে রিক্রুটমেন্ট হচ্ছে। আপনারা রিক্রুটেড অফিসারদের কাছে পার্টির প্রতি লয়েলটি চাইছেন। তার ফলে এই যে চুরি, ডাকাতি হচ্ছে সেখানে পুলিশ দোষীদের ধরতে পারছে না। এই যে পুলিশ ঘুষ নিচ্ছে আপনি তাদের ধরতে পারছেন না। আপনার প্রতি লয়েল থাকলে, আপনার পলিটিক্যাল পারপাস সার্ভ করলে দোষ করলেও আপনি তাদের বিরুদ্ধে ব্যবস্থা নিচ্ছেন না। এই যে মেদিনীপুরে যে ঘটনা ঘটল—

কী ম্যাজিক, কেশপুরে এক বছর আগে ১৮ হাজার ভোটে ডাউন, আর এক বছর পরে নন্দী সেখানে ১ লক্ষ ৮ হাজার ভোটে জিতলেন। এর ম্যাজিকটা কি ? এর ম্যাজিকটা হচ্ছে, আসল ভোটারদের সব তাড়িয়ে দেওয়া হল আর সি. পি. এমের লোকরা বিহার থেকে লরি, ম্যাটাডোর, গাড়ি করে, মোটর সাইকেল করে ক্রিমিনালদের সব নিয়ে এল এবং সেই ক্রিমিনালরা এক একটা এলাকা ফ্রি করে দিল এবং ভোট হল। পুলিশ সেখানে অন্যদিকে তাকিয়ে বসে থাকলো। সেই একই প্রসেস পিংলাতে রিপিটেড হয়েছে। সেই একই ভাবে লরি, গাড়ি, ম্যাটাডোরে করে বিহার থেকে অস্ত্রশস্ত্র সহ গুণ্ডাদের নিয়ে আসা হল এবং মেরে সব ভোটারদের তাড়িয়ে দিল এবং ভোট হল। বুদ্ধদেববাবু বলছেন এখন শান্তির জন্য মিটিং ডাকবো না, আগে এলাকাটা পরিষ্কার হয়ে যাক। এলাকাটি পরিষ্কার হয়ে গিয়েছে কিন্তু সেখানে লয়েলটির মূল্য দিতে হয়েছে। হিউম্যান রাইটস কমিশন থেকে অভিযুক্ত ওই গৌরব দত্তকে প্রাইম পোস্টিং দিতে হয়েছে। সেখানে তাকে স্পেশ্যাল ব্রাঞ্চের ডি. সি. করে নিয়ে আসা হয়েছে শুধু মেদিনীপুরে সি. পি. এম.-এর হয়ে রাজনৈতিক কাজ করেছে বলে। একটা লোক যে হিউম্যান রাইটস কমিশনের দ্বারা অভিযুক্ত একটা লরির ড্রাইভারকে ধরে পিটিয়ে প্রায় মেরে দিয়েছিল বলে তাকে আপনি রিজারভেন্স করেছেন আপনার পলিটিক্যাল পারপাস সার্ভ করেছে বলে। এর ফলে স্বভাবতই পুলিশের অনেস্টি এবং এফিসিয়েন্সি সাফার করছে। বাজপেয়ী সাহেব ডি. জি. হলেন ৩ জন/৪ জনকে টপকে। এর জন্য মানস চক্রবর্তী মামলা করেছেন আমি আর এখন তার মধ্যে যেতে চাই না। আমার মনে আছে '৯৩ সালের ২১শে জুলাইয়ের কথা। গতকালও শৈলেন দাশগুপ্তের স্মরণ সভায় জ্যোতিবাবু আবার সেই একই অসত্য কথা বলেছেন যে যুব কংগ্রেসের কর্মীরা সেদিন রাইটার্স বিল্ডিং দখল করতে এসেছিল। এ নিয়ে বিধানসভায় আমি আগেও বলেছি যে একটা পুলিশ কর্মীর গায়েও বোমা বা গুলি লাগেনি অথচ সেখানে আমাদের ১৩টা ছেলে মারা গেল, দুশো ছেলে গুলির আঘাত নিয়ে সরকারি হাসপাতালে ভর্তি হল। এখনও সেই একই অসত্য কথাটা জ্যোতিবাবু বলে চলেছেন। আমি বলব, এ করে শহিদদের ছোটো করা যাবে না। আমরা ২১শে জুলাই আবার র‍্যালি করব এবং জ্যোতিবাবুর এ অসত্য ভাষণ পরিবর্তন করব। আমি বেঁচে থাকব কিনা জানি না কিন্তু যদি কোনোদিন চাকা ঘোরে মনে রাখবেন কোনো মার্ডারই তামাদি হয়ে যায় না। জ্যোতিবাবু সেদিন যেখানেই থাকুন আমরা তাকে কাঠগোড়ায় দাঁড় করাব। আর আপনারা তো এসবে এক্সপার্ট। আপনারাও তো স্টালিনকে কবর থেকে তুলে এনে তার বিচার করেছিলেন। সেই রকমভাবে জ্যোতিবাবুও যেখানে থাকুন আমরা তার বিচার করাব ২১শে জুলাইয়ের ঘটনার জন্য। ২১শে জুলাই, '৯৩. সালের কথা আমরা ভুলিনি, ভুলব না, এ শহিদদের কথা আমরা ভুলব না—জ্যোতিবাবুর এই অসত্য কথার সামনে দাঁড়িয়ে আমি এই কথাটা পরিষ্কার করে বলে দিতে চাই।

(গোলমাল)

বুদ্ধদেববাবু, আপনি আত্মপ্রসাদ লাভ করছেন এখানে ক্রাইম কম বলে দেখিয়ে। আমি লেটেস্ট ক্রাইম ইন ইন্ডিয়ার স্ট্যাটিসটিকটা পাচ্ছি না কিন্তু স্ট্যাটিসটিক্যালি অ্যাবস্ট্রাক্ট যেটা

পেলাম '৯৯ সালের তাতে উনি বলছেন খুন নাকি এখানে খুব কম। ৪টি প্রদেশের কথা উনি খুব বুদ্ধি করে এখানে দেখিয়েছেন। এখানে দেখা যাচ্ছে '৯৭ সালে খুন হচ্ছে পশ্চিমবঙ্গে ১৭০০। নীচে দিল্লীসহ ১৯টি রাজ্য আর উপরে মাত্র ৬টি রাজ্য। তার মানে খুনে আমরা ৭ম। ডাকাতি পশ্চিমবঙ্গে—৪০৯। আমরা ৭ম। দাঙ্গা ৫ হাজার ৮৯। আমরা এ ক্ষেত্রে ৮ম। মোট অপরাধে আমরা ১১তম। তাহলে এ নিয়ে এত গর্ব করার কি আছে ? মধ্যপ্রদেশ পশ্চিমবঙ্গের ৫ গুণ এরিয়া নিয়ে, উত্তরপ্রদেশ ৪ গুণ এরিয়া নিয়ে। তাদের সঙ্গে আপনারটা কি কমপেয়ারেবল ? এই যে একটা কমপ্লাসেন্সি যে অন্য রাজ্যের চেয়ে আমরা ভাল এটা ওরা বারবার বলার চেষ্টা করেন। স্যার, আর একটা কথা বলছি।

[6.20—6.30 p.m.]

আমি আর একটি কথা বলছি যে, এখানে হিউম্যান রাইট ভায়লেশন ঘটছে। আবার বাপী কর্মকার বলে একটি ছেলে ১২.১.২০০০ তারিখে ট্যাংরা থানায় মারা গিয়েছে। বাপীর পরিবার, তারা দুই অভিযুক্ত অফিসার সুবর্ণ দত্তচৌধুরী এবং রামেশ্বর মিশ্রের বিরুদ্ধে মামলা দাখিল করেছেন। এখন পর্যন্ত শাস্তি হয়নি। নির্বাচনের দিন বেলেঘাটায় তোপী রাজ বলে একটি ছেলে, তৃণমূল কংগ্রেস কর্মী, তাকে পুলিশ লাঠিপেটা করে তাড়া করে জলে চুবিয়ে মেরেছে। এখন পর্যন্ত শাস্তি হয়নি। নির্বাচনের পরে বুদ্ধদেববাবু আমার প্রশ্নের উত্তরে বলেছিলেন, ভুল হয়েছে। অন্তত ১০ জন তৃণমূল কর্মী, তাজা টাটকা ছেলে খুন হয়েছে। আমরা বারবার বলেছিলাম, কয়েক হাজার তৃণমূল কংগ্রেসের ছেলে বাইরে আছে, আপনি ফেরাবার ব্যবস্থা করুন। বুদ্ধদেববাবু না আগে, না পরে, একটা সর্বদলীয় সভাও ডাকেননি। কি করে পশ্চিমবঙ্গে শান্তি আনা যায় না ভেবে উনি এখনো সেই আলিমুদ্দিন স্ট্রিটের দ্বারা নিয়ন্ত্রিত সেই মুখ্যমন্ত্রীই রয়ে গেছেন। আসলে আমার বক্তব্য, বুদ্ধদেববাবু কোনটা চান জানি না ; এখনো [illegible]ফরকে ধরা যায়নি, সুভাষ চক্রবর্তীর রাইট হ্যান্ড পলাশ সল্টলেক থেকে পালিয়ে গেল, ধরা যায়নি ; মনীষা মুখার্জী, আপনারা জানেন, আপনাদের পার্টির এত বড়ো বড়ো নেতাদের সঙ্গে যার দহরম-মহরম, সে কোথায় চলে গেল, আজ পর্যন্ত তাকে পাওয়া গেল না। আপনার সি. আই. ডি. কোন মার্ডারটা ধরতে পেরেছে ? আমি তো অনেক কয়টি কেস বলতে পারি—অক্সিটাউনের হত্যাকাণ্ড, বেলেঘাটার ক্ষিতী চৌধুরীর খুন, মেদিনীপুরে সুজাতা দাসের ঘটনা, মেদিনীপুরের ছোটো আঙারিয়ার মার্ডার, কোনো ঘটনার সমাধান আপনার সি. আই. ডি. করতে পারেনি। তাই এই পুলিশকে আমরা কি করে সমর্থন করব যে পুলিশ অত্যাচারী, যে পুলিশ পক্ষপাতদুষ্ট, যে পুলিশ বাংলার সাধারণ মানুষকে নিরাপত্তা দেয় না, যে পুলিশের আমলে তোলাবাজরা বাংলায় অত্যাচার করছে ? তাই বুদ্ধদেববাবুর কাছে আবেদন, কলকাতার প্রত্যন্তে ৫টি থানা—বেহালা, ঠাকুরপুকুর, রিজেন্ট পার্ক, যাদবপুর এবং কসবা, ওখানে ক্রাইম বেড়ে যাচ্ছে। এই থানাগুলি পশ্চিমবঙ্গ পুলিশের হাতে রাখবার কোনো জাস্টিফিকেশন নেই। আমি ওইরকম একটা এলাকাতে প্রতিনিধিত্ব করি। আমি আপনার কাছে দাবি করছি, ওই থানাগুলি কলকাতা পুলিশে নিয়ে আসুন। এই বলে পুলিশ বাজেটের বিরোধিতা করে কাটমোশনকে সমর্থন করে শেষ করছি।

শ্রী বুদ্ধদেব ভট্টাচার্য : মাননীয় অধ্যক্ষ মহাশয়, পুলিশ বিভাগের ২১ নং দাবির সপক্ষে আমার যে দাবির প্রস্তাব সেই প্রস্তাবের বিরুদ্ধে যে কাটমোশন সেগুলোকে আমি ধরছি না। আলোচনা এখন শেষ হয়েছে। আমি যতক্ষণ এখানে ছিলাম, বক্তব্য শুনেছি ; যখন ছিলাম না তখন সমস্ত বক্তব্য আমি ঘরে বসে শুনেছি, অন্য কাজের মধ্যেও শুনেছি। এখানে কয়েকটি কথা যা বলা হয়েছে তার উত্তর আমি দেব।

প্রধানত পুলিশ বাজেটে কয়েক বছর ধরে তুলনাক্রমে টাকা স্বাভাবিকভাবে বেড়েছে। এটা বাড়তে বাধ্য, কারণ জিনিসপত্রের দাম বেড়েছে এবং টাকার দাম কমেছে। সেজন্য আনুপাতিক হারে সেটা বেড়েছে। একসঙ্গে বিরোধী পক্ষ থেকে এবং আমাদের পক্ষ থেকে বলেছেন, পরিকাঠামো যা প্রয়োজন তার তুলনায় আমরা অনেক পিছিয়ে রয়েছি ; বিশেষ করে থানাগুলির যা চাহিদা, সে ক্ষেত্রে যে শক্তি নিয়ে চলছে সেটার পরিবর্তন দরকার। সেখানে গাড়ি দরকার। বিরোধীপক্ষ বলছিলেন, থানাগুলিতে একটি করে গাড়ি দিন অন্তত। আমি জানি, কোনো থানার ২টি গাড়ির একটি খারাপ। সে তুলনায় কিন্তু বাজেট বাড়েনি। যুক্তি হচ্ছে, একটু ভারসাম্য রেখে যথাসম্ভব পুলিশ বাজেটের খানিকটা বাড়ানো। সদস্যরা আশঙ্কা প্রকাশ করেছেন, কিন্তু অনুযোগ দিতে পারেননি, ওই জাতীয় সড়কে যা অপরাধ হচ্ছে, রেলে যেসব অপরাধ হচ্ছে সেসব সম্পর্কে। আমি বলছি, ১৭টি ট্রেনে মোবাইল পুলিশ স্টেশন রয়েছে। এখনো সব ট্রেনে সেটা দিতে পারিনি। রেল জাতীয় সড়ক, আরো জায়গা আছে, সব ক্ষেত্রেই থানা দরকার। সৌগতবাবু সঠিকভাবেই বলেছেন, মোট বাজেটের শতকরা ৪ ভাগ, ৪০ কোটি টাকা পরিকল্পনায় আছে। কিন্তু এটাও ঠিক যে, পুলিশ বাজেটের পরিকল্পনা হঠাৎ বাড়ানো যায় না। নীতিগতভাবে আমরা মনে করি এটা বাড়ানো উচিত নয়। এর মধ্যে দাঁড়িয়ে যতটা করা যায় ততটাই আমরা চেষ্টা করছি। উনি মর্ডানাইজেশন সম্বন্ধে যা বলছেন তাতে আমি বলছি যে, মর্ডানাইজেশনের জন্য আমরা কেন্দ্রীয় সরকারের কিছু সহযোগিতা পাচ্ছি, এতে কোনো সন্দেহ নেই। গত বছর যা পেয়েছি তার বেশিরভাগটাই খরচ হয়েছে। কিন্তু বেশিরভাগ টাকাটাই আসে এ বছর মার্চ মাসে। স্বভাবতই তার জন্য আমাদের কিছুটা অসুবিধা হয়। তবে একেবারে মর্ডানাইজেশন হচ্ছে না, তা নয়। আমাদের কমপিউটার সেন্টার হয়েছে। সমস্ত অপরাধ এবং অপরাধীদের তালিকা কমপিউটারাইজ করে আপডেট করছি। এর কতকগুলো প্রাথমিক ব্যবস্থা আছে তা করার জন্য আমরা প্রস্তাব দিয়েছি, আই. টি. দপ্তর হয়ে ফিনান্সে গিয়েছে। আপাতত কলকাতা এবং সল্ট লেকের সমস্ত থানাগুলোকে একটা কমপিউটার নেট ওয়ার্কের মধ্যে আনা হবে। যাতে এই কাজ একটু দ্রুত করা যায় তার জন্য চূড়ান্ত প্রস্তাব জমা দিয়েছি। আমরা একেবারে বসে নেই, মর্ডানাইজেশনের চেষ্টা হচ্ছে। মর্ডানাইজেশন মানে কমিউনিকেশনের উন্নতি করা, উন্নত ওয়েপন্‌স কেনা। এর জন্য আমরা চেষ্টা করছি। হ্যাঁ, এটা ঠিক, আমরা কিছু জল-কামান কিনেছি। পরীক্ষামূলকভাবে দু'একবার ব্যবহার করেছি। মহরমের মিছিলে ব্যবহার করেছি। সাধারণত আমাদের এখানে যে ধরনের সংঘাত হয় তাতে সব সময় এটা কার্যকরী হয় না। এ সম্বন্ধে আরো ট্রেনিং এবং পরীক্ষার ব্যবস্থা করলে হয়তো কিছুটা উন্নতি করা যাবে। আর একটা কথা এখানে বলা হয়েছে, আমাদের ট্রেনিং ব্যবস্থা নাকি খুব দুর্বল—মান্ধাতার আমলের। ঠিক মান্ধাতা আমলের নয়,

তবে হায়দ্রাবাদের অল ইন্ডিয়া ইনস্টিটিউটের মতোও নয়। বারাকপুরে আমাদের যে ব্যবস্থা আছে তাকে আমরা উন্নত করার চেষ্টা করছি—দেশি, বিদেশি পরামর্শ নিয়ে কিভাবে উন্নতি করা যায়, তার জন্য আমরা চেষ্টা করছি। তারপর সৌগতবাবু প্রশ্ন রাখলেন—নিয়োগের দায়িত্ব কেন পি. এস. সি.-কে দিচ্ছেন না ? আমি ওঁকে বলি, উনি হয়তো জানেন না যে, কনস্টেবল ছাড়া বাকি সমস্ত পদের দায়িত্বই পি. এস. সি.-কে দিয়ে দিয়েছি। গত বছর দিয়েছি, এ বছর থেকে তা কার্যকরী হবে। আপাতত অ্যাডহক ভিত্তিতে কয়েকটা পোস্টে নিয়েছি। কিন্তু নীতিগত সিদ্ধান্ত হয়ে গেছে, কনস্টেবল ছাড়া সমস্ত পোস্টে পি. এস. সি. থেকে রিক্রুট করবো। আর একটা কথা এখানে বলা হয়েছে, সেটা না বললেই পারতেন। 'কিছু অফিসার আছেন রাজনীতি করেন। পুলিশের কাজ করতে করতেই করেন, তারপরে রিটায়ার করে করেন'—এই কথা বললেন। করেন যে তা তো দেখতেই পাচ্ছি। তবে সমস্ত সিনিয়র অফিসাররাই পার্টির প্রতি আনুগত্য দেখান, এটা ঠিক নয়। তাঁরা সবাই এত আত্মমর্যাদাহীন, ব্যক্তিত্বহীন নন। আমাদের সিনিয়র অফিসাররা সবাই আলিমুদ্দিন স্ট্রীটের দিকে তাকিয়ে আছেন—তাঁদের এতটা ছোটো করবেন না, তাঁরা এতটা আত্মমর্যাদাহীন, ব্যক্তিত্বহীন নন। এখানে আর একটা প্রসঙ্গ বার বার আসে, সে বিষয়ে আমি কি বলব জানি না ! সারা ভারতবর্ষে ২৮টা রাজ্য। পশ্চিমবঙ্গও একটা অঙ্গরাজ্য। সারা ভারতবর্ষেই অপরাধ সংঘটিত হচ্ছে, আমাদের এখানেও হচ্ছে, এটা অস্বীকার করার কোনো উপায় নেই। আবার এটা আত্মসন্তুষ্ট হবারও ব্যাপার নয়। এ বিষয়ে সমস্ত তথ্যই সবার জানা। স্বরাষ্ট্র দপ্তর যেমন জানে, তেমন মিডিয়া জানে, সবাই জানে। এস. ইউ. সি.-র পক্ষ থেকে বলা হল এখানে নাকি অপরাধের সংখ্যা ক্রমশ বাড়ছে। না, বাড়ছে না। আমি চার বছরের হিসেবে দেখছি মার্জিনালি কমছে। তবে এর জন্য আমরা কোনো কৃতিত্ব দাবি করছি না। কিন্তু এ-সব কথা তুলে লাভ কি ? আমরা যা রিপোর্ট পেয়েছি তাতে দেখছি ১৯৯৮ সালে এ রাজ্যে অপরাধ সংঘটিত হয়েছিল ৬৭,৯০০টি ; ১৯৯৯ সালে ৬৬,৫২৫টি এবং ২০০০ সালে ৬৫,৮৩৬টি। ব্রেক আপ'টা বলার আগে আমি বলি, আমরা দুটো ব্যাপারে খুশি নই—এক ডাকাতি, আর দুই মহিলাদের ওপর নির্যাতন। এই দুটোর ফিগার সত্যিকারের মার্জিনালি বাড়ার দিকে। এটাকে খুবই গুরুত্ব দিয়ে দেখতে হবে। এখানে গোপন করার কিছু নেই।

[6.30—6.40 p.m.]

আমি শুধু বলছি যে এটা বাড়ছে না, মূল ব্যাপারটা বাড়ছে না। কিন্তু অন্য রাজ্যগুলিতে ভয়ঙ্করভাবে বাড়ছে, লাফিয়ে লাফিয়ে বাড়ছে সমস্ত রাজ্যে। এখানে এই তুলনায় আমরা ভাল আছি। এই যে একটা উদাহরণ দিলে সমস্যা হয়। সৌগতবাবু বললেন মধ্যপ্রদেশ অর্থাৎ চম্বলের সঙ্গে তুলনা করে লাভ কি ? তুলনা না করলে কি করে বুঝবেন যে ২৮টি রাজ্যের মধ্যে কোনো রাজ্যের অবস্থাটা মোটামুটি ভাল ? তুলনা তো করতেই হবে। তুলনা করে বলছি যে আমাদের মতো আকৃতির, আমাদের মতো জনসংখ্যা এবং শিল্প উন্নত রাজ্যের মধ্যে আমাদের রাজ্যে অপরাধ অপেক্ষাকৃত কম। আমাদের প্রথম শ্রেণীর যে শিল্পনগরীগুলি আছে তার থেকে আমাদের এখানে অপরাধ কম। এটা হচ্ছে তুলনামূলক বিচার যে আমাদের

এখানে অপেক্ষাকৃত ভাল। সৌগতবাবু কেন বুঝতে পারছেন না—আমি যদি বলি অতীশদা আপনার থেকে একটু বেশি ভদ্র—এটা বুঝতে অসুবিধা কোথায় ? এ তো মানতেই হবে আপনাকে। এটা তো কোনো পার্থক্য কিছু নয়, এটা তো মানতেই হবে। আমি তো এটাই বলছি যে অন্য রাজ্যগুলির থেকে আমরা একটু ভাল। এই আর কি। এর মধ্যে বিরোধ হবার কিছু নেই। সন্ত্রাসবাদীদের ব্যাপারে পংকজবাবু বললেন যে কলিকাতা বা এই রাজ্য ঘাঁটি হয়ে যাচ্ছে। ঠিক ঘাঁটি নয়। সন্ত্রাসবাদের ক্ষেত্রে সৌগতবাবু একটা গুরুত্বপূর্ণ কথা বলেছেন। বলেছেন, নজরটা এখন উত্তরবঙ্গে থাকা উচিত এবং শিলিগুড়ি করিডোরটা ব্যবহার করছে। এই ব্যাপারে আপনার সঙ্গে আমি একমত। আমাদের পুলিশরা মনে করছে বিপদটা আসছে আলফা থেকে। এবারে বলছি সৌগতবাবু, এই লোকগুলিকে ছোটো করে দেখবেন না। ওরা তো ছোটো, ওদের বড়ো করবার চেষ্টা করবেন না। দয়া করে চেষ্টা করবেন না। এটাতে মদত দেবেন না। কারণ আলফাদের সঙ্গে কে. এল. ও. একসঙ্গে ট্রেনিং নিচ্ছে ভুটানে, আই. এস. আই.-এর থেকে ট্রেনিং নিচ্ছে এবং সাম্প্রতিককালে যে সমস্যা হচ্ছে, আই. এস. আই. চেষ্টা করছে এই. কে. এল. ও. এবং আলফার সঙ্গে নেপালের মানুষদের সামিল করতে। তিনটি যদি এক হয় তাহলে কেলেংকারি হবে, একটা ভয়ংকর ব্যাপার হবে। সুতরাং আমাদেরও গুরুত্বটা আছে শিলিগুড়ি করিডোরের উপর। কে. এল. ও.-কে ছোটো করে আমরা দেখছি না। কারণ আলফা আই. এস. আই. থেকে মোরাল অ্যান্ড মেটিরিয়াল দুটি সাপোর্ট পাচ্ছে। সেইদিক থেকে দেখছি, সন্ত্রাসবাদীদের ঘাঁটি বলতে পংকজবাবু যা বলছেন সেটা এখানে নয়, যে অর্থে দিল্লি, যে অর্থে পাঞ্জাব, যে অর্থে হায়দ্রাবাদ, যে অর্থে কোয়েমবাটুর। দিল্লির স্বরাষ্ট্র দপ্তর জানে, আমরা জানি যে আই. এস. আই. বা উগ্রপন্থীদের ঘাঁটি এখানে না। এখানে বলতে পারেন অপেক্ষাকৃত শান্তিপূর্ণ এলাকা বলে মাঝে মাঝে এসে আশ্রয় নেয়। ওরা ধরা পড়ছে। আমরা এই কয়েক বছরের মধ্যে শুধু আই. এস. আই.-র এজেন্ট ধরেছি ৫২টি এবং আমরা আরো ধরেছি ১১০ জনকে। মাঝে মাঝে তাড়া খেয়ে আসে, তারা ধরা পড়বে না কেন ? আমরা এখান থেকে ধরেছি প্রদীপ গগৈকে। প্রদীপ গগৈ আলফার ১ নম্বর নেতা, তাকে তো আমরা আসামের হাতে তুলে দিয়েছি। আমাদের ইনটেলিজেন্স ধরেছে উড়িষ্যার চাঁদিপুরের রকেট লনচিং প্যাডের কাসিফায়েড ইনফরমেশান নিয়ে যাচ্ছিল। পশ্চিমবাংলার পুলিশ ধরেছে, আমরা হ্যান্ড-ওভার করেছিলাম দিল্লির কাছে। আবার এই ধরনের উগ্রপন্থীদের, কে. এল. ও. বলুন, আলফা বলুন, বোরো বলুন এই ধরনের ১১০ জনকে ধরেছে আমাদের রাজ্যে। আবার আই. এস. আই.-র ৫২ জনকে ধরেছে গত কয়েক বছরে। তার মধ্যে সবচেয়ে যেটা গুরুত্বপূর্ণ বিষয়, যেটা আপনাদের বললাম যে চাঁদিপুরে রকেট লনচিং-এর প্যাড থেকে ওরা সব নেভাল ইনফরমেশান নিয়ে চলে যাচ্ছিল। ধরেছি আমরা। ঘাঁটি এটা নয়। তবে আমরা এটা বুঝেছি যে ওদের সম্পর্কে আমাদের সব সময় সতর্ক থাকতে হবে এবং সতর্কতা বাড়াতে হবে। এখানে আমাদের ৯টি জেলা সীমান্ত এলাকা। এখানে সমস্যা আছে। এই সীমান্ত এলাকার মধ্যে এখানে পাকিস্তানের সীমান্ত নেই ঠিকই কিন্তু করাচি থেকে আরম্ভ করে অন্যান্য জায়গার নানা ধরনের সন্ত্রাসবাদ বাংলাদেশের মধ্যে দিয়ে এখানে আসার চেষ্টা করছে। এটা বড়ো বিপদ। এবারে কেন্দ্রীয় সরকারের সঙ্গে

আমাদের একাধিকার কথা হয়েছে। ওরা যদি শিলিগুড়ি করিডোর ব্যবহার করতে পারে তাহলে আমাদের খুব সমস্যা হবে। সেই কারণে উত্তরবঙ্গে আমাদের সমস্ত শক্তি যা আছে ইনটেলিজেন্সের সেটাকে বাড়ানোর চেষ্টা করছি। এর পরে আমি যেটা বলতে চাই সেটা হচ্ছে যে, সি. আই. ডি.-র ব্যাপারে এখানে বলা হল অনেকগুলি কথা, সি. আই. ডি. কিছুই করতে পারেনি। কিছুই করতে পারেনি এটা ঠিক নয়। দু-একটা ঘটনার কথা বলছি তার থেকে বোঝা যাবে। গুরুপদ বাগচী, হ্যাঁ, আমি যে কটা পরিনি সেটা বলে দিচ্ছি। সুশীল চৌধুরী, বলছি পারিনি। এখনও কিছু ব্রেক থ্রু বার করতে পারিনি। গুরুপদ বাগচীর ১১ জনের চার্জসিট হয়ে গেছে, মামলা শুরু হয়ে গিয়েছে। জানা উচিত যে গুরুপদ বাগচীর কেসে ১১ জনের চার্জসিট হয়ে গিয়েছে এবং মামলা শুরু হয়ে গিয়েছে। অকসিটাউনে মার্ডার কেসে ওদের রিপোর্ট সম্পূর্ণ হয়ে গেছে। শুধু আর. জি. কর হাসপাতাল থেকে আমরা এই ল্যাবরেটরি রিপোর্টটা পাচ্ছি না বলে চুড়ান্ত করতে পারছি না। রিপোর্ট সম্পূর্ণ হয়ে গেছে। এটা আমাদের সম্পূর্ণ হয়ে গেছে। হ্যাঁ, রাজ্য সরকারের। দু'বছর হয়ে গেছে। যেটা হয় আর কি, কারণ, স্টাফ খুব কম। সাধারণভাবে ডাক্তারবাবুরা কাজের ভারে করতে চান না। এই কারণে দেরি হয়। আর খেজুরীর ক্ষেত্রে আমি আগেই বলেছিলাম, রিপোর্টটা আমার কাছে আগেই জমা পড়ে গেছে। আপনারা যখন বলছিলেন, আমি আগেই বললাম, ওই রিপোর্টটা আপনারা জানতে চাইবেন না। একটা অল্পবয়সী মেয়ে, সুজাতা দাস, সে মারা গেছে। যদি জানতে চান বলতে পারি, শুনলে মাথা নীচু হয়ে যাবে। সি. আই. ডি. রিপোর্টে বলছে, তাকে মৃত্যুর আগে ধর্ষণ করা হয়নি। যে জায়গায় তার বডি ফেলা হয়েছিল, সেখানে সে মারা যায়নি। সে মারা গিয়েছিল জনৈকা পূর্ণিমা মণ্ডল তার বাড়িতে। সেখানে ছিলেন সুব্রত পাত্র, স্বপন পাত্র, পূর্ণিমা মণ্ডল, পরিতোষ মণ্ডল এবং মহিতোষ মণ্ডল। শিশিরবাবু সম্ভবত এদের সবাইকেই চেনেন। এরা আছে কিনা জানি না ? সেই ঘরের মধ্যে কোনো একটা দুর্ঘটনায় তিনি মারা গেছেন। দুর্ঘটনাটা কি আমি জানি না। এটা হতেও পারে, কিছুদিন আগে কলকাতা কর্পোরেশনের একজন কাউন্সিলার সেই রকম একটা দুর্ঘটনায় একজনকে মেরে ফেলেছিলেন। এই ঘটনা হয়েছিল। এটা খুবই দুঃখজনক যে একটা অল্পবয়সী মেয়ে এই রকম একটা ঘরের মধ্যে মারা গেল। তারপর তার দেহ নিয়ে গিয়ে ফেলা হল আর একটা জায়গায়। সেই বাড়ি থেকে কিন্তু পরে অস্ত্র পাওয়া গেছে—শ্রীমতী পূর্ণিমা দাসের বাড়ি থেকে। এটা হচ্ছে ক্রেডিবল্ রিপোর্ট। আমি এখনও সব রিপোর্ট পাইনি, তাই বলতে পারছি না। এখন মুশকিল হচ্ছে, এই প্রসঙ্গে বলতে বলতে হঠাৎ আরও অনেক কথা এসেছে। স্টেডিয়ামের ব্যাপারেও এসেছে। ছোটো আণ্ডারিয়াও বললাম। সি. আই. ডি.-র ওপরে আপনাদের কোনো আস্থা নেই। পঙ্কজবাবু বললেন, হঠাৎ পকেট থেকে মাঝে মাঝে সি. আই. ডি. (গোলমাল) সি. আই. ডি. আমার পকেটে কি করে ঢুকবে ? সি. আই. ডি. একটা রাজ্যের, পুলিশের একটা সংস্থা। সি. বি. আই. দিল্লীর সংস্থা। ভাবটা এমন করেন—যেমন, একই অফিসাররা—আই. পি. এস.—যেমন একবার এখানে কাজ করেন, একবার ওখানে কাজ করেন। আমাদের একাধিক অফিসার সি. বি. আই. করে এসেছেন। আবার এখান থেকে অনেকে সি. বি. আই.-তে যায়, আবার সি. বি. আই. থেকেও এখানে আসে। আমাদের সি. আই. ডি. একেবারে অপদার্থ, আর ওদের

সি. বি. আই. একেবারে দেবদূত। এতে কি প্রমাণ হল ? ছোটো আঙারিয়ায় আমরা যতদূর পর্যন্ত এগিয়েছিলাম, হাইকোর্টে মামলা হবার পরও সি. বি. আই. আমাদের থেকে এক-পা এগোতে পারেনি—পারেনি তো। সুপ্রিম কোর্টে আমরা মামলা করেছি। তাতে কি কাজ আটকেছে ? আমরা সুপ্রিম কোর্টে মামলা করেছি এবং মামলা লড়ব। মামলাটা কি— সাংবিধানিক প্রশ্নে, আইন-শৃঙ্খলার প্রশ্নে রাজ্যের হাইকোর্ট তাঁরা পারেন কিনা—সি. বি. আই.-কে মাথার ওপর রেখে দিতে ? সাংবিধানিক ব্যাপার। না, তাদের এনকোয়ারি, ইনভেস্টিগেশান কেউ আটকায়নি। আমরা চাইনি। আমরা অ্যাপিল করিনি। সুপ্রিম কোর্টকে আমরা বলিনি যে, ওদের আটকান। আমরা চাইনি। আমরা শুধু কনস্টিটিউশন্যাল প্রশ্ন তুলেছি, সাংবিধানিক প্রশ্ন তুলেছি। কিন্তু আমরা কখনও বলিনি যে সি. বি. আই. এনকোয়ারি বন্ধ করুক। এটা আমাদের অ্যাপিল ছিল না। আমাদের সাংবিধানিক প্রশ্নে আবেদন ছিল। মামলা শুরু হয়েছে, মামলা শুরু হয়ে গেছে। আমরা উকিল দিয়েছি। সেখানে সাংবিধানিক প্রশ্ন। সি. বি. আই. তো আছেই, করুন না। আমার কথাটা শুনুন। এই যে সি. বি. আই.-কে দিলেন, হাইকোর্ট যা করেন, প্রমাণ হল তো—তিনমাসে আমরা যা করতে পারিনি, ওরাও পারেনি। পারেনি তো করতে। না, মামলার জন্য কিছু আটকায়নি। সম্পূর্ণ এনকোয়ারি হয়েছে। সমস্ত অফিসাররা এখানে এসেছেন। তাঁরা এখানে তদন্ত করেছেন। কিছু বার করতে পারেননি। এখন কি করবেন আপনি ? সেই রিপোর্ট আমার কাছে জমা না পড়া পর্যন্ত আমি কিছু বলতে পারছি না ছোটো আঙারিয়ার ব্যাপারে। স্টেডিয়ামের ক্ষেত্রে আমি বলছি, এখানে আমাদের দুজন গুরুত্বপূর্ণ লোককে গ্রেপ্তার করতে আমি পুলিশকে নির্দেশ দিয়েছি। এই রিপোর্ট তাদের গ্রেপ্তার করার পর। নাহলে সি. আই. ডি. রিপোর্ট অসম্পূর্ণ। এই গ্রেপ্তার করার পর সি. আই. ডি. আমার কাছে আনুষ্ঠানিক ভাবে জমা দেবার পর আমি আপনাদের কাছে বলব। আমি কোনো সত্য গোপন করব না। এটা হচ্ছে আমাদের সরকারের নীতি।

শ্রী পংকজ ব্যানার্জী : শুনেছি, আপনি রিপোর্ট পেয়েছেন। সেটা বলুন।

শ্রী বুদ্ধদেব ভট্টাচার্য : রিপোর্ট না, আমি তাঁর বক্তব্য জানতে চেয়েছিলাম। তিনি জানিয়েছেন। (গোলমাল) ইনভেস্টিগেশানের স্বার্থে সেটা আমি বলব না। আইন তার নিজের পথেই চলবে। আইনের স্বার্থে, এনকোয়ারির স্বার্থে, সেই রিপোর্ট, চিঠি আমি এখানে বলব না। সি. আই. ডি.-র রিপোর্ট কমপ্লিট হবার আগে আমি আপনাদের কাছে নিশ্চয়ই জানাব। সি. আই. ডি. আমার কাছে কি রিপোর্ট দিয়েছে, আইনের স্বার্থেই আমি দিতে পারব না। এটাই হচ্ছে আমার বক্তব্য। এরপরে আরও কয়েকটি কথা এখানে বলা হয়েছে সেটা হচ্ছে, পংকজবাবু একবার বলেছেন। সৌগতবাবু অনেক ইমোশনালি বললেন এই যে, কত সংখ্যক কর্মী, সাধারণ মানুষ বলেছেন বাইরে আছেন। পংকজবাবু বললেন এগারো হাজার।

[6.40—6.50 p.m.]

আমার কাছে হিসাব ৩০০ জন। মেলাব কী করে, আপনি বলছেন ১১ হাজার, ১১ হাজারের তালিকা দিন। আপনার জেলার নেতারা ওরা বলুন ১১ হাজার কিনা। তাহলে দয়া করে সেখানের ১১ হাজারের রিপোর্টটা আমাকে দিন। দুদিন সময় নিন। সোমবার দিন। মাননীয়

অধ্যক্ষ মহাশয়, আমি ওনারদের অনুরোধ করছি সোমবারের মধ্যে ১১ হাজারের তালিকাটা দয়া করে দিন কারণ ৩০০-র বেশি তালিকা আমার কাছে নেই। শুধু এরপরে বলছি যে, এখানে দু-একজনের কথা এখানে তোলা হয়েছে।

(ভয়েস : কংগ্রেস বেঞ্চ থেকে কিছু বলতে ওঠে।)

আমরা চেষ্টা করছি, অন্যায় হয়েছে। আমি বলছি ৩০০ জনকে ফেরাতে সময় লাগবে। আমি কথা দিচ্ছি আপনাদেরকে, মেদিনীপুরের সবচেয়ে, বাঁকুড়ার একদুটো গ্রাম থেকে কিছু আছে এবং গোঘাটের কিছু আছে—আমরা এই ৩০০ জনকে ফেরাবই। আমি বলছি আপনাদেরকে এবং পুলিশের সাহায্য নিয়ে আমি তা করবই। আপনাকে শুধু আমাকে সংখ্যা, যদি ১১ হাজার হয় তাহলে তো মারাত্মক ব্যাপার, আপনি দয়া করে আমাকে সেই তালিকাটা দিন, আমি দেখব। এখানে আরো কয়েকটি কথা হয়েছে। আমি শুধু পঙ্কজবাবুকে এই প্রসঙ্গে বলি—আপনি এই প্রসঙ্গে আসতে গিয়ে, আপনি একা নন, আপনাদের বেশ কয়েকজন নির্বাচনের ফলাফল নিয়ে আবার বললেন কাগজে লিখছে সমান সমান, আমরা একজিট পোল। আমরা অনেকেই টেনশানে পড়ে গেলাম একজিট পোল সত্যি ঠিক ঠিক। কিন্তু যখন ফলটা বেরুল তখন দেখলাম আপনিও জিতেছেন আপনার ৮৬ জন আমরা ১৯২ ছিলাম। তা এটা মেনে নিতে অসুবিধা কোথায় ? আহত হয়েছেন, এতো আহত হয়েছেন ক্ষতটা আরো মারাত্মক এই নির্বাচন মুশকিল হচ্ছে। আমি বলছি টাইম ইজ দি বেস্ট হিলার। কিছু সময় চলে যাক পঙ্কজবাবু, দু-মাস হয়েছে তো, আরো দু-চার মাস যাক আসতে আসতে আপনার ক্ষতটা ঠাণ্ডা হবে। এই কষ্টটা মেনে নিতেই হবে, কোনো উপায় নেই। আরো মেনে নিতে হবে আপনাদেরকে। নিজেরা যদি না মেনে নিতে পারেন যেমন আগের দিনও বলেছি, আবার বলছি হাইকোর্টে চলে যান, সুপ্রিম কোর্টে চলে যান, কোথাও একটা যান। একই কথা শুনবো কেন রোজ আমরা, কোথাও একটা যান।

(ভয়েস : বিরোধী সদস্যরা বলতে ওঠেন।)

'ভবেরা এ কী কাণ্ড গুরুজির ভিক্ষা ভাণ্ড'—আপনাদের কেসের পয়সা লাগবে আমাকে দিতে হবে, গুরুজির ভিক্ষা ভাণ্ড। শেষে আমি আরো যেটা বলছি অপরাধীদের দুর্নীতি নিয়ে কিছু কথা উঠেছে। একজন বিরোধী সদস্য খুব আবেগ নিয়ে বলেছেন, আমি তখন ঘরে শুনছিলাম, তিনি বললেন কি—আপনি জবাব দিন অপরাধকে আপনি নির্মূল করতে পারবেন ? না, তিনি যদি পারতেন ভারতবর্ষের কোনো রাজ্য সরকার যদি পারতেন আমি খুশি হতাম। যে সমাজ ব্যবস্থায় আমরা চলছি বড়োজোর অপরাধগুলোকে কিছু দাবিয়ে রাখতে পারি। মানুষের মনে একটা আস্থা ফিরিয়ে আনতে পারি কিন্তু অপরাধকে দমন করতে পারি না এই সমাজ ব্যবস্থায়। আমার ভাষায় সম্পত্তির উপর দাঁড়িয়ে আছে যে সমাজ, সেই সমাজে দাঁড়িয়ে মানুষ গোনে, মাপে টাকা দিয়ে, সেই সমাজ ভোগবাদে ভাসছে। সেখানে অপরাধ জন্ম নেবে, অপরাধকে যে নির্মূল করা খুব কঠিন কাজ। নির্মূল ঠিক বলতে পারেন না, এই সমাজে তাকে দমন করে রাখা যায়, তাকে নির্মূল করা যায় না। আমি বাস্তববাদী,

বাস্তবটা খুব কঠিন। আমি জীবনানন্দ দাশের কবিতা থেকে বলছি, এখনো খুঁজছি এক শুভ্র মানবিকতার ভোর'। সেই শুভ্র মানবিকতার ভোর তো এখনো আসেনি, দুর্ভাগ্য আমাদের। না, আমি বিশ্বাসী সেই সমাজ আসছে, আসবে, দুনিয়াতে আসবেই। আমি সেই শুভ্র মানবিকতার ভোর শুনছি। এখানে আরেকজন বক্তব্যে বলেছেন, তিনি একদা পুলিশ বাহিনীতে ছিলেন শুনেছিলাম। তিনি বললেন দুর্নীতি বন্ধ করতে পারবেন ? দুর্নীতি বন্ধ করা কত কঠিন তাঁর নিজের জীবনের অভিজ্ঞতা দিয়ে থানায় তা বোঝা উচিত ছিল। তাঁর ভিজিলেন্স হয়েছিল, হাইকোর্ট হয়েছিল, ঠিক তিনি বেরিয়েও চলে গেলেন, কি কঠিন কাজ, এসব তাঁর জানা উচিত ছিল। আমি শুধু বলছি দুর্নীতি দমন করা খুব কঠিন, হিংসার পথ দূর করা খুব কঠিন। কিন্তু আমি সব সময়ে বিরোধীদের কাছে আহ্বান জানাচ্ছি আমরা আত্মসন্তুষ্ট নই।

আমি সব সময় বলি, বিরোধীদের কাছে আবারও বলছি, পঙ্কজবাবু—অন্যান্য অপরাধের ক্ষেত্রে আমাদের খুব একটা মত পার্থক্য হচ্ছে না। কিন্তু রাজনৈতিক হিংসা—আমি সত্যি কথা বলছি, আন্তরিকভাবে বলছি, আপনারা আসুন, আলোচনা করুন, আমি এই হিংসার বাতাবরণ দূর করতে চাই। আমাদের রাজ্যে এই হিংসার বাতাবরণ ২২/২৩ বছর ছিল না। এখানে গণতান্ত্রিক অধিকার আছে, ট্রেড ইউনিয়নের অধিকার আছে, সরকারি দল, বিরোধী দল, সমস্ত দলের অধিকার আছে। রাজনৈতিক গণতন্ত্রে বিরোধী দলের সভা আক্রান্ত হয় না। বিরোধী দল এখানে সমস্ত অধিকার ভোগ করেন। আমি বলছি রাজনৈতিক হিংসা বন্ধ করার জন্য আপনারা এগিয়ে আসুন। আমি বদ্ধপরিকর এই সমস্যা দূর করবো। এই কথা বলে কাটমোশানের সম্পূর্ণ বিরোধিতা করে, আমার বাজেট প্রস্তাবকে সমর্থন করে, আমার বক্তব্য শেষ করছি।

Demand No. 21

Mr. Speaker: There are 138 Cut Motions on Demand No. 21. I now put to vote all the Cut Motions except Cut Motions Nos. 1, 14, 16, 20, 28, 32, 65, 70, 72, 97 on which I understand a division will be demanded.

The Motion that the amount of the Demand be reduced by Rs. 100 (except Cut Motions Nos. 1, 14, 16, 20, 28, 32, 65, 70, 72, 97) were then put and lost.

The motion (Cut Motion No. 1) that the amount of the Demand be reduced to Re. 1 and the motions (cut motion nos. 14, 16, 20, 28, 32, 65, 70, 72, 97) that the amount of the Demand be reduced by Rs. 100/- were then put and a Division was taken with the following results:

NOES

Abu Ayes Mondal, Shri
Adhikary, Shri Nisith
Adhikary, Shri Paresh Chandra
Anisur Rahaman Sarkar, Shri
Badal Zamadar, Shri
Bag, Shri Kartick Chandra
Bagdi, Shri Bijoy
Bagdi, Shri Kiriti
Bala, Dr. Asim
Banerjee, Shri Mrinal
Basu, Shri Badal
Bauri, Shri Madan
Bauri, Shri Ramcharan
Bera, Shri Dipak
Bera, Shri Nityananda
Bhattacharjee, Shri Buddhadeb
Bhattacharjee, Shri Nanda Gopal
Bhowal, Shri Subrata
Bhowmick, Shri Prafulla Kumar
Biswas, Shri Kamalakshmi
Biswas, Shri Kanti
Biswas Smt. Susmita
Bose, Shri Subrata
Chakraborti, Shri Subhas
Chakraborty, Shri Satyasadhan
Chatterjee, Smt. Nirupama
Chatterjee, Shri Pratim
Chattopadhyay, Shri Tapas
Chaudhuri, Shri Amar
Choudhuri, Smt. Asima
Choudhury, Shri Bansagopal
Chowdhury, Shri Biswanath
Chowdhury, Shri Jayanta
Chowdhury, Shri Subhendu
Dal, Smt. Nanda Rani
Das, Shri Ananda Gopal

Das, Dr. Debesh
Das, Shri Jagadish Chandra
Das, Shri Nirmal
Das, Shri Paresh Nath
Das Shri Ratan
Dasgupta, Dr. Asim Kumar
Datta, Shri Binoy
Deb, Shri Goutam
Deb, Shri Rabin
Dey, Smt. Ibha
Dey, Shri Lakshmi Kanta
Dey, Shri Naren
Dhar, Shri Padma Nidhi
Duley, Shri Krishna Prasad
Dutta, Shri Gurupada
Dutta, Smt. Sarmistha
Ganguly, Smt. Kanika
Gayen, Shri Nripen
Ghose, Smt. Manasi
Ghosh, Shri Bankim
Ghosh, Shri BhaktiPada
Ghosh, Shri Pankaj
Ghosh, Shri Rabindra
Ghosh, Shri Sunil Kumar
Ghosh, Shri Susanta
Goala, Shri Rajdeo
Goswami, Shri Subhas
Guha, Shri Kamal
Hafiz Alam Sairani, Shri
Hatial, Shri Bhabani Sankar
Hazra, Shri Samar
Hembram, Shri Rabindranath
Hembrom, Shri Jadu
Hore, Shri Tapan
Id Mohammad, Shri
Jane Alam Mian, Shri
Kabi, Shri Pelab

Kalimuddin Shams, Shri
Kanji, Shri Bansari Mohan
Kar, Smt. Anju
Khan, Shri, Sukhendu
Kisku, Shri Upen
Kundu, Shri Ranjit
Lakra, Shri Somra
Laya, Dr. Tushar Kanti
Mafuja Khatun, Smt.
Mahata, Shri Khagendranath
Mahata, Smt. Shamya Pyari
Maitra, Shri Banshi Badan
Majhi, Shri Bhandu
Majhi, Shri Nanda Dulal
Majhi, Shri Tamal Chandra
Mallik, Smt. Sadhana
Mandal, Shri Subhas
Mandi, Shri Sambhu Nath
Mondal, Shri Biswanath
Mondal, Shri Kshiti Ranjan
Mondal, Shri Mohan
Md. Salim, Shri
Md. Yakub, Shri
Mehta, Shri Nishi Kanta
Minj, Shri Prokash
Modak, Shri Dhananjoy
Mohammed Amin, Shri
Mojibor Rahman, Shri
Mostafa Bin Quasem, Shri
Mukherjee, Shri Braja
Mukherjee, Shri Manabendra
Mukherjee, Shri Manas
Mukherjee, Smt. Nabanita
Mukherjee, Shri Narayan
Mukherjee, Shri Pratyush
Mukherjee, Dr. Srikumar
Mukhopadhyay, Shri Ashutosh

Munda, Shri Chaitan
Murmu, Shri Maheswar
Mursalin Molla, Shri
Nanda, Shri Brahmamoy
Nanda, Shri Kiranmoy
Naskar, Shri Subhas
Nazmul Haque, Shri
Noorar Rahman, Shri
Pakhira, Shri Ratan
Pal, Shri Shyama Prosad
Pan, Shri Bhakta Ram
Pramanik, Shri Sudhir
Raha, Shri Sudhan
Routh, Shri Dibakanta
Roy, Shri Lakshmi Kanta
Roy, Shri Nripendra Nath
Roy, Shri Samar
Saha, Shri Kripa Sindhu
Sahis, Smt. Bilasibala
Samanta, Shri Rampada
Sanatani, Smt. Mina
Sanyal, Shri Kamalendu
Saren, Shri Bhutnath
Sarkar, Shri Dipak Chandra
Sarkar, Shri Nayan
Sarkar, Shri Sailen
Seal, Shri Sudhangshu
Sen, Shri Dhiren
Sengupta, Shri Purnendu
Shamsul Islam Molla, Shri
Shaw, Dr. Pravin Kumar
Singh, Smt. Jyotsna
Singh, Shri Lagan Deo
Sinha, Shri Prabodh Chandra
Sk. Jahangir Karim, Shri
Sk. Majed Ali, Shri
Soren, Shri Khara

Tamser Ali, Shri
Thakur, Shri Akshoy
Tirkey, Shri Dasrath
Tudu, Shri Makar
Unus Ali Sarkar, Shri

AYES

Bajaj, Shri Satyanarayan
Bakshi, Shri Subrata
Banerjee, Shri Ambica
Banerjee, Shri Asish
Banerjee, Shri Kalyan
Banerjee, Shri Pankaj
Bhadra, Shri Arup
Bhunia, Shri Ajit
Chakrabarti, Shri Biman
Chatterjee, Shri Partha
Chattopadhyay, Shri Sobhandeb
Deb, Shri Ashok Kumar
Ghosh, Shri Dipak Kumar
Ghosh, Shri Nirmal
Ghosh, Shri Tamonash
Giri, Shri Akhil
Guha, Smt. Sonali
Hazra, Shri Bankim Chandra
Kar, Shri, Jyotirmoy
Khan, Shri Kallol
Mallik, Shri Jyotipriya
Mandal, Shri Kalipada
Mishra, Shri Kashinath
Mondal, Shri Dilip
Mondal, Shri Nirmal Chandra
Mondal, Shri Tanmoy
Mukherjee, Shri Apurba
Mukherjee, Shri Ashoke (Gopal)
Mukherjee, Prof. Swaraj
Naskar, Shri Gobinda Chandra

Pakhira, Shri Manturam
Pande, Shri Sadhan
Ray, Shri Nirbed
Roy, Shri Saugata
Roy, Shri Tapas
Saha, Shri Pundarikakshya
Singh, Shri Arjun
Abu Hasem Khan Choudhury, Shri
Chatterjee, Shri Rabindranath
Dey, Shri Ajoy
Mainul Haque, Shri
Mostaque Alam, Shri
Paul, Smt. Maya Rani
Sinha, Shri Atish Chandra
Abu Taher Khan, Shri
Mahoto, Shri Nepal
Niamot Sk., Shri

The Ayes being 47 and Noes 153, the motions were lost.

The motion of Dr. Asim Kumar Dasgupta that a sum of Rs. 1009,70,41,000 be granted for expenditure under Demand No. 21, Major Head : "2055-Police" during the year 2001-2002 (This is inclusive of a total sum of Rs. 336,56,80,000 already voted on account in February, 2001),

was then put and agreed to.

Adjournment

The House was then adjourned at 6.52 p.m. till 11 a.m. on Friday, the 20th July, 2001 at the Assembly House, Kolkata.

Proceedings of the West Bengal Legislative Assembly assembled under the provisions of the Constitution of India

The Assembly met in the Legislative Chamber of the Assembly House, Kolkata, on Friday, the 20th July, 2001 at 11.00 a.m.

PRESENT

Mr. Speaker (SHRI HASIM ABDUL HALIM) in the Chair, 8 Ministers, 4 Ministers of State and 129 Members.

[11.00—11.10 p.m.]

Starred Questions

(For which oral answers were given)

রাজ্যে অনুমোদনপ্রাপ্ত বয়স্ক শিক্ষাকেন্দ্রের সংখ্যা

*৩০০। (অনুমোদিত প্রশ্ন নং *১১৩) **শ্রী আবু আয়েশ মণ্ডল** : জনশিক্ষা প্রসার বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) ৩১ মার্চ, ২০০১ পর্যন্ত অনুমোদনপ্রাপ্ত বয়স্ক শিক্ষাকেন্দ্রের সংখ্যা কত ; এবং

(খ) বিগত ২০০০-২০০১ আর্থিক বছরে উক্ত খাতে ব্যয়িত অর্থের পরিমাণ কত ?

শ্রীমতী নন্দরানী দল :

(ক) ৫০টি

(খ) ৫ লক্ষ ৯ হাজার ৩৪৫ টাকা।

শ্রী আবু আয়েশ মণ্ডল : এই আর্থিক বছরে ওই সংখ্যা বাড়ানোর জন্য কোনো নির্ধারিত লক্ষ্যমাত্রা নিয়েছেন কি ? এবং নিলে কত অনুগ্রহ করে জানাবেন কি ?

শ্রীমতী নন্দরানী দল : ২০০০-০১ সালে এই বয়স্ক শিক্ষাকেন্দ্র ১৭টা করেছি, এই বছর আরও ৫টি করার প্রস্তাব আছে আমাদের।

শ্রী আবু আয়েশ মণ্ডল : এই যে ৫০টি কেন্দ্র চলছে, সেখানে যেসব শিক্ষক, শিক্ষিকারা কাজ করছেন তাদের মাসিক সাম্মানিক ভাতা কত দেওয়া হয় এবং সেটা বাড়ানোর কোনো পরিকল্পনা আছে কিনা জানাবেন কি ?

শ্রীমতী নন্দরানী দল : স্থানীয় উচ্চবিদ্যালয়েই এই স্কুলের ক্লাসগুলো হয়। প্রধান শিক্ষককে ৪০০ টাকা, সহকারী শিক্ষক যাঁরা থাকেন তাঁদের ৩০০ টাকা এবং গ্রুপ ডি স্টাফ যাঁরা থাকেন তাঁদের ২০০ টাকা করে প্রত্যেক মাসে দেওয়া হয়। অন্যান্য খরচ বাবদ ৩০০

টাকা দেওয়া হয়। এটা বাড়ানোর ক্ষেত্রে আমাদের দপ্তরের বিবেচনাধীন আছে। আমরা এটা বাড়াতে চাই, কিন্তু অর্থ দপ্তরের সঙ্গে আলোচনা করে করতে হবে। আমরা চাই প্রধান শিক্ষকদের ১০০০ টাকা, সহকারী শিক্ষকদের ৬০০ টাকা এবং গ্রুপ ডি-দের ৪০০ টাকা করতে। এটা প্রস্তাব আছে। কিন্তু সবটাই নির্ভর করছে অর্থ দপ্তরের উপর।

শ্রী আবু আয়েশ মণ্ডল : এই কেন্দ্রগুলোতে কারা ভর্তি হতে পারবে ? এবং এদের পাঠ্যসূচি কি আলাদা ?

শ্রীমতী নন্দরানী দল : যারা দিনেরবেলা পড়াশোনার সুযোগ নিতে পারে না, বিশেষ করে নবসাক্ষররা, কল-কারখানায় কর্মরত শ্রমিক, কৃষক এবং অন্যান্য কর্মচারীরা, তারাই এইসব শিক্ষাকেন্দ্রে ভর্তি হন।

শ্রী মহবুবুল হক : মাননীয় মন্ত্রী মহাশয় পরিদর্শন করে দেখেছেন কি, স্কুলগুলো চলছে কিনা ? আমাদের ধারণা, এই বিদ্যালয়গুলির কোনো অস্তিত্বই নেই।

শ্রীমতী নন্দরানী দল : আগে ৯০টা ছিল। অনেক বিদ্যালয় বন্ধ হয়ে গেছে। বর্তমানে ৫০টি চলছে। এর মধ্যে আমরা জানি যে, ৫০টি সঠিকভাবে চলছে। যদি আপনাদের কোনো এই ধরনের ঘটনা জানা থাকে, তাহলে আমাদের বললে তদন্ত করে পদক্ষেপ নিতে পারব।

শ্রী রবীন ঘোষ : স্যার, আপনার মাধ্যমে মন্ত্রীর কাছে জানতে চাইছি যে, বয়স্ক শিক্ষাকেন্দ্র যেগুলি চলতে চলতে বন্ধ হয়েছে, সেগুলি চালুর কোনো ব্যবস্থা আছে কিনা জানাবেন। আর কোন জেলায় কতগুলি বয়স্ক শিক্ষাকেন্দ্র চলছে এবং কোন জেলায় কত টাকা খরচ করেছেন সেটা বলবেন।

শ্রীমতী নন্দরানী দল : যেগুলি বন্ধ হয়ে গেছে, সেক্ষেত্রে যদি তারা এগিয়ে আসেন আমরা নিশ্চয় এগিয়ে আসার জন্য সচেষ্ট হব। আর পরের যে প্রশ্ন করলেন, কোন জেলায় কত, এটা আপনি যদি আলাদা প্রশ্ন করেন, আমি বলে দেব।

শ্রী গোবিন্দচন্দ্র নস্কর : মাননীয়া মন্ত্রীকে জানাচ্ছি—এই স্কুল আস্তে আস্তে কমে যাচ্ছে। এটা একটা ভুয়ো ব্যবস্থা। এক্ষেত্রে আমি সঠিক রূপদান করার জন্য কোনো ব্যবস্থা আগামীদিনে গ্রহণ করবেন কি এবং পরিচালন ব্যবস্থার জন্য ম্যানেজিং কমিটি বা নির্দিষ্ট লোকদের এই কাজে নিযুক্ত করবেন কি ?

শ্রীমতী নন্দরানী দল : পরিচালন কমিটি আছে। এক্ষেত্রে স্থানীয় উচ্চ বিদ্যালয়ে এগুলি পরিচালিত হয়। আমাদের নিজস্ব কোনো সেট আপ নেই। উচ্চ বিদ্যালয়গুলিতে বয়স্ক উচ্চ বিদ্যালয় পরিচালিত হয়। আর আমাদের পরিচালন কমিটি আছে।

শ্রী রতন পাখিরা : মাননীয়া মন্ত্রীকে বলছি—বয়স্ক মহিলাদের ক্ষেত্রে আলাদাভাবে এই রকম কোনো শিক্ষাকেন্দ্র খোলার পরিকল্পনা আছে কি ?

শ্রীমতী নন্দরানী দল : এখনও পর্যন্ত আলাদা নয়, যারা পড়তে ইচ্ছুক, সমস্ত ছাত্র-ছাত্রী একসঙ্গে পড়তে আসে। আলাদাভাবে কিছু হয়নি। যদি প্রস্তাব দেন, আমরা ভাবনা-চিন্তা করব এবং অনুমোদন দেব।

শ্রী অপূর্ব মুখার্জী : মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, মন্ত্রী মহাশয়াকে প্রশ্ন করছি—মাধ্যমিক স্তরে ৫টা সাবজেক্ট পরীক্ষা দেওয়ার পরে পাশ করেছে এবং তার পরে তারা যখন উচ্চমাধ্যমিক পড়তে যাচ্ছে, তখন তাদের বলা হচ্ছে যে, ৫টা সাবজেক্ট দিলে হবে না। আরও দুটো সাবজেক্ট দিতে হবে। এই রকম কোনো সার্কুলার আছে কি—৫টা সাবজেক্টে পরীক্ষা দিলে উচ্চমাধ্যমিক স্তরে পড়ার সুযোগ পাবে বা পাবে না।

শ্রীমতী নন্দরানী দল : এখনও পর্যন্ত যা আছে, তাতে এরা মুক্ত বিশ্ববিদ্যালয়ে পড়াশোনা করতে পারেন। আমাদের সমস্যা হচ্ছে—এখানে যাঁরা পড়াশুনা করেন, তাদের সার্টিফিকেট দেওয়ার ক্ষেত্রে সমস্যা আছে। আমরা স্কুল এডুকেশনের সঙ্গে যোগাযোগ করছি যাতে এরা সার্টিফিকেট পান। স্কুল এডুকেশন দপ্তরের সঙ্গে যোগাযোগ করে যে সমস্যাগুলির কথা আপনি বললেন, তা সমাধান করতে আমরা সচেষ্ট আছি।

মৎস্যচাষিদের আর্থিক অনুদান প্রদান

*৩০১। (অনুমোদিত প্রশ্ন নং *২৬৭) **শ্রীমতী সোনালী গুহ** : মৎস্য বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) রাজ্য সরকার ১৯৯৯-২০০০ ও ২০০০-২০০১ আর্থিক বছরগুলিতে কতজন দরিদ্র মৎস্যচাষীকে আর্থিক অনুদান দিয়েছেন ; এবং

(খ) আর্থিক অনুদান দেওয়ার সরকারি নিয়মনীতি কীরূপ ?

শ্রী কিরণময় নন্দ :

(১) FFDA প্রকল্প — উপকৃত মৎস্যজীবীর সংখ্যা

১৯৯৯-২০০০—৬,০৮৯ জন—সর্বনিম্ন/সর্বোচ্চ অনুদান—৪০০০/- —২৪,০০০ টাকা

২০০০-২০০১—৯,০২৭ জন— ” ” ৬০০০/- —৫০,০০০ টাকা

(২) BFDA

প্রকল্প

১৯৯৯-২০০০—৪৪৮ জন—
২০০০-২০০১—৯৪০ জন— } চিংড়ির জন্য—অনুদান ৩০,০০০ টাকা

১৯৯৯-২০০০—৪৪৮ জন—
২০০০-২০০১—৯৪০ জন— } চিংড়ি ও অন্যান্য নোনা জলের মাছ—২৬,০৫০ টাকা

(৩) সামাজিক মৎস্যচাষ (Social fishery)

১৯৯৯-২০০০—৫৮০ হেক্টর—৭০টি সমবায় সমিতি ও ১৯০টি গ্রুপ

২০০০-২০০১—৬৯০ হেক্টর—৯০টি সমবায় সমিতি ও ১৭৮টি গ্রুপ

(৪) মৎস্যজীবীদের জন্য বার্ধক্যভাতা (Old age pension)

১৯৯৯-২০০০ — ১৫০০ জন } মাসিক ৩০০ টাকা হারে
২০০০-২০০১ — ১৫০০ জন

(৫) সামুদ্রিক মৎস্যজীবীদের জন্য ত্রাণ ও সঞ্চয় প্রকল্প (Savings cum relief scheme)

১৯৯৯-২০০০ — ৫০০০ জন—বছরের চার মাস ২৭০ টাকা হিসাবে
২০০০-২০০১ — ৭০০০ জন—বছরের চার মাসে ৩০০ টাকা হিসাবে

(৬) মৎস্যজীবীদের জন্য আদর্শ গ্রাম উন্নয়ন প্রকল্প (Model village)

১৯৯৯-২০০০ — ৫৮১টি বাড়ি তৎসহ পানীয় জলের নলকূপ ও মিলন গৃহ
—৫৮১টি মৎস্যজীবীদের পরিবার
২০০০-২০০১— ৮২০টি বাড়ি—৮২০টি মৎস্যজীবী পরিবার

(৭) মৎস্যজীবীদের জন্য দুর্ঘটনাযুক্ত গোষ্ঠীবীমা প্রকল্প (Group Insurance)

১৯৯৯-২০০০ — ১,৫২,৩৮০ জন
২০০০-২০০১ — ১,৫২,৩৮০ জন

(৮) মৎস্যজীবীদের জন্য নৌকা/জলে দেওয়ার প্রকল্প (NCDC/ARDC)

১৯৯৯-২০০০ — ১৫০টি নৌকা (জাল সহ)
২০০০-২০০১— ১০০টি নৌকা (জাল ও সরঞ্জাম সহ)

(৯) মৎস্যজীবীদের জন্য জাল/সুতো/হাঁড়ি বিতরণ প্রকল্প

১৯৯৯-২০০০ — ২০১০ জন
২০০০-২০০১ — ২২৫০ জন

(ঘ) উপভোক্তাদের তালিকা পঞ্চায়েতের দ্বারা তৈরি হয়।

[11.10—11.20 a.m.]

শ্রীমতী সোনালী গুহ : মাননীয় মন্ত্রী দয়া করে জানাবেন কি যে যাঁরা অনুদান পান তাঁদের কে নির্বাচিত করেন এবং কীভাবে নির্বাচিত করেন ?

শ্রী কিরণময় নন্দ : আমি তো আমার (খ) প্রশ্নের উত্তরে বলেছি যে, কারা উপভোক্তা এটা পঞ্চায়েত ঠিক করে।

শ্রীমতী সোনালী গুহ : আমরা জেলা থেকে নির্বাচিত হয়ে এসেছি। শুধু পঞ্চায়েত নয় অন্য জনপ্রতিনিধি যাঁরা আছেন তাঁদেরকে যুক্ত করার কোনো পরিকল্পনা সরকারের আছে কি না ?

শ্রী কিরণময় নন্দ : আমাদের যে নিয়ম আছে তাতে জেলা পরিষদ, স্থায়ী সমিতি যা করেন, পঞ্চায়েত সমিতি মূলত সেগুলোই আমরা করি। তবে জনপ্রতিনিধিদের যদি স্পেসিফিক প্রোপোজাল থাকে, পাঠালে নিশ্চয়ই সেটা বিবেচনা করা হবে।

শ্রীমতী সোনালী গুহ : আমার তৃতীয় প্রশ্ন হচ্ছে যে এই ব্যাপারে নানা দুর্নীতির অভিযোগ ওঠে। এই অভিযোগ প্রশমনের ব্যাপারে আপনি কি ব্যবস্থা নিয়েছেন ?

শ্রী কিরণময় নন্দ : কোনো অভিযোগ থাকলে পাঠাবেন। তখন করব।

শ্রী দীপক সরকার : মাননীয় মন্ত্রীমহাশয় জেলাওয়াড়ি তালিকা দিয়েছেন যারা ইতিমধ্যেই সাহায্য পেয়েছেন, সেকথাও বললেন। কুচবিহারে কতজন দরিদ্র মৎস্যচাষী ইতিমধ্যে সাহায্য পেয়েছেন ?

শ্রী কিরণময় নন্দ : আপনি আনস্টারড কোশ্চেন করুন আমি সমস্ত উত্তর দিয়ে দেব।

শ্রী আবদুল মান্নান : মাননীয় মন্ত্রীমহাশয়, আপনি যে সংখ্যাগুলো বললেন যে বেনিফিসিয়ারি আছে বললেন, নিয়মগুলো বললেন, আমি আপনার কাছে প্রশ্ন রাখতে চাই যে এই বেনিফিসিয়ারিদের আপনারা কি অ্যামাউন্ট লোন দেন, কি কি স্কিমে লোন দেন, কি কি সাবসিডি দেন, এই লোন রিপে করতে তাদের কত ইন্টারেস্ট দিতে হয়।

শ্রী কিরণময় নন্দ : এত রকম স্কিমে আছে যে ডিটেলস বলা সম্ভব নয়। আপনার যে অতিরিক্ত প্রশ্ন সেটা খুব ভাইটাল। আমাদের যে প্রকল্প বিশেষ করে উৎপাদনমুখী যত প্রকল্প করি সবটা ব্যাংকের সঙ্গে যুক্ত। সরাসরি কোনো অনুদান কোনো উপভোক্তা বা মৎস্যচাষীকে দেওয়া হয় না। ব্যাংক ঋণের এই অনুদান যুক্ত করা হয়। ব্যাংকের মাধ্যমে তাদের কাছে পাঠিয়ে দেওয়া হয়। কয়েক বছর ধরে ব্যাংকের একটা অনীহা আমরা দেখেছি যে এই ধরনের প্রকল্পের ঋণ দিতে। জানি না এটা কেন্দ্রীয় সরকারের কোনো নীতি বা নিয়মে হচ্ছে কিনা ? আগে ব্যাংকের কাছ থেকে যে পরিমাণ সাহায্য পাওয়া যেত, এখন তা পাওয়া যাচ্ছে না। আরেকটা কথা আমরা বারেবারেই বলেছি যে সমস্ত এলাকা বন্যাকবলিত সেখানে মৎস্যচাষ ভীষণভাবে ক্ষতিগ্রস্ত হয় সেখানে যদি ইনসিওরেন্সের ব্যবস্থা না করা যায় তাহলে ব্যাংক সেই সমস্ত জেলাগুলিতে টাকা লগ্নী করতে রাজি নয়। কেন্দ্রীয় সরকারকে বলেছি বিমা প্রকল্প যেন আবশ্যিক হয়। আর উৎপাদনে প্রথম পুরস্কার সেটা ১০ বছর ধরে পেয়েছি। গোটা ভারতবর্ষের ৩৩ ভাগ পশ্চিমবঙ্গে হয়, যদিও গোটা ভারতবর্ষের ৫ পারসেন্ট মাত্র জলাশয় আমাদের রাজ্যে আছে। টোটাল প্রোডাকশন নয়, প্রোডাকটিভিটি প্রতি হেক্টরে উৎপাদন আমাদের অনেক বেশি।

শ্রী অশোক দেব : আপনি রাইটার্সে বসে থাকেন, স্বাভাবিকভাবেই পঞ্চায়েতে কি ঘটছে সেটা অনেক সময়েই আপনি জানতে পারেন না। গত বছরে আমি আপনাকে বলেছিলাম যে সত্যিকারের যাদের পাওয়ার যোগ্যতা আছে যে সব চাষীদের তারা অনেক সময় বঞ্চিত হয়। সেখানে দলবাজি করার জন্য তারা পায় না। সেক্ষেত্রে আপনার নির্দেশ দেওয়া দরকার যে সত্যিকারের যাদের ব্যাংক লোনের দরকার তারা যেন পায়। সেখানে যেন দলবাজি না হয়। আমি আশা করব সেই ভূমিকা আপনি পালন করবেন। এ ব্যাপারে আপনি কোনো পদক্ষেপ নিয়েছেন কি ?

শ্রী কিরণময় নন্দ : মৎস্যচাষীদের ক্ষেত্রে ইতিমধ্যেই ব্যাংক যে সমস্ত উপভোক্তার নাম পাঠায় ৩, ৪ বছর ধরে সেই তালিকা বহু জায়গায় পড়ে আছে। আমরা অনুদান মঞ্জুর করার পরও ৩, ৪ বছর পড়ে আছে, কেসগুলি স্যাংশন করেছি। আপনি যেটা বললেন সেটা ঠিক নয়, কারণ আমরা আরও বেশি বেশি মানুষকে এটা দিতে পারলে আমরাই বেশি খুশি হতাম। কারণ আমরা চাইছি স্বনিযুক্তি প্রকল্পের ব্যাপকতা বাড়ুক, তাই যাঁরা মৎস্য চাষ করেন তাঁদের এর সাথে যুক্ত করতে আমাদের কোনো অসুবিধা নেই।

শ্রী নেপাল মাহাতো : স্যার, আপনার মাধ্যমে মন্ত্রী মহাশয়কে অতিরিক্ত প্রশ্ন, আপনি অনুদানের কথা বললেন বেনিফিসিয়ারি লিস্ট পঞ্চায়েত তৈরি করে। তাহলে পঞ্চায়েত এলাকায় কে তৈরি করবে ?

শ্রী কিরণময় নন্দ : মিউনিসিপ্যালিটির ক্ষেত্রে মিউনিসিপ্যালিটি তৈরি করবে। ডিস্ট্রিক্ট প্ল্যানিং বোর্ডের অধীনে জিলা পরিষদ পাঠিয়ে দেয়, সেখানকার স্থায়ী কমিটি রেকমেন্ড করলে আমরা পাঠিয়ে দেব।

উড়ালপুল নির্মাণ

*৩০২। (অনুমোদিত প্রশ্ন নং *১১৪০) **শ্রীমতী কণিকা গাঙ্গুলী** : পূর্ত বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) বর্তমানে রাজ্যে রেললাইনের ওপর কতগুলি উড়ালপুল নির্মাণের কাজ চলছে ; এবং

(খ) হাওড়া জেলার লিলুয়া ও মৌরীগ্রামের উড়ালপুল নির্মাণের কাজগুলি বর্তমানে কোন পর্যায়ে আছে ?

শ্রী অমর চৌধুরী :

(ক) বর্তমানে রাজ্যে রেললাইনের ওপর ৪ (চার)টি উড়ালপুল নির্মাণের কাজ চলছে।

(খ) **লিলুয়া উড়ালপুল** : লিলুয়া উড়ালপুলের পূর্বদিকের অ্যাপ্রোচ রোড ও ভায়াডাক্ট অংশের কাজ প্রায় শেষের দিকে। কিন্তু প্রয়োজনীয় জমি না পাওয়ার জন্য পশ্চিমদিকের অ্যাপ্রোচ রোড ও ভায়াডাক্ট অংশের কাজ শুরু করা সম্ভব হয়নি। আজ পর্যন্ত মোটের ওপর শতকরা ৩৫ ভাগ কাজ সম্পন্ন হয়েছে।

মৌরীগ্রাম উড়ালপুল : মূল সেতুসহ মৌরীগ্রাম উড়ালপুলের উভয় দিকের অ্যাপ্রোচ রোড ভায়াডাক্ট অংশের কাজ দ্রুতলয়ে চলছে। আজ পর্যন্ত মোটের ওপর ৬৫ শতাংশ কাজ সম্পন্ন হয়েছে।

[11.20—11.30 a.m.]

শ্রীমতী কণিকা গাঙ্গুলী : লিলুয়া উড়ালপুলের পূর্বদিকের কাজ হচ্ছে। অথচ, পশ্চিমদিকের অ্যাপ্রোচ রোডের দিকে কাজ করার জন্য জমির সমস্যা রয়েছে। আমরা দেখেছি পূর্বদিকের কাজ প্রায় সমাপ্তির মুখে কিন্তু পশ্চিমদিকের রেলের জমি অধিগ্রহণের কাজ এখনও হয়নি। আমি জানতে চাইছি, রেলের জমি পাওয়ার ক্ষেত্রে কোনো সমস্যা হয়েছে কিনা ?

শ্রী অমর চৌধুরী : রেলের জমি পাওয়ার ক্ষেত্রে সমস্যা আছে এবং সে বিষয়ে আমরা সংশ্লিষ্ট লোকেদের সাথে আলোচনা করছি, এ বিষয়ে কোনো সন্দেহ নেই। তবে আরো যে জমি আছে, যেমন পিজরাপোলের জমি পাওয়া না গেলে কাজ করা যাবে না এবং মাননীয়া সদস্যা জানেন যে আমরা আশা করি সংশ্লিষ্ট ব্যক্তিবর্গের সঙ্গে আলোচনা করে একটা সেটেলমেন্টে আমরা আসতে পারব এবং আপনি নিজেও এক্ষেত্রে সহযোগিতা করার অফার দিয়েছেন।

শ্রীমতী কণিকা গাঙ্গুলী : এই উড়ালপুলের পশ্চিম দিকের অংশ যেখানে শেষ হচ্ছে তার সঙ্গে ৬ নম্বর জাতীয় সড়কের অ্যাপ্রোচ রোডের কাজ কতটা শুরু হয়েছে ?

শ্রী অমর চৌধুরী : অ্যাপ্রোচ রোডের সার্বিক কাজ জমি অধিগ্রহণ সংক্রান্ত বিষয়ে আটকে আছে।

শ্রীমতী কণিকা গাঙ্গুলী : লিলুয়ার পশ্চিমাঞ্চলে একমাত্র রেলপথ ছাড়া কোনো পরিকাঠামো নেই। কিন্তু বিভিন্ন ধরনের ছোট শিল্প এবং প্রচুর পরিমাণে নগরায়ণ হয়েছে। এবং আগামী ২৯ তারিখে পূর্ব ঘোষণামতো একটা বাসরুট সেখানে চালু করতে চলেছি। ২৯ তারিখে তার উদ্বোধন হবে। কিন্তু যে রাস্তা দিয়ে ওই বাস চালু করা হবে সেটা পরিবহনযোগ্য নয় এবং অত্যন্ত সরু। যদিও মানুষের সুবিধার কথা ভেবে সেখানেই আপাতত এই বাসরুট চালু করতে হচ্ছে। কিন্তু লিলুয়া উড়ালপুলের কাজ যত তাড়াতাড়ি শেষ করা সম্ভব হবে তার উপর দিয়ে এই নতুন বাসরুট চালু করতে পারা যাবে। সেখানে এই জমির ব্যাপারে উনি আমার সহযোগিতা চেয়েছেন, সহযোগিতা আগেও করেছি, পরেও করব, ওটা অবশ্যই হবে, উন্নয়নের স্বার্থে হবে, এটা আমরা করে থাকি, এটা বামফ্রন্টের একটা নীতির মধ্যে পড়ে এবং সরকারেরও একটা নীতি। মাননীয় মন্ত্রিমহাশয়ের কাছে আমার প্রশ্ন যে, জমির বিষয়গুলো মিটে গেলে এই কাজ সম্পন্ন করতে কতদিন সময় লাগবে ?

আমার উপর মন্ত্রিমহাশয়ের কনফিডেন্স আছে। আমরা প্রশ্ন করছি আপনাদের বিরক্তির কোনো কারণ নেই। আপনাদের এত চিড়বিড়ানি কেন ? আপনাদের জ্বালা অন্য জায়গায়। একের পর এক সব পরিকাঠামো হয়ে যাচ্ছে, উন্নয়ন হচ্ছে। সেজন্য আপনাদের জ্বালা।

শ্রী অমর চৌধুরী : মাননীয়া সদস্যার প্রশ্নের উত্তরে বলতে চাই যে, রেলের পূর্বদিকের অংশের উন্নয়ন প্রায় সম্পূর্ণ, বাকি উন্নয়নের জন্য জমির যে সমস্যা আছে সেটা শেষ হলে এক বছরের মধ্যে কাজ শেষ করা যাবে বলে আশা করি।

শ্রী জগরঞ্জন হালদার : ডায়মন্ডহারবার স্টেশনের কাছে রেলের যে জায়গা সেই জায়গা পুনরায় অধিগ্রহণ করার জন্য উচ্ছেদের কোনো নোটিশ দিয়েছেন ?

শ্রী অমর চৌধুরী : এটা এই প্রশ্নের সঙ্গে সম্পর্ক যুক্ত নয়। আপনি আলাদা নোটিশ দেবেন, বলে দেব।

শ্রী পদ্মনিধি ধর : মাননীয়া সদস্যা শ্রীমতী কণিকা গাঙ্গুলীর প্রশ্নে যেটা আছে সেটা তাঁর কনস্টিটিউয়েন্সি নিয়ে। এর আগে যিনি পি ডব্লিউ ডি মন্ত্রী ছিলেন সেই মাননীয় ক্ষিতিবাবুর সঙ্গে আমরা বসে আলোচনা করেছি, এই বিষয়ে তিনি সব জানেন। স্যার, আমরা নিজের থেকে পশ্চিমপাড়ের জমি অধিগ্রহণ সম্পূর্ণ চিহ্নিত করেছিলাম এবং ওখান থেকে গত ২০ ফেব্রুয়ারি ওখানে নিসকো কারখানা যেটা পশ্চিমবঙ্গ সরকার অধিগ্রহণ করেছেন এবং মাননীয় মুখ্যমন্ত্রী শ্রীবুদ্ধদেব ভট্টাচার্য মহাশয় ১০ কোটি টাকার রোলিং মিল উদ্‌বোধন করেছেন, তার পাশে নিসকোর ১২০ একর জায়গা আছে, নিসকো জায়গা দিয়েছে, বোম্বে রোড ও ন্যাশনাল হাইওয়ের নম্বর ৬ তার সঙ্গে এটা যুক্ত হবে। যুক্ত হওয়ার ফলে লিলুয়ার যানজট কমবে এবং তার সঙ্গে সঙ্গে রেলপথে যাতায়াতের ব্যাপারে রাজধানী থেকে শুরু করে অন্যান্য ট্রেনগুলোর যাতায়াতের সুবিধা হবে। এই রোড ওভার ব্রিজের কাজ দ্রুতগতিতে সম্পন্ন হওয়ার কথা। মাননীয় ক্ষিতিবাবু উদ্‌বোধন করেছিলেন, আমরা উপস্থিত ছিলাম। কয়েক বছর হল। কিন্তু এত দেরিতে কেন হচ্ছে ? আমরা স্পেসিফিকালি জানতে চাই যে, কতদিনের মধ্যে এই জমি রেলের কাছ থেকে আদায় করে এবং নিসকোর জমি এখনই পাবেন—কতদিনের মধ্যে কাজটা শেষ হবে ?

শ্রী অমর চৌধুরী : মাননীয়া সদস্যা শ্রীমতী কণিকা গাঙ্গুলীর প্রশ্নের উত্তরে আমি বলেছি, পিজরাপোল অংশের জমি আমরা পাইনি বলে ডিপার্টমেন্টের সঙ্গে আমরা তাদেরকে বলেছি এবং সেই সমস্যা সমাধানের জন্য আপনাদের সহযোগিতা চাই। রেলের জমি নিয়ে বহুদিন ধরে আমাদের নেগোসিয়েশন চলছে। পিজরাপোলের জমিটা পেলেই কাজটা শুরু করতে পারব এবং শুরু থেকে এক বছরের মধ্যে শেষ করা যাবে।

[11.30—11.40 a.m.]

শ্রী জানে আলম মিঞা : মুর্শিদাবাদ জেলার বহরমপুরে ৩৪নং জাতীয় সড়কের ওপর যে রেললাইন আছে সেখানে একটা উড়ালপুল প্রয়োজন। দীর্ঘদিন ধরে ওই এলাকার মানুষ উড়ালপুলের দাবি জানিয়ে আসছে। ৪৫ বছর ধরে কংগ্রেস দিল্লিতে ক্ষমতায় থাকলেও ওখানে উড়ালপুল করার জন্য কোনো উদ্যোগ নেয়নি। এখন কেন্দ্রে এন ডি এ সরকার আছে। তাদের জোটে যাঁরা ছিলেন এবং ভবিষ্যতে জোটে যাবেন তাঁরা এখানে উপস্থিত আছেন। এই এন ডি এ সরকারের এ-বিষয়ে কোনো প্রচেষ্টা নেই। তাই আমি রাজ্য সরকারের কাছে জানতে চাইছি ওই রেললাইনের ওপর উড়ালপুল করার কোনো পরিকল্পনা রাজ্য সরকারের আছে কি ?

শ্রী অমর চৌধুরী : না, এখনই কোনো পরিকল্পনা নেই। তবে মাননীয় সদস্য যদি কোনো প্রস্তাব দেন তাহলে আমরা তা ভবিষ্যতে বিবেচনা করব।

শ্রী নির্মলচন্দ্র মণ্ডল : স্যার, আমি মন্ত্রী মহাশয়ের কাছে জানতে চাইছি—১৯৯৯ সালে কেন্দ্রীয় রেলমন্ত্রী মমতা ব্যানার্জী সোনারপুরে একটা ওভার ব্রিজ উদ্‌বোধন করেছিলেন। সেই উদ্‌বোধনী অনুষ্ঠানে তখনকার পূর্তমন্ত্রী এবং স্থানীয় বিধায়ক উপস্থিত ছিলেন। এক, দেড় বছরের মধ্যে এটা সম্পূর্ণ হওয়ার কথা ছিল। রেল ওভার ব্রিজের ওপরের রাস্তা ইতিমধ্যেই কমপ্লিট হয়ে গেছে। কিন্তু জানি না কোন কারণে ব্রিজের নীচের কাজ এখনো শুরু হল না। আমি মাননীয় মন্ত্রী মহাশয়ের কাছে জানতে চাইছি কি কারণে নীচের কাজ এখনো শুরু হল না। তাড়াতাড়ি ওই কাজ শুরু করবেন কি ?

শ্রী অমর চৌধুরী : সোনারপুরের ব্রিজের ব্যাপারে আপনি নোটিশ দেবেন, আমি বলে দেব।

সমবায় বর্ষে প্রদত্ত ঋণের পরিমাণ

*৩০৩। (অনুমোদিত প্রশ্ন নং *৭৮৯) **শ্রী অতীশচন্দ্র সিংহ** : সমবায় বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) গত সমবায় বর্ষে প্রদত্ত স্বল্পমেয়াদী ও দীর্ঘমেয়াদী সমবায় ঋণের পরিমাণ কত ; এবং

(খ) ৩০শে জুন, ২০০০ পর্যন্ত উক্ত খাতে অনাদায়ী ঋণের পরিমাণ কত ?

শ্রী নরেন্দ্রনাথ দে :

(ক) বিগত সমবায় বর্ষে প্রদত্ত স্বল্পমেয়াদী ঋণের পরিমাণ ৩০৩.৯৩ কোটি টাকা এবং দীর্ঘমেয়াদী ঋণের পরিমাণ ৭৬.২৭ কোটি টাকা।

(খ) ৩০শে জুন, ২০০০ পর্যন্ত অনাদায়ী স্বল্পমেয়াদী ঋণের পরিমাণ ছিল ২০১.৭৯ কোটি টাকা এবং

ওই তারিখ পর্যন্ত অনাদায়ী দীর্ঘমেয়াদী ঋণের পরিমাণ ছিল ৫৩.৬৯ কোটি টাকা।

শ্রী অতীশচন্দ্র সিনহা : স্যার, অতিরিক্ত প্রশ্ন : মাননীয় মন্ত্রীর কাছে আমি জানতে চাইছি পশ্চিমবাংলায় যে ঋণ দেওয়া হচ্ছে—স্বল্পমেয়াদী এবং দীর্ঘমেয়াদী, যেটা উনি এখানে উল্লেখ করেছেন স্বল্পমেয়াদী ঋণের পরিমাণ ৩০৩.৯৩ কোটি টাকা এবং দীর্ঘমেয়াদী ঋণের পরিমাণ ৭৬.২৭ কোটি টাকা, সেটা প্রয়োজনের তুলনায় কতটা ? পশ্চিমবাংলায় কত টাকার স্বল্পমেয়াদী এবং কত টাকার দীর্ঘমেয়াদী ঋণের প্রয়োজন, এ বিষয়ে কি কোনো সার্ভে হয়েছে ?

শ্রী নরেন্দ্রনাথ দে : কৃষি দপ্তরে থাকাকালীন সার্ভে করেছিলাম। আমাদের ১২০০ কোটি টাকার মতো স্বল্পমেয়াদী ঋণ প্রয়োজন। তবে সেই ঋণের প্রয়োজনীয়তা এখন খানিকটা কমেছে।

ভূমি সংস্কারের মধ্যে দিয়ে কৃষির উন্নতির ফলে অনেক কৃষকেরই নিজস্ব কিছু সম্পদ গড়ে উঠেছে। সেজন্য ঋণের প্রয়োজনীয়তা কিছুটা কমেছে। এখনই একজাক্টলি বলতে পারছি না এখন প্রয়োজনটা কত।

শ্রী অতীশচন্দ্র সিনহা : স্যার, আমার দ্বিতীয় প্রশ্ন মাননীয় মন্ত্রীর কাছে—তিনি স্বল্পমেয়াদী এবং দীর্ঘমেয়াদী ঋণ শোধের একটা হিসাব দিয়েছেন। কিন্তু তার শতকরা হিসাব কত ? আমার কাছে যে হিসাব আছে সেটা খুবই কম। সুতরাং সেটা বাড়াবার কোনো প্রচেষ্টা আপনাদের তরফ থেকে হয়েছে কিনা দয়া করে জানাবেন কি ?

শ্রী নরেন্দ্রনাথ দে : মোটামুটি ৬২.৯৭ পারসেন্ট অর্থাৎ প্রায় ৬৩ পারসেন্ট রিকভারি বাড়াবার জন্য আমরা বিভিন্ন পথ অবলম্বন করি। মোটামুটি পারস্যু করে আদায় করার কথা হচ্ছে প্রথম কথা। আইনগত যে ব্যবস্থা আছে অগত্যা সেগুলি মোটামুটি করতে হয়। কিন্তু কিছু কিছু স্বল্পমেয়াদী ঋণ আদায়ের ক্ষেত্রে অসুবিধা হচ্ছে। যেমন ধরুন, বন্যা হয়ে গেল। সেই সময়ে কৃষকদের কাছে সেইভাবে ডিমান্ড করা যায় না। ফলে, অনাদায়ী কিছুটা বেড়ে যায়। অ্যাভারেজে যেটা দেখছি ৬৩ পারসেন্ট রিকভারি হয়েছে।

শ্রী অতীশচন্দ্র সিনহা : তৃতীয় প্রশ্ন, এই যে রিজার্ভ ব্যাংক, স্টেট কো-অপারেটিভ ব্যাংক, সেন্ট্রাল কো-অপারেটিভ ব্যাংক এবং প্যাক্স—এই যে ৪/৫টি স্তর আছে, তাদের কাছ থেকে চাষীরা কোন স্তরে কত টাকা সুদে পান এবং বিভিন্ন স্তর থেকে দিতে দিতে শেষ পর্যন্ত চাষীদের কাছে যে ঋণ পৌঁছায় সেটা কত পারসেন্ট সুদে চাষীদের ঋণ দেন ?

শ্রী নরেন্দ্রনাথ দে : চাষিদের কাছে ন্যাবার্ড বলে দিচ্ছে কত টাকা। ১০ হাজার টাকায় ১২ পারসেন্ট, তারপর ১৩ পারসেন্ট—এটা আমরা দিই। এখন উপর থেকে নিচের স্তর এই পুরো স্তরটা এখনই বলতে পারব না। তবে প্রত্যেক ক্ষেত্রে ১ পারসেন্ট ডিফারেন্স আছে।

শ্রীমতী রত্না দে (নাগ) : কতকগুলি অনাদায়ী ঋণের জন্য কতকগুলি কৃষক সমবায় সমিতির ক্রেডিট-লাইন চোক্‌ড হয়ে গেছে। এই সমিতিগুলিকে সাহায্য করার জন্য সরকার কি ভাবছেন ?

শ্রী নরেন্দ্রনাথ দে : আমাদের যে প্যাক্স বা এস. কে. ইউ. এস. এগুলি অনেকটা আমি আমার বাজেট বক্তৃতার সময়ে বলেছিলাম যে আমাদের কিছু কিছু আছে যেগুলি ভালোভাবে চলছে, কিছু আছে খুঁড়িয়ে-খুঁড়িয়ে চলছে আর কিছু আছে বসে পড়েছে। এগজাক্ট তথ্য জানার জন্য আমরা একটা কাজ শুরু করেছি যার নামকরণ করেছি কো-অপারেটিভ সেনসাস এবং আমরা ৩৮টি প্রশ্ন তাদের কাছে দিয়েছি। এর মধ্যে অনেকগুলি জেলা থেকে পেয়ে গেছি। আশা করছি, বাই দি মিডল অফ আগস্ট এটা কমপ্লিট হবে। তখন পুরো ব্যাপারটা কম্পিউটারাইজড করব। করলে আমাদের সামনে যে প্রশ্ন আছে আমরা তখন এক্সপার্ট কমিটি করে যেগুলি বুঝে দেখব কিছু সহযোগিতা পেলে আবার সেগুলি রিভাইভ হতে পারে সেগুলিকে সহযোগিতা দেব এক্সপার্ট কমিটি আমাদের রেকমেন্ড করলে। আমরা চাই সেগুলি রিভাইভ হোক। কিন্তু একজ্যাক্ট কি সহযোগিতা তাদের দেওয়া দরকার সেই সম্পর্কে রেকমেনডেশন পাই, পাবার পর সেই সিদ্ধান্ত নিতে পারব।

শ্রী শ্যামাপ্রসাদ পাল : অতিরিক্ত প্রশ্ন, মাননীয় মন্ত্রিমহাশয়, শস্যবীমার ক্ষেত্রে অর্ধেক কৃষকদের দিতে হয় আর অর্ধেক সরকারের পক্ষ থেকে দেওয়া হত। কিন্তু এটার পরিবর্তন হয়েছে। রাজ্য সরকার দিত সিকিভাগ আর কেন্দ্রীয় সরকারের যেটা দেওয়ার কথা ছিল সেটা দিচ্ছে না। কৃষকদের দিতে হচ্ছে। কিন্তু ঋণদানের ক্ষেত্রে মার্চ-এপ্রিল হতে চলল সরকারের সার্কুলার না পৌঁছানোয় চাষীরা অর্ধেক দিয়ে দিয়েছে কিন্তু বাদবাকি ২৫ ভাগ আদায় করার ক্ষেত্রে যে সমস্যা সেই সমস্যার সমাধানের জন্য কি ব্যবস্থা নিয়েছেন ?

শ্রী নরেন্দ্রনাথ দে : শস্যবীমার ক্ষেত্রে এর আগে কেন্দ্রীয় সরকারের যে নীতি ছিল সেটা আমরা রাজ্যে চালু করেছিলাম। কিন্তু কেন্দ্র রাজ্য সরকারের সঙ্গে কোনো রকম আলোচনা না করেই নতুন নীতি চালু করেছেন। আপনি যে প্রবলেমের কথা বললেন দপ্তর সে সম্পর্কে ওয়াকিবহাল, আমরা শীঘ্রই এর ব্যবস্থা করছি।

[11.40—11.50 a.m.]

শ্রী পরশ দত্ত : ভারতবর্ষের অনেক রাজ্য প্রাকৃতিক বিপর্যয় হলে কৃষকদের কৃষিঋণ মকুব করে দেয়। মাননীয় মন্ত্রিমহাশয় কি জানাবেন, এক্ষেত্রে আমাদের সমবায় দপ্তর থেকে চাষীদের যে ঋণ দেওয়া হয় তা মকুব করা হয়েছে কিনা, করা হয়ে থাকলে শতকরা কত ভাগ ?

শ্রী নরেন্দ্রনাথ দে : ঋণ মকুব করা হয়নি। কিছু স্বল্পমেয়াদী ঋণকে মধ্যমেয়াদী ঋণ করা হয়েছে।

শ্রী অশোক দেব : মাননীয় মন্ত্রিমহাশয় কি জানাবেন, কতগুলি সমিতি জীবিত আছে বা চলছে, কতগুলি মৃত, কতগুলি অর্ধ-মৃত অবস্থায় আছে ?

শ্রী নরেন্দ্রনাথ দে : আমি তো একটু আগেই বললাম যে, এ সম্পর্কে একজাক্ট ফিগারটা জানার জন্যই আমরা কো-অপারেটিভ সেনসাস করছি। মাস খানেক পরে আমাকে জিজ্ঞাসা করলে বলে দিতে পারব। তা ছাড়া আমি আগেই বলেছি যে অ্যাকচুয়ালি ৭ হাজারের মতন প্যাক্স আছে কিন্তু তার মধ্যে বেশ কয়েকটি অচল হয়ে আছে। কি পরিস্থিতি, একজাক্টলি কতগুলি একদম ঠিকমতন চলছে না তা জানার জন্যই সেনসাস করছি।

শ্রী মোহন জাটুয়া চৌধুরী : মাননীয় মন্ত্রিমহাশয় কি জানাবেন, বর্ধমানের প্রণবানন্দ কো-অপারেটিভ ব্যাংকটি বন্ধ হয়ে গিয়েছে কিনা ? যদি বন্ধ হয়ে গিয়ে থাকে তাহলে তা চালু করার জন্য সরকার কিছু ভাবছেন কিনা ?

শ্রী নরেন্দ্রনাথ দে : মাননীয় সদস্য অতীশচন্দ্র সিনহা মহাশয় যে প্রশ্ন করেছেন সেই প্রশ্নের সঙ্গে এই অতিরিক্ত প্রশ্নের প্রাসঙ্গিকতা থাকলে আমি তৈরি হয়ে আসতাম। দুঃখিত, এখনই এর উত্তর দিতে পারছি না, পরে এ সম্পর্কে প্রশ্ন করলে জানাতে পারব।

শ্রী ব্রহ্মময় নন্দ : মাননীয় মন্ত্রী মহাশয় বললেন দীর্ঘমেয়াদী ঋণ, স্বল্পমেয়াদী ঋণ কত দেওয়া হয়েছে। আমার জিজ্ঞাস্য, গত সমবায় বর্ষে কতজন কৃষককে স্বল্পমেয়াদী এবং কতজনকে দীর্ঘমেয়াদী ঋণ দেওয়া হয়েছে—তার সংখ্যাটা কত ?

শ্রী নরেন্দ্রনাথ দে : স্বল্পমেয়াদী ঋণ পেয়েছেন ১৩ লক্ষ ৩০ হাজার ৩৭৫ জন।

সাক্ষরতা প্রকল্প

*৩০৪। (অনুমোদিত প্রশ্ন নং *৩৬৫) **শ্রী তপন হোড় :** জনশিক্ষা প্রসার বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) বর্তমানে রাজ্যে পূর্ণ সাক্ষরতা প্রকল্পটির কাজ শেষ হয়েছে কি না ;

(খ) 'ক' প্রশ্নের উত্তর 'না' হলে, উক্ত প্রকল্পের কাজ কবে নাগাদ শেষ হবে বলে আশা করা যায় : এবং

(গ) ২০০০-২০০১ বর্ষে উক্ত প্রকল্পে ব্যয়িত অর্থের পরিমাণ কত ?

শ্রীমতী নন্দরানী দল :

(ক) না।

(খ) কোনো সময় নির্দিষ্ট করে বলা সম্ভব নয়।

(গ) জাতীয় সাক্ষরতা মিশন কর্তৃক প্রদত্ত :

	২৫.০০ লক্ষ টাকা
রাজ্য সরকার প্রদত্ত	২৭.৬২ লক্ষ টাকা
	৫২.৬২ লক্ষ টাকা

২০০০-২০০১ সালের জন্য এই প্রকল্পে ব্যয়িত হয়েছে।

শ্রী তপন হোড় : মন্ত্রী মহোদয়া দয়া করে জানাবেন কি, আমাদের রাজ্যে কত পারসেন্টকে পূর্ণসাক্ষর হিসাবে ঘোষণা করা হয়েছে ?

শ্রীমতী নন্দরানী দল : ৯২ লক্ষ ৩৬ হাজার। জাতীয় সাক্ষরতা মিশন—কেন্দ্রীয় সরকার কর্তৃক নিযুক্ত এজেন্সি, যারা মূল্যায়ন করছে, বহির্মূল্যায়ন তার মধ্যে দিয়ে ৯২ লক্ষ ৩৬ হাজার মানুষ এই সাক্ষরতা প্রকল্পের মধ্যে দিয়ে সাক্ষর হয়েছেন।

শ্রী তপন হোড় : এখন পর্যন্ত পূর্ণ সাক্ষরতার কাজ চলছে বলেছেন। কোন কোন জেলায় এখনও পূর্ণ সাক্ষর হতে বাকি থাকছে সেটা যদি বলেন।

শ্রীমতী নন্দরানী দল : কলকাতা জেলা বাদে ১৬টি জেলায় সার্বিক সাক্ষরতার কাজ শেষ হয়েছে। দার্জিলিং জেলায় সার্বিক সাক্ষরতার কাজ চলছে।

শ্রী বঙ্কিম হাজরা : ইতিপূর্বে সরকারের পক্ষ থেকে ঘোষণা করা হয়েছিল যে, পূর্ণ সাক্ষর যাঁরা হবেন তাঁদের জন্য প্রতি গ্রাম পঞ্চায়েতে জনশিক্ষা কেন্দ্র খোলা হবে। সে সম্পর্কে সরকারের কোনো পরিকল্পনা আছে কিনা ?

শ্রীমতী নন্দরানী দল : সাক্ষরতার তিনটি ধাপ রয়েছে—সার্বিক সাক্ষরতা, সাক্ষরোত্তর সাক্ষরতা প্রকল্প এবং ধারাবাহিক এডুকেশন। ইতিমধ্যে ৭টি জেলা ধারাবাহিক শিক্ষার আওতায় এসে গেছে এবং বাকি জেলাগুলি ২০০২ সালের মধ্যে আসবে। যে জেলাগুলি ধারাবাহিক শিক্ষার মধ্যে রয়েছে সেখানে এখনও এই কেন্দ্র খোলা হয়নি।

শ্রী রবীন্দ্রনাথ ঘোষ : মাননীয় মন্ত্রী মহোদয়ার কাছে জানতে চাই, যারা সাক্ষরতা লাভের পর ভুলে গেছে তারা কি ধারাবাহিক শিক্ষাকেন্দ্রের মধ্যে আসতে পারবেন ?

শ্রীমতী নন্দরানী দল : যারা শিখেছে তারা সবাই ওই কেন্দ্রে আসতে পারবেন। তাদের জন্যও ওই কেন্দ্রে ব্যবস্থা রাখা হয়েছে।

শ্রী অজয় দে : সার্বিক সাক্ষরতার কাজ অনেক জায়গায় শেষ হয়েছে এবং যেখানে হয়নি সেখানে সাক্ষরতার কাজ চলছে। এর আগে বিধানসভায় শুনেছিলাম, যাঁরা ভলান্টিয়ারি টিচারের কাজ করছিলেন তাঁদের ওই কাজ করবার জন্য রেমুনারেশন এবং অ্যালাউন্স দেবার পরিকল্পনা হয়েছিল। সে সম্পর্কে বিভিন্ন পৌরসভা এবং পঞ্চায়েত থেকে নামের তালিকাও নেওয়া হয়েছে। আমি একটি পৌরসভার চেয়ারম্যান, আমার কাছ থেকে সেটা নেওয়া হয়েছে। আমার জিজ্ঞাস্য, সেটা কি চালু হবে, ভলান্টিয়ারি টিচারদের কি রেমুনারেশন দেওয়া হবে, দেওয়া হলে কবে থেকে দেওয়া হবে এবং তার পরিমাণ কত ?

শ্রীমতী নন্দরানী দল : জেলাগুলিতে এই ধরনের রেমুনারেশন আমরা দিচ্ছি। যদি সাক্ষরতার কাজটা পোস্ট লিটারেসির পর ধারাবাহিক সেন্টারের মধ্যে আসে তাহলে আমাকে তালিকা দিলে আমি দেব। আমি পৌরসভাগুলিকেও এটা বলেছি। তাদের ৬০০ টাকা, ৩০০ টাকা, ১,২০০ টাকা করে দিচ্ছি।

শ্রী ধনঞ্জয় মোদক : আপনি বলেছেন, ৩২ লক্ষ ৩৬ হাজার জন সাক্ষর হয়েছেন এবং দার্জিলিং জেলায় সার্বিক সাক্ষরতার কাজ চলছে। সাক্ষরতার তিনটি স্তর রয়েছে—সার্বিক সাক্ষরতা, পোস্ট লিটারেসি প্রকল্প এবং ধারাবাহিক সাক্ষরতা প্রকল্প।

কোন জেলায় কোন পোস্ট লিটারেসি প্রকল্প চলছে, ধারাবাহিক সাক্ষরতা প্রকল্প কোথায় চলছে, সার্বিক সাক্ষরতা কর্মসূচি কোন কোন জেলায় চলছে বলুন।

[11.50—12.00 Noon]

শ্রীমতী নন্দরানী দল : ধারাবাহিক সাক্ষরতা প্রকল্প ৭টি জেলায় চলছে, মেদিনীপুর, বাঁকুড়া, হুগলি, বীরভূম, উত্তর ২৪-পরগনা, দক্ষিণ ২৪-পরগনা। দার্জিলিং জেলায় সার্বিক সাক্ষরতা প্রকল্প চলছে। কলকাতা জেলায় রাজ্য সরকারের পরিচালনায় সাক্ষরতা প্রকল্পের কাজ

চলছে। বাকি ৯টি জেলায় পোস্ট লিটারেসি প্রোগ্রামের মধ্যে আছে। তারা ২০০২ সালের মধ্যে মূল্যায়ন করে ধারাবাহিক প্রকল্পের আওতায় চলে আসবে।

শ্রী বিপ্লব রায়চৌধুরী : ১৩ বছর আগে প্রথম সাক্ষরতার কাজটা শুরু হয়েছিল। আমরা সবাই সেই কাজের মধ্যে যুক্ত ছিলাম। আমি গর্বের সঙ্গে বলতে পারি কোলা ১ নম্বর গ্রাম পঞ্চায়েত এই সাক্ষরতা প্রোগ্রামে শ্রেষ্ঠ হয়ে ১ লক্ষ টাকা পুরস্কার পেয়েছিল। আশ্চর্যের সঙ্গে লক্ষ্য করছি ৩ বছর খুব ভালো কাজ হয়েছিল, তারপর সেই প্রোগ্রাম মুখ থুবড়ে পড়ে, ফিজিক্যালি হ্যান্ডিক্যাপডের মতো চলতে আরম্ভ করে এবং একেবারে শুয়ে পড়েছিল। এখন যে অবস্থায় চলছে তাতে এই প্রোগ্রামের জন্য কেন টাকা খরচ করা হচ্ছে জানি না। আমরা সাক্ষরতার ব্যাপারে খুবই উৎসাহী। আপনাদের এই সাক্ষরতার ব্যাপারে তৎপর হতে দেখতে পাচ্ছি না। আপনি ব্যক্তিগতভাবে সমস্ত ব্লকে ব্লকে, জেলায় জেলায় ঘুরে দেখার জন্য অনুরোধ জানাচ্ছি। এই ব্যাপারে আপনার তৎপরতা দেখাবার জন্য অনুরোধ জানাচ্ছি।

শ্রীমতী নন্দরানী দল : মাননীয় সদস্যকে আমি জানাতে চাই, আমি মন্ত্রী হওয়ার পর বিধানসভার কাজ শুরু হয়েছে। আমি দায়িত্ব পাওয়ার পর আমার পরিকল্পনা আছে এই বাজেট শেষ হলে সমস্ত জেলায় ঘুরে এই কাজ বোঝার চেষ্টা করব। মাননীয় সদস্যরা যদি এগিয়ে আসতে চান, কোথায় কোন কাজ করতে চান আমি তাঁদের সেই জায়গায় যুক্ত করতে আগ্রহী। আমি তাই আগ্রহশীল, নিরক্ষর মানুষকে স্বাক্ষর করে তোলার ক্ষেত্রে আমাদের সকলের সমাজের কাছে দায়বদ্ধ। আমি আমার বাজেট বক্তব্যে বলেছি মাননীয় সদস্যগণ এই কাজে এগিয়ে আসুন। আপনারা যেখানে যুক্ত হতে চান, ব্লকে, জেলায়, যেখানে যুক্ত হতে চান আমি নিশ্চয়ই যুক্ত করব।

শ্রী রবীন্দ্রনাথ চ্যাটার্জী : স্যার, আপনার মাধ্যমে মাননীয়া মন্ত্রী মহাশয়ের কাছে একটা অতিরিক্ত প্রশ্ন করব। এই সাক্ষরতা প্রকল্প দীর্ঘদিন ধরে চলেছে। এখানে যারা যুক্ত, প্রেরক এবং সহ-প্রেরক, অনেক ক্ষেত্রে আপনার এই কাজে তাদের উৎসাহ নেই, শুধু সার্টিফিকেট পাওয়ার আশায় নাম লিখিয়ে রেখেছে। ফলে আপনার প্রকল্প মার খাচ্ছে। এই প্রেরক এবং সহ-প্রেরকদের বিরুদ্ধে ব্যবস্থা নেবার কোনো পরিকল্পনা আছে ?

শ্রীমতী নন্দরানী দল : আপনারা যদি রিপোর্ট পাঠান, জেলা পরিষদের সঙ্গে যোগাযোগ করে রিপোর্ট দিন, পঞ্চায়েত সমিতিকে রিপোর্ট দিতে পারেন। কাজ না করে এই সার্টিফিকেটের আশায় আসে তাহলে নিশ্চয়ই ব্যবস্থা গ্রহণ করা হবে।

Sale of Edible Oil

*305. (Admitted Question No. *986) **Shri Saugata Roy** : Will the Minister-in-Charge of the Food & Supplies Department be pleased to state—

(a) whether it is a fact that the edible oils of private concerns instead of oil of W.B.E.C.S.C. Ltd. are being sold through Public Distribution System ; and

(b) if so,

(i) reasons thereof ; and

(ii) steps taken/proposed to be taken to boost up sale of WBECSC Ltd.'s oil in Public Distribution System ?

Shri Kalimuddin Shams :

(a) In addition to oil of WBECSC, Health brand rice bran oil of M/s D. P. Agro Mills (P) Ltd. of Alamganj, Burdwan is being sold through Public Distribution System.

(b) (i) M/s D. P. Agro Mills (P) Ltd. offers lucrative margin and credit sale of rice bran oil to the PDS whole-salers and retailers, which ECSC being a Govt. undertaking cannot offer.

(ii) Food Commissioner has issued instructions to all concerned to stop sale of edible oil of all concerns other than ECSC and M/s D. P. Agro Mills (P) Ltd.

শ্রী সৌগত রায় : আমি মাননীয় মন্ত্রীর কাছে জানতে চাইছি, ডি পি অ্যাগরো মিলের মালিকের নাম কি ? এদের এত খাতির দেখাবার কারণ কী ?

শ্রী কলিমুদ্দিন সামস : আমাদের নামের সম্বন্ধে খুব বেশি ইন্টারেস্ট থাকে না। যখন সাপ্লাইয়ের ব্যাপার আসে, ই. সি. এস. সি. ধারে বা বেশি মার্জিনে বেশি দিতে পারে না। আমরা যখন অ্যানাউন্স করি। এই রকম কোনো কোম্পানি বা ফার্ম যদি থাকে, তাহলে তারা দরখাস্ত দিক, তাহলে আমরা সেটা কনসিডার করব। এর মধ্যে যেটা এসেছে কর্পোরেশনের নলেজে, তারা যখন মনে করল যে ওকে দেওয়া উচিত, সেইভাবেই দেওয়া হয়েছে। মালিকের নাম আমার জানা নেই এবং প্রয়োজনও নেই। যেহেতু কোম্পানির নাম আছে, সেজন্য প্রয়োজন নেই। আপনার ইনফর্মেশনের জন্য বলতে চাই, আমরা অলরেডি কাগজে টেন্ডার দিয়েছি। যদি কেউ মাল সাপ্লাই করতে চায়, তাহলে টেন্ডার দেখে অ্যাপ্লাই করবে। তারপর যার টেন্ডার অ্যাকসেপটেড হবে, তাদেরকে দেওয়া হবে। আমরা গত সপ্তাহে এই রকম অ্যানাউন্স করেছি।

শ্রী সৌগত রায় : আমি একটা জিনিস বুঝতে পারলাম, আপনি বলছেন ই. সি. এস. সি. ডি. পি. অ্যাগরো মিলসকে চুজ করেছে। রেশন দোকানে কার মাল যাবে সেটা ই. সি. এস. সি. ঠিক করে না, সেটা ঠিক করবে ডিরেক্টর অফ রেশনিং, ফুড কমিশনার ই. সি. এস. সি-কে, যেটি একটি সরকারি সংস্থা, তারা সরকারকে মাল দিতে পারে। কিন্তু রেশন দোকানে মাল যাবে, এটা কারা ঠিক করল ? ওদের কেন এত খাতির করছেন ? এটার উত্তর আমি পেলাম না। এডিবল অয়েলের চাহিদা কত, আর ই. সি. এস. সি. কত তেল সাপ্লাই করতে পারে ? ভোজ্য তেলের চাহিদা কত, আর ই. সি. এস. সি. কত উৎপাদন করে, কত ইম্পোর্ট করে ? আগে তো ওরা উৎপাদন করত। তাছাড়া ওরা পাম তেল ইম্পোর্টও করে।

শ্রী কলিমুদ্দিন সামস : আমরা পাম অয়েল বাইরে থেকে আনি। গভর্নমেন্ট অফ ইন্ডিয়ার ওদের যে কর্পোরেশন আছে, তাদের মাধ্যমে আমরা নিই। আমরা আনতে গেলে আমাদের সেলস্ ট্যাক্স বেশি দিতে হোত। সেজন্য আমরা ওদের মাধ্যমে নিই। এখন গভর্নমেন্টের এখানে 'রাইস' ব্রান্ড তেলটা বেশি চলছে। এটা আমরা কর্পোরেশনের মাধ্যমে সাপ্লাই করার চেষ্টা করছি। তবে পুরোটা করা যায়নি।

শ্রী সৌগত রায় : আমাদের চাহিদা কত, ই. সি. এস. সি. কত লক্ষ টন সাপ্লাই করে ? পশ্চিমবাংলায় ভোজ্য তেলের চাহিদা কত লক্ষ টন ?

শ্রী কলিমুদ্দিন সামস : এটা আমি এখুনি বলতে পারব না। আলাদা প্রশ্ন করলে অন্যদিন বলতে পারব।

শ্রী সৌগত রায় : ই. সি. এস. সি. কত লক্ষ টন প্রোডিউস করে ? কেন প্রোডিউস করবে না, গভর্নমেন্টের তো ফ্যাক্টরি আছে ?

শ্রী কলিমুদ্দিন সামস : এটা আমরা করছি না। ভালো তেল যেহেতু সস্তায় পাওয়া যাচ্ছে, সেজন্য আমাদের প্রোডাকশন চালু নেই।

মিঃ স্পীকার : এখন তো আর সময় নেই, আপনি কত উৎপাদন হচ্ছে, ভোজ্য তেল কত দরকার, ই. সি. এস. সি. কত নেয়, ডি পি, অ্যাগরো মিল্স কত দেয়, ডিটেলটা সৌগত রায়কে বলে দেবেন।

Starred Questions
(To which answers were laid on the Table)

লোড শেডিং ও লো ভোল্টেজ

*২৯৯। (অনুমোদিত প্রশ্ন নং *৪৫) **শ্রী দেবপ্রসাদ সরকার** : বিদ্যুৎ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) রাজ্য বিদ্যুৎ পর্যদের বিদ্যুৎ সরবরাহের ক্ষেত্রে লো ভোল্টেজ এবং লোড শেডিং সম্পর্কে সরকার অবহিত আছেন কি না ;

(খ) থাকলে, উল্লিখিত সমস্যাগুলির কারণ কী ; এবং

(গ) উক্ত সমস্যাদি প্রতিবিধানে সরকার কী ধরনের পদক্ষেপ গ্রহণ করেছেন ?

বিদ্যুৎ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় :

(ক) হ্যাঁ।

(খ) হুকিং, ট্যাপিং, অবৈধ বৈদ্যুতিক সংযোগ প্রভৃতির মাধ্যমে বিদ্যুৎ সরবরাহ ব্যবস্থার ক্ষমতা বহির্ভূত বিদ্যুৎ গ্রহণ করার কারণে এবং সর্বোপরি সঞ্চালন ও বণ্টন ব্যবস্থায় দুর্বলতার কারণে।

(গ) (১) হুকিং, ট্র্যাপিং, অবৈধ বৈদ্যুতিক সংযোগ, তার চুরি প্রভৃতি রোধ করতে বিশেষ প্রশাসনিক ও নজরদারির ব্যবস্থা গ্রহণ করা হচ্ছে এবং এই ব্যবস্থা আরও জোরদার করা হচ্ছে।

(২) সঞ্চালন ও বণ্টন ব্যবস্থার উন্নতি ও সম্প্রসারণের লক্ষ্যে কতগুলি বিশেষ প্রকল্প হাতে নেওয়া হয়েছে।

নিখোঁজ মৎস্যজীবীদের সংখ্যা

*৩০৬। (অনুমোদিত প্রশ্ন নং *১১০৯) **শ্রী ঈদ মহম্মদ :** মৎস্য বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

১৯৯৬ হতে ২০০০ বছরগুলিতে সুন্দরবন এলাকায় নিখোঁজ মৎস্যজীবীদের সংখ্যা কত ?

মৎস্য বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় :

মোট ২৮৬ জন।

Dues of CESC to State Government

*307. (Admitted Question No. *459) **Shri Subrata Bakshi :** Will the Minister-in-Charge of the Power Department be pleased to state—

(a) whether it is a fact that C.E.S.C. has not paid the electric charges for the power bought from the State Government ;

(b) if so, what is the total amount ; and

(c) the steps taken by the Government to recover the same ?

Minister-in-Charge, Power & Non-Converntional Energy Sources Department

(a) No. There are, however, some outstanding dues of C.E.S.C. payable to W.B.S.E.B. for purchase of power.

(b) Rs. 96670.78 lakhs as on 31st December, 2000 covering energy bills upto the consumption month of October, 2000.

(c) The Government has approved an arrangement of liquidation of outstanding dues of C.E.S.C. payable to W.B.S.E.B. in February, 2001, under this arrangement C.E.S.C. has already started making payments to W.B.S.E.B.

হুগলি নদীতে 'তৃতীয় সেতু' নির্মাণ

*৩০৮। (অনুমোদিত প্রশ্ন নং *১৩৯২) **শ্রী শিবপ্রসাদ মালিক :** পূর্ত বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

হুগলি নদীতে 'তৃতীয় সেতু' নির্মাণের কাজটি বর্তমানে কোন্ পর্যায়ে আছে ?

পূর্ত বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় :

মূল সেতু নির্মাণের পূর্বে আবশ্যিক প্রাক্-নির্মাণ কার্যাবলী বর্তমানে প্রায় শেষ পর্যায়ে। সেতু নির্মাণের কার্য ২০০২ সালের মাঝামাঝি সময়ে শুরু করা সম্ভব হবে বলে আশা করা যায়।

ই. এস. আই. হাসপাতাল

*৩০৯। (অনুমোদিত প্রশ্ন নং *১৩২৬) **শ্রী তমোনাশ ঘোষ :** কর্মচারী রাজ্য বীমা বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) ১লা জানুয়ারি, ২০০১ থেকে ৩১শে মে, ২০০১ পর্যন্ত রাজ্যের ই. এস. আই. হাসপাতালগুলি থেকে কতজন শ্রমিক-কর্মচারী চিকিৎসার সুযোগ পেয়েছেন ; এবং

(খ) উক্ত হাসপাতালগুলিতে চিকিৎসার সুবিধা বাড়ানোর কোনো প্রস্তাব সরকারের বিবেচনাধীন আছে কি না ?

কর্মচারী রাজ্য বীমা বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় :

(ক) মোট ১,৮৭,২৮৫ জন। (শ্রমিক কর্মচারীর ও তাদের পরিবারবর্গের সংখ্যা মিলিতভাবে)

(খ) চিকিৎসা সুবিধা বাড়াতে ই. এস. আই. কর্পোরেশনের 'অ্যাকশন প্ল্যান '৯৮-৯৯' অনুযায়ী বিভিন্ন হাসপাতালে প্রয়োজনীয় আধুনিক যন্ত্রপাতি কেনা হয়েছে এবং 'অ্যাকশন-প্ল্যান '৯৮-৯৯' ও 'অ্যাকশন-প্ল্যান '৯৯-২০০০' অনুযায়ী আরও আধুনিক যন্ত্রপাতি কেনার প্রস্তাব সরকারের বিবেচনাধীন আছে।

সি. ই. এস. সি.-র মাধ্যমে বিদ্যুৎ সরবরাহ

*৩১০। (অনুমোদিত প্রশ্ন নং *১৬৪৯) **শ্রী রবীন্দ্র ঘোষ :** বিদ্যুৎ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) হাওড়া জেলার উলুবেড়িয়া পৌরসভার ১ থেকে ৯নং ওয়ার্ডগুলিতে সি. ই. এস. সি.-র মাধ্যমে বিদ্যুৎ সরবরাহের কোনো পরিকল্পনা সরকারের আছে কি না ; এবং

(খ) থাকলে, উক্ত পরিকল্পনাটি কবে নাগাদ বাস্তবায়িত হবে বলে আশা করা যায় ?

বিদ্যুৎ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় :

(ক) না।

(খ) প্রশ্ন ওঠে না।

প্রাথমিক কৃষি সমবায় সমিতি

*৩১১। (অনুমোদিত প্রশ্ন নং *১৪৩৭) **শ্রী কাশীনাথ মিশ্র** : সমবায় বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) এটা কি সত্যি যে চলতি আর্থিক বছরে রাজ্যে এক লক্ষ নতুন প্রাথমিক কৃষি সমবায় সমিতি গঠনের প্রস্তাব সরকারের বিবেচনাধীন আছে ;

(খ) সত্যি হলে, কবে নাগাদ উক্ত সমিতিগুলির কাজ আরম্ভ হবে বলে আশা করা যায় ; এবং

(গ) এর জন্য বরাদ্দকৃত অর্থের পরিমাণ কত ?

সমবায় বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় :

(ক) না।

(খ) প্রশ্ন ওঠে না।

(গ) প্রশ্ন ওঠে না।

ই. এস. আই. হাসপাতালগুলিতে সি.টি.স্ক্যান ও এম.আর.আই.-এর ব্যবস্থা

*৩১২। (অনুমোদিত প্রশ্ন নং *১৫৪২) **শ্রী আবদুল মান্নান** : কর্মচারী রাজ্য বীমা বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) এই রাজ্যের ই.এস.আই. হাসপাতালগুলিতে সি. টি. স্ক্যান ও এম.আর.আই. পদ্ধতিতে চিকিৎসার সুযোগ আছে কি না :

(খ) 'ক' প্রশ্নের উত্তর 'হ্যাঁ' হলে কোন কোন ই.এস.আই হাসপাতালে উক্ত সুযোগ আছে ; এবং

(গ) অন্য ই.এস.আই. হাসপাতালে এই সুযোগ বৃদ্ধির পরিকল্পনা আছে কি না ?

কর্মচারী রাজ্য বীমা বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় :

(ক) না, নেই।

(খ) প্রশ্নই ওঠে না।

(গ) শুধুমাত্র মানিকতলা ই.এস.আই. হাসপাতালের জন্য সিটি স্ক্যান কেনার পরিকল্পনা সরকারের বিবেচনাধীন আছে।

ADJOURNMENT MOTION

Mr. Speaker : Today I have received three notices of Adjournment Motion. The first one is from Shri Kashinath Mishra on the subject of strike called by the students in protesting against enhancement of fees in the schools and colleges in the state. The second one is from Shri Ajoy Dey on the subject of statemate condition in primary and madhyamik schools in the state. And the third one is from Shri Ashok Mukherjee on the subject of alleged lathi charge by police on the candidates of B. Com (Part-I) examination on 18.07.2001 at Barasat Government College.

The subject matters of all the three motions are not such that may call for adjournment of the business of the House. The members may invite attention of the concerned Ministers through Calling Attention, Mention, Question, etc.

I, therefore, withhold my consent to all the motions.

One Member of the party may however, read the text of the motion as amended.

[12.00—12.10 p.m.]

শ্রী অজয় দে : মাননীয় অধ্যক্ষ মহাশয়, জনসাধারণের পক্ষে গুরুত্বপূর্ণ জরুরি এবং সাম্প্রতিক একটি নির্দিষ্ট বিষয়ে আলোচনার জন্য এই সভা আপাতত তাঁর কাজ মুলতুবি রাখছেন। বিষয়টি হল—এই রাজ্যে প্রাথমিক ও মাধ্যমিক শিক্ষার ক্ষেত্রে চরম আশংকা ও উদ্বেগজনক পরিস্থিতি সৃষ্টি হয়েছে। ছাত্র ভর্তি নিয়ে প্রতিদিন চলছে স্কুল-কলেজে গণ্ডগোল ও অশান্তি। সরকার শিক্ষার পরিকাঠামোর কোনো উন্নতি করছেন না। প্রাথমিক বিদ্যালয়ে সঠিক সময়ে পুস্তক সরবরাহ হচ্ছে না। দীর্ঘদিন শূন্যপদে শিক্ষক নিয়োগ না করে নামমাত্র পারিশ্রমিকের চুক্তিতে শিক্ষক নিয়োগ হচ্ছে। শুধু তাই নয়, সরকারের ক্রমশ বেসরকারিকরণের দিকে ঝোঁক শিক্ষাকে সংকুচিত করছে। এছাড়া অবসরপ্রাপ্ত শিক্ষকরা তাদের পাওনা পেনশন পাচ্ছেন না। নিজেদের ব্যর্থতাকে ঢাকতে এবারের নতুন সরকার তাদের দলীয় শিক্ষকদের নির্বাচনে অংশগ্রহণ বন্ধ করে শিক্ষকতার কাজে পুরোপুরি সময় দেওয়ার নির্দেশ প্রদান এক ধরনের প্রহসন ছাড়া আর কিছু নয়। সরকারের শিক্ষা ক্ষেত্রে এই ব্যর্থতার তীব্র প্রতিবাদ জানাচ্ছি।

শ্রী কাশীনাথ মিশ্র : মাননীয় অধ্যক্ষ মহাশয়, জনসাধারণের পক্ষে গুরুত্বপূর্ণ জরুরি এবং সাম্প্রতিক একটি নির্দিষ্ট বিষয়ে আলোচনার জন্য এই সভা আপাতত তাঁর কাজ মুলতুবি

রাখছেন। বিষয়টি হল—সারা রাজ্যের বিশ্ববিদ্যালয়গুলিতে ছাত্র-ছাত্রীদের ফি বৃদ্ধির প্রতিবাদে বিক্ষোভ শুরু হয়েছে। ১৮ই জুলাই বর্ধমান বিশ্ববিদ্যালয়ে ফি বৃদ্ধির প্রতিবাদে ছাত্রদের সঙ্গে পুলিশের খণ্ডযুদ্ধ হয়। পুলিশের লাঠির আঘাতে ১০জন ছাত্র-ছাত্রী আহত হয়েছে। অপরদিকে ছাত্রদের ছোঁড়া ইটের আঘাতে আহত হয়েছেন বর্ধমান থানার আই সি সহ মহিলা সাব-ইন্সপেক্টর ও আরও ৭ জন। পুলিশের লাঠিতে আহত ছাত্রী চন্দ্রাণী ঘোষকে আশংকাজনক অবস্থায় বর্ধমান হাসপাতালে ভর্তি করানো হয়েছে। বর্ধমান থানার পুলিশ এই ঘটনায় ৮জন ছাত্র-ছাত্রীকে গ্রেপ্তার করেছে। এরই প্রতিবাদে ২০শে জুলাই সারা রাজ্যে একটি ছাত্র সংগঠন স্কুল, কলেজে ছাত্র ধর্মঘট ডেকেছেন। অস্বাভাবিক ফি বৃদ্ধির প্রতিবাদে বর্ধমান বিশ্ববিদ্যালয়ের উপাচার্যকে স্মারকলিপিও ছাত্র সংগঠনের পক্ষ থেকে দেওয়া হয়। বিশ্ববিদ্যালয়ের ফি বৃদ্ধি সংক্রান্ত কালা সার্কুলার পোড়ানোর চেষ্টা হয়। পুলিশ অবরোধকারী ছাত্র-ছাত্রীদের উপর লাঠিচার্জ ও গ্রেপ্তার করে। বিশ্ববিদ্যালয়ের ছাত্রদের আন্দোলনে পুলিশি হস্তক্ষেপ হয়ে থাকলে তা অত্যন্ত দুর্ভাগ্যজনক বলে বিশ্ববিদ্যালয়ের রেজিস্ট্রার মন্তব্য করেন। সারা রাজ্যে ছাত্র-আন্দোলন শুরু হয়ে গেছে। অবিলম্বে সভার কাজ বন্ধ করে ফি বৃদ্ধি সংক্রান্ত বিষয়ে আলোচনা করার জন্য এই সভা জানাচ্ছেন।

CALLING ATTENTION (NOTICE)

Mr. Speaker : Today I have received six notices of Calling Attention on the following subjects, namely :—

	Subjects		Name
(i)	District-wise recruitment of Teachers through panel in School Service Commission	:	Shri Nepal Mahato
(ii)	Erosion in coastal area of the Bay of Bengal in Contai, Midnapore	:	Shri Kashinath Misra
(iii)	Non-functioning of sluice gate at Saat Pukuria, Mathurapur	:	Shri Jogaranjan Halder
(iv)	Enhancement in the unit charge of electricity by the W.B.S.E.B.	:	Shri Ajoy Dey
(v)	Lock-out of Good Hope Tea Garden at Nagrakata, Jalpaiguri	:	Shri Nirmal Das
(vi)	Formation of Investment Development Centre.	:	Shri Tapan Hore

I have selected the notice of Shri Tapan Hore on the subject of 'Formation of Investment Development Centre'.

The Minister-in-Charge may please make a statement today. If possible or give a date.

Shri Probodh Chandra Sinha : Sir, the statement will be made on 25th July, 2001.

CALLING ATTENTION (STATEMENT)

Mr. Speaker : Now I call upon the Minister-in-Charge of Backward Classes Welfare Department to make a statement on the subject of alleged non-implementation of reservation policy for the students belonging to other backward classes in educational Institutions.

(Attention called by Shri Nepal Mahato on the 16th July, 2001)

[12.00—1.30 p.m.] (including adjournment)

শ্রী উপেন কিস্কু : মাননীয় অধ্যক্ষ মহাশয়, বিধানসভার মাননীয় সদস্য নেপাল মাহাতো মহাশয় কর্তৃক উত্থাপিত দৃষ্টি আকর্ষণী প্রস্তাবের পরিপ্রেক্ষিতে আমি সরকারের বক্তব্য পেশ করছি—

তপশিলি জাতি ও তপশিলি উপজাতি ছাড়া অন্যান্য অনগ্রসর সম্প্রদায়ভুক্ত ছাত্র-ছাত্রীদের জন্য শিক্ষা প্রতিষ্ঠানে ভর্তির ক্ষেত্রে আসন সংরক্ষণের বিষয়ে সরকার সহানুভূতিশীল। বিষয়টি সরকার সক্রিয়ভাবে বিবেচনা করছে।

শ্রী নেপাল মাহাতো : মাননীয় মন্ত্রিমহাশয় জানালেন যে সরকার এটা বিবেচনার মধ্যে রেখেছে। গত ১২ তারিখে যে ক্যাবিনেট ডিসিশন হয়েছিল তাতে পরিষ্কারভাবে লেখা হয়েছে, মন্ত্রিসভা শিক্ষা প্রতিষ্ঠানে ও বি সি-দের জন্য সাত পারসেন্ট রিজারভেশানের বিষয় সিদ্ধান্ত নিয়েছে। কিন্তু নির্বাচনী প্রক্রিয়া চালু হওয়ার জন্য এই সিদ্ধান্ত স্থগিত রাখা হয়েছে। কিন্তু নির্বাচনী প্রক্রিয়া পার হওয়ার পরেও এটা রিলিজ হয়নি। এই ব্যাপারটা তাড়াতাড়ি রিলিজ করার জন্য মাননীয় মন্ত্রিমহাশয়ের কাছে আবেদন জানাচ্ছি।

শ্রী উপেন কিস্কু : আমি তো বললাম, আমরা যত তাড়াতাড়ি এই বিষয়টা রিলিজ করে দেব, এটা আমাদের বিবেচনাধীন আছে।

Mr. Speaker : The statement which was supposed to be made under rule 346 by the Minister-in-Charge of Land and Land Reforms Department cannot be made today as he has falled unwell and has been admitted to a nursing home. The Statement will be made later on.

POINT OF INFORMATION

শ্রী শিশির অধিকারী : মাননীয় স্পীকার স্যার, কালকে পুলিশ বাজেটে বক্তব্য রাখার সময়ে মাননীয় মুখ্যমন্ত্রী আমার নামটা কোট করেছেন। এটা দুর্ভাগ্যজনক ঘটনা। সুজাতা দাসের ঘটনার ব্যাপারে আমি ওনার ইঙ্গিত ঠিক বুঝতে পারিনি, তাই ওনার বক্তব্যের কপি আমি চেয়েছি। আমার দীর্ঘদিনের রাজনৈতিক অভিজ্ঞতা থেকে বলতে পারি এটা দুর্ঘটনা ছাড়া আর কিছু নয়। পুলিশ প্রাথমিক তদন্তে আমাকে নোটিশ দিয়েছিল, কিন্তু নির্বাচনে তখন ব্যস্ত থাকার জন্য আমি তখন হাজির হতে পারিনি। পরবর্তী পর্যায়ে আমাকে আর কোনো নোটিশ দেওয়া হয়নি। সি. আই. ডি. উপযুক্ত সত্য উদ্‌ঘাটনের জায়গায় এখনও পৌঁছতে পারেনি। প্রকৃত তথ্য আমি জানি, কিন্তু পুলিশের যা করা উচিত ছিল তা করেনি। পুলিশমন্ত্রীকে বলব, তার দপ্তরের পুলিশ আমাকে নোটিশ দিয়ে প্রকৃত তথ্য উদ্‌ঘাটনের চেষ্টা করা হোক। তার ইঙ্গিত যাই থাকুক না কেন। এই ব্যাপারে হস্তক্ষেপ করার জন্য আমি প্রার্থনা জানাচ্ছি।

শ্রী আবদুল মান্নান : মাননীয় স্পীকার স্যার, ছাত্র পরিষদ সহ কয়েকটি ছাত্র সংগঠনের ডাকে গোটা পশ্চিমবাংলায় আজকে ছাত্র ধর্মঘট শান্তিপূর্ণভাবে পালিত হচ্ছে। কদিন আগে রাজ্য সরকার যে নির্দেশ দিয়েছেন কলেজে টিউশন ফি বাড়িয়ে দেওয়ার জন্য, তার ফলে গরিব ছাত্র-ছাত্রীরা কলেজে পড়া থেকে বঞ্চিত হবে। এর প্রতিবাদেই শাসক দলের ছাত্র সংগঠন ছাড়া সমস্ত ছাত্র সংগঠন এই ধর্মঘটে সামিল হয়েছে।

মাননীয় মন্ত্রিমহাশয়কে অনুরোধ করছি, আজকে ছাত্রদের এই গণতান্ত্রিক আন্দোলনকে সম্মান দিয়ে এই যে ছাত্র-বিরোধী, জনবিরোধী সিদ্ধান্ত সরকার নিয়েছে অবিলম্বে তা প্রত্যাহার করা হোক। যাতে গরিব ছাত্রছাত্রীরা পড়ার সুযোগ পেতে পারে।

LAYING OF RULES

The West Bengal Premises Tenancy Rules, 1999

Shri Probodh Chandra Sinha : Sir, with your kind permission I beg to lay the West Bengal Premises Tenancy Rules, 1999, published in the Kolkata Gazette, Extraordinary of the 8th July 2001, under Notification No. 3045-L, Ref. dated 9.07.2001.

(At this stage the House was adjourned till 1.30 p.m.)

[1.30 p.m.—1.40 p.m.]

(After Adjournment)

DISCUSSION AND VOTING ON DEMANDS FOR GRANTS

Mr. Speaker : Now demand No. 37 & 90. Shri Ashok Bhattacharya.

৩৭ নং দাবি

শ্রী অশোক ভট্টাচার্য : মাননীয় অধ্যক্ষ মহাশয়, মাননীয় রাজ্যপালের সুপারিশ অনুসারে আমি ২০০১-২০০২ আর্থিক বছরের জন্য ৩৭নং দাবির অন্তর্গত "২২১৭-নগর উন্নয়ন", "৪২১৭-নগর উন্নয়ন সংক্রান্ত মূলধনী ব্যয়" ও "৬২১৭-নগর উন্নয়ন বাবদ ঋণ" খাতসমূহে ১০৯৪,৩৫,৯২,০০০ (এক হাজার চুরানব্বই কোটি পঁয়ত্রিশ লক্ষ বিরানব্বই হাজার) টাকা মঞ্জুরী চাইছি। ২০০১-২০০২ আর্থিক বছরের প্রথম চার মাসের ব্যয় বরাদ্দের জন্য উপস্থাপিত ৪৩৫,৪৫,১৭,০০০ (চারশত পঁয়ত্রিশ কোটি পঁয়তাল্লিশ লক্ষ সতেরো হাজার) টাকা এর মধ্যে অন্তর্ভুক্ত আছে।

২। মহাশয়, আমরা সকলেই জানি যে পশ্চিমবঙ্গে শিল্প পুনরুত্থান ঘটছে যার জন্য সারা রাজ্যে শিল্পনগরীগুলিতে উপযুক্ত ও সহায়ক পরিকাঠামো প্রয়োজন। কৃষি উন্নয়ন ও তার ফলশ্রুতিতে গ্রামীণ আয় বৃদ্ধি এবং ক্ষুদ্রশিল্পের উন্নতিতে আমাদের সাফল্য আর বলার অপেক্ষা রাখে না। এই উন্নয়নের ফলে সারা রাজ্যে বহু ছোট ও মাঝারি শহরের উন্নয়ন ঘটেছে। আঞ্চলিক কর্মসংস্থানের সুযোগসহ এই সমস্ত শহরগুলির পরিকল্পিত উন্নয়ন আমাদের নগর পরিকল্পনা ও উন্নয়ন নীতির অন্যতম গুরুত্বপূর্ণ বিষয়। আমাদের বর্তমান নীতি হল বৃদ্ধিসহায়ক পরিকল্পনা ও কার্যক্রম, এমন পরিকাঠামো সৃষ্টি করা যাতে একদিকে নাগরিক সুযোগ-সুবিধা বৃদ্ধি ও অপরদিকে শিল্পায়নের সহায়ক পরিবেশ সৃষ্টি হয়।

৩। মহাশয়, বহু ক্ষেত্রেই এই সরকার ব্যাপক সাফল্য লাভ করেছে, এই সাফল্যকে সংহত করা এবং সমস্ত ক্ষেত্রে উচ্চতর পর্যায়ে আরোহণই হচ্ছে বর্তমানের চ্যালেঞ্জ। সারা দেশে অর্থনৈতিক বৃদ্ধির হার ও কর্মসংস্থানের পরিস্থিতি সকলের জন্যই উদ্বেগের কারণ হয়ে দাঁড়িয়েছে। নতুন শিল্প স্থাপনে সুযোগ-সুবিধা এবং বহু ক্ষেত্রে রাজ্যের সম্ভাবনার পূর্ণ সদ্ব্যবহার করে পরিস্থিতির মোকাবিলা করাই হচ্ছে এখন কর্তব্য। বর্তমান পরিস্থিতির চাহিদা হল নতুন শিল্পকে আকর্ষণ করার জন্য পরিকাঠামো উন্নয়নের জন্য উপযুক্ত পরিকল্পনা এবং দ্রুত ও ব্যাপক শিল্পায়নের মাধ্যমে নতুন কর্মসংস্থানের সুযোগ সৃষ্টি।

৪। মহোদয়, আমার বিভাগগুলি এই কর্তব্যে তাদের করণীয় বিষয় সচেতন। শুধুমাত্র নগরায়ণ এবং নাগরিক সুবিধা বৃদ্ধির জন্যই নয়, শিল্প সহায়ক পরিমণ্ডল সৃষ্টির জন্য বর্তমান পরিকাঠামো সংহত করা এবং নতুন পরিকাঠামো সৃষ্টির জন্য প্রচুর বিনিয়োগের প্রয়োজন। রাজ্য সরকার একা এই চাহিদা পূরণ করতে পারে না, বিশেষ করে কলকাতা মেগাসিটি কর্মসূচিতে কেন্দ্রীয় সাহায্য প্রতিশ্রুতি স্তরের থেকে অনেক কম পরিমাণে আসতে থাকায় সরকার এই ক্ষেত্রে বেসরকারি বিনিয়োগ ব্যবহার করার সম্ভাবনা বিচার করছে, বিশেষ করে যৌথ উদ্যোগের মাধ্যমে।

৫। সি.এম.ডি.এ. ইতিমধ্যেই আবাসন ক্ষেত্রে নির্দিষ্ট প্রকল্পভিত্তিক দুটি যৌথ কোম্পানী গঠন করেছে। ভারত সরকারের ইরকনের সংস্থা সাথে একটি যৌথ উদ্যোগ গড়ে তোলার পরিকল্পনাও বিবেচনাধীন রয়েছে। শহরে সি.আই.টি.-র অব্যবহৃত জমিগুলি যৌথ উদ্যোগে আবাসন প্রকল্পের মাধ্যমে সদ্ব্যবহারের প্রচেষ্টা নেওয়া হয়েছে।

৬। আগামী দিনে তথ্য প্রযুক্তি নির্ভর শিল্প অত্যন্ত গুরুত্বপূর্ণ হয়ে উঠবে। বিধাননগর ও সন্নিহিত অঞ্চলে ইনফরমেশন টেকনোলজি ক্ষেত্রের একাধিক শিল্প গড়ে উঠেছে। এই ক্ষেত্রে শিল্পস্থাপনে প্রয়োজনীয় পরিকাঠামো সৃষ্টির জন্য সি.এম.ডি.এ. বিধাননগরে একটি আই টি ভবন গড়ে তুলবে।

৭। আসানসোল-দুর্গাপুর উন্নয়ন কর্তৃপক্ষ এবং অন্যান্য উন্নয়ন কর্তৃপক্ষ নিজ নিজ পরিকল্পনা অঞ্চলে একই রকম উদ্যোগ নেওয়ার কথা বিবেচনা করছে। প্রয়োজনে ইনফরমেশন টেকনোলজি বিভাগের সহায়তা নিয়ে আমার বিভাগ এই প্রচেষ্টাকে সর্বতোভাবে সাহায্য করবে।

৮। রাজ্যে উচ্চকারিগরীও পেশাগত শিক্ষার সুযোগ বৃদ্ধিতে আমার বিভাগ আমাদের করণীয় কাজ করছে। বিধাননগরে একটি বিশেষায়িত আইন বিশ্ববিদ্যালয় স্থাপিত হয়েছে এবং নিজস্ব ভবন নির্মাণের জন্য জমি দেওয়া হয়েছে। তথ্য প্রযুক্তির ক্ষেত্রে অগ্রগণ্য সংস্থা 'উইপ্রো'-এর মাধ্যমে শিল্প স্থাপনের জন্য আমরা বিধাননগরে ওয়েবেলকে ইতিমধ্যে জমি দিয়েছি। বিগত শতাব্দীর অন্যতমা শিক্ষাবিদ বেগম রোকেয়ার নামে একটি আবাসিক বালিকা বিদ্যালয় প্রতিষ্ঠার জন্য জমি দিয়ে সহায়তা করা হয়েছে।

৯। মহাশয়, এই সরকার সবসময়ই নতুন সম্ভাবনাপূর্ণ এবং বর্তমান নাগরিক কেন্দ্রগুলির ভবিষ্যৎ পরিকল্পনার প্রতি নজর দিয়েছে। একটি শহর অঞ্চলের উন্নয়ন বলতে তার অধিবাসীদের জীবনযাত্রার মান উন্নয়ন এবং জীবিকার্জনের সুযোগ বোঝায়—এই কথা মনে রেখেই পানীয় জল, রাস্তা ও নিকাশির ন্যায় অবশ্যক নাগরিক সুবিধাদি ছাড়াও শিল্প ও বাণিজ্য অঞ্চল উন্নয়ন ও সাংস্কৃতিক কর্মকাণ্ডে উৎসাহদানও নগর পরিকল্পনার অংশ হিসাবে গণ্য হয়। হলদিয়া, শিলিগুড়ি-জলপাইগুড়ি এবং আসানসোল-দুর্গাপুর পরিকল্পনা অঞ্চলে এই বিনিয়োগ দ্রুত অর্থনৈতিক উন্নয়নের রূপে ফলপ্রসূ হতে শুরু করেছে।

১০। যে কোনো অঞ্চলের সঠিক পরিকল্পনার জন্য বর্তমান প্রাকৃতিক ও মানব উভয় সম্পদেরই সমীক্ষা জরুরি। কলকাতা মহানগরী অঞ্চলের একটি আর্থ-সামাজিক সমীক্ষা ইতিমধ্যেই করা হয়েছে। কলকাতা মহানগরীর জন্য ২০২৫ সালের একটি সামগ্রিক পরিকল্পনা (পারস্পেকটিভ প্ল্যান) প্রস্তুত করা হচ্ছে। অন্যান্য শহরাঞ্চলের জন্যও অনুরূপ পরিকল্পনা প্রস্তুত করা হবে। এই উদ্দেশ্যে গঠিত একটি কমিটি কাজ করছে। সমস্ত শহরাঞ্চলের জন্য উপগ্রহের মাধ্যমে ভৌগোলিক চিত্র (জি.আই.এস.) প্রস্তুতের কথাও বিবেচনা করা হচ্ছে।

১১। উন্নয়নের সাথে সাথে পরিবেশ সংরক্ষণেও যথাযথ গুরুত্ব আরোপ করা হয়। ভবিষ্যৎ পরিকল্পনা রচনায় বর্তমান ভূমি ব্যবহারকে বিবেচনায় রাখা হয়। অপরিকল্পিত বৃদ্ধির আইনী নিয়ন্ত্রণের জন্য রচিত ভূমি ব্যবহার এ উন্নয়ন নিয়ন্ত্রণ পরিকল্পনাগুলি (এল.ইউ.ডি.সি.পি.) পরিবর্তনশীল বর্তমান ও ভবিষ্যৎ প্রয়োজন প্রতিফলিত করার জন্য পুনর্বিচার করা হচ্ছে।

১২। সংবিধানের ৭৪তম সংশোধনীর নির্দেশ অনুযায়ী মহানগরী পরিকল্পনা কমিটি আইন, ১৯৯৪ বিধিবদ্ধ করা হয়েছে এবং প্রয়োজনীয় বিধিসমূহ রচিত হয়েছে। মহানগরী পরিকল্পনা কমিটির গঠন চূড়ান্ত করা হচ্ছে।

১৩। মহাশয়, আমি এবারে সাধারণভাবে নগর উন্নয়ন বিভাগের এই দাবির সাথে সংশ্লিষ্ট গুরুত্বপূর্ণ কাজগুলি সম্পর্কে সংক্ষিপ্ত আলোচনা করব।

১৪। যে কোনো পরিকল্পনা অথবা উন্নয়ন সংস্থার অন্যতম গুরুত্বপূর্ণ কাজ হল ভূমি ব্যবহার ও উন্নয়ন নিয়ন্ত্রণ পরিকল্পনা রচনা ও রূপায়ণ। সি.এম.ডি.এ. এবং অন্যান্য উন্নয়ন কর্তৃপক্ষ যথাক্রমে কলকাতা মহানগরী ও অন্যান্য স্ব-স্ব পরিকল্পনা অঞ্চলে এই কাজের জন্য বিধিবদ্ধভাবে দায়িত্বপ্রাপ্ত। পরিস্থিতির চাহিদা বিচার করে কলকাতা মহানগরীর সীমানা নতুন করে নির্ধারণ করা হয়েছে ৯৩টি মৌজার অন্তর্ভুক্তি এবং একটি মৌজাকে বাদ দেওয়ার মাধ্যমে।

১৫। কলকাতা মহানগরী অঞ্চলের জন্য ১০০টি ভূমিব্যবহার নকশা ও নিবন্ধ গৃহীত হয়েছে। কলকাতা মহানগরীর অন্তর্গত অধিকাংশ অঞ্চলের জন্য ভূমিব্যবহার ও উন্নয়ন নিয়ন্ত্রণ পরিকল্পনার চূড়ান্ত প্রকাশ হয়েছে। এছাড়াও সি.এম.ডি.এ. একাধিক পরিকল্পনা রচনা ও সমীক্ষার কাজ চালাচ্ছে। যেমন কলকাতা মহানগরীর মাস্টার ট্র্যাফিক পরিকল্পনা, পরিবেশগত সমীক্ষা, আর্থ-সামাজিক সমীক্ষা ইত্যাদি। যে দশটি শহরের জন্য উপগ্রহের মাধ্যমে ভৌগোলিক চিত্র প্রস্তুতের সিদ্ধান্ত নেওয়া হয় তাদের মধ্যে ভদ্রেশ্বর ও ব্যারাকপুরের কাজ শেষ হয়েছে।

১৬। **উন্নয়ন কর্মসূচী**

(ক) **মেগাসিটি**

মেগাসিটি পরিকল্পনার অধীনে ৮২১.১৬ কোটি টাকার মোট ৮টি ক্ষেত্রে ৯৬টি প্রকল্প এ পর্যন্ত হাতে নেওয়া হয়েছে। এগুলির মধ্যে ৪৩টি প্রকল্প মার্চ ২০০১ পর্যন্ত সম্পূর্ণ হয়েছে। গোড়ায় প্রকল্পটি ১৬০০ কোটি টাকা ব্যয়ে ৮ বছরের মধ্যে সম্পূর্ণ হবে বলে ধরা হয়েছিল। পরিকল্পনার আর্থিক সহায়তার শর্ত অনুযায়ী ভারত সরকারের কাছ থেকে বছরে ৫০ কোটি টাকা পাওয়ার কথা ছিল, তার পরিবর্তে গড়ে পাওয়া যাচ্ছে মাত্র ১৬-১৭ কোটি টাকা। যার জন্য কাজের পরিধিও হ্রাসপ্রাপ্ত হয়েছে।

এই কর্মসূচীর অধীনে প্রকল্প অনুমোদনের ক্ষেত্রে জল সরবরাহ ও যান ও পরিবহন ক্ষেত্রকে সর্বাধিক গুরুত্ব দেওয়া হয়েছে। এই দুটি ক্ষেত্রে যথাক্রমে ৩১টির মধ্যে ১২টি এবং ২৯টির মধ্যে ১৪টি প্রকল্প সম্পূর্ণ হয়েছে। রাজ্য সরকার এ পর্যন্ত এই কর্মসূচীতে ২৩১.১৭ কোটি টাকা ব্যয় করেছেন, কিন্তু কেন্দ্রের কাছে পাওয়া গেছে মাত্র ১১৪.৭৫ কোটি টাকা। এ পর্যন্ত আর্থিক প্রতিষ্ঠান থেকে ঋণ এবং কর্মসূচীর উপকৃতদের কাছ থেকে আদায় হয়েছে মোট ২১৮.৫৯ কোটি টাকা।

(খ) যান ও পরিবহন

যান ও পরিবহন সেক্টরে সল্টলেকের প্রথম প্রবেশ পথ থেকে পি.সি. রোটারি পর্যন্ত এবং চাউলপট্টি রোড সম্প্রসারণের কাজ সম্পূর্ণ হয়েছে। কোনা এক্সপ্রেসওয়ের ১.১৩ কি.মি. এবং ৫ কি.মি. মধ্যবর্তী অংশকে প্রশস্তিকৃত করা হয়েছে এবং তা যান চলাচলের জন্য খুলে দেওয়া হয়েছে। গার্ডেনরীচ এলাকায় পরিত্যক্ত রেল লাইনের উপর দিয়ে বাইপাস এবং কে.পি. রায় লেন থেকে প্রিন্স আনোয়ার শাহ রোড কানেকটর পর্যন্ত আর.সি.সি. ট্রিপল বক্স ড্রেন তৈরির কাজ সম্পূর্ণ হয়েছে। ওল্ড ক্যালকাটা রোড (দ্বিতীয় পর্যায়) এবং মধ্যমগ্রাম, নর্থ দমদম, দমদম, রাজারহাট-গোপালপুর এবং মহেশতলা প্রভৃতি ৬টি পুরসভার বিভিন্ন গুরুত্বপূর্ণ রাস্তা উন্নয়নের কাজ সম্পূর্ণ হওয়ার পথে। উল্টাডাঙা থেকে আর.বি. রোটারি কানেকটর পর্যন্ত মধ্যবর্তী বিভিন্ন অংশে ই.এম. বাইপাসের প্রশস্তিকরণের কাজ সম্পূর্ণ হওয়ার পথে। অন্যান্য চালু প্রকল্পগুলি হল ব্যারাকপুর দমদম এক্সপ্রেসওয়ে, রাসবিহারী রোটারি থেকে কামালগাজি পর্যন্ত বাঘাযতীন রেল স্টেশনের কাছে আর.ও.বি.-সহ ই.এম। বাইপাসের প্রশস্তিকরণ, আম্বেদকর ব্রিজসহ পি.সি. রোটারি থেকে আর.বি. রোটারি পর্যন্ত প্রশস্তিকরণ, ভাটপাড়া নিউ কর্ড রোডের প্রশস্তিকরণ, লেক গার্ডেন্স ও বন্ডেল গেটে রেলওয়ে ওভার ব্রিজ নির্মাণ এবং সোনারপুরে উড়ালপুল নির্মাণ ইত্যাদি। সারকুলার ক্যানাল-এর উপর ব্রিজ, দমদমে ভূগর্ভস্থ রাস্তা, ৫ থেকে ৭ কি.মি.-এর মধ্যবর্তী কোনা এক্সপ্রেসওয়ে, ক্যানাল ইস্ট রোড, নৈটি রোড ইত্যাদির প্রশস্তিকরণের মতো কিছু গুরুত্বপূর্ণ কাজ হাতে নেওয়া হয়েছে বা হতে যাচ্ছে।

(গ) জল সরবরাহ

জল সরবরাহের ক্ষেত্রে মহেশতলা, বারুইপুর, রাজপুর-সোনারপুর এবং নবগ্রাম-এ নলবাহিত জল সরবরাহ প্রকল্পের কাজ সম্পূর্ণ হয়েছে। গার্ডেনরীচ ওয়াটার ওয়ার্ক্স-এর দ্বিতীয় পর্যায়ের নির্মাণকার্য সম্পূর্ণ হয়েছে এবং তা শীঘ্রই চালু হবে। গড়ফায় একটি ৩.৫ মিলিয়ন গ্যালন ক্ষমতাসম্পন্ন ভূগর্ভস্থ জলাধারের নির্মাণ কাজের যথেষ্ট অগ্রগতি হয়েছে। বিধানপল্লীতে আরও একটি ২ মিলিয়ন গ্যালন ক্ষমতাসম্পন্ন ভূগর্ভস্থ জলাধার নির্মাণের কাজ চলছে। মহেশতলায় একটি ৫ মিলিয়ন গ্যালন ক্ষমতাসম্পন্ন ভূগর্ভস্থ জলাধার নির্মাণের কাজ হাতে নেওয়া হয়েছে। এই সব ভূগর্ভস্থ জলাধারগুলি নির্মাণের মূল উদ্দেশ্য হল গার্ডেনরীচ ট্রিটমেন্ট প্ল্যান্ট (দ্বিতীয় পর্যায়)-এর অতিরিক্ত জলের সুষম বণ্টন। জি.আর.টি.পি. (দ্বিতীয় পর্যায়)-এর আর একটি আনুষঙ্গিক গুরুত্বপূর্ণ কাজ হাতে নেওয়া হয়েছে, সেটি হল প্রাথমিক বিদ্যুৎ সরবরাহ ব্যবস্থার সম্প্রসারণ ও তার স্থিতিকরণ। ৭.২ কি.মি. দীর্ঘ পাইপ লাইন বসানোর কাজ (যেটি ২.৪ কি.মি. বসানোর পর বন্ধ হয়েছিল কাজের জায়গায় অসুবিধার জন্য) পুনরায় শুরু হয়েছে। হাওড়ার পদ্মপুকরে ৩০ এম.জি.ডি. জল পরিশ্রুতিকরণ প্রকল্পের পঞ্চাশ ভাগের বেশি কাজ সম্পূর্ণ হয়েছে। হাওড়ার সালকিয়ায় একটি ৪.৯৪ এম.জি. ভূগর্ভস্থ জলাধারের নির্মাণকার্য সম্পূর্ণ হওয়ার পথে এবং বেলগাছিয়ায় ১.৬১ এম.জি. ও কোনায়

৩.৩৪ এম.জি.-এর একটি করে ভূগর্ভস্থ জলাধারের নির্মাণকার্যে যথেষ্ট অগ্রগতি হয়েছে। লিলুয়ায় একটি ১.৯৪ এম.জি.-এর ভূগর্ভস্থ জলাধার নির্মাণের কাজ শীঘ্রই শুরু করা হবে। চন্দননগরে একটি ১ এম.জি.ডি. ক্ষমতাসম্পন্ন জল পরিশ্রুতিকরণ প্রকল্পের কাজ সম্পূর্ণ হওয়ার পথে। বৃহত্তর কলকাতার উত্তর দিকে পাঁচটি পুরসভার সংযুক্ত অঞ্চলের কাজ সরবরাহ ব্যবস্থার উন্নতির জন্য কল্যাণীতে একটি ৩০ এম.জি.ডি-এর জল পরিশ্রুতিকরণ প্রকল্প ও তার সাথে ৫টি ভূগর্ভস্থ জলাধার (পর্যায়ক্রমে) নির্মাণের কাজ শীঘ্রই হাতে নেওয়া হবে। অন্যান্য কিছু গুরুত্বপূর্ণ নতুন প্রকল্প যেগুলি হাতে নেওয়া হয়েছে বা হচ্ছে সেগুলি হল বরানগর-কামারহাটি (দ্বিতীয় পর্যায়) কাজের একত্রীকরণ, পূজালি, ডানকুনি, বারাসাত প্রভৃতি এলাকায় জল সরবরাহ প্রকল্প। বালিতে একটি জলাধার তথা পাম্পিং স্টেশন নির্মাণ শীঘ্রই শুরু হবে।

(ঘ) জলনিকাশী ও পয়ঃপ্রণালী

ভাটপাড়া-নৈহাটি নিকাশী প্রকল্পের কাজ সম্পূর্ণ হয়েছে, বাঙ্গুর অ্যাভিনিউতে পয়ঃপ্রণালীর কাজ এবং হাওড়া পৌর নিগমের তিনটি ওয়ার্ডের নিকাশী সমস্যা দূরীকরণ সম্পূর্ণ হওয়ার পথে। কলকাতা পৌর নিগমের ১১১ এবং ১১২ নং ওয়ার্ডে ও হাওড়া পৌর নিগমের ১ থেকে ১৬নং ওয়ার্ডের জলনিকাশী প্রকল্প ও হাওড়া পৌর নিগমের কঠিন বর্জ্য ব্যবস্থাপনা ইত্যাদি কাজে যথেষ্ট অগ্রগতি হয়েছে। অন্যান্য গুরুত্বপূর্ণ চালু প্রকল্পগুলি হল কলকাতা পৌর নিগমের পয়ঃপ্রণালীর পুনরুজ্জীবন, রামপ্রসাদের জন্মস্থানে আগত জনসাধারণের জন্য শৌচাগারের উন্নতিসাধন এবং আপার বাগজোলা খাল (বি.টি. রোড ক্রসিং থেকে ভি.আই.পি. রোড ক্রসিং)-এর উন্নতিসাধন। নতুন গুরুত্বপূর্ণ যে সব প্রকল্প হাতে নেওয়া হয়েছে বা হচ্ছে সেগুলি হল চন্দননগর গড় নিকাশি, ভাটপাড়া নৈহাটি নিকাশি (দ্বিতীয় পর্যায়), বারাসাত নিকাশি ইত্যাদি·

(ঙ) আবাসন, অঞ্চল উন্নয়ন ও বাণিজ্যিক কেন্দ্র

ব্যারাকপুর আবাসন (দ্বিতীয় পর্যায়)-এর ২৯৬টি ফ্ল্যাটের মধ্যে ১৩৬টির কাজ সম্পূর্ণ হয়েছে এবং বাকি ১৬০টি শেষ হওয়ার পথে। কল্যাণী আবাসন প্রকল্পে বত্রিশটি (৩২) ফ্ল্যাটের কাজ সম্পূর্ণ হওয়ার চূড়ান্ত পর্যায়ে আছে।

সল্টলেকে ই.ডি. ব্লকে (৮০টি ফ্ল্যাট) এবং ই.ই. ব্লকে (১০৮টি ফ্ল্যাট)-এর কাজে লক্ষণীয় অগ্রগতি ঘটেছে। অন্যান্য যেসব আবাসন প্রকল্পের কাজ চলছে সেগুলি হল বাঘাযতীনে (৪০৪টি ফ্ল্যাট), বৈষ্ণবঘাটা পাটুলিতে (৫৬টি ফ্ল্যাট) এবং সল্টলেকে এ.এল. ব্লকে (১৬০টি ফ্ল্যাট)। যেসব নতুন আবাসন প্রকল্প হাতে নেওয়া হয়েছে বা হতে যাচ্ছে সেগুলি হল বৈষ্ণবঘাটা পাটুলি (দ্বিতীয় পর্যায়ে ২০০টি ফ্ল্যাট), পূর্ব কলকাতার জি.এল. ব্লকে (৭২টি ফ্ল্যাট), সল্টলেকে সি.এল. ব্লকে (৩২টি ফ্ল্যাট), এফ.বি. ব্লকে (৪০টি ফ্ল্যাট), মুর অ্যাভিনিউতে (৬৪টি ফ্ল্যাট) ইত্যাদি। অঞ্চল উন্নয়ন ক্ষেত্রে হাতির শুঁড় (কসবা) এলাকার উন্নয়ন, শিয়ালদহ ও পূর্ব কলকাতায় বাণিজ্যিক কেন্দ্রের নির্মাণকাজ এগিয়ে চলেছে।

সি.এম.ডি.এ. ও ইউ.সি.বি.জি.-র মধ্যে গঠিত যৌথ উদ্যোগ কোম্পানী ক্যালকাটা মেট্রোপলিটান গ্রুপ বাঘাযতীনে "হাইল্যান্ড পার্ক" নামে একটি আধুনিক বহুতল আবাসন তথা বাণিজ্যিক কেন্দ্র তৈরি শুরু করেছে যেটির মধ্যে কমিউনিটি হল, ক্লাব, চিলড্রেন পার্ক ও সুইমিং পুল সংবলিত (৯৪৩টি ফ্ল্যাটের) সংস্থান থাকবে। এছাড়াও সি.এম.ডি.এ. বেঙ্গল অম্বুজা প্রাইভেট লিমিটেড এবং মেসার্স ইরকন ইন্টারন্যাশনালের সঙ্গে যৌথ উদ্যোগে প্রকল্প তৈরি করছে। পূর্ব কলকাতা অঞ্চল উন্নয়ন প্রকল্পের অন্তর্গত একটি জলক্রীড়া কেন্দ্র তৈরির প্রস্তাবনা আছে।

(চ) বস্তি উন্নয়ন

মেগাসিটি কর্মসূচী ও ন্যূনতম প্রয়োজন কর্মসূচী (এম.এন.পি.)-এর অধীন কলকাতায় ৭টি ওয়ার্ডে বস্তি উন্নয়নের কাজ সমাপ্ত হয়েছে। কলকাতা পৌর নিগমের অন্তর্গত ১১৩, ১১৪ এবং ১২৬ নং ওয়ার্ডে নতুন বস্তি উন্নয়ন প্রকল্প হাতে নেওয়া হয়েছে বা হতে যাচ্ছে। কলকাতা বস্তি উন্নয়ন প্রকল্প-১ সি পর্যায় (সি.এস.আই.পি.-১ সি) অধীনে ৩১,০০০ জনকে (লক্ষ্যমাত্রা ৩৫,০০০)-এর আওতায় সুযোগ-সুবিধা দেওয়া যাচ্ছে। দশম অর্থ কমিশনের সুপারিশ অনুযায়ী বৃহত্তর কলকাতা অঞ্চলের সমস্ত পৌর এলাকায় বস্তি উন্নয়নের কাজে প্রায় ৭০ শতাংশ অগ্রগতি ঘটেছে। ভারতীয় জনসংখ্যা প্রকল্প-৮ (শহরের বস্তিতে পরিবার কল্যাণ প্রকল্প)-এর অধীনে ৩৮ লক্ষ উপকৃতের লক্ষ্যমাত্রার মধ্যে ৩৬.৫ লক্ষ উপকৃতকে এর আওতায় আনা হয়েছে। ফলে জন্মহার, শিশুমৃত্যুর হার এবং প্রসূতি মৃত্যুহারের যথেষ্ট নিম্নমুখিতা লক্ষ্য করা গেছে। নমুনা সমীক্ষার তথ্য অনুযায়ী পশ্চিমবঙ্গের শহরাঞ্চলের স্বাভাবিক জন্মহার ভারতের মধ্যে সবচেয়ে কম

(ছ) গঙ্গা অ্যাকশন প্ল্যান

গঙ্গা অ্যাকশন প্ল্যানের দ্বিতীয় পর্যায়ে গঙ্গা ও দামোদর নদীর দুই পাড়ের শহরের দূষণ নিয়ন্ত্রণের জন্য ২৭টি প্রকল্প প্রস্তুত করা হয়েছে। এখন পর্যন্ত ৫টি ইন্টারসেপশান অ্যান্ড ডাইভারশন (আই অ্যান্ড ডি), ৩টি ইলেকট্রিক চুল্লি এবং একটি নদী তীরবর্তী উন্নয়ন প্রকল্পের জন্য ৩৮.১৮ কোটি টাকার প্রশাসনিক ও আর্থিক অনুমোদন পাওয়া গেছে। বর্তমানে আই অ্যান্ড ডি ক্ষেত্রের অন্তর্গত টালিনালা এবং সারকুলার ক্যানাল সংস্কারের কাজ চলছে, অন্যান্য অনুমোদিত প্রকল্পগুলি শীঘ্রই শুরু হবে।

(জ) সৌন্দর্যায়ন প্রকল্প

ফেয়ারলি প্লেস থেকে 'সিলভার জেট' জেটি পর্যন্ত নদীতীরে মিলেনিয়াম পার্কের কাজ সুসম্পন্ন হওয়ার পর ব্রাবোর্ণ রোড পর্যন্ত আর একটি পর্যায়ে কাজের পরিকল্পনা চলছে। চন্দননগরে হুগলী নদীর পশ্চিম তীরে একই রকম কাজ আরম্ভ করা হয়েছে। এ ছাড়াও সি.এম.ডি.এ. কলকাতা ময়দানের বিভিন্ন অংশে বাগান, লন, ফোয়ারা ইত্যাদি তৈরির মাধ্যমে সৌন্দর্যায়নের কাজ আরম্ভ করেছে। এই কর্মসূচীর অন্তর্গত জওহরলাল নেহরু রোড বরাবর মনোহর দাস তরাগ, কলকাতা বইমেলা প্রাঙ্গণের জলাশয় এবং এই রাস্তা ও কুইন্সওয়ের সংযোগস্থলে একটি বাগান তৈরির কাজ সম্পন্ন হয়েছে।

১৭। কলকাতা উন্নয়ন সংস্থা ১৯১১ সাল থেকে কলকাতার পরিকাঠামো উন্নয়নে গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করে এসেছে। নতুন রাস্তা তৈরি, নতুন অঞ্চল উন্নয়ন, আবাসন, বাজার, সাংস্কৃতিক কেন্দ্র ইত্যাদি বহুমুখী প্রকল্প পরিকল্পনা ও রূপায়ণ করা হয়েছে। এগুলির মধ্যে এখনও বহু প্রকল্পের ক্ষেত্রে সি.আই.টি. রক্ষণাবেক্ষণের দায়িত্ব পালন করছে। বর্তমানে যে গুরুত্বপূর্ণ প্রকল্পগুলির কাজ চলছে সেগুলি হল—গলফ্ ক্লাব অঞ্চলে একাধিক নতুন রাস্তা নির্মাণ, চেতলায় শংকর বোস রোডের প্রসারণ প্রভৃতি। এছাড়াও চেতলা, কসবা ও উল্টাডাঙায় একাধিক আবাসন ও বাণিজ্যিক প্রকল্পের কাজ চলছে। এই প্রকল্পগুলি থেকে সি আই টি-র বহু প্রয়োজনীয় রাজস্ব সংগৃহীত হবে। উল্টাডাঙায় হাকারদের পুনর্বাসনের জন্য গৃহীত প্রকল্প কলকাতা পুরসভার হাতে তুলে দেওয়া হয়েছে। বিধাননগরের কাছে ই.এম. বাইপাসের উপরে হকার পুনর্বাসনের কাজ মাননীয় উচ্চ আদালতের স্থগিতাদেশের ফলে এখন বন্ধ আছে।

ঢাকুরিয়া ও মানিকতলায় অফিস উপযোগী বাণিজ্যিক প্রকল্প নির্মাণের কাজ এখন প্রায় সম্পূর্ণ হয়েছে। ইন্ডিয়ান অয়েল কর্পোরেশন ও ভারত পেট্রোলিয়াম কর্পোরেশনের জন্য যথাক্রমে একটি আবাসন কমপ্লেক্স ও একটি অফিস কমপ্লেক্স নির্মাণের কাজ চলছে।

সি.এম.ডি.এ.-র বহু কাজ সি.আই.টি. ডিপোজিট ওয়ার্ক হিসাবে করছে। উল্টাডাঙায় আন্ডারপাসের কাজ সম্পূর্ণ হয়ে গেছে। রবীন্দ্র সরোবরের উন্নয়ন ও রক্ষণাবেক্ষণের ব্যয় বহন করছে সি.এম.ডি.এ.। সি.আই.টি. নারকেলডাঙা মেইন রোডে পথচারীদের জন্য একটি আন্ডারপাস ও দমদমের পাতিপুকুরে একটি রেলওয়ে আন্ডারপাস নির্মাণ করবে।

সি.আই.টি. একগুচ্ছ নতুন রাস্তা প্রকল্পের কাজে হাত দেবে, যথা—মানিকতলা মেইন রোডের প্রশস্তিকরণ, সুভাষ সরোবরের পশ্চিমে একটি উত্তর-দক্ষিণ রাস্তা নির্মাণ, পুনর্বাসন ভবনসহ ঢাকুরিয়ার স্টেশন রোডের প্রশস্তিকরণ, গলফ্ ক্লাব রোডের প্রশস্তিকরণ ইত্যাদি। সি.আই.টি. 'পর্যটন ভবন', উল্টাডাঙা মেইন রোড ও প্রিন্স আনোয়ার শাহ্ রোডে বাণিজ্যিক কমপ্লেক্স এবং কয়েকটি আবাসন প্রকল্প নির্মাণ শুরু করবে। এই শহরে সি.আই.টি.-র অব্যবহৃত জমিগুলির সদ্ব্যবহারে লক্ষ্যে বেসরকারি পুঁজিকে আকর্ষণ করার উপায় উদ্ভাবন করা হচ্ছে। কয়েকটি প্রস্তাব বিবেচনা করা হচ্ছে এবং আশা করা যায় খুব শীঘ্রই চূড়ান্ত হয়ে যাবে।

১৮। আমি প্রস্তাব করছি সি.আই.টি.-কে ২০০১-২০০২ আর্থিক বছরে ১০০.০০ লক্ষ টাকা ও ১৪২.০০ লক্ষ টাকা উপরোক্ত প্রকল্পগুলি রূপায়ণের জন্য যথাক্রমে অনুদান ও ঋণ হিসাবে দেওয়া হোক। এছাড়াও ৮১৮.০০ লক্ষ টাকা পরিকল্পনা-বহির্ভূত সহায়তা হিসাবে দেওয়া হোক।

১৯। এইচ.আই.টি. একাধিক উন্নয়নমূলক প্রকল্পে নিযুক্ত আছে। পার্ক ও খেলার মাঠ তৈরি ও উন্নয়ন, পশ্চিম বালির নিকাশি ব্যবস্থার উন্নয়ন, উলুবেড়িয়ার রাস্তা ও নিকাশি ব্যবস্থার উন্নয়ন। বিভিন্ন রাস্তা ও নিকাশি নালার নির্মাণ ও প্রশস্তিকরণ ইত্যাদি কাজে

সন্তোষজনক অগ্রগতি ঘটেছে। আনুমানিক ২৫.০০ লক্ষ টাকা ব্যয়ে একটি বাণিজ্যিক কমপ্লেক্স নির্মাণ চলছে। এছাড়াও এইচ.আই.টি. একাধিক কাজ 'ডিপোজিট ওয়ার্ক' হিসাবে সম্পন্ন করছে। যথা—কোনা এক্সপ্রেসওয়ের সংশ্লিষ্ট কাজ, সালকিয়া ফ্লাইওভার নির্মাণ, হাওড়া পৌরসংস্থার কঠিন বর্জ্য ব্যবস্থাপনা ইত্যাদি।

২০। এইচ.আই.টি.-কে ২০০১-২০০২ আর্থিক বছরে ২২৯.৫৩ লক্ষ টাকা রাজ্য পরিকল্পনা সহায়তা এবং ৬২৫.০০ লক্ষ টাকা পরিকল্পনা-বহির্ভূত অনুদান দেওয়ার প্রস্তাব করা হয়েছে।

২১। কল্যাণীতে বিগত বছরের বন্যায় ক্ষতিগ্রস্ত রাস্তাগুলি শক্তিশালী ও পুনর্নবীকরণ করার উপর গুরুত্ব দেওয়া হয়েছে। বিধানমঞ্চও অগ্রাধিকারের ভিত্তিতে পুনর্নবীকরণ করা হচ্ছে। কল্যাণী, গয়েশপুর, কাঁচরাপাড়া, হালিসহর ও নৈহাটিতে পানীয় জল সরবরাহের জন্য কল্যাণীতে একটি ট্রিটমেন্ট প্ল্যান্ট তৈরি করবে সি.এম.ডি.এ।

২২। বিধাননগরের আই-বি ব্লকে লোকাল সেন্টার নির্মাণ সম্পূর্ণ হয়েছে। দোকান ও স্টলগুলি বণ্টন লটারির মাধ্যমে শীঘ্রই করা হবে। বিধাননগরের শিল্পাঞ্চলের সাথে কলকাতার যোগাযোগ উন্নত করার জন্য এই অঞ্চল থেকে ইস্টার্ন মেট্রোপলিটান বাইপাস পর্যন্ত রাস্তা প্রশস্ত করা হয়েছে। কিছু নতুন রাস্তা ও সুকান্তনগর পাম্পিং স্টেশনের বৈদ্যুতায়ন, কিছু রাস্তার নির্মাণ ও পুনর্নবীকরণ, ফুটপাত নির্মাণ ইত্যাদির কাজও চলছে।

২৩। মাননীয় মহাশয়, নগর উন্নয়নের নীতি ও লক্ষ্যের সঙ্গে সঙ্গতি রেখে বিভিন্ন জেলায় ছয়টি উন্নয়ন কর্তৃপক্ষ নিজ নিজ পরিকল্পনা এলাকায় প্রার্থিত পরিবর্তন আনার লক্ষ্যে নিবিড়ভাবে কাজ করে চলেছেন। তাঁদের পরিকল্পনা কার্যক্রম দুটি বিষয়কে নিশ্চিত করতে চাইছে। শিল্পোদ্যোগ আকর্ষণ ও প্রসার করার জন্যে নাগরিক সুবিধা সৃষ্টি ও তার উন্নয়ন ঘটিয়ে একটি উপযুক্ত আবহ তৈরি করা এবং উন্নত সামাজিক ও আকর্ষণীয় শিক্ষা ও ব্যবসা-বাণিজ্যের পরিমণ্ডলে আধুনিক পৌর সুযোগ-সুবিধার প্রসার ঘটানো।

২৪। মাননীয় মহাশয়, কলকাতা মহানগরী এলাকার বাইরে এই ছয়টি উন্নয়ন কর্তৃপক্ষ তাদের নিজস্ব পরিপুষ্টি এবং কার্যক্রম রূপায়ণের জন্যে সরকারি বাজেটভুক্ত অর্থসহায়তার উপর মূলত নির্ভরশীল। কিন্তু আমাদের লক্ষ্য হল তাদের যতটা সম্ভব স্বনির্ভর করে তোলা। এর জন্যে রাজস্বের উৎস হয় এমন সম্পদ সৃষ্টি করা এবং যুক্তিযুক্ত উদ্বৃত্ত হতে পারে এমন স্বয়ংসিদ্ধ প্রকল্পনার মাধ্যমে স্থানীয় সম্পদ ব্যবহার সচল করা। সর্বোপরি বিভিন্ন আর্থিক সংস্থা থেকে অর্থসংগ্রহ করার প্রয়াস নেওয়া হয়েছে। এ ছাড়াও এই সমস্ত কর্তৃপক্ষ অন্যান্য স্থানীয় প্রতিষ্ঠান এবং সরকারি বিভাগসমূহের এজেন্সি কাজ করে কিছু উদ্বৃত্ত নিজেদের জন্যে সৃষ্টি করছে। এই উন্নয়ন কর্তৃপক্ষগুলির একটি সাধারণ ভাষা হল হাডকো (HUDCO) থেকে প্রকল্প রূপায়ণের অর্থসংস্থান।

২৫। কল্যাণপুর, রানীগঞ্জ, মঙ্গলপুর এবং রাতুরিয়া-অঙ্গদপুরসহ সমগ্র আসানসোল ও দুর্গাপুর অঞ্চলের উন্নয়নে আসানসোল-দুর্গাপুর উন্নয়ন কর্তৃপক্ষের ভূমিকার কথা বিশেষ করে বলার প্রয়োজন নেই। বিশেষত শহরগুলির পরিকল্পনা ও উন্নয়নে যথোপযুক্ত এবং

আধুনিক পরিকাঠামো যেমন পরিবহন, জল সরবরাহ, বিদ্যুৎ, বাসস্থান এবং উপ ও সহায়ক শিল্পোন্নয়নের ক্ষেত্রে এই কর্তৃপক্ষের ভূমিকা তাৎপর্যপূর্ণ। রাতুরিয়া শিল্প এলাকা, মঙ্গলপুর শিল্প এলাকা এবং কল্যাণপুর শিল্প এলাকার সাম্প্রতিক উন্নয়ন বিশেষভাবে উল্লেখযোগ্য। ইঞ্জিনিয়ারিং এবং তথ্য প্রযুক্তির একটি বিশিষ্ট কেন্দ্র হিসাবে এই এলাকা যাতে গড়ে ওঠে সেই লক্ষ্যে এই উন্নয়ন কর্তৃপক্ষ কাজ করে চলেছেন। ইতিমধ্যে দুটি নতুন প্রতিষ্ঠান গড়ে উঠেছে এবং এই কর্তৃপক্ষের সহায়তায় আরো দুটির আশু প্রতিষ্ঠার কাজ চলছে। সমগ্র অঞ্চলকে একীকরণের মাধ্যমে উন্নয়নের একটি দীর্ঘমেয়াদী পরিকল্পনার কথা ভাবা হয়েছে। সি এম ডি এ ও সরকারি বিভাগের সঙ্গে নিয়মিত যোগাযোগ রেখে কর্তৃপক্ষের পদস্থ কর্মীরা এ ব্যাপারে কাজ করছেন। এলাকার এল. ইউ. ডি. সি. পি. সাম্প্রতিককরণের জন্যে পুনঃপরীক্ষা ও পুনঃনিরীক্ষা করা হচ্ছে।

২৬। আজকের দিনের চাহিদার কথা অনুভব করে শিলিগুড়ি-জলপাইগুড়ি উন্নয়ন এলাকার এরই মধ্যে এল. ইউ. ডি. সি. পি. সংশোধন করা হয়েছে এবং সাম্প্রতিককরণের কাজ শেষ করে সেই এল. ইউ. ডি. সি. পি. প্রকাশিত এবং প্রকাশ্যে প্রজ্ঞাপিত হয়েছে। স্বাভাবিক এবং প্রগতির দ্রুতিতে যে সমস্ত পরিবর্তন শিলিগুড়ি পরিকল্পনা এলাকায় আকাঙ্ক্ষিত ছিল, এর ফলে তা উপযোজনায় সন্নিবেশিত হওয়ার সুযোগ পাবে। শিলিগুড়ি পরিকল্পনা এলাকা তথা নগরটির প্রসারণ ও একটি শিল্পাঞ্চল সৃষ্টির প্রয়োজনীয়তা তীব্রভাবে অনুভূত হয়েছে। কর্তৃপক্ষের পদস্থ ব্যক্তিবর্গ এই নিয়ে কাজও করে চলেছেন। সেইমতো প্রায় সম্পূর্ণ ৫০০ একর জমি অধিগ্রহণের প্রস্তাব গৃহীত হয়েছে এবং সেই প্রক্রিয়া বিভিন্ন স্তরে অগ্রসরও হয়েছে। এর ফলে একটি শিল্পমহল (Estate) তৈরি, একটি আবাসন প্রকল্প রূপায়ণ, মাটিগাড়াতে ট্রাক টার্মিনাসের প্রসার, তৃতীয় মহানন্দা সেতুর দিকে যাওয়ার লাগোয়া রাস্তা তৈরি, অঞ্চল উন্নয়ন, ইস্টার্ন বাইপাস নির্মাণ এবং ডন বসকো সংযোগ সড়ক নির্মাণ প্রভৃতি কার্যক্রম রূপায়িত করার কাজ সহজতর হবে।

২৭। কর্তৃপক্ষের সম্পদ সীমাবদ্ধতার কথা মনে রেখে ব্যক্তিগত উদ্যোগ এবং বিনিয়োগ উৎসাহিত করা হচ্ছে জনগণের আকাঙ্ক্ষা ও বাড়তি প্রয়োজনীয়তার সঙ্গে সঙ্গতি রক্ষার জন্য। শিলিগুড়ি-জলপাইগুড়ি উন্নয়ন কর্তৃপক্ষ একটি উপনগরী গড়ে তোলার লক্ষ্যে পশ্চিমবঙ্গ শিল্প উন্নয়ন নিগম ও চাঁদমারি চা কোম্পানীর সঙ্গে যৌথ উদ্যোগ নিয়েছে। মাটিগাড়া ও ফুলবাড়ি ট্রাক টার্মিনাসের ব্যবস্থাপনায় বেসরকারি উদ্যোগকে ব্যবহার করা হয়েছে।

২৮। নতুন প্রকল্প হাতে নেওয়ার সঙ্গে কর্তৃপক্ষ চালু প্রকল্পগুলির সম্পূর্ণায়নে অগ্রাধিকার দিচ্ছেন। সেই প্রকল্পগুলি হল তৃতীয় মহানন্দা সেতুর দুদিকে লাগোয়া সড়ক তৈরি, ফুলবাড়ি ঘোষপুকুর বাইপাস ফেজ ২নং ও ৩নং অংশ, সেবক রোডে বাণিজ্য কেন্দ্র, হিমাঞ্চল বিহার ও শান্তিনগরে আবাসন প্রকল্প, কদমতলায় মিনিবাস স্ট্যান্ড এবং ইস্টার্ন বাইপাসে জলপাইগুড়ি ও ভক্তিনগরের সংযোগ সড়ক নির্মাণ। যে সমস্ত নতুন প্রকল্প হাতে নেওয়া নির্ধারিত হয়েছে সেগুলি হল করলা নদীর উপর নতুন সেতু, জলপাইগুড়িতে জলনিকাশ

প্রকল্প, জলপাইগুড়ি শহরের পথে পথে আলোর সংস্থান, জলপাইগুড়ি হাসপাতালের কাছে দ্বিতীয় বাণিজ্য কেন্দ্র, সেন্ট জোসেফ স্কুল থেকে শিবমন্দির পর্যন্ত রাস্তা নির্মাণ, সার্কিট হাউসের কাছে জাতীয় সড়কের উপর একটি পথিপার্শ্বের বাণিজ্য কেন্দ্র নির্মাণ।

২৯। একটি বন্দর ও শিল্পনগরী হিসেবে হলদিয়া সব সময়ই আমাদের সরকারের মনোযোগ অগ্রাধিকার পেয়েছে। এতে বিস্ময়ের কিছু নেই, যে হলদিয়া উন্নয়ন কর্তৃপক্ষের মাধ্যমে শুধু আমার বিভাগই অধুনা ৩৫ কোটি টাকার বেশি বিনিয়োগ করেছে হলদিয়া শহরটির উন্নয়নে এবং পরিকাঠামোর সুবিধা সৃষ্টিতে। এই কৃতিত্ব দৃষ্টান্তমূলক এবং এর ফলে ভারতবর্ষের সাম্প্রতিক শিল্প মানচিত্রে হলদিয়াকে একটি ভালো অবস্থান দিয়েছে। এটি এখন ভারতের এবং বহির্ভারতের শিল্পপতিদের এক নতুন গন্তব্যস্থান। দুটি প্রধান শিল্প যথা এইচ. পি. এল. এবং এম. সি. সি. পি. টি. এ চালু হয়ে কাজ শুরু করছে বিগত বছরে এবং আরো কয়েকটি সংযুক্ত হতে চলেছে।

৩০। গেঁওখালি জলপ্রকল্পের স্থিরতা নিশ্চিত করে এবং জলাধারগুলির ধারণ ক্ষমতা বাড়িয়ে শিল্প ও গার্হস্থ্য জল সরবরাহ নিশ্চিত করা হয়েছে। নিকট ভবিষ্যতের বাড়তি প্রয়োজনীয়তার কথা মনে রেখে ৪/৫ এম জি ডি বিশিষ্ট একটি উচ্চপ্রযুক্তির জল সরবরাহ ব্যবস্থার প্রকল্প প্রতিবেদন রচনা করতে অনুরোধ করা হয়েছে পি. এইচ. ই. বিভাগকে। দীর্ঘমেয়াদী প্রয়োজনীয়তা মেটাবার জন্যে IWIN সংস্থা ৩৫ এম জি ডি-র একটি জল সরবরাহ প্রকল্প তৈরি করার কাজে ব্যাপৃত।

৩১। এইচ পি এল সংযোগ সড়ক নির্মাণের কাজ প্রায় সম্পূর্ণ এবং রাস্তা চওড়া করার কাজও চলছে। এম. সি. সি. পি. টি. এ-র প্রবেশপথটি তৈরির কাজও হাতে নেওয়া হয়েছে এবং মানিকটোস বার্ন কোম্পানীকে এই কাজ দেওয়া হয়েছে। হলদিয়ার সড়ক ব্যবস্থার উন্নয়নে হাডকোর অর্থ প্রদান করা হয়েছে। কুকড়াহাটিতে ফেরিযান চলাচলের লক্ষ্য রেখে ব্রজলাল চক হয়ে বালুঘাটা পর্যন্ত কুকড়াহাটি চৈতন্যপুর রাস্তাটি সুদৃঢ় ও চওড়া করার প্রকল্প হাতে নেওয়া হয়েছে।

৩২। ভবিষ্যতের শিল্পজমির প্রয়োজনীয়তা দৃষ্টিতে রেখে প্রায় ১৫০০ একর জমি অধিগ্রহণের প্রক্রিয়াটি শুরু হয়েছে। কিন্তু সরকারি সম্পদের সীমাবদ্ধতা সেই সঙ্গে অধিগ্রহণের বিপুল ব্যয় দ্রুত অধিগ্রহণের পথে বাধা হয়ে দাঁড়িয়েছে।

৩৩। উচ্ছেদ হওয়া মানুষজনের পুনর্বাসন করা হলদিয়ার একটি প্রধান সমস্যা। পাঁচটি পুনর্বাসন প্রকল্প এখন রূপায়িত হচ্ছে উচ্ছেদ হওয়া মানুষজনের সমস্যা মোকাবিলায়। যখন এই প্রকল্পগুলি বাস্তবায়িত হবে তখন উচ্ছেদ হওয়া মানুষজনের পুনর্বাসন করে সমস্যার অনেকটাই নিরসন করা যাবে।

৩৪। এল অ্যান্ড এল আর ডিপার্টমেন্ট দীঘার পরিকল্পনা এলাকায় ২০৮ একর জমি দীঘা উন্নয়ন কর্তৃপক্ষের হাতে তুলে দিতে সম্মত হয়েছেন। অঞ্চল উন্নয়নে এই জমিপ্রাপ্তি দীঘা উন্নয়ন কর্তৃপক্ষকে বিরাটভাবে এগিয়ে যেতে সহায়তা করবে। বর্তমানে দীঘা উন্নয়ন কর্তৃপক্ষ একটি কেন্দ্রীয় বাসস্ট্যান্ড নির্মাণ, নিউ দীঘায় দ্বিতীয় পিকনিক স্পট তৈরি, শিশু পার্কটির

মেরামতি ও নবরূপ সজ্জা দেওয়া এবং নতুন দীঘায় একটি বাজার কেন্দ্র তৈরির কাজে ব্যাপৃত।

৩৫। শ্রীনিকেতন-শান্তিনিকেতন উন্নয়ন কর্তৃপক্ষ সফলভাবে শান্তিনিকেতনে রবীন্দ্রভবন নির্মাণ সমাধা করেছেন এবং তা আজ জনগণের ব্যবহারের জন্য উন্মুক্ত। দ্বিতীয় পর্যায়ের কাজও হাতে নেওয়া হয়েছে এবং বোলপুর বাইপাস প্রকল্পটি হাডকোর আর্থিক সহায়তায় নির্মিত হচ্ছে। প্রান্তিক শহরাঞ্চলে একটি বাণিজ্য প্রকল্প তৈরি এবং কর্তৃপক্ষের প্রশাসনিক ভবন নির্মাণের প্রকল্পটি পরিকল্পনা পর্যায়ে রয়েছে।

৩৬। অধিকতর প্রতিনিধিত্ব দেওয়ার জন্যে জয়গাঁও উন্নয়ন কর্তৃপক্ষ পুনর্গঠিত হয়েছে যেখানে স্থানীয় প্রতিষ্ঠান থেকে প্রতিনিধি অন্তর্ভুক্ত করা হয়েছে, আর এর কাজ দেখার জন্যে মেম্বার-সেক্রেটারি (সদস্য সম্পাদক) হয়েছেন আলিপুরদুয়ারের অতিরিক্ত জেলাশাসক। মূল এলাকার এল. ইউ. ডি. সি. পি. তৈরি সম্পূর্ণ হয়েছে এবং বাড়তি এলাকার জন্যে এই কাজ প্রায় সম্পূর্ণ হবার মুখে। এর কেন্দ্রীয় এলাকার অভ্যন্তরীণ পরিকাঠামো নির্মাণের কাজ নিয়ে ব্যাপৃত রয়েছেন এই কর্তৃপক্ষ। বাস টার্মিনাস নির্মাণের প্রথম পর্যায়ের কাজও সমাপ্ত হয়েছে।

৩৭। মহাশয়, আমি পৌর বিষয়ক বিভাগের কাজের বিস্তারিত বিবরণ ৯০নং দাবিতে উত্থাপন করছি।

৩৮। মহাশয়, এখন আমি সকলের সহযোগিতা প্রার্থনা করছি এবং এই দাবি এই মহতী সভার অনুমোদনের জন্য পেশ করছি।

DEMAND No. 37 & DEMAND No. 90

Mr. Speaker : Now discussions under Demand No. 37 and Demand No. 90. There are 27 cut motions to Demand No. 37. All the cut motions are in order.

DEMAND No. 37

Shri Dipak Kumar Ghosh : (cut motion no. 1) Sir, I beg to move that the amount of the Demand be reduced to Re. 1/-.

Shri Ashok Kumar Deb (Cut Motion Nos. 2-4)
Shri Nirmal Ghosh (Cut Motion Nos. 5-6)
Shri Kashinath Misra (Cut Motion Nos. 7-10)
Shri Abdul Mannan (Cut Motion Nos. 11-15)
Shri Kamal Mukherjee (Cut Motion Nos. 16-17)
Shri Debaprasad Sarkar (Cut Motion Nos. 18-19)
Shri Bankim Chandra Hazra (Cut Motion Nos. 20-23)
Shri Kallol Khan (Cut Motion No. 24)
Shri Gyan Singh Sohanpal (Cut Motion No. 25)
Shri Manju Basu (Cut Motion No. 26)
Shri Jyoti Priya Mallick (Cut Motion No. 27)

} Sir, I beg to move that the amount of the Demand be reduced by Rs. 100/-.

DEMAND No. 90

শ্রী অশোক ভট্টাচার্য্য : মাননীয় অধ্যক্ষ মহাশয়, রাজ্যপালের সুপারিশক্রমে আমি প্রস্তাব করছি যে, দাবি নং ৯০-এর অধীনে ২০০১-২০০২ সালের '৩৬০৪ স্থানীয় সংস্থা এবং পঞ্চায়েতীরাজ সংগঠনকে (পঞ্চায়েতীরাজ বাদে) ক্ষতিপূরণ ও দায়িত্ব' বাবদ মুখ্যখাতে ব্যয়ের জন্য মোট ২৪০,২৮,৬৪,০০০ (দুশো চল্লিশ কোটি আটাশ লক্ষ চৌষট্টি হাজার) টাকা অনুমোদন করা হোক। এই অঙ্কের মধ্যে ভোট-অন্-অ্যাকাউন্টে অনুমোদিত ৮০,০৯,৫৫,০০০ (আশি কোটি নয় লক্ষ পঞ্চান্ন হাজার) টাকাও অন্তর্ভুক্ত।

আপনি জানেন, নগরায়নের ক্ষেত্রে সমগ্র ভারতে আমাদের রাজ্যের স্থান চতুর্থ। শহরাঞ্চলের জনসংখ্যা রাজ্যের মোট জনসংখ্যার মাত্র ৩০ শতাংশের মতো, কিন্তু রাজ্য তথা জাতীয় অর্থনীতির বিকাশে পৌর প্রশাসনের গুরুত্ব অপরিসীম। সমগ্র দেশের মোট রাজস্বের ৯০ শতাংশ এবং জাতীয় মোট অভ্যন্তরীণ উৎপাদনের (জি.ডি.পি.) ৬০ শতাংশ আসে শহরাঞ্চল থেকে। জাতীয় অর্থনীতিতে পৌরাঞ্চলের গুরুত্ব অনুভব করেই ৭৪তম সংবিধান সংশোধন আইনের মাধ্যমে সমগ্র দেশেই পৌর প্রশাসনকে সুসংগঠিত, গতিশীল, স্বচ্ছ, সংবেদনশীল, জনমুখী ও শহরবাসীর নিজস্ব প্রতিষ্ঠানে পরিণত করার এক নিরবচ্ছিন্ন প্রক্রিয়া শুরু হয়েছে। পশ্চিমবঙ্গে, আপন জানেন, এই প্রক্রিয়া শুরু হয়েছে সংবিধান সংশোধন আইন চালু হবার অনেক আগে থেকেই।

বস্তুত ৭০ দশকের শেষভাগ থেকেই পশ্চিমবঙ্গের পঞ্চায়েত ও পৌর প্রশাসনে এক নতুন গতিবেগের সঞ্চার হয় এবং স্বাধীনতার পরবর্তী সুদীর্ঘ ত্রিশ বছরের অবহেলা, উপেক্ষা ও প্রায় অস্তিত্বহীনতার অন্তরাল সরিয়ে প্রশাসনের মূল স্রোতে স্থানীয় প্রশাসন মিলিত হয়। দেশের তথা রাজ্যের আর্থ-সামাজিক উন্নয়নে পৌরসভাগুলির ভূমিকা যে কত গুরুত্বপূর্ণ ও সুদূরপ্রসারী, সেই সত্যটি বামফ্রন্ট সরকার রাজ্যে ক্ষমতাসীন হবার পরই অনুভব করে ও সেইমত সত্তরের দশক শেষ হয়ে যাবার আগেই প্রশাসনিক ও অর্থনৈতিক দিক থেকে দুর্বল পৌরসভাগুলিকে দ্রুত সঞ্জীবিত করার প্রয়াস শুরু করে। স্থানীয় সরকার হিসাবে পৌরসভাগুলিকে যে স্বীকৃতি সংবিধান আইনে দেওয়া হয়েছে, সেই স্বীকৃতি প্রকৃতপক্ষে রাজ্যের পৌরসভাগুলিকে বামফ্রন্ট সরকার কার্যত অনেক আগেই দিয়েছিল। ফলে সংবিধান সংশোধন আইনকে ফলপ্রসূ করতে আমাদের রাজ্যই অগ্রণী ভূমিকা নিয়েছিল। রাজ্যের পৌর প্রশাসনকে দক্ষ, গতিশীল, স্বচ্ছ, জনমুখী ও সংবেদনশীল করে তোলার উদ্দেশ্যে বামফ্রন্ট সরকারের নীতিগুলি হল :

- নিয়মিত নির্বাচনের মাধ্যমে গণতান্ত্রিক প্রক্রিয়া সুনিশ্চিত করা ;
- পৌর-উন্নয়ন পরিকল্পনা রচনা, রূপায়ণ ও নজরদারিতে নাগরিকদের অংশগ্রহণ সুনিশ্চিত করা ;
- বিকেন্দ্রীকৃত পরিকল্পনা ও উন্নয়নকে বাস্তবায়িত এবং চিরাচরিত নাগরিক পরিষেবার ক্ষুদ্র গণ্ডী অতিক্রম করে পৌর-উন্নয়নে আর্থ-সামাজিক পরিকল্পনা ও উন্নয়নের মাত্রা সংযুক্ত করা ;

- অর্থনৈতিক ও সামাজিক ক্ষেত্রে দুর্বলতর শ্রেণির নাগরিকদের বিশেষ করে শিশু ও মহিলাদের জীবনযাত্রার মান উন্নয়নে বিশেষ অগ্রাধিকার প্রদান ;
- পৌর প্রশাসনের সর্বস্তরে আধুনিকতা, দক্ষতা, সংবেদনশীলতা, স্বচ্ছতা ও জনমুখী কর্মসংস্কৃতির প্রসারণ ও প্রতিষ্ঠা করা :
- রাজ্যে শিল্পায়নের স্বার্থে উপযুক্ত পরিকাঠামো নির্মাণে পৌরসভাগুলির দক্ষতা বৃদ্ধি করা ; এবং
- পৌর এলাকায় স্ব-নিযুক্তির মাধ্যমে কর্মসংস্থানের উপর সবিশেষ গুরুত্ব আরোপ করা।

উপরের নীতিগুলি রূপায়ণ করতে এখনও পর্যন্ত পৌর-বিষয়ক বিভাগ কি করেছে এবং কি করতে চলেছে তারই একটি সংক্ষিপ্ত রূপরেখা এবারে আমি মাননীয় সদস্যবৃন্দের অবগতির জন্য আপনার কাছে পেশ করছি।

১। পৌর নির্বাচন

বিগত আর্থিক বছরে কলকাতা এবং চন্দননগর পৌরনিগমসহ ৮২টি পৌরসভায় সাধারণ নির্বাচন অনুষ্ঠিত হয়েছে। বর্তমান আর্থিক বছরে ৩টি পৌরসভায় সাধারণ নির্বাচন অনুষ্ঠিত হবে। বিগত পৌর নির্বাচনে কলকাতা পৌর নিগম এলাকা এবং বিধাননগর পৌর এলাকায় সর্বপ্রথম বৈদ্যুতিন ভোটযন্ত্রের মাধ্যমে ভোটগ্রহণ প্রক্রিয়া সম্পন্ন হয়।

২। নতুন পৌরসভা গঠন

বিগত আর্থিক বছরে বীরভূম জেলার নলহাটিতে পৌরসভা গঠিত হয়েছে। উত্তর দিনাজপুরের ডালখোলা, মেদিনীপুরের পাঁশকুড়া, হুগলী জেলার ডানকুনি, মুর্শিদাবাদ জেলার ডোমকল এবং জলপাইগুড়ির ধূপগুড়িতে নতুন পৌরসভা গঠনের বিষয়টি সরকারের বিবেচনাধীন রয়েছে। দার্জিলিং পৌরসভাকে একটি পৌরনিগমে পরিণত করার বিষয়টিও সরকারের বিবেচনাধীন।

৩। পৌর আইন ও বিধি সংশোধন

কলকাতা ও হাওড়া পৌরনিগম আইনগুলির সময়োপযোগী কিছু সংশোধন করা হয়েছে। পশ্চিমবঙ্গ কেন্দ্রীয় মূল্যায়ন পর্যদ আইন, পশ্চিমবঙ্গ পৌর নির্বাচন আইন ও পশ্চিমবঙ্গ পৌর আইনেও কিছু প্রয়োজনীয় সংশোধন করা হয়েছে। আসানসোল, শিলিগুড়ি ও চন্দননগর পৌরনিগম আইনগুলিতে সময়োপযোগী সংশোধনের জন্য বিল রাষ্ট্রপতির সম্মতির জন্য পাঠানো হয়েছে। পশ্চিমবঙ্গ পৌর (নির্বাচন ব্যবস্থা) বিধি সংশোধন করে কলকাতা পৌরনিগম এলাকা ও বিধাননগর পৌর এলাকাতে বৈদ্যুতিন ভোট যন্ত্রের মাধ্যমে ভোট গ্রহণের ব্যবস্থা করা হয়েছে। পৌর এলাকাতে ওয়ার্ড কমিটিগুলি কার্যকরী করার জন্য ওয়ার্ড কমিটির গঠন, দায়িত্ব ও কর্তব্য সম্পর্কে নিয়মাবলী (রুলস্) তৈরি করা হয়েছে। পশ্চিমবঙ্গ পৌর (গৃহনির্মাণ) নিয়মাবলী (রুলস্)-তেও সংশোধন করা হয়েছে। এই সংশোধিত গৃহ নির্মাণ বিধিটি চারটি পৌরনিগম যথা—আসানসোল, দুর্গাপুর, শিলিগুড়ি ও

চন্দননগরে প্রযোজ্য করা হয়েছে। পৌর এলাকাতে যাঁরা ব্যবসা করতে ইচ্ছুক, তাঁদের প্রথমে পৌরসভার নির্দিষ্ট হারে ফি জমা দিয়ে ব্যবসায়ী হিসাবে নিজেদের নাম তালিকাভুক্ত করে শংসাপত্র নিতে হয়। সমস্ত পৌরসভা যাতে নির্দিষ্ট হারে (এলাকার সঙ্গে সঙ্গতি রেখে) এই ফি চালু করতে পারে, সেই জন্য এই সংক্রান্ত একটি আদর্শ নিয়ন্ত্রণ বিধি (মডেল রেগুলেশন) তৈরি করে পৌরসভাগুলিতে পাঠানো হয়েছে। রাজ্যে ৬টি পৌরনিগমের জন্য পৃথক পৃথক ৬টি আইন আছে। প্রশাসনিক সুবিধার্থে কলকাতা পৌরনিগম আইন বাদে রাজ্যের বাকী সব পৌরনিগমের জন্য একটি পশ্চিমবঙ্গ পৌরনিগম আইন তৈরির বিষয়টি সরকারের বিবেচনাধীন আছে।

৪। বিশেষ কমিটি গঠন

৪.১। পৌর প্রশাসনিক সংস্কার কমিটি :

রাজ্যের উন্নয়নে অদূর ভবিষ্যতে পৌরসভাগুলি যে এক বিরাট ভূমিকা নিতে চলেছে, তা উপলব্ধি করে ইতিমধ্যেই রাজ্য সরকার একটি পৌর প্রশাসনিক সংস্কার কমিটি গঠন করেছে। পৌর প্রশাসনে দক্ষতা বৃদ্ধি, পৌরসভার রাজস্ব বৃদ্ধি, পৌর প্রশাসনে আধুনিক প্রযুক্তির প্রয়োগ, নাগরিকদের অংশগ্রহণ ইত্যাদি বিষয়গুলি এই কমিটির বিবেচনাধীন। কমিটির সুপারিশগুলি পেলেই সেগুলি সম্পর্কে ব্যবস্থা নেওয়া হবে।

৪.২। বহুতল বাড়ি নির্মাণ সুরক্ষা সংক্রান্ত কমিটি :

গুজরাটে সাম্প্রতিক ভয়াবহ ভূ-কম্পের পরিপ্রেক্ষিতে কলকাতা মহানগরী ও অন্যান্য শহরাঞ্চলের বহুতল বাড়িগুলির নির্মাণ সংক্রান্ত সুরক্ষা সুনিশ্চিত করার উদ্দেশ্যে বিশেষজ্ঞদের নিয়ে একটি কমিটি গঠন করা হয়েছে। এই কমিটির সুপারিশগুলি রাজ্য সরকারের কাছে পেশ হলে যথোচিত ব্যবস্থা নেওয়া হবে।

৫। পৌর উন্নয়ন—পরিকল্পনা ও কর্মসূচী রূপায়ণ

৭৪তম সংবিধান সংশোধন আইনের ১২ নম্বর তপশিলে পৌরসভাগুলির দায়িত্ব তালিকাভুক্ত করা হয়েছে। ওই তালিকাতে পৌরসভাগুলিকে যেমন নাগরিকদের মৌল পরিষেবা দেবার দায়িত্ব দেওয়া হয়েছে, তেমনি দেওয়া হয়েছে সামাজিক ও অর্থনৈতিক উন্নয়ন পরিকল্পনা রচনা ও তার রূপায়ণের দায়িত্ব। পৌরস্তরে বার্ষিক পরিকল্পনা রচনা এবং নির্দিষ্ট সময়সীমার মধ্যে তা রূপায়ণের উপর সেই কারণেই বিশেষ গুরুত্ব আরোপ করা হয়েছে। পৌরসভাগুলি তাদের এই বিশাল দায়িত্ব যে কর্মসূচীগুলির মাধ্যমে পালন করছে, সংক্ষেপে সেগুলি হল :

৫.১। স্বর্ণজয়ন্তী শহরী রোজগার যোজনা

সংবিধানে পৌরসভাগুলিকে দারিদ্র্য দূরীকরণের জন্য যে দায়িত্ব দেওয়া হয়েছে, তার সঙ্গে সঙ্গতি রেখে এই প্রকল্প রূপায়িত হচ্ছে। এই প্রকল্পের মূল উদ্দেশ্য হল দারিদ্র্যসীমার নীচে অবস্থানকারী পরিবারের সকল সদস্যদের, বিশেষ করে শিশু ও মহিলাদের, জীবনযাত্রার মান উন্নয়ন।

পৌরসভার সার্বিক নজরদারিতে এই কর্মসূচীর অংশীদার গরীব পরিবারের মহিলাদের নিয়ে গঠিত ত্রিস্তর সমষ্টি উন্নয়ন সমিতির মাধ্যমে এই প্রকল্পের পরিকল্পনা রচনা ও রূপায়ণ হচ্ছে। এখনও পর্যন্ত এই কর্মসূচীতে মহিলাদের নিয়ে ৩০,৯২৯টি পাড়া গোষ্ঠী, ৩,০৬৯টি পাড়া গোষ্ঠী সমিতি ও ৩০৬টি সমষ্টি উন্নয়ন সমিতি গঠিত হয়েছে। বর্তমান বছর আন্তর্জাতিক নারী বর্ষ। এই প্রেক্ষাপটে মহিলাদের নিয়ে গঠিত এই সমিতিগুলি পৌর উন্নয়ন রচনা, রূপায়ণ ও নজরদারিতে যে ভূমিকা নিয়েছে, তা খুবই প্রশংসনীয়। এই প্রকল্পে কেন্দ্রীয় সরকারের কাছ থেকে এখনও পর্যন্ত ৩,৪৫৪.৭২ লক্ষ টাকা ও রাজ্য সরকারের কাছ থেকে ২৩৮৩.৯১ লক্ষ টাকা পাওয়া গিয়েছে। এই প্রকল্পের অন্তর্গত মজুরীভিত্তিক কর্মসূচীতে এখনও পর্যন্ত ২৬.৫২ লক্ষ শ্রমদিবস তৈরি হয়েছে। স্বনিযুক্তি কর্মসূচীতে ব্যাংকের কাছে ২৮,৩৩৩টি ঋণের আবেদনপত্র পাঠানো হয়েছে। কিন্তু ব্যাংক অনুমোদন করেছে মাত্র ৩৬১১টি আবেদনপত্র। ব্যাংকের অসহযোগী মনোভাবের জন্য দরিদ্র বেকার ও আধা-বেকারদের স্বনিযুক্তি কর্মসূচী বিশেষভাবে ব্যাহত হচ্ছে। প্রকল্পের মোট অনুদানের দুই-তৃতীয়াংশই স্বনিযুক্তি কর্মসূচীর জন্য নির্ধারিত থাকার কেন্দ্রীয় নির্দেশের কারণে অর্থ সদ্ব্যবহার বিলম্বিত হচ্ছে। বিভিন্ন রাজ্যের সঙ্গে এই রাজ্যও এই নির্দেশ সংশোধনের দাবি জানিয়েছে, যাতে ব্যাংক-ঋণের মাধ্যমে স্বনিযুক্তি কর্মসূচীর পরিবর্তে ক্ষুদ্র সঞ্চয় ও ঋণ, বৃত্তিমূলক প্রশিক্ষণ এবং মজুরীভিত্তিক কর্মসূচীতে বেশি অর্থ পাওয়া যায়। সেই দাবি অনুমোদিত হলে পৌর এলাকার দরিদ্র বেকার ও আধা-বেকার যুবক-যুবতীরা বৃত্তিমূলক প্রশিক্ষণ নিয়ে আর্থিক স্বনির্ভরতার লক্ষ্যে অগ্রসর হতে পারবে ও আরো বেশি শ্রমদিবস তৈরি হবে। বেকার ও আধা-বেকারদের কর্মদক্ষতা বাড়ানোর জন্য ২৬,৮৬০ জনকে বৃত্তিমূলক প্রশিক্ষণ দেওয়া হয়েছে। মহিলাদের আর্থিক স্বনির্ভরতার লক্ষ্যে এই কর্মসূচীর আওতায় তৈরি হয়েছে সম্পূর্ণভাবে দরিদ্র মহিলাদের দ্বারা পরিচালিত ২,৯৪৫টি সঞ্চয় ও ঋণদান গোষ্ঠী। কেন্দ্রীয় সরকারের নিয়মাবলী অনুযায়ী যে সব গোষ্ঠী এক বছর সম্পূর্ণ করেছে তাদের এ পর্যন্ত পৌরসভার মাধ্যমে প্রায় ৬০ লক্ষ টাকা আবর্তক মূলধন দেওয়া হয়েছে। এ ছাড়া বন্যায় ক্ষতিগ্রস্ত দরিদ্র পরিবারের মহিলাদের আর্থিক পুনর্বাসনের জন্য ইউনিসেফের কাছ থেকে আবর্তক মূলধন হিসাবে পাওয়া গিয়েছে ৩৯.৪৫ লক্ষ টাকা। মহিলা সদস্যারা গোষ্ঠী থেকে ঋণ নিয়ে স্বনিযুক্তির মাধ্যমে আর্থিক স্বনির্ভরতার পথে এগিয়ে চলেছেন। আর্থিকভাবে স্বনির্ভর হওয়ার উদ্দেশ্যে দরিদ্র পরিবারের মহিলারা এই প্রকল্পের আওতায় ডাকুয়া (DWCUA) গোষ্ঠী গঠন করে স্ব-নিযুক্তির উদ্যোগ নিচ্ছেন। এখনও পর্যন্ত বিভিন্ন পৌরসভায় ৩৬টি ডাকুয়া গোষ্ঠী গঠিত হয়েছে।

৫.২। জাতীয় বস্তি উন্নয়ন কর্মসূচী

বস্তি অঞ্চলে মৌল পরিষেবাগত পরিকাঠামো উন্নয়ন, সামাজিক উন্নয়ন ও বাসগৃহ সংস্কার, সম্প্রসারণ ও নির্মাণের উদ্দেশ্যে নেওয়া এই প্রকল্প স্বর্ণজয়ন্তী শহরী রোজগার যোজনার একটি পরিপূরক প্রকল্প। এই প্রকল্পে বিগত আর্থিক বছরে পাওয়া গিয়েছে ৩৭.৬৮ কোটি টাকা। এখনও পর্যন্ত খরচ হয়েছে ১৪৯ কোটি টাকা। মোট শ্রমদিবস তৈরি হয়েছে ১১৮.৬৮ লক্ষ।

৫.৩। মৌল ন্যূনতম পরিষেবা

এই প্রকল্পে জল সরবরাহ, সার্বজনীন প্রাথমিক শিক্ষা, গৃহনির্মাণ, গ্রামীণ এলাকার সাথে পৌর এলাকার সংযোগকারী রাস্তা নির্মাণ কর্মসূচী গৃহীত হয়েছে। বিগত আর্থিক বছর থেকে কেন্দ্রীয় সরকার এই প্রকল্প বন্ধ করে দিয়েছে। কিন্তু এই প্রকল্পের আওতাভুক্ত কর্মসূচীগুলির গুরুত্ব বিবেচনা করে রাজ্য সরকার গত বছর নিজস্ব বাজেট খাত থেকে এই কর্মসূচী রূপায়ণের জন্য টাকা বরাদ্দ করেছে। এই প্রকল্পে কেন্দ্রীয় সরকারের কাছ থেকে ৩১.৩.২০০০ পর্যন্ত পাওয়া গেছে ৪৮.৬৬ কোটি টাকা। রাজ্য সরকারের কাছ থেকে গত বছর ১৯ কোটি টাকা পাওয়া গিয়েছে। প্রাপ্ত ৬৭.৬৬ কোটি টাকার মধ্যে প্রায় ৬০ কোটি টাকা খরচ হয়ে গেছে।

৫.৪। কেন্দ্রীয় অর্থ কমিশনের অনুদান

দশম কেন্দ্রীয় অর্থ কমিশনের সুপারিশ অনুযায়ী পৌরসভাগুলিকে আর্থিক অনুদান দেবার জন্য কেন্দ্রীয় সরকার ১৯৯৬-৯৭ থেকে ১৯৯৯-২০০০ আর্থিক বছর পর্যন্ত ১১৫.৮২ কোটি টাকা দিয়েছে। এই প্রকল্পে পৌর এলাকাগুলিতে রাস্তা, পানীয় জলের ব্যবস্থা, স্নানাগার, শৌচাগার, নর্দমা, রাস্তার আলো, ভ্যাট, কমিউনিটি কেন্দ্র, বাসগৃহ, কালভার্ট, প্রাথমিক বিদ্যালয়, বাজার, পার্ক ইত্যাদি নির্মিত হয়েছে।

একাদশ কেন্দ্রীয় অর্থ কমিশনের সুপারিশ অনুযায়ী কেন্দ্রীয় সরকারের কাছ থেকে বিগত বছরে উপরোক্ত উন্নয়নমূলক কাজের জন্য প্রাপ্য প্রায় ৪০ কোটি টাকার মধ্যে ১৯.৭৫ কোটি টাকা পাওয়া গিয়েছে।

৫.৫। স্বল্পমূল্যে স্বাস্থ্যসম্মত শৌচাগার

এই প্রকল্পটি কেন্দ্র-রাজ্য যৌথ উদ্যোগে ৯০-এর দশকে গৃহীত হয়। প্রকল্পের মূল উদ্দেশ্য দুটি—শহরাঞ্চলে খাটা পায়খানার অপসারণ ও স্বল্পমূল্যে স্বাস্থ্যসম্মত পায়খানা নির্মাণ করে শহরবাসীদের স্বাস্থ্য সুরক্ষিত করা এবং মাথায় করে মল বহনের অমানবিক প্রথার অবলুপ্তি ও সাফাই কর্মীদের অন্যতর বৃত্তিতে পুনর্বাসন। ৩১.৩.২০০১ পর্যন্ত মূল প্রকল্পের কর্মসূচীতে প্রায় ১,৪৪,০০০ পায়খানা নির্মিত হয়েছে। এই প্রকল্পের ৬নং পর্যায়ে নতুন ৯টি পৌরসভাতে ২০০৩ সালের মধ্যে প্রায় ২৪,০০০ পায়খানা নির্মিত হবে। এই প্রকল্পের মোট অর্থমূল্য প্রায় ৭০ কোটি টাকা, যার মধ্যে হাডকো ঋণের পরিমাণ প্রায় ৩৩ কোটি টাকা। এখনও পর্যন্ত এই প্রকল্পে খরচ হয়েছে ৪৬.৪৮ কোটি টাকা। এ ছাড়া মূল প্রকল্পের ১,৪৪,০০০ পায়খানার সুপারস্ট্রাকচার নির্মাণের জন্য রাজ্য সরকার পায়খানা পিছু ৪০০ টাকা হিসাবে মোট প্রায় ৫.৭৬ কোটি টাকা হাডকোর কাছ থেকে ঋণ নিয়ে সংশ্লিষ্ট পৌরসভাগুলিকে আবণ্টন করেছে। এই প্রকল্প রূপায়ণের ফলে বেশি কিছু সংখ্যক পৌর এলাকা প্রায় খাটা পায়খানা মুক্ত হয়েছে এবং নাগরিকদের স্বাস্থ্য সুরক্ষার ব্যাপারে এক সুদৃঢ় পদক্ষেপ নেওয়া গেছে। সাফাই কর্মীদেরও সমাজের মূল স্রোতের পুনর্বাসনের কাজ চলছে।

৫.৬। ক্ষুদ্র ও মাঝারি শহর উন্নয়ন প্রকল্প

রাজ্যের ক্ষুদ্র ও মাঝারি শহরগুলির নিবিড় উন্নয়ন ঘটিয়ে কলকাতা মহানগরীর উপর জনসংখ্যার চাপ কমিয়ে আনা ও সেই সঙ্গে সেইসব শহরগুলিকে উন্নয়ন কেন্দ্র হিসাবে গড়ে তুলে অতিরিক্ত কর্মসংস্থানের ব্যবস্থা করা—এই দুটি মূল উদ্দেশ্য নিয়ে প্রকল্পটি শুরু হয়েছিল। বৃহত্তর কলকাতা এলাকার বাইরের ৮২টি পৌরসভার মধ্যে এখনও পর্যন্ত ৭৬টি পৌরসভা এই প্রকল্পে টাকা পেয়েছে। আরও ৩টি পৌরসভার প্রকল্প রিপোর্ট কেন্দ্রীয় সরকারের বিবেচনাধীন রয়েছে। এখনও পর্যন্ত এই প্রকল্পে কেন্দ্রীয় সরকারের কাছ থেকে ৩১.১৬ কোটি টাকা ও রাজ্য সরকারের কাছ থেকে ২২.২৯ কোটি টাকা পাওয়া গিয়েছে। এ পর্যন্ত খরচের পরিমাণ ৪৫.৪৯ কোটি টাকা। এই প্রকল্পে এখনও পর্যন্ত ৯১টি বাজার ও বাণিজ্য কেন্দ্র, ৮৬টি রাস্তা, ১টি সেতু, ৯টি শিল্প এস্টেট, ১৫টি বাস ও ট্রাক টার্মিনাল, ২৯টি অতিথিশালা, ১১টি বাসগৃহ নির্মাণ উপযোগী অঞ্চল উন্নয়ন, ৩টি গবাদী পশুর জন্য সেড, ২৪টি কালভার্ট ইত্যাদি নির্মিত হয়েছে। এ ছাড়া ২২,০০০টি খাটা পায়খানাকে স্যানিটারি পায়খানাতে রূপান্তরিত করা হয়েছে।

৫.৭। বস্তির পরিবেশগত মান উন্নয়ন

ন্যূনতম প্রয়োজন কর্মসূচীর অন্তর্গত এই প্রকল্পে এখনও পর্যন্ত ২৯.৩৪ কোটি টাকা ব্যয় করা হয়েছে। এই প্রকল্পে উপকৃত মোট বস্তিবাসীর সংখ্যা ৬,২৮,১৪৮। এই প্রকল্পে নির্মিত হয়েছে অসংখ্য জলের কল, রাস্তার আলো, স্নানাগার, পায়খানা, ইট বাঁধানো রাস্তা, নর্দমা, কমিউনিটি কেন্দ্র ইত্যাদি।

৫.৮। ভারতীয় জনসংখ্যা প্রকল্প (আই.পি.পি.-৮ সম্প্রসারণ)

বিশ্বব্যাংকের আর্থিক সাহায্যপুষ্ট এই কর্মসূচীটি বৃহত্তর কলকাতা এলাকার অন্তর্গত পৌরাঞ্চলগুলির জন্য গৃহীত ভারতীয় জনসংখ্যা প্রকল্প-৮-এর সম্প্রসারণ। সাধারণভাবে সকল বস্তিবাসীর উদ্দেশ্যে গ্রহণ করা হলেও এই প্রকল্পের মূল লক্ষ্য মা ও শিশুরা। এই প্রকল্পের কেন্দ্রবিন্দু হল প্রজনন ও শিশু স্বাস্থ্য। প্রকল্পটির আওতায় আনা হয়েছে বৃহত্তর কলকাতা এলাকার বাইরের ১০টি পৌর অঞ্চলকে। প্রকল্পটির মূল অর্থ মূল্য ৪১.২১ কোটি টাকা থেকে বাড়িয়ে ৪৬.১৭ কোটি টাকা করা হয়েছে। এই প্রকল্পের সময়সীমা এখনও পর্যন্ত ২০০১ সালের জুন মাস, তবে তা আগামী ২০০২ জুন মাস পর্যন্ত বর্ধিত করার বিষয়টি কেন্দ্রীয় সরকারের বিবেচনাধীন। এই প্রকল্পে ৭৮৬টি বস্তির ৮,১৪,৮৯৮ জন গরীব মানুষ উপকৃত হবেন। এই কর্মসূচীতে এখনও পর্যন্ত তৈরি হয়েছে ৩৫টি স্বাস্থ্যকেন্দ্র, ২৫০টি উপ-স্বাস্থ্যকেন্দ্র ও ১১টি বহির্বিভাগ ও প্রসূতি কেন্দ্র। এই কেন্দ্রগুলিকে পরিচালনার জন্য নিযুক্ত আছেন ৬৩ জন আংশিক সময়ের চিকিৎসক, ৩৫ জন নার্স সহায়িকা ও প্রায় ১৩৪০ জন স্বেচ্ছাসেবী স্বাস্থ্যকর্মী। বিশ্বব্যাংকের আর্থিক সহায়তা বন্ধ হয়ে গেলে সংশ্লিষ্ট পৌরসভাগুলি এই প্রকল্পের অন্তর্গত পরিষেবাগুলি চালিয়ে যাবে।

আসানসোল পৌর এলাকাতেও বিশ্বব্যাংকের আর্থিক সহায়তায় অনুরূপ একটি প্রকল্প চালু হয়েছে। এতে উপকৃত হবেন ১৯৪টি বস্তির ২.৯০ লক্ষ গরীব বস্তিবাসী। ৯৯৭ লক্ষ টাকার সংশোধিত প্রকল্প মূল্যের কাজ শেষ হবে ২০০২-২০০৩ আর্থিক বছরে। এই প্রকল্পে

ইতিমধ্যেই নির্মিত হয়েছে ৫টি স্বাস্থ্যকেন্দ্র, বাকি ৮টির কাজ চলছে। এ ছাড়া ২টি বহির্বিভাগ ও প্রসূতি কেন্দ্র এবং ১টি মেডিকেল স্টোরের নির্মাণের কাজ চলছে। ৯৭টি উপ-স্বাস্থ্যকেন্দ্রে পরিষেবা দেওয়া শুরু হয়েছে। পরিষেবা দেওয়ার জন্য এখনও পর্যন্ত ১১ জন আংশিক সময়ের চিকিৎসক ও ৪৮৪ জন স্বেচ্ছাসেবী স্বাস্থ্যকর্মী নিয়োগ করা হয়েছে।

৫.৯। **হাডকো ঋণের সহায়তায় পৌর এলাকার বিশেষ উন্নয়ন**

বৃহত্তর কলকাতা এলাকার বাইরের ৮১টি পৌরাঞ্চলে এবং কলকাতা ও হাওড়া পৌর এলাকায় প্রায় ৭২ কোটি টাকা ব্যয়ে রাস্তা সংস্কার, সম্প্রসারণ ও উন্নয়নের জন্য একটি বিস্তৃত কর্মসূচী ১৯৯৯-২০০০ আর্থিক বছরে গ্রহণ করা হয়। মোট অর্থের মধ্যে ৫০ কোটি টাকা হাডকোর কাছ থেকে ঋণ হিসাবে পাওয়া যাবে। এখন পর্যন্ত বৃহত্তর কলকাতা এলাকার বাইরের ৮১টি পৌরসভার জন্য হাডকোর কাছ থেকে মোট ঋণের এক-চতুর্থাংশ পাওয়া গিয়েছে এবং ওই অর্থ পৌরসভাগুলির মধ্যে বণ্টন করা হয়েছে। কলকাতা পৌর এলাকার জন্য প্রাপ্য ৬ কোটি টাকার মধ্যে ৪.৭০ কোটি টাকা পাওয়া গিয়েছে। ঋণের বাকি অংশ দেবার জন্য ওয়েস্ট বেঙ্গল ইনফ্রাস্ট্রাকচার ডেভেলপমেন্ট ফাইনান্স কর্পোরেশনের মাধ্যমে হাডকোর কাছে প্রস্তাব পাঠানো হয়েছে।

৫.১০। **বন্যাবিধ্বস্ত পৌর এলাকায় পরিকাঠামো পুনর্গঠনের জন্য বিশেষ অর্থ সাহায্য**

বিগত আর্থিক বছরে ভয়াবহ বন্যায় দক্ষিণবঙ্গের ৫২টি পৌর এলাকা ক্ষতিগ্রস্ত হয়। এইসব পৌর এলাকায় পানীয় জলের সুব্যবস্থার জন্য হস্তচালিত নলকূপ বসানোর উদ্দেশ্যে পৌরসভাগুলিকে ৬৪ লক্ষ টাকা আবণ্টন করা হয়। এ ছাড়া বন্যায় ক্ষতিগ্রস্ত পৌর পরিষেবা পরিকাঠামো পুনর্গঠনের জন্য রাজ্য অর্থ কমিশনের সুপারিশকৃত অর্থ থেকে ৫২টি পৌরসভাকে প্রায় ১১ কোটি টাকা আবণ্টন করা হয়।

বন্যাবিধ্বস্ত এই পৌরাঞ্চলগুলিতে ক্ষতিগ্রস্ত রাস্তা, ড্রেন, ইত্যাদি সারানোর জন্য হাডকো ঋণের সহায়তায় মোট ২০ কোটি টাকার কর্মসূচী নেওয়া হয়েছে। এর মধ্যে হাডকো ঋণের পরিমাণ ১৬ কোটি টাকা। এখনও পর্যন্ত এ বাবদ হাডকোর কাছ থেকে ৮ কোটি টাকা ঋণ হিসাবে পাওয়া গিয়েছে ও এই অর্থ সংশ্লিষ্ট পৌরসভাগুলির মধ্যে আবণ্টন করা হয়েছে।

৫.১১। **রাজ্য অর্থ কমিশনের সুপারিশকৃত মুক্ত অনুদানে পৌর উন্নয়ন**

প্রথম রাজ্য অর্থ কমিশনের সুপারিশের ভিত্তিতে এখনও পর্যন্ত পৌরসভাগুলিকে ১৫৭.৩০ কোটি টাকা বণ্টন করা হয়েছে। এই টাকা দিয়ে পৌরসভাগুলি অগ্রাধিকারের ভিত্তিতে বিভিন্ন উন্নয়নমূলক কর্মসূচী রূপায়ণ করছে। এ বছর এই খাতে ১৬১ কোটি টাকা বরাদ্দের প্রস্তাব করা হয়েছে।

৫.১২। **পৌরসভার বিশেষ কর্মসূচিতে অর্থ সাহায্য**

শিলিগুড়ি পৌর নিগম এলাকায় সাম্প্রতিক অজানা মারক রোগের প্রকোপ প্রতিরোধ ও নির্মূল করতে বিশেষ স্বাস্থ্য কর্মসূচী নেওয়ার উদ্দেশ্যে শিলিগুড়ি পৌর নিগমকে ১০ লক্ষ টাকা অনুদান দেওয়া হয়েছে। এ ছাড়া ম্যালেরিয়া প্রতিরোধকল্পে স্প্রে মেশিন কেনার জন্য উত্তরবঙ্গের অন্যান্য পৌরসভাগুলিকেও অর্থ অনুদান দেওয়া হয়েছে।

৫.১৩। পৌর উন্নয়নে অন্যান্য বিভাগের অংশগ্রহণ

৭৪তম সংবিধান সংশোধন আইন অনুসারে বিকেন্দ্রীকৃত উন্নয়ন পরিকল্পনা রচনা ও রূপায়ণের লক্ষ্যে পৌরাঞ্চলে সরকারের বিভিন্ন বিভাগের কর্মসূচী রূপায়ণের দায়িত্ব সরকারি নির্দেশের মাধ্যমে ইতিমধ্যে পৌরসভাগুলির উপর ন্যস্ত করা হয়েছে। এই উদ্দেশ্যে বিভিন্ন বিভাগ প্রয়োজনীয় অর্থ ইতিমধ্যে আবণ্টন করতে শুরু করেছে। এখনও পর্যন্ত জনস্বাস্থ্য কারিগরি দপ্তরের কাছ থেকে পৌরসভাগুলি পেয়েছে ৩.১৫ লক্ষ টাকা, অরণ্য দপ্তরের কাছ থেকে ৫৪৭.৩৭ লক্ষ টাকা, পূর্ত দপ্তর থেকে ৫৮৬ লক্ষ টাকা ও পূর্ত (সড়ক) দপ্তর থেকে ২২২৯.৭৮ লক্ষ টাকা। পৌর এলাকাতে ফল ও সবজি বাজার তৈরির জন্য খাদ্য প্রক্রিয়াকরণ দপ্তরও ৪৭৪ লক্ষ টাকা মঞ্জুর করেছে। পৌর এলাকাতে পরিবেশ উন্নয়নের বিভিন্ন প্রকল্প রূপায়ণের জন্য পরিবেশ দপ্তরও পৌরসভাগুলিকে প্রায় ১০০ লক্ষ টাকা দিয়েছে।

আন্তর্জাতিক সীমান্ত এলাকায় অবস্থিত পৌর এলাকাগুলিতে পরিষেবা পরিকাঠামো উন্নয়নের জন্য রাজ্য স্বরাষ্ট্র দপ্তর সংশ্লিষ্ট পৌরসভাগুলির জন্য সম্প্রতি ১৭৫ লক্ষ টাকা মঞ্জুর করেছে।

৫.১৪। শিশু শিক্ষা কেন্দ্র

শহরাঞ্চলের ৫-৯ বছরের সমস্ত শিশুকে প্রাথমিক শিক্ষার আওতায় নিয়ে আসার উদ্দেশ্যে প্রথম পর্যায়ে বিভিন্ন পৌরাঞ্চলে ৫০০টি শিশু শিক্ষা কেন্দ্রের অনুমোদন দেওয়া হয়েছে। সংশোধিত শিশু শিক্ষা নির্দেশিকা ইতিমধ্যেই সমস্ত পৌরসভায় পাঠানো হয়েছে। বর্তমানে অবলুপ্ত 'মৌল ন্যূনতম পরিষেবা' প্রকল্প খাতের পরিবর্তে রাজ্য সরকার যে খাত তৈরি করেছে, তার থেকে কেন্দ্রগুলি পরিচালনার পৌনঃপুনিক ব্যয়ের অর্থ অনুদান হিসাবে পৌরসভাগুলিকে দেওয়া হয়েছে। বৃহত্তর কলকাতা এলাকার অন্তর্ভুক্ত পৌরসভাগুলিকে অর্থ আবণ্টন করেছে বৃহত্তর কলকাতা উন্নয়ন সংস্থা (সি.এম.ডি.এ.)। ওই এলাকা বহির্ভূত পৌরসভাগুলিতে গত বছর ৮৫.৯২ লক্ষ টাকা বণ্টন করা হয়েছে।

৫.১৫। পৌর এলাকায় খেলার মাঠ উন্নয়ন

৭৪তম সংবিধান সংশোধন আইনের ১২ নম্বর তপশিলে পৌরসভাগুলির যে দায়িত্ব ও কর্তব্যের কথা উল্লেখ করা হয়েছে তার সঙ্গে সঙ্গতি রেখে নাগরিকদের ক্রীড়ামনস্ক করে তোলা, উপযুক্ত ক্রীড়া পরিকাঠামো তৈরি করা ও প্রতিশ্রুতিসম্পন্ন খেলোয়াড় চিহ্নিত করার উদ্দেশ্যে পৌর এলাকাতে খেলার মাঠ উন্নয়নের কর্মসূচি নেওয়া হয়েছে। কর্মসূচী রূপায়ণের অর্থ দেওয়া হবে বর্তমানে অবলুপ্ত মৌল ন্যূনতম পরিষেবা প্রকল্পের বদলে রাজ্য সরকার নিজস্ব রাজস্ব থেকে যে খাত তৈরি করেছেন, সেই খাত থেকে। বৃহত্তম কলকাতা এলাকার অন্তর্গত ১৭টি পৌরসভাকে অর্থ আবণ্টন করেছে বৃহত্তর কলকাতা উন্নয়ন সংস্থা (সি.এম.ডি.এ.) ওই এলাকা বহির্ভূত পৌরসভাগুলির মধ্যে এখনও পর্যন্ত ১৪টি পৌরসভাকে দেওয়া হয়েছে ১২২লক্ষ টাকা। আবণ্টিত অর্থের পরিমাণ মোট প্রকল্প মূল্যের ৫০ শতাংশ।

৫.১৬। বিদেশী অর্থ ও কারিগরী সহায়তায় উন্নয়ন

বৃহত্তর কলকাতা এলাকা ও এই এলাকা বহির্ভূত পৌরাঞ্চলগুলিতেও বিদেশী অর্থ ও কারিগরী সাহায্য সার্বিক উন্নয়নের প্রচেষ্টা শুরু হয়েছে। কলকাতা পৌর নিগম এলাকাতে ফরাসি আর্থিক সহায়তায় একটি প্রকল্পের কাজ ইতিমধ্যেই শুরু হয়েছে। নিকাশি ব্যবস্থার উন্নয়ন এবং তরল ও কঠিন বর্জ্য পদার্থের ব্যবস্থাপনার জন্য এশীয় উন্নয়ন ব্যাংকের আর্থিক ঋণের সাহায্যে কলকাতা পরিবেশ উন্নয়ন প্রকল্প নামে একটি কর্মসূচী নেওয়া হয়েছে। ৪০০ মিলিয়ন ডলারের মোট প্রকল্প মূল্যের মধ্যে এশীয় উন্নয়ন ব্যাংক দেবে ২৫০ মিলিয়ন ডলার, ডিপার্টমেন্ট ফর ইন্টারন্যাশনাল ডেভেলপমেন্ট দেবে ৩০ মিলিয়ন ডলার, এবং রাজ্য সরকার ও কলকাতা পৌর নিগম প্রত্যেকে দেবে ৬০ মিলিয়ন ডলার অর্থাৎ প্রায় ২৬১ কোটি টাকা। এশীয় উন্নয়ন ব্যাংকের সঙ্গে বিস্তারিত আলোচনা শেষে চুক্তিপত্র স্বাক্ষরপর্ব এখন চূড়ান্ত পর্যায়ে। এছাড়াও বৃহত্তর কলকাতার বাইরের কিছু পৌর এলাকায় তরল ও কঠিন বর্জ্য পদার্থের ব্যবস্থাপনা ও জল প্রকল্পের জন্য ইতালি ও জার্মানির আর্থিক সাহায্য পাওয়ার বিষয়ে আলোচনা চলছে।

৫.১৭। পৌরসভায় ভৌগোলিক তথ্য প্রযুক্তি প্রয়োগ

পৌরসভাগুলিতে আধুনিক প্রযুক্তি প্রয়োগ করে তথ্য সংরক্ষণ, নবতম তথ্য সংযোজন ও সংরক্ষিত তথ্যের সাহায্যে মৌল পরিষেবাগত উন্নয়ন ও আর্থ-সামাজিক উন্নয়ন পরিকল্পনা রচনা এবং পৌরসভাগুলির অভ্যন্তরীণ রাজস্ব বৃদ্ধির উদ্দেশ্যে এই কর্মসূচী গ্রহণ করা হয়েছে। মোট ৫০টি পৌরসভাতে এই কর্মসূচী নেওয়া হয়েছে। বিশ্বব্যাংকের আর্থিক সহায়তায় ২০টি পৌরসভাকে ও ইউনিসেফের আংশিক সহায়তায় ৩০টি পৌরসভাকে এই কর্মসূচির আওতায় আনা হয়েছে। এই কর্মসূচী রূপায়ণের কাজ চলছে।

৬। পরিকল্পনা বহির্ভূত অনুদান

স্থানীয় সরকার হিসাবে পৌরসভাগুলি যাতে সুষ্ঠুভাবে নিজেদের দায়িত্ব ও কর্তব্য পালন করতে পারে, সেইজন্য তাঁদের অর্থের প্রয়োজন অনস্বীকার্য। পৌরসভার অভ্যন্তরীণ রাজস্ব আদায়ের সীমাবদ্ধতা আছে। সেই কারণে রাজ্য-রাজস্ব থেকে বিভিন্ন পরিকল্পনা বহির্ভূত খাতে পৌরসভাগুলিকে অনুদান দেওয়া হয়। এই খাতগুলি প্রধানত পৌর কর্মীদের বেতন বাবদ নির্দিষ্ট অনুদান, অবসরপ্রাপ্ত পৌর কর্মীদের অবসর-ভাতা বাবদ নির্দিষ্ট অনুদান, প্রমোদকর বাবদ অনুদান, ইত্যাদি। বিগত আর্থিক বছরে এই খাতগুলিকে মোট ৫৭৬ কোটি টাকা আবণ্টিত হয়েছে।

৭। পৌরসভার দক্ষতা বৃদ্ধি

পৌরসভাগুলি তাদের উপর ন্যস্ত ক্রমবর্ধমান দায়-দায়িত্ব যাতে সুষ্ঠুভাবে পালন করতে পারে, সেইজন্য স্থানীয় সংস্থার অধিকার, পৌর কারিগরি অধিকার, ইনস্টিটিউট অফ লোকাল গভর্নমেন্ট ও আর্বান স্টাডিজ, রাজ্য নগর উন্নয়ন সংস্থা এবং কেন্দ্রীয় মূল্যায়ন পর্যদের মতো প্রতিষ্ঠানগুলি নিয়মিত পৌরসভাগুলির সঙ্গে যোগাযোগ রক্ষা করে তাদের প্রয়োজনীয় ও সময়োপযোগী প্রশাসনিক ও কারিগরি সহায়তা দিচ্ছে। পৌরসভাগুলিতে আর্থিক ও প্রশাসনিক

শৃঙ্খলা রক্ষা, নির্ধারিত সময়ের মধ্যে উন্নয়ন কর্মসূচীগুলি সঠিকভাবে রূপায়ণ করা, দারিদ্র্য-দূরীকরণ কর্মসূচী সঠিকভাবে রূপায়ণ, পৌরসভার রাজস্ব বৃদ্ধি, নির্বাচিত পৌরসদস্য ও পৌরকর্মীদের দক্ষতা বৃদ্ধিতে এই প্রতিষ্ঠানগুলির ভূমিকা অত্যন্ত গুরুত্বপূর্ণ।

৮। **কলকাতা পৌর নিগম**

১৯৮৫ সালে দীর্ঘ ১৬ বছর পর কলকাতায় পৌর নির্বাচন অনুষ্ঠিত হয়। এই নির্বাচনের পরেই কলকাতা পৌর প্রশাসনে এক নতুন গতিবেগ সঞ্চারিত হয় ও কলকাতা পৌর নিগমের বিভিন্ন উদ্যোগ দেশে ও বিদেশে সপ্রশংস দৃষ্টি আকর্ষণ করে। কলকাতাসহ এ রাজ্যের সব নাগরিকদের সুষ্ঠু পরিষেবা প্রদানে এবং সামগ্রিক উন্নয়নে বামফ্রন্ট সরকার দায়বদ্ধ। রাজনৈতিক মতাদর্শের বিভিন্নতা নাগরিক পরিষেবা ও উন্নয়নের পথে কখনো বাধা হয়ে দাঁড়ায়নি। কলকাতা পৌর নিগম তার বিভিন্ন উন্নয়নমুখী কর্মযজ্ঞে সবসময়ই বামফ্রন্ট সরকারের সক্রিয় সহযোগিতা পেয়ে এসেছে। বর্তমানেও পৌর নিগমের বহুবিধ প্রয়াসে সরকারি সাহায্যের ধারাবাহিকতা অক্ষুণ্ণ রয়েছে।

কলকাতার মোট জনসংখ্যার প্রায় এক-তৃতীয়াংশ শহরের ৫৫০০টি বস্তিতে বাস করেন। এই বিপুল সংখ্যক বস্তিবাসীর দৈনন্দিন জীবনযাপনের মান উন্নয়নের জন্য অগ্রাধিকারের ভিত্তিতে কলকাতার বস্তি অঞ্চলে বিভিন্ন প্রকল্প নেওয়া হয়। এই প্রকল্পগুলিতে বস্তি পরিষেবা পরিকাঠামো উন্নয়নের জন্য নির্মিত হয়েছে অসংখ্য পাকা রাস্তা, জলের ট্যাপ, পাকা পায়খানা ও রাস্তার আলো। বস্তিবাসীদের আর্থ-সামাজিক উন্নয়নের জন্য বৃত্তিমূলক প্রশিক্ষণ দেওয়া হচ্ছে। প্রশিক্ষণ শেষে এঁরা বিভিন্ন বৃত্তিতে নিযুক্ত হচ্ছেন। জাতীয় বার্ধক্যভাতা প্রকল্পে ২০০০ সালের মার্চ মাস পর্যন্ত ২০,৫৯০ জনকে ভাতা দেওয়া হয়েছে। জাতীয় পরিবার কল্যাণ কর্মসূচিতে ৩১.৩.২০০১ তারিখ পর্যন্ত উপকৃত মানুষের সংখ্যা ৫০৫ জন। জাতীয় মাতৃকল্যাণ কর্মসূচিতেও উপকৃত মায়ের সংখ্যা বিগত আর্থিক বছর পর্যন্ত ৩৭০২ জন। গর্ভবতী মা ও শিশুর স্বাস্থ্যরক্ষা কর্মসূচিতেও কলকাতা পৌর নিগমের সাফল্য উল্লেখযোগ্য। বর্তমানে সমগ্র কলকাতা পৌর নিগম এলাকায় শিশুমৃত্যুর হার কমে হয়েছে গড়ে প্রতি হাজারে ৪০ জন, যেখানে সর্বভারতীয় গড় ৭২ জন। বস্তি এলাকায় নিবিড় স্বাস্থ্য পরিষেবা কর্মসূচি নেওয়ায় শিশুমৃত্যুর হার কমে হয়েছে প্রতি হাজারে ২০ জন। কলকাতার বস্তিবাসীদের জীবনযাত্রার সার্বিক মান উন্নয়নের লক্ষ্যে বস্তিগুলিতে উন্নয়নের প্রয়াস অব্যাহত থাকবে।

কলকাতা শহরের পানীয় জল সরবরাহ প্রকল্প প্রথম শুরু হয় ১৮৬৯ সালে। তখন ৬০ লক্ষ গ্যালন জল দৈনিক উৎপাদিত হত। আর এখন কলকাতায় দৈনিক জল সরবরাহের পরিমাণ ২৬৩ এম.জি.ডি। মাথাপিছু জল সরবরাহ ৪৮ জি.পি.সি.ডি। কলকাতায় জল সরবরাহ ব্যবস্থা আরও সুষ্ঠু করে তোলার উদ্দেশ্যে ইন্দো-ফরাসি প্রটোকল প্রকল্প নেওয়া হয়েছে। প্রকল্পের কাজ শেষ হবে ২০০৩ সালে। আরও কিছু জলপ্রকল্প রূপায়ণের জন্য প্রয়োজনীয় অর্থ সংগ্রহের উদ্দেশ্যে রাজ্য সরকার কলকাতা পৌর নিগম কর্তৃপক্ষকে ৫০ কোটি টাকার বন্ড বাজারে ছাড়ার অনুমোদন দিয়েছে। বর্তমানে পাঁচটি বুস্টার পাম্পিং স্টেশন চালু আছে ও চারটি বুস্টার পাম্পিং স্টেশন নির্মাণের কাজ চলছে। আমি পূর্বে উল্লেখ করেছি যে কলকাতা শহরে নিকাশী ব্যবস্থা সংস্কার ও উন্নততর করা, কঠিন বর্জ্য পদার্থের

ব্যবস্থাপনা, বস্তি উন্নয়ন—এই উদ্দেশ্যে এশীয় উন্নয়ম ব্যাংক ও ডিপার্টমেন্ট ফর ইন্টারন্যাশনাল ডেভেলপমেন্টের আর্থিক সহায়তায় "কলকাতা পরিবেশ উন্নয়ন প্রকল্প" নামে একটি প্রকল্প নেওয়া হচ্ছে। এই প্রকল্প অনুমোদন এবং রূপায়ণের জন্য রাজ্য সরকার আর্থিক ও প্রয়োজনীয় সমস্ত সাহায্য দিচ্ছে। এছাড়া বিশ্বব্যাংকের সাহায্যে কলকাতা জল সরবরাহ ও জল নিকাশি ব্যবস্থা উন্নত করার জন্য একটি প্রকল্প নেওয়ার ব্যাপারে আলোচনা চলছে।

বিগত ২৪ বছরে শহরের প্রধান রাস্তাগুলি প্রশস্ত করা, রাস্তাগুলিতে মেসটিক অ্যাসফাল্টের আস্তরণ ব্যবহার, নতুন ব্রিজ ও সংযোগকারী রাস্তা নির্মাণ, ফুটপাথ সংস্কার ইত্যাদির ফলে কলকাতার রাস্তাগুলি এখন যানবাহন চলাচল ও পথচারীদের ব্যবহারের জন্য আগের চেয়ে বহুগুণ মসৃণতর হয়েছে।

কলকাতার নাগরিকদের স্বাস্থ্য সুরক্ষায় পৌর নিগম আন্তরিক প্রয়াস চালিয়ে যাচ্ছে। বিভিন্ন স্বাস্থ্য কর্মসূচির মাধ্যমে ম্যালেরিয়া রোগের প্রকোপ অনেক কমানো গিয়েছে। বর্তমানে কলকাতা পৌর এলাকার ৫১টি ম্যালেরিয়া ক্লিনিকে বিনা খরচে রক্ত পরীক্ষা ও ম্যালেরিয়া চিকিৎসার ব্যবস্থা আছে। এই কাজে ৪টি ভ্রাম্যমাণ ভ্যানগাড়িও ব্যবহার করা হচ্ছে। যক্ষ্মা রোগ দমনের জন্য পৌর কর্তৃপক্ষ সরকারি মেডিক্যাল কলেজ ও হাসপাতালগুলি এবং বেসরকারি প্রতিষ্ঠানের সাহায্যে বিশেষ কর্মসূচি নিচ্ছে।

সকলের কাছে স্বাস্থ্য পরিষেবা পৌঁছে দেওয়ার উদ্দেশ্যে স্বাস্থ্য পরিষেবা বিকেন্দ্রীকরণের কর্মসূচি পর্যায়ক্রমে রূপায়ণের বিষয়টি পৌর কর্তৃপক্ষের বিবেচনাধীন। এই কর্মসূচিতে প্রতি ওয়ার্ডে একটি করে ওয়ার্ড হেল্‌থ ইউনিট স্থাপনের চেষ্টা হচ্ছে।

পৌর পরিষেবা উন্নততর এবং সুনিশ্চিত করার লক্ষ্যে কলকাতা পৌর নিগম ইতিপূর্বে অভ্যন্তরীণ রাজস্ব বৃদ্ধির প্রচেষ্টা নিয়েছিল। এই প্রচেষ্টার অঙ্গস্বরূপ বকেয়া সম্পত্তি কর আদায়ের উদ্দেশ্যে বকেয়া করের উপর সুদ ছাড় অথবা মকুব করার জন্য বাস্তবানুগ একটি প্রকল্প সম্প্রতি সরকার অনুমোদন করেছে। প্রকল্পটিতে নির্দিষ্ট সময়সীমার মধ্যে এককালীন সুবিধা পাওয়া যাবে। এই প্রকল্পটি একদিকে যেমন কর বকেয়া ফেলা নাগরিকদের কাছে দায়মুক্ত হবার একটি বিশেষ সুযোগ এনে দিয়েছে। অপরদিকে কলকাতা পৌর নিগমেরও রাজস্ব বৃদ্ধির পথ সুগম করেছে। পৌর নিগমের রাজস্ব বিভাগের হিসাবও এর ফলে সরলীকৃত হবে।

উন্নততর পরিষেবা, ঐতিহ্যপূর্ণ ভবন সংরক্ষণ, পরিবেশ দূষণ রোধে সবুজায়ন, নাগরিকদের অংশগ্রহণের মাধ্যমে শহরকে জঞ্জালমুক্ত করা, শহরকে দৃষ্টিনন্দন করে তোলার প্রয়াস, আর্থিক স্বনির্ভরতার লক্ষ্যে অভ্যন্তরীণ পৌর রাজস্ব বৃদ্ধির প্রচেষ্টা, প্রশাসন পরিচালনায় অত্যাধুনিক প্রযুক্তির প্রয়োগ—সব মিলিয়ে কলকাতা পৌর নিগমের উজ্জ্বল ভাবমূর্তিটি অক্ষুণ্ণ রাখার প্রচেষ্টায় নবনির্বাচিত পৌর নিগমের সঙ্গে রাজ্য সরকারও কলকাতার নাগরিকদের কাছে অঙ্গীকারবদ্ধ।

৯। সরকারের সুষ্ঠু, সময়োপযোগী, জনমুখী ও বিকেন্দ্রীকৃত পৌরনীতি রূপায়ণের ফলে পশ্চিমবঙ্গের পৌরসভাগুলিতে আজ এক ব্যাপক উন্নয়ন কর্মকাণ্ড চলছে। পৌরসভাগুলির দায়িত্ব ও কর্তব্য এখন শুধুমাত্র মৌল পরিষেবা প্রদানেই সীমাবদ্ধ নয়, সেই সীমা অতিক্রম করে নাগরিকদের, বিশেষ করে অর্থনৈতিক দিক থেকে দুর্বলতর নাগরিকদের শিক্ষা, স্বাস্থ্য ও অর্থনৈতিক উন্নয়ন পরিকল্পনা রচনা, রূপায়ণ ও সেই উন্নয়ন সুস্থায়ী করতে পৌরসভাগুলি

যথার্থই স্থানীয় সরকারের ভূমিকায় নিজেদের প্রতিষ্ঠিত করার লক্ষ্যে এগিয়ে চলেছে। এই অভিজ্ঞতা দেশের অধিকাংশ রাজ্যেই বিরল। রাজ্যে সার্বিক উন্নয়ন, কর্মসংস্থান ও শিল্পায়নের লক্ষ্যে পৌরসভাগুলি যাতে নিজেদের দায়িত্ব সঠিকভাবে ও দক্ষতার সঙ্গে পালন করতে পারে, সেইদিকে লক্ষ্য রেখে সরকারের পক্ষ থেকে পৌরসভাগুলিকে প্রযুক্তিগত ও প্রশাসনিক সহায়তা দেওয়া হচ্ছে। পৌরকর্মীদের প্রশিক্ষিত করে পৌর প্রশাসনে আধুনিক প্রযুক্তির প্রয়োগ ঘটিয়ে, নির্বাচিত পৌর সদস্যদের প্রশিক্ষণের মাধ্যমে পৌর প্রশাসন ব্যবস্থায় অভিজ্ঞ করে, অর্থনৈতিক দিক থেকে দুর্বলতর পৌরবাসীদের অর্থনৈতিক স্বনির্ভরতার বিকাশ ঘটিয়ে, পৌরকর্মীদের চাকুরীগত সুযোগ-সুবিধার প্রসার ঘটিয়ে এই রাজ্যের পৌর প্রশাসনে এক বিপুল পরিবর্তন ঘটেছে। এর ফলে বিগত চব্বিশ বছরে নগরায়ণ বৃদ্ধির হার কলকাতার তুলনায় কলকাতা বহির্ভূত পৌরাঞ্চলে লক্ষণীয়ভাবে বৃদ্ধি পেয়েছে। উল্লেখযোগ্য যে, সত্তরের দশকের শেষভাগে বৃহত্তর কলকাতা এলাকার পৌরাঞ্চলগুলিতে মাথা পিছু উন্নয়ন ব্যয় ১৯.৮৮ টাকা থেকে বৃদ্ধি পেয়ে ১৯৯৯-২০০০ আর্থিক বছরে ১৭৩.৭৬ টাকা হয়েছে। কিন্তু ওই একই সময়ে বৃহত্তর কলকাতা এলাকা বহির্ভূত পৌরাঞ্চগুলিতে মাথাপিছু উন্নয়ন ব্যয় ৮৭ পয়সা থেকে বৃদ্ধি পেয়ে হয়েছে ২০১.০৫ টাকা। বস্তুত ৭৪তম সংবিধান সংশোধনের পরিপ্রেক্ষিতে পৌরসভাগুলি তাদের বর্ধিত দায়িত্ব যাতে সুষ্ঠুভাবে পালন করতে পারে, সেই উদ্দেশ্যে কেন্দ্রীয় অর্থ কমিশন ও রাজ্য অর্থ কমিশনের সুপারিশ অনুযায়ী পৌরসভাগুলির জন্য অর্থ বরাদ্দ বহুলাংশে বৃদ্ধি পেয়েছে। এছাড়া, সুনির্দিষ্ট বিভিন্ন উন্নয়নমূলক কর্মসূচি রূপায়ণের জন্য পৌরসভাগুলি প্রভূত অর্থ সাহায্য পাচ্ছে। এই অর্থে পৌরসভাগুলি উন্নততর নাগরিক পরিষেবা প্রদানের উদ্দেশ্যে বিভিন্ন প্রকল্প রূপায়ণ করেছে এবং করছে। কিন্তু সময়ের সঙ্গে সঙ্গে আরও উন্নততর পরিষেবার জন্য নাগরিকদের চাহিদা উত্তরোত্তর বৃদ্ধি পেয়ে চলেছে। অতিরিক্ত এই চাহিদা পূরণের জন্য প্রয়োজনীয় আর্থিক দায় পৌরসভা বা রাজ্য সরকারের একার পক্ষে বহন করা প্রায় অসম্ভব। অধিকতর উন্নত পরিষেবার দাবি পূরণের লক্ষ্যে ও যে সব পরিষেবা পরিকাঠামো ইতিমধ্যেই তৈরি হয়েছে তা রক্ষণাবেক্ষণের জন্য সেই কারণেই সম্পন্ন নাগরিকদেরও যে আর্থিক দায়ভার বহনে অগ্রণী হতে হবে, এ কথা ভেবে দেখার সময় হয়েছে।

এই শতাব্দী নগরায়ণেরই শতাব্দী। সমগ্র বিশ্বে নগরায়ণের মানচিত্রে একটি মৌল পরিবর্তন দ্রুত অনিবার্য হয়ে উঠছে। সাবেকী আইন, প্রথা ও ভাবনার সংকীর্ণ সীমানা অতিক্রম করে মানুষের প্রত্যাশা পূরণে নগরায়ণ ও পৌর প্রশাসন নিশ্চিতভাবেই আজ সমূহ এক বিবর্তনের মুখে। এই সন্ধিক্ষণে রাজ্য ও দেশবাসীর স্বার্থে নিজস্ব দুর্বলতাকে চিহ্নিত ও সেগুলি সংশোধনের ব্যবস্থা করে, উন্নততর নাগরিক পরিষেবা সুনিশ্চিত করে, অভ্যন্তরীণ রাজস্বের ভিত সুদৃঢ় ও সম্প্রসারিত করে, আর্থিক ও প্রশাসনিক শৃঙ্খলা প্রতিষ্ঠিত করে, আধুনিক প্রযুক্তি ও পেশাদারী দৃষ্টিভঙ্গির প্রবর্তন করে, সমাজের দুর্বল শ্রেণির নাগরিকদের আর্থ-সামাজিক স্বার্থ সুরক্ষিত করে, পৌর প্রশাসনের সঙ্গে নাগরিকদের সংযোগ নিবিড়তর করে এবং আইনানুগ, গতিশীল, স্বচ্ছ, সংবেদনশীল, দায়বদ্ধ ও জনমুখী প্রশাসন ব্যবস্থা সুনিশ্চিত করে উত্তরণের কাঙ্ক্ষিত লক্ষ্যে আমাদের পৌরসভাগুলি নিরলস ও অবিচ্ছিন্ন প্রয়াস চালিয়ে যাবে—এই আশা রেখে সকলকে অভিনন্দন জানিয়ে আমি আমার দাবিগুলি সভার অনুমোদনের জন্য পেশ করছি।

DEMAND No. 90

Mr. Speaker : There are four cut motions to Demand No. 90. All the cut motions are in order.

Shri Ashok Kumar Deb (Cut Motion Nos. 1-2)
Shri Ajoy Dey (Cut Motion Nos. 3-4)
} Sir, I beg to move that the amount of the Demand by reduced by Rs. 100/-.

[1-30—1.40 p.m.]

শ্রী শিশির অধিকারী : মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে, মন্ত্রীদ্বয় পৌর বাজেট যেটা উত্থাপন করেছেন তার বিরোধিতা করে এবং বিরোধীদের আনা কাট-মোশানগুলিকে সমর্থক করে দু-একটি কথা বলব। ৯০ এবং ৩৭ নং দাবির অধীনে যে পরিমাণ অর্থ ব্যয়মঞ্জুরির আবেদন রেখেছেন, তার পরিপ্রেক্ষিতে বলছি।

৪০-এর দশকে ভারতবর্ষের অন্যান্য পৌরসভাগুলোর উন্নয়ন হলেও ১৯৯০-এর পরে আজকে সরকারি রিপোর্টে যে পরিসংখ্যান প্রকাশিত হয়েছে, তাতে দেখা যাচ্ছে পশ্চিমবাংলার মোট জনসংখ্যার ৩০ শতাংশ মানুষ পৌর এলাকায় বসবাস করে। অথচ বলা হয়ে থাকে ভারতবর্ষের ৮০ শতাংশ মানুষ গ্রামে বাস করে। দীর্ঘদিন আগেই যেসব জায়গায় পৌরসভা হওয়া উচিত ছিল, সেইসব জায়গায় আরবান ডেভেলপমেন্ট সত্ত্বেও সেসব জায়গায় পৌরসভা হয়নি। যেসব পৌরসভা চলছে, দেখা যাচ্ছে এক একটা বোর্ড আসে, এক এক ধরনের লোক ঢোকায়, তারা লক্ষ লক্ষ টাকা দেনা রেখে চলে যায়, পরবর্তীকালে যারা আসে তারা খুব অসুবিধার মধ্যে পড়ে। মিউনিসিপ্যাল সার্ভিস কমিশনের কথাও বলা হয়েছে—কর্মচারীদের নিয়োগ কাঠামো সম্বন্ধে। শতাধিক বছরের পৌরসভাগুলোতে নানা সমস্যা আছে। আবার ৫০ বছরের কম বা এখন যেসব পৌরসভা হচ্ছে সেসবের কর্মচারী সংখ্যা সরকারি নীতি ও আইন অনুযায়ীই ঠিক করা দরকার বলে আমি মনে করি। স্যার, আপনার মাধ্যমে মন্ত্রীদ্বয়কে আমি বলতে চাই, আজকে একটা বৃহৎ অংশের মানুষ, বিহার, উড়িষ্যা, অন্ধ্রপ্রদেশ থেকে হরিজন হয়ে এসেছিলেন। খুব লক্ষ্য করার বিষয়, এস. সি., এস. টি. ডিপার্টমেন্ট এদের উন্নয়নের কথা বললেও তারা পৌরসভাতেই কাজ চান। তারা পুরসভাতেই কাজ চায় এবং এখানেই তারা বংশানুক্রমে কাজ করতে চায়। আমি তাদের দিকে দৃষ্টি দিয়ে তাদের স্বনির্ভর করার ক্ষেত্রে পুরসভা এলাকায় বা পঞ্চায়েত এলাকায় যে খাস জমি আছে, সেগুলির বণ্টন ব্যবস্থার মধ্যে যদি তাদের যুক্ত করেন তাহলে ভালো হয়। পুরসভা থেকে খাটা পায়খানা উঠে গেছে। এগুলি পরিষ্কার করে ওইসব হরিজনরা। ওই লোকগুলির কথা ভাবা দরকার। পুরসভার উন্নয়নের দিকগুলি নির্ভর করে জমির উপর। মাননীয় মন্ত্রী একটা ঐতিহাসিক সিদ্ধান্ত নিয়ে এসে বলেছিলেন যে, ডিপার্টমেন্টাল ল্যান্ড ছাড়াও সরকারের যে সমস্ত জায়গা আছে, সেগুলিকে পুরসভায় ন্যস্ত হবে। এগুলি যদি পুরসভাতে ন্যস্ত হয়, তাহলে পুরসভার উন্নয়নের দিগন্ত প্রসারিত হবে। আর একটা ব্যাপার বলছি পুরসভার উন্নয়ন কর ট্যাক্স রেভিনিউ-এর উপর এনেছিলেন। তাতে স্ট্যাম্প ডিউটির কথা বলেছিলেন। স্ট্যাম্প ডিউটির একটা পার্সেন্টেজ পুরসভাগুলিতে দেওয়ার কথা ছিল। কিন্তু এখনও পর্যন্ত সেটা স্থিরীকৃত হয়নি। সেটা আশার

সম্ভাবনাও দেখা যাচ্ছে না। আজকে হকারদের ব্যাপারে বলছি। আগে হকারদের ফেরিওয়ালা বলতাম। ওরা ঘুরত আমরা জানি। সমস্ত বড় রাস্তার জংশনগুলিতে এই হকারে ভরে গেছে। আজকে ওদের উপযুক্ত ব্যবস্থা করে দিয়ে সরকারের যে উপযুক্ত জায়গা আছে, সেখানে তাদের পুনর্বাসনের ব্যবস্থা করতে পারি, তাহলে খুব ভালো হয়। যাদের পেটের রুজি-রোজগার নির্ভর করে এরই উপর, তাদের উপযুক্ত কোথাও, পুরসভাগুলির সঙ্গে আলোচনা করে স্থানীয় প্রশাসনের সঙ্গে আলোচনা করে তাদের পুনর্বাসনের ব্যবস্থা করা যায়, তাহলে ভালো হয়। আমরা দেখেছি ২৫-৩০ হাজার টাকা খরচ করলে অস্থায়ী দোকানদারদের সরিয়ে দেওয়া যায়। আজকে তাদের ঠিকমতো জায়গায় পুনর্বাসন দিলে তারা ট্যাক্স দেবে। তারা ট্যাক্স দিতে রাজি আছে। এর থেকে পুরসভার প্রচুর টাকা আয় হতে পারে। হকাররা যে জবরদখল করে বসে আছে, সেই জায়গাগুলি মুক্ত করে দিলে পথচারীদেরও সুবিধা হবে। আপনি এখানে বলেছেন যে, শতকরা ৯০ ভাগ জায়গায় ওয়ার্ড কমিটি সফল হয়েছে। আমি বলছি ওয়ার্ড কমিটির সঙ্গে পাড়া কমিটি যুক্ত করা দরকার এবং আজকে সর্বপ্রথম যে কথাটা ভাবা দরকার সেটা হচ্ছে ডিলিমিটেশান। অনেক ক্ষেত্রে সেনসাসের জন্য ডিলিমিটেশান আটকে আছে। এই ব্যাপারগুলি গুরুত্ব দেওয়ার দরকার আছে। আর একটা কথা বলছি পাবলিক গ্রিভ্যান্স সেল আছে। সেখানে মানুষ পোস্ট কার্ডের মাধ্যমে তাদের অভিযোগ জানায়। তাই বলছি রিজিওনাল যদি কোনো অফিস করার সম্ভাবনা থাকে তাহলে বলবেন। এবার আমি পুর কর্মচারীদের কথায় আসছি। বহু মানুষ রিটায়ার্ড করে গেছে গ্র্যাচুয়িটির প্রশ্নে ৫৫ হাজার ছিল, সেটা ১ লক্ষ ৫০ হাজার করলে ভালো হয়। বহু মানুষ যে রিটায়ার করে যায় তাদের গ্র্যাচুইটির প্রশ্ন আছে, এগুলো ভাববেন। যাই হোক এই বাজেটের বিরোধিতা করে কাট-মোশানের সমর্থন করে আমার বক্তব্য শেষ করছি।

[1.40—1.50 p.m.]

শ্রী সুধাংশু শীল : মাননীয় স্পীকার মহাশয়, মাননীয় মন্ত্রী পশ্চিমবঙ্গ সরকারের নগরোন্নয়ন বিভাগের যে বাজেট পেশ করেছেন তাকে পূর্ণ সমর্থন করছি এবং বিরোধীদের আনা কাট-মোশানের বিরোধিতা করে কিছু বলতে চাই। আমাদের রাজ্যে নগরোন্নয়নের নীতি আছে সেই নীতির ভিত্তিতে আমরা নগরোন্নয়নের জন্য চিন্তা-ভাবনা করি, পরিকল্পনা বাস্তবায়িত করি। আপনারা জানেন বর্তমানে কেন্দ্রীয় সরকার যেভাবে বিশ্বায়নের প্রভাবে আমাদের প্রতি বৈরিতার প্রকাশ দেখাচ্ছেন, আমাদের সঙ্গে যেভাবে অসহযোগিতা করছেন, মেগাসিটি প্রকল্পের কথা বলেছেন, যখনই কোনো উন্নয়নের সম্পর্কে কাজ করার যেখানে কেন্দ্রীয় সরকার তার নীতির দ্বারা বাধাপ্রাপ্ত হয়েছে। সবটা মাথায় রেখেই আমাদের নগরোন্নয়নের প্রশ্ন। '৭৭ সালের পর থেকে শহরকে উন্নত করে তার সঙ্গে গ্রামগুলোকে যুক্ত করে নগরোন্নয়নের নিশ্চয়ই চাই কলকাতার উন্নয়ন আর চাই বলেই অতীতে যেরকম কলকাতা কর্পোরেশনের নগরোন্নয়ন দপ্তর থেকে সাহায্য করেছিলাম এখনও সাহায্যের সেই ধারাটাকেই অব্যাহত রাখা হয়েছে। এই বছর স্লাম ইম্প্রুভমেন্টের জন্য টেনথ ফিনান্স কমিশনে ৪৪০ লক্ষ টাকা দেওয়া হয়েছে। আন্ডার ডি এম দেওয়া হয়েছে ৩১৪ লক্ষ টাকা।

আদার প্রোজেক্টের জন্য দেওয়া হয়েছে ২১.৯৫ লক্ষ টাকা, মেগাসিটি প্রকল্পে ৩৩৫০ লক্ষ টাকা দেওয়া হয়েছে। কিন্তু আজকাল আমরা লক্ষ্য করছি যে যে ডাইরেকশনগুলো যাচ্ছে তার কোনোটাই ঠিকমতো পালন করা হচ্ছে না। রাজ্য সরকার নির্দেশিত যে সমস্ত প্রকল্প জনসাধারণের স্বার্থে সেগুলোকে বন্ধ করে দেওয়া হচ্ছে। এবারে যে বন্যা হল তাকে বলা হচ্ছে যে ম্যান মেড বন্যা। মেয়র শুধু নয় মেয়র পরিষদের সমস্ত সদস্য জানেন যে কলকাতায় এই ধরনের বন্যা আগে হয়নি। তাদের আমন্ত্রণ জানানো হয়েছিল দলমতনির্বিশেষে এই প্রাকৃতিক দুর্যোগে মুখ্যমন্ত্রী ত্রাণ তহবিলে দেওয়া হোক, কিন্তু ওরা সেই নীতিকে বর্জন করলেন। মেগাসিটি প্রকল্পের জন্য মাননীয় মন্ত্রী দিল্লি গেলেন আমরা লক্ষ্য করেছিলাম আজকে যিনি মেয়র তিনি মন্ত্রীর সঙ্গে কথা দিলেও গেলেন না। আমরা দেখতে পাচ্ছি যেভাবে উন্নয়নের কাজ চলছে, পৌরসভার কাজটা মোটামুটি নষ্ট হয়ে গেছে। আমাদের আমলে কলকাতা জঞ্জাল অপসারণের ক্ষেত্রে আমরা যে নিদর্শন সৃষ্টি করেছিলাম সেটা শুধু ভারতবর্ষেই নয় ভারতবর্ষের বাইরে থেকেও আমরা সাধুবাদ পেয়েছিলাম। কলকাতার রাস্তা উন্নয়নের প্রশ্নে কলকাতা কর্পোরেশনের নিজস্ব যে স্ট্রেইনথ সেটাকে কাজ করিয়ে কন্ট্রাকচুয়াল সিস্টেমকে তুলে নিয়ে কলকাতার রাস্তাঘাটের উন্নয়ন করেছিলাম। কিন্তু এখন দেখা যাচ্ছে সমস্ত জিনিসগুলিই নষ্ট হয়ে গেছে। কলকাতা সম্বন্ধে ভারতবর্ষে এবং তার বাইরের মানুষের কাছ থেকে বিগত ৫ বছরে আমরা অভিনন্দিত হয়েছি। কিন্তু এখন ঠিক তার উল্টো চিত্র দেখছি। এম.এস.সি. পরীক্ষা নিল ব্লক সরকার নিয়োগ করার জন্য, কিন্তু করল না। সেই ব্লক সরকাররা দিনের পর দিন সেখানে অবস্থান করছে, শান্তিপ্রিয় আন্দোলন করছে। তাদের আন্দোলন বাধাপ্রাপ্ত হচ্ছে, কর্পোরেশনের অফিসাররা সেখানে তাদের ধমকী দিচ্ছে, তাদের কাগজপত্র ছিঁড়ে ফেলে দিয়েছে। তাদের বলা হয়েছে কালকের মধ্যে যদি তোমরা সরে না যাও তাহলে মারধোর করা হবে। আমরা চাই ওই কলকাতা পৌরসভা কলকাতার মানুষের স্বার্থে আমাদের পরিষেবামূলক যে কাজ সেগুলি যেন অব্যাহত থাকে। আপনারা জানেন কলকাতার এক-তৃতীয়াংশই বস্তিবাসী। এই নগর সহ বস্তিতে যেভাবে সেবা করে আমরা দৃষ্টান্তমূলক কাজ করেছিলাম, আমরা ক্ষমতার বিকেন্দ্রীকরণ করে মেয়র পরিষদ সিস্টেম আমরা ১৯৮৫ সালে আসার পরই করছিলাম। আমরা দেখেছি আমাদের সময়কালে ভারতবর্ষের বিভিন্ন রাজ্যের কর্পোরেশন থেকে এখানে এসেছেন আমাদের সেই মেয়র পরিষদ সিস্টেম পরিচালনা করা দেখতে। তাদের সেখানে মেয়র পরিষদ সিস্টেম কীভাবে তৈরি করা যায় সেটা দেখার জন্য। এই বোরো কমিটি আমরাই তৈরি করেছিলাম। বোরো ৭, ৮ নং বোরো কমিটিতে তারা সংখ্যাগরিষ্ঠতা দেখিয়ে নিজেদের ক্ষমতার মধ্যে নিয়ে গেল। আমরা লক্ষ্য করছি এতে সেই এলাকার মানুষ কলকাতা কর্পোরেশনের পরিষেবা থেকে বঞ্চিত হচ্ছে, শুধু তাই নয় কলকাতা শহরের যে সুনাম সেটাও নষ্ট হচ্ছে। আমরা কলকাতার উন্নয়নের জন্য সি.এম.ডি.এ.-কে কাজে লাগিয়েছিলাম। আগে ই.এম.বাইপাশ দুই লেনের ছিল, এখন সেটা আমরাই ৪ লেন করেছি, পরিকাঠামো উন্নয়নের কথা মাথায় রেখে পশ্চিমবঙ্গে আমরা এই কাজ করেছি। নগর উন্নয়ন যেমন একটা বড় কাজ তেমনি শিল্পায়নের ক্ষেত্রেও এটা একটা গুরুত্বপূর্ণ কাজ। শিল্পায়নের জন্য আমরা রুরাল ডেভেলপমেন্ট ইন টু

সেন্স করেছি, যার ফলে আজকে গ্রামের মানুষকে আর শহরে ভিড় করতে হয় না। কিন্তু আর্বান এরিয়াতে শিল্পায়নে আমাদের যে ইনফ্রাস্ট্রাকচার আছে তাতে সি.এম.ডি.এ.-কে একটা উল্লেখযোগ্য ভূমিকা নিতে হবে। সি.এম.ডি.এ. কলকাতার রাস্তাঘাট উন্নয়ন এবং তার সাথে কলকাতার বিভিন্ন জায়গায় যেখানে যেখানে আমাদের শিল্প স্থাপন হবে সেখানে ইনফ্রাস্ট্রাকচার ডেভেলপমেন্ট বলতে যেটা প্রথমেই মনে পড়ে সেই রাস্তার ব্যাপারে উল্লেখযোগ্য ভূমিকা গ্রহণ করবে। আমরা ই.এম. বাইপাশ তৈরি করছি। আমাদের লক্ষ্য হচ্ছে টাইম বাউন্ড প্রোজেক্ট করব এবং কোয়ালিটি ও প্রাইসের সাথে কোনো রকম কম্প্রোমাইজ করব না। আজকে যে বাজেট মাননীয় মন্ত্রী মহাশয় পেশ করেছেন তাকে সমর্থন করে, বিরোধীদের কাট-মোশানের বিরোধিতা করে আমার বক্তব্য শেষ করছি।

শ্রী অজয় দে : মাননীয় অধ্যক্ষ মহাশয়, মাননীয় মন্ত্রী মহাশয় নগর উন্নয়ন দপ্তরের জন্য যে ব্যয় বরাদ্দের দাবি পেশ করেছেন তাকে সম্পূর্ণভাবে বিরোধিতা করে এবং কংগ্রেস সহ বিরোধী দলের আনীত কাট-মোশানের সমর্থন করে আমার বক্তব্য শুরু করছি। আমার বক্তব্যের সময় খুব অল্প, তাই আমার মূল বক্তব্য ৯০ নং দাবিতেই সীমাবদ্ধ রাখার চেষ্টা করব। কলকাতাকে কেন্দ্র করে যে উদ্বেগ ও আশংকার কথা মনের মধ্যে স্থান পেয়েছে সেটা বলতে চাই।

[1.50—2.00 p.m.]

স্যার, আমরা দেখছি, কলকাতায় বিশেষ করে হকার বা জলনিকাশি এবং এছাড়াও আরও অনেক সমস্যা রয়েছে। কলকাতা কর্পোরেশন আজকে শতবর্ষ অতিক্রান্ত করেছে। সাথে সাথে সুখের কথা হচ্ছে এশিয়ান ডেভেলপমেন্ট ব্যাংক সোয়ারেজ-সহ কলকাতার অন্যান্য উন্নয়নের জন্য ১৭০০ কোটি টাকা দেওয়া অনুমোদন দিয়েছে। কিন্তু সাথে সাথে শর্ত দিয়ে বলেছে, হকার উচ্ছেদ করতে হবে এবং টালিনালার বস্তি উচ্ছেদ করতে হবে। বিষয় দুটো খুবই গুরুত্বপূর্ণ। কারণ কলকাতার আজকে যে অবস্থা তৈরি হয়েছে—বর্ষা হলে জল জমে, সঠিক নিকাশি ব্যবস্থা নেই, যানজটেরও সমস্যা লেগেই রয়েছে। কিন্তু আজকে যখন এত পরিমাণ অর্থ বরাদ্দ হয়েছে তখন তাকে নিশ্চিতভাবে গুরুত্ব দিয়ে দেখা দরকার। তা না করে শুধুমাত্র কলকাতা কর্পোরেশনের উপর দায়িত্ব চাপিয়ে দিয়ে, কলকাতা কর্পোরেশন করতে পারছে না—এই দৃষ্টিভঙ্গি নিলে সেটা সঠিক কাজ হবে না। বাজেটের জবাবী ভাষণে মাননীয় মন্ত্রী মহাশয় নিশ্চয় এই ব্যাপারে বলবেন। কলকাতাকে প্লানড সিটি করার এই যে সুযোগ এসেছে এবং এজন্য শর্তসাপেক্ষে যে অর্থ বরাদ্দ পাওয়া গেছে তা যাতে ফেরত চলে না যায় সেটা দেখা দরকার। কলকাতা থেকে সমস্ত হকার উচ্ছেদ হয়ে যাক তার পক্ষে আমিও নই। তারা তাদের সমস্ত কাজকর্ম বন্ধ করে দিক তাও আমি চাই না। কিন্তু ডেভেলপমেন্টের কাজও করতে হবে। টালিনালার বস্তির মানুষের পুনর্বাসন দিতে হবে। হকারদের পুনর্বাসনের ক্ষেত্রে আমরা দেখেছি বিধানসভাতেও আলোচনা হয়েছে, সারা দেশেও সোরগোল হয়েছে। এক্ষেত্রে তাদের পুনর্বাসনের জন্য যে জায়গাগুলো দেওয়া হয়েছে বা নির্দিষ্ট করা হয়েছে সেগুলো উপযোগী নয়। ক্রেতারা যদি সেখানে না যায় তাহলে হকাররা সেই সব জায়গায় যেতে চাইছে

না। এবং তার মধ্যে দিয়ে প্রকৃত সমস্যার সমাধান হচ্ছে না। তাই বলছি, এ.ডি.বি.-র অর্থে কলকাতাকে উন্নয়ন করার যে সুযোগ আমাদের সামনে এসেছে তা যাতে আমরা নিতে পারি, কোনো গণ্ডগোলে জড়িয়ে পড়ার মধ্যে দিয়ে যাতে সেই টাকা ফেরত চলে না যায় সেটা গুরুত্ব দিয়ে দেখা দরকার।

এবারে আমি পুরসভার কাজের মধ্যে দিয়ে মানুষের এবং প্রশাসনের যে সমস্যাগুলো উদ্ভব হচ্ছে সে ব্যাপারে বলছি। একথা সবাই জানেন যে জনসংখ্যা বৃদ্ধির সাথে সাথে, ক্ষমতা বিকেন্দ্রীকরণের সাথে সাথে পুরসভার কাজের পরিধিও বেড়ে চলেছে। রাজ্যের বিভিন্ন দপ্তরের কাজ—এডুকেশন থেকে শুরু করে সোস্যাল ওয়েলফেয়ার, ফুড সাপ্লাই—বিভিন্ন দপ্তরের কাজ পুরসভার কর্মীদের উপর আসছে। আমার বক্তব্য, এক্ষেত্রে যেভাবে পদ সৃষ্টি করা দরকার তা করা হচ্ছে না। এবং তার ফলে কাজের গতি রুদ্ধ হচ্ছে, মানুষের বিরাগভাজন হতে হচ্ছে। মাননীয় মন্ত্রী মহাশয়কে এক্ষেত্রে দৃষ্টি দিতে আমি অনুরোধ করছি।

আরেকটা বিষয় হচ্ছে, রিসেন্ট একটা সার্কুলার জারি করে বলা হয়েছে এমপ্লয়মেন্ট এক্সচেঞ্জ থেকে পুরসভার গ্রুপ-ডি কর্মচারীদের নিতে হবে। কিন্তু আগে পুরসভার গ্রুপ-ডি কর্মচারীদের এমপ্লয়মেন্ট এক্সচেঞ্জ থেকে নেবার দরকার ছিল না। আমার বক্তব্য হচ্ছে গ্রুপ-ডি কর্মচারীদের এমপ্লয়মেন্ট এক্সচেঞ্জ থেকে না নেওয়া হোক। কারণ হচ্ছে পুরসভার যে সোয়ারেজ ওয়াটার পরিষ্কার করতে হচ্ছে তা করার ক্ষেত্রে এমপ্লয়মেন্ট এক্সচেঞ্জ থেকে যাদের নাম আসছে তাদের দিয়ে এই কাজ করানো যাচ্ছে না। আগে হরিজন সম্প্রদায়ের মানুষরা তাদের সামাজিক অবস্থার মধ্যে দিয়ে এই রকম কাজের জন্য তৈরি থাকত। কিন্তু সেই সব লোকদের নাম নিশ্চিতভাবে এমপ্লয়মেন্ট এক্সচেঞ্জে থাকবে না। ফলে তাদেরকে পাওয়া না যাওয়ার জন্য সেই রকম সার্ভিস পাওয়া যাচ্ছে না। এটা গুরুত্ব দিয়ে বিবেচনা করা দরকার বলে আমি মনে করি। এক্ষেত্রে যাতে পূর্বাবস্থায় ফিরে যাওয়া যায় সে জন্য মাননীয় মন্ত্রী মহাশয়কে অনুরোধ করব। আমাদের কাজের প্রেসার বেড়েছে এবং মাঝে মাঝে আরও বেড়ে যায়। আপনি হয়ত বলবেন আমরা তো বেতনের উপর ৬৫ শতাংশ দিচ্ছি।

পুরসভার পি.এফ. গ্রাচ্যুয়িটির একটা পয়সা রাজ্য সরকার দিচ্ছেন না। পেনসনের যে বেসিক সেই বেসিকেরও একটা পয়সা রাজ্য সরকার দিচ্ছেন না। একটা চাপ পৌরসভার উপর থাকছে। পেনশন, গ্র্যাচুয়িটি দিতে গেলে মাসে ৩ থেকে ৪ লক্ষ টাকা মোটামুটি অ্যাভারেজ লাগবে। এই অর্থ কোথা থেকে আসবে ? এই বিষয়টা দেখা দরকার। নিশ্চিতভাবে এই বিষয়টা দেখা দরকার। পৌরসভার উপর ব্যাপকভাবে অর্থের বোঝা চাপছে। এটা দেখতে হবে। ওয়ার্ড কমিটি হয়েছে। নিশ্চিতভাবে ওয়ার্ড কমিটির মাধ্যমে কাজ হয়। কিন্তু দিনের দিন কাউন্সিলারদের কাজ যেভাবে বাড়ছে তাতে তাঁদের জন্য যে ২০০ টাকা করে অ্যালাউন্স দেওয়া হয় সেটা নিশ্চিতভাবে আমি মনে করি অপমানকর। যেমন, পঞ্চায়েতের সভাপতি, সহকারি সভাপতি, কর্মাধ্যক্ষরা যে ভাতা পান সেটা সবটাই রাজ্য সরকার বহন করেন। কিন্তু কাউন্সিলারদের ক্ষেত্রে যে ২০০ টাকা করে অ্যালাউন্স দেওয়া হয়

সেটা মিউনিসিপ্যাল ফান্ড থেকে দেওয়া হচ্ছে। এই অ্যালাউন্সের টাকা বৃদ্ধি করে ৫০০ টাকা করা দরকার এবং তার ব্যয়ভারের দায়িত্ব রাজ্য সরকারের নেওয়া উচিত। কাজ হবে, কিন্তু কাজের জন্য যদি কোনো ইনফ্রাস্ট্রাকচার না থাকে স্বাভাবিকভাবে কাজের গতি কমতে থাকবে। ডেভেলপমেন্টের যে কাজ হচ্ছে, যে সমস্ত স্কিমগুলো আছে সেগুলো হল ন্যাশনাল স্লাম ডেভেলপমেন্ট, এন.এস.ডি.সি., ইলেভেন্থ ফিনান্স কমিশনের পরে ডেভেলপমেন্ট কনস্ট্রাকশনের কাজ করতে গিয়ে আমাদের অনেক অসুবিধার সৃষ্টি হচ্ছে। আমাদের বিভিন্ন জায়গায় মিউনিসিপ্যাল ইঞ্জিনিয়ারিং ডিপার্টমেন্ট আছে। কিন্তু আমরা সেখান থেকে কতটা সার্ভিস পাই ? আমি মনে করি তাঁদের সার্ভিসের ক্ষেত্র অত্যন্ত মন্থর। তাঁদের কাছে প্ল্যান এস্টিমেট গেলে সেগুলো নিশ্চিতভাবে সঠিক সময়ে আমরা পাচ্ছি না। মিউনিসিপ্যাল ইঞ্জিনিয়ারিং ডিপার্টমেন্টে একজন ইঞ্জিনিয়ার, ২ জন এস.এ.ই. আছেন। এরকমভাবে চলতে পারে না। কাজ বাড়ছে। সঠিক সময়ে সেগুলো করতে গেলে টেকনিকাল অ্যাসিস্ট্যান্ট নেওয়া দরকার। সেটা আমরা মিউনিসিপ্যাল ইঞ্জিনিয়ারিং ডিপার্টমেন্ট থেকে পাচ্ছি না এবং সেখানে ইনফ্রাস্ট্রাকচার বাড়ানোর জন্য কোনো পদক্ষেপ আমরা দেখতে পাচ্ছি না। এটা দেখা দরকার। কাজ থাকলে তার নজরদারি নিশ্চয়ই থাকা দরকার। এর আগে একজন বলেছেন অনেকে পি.এফের টাকা জমা দেননি। ১৯৯১ সাল থেকে বলছি। ডি.এন.বি. থেকে মোটামুটি ৩ থেকে ৬ মাস অন্তর নজরদারি চলছে। সেটা নিশ্চিতভাবে ভালো। কিন্তু জেলায় যে ও.সি. (মিউনিসিপ্যাল আফেয়ার্স) আছেন তাঁদের দিয়ে কোনো কাজ করানো হয় না। এই সম্পর্কে ও.সি. (মিউনিসিপ্যাল অ্যাফেয়ার্স), এম.ই.ডি এবং জেলার এ.ডি.এম. র‍্যাংকের কাউকে দিয়ে পৌরসভাগুলোর সঙ্গে কো-অর্ডিনেশন রাখা প্রয়োজন। এতে কাজের গতি বাড়বে। এই জায়গাটা মাননীয় মন্ত্রী মহাশয়কে দেখার জন্য অনুরোধ করব। করের একটা অংশ, স্ট্যাম্প ডিউটির একটা অংশ পৌরসভাকে দেওয়ার কথা ছিল। কিন্তু সেটা আমরা পাচ্ছি না। এ ব্যাপারে মাননীয় মন্ত্রী মহাশয় নিশ্চিতভাবে তাঁর জবাবী ভাষণে বলবেন। আই.পি.পি.পি-৮-এ ১০টি পৌরসভাকে অন্তর্ভুক্ত করলেন। কিন্তু এর বাইরে যে সমস্ত পৌরসভাগুলোতে ক্লিনিক এবং স্বাস্থ্য পরিষেবা চলে তাদের জন্য কোনো অর্থ বরাদ্দ হয় না। এই কথা বলে এই ব্যয়বরাদ্দের বিরোধিতা করে আমার বক্তব্য শেষ করছি।

শ্রী নির্মল দাস : মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, এখানে মাননীয় পৌর ও নগরোন্নয়ন দপ্তরের ভারপ্রাপ্ত মাননীয় মন্ত্রী শ্রী অশোক ভট্টাচার্য মহাশয় ২০০১-২০০২ সালের যে ব্যয়বরাদ্দের দাবি পেশ করেছেন আমি তাকে সমর্থন করছি। রবীন্দ্রনাথ ঠাকুর নগর সভ্যতার একটা সংকটের সময় বলেছিলেন—

"দাও ফিরে সে অরণ্য লহ এ নগর"।

সেই নগরের নগর উন্নয়ন এবং নগর উন্নয়নের সাথে অন্যান্য পরিষেবা দেওয়ার জন্য আমাদের বামফ্রন্ট সরকার দায়বদ্ধ। আমাদের অভিজ্ঞতা আছে গত ২৪ বছর আগে যখন বামফ্রন্ট সরকার ক্ষমতায় ছিলেন না সেই সময় এখানে যে নগর ও তার পৌরসভা ছিল. তার অবস্থা খুবই করুণ ছিল। আমার মনে হয় রবীন্দ্রনাথ যে কথা উচ্চারণ করেছিলেন

সেগুলো সেই সময়ের কথা অনুভব করেই বলেছিলেন—ব্রিটিশ সাম্রাজ্যবাদীদের সেই যুগ। কংগ্রেসও পরে সেই অবস্থা বজায় রেখেছিল।

[2.00—2.10 p.m.]

বর্তমানে মানুষের মধ্যে নাগরিক পরিষেবা পাওয়ার আগ্রহ বৃদ্ধি পেয়েছে। একটু পরিশ্রুত জল, উন্নত ড্রেনেজ সিস্টেম, একটু পরিষ্কার-পরিচ্ছন্ন রাস্তাঘাট, আলো ইত্যাদির চাহিদা বৃদ্ধি পেয়েছে। যার জন্য রাজ্যর বহু গ্রামীণ এলাকা পৌর এলাকায় উন্নীত হয়েছে। এই প্রক্রিয়ার মধ্যে এখনো বহু নোটিফায়েড এলাকা রয়েছে। এই প্রসঙ্গে আমি মাননীয় মন্ত্রীকে অনুরোধ করব, দ্রুত নোটিফায়েড এলাকাগুলিতে পৌরসভা গঠন করা হোক। যাতে নির্বাচিত প্রতিনিধিদের হাতে এলাকার পরিচালনার দায়িত্ব দেওয়া যায় তার জন্য প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করুন। আমরা দেখেছি কংগ্রেসী আমলে বহু পৌরসভায় বছরের পর বছর অ্যাডমিনিস্ট্রেট ছিল, কোনোরকম গণতান্ত্রিক ব্যাপার-ট্যাপার ছিল না। অথচ আজকে আমরা লক্ষ্য করছি আমাদের রাজ্য সরকারের মোট বাজেটের অর্ধেকই পৌর এলাকায় এবং পঞ্চায়েত এলাকায় খরচ করা হচ্ছে। বিগত কংগ্রেসী আমলে এই সমস্ত কোনো ব্যাপারই ছিল না। তখন পৌর এলাকার উন্নয়নের কাজ বলতে আমরা দেখেছি ১/২ টিউবওয়েল চেয়ারম্যানের বাড়ির পিছনে এবং সামনে বসানো হত। মাননীয় মন্ত্রী মহাশয় কলকাতা মহানগরীর জন্য মেগাসিটি প্রকল্পের কথা বলেছেন। রাজ্য সরকারের পক্ষ থেকে বিরাট পরিকল্পনা নেওয়া হয়েছে। কিন্তু এ বিষয়ে কেন্দ্রীয় সরকার কি দায়িত্ব পালন করছেন তা মাননীয় মন্ত্রী মহাশয় তাঁর জবাবী ভাষণের মধ্যে দিয়ে আমাদের একটু অবগত করবেন। এই আশা আমি করছি। সাথে সাথে এই প্রসঙ্গে আমি বলতে চাই যে, দেহের সমস্ত রক্ত যদি মাথায় উঠে যায় তাহলে কখনোই সে অবস্থাকে স্বাস্থ্যকর অবস্থা বলা যায় না। সেটা একটা বিপজ্জনক অবস্থা। অনুরূপভাবে আমরা লক্ষ্য করছি কিছু কিছু পৌরসভা এবং কয়েকটি কর্পোরেশনের দিকেই বেশি নজর দেওয়া হয়েছে বলে কেউ কেউ অভিযোগ করছেন। এক্ষেত্রে অবশ্য মাননীয় মন্ত্রী মহাশয় একটা নর্মস ঘোষণা করে প্রত্যেকটা পৌরসভাকে সমান সুযোগ দেওয়ার কথা ঘোষণা করেছেন। সেটা যাতে বাস্তবায়িত হয় তা দেখার জন্য আমি বিশেষভাবে অনুরোধ করছি। আমাদের নগর সভ্যতা আজকে এমন জায়গায় যাচ্ছে তাতে মানুষ নিরাপত্তা চাইছে, স্বাচ্ছন্দ্য চাইছে। যার ফলে আমরা লক্ষ্য করছি আমাদের অতীতের কলকাতা আজকে ৩/৪-টে কলকাতায় পরিণত হয়েছে। ক্রমশ মানুষের ভিড় বেড়েই চলেছে। একই চিত্র আমরা লক্ষ্য করছি জেলা শহরগুলিতে এবং মহকুমা শহরগুলিতে। যার ফলে আজকে রাজারহাট উপনগরী, জলপাইগুড়ি-শিলিগুড়ির ৪৫ কিলোমিটার এলাকা উন্নয়নের প্রয়োজন দেখা দিয়েছে। এই প্রকল্পগুলি কার্যকরী হলে আরও বেশি সংখ্যায় মানুষ নগর পরিষেবার সুযোগ পাবে। আজ আর কর্পোরেশন এলাকার মধ্যে সমস্ত কিছু সীমাবদ্ধ রাখা হচ্ছে না। বামফ্রন্ট সরকারের ঘোষিত নীতি অনুযায়ীই এই ব্যবস্থাগুলি করা হচ্ছে। সর্বত্র উন্নয়নের ধারাকে ছড়িয়ে দেওয়া হচ্ছে। সে উদ্দেশ্যেই জলপাইগুড়ি-শিলিগুড়ি ডেভেলপমেন্ট অথরিটি তৈরি হয়েছে। নগরকে আরও সুন্দর করে গড়ে তোলার উদ্দেশ্যে শিলিগুড়িতে পার্ক হয়েছে, এখানে মিলেনিয়াম পার্ক হয়েছে। বিভিন্ন রকমভাবে বিউটিফিকেশনের ব্যবস্থা করা

হচ্ছে যাতে মানুষ সুস্থিতির মধ্যে সুস্থ নগরজীবন উপভোগ করতে পারে। এই প্রসঙ্গে আমি মাননীয় মন্ত্রীকে বলব যে, বহু পৌর এলাকায় প্রচুর ঝিল এবং পুকুর আছে। আজকে প্রোমোটাররা সেগুলি দখল করে নিচ্ছে। আমরা জানি ওই সমস্ত প্রোমোটারদের পেছনে তৃণমূল, বি জে পি এবং কংগ্রেস আছে। এই ব্যাপারটা আমি মাননীয় মন্ত্রীকে একটু দেখতে অনুরোধ করছি। কলকাতায় মহাজোট পরিচালিত পৌর কর্পোরেশনের কর্তা এখানে আছেন। শুনছি ওখানে নাকি ৩ কোটি টাকা নয়-ছয় হয়েছে। আমি জানি না মাননীয় বিধায়ক এবং কলকাতা কর্পোরেশনের মেয়র এ বিষয়ে কি বলছেন ! তিনি তাঁর দায়িত্ব স্বীকার করছেন কিনা তাও আমরা জানি না। এ বিষয়ে আমি একটা কলিং অ্যাটেনশন নোটিশ দিয়েছিলাম। স্যার, আপনি জানেন কোটি কোটি টাকা নয়-ছয় করার অধিকার কেউ পৌরসভাকে দেয়নি। পরিষেবার নামে এটা তারা করতে পারে না। অথচ কলকাতা কর্পোরেশন তাই করছে বলে আমরা শুনছি। সেজন্য আমি এটা মাননীয় মন্ত্রীকে একটু দেখতে অনুরোধ করছি। আমি অনুরোধ করব যে সব পৌরসভায় দীর্ঘদিন ধরে অডিট হয়নি সেখানে অডিটের ব্যবস্থা করুন। আমাদের আলিপুরদুয়ার মহাজোটে গিয়েছে, কিন্তু এখন সে মহাজোটের ১২টা বেজে গেছে, একজন প্রতিনিধি প্রেম গোয়েঙ্কা সমর্থন প্রত্যাহার করে নিয়েছেন। আমরা লক্ষ্য করছি বহরমপুর, কোচবিহার প্রভৃতি পৌরসভাগুলি ডিসিপ্লিন মানছে না, শৃঙ্খলা মানছে না। সাফাই কর্মীদের কাজ মজুরদের দিয়ে করানো হচ্ছে। এর ফলে ওখানে ভাড়াটিয়া মজদুরদের সাবলেট করা হবে। সাব-লেট করবে—এগুলির ব্যাপারে মাননীয় মন্ত্রী মহাশয় দেখুন এবং বিভিন্ন এলাকায় এমন বহু পৌরসভা আছে যেখানে একজিকিউটিভ অফিসারের পদ এখনো খালি আছে। সেই সমস্ত পৌরসভায় একজিকিউটিভ অফিসার যাতে নিয়োগ হয় সেটা দেখুন। শুধু তাই নয়, বীরপাড়া, জয়গাঁ-জয়গাঁ ডেভেলপমেন্ট অথরিটি যেটা আছে সেখানকার মানুষ পরিষেবা পাচ্ছে না। ওখানে হাসপাতাল করা দরকার, ড্রেনেজ সিস্টেম উন্নত করা দরকার, কারণ এটা ভুটান সীমান্তে অবস্থিত। তারপর ময়না, বাঁকুড়ার ছাতনা এবং খাতরা—এই খাতরা মহকুমা পশ্চিমবাংলার একমাত্র মহকুমা শহর যেখানে পৌরসভা নেই। সেখানে পৌরসভা করা দরকার। আমি লক্ষ্য করছি, বিভিন্ন পৌর এলাকায় যেখানে বিশেষ করে দক্ষিণবঙ্গে পদ্মা-গঙ্গার ভাঙনে ভেঙে যায়, উত্তরবঙ্গে বন্যায় যেখানে ক্ষতিগ্রস্ত হয় সেইসব জায়গায় বাজেট প্রভিশনের ক্ষেত্রে সেখানকার পৌরবাসীরা যাতে নিশ্চিন্তে থাকতে পারেন—কোন কোন জায়গায় ইরিগেশন ডিপার্টমেন্টকে দিয়ে হলেও সেখানে টাকা-পয়সা বেশি বরাদ্দ রেখে বন্যা প্রতিরোধের ব্যবস্থা করা দরকার এবং পরিশ্রুত পানীয় জল, স্বাস্থ্য ইত্যাদি বিষয় দেখা দরকার। বহু ড্রেন নোংরা, ডি.ডি.টি স্প্রে হয়নি।....

(এই সময়ে মিঃ স্পীকার পরবর্তী স্পীকারকে ডাকায় মাইক অফ হয়ে যায়)

শ্রী অরূপ ভদ্র : মাননীয় স্পীকার স্যার, মাননীয় পৌরমন্ত্রী যে ব্যয়-বরাদ্দ পেশ করেছেন আমি তার বিরোধিতা করে এবং বিরোধীদের আনা কাট-মোশানকে সমর্থন করে আমার বক্তব্য পেশ করছি। পৌরসভা এমন একটি সংস্থা যার মাধ্যমে পৌর সেবা মানুষকে যদি না দেওয়া যায় তাহলে পৌরসভা রাখার কোনো অর্থ হয় না। আপনি জানেন, কালকে

আমাদের মাননীয় মুখ্যমন্ত্রী অনেক প্রেমের গল্প শুনিয়েছেন। তিনি বলেছিলেন, আসুন, আমরা একসঙ্গে এই পশ্চিমবাংলাকে সুন্দর করে গড়ে তুলি। কিন্তু ওনারা মুখে এক কথা বলেন আর পরিসংখ্যান দেখলে বোঝা যায় কাজের ক্ষেত্রে সম্পূর্ণ উল্টো। পৌরসভার ক্ষেত্রে এত বৈষম্য যদি হয়, বিভিন্ন খাতের টাকা যদি না দেওয়া হয় তাহলে পৌরসভাগুলি চলবে কি করে ? বিশেষ করে ওনাদের পৌরসভা না হয়ে যদি বিরোধীদের পৌরসভা হয় তাহলে টাকা পাওয়া যায় না। সেক্ষেত্রে পৌরসভাগুলি কাজ করবে কি করে ? আপনার কাছে আমি পরিসংখ্যান দিই, ডিস্ট্রিক্ট প্ল্যানিং কমিটি যেটা রয়েছে তার মাধ্যমে বিভিন্ন পৌরসভায় যে টাকা দেওয়া হয়েছে তার একটা তথ্য আমার কাছে আছে। ১৯৯৮-৯৯ সালে দক্ষিণ ২৪-পরগনার রাজপুর-সোনারপুরে ১৭ লক্ষ টাকা দেওয়া হয়েছে। জয়নগরে ৫ লক্ষ টাকা দেওয়া হয়েছে। যেহেতু জয়নগর পৌরসভা কংগ্রেসের এবং সেখানে এস.ইউ.সি.-র জোর বেশি সেইজন্য কংগ্রেসকে হাতে রাখার চেষ্টা করেছে। সেখানে সি.পি.এম-কে দূরবীণ দিয়ে দেখলেও দেখা যায় না। তাই কংগ্রেসের সঙ্গে এস.ইউ.সি.-র জোট হয়ে গেল। জ্যায়সা দেশ ঐসা ভেস। দিল্লি থেকে এখানে পর্যন্ত সি.পি.এম এই জিনিস চালিয়ে যাচ্ছে। তাই এখানে ৫ লক্ষ টাকা দিয়েছে। মহেশতলা পৌরসভাকে দিল ৪৬ লক্ষ ৭৫ হাজার ২৩৭ টাকা। বজবজকে দিয়েছে ৫ লক্ষ টাকা। এটা হচ্ছে ১৯৯৮-৯৯ সালে। ১৯৯৭-৯৮ সালে ডায়মন্ডহারবারকে দিল ১৫ লক্ষ ২০ হাজার ৭৮৮ টাকা। রাজপুর-সোনারপুরকে দিল ৮ লক্ষ ৪২ হাজার ৯১৭ টাকা। ১৯৯৬-৯৭ সালে ডায়মন্ডহারবারকে দিল ৬ লক্ষ ২০ হাজার ৭৮৮ টাকা। বজবজকে দিল ১৩ লক্ষ ৭ হাজার টাকা আর রাজপুরকে দিল ৩৪ লক্ষ টাকা। পূজালীকে দিল ২২ লক্ষ ৪৬ হাজার ১৮৮ টাকা। যেহেতু এটা নতুন পৌরসভা, তাই টাকা না দিলে কাজ করতে পারবে না। ২০০০-২০০১ সালে রাজপুরকে দিল ১ কোটি ১৩ লক্ষ টাকা। মহেশতলাকে দিল ১০ লক্ষ ১৯ হাজার ৯৪০ টাকা। দক্ষিণ ২৪-পরগনার বারুইপুরে যে পৌরসভা আছে সেটা আগে কংগ্রেস বোর্ড ছিল, এখন সেটা তৃণমূলের বোর্ড হওয়ায় একটা টার্ম চলে গেল অথচ সেখানে এখনো একটা পয়সাও দেওয়া হয়নি। সুতরাং পৌরসভা চলবে কোথা থেকে ? টেন্থ ফিনান্স কমিশন যে টাকা অ্যালট করেছে—এদের এত বৈষম্য যে, তার পরিসংখ্যান দিতে গেলে সময় লেগে যাবে—সেই টেন্থ ফিনান্স কমিশনের টাকার ক্ষেত্রে দেখছি, যে পৌরসভায় বিরোধীরা রয়েছে সেখানে অনেক কম টাকা দেওয়া হয়েছে।

[2.10—2.20 p.m.]

কাজেই এই সরকার যদি এইভাবে হাঁটেন তাহলে সকলে মিলে আমরা কাজ করব কি করে ? তারপর আপনার বাজেট বই-তে আপনি বলেছেন, জল সরবরাহের ক্ষেত্রে মহেশতলা, বারুইপুর, রাজপুর-সোনারপুর এবং নবগ্রামে নলবাহিত জল সরবরাহ প্রকল্পের কাজ সম্পূর্ণ হয়েছে। মাননীয় মন্ত্রী মহাশয়, আপনি যদি ভালোভাবে তথ্য দিয়ে দেখেন তাহলে দেখবেন, আপনার দেওয়া তথ্য ঠিক নয়। সি.এম.ডি.এ. থেকে বারুইপুর ওয়াটার ওয়ার্কসের যে বই দেওয়া হয়েছে তাতে লেখা হয়েছে যে ২২ হাজার মিটারের কাজ কমপ্লিট করা হয়েছে এবং বাদবাকি সেকেন্ড ফেজের কাজ করতে পারেন নি, ১৫ হাজার মিটারের কাজ বাকি আছে।

কাজেই এই জল সরবরাহ প্রকল্পের কাজ কমপ্লিট হয়েছে বলে যেটা বলছেন সেটা সঠিক নয়। পি.এইচ.ই-র জল যেটা বজবজ থেকে আসার কথা ছিল—একটা বারুইপুর পৌরসভার সামনে এবং আর একটি কামালগাছিতে। এই দুটি জলাধারের কাজ এখনও শুরু হয়নি। সেখানে সি.এম.ডি.এ. এলাকার মধ্যে কিছু অঞ্চল পড়ে গিয়েছে সি.এম.ডি.এ. এলাকাভুক্ত হওয়ায় সেখানে পি.এইচ.ই. করবে না। ফলে সি.এম.ডি.এ. যদি সেখানে নলবাহিত আর্সেনিকমুক্ত জল সরবরাহ না করে তাহলে ওইসব অঞ্চলের মানুষরা আর্সেনিকমুক্ত জল পাওয়া থেকে বঞ্চিত থাকবে। কাজেই অবিলম্বে দুটি জলাধার নির্মাণের জন্য এবং সি.এম.ডি.এ. এলাকার মধ্যে যে অঞ্চলগুলি সেখানে রয়েছে সেখানে পাইপ লাইন বসিয়ে আর্সেনিকমুক্ত জল সরবরাহ করার ব্যবস্থা করা হোক। তারপর ১৬নং প্যারাতে আপনি আবাসনের কথা বলেছেন। এখানে আমরা দেখছি, এল.আই.জি. লোকেদের জন্য ফ্ল্যাট বেশি হচ্ছে না, বেশিরভাগই হচ্ছে এম.আই.জি এবং এইচ.আই.জি.-দের জন্য। এর ফলে দরিদ্র মানুষেরা আবাসন থেকে বঞ্চিত হচ্ছে। আমরা জানি বেলগাছিয়া মিল্ক কলোনীতে যেসব এম.আই.জি. ফ্ল্যাট রয়েছে সেখানে ফ্ল্যাট পাওয়ার জন্য লোকে ১০ বছর আগে থেকে দরখাস্ত করে অপেক্ষা করে বসে থাকলেও তারা ফ্ল্যাট পাচ্ছেন না, অথচ মুখ্যমন্ত্রীর লেখা নাটকের পরিচালনা করেছিলেন বলে শ্রী অশোক মুখার্জীকে সেখানে ফ্ল্যাট দিয়ে দেওয়া হয়েছে। এইভাবে ফ্ল্যাট নিয়ে বৈষম্য চলছে। এই বৈষম্য পৌরসভাগুলির ক্ষেত্রে চলার ফলে পৌরসভাগুলি সঠিকভাবে কাজ করতে পারছে না। তারপর খেলাধুলার ব্যাপারে টাকা দেওয়ার জন্য আপনি বলেছেন ১৭টি পৌরসভাকে চিহ্নিত করেছেন। এই ১৭টি পৌরসভা কোনো কোনোগুলি সেটা বললে ভালো হত, আশা করি জবাবী ভাষণে বলবেন। এই প্রসঙ্গে বলি, আমাদের বারুইপুর পৌরসভা এলাকাতে প্রাক্তন ক্রীড়ামন্ত্রী সাঁতারের পুলের শিলান্যাস করেছিলেন কিন্তু তার জন্য টাকা দেওয়া হয়নি বলে তার কাজ শুরু হয়নি। দক্ষিণ ২৪-পরগনা জেলাতে খেলাধুলার মান অনেক উঁচুতে। বারুইপুর পৌরসভা যদি ওই ১৭টি পৌরসভার অন্তর্ভুক্ত হয়ে খেলাধুলার জন্য টাকা পায় তাহলে দক্ষিণ ২৪-পরগনাতে খেলাধুলার মান অনেক বেশি বাড়বে। তারপর আমরা দেখছি, আই.পি.পি. স্কিমে নন সি.এম.ডি.এ. এলাকার জন্য যে স্কিম রয়েছে সেখানে ১০টি স্কিমের মধ্যে ৮টিকে অন্য জায়গায় নিয়ে গিয়েছেন। কোথায় নিয়ে গিয়েছেন সেটা আমি হাউসে বলতে চাইছি না, আশা করি আপনি নিজেই সেটা বলবেন। দুটি স্কিম দক্ষিণবঙ্গে দিয়েছেন। আমি অনুরোধ করব, অন্য পৌরসভাগুলিও যাতে এই নন সি.এম.ডি.এ. এলাকায় আই.পি.পি. স্কিম পেতে পারে এবং তার মধ্যে দিয়ে উন্নয়নের কাজ এগিয়ে নিয়ে যেতে পারে তার ব্যবস্থা করুন। পৌরসভাগুলির ইনফ্রাস্ট্রাকচার অত্যন্ত কম, তাদের ইঞ্জিনিয়ার পর্যন্ত দেওয়া হয় না। কংগ্রেস আমলের স্ট্রাকচার নিয়েই তাদের কাজ করতে হচ্ছে। কনজারভেন্সি স্টাফ পর্যন্ত দেওয়া হয় না। এর জন্য বাজেটের বিরোধিতা করে এবং আমাদের কাট-মোশানগুলি সমর্থন করে শেষ করছি।

শ্রী মহম্মদ ইয়াকুব : মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, মাননীয় পৌরমন্ত্রী যে বাজেট পেশ করেছেন তাকে সমর্থন জানিয়ে দু-একটি কথা বলতে চাই। তিনি যে দাবিসনদ পেশ করেছেন

তার মধ্যে বিস্তারিতভাবে অবস্থা পর্যালোচনা করে বাস্তব অভিজ্ঞতার মধ্য দিয়ে তিনি তাঁর বক্তব্য এখানে রেখেছেন। সেজন্য আমি তাকে ধন্যবাদ জানাই। ধন্যবাদ জানাই এজন্য যে, তিনি বিভিন্ন পৌরসভায় বেআইনিভাবে যে নিয়োগ করা হয়েছে তার বিরুদ্ধে ব্যবস্থা নেবার কথা তিনি ঘোষণা করেছেন। শুধু একটি বিষয় বিশেষভাবে উল্লেখ করতে চাই যে, ইতিমধ্যে আমার কাছে যে খবর এসেছে, কুলটি পৌরসভায় কিছুদিন আগে ১৩ জনকে বার্নিংঘাটের ব্যাপারে নিয়োগ করা হয়েছে যদিও সেখানে দীর্ঘদিন ধরে একটা প্যানেল করা আছে। সেই প্যানেল বহির্ভূতভাবে বাইরে থেকে ওই নিয়োগ করা হয়েছে। এর বিরুদ্ধে ব্যবস্থা নেবেন এই আশা রাখছি। নগর উন্নয়ন খুবই দরকার, কারণ শিল্পায়নের একটা পরিবেশ যখন সৃষ্টি হয়েছে তখন এটা দরকার, কারণ শহরাঞ্চলে আমাদের রাজ্যের ৩০ ভাগ মানুষ থাকেন। তাই শিল্পায়নের পরিবেশকে ভালো করতে হলে, শিল্প গড়তে হলে সেরকম পরিকাঠামো প্রয়োজন। একথা মাননীয় মন্ত্রী এখানে উল্লেখ করেছেন যে, তার জন্য রাস্তা, পানীয় জল, জল নিকাশি ব্যবস্থা, আলোর ব্যবস্থা ইত্যাদি প্রয়োজন। তার জন্য তিনি নানাদিক থেকে চিন্তা করে কিছু সিদ্ধান্ত নিয়েছেন। আমি আশা করি, তিনি এই বাজেটের মধ্য দিয়ে সেই কাজগুলি করতে পারবেন। আমি এই আশা, এই বিশ্বাস রাখি।

এছাড়া আমি আর একটি বিষয়ে তাঁর দৃষ্টি আকর্ষণ করতে চাই। কোচবিহার পৌরসভার কর্মচারীদের প্রভিডেন্ট ফান্ডের টাকা জমা পড়ছে না। তার জন্য কর্মচারীরা খুবই চিন্তায় আছেন। এ নিয়ে তারা পৌর-প্রশাসনের কাছে বারবার দাবি জানিয়েছেন। আমি বিষয়টার প্রতি আপনার দৃষ্টি আকর্ষণ করলাম।

আপনি উন্নয়নের কথা চিন্তর করছেন, কারণ সেটা খুবই প্রয়োজন। এক্ষেত্রে আমি একটি সমস্যা দেখতে পাচ্ছি। বিভিন্ন পৌরসভায় গার্বেজ ফেলবার জন্য কোনো ডাম্পিং গ্রাউন্ড নেই। যেমন হাওড়া শহরে। ঐ মিউনিসিপ্যাল এলাকায় পরিবেশ যেভাবে গড়ে ওঠা দরকার সেভাবে গড়ে উঠছে না, কারণ সেখানে গার্বেজের একটা সমস্যা আছে। যেভাবে কলকাতা মিউনিসিপ্যাল কর্পোরেশন এলাকার গার্বেজ ইত্যাদি ডাম্পিং গ্রাউন্ডে নিয়ে গিয়ে সার তৈরি করবার জন্য যে আধুনিক ব্যবস্থা নেওয়া হয়েছে বামফ্রন্ট সরকারের আমলে, ঠিক তেমনিভাবে হাওড়া মিউনিসিপ্যাল কর্পোরেশন এবং ঐ জেলার পুরসভাগুলি গার্বেজ ফেলবার ডাম্পিং গ্রাউন্ড তৈরি করে অনুরূপ ব্যবস্থা নিলে ভালো হয়। এছাড়াও অনেক পৌরসভারও গার্বেজ সমস্যাটা রয়েছে। আমি এই সমস্যার প্রতি আপনার দৃষ্টি আকর্ষণ করছি। পাশাপাশি বলছি যে, গত এক বছর ধরে দেখছি, যেভাবে মেনটেনেন্স এবং ডেভেলপমেন্টের কাজ কলকাতা কর্পোরেশনে হবার কথা সেভাবে কাজটা হচ্ছে না।

[2.20—2.30 p.m.]

মেনটেনেন্সের কাজ হচ্ছে না, ডেভেলপমেন্টের কাজ তো দূরের কথা। একটা বিষয়ে আপনার মাধ্যমে মন্ত্রী মহাশয়ের দৃষ্টি আকর্ষণ করতে চাই। মমিনপুর পাম্পিং স্টেশনের জন্য জার্মান থেকে ৪টি পাম্প আনানো হয়েছিল। তার মধ্যে ২টি পাম্প বসানো হয়েছিল, পাম্প বসাবার ক্ষেত্রে তিনি নিজে গিয়েছিলেন। গত বছর ২০০০ সালের মার্চ মাসে বসানো হয়েছিল এবং

আরো ২টি পাম্প আজও সেখানে বসানো হয়নি। বর্ষার জল নিকাশের ব্যবস্থা করা হবে এই পাম্প দিয়ে। এই দুটি পাম্প এখানে লাগানোর কথা। এখনও সেটা কমিশন হয়নি। এছাড়া আরও ২-৪টি পাম্প আছে অন্যান্য পাম্পিং স্টেশনের জন্য। সেখানেও এই ব্যবস্থা আজও নেওয়া হয়নি। বর্তমানে কলকাতা পৌরসভার দায়িত্বে যাঁরা আছেন তাঁরা এই দিকে নজর দেননি। আমি সেই জন্য মন্ত্রী মহাশয়ের দৃষ্টি আকর্ষণ করছি এই দিকে নজর দেওয়ার জন্য। আমি বক্তব্য শেষ করার আগে আর একটা কথা বলতে চাই। সি.আই.টি. একটা ঐতিহ্যপূর্ণ সংস্থা। এখানে এখন তারা এজেন্সি হিসাবে কাজ করছে। কিন্তু এই সি.আই.টি.-র উপর কিছু দায়িত্ব দেওয়া উচিত। তারা নিজেরা পরিকল্পনা করে কাজ করুন। সমস্ত কাজ কেন সি.এম.ডি.এ-কে দেওয়া হচ্ছে ? সি.এম.ডি.এ. নতুন সংস্থা, ২০/২৫ বছর আগে তৈরি হয়েছে। কিন্তু এই সি.আই.টি ১৯১১ সালের প্রতিষ্ঠান। বহু পরিকল্পনা, বহু ডেভেলপমেন্টের কাজ বহু রাস্তার কাজ তারা করেছে। এই সমস্ত কাজগুলো করার সুযোগ তাদের দেওয়া উচিত। আমার আরো অনেক কিছু বলার ছিল, আমি সেই সুযোগ পাচ্ছি না। এই কথা বলে এই বাজেট বরাদ্দকে সমর্থন করে আমি আমার বক্তব্য শেষ করছি।

শ্রী পরশ দত্ত : মাননীয় ডেপুটি স্পীকার স্যার, নগর উন্নয়ন, পুর দপ্তরের মুখ্যখাত ২২১৭, ৪২১৭, ৬২১৭ অধীন ১০৯৪ কোটি ৩৫ লক্ষ ৯২ হাজার টাকার যে দাবি পেশ করা হয়েছে আমি তার সম্পূর্ণ বিরোধিতা করে এবং বিরোধী পক্ষের আনা ছাঁটাই প্রস্তাবগুলিকে সমর্থন করে সামান্য সময়ে কয়েকটি কথা বলব। আমি প্রথমে মাননীয় মন্ত্রী মহাশয়কে ধন্যবাদ জানাচ্ছি এই জন্য যে অন্যান্য দপ্তরের বাজেট পেশ করার সময় অন্যান্য মন্ত্রীরা যা করেছেন, হিন্দুদের যে কোনো পুজোর সময় আগে গণেশের নামে যেমন ফুল দিতে হয় তেমনি সব মন্ত্রীরা বিশ্বায়নের বিরুদ্ধে প্রাইভেটাইজেশানের বিরুদ্ধে ফুল দিয়ে বাজেট পেশ করেছেন। কিন্তু উনি এটা করেননি। সেই জন্য আমি ওনাকে ধন্যবাদ জানাচ্ছি। উনি ওনার বাজেটে কলকাতার অনেক কর্মকাণ্ডের কথা বলেছেন। নগর উন্নয়নের ইনফ্রাস্ট্রাকচারের উন্নতির সঙ্গে সঙ্গে কর্মসংস্থানের সৃষ্টি হয়। কিন্তু ইকনমিক রিভিউ-এ দেখলাম না ওনার কর্মকাণ্ডে উনি কত কর্মসংস্থান সৃষ্টি করতে পেরেছেন। তার একটা হিসাব দেওয়া উচিত ছিল। সেটা দেওয়া হয়নি। স্যার, মাননীয় মন্ত্রী মেগাসিটি উন্নয়নে যেমন যান ও পরিবহন, জল সরবরাহ, জল নিকাশি ও পয়ঃপ্রণালী, আবাসন, অঞ্চল উন্নয়ন ও বাণিজ্যিক কেন্দ্র, বস্তি উন্নয়ন, গঙ্গা অ্যাকশন প্ল্যান, সৌন্দর্যায়ন প্রকল্প, অনেক কাজের ফিরিস্তি দিয়েছেন। কয়েকটি কাজ গ্লেয়ারিং গরমিল হয়ে গিয়েছে। সেই কথা আমি তাঁর বাজেটে পাইনি, সেইগুলি আমি উল্লেখ করছি। প্রথম হচ্ছে আনোয়ার শা রোড এবং ইস্টার্ন মেট্রোপলিটান বাইপাস কানেকটর, আজকে ৪ বছর ধরে সেই কাজটা হচ্ছে, এখনও শেষ হল না। ইরকন, রেলের দায়িত্বে যে কাজ ছিল সেটা তারা করেছে, লাইনের উপর ব্রিজটা করেছে কিন্তু আপনাদের রাস্তা ইস্টার্ন মেট্রোপলিটান বাইপাস পর্যন্ত পৌঁছায়নি। হ্যাঁ, একটা জিনিস, ১৩ মাসের বাঘাযতীন উড়ালপুল শেষ হয়ে গিয়েছে, উদ্‌বোধন যখন করলেন তখন অ্যাপ্রোচ রোডটা ব্যবহারযোগ্য পুরোপুরি হয়ে ওঠেনি। কেননা আনোয়ার শা রোড এবং ইস্টার্ন মেট্রোপলিটান বাইপাস অ্যাপ্রোচ রোড তৈরি করা হয়নি। কিন্তু ঢক্কানিনাদ করে উদ্‌বোধন হয়ে গেল।

গার্ডেনরীচের দ্বিতীয় ফেজের কাজ একই দিনে উদ্‌বোধন হয়েছে, পাইপ লাইনের মাধ্যমে যে সমস্ত জায়গায় জল যাওয়ার কথা সেই পাইপ লাইনের কাজ হয়নি। কেবল মাননীয় মুখ্যমন্ত্রীর কেন্দ্রের তিনটি ওয়ার্ডে, কলকাতা কর্পোরেশনের ৩টি ওয়ার্ডে জল পৌঁছেছে, বাকি ওয়ার্ডে যেখানে জল পৌঁছবার কথা, সেখানে জল পৌঁছচ্ছে না। অথচ বহু ঢক্কানিনাদ করে প্রচার করা হচ্ছে যে পাইপ লাইনের মাধ্যমে জল দেওয়া হচ্ছে। আধুনিক যুগে পাইপের মাধ্যমে জল পৌঁছে দেওয়াটা একটা রীতি। আমরা এখানে ট্রেজারি বেঞ্চ থেকে এই কথাগুলো বারবার করে শুনতে পেলাম। কিন্তু আমার কেন্দ্রে রাজপুর-সোনারপুর ২৯নং, ৩১নং, ৩২নং এই সমস্ত ওয়ার্ডের বিস্তীর্ণ অঞ্চলে পাইপলাইন নেই, জল নেই। ব্যাপারটা হচ্ছে, একটা ওয়ার্ডে পাইপ পৌঁছে দিয়ে যদি বলা হয় সব ওয়ার্ডে পাইপ দ্বারা জল পৌঁছে দেওয়া হয়েছে, তাহলে সেটা অন্য কথা। কিন্তু এইভাবে সিলেকটেড ওয়েতে হয় না। এটা প্রচার করে যদি বলা হয়, তাতে প্রচারই হয়, কিন্তু আসল কাজ হয় না, এতে মানুষের উপকার হয় না। মাননীয় মন্ত্রী বলেছেন কলকাতা মিউনিসিপ্যাল কর্পোরেশনের ১১১ এবং ১১২ নং ওয়ার্ড এবং হাওড়ার ১-১৬নং ওয়ার্ডে জল নিকাশের ব্যবস্থা করা হচ্ছে। কলকাতা কর্পোরেশনের ১২২, ১২৩, ১২৪, ১২৫ এবং ১২৬নং ওয়ার্ডে জল নিকাশের কোনো বন্দোবস্ত নেই। আপনি আমার সঙ্গে এখনি, চলুন, আমি দেখব ১২২ এবং ১২৩ নং ওয়ার্ডে, যেগুলো কলকাতা কর্পোরেশনের, মেগাসিটির অন্তর্গত, ওখানে এখনও জল জমে আছে। কালকে বৃষ্টি হয়নি, তবুও জল জমে আছে। হাওড়াতেও এই একই অবস্থা। আপনি বস্তি উন্নয়নের কথায় বলেছেন যে, ১১৩, ১১৪ এবং ১১৬ নং ওয়ার্ডে বস্তি উন্নয়নের কাজ শুরু করেছেন। কিন্তু বেহালা (পূর্ব) অঞ্চলে ১১৬, ১১৭ নং ওয়ার্ড যেগুলো আমার কেন্দ্রের কাছে, সেটি দুয়োরানীর ছেলে হয়ে গেল। ওখানকার বস্তির হাল খুব খারাপ। উত্তরে বাগজোলা খাল, দক্ষিণে বেগোর খাল, চড়িয়াল খাল সংস্কারের অভাবে পলি জমে আছে, কোনো সংস্কার হচ্ছে না। নগর উন্নয়ন দপ্তর ছাড়া আরও অনেকগুলো এজেন্সি আছে—কোনোটা সেচ দপ্তরের হাতে, কোনোটা কলকাতা কর্পোরেশনের হাতে। কোনো একটা এজেন্সির কাছে গেলে বলে, এটা আমার হাতে নেই, এটা অন্য এজেন্সি করবে। খালে যেখানে জল এসে পড়ে, সেটা অন্য এজেন্সির হাতে। এইভাবে টোটাল কাজটা হ্যাম্পার হচ্ছে। মাননীয় মন্ত্রী মহাশয় অনেকগুলো প্ল্যানিং কমিটি করেছেন। সেই প্ল্যানিং কমিটিতে সোসাল ওয়ার্কার আছে, ইকোনোমিস্ট আছে, সোসাল সায়েন্টিস্ট আছে, কিন্তু কোনো প্লানার নেই। তাহলে প্লানটা করবেন কে ? সি.এম.ডি.এ.-তে বাস্তুঘুঘুর বাসা তৈরি হয়েছে। এ সম্পর্কে আমরা খবরের কাগজে বহুবার দেখেছি। আমি একটা উদাহরণ দেব। গল্ফ গ্রীনে বহুতল বাড়ি নির্মাণ করার পরে দেখা গেল সেই জমিতে ডিসপিউট আছে। যারা ফ্ল্যাট কিনেছিল, তাদের বলা হচ্ছে, তোমরা টাকা ফেরত নিয়ে চলে যাও। এর জন্য দায়ী কে ? তাই আমি এই বাজেটের বিরোধিতা করে এবং আমাদের আনা কাট-মোশানগুলিকে সমর্থন করে আমি আমার বক্তব্য শেষ করছি।

শ্রী রবীন্দ্রনাথ চ্যাটার্জী : মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে মাননীয় পৌর দপ্তরের মন্ত্রী তিনি যে বাজেট পেশ করেছেন, সেই বাজেটের বিরোধিতা করে এবং বিরোধীদের কাট-মোশানকে সমর্থন করে কিছু বক্তব্য রাখছি। মাননীয় পৌরমন্ত্রী পৌরসভাকে

গতিশীল করার কথা, উন্নয়ন করার কথা বলেছেন। এটা করতে গিয়ে তিনি ওয়ার্ড কমিটি গঠন হওয়ার কথা বলেছেন। আমি নিজেও মনে করি যে, ওয়ার্ড কমিটি গঠন করার বিশেষ প্রয়োজন আছে। কিন্তু ওয়ার্ড কমিটি যদি শুধুমাত্র কাউন্সিলারদের পকেটে থাকে, তাহলে তাকে কার্যকরী করা যাবে না। তাকে যদি কার্যকরী করতে হয়, তাহলে ওয়ার্ড কমিটিগুলিকে নির্দিষ্টভাবে কি কাজ করতে হবে তার নির্দেশ থাকা দরকার। এটা ঠিক না থাকলে কখনই তা বাস্তবসম্মত হবে না। পৌরসভার বিরুদ্ধে বহু অভিযোগ রয়েছে। বহুতল বাড়ি নির্মাণ এবং পুকুর বোজানোর ব্যাপারে আমি মাননীয় মন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। পুকুর বোজানোর ব্যাপারে বামফ্রন্ট সরকারের ভূমি রাজস্ব দপ্তরের একটা আইন, মৎস্য দপ্তরের একটা আইন আর পৌর দপ্তরের অন্য আইন। আমরা অনেক সময়ে দেখেছি, পৌর দপ্তরের ইচ্ছা থাকা সত্ত্বেও ভূমি রাজস্ব দপ্তর জলাশয়কে বাস্তুজমি বলে দেখায়।

[2.30—2.40 p.m.]

এই পরিস্থিতি রক্ষা করার জন্য আইন সংশোধন করে পৌরসভার হাতে পুকুর বোজানো, বন্ধ করার যাবতীয় দায়িত্ব দেওয়া দরকার বলে মনে করি। শুধু কলকাতায় নয়, শহরতলীতেও বহুতল বাড়ি নির্মাণের একটা প্রবণতা দেখা যাচ্ছে। সেক্ষেত্রে পৌর আইন তৈরি থাকার ক্ষেত্রে কলকাতা কর্পোরেশনের যেমন নিজস্ব সিকিউরিটি গার্ড আছে, বহুতল বাড়ি তৈরির ক্ষেত্রে নিজস্ব সিকিউরিটি গার্ড দিয়ে কাজ করেন তেমনি ছোট ছোট পৌরসভাগুলোর ক্ষেত্রে এই ব্যবস্থা নেওয়া দরকার। সেখানে স্থানীয় যে অ্যাডমিনিস্ট্রেশন তারা সরকারি সাহায্য না পাওয়ার ফলে কিছু করতে পারছে না। সুতরাং এক্ষেত্রে অন্যান্য পৌরসভাগুলোকে আরও শক্তিশালী করা দরকার এবং সেক্ষেত্রে পদক্ষেপ গ্রহণ করতে পারলে ভালো হয়। সুতরাং এ বিষয়টা চিন্তা করতে বলব। তারপরে ইয়ারলি পরিকল্পনার ক্ষেত্রে বলছি—ইয়ারলি পরিকল্পনার ক্ষেত্রে সরকার পৌরসভাগুলোকে স্বাধীনতা দেয়নি। সেখানে যে দর এবং বণ্টন গত বছর পাওয়া গেছে তার উপরে ১০ পার্সেন্ট ধরে যে রাজ্য বাজেট তৈরি হয়, সেখানে বাজেট তৈরি করতে গেলে বিভিন্ন খাতে নির্ধারিত হয়, অর্থাৎ পৌরসভার বহু আনুপাতিক খাত আছে, এক জায়গায় আনুপাতিক হারের সঙ্গে আরেক পৌরসভার আনুপাতিক হার মিলবে না। সুতরাং এক একটা পৌরসভার এক একটা সমস্যা এবং নানা রকম তাদের খাত। সুতরাং এক্ষেত্রে বোর্ড অফ কাউন্সিলের সঙ্গে বসে চিন্তা করে করা দরকার বলে মনে করি। আপনি এরই মধ্যে বলেছেন যে, পৌরসভার ক্ষেত্রে বিশেষ করে যেসব পৌরসভাগুলো পুরনো সেখানে দুটো বিশেষ সমস্যা আছে যথা উন্নয়নের জন্য যে জমির প্রয়োজন, সেখানে বিশেষ পদক্ষেপ গ্রহণ করা প্রয়োজন। কিন্তু সেই পদক্ষেপ কার্যকরী হয়নি। সেই উদ্বৃত্ত জমি পৌরসভাকে দেওয়ার ব্যাপারটা এখনো কার্যকরী হয়নি। বিভিন্ন এলাকায় অ্যাডেড এরিয়া আছে, তাদের জল নিকাশি ব্যবস্থার প্রয়োজন। সেখানে মিউনিসিপ্যালিটির কোনো একটা নির্দিষ্ট স্কীম নেই। এই ব্যাপারে যদি ভবিষ্যৎ চিন্তা-ভাবনা না করেন তাহলে উন্নয়ন ব্যবস্থা প্রতিফলিত হবে না। জল নিকাশী না হলে আপনি যতই রাস্তাঘাটের জন্য টাকা দিন, উন্নয়নের জন্য টাকা দিন, জল নিকাশি না হওয়ার ফলে পৌরসভার সমস্যা থেকেই যাবে,

সুতরাং এই বিষয়টা আলাদা করে চিন্তা করা দরকার। এগুলোকে একটা স্কিমের মধ্যে রেখে ব্যবস্থা নিতে হবে। এই বিষয়ে আমি আগেরবারও বলেছি এই জল নিকাশি ব্যবস্থার জন্য বিশেষ ব্যবস্থা গ্রহণ করুন। এখানে আপনিও বলেছেন এবং অনেক বন্ধুরাও বলেছেন বেআইনি নিয়োগের ব্যাপারে। আমি নিজে পৌরসভার সঙ্গে যুক্ত, আমি একথা বারেবারে বলেছি যে, স্টাফ প্যাটার্নের ব্যাপারে আপনার সঠিক দৃষ্টিভঙ্গি নেই। আপনি বলেছেন স্টাফ প্যাটার্নের নির্দেশ দেওয়া হয়েছে কিন্তু আমি আপনাকে চ্যালেঞ্জ করে বলছি যে, একটা পৌরসভাতেও স্টাফ প্যাটর্ন দেওয়া হয়নি। কারা পেয়েছে জানি না। কিন্তু এই স্টাফ প্যাটার্ন তৈরির ক্ষেত্রে যেভাবে স্টাফ প্যাটার্ন তৈরি করা হয়েছে তাতে বহু জায়গায় দপ্তরগুলোতে এমনভাবে স্টাফ দেওয়া হয় যে কাজ ঠিকমতো করা যায় না। আপনি টাকা দিচ্ছেন অ্যাসেট ক্রিয়েট করতে বলেছেন। আজকে পৌর এলাকাগুলোতে ৫ হাজার ৪০০টি ইলেকট্রিক পোল, সেখানে দিয়েছেন মাত্র একজন মিস্ত্রী এবং একজন হেল্পার। এই একজন মিস্ত্রী এবং একজন হেল্পার দিয়ে বিদ্যুৎ লাগানোর কাজ চলতে পারে না। আপনি সুনির্দিষ্টভাবে স্টাফ প্যাটার্নের কথা উল্লেখ করুন এবং স্টাফ প্যাটার্নের মধ্যে সমস্ত ডিপার্টমেন্টের কথা উল্লেখ থাকার কথা, এই বিষয়টা দেখবেন। আপনি বলেছেন পৌরসভাগুলোকে তার নিজস্ব ফান্ড তৈরি করে তাদের সমস্যা মেটানোর জন্য। এর মধ্যে এস. ই. বি.ও পড়ছে। এই স্ট্রিট লাইটে এস. ই. বি. ১৭ পার্সেন্ট রেট বাড়িয়েছে, সেখানে আমরা পৌরসভার ফান্ড থেকে তা মেটাব কী করে বুঝতে পারছি না।

এই জায়গায় দাঁড়িয়ে আজকে পৌরসভাগুলোর রেকারিং খরচ অনেক বেড়ে গেছে। তাদের মাইনে, পেনশন, গ্র্যাচুইটি ইত্যাদি মেটাবার জন্য আরও সুনির্দিষ্ট পদক্ষেপ যদি গ্রহণ না করা হয় তাহলে পৌরসভাগুলো ধুঁকবে। আমি কাটোয়া পৌরসভার কথা বলছি, সেখানে ৮ লক্ষ ৮১ হাজার টাকা মাসে মাইনে দিতে খরচ হয়। আর আপনি মাইনে বাবদ সেখানে দিচ্ছেন ৪ লক্ষ ৪২ হাজার ৮৫৩ টাকা। আর ডি.এ. বাবদ যেখানে ৮০ হাজার টাকা দেওয়ার কথা, আমি আগেও ব্যাপারটা বলেছি, আমার যারা পূর্বসূরী তারা ডাবল ড্রয়াল করেছিল এবং ক্যাগ রিপোর্টে তার উল্লেখ করা হয়েছে—সেইজন্য ডি.এ. বাবদ ৪০ হাজার টাকা দেওয়া হয়। মোট ৪ লক্ষ ৮২ হাজার টাকা দেওয়া হয়, কিন্তু মাইনে বাবদ প্রতি মাসে আমার খরচ হচ্ছে ৮ লক্ষ ৮১ হাজার টাকা। এর পরে আবার পেনশন, গ্র্যাচুয়িটি সব মেটাতে হবে। প্রপার্টি ট্যাক্স থেকে এত আয় করা সম্ভব কিনা সেটা আপনি দেখবেন। আমার ওখানে ২৩ লক্ষ টাকা প্রপার্টি ট্যাক্স ভ্যালুয়েশন করা হয়েছে। এর দ্বারা এই বার্ডেনগুলো কি মেটানো সম্ভব হবে ? তাই বাস্তব দৃষ্টিভঙ্গি গ্রহণ করে পৌরসভাগুলো যাতে তাদের বার্ডেন মেটাতে পারে সেই ব্যাপারটা দেখার প্রয়োজনীয়তা আছে। আপনি নতুন কতগুলো স্কিমের কথা বলেছেন। সেলফ্ এমপ্লয়মেন্ট স্কিম, ব্যাংকের অসহযোগিতার জন্য এই স্কিমটা বন্ধ হয়ে যেতে বসেছে। অথচ এটা একটা ডায়নামিক স্কীম। ওয়েজ অ্যান্ড এমপ্লয়মেন্টে যে টাকা দেওয়া হয় সেটা অত্যন্ত কম। এই দিকটা আপনার দেখা দরকার। আই.এল.সি. এসের স্কীমে পৌরসভাগুলোকে দু হাজার ইউনিটের টাকা দেওয়া হচ্ছে। অনেক পৌরসভা সেই টাকা বছরের পর বছর খরচ করতে পারে না, আবার অনেক পৌরসভা খরচ করছে তাদের আরও টাকার প্রয়োজনীয়তা আছে। এই ব্যাপারে আপনাকে দৃষ্টি দেবার জন্য অনুরোধ করছি। ফলে

একটা অস্বাভাবিক অবস্থা সৃষ্টি হচ্ছে। এই ব্যাপারটা সমাধান করার জন্য আপনাকে অনুরোধ করব। আমি আপনাকে অনুরোধ করব ৭৪তম সংবিধান সংশোধনের পর আরও অনেক দিক তৈরি করতে হবে। এই কথা বলে এই ব্যয়বরাদ্দের বিরোধিতা করে এবং আমাদের বিরোধী দলের পক্ষ থেকে যে কাট-মোশানগুলো আনা হয়েছে তাকে সম্পূর্ণ সমর্থন করে আমার বক্তব্য শেষ করছি।

শ্রীমতী শর্মিষ্ঠা দত্ত : মাননীয় ডেপুটি স্পীকার স্যার, মাননীয় পৌরমন্ত্রী আনীত ২০০১-২০০২ সালের যে বাজেট মাননীয় মন্ত্রী মহাশয় এনেছেন তাকে সম্পূর্ণ সমর্থন করে বিরোধীদের আনীত সমস্ত ছাঁটাই প্রস্তাবের বিরোধিতা করে আমার বক্তব্য রাখছি। বক্তব্য রাখবার আগে পৌরপ্রধান হিসাবে কাজ করতে গিয়ে আমার যে অভিজ্ঞতা হয়েছে তা কয়েকটি প্রস্তাবের মাধ্যমে আমি রাখতে চাই। আমি আশা করব মাননীয় মন্ত্রী মহাশয় সহৃদায়তার সঙ্গে বিষয়গুলো বিবেচনা করে দ্রুত কার্যকরী করার ব্যাপারে সিদ্ধান্ত নেবেন। এক নম্বর হচ্ছে, আমার আগের বক্তা বলেছেন সেলফ্ এমপ্লয়মেন্ট স্কীম সম্বন্ধে। সত্যি কথা বলতে কি এই ঋণদান প্রকল্পের দিকে নজর না দিলে এটা ব্যর্থতায় পর্যবসিত হবে। এই বিষয়ে কড়া পদক্ষেপ নিতে আমি মাননীয় মন্ত্রী মহাশয়কে অনুরোধ করব। দ্বিতীয়ত পৌরসভাগুলোর কাজ অনেক বেড়ে গেছে। ২৪ বছর আগে পৌরসভাগুলোর কাজ কিছু ছিল না। কাজের পরিধি ব্যাপকভাবে বেড়ে যাওয়ার জন্য এবং পরিকাঠামোর আরও উন্নয়নের জন্য একজিকিউটিভ অফিসার, ফিনান্স অফিসার, অ্যাসিসটেন্ট ইঞ্জিনিয়ার নিয়োগ করা প্রয়োজন হয়ে পড়েছে। তৃতীয়ত ওয়ার্ড কমিটিগুলোতে মহিলাদের অংশগ্রহণ সুনিশ্চিত করা প্রয়োজন হয়ে পড়েছে। চতুর্থত, আমরা অভিজ্ঞতার ভিত্তিতে দেখছি আর.আর. মার্কিং করা জমিগুলো পাওয়ার ব্যাপারে একটা অসুবিধা দেখা যাচ্ছে। এই বিষয়ে আপনাকে দৃষ্টি দিতে অনুরোধ করছি। যেসব পৌর এলাকায় আর্সেনিকের প্রভাব আছে, সেখানে পৌরসভাগুলোর কাজের পরিধি বেড়ে যাচ্ছে। এদিকে আরও নজর দেওয়ার জন্য আমি অনুরোধ করছি।

[2.40—2.50 p.m.]

সব পৌরসভার প্রকৃতি এক রকম নয়, সেইজন্য প্রত্যেকটা পৌরসভা ধরে ধরে তার স্টাফ প্যাটার্ন ঠিক করতে হবে। কেন্দ্রীয় সরকারের যে সমস্ত অফিসগুলো পৌরসভা এলাকায় আছে, তারা সার্ভিস চার্জ দেয় না। সেই বিষয়ে কেন্দ্রীয় সরকারের সঙ্গে বোঝাপড়া করতে হবে। সেন্ট্রাল ভ্যালুয়েশন বোর্ড ৬ বছর অন্তর বাড়িগুলোর ভ্যালুয়েশন করে। এর মধ্যে বাড়ির আকার বেড়ে গেলে যাতে পৌরসভা তার অ্যাসেসমেন্ট করতে পারে, সেদিকটা দেখতে হবে। নন সি.এম.ডি.এ. এলাকায় আই.পি.পি.-৮ প্রকল্পগুলোকে আরও প্রসারিত করা হোক। পুরপ্রধানদের প্রায় সবসময়ই কাজ করতে হয়। তাদের জন্য লিয়েন বা অন্য কোনো ব্যবস্থা করা হোক। বেশিরভাগ পৌরসভার প্রধান সমস্যা জঞ্জাল। সেইগুলো যাতে কাজে লাগানো যায়, বিকল্প শক্তি, জৈব সার যাতে তা থেকে করা যায়, সেসব দেখতে হবে। পৌরপ্রধান হিসাবে এই সুপারিশগুলো রাখলাম। কেননা, মানুষের মনে বামফ্রন্ট সরকারের প্রতি আস্থা আছে এবং সেই জন্যই বামফ্রন্ট সরকার ২৪ বছর ধরে ক্ষমতায় আছে। আজকে

বিরোধী বন্ধুরা নাগরিকেদের সুযোগ-সুবিধার জন্য গলা ফাটাচ্ছেন। তাদের বলছি—সেইসময় অবস্থা কি ছিল ? স্বায়ত্তশাসন প্রতিষ্ঠানগুলোর কোনো অস্তিত্বই ছিল না। সেখানে কোনো নির্বাচিত প্রতিনিধি ছিল না, নির্বাচনই হত না। আর সবচেয়ে বড় কথা, তুলনায় আনা যায় না—কলকাতা বাদে অন্যান্য পৌরসভাতে মাথাপিছু এক টাকা বরাদ্দ ছিল উন্নয়নের জন্য। ১৯৭৬-৭৭ সালে পৌর উন্নয়ন খাতে মোট ব্যয় হয়েছিল ১৬ লক্ষ টাকা। এখন আমাদের ছোট ছোট পৌরসভাতেও বিশেষ একটা গ্রান্টেই সেই পরিমাণ অর্থ ব্যয় করা হয়ে থাকে। গত ২৪ বছরে পৌরসভাগুলির আমূল পরিবর্তন হয়ে গেছে। বামফ্রন্ট সরকার আসার পর সিদ্ধান্ত নিয়েছিল ক্ষমতার বিকেন্দ্রীকরণের মাধ্যমে রাজ্য পরিচালন করবেন। তারই ফলশ্রুতিতে ১৯৭৮ সালে হল পঞ্চায়েত নির্বাচন এবং ১৯৮১ সালে পৌরসভার নির্বাচন। জনগণকে সঙ্গে নিয়ে, জনমুখী নীতি নিয়ে পৌরসভাগুলোকে পরিচালনা করতে লাগলেন নাগরিকদের পরিষেবার জন্য। সর্বভারতীয় পৌর-ইতিহাসের বিবর্তনে ৭৪তম সংবিধান সংশোধন একটা যুগান্তকারী অধ্যায়। এর বেশিরভাগ খসড়াই পশ্চিমবঙ্গের বামফ্রন্ট সরকারের করা। ১৯৯৩ সাল থেকে ৭৪তম সংবিধান আইন বলবৎ হয়। কিন্তু তার আগে থেকেই বামফ্রন্ট সরকার হয় নির্দিষ্ট আইনের মাধ্যমে অথবা সরকারি নির্দেশনামার মাধ্যমে ৭৪তম সংবিধান সংশোধনের বিষয়গুলো এই রাজ্যে বলবৎ করেছিলেন। বস্তুত আমাদের পুর ব্যবস্থার ভিত্তিতেই এর খসড়া তৈরি হয়। সেখানে বলা আছে—নির্বাচিত স্থানীয় সরকার হতেহবে, তার মেয়াদ কতদিনের হবে। এছাড়া দ্বাদশ তপশিলে বর্ণিত নির্দিষ্ট বিষয়গুলো পুরসভাগুলির উপর দায়িত্ব ন্যস্ত করা হবে। এই সমস্ত কাজগুলোই আমাদের বামফ্রন্ট সরকার করে আসেছিলেন, ৭৪তম সংবিধান সংশোধন করে যা করা হয়েছিল। কাজেই এটা আমাদের রাজ্যের কাছে নতুন কিছু ছিল না।

আমাদের বামফ্রন্ট সরকার ক্ষমতায় আসার পরে পৌর প্রশাসনের ইতিহাসে নিশ্চিতভাবে অন্ধকার থেকে আলোর উত্তরণ ঘটিয়েছে। বিগত ২৪ বছরে নগর সভ্যতার উন্নয়নের জন্য যে পদক্ষেপগুলি নিয়েছেন, তাতে পুর ব্যবস্থাপনায় এক ব্যাপক পরিবর্তন ঘটে গেছে। স্বাধীনতার পরবর্তী দিন দশকে তৎকালীন পুরসভার অস্তিত্বই প্রায় ছিল না। কি গ্রামাঞ্চলে কি শহরে স্বায়ত্বশাসন ব্যবস্থা জনগণের কাছ থেকে সম্পূর্ণ বিচ্ছিন্ন হয়েছিল। ১৯৪৭ সাল থেকে ৭৬-৭৭ সাল পর্যন্ত এ রাজ্যে নতুন পুরসভা গঠিত হয়েছিল সাকুল্যে ১৮। কিন্তু বামফ্রন্ট সরকার ক্ষমতায় এসেই বামফ্রন্ট সরকার ক্ষমতার বিকেন্দ্রীকরণের জন্য স্থানীয় সরকারের মাধ্যমে গ্রামে বা শহরে রাজ্যের উন্নয়নের ব্যবস্থা করতে সচেষ্ট হয়েছিলেন সম্পূর্ণ গণতান্ত্রিক মাধ্যমে। আমি পৌরপ্রধান হিসাবে বিভিন্ন পৌর মিটিংয়ে গেছি। সেখানে বিভিন্ন দলের পুরপ্রধানরা সরকারি নীতি ও কাজের প্রশংসা করেছেন। কাজেই আজকে আমাদের মাননীয় মন্ত্রী যে ব্যয়বরাদ্দ পেশ করেছেন, তাকে সম্পূর্ণভাবে সমর্থন করে এই বাজেটের সমর্থন করে কাট-মোশানের বিরোধিতা করে আমার বক্তব্য শেষ করছি।

শ্রী তারক বন্দ্যোপাধ্যায় : মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আজকে এখানে মাননীয় মন্ত্রী যে ব্যয়রাদ্দের দাবি রেখেছেন, আমি তার বিরোধিতা করে আমার বক্তব্য শুরু করছি।

অশোকবাবু দীর্ঘদিন ধরে এই দপ্তরের মন্ত্রী আছেন। গত ২৫ বছর ধরে উন্নয়নের কথা বারে বারে এখানে মন্ত্রী উল্লেখ করেছেন। ব্যক্তিগতভাবে চেয়েছেন অর্থাৎ অনেকবার বলার চেষ্টা করেছেন সমস্যা সমাধানের জন্য। কিন্তু আজ পর্যন্ত সেই সমস্যার সমাধান হল না। মাননীয় মন্ত্রী মহাশয় আপনি জানেন বোধহয় যে, ঘোষবাগান এবং লালা বাবু লেন এখনও গঙ্গার জোয়ার হলে ডুবে যাচ্ছে। এখানকার জল নিকাশি ব্যবস্থা ক্রমশ খারাপ হয়ে যাচ্ছে। সেদিকে আপনাকে নজীর দিতে হবে। এরপরে সি. আই. টি.-র হস্টেলের ব্যাপারে আসছি। বাগবাজারে যে সি. আই. টি. হস্টেল আছে, সেই হস্টেলের সম্বন্ধে বলছি। সেই হস্টেলটি একটা চরম দুরবস্থায় পরিণত হয়েছে। আপনার ডিপার্টমেন্টের সি.আই.টি. যে হস্টেলগুলো ভেঙে পড়ছে, জল পড়ছে, কোনো সংস্কার হয়নি। হস্টেল রাখার জন্য অনেকে আবেদন করেছেন। ৩৫টা সীট ওখানে খালি পড়ে রয়েছে। এর পিছনে অন্য কোনো উদ্দেশ্য আছে হস্টেলগুলোকে যাতে তুলে দেওয়া যায়। ওয়ার্কিং উইমেন তাঁরা কোথায় যাবেন, তাঁরা থাকবেন কোথায় ? এই বিষয়ে আপনার কাছেও বলা হয়েছে তাঁরা আবেদন করেছেন। বলা হচ্ছে যে সি.আই.টি. হস্টেলগুলোতে লস হচ্ছে, এই হস্টেলগুলো চালাতে পারা যাচ্ছে না। বাগবাজারে যে হস্টেলটি আছে সেটা যাতে চালু থাকে এ বিষয়ে আপনি ব্যবস্থা নিন। হস্টেল থাকার জন্য অনেকে আপনার কাছে অ্যাপ্লাই করেছে, এই হস্টেলটিতে যে নানারকম নোংরামি হয় সে বিষয়ে আপনাকে চিঠিও দেওয়া হয়েছে। এই বিষয়ে আপনি ব্যবস্থা নিন। তাছাড়া বলব গঙ্গার ঘাটগুলো সংস্কারের দায়িত্ব আপনার। কলকাতা পোর্ট ট্রাস্ট এই দায়িত্ব নিতে চাইছে না, আপনার উপর সেই দায়িত্ব বর্তায়। উত্তর কলকাতার গঙ্গার ঘাটগুলোতে দুর্ঘটনা ঘটছে। দুর্গাপুজো, কালীপুজো, ছটপুজো ইত্যাদি ঠাকুর বিসর্জনর সময়ে লক্ষ লক্ষ মানুষ গঙ্গার ধারে যাচ্ছে সেখানে দুর্ঘটনা ঘটার আশংকা থাকছে। এই গঙ্গার ঘাটগুলোর কোনো সংস্কার হচ্ছে না, দুর্ঘটনা ঘটছে মানুষ মারা যাচ্ছে। বাগবাজারের পাগলাবাবুর ঘাটের একটা ইতিহাস আছে। সারদা মা যখন বাগবাজারে থাকতেন তখন এই ঘাটে তিনি প্রতিদিন স্নান করতে যেতেন তাঁর মৃত্যু পর্যন্ত। আপনার কাছে অনুরোধ রাখছি পাগলাবাবুর ঘাটটি সারদা মায়ের নামে নামকরণ করুন। এই ঘাটের সংস্কার করে অসামাজিক কাজকর্ম যা চলছে সেগুলো যাতে অবিলম্বে বন্ধ হয় তার জন্য দয়া করে ব্যবস্থা নিন। মিলেনিয়াম পার্ক আপনি করেছেন। ডালহৌসিতে সুন্দর পার্ক হয়েছে কিন্তু উত্তর কলকাতাকে সবদিক থেকে আপনি বঞ্চিত করেছেন। কলকাতা বলতে তো উত্তর কলকাতাই, অথচ উত্তর কলকাতাকে বাদ দিয়ে আপনি দক্ষিণ কলকাতা করবেন, সল্ট লেকের জন্য উন্নয়ন করবেন কিন্তু উত্তর কলকাতাকে সর্বদা বঞ্চিত করবেন এটা তো চলতে পারে না। মাননীয় মন্ত্রী গঙ্গার ঘাট সংস্কার করে ওয়ার্ড নাম্বার ৬৬-তে পার্ক করুন, গঙ্গার ধারে বিউটিফিকেশন করে লোকজন যাতে দাঁড়াতে পারে তার ব্যবস্থা করুন। এবারে কলকাতার সার্ভিস ল্যাট্রিনগুলোর বিষয়ে সুপ্রীম কোর্টের অর্ডার রয়েছে। বর্তমানে দুটো সুইস প্ল্যান্ট রয়েছে যার মাধ্যমে কলকাতার ড্রেনের ময়লা জল সুইস প্ল্যান্টের মাধ্যমে বাইরে বার করে দেওয়া যায়। কে পি সিং রোড আর বি. টি. রোডের সুইস প্ল্যান্ট দুটো কাজ করছে না। আন্ডারগ্রাউন্ড স্যুয়েরেজ না থাকার ফলে বি. টি. রোড দিয়ে সুইস প্ল্যান্ট............

শ্রী অরুণাভ ঘোষ : স্যার, মাননীয় মন্ত্রীর কাছে দু-একটি স্পেসিফিক ফ্যাক্ট তুলে ধরছি। আমি জানি যে উনি প্রথমেই বলে দেবেন যে ওইগুলো ঠিক নয়। এর আগে যখন প্রাক্তন মুখ্যমন্ত্রী [* * *] সম্বন্ধে খবরের কাগজে বেরিয়েছিল সল্ট লেকে ব্যক্তিগত কোটায় আর্বান ডেভেলপমেন্টের জমি দিয়েছেন ১৯৪টা প্লট। তখন মন্ত্রী মহাশয় বলেছিলেন এ সব বাজে কথা, কোনো ব্যক্তিগত কোটা নেই। পরে উনি ভুল প্রমাণিত হয়েছিলেন এবং তার জন্য উনি দুঃখ প্রকাশ করেননি। যদিও হাইকোর্ট প্রাক্তন মুখ্যমন্ত্রীকে ভর্ৎসনা করে বলেছেন এটা সম্পূর্ণ বেআইনি এবং যখন রায় বেরলো এই পদ্ধতি বেআইনি তখন মন্ত্রিসভা সেই বেআইনি পদক্ষেপ তুলে নেন এবং বলেন অ্যাডভার্টাইজের মাধ্যমে সল্ট লেকে জমি বিক্রি হবে। কিন্তু বর্তমান মুখ্যমন্ত্রী আবার একটা ভুল কাজ করে ফেলেছেন। এখানে আর্বান ডেভেলপমেন্টের মন্ত্রী মহাশয় আছেন বলেই বলছি—উনি হঠাৎ কাগজে অ্যানাউন্স করে দিলেন যে উইপ্রোকে জমি দেওয়া হবে। এটা কিন্তু সম্পূর্ণ বেআইনি এবং এটা আদালত অবমাননার দায়ে পড়ে। কারণ আদালতের রায় হল সমস্ত জমি অ্যাডভার্টাইজের মাধ্যমে দিতে হবে। আমি আবার মন্ত্রী মহাশয়ের সামনে একটা ফ্যাক্ট তুলে ধরতে চাই। আমি জানি ওঁর পক্ষে স্বীকার করার অসুবিধে এবং অস্বীকার করাও অসুবিধে। কেন ? এটা সত্যি আমাদের ওখানে এই বামফ্রন্ট সরকারের আমলে টি সি সি এল, [* * *] যার প্রোপাইটার বা মালিক বলতে পারেন। আর্বান ডেভেলপমেন্ট ডিপার্টমেন্ট ১৯৮৩ সালে এদের ৪.৫ একর জায়গা দিয়েছে ডি জি ব্লকে, আমাদের বি সি রায়ের স্ট্যাচুর পিছনে সল্ট লেকে অ্যাডমিনিস্ট্রেটিভ বিল্ডিং করার জন্য। আজ পর্যন্ত সেখানে কিছুই হয়নি। তার পরে ১৯৮৬ সালে এ ব্লকে লাবণীর বাস টার্মিনাসের পিছনে হেল্‌থ ইউনিট করার জন্য ২০ কাঠা জমি দেওয়া হয়েছে। আজ পর্যন্ত তার কিছুই হয়নি। ১৯৯৪ সালে সেক্টর ৫ ফায়ার ব্রিগেড স্টেশনের সামনে ওয়ার্ল্ড ট্রেড সেন্টার করার জন্য ৬ একর জমি দেওয়া হয়েছে, কাগজে অ্যানাউন্স করে, আজ পর্যন্ত তার কিছুই হয়নি। ১৯৯৫ সালে ডি ডি ব্লকে রামমোহন ফাউন্ডেশন লাইব্রেরির পাশে থ্রী-স্টার হোটেল করার জন্য ৮৬.৭৭ কাঠা ল্যান্ড দেওয়া হয়েছে। এটা হল [* * *] ডি সি এল। আজ পর্যন্ত কিছু হয়নি। মজার কথা হল সল্ট লেকে ১২৮৭৩ টা প্লট—এখনও ২৫০টার মতো প্লট ভর্তি হয়নি। সেই ২৫০টা প্লটের মালিকদের নোটিশ দেওয়া হয়েছে কিন্তু [* * *] আজ পর্যন্ত কোনো নোটিশ দেওয়া হয়নি। এটা কী কারণে ? মুখ্যমন্ত্রীর স্ত্রী [* * *] ডি সি এল-এ চাকরি করেন বলে তারা তার জন্য পিছিয়ে যাচ্ছেন ? আমি খুব খুশি হব আপনি সৎ সাহস দেখিয়ে [* * *] নোটিশ দেন এবং ভুলে যান যে সেখানে মুখ্যমন্ত্রীর স্ত্রী চাকরি করেন। এর পরে মজা হচ্ছে থ্যালাসেমিয়া সোসাইটি তারা সল্ট লেকে জমি চেয়েছে এবং তারা ২০০ বাচ্চাকে ট্রিটমেন্টের জন্য মাড়োয়ারী হাসপাতালের বেড ভাড়া করে আছে। তারা জমি চেয়ে পায়নি, কিন্তু [* * *] একরের পর একর জমি পড়ে আছে সল্ট লেকে, কোনো কাজ না হয়েই। আমি আপনাকে জানিয়ে রাখতে চাই হাইকোর্টে মামলার পরে দেখা গেছে যে বামফ্রন্ট সরকার আসার পরে ২১৮৫টি প্লট আপনারা নিজেদের লোকদের দিয়েছেন বিনা অ্যাডভার্টাইজমেন্টে।

***Expunged as ordered by the chair.

তার মধ্যে ২৯৪ প্লট [* * *] দিয়েছেন। (ভয়েজ) না ওটা অন্য মামলা, এই মামলা নয়। আপনাকে আমি বলে দিচ্ছি, মামলা হল নোটিশ দিয়ে যাদের দিয়েছেন বেআইনি প্লট তাদের থেকে ১২ হাজার টাকা দিয়েছেন তাদের থেকে ২ লক্ষ টাকা ফেরত নেবেন এটা সুপ্রিম কোর্ট বলেছে। এটা আপনাদের পক্ষে গৌরবের নয়, এটা বলবেন না।—২৯৪টা প্লট [* * *] দিয়েছেন তার পর ১৫৯টা প্লট [* * *] দিয়েছিলেন ১৯৮৭ সালের মার্চ মাসে। ২৩শে মার্চ ইলেকশান ছিল, তার পরের দিন [* * *] ১৫৯টা প্লট দিয়েছেন। যাই হোক আপনি উত্তর না দিতে পারলে বলবেন সরকারি মামলা। মার্চ ১৯৮৭ এবং ১১ জুন ১৯৮৭ সালে যে দিন [* * *] কোটা নির্ধারিত হয় তার মধ্যে বর্তমান মুখ্যমন্ত্রী [* * *] এবং [* * *] সেই কমিটিতে ছিলেন, যাঁরা ব্যক্তিগতভাবে জমি দিয়েছেন। যেমন আপনারা দিয়েছেন [* * *] কোটায় উইদাউট অ্যাডভার্টাইজমেন্টে, [* * *] দিয়েছেন, [* * *] ছেলে আগের পক্ষের স্ত্রী [* * *] দিয়েছেন, পরের পক্ষের স্ত্রী [* * *] দিয়েছেন এফ ডি ব্লকে।

মিঃ ডেপুটি স্পীকার : নাম বাদ যাবে।

[3.00—3.10 p.m.]

শ্রী অরুণাভ ঘোষ : ওঁর ব্যক্তিগত সচিব তাঁর স্ত্রীকে ৪২ কাঠা জমি দিয়েছেন স্কুল করার জন্য তার পরে একজন মহিলা যিনি মাঝে মাঝেই জ্যোতি বসুর ঘরে যেতেন সেই [* * *] তাঁকে এবং প্রশান্ত শূর মহাশয়ের ছেলের স্ত্রীকে দেওয়া হয়েছে। এগুলি বললাম এই কারণে যে আপনারা ভবিষ্যতে ইউপ্রো বা যাকেই জমি দিন আপনারা অ্যাডভার্টাইজের মাধ্যমে জমি দিন যেটা হাইকোর্ট বলেছে।

আপনারা উইপ্রোকে জায়গা দিন কিন্তু অ্যাডভার্টাইজের মাধ্যমে দিন, যেটা হাইকোর্ট বলেছে। সারা পশ্চিমবঙ্গে ওয়েস্ট বেঙ্গল সেন্ট্রাল ভ্যালুয়েশন বোর্ড অ্যাক্ট ১৯৭৬ সালের পর সরকার ১৯৮৫ সালে, আগে ছিল একটা ড্রাফ্‌ট ভ্যালুয়েশন লিস্ট বার করা হত নোটিফিকেশনের পর। সেকশন ১০-এ সেটাকে তুলে দিলেন ১৯৮৫ সালে। এখন বার করলেন ফাইনাল লিস্ট। কলকাতা হাইকোর্ট বলেছে, এটা বেআইনি। ড্রাফট ভ্যালুয়েশন লিস্ট দেবার পর মানুষ তার আপত্তি জানাবে তার পর ফাইনাল ভ্যালুয়েশন লিস্ট দেওয়া হবে তার পর রিভিউ এপ্লিকেশন দেওয়া হবে। কলকাতা হাইকোর্ট বলেছে সেকশন-১০-এ বাধ্যবাধকতায় এটা ফেরত আনতে হবে। কিন্তু আপনি তা সত্ত্বেও শ্রীরামপুর থেকে শুরু করে প্রত্যেকটা মিউনিসিপ্যালিটিতে এই ফাইনাল ভ্যালুয়েশন লিস্ট বার করে দিয়েছেন এবং বলছেন, 'রিভিউ ইন অল্টারনেটিভ রেমিডি।' রিভিউ-এ বললেন, ২৫ শতাংশ কমাতে পারে। অর্থাৎ একটা জমির ১০০ টাকা ভ্যালুয়েশন হলে দেখা গেল কমিটি ১ লক্ষ টাকা করে দিল এবং সেক্ষত্রে ২৫ হাজার টাকা কমাতে পারবে। অর্থাৎ ৭৫ হাজার টাকা দিতে হবে। আপনারা পুরোপুরি এই বেআইনি কাজ করছেন।

আপনাদের আমলে সল্ট লেক মিউনিসিপ্যালিটির কাছে ওয়েস্ট বেঙ্গল স্টেট ইলেকট্রিসিটি বোর্ড ৩ কোটি ৬৩ লক্ষ টাকা পাবে। আপনারা কিছুই দিচ্ছেন না এবং সেই

***Expunged as ordered by the chair.

জন্য স্টেট ইলেকট্রিসিটি বোর্ড বলেছে সল্ট লেকের সমস্ত ইলেকট্রিক লাইন কেটে দেবে। এটা আমি বলছি না, আপনাদের সরকারি ডিপার্টমেন্ট বলছে।

এবারে আমি গঙ্গা অ্যাকশন প্ল্যান সম্বন্ধে বলব। আমি ধরে ধরে এই জন্য বলছি যে আপনার লিখে নিতে সুবিধা হবে। গঙ্গা অ্যাকশন প্ল্যান ফেজ-টু-র ক্ষেত্রে দেখা যাচ্ছে আপনারা একটা মিউনিসিপ্যালিটিকে টাকা দিচ্ছেন, প্ল্যানের অন্তর্ভুক্ত করছেন আবার পাশের মিউনিসিপ্যালিটিকে ইনক্লুড করছেন না। ডিসক্রিমিনেশনের কারণ তো থাকবে। কারণ দেখাচ্ছেন না।

তারপর হাওড়া ইম্প্রুভমেন্ট ট্রাস্ট, এইচ. আই. টি., তারা হাওড়াতে একের পর এক ফ্লাইওভার করেছে। কাজের অভাবে আজকে তাদের লোকগুলো আইডেল ওয়ার্কার্স হয়ে, বেকার হয়ে বসে আছে অথচ গভর্নমেন্ট কাজ দিচ্ছে প্রাইভেট এজেন্সিকে, এইচ আর. বি. সি.-কেও হয়তো কিছু দিয়েছেন কিন্তু প্রধানত প্রাইভেট এজেন্সিকে দিচ্ছেন আর ওদিকে হাওড়া ইম্প্রুভমেন্ট ট্রাস্টের লোকেরা চুপচাপ বসে আছে, মাসের পর মাস মাইনে দেওয়া হচ্ছে। মাননীয় অশোকবাবু ভাবছেন হয়তো আমার আর কি, কলকাতার ডেভেলপমেন্টের জন্য টালিনালার আশপাশ থেকে লোকজনদের তুলে দিতে হোক আর হকার উচ্ছেদ হোক আমি তো শিলিগুড়ির লোক, আমার গায়ে হাত লাগবে না। কিন্তু কলকাতার গরিব মানুষদের উচ্ছেদ করে কোথায় স্থান দেবেন ? একটা অল্টারনেটিভ তো বলবেন ? আপনার দলও বলছে অল্টারনেটিভ কিছু করতে হবে।

মাননীয় মন্ত্রী মহাশয় আমার আর একটা প্রস্তাব আছে। পুরসভার মধ্যে দিয়ে যে রাস্তাগুলো যাচ্ছে দেখা যাচ্ছে তার প্ল্যানিং করছে পি ডব্লু ডি ডিপার্টমেন্ট অর্থাৎ সরকারি দপ্তর প্ল্যান করছে, টেন্ডার ডাকছে, লোক ঠিক করছে অথচ পুরসভা সব পয়সা দিচ্ছে। আমি অনুরোধ করব, পুরসভার হাতে ওই ক্ষমতাগুলো দিন।

আবার ফিরে আসি, কলকাতার বুকে আই টি সি, ক্রফটস একর, পি সি চন্দ্র, গুজরাট-অম্বুজা—এদের কত জমি দিয়েছেন এবং তার বিনিময়মূল্যই বা কত পেয়েছেন ? গভর্নমেন্ট থেকে গুজরাট-অম্বুজাকে সল্ট লেকের এন্টায়ার ব্লক ২০ হাজার টাকা করে দিয়ে দিলেন। গুজরাট-অম্বুজার সঙ্গে সি এম ডি এ-র নামও যুক্ত রাখা হয়েছে। হর্ষ নেউটিয়াকেও অনেক জমি দিয়েছেন। সেই সব জমি বিক্রি হবে দেড় থেকে ২ লক্ষ টাকা করে উইদাউট ডেভেলপমেন্ট, উন্নয়নের কোনো প্রয়োজন নেই, ড্রেনেজ, এভরিথিং ইজ দেয়ার। এদের দিচ্ছেন দিন, কিন্তু বাংলায় তো কত উঠতি শিল্পপতি আছেন তাঁদের কাউকে তো দিতে পারলেন না বা দিলেন না। দিলেন কাকে ? না, প্রোমোটিং এজেন্সিকে দিয়ে দিলেন।

এটার কি কারণ আছে ? এর সঙ্গে সি এম ডি এ-কে যুক্ত করেছেন এই কারণে যে, যাতে মধ্যবিত্ত শ্রেণি ব্যক্তি প্রোমোটার দেখে সরে যাবে, কিন্তু সি এম ডি এ-র নাম থাকলে তাঁরা কনফিডেন্স পেয়ে টাকা ইনভেস্ট করবে। কেন করলেন, বাঙালি প্রোমোটার ছিল না ? আপনারা সল্ট লেক স্টেডিয়ামের কাছে হায়াৎ রিজেন্সিকে হোটেল করার জন্য জায়গা দিলেন। কেন বাঙালি কেউ ছিল না ? আপনারা বাইপাশের ধারে আই টি সি-কে হোটেল

করার জন্য জায়গা দিলেন। কোনো বাঙালি লোক ছিল না ? আমি বাঙালি বলতে বাংলা থেকে যাঁরা উঠে এসেছেন তাঁদের কথা বলছি। আপনারা কোনো বাঙালি শিল্পপতিকে কিছু করতে দিচ্ছেন না। আর্বান ডেভেলপমেন্টের ক্ষেত্রে কাজ করার যেমন সুযোগ আছে, তেমনি চুরি করারও সুযোগ আছে। এই জায়গায় আপনারা অবাঙালি ব্যবসায়ীদের নিয়ে আসছেন—সব নিওটিয়া, কেওটিয়াদের নিয়ে আসছেন। আপনারা সল্ট লেকে উইপ্রোকে জায়গা দিলেন। এদিকে ফিলিপস উঠে গেল। ভিডিওকন ফিলিপস কিনে নিয়ে ফিলিপসের শ্রমিকদের দিয়ে কিচেন অ্যাপ্লায়েন্স কোম্পানি নাম দিয়ে চালাচ্ছেন। ফিলিপসকে কিচেন অ্যাপ্লায়েন্সের হাতে তুলে দেওয়ার বিরুদ্ধে সিটুর লোকেরা মামলা করল। কিন্তু কোর্ট রায় দিয়েছে কিচেন অ্যাপ্লায়েন্সের পক্ষে। কিচেন অ্যাপ্লায়েন্স এখন চালাচ্ছে। একটার পর একটা জমি দিচ্ছেন। সল্ট লেকে সেক্টর-৫-এ একাধিক জমি পড়ে আছে। কবে ব্যাঙ্গালোর থেকে লোক আসবে, কবে গুজরাট থেকে লোক আসবে, তাদের জন্য বসে আছেন। অথচ পশ্চিমবঙ্গে অনেক শিল্পপতি বসে আছেন—বাঙালি শিল্পপতি বসে আছেন, তাঁরা সফট্‌ওয়্যার কোম্পানি খুলতে চাইছেন। কিন্তু আপনারা তাঁদের দেখছেন না। সেজন্য আপনারা দয়া করে বাঙালি শিল্পপতি যাঁরা আছেন, যাঁরা লোকাল তাঁদের দেখুন। এই কথা বলে এই বাজেটের বিরোধিতা করে সকলকে ধন্যবাদ জানিয়ে আমার বক্তব্য শেষ করছি।

শ্রীমতী অঞ্জু কর : আমাদের দপ্তরের ৩৭ নম্বর এবং ৯০ নম্বর দাবির উপর যে ব্যয়বরাদ্দের দাবি এখানে উত্থাপিত হয়েছে তার আলোচনা চলছে। যে সমস্ত মাননীয় সদস্য আমাদের এই আলোচনায় অংশগ্রহণ করেছেন তাঁদেরকে ধন্যবাদ জানাচ্ছি এবং মাননীয় বিরোধী সদস্যগণের আনা যে সমস্ত ছাঁটাই প্রস্তাব সেই সমস্ত ছাঁটাই প্রস্তাবের আমি বিরোধিতা করে এবং আমাদের দাবির সমর্থনে আমি কয়েকটি কথা বলছি। মূলত পরিষেবা সম্পর্কে বলব। মূল জবাবি ভাষণ আমাদের মাননীয় মন্ত্রী শ্রী অশোক ভট্টাচার্য মহাশয় দেবেন। মাননীয় বিরোধী সদস্যগণ যে সমস্ত বিষয় উল্লেখ করেছেন তাতে কতকগুলো যথার্থ বিষয় এসেছে, কিন্তু বেশির ভাগ ক্ষেত্রে আপনারা যে সমালোচনা করেছেন, আমি মনে করি তার কোনো ভিত্তি নেই, তার কোনো যুক্তি নেই। কারণ ১৯৭৭ সালের আগে যখন আমরা রাজ্যে ক্ষমতায় ছিলাম না তখন এই রাজ্যের পৌরসভাগুলো প্রাণহীন, মৃতপ্রায় অবস্থায় ছিল। কিন্তু বামফ্রন্ট সরকার পশ্চিমবঙ্গে ক্ষমতায় আসার পর পৌরসভাগুলোতে প্রাণ সঞ্চার হয়েছে, পৌরসভাগুলো নতুন নীতি নিয়ে, বিকল্প দৃষ্টিভঙ্গি নিয়ে মানুষের প্রতি দায়বদ্ধতা নিয়ে আরও বেশি করে পরিষেবা সম্প্রসারণ করার কাজ করে চলেছে। মাননীয় বিরোধী সদস্যরা উল্লেখ করেছেন যে, বস্তির উন্নয়নের জন্য আমরা কি করছি ? আমরা বস্তির উন্নয়নের জন্য, আমাদের এখানে জাতীয় বস্তি উন্নয়ন প্রকল্পের মাধ্যমে ব্যাপক উন্নয়ন বস্তি এলাকায় করছি। তার সঙ্গে সঙ্গে আমরা ব্রিটিশ আর্থিক সহায়তায় বৃহত্তর কলকাতায় সাড়ে তিনশো থেকে প্রায় পাঁচশো কোটি টাকার বৃহত্তর প্রোজেক্ট রূপায়িত করছি। এই সমস্ত পরিষেবার সঙ্গে স্বাস্থ্য বিষয়ে মাননীয় বিরোধী সদস্যরা উল্লেখ করেছেন। মাননীয় অরূপ ভদ্র মহাশয় উল্লেখ করেছেন যে, স্বাস্থ্য বিষয়ে ১০টি এক্সটেনশন প্রোজেক্ট কোথায় গেল ? আমি বিনয়ের সঙ্গে উল্লেখ করছি, ওগুলো রাজ্যেই আছে, রাজ্যের বিভিন্ন জেলায় ১০টি প্রোজেক্ট

আছে, সেই ১০টি এলাকার মধ্যে ৬টি পৌরসভাতে আপনারা আছেন, সেখানে বিরোধী সদস্যদের দ্বারাই পরিচালিত বোর্ড আছে, সেখানে এই কর্মসূচিগুলো তাঁরা রূপায়িত করছেন।

[3.10—3.20 p.m.]

আই পি পি (৮) অনুযায়ী দুধরনের এলাকায় কাজ হচ্ছে। একটা কলকাতার মধ্যে, আর একটা কলকাতার বাইরে সম্প্রসারিত এলাকায়। এই কর্মসূচিতে আমরা খুব সাফল্যলাভ করেছি। যাদের প্রজেক্ট সেই বিশ্ব ব্যাংকের পক্ষ থেকে প্রশংসা করা হয়েছে। আপনারা জানেন বিশ্ব ব্যাংক এই কর্মসূচি বন্ধ করে দিচ্ছে। ভবিষ্যতে আমরা এই প্রজেক্ট কিভাবে চালু রাখতে পারব তা নিয়ে এখন থেকেই আমাদের ভাবনা-চিন্তা করতে হচ্ছে। আমাদের রাজ্যের মানুষের, বিশেষ করে মা এবং শিশুদের স্বাস্থ্য রক্ষা এবং স্বাস্থ্য সচেতনতা বৃদ্ধি করার জন্য আমাদের পরিকল্পনা রয়েছে। ষষ্ঠ বামফ্রন্ট সরকার যে বিষয়টির প্রতি সবেচেয়ে বেশি গুরুত্ব দিচ্ছে, সেটা হচ্ছে কর্মসংস্থান প্রকল্প। শহরে দারিদ্র দূরীকরণ কর্মসূচি অনুযায়ী দরিদ্র মানুষের আয় বৃদ্ধি এবং জীবনযাত্রার মান উন্নয়নের দিকে লক্ষ্য দিয়েছি এবং পরিকল্পনা গ্রহণ করেছি। থ্রিফ্‌ট অ্যান্ড ক্রেডিটে আমাদের লক্ষ্যমাত্রা ১২০১৯। ভোকেশনাল ট্রেনিং-এর ক্ষেত্রে আমরা ১১০টা ট্রেডের মাধ্যমে ৮৭ হাজার মানুষকে ট্রেনিং দেব বলে ঠিক করেছি। 'ডাকুয়া', আমাদের টার্গেট ৯৫২। সেল্‌ফ এমপ্লয়মেন্ট বা স্বনিযুক্তি প্রকল্পের প্রতি আমরা সবেচেয়ে বেশি গুরুত্ব দিচ্ছি। এ বিষয়ে আপনারা, আমরা সবাই উদ্বিগ্ন। এক্ষেত্রে আমাদের টার্গেট হচ্ছে ২৫ হাজার। এ বিষয়ে আমাদের অভিজ্ঞতা হচ্ছে, এত দিন পর্যন্ত আমাদের রাজ্যে ২৮,০০০টি সেল্‌ফ এমপ্লয়মেন্ট নেওয়া হয়েছিল, সেগুলো আমরা ব্যাংকে পাঠিয়েছি। কিন্তু এখন পর্যন্ত ব্যাংক তার মধ্যে স্যাংশন করেছে মাত্র ৩,৬১৩টি। আমরা সেখান থেকে ৩ কোটি টাকা পেয়েছি। এই কাজ আমরা আরও বেশি করতে চাই। ব্যাংকের সহযোগিতা রয়েছে। তথাপি আমরা সমস্ত কাজেই মানুষকে যুক্ত করতে চাই গণতান্ত্রিক পদ্ধতিকে আরও সম্প্রসারিত করে। এ বিষয়ে একজন মাননীয় সদস্য সঠিকভাবেই উল্লেখ করেছেন। আমরা পরিকল্পনা নিয়েছি কিভাবে সর্বত্র ওয়ার্ড কমিটি করা যায়—সেটা শুধু নাম-কা-ওয়াস্তে নয়। তাকে আমরা সঠিকভাবে কার্যকর করতে চাই। তার মধ্যে দিয়ে পশ্চিমবাংলার পৌর ব্যবস্থাকে আমরা আরও উন্নত অবস্থায় নিয়ে যেতে চাই। তা শুধু সরকারি প্রচেষ্টার মধ্যে দিয়ে হবে না। সেজন্য পৌরসভাগুলিকেও তাদের আয় বাড়াতে হবে, সম্পদ বৃদ্ধি করতে হবে। মানুষের অংশগ্রহণ এবং আপনাদের সকলের সহযোগিতা—যৌথ প্রচেষ্টা এবং মিলিত উদ্যোগের মধ্যে দিয়ে আমি আশা করি এবং বিশ্বাস করি আগামী দিনে আমরা আমাদের রাজ্যের পৌর পরিষেবাকে আরও উন্নত করতে পারব। এই কটি কথা বলে, আবার বিরোধীদের সমস্ত কাট-মোশানের বিরোধিতা করে, বাজেটকে সমর্থন করে আমার বক্তব্য শেষ করছি। ধন্যবাদ।

শ্রী অশোক ভট্টাচার্য : মাননীয় ডেপুটি স্পীকার স্যার, বিরোধীদের আনা কাট-মোশানের বিরোধিতা করে, আমি আপনার মাধ্যমে আমাদের বাজেটের সমর্থনে কয়েকটা কথা বলতে চাই। আপনারা সবাই জানেন এই শতাব্দীতে 'আর্বান মিলেনিয়াম' বলা হয়।

নগরায়ন শতাব্দী। আজকে নগরায়ন পৃথিবী জুড়ে বাড়ছে, ভারতবর্ষ জুড়ে বাড়ছে সঙ্গে সঙ্গে পশ্চিমবাংলা জুড়েও বাড়ছে। আজকে আমাদের রাজ্যে বা আমাদের দেশে যদি কোনো পরিকল্পনা রূপায়িত করতে হয় তাহলে তা নগরায়নকে সামনে রেখে করতে হবে। প্রথমেই নগর পরিকল্পনা গড়তে হবে। আমি আশা করেছিলাম বিরোধীরা আমাদের নগর পরিকল্পনার ভবিষ্যৎ রূপরেখা কি হওয়া উচিত সে বিষয়ে আলোকপাত করবেন। পৌরসভাগুলিকে আমরা যে ক্ষমতা দিয়েছি সেই ক্ষমতার সদ্ব্যবহারের মধ্যে দিয়ে পৌরসভাগুলি কীভাবে তাদের দায়িত্ব ও কর্তব্য পালন করবে, সে সম্বন্ধে তাঁরা তাঁদের পরামর্শ রাখবেন। আমি দুঃখের সঙ্গে লক্ষ্য করছি সেসব তাঁরা রাখলেন না। কেউ কেউ কিছু কিছু বিষয়ের ওপর তাঁদের বক্তব্য রেখেছেন। সে সম্বন্ধে আমি বলব। পশ্চিমবঙ্গে পৌরসভা হচ্ছে তৃতীয় স্তরের সরকার। সেজন্য আমরা পৌরসভার হাতে একর পর এক ক্ষমতা তুলে দিচ্ছি। আর্থিক ক্ষমতা, রাজনৈতিক ক্ষমতা, সব ক্ষমতা তুলে দিচ্ছি। আর্থিক ক্ষমতা কীভাবে তুলে দিয়েছি, সেটা এখানে কয়েকজন বিভিন্ন পৌরসভার পৌরপ্রধান বিধায়ক হিসাবে আছেন, তাঁরা জানেন। আগে পৌর এলাকায় মাথাপিছু কত টাকা খরচ হত, আজকে কত হচ্ছে ? পরিকল্পনা খাতে, পরিকল্পনাবহির্ভূত খাতে, বস্তি উন্নয়ন খাতে, পানীয় জল সরবরাহের ক্ষেত্রে, সমস্ত ক্ষেত্রে আমরা এখন যে অর্থ দিচ্ছি তা আগে চেয়ে কয়েকশো গুণ বেশি ৮৭ পয়সা ছিল একদিন কলকাতা শহরের বাইরের পৌরসভাগুলিতে, এখন মাথাপিছু ২৬১ টাকা পরিকল্পনা খাতে ব্যয় করছি আর পরিকল্পনা-বহির্ভূত খাতে ৩৬০ টাকা করে। আগে যেখানে ছিল ২৭ লক্ষ টাকার কাজ পৌরসভাগুলিতে, এখন সেখানে পৌরসভাগুলিতে শুধুমাত্র উন্নয়ন-বহির্ভূত খাতে কাজ হচ্ছে প্রায় ৫০০ কোটি টাকা। তাহলে কত গুণ বৃদ্ধি করেছি দেখুন ? টাকা দেওয়ার ক্ষেত্রে, সহযোগিতার ক্ষেত্রে কোনো রাজনৈতিক বৈষম্যের স্থান এখানে নেই। আমাদের দৃষ্টিভঙ্গি স্বচ্ছ। একটা পরিষ্কার কথা বলি, পৌরসভাগুলিকে দায়বদ্ধ হতে হবে, দায়িত্বশীল পৌর প্রশাসন গড়ে তুলতে হবে। শুধুমাত্র আর্থিক অনুদানের উপর নির্ভর করলেই চলবে না, নিজেদের পায়ে দাঁড়িয়ে কাজ করতে চেষ্টা করতে হবে। আর একটি কথা বলি, রাজ্য অর্থ কমিশন যে সুপারিশ করেছে, ভারতবর্ষের মধ্যে পশ্চিমবঙ্গই ইন-টো-টো সমস্ত সুপারিশ কার্যকর করেছে। প্রায় ১৬১ কোটি টাকা করে প্রতি বছর পৌরসভাগুলি পাচ্ছে। যেমন, একাদশ অর্থ কমিশনের টাকা দিল্লি থেকে পেয়েছি, রাজ্য অর্থ কমিশনের সুপারিশক্রমে, যা সুপারিশ করা হয়েছে শুধুমাত্র রাজ্য পৌরসভাগুলিকে অর্থের অনুদানের উপর নির্ভর না করে নিজেদের আয় যাতে বাড়ানো যায় সেটা করতে হবে। উদাহরণস্বরূপ, রাজ্য অর্থ কমিশনের ইনডেকসে বলা আছে, কীভাবে কোন পৌরসভাকে টাকা দেওয়া হবে। যেমন, জনসংখ্যা বৃদ্ধির ভিত্তিতে, কর্মচারীদের ভিত্তিতে এবং অন্যান্য সমস্যার ভিত্তিতে। এখানে একজন বলেছেন, আমরা নাকি বৈষম্য করছি আর্থিক দিক থেকে। বালি, খড়দা, নর্থ দমদম, কল্যাণী—এগুলি হচ্ছে বামফ্রন্ট পরিচালিত পৌরসভা। এইসব পৌরসভার মধ্যে কেউ পেয়েছে ১ কোটি ১০ লক্ষ টাকা, কেউ পেয়েছে ১ কোটি ১৩ লক্ষ টাকা, কেউ পেয়েছে ১ কোটি ৩৪ লক্ষ টাকা, কেউ পেয়েছে ১ কোটি ৮৯ লক্ষ টাকা। আর উত্তরপাড়া, শ্রীরামপুর, হুগলি, চুঁচুড়া এবং মধ্যমগ্রাম—তৃণমূল কংগ্রেসের দ্বারা পরিচালিত, অবামপন্থী। এদের মধ্যে

কেউ পেয়েছে ১ কোটি ১৩ লক্ষ টাকা, কেউ পেয়েছে ১ কোটি ৯০ লক্ষ টাকা, কেউ পেয়েছে ১ কোটি ৩৫ লক্ষ টাকা, কেউ পেয়েছে ১ কোটি ৫ লক্ষ টাকা। সুতরাং রাজনীতিগতভাবে বৈষম্যের প্রশ্ন নেই। এই কলকাতা পৌরসভা যখন বামপন্থীদের হাতে ছিল তখন কলকাতা পৌরসভা পরিকল্পনাবহির্ভূত খাতে নন-প্ল্যান খাতে তারা পেয়েছিল ২১৮ কোটি টাকা। এ বছর অবামপন্থীরা হাতে নিয়েছে। সেখানে এখন তৃণমূল, বি জে পি এবং কংগ্রেসের হাতে আছে। তারা গত আর্থিক বছরে ২৩৮ কোটি টাকা পেয়েছে। সুতরাং ২১৮ কোটি টাকা থেকে বাড়িয়ে ২৩৮ কোটি টাকা দেওয়া হল অর্থাৎ প্রায় ২০ কোটি টাকা বেশি হবে। তেমনি পরিকল্পনা খাতে একই রকমভাবে বেশি পাচ্ছে। এখানে কথা প্রসঙ্গে কেউ কেউ বলেছেন, গঙ্গা অ্যাকশন প্ল্যানে আমরা বামপন্থী পৌর বোর্ডগুলিকে অন্তর্ভুক্ত করেছি, কিন্তু অবামপন্থী পৌর বোর্ডগুলিকে অন্তর্ভুক্ত করিনি। তা নয়, এটা কেন্দ্রীয় সরকারের ন্যাশনাল রিভার কনজারভেশন ডায়রেক্টরেট, তারা বলেছে, কোন কোন পৌরসভাগুলিকে অন্তর্ভুক্ত করা যায়। কোন পৌরসভার কোথাও ডোমেস্টিক ওয়েস্ট দ্বারা, তাদের যে সমস্ত বর্জ্য পদার্থ, গৃহস্থালীর বর্জ্য পদার্থ যেটা গঙ্গায় গিয়ে পড়ছে সেটা যদি ৫০ এম এল এ-র উপর বি ও ডি হয়, সেই সমস্ত পৌরসভাকে আমরা নিতে পারি, অন্য পৌরসভাগুলিকে নয়। সেখানে বামপন্থী বা অবামপন্থী বিচার-বিবেচনা করব না। এখানে কেউ কেউ প্রশ্ন করেছেন, আমরা নাকি এশিয়ান ডেভেলপমেন্ট ব্যাংক থেকে ঋণ নিতে গিয়ে তাদের শর্তানুযায়ী হকার তুলছি, তাদের শর্তানুযায়ী টালিজনালার পাশ থেকে বস্তিবাসীদের যারা বেআইনিভাবে এনক্রোচ করে আছে তাদের তুলে দিচ্ছি। তা নয়। এশিয়ান ডেভেলপমেন্ট ব্যাংকের এইরকম কোনো শর্ত ছিল না। বরং এশিয়ান ডেভেলপমেন্ট ব্যাংক এটাই বলেছিল, খালপাড়ে যারা আছে যতদূর সম্ভব তাদের কিছু বিকল্প ব্যবস্থা করা যায় কিনা সেটা দেখতে এবং হকার তোলার কথা কখনও বলেনি। টালিজনালার ব্যাপারে যে মামলা চলছে সে ব্যাপারে যা হাইকোর্টে বলার তা আমি বলব। এখানে কেউ কেউ প্রশ্ন তুলেছেন, যেমন ধরুন, কলকাতায় আরও কি কি কাজ করা উচিত ছিল, কি কি কাজ করিনি—এইরকম নানান কথা। সল্ট লেক প্রসঙ্গে কেউ কেউ তুলেছেন। কিন্তু একটা প্রশ্ন কেউ তুললেন না, মেগাসিটি প্রকল্পে যেখানে ১৬০০ কোটি টাকার প্রকল্প হাতে নেওয়া হয়েছিল,

[3.20—3.30 p.m.]

মেগাসিটি প্রকল্পে কেন্দ্রীয় সরকারের দেবার কথা ছিল বছরে ৫০ কোটি টাকা করে, সেখানে কেন্দ্র দিচ্ছেন মাত্র ১৬ থেকে ১৭ কোটি টাকা। ১১৬ কোটি টাকা মাত্র কেন্দ্রীয় সরকারের কাছ থেকে আমরা পেয়েছি সেখানে রাজ্য সরকার দিয়েছেন ২৩১ কোটি টাকা। কেন্দ্রীয় সরকারের তুলনায় রাজ্য সরকারের টাকাটা কতবেশি দেখুন। কেন্দ্রীয় সরকারের কাছ থেকে এই টাকাটা আদায় করার জন্য আপনারা কিছুই করলেন না—এ ব্যাপারে আপনারা একটা কথাও বললেন না, দিল্লিতে গিয়ে প্রতিবাদ করলেন না, দরবার করারও চেষ্টা করলেন না। আপনাদের সাংসদরা কখনও প্রচেষ্টা করেননি দিল্লির কাছ থেকে এই টাকাটা আনার জন্য।

এখানে পরশবাবু কয়েকটি রাস্তার কথা বলেছেন—ওই আনোয়ার শা রোড ইত্যাদি। আনোয়ার শা রোডের কাজ আমাদের কিছু বাকি আছে ঠিকই। ফ্লাইওভারটা হয়ে গিয়েছে। এটা ইরকন করেনি। ইরকন যেটা করেছিল সেখানে রেলের কাছ থেকে কোনো টাকা পায়নি, বাদবাকি কাজটা সি. এম. ডি. এ. করেছেন। ইরকনকে আমরা টাকা দিয়েছি। এই ফ্লাইওভারের কাজটা নিশ্চয়ই সময়মতো হবে আমরা আশা করছি। সেপ্টেম্বর, অক্টোবর মাসের মধ্যে আমরা জমিটা পেয়ে যাব। বাঘাযতীনের ফ্লাইওভার, সেখানে কিন্তু ১৩ মাসের মধ্যে সেই ফ্লাইওভারের কাজটা আমরা শেষ করছি। গার্ডেনরিচে ফেজ টু-র ৩২০ মিলিয়ন গ্যালন জল দিচ্ছি। এটা সবটা যাদবপুরে জল যাচ্ছে তা নয়। যাদবপুরে জল যাচ্ছে হার্ডলি ২/৩ মিলিয়ন গ্যালন, আর ১৭ মিলিয়ন গ্যালন যাচ্ছে দক্ষিণ কলকাতা, বেহালা ইত্যাদিতে। সেখানে যাদবপুরে যাচ্ছে ২ থেকে ৩ মিলিয়ন গ্যালন। আমরা আশা করছি আরও প্রায় ২০ মিলিয়ন গ্যালন জল আগামী ডিসেম্বর মাসের মধ্যে আমরা সরবরাহ করতে পারব। তারই পাশাপাশি কলকাতা পৌরসভা চেষ্টা করছে পলতাতে নতুন একটা ট্রিটমেন্ট প্ল্যান্ট তৈরি করার। সেটা তৈরি হচ্ছে। পলতা থেকে টালা পর্যন্ত নতুন জলের লাইন তৈরি হচ্ছে, সামান্য কিছুটা বাকি আছে। এগুলি হয়ে গেলে উত্তর কলকাতায় জলের যে চাপ সেটা বাড়বে। এ ছাড়া বাগমারি, বাঁশদ্রোণী, গড়ফা, মহেশতলা, রানীকুঠি ইত্যাদি অঞ্চলে আন্ডার গ্রাউন্ড রিজারভারের কাজ চলছে। ইতিমধ্যে আমরা বেশ কয়েকটি রিজারভারের কাজ শেষ করেছি। বাকি রিজারভারের কাজগুলি শেষ হয়ে গেলে এবং জলের পাইপ লাইন বসাতে পারলে কলকাতায় পান জলের সমস্যা অনেকটা আশা করা যায় দূর করা যাবে। তারপর খাল সংস্কারের ব্যাপারে যেটা বলেছেন সে সম্পর্কে বলি, আমরা বেশ কিছু খালের সংস্কারের কাজ হাতে নিয়েছি। এশিয়ান ডেভেলপমেন্ট ব্যাংক থেকে কিছুদিনের মধ্যেই আমরা ঋণ পাব আশা করছি। সেচ দপ্তর সেই কাজটা করবে কলকাতা পৌরসভার সঙ্গে হাত মিলিয়ে। অরুণাভবাবু কয়েকটি প্রশ্ন তুলেছেন জমি দেওয়া নিয়ে। ইউপ্রোকে জমি দেওয়া নিয়ে তিনি বলেছেন। হাইকোর্ট একটা রায় দিয়েছে। হাইকোর্ট রায় দেওয়ার পর কোনো জমি আমরা কাউকে ব্যক্তিগতভাবে দিইনি। এমন কি যেসব ব্যক্তিগত জমি ছিল সেগুলি সরকারি সংস্থা সি.এম.ডি.এ.-কে দেওয়া হয়েছে। সি.এম.ডি.এ. সেখানে ফ্ল্যাট নির্মাণ করছে। কাগজে বিজ্ঞাপন দিয়ে সেই ফ্ল্যাট আমরা লটারির মাধ্যমে বিলিবণ্টন করছি। সেখানে আমাদের কোনো কোটার প্রশ্ন নেই। আর বাকি যাদের জমি দিয়েছি হাইকোর্ট রায় দেওয়ার পর সেটা সবটা দিয়েছি সরকারি বা সেমি গভর্নমেন্ট যেসব সংস্থা আছে তাদের। আমরা ইউপ্রোকে সরাসরি জমি দিইনি। আমরা জমি দিয়েছি ওয়েবেলকে। একমাত্র ওয়েবেলকেই আমরা জমি দিতে পারি। একমাত্র ওয়েবেলকেই সেই অধিকার দেওয়া আছে তারা সেখানে আই.টি-র জোরে ওয়েবেল অন্য দামে সেখানে জমি বিক্রি করতে পারে। আমরা গুজরাট-অম্বুজার সঙ্গে জয়েন্ট ভেনচার কোম্পানি করেছি এবং তার জন্য সংবাদপত্রে বিজ্ঞাপনও দেওয়া হয়েছে, শর্ট লিস্টিং করা হয়েছে। তার জন্য হাইপাওয়ার কমিটি করেছিলাম এবং তার ভিত্তিতে সেখানে দেওয়া হয়েছে। ৬ একর জমি আমরা গুজরাট-অম্বুজাকে দিয়েছি, তাদের সঙ্গে আমাদের জয়েন্ট ভেনচার হয়েছে। সেখানে ৪৯ পারসেন্ট আমাদের শেয়ার, ৫০ পারসেন্ট ওদের

শেয়ার এবং ১ পারসেন্ট অন্যদের শেয়ার থাকবে। এই জয়েন্ট ভেনচার কোম্পানিতে তাদের কাছ থেকে ১৩ কোটি টাকা প্রায় শুধু জমির দাম হিসাবে পেয়ে সেটা আমাদের ইক্যুইটি পার্টিসিপেসানে জয়েন্ট ভেনচার কোম্পানিতে থাকবে। ইতিমধ্যে তার ৫০ শতাংশ টাকা আমাদের হাতে তাঁরা হস্তান্তরিত করেছেন। একই রকমভাবে বাঘাযতীনে যে জয়েন্ট ভেনচার করেছি সেখানে হাই পাওয়ার কমিটির মাধ্যমে সিলেকসান হয়েছে। সেখানেও ১১ কোটি টাকার মতন জমির দাম আমাদের দেবে। ৫ কোটি টাকা ইতিমধ্যে দিয়েছে, ৬ কোটি টাকা আমাদের কাছ থেকে ১৮ শতাংশ সুদে ঋণ নিয়েছে। সেই সুদ তারা নিয়মিতভাবে পরিশোধ করছে। তাদের সঙ্গে আমরা জয়েন্ট ভেনচার করেছি। একই রকমভাবে আমরা গরিবদের পুনর্বাসন দিতে চাইছি। হকারদের, সেখানে পুনর্বাসন দিতে চাইছি, দিতে আগ্রহী। এতে আমরা আগ্রহী। শুধু শিলিগুড়ি নয়, যে কোনো জায়গায় থেকে এগিয়ে এলে আমরা তাদের উৎসাহিত করব। তবে টালিনালার ব্যাপারে পুনর্বাসন দেওয়া সম্ভব কিনা জানি না, আমরা হাইকোর্টকে জানিয়েছি। অন্যান্য সংস্থাকে আমরা জমি যা দিয়েছি তাতে অনেকে কাজ করছেন না। তার জন্য তাদের চিঠি দেওয়া হয়েছে। ওইরকম কিছু জমি ইতিমধ্যেই আমরা হাতে নিয়েও নিয়েছি। বাকি প্রত্যেককে আমরা চিঠি দিয়েছি। ডি.সি.এল.-কেও চিঠি দেওয়া হয়েছে। এখানে কেউ কেউ বলেছেন, এল.আই.জি-র চেয়ে আমরা এম.আই.জি., এইচ.আই.জি. হাউসিং বেশি করছি, কেন এল.আই.জি. বেশি করছি না। সাধারণভাবে সি.এম.ডি.এ. হাউসিং এরিয়া যা ডেভেলপ করে তা থেকে প্রফিট যা জেনারেট হয় সেটা পরিকাঠামো উন্নয়নে ব্যয় করে থাকেন। কিন্তু বৈষ্ণবঘাটা-পাটুলিতে জমি ডিস্ট্রিবিউট করেছি ইকোনোমিকালি উইকার সেকশনের জন্য। আমাদের ভবিষ্যতের জন্য কিছু পরিকল্পনা আছে। আপনারা জানেন, সি.এম.ডি.এ. পুরসভা এলাকাতেও কাজ করছে। এখন পৃথিবী জুড়ে উন্নয়ন চলছে। কিন্তু নগরায়ন হলে স্বাচ্ছন্দ্যও বৃদ্ধি করতে হবে। তাছাড়া পরিকাঠামোও গড়ে তুলতে হবে শিল্পের স্বার্থে। কিন্তু আমরা যত টাকা ব্যয় করি না কেন, আমরা কাজ করছি বলেই মানুষের মধ্যে প্রত্যাশা বাড়ছে। কিন্তু তাদের প্রত্যাশা পূরণ করবার ক্ষমতা পুরসভাগুলির নেই, রাজ্য সরকারের নেই। এই প্রত্যাশা যদি পূরণ করতে না পারি তাহলে শিল্পয়নের ক্ষেত্রে সেটা বাধা হতে পারে। সেজন্য বিশেষভাবে পাবলিক-প্রাইভেট পার্টিসিপেশনের উপর বিশেষভাবে গুরুত্ব দিয়েছি। সেজন্য সারা কলকাতাব্যাপী পারসপেকটিভ প্ল্যান 'ভিশন ২০২৫' তৈরি করছি। তাছাড়া ট্র্যাফিক ট্রান্সপোর্টেশনের ব্যাপারে মাস্টার প্ল্যান তৈরি করেছি। পরবর্তীকালে জেলার ব্যাপারে মাস্টার প্ল্যান তৈরি করব। পরবর্তীকালে আরবান ওয়েস্ট বেঙ্গলের উপর পারসপেকটিভ প্ল্যান তৈরি করব। এতে ইউনিসেফ আমাদের সাহায্য করছে। আমরা হিসাব করে দেখেছি, শুধু ট্র্যাফিক ট্রান্সপোর্টেশনে আমাদের বিনিয়োগ করতে হবে প্রায় ১২,০০০ কোটি টাকা। সেটা কোথা থেকে আসবে ? তাই হাউজিং-এর ক্ষেত্রে যেমন জয়েন্ট ভেনচার করেছি, তেমনি এক্ষেত্রেও আমরা যৌথ উদ্যোগে যাচ্ছি। একসঙ্গে BOAT-BOLT-BOO এরকমভাবে আমরা চাই কিছু সংস্থা এগিয়ে আসুন, পরিকাঠামো গড়তে বিনিয়োগ করুন। তাদের সঙ্গে আমাদের চুক্তি হবে। তার জন্য আমরা চাই ইনফ্রাস্ট্রাকচার বোর্ড তৈরি করতে। ইনফ্রাস্ট্রাকচার। সিলেকশন, সব ক্ষেত্রে যাতে ট্রান্সপারেন্সি থাকে তার জন্য আমরা

ইনফ্রাস্ট্রাকচারাল ডেভেলপমেন্ট পলিসি ফ্রেম করতে চাইছি। তার জন্য আমরা মনে করি প্রাইভেট পার্টিসিপেশন ইন ইনফ্রাস্ট্রাকচার না হয় তাহলে একটা বিরাট গ্যাপ থেকে যাবে। তার ফলে মানুষের যে প্রত্যাশা বেড়েছে সেটা আমরা পূরণ করতে পারব না। সেজন্য আমরা কিছু জায়গা চিহ্নিত করেছি। আমরা জানি, জেলায় এই ক্যাপিটাল এক্সপেন্ডিচার সম্ভব নয়। ট্রিটমেন্ট প্ল্যান্টের জন্য যদি কেউ বিনিয়োগ করে তাহলে হতে পারে। আজকে অপারেশন অ্যান্ড মেনটেনেন্সে ১৫০ থেকে ২০০ কোটি টাকা প্রয়োজন। কিন্তু অপারেশন অ্যান্ড মেনটেনেন্সের টাকাটা আমরা তুলব কোথা থেকে ? তার জন্য আমরা ইউজার চার্জ নিতে চাইছি যথাসম্ভব গরিবদের বাদ দিয়ে যাদের ক্ষমতা আছে তাদের কাছ থেকে। আমরা জয়েন্ট ভেনচারে কিছু ফ্লাইওভার, মার্কেট কমপ্লেক্স ইত্যাদি করবার জন্য জায়গা চিহ্নিত করেছি। আমরা চাই, তাদের কিছু জমি দিয়ে, কনসেশান দিয়ে, আর্থিকভাবে তাদের সঙ্গে সহযোগিতা করে যৌথভাবে কাজগুলি করতে। তার জন্য মেট্রোপলিটান প্ল্যানিং কমিটি তৈরি করছি। আমাদের কলকাতা মেট্রোপলিটান প্ল্যানিং কমিটিতে থাকছেন ক্যালকাটা পোর্ট ট্রাস্ট, এয়ারপোর্ট অথরিটি, রেল, ট্রান্সপোর্ট ডিপার্টমেন্ট, পি.ডব্লু.ডি.। এই মেট্রোপলিটান প্ল্যানিং কমিটি পারসপেকটিভ প্ল্যান একজিকিউট করতে সমানভাবে কাজ করবেন।

[3.30—3.40 p.m.]

সেই জন্য মেট্রোপলিটান প্ল্যানিং কমিটি তৈরির দিকে আমি বিশেষভাবে নজর দিচ্ছি। আর পার্সপেকটিভ প্ল্যান, তাকে একজিকিউট করার ক্ষেত্রে একটা শক্তিশালী টাস্কফোর্স তৈরি করেছি।

মিঃ ডেপুটি স্পীকার : ৩-৩০ মিনিটে এই ডিমান্ডের সময় শেষ হয়ে যাচ্ছে, আমি আরো ১০ মিনিট সময় বাড়িয়ে নিতে চাই, আশা করি সকলের মতামত আছে।

দি মোশান ওয়াজ দেন পুট অ্যান্ড এগ্রিড টু।

শ্রী অশোক ভট্টাচার্য : এই রকমভাবে পাবলিক, প্রাইভেট, পার্টিসিপেশান-পি.পি.পি, এর উপর আমরা বিশেষভাবে জোর দিতে চাইছি। তার পাশাপাশি আমাদের যে সংস্থাগুলি আছে, এইচ.আই.টি. সংস্থা আছে, সি.আই.টি সংস্থা আছে, সি.এম.ডি.এ. সংস্থা আছে, টাউন অ্যানড কান্ট্রি প্ল্যানিং সংস্থা আছে, এইগুলিতে প্রচুর ইঞ্জিনিয়ার আছেন যাঁদের কাজ নেই, আমরা চেষ্টা করছি ওঁদের পৌরসভার মধ্যে নিয়ে কীভাবে ভালোভাবে কাজে লাগানো যায়। সি. আই. টি-তে বেশ কিছু ডেভেলপমেন্টাল ওয়ার্কে হাত দিয়েছি। তার সঙ্গে অল্প সময়ের মধ্যে—বম্বেতে যেভাবে হয়েছে—কিছু জায়গায় যেখানে ইনক্রোচমেন্ট হয়ে গিয়েছে, তাদের অন্যত্র রিহ্যাবিলেট করে, তাদের বিকল্প আবাসনের ব্যবস্থা করে সেই সমস্ত জায়গায় আমরা বড় বড় আবাসন নির্মাণ করছি। সি.আই.টি. যে সংস্থা আছে, সি.আই.টি. কিছু কাজ হাতে নিচ্ছে। এইচ.আই.টি. ইঞ্জিনিয়ারদের পৌরসভায় আনতে চাইছি। সি.এম.ডি.এ. ইঞ্জিনিয়ারদের অন্য পৌরসভায় কাজে লাগাতে চায়। এইভাবে একটা ব্যালান্স ডেভেলপমেন্ট, ভারসাম্যমূলক উন্নয়ন যাতে হয়, একটা ওয়ার্ক ফোর্স ভালোভাবে তৈরি করতে পারি সেই দিকে নজর দিচ্ছি।

সবচেয়ে বড় কথা হচ্ছে পরিকল্পনা করবার ক্ষেত্রে পৌরসভাগুলিকে জিয়োগ্রাফিক্যাল ইনফরমেশান সিস্টেমের মধ্যে আবদ্ধ করে তার অ্যাকাউন্টস সিস্টেম, তার আবগ্রেডিং অডিটিং করা যায় ওয়ার্ড কমিটির পার্টিসিপেশান আরও কীভাবে বৃদ্ধি করা যায়। সেটা আমরা চাইছি এইভাবে হোক। নতুন এক পৌরসভা, গতিশীল এক পৌরসভা হোক যাতে এট এ গ্লান্স সমস্ত কিছু জানা যায়। পৌরসভায় কাজের জন্য নাগরিকদের যাতে হয়রানি না হতে হয়, সহজে যাতে পরিষেবা পেতে পারে, ইনফরমেশন পেতে পারে এট এ গ্লান্স। এইভাবে পৌরসভাগুলিকে আবদ্ধ করতে চাই। সেই ক্ষেত্রে একটা পর একটা পৌরসভায় কোথায় খালি জমি আছে, কোন জমি কীভাবে ব্যবহার করা যেতে পারে কোন জায়গায় কোন বাড়িতে ট্যাক্স অনাদায়ী আছে, কোন ওয়ার্ড কমিটি কাজ করতে পারেনি, কত টাকা কোন ওয়ার্ডে স্যাংসন করা হয়েছে এট এ গ্লান্স তার চিত্র পেতে পারব এই জিয়োগ্রাফিক্যাল ইনফরমেশন সিস্টেমের মধ্যে। এর মধ্যে সমস্ত পৌরসভাকে আনবার উদ্যোগ নিয়েছি। সেই জন্য ওয়ার্কশপ করেছি গত ২৪ তারিখে অনুষ্ঠিত হয়েছে। কীভাবে উন্নয়নমূলক কাজের ক্ষেত্রে আর্থ-সামাজিক গরিব মানুষগুলোর কর্মসংস্থানগুলি পরিকল্পনার মধ্যে সেই দিকে বিশেষভাবে নজর দেওয়া হয়েছে। আমরা অনেকগুলি নতুন পৌরসভা করাবর উদ্যোগ নিয়েছি, ধূপগুড়ি, ডানকুনি, এই সবগুলো রয়েছে। রাজ্যপাল অনুমোদন দিয়ে দিয়েছেন। কিছুদিনের মধ্যে পৌরসভা হবে। দুটি ডেভেলপমেন্ট অথরিটি তৈরি করছি, বর্ধমান, মেদিনীপুরের খড়্গপুর। নতুন কিছু পৌরসভার প্রস্তাব এলে আমরা বিচার-বিবেচনা করব। আমরা ওয়েস্ট বেঙ্গল মিউনিসিপ্যাল করপোরেশন বিল আনব। এই অধিবেশনে হবে না, পরবর্তীকালে যে অধিবেশন হবে সেই সময় আনব, আরও নতুন করপোরেশন তৈরি করব। কলকাতা করপোরেশনকে বাদ দিয়ে সমস্ত করপোরেশনকে ওয়েস্ট বেঙ্গল মিউনিসিপ্যাল করপোরেশন বিলের মধ্যে আনতে চাই। সোসিয়ো ইনকমিক স্টাডি অনেকগুলি ডেভেলপমেন্ট অথরিটির ক্ষেত্রে করেছি। আমরা চাই ২০০১ সাল নতুন শতাব্দী, নতুন উন্নয়নের শতাব্দী। যে পরিকল্পনা আনব সেই পরিকল্পনা উন্নয়নের ক্ষেত্রে পৌরসভাগুলিকে কাজ করতে হবে, রাজ্য সরকারকে কাজ করতে হবে, কর্মচারীদের আরও বেশি দায়িত্বশীল হতে হবে, নগর উন্নয়ন ত্বরান্বিত করতে হবে। ব্যক্তিগত বিনিয়োগ পৌরসভার বিনিয়োগ এবং বিভিন্ন জায়গায় ঋণ নেবার জন্য কথাবার্তা বলেছি, সবগুলিকে নিয়ে কাজের একটা সার্বিক পরিকল্পনার মধ্যে দিয়ে রাজ্যের উন্নয়নকে এগিয়ে নিয়ে যেতে চাই যাতে আমাদের পশ্চিমবাংলার উন্নয়ন হবে ভারতবর্ষের উন্নয়ন হবে। সেই দৃষ্টিভঙ্গি নিয়ে আমি এই বাজেট উত্থাপন করছি। আমি আশা করব আপনারা এই বাজেটকে সমর্থন করবেন। আমি এই বাজেটকে সমর্থন করে এবং কাট-মোশানের বিরোধিতা করে আমি আমার বক্তব্য শেষ করছি।

DEMAND No. 37

The motion of Shri Dipak Kumar Ghosh that the amount of the demand be reduced to Re. 1/- was then put and lost.

The motions that the amount of the demand be reduced by Rs. 100/- were then put and lost.

The motion of Dr. Asim Kumar Dasgupta that a sum of Rs. 1094,35,92,000 be granted for expenditure under Demand No. 37, Major Heads : "2217-Urban Development, 4217-Capital Outlay on Urban Development and 6217-Loans for Urban Development" during the year 2001-2002.

(This is inclusive of a total sum of 435,45,17,000 already voted on account in February, 2001.)

was then put and agreed to.

DEMAND No. 90

The motions that the amount of the demand be reduced by Rs. 100/- were then put and lost.

The motion of Dr. Asim Kumar Dasgupta that a sum of Rs. 240,28,64,000 be granted for expenditure under Demand No. 90, Major Head : "3604-Compensation and Assignments to Local Bodies and Panchayati Raj Institutions (Excluding Panchayati Raj)" during the year 2001-2002.

(This is inclusive of a total sum of Rs. 80,09,55,000 already voted on account in February, 2001.)

was then put and agreed to.

DEMAND No. 41

Mr. Deputy Speaker : Now, Demand No. 41.

শ্রী উপেন কিস্কু : মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি মাননীয় রাজ্যপালের সুপারিশক্রমে ৪১নং দাবির অধীনে মোট টাকা ৩০৬,৭৮,০৯,০০০ (তিনশো ছয় কোটি আটাত্তর লক্ষ নয় হাজার টাকা) ব্যয়বরাদ্দ মঞ্জুর করার প্রস্তাব করছি।

মুখ্য খাতসমূহ :

২২০২ — সাধারণ শিক্ষা (উপজাতি অধ্যুষিত অঞ্চল উপ-যোজনা)

২২০৪ — ক্রীড়া এবং যুব-পরিষেবা (উপজাতি অধ্যুষিত অঞ্চল উপ-যোজনা)

২২১০ — চিকিৎসা ও জনস্বাস্থ্য (জনস্বাস্থ্য ব্যতীত) (উপজাতি অধ্যুষিত অঞ্চল উপ-যোজনা)

২২১৫ — জল সরবরাহ ও অনাময় (বায়ু ও জলদূষণ প্রতিরোধ ব্যতীত) (উপজাতি অধ্যুষিত অঞ্চল উপ-যোজনা)

২২২৫ — তপশিলি জাতি, তপশিলি উপজাতি ও অন্যান্য অনগ্রসর শ্রেণি কল্যাণ

২২৩০ — শ্রম ও কর্মসংস্থান (উপজাতি অধ্যুষিত অঞ্চল উপ-যোজনা)

২২৩৫ — সামাজিক নিরাপত্তা ও কল্যাণ (সমাজ-কল্যাণ) (উপজাতি অধ্যুষিত অঞ্চল উপ-যোজনা)

২২৩৬ — পুষ্টি (উপজাতি অধ্যুষিত অঞ্চল উপ-যোজনা)

২২৫০ — অন্যান্য সামাজিক পরিষেবা (উপজাতি অধ্যুষিত অঞ্চল উপ-যোজনা)

২৪০১ — শস্য (উদ্যান পালন সবজি চাষ) (উপজাতি অধ্যুষিত অঞ্চল উপ-যোজনা)

২৪০২ — ভূমি ও জল সংরক্ষণ (উপজাতি অধ্যুষিত অঞ্চল উপ-যোজনা)

২৪০৩ — পশুপালন (উপজাতি অধ্যুষিত অঞ্চল উপ-যোজনা)

২৪০৪ — দোহ উন্নয়ন (উপজাতি অধ্যুষিত অঞ্চল উপ-যোজনা)

২৪০৫ — মৎস্যচাষ (উপজাতি অধ্যুষিত অঞ্চল উপ-যোজনা)

২৪০৬ — বনপালন ও বন্যপ্রাণী (উপজাতি অধ্যুষিত অঞ্চল উপ-যোজনা)

২৪০৮ — খাদ্য, ভাণ্ডার ও গুদামজাতকরণ (উপজাতি অধ্যুষিত অঞ্চল উপ-যোজনা)

২৪২৫ — সমবায় (উপজাতি অধ্যুষিত অঞ্চল উপ-যোজনা)

২৪৩৫ — অন্যান্য কৃষি কর্মসূচিসমূহ (উপজাতি অধ্যুষিত অঞ্চল উপ-যোজনা)

২৫০১ — গ্রামোন্নয়ন বিশেষ কর্মসূচিসমূহ (উপজাতি অধ্যুষিত অঞ্চল উপ-যোজনা)

২৫৭৫ — অন্যান্য বিশেষ বিশেষ অঞ্চল কর্মসূচিসমূহ (উপজাতি অধ্যুষিত অঞ্চল উপ-যোজনা)

২৭০২ — ক্ষুদ্র সেচ (উপজাতি অধ্যুষিত অঞ্চল উপ-যোজনা)

২৮১০ — অ-চিরাচরিত শক্তির উৎসসমূহ (উপজাতি অধ্যুষিত অঞ্চল উপ-যোজনা)

২৮৫১ — গ্রামীণ ও ক্ষুদ্র শিল্প (সরকারি অধিগৃহীত সংস্থা ব্যতীত) (উপজাতি অধ্যুষিত অঞ্চল উপ-যোজনা)

২৮৫২ — শিল্প (খাদ্য ও পানীয়) (উপজাতি অধ্যুষিত উপ-যোজনা)

৪২২৫ — তপশিলি জাতি, তপশিলি উপজাতি ও অন্যান্য অনগ্রসর শ্রেণিসমূহের কল্যাণের জন্য মূলধন বিনিয়োগ

৪২৫০ — অন্যান্য সামাজিক পরিষেবায় মূলধন বিনিয়োগ (উপজাতি অধ্যুষিত অঞ্চল উপ-যোজনা)

৪৪২৫ — সমবায় ক্ষেত্রে মূলধন বিনিয়োগ (উপজাতি অধ্যুষিত অঞ্চল উপ-যোজনা)

৪৪৩৫ — অন্যান্য কৃষি কর্মসূচিতে মূলধন বিনিয়োগ (উপজাতি অধ্যুষিত অঞ্চল উপ-যোজনা)

৪৭০২ — ক্ষুদ্র সেচে মূলধন বিনিয়োগ (উপজাতি অধ্যুষিত অঞ্চল উপ-যোজনা)

৪৭০৫ — কম্যান্ড অঞ্চল উন্নয়নে মূলধন বিনিয়োগ (উপজাতি অধ্যুষিত অঞ্চল উপ-যোজনা)

৪৮৫১ — গ্রামীণ ও ক্ষুদ্র শিল্পে মূলধন বিনিয়োগ (সরকারি অধিগৃহীত সংস্থা ব্যতীত) (উপজাতি অধ্যুষিত অঞ্চল উপ-যোজনা)

৫০৫৪ — সড়ক ও সেতু নির্মাণে মূলধন (উপজাতি অধ্যুষিত অঞ্চল উপ-যোজনা)

৬২২৫ — তপশিলি জাতি, তপশিলি উপজাতি এবং অন্যান্য অনগ্রসর শ্রেণিসমূহের কল্যাণের জন্য ঋণ।

৬২৫০ — অন্যান্য সামাজিক পরিষেবাসমূহের জন্য ঋণ (উপজাতি অধ্যুষিত অঞ্চল উপযোজনা)

৬৪২৫ — সমবায় ক্ষেত্রের জন্য ঋণ (উপজাতি অধ্যুষিত অঞ্চল উপ-যোজনা)

ইতিমধ্যেই ভোট-অন্-অ্যাকাউন্টে পাশ হওয়া টাকা ১০২,১৮,৩৫,০০০ (একশো দুই কোটি আঠারো লক্ষ পঁয়ত্রিশ হাজার টাকা)ও এর অন্তর্ভুক্ত।

১৯৯১ সালের জনগণনা অনুযায়ী রাজ্যে তপশিলি জাতিভুক্তদের সংখ্যা হল ১,০৭,৮০,৬১১ এবং তপশিলি উপজাতিভুক্তদের সংখ্যা হল ৩৮,০৮,৭৬০ অর্থাৎ মোট জনসংখ্যার ২৯ শতাংশ মানুষ তপশিলি জাতি ও তপশিলি উপজাতি অন্তর্গত। এছাড়াও আরও ৬০টি অনগ্রসর জাতি রয়েছে। অতীতে এই সব অনগ্রসর জাতির মানুষজন নানাভাবে বঞ্চিত হয়েছেন। বিগত ২৪ বছরে লাগাতার প্রচেষ্টা চালিয়ে বামফ্রন্ট সরকার তপশিলি জাতি ও উপজাতিভুক্ত মানুষজনদের জীবনে পরিবর্তন আনতে সক্ষম হয়েছে। ভূমি সংস্কারের ফলস্বরূপ খাসজমির পাট্টা পান তপশিলি জাতির ৯.৫১ লক্ষ ভূমিহীন মানুষ ও তপশিলি উপজাতির ৫ লক্ষ ভূমিহীন মানুষকে নিজেদের নামে জমি আবণ্টন করা হয়। এ ছাড়াও এ রাজ্যে ১৫ লক্ষ জন তপশিলি জাতিভুক্ত ও ৫ লক্ষ জন তপশিলি উপজাতিভুক্ত ক্ষুদ্র ও প্রান্তিক চাষী রয়েছেন। বিগত আড়াই দশকে সরকারের কাছ থেকে জমির মালিকানা ও কৃষি সরঞ্জাম এবং সেচের সুযোগ-সুবিধাদি পাওয়ার ফলে তপশিলি জাতি ও তপশিলি উপজাতিভুক্ত মানুষদের অর্থনৈতিক অবস্থার পরিবর্তন ঘটেছে। অন্যান্য অনগ্রসর শ্রেণিসমূহ-সমেত এই সমস্ত সম্প্রদায়ের মানুষেরা বিভিন্ন অর্থনৈতিক উন্নয়ন কর্মপ্রকল্পের ফলস্বরূপ দারিদ্র্যসীমার উপরে উঠে আসতে পেরেছেন।

১। রাজ্য সরকারের সংরক্ষণ নীতি কার্যকর করার জন্য তপশিলি জাতি, উপজাতি ও অন্যান্য অনগ্রসর শ্রেণির আর্থ-সামাজিক উন্নতি সাধনের জন্য অনগ্রসর জাতি উন্নয়ন বিভাগ বিভিন্ন কর্মপ্রকল্প রূপায়িত করে তথা রাজ্য সরকারের সংরক্ষণ নীতিও কার্যকর করে থাকে।

এই বিভাগের প্রধান প্রধান কর্মকাণ্ড নিম্নোক্ত শ্রেণিসমূহে ভাগ করা যায়।

(ক) তপশিলি জাতি ও উপজাতি মানুষদের শিক্ষাগত মানোন্নয়নের জন্য কর্মপ্রকল্প রূপায়িত করা।

(খ) তপশিলি জাতি, উপজাতি ও অন্যান্য অনগ্রসর শ্রেণিসমূহের অর্থনৈতিক উন্নয়নের জন্য কর্মপ্রকল্পসমূহ রূপায়িত করা।

(গ) সাংস্কৃতিক উন্নয়নের জন্য বিভিন্ন কর্মপ্রকল্প রূপায়ণ।

(ঘ) জাতি-নির্দেশক শংসাপত্র প্রদান ও সংরক্ষণ নিয়মাবলি বলবৎ করা।

২। অনগ্রসর জাতিসমূহের মানুষজনদের শিক্ষাগত মান উন্নয়নের জন্য প্রাক-মাধ্যমিক ও মাধ্যমিকোত্তর ও স্তরগুলিতে বিভিন্ন কর্মপ্রকল্প হাতে নেওয়া হয়েছে। অনগ্রসর সম্প্রদায়ের শিশুদের পড়াশোনায় উৎসাহিত করতে প্রোৎসাহন ও সহায়তা দেওয়া হয়ে থাকে।

৩। এই বিভাগ বই কেনার জন্য অনুদান দিয়ে থাকে। এই কর্মপ্রকল্পের অধীনে সমস্ত পঞ্চম থেকে দশম শ্রেণি পর্যন্ত পাঠরত যোগ্য তপশিলি জাতি, উপজাতি প্রার্থীরা উপকৃত হতে পারে। ১৩ লক্ষ তপশিলি জাতিভুক্ত ও ২ লক্ষ তপশিলি উপজাতিভুক্ত ছাত্র-ছাত্রী পুস্তক অনুদানের সুবিধা পেয়েছে। বামফ্রন্ট সরকারের বিগত ২৪ বছরের শাসনকালে এই কর্মপ্রকল্পের অধীনে তপশিলি জাতির ছাত্র-ছাত্রীর সংখ্যা ৩০ গুণ ও তপশিলি উপজাতির ছাত্র-ছাত্রীর সংখ্যা ১৩ গুণ বেড়েছে। তপশিলি জাতি ও উপজাতির ছাত্র-ছাত্রীদের মাধ্যমিক পরীক্ষার ফি দেওয়ার জন্য অনুদান দেওয়া হয়ে থাকে।

৪। মাধ্যমিক স্তরে পাঠরত ছাত্রাবাসে বসবাসকারী ছাত্র-ছাত্রীরা ছাত্রাবাস খরচ বাবদ বার্ষিক ৩০০০ টাকা হারে অনুদান পাচ্ছে। বর্তমানে প্রাক-মাধ্যমিক স্তরের ৩২,০০০ তপশিলি জাতির ও ২৮,০০০ জন তপশিলি উপজাতির ছাত্র-ছাত্রী ছাত্রাবাসে বসবাস করার জন্য অনুদান পাচ্ছে। বিগত চব্বিশ বছরে এই কর্মপ্রকল্পের অধীনে উপকারভোগীর সংখ্যা তপশিলি জাতির ক্ষেত্রে চারগুণের বেশি ও তপশিলি উপজাতির ক্ষেত্রে সাত গুণেরও বেশি বৃদ্ধি পেয়েছে।

৫। মাধ্যমিক স্তরে পাঠরত নিম্ন-আয় বর্গীয় পরিবারের স্কলাররা রাহাখরচ বাবদ অনুদান পেয়ে থাকে। বর্তমানে ১,১০,০০০ জন তপশিলি জাতি ও জাতিভুক্তকে ডে স্কলার ও ১,২৯,০০০ জন তপশিলি উপজাতিভুক্তকে ডে স্কলার প্রতি বছরে ৩৬০ টাকা হিসাবে রাহাখরচ পেয়ে থাকে। চলতি আর্থিক বছর থেকে এই হার বাড়িয়ে বছরে ৪৮০ টাকা করা হয়েছে। ১৯৭৭ সাল থেকে ২০০০ সাল পর্যন্ত এই কর্মপ্রকল্পের অধীনে উপকৃতদের সংখ্যা ৫ গুণের বেশি বেড়েছে।

৬। এ ছাড়াও তপশিলি জাতির্ভুক্ত ছাত্র-ছাত্রীরা বিদ্যালয়ে আবশ্যিক দেয়সমূহ বাবদ অনুদান পেতে পারে। প্রায় ৬৫,০০০ জন তপশিলি উপজাতিভুক্ত ছাত্র-ছাত্রী এই সুবিধা পেয়েছে।

৭। পঞ্চম শ্রেণি থেকে দশম শ্রেণিতে পাঠরত ছাত্রীদের জন্য বিশেষ মেধা-বৃত্তি মঞ্জুর করা হয় এবং ২৪০০ জন ছাত্রী এর দ্বারা উপকৃত হয়েছে।

এ ছাড়াও দশম থেকে দ্বাদশ শ্রেণিতে পাঠরত ১২০০ মেধাবী ছাত্র-ছাত্রীকে মাসিক ৪০০ টাকা হিসাবে বিশেষ সহায়তা দেওয়া হয়েছে।

৮। গত আর্থিক বছরে আদিবাসী অধ্যুষিত বিভিন্ন জেলায় আদিবাসী বালক-বালিকাদের শিক্ষার সুবিধার জন্য ১০০টি প্রাথমিক বিদ্যালয় নির্মাণকল্পে ৮০.৫০ লক্ষ টাকা মঞ্জুর করা হয়েছে।

৯। তপশিলি জাতি ও উপজাতিভুক্ত ছাত্র-ছাত্রীদের ছাত্রাবাসের সুযোগ দেওয়ার জন্য শিক্ষা প্রতিষ্ঠানগুলিতে নির্মাণ বাবদ অর্থ মঞ্জুর করা হয়ে থাকে। বর্তমানে ১২২৭টি বিদ্যালয় সংলগ্ন ছাত্রাবাস রয়েছে যার মধ্যে ১০৮১টি হল তপশিলি জাতি, উপজাতিভুক্ত বালকদের জন্য এবং ১৪৬টি হল তপশিলি জাতি, উপজাতিভুক্ত বালিকাদের জন্য।

১০। বর্তমানে প্রাইমারি, জুনিয়র হাই এবং হাইস্কুলগুলিতে পাঠরত তপশিলি জাতি, উপজাতিভুক্ত ছাত্র-ছাত্রীদের আবাসিক সুযোগ-সুবিধা দেওয়ার জন্য ২৬০টি আশ্রম ছাত্রাবাস রয়েছে। আশ্রম ছাত্রাবাসগুলিতে প্রায় ৭৬৩৫ জন ছাত্র-ছাত্রী শিক্ষা লাভের সুযোগ পাচ্ছে।

১১। মেদিনীপুরের ঝাড়গ্রামে ৪৫ জন ছাত্রীর জন্য আরও একটি আদিবাসী ছাত্রী নিবাস আছে। পুরুলিয়াতে উপজাতিভুক্ত ছাত্রদের জন্য ৫টি আদিবাসী ছাত্রাবাস আছে। উপজাতিভুক্ত দরিদ্র ছাত্র-ছাত্রীরা যাতে এই ছাত্রাবাসগুলিতে নিরুপদ্রবে পড়াশোনা চালানোর উপযুক্ত পরিবেশ পায় তা সুনিশ্চিত করাই এই কর্মপ্রকল্পের মূল উদ্দেশ্য। মেদিনীপুরের বেলপাহাড়ীতে উপজাতিভুক্ত ছাত্রীদের জন্য একটি আবাসিক উচ্চমাধ্যমিক বিদ্যালয় আছে। সেখানে ৩৫০ জন উপজাতিভুক্ত ছাত্রী পড়াশুনা করার সুযোগ পাচ্ছে।

১২। বাঁকুড়া, পুরুলিয়া, মেদিনীপুর, জলপাইগুড়ি ও বর্ধমানে মঞ্জুর হওয়া ষষ্ঠ থেকে দ্বাদশ শ্রেণি পর্যন্ত শিক্ষাদানের ব্যবস্থা-সম্পন্ন পাঁচটি আবাসিক বিদ্যালয়েরই নির্মাণ স্থল নির্বাচনের কাজ চূড়ান্ত হয়েছে। এর মধ্যে চারটির জন্য প্রকল্পগত প্রাক্‌কলন প্রস্তুত করা হচ্ছে। জলপাইগুড়ি জেলার নাগরাকাটার বিদ্যালয় ভবনগুচ্ছের নির্মাণ কাজ শীঘ্রই শুরু হবে।

১৩। ১৭১৬ জন বালিকা ও ১৩৬২ জন বালক, এই ৩০৭৮ জন তপশিলি জাতি ও উপজাতিভুক্ত মাধ্যমিক উত্তর স্তরের ছাত্র-ছাত্রীকে থাকার জায়গা দিতে বিভিন্ন জেলায় প্রায় ৪২টি কেন্দ্রীয় ছাত্রাবাস নির্মিত হয়েছে। কলকাতায় এরকম চারটি ছাত্রাবাস আছে যার মধ্যে একটি হল ছাত্রীদেব জন্য। ২০০১ সালে নতুন চারটি ছাত্রাবাস মঞ্জুর করা হয়েছে। তপশিলি জাতিভুক্ত ছাত্র-ছাত্রীদের জন্য ছাত্রাবাস নির্মাণের উদ্দেশ্যে বিধাননগরে একখণ্ড জমি আবণ্টন করা হয়েছে। দরিদ্র ছাত্র-ছাত্রীদের সুবিধার্থে প্রতিটি কেন্দ্রীয় ছাত্রাবাসে একটি পাঠ্যপুস্তক গ্রন্থাগার স্থাপনের জন্য অর্থ সংস্থান করা হয়েছে।

১৪। যোগ্যতাসম্পন্ন তপশিলি জাতি ও তপশিলি উপজাতিভুক্ত ছাত্র-ছাত্রীদের বিভিন্ন শিক্ষাক্রমে মাধ্যমিকোত্তর ছাত্র বৃত্তি পেয়েছে। ২০০০-২০০১ সালে এই কর্মপ্রকল্পের অধীনে প্রায় ১,৫০,০০০ তপশিলি জাতিভুক্ত ছাত্র-ছাত্রী এবং ১৩,০০০ তপশিলি উপজাতিভুক্ত ছাত্র-ছাত্রী এই সুবিধা পেয়েছে।

১৫। তপশিলি জাতি, তপশিলি উপজাতিভুক্ত যুবক-যুবতীরা যাতে শিক্ষালাভ করার পর স্ব-নিযুক্তির পথে অর্থোপার্জন করতে পারে সেদিকে নজর দেওয়ার ব্যাপারে যত্ন নেওয়া

হয়েছে। এই উদ্দেশ্যে উত্তর চব্বিশ পরগনা ও বাঁকুড়া জেলায় একটি করে মোট দুটি বৃত্তি-প্রশিক্ষণ কেন্দ্র স্থাপন করা হয়েছে। জলপাইগুড়িতে অপর একটি কেন্দ্র তৈরির কাজ চলছে। উপজাতিপ্রধান অঞ্চলগুলিতে আধুনিক বৃত্তিসমূহে প্রশিক্ষণ দেওয়ার জন্য আরও বৃত্তি-প্রশিক্ষণ কেন্দ্র চালু করার চেষ্টা করা হচ্ছে।

১৬। প্রাক্-পরীক্ষা প্রশিক্ষণ কেন্দ্রগুলি তপশিলি জাতি ও উপজাতিভুক্ত প্রার্থীদের সরকারি চাকরিতে প্রবেশন পরীক্ষাগুলির জন্য প্রস্তুত হতে সাহায্য করে থাকে। জলপাইগুড়ির আনন্দচন্দ্র কলেজে পশ্চিমবঙ্গ সিভিল সার্ভিস পরীক্ষার জন্য প্রশিক্ষণ দেওয়া হয়ে থাকে। সল্ট লেকে অন্য একটি কেন্দ্রে ছাত্র-ছাত্রীদের বিবিধ কৃত্যক (মিসলেনিয়াস) পরীক্ষার জন্য প্রশিক্ষণ দেওয়া হয়ে থাকে। দুর্গাপুরে আর একটি প্রাক্-পরীক্ষা প্রশিক্ষণ কেন্দ্র নির্মাণের জন্য জমি ঠিক করা হয়েছে।

১৭। ইনস্টিটিউট অব টেকনোলজিগুলি-সমেত বিভিন্ন মেডিক্যাল কলেজ ও ইঞ্জিনিয়ারিং কলেজগুলিতে তপশিলি জাতি, তপশিলি উপজাতিভুক্ত ছাত্র-ছাত্রীদের জন্য বই ব্যাংক স্থাপন করতে অর্থ বণ্টন করা হয়েছে।

১৮। তপশিলি জাতি, উপজাতি সম্প্রদায়ের মাধ্যমিকোত্তর পর্বের ছাত্র-ছাত্রীদের কম্পিউটার প্রশিক্ষণ দেবার জন্য এই সরকারের যুব পরিষেবা বিভাগের সহযোগে অর্থের ব্যবস্থা করা হয়েছে।

১৯। রাজ্যে আদিম উপজাতি গোষ্ঠী যেমন লোধা, বির্হোড় ও টোটো ইত্যাদি রয়েছে। শুধুমাত্র লোধা ও বির্হোড়দের অর্থনৈতিক উন্নয়নের জন্য ২০০০-২০০১ সালে ১০০ লক্ষ টাকা মঞ্জুর করা হয়েছে। শুধুমাত্র এই তিনটি আদিম উপজাতি গোষ্ঠীর জন্য এই আর্থিক বছর থেকে বিভিন্ন উন্নয়নমূলক কর্মপ্রকল্প হাতে নেওয়া হচ্ছে।

২০। গত আর্থিক বছরে তপশিলি জাতি ও উপজাতি বসতিপূর্ণ এলাকাগুলিতে পরিকাঠামো, সড়ক, সেতু, কালভার্ট ও সেচ সুবিধার উন্নয়নের জন্য বিশেষ কেন্দ্রীয় সহায়তার অধীনে স্পেশাল কমপোনেন্ট প্ল্যান (এস.সি.পি.) খাতে ৫৪৫ লক্ষ টাকা এবং উপজাতি উপ-যোজনা (টি.এস.পি.) খাতে ৫৮৬ লক্ষ টাকা মঞ্জুর করা হয়েছে। তপশিলি জাতি ও তপশিলি উপজাতি প্রধান এলাকাগুলিতে বিভিন্ন উন্নয়নমূলক কাজকর্ম নির্বাহ করার জন্য জেলা পরিষদগুলিকে এককালীন অনুদান দেওয়া হয়েছে।

২১। তপশিলি জাতি, উপজাতি ও অন্যান্য অনগ্রসর শ্রেণিসমূহের কল্যাণের জন্য বর্তমানে এই বিভাগের অধীনে তিনটি নিগম কাজ করে চলেছে। বিভিন্ন পরিবারমুখী কর্মপ্রকল্পের মাধ্যমে তপশিলি জাতি, উপজাতি ও অন্যান্য অনগ্রসর শ্রেণিসমূহের আর্থিক উন্নয়ন ঘটানোই এইসব নিগমের নির্বাহিত প্রধান প্রধান কার্যক্রমের লক্ষ্য।

বিশেষত দারিদ্র্যসীমার নীচে বসবাসকারী তপশিলি উপজাতিভুক্তদের সমস্ত জেলায় বিস্তৃত নেটওয়ার্কসম্পন্ন তপশিলি জাতি ও তপশিলি উপজাতি উন্নয়ন ও অর্থনিগম বিশেষ করে দারিদ্র্যসীমার নীচে থাকা তপশিলি জাতি ও উপজাতিভুক্তদের জন্য নানান অর্থনৈতিক উন্নয়নমূলক কর্মপ্রকল্প রূপায়িত করে থাকে। এই কর্মপ্রকল্পগুলি প্রধানত কৃষি, পশুপালন,

হস্তশিল্প, পরিবহন ইত্যাদি ক্ষেত্রে ছড়িয়ে আছে। ২০০০-২০০১ সালে দারিদ্র্যসীমার নীচে বসবাসকারী ১,০৮,০৪৬টি তপশিলি জাতিভুক্ত পরিবার ও ২৮,১৬৫টি তপশিলি উপজাতি পরিবারকে, পরিবারমুখী কর্মপ্রকল্পের আওতায় আনা হয়েছে। তপশিলি জাতি ও উপজাতিভুক্ত পরিবারগুলিকে প্রাতিসংগিক প্রান্তিক অর্থ ঋণ ও ব্যাংক ঋণ ছাড়াও যথাক্রমে ৬৯.৫৮ কোটি টাকা ও ২১.০৮ কোটি টাকা ভরতুকি দেওয়া হয়েছে।

২২। ব্যাংক ঋণের পরিবর্তে জাতীয় তপশিলি জাতি অর্থ ও উন্নয়ন নিগম (এন.এস.এফ.ডি.সি.)-এর ঋণের সাহায্যেও অনুরূপ কর্মপ্রকল্পসমূহ রূপায়িত হয়েছিল। দারিদ্র্যসীমার দুই ধাপ নীচে বসবাসকারী ব্যক্তিরাও এই কর্মপ্রকল্পের আওতায় এসেছেন। ২০০০-২০০১ সালে, ১৬,৮৩৪টি পরিবার বেশির ভাগ ক্ষুদ্র সেচ প্রকল্পের মাধ্যমেই উপকৃত হয়েছে। ১.৭৪ কোটি টাকা ভরতুকি দেওয়া হয়েছে এবং ঋণ হিসাবে দেওয়া হয়েছে ১০.২৩ কোটি টাকা।

২৩। গৃহ দুগ্ধ কর্মপ্রকল্প রূপায়ণের জন্য গত বছর কুচবিহারে ৩৯টি প্রাথমিক মহিলা সমবায় সমিতি স্থাপন করা হয়েছে। উপকারভোগী মহিলাদের উন্নত প্রজাতির দুগ্ধবতী গাভী দেওয়া হচ্ছে। তাদের দুধের বিপণন সুবিধা দেবার উদ্দেশ্যে কুচবিহার দুগ্ধ প্রক্রিয়াকরণ এবং দুগ্ধ ও দুগ্ধজাত দ্রব্য প্রক্রিয়াকরণ ও বিপণনের জন্য ১০,০০০ লিটার ক্ষমতাসম্পন্ন এক ডেয়ারি প্ল্যান্ট স্থাপন করা হয়েছে।

২৪। জাতীয় সাফাইকারী কর্মপ্রকল্প (এন.এস.এস.)-এর অধীনে সাফাইকারীদের পুনর্বাসনের জন্য ৩৮৫ জন উপকৃত ব্যক্তিকে ৩৩.১৫ লক্ষ টাকা আর্থিক সহায়তা দেওয়া হয়েছে। এর মধ্যে ৫০ শতাংশ ছিল ভরতুকি।

২০০০-২০০১ সালে ১০০ জন উপকৃতের জন্য চারটি স্যানিটারি মার্ট চালু হয়েছে।

২৫। ১৯৯৯-২০০০ সাল থেকে সাফাই কর্মচারীদের অর্থনৈতিক উন্নতির জন্য কয়েকটি কর্মপ্রকল্প হাতে নেওয়া হয়েছে।

২৬। অন্যান্য অনগ্রসর শ্রেণির মানুষজনের সহজ শর্তে নির্দিষ্ট প্রকল্পমাফিক ঋণদানের মাধ্যমে বেসরকারি ঋণদাতাদের কবল থেকে মুক্ত করার লক্ষ্যে এই সরকার পশ্চিমবঙ্গ অনগ্রসর শ্রেণি উন্নয়ন ও অর্থনিগম স্থাপন করেছে। দারিদ্র্যসীমার দুই ধাপ নীচে বসবাসকারী অন্যান্য অনগ্রসর শ্রেণির মানুষ, বিশেষত মহিলা এবং পরম্পরগত পেশা ও কারুশিল্পের সঙ্গে যুক্ত ব্যক্তিরা নিগমের স্ব-নিযুক্তি কার্যক্রমে নির্দিষ্ট প্রকল্পমাফিক ঋণ পাওয়ার যোগ্য।

এ ছাড়াও চিকিৎসা, প্রযুক্তিবিদ্যা ও অনুরূপ শিক্ষাক্রমে উচ্চতর শিক্ষার জন্য শিক্ষা ঋণ এবং গোষ্ঠী আওতাভুক্ত দক্ষতা বৃদ্ধির জন্য প্রশিক্ষণ অনুদানও পাওয়া যাচ্ছে।

২০০০-২০০১ সালে নিগম ৫৮২ জন উপকারভোগীকে ৩,৭৩,২৩,৮১৩ টাকার ঋণ মঞ্জুর করেছে।

২৭। সমবায় সমিতি গঠনের মাধ্যমে উপজাতিদের দেখাশোনার জন্য পশ্চিমবঙ্গ উপজাতি উন্নয়ন সমবায় নিগম (ডব্লু.বি.টি.ডি.সি.সি.) গড়ে তোলা হয়েছে। বর্তমানে ১২১টি ল্যাম্পস (বৃহদাকার বহুমুখী সমিতি), ২টি মহিলা সমিতি এবং একটি পশ্চিমবঙ্গ উপজাতি

উন্নয়ন সমবায় নিগমের অধিভুক্ত শ্রম চুক্তি সমবায় সমিতি রয়েছে। এইসব সমিতিগুলির মাধ্যমে পশ্চিমবঙ্গ উপজাতি উন্নয়ন সমবায় নিগম উপজাতিভুক্ত মানুষজন, যারা এইসব সমিতিগুলির সদস্য তাদের কল্যাণ, উন্নয়ন ও অর্থনৈতিক পুনরুজ্জীবনের কাজে ব্যাপৃত রয়েছে।

পশ্চিমবঙ্গ উপজাতি উন্নয়ন সমবায় নিগম কর্তৃক ৭০,৭২,৯৪৬ টাকার একটি তহবিল মঞ্জুর করার ফলে ল্যাম্পসগুলি ২০০০-২০০১ সালে ক্ষুদ্র বন্য উৎপাদন (এস.এফ.পি.) সংগ্রহের কাজে লিপ্ত ছিল এবং তাদের উপজাতি সদস্যরা সংগ্রাহক হিসাবে তাদের অধিক্ষেত্রের মধ্যে ২০৩৩.৩৪৫ কুইন্টাল কেন্দু পাতা এবং ১৮৪৮.৩৭৩ মেট্রিক টন শাল বীজের মতো এম.এফ. সংগ্রহ করেছে। ফলস্বরূপ, যথাক্রমে ৪০,১৭০ এবং ৮৫,১৪৫ শ্রমদিবস সৃষ্ট হয়েছিল। একই সময়ে উপজাতিভুক্ত সংগ্রাহকদের জন্য শাল বীজ সংগ্রহের ক্ষেত্রে উচ্চতর মজুরি সুনিশ্চিত করার উদ্দেশ্যে মেঃ টন পিছু মজুরি ২০০০ টাকা থেকে বাড়িয়ে ২৫০০ টাকা করা হয়েছে। এ বছর ল্যাম্পস ৬০ হেক্টর জমিতে গাছ কাটার কাজ হাতে নিয়েছিল। এইসব সমিতিগুলির ক্রিয়াকলাপ ধীরে ধীরে অন্যান্য ক্ষেত্রেও প্রসারিত করা হচ্ছে। বিভিন্ন ধরনের উন্নয়নমূলক কর্মপ্রকল্প ও শ্রম বিজড়িত কাজের জন্য ২০০০-২০০১ সালে বিভিন্ন জেলার এইসব সমিতিগুলিকে ২৬,৯৮,৯৯৮ টাকা মঞ্জুর করা হয়েছিল এবং বাঁকুড়ার রায়পুরে ডি.আর.এম.এস. ল্যাম্পস্‌কে আরও ১০ লক্ষ টাকা দেওয়া হয়েছিল। ৫০০০ মেট্রিক টন ক্ষমতার একটি হিমঘর নির্মাণের উদ্দেশ্যে ডি.আর.এম.এস. ল্যাম্পস্‌কে ভরতুকি হিসাবে ৩৩.৮৫ লক্ষ টাকা এবং ঋণ হিসাবে ৭৬ লক্ষ টাকা মঞ্জুর করা হয়েছিল। কাজটি সমাপ্ত হয়েছে এবং হিমঘরটি উদ্‌বোধন হওয়ার পর বর্তমান মরশুমে উক্ত ল্যাম্পস্ কর্তৃক এখানে কাজকর্ম শুরু হয়েছে। উপজাতিভুক্ত কৃষকদের কৃষি অভিমুখী কর্মকাণ্ডের মধ্যে এটি একটি গুরুত্বপূর্ণ সাফল্য।

২৮। এই বিভাগ উপজাতি ভাষা ও সংস্কৃতি উন্নয়নের জন্য কাজ করে চলেছে। বিভিন্ন স্তরে আলচিকি লিপির মাধ্যমে সাঁওতালি ভাষা শিক্ষা দেওয়ার যৌক্তিকতা যাচাই করার উদ্দেশ্যে তথা শিক্ষার মাধ্যম হিসাবে সাঁওতালি ভাষা চালু করার সম্ভাবনা খতিয়ে দেখতে ড. পবিত্র সরকারের সভাপতিত্বে একটি কমিটি গঠন করা হয়েছে।

আমাদের সংস্কৃতির উন্নয়নকল্পে ও সংহতির মানসিকতা সৃষ্টির উদ্দেশ্যে এই বিভাগ প্রতি বছর একাঙ্ক নাটক প্রতিযোগিতা, গুণীজন সংবর্ধনা, ভাওয়াইয়া সংগীত মেলা ও প্রতিযোগিতা এবং ডঃ আম্বেদকরের জন্মোৎসবের আয়োজন করে থাকে। আমাদের রাজ্যের প্রায় প্রতিটি জেলায় বৃটিশ সাম্রাজ্যবাদের বিরুদ্ধে সংঘটিত গৌরবময় সাঁওতাল বিদ্রোহ স্মরণের উদ্দেশ্যে এই বিভাগ 'হুল দিবস' পালন করে থাকে।

২৯। কলকাতার কাঁকুড়গাছিতে এই বিভাগের অধীনে "সাংস্কৃতিক গবেষণা প্রতিষ্ঠান" নামে একটি উপজাতি বিষয়ক গবেষণা প্রতিষ্ঠান রয়েছে। এই প্রতিষ্ঠানের উদ্দেশ্য হল জাতি উপজাতি অনগ্রসর শ্রেণি বলে দাবি করা জনজাতির প্রকৃত সামাজিক মর্যাদা ও জাতি পরিচিতি প্রতিষ্ঠা করার জন্য এইসব মানুষের আর্থ সামাজিক ও শিক্ষাগত অবস্থা সম্পর্কে গবেষণা, পর্যালোচনা ও মূল্যায়নের ব্যবস্থা করা তপশিলি জাতি, তপশিলি উপজাতি

ও অনগ্রসর শ্রেণির কল্যাণ সাধনের উদ্দেশ্যে কর্মপ্রকল্প প্রণয়নকারী সংস্থা, অন্যান্য দপ্তর ও এজেন্সিগুলিকে এই প্রতিষ্ঠান বিভিন্ন তথ্য উপাত্ত প্রদান করে থাকে। গবেষণার কাজে সাহায্যের জন্য এই প্রতিষ্ঠানে একটি গ্রন্থাগার, একটি জাতিবিদ্যা বিষয়ক সংগ্রহশালা এবং তপশিলি জাতি ও তপশিলি উপজাতিসমূহের নানা দিক নথিবদ্ধকরণের জন্য নিজস্ব দৃশ্য ও শ্রাব্য ইউনিট রয়েছে।

তপশিলভুক্ত জনজাতির কল্যাণ সাধন ও উন্নয়নের কাজে নিয়োজিত ব্যক্তিদের জন্য সময়ে সময়ে প্রশিক্ষণ কর্মসূচির ব্যবস্থা করা হয়। এই প্রতিষ্ঠান তপশিলি জাতি, তপশিলি উপজাতি ও অনগ্রসর শ্রেণির সামাজিক, সাংস্কৃতিক ও শিক্ষাগত বিভিন্ন দিক সম্বন্ধে তাঁদের সংকলিত তথ্যাদি বুলেটিন ও পুস্তকের মাধ্যমে নিয়মিত প্রকাশ করে থাকে। 'উত্তরণ' নামে একটি পত্রিকা নিয়মিত প্রকাশিত হয় যেখানে এইসব মানুষজনদের উন্নয়ন সম্পর্কিত বিবিধ সংবাদ গুরুত্বসহকারে পরিবেশিত হয়।

৩০। সাংস্কৃতিক গবেষণা প্রতিষ্ঠানে তথ্য প্রক্রিয়াকরণ, বিশ্লেষণের জন্য ও তৎসম্পর্কিত প্রতিবেদন প্রস্তুত করার জন্য একটি কম্পিউটার প্রণালী স্থাপন করা হয়েছে। ইন্টারনেটের মাধ্যমে রাজ্যের সব কটি জেলায় অনগ্রসর শ্রেণি সম্পর্কিত উন্নয়নমূলক ক্রিয়াকলাপ সম্পর্কে তথ্য সংগ্রহ করার জন্যও পদক্ষেপ নেওয়া হয়েছে।

৩১। ১৯৯৬ সাল অবধি সংশোধিত ১৯৭৬ সালের পশ্চিমবঙ্গ তপশিলি জাতি ও তপশিলি উপজাতি (কৃত্যক ও পদে সংরক্ষণ) বিধি, অনুযায়ী সংরক্ষিত শ্রেণি থেকে যোগ্য প্রার্থীর অভাব থাকলে সংরক্ষিত শূন্যপদগুলি সংরক্ষণমুক্ত করার ক্ষমতা একমাত্র রাজ্য সরকারের উপরেই ন্যস্ত ছিল। পশ্চিমবঙ্গ স্কুল সার্ভিস কমিশন বিদ্যালয়গুলির জন্য এবং পশ্চিমবঙ্গ কলেজ সার্ভিস কমিশন কলেজগুলির জন্য যথাক্রমে সহ-শিক্ষক ও লেকচারারের শূন্য পদগুলি পূরণ করতে উপযুক্ত সংখ্যক যোগ্য প্রার্থী না পাওয়ার কারণে সারা রাজ্যে এই সমস্ত বিদ্যায়তনে অনেকগুলি শূন্যপদ পূরণ না হয়ে থাকার ফলে শিক্ষা সংক্রান্ত কর্মকাণ্ডের ওপর ক্ষতিকর প্রভাব পড়ে। সেজন্য এই সমস্ত সংরক্ষিত শূন্যপদগুলিকে সংরক্ষণমুক্ত করার প্রস্তাব আরও বেশি সংখ্যায় এই বিভাগের কাছে আসতে শুরু করে। শিক্ষার স্বার্থে পদ্ধতিগত বিলম্ব ছেঁটে ফেলে এবং সংরক্ষণমুক্ত করার ক্ষমতা বিকেন্দ্রীকরণ করে এই বিষয়গুলিকে দ্রুত নিষ্পত্তি করে ফেলা একান্ত জরুরি ছিল। তদনুসারে সংরক্ষণমুক্ত করার ক্ষমতা যাতে অধস্তন কর্তৃপক্ষের উপর অর্পণ করা যায়, তার জন্য ১৯৭৬ সালের পশ্চিমবঙ্গ তপশিলি জাতি ও উপজাতি (কৃত্যক ও পদসমূহ সংরক্ষণ) বিধি এই বছর সংশোধিত হয়। অতঃপর জেলাশাসক জেলা সংরক্ষণ মহাধ্যক্ষ হিসাবে তাঁদের অধিক্ষেত্রাধীন প্রাথমিক, মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক বিদ্যালয়গুলির সংরক্ষিত পদসমূহের জন্য উপযুক্ত প্রার্থী না পাওয়া গেলে সংরক্ষিত শূন্য পদগুলি সংরক্ষণমুক্ত করার ক্ষমতা প্রয়োগ করতে পারবেন।

৩২। সংরক্ষণ আইনের কার্যকরী প্রয়োগের জন্য সংশ্লিষ্ট বিভাগ কলকাতায় অবস্থিত বিভিন্ন বিদ্যায়তন ও অফিসগুলিতে মাঝে মাঝে পরিদর্শনের আয়োজন করে থাকে। সংশ্লিষ্ট জেলাশাসকদের যাঁরা আবার জেলার সংরক্ষণ মহাধ্যক্ষও বটে, তাঁদেরকে ইতিমধ্যে অর্পিত সংরক্ষণমুক্ত করার ক্ষমতা প্রয়োগ করার লক্ষ্যে এরূপ পরিদর্শনের ব্যবস্থা করার জন্য নির্দেশ দেওয়া হয়েছে।

৩৩। রাজ্য সরকার এ যাবৎ ৬০টি শ্রেণিকে অন্যান্য অনগ্রসর শ্রেণি হিসাবে চিহ্নিত করেছে। এই বছরে উক্ত তালিকায় আর কোনো সংযোজন হয়নি। তবে কেন্দ্রীয় সরকার এই বছরে আরও ৪টি শ্রেণিকে অন্যান্য অনগ্রসর শ্রেণিভুক্ত হিসাবে চিহ্নিত করার ফলে এই রাজ্যের জন্য কেন্দ্রীয় তালিকায় অন্তর্ভুক্ত শ্রেণির সংখ্যা দাঁড়িয়েছে ৪৭টি। রাজ্য তালিকায় এখনও আরও ১৩টি শ্রেণি রয়েছে যাদের এখনও ভারত সরকার উক্ত শ্রেণিভুক্ত হিসাবে স্বীকৃত হয়নি। এই বিভাগ ভারত সরকারের সংশ্লিষ্ট মন্ত্রকের সঙ্গে এ বিষয়ে আলোচনা চালাচ্ছে। 'চাই' ও 'বাল্মীকি' ওর তপশিলি জাতি তালিকায় অন্তর্ভুক্তির বিষয়টি তপশিলি জাতি ও উপজাতিদের জন্য জাতীয় কমিশনের বিবেচনাধীন রয়েছে। রাজ্য সরকার কমিশনের চাওয়া যাবতীয় তথ্য ইতিমধ্যেই সরবরাহ করেছে এবং বিষয়টির শীঘ্রই নিষ্পত্তি হবে বলে আশা করা হচ্ছে।

৩৪। জাতি চিহ্নিতকরণ শংসাপত্র—প্রদানের নিয়মাবলী ইতিমধ্যেই পরিমার্জিত হয়েছে। যে এরপর থেকে এরূপ শংসাপত্রের জন্য আবেদনগুলির নিষ্পত্তি করার ক্ষেত্রে উন্নতির লক্ষণ দেখা গিয়েছে।

৩৫। ১৯৫৫ সালের নাগরিক অধিকার রক্ষা বিধির বিধান অনুযায়ী এই বছর ১,১৮,০০০ টাকা অসবর্ণ-বিবাহ অনুদান হিসাবে এই রাজ্যের ৫৯টি দম্পতির কল্যাণার্থে মঞ্জুর করা হয়েছে।

DEMAND No. 41

Mr. Deputy Speaker : There are 21 cut motions to Demand No. 41. all the cut motions are in order.

Shri Kashinath Mishra (Cut Motion No. 1)	Sir, I beg to move that the amount of the demand be reduced to Re. 1/-.
Shri Gobinda Chandra Naskar (Cut Motion No. 2) Shri Moloy Ghatak (3-5) Shri Ashok Kumar Deb (6) Shri Asish Banerjee (7) Shri Manturam Pakhira (8) Shri Kamal Mukherjee (9) Shri Abdul Mannan (10-13) Shri Subrata Bakshi (14) Smt. Sonali Guha (15) Shri Kashinath Mishra (16-19) Shri Kallol Khan (20) Shri Mahbubul Haque (21)	Sir, I beg to move that the amount of the demand be reduced by Rs. 100/-.

শ্রী গোবিন্দচন্দ্র নস্কর : মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আজকে অনগ্রসর কল্যাণ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী শ্রী উপেন্দ্রনাথ কিস্কু মহাশয় ৪১নং বাজেট দ্বারা যে ব্যয় বরাদ্দের প্রস্তাব পেশ করেছেন, আমি তার বিরোধিতা করছি এবং আমাদের পক্ষ থেকে যে কাট-মোশানগুলো দেওয়া হয়েছে, সেগুলোকে সমর্থন করে দু-একটি কথা বলতে চাইছি। মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আজকে তপশিল জাতি, আদিবাসী জাতি এবং আদার ব্যাকওয়ার্ড ক্লাসেস বা অনগ্রসর সম্প্রদায়ের মানুষের জন্য যে বাজেট আজকে পেশ করা হয়েছে, এতে যা কিছু লেখা আছে এগুলো ধাপ্পা ছাড়া আর কিছু না। কারণ আমরা কয়েক বছর ধরেই দেখতে পাচ্ছি, অনেক কিছু লেখা হয়, কিন্তু বাস্তবে তার কিছুই হয় না।

[3.40—3.50 p.m.]

আজকে সেখানে ৩৫টি মুখ্য খাতে বলা হয়েছে এবং টাকা ধরা হয়েছে ৩০৬ কোটি ৭৮ লক্ষ ৯ হাজার টাকা সেখানে ওই টাকায় ৩৫টি মুখ্য খাতে কি ব্যবস্থা অবলম্বন করতে পারবেন বুঝতে পারছি না। দ্বিতীয়ত আগের যিনি মন্ত্রিত্বের দায়িত্বে ছিলেন তিনি দীর্ঘ ২৫ বছর যাবৎ সমস্ত দপ্তরটিকে ডুবিয়ে চলে গেছেন, আপনি উপেনবাবু দায়িত্বে এসেছেন, কি সমস্যার সমাধান করতে পারবেন আমি বুঝতে পারছি না। আজকে তপশিলি জাতি, আদিবাসী এবং অনগ্রসর মানুষরা ২৪ বছর ধরে বামফ্রন্টের শাসনে সবচেয়ে নিপীড়িত নির্যাতিত, লাঞ্ছিত, বঞ্চিত এবং অত্যাচারিত হয়েছে। আজকে সব দিক থেকে তারা দিশেহারা হয়ে গেছে। আপনি নিশ্চয় জানেন গত কয়েক বছর ধরে বিশেষ করে মেদিনীপুরের কেশপুর, গড়বেতা, সবং, পিংলা, আরামবাগের জয়রামবাটি, গোঘাট, হুগলি, বাঁকুড়ার সোনামুখী, বর্ধমানের বিভিন্ন জেলায় হাজার হাজার মানুষ আজকে ঘরছাড়া, অত্যাচারিত, রক্তাক্ত। এদেরই সব ৭৫ পার্সেন্ট তপশিলি জাতি, আদিবাসী, ও বি সি সম্প্রদায়ের মানুষেরা আজকে অত্যাচারিত। এদেরকে মাননীয় মন্ত্রী তাঁর বাজেটের মধ্যে দিয়ে কি রক্ষা করতে পারবেন জানি না। তারা তো রক্তাক্ত, আজকে যে খুন হচ্ছে, সংঘর্ষ, রাহাজানি, ধর্ষণ হচ্ছে তাতে তপশিলি জাতি, আদিবাসী এবং ও বি সি সম্প্রদায়ের মানুষেরা তার শিকার হচ্ছে। এর থেকে মাননীয় মন্ত্রী কি রক্ষা করতে পারবেন বুঝতে পারছি না। আজকে বামফ্রন্ট সরকার অনেক কাজের বরাদ্দ দিয়েছেন, পশ্চিমবঙ্গের জন্য সরকার বিভিন্ন ব্যবস্থা গ্রহণ করেছেন। তাতে দেখা যাচ্ছে বামফ্রন্ট সরকার ক্ষমতার বলে দল এবং পুলিশের সহযোগিতা নিয়ে এই যে দুর্বল এবং দলিত মানুষ, নীচে পড়া মানুষ, যারা ডাউন ট্রডন, যারা লিভিং বিলো দি পভার্টি লাইনে আছে, সবচেয়ে নিপীড়িত, নির্যাতিত মানুষেরা বঞ্চিত হচ্ছে। মাননীয় মন্ত্রী নিশ্চয় একটা বিষয় পেপারে দেখেছেন, সেখানে এই যে ব্যবস্থা গ্রহণ করেছেন তাতে কীভাবে এস সি, এস টি এবং ও বি সি মানুষদের আরও ছোট করে, সব দিকের থেকে বঞ্চিত করে রাখা যায় তার ব্যবস্থা করেছেন। মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, অত্যন্ত গুরুত্বপূর্ণ বিষয় 'Survival rights more important'. All these years successive governments have only concentrated on aspect of the right to equality—through job reservations, grace marks at examinations or by an out of turn promotion of the basis of case Mr. C. R. Irani, editor-in-chief, The

Statesman, today said at a meeting to discuss the working of the Constitution. The issue of enlargement of fundamental Rights enshirned in the Constitutions by adding the right to work, right to education, right to health and right to a clean environment came up for discussion at the meeting. It was organised by the West Bengal National University of Juridical Sciences in association with the National Commission to review the working of the Constitution.

About the policy of reservations, Mr. Irani said : instead to actually erasing the severe physchological damage, this has only helped to create a section of uneducated lawyers and doctors. It has n't really helped the Dalit feel equal with the rest of the society.'

মাননীয় মন্ত্রী নিশ্চয় আপনার নজরে খবরটি এসেছে। এই নিয়ে আপনি কি চিন্তা করছেন এবং ব্যবস্থা অবলম্বন করছেন জানাবেন। আমি জানি আপনাদের পক্ষ থেকে কোনো সিদ্ধান্ত গ্রহণ করা সম্ভব হবে না। আজকে পশ্চিমবঙ্গের চতুর্দিকে এই মানুষরা জর্জরিত, এরা গত ২৪ বছর ধরে অন্ধকারের মধ্যে থেকেছে। আজকে এদের জন্য আপনারা বিভিন্ন প্রকল্প বা স্কিম নিয়েছেন। আপনার ১৯৭৬ সালে যে আইন পাশ হয় তাতে তপশিলি জাতিদের, তপশিলি উপজাতিদের জন্য বিত্ত নিগম, আদিবাসীদের জন্য লাম্প এবং ও বি সি-দের জন্য এবং ব্যাকওয়ার্ড ক্লাসের জন্য বিত্ত নিগম। এই ৩টে গুরুত্বপূর্ণ নিগম তৈরি হয়েছিল। এ নিগমের উদ্দেশ্য কী? এই নিগম থেকে পিছিয়ে পড়া সমাজের যুবক-যুবতীদের যাতে নাম মাত্র সুদে মূলধনী সাহায্য পাবে। এই সমস্ত নিগমের মাধ্যমে কোটি কোটি টাকা আসছে, কিন্তু সেই টাকা তাদের মধ্যে বিতরণ হচ্ছে না। লক্ষ লক্ষ টাকা ব্যাংকে ফেলে রাখা হচ্ছে সাড়ে আট পার্সেন্ট, নয় পার্সেন্ট সুদে সেই টাকা খাটিয়ে কোটি কোটি টাকা ইনকাম করছে। ফলে এই প্রকল্পগুলোর উদ্দেশ্য ব্যর্থ হচ্ছে। অনুরূপভাবেই সিডিউল ট্রাইবসদের যে ল্যাম্বস আছে তার জন্য কোটি কোটি টাকা আসছে, কিন্তু খরচ হচ্ছে না। আজকে আপনি জানেন এদের গৃহনির্মাণ প্রকল্পে কেন্দ্রীয় সরকার কোটি কোটি টাকা দিচ্ছে, সেলফ এমপ্লয়মেন্টের জন্য কোটি কোটি টাকা আসছে, কর্মের বিনিময়ে খাদ্য, এই স্কিমে কোটি কোটি টাকা আসছে, কিন্তু দপ্তর সেই টাকাগুলো ঠিকমতো খরচ করতে পারছে না। ফলে সব দিক দিয়েই আপনি ব্যর্থ হচ্ছেন। মাননীয় অধ্যক্ষ মহাশয়, আপনার মাধ্যমে আমি জানাতে চাই স্ট্যান্ডিং কমিটিও তার রিপোর্টে এটা বলেছে। ১২১টি ট্রাইবাল সোসাইটি আছে, কিন্তু তার সব টাকা আত্মসাৎ হয়ে যাচ্ছে। সেখানে না আছে স্টাফ, না আছে গভর্নিং বডি, সব দিক থেকে এই সোসাইটিগুলোর অবস্থা খারাপ হয়ে যাচ্ছে। স্ট্যান্ডিং কমিটি তার রিপোর্টে বলেছে "In course of visiting, it is observed that most of societies are running without Chief Executive Officers due to non-deputation by the Government. Government has been regularly moved regarding posting of CEO for full-time to the LAMPS. But except in two or three societies there

is no CEO to supervise the societies which has caused a greater problem in smooth functioning of the Society." একটা, দুটো বাদ দিলে ১১৯/২০টির অবস্থা খারাপ। আপনাকে ঠুঁটো জগন্নাথ করে সেখানে বসিয়ে দিয়েছে। কো-অপারেটিভ ডিপার্টমেন্ট কাউকে সেখানে পাঠাচ্ছে না, কোনোরকম সেখানে ব্যবস্থা নেই। বি ডি ও-কে চেয়ারম্যান করা হয়েছে, তিনি বিভিন্ন কাজে ব্যস্ত থাকেন, ফলে তিনি সেখানে যেতে পারেন না "In the Board of Directors, the Chairman, BDO in most of the LAMPS, as a Government nominee can not render this full-time service in the day-to-day activities of the Society. The other elected Dirctors like Secretary, Vice-Chairman are not well acquainted with the functioning of the Co-operatives. Moreover they have no proper and regular contact with the members of the society. Consequently implementation of various schemes for development of societies as well as members remain unsucessful. To overcome this difficulty, a leadership from amongst members is of utmost necessity."

মাননীয় মন্ত্রী মহাশয় আপনি নিজে এই পিছিয়ে পড়া সমাজের লোক, কাউকে যদি সেখানে না পাঠানো হয় তাহলে এই আদিবাসীদের জন্য আপনি কি করে কাজ করবেন। Most of the lamps do not have their own office, staff quarters and godown due to non-availability of land. Government as legal bodies should came forward to provide land to the lamps. এই সমস্ত ব্যবস্থার মধ্যে দিয়ে আজকে আপনি এই দপ্তরের যে বিভিন্ন উন্নয়নমূলক কাজের কথা বলছেন, সেগুলো আপনি করতে পারবেন না। এই বাস্তুঘুঘুর বাসা যদি আপনি ভাঙতে না পারেন তাহলে দলিত মানুষদেরকে নিয়ে আপনি ছেলেখেলা করবেন না। তপশিলি আদিবাসী মানুষদের সার্টিফিকেট দেওয়ার ব্যাপারে আপনি বলছেন দলিল চাই। বাগদি, মুচি, কাউরা, মেথর, ডোম, এদের কোনো সার্টিফিকেট ছিল না।

[3.50—4.00 p.m.]

তাদের বাপ-কাকার কোনো সার্টিফিকেট ছিল না। তপশিলি জাতির, আদিবাসী জাতির ভাইরা দরখাস্ত করে বছরের পর বছর বসে থাকে, সার্টিফিকেট পায় না। আপনি নীরব দর্শক হয়ে বসে থাকবেন না। অধিকাংশ ব্লকে ইন্সপেক্টর নেই। দু-তিনটে ব্লকে একজন ইন্সপেক্টর, ফলে দরখাস্ত জমেই যাচ্ছে, সার্টিফিকেট দেওয়া হচ্ছে না। বেকার যুবক-যুবতীদের কোনোরকম রিজার্ভেশন কোটায় একটা চাকরি পেলেও সার্টিফিকেট না থাকার জন্য যোগ দিতে পারছে না।

ভারতবর্ষের ৫৬ হাজার জনজাতি গোষ্ঠীর মানুষের মধ্যে ও.বি.সি. বা অনগ্রসর সম্প্রদায়ের মানুষ শতকরা ৮৫ ভাগ হয়ে যাবে। আপনিও তার মধ্যে পড়ে যাচ্ছেন। মণ্ডল কমিশন যে সুপারিশ করেছিল, তাতে পশ্চিমবঙ্গ সরকারকে ১৭৭টি জাতিকে ও.বি.সি. বলে গ্রহণ করতে বলেছিল। কিন্তু বামফ্রন্ট সরকার কার চক্রান্তে সমস্ত কিছু বাদ দিয়ে মাত্র ৬০টি

সম্প্রদায়কে ও.বি.সি. বলে গ্রহণ করে। মাহিষ্য, গোপ, তিলি, সাহা, এরা কি অপরাধ করেছিল ? আপনাকে তাই অনুরোধ করি, এই ও.বি.সি.-দের সংরক্ষণের ব্যবস্থা করুন। আপনিও মানুষ, তপশিলি জাতি, আদিবাসী সম্প্রদায়ের মানুষ, আপনারও অধিকার আছে, আপনি লড়াই করে দায়িত্ব ছিনিয়ে নিয়ে এইগুলোকে বাস্তবে রূপায়িত করতে পারলে লক্ষ লক্ষ মানুষের আশীর্বাদ লাভ করবেন। শিক্ষা প্রতিষ্ঠানে ৭ পার্সেন্ট ও.বি.সি. সম্প্রদায়ের ছাত্র-ছাত্রীদের জন্য সংরক্ষণের ব্যবস্থা করার কথা বলা হয়েছিল। বলা হয়েছিল 'বিভিন্ন শিক্ষা প্রতিষ্ঠানে অনগ্রসর শ্রেণির জন্য সাত শতাংশ আসন সংরক্ষণের প্রস্তাবও অনুমোদন করতে যাচ্ছে মন্ত্রিসভা। রাজ্যের নির্বাচন দপ্তর সূত্রে বলা হয়, নির্বাচনের দিন ঘোষণার পরে ক্ষমতাসীন নির্বাচিত সরকার কার্যত তদারকি সরকার হিসাবেই কাজ করে। নিয়োগ পুনর্নিয়োগ বা সংরক্ষণের মতো গুরুত্বপূর্ণ সিদ্ধান্ত নিতে পারে না তারা। নির্বাচন তো শেষ হয়ে গেছে, এখনও কেন সেই সিদ্ধান্ত জানাচ্ছেন না ? এর উত্তর মন্ত্রী মহাশয় দিতে পারবেন না। বলা হচ্ছে, প্রাথমিক, মাধ্যমিক, উচ্চমাধ্যমিক বিদ্যালয়গুলির সংরক্ষিত পদসমূহের জন্য উপযুক্ত প্রার্থী না পাওয়া গেলে সংরক্ষিত শূন্যপদগুলি সংরক্ষণমুক্ত করার ক্ষমতা প্রয়োগ করতে পারবেন। যোগ্য ক্যান্ডিডেট পাওয়া যাচ্ছে না বলাটা চক্রান্ত। এক্ষেত্রে সংরক্ষণমুক্ত করা ঠিক নয়। অনেক ভালো ছেলেও আছে, তারা পারবে পড়াতে। আমরা আজকে দেখতে পাচ্ছি, তপশিলি জাতি, উপজাতি ভাইদের রক্তে হোলি খেলা হচ্ছে, তাদের জন্য কিছুই করা হচ্ছে না। তাই এই বাজেটকে বিরোধিতা করে এবং আমাদের কাট-মোশানগুলোকে সমর্থন করে আমার বক্তব্য শেষ করছি।

Mr. Speaker : I can only inform the members at the present point of time that the Minister-in-charge of Land & Land Reforms Department is not well. So this is kept for Tuesday tentatively but we will review this on Monday again in the B.A. Committee.

PRESENTATION OF COMMITTEE REPORT
18th Report of the Business Advisory Committee

Mr. Speaker : Now I beg to present the 8th Report of the Business Advisory Committee. The Committee met in my chamber today and recommended the programme of business for the 23rd and the 24th July, 2001.

Programme of Business for the 23rd and the 24th July, 2001 (as adopted by the House on the Eighth Report of the Business Advirosy Committee presented on the 20th July, 2001)

23.7.2001, Monday :	(i) Demand No. 59	Panchayat & Rural	
	(ii) Demand No. 60	Development Deptt.	3 hours
	(iii) Demand No. 62		
	(iv) Demand No. 63		
	(v) Demand No. 45	Information Technology Department	1 hour

24.7.2001, Tuesday:	(i) Demand No. 7	Land & Land Reforms Department	2 hours
	(ii) Demand No. 61		
	(iii) Demand No. 54	Food & Supplies and	
	(iv) Demand No. 86	Consumer Affairs Department	2 hours

Business Advisory Committee will meet again on Monday. We will review it on that date. Now, I request the M-I-C of the Parliamentary Affairs Department to move the motion.

Shri Probodh Chandra Sinha : I beg to move that 18th Report of the Business Advisory Committee as presented in the Assembly be agreed to.

The motion was then put and agreed to.

Constitution of Committee on Rules

Mr. Speaker : In pursuance of Rule 309 of the Rules of Procedure and Conduct of Business in the West Bengal Legislative Assembly. I have nominated the following members to constitute the Committee on Rules, 2001-2002.

Committee on Rules

In pursuance of Rule 309 of the Rules of Procedure and Conduct of Business in the West Bengal Legislative Assembly, Mr. Speaker has nominated the following Members to constitute the Committee on Rules, 2001-2002 :

1. Shri Abdul Mannan
2. Shri Ambica Banerjee
3. Shri Braja Mukherjee
4. Shri Debaprasad Sarkar
5. Shri Gyan Singh Sohanpal,
6. Shri Kripa Sindhu Saha
7. Shri Mostafa Bin Quasem
8. Shri Mursalin Molla
9. Shri Nripen Chaudhuri
10. Shri Ratan Pakhira
11. Shri Saugata Roy
12. Shri Shyamaprasad Paul
13. Shri Subrata Mukherjee
14. Shri Tapan Hore

and includes Mr. Speaker who shall be the Chairman of the Committee.

I as the Speaker shall be a member and the Chairman of the Committee.

শ্রী রবীন্দ্রনাথ হেমব্রম : স্যার, এটা আমরা সকলেই জানি যে, সামাজিক, অর্থনৈতিক শিক্ষা এবং সংস্কৃতির দিক থেকে সমস্ত সম্প্রদায় পিছিয়ে পড়েছে, তাদেরকেই সংবিধানের তপশিলিভুক্ত করা হয়েছে। স্বাধীনতার ৫৪ বছর পরে আমরা লক্ষ্য করছি যে, পঞ্চবার্ষিকী পরিকল্পনা গ্রহণ করা হয়েছিল, তাদের উন্নয়নের জন্য, সেটা যদি বাস্তবে রূপায়িত হত, তাহলে ভালো হত। এখানে আমরা লক্ষ্য করছি, ২৪ বছর ধরে বামফ্রন্ট সরকার তার রাজনৈতিক সদিচ্ছা এবং স্বতস্ফূর্ততার মধ্যে দাঁড়িয়ে এস সি, এস টি-দের জন্য বিভিন্ন রকমের কর্মসূচি গ্রহণ করেছে। আমাদের রাজ্যে ১২১টি ল্যাম্প দুটো মহিলা সমিতি এবং ডেভেলপমেন্টের মধ্য দিয়ে, বিভিন্ন সমবায় সমিতির মধ্য দিয়ে বহুমুখী কর্মসূচির রূপায়ণ করে চলেছেন, যার মধ্য দিয়ে লক্ষ লক্ষ শ্রমদিবস সৃষ্টি হয়েছে। আজকে শ্রমজীবী মানুষকে ওপরে তোলার জন্য নানা ধরনের কর্মসূচি গ্রহণ করা হয়েছে। এটা যেমন করা হয়েছে, তেমনি এটাও ঠিক যে, এই আদিবাসী সম্প্রদায়ের মানুষ ল্যাম্প পরিচালনায় অনভিজ্ঞ থাকার কারণে যেভাবে কাজ করা দরকার সেইভাবে করতে পারছে না। সেই সমস্ত ল্যাম্পগুলিকে রিভাইভ করার জন্য পরিকল্পনা গ্রহণ করবেন এবং সেই ল্যাম্প এরিয়ার মধ্যে যে সমস্ত আই টি ডি পি আছে সেগুলিকে উন্নয়নের জন্য পরিকল্পনা গ্রহণ করবেন। আমরা সকলেই জানি যে এস সি, এস টি, ও বি সি-দের জন্য পশ্চিমবঙ্গে ১২৮৭টা হস্টেল আশ্রম আছে। এই সমস্ত কর্মসূচির মধ্য দিয়ে রাজ্যের লক্ষ লক্ষ ছাত্র-ছাত্রী পড়াশোনা করতে পারছে।

[4.00—4.10 p.m.]

কিন্তু '৭৭-এর আগে যখন কংগ্রেস সরকার ছিল ক্ষমতায় আমরা লক্ষ্য করেছি '৭৬-৭৭ সালে এস সি, এস টি-দের জন্য বাজেটে কি বরাদ্দ করা হত। '৭৭ সালে কত ব্যয়বরাদ্দ করেছিলেন ৪ টাকার একটু বেশি আর দু হাজার, দু হাজার দুই সালে এই এস সি, এস টি-দের জন্য মাথাপিছু বাজেট বরাদ্দ হয়েছে ২১০ টাকা ২৭ পয়সা। এর থেকে লক্ষ্য করা যায়, পরিষ্কারভাবে উল্লেখ করা যায় পিছিয়ে পড়া মানুষদের জন্য বামফ্রন্ট সরকারের কি মানসিকতা ? আমরা সকলেই জানি পশ্চিমবঙ্গ সরকার কত বিপরীতমুখী কর্মসূচির মধ্যে দাঁড়িয়ে আছে যেখানে এন ডি এ সরকারের উদারীকরণ অর্থনীতির বেপরোয়া বেসরকারিকরণের হিংস্র থাবার মধ্যে আমাদের নামিয়ে এনেছে সেই, এই বিপরীত নীতির মধ্যে দাঁড়িয়ে বামফ্রন্ট সরকার আদিবাসী হরিজনদের একটা মর্যাদার আসনে প্রতিষ্ঠিত করেছেন তা উল্লেখ করতেই হয়। পশ্চিমবাংলায় বামফ্রন্ট সরকার চতুর্থ পঞ্চায়েত নির্বাচনে, পঞ্চম পঞ্চায়েত নির্বাচনের মধ্যে দিয়ে আদিবাসী হরিজন, পিছিয়ে পড়া সম্প্রদায়ের মানুষকে আসন এবং পদ সংরক্ষণের মধ্যে দিয়ে মর্যাদার আসনে প্রতিষ্ঠিত করেছেন। শুধু মর্যাদার আসনে প্রতিষ্ঠা করাই নয় ওদের যে সমস্ত ছেলেরা লেখাপড়া শেষ করে চাকরির জন্য প্রস্তুতি

নিচ্ছে সেই সময়ে তাদেরকে ট্রেনিং দেওয়ার জন্য সল্টলেক, দুর্গাপুরে চেষ্টা করা হচ্ছে। এসপ্ল্যানেড ইস্ট নামটাকে পরিবর্তন করে সিধু-কানু ডহর করা হয়েছে। আমাদের সিধু-কানুর নামে স্টেডিয়াম আছে সেখানে সংস্কৃতির চর্চা করা হচ্ছে। আদিবাসী হরিজনদের মর্যাদার আসনে প্রতিষ্ঠা করার একটা প্রমাণ। কিন্তু সেই জায়গায় বিরোধী জায়গায় যারা বসে আছে, বিগত ২৪ বছরে কেন স্বাধীনতার পর থেকে পিছিয়ে পড়া মানুষদের তারা মর্যাদার আসনে প্রতিষ্ঠিত করেননি। মর্যাদা দেননি বলেই তো আজকে বিধানসভায় ১৭টি আসনের মধ্যে মাত্র একটি আসন পেয়েছেন, অত্যন্ত নগণ্য আসন পেয়েছেন। আমরা অবাক হয়ে যাই যখন বামফ্রন্ট সরকার এদের উন্নয়নের জন্য বিভিন্ন কর্মসূচির মধ্যে দিয়ে লক্ষ লক্ষ, কোটি কোটি টাকা ব্যয়বরাদ্দ করছে তখন আমরা লক্ষ্য করছি যে সেই টাকা যাদের জন্য, তাদের কাছে সেই টাকা পৌঁছতে পারছে না। পশ্চিমবাংলার বিভিন্ন জায়গায় কোথাও কোথাও, একথা অস্বীকার করা যায় না যে যেখানে টি এম সি বা বি জে পি বন্ধুরা আছেন পঞ্চায়েতে বা পঞ্চায়েত সমিতিতে তারা পৌঁছতে দিচ্ছেন না। আমরা সকলেই জানি যাদের শরীরটাকে পুষ্ট করার জন্য বিভিন্ন ভিটামিনস খাওয়ানোর চেষ্টা করা হচ্ছে তাদের পেটে যদি কৃমি থাকে তাহলে সেই খাদ্যপ্রাণ কৃমিতে শুষে নেয়। আমরা লক্ষ্য করছি যে পশ্চিমবাংলার কিছু কিছু পঞ্চায়েতে সেইরকম কৃমি পুষে রাখা আছে। বিরোধী দলে যারা বসে আছেন তারা পুষে রেখেছেন। ৯৮-এর পঞ্চায়েত নির্বাচনে আমরা লক্ষ্য করেছি। ২০০১ সালে বিধানসভার নির্বাচনে পশ্চিমবাংলার জাগ্রত জনসাধারণ সেই কৃমিগুলোকে চিহ্নিত করতে পেরেছেন। আমি অনুরোধ করব যে স্বাধীনতার এত বছর পর, ৫৫ বছর স্বাধীনতা দিবস উদ্‌যাপিত হবে, তার প্রাক লগ্নে দাঁড়িয়ে আসুন আমরা সবাই মিলে একে অপরে আলাপ-আলোচনা করে পরামর্শ নিয়ে এস সি, এস টি-দের জন্য উন্নয়নের কাজে হাত মেলাই। ওদের উন্নয়নের জন্য চেষ্টা করি। এই পশ্চিমবাংলায় বামফ্রন্ট সরকার এস সি, ও বি সি-দের জন্য সংরক্ষণ করে যে সংরক্ষণ নীতি আছে তাকে যথেষ্ট মর্যাদা দিয়ে তাকে কার্যকরী করার চেষ্টা করেছেন। আমরা বিগত দিনে দেখেছি যে কেন্দ্রীয় সরকারের দপ্তরগুলিতে যে সমস্ত রিজারভেশন ২২ শতাংশ, ৬ শতাংশ সেগুলো পূরণ করার চেষ্টা হয় না। পশ্চিমবাংলায় সেই সমস্ত পূরণ করার চেষ্টা হচ্ছে।

কিন্তু দুর্ভাগ্যের সঙ্গে বলতে হচ্ছে যে সর্বত্র জায়গায় সেই সমস্ত পদ পূরণ করার জন্য মনিটরিং করা হচ্ছে তা বলা যায় না। মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আমি মন্ত্রী মহাশয়কে অনুরোধ করছি বিভিন্ন বিদ্যালয়গুলিতে এঞ্জিনিয়ারিং মেডিকেল এবং নর্মাল এডুকেশনের ক্ষেত্রেই বলুন এস সি, এস টি-দের যে রিজার্ভেশান থাকার যে সংখ্যা আছে সেই সংখ্যক এস সি, এস টি সুযোগ পাচ্ছে না। আমরা কিছুদিন আগে লক্ষ্য করলাম রিজার্ভেশান অনুসারে যে সংখ্যক আদিবাসী, হরিজন ছাত্রছাত্রীদের মেডিকেল, ইঞ্জিনিয়ারিং-এ সুযোগ পাওয়ার কথা সেই সংখ্যক ছাত্রছাত্রী সুযোগ পাচ্ছে না। আমার মনে হয় মেরিট এবং সংরক্ষণ দুটি জিনিস এক নয়। এই বিষয়টা দেখার জন্য আমি অনুরোধ করব। আগামী দিনে এই ধরনের অসুবিধা যাতে না হয় সে দিকে লক্ষ্য রাখবেন। আমি পরিশেষে যে কথা বলতে চাই আমাদের বামফ্রন্ট সরকারের আমলে বামফ্রন্ট সরকারের ত্রিস্তরে যে পঞ্চায়েত ব্যবস্থা সেই ব্যবস্থার ফলে আজকে এরা মর্যাদা পেয়েছে। যেটা কংগ্রেস জমানায় ছিল না। এই ধরনের হুমকি তারা এখন

দিতে পারে না। জোতদার, জমিদাররা এখন বলে আমার বাড়িতে তুমি যাবে না। এখন তারা এই বার্গেনিং পাওয়ারটা পেয়েছে। এই মর্যাদা বামফ্রন্ট সরকার তাদের দিয়েছে। তাই সমস্ত কাট-মোশানকে বিরোধিতা করে এবং বাজেটকে সমর্থন করে আমার বক্তব্য শেষ করছি।

শ্রী নেপাল মাহাতো : মিঃ স্পীকার স্যার, আমি আপনার মাধ্যমে মাননীয় মন্ত্রী শ্রী উপেন কিস্কু যে ব্যয় বরাদ্দের দাবি পেশ করেছেন তাকে বিরোধিতা করে এবং কংগ্রেস সহ বিরোধী দলের আনীত কাট-মোশানকে সমর্থন করে দু-একটি কথা স্পেসিফিক্যালি বলতে চাই। স্যার, আজকে আমার পূর্ববর্তী বক্তা অনেক কথা বললেন। এই সরকার আসার পর তাদের এই এস সি, এস টি, ও বি সি-দের অনেক উন্নতি হয়েছে। ঠিক কথা। আমি কয়েকটি উদাহরণ আপনার মাধ্যমে তুলে ধরতে চাই। তিনি বললেন এস সি, এস টি-দের রিজার্ভেশনের কথা। এটা ঠিক যে শিক্ষা প্রতিষ্ঠানে ভর্তির সুযোগ এস সি, এস টি যারা আছেন তারা পান না। একটা ইন্টারেস্টিং ব্যাপার হচ্ছে বিভিন্ন জায়গায় এই রিজার্ভেশনের ইন্টারপ্রিটেশান করা হয় যেমন, এক্সচেঞ্জে পাঠানো হয় দিস পোস্ট ইজ রিজার্ভ ফর এস সি, এস টি, কিন্তু সেখানে জেনারেল পোস্টের নামও পাঠান। সেখানে একজন এস সি তার মেরিট আছে এবং সিনিয়রিটি আছে সে ৭০ পারসেন্ট নম্বর পেয়েছে অ্যাডমিশনের জন্য তার ফর্ম জমা পড়ে মাত্র এস সি ক্যাটাগরিতে চলে যায়। সে হয়তো জেনারেল লিস্টে অ্যাকর্ডিং টু মেরিট আসতে পারে, কিন্তু তাকে সেই লিস্টে দেওয়া হল না। তাই বলছি অ্যাকর্ডিং টু মেরিট রিজার্ভেশানের পুরো সিস্টেমটার বাজে ইন্টারপ্রিটেশান করা হয়েছে। আমি স্পেসিফিক্যালি উদাহরণ দিতে পারি, এই জিনিস আপনাদের ডিপার্টমেন্ট থেকে ঠিকমতো ফলো আপ হচ্ছে না। আজকে এটা দেখা দরকার। ও বি সি-দের সম্বন্ধে আমি দু-চারটি কথা বলছি। পশ্চিমবাংলায় ও বি সি-দের চাকরির ক্ষেত্রে কিছু সংরক্ষণ করা হয়েছে। কিন্তু দুঃখের বিষয় অন্যান্য রাজ্যে ও বি সি-দের শিক্ষা প্রতিষ্ঠানে সমস্ত বিষয়ে রিজার্ভেশান থাকা সত্ত্বেও পশ্চিমবাংলায় সেটা হল না। এই প্রসঙ্গে আমি কয়েকটি কথা বলছি, ২০০০ সালের ২রা ফেব্রুয়ারি জ্যোতি বসু ক্যাবিনেটে সিদ্ধান্ত নিয়েছিলেন ও বি সি-দের শিক্ষা প্রতিষ্ঠানে রিজার্ভিশান থাকা উচিত।

[4.10—4.20 p.m.]

সেখানে আইনমন্ত্রী আপত্তি করেছিলেন, 'না, ল কলেজ, বার কাউন্সিলের আপত্তি আছে'। ল কলেজ নাকি এই রকম রিজার্ভেশন চালু করা যাবে না। যদিও অন্যান্য রাজ্যে এটা আছে। কিন্তু জ্যোতিবাবু বললেন, ল কলেজ বাদ দিয়ে অন্যান্য জায়গায় চালু করা হোক। তার পর কি দেখলাম ? নির্বাচনের আগে ১২.০৪.২০০১ তারিখে মাননীয় মুখ্যমন্ত্রী ক্যাবিনেটে ডিসিশন নিলেন ৭ পারসেন্ট হারে ও.বি.সি. ছাত্র-ছাত্রীদের সমস্ত রকম শিক্ষা প্রতিষ্ঠানে সংরক্ষণের ব্যবস্থা করবেন। কিন্তু সঙ্গে সঙ্গে নির্বাচন প্রক্রিয়া চলে আসার জন্য মাননীয় মুখ্যমন্ত্রী বুদ্ধদেব ভট্টাচার্য সমস্ত মিডিয়াকে সংবাদপত্রের কাগজে বিবৃতি দিলেন, 'নির্বাচন প্রক্রিয়ার জন্য আমরা এই রিজার্ভেশনের যে সিদ্ধান্ত নিয়েছি তা আপাতত স্থগিত করা হল যদিও মন্ত্রিসভা সিদ্ধান্ত নিয়েছিল'। কিন্তু দুঃখের সঙ্গে বলতে হচ্ছে, আমার একটা কলিং

এনেটশনের জবাবে মাননীয় মুখ্যমন্ত্রী ক্যাবিনেটে যে ডিসিশন নিয়েছিলেন তার উল্লেখ না করে 'সক্রিয়ভাবে' রিজার্ভেশনের কথা বিবেচনা করছেন বলে জানিয়েছেন। অবশ্য তিনি এও স্বীকার করেছেন আগামী ক্যাবিনেট মিটিঙের পর এই রিজার্ভেশন চালু করবেন।

স্যার, পশ্চিমবাংলায় যেমন বামফ্রন্ট সরকার আছে কিছুদিন তেমনি কেরালাতেও আপনাদের সরকার ছিল এবং সেই সরকার থাকাকালে কেরালাতে ও.বি.সি. ছাত্র-ছাত্রীদের জন্য ২৫ শতাংশ রিজার্ভেশন চালু করা হয়েছে, উত্তরপ্রদেশে এবং অন্ধ্রেও এক্ষেত্রে রিজার্ভেশন আছে যথাক্রমে ২৭ শতাংশ এবং ২৫ শতাংশ। উক্ত রাজ্যগুলোতে অনেকদিন আগে থেকে এই রিজার্ভেশন চালু হওয়া সত্ত্বেও পশ্চিমবাংলায় এখনও তা চালু হল না। এই পরিপ্রেক্ষিতে আমি দু-একটা স্পেসিফিক কথা তুলে ধরতে চাই।

স্যার, হস্টেল বিল্ডিং ফর ও.বি.সি. মিনিস্ট্রি অফ সোস্যাল জাস্টিস, লেটার নং-১১০১৫।২।২০০০। বি.সি.সি.—২৮শে এপ্রিল, ২০০০ তারিখে পাঠানো হয়েছে। তাতে বলা হয়েছে স্টেটের ৫০ শতাংশ এবং কেন্দ্রের ৫০ শতাংশ শেয়ার দিয়ে হস্টেল নির্মাণ করা হবে এবং এফেক্ট দেওয়া হয়েছে ১৯৯৮ সাল থেকে। সেখানে ও.বি.সি. ছাত্র-ছাত্রীরা থাকবে, পড়াশোনা করবে। মাননীয় মন্ত্রী জবাবী ভাষণে বলবেন এখনও পর্যন্ত তিনি কটা হস্টেল করতে পেরেছেন।

আবার দেখুন, পোস্ট মেট্রিক স্কলারশিপ ফর ও.বি.সি., মিনিস্ট্রি অফ সোস্যাল জাস্টিস, লেটার নং-১১০১৪।২।২০০০। বি.সি.সি. ডেটেড ৫থ মে। ১০০ শতাংশ সেন্ট্রাল অ্যাসিসট্যান্স, আপনাদের কোনো পয়সা লাগবে না। প্রোপোজালটা পোস্ট মেট্রিক স্কলারশিপের জন্য। দিল্লি থেকে চিঠি এসেছিল। এখনও পর্যন্ত ক'টা ছেলেকে ১০০ শতাংশ সেন্ট্রাল অ্যাসিসটেন্সের মাধ্যমে পোস্ট ম্যাট্রিক স্কলারশিপ দিয়েছেন তা সভাকে অবশ্যই জানাবেন।

প্রি-মেট্রিক স্কলারশিপ ফল ও.বি.সি. *সম্বন্ধে আপনার* বাজেট ভাষণের দু নম্বর পার্টে আছে। ভাববেন বলেছেন। কিন্তু এখনও চালু হয়নি। যদিও ২৫.০৮.২০০০ তারিখে এই অর্ডার এসেছিল। ও.বি.সি. ডেভেলপমেন্ট অ্যান্ড ফিন্যান্স কর্পোরেশনের মাধ্যমে লোন দেবার কথা বলেছিলেন। কিন্তু সেই লোনের ক্ষেত্রে স্ট্যাটিস্টিক্স কি বলছে ? বলছে, ১৯৯৯-২০০০ সালে ১২৪ জন এবং ২০০০-০১ সালে ২৮০ জনকে লোন দিয়েছেন। অর্থাৎ, আজ পর্যন্ত মাত্র ৫৪৪ জন লোন পেয়েছে। কিন্তু পুরুলিয়া জেলা, সেখানে ও.বি.সি. ছাড়া আর কিছু নেই, ৬৭ শতাংশ ও.বি.সি. সেখানে শিক্ষিত বেকার ছেলেরা লোনের আবেদন করলেও তা গ্রাহ্য হচ্ছে না বা কলকাতার অফিসারদের কাছে সেই আবেদন গিয়ে পৌঁছাচ্ছে না। অফিসাররা কেন স্কীমগুলো ইমপ্লিমেন্ট করছেন না সেটা দেখা দরকার। এই রকমভাবে দেখছি ও.বি.সি.-দের জন্য কেন্দ্রীয় সরকার যে বিভিন্ন সুযোগ-সুবিধার ব্যবস্থা করেছে এবং অন্যান্য রাজ্যে যা চালু আছে পশ্চিমবঙ্গ সরকার যে কোনো কারণেই হোক তাদের সেইসব সুযোগ-সুবিধা থেকে বঞ্চিত করছে।

আরেকটা বিষয়ে বলে আমি আমার বক্তব্য শেষ করব। সেটা হচ্ছে বম্বে হাইকোর্ট একটা অর্ডার দিয়েছিল রিজার্ভেশনের ব্যাপারে।

বম্বে হাইকোর্ট রিজার্ভেশনের ব্যাপারে একটা অর্ডার দিয়েছিল, সেই অর্ডার অনুযায়ী এম.বি.সি.এস., বি.ডি.এসে ভর্তি বন্ধ হয়েছিল, পরে তারা একটা ফ্রেশ লিস্ট করেছে, সেই অর্ডারটা হল, "As per the direction of the Mumbai High-Court, Bench at Nagpur in writ Petition No. 2426196 heard on 31-10-1996, the admission to the M.B.B.S./B.D.S. courses shall be carried out a fresh from 4.11.96 at 9.00 A.M."

সুতরাং, স্যার, আমি আপনার মাধ্যমে যে বিষয়গুলো এখানে রাখলাম, আশা করি মাননীয় মন্ত্রী মহাশয় তাঁর জবাবী ভাষণে সে সম্বন্ধে বলবেন। এই কথা বলে এই বাজেটের বিরোধিতা করে এবং আমাদের কাট-মোশানগুলোকে সমর্থন করে আমি আমার বক্তব্য শেষ করছি।

শ্রী বিজয় বাগদি : মাননীয় অধ্যক্ষ মহাশয়, পশ্চিমবঙ্গের অনগ্রসর শ্রেণির কল্যাণ বিভাগের ভারপ্রাপ্ত মাননীয় মন্ত্রী শ্রী উপেন কিস্কু মহাশয় ২০০১-২০০২ সালের ৪১ নম্বর দাবির পরিপ্রেক্ষিতে যে বাজেট এখানে পেশ করেছেন তাকে সমর্থন করে এবং বিরোধীদের আনা মাট-মোশানগুলোর বিরোধিতা করে আমি কয়েকটি কথা বলতে চাই। আমার আগে মাননীয় বিরোধী সদস্য যিনি বক্তব্য রেখেছেন, আমি তাঁর অবগতির জন্য জানাই, ১৯৭৭ সালের আগে তপশিলি জাতি এবং আদিবাসী সম্প্রদায়ের মানুষ কিভাবে জীবন যাপন করতেন সেটা নিশ্চয়ই আপনার স্মরণে আছে। তার ইতিহাস আপনি জানেন স্যার, তখন এরা জোতদারদের ঘরে কাজ করতেন, তাঁদেরকে পাঁচন ও পাঁচহাতি গামছা দিত, সারা বছর ঘরে কাজ করার পর সেই সমস্ত ফসল গোলায় তুলে দেওয়ার পর তাকে চুরি অপবাদ দিয়ে বের করে দেওয়া হত। এভাবে তখনকার দিনে ওই গরিব মানুষদের উপর শোষণ, বঞ্চনা, নিপীড়ন চলত। কিন্তু ১৯৭৭ সালের পর কি দেখলাম ? ১৯৭৭ সালে বামফ্রন্ট সরকার ক্ষমতায় এসে ভূমিসংস্কার করলেন এবং ভূমিসংস্কারের মাধ্যমে এই তপশিলি জাতি এবং আদিবাসী সম্প্রদায়ের একটা বিশাল অংশের মানুষকে জমি দেওয়া হল এবং জমি অধিকার দেওয়া হল এবং তাঁরা সেই জমিগুলোকে নিজেদের মতো চাষ করে উৎপাদন বাড়িয়ে আর্থ-সামাজিক পরিবর্তন ঘটালেন। আপনাদের সময় শিক্ষার অবস্থা বড়ই করুণ ছিল। আজকে আপনারা অতীতের কথাগুলো স্মরণ করুন। তখন শিক্ষার অবস্থা কি ছিল ? স্কুলগুলোর অবস্থা কি ছিল ? আমি আপনাদের এটা স্মরণ করিয়ে দিতে চাই, আজকে আমাদের এই দপ্তর বৃত্তির মাধ্যমে, হস্টেলে থাকার ব্যবস্থার মাধ্যমে বিশেষ করে অনগ্রসর শ্রেণির ছেলেমেয়েরা যাতে স্কুলে আসতে পারে—প্রাথমিক হোক, উচ্চশিক্ষার ক্ষেত্রে হোক তারা যাতে সুযোগ-সুবিধা পায় তার ব্যবস্থা করেছেন। এ ব্যাপারে মাননীয় মন্ত্রী মহাশয় বিশেষ চেষ্টা করেছেন এবং সেটা বাজেট বিবৃতিতে উল্লেখ করা আছে। আমরা যেটা বলতে চাই যে, আজকে বিভিন্ন কর্মসূচির মাধ্যমে, স্বনিযুক্তি প্রকল্পের মাধ্যমে তপশিলি জাতি এবং আদিবাসী ছেলেমেয়েদেরকে স্বনির্ভর করার স্বার্থে বিভিন্ন রকম পরিকল্পনা গ্রহণ করা হয়েছে এবং সেখানে আমরা দেখেছি যে, বহু যুবক-যুবতী, ছেলে-মেয়ে তারা এই আওতার মধ্যে

নিজেদের জীবিকা নির্বাহের পথ বেছে নিয়েছে। এছাড়া আমি যেটা দেখছি যে, এন.এফ.ডি.সি.-র লোনের মাধ্যমে বহু যুবক-যুবতী উপকৃত হয়। আমি এ বিষয়ে মাননীয় মন্ত্রী মহাশয়ের দৃষ্টি আকর্ষণ করব যে, এসব ক্ষেত্রে দেখা যায় ব্যাংক গ্যারান্টার নিয়ে মুশকিল হয় এবং সে ক্ষেত্রে টাকা পাওয়ার ক্ষেত্রে অসুবিধা দেখা দেয়। সেজন্য এটাকে সরলীকরণ করে আরও উন্নত কিছু পথ অবলম্বন করে এই টাকা পাইয়ে দেওয়ার কোনো ব্যবস্থা করা যায় কিনা সে ব্যাপারে মাননীয় মন্ত্রী মহাশয়ের দৃষ্টি আকর্ষণ করছি।

[4.20—4.30 p.m.]

এই গ্রান্টগুলো সময়মতো না পৌঁছানোর জন্য অনেক অসুবিধা হয়। এ টাকা যাতে সময়মতো যায় সেদিকে আমি মাননীয় মন্ত্রী মহাশয়কে একটু দৃষ্টি দিতে অনুরোধ করছি। আমাদের এলাকায় রাজনগর ল্যাম্পস আছে। সেখানে এগ্রিকালচারাল ফার্ম আছে। সেখানে প্রচুর জমি পড়ে আছে। আজকে সেখানে সমন্বয় ঘটিয়ে পতিত জমিতে হর্টিকালচার বা মুরগী পালন বা শূকর পালনের পরিকল্পনা গ্রহণ করা সম্ভব। তাহলে আমি মনে করি এই ল্যাম্পটা আরও বেশি লাভজনক প্রতিষ্ঠান হিসাবে স্বীকৃতি লাভ করবে। আর একটা বিষয় হচ্ছে, কলকাতার কাঁকুড়গাছিতে একটা সাংস্কৃতিক গবেষণা প্রতিষ্ঠান গড়ে তোলা হয়েছে। উত্তরবঙ্গে তার একটা শাখা খোলা যায় কিনা তা আমি মন্ত্রী মহাশয়কে একটু ভেবে দেখতে অনুরোধ করছি। সঙ্গে সঙ্গে আমি আমাদের "উত্তোরণ" পত্রিকার প্রকাশনা সংখ্যা বাড়াবার অনুরোধও করছি। কারণ আমাদের সরকারের বিভিন্ন কর্মসূচির আরও বেশি প্রচার দরকার। এই পত্রিকার মধ্যে দিয়ে আমাদের সরকারের বিভিন্ন কর্মসূচির প্রচারের সম্প্রসারণ ঘটবে। এস সি পি এবং টি এস পি-র ক্ষেত্রে আমরা লক্ষ্য করছি অনেক সময়েই সাবসিডির টাকা সময়মতো না পৌঁছানোর জন্য অসুবিধা দেখা দিচ্ছে। বহু বেনিফিসিয়ারী অসুবিধার মধ্যে পড়ে যাচ্ছেন। এগুলো যাতে সময়মতো পাওয়া যায় তার জন্য যথাযথ ব্যবস্থা করতে মাননীয় মন্ত্রীকে অনুরোধ করছি। আমরা লক্ষ্য করছি যে, ও.বি.সি. সার্টিফিকেটের ক্ষেত্রে কিছু ত্রুটি দেখা দিচ্ছে। সিডিউলড কাস্টদের ক্ষেত্রে অনেকটা সরলীকরণ করা গিয়েছে। কিন্তু ও.বি.সি.-দের ক্ষেত্রে বেশ কিছু ত্রুটি রয়েছে। ত্রুটিগুলি কীভাবে কাটিয়ে ওঠা যায় এবং তাড়াতাড়ি কীভাবে সার্টিফিকেট দেওয়া যায় তা একটু আমি মন্ত্রী মহাশয়কে ভেবে দেখতে অনুরোধ করছি। আই টি ডি পি মৌজার ক্ষেত্রে যেসব জায়গায় ২০ শতাংশের উপরে আছে সে সমস্ত এলাকাগুলিকে আই টি ডি পি এলাকার মধ্যে অন্তর্ভুক্ত করা যায় কিনা সেটাও মাননীয় মন্ত্রীকে একটু ভেবে দেখতে অনুরোধ করব। এই কটি কথা বলে, এই বাজেটকে পুনরায় সমর্থন জানিয়ে আমি আমার বক্তব্য শেষ করছি। ধন্যবাদ।

শ্রী খারা সরেন : মানতান অধ্যক্ষ মহোদয়, কয়েঁ গাতাক সরকাররেন মন্ত্রী মানতান উপেন কিস্‌কু মহাশয় বীছরি কীমি হরা রেয়াঃ অকা বাজেটে সামাং আকাৎ আনএঞ সাঁহেদ বাতাওয়েৎ কানা। সাঁও সাঁওতে তিহিঞ পশ্চিমবাংলা সরকার হড় হপনকু, তায়নম আকান হড়কু লীগিৎ অকা বাজেট সামাং আকান নওয়া বাজেট দ সামাং দিনার আরহঁ মঁজতেয় কীমিয়া অনা মেনতে আসাএঞ দহয়েদা। তবে অকয় বিরুরী কু, অকয়কু রড়কেৎ—মিৎটন

কাথা দিশী হেঁচ আঞ কানা যে, কিষীড় কোরেন দিহবী কোওয়াঃ লীটু লীটু কাথা আর হেড়েম হেড়েম, গটা বাংলারেন পশ্চিম বাংলারেন বেঁগেচ্ হড়াঃ হেড়েম হেড়েম কাথাকু আর বাংকু লাঠায় । নুকুদ হড় লাঠাকু লীগিৎ তেগে হেড়েম হেড়েম কাথাকু গালমারাও আ। মেনখান তিহিঞ নওয়া বাজেট সামাং কাতে অকাটাঃ গটা পশ্চিমবাংলারেন লাতাব ধারজারেন হড় কুওমাঃ ভীলীই হয় আকানদ আয়মা হরাতে নডে হীটিঞ আকানা। যে হাটিঞ তালাতে গটা পশ্চিমবাংলারে যে ভেস জমি ভালাতে কিষাড়কু এগ্রামাকাদা জমি, অনা চেতনারে আয়মা রকমাঃ স্কীম হরা হাতাও কাতে আই.টি.ডি.পি. এলাকারে ডি.এস.পি.এস.ই.পি তালাতে এমগড় টাকা এম হুয়া আকানা। অনা তালাতে গোটা পশ্চিমবাংলারে পঞ্চায়েত বেবস্থা মেনাঃ। পঞ্চায়েত তালাতে নুকু তালাতে হীটিঞ্ হুয় আকান তেগে তিহিঞ দ লাতার ধরজারেন হড় তিহিঞ দ রেঁগেচ্ খনকু উৎরাউ আকানা। মেনখান তিহিঞখন চব্বিশ বছর লাহা নুকু রেঁগেচ্। হড়দ কিষীড় হড়ঠেন পানাহি লেকাকু বেবহার আঁচুঃ কান তাঁহেনা।

অনা কাবনতে তিহিঞ দ পশ্চিমবাংলা বামফ্রন্ট অকাটাঃ রিজার্ভেশন মেনতে তিহিঞ লেখাঃ—কান মেনখান চব্বিশ বছর লাহারে নওয়া রিজার্ভেশন দ বাং তাহেঁ কানা। তিহিঞ দবু মেন দাড়েমাঃ কানা—ইস্কুলরে ভর্ত্তীঃ কারণাঃতে। প্রাইমারী ইস্কুলরে নুকরী কারণাঃতে, হাই ইস্কুলরে বানর কারণার তে, কলেজরে ভর্ত্তীঃ লাগিৎতে, মেনখান অড়া অড়া এটকে চড়েঁ মেনার আ। অনা এগ্রান সামুং লীগিৎকে মন্ত্রী অন্ততপক্ষেঞ মেতায়া যে নিয়াধম আঁড়ি তোর কড়াকুকু পাশ আকানা। কলেজরে ভর্ত্তীঃ লীগিৎকে দিনকালম যেমন পঁয়তাল্লিশ জন গিদরা কলেজরে ভর্ত্তীঃ রেয়াঃ দাত্তকু এগ্রামলেদা। মেনখান নিয়ীরম দকু আটকাউ এঃ আকানা। অনাকু বাঁজাও সজহি রেয়াঃ জারুড় মেয়াঃ আ।

মন্ত্রীঠেন আর মিৎটেন মেহরিঞ দহয়েদা যে, নিয়া তিহিঞ দ পশ্চিমবাংলা বামফ্রন্ট সরকার নিজেরাঃ আড়াংতে রড় দাড়ে রেয়াঃ সুযোগ এগ্রাম আকানা। মেনখান আবোত্তয়াঃ রড় দাড়ে রেয়াঃ অকাটাঃ রেকর্ড মেমন দিনকালম যেমামিঞ্ রড় লেৎ রেকর্ড মেনাঃ আ-সে বাং। যাতে করে রেকর্ড তাহেন তাবো নওয়া কাথা ইঞ্দ জোর সাঁওতে নেহারিঞ দহয়েদা।

আর মিৎটেন নেহারিঞ্ দহয়েদা যে গোটা পশ্চিমবাংলারে অকাটাঃ পঞ্চায়েত বেবস্থা মেনাঃ—ব্লক ভীলীই কমিটি মেনাঃ আ, অনা সাঁও সাঁওতে জেলা রেয়াঃ মঙ্গল কমিটি মেনাঃ আ।

নওয়া বারয়া কমিটি ভিতরিরে মিৎটেন জপড়াও তাহেঁন জীরুডা। নওয়া কারণাঃ তেগে এঞলাকানা দিনকালমাঃ যে রিপোর্টরে কমিটিকু রিপোর্ট আকাদা আন রিপোর্টারে নওয়া জাগা রেগে অড়াগান গালমারণাও হুয় আনাকা যে প্রত্যেক জেলা মঙ্গল কমিটি এবং ব্লক কমিটিরে ব্লক কমিটি আছে।

"প্রত্যেক জেলায় 'জেলা মঙ্গল কমিটি' ব্লকগুলিতে 'ব্লক মঙ্গল কমিটি' আছে। এই দপ্তরের কার্যক্রম যথাযথ রূপায়ণে সুষ্ঠু পরিকল্পনা গ্রহণে এই কমিটিগুলির ভূমিকা অপরিসীম। নিয়মিত সভায় উদ্ভুত সমস্যাগুলি আলোচনা, সমাধান, প্রয়োজনীয় পরিকল্পনা এ ব্যাপারে অধিকাংশ জেলায় যথেষ্ট গুরুত্ব দেওয়া হয়, কোনো কোনো জেলায় আন্তরিকতার

ঘাটতি লক্ষণীয়। সফল রূপায়ণের জন্য জেলা প্রশাসন, জেলা পরিষদ ও মঙ্গল কমিটিগুলির মধ্যে সমন্বয়ের উপর অধিক গুরুত্ব দেওয়া প্রয়োজন।"

নঃ অঁয় নডেগে ইএ্রাঃ কাথাদ মেনাঃ আ যে ব্লক কমিটি ইতেতে যে জেলা কমিটি অকাটাঃ মেনাঃ আ মঙ্গল কমিটি অনা কারণাঃ তেগে আই.টি.ডি.পি. এলাকারে অকাকু নেতঃ জীরুড়কা না যে আই.টি.ডি.পি. এলাকারে বিজলী বাঁতি পোঁদাও আকানা। মতরেএ্রাঃ মূল সমস্যাদ হুয়ং কানা জেলারেন সভাধিপতি, উনিগে জেলা রেয়াঃ পরিকল্পনায় হাতাও এদা অনাকারণতে আর মিৎধম নওয়া বাজেট সহ্‌ৎ কাড়েৎ গি ইএ্রাঃ কাথাঞ্‌ মুচীৎ কেৎ তিএ্রা।"

—'জহার'—

শ্রী নির্মলচন্দ্র মণ্ডল : মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে পশ্চিমবঙ্গ সরকারের অনগ্রসর শ্রেণি কল্যাণ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী শ্রী উপেন কিস্কু যে আয়-ব্যয়ের বাজেট পেশ করেছেন তার আমি বিরোধিতা করে এবং আমাদের দলের আনীত কাট-মোশানগুলি তাকে সমর্থন করে আজকের বাজেট বিতর্কে আমার বক্তব্য রাখছি। আমি বলতে চাই, মানীনয় মন্ত্রীমহাশয় এই বাজেটে ৩৫টি উপ-যোজনা সংযোগের মধ্য দিয়ে বাজেটের একটা পরিপূর্ণ রূপ দিয়ে কিছু নতুন উন্নয়নের কথা ভাবছেন। আমি বলতে চাই, বিভিন্ন যে খাত আছে সেই খাতগুলির ব্যাপারে তার যে উদ্যোগ সেটা ঠিকই আছে, কিন্তু এগুলিকে কার্যকরী করা এবং আজকে যে উন্নয়নের কথা বলছেন সেটা ধাপ্পা ছাড়া আর কিছু নয়।

[4.30—4.40 p.m.]

মাননীয় মন্ত্রী মহাশয় তার বাজেটে ২২ পারসেন্ট তপশিলি জাতির ক্ষেত্রে এবং ৭ পারসেন্ট তপশিলি উপজাতির ক্ষেত্রে সংরক্ষণের কথা বলেছেন। এই প্রসঙ্গে আমি তার কাছে কয়েকটি তথ্য তুলে ধরতে চাই। গত ৫.৩.২০০১ সালে 'বর্তমান' পত্রিকাতে বেরিয়ছিল—রাজ্য সরকারের চাকরিতে তপশিলিদের সংখ্যা কমছে। সেখানে সরকারের যে আইন—ওয়েস্ট বেঙ্গল সিডিউল কাস্ট অ্যান্ড সিডিউল ট্রাইবস (রিজার্ভেশন অব ভেকেন্সিস ইন সার্ভিস অ্যান্ড পোস্ট) তাতে বলা হচ্ছে তপশিলি জাতির ক্ষেত্রে ২২ শতাংশ এবং উপজাতির ক্ষেত্রে ৭ শতাংশ রিজার্ভ থাকবে। কিন্তু এই 'বর্তমান' কাগজে খবর বেরিয়েছে, 'গত সপ্তাহে অনগ্রসর সম্প্রদায় কল্যাণ দপ্তরের উপদেষ্টামণ্ডলীর বৈঠকে পেশ করা রিপোর্টে দেখা যাচ্ছে যে রাজ্য সরকারের চাকরিতে '৯৯ সালের ১লা জানুয়ারি পর্যন্ত ৩ লক্ষ ৬৫ হাজার ৩৯০টি পদের মধ্যে তপশিলি সম্প্রদায়ের মানুষের সংখ্যা ৪৫ হাজার ২৬৪ জন অর্থাৎ ১২.৩৯ শতাংশ। বরাদ্দ পদের চাইতে ৯.৬১ শতাংশ, অন্যদিকে তপশিলি উপজাতি সম্প্রদায়ভুক্ত মানুষের সংখ্যা ৯ হাজার ৫০৪ জন অর্থাৎ ২.৪ শতাংশ, বরাদ্দ পদের চাইতে ৩.৪ শতাংশ কম। কাজেই কাগজে-কলমে যেটা বলা হচ্ছে বাস্তবে সেটার রূপায়ণ আমরা দেখতে পাচ্ছি না। তারপর আর একটি সংবাদের প্রতি আপনাদের দৃষ্টি আকর্ষণ করছি। 'আনন্দবাজার' পত্রিকাতে ১২.৪.২০০১-এ এই মর্মে সংবাদ প্রকাশিত হয়েছিল—'অনুমোদিত হচ্ছে

সংরক্ষণের প্রস্তাবও। চাকরি দিতে মন্ত্রিসভা বসছে ভোট-বিধি ভেঙে।' সেখানে খবরে বলা হচ্ছে, 'এরই পাশাপাশি বিভিন্ন শিক্ষা প্রতিষ্ঠানে অনগ্রসর শ্রেণির জন্য সাত শতাংশ আসন সংরক্ষণের প্রস্তাবও অনুমোদন করতে যাচ্ছে মন্ত্রিসভা। রাজ্যের নির্বাচনী দপ্তর সূত্রে বলা হয়, নির্বাচনের দিন ঘোষণার পর ক্ষমতাসীন নির্বাচিত সরকার কার্যত তদারকি সরকার হিসাবেই কাজ করে। নিয়োগ, পুনর্নিয়োগের বা সংরক্ষণের মতো গুরুত্বপূর্ণ সিদ্ধান্ত নিতে পারে না তারা।' এর পর দিনই অর্থাৎ ১৩.৪.২০০১-এ কাগজে স্টেটমেন্ট বেরয় এই মর্মে যে, 'শিক্ষা প্রতিষ্ঠানগুলিতে অনগ্রসর শ্রেণির জন্য সংরক্ষণের সিদ্ধান্ত আপাতত স্থগিত করলো রাজ্য মন্ত্রিসভা। কারণ হিসাবে মুখ্যমন্ত্রী জানিয়েছেন, এখন নির্বাচনী প্রক্রিয়া শুরু হয়ে গিয়েছে সেই কারণেই মন্ত্রিসভায় প্রস্তাব আসার পর তা স্থগিত করা হল।' এই হচ্ছে সামগ্রিক পরিস্থিতি। আমার সময় কম, বলার অনেক কিছু থাকলেও সময়ের অভাবে বলতে পারছি না। এখানে শাসক দল এবং বিরোধী দলের সব মাননীয় সদস্যই আমার সঙ্গে এ ব্যাপারে সহমত পোষণ করবেন যে এই তপশিলি জাতি, উপজাতি লোক, যারা ব্যাকওয়ার্ড ক্লাস তাদের সার্টিফিকেট পেতে কি ধরনের অসুবিধা হয়। এদিকে মন্ত্রীমহাশয়ের দৃষ্টি আকর্ষণ করে বলছি, এ ক্ষেত্রে যেসব বাধা আছে তা দূর করা হোক। এই বলে বাজেটের বিরোধিতা করে শেষ করছি।

শ্রী শেখ ইলিয়াস মহম্মদ : মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, অনগ্রসর শ্রেণি কল্যাণ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী মহাশয় শ্রী উপেন কিস্কু তার দপ্তরের যে ব্যয়বরাদ্দের দাবি এই সভায় পেশ করেছেন তা সমর্থন করে এবং বিরোধীদের সমস্ত কাট-মোশানের বিরোধিতা করে কয়েকটি কথা বলছি। স্যার, আমাদের রাজ্য পশ্চিমবঙ্গে প্রায় শতকরা ২৯ ভাগ তপশিলি জাতি এবং উপজাতি সম্প্রদায়ভুক্ত মানুষের বাস। তা ছাড়া ৭টি অন্যান্য উপজাতির শ্রেণির মানুষরা এখানে থাকেন। বিগত ২৪ বছরের বামফ্রন্টের আমলের আগে তাদের অবস্থা কি ছিল তা আমরা সকলেই জানি। সব দিক থেকে—সামাজিক, রাজনৈতিক, অর্থনৈতিক সব দিক থেকে পিছিয়ে পড়া অংশের মানুষ হিসাবেই তারা চিহ্নিত ছিল, সমাজের বুকে মানুষ হিসাবে তারা চিহ্নিত ছিল না। বামফ্রন্ট ক্ষমতায় আসার পর তাদের প্রধান কাজ হয়েছিল পশ্চাদপদ মানুষ যারা তাদের আর্থিক, সামাজিক দিক দিয়ে এগিয়ে নিয়ে যাওয়ার পরিকল্পনা গ্রহণ। আমরা ওই মানুষদের এগিয়ে নিয়ে যেতে যে পরিকল্পনা প্রথম গ্রহণ করি সেটা ভূমি সংস্কার। আমরা ৯ লক্ষ ৫১ হাজার ভূমিহীন দরিদ্র মানুষকে পাট্টা দিতে সক্ষম হয়েছি। তপশিলি উপজাতি ৫ লক্ষ মানুষের কাছে আমরা জমির পাট্টা পৌঁছে দিয়েছি। তাছাড়া ক্ষুদ্র ও প্রান্তিক ১৫ লক্ষ কৃষকের আজকে নিজস্ব জমি আছে, ৫ লক্ষ তপশিলি উপজাতি মানুষের জমি আছে। আমরা তাদের জমিতে সেচের জল দিয়েছি এবং কৃষি বিভাগ তাদের রাসায়নিক সার, বীজ সরবরাহ করেছে এবং তারই ফলে রাজ্যে কৃষিবিপ্লব ঘটেছে। আমরা তপশিলি জাতি, তপশিলি উপজাতি এবং অন্যান্য দরিদ্র সম্প্রদায়ের মানুষদের তাদের নিজেদের পায়ের উপর দাঁড় করাতে সক্ষম হয়েছি। এটা আমাদের সাফল্য। এখানে আমাদের বন্ধু গোবিন্দবাবু বলেছেন, আমাদের সময় ওইসব মানুষ নাকি উপেক্ষিত। তাঁর কথা প্রসঙ্গে আমার রবীন্দ্রনাথের কবিতার দুই লাইন মনে পড়ছে—পশ্চাতে রেখেছ যারে সে তোমারে পশ্চাতে টানিছে।

বামফ্রন্ট সরকার পশ্চাদপদ মানুষের জন্য কাজ করেছে এবং করবে। আমরা জানি শিক্ষা এমন একটা জিনিস যা জাতিকে এগিয়ে নিয়ে যায়। আমাদের প্রথম কাজ হয়েছিল তপশিলি জাতি, তপশিলি উপজাতি এবং অনগ্রসর মানুষের কাছে শিক্ষা পৌঁছে দেওয়া। আমরা প্রথমে করলাম কী পাঁচ থেকে ১০ বছর বয়সের ছেলেমেয়েদের কাছে সরকার থেকে বিনা পয়সায় বই সাপ্লাই করলাম। আমরা এভাবে অনগ্রসর মানুষদের এগিয়ে নিয়ে যাওয়ার সব পরিকল্পনা গ্রহণ করেছি। আমার বলার সময় শেষ, তাই বাজেটকে সমর্থন করে বক্তব্য শেষ করলাম।

শ্রী পবন লাকড়া : মাননীয় অধ্যক্ষ মহাশয়, মাননীয় মন্ত্রী মহাশয়ের ব্যয়-বরাদ্দের বিপক্ষে এবং কংগ্রেসদলের কাটমোশনের পক্ষে আমি কিছু বক্তব্য রাখছি। আমার আগে এখানকার একজন মাননীয় সদস্য নিজের মাতৃভাষার মাধ্যমে তাঁর বক্তব্য পেশ করেছেন। আমি অনগ্রসর শ্রেণীর একজন বিধায়ক। আজকে আমি আমার ভাষায় কিছু বলতে চাই। মাননীয় মন্ত্রী মহাশয়.....

[4.40—4.50 p.m.]

श्री पवन कुमार लकड़ा : माननीय स्पीकर सर, इ बजट पर नेपाल महातो महाशय ये प्रश्न उठाइन है ओकर उतर मे माननीय मंत्री महोदय के काफी सोचे के पड़ी। नेपाल महातो महाशय जे समस्या कहिन उस सम्पर्क मे मंत्री महोदय के सोचे के बात बोले के पड़ी। मंत्री महोदय हमसे इलाका मे बस-बास करिन। जलपाईगुड़ी जिला, मे तपसीली जाति के लोग बसबास करत है। ग्रामांचल मे उपजाति के लोग रहल। इ चाय वगान इलाका मे जे सम्प्रदाय के आदमी रहे। एवन कि इ चाय वगान इलाका मे मातृभाषा मे पढ़े के सुयोग ने खे। उनके लड़कन हिन्दी भाषा मे पढ़ाई-लिखाई करे। मगर दु:ख के बात है कि इलोगन के पढ़े-लिखे के प्रयाप्त परिमाण स्कुल नखै। हाई-स्कुल न खै। जहां कि पश्चिम बंगाल सरकार की शिक्षा नीति के अनुसार प्रति 32 जन क्षात्र पिछु एक शिक्षक जन रहे के दरकार रहे, मगर पश्चिम बंगाल के चाय वगान इलाका में जहां मे चार हजार-पांच हजार के जनसंख्या मे जहां कि न्यूनतम पांच सो-छ सो छात्र के संख्या मे उमन के पढ़ाई के एकठो प्राथमिक स्कुल एवं इस स्कूल में सर्वोच्च दो जन के नियोग करत जात है। सबसे बड़ा बात है प्राथमिक स्कूल से पढ़ल वहाँ के छात्र-छात्री के लिए वहाँ कोनो व्यवस्था ने खे। जे हाईस्कूल रहे से पश्चिम बंगाल सरकार के हिन्दी स्कूल है वो क्रिसीचन सोसाइटी से देबल रहे। ये बड़ा दुख के बात है कि 24 साल से जे वामफ्रन्ट सरकार यहां शासन कर ला आत है। वहाँ के प्रचुर विधायक यहाँ आदिवासी उन्नयन के बात बोलत है। मगर उतर बंगाल के चाय वगान के और भी विधायक यहाँ है मगर दुख के बात है विकाश के लिए, पढ़े के लिए पश्चिम बंगाल सरकार कोई व्यवस्था नइखे करल रहे। और दो डिपार्टमेन्ट से हमार जे लड़का वान, हमार जे बच्चा वान पढ़ेला, उनका ले जेमुन बुक बा ग्रान्ट, हॉस्टल मेन्टेनेन्स। क्लास पांच क्लास 6 लड़कन के लिए 50 रूपया और 7 और आठ के लिए। 50 रूपया और 9 और दस के लिए 200 रूपया ई जे ग्रान्ट देवल जाला ई ग्रान्ट बहुत कम। ये ग्रान्ट

बढ़ावे के जरूरी है। और साथ ही साथ ई ग्रान्ट में हमरे जे शिक्षा वर्ष चालु है उ सब नैखे देवल जाला से जे स्पीकर से कहल जाला जे हमार जे लड़का-लड़की गरीब है किताब नही खरीद पाला। उ ग्रान्ट के समय मतन नही पहुचे के किताब नै खरीद पावल ऐ परिणाम स्वरूप उ लड़का स्कूल से निक्ल जावत। और मंत्री महोदय, 1997 मे जे रिजर्वशन जी०बी०सी० के देखे के बात भइल पश्चिम बंगाल छोड़के अन्य राज्य में चालु हो गैल मगर दुख के बात है पश्चिम बंगाल मे ए चालू नय है। और हमर जे लड़का-लड़की पढ़ल बा वो आदमी के नोकरी ले इम्पलाइमेन्ट एक्सचेन्ज मे नाम दाखिल करल है सेखान चाहत रहल कास्ट सर्टिफिकेट। हमार जे लड़का-लड़की अच्छा स्कूल अच्छा कॉलोज मे भर्ती होबल ओकरा ले चाही कास्ट सर्टिफिकेट। मगर हमार जिला मे कास्ठ सर्टिफिकेट के खातिर बहुत असुविधा होबत है। हमार जिला बोर्डर इलाका मा है। बोर्डर इलाका मे हमार देश के बाहरी कुछ आदमी ढुकत है। स्पीकर खातिरी जिला प्रशासन ले। मगर जबतक राशन कार्ड ने होबत रहले तबतक हमर सम्प्रदाय के लड़का के कोई भी कास्ट सर्टिफिकेट इश्यु ने करत चाहत है। इ जेक बहुत से लड़कन के समस्या है के समाधान के अनुरोध जानहु और रह गले हमर उन्नति के बात, उन्नयन के बात हमर पश्चिम बंगाल सरकार के विभिन्न इलाका मे भेजल जाला, एवं हमार क्षेत्रों मे विभिन्न दप्तर के माध्यम पैसा के कोटा के आठो जिला और सबसे बड़े दुख की बात है कि आज हमरे एस० सी० एस० टी० के बारे मे। प्रत्येक दप्तर के हाउस मे पश्चिम बंगाल सरकार के पूर्णांग मंत्री रहे मगर शर्म के बात है ह दप्तर के पूर्णागं मंत्री न खो। यह ही कारण से, यही बात के खातिर इ बजट उन्नयन के नाम पर मात्र भरण पोषण है यही के खातिर ह बजट के समर्थन न करत है एवं कंग्रेस एवं टी०एम०सी० द्वारा लावल कट-मोशन के समर्थन करके समाप्त करत है।

শ্রী সাধু টুডু : শ্রদ্ধেয় স্পীকার মহাশয়, এখানে অনগ্রসর শ্রেণি বিভাগের মাননীয় মন্ত্রী শ্রী উপেন কিস্কু মহাশয় ৪১নং দাবি যা পেশ করেছেন, তাকে আমি সমথর্ন করছি এবং বিরোধীদের কাট-মোশানের বিরোধিতা করে দু-একটি কথা এই হাউসে আমি বলতে চাইছি। বিরোধী বন্ধুরা তপশিলি জাতি, উপজাতি সম্পর্কে যে বক্তব্য এখানে রাখলেন এবং যা বলার চেষ্টা করেছেন যে, বামফ্রন্ট সরকার গত ২৪ বছরে তপশিলি জাতি, উপজাতিদের জন্য কিছুই করেননি, আমি এই কথার তীব্রভাবে প্রতিবাদ জানাচ্ছি। প্রতিবাদ জানাচ্ছি এই কারণে যে, এই অনগ্রসর সম্প্রদায়ের মানুষ যুগ যুগ ধরে শোষিত, নিপীড়িত পণ্য হিসাবে ব্যবহৃত হয়ে এসেছে। আমরা দেখেছি, পশ্চিমবাংলায় স্বাধীনতার পরে ১৯৭৭ সাল পর্যন্ত এই আদিবাসী ও অনগ্রসর সম্প্রদায়ের মানুষের প্রতি বাবুরা গ্রামে-গঞ্জে যেভাবে শোষণ, অত্যাচার আর নিপীড়ন করেছেন, তার ফলে তারা আর বিরোধী আসনে নেই। ঐ সম্প্রদায়ের মানুষ যাদের সমর্থন করেছে, তারা আর বিরোধী আসনে নেই। ১৯৭৭ সালের আগে তাদের অর্থনৈতিক চিত্রটা ছিল এই রকম—একটা কোদাল আর দুটি ডালি ছিল তাদের পুঁজি। এই পুঁজিকে সম্বল করে কোথায় কাজ তা খুঁজতে তপশিলি সম্প্রদায়ের মানুষরা হন্যে হয়ে মাইলকে মাইল ঘুরে বেড়াতো। খাওয়ার জন্য তারা আন্দোলন করেছে। আমরা জানি, কলকাতায় খাদ্য আন্দোলনে অনেকে গুলি খেয়েছেন। গুলি খেয়ে নুরুল ইসলাম মারা

গেছেন। বামফ্রন্ট এখানে আসার পরে ২৪ বছর পরে, আগে তাদের গায়ে পরনের যে কাপড় ছিল না, তপশিলি, রাজবংশী মেয়েদের পরনের জন্য একটা কাপড় থাকলেও সেটা ছিল বুকরি, লজ্জা নিবারণের জন্য তাদের হাতে পয়সা ছিল না। ভাই ছিল ভাওয়া ডোঙ্গা। বামফ্রন্ট সরকার আসার পরে ওই কৌপিন পরা আর দেখা যায় না। গায়ে একটা জামা আছে। এখানে বলা হচ্ছে, বামফ্রন্ট সরকার কিছুই করেনি। আপনারা দেখবেন, যুগ যুগ ধরে তারা যে সামাজিক মর্যাদা পায়নি ন্যূনতম এককোঁটা, সেই অবস্থা আর এখন নেই। এই বিশাল বৈষম্য অবস্থায় দাঁড়িয়ে, অসম অবস্থায় দাঁড়িয়ে বামফ্রন্ট সরকার দেখিয়েছে। এদের মধ্যে থেকে গ্রাম-প্রধান হচ্ছে। বড় বড় আই. এ এস অফিসাররা নমস্কার করছে, সাহেব বলছে, যেটা এরা আগে কখনও পায়নি। আগে যখন আদিবাসীরা বাবুদের বাড়িতে গিয়ে বসত, তখন সেখানে গঙ্গাজল ছড়িয়ে দেওয়া হত। আজ সেই অবস্থা নেই। এরা সমাজের মধ্যে আসতে চাইছে। তাই ২০০০ সালে যে নির্বাচনটা হল, সেটাতে প্রমাণ হয়ে গেছে। গাজলে, হাবিবপুরে গিয়ে তৃণমূল বন্ধুরা প্রকাশ্যভাবে আলাদা রাজ্য ঘোষণা করেছিল। আমরা দেখেছি, তারা মূলস্রোতে থাকতে চায়। বামফ্রন্ট সরকার যা ঘোষণা করেছে, এবারের নির্বাচনে তার ফল দেখতে পাচ্ছি, বিরোধী আসনে ওরা নেই। আদিবাসীদের এত বিভ্রান্ত করা সত্ত্বেও আমরা এই জায়গায় দাঁড়িয়ে আছি। শিক্ষার অবস্থাটা আজকে কি অবস্থা—আদিবাসী গ্রামে, তপশিলি গ্রামে ঢুকে যান, এখন টিপ দিয়ে সই দেওয়া মানুষ খুঁজে পাওয়া যাবে না। প্রত্যেক গ্রামেই আজকে আমরা গ্র্যাজুয়েট ছেলে দেখতে পাই। তপশিলি জাতি, উপজাতি, এদের বাড়িঘরের অবস্থা ১৯৭৭ সালের আগে কেমন ছিল—পাতালতা দিয়ে ছাউনি ছিল। ওপর দিয়ে জল চুঁইয়ে চুঁইয়ে পড়ত। ফাঁক-ফোকর থাকত বলে জ্যোৎস্না রাত্রিতে চাঁদ দেখা যেত। তাদের ছাদ দেবার পয়সা ছিল না।

[4.50—5.00 p.m.]

বামফ্রন্ট সরকার বিভিন্ন পরিকল্পনার মাধ্যমে পঞ্চায়েত বা বিভিন্ন স্কীমের মাধ্যমে গ্রামের তপশিলি জাতি এবং উপজাতি এবং আদিবাসী মানুষদের মাথা উঁচু করে থাকবার ব্যবস্থা করেছেন। আর আগের মতো আগুন গ্রামে আর ধরে না। ১৯৭৭ সালে চৈত্র-বৈশাখ মাসে গ্রামে আগুন লাগলে গ্রামের সমস্ত বাড়ি পুড়ে যেত কারণ তখন খড়ের ছাউনি দিয়ে ঘর তৈরি করত। এখন ৯০ ভাগ টিন, টালি দিয়ে ঘর তৈরি হচ্ছে ফলে আগুন লাগার আর সেই প্রকোপ নেই। তারাও আত্মমর্যাদার সঙ্গে বসবাস করছে। এই তপশিলি জাতি এবং আদিবাসী সম্প্রদায়ের জন্য সরকার একটা সুনির্দিষ্ট প্রকল্প নিয়েছে, শুকনো পাতার পরিকল্পনা আর নেই, একেবারে বাস্তব পরিকল্পনা। এইসব পরিকল্পনার মাধ্যমে সমস্যার সমাধান হতে পারবে। তবে এই প্রসঙ্গে জানাই যে, আপনি বলেছেন অলচিকি ভাষার উপরে জোর দেবেন। এই অলচিকি ভাষা প্রচলন হলে পরে আদিবাসী মানুষদের কাজের সুবিধা হবে। পবিত্রকুমার সরকার কমিশন এই বিষয়ে যা লিখেছেন আগামীদিনে সেটা চালু করতে পারলে তপশিলি জাতি এবং আদিবাসী মানুষদের উপকার হবে। এই কথা বলে এই ব্যয়বরাদ্দকে সমর্থন করে, বিরোধীদের আনা কাট-মোশানের বিরোধিতা করে আমার বক্তব্য শেষ করছি।

শ্রী তন্ময় মণ্ডল : স্যার আমি আপনার মাধ্যমে মাননীয় মন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করে ৪১নং ডিমান্ডের বিরোধিতা করে আমাদের দলের থেকে যে কাট-মোশান এসেছে তাকে সমর্থন করে সভায় কয়েকটি কথা বলতে চাই। মাননীয় মন্ত্রিমহাশয়, আপনি কি জানেন আপনি যে ৩৫টি দফার কর্মসূচি এখানে রেখেছেন তাতে আজকে এই জায়গায় দাঁড়িয়ে এই পরিকাঠামোর মধ্যে আপনার আমলারা, আপনার সরকারি কর্মচারী তাদের দিয়ে এই ৩৫ দফা কর্মসূচি কার্যকরী করার ক্ষেত্রে একটা অবাস্তব পরিকল্পনা। এই ৩৫ দফা কর্মসূচিতে তপশিলি জাতি, উপজাতি এবং আদিবাসী ও ও.বি.সি. মানুষদের জন্য অত্যন্ত সুচারুভাবে চালাকি করতে চেষ্টা করেছেন এবং সেটা আজকের এই পরিসংখ্যান থেকেই বলে দিতে চাই। আপনার বাজেটে আপনি যেটা বলেছেন ১৯৯১ সালের জনগণনা অনুযায়ী রাজ্যে তপশিলি জাতিভুক্তদের সংখ্যা হল ১ কোটি ৭ লক্ষ ৮০ হাজার ৬১১ এবং তপশিলি উপজাতিভুক্তদের সংখ্যা হল ৩৮,০৮,৭৬০ অর্থাৎ মোট জনসংখ্যার ২৯ শতাংশ মানুষ তপশিলি জাতি ও তপশিলি উপজাতির অন্তর্গত। তারপরে ২০০১ সালের আর্থিক বছরে জনসংখ্যার ক্ষেত্রে আপনার ৮নং পয়েন্টে বলেছেন—গত আর্থিক বছরে আদিবাসী অধ্যুষিত বিভিন্ন জেলায় আদিবাসী বালক-বালিকাদের শিক্ষার সুবিধার জন্য ১০০টি প্রাথমিক বিদ্যালয় নির্মাণকল্পে ৮০.৫০ লক্ষ টাকা মঞ্জুর করা হয়েছে। আমার আপনার কাছে জিজ্ঞাসা যে, আপনি এতে লেখেননি ওই আর্থিক বছরে কতগুলো বিদ্যালয় করেছেন এবং কত ছাত্রছাত্রী এর দ্বারা পড়ার সুযোগ পেয়েছেন। তারপরে ১১নং পয়েন্টে বলেছেন পুরুলিয়াতে উপজাতিভুক্ত ছাত্রদের জন্য ৫টি আদিবাসী ছাত্রাবাস আছে। আপনি সেখানে উল্লেখ করেননি কতগুলো আবাসনে কতজন ছাত্রছাত্রী পড়ছে। তারপরে ১৯৯৯-২০০০ সালের আর্থিক সমীক্ষায় দেখা গেছে জাতীয় ঝাড়ুদার প্রকল্পে ২৬৯ জন ঝাড়ুদারকে ১৭.৫০ লক্ষ টাকা ভরতুকি দেওয়া হয়েছে আর ৫.৩২ লক্ষ টাকা প্রান্তিক ঋণের জন্য সাহায্য করা হয়েছে। এবং ৮.৪৯ লক্ষ টাকা বিশেষ ঋণের জন্য দিয়েছেন। ২০০০-২০০১ সালের অক্টোবর পর্যন্ত যে প্রকল্প হয়েছে তাতে ২৬২ জন ঝাড়ুদারকে ৬.৩০ লক্ষ টাকা ভরতুকি দিয়েছেন। প্রান্তিক ঋণ হচ্ছে ১.৯০ লক্ষ টাকা আর ৩.৮৭ লক্ষ টাকা বিশেষ ঋণ এবং ০.৬৩ লক্ষ টাকা ব্যাংক ঋণের সাহায্য করেছেন। এই যে পরিসংখ্যান দিয়েছেন তাতে বোঝা যাচ্ছে না যে কোন খাতে কত বাড়াচ্ছেন বা কমাচ্ছেন। আপনার দৃষ্টি আকর্ষণ করে যে কথা আমি বলতে চাইছি, এই সরকারের আমলা এবং সরকারি কর্মচারীরা তপশিলি জাতি, উপজাতিদের জন্য কি কল্যাণ করবেন ? কেননা আমলারা এই তপশিলি জাতি, উপজাতিদের একটা বৈষম্যের চোখে দেখেন। তাদের আজকে সার্টিফিকেট পেতে হলে পায়ের জুতো খয়ে যাচ্ছে। এস সি, এস টি-দের কল্যাণের জন্য আপনারা ব্যাংকের সঙ্গে মিটিং করছেন, আঠারো বছর বয়সে যে নাম লিখিয়েছিল, চল্লিশ বছর বয়সেও যে লোন পাচ্ছে না। এইভাবে যদি চলতে থাকে তাহলে তপশিলি জাতি, উপজাতিদের জন্য আপনারা কতখানি সাহায্য করতে পারেন বলবেন। তপশিলি জাতি, উপজাতিদের কল্যাণের জন্য যে সমস্ত স্কীমগুলো আছে, সেখানে ব্যাংক কেন্দ্রীয় সরকার এবং রাজ্য সরকারের ভরতুকির টাকাই শুধু দিচ্ছে, সাবসিডির টাকাই দিচ্ছে, ব্যাংক নিজে কোনো টাকা দিচ্ছে না। আপনারা জেলায় জেলায় যান, ব্যাংকারসদের সঙ্গে বসুন, তারা পরিষ্কার

পরিসংখ্যান দিয়ে বলবেন তপশিলি জাতি, উপজাতিদের জন্য তারা মোটেই আগ্রহী নয়। ইন্দিরা আবাস যোজনার কোটি কোটি টাকা আপনার ব্যাংকে ফেলে রেখেছেন, আর সুদ খাচ্ছেন। সেই টাকায় কোনো আবাসন হচ্ছে না। আর যে আবাসনগুলো তৈরি হয়েছে সেগুলো সম্পূর্ণভাবে থাকার অনুপযুক্ত। সেখানে মানুষ থাকতে পারে না। তাই এই বাজেট বরাদ্দের তীব্র বিরোধিতা করছি এবং কাট-মোশানগুলোকে সমর্থন করে আমার বক্তব্য শেষ করছি।

শ্রী ভূতনাথ সোরেন : মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, অনগ্রসর শ্রেণি কল্যাণ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী মহাশয় ২০০১-২০০২ সালের জন্য যে ব্যয়বরাদ্দ এখানে পেশ করেছেন তাকে সমর্থন করে এবং বিরোধীদের আনীত কাট-মোশানের বিরোধিতা করে আমি এই বাজেট সম্বন্ধে দু-একটি কথা বলতে চাই। এই হাউসে অনেক বক্তারই বক্তব্য শুনলাম। এই হাউসের প্রাক্তন এবং বিগত দিনের অভিজ্ঞ একজন বিরোধী সদস্য বক্তব্য রাখতে গিয়ে একটা মন্তব্য করেছেন। আমি ওনাকে এই কথা বলতে চাই, অনগ্রসর শ্রেণির ইতিহাসটা আপনাকে জানতে হবে। এই অনগ্রসর শ্রেণি স্বাধীনতার আগে তারা নিজেদের চেষ্টায় জমি-জায়গা তৈরি করেছিল এবং সেখানে তারা সুখে-স্বাচ্ছন্দ্যে বাস করত। প্রথম দিকে ব্রিটিশ সাম্রাজ্যবাদ ওদের বাধা দিয়েছিল এবং তাদের আশ্রিত মহাজনরা স্বাধীনতার পরে সবচেয়ে বেশি বাধা দিয়েছিল। এই অনগ্রসর শ্রেণির মানুষকে কংগ্রেসীরা সাতাশ, আঠাশ বছর ধরে নিপীড়ন করেছিল, সামাজিক মর্যাদা থেকে বঞ্চিত করেছিল। আমি গ্রাম বাংলার সাঁওতালি সম্প্রদায়ের মানুষ, কংগ্রেসী আমলে এই সমস্ত মানুষদের কোনো মর্যাদা দেওয়া হয়নি, ঘৃণার চোখে দেখা হত। চব্বিশ বছর ধরে এই সরকার চলছে তপশিলি জাতি, উপজাতি মানুষের পাশে এসে এই সরকার দাঁড়িয়েছে। এই সরকার ভূমি সংস্কারের মাধ্যমে এদেরকে জায়গা-জমি দিয়ে এদের উন্নতি করার চেষ্টা করেছে। পঞ্চায়েত ব্যবস্থার মাধ্যমে তাদের সুযোগ-সুবিধা দিয়ে অর্থনৈতিক উন্নতির চেষ্টা করা হয়েছে। পরবর্তীকালে তাদের শিক্ষার মর্যাদা দিয়েছে এই বামফ্রন্ট সরকার—এটা আমার বাস্তব উপলব্ধি। তাদের ছাত্রদের জন্য হস্টেলের ব্যবস্থা করেছে, সেখানে থেকে তারা পড়াশোনা করতে পারছে। চাকরির ক্ষেত্রে রিজার্ভেশন আমরা পাচ্ছি। আইনটা হয়তো আপনারা করেছেন, কিন্তু লাগু করেছে এই বামফ্রন্ট সরকার। এটাই বাস্তব। আমাদের জন্য প্রাক চাকরি প্রশিক্ষণ কেন্দ্র করেছে কলকাতায়। এটা আগে কখনও ছিল না। আমি বলব, এইরকম কেন্দ্র যাতে আরও খোলা যায় তার ব্যবস্থা করতে। এই বাজেটেই আছে, লোহার, টোটো সম্প্রদায়ের মানুষের উন্নয়নের জন্য ব্যবস্থা করছেন। সাঁওতালি ভাষায় যাতে পড়াশোনার সুযোগ আমরা পেতে পারি, সেদিকে দৃষ্টি দেবেন। সাঁওতালি ভাষা শিক্ষাকেন্দ্র যাতে করা যায় সেটা দেখার জন্য অনুরোধ করছি। এই কটি কথা বলে, এই বাজেটকে সমর্থন করে আমার বক্তব্য শেষ করছি।

শ্রী যোগরঞ্জন হালদার : মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, মাননীয় মন্ত্রিমহাশয় ৩০৬ কোটি ৭৮ লক্ষ ৯৭ হাজার টাকার যে ব্যয়বরাদ্দ মঞ্জুরের দাবি পেশ করেছে তার বিরোধিতা করে আমার বক্তব্য রাখছি।

এই অনুন্নত সম্প্রদায়ের মানুষদের উন্নতি করার জন্য আপনাদের কি দায়িত্ব আছে আজকের উপস্থিতিতেই তার প্রমাণ মিলছে। দেখুন হাউস ফাঁকা, বামফ্রন্টের বেশির ভাগ সদস্যই চলে গেছেন। এই অনুন্নত সম্প্রদায়ের উন্নয়ন আপনারা চান না। বাজেটে মন্ত্রিমহাশয় অত্যন্ত সুকৌশলে বলেছেন—মোট জনসংখ্যার ২৯ শতাংশ অনগ্রসর জাতিভুক্ত। কিন্তু তিনি বলেননি তাদের জন্য মোট বাজেটের কত শতাংশ টাকা রেখেছেন। বলেননি কেন্দ্রীয় সরকার তাদের জন্য কত টাকা দিচ্ছেন। ভারতবর্ষের অন্যান্য রাজ্যে অনুন্নত শ্রেণির মানুষদের জন্য কত শতাংশ টাকা ব্যয় করা হয়, সেটাও বলেননি। বলেছেন পশ্চিমবাংলায় ৬০টি অনগ্রসর জাতি আছে। পশ্চিমবাংলায় সংখ্যালঘু সম্প্রদায়ের মানুষের সংখ্যা নেহাত কম নয়, কিন্তু তাদের ও.বি.সি.-র মধ্যে অন্তর্ভুক্ত করা হয়নি। কিন্তু ভারতবর্ষের অন্যান্য রাজ্যে এই ব্যবস্থা আছে। এখানে সেই ব্যবস্থা না থাকার প্রতিবাদ করছি।

এই বাজেট বরাদ্দকে ৪ ভাগে ভাগ করেছেন। প্রথমে বলেছেন শিক্ষার মান উন্নয়নের কথা। এই মান উন্নয়ন করতে গিয়ে ছাত্রদের কিছু সাহায্যের কথা বলেছেন, বিদ্যালয় স্থাপনের কথা, অর্থনৈতিক উন্নয়নের কথা বলেছেন, সাংস্কৃতিক উন্নয়নের কথা বলেছেন, শংসাপত্রের কথা বলেছেন।

কিন্তু এই সমস্ত প্রক্রিয়া করার জন্য আপনি জেলায় ডিস্ট্রিক্ট ওয়েলফেয়ার কমিটি তৈরি করেছেন। আজকে জিজ্ঞাসা করছি পঞ্চায়েত ওয়েলফেয়ার কমিটি ডিস্ট্রিক্ট ওয়েলফেয়ার কমিটি করা হয়েছে। সেখানে সেই নাম আসলে ডিস্ট্রিক্ট ওয়েলফেয়ার কমিটি বিবেচনা করবে। আমি একটা কথা বলছি। এখানে অনেকে বলেছেন বামফ্রন্ট সরকার তপশিলিদের ক্ষেত্রে অনেক উন্নয়ন ঘটিয়েছে। কিন্তু এখানে যে শাসন ব্যবস্থা, তাতে তপশিলিদের ক্ষেত্রে কোনো উন্নয়নই করতে পারেননি। এই কথা বলে এই বাজেটের বিরোধিতা করে আমার বক্তব্য শেষ করছি।

শ্রী অজিত ভুঁইঞ্যা : মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, এখানে মাননীয় মন্ত্রী অনগ্রসর মানুষদের কল্যাণের জন্য যে বাজেট বরাদ্দের মঞ্জুরী করেছেন, তার বিরোধিতা করে বিরোধীদের আনা কাট-মোশানের সমর্থন করে আমার বক্তব্য শুরু করছি। এখানে উনি ৩০৬ কোটি ৭৮ লক্ষ ৯ হাজার টাকা বরাদ্দ পেশ করেছেন এবং এই প্রস্তাবে অনেক ভুল তথ্য উনি পরিবেশন করেছেন। মণ্ডল কমিশন যে রিপোর্ট পেশ করেছিল সুপ্রীম কোর্টের সিদ্ধান্ত অনুযায়ী, তাতে ১৭৭টি জনগোষ্ঠী জাতিকে অনগ্রসর হিসাবে চিহ্নিত করেছিলেন এবং পরবর্তীকালে ৮৬ সালে পশ্চিমবঙ্গ সরকার ৪৭টি জাতি গোষ্ঠীকে স্বীকৃতি দিয়েছিল। দু হাজারে সেটা ৬০-এর সংখ্যায় গিয়ে দাঁড়িয়েছে। আজ পর্যন্ত সেই সংখ্যা বৃদ্ধি হয়নি। কিন্তু একটা কথা সবাই জানে যে, এই অনগ্রসর শ্রেণির মধ্যে আরও অনেক মানুষ আছে, যাদের এই মানুষ হিসাবে চিহ্নিত করার দরকার। আমি বলতে চাইছি যে, এস টি সম্প্রদায় হিসাবে পশ্চিমবঙ্গে যে নথিভুক্ত করা হয়েছে, সেই জায়গায় মারাত্মক ত্রুটি দেখা যাচ্ছে সেটা হচ্ছে কোল ভিল মুণ্ডা, যাদের সাধারণত এস টি বলে মনে করেছি, তাদের এস সি করা হয়েছে।

কিন্তু আজ পর্যন্ত মন্ত্রী মহাশয়, আপনি নিজে চিন্তা করে দেখবেন কোন সম্প্রদায়ের মানুষকে এস টি ভুক্ত করা যায় কিনা এবং যদি করা উচিত হয়, তাহলে কেন করতে পারেননি। আর একটা এস সি সম্প্রদায়ের মানুষ মাজি জনগোষ্ঠী বলে জাতি সম্প্রদায় রয়েছে, নন্দরানী ডলের জায়গা কেশপুরের দিকে, ওখানে হাজার হাজার মানুষ এই সম্প্রদায়ের, তাদের এস সি বলে গণ্য করা উচিত।

[5.10—5.20 p.m.]

এই বিষয়টা আমি মন্ত্রিমহাশয়-এর দৃষ্টি আকর্ষণ করছি। ও.বি.সি.'র ক্ষেত্রে বলি, ও.বি.সি. হিসাবে মুসলমান সম্প্রদায়ের মধ্যে অনেক অনুন্নত জাতিগোষ্ঠী রয়েছে, যাদেরকে ও.বি.সি. আওতাভুক্ত করা দরকার। আরেকটা বিষয় হচ্ছে ওঁরাও সম্প্রদায়ের লোক যারা এস টি আওতাভুক্ত তাদেরকে এস সি আওতাভুক্ত করে দেওয়া হয়েছে। নাকাশীপাড়ায় যেখানে ১৫ পার্সেন্টি, ১৬ পার্সেন্ট, ২১ পার্সেন্ট মানুষ বসবাস করছে সেখানে তাদের এস সি আওতাভুক্ত করে দেওয়া হয়েছে ইতিপূর্বে যারা এস টি হিসাবে স্বীকৃত ছিল। এই বিষয়টা আমি তীব্র প্রতিবাদ করছি। অবিলম্বে তাদেরকে এস টি আওতাভুক্ত করা হোক। আমি যেকথা বলতে চাই স্বনিযুক্তি প্রকল্প নিয়ে যে কথা বলেছেন। আজকে স্বনিযুক্তি নিয়ে এস সি, এস টি সম্প্রদায়ের মানুষ সম্পর্কে তথ্য দিয়েছেন। আজকে মাত্র দুটো জায়গায় প্রশিক্ষণ কেন্দ্র চালু করতে পেরেছেন। জলপাইগুড়িতে নির্মাণ কাজ চলছে। ২৪ বছরের উন্নয়নের ইতিহাস। এখানে দেখলাম অনেকে এরই সপক্ষে হাততালি দিচ্ছেন। আসল তথ্য হচ্ছে সি পি এমের ছেলেদের যত সুযোগ-সুবিধা দেওয়া যায়, সি পি এমের ছেলেরা সুযোগ-সুবিধা সব পাবে। আজকে এস সি, এস টি-দের প্রতি আপনাদের দরদ দেখছি। চন্দ্রকোণাতে লক্ষ্মীপ্রিয়া মন্ডল সে সি পি এমের ছেলেদের দ্বারা লাঞ্ছিত। সীতারাম দলুই গ্রাম পঞ্চায়েত প্রধান, আরতি দলুই পঞ্চায়েত প্রধান সি পি এমের অত্যাচারে দীর্ঘদিন ঘরছাড়া। এই হচ্ছে তপশিলি সম্প্রদায়ের মানুষের উপর আপনাদের দরদের নমুনা। আজকে যে কথাটা আপনাদের বলতে চাই, স্পেশাল কমপোনেন্টে কথা বলছেন। স্পেশাল কমপোনেন্টের নামে আপনারা মানুষকে ধোঁকা দিয়েছেন। নানা প্রকল্প তৈরি করেছেন সেই প্রকল্প কোথায় গেল ? কুটিরজ্যোতি, লোকদ্বীপ প্রকল্প, আদিবাসী অধ্যুষিত এলাকার মানুষের জন্য আপনি সেচের ব্যবস্থা করতে পেরেছেন ? বাজেট বরাদ্দ করতে গিয়ে ৪৩টা খাতে ব্যাপক পরিকল্পনা, ব্যাপক কর্মসূচি শুধুমাত্র মানুষের দৃষ্টিকে ঘুরিয়ে দেওয়া হচ্ছে। প্রকৃতপক্ষে একটা উন্নয়নের পরিকল্পনার মধ্যে যাতে আনা যায় সেজন্য আপনার কোনো পরিকল্পনা নেই। সেজন্য এই প্রস্তাবের বিরোধিতা করে বিরোধীদের আনা কাট-মোশান সমর্থন করে আমার বক্তব্য শেষ করছি।

শ্রীমতী বিলাসীবালা সহিস : মাননীয় অধ্যক্ষ মহাশয়, ২০০১-২০০২ সালের ৪১ নম্বর দাবির পরিপ্রেক্ষিতে যে বাজেট বরাদ্দ বিধানসভায় উত্থাপিত হয়েছে তাকে সমর্থন করছি এবং এই বাজেটের বিরুদ্ধে বিরোধী দলের সদস্যরা যে ছাঁটাই প্রস্তাব এনেছেন আমি তার বিরোধিতা করছি। এই বাজেট সম্পর্কে বিধানসভায় দু-একটি কথা বলতে চাই। স্যার,

আজকে সরকার পক্ষ এবং বিরোধী পক্ষের সদস্যরা বাজেট সম্পর্কে আলোচনা করেছেন, তারা পরামর্শ দিয়েছেন। আমাদের দপ্তরের পক্ষ থেকে আমরা সেগুলো পরবর্তীকালে নিশ্চয়ই বিচার-বিবেচনা করব। কিন্তু স্যার, পাশাপাশি এই কথা বলতে চাই যে বিরোধী দলের সদস্যরা যে বক্তব্য রাখলেন তাতে আশ্চর্য হয়েছি। তারা যদি সামগ্রিক দৃষ্টিভঙ্গি নিয়ে আলোচনা করতেন তাহলে আমরা অনেক কিছু শিখতে পারতাম। কিন্তু ওনারা নিজেদের রাজনৈতিক চরিত্র চরিতার্থ করার জন্যই শুধুমাত্র কয়েকটা নেগেটিভ দিক উল্লেখ করলেন, ২৪ বছরে আমাদের যে সাফল্য সেই সাফল্য তাঁরা বিন্দুমাত্র উল্লেখ করলেন না। স্যার, আমি আপনার মাধ্যমে যে কথা বলতে চাইছি আপনি জানেন ষষ্ঠ বারের জন্য বামফ্রন্ট সরকার তৈরি হয়েছে। পশ্চিমবাংলায় সংরক্ষিত আসনের সংখ্যা ৭৬টি, আমরা হিসাব করে দেখেছি যাঁরা মায়াকান্না কাঁদছেন, যাঁরা তপশিলি অনগ্রসর সম্প্রদায়ের মানুষের জন্য পরিকল্পনার কথা বলছেন মানুষ তাঁদের দিকে নেই। ৭৬টি আসনের মধ্যে ৬৬টিই বামফ্রন্ট পেয়েছে। এই মানুষরা কোন দিকে আছেন আমি তার হিসাব দিচ্ছি, ৮২ পারসেন্ট আদিবাসী সম্প্রদায়ের মানুষ আমাদের দিকে আছেন, আর ৫৬ শতাংশ তপশিলি সম্প্রদায়ের মানুষ ও অনগ্রসর শ্রেণির মানুষ আমাদের দিকে আছেন। স্বাভাবিকভাবেই আমি যেটা বলতে চাইছি ১৯৭৭ সালে পশ্চিমবাংলার জনগণের যে প্রাণঢালা ভালোবাসা, সেই ভালোবাসায় বামফ্রন্ট সরকার তৈরি হয়েছে। গরিব আদিবাসী সম্প্রদায়ের মানুষ বুঝেছে তাদের জীবনের বন্ধু হচ্ছে বামফ্রন্ট সরকার, ওই কংগ্রেস বা ওই তৃণমূল কংগ্রেস নয়। আমরা দেখেছি আমরা যখন বিভিন্ন ধরনের উন্নয়মূলক পরিকল্পনা গ্রহণ করেছি, যদিও আমাদের অনেক কাজ বাকি আছে, আমরা আরও কাজ করতে চাই। আমাদের সামাজিক, অর্থনৈতিক, শিক্ষার উন্নয়নের জন্য আমরা বহুমুখী কর্মসূচি গ্রহণ করেছি। আমরা দেখেছি তাদের শিক্ষার জন্য প্রাথমিক স্তর থেকে উচ্চমাধ্যমিক স্তর পর্যন্ত ব্যবস্থা হয়েছে তারা শিক্ষিত হতে পারে। বিগত দিনে যে বঞ্চনা আপনারা করেছিলেন, আপনার শিক্ষার ব্যবস্থা করেননি। আমরা প্রাথমিক স্তর আশ্রম হস্টেল, স্কুল সংলগ্ন হস্টেল এবং সেন্ট্রাল হস্টেল করেছি। আগে তারা বাঁচুক, আগে তারা শিক্ষিত হোক, সেইজন্য আমরা এই কাজগুলি করেছি। আপনাদের শুনলে ভালো লাগবে প্রায় ৬০ হাজার আদিবাসী তপশিলি সম্প্রদায়ের ছাত্রছাত্রী স্কুল সংলগ্ন হস্টেলে থেকে পড়াশোনা করছে। ভবিষ্যতে আমরা আরও সুযোগ দেব। দারিদ্র্যসীমার নীচে বসবাসকারী মানুষের সংখ্যা ৫৭ পারসেন্ট থেকে ২৫ পারসেন্ট হয়েছে, কমেছে। উন্নয়ন বলতে আপনারা কি বোঝেন আমি জানি না। সেই উন্নয়নের কাজ বামফ্রন্ট সরকার ২৫ বছরে ধরেই করছে। কিছু অসুবিধা আছে। মাননীয় সদস্য গোবিন্দ নস্কর বলেছেন টি.ডি.সি.সি.-র কথা। হ্যাঁ, টি.ডি.সি.সি.-তে আমাদের কিছু অসুবিধা আছে। কিভাবে এর পাশাপাশি স্কীম গ্রহণ করতে পারি তার জন্য আমরা কর্মসূচি গ্রহণ করবার জন্য পুনর্বিবেচনা করছি। আরও বেশি বেশি মানুষকে আমাদের যে সমস্ত প্রোগ্রাম আছে তাতে নিয়ে আসা যায় তার জন্য আমরা আরও বেশি বেশি করে হস্টেল করতে চাই এবং শিক্ষার সুযোগ আরও বেশি করে করতে চাই। মাননীয় সদস্য নেপালবাবু কতগুলি বিষয় নিয়ে বলেছেন। আমরা আমাদের বিধানসভায় একটা বিবৃতি দিয়েছি এবং সেই সম্বন্ধে অনেকে আজকে বলেছেন, সেই বিষয়গুলি আন্তরিকতার সঙ্গে আমরা বিবেচনা করছি যত তাড়াতাড়ি সম্ভব।

[5.20—5.30 p.m.]

আমরা সেই জন্য বলছি, আসুন ২৫ বছর ধরে যে উন্নয়ন হয়েছে আপনারা তার বিরোধিতা করবেন না। তবে কোথাও ত্রুটি হয়ে থাকলে আমাদের বলুন, আমরা সেগুলো সংশোধন করব এবং তার মধ্যে দিয়ে আমরা অবহেলিত, বঞ্চিত, নিষ্পেষিত মানুষকে অধিকার দিতে চাই। আমরা চাই এই অবহেলিত, বঞ্চিত মানুষরা সমাজের মূল স্রোতে ফিরে আসুক। বিরোধীদের পক্ষ থেকে উদ্দেশ্যপ্রণোদিতভাবে এক্ষেত্রে যে কাট-মোশানগুলে দেওয়া হয়েছে তার বিরোধিতা করে এবং আমাদের বাজেটের সমর্থন করে আমার বক্তব্য শেষ করছি।

শ্রী উপেন কিস্কু : মাননীয় উপাধ্যক্ষ মহোদয়, ৪১ নম্বর দাবির পরিপ্রেক্ষিতে যে বাজেট উত্থাপন করা হয়েছে সেই বাজেটের আলোচনায় আমি বিরোধী বন্ধুদের কথা মনোযোগ দিয়ে শোনার চেষ্টা করি, বোঝার চেষ্টা করি এবং সত্যিকারের যখন সারা রাজ্যকে বামফ্রন্ট সরকার বদলে দিচ্ছেন তখন আপনারা একটা সরকার গড়ার স্বপ্ন দেখছিলেন। কিন্তু সমাজের মোট জনসংখ্যার ১/৩ অংশ তপশিলি জাতি, উপজাতি, অনগ্রসর সমাজের পিছিয়ে পড়া অংশের সেইসব মানুষের সঙ্গে আপনাদের যোগাযোগ কতটা, তাদের জন্য আপনাদের দৃষ্টিভঙ্গিই বা কি, তা বোঝার চেষ্টা করছিলাম। আমি বোঝার চেষ্টা করছিলাম ২৪ বছরের কাজের মধ্যে দিয়ে ত্রুটি কোথায়, ঘাটতি কোথায়, যদি কোনো সারবত্তা পাই—সেটা বোঝার চেষ্টা করছিলাম।

সব বক্তব্যের মধ্যে আমি যাব না। কিন্তু প্রথমে যে কথা বলব সেটা হচ্ছে মাননীয় গোবিন্দ নস্কর মহাশয় দীর্ঘদিনের পুরনো বন্ধু এবং উনি এক সময় শিক্ষা বিভাগের আংশিক দায়িত্বও পালন করেছিলেন। উনি বলুন, সেই সময় উনি তপশিলি জাতি, উপজাতি পিছিয়ে পড়া অংশের মানুষদের জন্য কি কি কাজ করেছিলেন ? বলুন, আমি এই এই কাজ করেছিলাম পিছিয়ে পড়া, অনুন্নত সম্প্রদায়ের মানুষের জন্য। আমরা জানি, স্বাধীনতার পর থেকে ১৯৭৭ সাল পর্যন্ত, বামফ্রন্ট সরকার আসার আগে পর্যন্ত তপশিলি, আদিবাসী, অনুন্নত সম্প্রদায়ের পিছিয়ে পড়া অংশের মানুষের জন্য আপনারা যে দৃষ্টিভঙ্গি নিয়েছিলেন, যে কাজকর্ম করেছিলেন তা খুবই উল্লেখযোগ্য কিছু ছিল না। এবং এই কারণেই সমাজের সমস্ত পিছিয়ে পড়া অংশের মানুষ আপনাদের দূরে ছুড়ে ফেলেছে ১৯৭৭ সাল থেকে আজ পর্যন্ত। আপনারা তাদের কোনো দিনও মাথা তুলে দাঁড়াতে দেননি, তাদের ঘৃণা করেছেন, চিরকাল এই পিছিয়ে পড়া অংশের মানুষদের পিছিয়ে রেখেছেন, পায়ের তলায় রেখেছেন। কিন্তু বামফ্রন্ট সরকারের আমলে তারা মাথা উঁচু করে দাঁড়িয়ে অন্যান্য সমস্ত মানুষের সঙ্গে কাঁধে কাঁধ মিলিয়ে গ্রামোন্নয়নের কাজে অংশ গ্রহণ করেছে। আর, সেই জন্যই আজকে আপনাদের গায়ে জ্বালা ধরছে। আমার বেশি জবাব দেওয়ার প্রয়োজন নেই কিন্তু একটা বিষয়ে উল্লেখ না করলে নয়। কেশপুর, গড়বেতা, জয়পুর, কোতুলপুরের কথা এখানে উঠেছে। এই প্রসঙ্গে একজন মাননীয় সদস্য বললেন—রিক্ত, নিপীড়িত, বঞ্চিত। ওদের যেন 'কানু ছাড়া গীত নেই'। আপনাদের পাঁশকুড়া লাইন কোথায় গেল ? কেশপুর, গড়বেতা, জয়পুরের জনগণ রায় দিয়ে দেখিয়েছে বামফ্রন্ট সত্য কথা বলেছে, না আপনারা সত্য কথা বলেছেন। সেটা প্রমাণ

হয়ে গেছে বিগত বিধানসভা নির্বাচনে। আপনারা যে কথা গায়েন না কেন পশ্চিমবাংলার মানুষকে, ভারতবর্ষের মানুষকে ভুল বোঝাতে পারবেন না। আপনারা ছোটা আঙারিয়া, সুজপুরের ঘটনার মধ্যে দিয়ে যে ষড়যন্ত্র করেছিলেন পশ্চিমবাংলার মানুষ তার যোগ্য জবাব দিয়েছে। তাই আজকে আপনাদের মায়াকান্না কাঁদা ছাড়া আর কিই বা করার থাকতে পারে। বহুদিন ধরে বঞ্চিত, অবহেলিত এই পিছিয়ে পড়া সম্প্রদায়ের মানুষরা যখন আজকে বাঁচার চেষ্টা করছে, ভিক্ষা নয়, সহানুভূতি নয়, দয়া নয়, মর্যাদা নিয়ে, অধিকার নিয়ে মাথা উঁচু করে দাঁড়াতে চাইছে তখন সারা ভারতবর্ষের মধ্যে পশ্চিমবাংলা তাদের পথ দেখাচ্ছে।

পশ্চিমবঙ্গ আজকে সারা ভারতবর্ষের মানুষের সামনে পথ দেখাচ্ছে, ভবিষ্যতের দিক নির্দেশন করছে। এর জন্য আপনাদের জ্বালা, এর জন্য আপনাদের যন্ত্রণা। আপনারা ১৯৪৭ সাল থেকে ১৯৭৭ সাল পর্যন্ত পশ্চিমবঙ্গ বিধানসভায় দায়িত্ব পালন করেছিলেন। কে বাধা দিয়েছিল ? তফশিলি জাতি ও আদিবাসীদের জন্য এত দরদ, বড় বড় কথা বলছেন, এত সাজেশন দিচ্ছেন, এত সমালোচনা। কে বাধা দিয়েছিল ? এসব কার্যকরী করতে বামপন্থীরা বাধা দিয়েছিল ? বলতে পারবেন ? বলতে পারবেন না। আপনাদের ওই মায়াকান্না কুমিরের কান্না ছাড়া কিছু নয়। গরিব মানুষ, তপশিলি জাতি ও আদিবাসী মানুষদের জন্য শুধু কিছু কথার কথা বলে পার পাওয়ার চেষ্টা করছেন। উনি ল্যাম্পস সম্পর্কে কিছু কথা বললেন। কিন্তু এটা ঘটনা যে ল্যাম্পস সম্পর্কে উনি অন্তত কিছু খোঁজখবর রাখেন না। কি করে রাখবেন ? উনি তো দাদার দিকে, না দিদির দিকে তা আমি জানি না। দাদা-দিদি করতে তাঁর সময় চলে যায়, ল্যাম্পসের খবর কি করে রাখবেন ? আদিবাসী পাড়ায় জঙ্গলের ধারে যাঁরা বাস করেন, তাঁদের খবর কি করে রাখবেন ? তার জন্য ল্যাম্পসের আদিবাসী মানুষ যে শালবীজ সংগ্রহ করে—ওই দিল্লির সরকার, আপনাদের প্রিয় বন্ধুরা গত বছরের শালবীজের ৭০ লক্ষ টাকা এখনও পর্যন্ত দেয়নি। এমনই আপনাদের বন্ধু, দিল্লির সরকার, জনদরদী সরকার, আদিবাসীদের জন্য অনেক কথা বলেন। আজকে এই হচ্ছে তাদের অবস্থা। গত বছর টি.ডি.সি. উন্নয়নের জন্য এক পয়সা তাঁরা দেননি। তাঁরা ৫০ লক্ষ টাকা দেওয়ার প্রতিশ্রুতি দিয়েছিলেন। আমরা বিভিন্ন স্কীম পাঠিয়েছিলাম, কিন্তু এক পয়সা তাঁরা দেননি। মাননীয় গোবিন্দবাবু যদি এই সব খবর রাখতেন তাহলে বুঝতে পারতেন দিল্লির সরকার কিরকম অসহযোগিতা করছেন পশ্চিমবঙ্গের আদিবাসী উন্নয়নের জন্য। এছাড়া যে কথা বলেছেন যে, কাজের বিনিবয়ে খাদ্য—এসব বহু পুরনো কথা, সেসব স্কিম আজকে উঠে গেছে। একটু পড়াশুনা করবেন, একটু খোঁজখবর রাখবেন তা হলে আরও বিষয়ে আপনি জানতে পারবেন। আপনি ও.বি.সি. সম্পর্কে বলেছেন, ১৭৭টি জাতিগোষ্ঠীর কথা বলেছেন। কিন্তু উনি জানেন না যে, আমরা ৬০টি জাতিগোষ্ঠীকে ও.বি.সি. জাতিভুক্ত করছি। দিল্লির সরকার আজও তার মধ্যে ১৩টি জাতিগোষ্ঠীকে সেখানে যুক্ত করেননি, ওঁদের থেকে আমরা পশ্চিমবঙ্গে ১৩টি জাতিগোষ্ঠীকে বেশি ও.বি.সি. সম্প্রদায়ভুক্ত করলাম। সে সম্বন্ধে তো কিছু বলছেন না ? আজকে ও.বি.সি.রা অনেক সুযোগ-সুবিধা পেতে পারত, কিন্তু দিল্লির এই কাজের জন্য সেগুলো তারা পাচ্ছে না। আজকে অনেক প্রশ্নের জবাব দেওয়া যায়, কিন্তু সময় হবে না। শিক্ষাক্ষেত্রে আমরা যে পরিকল্পনাগুলো গ্রহণ করেছি আমি সেগুলো বলতে চাই।

আমি বিনীতভাবে আপনাদের সামনে বলতে চাই, যে বছর পশ্চিমবঙ্গের সিংহাসন থেকে জনগণ আপনাদের ছুঁড়ে ফেলে দিল তখন আপনারা কতজন তপশিলি জাতি ও আদিবাসী ছাত্র-ছাত্রীদের জন্য হস্টেলের সুযোগ-সুবিধা দিয়েছিলেন ? কত টাকা স্টাইপেন্ড পেত ? ১১ হাজার। আর আজকে ৭০ হাজার পায়। আজকে পশ্চিমবঙ্গে মাধ্যমিক পর্যায় পর্যন্ত, বিভিন্ন পর্যায়ে হস্টেল থেকে তাঁরা লেখাপড়া শেখার সুযোগ পাচ্ছেন। কত গুণ হিসেব করে দেখবেন, আমরা এগোচ্ছি না পিছোচ্ছি—এগুলোই তার নজির। আমি সব বিস্তৃতভাবে বলতে চাই না। দু-একজন মাননীয় সদস্য বলেছেন, বুক গ্রান্টের পরিমাণ কম, হস্টেলের পরিমাণ কম। আমরা চেষ্টা করছি হস্টেলের পরিমাণ বাড়াবার জন্য, আমরা কম পয়সায় রেশনের মাধ্যমে হস্টেলগুলোতে যাতে এই টাকার মধ্যে দিয়ে ভালোভাবে খাওয়ানো যায়, স্টাইপেন্ডের পরিমাণ যাতে বাড়ানো যায়, কিংবা আরও বেশি হস্টেল করা যায়, এইসব বিষয়ে আমাদের নির্দিষ্ট পরিকল্পনা আছে। আমরা সামনের বছর আরও বেশি করে এসব পরিকল্পনা রূপায়িত করতে পারব। এই সম্পর্কে আপনাদের আমি বলতে পারি, আমরা বিভিন্ন জেলায় ৫টি রেসিডেনশিয়াল স্কুল চালু করতে চাইছি, এর মধ্যে যেখানে মডেল স্কুল হবে সেখানে ভোকেশনাল ট্রেনিং থেকে শুরু করে খেলাধুলা, সাংস্কৃতিক মান উন্নয়নের একটা ভালো ব্যবস্থা থাকবে। সেই ৫টি রেসিডেনশিয়াল স্কুলের মধ্যে আমরা কয়েকটিতে আগামী বছর ফাইভ-সিক্স চালু করতে পারব এবং কনস্ট্রাকশন সম্পূর্ণ হলে আমরা সেই কাজটাকে পরিপূর্ণভাবে রূপায়িত করব। ২-১ বছরে করতে পারব—একথা আপনাদের বলতে পারি। দ্বিতীয়ত দারিদ্র্য দূরীকরণ কর্মসূচি নিয়ে আপনারা অনেক কথা বলেছেন, কিন্তু আপনারা একটা কথা তো বললেন না যে, আমরা গত বছর ১ লক্ষ ৯ হাজার তপশিলি জাতিভুক্ত এবং ২৮ হাজার আদিবাসী সম্প্রদায়ের মানুষকে দারিদ্র্যসীমার উপরে তোলার চেষ্টা করেছি। ব্যাংকে অনুদান দেওয়া সত্ত্বেও ব্যাংক রিলিজ করেনি। এটা কেন্দ্রীয় সরকারের ব্যাপার। আপনাদের বন্ধু দল, তাঁরা কেন্দ্রীয় সরকার পরিচালনা করেন। আপনারা বলুন না ব্যাংক কেন দিচ্ছে না ? আমরা বারে বারে বলেছি। যার ফলে আমাদের মাননীয় অর্থমন্ত্রী সঠিকভাবে বলেছেন, ব্যাংক যদি এই টাকা রিলিজ না করে, আমরা সেই অর্থ তুলে নেব। আজকে ব্যাংকের অসহযোগিতার জন্য, কেন্দ্রীয় সরকারের অসহযোগিতার জন্য অনেক তপশিলি জাতি এবং আদিবাসী মানুষকে দারিদ্র্যসীমার উপরে তোলা যাচ্ছে না।

[5.30—5.40 p.m.]

এ সত্ত্বেও আমরা সিদ্ধান্ত নিয়েছি সামনের বছর ১ লক্ষ ৫৯ হাজার তপশিলি ও আদিবাসী পরিবারকে দারিদ্র্যসীমা রেখার উপর তুলে আনব। আমরা পরিকল্পনা নিয়ে এগুচ্ছি এবং আমরা কার্যকর করবই, এটা আপনাদের বলতে পারি। আমাদের এন ই টি ডি স্কিমে বিভিন্ন নির্দিষ্ট পরিকল্পনা আছে এবং রাজ্য সরকারের বিভিন্ন বিভাগ সেগুলি কার্যকর করছে। স্বনিযুক্তি প্রকল্পের মধ্যে দিয়ে আমরা এস সি, এস টি এবং ও বি সি সম্প্রদায়ভুক্ত সাড়ে ছয় হাজার পরিবারকে স্বনির্ভর করে তুলতে চাই। এই পরিকল্পনা নিয়ে বাজেটে যে প্রস্তাব রেখেছি সে ব্যাপারে আপনাদের সহযোগিতা চাইছি। এখানে কাস্ট সার্টিফিকেট সংক্রান্ত কিছু

কথা বলা হয়েছে। হ্যাঁ, এতে কিছু সমস্যা আছে। কিন্তু আমি এটা বলতে পারি যে, আমরা এ ব্যাপারে সচেতন। কেন্দ্রীয় সরকারের নির্দেশ অনুযায়ী ডি এম-এর পক্ষে এ ডি এম, বা এস ডি ও সার্টিফিকেট দিয়ে থাকেন। এখানে ইন্সপেকশনের অসুবিধার কথা বলা হয়েছে। হ্যাঁ, ২/১টা জায়গায় ইন্সপেকশনের অসুবিধা আছে। তা সত্ত্বেও আমি বলতে পারি এস টি-দের ক্ষেত্রে ৭৫ ভাগের উপর কাস্ট সার্টিফিকেট দ্রুত বিতরণ করতে পেরেছি। ও বি সি-দের ব্যাপারে একটু সমস্যা আছে। আমাদের রাজ্যে দীর্ঘদিন ধরে জাতিগত পরিচয় লিখে রাখার কোনো ব্যবস্থা নেই। ফলে কেউ জাতিগত ডকুমেন্ট দেখাতে পারেন না। এতে ইন্সপেক্টরদের অসুবিধা হয়। তা সত্ত্বেও যাঁরা ইন্সপেকশন করেন তাঁরা সহানুভূতির সঙ্গে যতটা দ্রুত করা যায় তার জন্য চেষ্টা করছেন। এস সি-দের ক্ষেত্রে যত দরখাস্ত পড়েছিল তার ৬৫ ভাগেই আমরা দ্রুততার সঙ্গে সার্টিফিকেট ইস্যু করেছি। এখনও কিছু কিছু ত্রুটি-বিচ্যুতি আছে তা দূর করার জন্য আমরা সচেষ্ট আছি। এই সমস্ত সম্প্রদায়ের ছেলে-মেয়েদের অসুবিধা যাতে না হয় তার জন্য আমরা সচেতন। আশা করছি আগামী দিনে আমরা আপনাদের উদ্বেগ দূর করতে পারব। দুজন মাননীয় সদস্য জয়েন্ট এনট্রান্স-এর মাধ্যমে মেডিকেলে ভর্তি হবার ব্যাপারে বলেছেন। মেডিকেল কাউন্সিল অফ ইন্ডিয়া যে নির্দেশ দিয়েছে তাতে একটু অসুবিধা হচ্ছে—আদিবাসী ছাত্রছাত্রীদের যে সংখ্যায় সংরক্ষণের সুযোগ পাওয়ার কথা তা তারা পাচ্ছে না। এটা আমরা দেখছি। আমাদের মাননীয় মুখ্যমন্ত্রী দিল্লিতে মেডিকেল কাউন্সিল অফ ইন্ডিয়ার সঙ্গে যোগাযোগ করছেন যাতে আদিবাসী ছাত্রছাত্রীদের অধিক সংখ্যায় সংরক্ষণকে নিশ্চিতভাবে কার্যকর করা যায়। তারপর এখানে আদিবাসী নারী নির্যাতনের প্রশ্ন তোলা হয়েছে। এ সম্বন্ধে আমি একটা তথ্য এখানে উপস্থিত করতে চাই। গত ৭.৩.২০০১ তারিখে কেন্দ্রীয় সরকারের স্বরাষ্ট্র দপ্তরের রাষ্ট্রমন্ত্রী আই ডি স্বামী রাজ্যসভায় ১২১৯নং প্রশ্নের উত্তরে আদিবাসী নারীদের উপর অত্যাচারের ঘটনার একটা পরিসংখ্যান দিয়েছেন। তাতে আমরা দেখছি ১৯৯৬ সালে সারা ভারতে তপশিলি নারী ধর্ষণের ঘটনা ঘটেছে ১০৩৭টি, পশ্চিমবাংলায় শূন্য। সারা দেশে তপশিলি নারী অপহরণের ঘটনা ঘটেছে ৪৩টি, পশ্চিমবাংলায় শূন্য। সারা দেশে আদিবাসী নারী ধর্ষণ হয়েছিল ৪১টি, পশ্চিমবাংলায় শূন্য। ১৯৯৮ সালে গোটা দেশে তপশিলি নারী ধর্ষণের ঘটনা ৯২০টি, পশ্চিমবাংলায় শূন্য। অপহরণ সারা ভারতে ২৫০টি, পশ্চিমবঙ্গে শূন্য। সারা ভারতে আদিবাসী নারী ধর্ষণের ঘটনা ৩৩১টি, পশ্চিমবাংলায় শূন্য। অপহরণ সারা দেশে ৫৬টি, পশ্চিমবঙ্গে শূন্য। ১৯৯৯ সালে সারা দেশে তপশিলি জাতির নারী ধর্ষণের ঘটনা ঘটেছিল ৩৪৮টি, পশ্চিমবঙ্গে শূন্য। অপহরণ ৫৭টি, পশ্চিমবঙ্গে শূন্য। আদিবাসী নারী ধর্ষণ ৩৮৪টি, পশ্চিমবঙ্গে শূন্য। অপহরণ সারা ভারতে ৯০টি, পশ্চিমবঙ্গে শূন্য। এটা আমাদের তথ্য নয়, কেন্দ্রীয় সরকারের তথ্য। পশ্চিমবাংলায় আদিবাসী নারীরা যথেষ্ট মর্যাদা নিয়ে আছেন। চাকরির বিষয়ে এখানে বলা হয়েছে সংরক্ষণের সুযোগ ঠিক ঠিক কার্যকরী হচ্ছে না। আমি এ প্রসঙ্গে সর্বভারতীয় স্কুল শিক্ষক নিয়োগের একটা তথ্য এখানে উল্লেখ করতে চাই। সর্বভারতীয় ক্ষেত্রে স্কুল শিক্ষকের পদে নিযুক্তদের হার হচ্ছে ৬.৭ শতাংশ, সাড়ে ২২ শতাংশ রিজার্ভেশন থাকা সত্ত্বেও। এই অবস্থার মধ্যে পশ্চিমবঙ্গে গত তিন বছরে যে ১৬০০০ শিক্ষক নিয়োগ করা হয়েছে তার মধ্যে ৩,৭০০ জনই তপশিলি ও আদিবাসী সম্প্রদায়ভুক্ত মানুষ।

সেটা হচ্ছে ২৩ শতাংশ। প্রাথমিক পর্যায়ে ৫ বছরে ৩১ হাজার শিক্ষক নিয়োগ করা হয়েছে। সেখানে তপশিলি জাতি ও আদিবাসীরা পেয়েছে ৮ হাজার। অর্থাৎ ২৬ শতাংশ। এই হচ্ছে তথ্য। কিছু ব্যাকলগ আছে, সেটা একদিনে পূরণ করা যাবে কি করে ? বর্তমান পর্যায়ে সেই ফাঁকগুলি পূরণ করার ব্যাপারে আমরা চেষ্টা করছি। জমি বিতরণের ক্ষেত্রে—সারা ভারতে যেখানে ১৭ ভাগ পশ্চিমবঙ্গে বাস করে তপশিলি জাতি ও উপজাতি, সেখানে ৩০ ভাগ জমি বন্টিত হয়েছে এদের মধ্যে। ছাত্র-ছাত্রী সবচেয়ে বেশি পড়ছে পশ্চিমবাংলায়। এইভাবে পশ্চিমবাংলায় মানুষের সঙ্গে অন্যান্য সম্প্রদায়ের মানুষ তালে তাল মিলিয়ে চলার জন্য সামনের সারিতে এগিয়ে যাচ্ছে। আমরা তার জন্য বাড়তি ডোজ দেবার চেষ্টা করছি। এদেরকে বেশি দিতে চেষ্টা করছি। পিছনে পড়া মানুষকে যদি সামনের সারিতে আনতে হয় তাহলে সকলের সঙ্গে সমানভাবে তাদেরকে এগিয়ে নিয়ে আনতে হবে। আমরা সেই চেষ্টাই করছি। জানি, এর জন্য বাধা-বিঘ্ন আছে। আপনাদের আশংকার কোনো কারণ নেই, সুষম বিকাশের যে পরিকল্পনা নিয়েছি তা যদি সঠিকভাবে রূপায়িত করতে পারি তাহলে পরে পশ্চিমবাংলার অন্যান্য মানুষের সঙ্গে এই পিছনে পড়া মানুষ সামনের সারিতে এগিয়ে আসবে এবং আপনাদের এই আশঙ্কা যে অমূলক তা আগামীদিনে প্রমাণিত হবে। পশ্চিমবাংলার সমস্ত মানুষ আমাদের সঙ্গে আছে। সুতরাং আপনাদের এই আশঙ্কা মিথ্যা প্রমাণ করে আগামীদিনে এগিয়ে যেতে পারব। আর যে কাট-মোশানগুলি দিয়েছেন তা দেখে আপনারা পড়াশুনা করেছেন বলে মনে হল না। কারণ এই জন্য বলছি, শ্রী কাশীনাথ মিশ্র মহাশয় যে কাট-মোশান এনেছেন তাতে তিনি ৮ কোটি টাকার কথা বলেছেন। উনি বহু অভিজ্ঞ সদস্য। উনি এখানে নেই। উনি কোন ৮ কোটি টাকার কথা বলছেন তা বুঝতে পারলাম না। এটা এইরকম ঘটনা নয়। উনি যদি বাঁকুড়ার ট্রেজারির কথা বলে থাকেন তাহলে বলব, সেখানে মাত্র ৪৫ লক্ষ টাকা যুক্ত ছিল। সেটা কম্পিউটারের সমস্যার জন্য। এ বিষয়ে সংশ্লিষ্ট বিভাগের দৃষ্টি আকর্ষণ করেছি। তারা ব্যবস্থা নিচ্ছে। সেই টাকা পাবার চেষ্টা হয়েছে। তারপর বলেছেন, ১ নম্বর ব্লকে তাঁতকানালি গ্রামে কোনো উন্নয়ন হয়নি। আমরা ২।৩ বছরে ২৩ লক্ষ ৫৯ হাজার টাকা দিয়েছি। এই হচ্ছে কাট-মোশনের বিষয়বস্তু। এছাড়া অন্যান্য যে কাট-মোশান আছে সেগুলি জবাব দেবার আছে বলে মনে করি না। তথ্যনির্ভর নয়। পরিশেষে, এই বাজেটকে সমর্থন করার জন্য আপনাদের সকলের সহযোগিতা চেয়ে আমার বক্তব্য শেষ করছি।

V0TING ON DEMAND No. 41

The motions that the amount of the Demand be reduced to Re. 1/- and Rs. 100/- were then put and lost.

The Motion of Dr. Asim Kumar Dasgupta that a sum of Rs. 306,78,09,000 be granted for expenditure under Demand No. 41, Major Heads : "2202—General Education (Tribal Areas Sub-Plan), 2204—Sports and Youth Services (Tribal Areas Sub-Plan), 2210—Medical and Public Health (Excluding Public Health) (Tribal

Areas Sub-Plan), 2210—Medical and Public Health (Public Health) (Tribal Areas Sub-Plan), 2215—Water Supply and Sanitation (Excluding Prevention of Air and Water Pollution) (Tribal Areas Sub-Plan), 2225—Welfare of Scheduled Castes, Scheduled Tribes and Other Backward Classes, 2235—Social Security and Welfare (Social Welfare) (Tribal Areas Sub-Plan), 2250—Other Social Services (Tribal Areas Sub-Plan), 2401—Crop Husbandry (Excluding Horticulture and Vegetable Crops) (Tribal Areas Sub-Plan), 2401—Crop Husbandry (Horticulture and Vegetable Crops) (Tribal Areas Sub-Plan), 2402—Soil and Water Conservation (Tribal Areas Sub-Plan), 2403—Animal Husbandry (Tribal Areas Sub-Plan), 2404—Dairy Development (Tribal Areas Sub-Plan), 2406—Forestry and Wild Life (Tribal Areas Sub-Plan), 2408—Food, Storage and Warehousing (Tribal Areas Sub-Plan, 2425—Co-operation (Tribal Areas Sub-Plan), 2435—Other Agricultural Programmes (Tribal Areas Sub-Plan), 2501—Special Programmes for Rural Development (Tribal Areas Sub-Plan), 2575—Other Special Areas Programmes (Tribal Areas Sub-Plan), 2702—Minor Irrigation (Tribal Areas Sub-Plan), 2851—Village and Small Industries (Excluding Public Undertakings) (Tribal Areas Sub-Plan), 2852—Industries (Foods and Beverages) (Tribal Areas Sub-Plan), 4225—Capital Outlay on Welfare of Scheduled Castes, Scheduled Tribes and Other Backward Classes, 4250—Capital Outlay on Other Social Services (Tribal Areas Sub-Plan), 4425—Capital Outlay on Co-operation (Tribal Areas Sub-Plan), 4435—Capital Outlay on Other Agricultural Programmes (Tribal Areas Sub-Plan), 4702—Capital Outlay on Minor Irrigation (Tribal Areas Sub-Plan), 4705—Capital Outlay on Command Area Development (Tribal Areas Sub-Plan), 5054—Capital Outlay on Roads and Bridges (Tribal Areas Sub-Plan), 6225—Loans for Welfare of Scheduled Castes, Scheduled Tribes and Other Backward Classes, 6250—Loans for Other Social Services (Tribal Areas Sub-Plan) and 6425—Loans for Co-operation (Tribal Areas Sub-Plan)'] during the year 2001-2002.

(This is inclusive of a total sum of Rs. 102,18,35,000 already voted on account in February, 2001.)

was then put and agreed to.

Adjournment

At this stage the House was adjourned at 5.42 p.m. on Friday, the 20th July, 2001 till 11 a.m. on Monday, the 23rd July, 2001 at Assembly House, Kolkata.

Proceedings of the West Bengal Legislative Assembly assembled under the provisions of the Constitution of India

The Assembly met in the Legislative Chamber of the Assembly House, Kolkata, on Monday, the 23rd July, 2001 at 11.00 a.m.

PRESENT

Mr. Speaker (SHRI HASHIM ABDUL HALIM) in the Chair, 08 Ministers, 06 Ministers of State and 135 Members.

[11.00—11.10 a.m.]

POINT OF INFORMATION

শ্রী রবীন দেব : মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি এখানে একটি গুরুত্বপূর্ণ বিষয়ে উল্লেখ করছি যার সঙ্গে বিরোধীরাও একমত হবেন আশা করি, কারণ এটা দেশপ্রেমের ব্যাপার। ইতালির জেনোয়াতে গত ২০শে জুলাই জি-৮ কান্ট্রির সম্মেলন চলাকালীন সেখানে সাধারণ মানুষ যখন বিশ্বায়নের বিরুদ্ধে আন্দোলন করছিলেন তখন আন্দোলনকারীদের উপর পুলিশ গুলি চালায় এবং তার ফলে কার্লো গিউলিয়ানী নামে জেনোয়ার একজন তরুণ গুলিতে নিহত হয়েছেন, আহত হয়েছেন অনেকে। আমি দাবি করছি, হাউসে তার প্রতি শ্রদ্ধা জানানো হোক।

দ্বিতীয় ঘটনা হচ্ছে, গত শনিবার শেষনাগে অমরনাথ তীর্থযাত্রীদের উপর সন্ত্রাসবাদীদের আক্রমণে ১৩ জন প্রাণ হারিয়েছেন। নিহতদের মধ্যে পশ্চিমবঙ্গের দুজন, অসীম ঘোষ এবং সুরজিত কোনার রয়েছেন। আমার দাবি তাদের প্রতিও হাউস থেকে শ্রদ্ধা জানানো হোক।

মি: স্পীকার : দিস ওয়াজ মেনশনড্ ইন মাই চেম্বার দিস মর্নিং। সেখানে ঠিক হয়েছে আমরা বি.এ. কমিটিতে বসব। সেখানে সমস্ত পার্টির লোকেরা থাকবেন। সেখানেই এ সম্পর্কে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করব।

শ্রী শোভনদেব চট্টোপাধ্যায় : মি: স্পীকার স্যার, কোয়েশ্চেন আওয়ারের শুরুতে এটা অ্যালাউ করলেন কী করে ? আমরা এরকম বলতে চাইলে সেটা আপনি ডিসঅ্যালাউ করেন কিন্তু এটা অ্যালাউ করলেন।

মি: স্পীকার : অ্যালাউ, ডিসঅ্যালাউয়ের ব্যাপার নয়, আবারও বলছি, বি.এ. কমিটির মিটিংয়ে যখন আমরা সবাই মিলে বসব তখন এ ব্যাপারে সিদ্ধান্ত নেব। এখন আপনি আপনার কোয়েশ্চেন রেইজ করুন।

Starred Questions
(To which oral answers were given)

ডিগ্রি কলেজে বি.সি.এ., বি.বি.এম এবং মাইক্রোবায়োলজির পাঠক্রম

*৩১৩। (অনুমোদিত প্রশ্ন নং *১৬৫) শ্রী শোভনদেব চট্টোপাধ্যায় : উচ্চশিক্ষা বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

রাজ্যে বিশ্ববিদ্যালয় অনুমোদিত ডিগ্রী কলেজগুলিতে বি.সি.এ, বি.বি.এম এবং মাইক্রোবায়োলজি পাঠক্রমের জন্য আসন সংখ্যা কত ?

শ্রী সত্যসাধন চক্রবর্তী :

রাজ্যে অনুমোদিত ডিগ্রি কলেজগুলিতে বি.সি.এ কোর্সে প্রতি বছর ২৭০ জন এবং মাইক্রোবায়োলজিতে প্রতি বছর ২২৫ জন ছাত্রছাত্রী ভর্তির অনুমোদন আছে। কিন্তু বি.বি.এম পাঠক্রম চালু হয়নি।

শ্রী শোভনদেব চট্টোপাধ্যায় : রাজ্যে ৩৪০টির মত কলেজ আছে গভর্নমেন্ট এবং নন-গভর্নমেন্ট কলেজ মিলিয়ে। সেখানে বি.সি.এ.-তে ২৭০ এবং মাইক্রোবায়োলজিতে ২২৫টি সিট রয়েছে। কিন্তু প্রতি বছর দেখছি, বহু ছাত্রছাত্রী বি.সি.এ., বি.বি.এ. এবং এম.বি. পড়বার জন্য বাঙ্গালোর, মহারাষ্ট্রে চলে যাচ্ছে, কারণ প্রথম থেকে প্রাইভেট কলেজগুলোতে এ সব কোর্স পড়ান যায়নি। আমার প্রশ্ন, ওইসব কোর্স খোলার কোন পরিকল্পনা আপনার আছে কিনা ?

শ্রী সত্যসাধন চক্রবর্তী : আমাদের রাজ্যে যেটা খুলেছি সেটা বি.বি.এম. নয়, সেটা বি.বি.এ.—ব্যাচেলর অফ বিজনেস অ্যাডমিনিস্ট্রেশন এবং এম.বি.এ.-মাস্টার অফ বিজনেস অ্যাডমিনিস্ট্রেশন। আমাদের রাজ্যে এই বি.বি.এ. খোলা হয়েছে অনুমোদিত ডিগ্রি কলেজে এবং আমাদের ম্যানেজমেন্ট ইনস্টিটিউট যা রয়েছে সেখানে বি.বি.এ এবং এম.বি.এ. পড়াচ্ছে। বিশ্ববিদ্যালয়েও আমরা এই কোর্স চালু করেছি। আমাদের যে ইঞ্জিনিয়ারিং কলেজগুলি আছে, আপনারা জানেন এ.আই.সি.টি-র নিয়ম অনুযায়ী বি.সি.এ কোর্সগুলি সেই ইঞ্জিনিয়ারিং কলেজগুলিতে ম্যানেজমেন্ট কোর্স চালু হয়েছে। আমরা কয়েক বছর থেকে শুরু করেছি, প্রতি বছর বাড়ছে। মাইক্রোবায়োলজি বাড়ছে, মলিকুলার বায়োলজি বাড়ছে, বি.বি.এ., এম.বি.এ, এম.সি.এ এই সবগুলি প্রতি বছর বাড়ছে।

শ্রী শোভনদেব চট্টোপাধ্যায় : প্রফেশনাল এডুকেশানের ক্ষেত্রে আমাদের রাজ্য অন্যান্য রাজ্যের তুলনায় অনেক কম, অনেক পেছিয়ে আছে। যেমন অন্ধ্রপ্রদেশে ১৮৯টি প্রফেশনাল কলেজ, কর্ণাটকে ৩৪৬টি, মহারাষ্ট্রে ৫৩৮টি, তামিলনাড়ুতে ১৭৪টি, উত্তরপ্রদেশে ১৭৪টি সেখানে ওয়েস্ট বেঙ্গলে ৬৬টি। যেটা আমি বলতে চাই প্রফেশনাল কলেজ এত কম হয়ে যাওয়ায় আমাদের রাজ্য থেকে বহু ছেলে পড়ার জন্য বাইরের রাজ্যে চলে যাচ্ছে।

ক্যাপিটেশান ফি দিয়ে ভর্তি অন্যান্য রাজ্যেও আছে। আমরা সেইগুলি আলোচনা করছিলাম কত কম পয়সা দিয়ে ছেলেমেয়েদের পড়ানো যায়। কিন্তু বেশি ক্যাপিটেশান ফি দিয়ে ছাত্রছাত্রীরা বাইরে চলে যাচ্ছে। আমার প্রশ্ন প্রফেশনাল কলেজ বাড়ানো প্রচেষ্টা গ্রহণ করছেন কিনা ?

শ্রী সত্যসাধন চক্রবর্তী : মাননীয় সদস্য সঠিকভাবেই প্রশ্নটা করেছেন। আমি এই হাউসে অনেকবার বলেছি যে আপনারা জানেন সুপ্রিম কোর্টে মামলা চলছিল বেশ কিছুদিন ধরে এই ক্যাপিটেশান ফি-র বিরুদ্ধে। এই যে ক্যাপিটেশান ফি-র বিরুদ্ধে মামলা চলছিল তার গতি প্রকৃতি আমরা লক্ষ্য করছিলাম। এটা মনে রাখতে হবে এই মামলা হয়েছিল এইসব রাজ্যগুলিতে প্রচুর টাকা নেওয়া হচ্ছিল বলে। এই রকম ক্যাপিটেশান ফি সেল্ফ ফাইনানসিং প্রফেশনাল ইন্সটিটিউশান এইগুলি আগে থেকে চালু করেছিল। সুপ্রিম কোর্টের রায় বার হবার পর আমরা কিন্তু সিদ্ধান্ত নিয়ে নিই। এইটুকু সময় লাগল এই কারণে যে এ.আই.সি.টি-র অনুমোদন দরকার, যারা ইনভেস্টমেন্ট করবে সেই রকম পার্টি দরকার। এখন কিন্তু আমরা প্রতি বছর ৩ লক্ষের, আমাদের যে ইঞ্জিনিয়ারিং কলেজ আছে তার ভেতর একটা হোটেল ম্যানেজমেন্ট ইন্সটিটিউট করবার এ.আই.সি.টি-র থেকে অনুমোদন পেয়েছি। এই প্রফেশনাল কোর্সে সেল্ফ ফাইনানসিং, আমার এই কথা বলতে দ্বিধা নেই আমাদের রাজ্যে আমরা সেল্ফ ফাইনানসিং ইনস্টিটিউট করব কিনা সেই নিয়ে শিক্ষক মহলে অ্যাকাডেমিক মহলে বিতর্ক ছিল। শেষ পর্যন্ত আমাদের অভিজ্ঞতা থেকে দেখলাম আমাদের রাজ্য থেকে বহু ছাত্রছাত্রী অন্য রাজ্যে বহু লক্ষ লক্ষ টাকা ব্যয় করে এই কোর্সগুলিতে পড়তে যাচ্ছে। আমরাও সিদ্ধান্ত নিলাম অন্য রাজ্যের মত আমাদের রাজ্যেও করলে অন্ততপক্ষে আমাদের রাজ্যে ছেলেরা পড়তে সুযোগ পাবে। সেইদিক থেকে ভাল হবে। ল কলেজের সংখ্যা, ম্যানেজমেন্ট ইন্সটিটিউটের সংখ্যা বাড়ছে। প্রতি বছর যেগুলিতে প্রফেশনাল সাবজেক্ট বলা হয় সেইগুলি বেড়ে চলেছে। বিশ্ববিদ্যালয়গুলি উদ্যোগ নিয়েছে কলেজগুলি উদ্যোগ নিয়েছে। আমরা ঘোষণা করেছি আগামী কয়েক বছরের মধ্যে ইঞ্জিনিয়ারিং-এ ইনটেক ক্যাপাসিটি ১৫ হাজারে পৌঁছাতে পারব। ব্যাচিলার অফ কম্পিউটার এডুকেশান আমাদের যে নতুন টেকনোলজি ইউনিভার্সিটি হয়েছে সেখানে অনেক দরখাস্ত এসেছে, সেইগুলি আমরা প্রসেস করছি, এনকোয়ারি করছি। আমরা সেখানে অনুমোদন পেলে এর সংখ্যা আমাদের রাজ্যে বেড়ে যাবে।

শ্রী শোভনদেব চট্টোপাধ্যায় : আপনি শুরুতে বললেন বি.বি.এম পড়ানো হচ্ছে না। আমি বলছি শিলিগুড়িতে একটা কলেজে পড়ানো হচ্ছে। বাইরের ইউনিভার্সিটির অ্যাপিলিয়েশান নিয়ে শিলিগুড়িতে পড়ানো হচ্ছে। আপনি খবর নিন, সেল্ফ ফাইনানসিং-এ তারা করছে। যদিও আপনাদের এতো বছর লেগে গেল, ২৩-২৪ বছর লেগে গেল। এটা শুরু করতে কেন এত বছর লেগে গেল বুঝতে পারছি না। আমাদের ছেলেরা বাইরে চলে যাচ্ছে।

[11.10—11.20 a.m.]

আমাদের কলেজটি প্রাইভেট এন্টারপ্রিনিয়রকে দিয়ে কলেজ খুলতে দেওয়া হয়েছে ইত্যাদি ইত্যাদি। আমার কাছে খবর আছে, সেইসব কলেজগুলিতে ফ্যাকাল্টি নেই এবং পড়াশুনার যে মান তা যথেষ্ট মানের হচ্ছে না। যে ইঞ্জিনিয়ারিং কলেজগুলো খোলা হয়েছে, সেখানে ফ্যাকাল্টি প্রকৃতপক্ষে আছে কিনা, পড়াশুনা হচ্ছে কি হচ্ছে না ?

শ্রী সত্যসাধন চক্রবর্তী : মাননীয় সদস্যের অবগতির জন্য জানাই, এগুলো অধিকাংশই নতুন ইঞ্জিনিয়ারিং কলেজ। সরকারি যে কলেজগুলো আছে, সেগুলো অধিকাংশই নতুন ইঞ্জিনিয়ারিং কলেজ। আমি এই হাউসে এর আগে বলেছি যে, আমাদের রাজ্যে ১৯৬২-'৬৩ সালের পর থেকে নতুন ইঞ্জিনিয়ারিং কলেজ হয়নি। আপনারা যখন ক্ষমতায় ছিলেন তখনও হয়নি। ১৯৪৭ সাল থেকে আপনি যদি দেখেন তাহলে দেখবেন, জলপাইগুড়ির ইঞ্জিনিয়ারিং কলেজ ছাড়া আর কোন ফুল ফ্লেজেড ইঞ্জিনিয়ারিং কলেজ হয়নি। শুধু আর.ই. কলেজ যেটি হয়েছে, সেটি কেন্দ্র এবং আমাদের রাজ্য মিলে করেছি। সেদিক থেকে চব্বিশ বছর নয়, আমাদের এখানে ইঞ্জিনিয়ারিং কলেজ হয়েছে। আপনি যদি কর্ণাটক এবং মহারাষ্ট্রের দিকে দেখেন, তাহলে দেখবেন, নব্বুইয়ের দশক থেকে দারুণভাবে বাড়তে থাকে। এক একটি রাজ্যে ২৫-৩০টি করে হয়েছে, সেল্ফ ফিনান্সিং কলেজ করেছে। আমরা আরও পরে, নব্বুইয়ের দশকের পরে শুরু করেছি। কিন্তু আমরা এতটা ব্যাপকভাবে বাড়াতে পারছি না। তার একটা কারণ আছে। আমার কাছে ছবি আছে, মহারাষ্ট্রে ওরা দুটি ঘরে একটা ইঞ্জিনিয়ারিং কলেজ খুলে ফেলে। আমি নিজে সেখানে গিয়ে দেখে এসেছি। হলদিয়াতে বিশাল বাড়ি ছেড়ে দিয়েছি। আপনি আজকে তাদের ক্যাম্পাস দেখে আসুন। এ.আই.সি.টি এই রকম বহু ইঞ্জিনিয়ারিং কলেজের আগে অনুমোদন দিয়েছে। কিন্তু আজকে তারা স্যাডলার অ্যান্ড ওয়াইজার'এর পরে তাঁরা দেখছেন এবং বাতিল করে দিচ্ছেন। আমাদের রাজ্যে আমরা দেখছি, জমি আছে কিনা, তারা চালাতে পারবে কিনা। তিনটি দিক থেকে এ.আই.সি.টি তারা প্রতি বছর এনকোয়ারি করে এবং তার রিপোর্ট দেন। বিশ্ববিদ্যালয়ের প্রতি তারা লক্ষ্য রাখে। এটা বিশ্ববিদ্যালয়ের দায়িত্ব। আমাদের ডাইরেক্টরেটের পক্ষ থেকেও যাওয়া হয়। তারা ঠিকমত চালাচ্ছে কিনা তা দেখা হয়। তবে একটা সমস্যা যেটা সেটা হচ্ছে, সর্বভারতীয়ভাবে এই যে বিপুল পরিমাণে ইঞ্জিনিয়ারিং কলেজ বাড়ছে, সেখানে এডুকেশনের ক্ষেত্রে ফ্যাকাল্টির অভাব। এ.আই.সি.টি এই ব্যাপারে যা যা উদ্যোগ নিয়েছেন, তাঁদের সহযোগিতায় আমরা সেই উদ্যোগ নিচ্ছি যাতে উপযুক্ত শিক্ষক পাওয়া যায়। তবে এখানে সারা ভারতবর্ষেই শিক্ষকের অভাব আছে।

শ্রী শোভনদেব চট্টোপাধ্যায় : ভারতবর্ষের বিভিন্ন রাজ্যে একটা সিস্টেম আছে যে, বিদেশ থেকে তারা লেকচারার নিয়ে আসে। বিভিন্ন ধরনের কোর্সে বিভিন্ন সাবজেক্টে পৃথিবীর নাম করা প্রফেসরদের নিয়ে এসে, তাঁদের এক-দু'মাস রেখে দিয়ে হেল্প করা হয়। আমাদের রাজ্যে এই ধরনের কোন পরিকল্পনা আছে কিনা ? আমাদের রাজ্যে এটা চালু রেখেছেন কিনা ?

শ্রী সত্যসাধন চক্রবর্তী : এই বিষয়ে বাধা নেই। অ্যাসেমব্লিতে আপনারা যে বিলটি পাশ করেছেন—আমাদের টেকনোলজি ইউনিভার্সিটি বিল—তাতে দেখবেন বলা আছে, বিদেশ থেকে অধ্যাপক এনে, তাঁদের সাহায্য নিয়ে করা যেতে পারে। বিলে বলা আছে। এটা আমাদের কিছু কিছু বিশ্ববিদ্যালয় তাঁরা নিয়ে আসেন—যেমন, যাদবপুরে তাঁরা নিয়ে আসেন। কিন্তু এটা ব্যাপকভাবে নির্ভর করছে কতজন আসতে রাজি আছেন তার ওপরে। যে কোন বিশ্ববিদ্যালয় এই উদ্যোগ নিতে পারেন, তারা বাইরের থেকে নিয়ে আসেন, তারা ক্লাশও নিতে পারেন, কোনো বাধানিষেধ নেই।

শ্রী তপন হোড় : মাননীয় মন্ত্রীর কাছে আমার অতিরিক্ত প্রশ্ন গবেষণা এবং অধ্যাপনা সংক্রান্ত বিষয়ে। এই যে ইউ জি সি'র নেট একজামিনেশান হচ্ছে এতে বাংলার সিলেবাসের উপরে স্যাম্পেল কোশ্চেন হয়েছে, তাতে অসংখ্য ভুল যেমন গল্পগুচ্ছের জায়গায় লেখা আছে গল্প গুপ্ত, আবার গীতবিতানের জায়গায় লেখা আছে গীত-বাতান। এইরকম অসংখ্য ভুলে ভরা এই বাংলার স্যাম্পেল কোশ্চেনে। এই ব্যাপারে আপনার দপ্তর থেকে ইউ জি সিকে কোনো কথা বলেছেন কি ?

শ্রী সত্যসাধন চক্রবর্তী ; আমাদের কাছে লিখিত অভিযোগ এলে পরেই সঙ্গে সঙ্গে সংশ্লিষ্ট বিভাগকে দেব বিশেষ নজর দেবার জন্যে। কিন্তু এখনো পর্যন্ত লিখিত কোন অভিযোগ আসেনি। আমি এমনি শুনেছি কিন্তু নির্দিষ্টভাবে কোন অভিযোগ এলে পরেই পাঠিয়ে দেব। তবে আপনি যেটা তুললেন এর কপি আপনি দিলে আমি বলব অ্যাসেমব্লিতে তোলা হয়েছে। কাজেই এই বিষয়ে লক্ষ্য রাখবেন, ভবিষ্যতে যাতে এটা না হয়।

শ্রী তাপস রায় : মাননীয় উচ্চশিক্ষামন্ত্রীর কাছে আমার একটি ভয়ঙ্কর প্রশ্ন যে, ট্রিপল আই টি অর্থাৎ ইণ্ডিয়ান ইনস্টিটিউট অফ টেকনোলজি ছাত্রদের প্রবঞ্চনা এবং প্রতারণা করা হচ্ছে কিনা আপনার জানা আছে কি কারণ আপনার জানা না থাকলে আপনাকে জানাই যে, এদের একটা ব্রোসিও দেখলাম তাতে গ্রোব সিনের বাড়ির ছবি যেটা পড়ানো হয়, সেই বাড়ির ছবি দেওয়া হল কেন। এর দুটো জেরক্স কপিও আমার কাছে রয়েছে, নিয়ে আসতে পারিনি। আপনার গ্রোব সিনের বাড়ি তার ওপরে একটা অ্যাডও করেছেন টাইমস্ অফ ইণ্ডিয়াতে। আপনার কোরপরেট হাউস ছাত্রদের কাছে নিয়ে আসা হয়েছে কেন এবং এইভাবে ছাত্রদের প্রবঞ্চনা এবং প্রতারণা করা হচ্ছে ট্রিপল আই টির ব্যাপারে এবং সেখানে ইণ্ডিয়ান এই ব্যাপারটাও তাহলে আপনাকে বিবেচনা করতে হবে। এইভাবে যে ট্রিপল আই টি-র ছাত্রছাত্রীদের প্রবঞ্চনা এবং প্রতারণা করা হচ্ছে এ বিষয়ে আপনার জানা আছে কিনা ?

শ্রী সত্যসাধন চক্রবর্তী : মাননীয় সদস্যকে জানাতে চাই যে, হায়ার এডুকেশানের অধীনে ট্রিপল আই টি নেই। আপনি এই প্রশ্নটি অন্য সংশ্লিষ্ট দপ্তরকে করবেন কারণ উচ্চশিক্ষা দপ্তরের অধীনে এটা গঠিত হয়নি।

শ্রী তাপস রায় : আমি মানব মুখার্জিকে জিজ্ঞাসা করেছিলাম তিনি বলেছিলেন এটা উচ্চশিক্ষা মন্ত্রীর অধীনে। আপনি যখন বলছেন এটা আপনার দপ্তরের অধীনে নয়, এখানে তো টেকনিক্যাল এডুকেশনের মন্ত্রী মহঃ সেলিম আছেন, এটা একটা ভয়ঙ্কর ব্যাপার যে এইভাবে ছাত্রদের উপরে প্রতারণা প্রবঞ্চনা চলছে, এর বিষয়ে মাননীয় মন্ত্রী রয়েছেন বলুন।

(নো রিপ্লাই)

শ্রী সৌগত রায় : এই যে ব্যাচেলার অফ কম্পিউটার অ্যাপ্লিকেশন—এই ব্যাপারে আগে আমরা জানতাম যে সায়েন্স এবং ইঞ্জিনিয়ার ফ্যাকালটির ছাত্রছাত্রীরা এই পড়াটা করতে পারেন এবং ব্যাচেলার অফ কম্পিউটার অ্যাপ্লিকেশান যাদবপুর রিজিওনাল কম্পিউটার সেন্টারে পড়ানোও হয়। কিন্তু এখন দেখছি আমি যে কলেজে পড়াই, সেই কলেজের সান্ধ্যবিভাগে শ্যামাপ্রসাদ কলেজে, যেখানে শুধু কমার্স এবং আর্টস পড়ানো হয়, সেখানে সায়েন্স বা ইঞ্জিনিয়ারিংয়ের কোন লোকও নেই, সেখানে কম্পিউটার পড়ানো হবে। তারপরে শুনলাম সেখানে কম্পিউটার অ্যাপ্লিকেশান, ব্যাচেলার অফ কম্পিউটার অ্যাপ্লিকেশান অনার্স কোর্স চালু করা হচ্ছে। কম্পিউটার কলেজগুলোর মত ঠিক একইভাবে মাইক্রোবায়োলজি কোর্সও চালু করা হচ্ছে। এই যে বি. সি. এ. এবং কম্পিউটার অ্যাপ্লিকেশান অনার্স কোর্স কমার্সে বা আর্টসে চালু করা হচ্ছে এর স্টাফ প্যাটার্ন কি যোগ্যতাসম্পন্ন অর্থাৎ এই বিষয়ে কোয়ালিফায়েড, নাকি পাড়ায় পাড়ায় ৪টি কম্পিউটার সেন্টার যেমন খোলা হয়েছে সেইরকম এইক্ষেত্রেও পারমিশান দিয়েছেন সেটা জানাবেন কি ?

[11.20—11.30 a.m.]

শ্রী সত্যসাধন চক্রবর্তী : মাননীয় সদস্য অধ্যাপক সৌগত রায় আপনি জানেন যে, আমরা সরকার থেকে এই বিষয়গুলির আর্থিক দায়-দায়িত্বর ব্যাপারটা আমরা বিশ্ববিদ্যালয়কে জানাই। বিশ্ববিদ্যালয়ের এক্সপোর্ট কমিটি তারা পরিদর্শন করে এবং কলেজগুলিকে এক্সটেনসান অফ অ্যাফিলিয়েশান করেন। কতজন কি দরকার ইত্যাদি বিষয়গুলি তাদের জানান। বিশ্ববিদ্যালয়গুলি যা বলে দেয় সেই ভিত্তিতে আমাদের কাছে ওরা আবেদন করলে পরে আমরা শুধু টিচিং পোস্ট দিই। আমরা কিছুদিন আগে চারটি নতুন মাইক্রোবায়োলজির পোস্ট দিই হোল টাইমার হিসাবে। এটা পেতে হয় ইউ.জি.সি.র কোয়ালিফিকেশান অনুযায়ী, সেটা সংশ্লিষ্ট সাবজেক্টের প্রথমেই তাদের নেট শ্লেট ক্লিয়ার হতে হবে। পোস্ট গ্রাজুয়েটে ফিফটি ফাইভ পারসেন্ট নম্বর থাকতে হবে। এছাড়া অধ্যাপকদের অন্যান্য বিষয়ে যা দরকার মাইক্রোবায়োলজির ক্ষেত্রেও একই জিনিস দরকার। বি.সি.এ.র ক্ষেত্রে পড়াতে গেলে এ.আই.সি.টি.ই.-র যে কোয়ালিফিকেশান আছে, সেই রকমই তাদের থাকতে হবে।

শ্রী সৌগত রায় : আপনি কোথাও কোন পোস্টে পার্মানেন্ট হোল টাইমার দিচ্ছেন না। এই যে কোর্সগুলি যেসব কলেজে চালু করছেন কোন জায়গায় পার্মানেন্ট হোল টাইমার লোক দিচ্ছে না। বি. সি. এ. মাইক্রোবায়োলজি-র কোর্সগুলি হাফডান হয়ে যাচ্ছে, তার ফলে

ছাত্রদের যে শিক্ষাটা সেটাও হাফডান হয়ে গেছে, কিছু পার্টটাইমার দিয়ে এদিক-ওদিক থেকে এনে চালানো হচ্ছে। এতে কেউই প্রপারভাবে কিছু শিখবে না। কম্পিউটার অ্যাপ্লিকেশানেও শিখছে না। সাইন্স ইঞ্জিনিয়ারিং কমার্স কলেজগুলিতে কম্পিউটার সায়েন্স অনার্স কোর্স খোলা হয়েছে। কিন্তু ফ্যাকালটি নেই। কোনো কলেজ থেকে ২ জনকে নিয়ে হয়তো অন্য কলেজে ২ ঘন্টা লেকচার দেওয়ানো হচ্ছে, এইভাবে পড়ানো হচ্ছে, এটা ঠিক হচ্ছে না।

শ্রী সত্যসাধন চক্রবর্তী : আমি তো এইমাত্র বললাম, আমরা চারটি পোস্টের অনুমোদন দিয়েছি। এবং কলেজ সার্ভিস কমিশনের প্যানেল থেকে চারজন অধ্যাপক নিয়োগ হয়েছে। আপনি একটু খবর নেবেন আমরা চারটি কলেজে দিয়েছি সম্মিলনী কলেজ, আচার্য প্রফুল্লচন্দ্র কলেজ, রাষ্ট্রগুরু সুরেন্দ্রনাথ কলেজ, দীনবন্ধু অ্যানড্রুজ কলেজ। আমরা ধীরে ধীরে টিচিং পোস্ট দিচ্ছি। আমরা তো বলেছি, আপনি যেটা বলছেন, বি. সি. এ. এটা ঘটনা রাতারাতি সব কোর্সের ক্ষেত্রে এত পোস্ট আমরা দিতে পারব না। আপনি তো সমস্ত কলেজে দেবার কথা বলছেন। সারা ভারতবর্ষে '৮৬ সালের পরে একটু নতুন পোস্ট কোন কলেজে বিশ্ববিদ্যালয় অধীন—একটা নতুন পোস্ট তৈরি করেছে, পশ্চিমবাংলা ছাড়া ? আপনারা তাদের গুণগান করছেন ? আমরা এত অভাবের মধ্যেও পোস্ট দিয়েছি, টিচার দিয়েছি, এটা আপনারা মেলাবেন না ?

শ্রী চিত্তরঞ্জন দাসঠাকুর : স্যার, আমরা জানি, আপনি যে মাইক্রোবায়োলজির কথা বলছেন পাঁশকুড়া বনমালি কলেজে মাইক্রোবায়োলজি চালু আছে। যদিও সেখানে এখনও অধ্যাপক নিযুক্ত হয়নি আমার প্রশ্ন, এই কোর্সে ভর্তি হতে কত টাকা লাগে ? কলেজ কর্তৃপক্ষ প্রত্যেক ছাত্রর কাছ থেকে ৩১ হাজার টাকা করে নিচ্ছেন, এটা যদি হয়, মফঃস্বল কলেজে সাধারণ ছাত্রদের পক্ষে কি পড়া সম্ভব ? আমার প্রশ্ন ভর্তি হতে সরকারের কত টাকা লাগবে, নিয়মটা কী ?

শ্রী সত্যসাধন চক্রবর্তী : কলেজগুলিকে অনুমোদন দেওয়া হয়েছে, আমি আগেই বলেছি এইগুলি সেল্ফ ফিনানসিং কোর্সেস। যেমন আমরা প্রাইভেট ইঞ্জিনিয়ারিং কলেজ করেছি, ম্যানেজমেন্ট ইনস্টিটিউট করেছি প্রাইভেটে, তারাও টাকা নিচ্ছে। একবার মাননীয় সদস্যরা বলবেন আমাদের রাজ্য থেকে এত ছেলেমেয়েরা বাইরে চলে যাচ্ছে, লক্ষ লক্ষ টাকা তারা খরচ করছে। তাদের বাইরে যাওয়ার দরকার নেই, তারা অনেক কম টাকা খরচ করে পড়বেন। সেখানে কলেজগুলিতে সেল্ফ ফিনানসিং কোর্সে তারা খরচ করে পড়বেন। বিশ্ববিদ্যালয়ের সঙ্গে কথা বলে তাদের ফিসগুলো ঠিক করা হয়। যদিও এখন আমরা ঠিক করেছি, যেহেতু এইগুলো এখন চালু হয়েছে এক, দুই বছর হল। ইঞ্জিনিয়ারিং কলেজগুলোর ক্ষেত্রে একটা এক্সপার্ট কমিটি করা হয়েছে, কি কি ধার্য হবে সেটা তারা বলে দেবে। টেকনোলজি ইউনিভার্সিটি পূর্ণ দায়িত্ব নিয়ে ফি সম্পর্কে একটা সিদ্ধান্ত নেবে এবং তারা কাজ শুরু করেছে। বি.সি.এ., বি.বি.এম এইগুলোর কাজ আমরা শুরু করেছি। তবে অতিরিক্ত কোনো ফি যাতে না দিতে হয় সেটা দেখব।

শ্রী পদ্মনিধি ধর : মাননীয় মন্ত্রিমহাশয়ের কাছে অতিরিক্ত প্রশ্ন, গত বিধানসভায় ২২ তারিখে এই বিষয়ক স্ট্যান্ডিং কমিটি একটা রিপোর্ট দিয়েছিল নতুন যারা এই হাউসের সদস্য হয়েছেন তারা সেটা পড়ে দেখবেন। আমাদের স্ট্যান্ডিং কমিটি ভারতের বিভিন্ন রাজ্যে টেকনোলজিকাল এডুকেশান নিয়ে যারা বড়াই করে, অর্থাৎ তামিলনাড়ু, কর্ণাটক, কেরালা, মহারাষ্ট্র ঘুরে দেখে এসেছে সেখানে ক্যাপিটেশান ফির বিরুদ্ধে সেখানকার ছাত্রছাত্রীরা ম্যারাপ বেঁধে এই ক্যাপিটেশান ফির বিরুদ্ধে প্রতিবাদ জানাচ্ছে। মাননীয় মন্ত্রিমহাশয় জানাবেন কি, আমাদের রাজ্যে ক্যাপিটেশান ফির কোনো ব্যবস্থা টেকনোলজিকাল এডুকেশানের ক্ষেত্রে করেছেন কিনা ? আর আমাদের পয়সায় পড়ে আমাদের ব্রেইন ড্রেইন ভারতের বাইরে চলে যাচ্ছে এটা বন্ধ করার জন্য কোনো ব্যবস্থা করেছেন কি ?

শ্রী সত্যসাধন চক্রবর্তী : মাননীয় সদস্যকে বলতে পারি আমাদের রাজ্যে কোনো ক্যাপিটেশান ফি নেই। আমি এর আগেও বলেছি সুপ্রিম কোর্টের জাজমেন্টে যা বলা আছে, তার বাইরে আমরা যাইনি। আপনারা ইতিমধ্যেই কাগজে দেখেছেন আমাদের রাজ্যের প্রাইভেট ইঞ্জিনিয়ারিং কলেজগুলো বিজ্ঞাপন দিয়েছে। নাইনটি ফাইভ পারসেন্ট অফ দি স্টুডেন্টস তাদের জয়েন্ট এন্ট্রান্স থেকে নেওয়া হবে। আর তাদের ফি কি হবে সেটা এক্সপার্ট কমিটি ঠিক করে দিয়েছে। আমাদের ডাইরেক্টরেট থেকে সেটা ছাপিয়ে দেওয়া হয়েছে। আর সুপ্রিম কোর্টের জাজমেন্ট অনুসারে পাঁচ ভাগ হচ্ছে এন.আর.আই, তারা বাৎসরিক তিন হাজার ডলার ফি দেবে। এর বাইরে কোনো ক্যাপিটেশান ফি আমাদের রাজ্যে ইঞ্জিনিয়ারিং কলেজগুলিতে নেই।

দেশব্যাপী একই শিক্ষাক্রম

*৩১৪। (অনুমোদিত প্রশ্ন নং *১৩৫) **শ্রী আবু আয়েশ মণ্ডল :** বিদ্যালয় শিক্ষা বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) এটা কি সত্যি যে, প্রাক্-প্রাথমিক স্তর থেকে দ্বাদশ শ্রেণী পর্যন্ত সারা দেশে একই শিক্ষাক্রম চালু করার লক্ষ্যে কেন্দ্রীয় মানব সম্পদ উন্নয়ন মন্ত্রকের পক্ষ থেকে একটি খসড়া পাঠ্যসূচি এ রাজ্যের শিক্ষা মন্ত্রকের কাছে পাঠানো হয়েছে ; এবং

(খ) সত্যি হলে, উক্ত খসড়া পাঠ্যসূচির রূপরেখা কীরূপ ?

শ্রী কান্তি বিশ্বাস :

(ক) খসড়া নয়, চূড়ান্ত পাঠক্রম কেন্দ্রীয় সরকারের মানব সম্পদ বিকাশ বিভাগের পক্ষ থেকে রাজ্য সরকারগুলির কাছে পাঠানো হয়েছে।

(খ) বিধানসভার উত্তরের সীমারেখার মধ্যে উক্ত পাঠক্রমের রূপরেখা প্রদান করা অসুবিধাজনক।

[11.30—11.40 a.m.]

শ্রী আবু আয়েশ মণ্ডল : মাননীয় মন্ত্রী বললেন যে, বিধানসভার উত্তরের সীমারেখার মধ্যে এটা বলা অসুবিধাজনক। আমি আপনার কাছে জানতে চাইছি যে, আমাদের রাজ্যের গণতান্ত্রিক মূল্যবোধের উপর প্রতিষ্ঠিত পাঠক্রম যেটা চলছে, তার সঙ্গে এই পাঠক্রমের কোনো অসঙ্গতি বা ব্যতিক্রম আছে কি ?

শ্রী কান্তি বিশ্বাস : আপনারা জানেন যে বিধানসভার কার্যপ্রণালীর ৪৩ (১৫) ধারা অনুসারে যে সমস্ত সহজলভ্য বই পাওয়া যায়, সেই সম্পর্কে বিস্তারিত উত্তর, প্রশ্নোত্তরের সময় দেওয়া ঠিক নয়। অনেক সময় লেগে যাবে। আর পশ্চিমবঙ্গের গণতান্ত্রিক মূল্যবোধের উপর ভিত্তি করে যে পাঠক্রম তার সঙ্গে কেন্দ্রীয় সরকারের পক্ষ থেকে যে পাঠক্রম চালু করার কথা বলা হয়েছে, তার মধ্যে বিস্তর ফারাক রয়েছে। তারা যে পাঠক্রম প্রচলন করতে চাইছে, আমরা মনে করি সেটা সাম্প্রদায়িকতা দোষে দুষ্ট। তারা ইতিহাসকে বিক্রিত করতে চাইছে। সেটা শিশুমনস্তত্ত্ব বিরোধী।

শ্রী আবু আয়েশ মণ্ডল : মাননীয় মন্ত্রিমহাশয় যা বললেন, তাতে এই পাঠক্রম যদি গৃহীত হয়, তা অত্যন্ত ভয়ঙ্কর হবে। এই ধরনের বিষয়গুলি যে আছে, এগুলির বিরুদ্ধে আপনার পক্ষ থেকে কেন্দ্রীয় সরকারের কাছে সংশোধন করার জন্য বা বাতিল করার জন্য কোনো পদক্ষেপ বা কোনো লিখিত চিঠি দিয়েছেন কি এবং তারা কোনো উত্তর দিয়েছে কি ?

শ্রী কান্তি বিশ্বাস : কেন্দ্রীয় মানব সম্পদ উন্নয়ন মন্ত্রী শ্রী মুরলী মনোহর যোশীর কাছে আমি জানিয়েছি যে, বৃটিশ আমল থেকে কেন্দ্রীয় শিক্ষা উপদেষ্টা পর্ষদে যারা আছে, যখন কোনো এই ধরনের সমস্যা হয়, তখন সেখানে আলোচনা করে সিদ্ধান্ত নেওয়া হয়। আমি ৮২ সাল থেকে শিক্ষামন্ত্রী আছি। আমি বহুবার কেন্দ্রে আহুত এই শিক্ষা উপদেষ্টা পর্ষদের সভায় যোগদান করেছি। আমি অনুরোধ করেছি যে, আপনি শিক্ষা উপদেষ্টা পর্ষদ গঠন না করেই একটা পাঠক্রম করলেন। এটা গঠন করুন। আলোচনা করুন। অথবা শিক্ষামন্ত্রীদের সম্মেলন ডেকে আলোচনা করুন। উনি মৌখিক বলেছেন, লিখিতভাবে নয় দূরভাষের মাধ্যমে যে, আপাতত উনি শিক্ষা উপদেষ্টা পর্ষদ গঠন করছেন না, বা শিক্ষামন্ত্রীদের সম্মেলন ডাকছেন না।

শ্রী আবু আয়েশ মণ্ডল : আপনি বললেন যে, লিখিতভাবে জানানো হয়নি। আমাদের মনে আছে যে, ৯৮ সালের অক্টোবর মাসে দিল্লিতে অনুষ্ঠিত শিক্ষামন্ত্রীদের সম্মেলনে আপনি ২১ জনকে নিয়ে ওয়াক আউট করেছিলেন এবং কেন্দ্রীয় সরকারকে বাধ্য করেছিলেন যে তাদের গৃহীত পদক্ষেপকে রিট্রিট করতে। এই ব্যাপারে আপনি অন্যান্য রাজ্যের শিক্ষামন্ত্রীদের সঙ্গে আলোচনা করেছেন কিনা জানি না।

শ্রী কান্তি বিশ্বাস : ওই যে পাঠক্রম, তার উপর আমরা একটা দলিল রচনা করেছি বিস্তারিতভাবে। তাকে আমরা পশ্চিমবঙ্গ সরকারের পক্ষ থেকে ভারতবর্ষের সমস্ত অ-বি জে পি রাজ্য সরকারের শিক্ষামন্ত্রীদের কাছে পাঠাচ্ছি এবং আমরা সিদ্ধান্ত

নিয়েছি যে, আমরা দিল্লিতে অ-বি জে পি সরকারের শিক্ষামন্ত্রী এবং শিক্ষাবিদদের ডেকে একটা সম্মেলন করবেন সেখানে বিষয়টি নিয়ে আলোচনা করব যাতে সর্ববিধ ক্ষেত্রে এই প্রতিবাদ ধ্বনিত হয়।

ইতিহাসকে বিকৃত করে নতুন ইতিহাস তৈরির কথা বলছে, মূল্যবোধের শিক্ষাকে তুলে দিতে চাইছে, গণিতকে ঐচ্ছিক হিসাবে রূপান্তরিত করতে চাইছে। এইরকম বহু ক্ষেত্র আছে যে বিষয়গুলো চেতনাসম্পন্ন শিক্ষাবিদরা গ্রহণ করতে পারছেন না।

শ্রী চিত্তরঞ্জন দাসঠাকুর : মাননীয় মন্ত্রিমহাশয় আপনার কাছে দুটো পাঠক্রমের পার্থক্যটা শুনলাম। এখন আমাদের রাজ্যের যাঁরা শিক্ষা বিশেষজ্ঞ আছেন, যাঁরা সামাজিক বিভিন্ন কর্মসূচির সঙ্গে যুক্ত, যাঁরা অধ্যাপক আছেন, বা যাঁরা শিক্ষার সঙ্গে যুক্ত তাঁদের সবাইকে ডেকে নিয়ে এই যে পাঠক্রম এটা নিয়ে আলোচনা করার কোনো সিদ্ধান্ত আপনার মন্ত্রক গ্রহণ করেছেন কিনা এবং করে থাকলে কবে নাগাদ এই সম্মেলন বা কনভেনশন করবেন ?

শ্রী কান্তি বিশ্বাস : এই বিষয়ের উপর ভিত্তি করে আমরা একটা ব্যাপক দলিল তৈরি করেছিলাম। পশ্চিমবাংলায় যত শিক্ষিত শিক্ষক আছেন তাঁদের কাছে পাঠানো হয়েছে। আগামী ৩১শে জুলাই কলকাতা বিশ্ববিদ্যালয়ের শতবার্ষিকী হলে সমস্ত শিক্ষাবিদ আছে তাদের আহ্বান করে মতামত জানার চেষ্টা করা হবে।

শ্রী মানস মুখার্জি : মাননীয় মন্ত্রিমহাশয়, পাঠক্রমের ব্যাপারে মাননীয় সদস্যের প্রশ্নের উত্তরে যা বলেছেন আমি শুনেছি। পশ্চাদমুখী শিক্ষা—জ্যোতিষশাস্ত্র শিক্ষার মধ্যে অন্তর্ভুক্ত করা হচ্ছে। এটা কোন ক্লাস থেকে ? এইরকম একটা নির্দিষ্ট পরিকল্পনা কেন্দ্রীয় সরকার জানিয়েছে কিনা, এই সম্পর্কে রাজ্য সরকার কি ভূমিকা এখনও পর্যন্ত গ্রহণ করেছেন।

শ্রী কান্তি বিশ্বাস : বিষয়টা উচ্চশিক্ষা দপ্তরের অধীন বলে আমি কিছু বলছি না। শুধু এইটুকু বলছি যে বিদ্যালয় স্তরের পাঠক্রমে তারা পুরোহিত তন্ত্র চালু করতে চাইছে। আমরা এর বিরুদ্ধে।

শ্রী আবদুল মান্নান : প্রশ্নটা ছিল সারাদেশে একই পাঠক্রম চালু করার বিষয়ে। আমরা এটা দেখছি যে কেন্দ্রে নতুন সরকার আসার পর থেকে শিক্ষাক্ষেত্রে গৈরিকীকরণ চালু করতে চাইছে। আপনারা আসার পরেও শিক্ষায় রাজনীতিকরণ করেছেন, মার্কসীয়করণ করেছেন। এর ফলে রাজ্যের মধ্যেই শিক্ষায় বৈষম্য হচ্ছে। রাজ্যের এই বৈষম্য দূর করার কোনো চেষ্টা করেছেন কি ?

শ্রী কান্তি বিশ্বাস : মাননীয় সদস্য যা বললেন যে শিক্ষায় মার্কসীয়করণ করা হচ্ছে, রাজনীতিকরণ করা হচ্ছে এটা সম্পূর্ণ অসত্য এবং ভিত্তিহীন। জাতীয় শিক্ষা পরিষদের পাঠক্রম এবং অধ্যাপক যশপাল প্রখ্যাত বিজ্ঞানী এই পাঠক্রমের আলোচনা করে কমিটি গঠন

করা হয়েছে। পশ্চিমবঙ্গের বিদ্যালয় স্তরে যে বিজ্ঞানভিত্তিক শিক্ষা, ভারতবর্ষের মধ্যে অন্যতম উৎকৃষ্ট বলে তিনি মনে করেছেন। সুতরাং মাননীয় বিধায়ক যা অনুমান করছেন তা সত্য নয়।

শ্রী তপন হোড় : স্যার, কেন্দ্র শিক্ষা বাজেট কমিয়ে দিয়েছে। শিক্ষার বেসরকারীকরণ হচ্ছে, শিক্ষায় গৈরিকীকরণ করা হচ্ছে। আপনি দলিল করছেন কিন্তু যেটা করা দরকার তাহল তীব্র জনমত গড়ে তোলা দরকার। এই বিষয়ে আপনার দপ্তর কোনো উদ্যোগ নিচ্ছেন কিনা ?

[11.40—11.50 a.m.]

শ্রী কান্তি বিশ্বাস : মাননীয় সদস্যাকে বলি আপনারা যাঁরা সম্মানীয় বিধায়ক এবং অন্যান্য সংগঠন আছেন তাঁরাই এই জনমত গঠন করার ব্যাপারে বলিষ্ঠ ভূমিকা নিতে পারেন। আমরা ৩১শে জুলাই তারিখে একটা আলোচনাসভা ডাকছি, সেখানে বিভিন্ন বিভাগের শিক্ষাবিদদের আহ্বান করব এবং তাঁদের মতামতের উপর ভিত্তি করেই আমরা একটা নতুন করে দলিল তৈরি করব এবং যাঁরা শিক্ষার ব্যাপারে উৎসাহী তাদের কাছে বিতরণ করব। জনপ্রতিনিধি যাঁরা আছেন তাঁরা উদ্যোগ নেবেন। আমাদের পক্ষ থেকে আলোচনাসভার আয়োজন করছি এবং আমাদের পক্ষ থেকে দিল্লিতেও একটা আলোচনাসভার আয়োজন করব। এর মধ্যে দিয়ে আমাদের যে উদ্যোগ সেটা মানুষের কাছে পৌঁছে দেব।

শ্রী শোভনদেব চট্টোপাধ্যায় : মাননীয় শিক্ষামন্ত্রীর কাছে অতিরিক্ত প্রশ্ন, একটু আগে এস্ট্রোলজি নিয়ে আলোচনা হচ্ছিল। আমরা সংবাদপত্রে পড়েছি সারাদেশে ৪৫টি কলেজ, বিশ্ববিদ্যালয় এই এস্ট্রোলজি পড়াবার জন্য ইউ.জি.সি.র কাছে আবেদন করেছিল, তার মধ্যে ২২টি কলেজ অনুমোদন পেয়েছে এবং তার মধ্যে রবীন্দ্রভারতী বিশ্ববিদ্যালয় এই সাবজেক্ট পড়ানোর অনুমোদন পেয়েছে। আমার প্রশ্ন, আপনার মত কি সারাদেশে একই ধরনের শিক্ষাক্রম চালু হওয়া উচিত, কি উচিত নয় ?

শ্রী কান্তি বিশ্বাস : এটা বহুবার আলোচনা হয়েছে। মাননীয় বিধায়ক জানেন আমাদের ভারতবর্ষ একটা বৈচিত্র্যময় দেশ, আমাদের আচার, ভাষা, সংস্কৃতির ব্যাপারে আমাদের মধ্যে অনেক ব্যবধান আছে। তা সত্ত্বেও ভারতবর্ষে অভিন্ন পাঠক্রম চালু হতে পারে না, একটা নির্দেশিকা থাকতে পারে। এমনকি রাজ্যের মধ্যেও বিভিন্ন পাঠক্রম থাকতে পারে। অভিন্ন পাঠক্রম চালু করার কথা যাঁরা বলেন তাঁরা ভারতবর্ষের বৈচিত্র্যের কথা অস্বীকার করেন। এটা শুধু আমার মতই নয়, এটা সর্বভারতীয় অভিমত।

শ্রী দেবপ্রসাদ সরকার : মাননীয় শিক্ষামন্ত্রী আজকে কেন্দ্রীয় সরকার সারাদেশে এক ধরনের পাঠক্রম চালু করার নামে যে মারাত্মক সিদ্ধান্ত তারা চাপিয়ে দিচ্ছেন সে সম্পর্কে আপনি আপনার প্রতিক্রিয়া ব্যক্ত করেছেন সরকারের পক্ষ থেকে সঠিকভাবেই। কিন্তু আমার জিজ্ঞাসা যে শুধু প্রতিক্রিয়াই নয়, এই সম্পর্কে এই ধরনের জনবিরোধী শিক্ষানীতি যাতে চাপিয়ে দিতে না পারে তার জন্য রাজ্য সরকার যে কোনো মূল্যে এটাকে রোধ করার

ব্যাপারে তাদের পরিকল্পনা কি ? যাতে যে কোনো মূল্যে এই জনবিরোধী নীতি তাঁরা চাপাতে না পারে সেই ব্যাপারে।

শ্রী কান্তি বিশ্বাস : আমি আগেই জানিয়েছি যে পশ্চিমবাংলার মতামত তৈরি করার জন্য আলোচনাসভা ডাকছি এবং দিল্লিতেও আলোচনাসভা ডাকব, অ-বি জে পি শিক্ষামন্ত্রী এবং শিক্ষাবিদদের এর সঙ্গে যুক্ত করতে চাইছি। এই ব্যাপারে আমাদের ক্ষমতা সীমাবদ্ধ, এর বাইরে আমরা যেতে পারি না, কিন্তু ব্যাপক জনমত তৈরি করার জন্য এই রামমোহন, রবীন্দ্রনাথ, বিদ্যাসাগরের যে বাংলা এখানে আপনাদের যে সংগঠন আছেন তারা সরকারের পক্ষ থেকে আপনারা আরও বেশি সক্রিয় ভূমিকা নিতে পারে যদি আপনারা এগিয়ে আসেন।

*315 : Not Called.

জলপাইগুড়িতে হাইকোর্টের সার্কিট বেঞ্চ

*৩১৬। (অনুমোদিত প্রশ্ন নং *৩১৫) **শ্রী তপন হোড়** : বিচার বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) এটা কি সত্যি যে, উত্তরবঙ্গের জলপাইগুড়িতে হাইকোর্টের সার্কিট বেঞ্চ স্থাপনের প্রস্তাবটি বর্তমানে বাতিল করা হয়েছে ; এবং

(খ) সত্যি হলে, এর কারণ কী ?

শ্রী নিশীথ অধিকারী :

(ক) সত্য নয়।

(খ) প্রশ্নই ওঠে না।

শ্রী তপন হোড় : আমার প্রশ্ন হচ্ছে, দীর্ঘদিন ধরে উত্তরবঙ্গে হাইকোর্টের একটা সার্কিট বেঞ্চ হওয়ার কথা চলছে, এখনও হয়নি। বর্তমানে এটা কি পর্যায়ে আছে এবং দেরি হওয়ার কারণ কী ?

শ্রী নিশীথ অধিকারী : উত্তরবঙ্গে সার্কিট বেঞ্চের দাবি পশ্চিমবঙ্গ সরকার করেন এবং তৎকালীন কেন্দ্রীয় সরকার সেই দাবি মেনেও নেন। তারপর পশ্চিমবঙ্গ সরকারকে বলেন হাইকোর্টের সঙ্গে আলোচনা করে তারা যেন জানান এটা কোথায় হবে। রাজ্য সরকার হাইকোর্টকে জানান। হাইকোর্ট তিনজন জজকে নিয়ে এক্ষেত্রে একটা কমিটি করে। তারা একটা রিপোর্ট দিয়ে দুটো শহরের মধ্যে কোথায় হবে সেই মতামত দেন। রাজ্য সরকার সেই মতামত কেন্দ্রীয় সরকারকে জানায়। তবে এটা করার দায়িত্ব কেন্দ্রীয় সরকারের রাজ্য সরকারের নয়। কেন্দ্রীয় সরকারের কাছে এটা দেওয়ার পরে পুনর্বার কেন্দ্রীয় সরকার পুনর্বিবেচনার জন্য, রাম জেঠমালানি সাহেব আমাদের বলেন। আবার হাইকোর্ট তাদের আগের মত রেখে বলে আমরা যা বলেছি ঠিক বলেছি, সরানোর কোনো ব্যাপার নেই। আবার আমরা কেন্দ্রীয় সরকারকে জানায়। বর্তমানে কেন্দ্রীয় সরকার তার শেষের কথা কী

বলেন তার জন্য ওয়েট করছি। আমি যতদূর জানি, বর্তমান আইনমন্ত্রী যিনি আছেন, বলেছেন যে, 'পশ্চিমবঙ্গের একটা রাজনৈতিক দল, তার নেত্রী বলেছেন, নির্বাচনের পরে এটা করবেন।' কিন্তু নির্বাচনও পেরিয়ে গেল। আশা করি ওঁরা যতশীঘ্র সম্ভব করবেন।

শ্রী তপন হোড় : এটা একটা গুরুতর ব্যাপার, দীর্ঘদিন ধরে পড়ে আছে। কোনো একটা রাজনৈতিক দল, সম্ভবত তৃণমূল নেত্রী করতে বাধা দিয়েছিলেন বলে আমরা শুনেছি এবং আরো নাকি বলেছিলেন, ওটা করার দরকার নেই এখন, নির্বাচনের পরে করতে বলেছিলেন। ওই নেত্রী যতই বাধা দিন না কেন, সার্কিট বেঞ্চের ব্যাপারে কমোশন হচ্ছে। এক্ষেত্রে আইনমন্ত্রী বা সুপ্রিম কোর্টের তরফ থেকে, কেন্দ্রীয় সরকারের পক্ষ থেকে নির্দিষ্টভাবে কি বলেছেন ?

শ্রী নিশীথ অধিকারী : যথাশীঘ্র সম্ভব তাঁরা করবেন। এটা নিয়ে বাধা বা দেরি করার কোনো স্কোপ আর নেই। হাইকোর্ট দ্বিতীয়বার ফেরত দিয়ে দিয়েছে। এবং রাজ্য সরকারও হাইকোর্টের রায়ের সঙ্গে একমত। তাই আমার মনে হয় এই বিষয়টিকে আর টানার কোনো স্কোপ নেই।

শ্রী তপন হোড় : এর সঙ্গে রিলেটেড বলে বলছি, সুপ্রিম কোর্টের একটা সার্কিট বেঞ্চ কলকাতায় হওয়ার কথা ছিল। কিন্তু পরবর্তীকালে এটা বাতিলের পর্যায়ে চলে গিয়েছিল। আপনি বলেছিলেন, না হতে পারে। কলকাতায় সুপ্রিম কোর্টের সার্কিট বেঞ্চ করার বিষয়টা বর্তমানে কী অবস্থায় আছে ?

শ্রী নিশীথ অধিকারী : এ ব্যাপারে একটা আলাদা প্রশ্ন করলে বেটার হবে।

শ্রী আবদুল মান্নান : জলপাইগুড়ি না শিলিগুড়ি ? কোথায় হবে তাই নিয়ে অনেকদিন ধরে বিষয়টা আটকে ছিল। সংবাদপত্রে এটা দেখেছি এবং এই সমস্যাটা নিয়ে হাউজেও আলোচনা হয়েছে। আপনার সহকর্মী, উত্তরবঙ্গের মন্ত্রী, আগে ওইখানে বসতেন, তিনি এই ব্যাপারে দ্বিমত পোষণ করেছিলেন। এখন আবার এক্ষেত্রে আর একজন মন্ত্রী হয়েছেন। সেই দ্বিমত পোষণ করা হয়েছিল জায়গার নির্বাচন নিয়ে। জায়গার ব্যাপারে কি মন্ত্রী সভার সদস্যরা বিরোধ মিটিয়ে ফেলেছেন ? আপনারা কি সকলে একমত হয়েছেন এক্ষেত্রে ? কারণ আমরা সংবাদপত্রে এ বিষয়ে বিভিন্ন রিপোর্ট পাচ্ছি এবং বিভ্রান্ত হচ্ছি।

[11.50—12.00 noon]

শ্রী নিশীথ অধিকারী : আমাদের এরকম কোনো বিরোধ ছিল বলে আমি জানি না। আমরা চিরকাল পশ্চিমবঙ্গ সরকার থেকে একটা কথা বলছি যে, আমরা উত্তরবঙ্গে কলকাতা হাইকোর্টের সার্কিট বেঞ্চ চাই। সে ব্যাপারে হাইকোর্ট যা বলবে তার সঙ্গে আমরা একমত। আমরা আবার বলছি আমাদের রাজ্য সরকারের কোনো সময় মতবিরোধ ছিল না। এ ব্যাপারে আপনাদের মধ্যে মতবিরোধ ছিল, আপনারা নাকি বলেছিলেন জলপাইগুড়িতে হোক—এটা আমি শুনে এসেছি।

শ্রী দীপক সরকার : মাননীয় আইনমন্ত্রীর কাছে অতিরিক্ত প্রশ্ন—আপনি আগেও বলেছেন যে, কেন্দ্রীয় সরকার উত্তরবঙ্গে সার্কিট বেঞ্চ ঘোষণার দিন ঠেকিয়ে রাখছে এবং বিশেষ উদ্দেশ্য নিয়ে এটা করছে। এ ব্যাপারে আমরা উদ্বিগ্ন। আমার আবেদন যাতে এটা যথাশীঘ্র করা সম্ভব হয় তার জন্য রাজ্য সরকার কেন্দ্রীয় সরকারের কাছে দ্রুত একটা প্রতিনিধি দল পাঠান।

শ্রী নিশীথ অধিকারী : আমি এ বিষয়ে ২৯শে জুন কেন্দ্রীয় সরকারের আইনমন্ত্রীর সঙ্গে দেখা করে তাঁকে বলি যে, এ ব্যাপারে আর দেরি করার কোনো উপায় বোধ হয় নেই। তিনি আমার সঙ্গে একমত হন। আমি বলি যে এর জন্য একটা ডেফিনিট ডেট দেওয়া হোক। তিনি বলেন, ওটা করতে গেলে পার্লামেন্টে একটা আইন করতে হবে। এই সম্পর্কে পদক্ষেপ নিচ্ছেন। তবে দেরি হলে আমরা আবার যাব, আমরা আমাদের দাবি ছাড়ব না। আমরা চাই উত্তরবঙ্গে কলকাতা হাইকোর্টের সার্কিট বেঞ্চ হোক।

শ্রী মলয় ঘটক : স্যার, আমি আপনার মাধ্যমে মাননীয় মন্ত্রী মহাশয়ের কাছে অতিরিক্ত প্রশ্ন রাখছি—রাজ্য সরকার উত্তরবঙ্গে সার্কিট বেঞ্চ করার জন্য প্রস্তাব রেখেছিলেন, যদিও এখনও সেটা হয়নি। দক্ষিণবঙ্গে বর্ধমান, বীরভূম, বাঁকুড়া, পুরুলিয়া এই সমস্ত জেলার জন্য দক্ষিণবঙ্গের কোনো শহরে সার্কিট বেঞ্চ করার জন্য রাজ্য সরকার কোনো বিবেচনা করছেন কি ? কারণ ক্যাট, স্যাট্ অনেক কিছু করা হল, কিন্তু হাইকোর্টে এখনও লক্ষ লক্ষ মামলা পড়ে রয়েছে। তাই দক্ষিণবঙ্গে আসানসোল বা দক্ষিণবঙ্গের অন্য কোনো শহরে এই ধরনের সার্কিট বেঞ্চ করার কোনো প্রস্তাব রাজ্য সরকারের বিবেচনার মধ্যে আছে কি ?

শ্রী নিশীথ অধিকারী : রাজ্য সরকারের যে ঘোষিত নীতি সেই নীতি হল বিচারব্যবস্থাকে সহজলভ্য করা এবং সেই নীতিকে অনুসরণ করে রাজ্য সরকার চাইছেন বিকেন্দ্রীকরণ করা হোক। আমরা সেজন্য উত্তরবঙ্গে সার্কিট বেঞ্চ করার কথা বলেছি, সেটা এখনও হয়নি। সেটা হলে নিশ্চয়ই পরবর্তী ব্যাপারে পদক্ষেপ নেওয়া যাবে। সাইটের ব্যাপারে মাননীয় সদস্য একমত হলে ভাল। সাইমালট্যানিস করা হচ্ছে না এজন্য যে, এটা আগে একবার প্রস্তাব দেওয়া হয়েছিল। ওটা হোক, ওটা হলে এটা পরে করা যাবে।

শ্রী অশোককুমার দেব : গতবারেও আপনি মন্ত্রী ছিলেন। আমি পরিষ্কারভাবে জানতে চাই যে, যে ৩ জন জাস্টিস নিয়ে একটা কমিটি গঠন করা হয়েছিল, আপনি হাউসে বলেছিলেন যে তাঁরা রিপোর্ট পেশ করেছেন। তাঁরা নিশ্চয়ই জলপাইগুড়ি বা শিলিগুড়ি এই দুটো জায়গার মধ্যে একটা জায়গার নাম পছন্দ করেছেন। রিপোর্টে কোন নামটা বলা আছে সেটা আমি জানতে চাই।

আর একটা কথা বলি যে, দ্বন্দ্ব আমাদের মধ্যে নেই, দ্বন্দ্ব আপনাদের মধ্যে হচ্ছে। আপনাদের সেই লড়াইয়ের মধ্যে আমাদের যাওয়ার দরকার নেই। আমি শুধু জানতে চাই, যে রিপোর্ট পেশ করা হয়েছে তাতে কোন নামটা বলা আছে ?

শ্রী নিশীথ অধিকারী : রাজ্য সরকারের কোনো কমিটি নয়, হাইকোর্টের তিনজন জজের একটা কমিটি রিপোর্ট দিয়েছিল। সেখানে তাঁরা বলেছিলেন, 'জলপাইগুড়ি হ্যাজ গট্ অ্যান এজওভার শিলিগুড়ি।' পরবর্তীকালে হাইকোর্টের ফুল বেঞ্চ, অর্থাৎ সমস্ত জজ মিলে—হাইকোর্ট বলতে যা বোঝায়—একমত হয়ে ওটাই গ্রহণ করেন এবং আমরা সেটা গ্রহণ করে কেন্দ্রীয় সরকারকে জানিয়ে দিই।

*317 : Not Called.

*318 : Not Called.

উত্তর ও দক্ষিণবঙ্গে হাইকোর্টের সার্কিট বেঞ্চ

*৩১৯। (অনুমোদিত প্রশ্ন নং *১৪৪১) **শ্রী কাশীনাথ মিশ্র :** বিচার বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) উত্তরবঙ্গে কলকাতা হাইকোর্টের সার্কিট বেঞ্চ স্থাপনের প্রস্তাবটি বর্তমানে কোন পর্যায়ে আছে ; এবং

(খ) দক্ষিণবঙ্গের বর্ধমান বা বাঁকুড়া জেলার জজ আদালতে অনুরূপ সার্কিট বেঞ্চ স্থাপনের কোনো প্রস্তাব বিবেচনাধীন আছে কি না ?

শ্রী নিশীথ অধিকারী :

(ক) কেন্দ্রীয় সরকারের বিবেচনাধীন আছে।

(খ) না।

শ্রী কাশীনাথ মিশ্র : কলকাতা হাইকোর্টের সার্কিট বেঞ্চ উত্তরবঙ্গে হবার বিষয়টি কবে থেকে বিচারাধীন বা বিবেচনাধীন আছে ? তারিখটা জানাবেন কি ?

শ্রী নিশীথ অধিকারী : আইনমত এটা ১৯৯৮ সালের ফেব্রুয়ারি মাস থেকে বিবেচনাধীন আছে। ১৯৯৮ সালের ফেব্রুয়ারি মাসে হাইকোর্টের ফুল বেঞ্চ সুপারিশ দেন এবং আমরা তা গ্রহণ করে সঙ্গে সঙ্গে কেন্দ্রীয় সরকারের কাছে পাঠিয়ে দিই। কেন্দ্রীয় সরকারের তৎকালীন আইনমন্ত্রী জেঠমালানি এখানে এসেছিলেন। তিনি আমাদের বলেছিলেন, 'এটা আপনারা পুনর্বিবেচনা করতে পারেন কিনা দেখুন।' তখন আমরা হাইকোর্টের কাছে পুনর্বিবেচনার জন্য পাঠিয়েছিলাম। তাঁরা পুনর্বিবেচনা করে যা সুপারিশ করেন তা আমরা আবার কেন্দ্রীয় সরকারের কাছে পাঠিয়ে দিই। এখন বিষয়টা কেন্দ্রীয় সরকারের বিবেচনাধীন আছে। এখানে দু'বার বিবেচনা করা হয়ে গেছে। এক্ষেত্রে আর তৃতীয়বার বিবেচনা করার কোনো সংকোপ নেই। আশা করছি তাড়াতাড়ি এটা হবে।

শ্রী কাশীনাথ মিশ্র : মাননীয় মন্ত্রী মহাশয়, আপনি ক্ষমতা বিকেন্দ্রীকরণের কথা বললেন। আমার আপনার কাছে প্রশ্ন—উত্তরবঙ্গে হাইকোর্টের সার্কিট বেঞ্চ করার ব্যাপারে কেন্দ্রীয় সরকারের সঙ্গে যোগাযোগ করে কতগুলি চিঠি লিখেছিলেন এবং সে চিঠিগুলির মেমো নংগুলি বলবেন কি ?

শ্রী নিশীথ অধিকারী : আমি এক্ষেত্রে ক্ষমতা বিকেন্দ্রীকরণের কথা বলি। আমি বলেছি বিচার ব্যবস্থার বিকেন্দ্রীকরণের কথা। এ ব্যাপারে মোটামুটি বেশ কয়েকটা চিঠিই আমরা দিয়েছি। মাননীয় সদস্য ব্যক্তিগতভাবে চাইলে আমি ওঁকে চিঠিগুলির নম্বর দিয়ে দেব।

শ্রী কাশীনাথ মিশ্র : মাননীয় মন্ত্রী মহাশয়, কিছুক্ষণ আগে মাননীয় সদস্য তপন হোড় মহাশয় মমতা ব্যানার্জির নাম উল্লেখ করে বললেন যে, মমতা ব্যানার্জি নিষেধ করেছিলেন। আপনি এই মর্মে কেন্দ্রীয় সরকারের কাছ থেকে কোনো পত্র পেয়েছিলেন কি ; যদি পেয়ে থাকেন সে পত্রের নম্বর কি এবং কবে সেটা পেয়েছেন ?

শ্রী নিশীথ অধিকারী : আপনি যখন জিজ্ঞেস করলেনই তখন আমি বলি যে, কোনো পত্র বলে কিছু আসেনি। আমি যখন কেন্দ্রীয় মন্ত্রী অরুণ জেটলি মহাশয়ের সঙ্গে কথা বলেছিলাম তখন তিনি বলেছিলেন, 'আপনাদের ওখানকার আমাদের একজন মন্ত্রী আমাকে বলেছেন—আপনারা ইলেকশানের পরে এটা করবেন, আগে করবেন না। যুক্তি নিশ্চয়ই আছে, নতুন গভর্নমেন্ট এসে দেখবে বলে। সে জন্য আমরা করিনি। এবারে আমরা করব।'

[12.00—12.10 p.m.]

Starred Questions
(To which answers were laid on the Table)

দেশী-বিদেশী মদের লাইসেন্স

*৩১৫। (অনুমোদিত প্রশ্ন নং *১২৯৫) **শ্রী কমল মুখার্জী** : আবগারি বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহ করে উত্তর দেবেন কি—

রাজ্যে দেশী এবং বিদেশী মদের লাইসেন্স প্রদানের পদ্ধতি কীরূপ ?

আবগারি বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় :

কোন কোন স্থানে নতুন মদের দোকানের লাইসেন্স প্রদান করা হবে তা সরকার চিহ্নিত করার পর সংশ্লিষ্ট কালেক্টর সংবাদপত্রের বিজ্ঞাপনের মাধ্যমে যোগ্য এবং ইচ্ছুক জনসাধারণের কাছ থেকে প্রতিটি স্থানের জন্য দরখাস্ত আহ্বান করেন। নির্দিষ্ট সময়ের মধ্যে জমা দেওয়া হয়েছে ও আইনে উল্লেখিত যোগ্যতাবলি পূরণ করেছেন এমন দরখাস্তকারীদের নামের তালিকা (প্রতিটি স্থানের জন্য পৃথক তালিকা) জেলা কর্তৃপক্ষের অফিসে আবেদনকারীদের অবগতির জন্য টাঙিয়ে দেওয়া হয় এবং উক্ত তালিকার প্রতিলিপি রাজ্য লটারির অধিকর্তার নিকট পাঠানো হয়। তিনি লটারির মাধ্যমে প্রতিটি স্থানের জন্য তিনজন প্রার্থীর ক্রমানুসারে একটি নামের তালিকা প্রস্তুত করেন। এরপর কালেক্টর তালিকায় থাকা প্রত্যেককে তার প্রস্তাবিত দোকানের স্থান, বিবরণ উল্লেখ করতে বলেন। অনুসন্ধানে যদি দেখা

যায় যে তালিকায় প্রথমে থাকা ব্যক্তি দোকান স্থাপন করতে সমর্থ তাহলে তাকেই লাইসেন্স প্রদান করা হয়।

প্রথম জন অসমর্থ হলে অনুসন্ধানের পর ২য় জন সমর্থ হলে প্রমাণিত হলে ২য় জনকে লাইসেন্স প্রদান করা হবে। প্রথম, দ্বিতীয় অসমর্থ হলে তালিকায় থাকা সর্বশেষ এবং তৃতীয় জন যদি সমর্থ হন সেক্ষেত্রে তাকে লাইসেন্স প্রদান করা হবে।

চুক্তির ভিত্তিতে অধ্যাপক নিয়োগ

*৩১৭। (অনুমোদিত প্রশ্ন নং *১৩৩১) **শ্রী সুব্রত মুখোপাধ্যায় :** উচ্চশিক্ষা বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

বিগত আর্থিক বছরে (২০০০-২০০১) রাজ্যের সরকারি কলেজগুলিতে চুক্তির ভিত্তিতে কত সংখ্যক অধ্যাপক নিয়োগ করা হয়েছে।

উচ্চশিক্ষা বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় :

বিভিন্ন সরকারি কলেজে বিভিন্ন বিষয়ে অধ্যাপক পদে মোট ১২৩ জনকে চুক্তির ভিত্তিতে নিয়োগপত্র প্রদান করা হয়েছে।

যুবকল্যাণ আধিকারিকের শূন্য পদ

*৩১৮। (অনুমোদিত প্রশ্ন নং *১৩৬৯) **শ্রী তাপস চট্টোপাধ্যায় :** যুবকল্যাণ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) এটা কি সত্যি যে, রাজ্যের বেশ কিছু ব্লকে যুবকল্যাণ আধিকারিকের পদ শূন্য আছে ; এবং

(খ) সত্যি হলে, এ ধরনের ব্লকের সংখ্যা কটি ?

যুবকল্যাণ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় :

(ক) হ্যাঁ।

(খ) মোট ৩৩৫টি অনুমোদিত ব্লক যুব অফিসের মধ্যে ৮২টি ব্লকে যুবকল্যাণ আধিকারিকের পদ শূন্য আছে।

প্রাথমিক বিদ্যালয়ের শিক্ষার্থীদের বহির্মূল্যায়ন

*৩২০। (অনুমোদিত প্রশ্ন নং *১৫০৫) **শ্রী রতন পাখিরা :** বিদ্যালয় শিক্ষা বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) রাজ্যে সমস্ত প্রাথমিক বিদ্যালয়ের ছাত্রছাত্রীদের জন্য বহির্মূল্যায়নের কোনো পরিকল্পনা আছে কি না ; এবং

(খ) থাকলে, কোন শিক্ষাবর্ষ থেকে তা চালু হতে পারে ?

বিদ্যালয় শিক্ষা বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় :

(ক) শিক্ষার প্রাথমিক স্তরে বহির্মূল্যায়নের ব্যবস্থা প্রচলিত আছে।

(খ) ১৯৯৯-২০০০ সালের শিক্ষাবর্ষ থেকে এই প্রথা বহাল আছে।

যুব আবাস স্থাপন

*৩২১। (অনুমোদিত প্রশ্ন নং *১৪১২) **শ্রী শিবপ্রসাদ মালিক :** যুবকল্যাণ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) এটা কি সত্যি যে, দিল্লি, মুম্বাই, ব্যাঙ্গালোর এবং ভুবনেশ্বরে 'যুব আবাস' তৈরি করার পরিকল্পনা নেওয়া হয়েছে ; এবং

(খ) সত্যি হলে, কবে নাগাদ উক্ত পরিকল্পনাটি বাস্তবায়িত হবে বলে আশা করা যায় ?

যুবকল্যাণ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় :

(ক) না।

কিন্তু দিল্লি, মুম্বাই এবং বাঙ্গালোরে 'যুব আবাস' তৈরির ব্যাপারটি চিন্তা-ভাবনার স্তরে রয়েছে। উপযুক্ত স্থান পাওয়া গেলে এ বিষয়ে পরবর্তী পদক্ষেপ নেওয়া হবে।

(খ) আপাতত প্রযোজ্য নয়।

মহাবিদ্যালয় স্তরে ফুড টেকনোলজি কোর্স

*৩২২। (অনুমোদিত প্রশ্ন নং *১৫৭৬) **শ্রী ব্রহ্মময় নন্দ :** উচ্চশিক্ষা বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

মহাবিদ্যালয় স্তরে ফুড টেকনোলজি বিষয়ে কোনো পাঠক্রম চালু করার পরিকল্পনা সরকারের আছে কি না ?

উচ্চশিক্ষা বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় :

না।

অবর বিদ্যালয় পরিদর্শকের শূন্য পদ

*৩২৩। (অনুমোদিত প্রশ্ন নং *১৫১২) **শ্রী নন্দদুলাল মাঝি :** বিদ্যালয় শিক্ষা বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) রাজ্যে বর্তমানে অবর বিদ্যালয় পরিদর্শকের কতগুলি পদ শূন্য আছে ; এবং

(খ) শূন্য পদগুলি পূরণ করার জন্য কী ব্যবস্থা গ্রহণ করা হয়েছে ?

বিদ্যালয় শিক্ষা বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় :

(ক) রাজ্যে মোট ৭৭টি অবর বিদ্যালয় পরিদর্শকের পদ শূন্য আছে।

(খ) বিধি অনুযায়ী শূন্যপদগুলি পূরণ করার জন্য লোকসেবা আয়োগকে যোগ্য প্রার্থী তালিকা প্রস্তুত করতে বলা হয়েছে। সেই তালিকা প্রস্তুত করার লক্ষ্যে লোকসেবা আয়োগ পরীক্ষায় উত্তীর্ণ প্রার্থীদের সাক্ষাৎকার নেওয়া শুরু করেছেন। আশা করা যাচ্ছে যে শীঘ্রই তারা যোগ্য প্রার্থীদের তালিকা পাঠাবেন।

উচ্চমাধ্যমিক বিদ্যালয়

*৩২৪। (অনুমোদিত প্রশ্ন নং *১৩৩৩) **শ্রী সুব্রত মুখার্জী** : বিদ্যালয় শিক্ষা বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহ করে উত্তর দেবেন কি—

(ক) রাজ্যে উচ্চমাধ্যমিক স্তর পর্যন্ত সরকারি বিদ্যালয়ের সংখ্যা কত ; এবং

(খ) উক্ত বিদ্যালয়গুলিতে মোট শিক্ষক-শিক্ষিকাদের সংখ্যা কত ?

বিদ্যালয় শিক্ষা বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় :

(ক) ২৯ (উনত্রিশ)

(খ) ১০৮৬ (এক হাজার ছিয়াশি)

লোক আদালত

*৩২৫। (অনুমোদিত প্রশ্ন নং *১৪৭) **শ্রী আবু আয়েশ মণ্ডল** : বিচার বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) এটা কি সত্যি যে, বিগত আর্থিক বছরে (২০০০-২০০১) রাজ্যের বিভিন্ন স্থানে 'লোক আদালত' অনুষ্ঠিত হয়েছিল ; এবং

(খ) সত্যি হলে (১) কোন কোন স্থানে, ও (২) কত সংখ্যক ?

বিচার বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় :

(ক) হ্যাঁ।

(খ)

স্থানের নাম		সংখ্যা
কলকাতা উচ্চ আদালত	—	২
রায়গঞ্জ	—	১১
ইসলামপুর	—	২
বাঁকুড়া	—	১১
বর্ধমান	—	১০

দুর্গাপুর	—	১
হুগলি	—	১১
হাওড়া	—	১১
মালদহ	—	১৪
কোচবিহার	—	১১
জলপাইগুড়ি	—	১১
পুরুলিয়া	—	১১
নদিয়া (কৃষ্ণনগর)	—	১১
বালুরঘাট	—	১১
বহরমপুর	—	৮
সিউড়ি	—	৮
রামপুরহাট	—	২
আলিপুর (দঃ ২৪-পরগনা)	—	৯
বারাসত	—	১১
বসিরহাট	—	১
কলকাতা (সিটি সিভিল কোর্ট)	—	১১
দার্জিলিং	—	৮
শিলিগুড়ি	—	২
মেদিনীপুর	—	৭
	মোট	১৯৫

নেতাজী রচনাবলী প্রকাশ

*৩২৬। (অনুমোদিত প্রশ্ন নং *১৩৮৬) **শ্রী শিবপ্রসাদ মালিক :** উচ্চশিক্ষা বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) 'নেতাজী রচনাবলী' প্রকাশের বিষয়ে সরকার কোনো পদক্ষেপ গ্রহণ করেছেন কি না ; এবং

(খ) করে থাকলে, তা বর্তমানে কোন পর্যায়ে ?

উচ্চশিক্ষা বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় :

(ক) আইনগত সমস্যা থাকায় এই বিষয়ে কোনো উল্লেখযোগ্য পদক্ষেপ নেওয়া সম্ভব হয়নি।

(খ) কোনো নতুন অগ্রগতি সম্ভব হয়নি।

Mr. Speaker: No more. The Question Hour is over.

ADJOURNMENT MOTION

Mr. Speaker: Today I have received seven notices of Adjournment Motions. The first one is from Shri Kashinath Mishra on the subject of dilapidated condition of hospital buildings in Kolkata. The second one is from Shri Asit Kumar Mal on the subject of reported death of some persons from attack by terrorists on the way to Amarnath. The third one is from Smt. Sonali Guha on the subject of non-providing the MLAs with security guards. The fourth one is from Shri Ashok Kumar Deb on the subject of alleged crisis of revenue stamp in the Post Offices. The fifth one is from Shri Saugata Roy on the subject of reported explosion of land mine on the way to Amarnath by Kashmiri militants causing death of many pilgrims including two of Bally, Howrah. The sixth one is from Shri Jatu Lahiri on the subject of reported death of many pilgrims on the way to Amarnath from the attack of Kashmiri militants on 21.7.2001. And the seventh one is from Dr. Ratna De (Nag) on the subject of non-availability of headmaster in 900 schools in the state.

The subject matters of the second, fourth, fifth and sixth adjournment motions are not primarily concerned with the State Government. The notices are thus out of order and I reject it.

The subject matter of the remaining three motions are not such that may call for adjournment of the business of the House. Members may invite attention of the concerned Ministers through Calling Attention, Mention, Question, etc.

I, therefore, withhold my concent to the three motions.

One Member of the party may however read the text of the Motion as amended.

Smt. Sonali Guha : Sir, this Assembly do now adjourn its business to discuss a definite matter of urgent public importance and of recent occurrence, namely—

More than one thousand police constables are attached with ex-officers and ex-public representatives since last several years. But the present MLAs are not provided with security guards because of non-availability of the same.

Thank you, Sir.

CALLING ATTENTION (NOTICE)

Mr. Speaker: Today, I have received four notices of Calling Attention on the following subjects, namely :—

Subject	Name
(i) District-wise recruitment of teachers through panel in School Service Commission.	: Shri Nepal Mahato
(ii) Reported death of one Sahadeb Nandi, S.I., in Murshidabad on 21.7.2001	: Shri Kashinath Misra
(iii) Non-execution of arrest warrant on one Narayan Biswas in Balurghat	: Shri Dipak Kumar Ghosh
(iv) Admission problem of Madhyamik passed students.	: Smt. Sonali Guha

I have selected the notice of Smt. Sonali Guha on the subject of 'Admission problems of Madhyamik-passed students.'

The Minister-in-Charge may please make a statement today, if possible or give a date.

Shri Prabodh Chandra Sinha: Sir, the statement will be made on 30th July, 2001.

CALLING ATTENTION (STATEMENT)

Mr. Speaker: Now I call upon the Minister-in-Charge of School Education Department to make a statement on the subject of turmoil over admission in Patha Bhawan School.

(Attention called by Shri Parash Dutta on the 18th July, 2001)

শ্রী কান্তি বিশ্বাস : মাননীয় অধ্যক্ষ, মাননীয় সদস্য শ্রী পরশ দত্তর দৃষ্টি আকর্ষণী প্রস্তাবের জবাবে আমি এই বিবৃতিটি রাখছি। কিন্তু মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আপনার সাহায্য চাইছি, এখানে যে কথাটা লেখা আছে শেষের বাক্যে, হোয়াই ওয়াজ দি চেয়ারম্যান অফ দি সেকেণ্ডারী স্কুল কমিটি ডিসলভ্ড্—চেয়ারম্যান ডিসলভ্ড হতে পারে আমি এই ইংরেজি শুনিনি। মাননীয় সদস্য শ্রী পরশ দত্ত কিসের পরশে বলেছেন তা আমি জানি না, কিন্তু আপনি অনুমতি দিন, বিধানসভার নথিতে রেকর্ড হয়ে থাকবে—এখানে কমিটি ডিসলভ্

হোক সেইভাবে সংশোধনী করার সুযোগ দিন। সেটা অ্যাসেম্বলিতে রেকর্ডেড হোক, হোয়াই দি কমিটি ওয়াজ ডিসলভ্ড্। চেয়ারম্যান ডিসলভ্ হয় না। চেয়ারম্যান এখনো আন-ডিসলভ্ আছে, অক্ষত আছে, সুস্থ আছে। এইজন্য মাননীয় সদস্য শ্রী পরশ দত্তকে সুযোগ দেওয়া হোক, এই ভুলটা সংশোধন করে দৃষ্টি-আকর্ষণী প্রস্তাব আনুন।

শ্রী পঙ্কজ ব্যানার্জী : আপনি বিবৃতিটা পাঠ করুন।

শ্রী কান্তি বিশ্বাস : ঠিক আছে।

বিধানসভার মাননীয় বিধায়ক শ্রী পরশ দত্ত পশ্চিমবঙ্গ বিধানসভার কার্যপ্রণালী ও কার্য পরিচালনার ১৯৮ ধারা বলে কলকাতা পাঠ ভবন বিদ্যালয় ভর্তি সংক্রান্ত বিষয়ে যে বিবৃতি পেশ করার জন্য আমার দৃষ্টি আকর্ষণ করেছেন তার উত্তরে নিম্নলিখিত বিবৃতি দিচ্ছি : দক্ষিণ কলকাতা পাঠ ভবন বিদ্যালয়টি তিন দশকের বেশি সময় ধরে সম্মানের সাথে পরিচালিত হচ্ছে। পাঠ ভবন বিদ্যালয়ের দুটি বিভাগ এই দীর্ঘ সময় ধরে পরিচালিত হচ্ছে। একটি বিভাগ প্রাথমিক স্তরে শিক্ষার্থীদের শিক্ষাদান পরিচালনা করার জন্য, অন্য বিভাগটি মাধ্যমিক এবং পরবর্তী সময়ে উচ্চমাধ্যমিক স্তরে শিক্ষাদান করার জন্য পরিচালিত হচ্ছে। বিদ্যালয়টি ঘাটতি ভিত্তিক সরকারি অনুদান প্রকল্পের অধীনে নয়। তবে বিদ্যালয়ে অনুমোদিত শিক্ষক, শিক্ষাকর্মীগণ সরকারের নিকট হতে সরকারি মহার্ঘ্য ভাতা পেয়ে থাকেন। বিদ্যালয়টির শিক্ষণ পদ্ধতি, শিক্ষক-শিক্ষার্থীদের সম্পর্ক ও শিক্ষার মান বিবেচনায় একটি উন্নতমানের শিক্ষা প্রতিষ্ঠান হিসাবে স্বীকৃত। বিদ্যালয়ের প্রাথমিক শাখা সরকারি বিধির দ্বারা স্বীকৃত নয়। কিন্তু মাধ্যমিক শাখা পশ্চিমবঙ্গ মধ্যশিক্ষা পর্ষদ ও পরবর্তী সময়ে উচ্চমাধ্যমিক শিক্ষা সংসদের দ্বারা স্বীকৃত। আইনানুগভাবে যদিও বিদ্যালয়ে মাধ্যমিক শাখা পশ্চিমবঙ্গ মধ্যশিক্ষা পর্ষদ রচিত বিধির দ্বারা পরিচালকমণ্ডলী গঠিত হয় কিন্তু বিদ্যালয় জন্মলগ্ন থেকে প্রাথমিক শাখার সঙ্গে মাধ্যমিক শাখার একটি স্বাস্থ্যকর সুসম্পর্ক বজায় আছে। সেজন্য প্রাথমিক স্তরে যে সকল শিক্ষার্থী ভর্তি হয়, তারা স্বাভাবিক নিয়মে মাধ্যমিক স্তরে ভর্তি হওয়ার সুযোগ পায় এটাই বিদ্যালয়ের সামগ্রিক অনুসৃত নীতি।

বিদ্যালয়ের পরিচালন ব্যবস্থা সম্পর্কে কিছু অভিভাবক কলকাতা উচ্চ ন্যায়ালয়ের শরণাপন্ন হন। উচ্চন্যায়ালয় পাঠ ভবন বিদ্যালয়ে অধ্যাপক সন্তোষ ভট্টাচার্যের নেতৃত্বে পাঁচ জনের একটি তদর্থক কমিটি নিয়োগ করেন। উক্ত পরিচালন সমিতি ১৭.২.২০০০ তারিখে একটি সিদ্ধান্তের বলে ঘোষণা করেন যে পাঠ ভবন-এর প্রাথমিক শাখা ১৫০ জন ছাত্র পাঠ ভবন-এর মাধ্যমিক শাখায় ভর্তির জন্য কোনো পরীক্ষা লাগবে না। পূর্বের নিয়ম অনুসারে ভর্তির বিষয় চলতে থাকবে। ৩০.৩.২০০১ তারিখে অধ্যাপক ভট্টাচার্য পশ্চিমবঙ্গ মধ্যশিক্ষা পর্ষদের কাছে বিদ্যালয়ে মাধ্যমিক শাখায় ভর্তির পদ্ধতি সম্পর্কে জানতে চান। পর্ষদ কর্তৃপক্ষ ৪.৪.২০০১ তারিখে পরিচালকমণ্ডলীকে জানান যে বিদ্যালয়ে শিক্ষা সংক্রান্ত পরিষদ ভর্তির ব্যাপারে সিদ্ধান্ত গ্রহণ করবে এবং পর্ষদ আরো বলেন, অভিন্নতা এবং শিক্ষার্থীদের স্বার্থে ভর্তির ক্ষেত্রে বৈষম্যহীন একটি নীতি অনুসরণ করা বাঞ্ছনীয়। পরবর্তী সময়ে পরিচালন সমিতির সভাপতি অধ্যাপক সন্তোষ ভট্টাচার্য এক নির্দেশ জারি করে পাঠ ভবনে প্রাথমিক

শাখা থেকে আগত ছাত্রছাত্রীদের পরীক্ষার মাধ্যমে মাধ্যমিক শাখায় ভর্তি হওয়ার নির্দেশ জারি করেন। অন্য বিদ্যালয়ে যে সকল শিক্ষার্থী পাঠ ভবনে ভর্তি হতে ইচ্ছুক তাদের পরীক্ষার মাধ্যমে ভর্তি হতে হবে। এই ঘোষণার বিরুদ্ধে প্রাথমিক শাখার শিক্ষার্থীদের অভিভাবকগণের পক্ষ থেকে আন্দোলন পরিচালিত হতে থাকে। ইতোমধ্যে কলকাতা উচ্চ ন্যায়ালয়ের দ্বারা আদিষ্ট হয়ে পশ্চিমবঙ্গ মধ্যশিক্ষা পর্যদ উক্ত পরিচালন সমিতির মেয়াদ উত্তীর্ণ হওয়ার ফলে ইণ্ডিয়ান ইনস্টিটিউট অব ম্যানেজমেন্ট-এর প্রাক্তন অধ্যাপক সনৎ বসুকে ঐ বিদ্যালয়ের প্রশাসক নিয়োগ করেন। উক্ত প্রশাসক-এর নির্দেশ বলে পরবর্তী সময়ে পাঠ ভবন-এর প্রাথমিক শাখা হতে আগত সকল শিক্ষার্থীদের পাঠ ভবন মাধ্যমিক শাখার পঞ্চম শ্রেণীতে ভর্তি করা হয়েছে।

পাঠ ভবন প্রশাসন সংক্রান্ত বিষয়ে এখন কলকাতা উচ্চ ন্যায়ালয়ে মামলা বিচারাধীন আছে। ইতোমধ্যে বিদ্যালয় প্রশাসক পঞ্চম শ্রেণীতে ভর্তির কাজ সম্পূর্ণ হয়েছে বিবেচনা করে নূতন ভর্তি বন্ধ করে দিয়েছেন।

শ্রী পরশ দত্ত : মাননীয় অধ্যক্ষ মহাশয়, মাননীয় মন্ত্রী মহাশয় যে বিবৃতিটা দিলেন তাতে অনেক জায়গাতে সম্পূর্ণ সত্য প্রকাশিত হয়নি। যেমন এক নং হচ্ছে এখানে প্রাইমারি সেকশান এবং সেকেণ্ডারি সেকশানের যে সুসম্পর্ক একসময় ছিল সেই সুসম্পর্কের ভিত্তিতে দুটি আলাদা ইউনিট হওয়া সত্ত্বেও সেকেণ্ডারিতে ভর্তি হতে গেলে সবার সঙ্গে পরীক্ষা দিয়ে ভর্তি হতে হয়—সেটা পরিচালকমণ্ডলী এগ্রি করেছিলেন, সেইভাবেই পরীক্ষা দিয়ে ভর্তি হতে হবে। আমার প্রশ্ন, ১২.৪—এ সেখানে একটা অর্ডার ছিল বোর্ড অব সেকেণ্ডারি এডুকেশানের যে, স্কুল কমিটি, সেকেণ্ডারি স্কুল কমিটি যেটার টার্ম শেষ হয়ে যাচ্ছে ৩০.৪-এ তার টার্ম এক্সটেণ্ড করা হয়েছে ৩১.১০.২০০১ পর্যন্ত। এর পর ৯ই মে, পরিচালকমণ্ডলীর জায়গায় নতুন আর একজনকে ঢুকিয়ে দেওয়া হয়েছে ইলেকশানের ঠিক আগের দিন। আমার প্রশ্ন, এমনকি সেখানে ঘটেছিল যার জন্য কোন শো কজ না করে, কোন কিছু জানতে না চেয়ে এক্সটেনডেড টার্মের মাঝখানে সেটা বন্ধ করে দেওয়া হল, নতুন লোক নিয়োগ করা হল ?

[12.10—12.20 p.m.]

যদি বন্ধ না করা হয়ে থাকে, যদি পলিসি এক্সটেনডেড না হয়ে থাকে, তাহলে ১ থেকে ৯ তারিখ পর্যন্ত পরিচালকমণ্ডলীতে কে ছিলেন ? আমার কাছে খবর আছে, ৯ তারিখে নতুন অ্যাডমিনিস্ট্রেটরকে এই বিধানসভার একজন সদস্য নিজে সেখানে গিয়ে বসিয়ে দিয়ে এসেছিলেন। তাঁকে তিনি অর্ডার অ্যাটাস্টেড করে দিয়ে আসেন। হঠাৎ এমনকি ঘটনা ঘটল যার জন্য ৩১.১০.২০০০ পর্যন্ত এক্সটেনশন থাকা সত্ত্বেও ৯ই মে সেখানে নতুন অ্যাডমিনিস্ট্রেটর বসিয়ে দেওয়া হল ?

শ্রী কান্তি বিশ্বাস : কলকাতা উচ্চ ন্যায়ালয়ের ডিভিশন বেঞ্চ ৮.৪.১৯৯৯ তারিখে সেখানে ওই অ্যাড-হক কমিটি নিয়োগ করেন সন্তোষ ভট্টাচার্য মহাশয় যার চেয়ারম্যান ছিলেন। নির্দেশ ছিল, ওই অ্যাড হক কমিটি প্রেফারেবলি উইদিন সিক্স মানথস্, ৬ মাসের

মধ্যে নির্বাচন করবেন। পরবর্তী সময়ে ওই মেয়াদ আরো এক বছর বৃদ্ধি করা হয়। ওই মেয়াদও ২৪.১০.২০০০ তারিখে শেষ হয়েছে, তা সত্ত্বেও ঐ পরিচালকমণ্ডলী চলতে থাকে। তারপর অভিভাবকদের পক্ষ থেকে উচ্চ ন্যায়ালয়ে একটি মামলা হয় এবং সেই মামলায় গত ২৭.৪.২০০০ তারিখে উচ্চ ন্যায়ালয় মধ্যশিক্ষা পর্ষদকে নির্দেশ দেন যে যাঁরা ওই মামলা করেছেন তাঁদের এবং চেয়ারম্যান শ্রী সন্তোষ ভট্টাচার্যের সঙ্গে বসে মতামত নিয়ে মধ্যশিক্ষা পর্ষদ সিদ্ধান্ত গ্রহণ করুন। মধ্যশিক্ষা পর্ষদ তাঁদের শুনানি নেওয়ার পর ওই মেয়াদ শেষ হয়ে যাওয়া তদারকি কমিটি বাতিল করেন এবং সেখানে প্রশাসক নিয়োগ করেন আইন মোতাবেক। নতুন প্রশাসক ১১.৫.২০০১ তারিখে দায়িত্ব নেন। এরজন্য একাধিকবার মেয়াদ বৃদ্ধি করা হয়েছে। পরে অভিভাবকদের পক্ষ থেকে যে মামলা করা হয়েছে সেই মামলায় উচ্চ ন্যায়ালয়ের যে রায় তাকে শিরোধার্য করে নিয়ম অনুযায়ী মধ্যশিক্ষা পর্ষদ সময়োত্তীর্ণ অ্যাড-হক কমিটি বাতিল করে শ্রী সনৎ বোসকে প্রশাসক হিসাবে নিয়োগ করেন এবং তিনি দায়িত্ব গ্রহণ করেন।

MENTION CASES

শ্রী পঙ্কজ ব্যানার্জী : মাননীয় অধ্যক্ষ মহাশয়, আপনি দেখুন, আজকে পঞ্চায়েত বাজেট, কিন্তু পঞ্চায়েত মন্ত্রীর বই আজকে আমাদের দিয়েছেন। তাহলে কি করে আলোচনা করব ? নিয়ম আছে, দু'সপ্তাহ আগে বই আমরা পাব এবং সেটা নিয়ে বিচার করে তাতে যেসব স্ট্যাটিসটিক্স রয়েছে সেসব আমরা মিলিয়ে নেব এবং তারপর বক্তব্য পেশ করব। আজকে বেলা ২টার সময় আলোচনা শুরু হবে, কিন্তু বইটা আমরা ১১টার সময় পেয়েছি। এটা ঠিক নয়, এটা আপনি দেখবেন।

আমি উল্লেখ করতে চাইছি, ভারতবর্ষের স্বাধীনতা সংগ্রামীদের অনেকেই মারা গেছেন। তাঁদের মধ্যে মুষ্টিমেয় যে কয়েকজন বেঁচে আছেন তাঁরা অনেকদিন ধরে আর্থিক সাহায্যের জন্য আবেদন করে আসছেন। আপনি জানলে আশ্চর্য হবেন, উত্তরপ্রদেশ সরকার তাদের রাজ্যের স্বাধীনতা সংগ্রামীদের মাসিক ২,৭০০ টাকা সাম্মানিক ভাতা দেন, কেরালা সরকার দেন ১,৯০০ টাকা, মধ্যপ্রদেশ সরকার দেন ৩,২০০ টাকা, বিহার সরকার দেন ১,৬০০ টাকা। আমাদের রাজ্যের বেশিরভাগ স্বাধীনতা সংগ্রামীই মারা গেছেন। যাঁরা এখনো বেঁচে আছেন, যাঁদের আত্মত্যাগের ফলে আমরা স্বাধীনতা পেয়েছি, তাঁদের এই ন্যূনতম দাবি মেনে নেওয়ার জন্য আপনার মাধ্যমে মাননীয় অর্থমন্ত্রীকে অনুরোধ জানাচ্ছি।

মি: স্পীকার : মি: প্রবোধ সিনহা, পঙ্কজবাবু যা তুললেন, স্বাধীনতা সংগ্রামীদের পেনশন যা দেওয়া হয় সে ব্যাপারে অর্থমন্ত্রীকে একটা স্টেটমেন্ট দিতে বলুন যে, এক্ষেত্রে পোজিশন কী, গভর্নমেন্টের পলিসি কী এবং কতজন বেঁচে আছেন সেটাও আমাদের একটু জানাবেন।

শ্রী মানিকলাল আচার্য : মাননীয় স্পীকার স্যার, আমি রাজ্য সরকারের মাধ্যমে কেন্দ্রীয় কয়লাখনিমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। ইস্টার্ন কোলফিল্ড এবং ভারত কুকিং কোল

বিভিন্ন এলাকায় কয়লা তুলে বালি ভরাট না করার ফলে আমাদের এলাকা ধ্বংসের পথে। যে সমস্ত ঠিকাদারকে দায়িত্ব দেওয়া হয়েছে বালি ভরাট করার জন্য তারা ঠিকভাবে বালি ভরাট না করে লক্ষ লক্ষ টাকা মুনাফা করে নিয়ে যাচ্ছে। ফলে সেখানে একটা ভয়ঙ্কর আকার ধারণ করতে পারে আগামী দিনে এবং সেখানকার মানুষের চোখে ঘুম নেই। এই ব্যাপারে ই.সি.এল এবং বি.সি.এল-কে বারে বারে বলেছি, কিন্তু এখনও পর্যন্ত অ্যাকশন নেওয়া হয়নি। অবিলম্বে এই ব্যাপারে ব্যবস্থা গ্রহণ না করলে যে কোনদিন মানুষ ধ্বংসের মুখে পড়বে। তাই আমি এই ব্যাপারে ব্যবস্থা অবলম্বন করার দাবি জানিয়ে আমার বক্তব্য শেষ করছি।

শ্রী নেপাল মাহাতো : মাননীয় স্পীকার স্যার, আপনার মাধ্যমে আমি শিক্ষামন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। আমার এলাকা ঝালদা বিধানসভা কেন্দ্রের অন্তর্গত ঝালদা পৌরসভায় এখনও পর্যন্ত কোনো হাইস্কুল নেই। বারে বারে আবেদন করা সত্ত্বেও যে কোনো কারণেই হোক রাজ্য সরকার কোনো হাইস্কুলকে হায়ার সেকেন্ডারি স্কুলে আপ-গ্রেডেশান করেনি। আমি মাননীয় মন্ত্রী মহাশয়কে অনুরোধ করছি অবিলম্বে যেন ঝালদা পৌরসভা এলাকায় কমপক্ষে একটা এইচ.এস স্কুলের ব্যবস্থা করেন।

শ্রী দীপকচন্দ্র সরকার : মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে পশ্চিমবাংলার স্বাস্থ্যমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। আমাদের কোচবিহার জেলায় ইতিমধ্যে ম্যালেরিয়া অত্যন্ত ভয়াবহ আকার ধারণ করেছে। জাতীয় ম্যালেরিয়া নিবারণ কর্তৃপক্ষ আমাদের জেলায় ঘুরে ফিরে রক্তের নমুনা নিয়েছে। অত্যন্ত দুঃখের ব্যাপার ইতিমধ্যে সারা এলাকায় ২২২২৭ জনের রক্ত নেওয়া হয়েছে কিন্তু পরীক্ষার ব্যবস্থা নেই। ১৭৪০১ জনের রক্ত পরীক্ষা হয়েছে বাকি ৪৮২৬ জনের রক্ত পরীক্ষা না করে ল্যাবরেটরিতে ফেলে রেখেছে। এটা একটা গুরুতর ব্যাপার তার মধ্যে ৫৮৪ জনের রক্তে ম্যালেরিয়ার জীবাণু ধরা পড়েছে। ৫ জন মারা গিয়েছে। এটা হচ্ছে সরকারি স্বীকৃত তথ্য। তুফানগঞ্জ ১ নম্বর, ২ নম্বর এবং দিনহাটা ১ নম্বর এবং ২ নম্বর এই ৪টি ব্লকে গুরুতর আকার ধারণ করেছে। স্যার আপনার মাধ্যমে আমি আবেদন জানাচ্ছি স্বাস্থ্যকর্মীরা যে রক্ত নিয়েছে তার পরীক্ষা করা হোক। এই ব্যাপারে উপযুক্ত পরিকাঠামো তৈরি করতে হবে। স্বাস্থ্যমন্ত্রীকে জানাচ্ছি, কোচবিহারে ম্যালেরিয়া ভয়াবহ আকার ধারণ করেছে। রক্তের নমুনা নিয়ে এসে যদি সেটাকে পরীক্ষা করা না হয় তাহলে এটা একটা গুরুতর ব্যাপার, এটা মেনে নেওয়া যায় না।

শ্রী কাশীনাথ মিশ্র : মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে শিক্ষামন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। পশ্চিমবাংলায় মাধ্যমিক শিক্ষা ব্যবস্থাকে কোথায় ক্রমান্বয়ে নিয়ে গেছেন দেখুন। আজকে ৯০০ মাধ্যমিক স্কুলে প্রধান শিক্ষক নেই। তাহলে বুঝুন অবস্থাটা কোথায় গিয়ে দাঁড়িয়েছে। প্রথমে স্কুল শিক্ষা অবৈতনিক করা হল, এখন বিপুল অর্থ ব্যয় করতে হয় বলে পিছিয়ে আসছেন। আপনারা প্রাথমিক স্তর থেকে ইংরেজি তুলে দিলেন, আবার বলা হচ্ছে ইংরেজি নিয়ে আসা হোক। ডিগ্রি স্তরে বাংলা ইংরেজি ভাষার গুরুত্বটাকে হ্রাস করা হয়েছিল। পুনরায় আবার এই নিয়ে জল্পনা-কল্পনা চলছে। শিক্ষা ক্ষেত্রে ক্রমান্বয়ে অবস্থা খারাপ হচ্ছে এই ব্যাপারে শিক্ষা দপ্তর উদাসীন। বহু মাধ্যমিক স্কুলকে উচ্চ মাধ্যমিক করা

হচ্ছে কিন্তু সেখানে টিচার ইনচার্জ নেই প্রধান শিক্ষক-শিক্ষিকা তো দূরের কথা। শিক্ষা ব্যবস্থায় একটা ডামাডোল চলছে। আশু ব্যবস্থা রাজ্য সরকার যদি না নেয় তাহলে ভয়াবহ অবস্থার সৃষ্টি হবে।

[12.20—12.30 p.m.]

শ্রী সামসুল ইসলাম মোল্লা : মাননীয় অধ্যক্ষ মহোদয়, আপনি জানেন যে, নদিয়া জেলায় একটি নতুন মহকুমা হয়েছে। সেখানে কাজ চলছে। সেখানে মহকুমা আদালত তৈরি করার জন্য একটা জমিও নির্দিষ্ট করা হয়েছে, সেটি খালি ট্রান্সফারের অপেক্ষায় আছে। নতুন আদালত তৈরি করা একটা সময়সাপেক্ষ ব্যাপার। যে কারণে আমি মাননীয় আইন দপ্তরের ভারপ্রাপ্ত মন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি, তেহট্টের নাথনা গ্রাম পঞ্চায়েত জমির ব্যাপারে সম্মতি জানিয়েছে এবং তারা নদিয়া জেলা কর্তৃপক্ষ, হাইকোর্ট এবং রাজ্য সরকারকে চিঠিও পাঠিয়েছে। আমি মাননীয় মন্ত্রীর কাছে তেহট্টতে নতুন আদালতের কাজ শুরু করার জন্য তাঁর দৃষ্টি আকর্ষণ করছি।

শ্রী অসিতকুমার মাল : স্যার, আমি আপনার মাধ্যমে মাননীয় বিদ্যুৎ মন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। পশ্চিমবাংলার সবচেয়ে বড় গ্রাম, যেখানে প্রায় তিরিশ হাজারের বেশি লোক বাস করে, একটি গ্রাম, দুটি পঞ্চায়েত যেখানে, সেখানে বিদ্যুতের অবস্থা প্রচণ্ড খারাপ। সেখানে একটি প্রাথমিক বিদ্যালয় আছে, দুটি হাইস্কুল আছে। সেখানে অ্যাডমিনিস্ট্রেটিভ বিল্ডিং তৈরি হচ্ছে। বীরভূমের মার গ্রামে বিদ্যুতের অবস্থা এত খারাপ যে ছেলেরা সেখানে লেখাপড়া করতে পারছে না। হাসপাতালে ওষুধপত্র, ব্লাড রাখতে পারছে না। আমি মাননীয় বিদ্যুৎ মন্ত্রীর কাছে অনুরোধ করছি, ওখানে একটা আলাদা পাওয়ার সাব-স্টেশন স্থাপন করুন। তাহলে ওখানে যে হাসপাতাল, স্কুল কলেজ যেগুলি আছে এবং বিদ্যুতের সাহায্যে যে সমস্ত কৃষি কাজ হচ্ছে, বিদ্যুৎ ঠিকমত সাপ্লাই হলে হাজার হাজার মানুষ উপকৃত হবে। তাই আমি আপনার মাধ্যমে এই মারগ্রাম, যেটি পশ্চিমবাংলার সবচেয়ে বড় গ্রাম, সেখানে একটা পাওয়ার স্টেশন করার জন্য মাননীয় বিদ্যুৎমন্ত্রীকে অনুরোধ জানাচ্ছি।

শ্রী পরেশচন্দ্র অধিকারী : মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে ক্ষুদ্র ও কুটির শিল্পমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। উত্তরবঙ্গে যেখানে বেকার সমস্যার সমাধানের জন্য রাজ্য সরকার গত কয়েক বছর সচেষ্ট, ঠিক সেই সময়ে কিছু ব্যবসায়ী এবং কিছু ব্যবসায়ী প্রতিষ্ঠান তারা সরকার থেকে সুযোগ সুবিধা নিয়েও কোনো কাজ করছে না। আমি কয়েকটি প্রকল্পের কথা বলছি—ময়নাগুড়ি সিদ্ধার্থ টেকনোলজি যারা পাট থেকে সুতো তৈরি করবে। দিনহাটা সোমনাথ এন্টারপ্রাইজ তারা পাট থেকে সুতো তৈরি করবে। এন.সি.ডি.সি. শিলিগুড়িতে একটা সুতোর ব্যাঙ্ক তৈরি করবে বলে ঠিক ছিল। তারা ওখানে কোনো কাজ করছে না। অথচ এদের ওপরে নির্ভর করে বহু বেকার যারা পাটজাত দ্রব্য তৈরি করবে, এই রকম একটি কারখানা—চটের কারখানা—রানীনগরে তৈরি হয়েছিল। লক্ষ্মী জুট মিল তৈরি হয়েছিল। সেটি বন্ধ হয়ে আছে। আমি সেজন্য মাননীয় মন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি, যারা

সরকারের কাছ থেকে টাকা নিয়ে বেকার সমস্যার সমাধানের জন্য সহযোগিতা করবে বলেছিল, তারা কোনো কাজ করছে না। আমি সেটি দেখার জন্য মাননীয় মন্ত্রীর কাছে অনুরোধ করছি।

শ্রী কালিপদ মণ্ডল : স্যার, আমি আপনার মাধ্যমে সংশ্লিষ্ট মন্ত্রী মহোদয়ের দৃষ্টি আকর্ষণ করছি। শ্যামপুর বিধানসভার অন্তর্গত অমরাবতী নামক স্থানে তদানীন্তন সরকার জমি অধিগ্রহণ করেছিলেন এবং মাননীয় মন্ত্রী মহাশয় ওখানে একটি আই.টি.আই. কলেজ স্থাপন করার জন্য ভিত্তি প্রস্তর স্থাপন করেছিলেন। কিন্তু তার কাজ আজও হয়নি। বর্তমান সরকার বেকারদের স্বনিযুক্তি প্রকল্পে কর্মসংস্থানের জন্য কারিগরি শিক্ষাকেন্দ্র স্থাপনে ইচ্ছুক। মাননীয় মন্ত্রীর কাছে আমার আবেদন, ওই স্থানে যাতে কারিগরি শিক্ষাকেন্দ্র, অর্থাৎ আই.টি.আই. কলেজ স্থাপন করা হয়, তারজন্য আবেদন রাখছি। বেকাররা তাতে যথেষ্ট উপকৃত হবে। সেজন্য আমি তাঁর কাছে এই আবেদন রাখছি।

শ্রী মানস মুখার্জী : মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে মাননীয় মুখ্যমন্ত্রীর হস্তক্ষেপ দাবি করছি। কেন্দ্রীয় সরকার রাষ্ট্রায়ত্ত শিল্পগুলিকে একের পর এক আক্রমণ করছে। মাননীয় সদস্য শোভনদেব চট্টোপাধ্যায় গত ১৮ তারিখে এই অধিবেশনে পয়েন্ট অফ ইনফরমেশান দিতে গিয়ে জানালেন কেন্দ্রীয় মন্ত্রী মনোহর যোশী জানিয়েছেন ৩টি রাষ্ট্রায়ত্ত শিল্পের কারখানার বেতন দিয়ে দেবেন। কিন্তু আমরা কাগজে এই সম্পর্কে কোনো মন্তব্য দেখতে পেলাম না এবং কোনো মন্তব্য এই ধরনের না করেই আমাদের সঙ্গে যুক্ত আরো ৫টি রাষ্ট্রায়ত্ত শিল্প যেগুলোকে বন্ধ করে দেওয়া হবে বললেন যথা সাইকেল কর্পোরেশন, আর আই সি, ওয়েবার্ড ইন্ডিয়া, এম এ এম সি, ডি এস পি এল। অর্থাৎ এই পর্যন্ত কে.পি.গীতা কৃষ্ণন, কেন্দ্রীয় ব্যয় সংকোচ কমিটির নেতৃত্বে যে সুপারিশ করা হয় তাতে পেট্রোলিয়ামজাত শিল্পে ৪টি এবং সারের ক্ষেত্রে ৫টি সংস্থাকে তুলে দেবেন বলেছেন। তার মধ্যে আমাদের রাজ্যের বেঙ্গল কেমিক্যাল এবং বেঙ্গল ইমুউনিটি আছে। সেখানে স্ট্যান্ডিং কনফারেন্স অফ পাবলিক এন্টারপ্রাইজ (স্কোপ) তারা প্রস্তাব করেছেন যে, বেসরকারি কারখানায় যেভাবে ছাঁটাই করতে পারবে সেইভাবে রাষ্ট্রায়ত্ত শিল্পেও সরকারকে অধিকার দেওয়া হোক, তারাও যাতে ছাঁটাই করতে পারে, যখন তখন ক্লোজার, লক-আউট করতে পারেন। তাই এই ব্যাপারে গভীর উদ্যোগের সঙ্গে মাননীয় মুখ্যমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি এবং মাননীয় মুখ্যমন্ত্রীর কাছে আবেদন করছি তিনি অবিলম্বে হস্তক্ষেপ গ্রহণ করুন কেন্দ্রীয় সরকারের নীতির বিরুদ্ধে এবং প্রতিবাদ করুন কেন্দ্রের কাছে আমাদের রাজ্যের শিল্পগুলোকে দেখবার জন্যে।

শ্রী শান্তিরাম মাহাতো : মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে মাননীয় মুখ্যমন্ত্রীর এবং সেচমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। পুরুলিয়া খরার অভিশাপ থেকে এখনো মুক্তি পায়নি। খরাতে জলের সমস্যা স্বাধীনতার ৫৪ বছর পরেও সমাধান হল না। সেই কারণে আমি মাননীয় মুখ্যমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি যে, ঝাড়খণ্ড রাজ্য সরকারের সঙ্গে আলোচনা করে যাতে করে সুবর্ণরেখা নদীর থেকে খাল কেটে কংসাবতীর সঙ্গে সংযোগ করা হয়।

তাহলে জলের কিছু সমস্যার সমাধান হতে পারে। এই ব্যাপারে ঝাড়খণ্ড রাজ্য সরকারের সঙ্গে আলোচনা করার জন্য মুখ্যমন্ত্রীর কাছে দাবি জানাচ্ছি।

শ্রী কমলাক্ষী বিশ্বাস : মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে সংশ্লিষ্ট মন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। আমার বাগদা বিধানসভা কেন্দ্রে টি এম সি পরিচালিত সিন্দ্রাণী সমবায় সমিতি রয়েছে। এরা টি এম সি আশ্রিত এবং তলে তলে টাকা সঞ্চয় করে অন্যত্র সরিয়ে রাখছে। এইভাবে ১০ লক্ষ টাকা সরিয়েছে এবং ইতিমধ্যেই চোরের দায়ে ধরাও পড়েছে। তাই আমি মাননীয় মন্ত্রীর কাছে আবেদন জানাচ্ছি অবিলম্বে যাতে ওদের শাস্তির ব্যবস্থা নেওয়া হয়।

শ্রী মন্টুরাম পাখীরা : মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে মাননীয় সেচমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। যথাসময়ে নদীবাঁধগুলি মেরামত না হওয়ায় কাকদ্বীপ বিধানসভা কেন্দ্রের ঈশ্বরীপুর, নান্দাভাঙা, দুর্গানগর, বামানগর, কালীনগর, কালনাগিনী ও মুড়িগঙ্গা নদীবাঁধ ভেঙে যাওয়ার ফলে বুধানালী, শিবকালীনগর বিস্তীর্ণ এলাকা জলমগ্ন হয়েছে, অন্যান্য এলাকাগুলোও মেরামত না হলে বিস্তীর্ণ এলাকা জলমগ্ন হয়ে যাবে। সুতরাং এই ব্যাপারে আমি মাননীয় সেচমন্ত্রীকে অনুরোধ করছি অবিলম্বে ওই নদীবাঁধগুলো মেরামতি না হলে পরে ওই বিস্তীর্ণ এলাকা জলমগ্ন হয়ে যাবে এবং কাউকে বাঁচানো যাবে না, সেই কারণে অবিলম্বে এর মেরামতি করা হোক।

শ্রী চিত্তরঞ্জন দাসঠাকুর : মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে সংশ্লিষ্ট মন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। আমার মেদিনীপুর জেলার নিকটবর্তী থানায় বি.আর নগর এবং সি.আর নগর আছে সেখানে ভোটারের সংখ্যা ২ হাজার। তারা লোকসভার নির্বাচনে ভোট দিতে পারেন এবং বিধানসভার নির্বাচনে ভোট দিতে পারেন কিন্তু পৌরসভা বা পঞ্চায়েত নির্বাচনে ভোট দিতে পারে না। সেই কারণে আমি সংশ্লিষ্ট মন্ত্রীর কাছে আবেদন জানাচ্ছি এবং প্রার্থনাও করছি যে, ভবিষ্যতে যাতে পৌর এবং পঞ্চায়েত নির্বাচনে ওখানকার লোকেরা অনুরূপভাবে ভোট প্রয়োগ করতে পারে তার ব্যবস্থা নেবেন।

[12.30—12.40 p.m.]

শ্রী আবদুল মান্নান : মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে একটি গুরুত্বপূর্ণ বিষয়ে মন্ত্রীসভার দৃষ্টি আকর্ষণ করছি। বিষয়টি হচ্ছে, শহীদ মিনারে সভা সমাবেশ এবং বিভিন্ন অনুষ্ঠান করার জন্য একটি স্থায়ী মঞ্চ যেন নির্মাণ হয়। স্যার, আপনি জানেন, কলকাতা শহরকে সবাই মিছিল নগরী বলে। আগে যখন কংগ্রেসি আমলে বিধানচন্দ্র রায় মুখ্যমন্ত্রী ছিলেন তখন সুবোধ মল্লিক স্কোয়ারে সভা হত, আপনার বাড়ির কাছেই, আপনি দেখেছেন। তারপরে রাইটার্স বিল্ডিংসের কাছে সভা হত, তারপরে এসপ্ল্যানেড ইস্টে সভা হত, কিন্তু ইদানীং বামফ্রন্ট সরকার গণতান্ত্রিক অধিকারের নামে ওখানে সভা করার অনুমতি দিচ্ছে না। এখানে আমরা সবাই জানি, বিরোধী দল সভা করতে গেলে বিনা অনুমতিতে সভা করতে হচ্ছে। গত পরশুদিনও তৃণমূল দলের সভা হয়েছে, বিরাট সভা হয়েছে, সেখানে বিনা

অনুমতিতে সভা করতে হয়েছে। এত লক্ষ লক্ষ লোক আসছে যাকে ধরে রাখা মুশকিল। তাই আমার মনে হয়, এই অবস্থার মধ্যে না থেকে শহীদ মিনারের ওখানে একটা স্থায়ী মঞ্চ তৈরি করা হোক যাতে কোনো রকম বিভ্রান্তি সৃষ্টি না হয়। অন্ততপক্ষে যাতে বিরোধী দল সভা করতে পারে, তার জন্য শহীদ মিনারের ওখানে একটা স্থায়ী মঞ্চ তৈরি করা হোক। এতে ওখানে অন্যান্য অনুষ্ঠানও করা যেতে পারে। এর ফলে কলকাতা শহরে যে যানজট হয় সেটাও হতে পারবে না। এতে বিরোধী দলও তারা সভা করতে পারবে। এই যে বিনা অনুমতিতে সভা করছে, সভা করার পরে মুখ্যমন্ত্রী থেকে আরম্ভ করে সবাই তার নিন্দা করবে কোনো আইন মানা হচ্ছে না, এটা কেন, সেটা তো খতিয়ে দেখতে হবে। এর ফলে এই যে কনফ্রন্টেশান অনমনীয় মনোভাব সেটা তো এড়ানো যাবে। সেইজন্য আমি আবারও বলছি, পৌরমন্ত্রী, স্বরাষ্ট্রমন্ত্রী, মুখ্যমন্ত্রী এই ব্যাপারে উদ্যোগ নিন, শহিদ মিনারের ওখানে একটা স্থায়ী মঞ্চ তৈরি হোক, সেই মঞ্চ থেকে যাতে বক্তৃতা দেওয়া যায় এবং কলকাতা শহরের যানজট তৈরি না হয় তা দেখার জন্য আমি আপনার মাধ্যমে এই অনুরোধ করছি।

শ্রী সুশীল বিশ্বাস : মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে প্রাথমিক শিক্ষা দপ্তরের মাননীয় মন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। নদিয়া জেলায় ২ হাজার শিক্ষক নিয়োগ হবে, কিন্তু ইন্টারভিউ নেওয়ার পরে একটা জালচক্র তারা অ্যাপয়েন্টমেন্ট লেটার ছেড়েছে। আমার কাছে একটা কপি আছে। সব জাল। চেয়ারম্যানের সই জাল করেছে। অ্যাড-হক কমিটি লিখেছে। ওখানে যে কাউন্সিল আছে নদিয়া ডিস্ট্রিক্ট প্রাইমারি কাউন্সিল আছে সেটাও জাল করেছে, একটা চক্র কাজ করছে নদিয়া জেলায়। এতে বামফ্রন্ট সরকারের যে ভাবমূর্তি তাতে কালিমালিপ্ত করতে পারে। এই যে অ্যাপয়েন্টমেন্ট ছেড়েছে শুক্লা রাহা, চাকদা সার্কেলের, তাঁকে ধরা হোক। একে ধরলেই জানা যাবে, কারা এই ব্যাপারে যুক্ত। ৪/৫ জনের অ্যাপয়েন্টমেন্ট লেটার ছাড়া হয়েছে। অবিলম্বে শুক্লা রাহা যার নামে অ্যাপয়েন্টমেন্ট লেটার ছাড়া হয়েছে তাঁকে গ্রেপ্তার করা হোক।

শ্রী তমোনাশ ঘোষ : মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে মাননীয় স্বাস্থ্যমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। আমার ফলতা বিধানসভা কেন্দ্রের অন্তর্গত ২টি স্বাস্থ্যকেন্দ্র আছে। একটি হচ্ছে ফলতা প্রাথমিক স্বাস্থ্যকেন্দ্র আর একটি বুলটিগুড়ি স্বাস্থ্যকেন্দ্র। ফলতা স্বাস্থ্যকেন্দ্রকে মানুষ বলে ফলতা হাসপাতাল। ওখানে ১২টি বেড আছে। বুলটিগুড়ি স্বাস্থ্যকেন্দ্রটি '৭২ সালে সিদ্ধার্থশঙ্কর রায়ের আমলে বিশাল জমি নিয়ে আরম্ভ হয়েছিল। ওখানে ২৪ জন স্টাফ ও একজন ডাক্তার আছে। এই স্টাফদের নিয়ে ওখানে কাজ শুরু হয়েছিল। আজকে সেখানে মানুষের চিকিৎসা হচ্ছে না। সেখানে ছাগল ভেড়া বসে আছে এই রকম একটা অবস্থা ওখানে চলছে। আবার দেখছি, ফলতা প্রাথমিক স্বাস্থ্যকেন্দ্রের কাজ হচ্ছে, সেখানে কেউ চিকিৎসার জন্য গেলে তাঁকে রেফার টু ডায়মন্ডহারবার হসপিটাল করে দেওয়া হয়। ফলতা স্বাস্থ্যকেন্দ্র ও বুলটিগুড়ি স্বাস্থ্যকেন্দ্রটিকে বাঁচাবার জন্য পরিপূর্ণভাবে উপযুক্ত পরিকাঠামো দিয়ে যাতে গড়ে তোলা যায়, তার জন্য আমি আবেদন করছি।

শ্রীমতী কণিকা গাঙ্গুলী : মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে এই সভার দৃষ্টি আকর্ষণ করতে চাই, আপনারা সংবাদপত্রের মাধ্যমে জেনেছেন গত ২০ তারিখে অমরনাথ যাত্রার পথে উগ্রপন্থী হানায়, বোমা বিস্ফোরণে এবং গুলিতে পশ্চিমবঙ্গের পাঁচ জনের মধ্যে তিনজন আহত হয়েছেন এবং দু'জন যুবক নিহত হয়েছেন। কেন্দ্রীয় সরকার রেজিস্ট্রি করার মাধ্যমে অমরনাথ যাত্রার নামে মানুষের নিরাপত্তা দেওয়ার ক্ষেত্রে সম্পূর্ণ ব্যর্থ এবং তাদের এই হটকারী সিদ্ধান্তের কারণে বেশ কিছু মানুষ আজকে মৃত্যু বরণ করছে। আজকে কেন্দ্রীয় সরকার এতই অপদার্থ যে তারা মানুষের নিরাপত্তা দিতে পারছে না এবং তারা কিছুতেই অমরনাথ যাত্রা বন্ধ করছে না। এই অমরনাথ যাত্রার পথে আমার এলাকার পাঁচজন যুবকের মধ্যে দুজন উগ্রপন্থীদের গুলিতে নিহত হয়েছেন, তাদের নাম অসীম ঘোষ ও সুরজিৎ কোনার। গত ২০ তারিখে বোমা বিস্ফোরণের শব্দ শুনে তারা বেরিয়ে এসেছিল, তখন উগ্রপন্থীদের গুলিতে তারা নিহত হয়েছেন। আমি এই ঘটনার তীব্র নিন্দা জানাচ্ছি। আমাদের এই হাউস থেকে এই ব্যাপারে নিন্দা প্রস্তাব নেওয়ার জন্য আবেদন জানাচ্ছি। এই ঘটনার পরের দিন আমরা দেখলাম আবার যাত্রীদেরকে ছেড়ে দেওয়া হয়েছে। আবার ডোডা গ্রামে পনেরো জনকে উগ্রপন্থীরা খুন করেছে, আমরা আরও দেখলাম কারগিলে আবার গুলি ছোড়া হয়েছে। অথচ আমরা দেখছি মুশারফকে এখানে নিয়ে এসে পাঁচ কোটি টাকা খরচ করে একটা নাটক করা হল। এর বিরুদ্ধেও নিন্দা প্রস্তাব গ্রহণের জন্য আমি এই হাউসে প্রস্তাব রাখছি। আর যারা উগ্রপন্থীদের গুলিতে নিহত হয়েছেন। তাদের প্রতি শোক প্রস্তাব গ্রহণের জন্য এই সভায় আবেদন জানাচ্ছি। রাজ্য সরকার অতি তৎপরতার সঙ্গে এই দুজনের দেহ নিয়ে আসার ব্যাপারে যথেষ্ট সহযোগিতা করেছে।

শ্রী গোবিন্দ নস্কর : মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে সুন্দরবন উন্নয়ন দপ্তরের মন্ত্রী মহাশয়ের দৃষ্টি আকর্ষণ করছি। সুন্দরবন উন্নয়ন পর্ষদের বোর্ড এখনও গঠিত হয়নি, অথচ আমরা আশ্চর্যের সঙ্গে লক্ষ্য করলাম গত ৪.৬ তারিখে আমাকে একটা চিঠি পাঠিয়ে দেওয়া হয়েছে, তাতে বলা হয়েছে ১৫ তারিখের মধ্যে আপনি স্কিম পাঠিয়ে দিন। এটা অত্যন্ত অদ্ভুত ব্যাপার। এখনও বোর্ড গঠন করা হল না, বোর্ড মিটিং হল না, কত টাকা ব্যয় করা হবে সেই ব্যাপারে মিটিঙে প্রস্তাব নেওয়া হল না, অথচ আমাকে চিঠি দিয়ে জানিয়ে দেওয়া হল ১৫ তারিখের মধ্যে স্কিম পাঠিয়ে দেওয়ার জন্য। এটা সম্পূর্ণ অবৈধ ব্যাপার। মন্ত্রীমহাশয়কে আরও জানাতে চাই এন.জি.ও-দের মাধ্যমে আপনি কাজটা করার চেষ্টা করছেন, এতে বহু টাকা আত্মসাৎ হবে। আমরা জানতে পেরেছি প্রায় ২০ কোটি টাকা আপনার দপ্তরের মাধ্যমে খরচ করা হবে। এর আগে যিনি বিধায়ক ছিলেন তিনি ৭৭ লক্ষ টাকা খরচ করেছেন মাত্র। ইমিডিয়েট সেখানে বোর্ড গঠন করা হোক এবং বোর্ডের অনুমোদন নিয়ে কোন খাতে কত টাকা ব্যয় করা হবে তার জন্য যথোপযুক্ত ব্যবস্থা গ্রহণ করা হোক। বোর্ডের অনুমোদন না নিয়ে কোনো টাকা খরচ করা যায় না। আমি আশা করব মন্ত্রীমহাশয় সত্বর বোর্ড গঠন করে সুন্দরবন উন্নয়ন দপ্তরের কাজ ত্বরান্বিত করবেন।

শ্রী ইউনুস সরকার : মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে মাননীয় সেচমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। আমার জেলা ভাঙ্গন কবলিত জেলা, তার মধ্যে নতুন করে

আমার বিধানসভার কেন্দ্রের মধ্যে জলঙ্গী বাজার, পার্শ্ববর্তী পারাশপুর, রামচন্দ্রপুর গ্রাম ইতিমধ্যে ভাঙ্গনের কবলে পড়েছে। বেশ কিছু ঘরবাড়ি নদীর মধ্যে চলে গিয়েছে, এলাকার লোকদেরকে অন্যত্র সরাতে হয়েছে।

স্যার, রাজ্য সরকারের দৃষ্টি আকর্ষণ করে বলতে চাই যে, অবিলম্বে জরুরি ভিত্তিতে রিপেয়ারের কাজ শুরু করা হোক এবং যারা ইতিমধ্যে এই ভাঙনের কবলে পড়েছে, তাদের পুনর্বাসনের ব্যবস্থা ত্রাণ দপ্তরের পক্ষ থেকে নেওয়া হোক এবং আমরা মনে করি ওয়ার্ক করে কাজ হবে না। তাদের যাতে ত্রাণ দেওয়ার ব্যবস্থা আগাম নেওয়া হয়, তারজন্য আবেদন করছি।

[12.40—12.50 p.m.]

শ্রী শোভনদেব চট্টোপাধ্যায় : মাননীয় ডেপুটি স্পিকার স্যার, রাজনৈতিক ভণ্ডামি নতুন নিদর্শন সৃষ্টি করলেন মার্কসবাদী কমিউনিস্ট পার্টির নেতা তথা রবীন্দ্রভারতী বিশ্ববিদ্যালয়ের উপাচার্য [* * *]।

মিঃ ডেপুটি স্পিকার : [* * *] নাম বাদ যাবে।

শ্রী শোভনদেব চট্টোপাধ্যায় : স্যার, আপনি চেয়ারটাকে ব্যবহার করছেন। এর আগে [* * *] নাম বলা হয়েছে, তখন তো আপনি নাম বাদ দিতে বললেন না ?

মিঃ ডেপুটি স্পিকার : সব নাম বাদ যাবে।

শ্রী শোভনদেব চট্টোপাধ্যায় : স্যার, রবীন্দ্রভারতী বিশ্ববিদ্যালয়ের উপাচার্য, যিনি মার্কসবাদী কমিউনিস্ট পার্টির হয়ে নির্বাচনে লড়াই করেছিলেন। সারা দেশ জুড়ে যারা বামপন্থী বলে পরিচিত, তারা বিরোধিতা করছে। কিন্তু তিনি বিশ্ববিদ্যালয়ের উপাচার্য তিনি এই ব্যাপারে আবেদন করেছেন ইউ জি সি-র কাছে এবং ইউ জি সি জ্যোতিষবিজ্ঞান পড়ানোর জন্য অনুমোদন দিয়েছেন। স্যার এখানে উচ্চশিক্ষামন্ত্রী আছেন। আমি উচ্চশিক্ষামন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি—জ্যোতিষবিজ্ঞান পড়ানোর জন্য আপনার দলের সবাই তীব্র বিরোধিতা করছেন, আর উপাচার্য রবীন্দ্রভারতী বিশ্ববিদ্যালয়ে পড়াবার জন্য অনুমোদন চেয়ে নিয়েছেন। তাই এই ব্যাপারে আপনার মাধ্যমে এখানে উচ্চশিক্ষামন্ত্রী আছেন, তাঁর দৃষ্টি আকর্ষণ করছি এবং সারা বাংলার মানুষেরও দৃষ্টি আকর্ষণ করছি যে, এই ভণ্ডামি কোন জায়গায় পৌঁছে গেছে।

শ্রী বাচ্চামোহন রায় : স্যার, আপনার মাধ্যমে কারিগরি শিক্ষামন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। স্যার, জলপাইগুড়িতে একটা জে টি এস স্কুল আছে। জলপাইগুড়ি সাবডিভিশনের মধ্যে একটাও আই টি আই স্কুল নেই। সাম্প্রতিককালে একটা অনুমোদন হয়েছে। কিন্তু জলপাইগুড়ি সাবডিভিশানের মধ্যে কোনো আই টি আই নেই। একটা শিলিগুড়িতে, ওদিকে

***Expunged as ordered by the Chair.

কোচবিহারে। এর ফলে ওই এলাকার শিক্ষার্থীরা কারিগরি শিক্ষায় যেতে পারছে না। তাই আমি দাবি রাখছি যে জলপাইগুড়িতে যে জে. টি এসের পরিকাঠামো আছে, অনেক ওয়ার্কশপ আছে, অনেক জে. টি এস. শিক্ষক আছেন এবং সেটাকে আই. টি. আই. হিসাবে অনুমোদন দেওয়া হয় তাহলে কারিগরি শিক্ষার প্রসারের সুযোগ ঘটবে এবং জলপাইগুড়িতে জে. টি. এস. আছে সেখানে অনেক শিক্ষক আছেন, সেই শিক্ষকদের কাজ নেই। আমার নিবেদন যে এই জে. টি. এসকে আই. টি. আই. হিসাবে উন্নীত করা হোক।

শ্রী তাপস পাল : মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আপনার মাধ্যমে সংশ্লিষ্ট মন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। বারুইপুর মহকুমা অঞ্চলে লেভেল ক্রশিং এ সেখানে মানুষ যেভাবে যাতায়াত করছে, তাতে যে কোনো মুহূর্তে অ্যাকসিডেন্ট হতে পারে এবং বারুইপুর ও বি. টি. রোডের সংযোগস্থলে ভীষণ জ্যাম হচ্ছে। ট্রাক থামিয়ে সেখানে পয়সা তোলা হচ্ছে। এগুলি যদি শক্ত হাতে ব্যবস্থা নেন, তাহলে সাধারণ মানুষ উপকৃত হবে। এ জে সি বোস রোডে প্র্যাট মেমোরিয়াল স্কুল এবং সেন্ট জেমস স্কুল আছে। সেখানেই ৮টার সময় ট্রাক আগে ছেড়ে দেওয়া হয়। এতে বাচ্চাদের যেতে প্রবলেম হচ্ছে কারণ বাচ্চাদের স্কুলের বাসকে আটকে রেখে এই জিনিস করা হচ্ছে। এই ব্যাপারে আপনি দৃষ্টি আকর্ষণ করে শক্ত হাতে বিচার করুন।

শ্রী বংশীবদন মিত্র : মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আপনার মাধ্যমে পূর্ত দপ্তরের মন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। আমাদের আরামবাগ মহকুমা খানাকুল থানায় প্রায় তিন লক্ষ মানুষের বাস। পুড়শুরাতে এক লক্ষ লোক দৈনন্দিন হুগলি, চুঁচুড়া শহরে যাতায়াত করে এদের ভীষণ অসুবিধা হচ্ছে। মুণ্ডেশ্বরী নদীর উপর একটা ব্রিজ করলে ১৪ থেকে ১৬ কিলোমিটার রাস্তা কমে যাবে। স্যার ৪ লক্ষ লোক উপকৃত হবে। মুণ্ডেশ্বরী নদীর উপর দিগড়োইঘাটে একটা কনক্রিট ব্রিজ করা দরকার।

শ্রী শীতল সরদার : মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আপনার মাধ্যমে স্বরাষ্ট্রমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি সাঁকরাইল কেন্দ্রে ভগবতীপুর গ্রামে সি.পি.এমের ৫০/৬০ জন গুণ্ডা ১০/১২টা বাড়ি ভাঙচুর করেছে একটাই কারণ তারা তৃণমূল কংগ্রেস করে, তারা তৃণমূলকে ভোট দিয়েছে। এরপর স্যার, আমি খবর পাই, খবর পেয়ে পুলিশকে জানাই এবং পুলিশ সেখানে হাজির হয়। গ্রামের মায়েরা মেয়েরা প্রত্যেকে পুলিশকে বলে দয়া করে আসুন আমাদের ঘরবাড়ি ভাঙা হচ্ছে অথচ পুলিশ কিছুই করল না যেখানে পুলিশ হাজির রয়েছে। ৫ থেকে ১০ লক্ষ টাকার ক্ষতি হয়েছে। এই কারণে স্বরাষ্ট্রমন্ত্রীর হস্তক্ষেপের জন্য দৃষ্টি আকর্ষণ করছি।

শ্রী মোহন মণ্ডল : মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আপনার মাধ্যমে জনশিক্ষা দপ্তরের মন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। উলুবেড়িয়া উত্তর কেন্দ্রের মধ্যে জগৎপুর গ্রামে আনন্দভবন স্বেচ্ছাসেবী সংস্থা পরিচালনা করেন। সেখানে সমস্ত প্রতিবন্ধী ছাত্রছাত্রীরা পড়াশোনা করেন, থাকেন, খাওয়া দাওয়া করেন কিন্তু দুঃখের বিষয় যে কংগ্রেসের একজন নেতা, এখন তিনি তৃণমূলের—রামজনম মাঝি তিনি বিধায়ক ছিলেন। তিনি উদ্দেশ্যপ্রণোদিত হয়ে মিথ্যা একটা

অভিযোগ দায়ের করেন। যার ফলে কেন্দ্রীয় সরকার যে অনুদান দিতেন সেটা বন্ধ করে দিয়েছেন। এরজন্য ওখানকার ছাত্রছাত্রীরা যারা ওখানে পড়াশুনা করেন, খাওয়া দাওয়া করেন সেটা বন্ধ হয়ে যাচ্ছে। এই তৃণমূল কংগ্রেস ওরা প্রতিবন্ধী ছাত্রদের সর্বনাশ করতেও দ্বিধাবোধ করেন না। তাই জনশিক্ষা দপ্তরের মন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি যে কেন্দ্রের অনুদান যাতে পাওয়া যায় তার ব্যবস্থা করুন।

শ্রী অশোক দেব : মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আমি উচ্চশিক্ষা মন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। আগেও হাউসে বলেছি, আমি লিখিত দিয়েছি তবুও আমরা দেখতে পাচ্ছি যে উচ্চমাধ্যমিক যারা পাশ করছে তারা কলেজে ভরতি হতে পারছে না। ভাল মার্কস পাওয়া সত্ত্বেও তারা অনার্স পাচ্ছে না। সেখানে আসনসংখ্যা কম। দলমত নির্বিশেষে আমাদের এগিয়ে আসতে হবে। মাননীয় উচ্চশিক্ষামন্ত্রী গতবারেও কথা দিয়েছিলেন কিন্তু এবারেও আমরা দেখছি এটা একইভাবে করছেন। আমার ওই এলাকায় অনেক কলেজ আছে সেখানে আপনাদের পছন্দমত দলের লোককে নমিনি করে মেম্বার করে পাঠাচ্ছেন। আমরা যারা বিধায়ক আছি তাদের মেম্বার করার চেষ্টা হল না। গতবার আপনি বলেছিলেন কিন্তু এবারেও একইভাবে করা হচ্ছে। এটা বন্ধ করা দরকার এবং ছাত্রছাত্রীরা যাতে কলেজে ভরতি হতে পারে সেটা দেখবেন।

[12.50—1.00 p.m.]

শ্রী ভক্তরাম পান : মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে মাননীয় পূর্তমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। আমি এর আগেও এই দাবি এখানে করেছিলাম যে, ডানকুনিতে লেবেল ক্রসিং আছে পূর্ব গেট নং ৮ সেখানে দৈনিক ৫ হাজার গাড়ি চলাচল করে এবং ১৬০টি ট্রেন চলে, এর ফলে সেখানে যানজট হয়। আমি পূর্তমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি ডানকুনিতে একটা উড়ালপুল নির্মাণ করা হোক।

শ্রী সৌগত রায় : স্যার, আপনার মাধ্যমে আমি অমরনাথ যাত্রীদের উপর যে সন্ত্রাসবাদী আক্রমণ তার প্রতি হাউজের দৃষ্টি আকর্ষণ করছি। দুজন বাঙালি পর্যটক যারা অমরনাথ যাত্রী ছিলেন তাঁদের বাড়ি হাওড়া জেলার বেলুড়ে, একজনের নাম অসীম ঘোষ, আরেকজন সুরজিৎ কোনার। তাঁরা যখন শেষনাগে গিয়ে পৌঁছান, তখন সেখানে একটি মাইন বিস্ফোরণ ঘটান লস্কর-ই-তৈবার উগ্রপন্থীরা। সেই আওয়াজ শুনে তাঁরা যখন বাইরে আসেন তখনই উগ্রপন্থীরা তাঁদের উপর গুলি করে। সুরজিতের মাথায় গুলি লাগে এবং সে মারা যায়, আর অসীম ঘোষও মারা যান। এটা খুবই দুঃখজনক যে, বাঙলার দুজন ছেলে যারা তীর্থযাত্রী ছিলেন তাদের মরতে হল। আমি প্রাথমিকভাবে নিশ্চয়ই কেন্দ্রীয় সরকারকে দায়ী করব, তারা যাত্রীদের নিরাপত্তা দিতে অক্ষম। গতবারেও অমরনাথ যাত্রীদের উপর নির্বিচারে গুলি চলেছিল। এখানে সেলিম সাহেব আছেন তিনি জানেন—যেখানে তাদের যাত্রা প্রায় শেষ হয়ে এসেছে, সেই সময় সেখানে শ্ল্যাগনেস ছিল তাই তারা গুলি চালিয়েছিল। তাদের সঙ্গে নিন্দা করব পাকিস্তান এবং তার রাষ্ট্রপতি মুশারফ তিনি দুদিন আগে শান্তির কথা বলেছেন, ক্রশ-বর্ডার টেরোরিজম হবে না বলে তিনি মদত দিয়েছেন। আমাদের শক্তভাবে বলতে হবে

পাকিস্তান এই উগ্রপন্থীদের মদত দিচ্ছে এবং কাশ্মীরের ডোডাতে ১৫ জন মারা গেছে তার জন্য তীব্র নিন্দা করছি এবং ভারতবর্ষের অংশ কাশ্মীর এই কথার পুনরাবৃত্তি করে বক্তব্য শেষ করছি।

শ্রীমতী মীনা সনাতনী : মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে মাননীয় মাধ্যমিক শিক্ষামন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। আমার নির্বাচনী কেন্দ্র ঝাড়গ্রাম সেখানে অনুন্নত ব্লক জামবনী। সেখানে দুবরা এবং চিলকীগড় বলে দুটি স্কুল আছে। সেটাকে উচ্চমাধ্যমিক করার জন্য যে ইন্সপেকশনের দরকার ছিল সেটা হয়ে গেছে, কিন্তু স্কুল দুটি এখনও হায়ার সেকেন্ডারির পার্মিশান পায়নি। ওই অঞ্চলটি এতই অনুন্নত যে সেখানকার ছেলেমেয়েরা বাইরে গিয়ে পড়ার অসুবিধা—যাতে অবিলম্বে এই স্কুল দুটিকে হায়ার সেকেন্ডারির পার্মিশান দেওয়া হয় তার জন্য অনুরোধ করছি।

শ্রী জটু লাহিড়ী : স্যার, আমি আপনার মাধ্যমে মাননীয় সেচমন্ত্রী এবং পৌরমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। স্যার, দক্ষিণ বাঁকসাড়ার ভিলেজ রোডের উপর পচা খালের উপর একটা জরাজীর্ণ কাঠের সেতু রয়েছে। সেটা যে কোনো মুহূর্তে ভেঙে পড়ে যেতে পারে। এর একদিকে কোনা এক্সপ্রেসওয়ে এবং অন্যদিকে আন্দুল রোড। এই দুটি রাস্তার সংযোগকারী রাস্তার পচা খালের উপর এই পুলটি ভেঙে পড়লে রাস্তার যোগাযোগ বিচ্ছিন্ন হয়ে যাবে। এই পচা খালটি হাওড়া কর্পোরেশনের অন্তর্গত এবং কাঠের পোলটি সেচ বিভাগের অন্তর্গত। তাই আমি মাননীয় সেচমন্ত্রী এবং পৌরমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি অবিলম্বে এই কাঠের পোলটির সংস্কার করা হোক এবং নতুন করে ব্রিজ তৈরি করা হোক যাতে ওই দুটি রাস্তার যোগাযোগ বিচ্ছিন্ন না হয়।

শ্রী রবীন্দ্র ঘোষ : মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে মাননীয় মুখ্যমন্ত্রীর কাছে আবেদন জানাচ্ছি। আগে একবার বোম্বের জরি শিল্পীদের উপর, যারা আমাদের ওখান থেকে কাজ করতে যায়, তাদের উপর অত্যাচার হয়। তখন সেখানে বি.জে.পি সরকার ক্ষমতায় ছিল। আমরা তার প্রতিবাদ করেছিলাম। আজকে আবার দেখতে পাচ্ছি বোম্বেতে কর্মরত বাংলার স্বর্ণশিল্পীদের উপর অত্যাচার, নির্যাতন শুরু হয়েছে এবং তারা কাজকর্ম ছেড়ে গাঁয়ে ফিরে এসেছে। এ ব্যাপারে আমি মাননীয় মুখ্যমন্ত্রীর হস্তক্ষেপ দাবি করছি। আজকে যদি তাদের উপর অত্যাচার বন্ধ না হয় তাহলে জরিশিল্পীদের অত্যাচারের সময় যেমন উলুবেড়িয়া, কুলতলি, স্টেশনে বোম্বেগামী কুরলা এক্সপ্রেস ট্রেন আটকে দেওয়া হয়েছিল তেমনি আবার করা হবে। আগে বোম্বেতে বি.জে.পি. সরকার ছিল, এখন কংগ্রেসের সরকার আছে। উলুবেড়িয়ার মানুষ এই অন্যায়কে বরদাস্ত করবে না।

শ্রীমতী নিরুপমা চট্টোপাধ্যায় : (নট প্রেজেন্ট)।

শ্রী রবীন দেব : আজকে বালিগঞ্জ বিধানসভা এলাকার মানুষ নাগরিক পরিষেবা থেকে বঞ্চিত হচ্ছে এবং কষ্টের মধ্যে দিয়ে দিনাতিপাত করছে। আমি এ ব্যাপারে নগর উন্নয়ন মন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। পুরসভার পার্কসার্কাস জলাধার থেকে ৬৫, ৬৬ এবং ৬৭

নম্বর ওয়ার্ডে জল সরবরাহ করার কথা ছিল কিন্তু সেখানে জল যাচ্ছে না। পরিশ্রুত পানীয় জলের অভাবে আজকে ওই এলাকার মানুষ কষ্টের মধ্যে রয়েছে। কসবায় সি.এম.ডি.এ কর্তৃক একটা জলাধার করার প্রস্তাব আছে এবং তার জন্য টাকা বরাদ্দ হয়েছে। কিন্তু কলকাতা কর্পোরেশন সেটা করছে না। মেয়র-ইন-কাউন্সিল শোভনবাবু সেই জায়গাও পরিদর্শন করে এসেছেন। আমি অবিলম্বে এই কাজ করার দাবি জানাচ্ছি। পাশাপাশি পিকনিক পার্কে ৮ কাঠা জমি বিনামূল্যে দেওয়া আছে এবং সেখানে ১৩ লক্ষ টাকা ব্যয়ে একটা বাজার নির্মাণের কথা আছে। এজন্য টাকা দেওয়া আছে। কিন্তু পুরসভা সেটা আজ পর্যন্ত করেনি। ওই টাকা দেওয়া হয়েছে এম.পি. ল্যাড থেকে। উক্ত প্রস্তাবগুলো যাতে অবিলম্বে কার্যকরী হয় আমি তার দাবি জানাচ্ছি।

শ্রীমতী মাফুজা খাতুন : স্বাধীনতার ৫৪ বছর পরেও আমার জেলা দক্ষিণ দিনাজপুর রেললাইন বিহীন। এক ইঞ্চি রেললাইনও সেখানে নেই এবং এই জেলা রেল পরিষেবা থেকে বঞ্চিত। ১৯৮৪ সালে তৎকালীন রেলমন্ত্রী একলাখি-বালুরঘাট রেললাইনের শিলান্যাস করেছিলেন। কিন্তু আজ পর্যন্ত তার উদ্বোধন হয়নি, জানিনা কবে হবে, আদৌ হবে কিনা। আমার যতদূর জানা আছে, উক্ত রেল প্রকল্প সম্পন্ন করার জন্য যত জমি প্রয়োজন তা অধিগ্রহণ করে রাজ্য সরকার রেলবোর্ডের হাতে দিয়ে দিয়েছেন। মাননীয় দেবগৌড়া এবং ইন্দ্রকুমার গুজরালের প্রধানমন্ত্রীত্বকালে যিনি রেলমন্ত্রী ছিলেন তিনি উক্ত রেল প্রকল্প শেষ করার জন্য তৎপর হয়েছিলেন। কিন্তু আজ পর্যন্ত তা সমাপ্ত করা হল না। উক্ত প্রকল্পগুলো যাতে অবিলম্বে সম্পন্ন করা হয় তার জন্য এই সভা থেকে রাজ্য সরকারের মাধ্যমে কেন্দ্রীয় রেলমন্ত্রীর দৃষ্টি আকর্ষণের আবেদন জানাচ্ছি। ধন্যবাদ।

[1.00—1.10 p.m.]

শ্রী শান্তিরাম মাহাতো : মাননীয় উপাধ্যক্ষ মহাশয় আমি আপনার মাধ্যমে মাননীয় মুখ্যমন্ত্রী মহাশয়ের দৃষ্টি আকর্ষণ করছি। পুরুলিয়া জেলার সীমনপুর গ্রামে একটা কুষ্ঠ আবাস আছে, সেখানে ২০০০-এর মতো কুষ্ঠ রোগী বসবাস করেন। কুষ্ঠর কারণে তাঁদের অনেকের অঙ্গহানি হয়েছে। অঙ্গহানি ঘটার ফলে তাঁরা অক্ষম হয়ে পড়েছেন। কিন্তু অক্ষম হয়ে পড়লেও রাজ্য সরকার থেকে তাঁদের হ্যান্ডিক্যাপড্ বলে ঘোষণা করার কোনো ব্যবস্থা হয়নি এবং তাঁদের অক্ষমভাতা দেওয়ারও কোনো ব্যবস্থা নেই। সেজন্য আমি আপনার মাধ্যমে মাননীয় মুখ্যমন্ত্রী মহাশয়ের দৃষ্টি আকর্ষণ করে বলছি যে, অবিলম্বে তাঁদেরকে অক্ষমভাতা দেওয়ার ব্যবস্থা চালু করা হোক।

ZERO HOURS

শ্রীমতী শান্তা ছেত্রী : মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে মাননীয় পঞ্চায়েত মন্ত্রী মহাশয়ের দৃষ্টি আকর্ষণ করছি। স্যার, আমাদের দার্জিলিং পাহাড়ে টি-গার্ডেন, সিংকোনা প্ল্যানটেশন এবং ফরেস্ট-ভিলেজ গত দেড় বছর আগে পঞ্চায়েত লাগু হয়েছে। কিন্তু দুঃখের বিষয় টি-গার্ডেন, সিংকোনা প্ল্যানটেশন এবং ফরেস্ট ভিলেজে এমপ্লয়মেন্ট

অ্যাসুরেন্স স্কিম এবং ইন্দিরা আবাস যোজনা প্রভৃতি প্রোজেক্ট লাগু হচ্ছে না। তাই আমি আপনার মাধ্যমে মাননীয় পঞ্চায়েত মন্ত্রী মহাশয়ের দৃষ্টি আকর্ষণ করছি এবং তাঁকে অনুরোধ জানাচ্ছি যে, অবিলম্বে টি-গার্ডেন, সিংকোনা প্ল্যানটেশন এবং ফরেস্ট ভিলেজে এমপ্লয়মেন্ট অ্যাসুরেন্স স্কিম এবং ইন্দিরা আবাস যোজনা চালু করা হোক।

শ্রী আবদুল মান্নান : (নেই)

শ্রী তাপস রায় : মাননীয় উপাধ্যক্ষ মহাশয় একটি দুর্ভাগ্যজনক ঘটনা ঘটেছে। এতে আমরা বেদনাহত এবং মর্মাহত। পারভেজ মুশারফ এবং অটলবিহারী বাজপেয়ীর শীর্ষ বৈঠকের পর এক মর্মান্তিক ঘটনা ঘটেছে। অন্যদের সাথে বাংলার দুই যুবক, হাওড়ার অসীম ঘোষ ও সুরজিত কোঙার শেষ নিঃশ্বাস ত্যাগ করলেন পাকিস্তানি মদতপুষ্ট জঙ্গীবাহিনীর বিস্ফোরণ এবং গুলি চালনায়। স্যার, গতবারের ঘটনার পর এ ব্যাপারে কেন্দ্রীয় সরকারের সতর্ক হওয়া উচিত ছিল এবং আমি মনে করি তীর্থযাত্রী, ভ্রমণ পিপাসু মানুষদের জন্য যে নিরাপত্তার বন্দোবস্ত করা উচিত ছিল সেটা তাঁরা করতে পারেননি। আমি তার নিন্দা করি। এখানে পাক জঙ্গীরা প্রতিদিন আমাদের সামরিক জওয়ান থেকে শুরু করে আধাসামরিক বাহিনীর জওয়ান, সাধু, আবাল-বৃদ্ধ-বণিতা ভ্রমণপিপাসু মানুষদের, তীর্থযাত্রীদের উপর আক্রমণ করছে এবং তাদের গুলিবিদ্ধ করছে এবং তার ফলে তাদের মৃতদেহ আমাদের বাড়িতে ফিরে আসছে। আমি রাজ্য সরকারের কাছে অনুরোধ করছি যে, যতদিন বর্ডার টেররিজম্ বন্ধ না হচ্ছে, যতদিন কেন্দ্রীয় সরকার সেখানে তীর্থযাত্রী, ভ্রমণপিপাসু মানুষদের নিরাপত্তার ব্যবস্থা করতে না পারেন ততদিন বাংলা থেকে কোনো তীর্থযাত্রী, কোনো ভ্রমণপিপাসু মানুষ যেন না যান। পাকিস্তানি জঙ্গীদের এই আচরণকে কনডেম্ করি। পারভেজ মুশারফ এদের মদত দিচ্ছেন, কাশ্মীর উপত্যকায় বর্ডার টেররিজম্ চলছে। (এখানে মাইক অফ হয়ে যায়।)

শ্রী জানে আলম মিঞ্যা : মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে মাননীয় শ্রমমন্ত্রী এবং মাননীয় অর্থমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। সারা পশ্চিমবঙ্গের বিড়ি শ্রমিকদের প্রায় ৮০ ভাগই মুর্শিদাবাদ জেলার জঙ্গীপুরে অবস্থান করেন। দীর্ঘ লড়াইয়ের পরে বিড়ি শ্রমিকরা প্রভিডেন্ড ফান্ড-এর সুযোগ আদায় করতে সমর্থ হন। কিন্তু বিড়ি শিল্পের মালিকরা এবং তাদের নিযুক্ত কন্ট্রাক্টররা—যাদের স্থানীয় ভাষায় মুন্সী বলা হয়—তাঁদের প্রতিনিয়ত প্রতারিত করছে। পি এফ-এর হিসাব সঠিকভাবে থাকছে না। পি এফ-এর টাকা মার যাচ্ছে। প্রভিডেন্ড ফান্ডের আঞ্চলিক অফিসটি টিটাগড়ে অবস্থিত। ফলে জঙ্গীপুরের বিড়ি শ্রমিকদের ওখানে আসা সম্ভব হয় না। সেজন্য ওই সমস্ত বিড়ি শ্রমিকদের দাবি জঙ্গীপুর মহকুমায় পি এফ-এর একটা শাখা অফিস খোলা হোক। এই দাবি তাঁরা দীর্ঘদিন ধরে জানিয়ে আসছেন। তাঁদের এই দাবিকে যাতে মর্যাদা দেওয়া হয় তার জন্যই আমি আপনার মাধ্যমে মন্ত্রীদের দৃষ্টি আকর্ষণ করছি। ধন্যবাদ।

শ্রী তপন হোড় : স্যার, আমি আপনার মাধ্যমে রাজ্য সরকারের দৃষ্টি আকর্ষণ করছি এবং কেন্দ্রীয় সরকারের দৃষ্টি আকর্ষণ করছি রাজ্য সরকারের মাধ্যমে। বিষয়টি হচ্ছে—

ইউ. টি. আই-র চেয়ারম্যান অপসারিত হয়েছেন এবং তাঁর বিরুদ্ধে ফৌজদারি মামলা হয়েছে। এর আগে বিলগ্নীকরণের নামে এয়ার ইন্ডিয়ায় আর্থিক কেলেঙ্কারি ঘটেছে। এই রকম একের পর এক আর্থিক কেলেঙ্কারির মধ্যে দিয়ে আমরা একটা ভয়াবহ অবস্থায় পৌঁছেছি। এই সমস্ত কেলেঙ্কারির দায় কেন্দ্রীয় অর্থমন্ত্রী অস্বীকার করতে পারেন না। তাই আমরা দাবি করছি অবিলম্বে কেন্দ্রীয় অর্থমন্ত্রী পদত্যাগ করুন। ইউ. টি. আই. নিয়ে যে কেলেঙ্কারি হয়েছে তাতে আমানতকারীরা প্রতারিত হয়েছেন এবং আরো বড় রকমের প্রতারিত হবার ভয়ঙ্কর আশঙ্কা দেখা দিয়েছে। কেন্দ্রীয় সরকারের এই পরিস্থিতির দায় এড়িয়ে গেলে চলবে না। কেন্দ্রীয় সরকারের নতুন গৃহীত নীতির ফলে পশ্চিমবাংলা তথা ভারতবর্ষের অসংখ্য মানুষ ক্ষতিগ্রস্ত হচ্ছেন। এই কথা বলে, আপনাকে ধন্যবাদ জানিয়ে আমি আমার বক্তব্য শেষ করছি।

শ্রী মানস মুখার্জী : মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, ইতিপূর্বে দুজন মাননীয় সদস্য শ্রী সৌগত রায় এবং শ্রীমতী কণিকা গাঙ্গুলী ঠিকই বলেছেন যে, আমাদের দেশে বর্তমানে যে কেন্দ্রীর সরকার আছে তাদের হাতে আমাদের দেশের মানুষের জীবন বিপন্ন। এর সাথে সাথে আমি আরো বলব যে, তাদের হাতে আমাদের দেশের মধ্যবিত্ত, নিম্ন-মধ্যবিত্তদের সম্পদও বিপন্ন। 'ইউ এফ ৬৪'-ই তার একটা নিদর্শন। তিন বছর ধরে এই ঘটনা ঘটছে, কিন্তু কেন্দ্রীয় সরকার এ বিষয়ে কোনো পদক্ষেপই গ্রহণ করেনি। কেন্দ্রীয় অর্থমন্ত্রক কোনো পদক্ষেপ গ্রহণ করেনি। এর আগে যখন শেয়ার কেলেঙ্কারি ঘটেছিল তখন তৎকালীন অর্থমন্ত্রী মনমোহন সিং বলেছিলেন, 'শেয়ার বাজারের ঘটনা আমাদের অর্থনীতিতে কোনো ব্যাঘাত ঘটাবে না।' অনুরূপভাবে আজও কেন্দ্রীয় অর্থমন্ত্রক বিভিন্ন আর্থিক কেলেঙ্কারির বিরুদ্ধে কোনো ব্যবস্থাই গ্রহণ করছে না। সবচেয়ে গুরুতর বিষয় হচ্ছে 'ইউ-এস ৬৪' বন্ধ করার আগে সেখান থেকে ৪০০০ কোটি টাকা তুলে নেওয়া হয়েছে। রিলায়েন্স, বাজাজ অটো, বোম্বে ডাইংকে টাকা তুলে নেবার সুযোগ করে দিয়ে আমাদের দেশের দু'কোটি ক্ষুদ্র বিনিয়োগকারীর ওপর আক্রমণ নামিয়ে আনা হল। এখন কেন্দ্রীয় সরকার কয়েকজন অফিসারের বিরুদ্ধে ব্যবস্থা নিয়ে দায়িত্ব এড়াতে চাইছে। আমি কেন্দ্রীয় অর্থমন্ত্রীর পদত্যাগ দাবি করছি।

শ্রী কমলাক্ষী বিশ্বাস : মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, বাগদা, রানাঘাট প্রভৃতি বিস্তীর্ণ এলাকায় টি এম সি আশ্রিত সমাজবিরোধীদের দৌরাত্ম্য ভীষণ বেড়ে গেছে। তাই আমি এই গুরুতর বিষয়টির প্রতি মাননীয় স্বরাষ্ট্র মন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। মানুষের মনে শান্তি ফিরিয়ে আনার জন্য ওই এলাকায় বিশেষ বিশেষ পুলিশ দিয়ে সমাজবিরোধীদের ধরার জন্য অনুরোধ জানিয়ে আমার বক্তব্য শেষ করছি।

[1.10—1.20 p.m.]

শ্রী চিত্তরঞ্জন দাসঠাকুর : স্যার, আমার নির্বাচনী কেন্দ্রের তমলুক থানার নীলকণ্ঠ গ্রাম পঞ্চায়েত এলাকায় সি. পি. আইয়ের পার্টি অফিস আছে। সেই পার্টি অফিসটি ৩০ বছর আগে আমরা কিনেছিলাম। আমাদের নামে রেকর্ড আছে, সেই ঘর আছে। সেই অফিসটি আমরা ব্যবহার করছিলাম। কিন্তু টি. এম. সি. পঞ্চায়েত নির্বাচনে জেতার পর সেই অফিসটি

দখল করে নিতে চায়। তখন পুলিশ গোলমালের আশংকা আছে দেখে সেই অফিসটিতে তালা ঝুলিয়ে দেয়। আমি প্রশাসনের কাছে আবেদন জানিয়েছি, সি. পি. আইয়ের পার্টি অফিসটি প্রশাসন ফিরিয়ে দিক, যেহেতু রায়তি জায়গা কিন্তু দুর্ভাগ্যের বিষয়, প্রশাসন সেই ঘরের তালা খুলতে না দিয়ে আমাদের কোর্টে যেতে বলছেন বারবার। আপনার কাছে আবেদন, জায়গাটা আমার, ঘর আমার, দখল আমার, অথচ পুলিশ তালা ঝুলিয়ে দিয়ে এখন বলছে কোর্টে যাও। পশ্চিমবঙ্গে বামফ্রন্ট সরকার ক্ষমতায় আছে। আমি আপনার মাধ্যমে মাননীয় স্বরাষ্ট্রমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করে বলতে চাই, এ ব্যাপারে প্রশাসন অবিলম্বে কার্যকরী ভূমিকা গ্রহণ করুন।

শ্রী পদ্মনিধি ধর : মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে আমাদের ভূমি ও ভূমিসংস্কার এবং ভূমির সদ্ব্যবহার দপ্তরের মন্ত্রীর মাধ্যমে এবং মুখ্যমন্ত্রীর মাধ্যমে কেন্দ্রীয় সরকারের যে ন্যাশনাল হাইওয়ে ডিভিশন আছে তার কাছে একটি গুরুত্বপূর্ণ বিষয় উপস্থিত করতে চাই। আমার কনস্টিটুয়েন্সির মধ্যে দাগ নম্বর ৫১-তে নিবড়া মৌজায় গতকাল থেকে বিনা নোটিশে ৩ হাজার ১৭২ থেকে ৩ হাজার ২৪২ নম্বর দাগ পর্যন্ত এবং ৬১৪ থেকে ৬৪৩ নম্বর দাগ পর্যন্ত জমিগুলিতে হঠাৎ করে গাছপালা কেটে বাড়িতে মার্কা করতে যাচ্ছে। বলা হচ্ছে, ন্যাশনাল হাইওয়ে ৬ লেনের হবে এবং তার জন্য হোমস্টেড ল্যান্ড বাড়িসহ চিহ্নিত করছে। অথচ তার পাশেই রয়েছে অনেক পতিত জমি বা যেখানে এই ৬ লেন করার যথেষ্ট জায়গা আছে। আমি আপনার মাধ্যমে অবিলম্বে কেন্দ্রীয় সরকারের এই ন্যাশনাল হাইওয়ে বিভাগকে এই কাজ থেকে বিরত থাকতে অনুরোধ করছি এবং ভূমিসংস্কার দপ্তরকে বলবো, তারা এই রকম অধিগ্রহণ করতে যেন বাধা সৃষ্টি করেন।

শ্রী নেপাল মাহাতো : স্যার, আমি আপনার মাধ্যমে মাননীয় বিচারমন্ত্রী এখানে উপস্থিত আছেন, তাঁর দৃষ্টি আকর্ষণ করছি। কিছুদিন আগে খবরে বেরিয়েছিল এবং আমি রাঁচিতে গিয়ে নিশ্চিত হয়েছি সারা ভারতবর্ষের ক্ষেত্রে নজির-বিহীন ঘটনা ঘটেছে, যে সমস্ত বিচারক পক্ষপাতিত্ব এবং বিচারে অস্বাভাবিক দেরি করছে সেইরকম ২৫ জন বিচারককে পদ থেকে সরিয়ে দিয়েছে, গরিব মানুষ যারা বিচার পায় না কিম্বা বিচার পেতে বিলম্বিত হয় তার জন্য স্বচ্ছ বিচার ব্যবস্থা করতে। আমি আপনার মাধ্যমে অনুরোধ করবো, পশ্চিমবঙ্গে এইরকম ধরনের যে সমস্ত বিচারক আছেন যারা দিনের পর দিন ডিলে করে এবং পক্ষপাতিত্ব নিয়ে বিচার করেন তাদের পরিসংখ্যান নিয়ে এইরকম ব্যবস্থা করুন যাতে গরিব মানুষরা ন্যায্য বিচার সময়ে পায়।

শ্রী পরেশ পাল : স্যার, গত নির্বাচনে মানব মুখার্জীর কনস্টিটুয়েন্সির মধ্যে ৩৫ নম্বর ওয়ার্ডে মিঞাবাগানের প্রায় ১৫০ থেকে ২০০ জন ছেলে পাড়ায় ঢুকতে পারছে না। তাদের অপরাধ হচ্ছে, যেহেতু তারা মানব মুখার্জীর বিরুদ্ধে নির্বাচন করেছে। গতকাল দুপুরবেলা তাদের মধ্যে একজন ৩৫ বছরের ছেলে আত্মীয়ের শ্রাদ্ধ বাড়িতে গিয়েছিল। তাকে জোর করে শ্রাদ্ধ-বাসর থেকে তুলে নিয়ে গিয়ে এমন মার মেরেছে যে সে এখন এন. আর. এস. হাসপাতালে ভর্তি আছে। আমি জানতে চাইছি, এই অপদার্থ মুখ্যমন্ত্রী এর বিরুদ্ধে কিছু করবেন, কি করবেন না? কতদিন ধরে পশ্চিমবাংলার মানুষকে তারা

এইরকমভাবে মারবে ? একটা বাচ্চা ছেলে ইমিডিয়েট এনকোয়ারি করে দেখুন—হাসপাতালে লোক পাঠিয়ে দেখুন তার অবস্থা অত্যন্ত খারাপ। আর এখানে সাদা জামা পরে, মাথায় সাদা চুল নিয়ে উনি বসে আছেন। এখন আবার শখ হয়েছে সোমেন মিত্রর মতো সাদা চটি পরার। এইরকম কালা, ভিনডিকটিভ মুখ্যমন্ত্রীকে বলার পরও কোনো ব্যবস্থা হচ্ছে না। স্যার, আপনার মাধ্যমে আমি সরকারের কাছে এর বিচার চাইছি।

শ্রী সুশীল বিশ্বাস : মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আপনার মাধ্যমে পি. এইচ. ই. দপ্তরের মন্ত্রী মহাশয়ের একটি গুরুত্বপূর্ণ বিষয়ের প্রতি দৃষ্টি আকর্ষণ করছি। স্যার, নদীয়া জেলার বিস্তীর্ণ এলাকাতে জলে আর্সেনিক পাওয়া গিয়েছে। আমার বিধানসভা এলাকার চাপড়া পঞ্চায়েত সমিতির ফুলকলমি এবং শিমুলিয়াতে নলবাহিত পানীয় জল সরবরাহ করার জন্য মন্ত্রী মহাশয়ের কাছে আবেদন জানাচ্ছি। স্যার, সেখানকার মানুষদের এই আর্সেনিক যুক্ত জল ব্যবহার করার ফলে হাত, পায়ের চামড়া ফেটে যাচ্ছে। সেখানে ১০০ ফুট গভীর নলকূপে ১৩৬ মিলিগ্রাম এবং ৬০০ ফুট নীচের টিউবওয়েল ১৬ মিলিগ্রাম আর্সেনিক পাওয়া গিয়েছে। ইতিমধ্যে সেই জল যাদবপুর থেকে পরীক্ষা করানো হয়েছে। আমার আবেদন, যেখানে বেশি আর্সেনিক দেখা দিয়েছে সেখানকার টিউবওয়েলগুলি সিল করে দেওয়া হোক এবং নলবাহিত পানীয় জল সরবরাহ করার ব্যবস্থা করা হোক।

শ্রী জ্যোতিপ্রিয় মল্লিক: মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, একটি গুরুত্বপূর্ণ বিষয়ের প্রতি আপনার মাধ্যমে স্বরাষ্ট্রমন্ত্রী মহাশয়ের দৃষ্টি আকর্ষণ করছি। স্যার, গত বিধানসভা নির্বাচনের পর থেকে উত্তর ২৪ পরগনায় আমার নির্বাচনী কেন্দ্র গাইঘাটাতে দু/তিনদিন অন্তর অন্তর ডাকাতি হচ্ছে। ২১শে জুন থেকে এই ডাকাতির শুরু। ২১শে জুন, ২৩শে জুন, ৬ই জুলাই, ১৫ই জুলাই, ২১শে জুলাইয়ে ডাকাতি হয়েছে। ২১শে জুলাই রাতে সেখানে বীভৎস ডাকাতি হয়েছে। সেখানে দীঘা এবং সিংহলগ্রামের ডাকাতির কথা স্যার, আপনার নিশ্চয় জানা আছে। এ বিষয়ে আগেই আমি মেনশান করেছিলাম। সেখানে পোঁতাপাড়া গ্রামে রাধাকান্ত বিশ্বাসের বাড়িতে ডাকাতি করার পর ডাকাতরা তার স্ত্রী উর্মিলা বিশ্বাসকে আক্রমণ করে এবং মারধোর করে। তাকে এন. আর. এস মেডিক্যাল কলেজ হাসপাতালে ভর্তি করা হয়। গত ১৭ই জুলাই এন. আর. এস. মেডিক্যাল কলেজ হাসপাতালে তিনি মারা যান। সেখানে জেলাশাসক থেকে আরম্ভ করে এই অপদার্থ সরকারের পুলিশকেও বারবার বলা সত্ত্বেও কোনো ব্যবস্থা হচ্ছে না। সেখান থেকে গোয়েন্দা বিভাগ ব্যর্থ হয়ে ফিরে এসেছেন। স্যার, গাইঘাটাতে এইভাবে একের পর এক ডাকাতি হওয়ায় সেখানকার মানুষরা সন্ত্রস্ত হয়ে পড়েছেন, আতংকগ্রস্ত হয়ে পড়েছেন এবং এমন কি বহু মানুষ গ্রাম ছেড়ে চলে পর্যন্ত যাচ্ছেন। স্যার, আপনার মাধ্যমে স্বরাষ্ট্রমন্ত্রীর কাছে আমার দাবি, সেখানে ডাকাতি রোধে অবিলম্বে উপযুক্ত ব্যবস্থা গ্রহণ করা হোক।

শ্রী গোবিন্দচন্দ্র নস্কর : মাননীয় উপাধ্যক্ষ মহাশয় পশ্চিমবঙ্গের শিক্ষা ক্ষেত্রে চরম নৈরাজ্য এবং দুর্নীতি চলেছে। কয়েক বছর আগে স্কুল সার্ভিস কমিশন করা হয়েছিল শিক্ষকদের অ্যাপয়েন্টমেন্ট দেওয়ার জন্য। এখন সেখানেও দুর্নীতি দেখা দিয়েছে। দেখা যাচ্ছে

১৷৷-২ লক্ষ টাকা খরচ না করলে শিক্ষক হিসাবে চাকরি পাওয়া যায় না। ফলে দেখা যাচ্ছে এই সংস্থাটি দুর্নীতিগ্রস্ত হয়ে পড়েছে। এমনকি যারা বেসিক ট্রেনিং করতে যাচ্ছে সেই সমস্ত ছাত্রদের অভিভাবকরা ৩০/৪০ হাজার টাকা করে না দিলে তার বেসিক ট্রেনিং পড়ার সুযোগ পাচ্ছে না। প্রাথমিক শিক্ষা ক্ষেত্রে তো চরম নৈরাজ্য চলেছে। ইংরাজি তুলে দেওয়া হল, আবার ইংরাজির পুনঃপ্রবর্তন। তারপর এই সরকার একবার বেতন তুলে দিলেন আবার বলছেন বিপুল পরিমাণে বেতন দিতে হবে। লক্ষ লক্ষ শিক্ষক পেনশন না পেয়ে চরম দুরবস্থায় পড়েছেন। বেশ কয়েক হাজার শিক্ষকদের শূন্য পদ থাকলেও অ্যাপয়েন্টমেন্ট হচ্ছে না। অনেক জায়গায় প্রধান শিক্ষক নেই। শিক্ষা ক্ষেত্রে এইভাবে চরম নৈরাজ্য চলেছে।

শ্রী সৌগত রায় : মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, একটি গুরুত্বপূর্ণ বিষয়ের প্রতি রাজ্য সরকারের মাধ্যমে কেন্দ্রীয় সরকারের দৃষ্টি আকর্ষণ করছি। ন্যাশনাল জুট ম্যানুফাকচারার্স কর্পোরেশন—এন. জে. এম. সি-এর মাধ্যমে কেন্দ্রীয় সরকার পশ্চিমবঙ্গে ৫টি রাষ্ট্রায়ত্ত চটকল চালায়। এন. জে. এম. সি নেবার পর থেকে এই চটকলগুলিতে চূড়ান্ত আর্থিক সংকট চলেছে। গত মাসে বি. আই. এফ. আরের মিটিং ছিল এই চটকলগুলির পুনরুজ্জীবন প্রকল্প বিবেচনা করার জন্য। এই চটকলগুলিতে ৩০ হাজার শ্রমিক কাজ করে তার মধ্যে কলকাতায় একটা চটকল আছে তার নাম উইনিয়ান নর্থ। সেখানকার শ্রমিকরা আশা করেছিল যে কেন্দ্রীয় সরকারের পুনরুজ্জীবনের প্রস্তাব তারা গ্রহণ করবেন কিন্তু বি. আই. এফ. আরের মিটিং-এ কোনো সিদ্ধান্ত হয়নি তার ফলে সেখানকার শ্রমিকরা চূড়ান্ত সংকটে পড়েছেন। এখন নতুন করে পাট উঠছে, এন. জে. এম. সি-র ৫টা চটকলের কাছে টাকা নেই যে তারা পাট কিনবে। পাটের দামও এ বছর বেশি। এর ফলে বদলি শ্রমিকদের অধিকাংশকে বসিয়ে দেওয়ার কথা বলা হচ্ছে।

আমরা মনে করি যে, এম. জে. এম. সি. যদি বন্ধ হয়ে যায় তাহলে রাজ্যে শুধু ৩০,০০০ পার্মানেন্ট শ্রমিক নয়, অনেক অস্থায়ী শ্রমিক এবং পাটচাষীরা চূড়ান্ত সংকটে পড়বেন। তার জন্য রাজ্যের মুখ্যমন্ত্রীর কাছে অনুরোধ, কেন্দ্রের বস্ত্রমন্ত্রীর সঙ্গে কথা বলে এম. জে. এম. সি.-র ৫টি কলের যাতে পুনরুজ্জীবনের ব্যবস্থা হয় তার ব্যবস্থা করুন।

[1.20—2.00 p.m.] (including adjourment)

শ্রী রবীন দেব : মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আপনার মাধ্যমে আমাদের রাজ্যের ভূমি সংস্কার দপ্তরের মন্ত্রীর কাছে দাবি জানাচ্ছি। এখানে মাননীয় বিচারমন্ত্রী উপস্থিত আছেন, তাঁর সঙ্গেও বিষয়টা সংশ্লিষ্ট। কয়েকদিন আগে ওয়েস্ট বেঙ্গল প্রেমিসেস টেনেন্সি অ্যাক্ট, ১৯৯৭ ১০ই জুন থেকে চালু হয়েছে এবং ওয়েস্ট বেঙ্গল প্রেমিসেস টেনেন্সি রুলস, ১৯৯৯ যার নোটিফিকেশন হয়েছে একই ডেটে। ওই রকম একটি স্পর্শকাতর অ্যাক্ট এবং রুলস নিয়ে বিভিন্ন মহলে বিতর্ক রয়েছে। তার জন্য ওগুলোর বাংলা, নেপালি, উর্দুতে তর্জমা করা দরকার এবং সেটা অবিলম্বে করবার জন্য দাবি জানাচ্ছি।

শ্রী কাশীনাথ মিশ্র : মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, একটি গুরুত্বপূর্ণ বিষয়ে আমি উল্লেখ করছি। পূর্ণমন্ত্রী উপেনবাবু এখানে নেই। আপনি একজন দায়িত্বশীল ব্যক্তি, আজকে বাঁকুড়া মিউনিসিপ্যালিটির কি অবস্থা আপনি জানেন। ডেপুটি সেক্রেটারির লেখা একটি চিঠির অংশ আমি পড়ছি, 'Release of Government grant in respect of shortfall A. D. A. & Arear pension etc. of Bankura Municipality. চিঠিটা আমি আপনাকে দেব। তাতে লিখেছেন—'Further a huge amount has been deducted against the Fixed grant for salary from May, 2001. This Municipality was in receipt of allotment of Rs. 15.45,526/- against 497 heads which was reduced. ওদের স্টাফ আছে ৫৪৮ জন। টাকাপয়সা না যাওয়াতে সেখানে একটা অস্বস্তিকর পরিস্থিতি সৃষ্টি হয়েছে। বিষয়টা আপনি একটু দেখুন, না হলে ১১১ জন কর্মী সেখানে বেতন পাচ্ছেন না। সেখানে একটা ডামাডোল চলছে। যাতে সেখানে টাকাটা তাড়াতাড়ি যায় তার জন্য ব্যবস্থা গ্রহণ করুন।

শ্রী ইউনুস সরকার : মাননীয় ডেপুটি স্পীকার স্যার, আপনার মাধ্যমে পঞ্চায়েত মন্ত্রী এবং রাজ্য সরকারের দৃষ্টি আকর্ষণ করছি। মুর্শিদাবাদ জেলার কান্দির পুরন্দরপুর গ্রাম পঞ্চায়েতকে বন্যা শেষে রাজ্য সরকার এবং কেন্দ্রীয় সরকারের টাকা দেওয়া হল ৭০ লক্ষ, কিন্তু সেই টাকা পুরন্দরপুর গ্রাম পঞ্চায়েত প্রধানের নেতৃত্বে এবং সহযোগিতায় ফলস্ সার্টিফিকেট এবং ভুয়ো তালিকা তৈরি করে বিলি দেখানো হয়েছে। আমি এখানে নির্দিষ্ট তথ্য দিচ্ছি। প্রশান্ত শর্মা দাবি করলো যে, তার মেয়ে সুলেখা বন্যায় মারা গেছে, কিন্তু সে বন্যার ৩ বছর আগেই মারা গেছে। মানিক মণ্ডল দাবি করল তার কন্যা কনক মণ্ডল বন্যায় মারা গেছে, কিন্তু সে বন্যার ৩ মাস আগে মারা গেছে। ভবানীপুরের ইয়াসিন তার কন্যা বন্যায় মারা গেছে বলে দাবি করলো, কিন্তু তার কোনো কন্যা নেই। জাহাঙ্গীর সেখ তার ১২ বছরের কন্যা রাবিয়ার বন্যায় মৃত্যুর দাবি করলো, কিন্তু তার কন্যা নেই। এই ধরনের ঘটনা পুরন্দরপুর গ্রাম পঞ্চায়েত প্রধান বৃন্দাবন মণ্ডলের নেতৃত্বে হচ্ছে। উনি কংগ্রেসী পঞ্চায়েত প্রধান। এখানে মুর্শিদাবাদ কংগ্রেসের নেতা বসে আছেন। আমি এই ঘটনার ধিক্কার জানাচ্ছি। এই ঘটনার প্রতিবাদ হওয়া উচিত, তদন্ত হওয়া উচিত এবং দোষীদের শাস্তির ব্যবস্থা করা উচিত।

শ্রী অশোক দেব : মাননীয় ডেপুটি স্পীকার স্যার, আমি আপনার মাধ্যমে বিভাগীয় মন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। স্যার, আমরা দেখছি রেভিনিউ স্ট্যাম্প পাওয়া যাচ্ছে না, বাজারে চড়া দামে বিক্রি হচ্ছে। তার ফলে যারা ব্যবসা করেন এবং সরকারি বেসরকারি প্রতিষ্ঠানগুলির প্রচণ্ড কষ্ট হচ্ছে। ডাকঘরে গেলে তারা বলছে দিতে পারছি না, তার কারণ তারা পাচ্ছে না। জনসাধারণের যাতে অসুবিধা না হয় আপনার মাধ্যমে তাই সরকারের দৃষ্টি আকর্ষণ করছি। যাতে রেভিনিউ স্ট্যাম্প পাওয়া যায়, জনসাধারণের যাতে অসুবিধা না হয় সরকার নিশ্চয়ই সেটা দেখার চেষ্টা করবেন।

শ্রী শোভনদেব চট্টোপাধ্যায় : স্যার, স্বাক্ষরতায় আমাদের রাজ্য অনেক পেছিয়ে আছে সারা দেশের মধ্যে সেটা আলাদা কথা। এখানে কান্তিবাবু বসে আছেন সেইজন্য বিশেষ করে বলছি, কলিকাতা পৌরসভায় অনেক কর্মচারী আছে যারা নিরক্ষর। যারা রাস্তা ঝাঁট দেয় ঝাড়ুদার তারা এই কলিকাতা শহরে আছে এবং তাদের ছেলে-মেয়েরা আছে, কলিকাতা শহরের বুকে এখনও পর্যন্ত নিরক্ষর, এখনও তারা টিপ ছাপ দেয়। মন্ত্রী মহাশয়ের কাছে আমি গতবার বিধানসভায় উল্লেখ করেছিলাম। এখনও পর্যন্ত তাদের স্বাক্ষর করে তোলা তো দূরের কথা, এখনও পর্যন্ত কোনো প্রচেষ্টা পশ্চিমবঙ্গ সরকার নেননি। আমি আপনার মাধ্যমে শিক্ষামন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি যাতে করে ওদের সাক্ষর করে তোলার ব্যবস্থা করা হয়। কলিকাতা শহরে এই রকম নিরক্ষর থাকবে এটা অভিশাপ, এই ব্যাপারে উদ্যোগ নেওয়ার জন্য অনুরোধ জানাচ্ছি।

মিঃ ডেপুটি স্পীকার : এখন বিরতি, আমরা আবার মিলিত হব বেলা ২টার সময়।

[At this stage the House was adjourned till 2.00 P. m.]

[2.00—2.10 p.m.]

After Adjournment

POINT OF INFORMATION

শ্রী আব্দুল মান্নান : স্যার, আপনি জানেন, আমাদের হাউসে প্রথমার্ধে অনেকেই বলেছেন যে, অমরনাথের তীর্থযাত্রীদের নৃশংস ভাবে হত্যা করা হয়েছে, এটা খুবই দুঃখজনক এবং উদ্বেগের বিষয়। কেন্দ্রে এন. ডি. এ. সরকার আসার পর থেকে তীর্থযাত্রীদের নিরাপত্তা বিঘ্নিত হচ্ছে। এবারেও এটা আশংকা ছিল। ভারত সরকারের অপরিণত বুদ্ধির জন্য আগ্রা শীর্ষ বৈঠক ব্যর্থ হয়েছে। জঙ্গীরা আগেই হুঁশিয়ারি দিয়েছিল। ভারত সরকারের উচিত ছিল নিরাপত্তা ব্যবস্থা আরও জোরদার করা এবং সতর্ক থাকা। কিন্তু দুঃখের বিষয়, তীর্থযাত্রীদের তারা রক্ষা করতে পারেনি। আমাদের রাজ্যের দুজন নিহত হয়েছেন। আমি আপনার মাধ্যমে কেন্দ্রীয় সরকারের এই অপদার্থতার জন্য নিন্দা করি। যেভাবে তারা মানুষের নিরাপত্তা নিয়ে ছিনিমিনি করছে, তার জন্য আমি কেন্দ্রীয় সরকারের স্বরাষ্ট্রমন্ত্রীর পদত্যাগ দাবি করছি। সেই সাথে সাথে যারা নিহত হয়েছেন তাঁদের ক্ষতি পূরণের ব্যবস্থা করার, তাঁদের নিকট আত্মীয়কে আর্থিক ক্ষতি পূরণের ব্যবস্থা করা হোক এই দাবি করি।

DISCUSSION AND VOTING ON DEMAND FOR GRANT

DEMAND No. 59, DEMAND No. 60, DEMAND No. 62 & DEMAND No. 63

Mr. Speaker : Now discussions under Demand Nos. 59, 60, 62 and 63. There are 12 cut motions to Demand No. 59. All the motions are in order.

DEMAND No. 59

Dr. Asish Banerjee (No. 1)
Smt. Manju Basu (No. 2)
—Sir, I beg to move that the amount of the Demand be reduced to Re. 1/-.

Shri Ashok Kumar Deb (No. 3)
Shri Choudhury Mohan Jatua (No. 4)
Shri Biman Chakraborty (No. 5)
Shri Kashinath Mishra (No. 6)
Shri Debeprasad Sarkar (No. 7)
Smt. Sonali Guha (No. 8)
Shri Jyotipriya Mallick (No. 9)
Shri Tamonash Ghosh (No. 10)
Shri Abdul Mannan (Nos. 11-12)
—Sir, I beg to move that the amount of the Demand be reduced by Rs. 100/-.

DEMAND No. 60

Mr. Speaker : There are 12 cut motions to Demand No. 60. All the motions are in order.

Shri Ashish Banerjee (No. 1)
—Sir, I beg to move that the amount of the Demand be reduced to Re. 1/-.

Shri Nirmal Ghosh (No. 2)
Shri Ashok Kumar Deb (No. 3)
Shri Saugata Roy (No. 4)
Shri Kamal Mukherjee (No. 5)
Shri Ajit Bhunia (No. 6)
Shri Manturam Pakhira (No. 7)
Shri Jyotipriya Mallick (Nos. 8-9)
Shri Kashinath Mishra (Nos. 10)
Shri Abdul Mannan (Nos. 11-12)
—Sir, I beg to move that the amount of the Demand be reduced by Rs. 100/-.

DEMAND No. 62

Mr. Speaker : There are 29 cut motions to Demand No. 62. All the motions are in order.

Shri Dipak Kumar Ghosh (No. 1)
Shri Kashinath Mishra (No. 2)
Shri Choudhury Mohan Jatua (No. 3)
—Sir, I beg to move that the amount of the Demand be reduced by Rs. 100/-.

Shri Tanmoy Mondal (No. 4)
Shri Nirmal Ghosh (No. 5)
Shri Jyotipriya Mallick (No. 6)
Shri Ashok Kumar Deb (Nos. 7-10)
Shri Kamal Mukherjee (No. 11)
Smt. Manju Basu (No. 12)
Shri Debaprasad Sarkar (No. 13)
Shri Rabindra Nath Chatterjee (No. 14)
Shri Sibdas Mukherjee (No. 15)
Shri Ashish Banerjee (Nos. 16-17)
Shri Kashinath Mishra (Nos. 18-20)
Shri Abu Taher Khan (No. 21)
Shri Ajit Bhunia (Nos. 22-23)
Shri Bankim Chandra Hazra (No. 24)
Shri Abdul Mannan (Nos. 25-26)
Shri Tamonash Ghosh (No. 27)
Shri Sital Kumar Sardar (No. 28)
Shri Jaga Ranjan Halder (No. 29)

—Sir, I beg to move that the amount of the Demand be reduced by Rs. 100/-.

DEMAND No. 63

Mr. Speaker : There are three cut motions to Demand No. 63. All the motions are in order.

Shri Nirbed Roy (No. 1)
Shri Ashok Kumar Deb (No. 2)
Shri Abdul Mannan (No. 3)

—Sir, I beg to move that the amount of the Demand be reduced to Re. 1/-.

শ্রী শীতল সর্দার : মাননীয় অধ্যক্ষ মহাশয়, মাননীয় পঞ্চায়েত মন্ত্রী ডিমান্ড নং ৫৯, ৬০, ৬১, ৬২ এবং ৬৩নং দাবির অধীনে যে বাজেট পেশ করেছেন, তার বিরোধিতা করে এবং আমাদের দলের আনা কাটমোশানকে সমর্থন করে আমি আমার বক্তব্য রাখছি। স্যার, জাতির জনক মহাত্মা গান্ধী যে পঞ্চায়েত রাজের কথা বলেছিলেন—আদর্শ গ্রাম তৈরি হবে মানুষের দ্বারা, যে গ্রামের প্রতিটি মানুষের সুখ স্বাচ্ছন্দ থাকবে, প্রতিটি মানুষের, যারা গরিব মানুষ তাদের দুঃখ দুর্দশা ঘুচবে, মানুষ যে রাস্তা দিয়ে হাঁটবে সেই রাস্তা সুন্দরভাবে, ভালভাবে তৈরি হবে, সাধারণ ঘরের ছেলেমেয়েরা শিক্ষা পাবে, স্বাস্থ্য পরিষেবা পাবে। ১৯৭৮ সালের পর যে পঞ্চায়েত রাজ তৈরি হয়েছে, সেটা এমন তৈরি হয়েছে, সেই রাজে ভাইয়ে ভাইয়ে খুনোখুনি, স্বামী-স্ত্রীতে ঝগড়া, জমি জায়গা নিয়ে ঝগড়া—এই পঞ্চায়েত মানুষের খুনোখুনি ছাড়া আর কিছু করেনি। সাধারণ খেটে খাওয়া যে মানুষ, তাদের সম্বন্ধে ভাল কিছু দেখায় না। স্যার, দু একটি কথা উদাহরণ দিয়ে আমি মাননীয় মন্ত্রী এখানে আছেন তাঁকে

বোঝাতে চাই। আপনারা প্রত্যেকেই জানেন গ্রামবাংলায় ত্রিস্তর পঞ্চায়েত যথা গ্রাম পঞ্চায়েত, পঞ্চায়েত সমিতি, এবং জেলা পরিষদ এই ত্রিস্তরে ভাগ করা হয়েছে। সেখানে গ্রাম পঞ্চায়েত কি করে—গ্রাম পঞ্চায়েতে বৎসরে দুবার করে মিটিং করা হয়, তাতে গ্রামের কি কাজ হবে তাই নিয়ে গ্রাম সংসদ ভোটারদের নিয়ে মিটিং করার কথা। কিন্তু কোথায় মিটিং হয়, যদিও বা হয় সেখানে কোরাম হয় না। ওই আলোচনায় গ্রামের কাজ কি হবে, উন্নয়ন কি হবে ইত্যাদি বিষয় নিয়ে আলোচনা হবার কথা। সেখানে মিটিং হয়েছে কিনা আমার জানা নেই। মানুষ যদিও বা সেখানে যায় এবং গিয়ে সত্যি কথা যদি বলে এবং অন্যায়ের প্রতিবাদ করেন তাহলে তাদেরকে বলা হবে আপনি চুপ করে বসে পড়ুন। ওটা পরে হবে। যার ফলে গ্রাম সংসদে মানুষ যায় না। তারপরে যখন আবার মিটিং করা হয় এবং কোরাম হয় না তখন দু একজনকে ডেকে এনে সেটা পাশ করিয়ে নেওয়া হয়। এই তো হচ্ছে পঞ্চায়েতের অবস্থা। গ্রামগঞ্জের মানুষ বিদ্যুৎ চায়, মানুষ রাস্তাঘাট চায়, মানুষ জল চায়, গ্রামের মানুষের পরিষেবার কোনো ব্যাপার নেই। আমি সেই কারণে পঞ্চায়েত মন্ত্রীকে অনুরোধ করব আমার অনুরোধটি মন দিয়ে শোনার জন্য, কাজে লাগবে ওঁনার। দীর্ঘদিন ধরে যাদের আপনি পঞ্চায়েতে দাঁড় করিয়েছেন তারা অর্ধ শিক্ষিত, অশিক্ষিত মানুষকে বসিয়েছেন। ভালো মানুষদের কি সুযোগ দিয়েছেন ? ভালো মানুষদের নিয়ে আপনারা কাজ করেননি। সাধারণ মানুষেরা কাজ করবে কি করে ? এর ফলে পঞ্চায়েতের লোকেরা পকেট ভারি করছে। ১৯৭৮ সালের বন্যার সময়ে বন্যার জন্য যে ১১ হাজার কোটি টাকা এল, সেই টাকাটা বন্যার ত্রাণে না গিয়ে নিজেদের পকেটস্থ ভালো করে হল। আর গরিব মানুষরা যে তিমিরে ছিল সেই তিমিরেই থেকে গেল। এই পঞ্চায়েতীরাজ মহাত্মা গান্ধীর ভাবনায় ছিল। আজকে সেই পঞ্চায়েতীরাজ মানুষের খুনের রাজ, গরিব মানুষদের মেরে ফেলার রাজে পরিণত হয়েছে। এই পঞ্চায়েতীরাজ ব্যবস্থাকে সুষ্ঠভাবে ভালোভাবে চালানোর যে প্রয়োজনীয়তা ছিল তা আপনারা করেননি। আপনারা ভদ্র মানুষদের, গ্রামের যেসব লোক অল্প লেখাপড়া শিখেছে সেইসব ভালো লোকদের না দিয়ে আপনার ক্যাডারদের দেখে দেখে দিয়েছেন, যারা কিছু জানেন না, সেইসব মানুষদের ভোটে দাঁড় করিয়েছেন। আর কিছু মানুষকে মধ্যমণি করে রেখে কাজ করছেন। এইভাবে ২৪ বছরে আপনারা দিনের পর দিন মানুষকে গরিব মানুষকে ভাঁওতা দিচ্ছেন। তারপরে ডি আর ডি এ, জওহর রোজগার যোজনার টাকা, ই এ এসের যে প্রকল্পগুলো আছে সেগুলো ঠিকমত কাজে লাগাননি। সেখানেও টাকা তছরূপ করা হয়েছে। সেখানে যে মিটিং হয় যেহেতু বহুদিন পরে মিটিং হয়, সেখানে একটা চোথা তৈরি করে রাখা হয় কোন জায়গায় কি কাজ হয়েছে বলে। তখন মানুষ ভুলে যায় কি কাজ হয়েছে না হয়েছে বলে এবং এইভাবে গ্রামের গরিব মানুষদের ভাঁওতা দেওয়া হয়। মাননীয় সূর্যকান্তবাবু আপনি বিজ্ঞ মানুষ, কিন্তু আপনি সব ব্যাপার গ্রামের জানেন না। গ্রামে-গঞ্জে যে পঞ্চায়েত ব্যবস্থা চলছে তা হচ্ছে লুঠের রাজ, তারা গরিব মানুষদের, সাধারণ মানুষদের দেখে না। খালি নিজেরাই লুঠ করে যাচ্ছে। এই যে ডি আর ডি এর কথা বলছেন, কি কাজ হচ্ছে এখানে জানেন—সেই কাজের জন্য যে কন্ট্রাক্টর রয়েছে সেই কন্ট্রাক্টরকে নিয়ে পঞ্চায়েত কমিটির সভাপতি, বিডিও এবং পূর্ত কর্মাধ্যক্ষকে নিয়ে বসে বিকেল পাঁচটার পরে ঠিক হয় কী কাজ হবে।

[2.10—2.20 p.m.]

স্যার, অফিস তো ১০টা থেকে ৫টা। ৫টার পরে কি কাজ হয় ? সমস্ত কন্ট্রাক্টরদের ঠিক করে রাখে, বাছা বাছা কন্ট্রাক্টর আছে, তাদেরকে রেখে দেওয়া হয়, তাদের দিয়ে কাজ করান হয়। মানুষের কল্যাণে কোন কাজ হয় না। আমি তো বলতে চাই, যে কাজটা কন্ট্রাক্টররের মাধ্যমে হয়, গ্রাম পঞ্চায়েতের মাধ্যম দিয়ে হলে সেই কাজটা অনেক ভালভাবে হবে। সাধারণ মানুষের উপকারে লাগবে। আজকে জওহর গ্রাম সমৃদ্ধি যোজনার কথা বলা হচ্ছে, ইয়েস প্রোগ্রামের কতা বলা হচ্ছে, ইন্দিরা আবাস যোজনার কথা বলা হচ্ছে, কিন্তু গরিব মানুষকে তা দেওয়া হচ্ছে না। যারা পার্টির লোক তাদের দেওয়া হচ্ছে। যারা খেটে খাওয়া মানুষ যাদের প্রয়োজন তাদের দেওয়া হয় না। সমস্ত জায়গায় পার্টিবাজি, আর যারা কিছু জানে না তাদের বসিয়ে দিয়ে কাজ করান হচ্ছে। এই হচ্ছে পঞ্চায়েত রাজের অবস্থা। পঞ্চায়েতরাজ ঠিকমত চালাতে গেলে আমার কথা হচ্ছে, সাধারণ মানুষের, গরিব মানুষের জন্য কিছু করতে গেলে পঞ্চায়েত রাজে যে সিস্টেম আছে, গরিব মানুষ দরিদ্র মানুয যাঁরা আছেন তাদেরকে পঞ্চায়েতে দাঁড় করাতে হবে। তাদের মাধ্যম দিয়ে গ্রামের মানুষের কি করে শ্রীবৃদ্ধি হবে সেটা দেখা দরকার।

(সময় শেষ হয়ে যাওয়ায় মাইকের সংযোগ বিচ্ছিন্ন হয়ে যায়)

শ্রী ক্ষিতিরঞ্জন মণ্ডল : মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, পঞ্চায়েত ও গ্রামোন্নয়ন দপ্তরের ভারপ্রাপ্ত মন্ত্রী ডাঃ সূর্যকান্ত মিশ্র মহাশয়ের উত্থাপিত ৫৯, ৬০, ৬২, ৬৩ নম্বর অভিযাজন সম্পূর্ণভাবে সমর্থন করছি। কারণ এই অভিযাজন সম্পূর্ণ জনমুখী এবং উন্নয়নের সহায়ক ও দিশারী। বিরোধীদের আনা ছাঁটাই প্রস্তাবের মধ্যে গঠনমূলক কোন প্রস্তাব না থাকায় এই অবান্তর বিধায় বিরোধিতা করছি। এই আলোচনা প্রসঙ্গে বলতে হয়, আমার পূর্ববর্তী বক্তা মাননীয় সদস্য শীতল সর্দার মহাশয় যে মহাত্মা গান্ধীর প্রসঙ্গ তুলেছেন আমিও ওইটাকে সমর্থন করছি। কিন্তু দুর্ভাগ্যের কথা ইংরেজ আমলে যারা এর পোষ্য ছিল, তাদের উত্তরাধিকারীরা পরবর্তীকালে কংগ্রেসী করছে। যারা কংগ্রেসী করতেন ও স্বাধীনতার আন্দোলনে যুক্ত ছিল তারা আজকে এইসব বেঞ্চে বসে আছেন, তাদের উত্তরাধিকারীরা। ইংরেজ আমলে যে কাজটা করেছিল তার প্রতিফলন কংগ্রেসী আমলের পঞ্চায়েতে দেখা যায়। সেটা হচ্ছে মোড়লের পঞ্চায়েত। গ্রামীণ স্বায়ত্তশাসন ইংরেজ আমলে ইউনিয়ন বোর্ড তৈরি হয়েছিল, ইংরেজ এর ইচ্ছাকে কায়েম করার জন্য ; গ্রামীণ মোড়লদের প্রতিষ্ঠিত করার জন্য ইউনিয়ন বোর্ড তৈরি হয়েছিল। ১৪ বছর ধরে কংগ্রেসী পঞ্চায়েত সেই মোড়লতন্ত্রটা বজায় রেখেছিল। '৭৬ সালে আইনটা পাস করার পরেও তারা সেটা কার্যকরী করেননি তাদের মোড়লিতন্ত্র বিলুপ্ত হয়ে যাওয়ার ভয়ে। বামফ্রন্ট সরকার আসার পরে, '৭৮ সালের পর থেকে পঞ্চায়েতিরাজ প্রতিষ্ঠিত হল। যে খসড়া ওদের ছিল। '৭৮ সালে পঞ্চায়েত আসার পরে সত্যিকারের মূঢ় মূক মুখে ভাষা দিতে পেরেছে। এই সমস্ত মানুষ মাথা উঁচু করে তুলে দাঁড়াবার সুযোগ পেয়েছে। এতদিন জোতদার জমিদার যারা ছিল তাদের সেই জায়গা থেকে হটিয়ে দিয়ে ত্রিস্তর গ্রামীণ পঞ্চায়েত প্রতিষ্ঠিত হল। ভূমি সংস্কারের প্রধান ফসল হিসাবে

আজকে সাধারণ মানুষের হাতে জমি গিয়েছে। একটা পরিসংখ্যানে দেখা যাচ্ছে যেখানে সারা ভারতে শতকরা ৮৫ ভাগ জমির মধ্যে ৪০ ভাগ লোকের মধ্যে বিলি করা হয়েছে, সেখানে আমাদের এখানে ৭৫ ভাগ জমির মধ্যে ৭০/৭১ ভাগ লোকের মধ্যে, প্রান্তিক কৃষক, গরিব কৃষকদের মধ্যে বিলি করা হয়েছে। আমার পূর্ববর্তী বক্তা বললেন ভদ্রলোকদের হাতে পঞ্চায়েতের ক্ষমতা দিতে হবে, ভালো মানুষের হাতে ক্ষমতা দিতে হবে। হ্যাঁ, আমার পঞ্চায়েত এলাকায় একজন মাস্টারমশায় এসে আমাকে বললেন, এটা কি বলুন তো, রাখালটা পঞ্চায়েত প্রধান হল, এটা কি করে মানি বলুন তো। আজকে বামফ্রন্টের আমলে যারা পিছিয়ে পড়া মানুষ তারা আজকে উপরে উঠে এসেছে, তারা আজকে জমির হিস্যা পেয়েছে। গ্রাম পঞ্চায়েতে ভূমি স্থায়ী কমিটির মাধ্যমে তারা আজকে বিভিন্ন জায়গায় কাজ করতে পারছেন। শীতলবাবু আয়নায় আপনারা নিজেদের মুখ একবার দেখুন, আমার নির্বাচনী কেন্দ্রের মধ্যে একটা অংশের মানুষকে আপনারা বিভ্রান্ত করেছিলেন, অন্য জায়গায় তারা ভোট দিয়েছিল। তারপরে সেখানে আপনারা গ্রাম পঞ্চায়েত, পঞ্চায়েত সমিতি গঠন করেছিলেন। কিন্তু তার পরবর্তীকালে মানুষ ভুল বুঝতে পেরেছে, তারা ৭৫ শতাংশ ভোট আমাদেরকে দিয়েছে। আপনাদের দিক থেকে ওরা মুখ ফিরিয়ে নিয়েছে, তাদের ভুল তারা বুঝতে পেরেছে। কংগ্রেস এবং তৃণমূলের যে সমস্ত পঞ্চায়েত আছে সেখানে একটা জায়গাতেও সংসদের অধিবেশন হয়েছে এটা জানা নেই। দারিদ্র্যসীমার নীচে যে সমস্ত মানুষরা আছে তাদের জন্য ওরা কোন কাজ করে না, দারিদ্র্যসীমার নীচে ওদের দলের লোকের সংখ্যা তো কম। কারণ ওদের দলের ধনী লোকের সংখ্যাই বেশি। আপনাদের পঞ্চায়েতগুলিতে আপনারা ডি. আর. ডি. এ দিতে পারেননি। আমার পূর্ববর্তী বক্তা বন্যা ত্রাণের কথা বললেন। আমার জেলায় বিভিন্ন জায়গায় বন্যা হয়েছে, পঞ্চায়েতের মেম্বাররা সেখানে ঝাঁপিয়ে পড়েছেন। আর আপনাদের পঞ্চায়েত প্রধান শুধু গাছের ডালে ফেস্টুন বেঁধেছেন, তারাই ত্রাণ দিচ্ছেন। আর আজকে খবরের কাগজে বেরিয়েছে, সেই সমস্ত ত্রাণ সামগ্রী বাইরে বিক্রি হয়ে গেছে। আয়নায় নিজেদের মুখ আপনারা দেখতে পারছেন না। আজকে গরিব মানুষ, খেটে খাওয়া মানুষ, যারা বর্গায় জমি পেয়েছে তাদের অধিকার আজকে হরণ করা হচ্ছে কেশপুর থেকে আরম্ভ করে সমস্ত জায়গায় আমাদের হাজার হাজার লোককে খুন করা হয়েছে। যেখানেই আপনারা অত্যাচারের মাত্রা বাড়িয়েছেন সেখানেই মানুষ তাদের অভিজ্ঞতার ভিত্তিতে আমাদেরকে ভোট দিয়েছে। তারা আপনাদেরকে ভোট না দেওয়াতে আপনারা রিগিং রিগিং বলে চিৎকার করছেন। পঞ্চায়েতের সাফল্যের জন্যই আজকে এটা সম্ভব হয়েছে বলে আমরা মনে করি। ১৯৭৮ সালে দারিদ্র্যসীমার নীচে বসবাসকারী জনসংখ্যা ছিল ৫১.৭ পারসেন্ট।

[2.20—2.30 p.m.]

১৯৯৪ সালে দেখা যাচ্ছে ২৬শে নেমে এসেছে। এখন আরও কমে গেছে। আজকে মাধ্যমিক, উচ্চ মাধ্যমিক পরীক্ষার ফল বেরিয়েছে। সেখানে দেখা যাচ্ছে ইতি, শবনমরা ভালো রেজাল্ট করেছে—দারিদ্র্যসীমার নীচের ছেলেমেয়েরা, খেটে খাওয়া ছেলেমেয়েরা, ভালো ফল করছে, সেখানে আপনাদের শহরের, ভালো মানুষের ছেলেমেয়েরা সেই সাফল্য পায়নি। এটা কি

পঞ্চায়েতের সুফল নয় ? পঞ্চায়েত সমন্বয়ের প্রতীক। ত্রিস্তরের নীচে থেকে উপর পর্যন্ত সমন্বয় করে আসছে। আজকে সার্বিক শিক্ষাকে দৃঢ় করার জন্য শিশু-শিক্ষা-প্রকল্প চালু হয়েছে। আই. সি. ডি. এস.-এর মাধ্যমে তিন বছর বয়স থেকেই শিক্ষা দেওয়া হচ্ছে। শিক্ষার একটা বাতাবরণ এখানে তৈরি হয়েছে। যে স্কুলগুলোতে আগে ছাত্র হত না, এখন সেখানে ছাত্রদের জায়গা দেওয়া কষ্টকর হচ্ছে। যেখানে ২০০ ছাত্র আসত, আজকে সেখানে ২০০০ ছাত্র আসছে। এটা পঞ্চায়েতের ফল নয় ? ভূমি সংস্কারের ফল এটা নয় ? আজকে গ্রামের হতদরিদ্র মানুষের ছেলে-মেয়েরাও স্কুলে না গিয়ে পারে না। আজকে অন্যান্য রাজ্য থেকে কৃষিতেও আমরা এগিয়ে গেছি। এখানে অগ্রগতির হার বেশি। আগে যেখানে ৩১ ভাগ জমিতে সেচের ব্যবস্থা ছিল, আজকে সেটা হয়েছে ৬১ ভাগ। আপনারা বলবেন এ তো ব্যক্তিগত উদ্যোগ। কিন্তু তার সাথে যোগ হয়েছে পঞ্চায়েতের উদ্যোগ। আপনারা কি জানেন না বিভিন্ন প্রকার লোনের কথা ? বিভিন্ন যেসব ব্যবস্থা আছে তার কথা ? পঞ্চায়েতের যে স্থায়ী সমিতি আছে, তার মাধ্যমে ঠিক হয়। আজকে সার্বিক স্বাস্থ্য ব্যবস্থারও অনেক উন্নতি হয়েছে। সরাসরি পঞ্চায়েতের মাধ্যমে না হলেও যে সমস্ত উপস্বাস্থ্য কেন্দ্রগুলো গড়ে উঠেছে, তাতে অক্সিলিয়ারি নার্সরা রয়েছে, তারা বাড়ি বাড়ি গিয়ে স্বাস্থ্য পরীক্ষা করছে। ফলে গ্রামে এখন আর মহামারি দেখা যায় না। এই যে বিরাট বন্যা হয়ে গেল, কেন্দ্রীয় সরকার একটাও পয়সা দিল না, তা সত্ত্বেও সব কিছু ম্যানেজ হয়ে গেল। কি করে ? গ্রামে মানুষ, পঞ্চায়েতের মানুষ ঝাঁপিয়ে পড়েছে—পাই পয়সা যার যেখানে যেটা ছিল, সেটা বাঁচিয়ে করেছে। আজকে আমরা লক্ষ্য করছি জন্ম হারের সাথে সাথে শিশুমৃত্যু হারও কমে গেছে।

সব শেষে একটা কথা বলে আমার বক্তব্য শেষ করব। আমি সবাইকে, বিরোধী বন্ধুদেরও অনুরোধ করব, আসুন সবাই মিলে পঞ্চায়েতকে সুদৃঢ় করে, সবাই হাতে হাত মিলিয়ে এই বাংলাকে গড়ার চেষ্টা করি।

শ্রী অসিত মাল : মাননীয় অধ্যক্ষ মহাশয়, পশ্চিমবঙ্গ সরকারের গ্রামোন্নয়ন বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী সূর্যকান্ত মিশ্র যে বাজেট পেশ করেছেন, তার বিরোধিতা করে আমাদের আনা কাটমোশনগুলিকে সমর্থন করে আমি কয়েকটি কথা বলছি। স্যার, গ্রামের মানুষের উন্নয়নের উপরই নির্ভর করছে গোটা দেশের উন্নয়ন। গ্রামের মানুষের উন্নয়ন যদি না হয় তাহলে দেশের উন্নয়ন আশা করা যায় না। মহাত্মা গান্ধীর সেই স্বপ্ন যে গ্রামের মানুষের উন্নয়ন করতে হবে তবেই দেশের অর্থনৈতিক কাঠামো মজবুত হবে। তাই এই যে ত্রিস্তর পঞ্চায়েতের মাধ্যমে যে গ্রামোন্নয়ন ব্যবস্থা এবং এই ব্যবস্থাকে সাধুবাদ জানাই। কিন্তু খুবই অনুতাপের বিষয় যে হাজার হাজার কোটি কোটি টাকা খরচ করেও ২৪ বছর ধরে বামফ্রন্ট সরকার এখনও গ্রামোন্নয়ন সঠিকভাবে করতে পারলেন না। সেই টাকায় গ্রামোন্নয়নের নাম করে রাজনীতি করা হল। এই ব্যাপারে রাজ্য সরকার কোনো ব্যবস্থা করতে পারলেন না। এটা আমার কথা নয়—আপনাদেরই শরিক দলের ফরোয়ার্ড ব্লকের একজন মন্ত্রী, তথা নেতা বলেছেন যে, পঞ্চায়েতরাজ গেল, পঞ্চায়েত ব্যবস্থাপনা গেল। দেশ দুর্নীতিতে ভরে গেছে। সমস্ত ক্ষমতা পঞ্চায়েত প্রধানদের থেকে কেড়ে নিয়ে সরকারি অফিসারদের হাতে তুলে দেওয়া হয়। এটা আমার কথা নয়, এই কথাগুলি কাগজে বেরিয়েছে, একজন বলেছেন। আমি

আপনার কাছে প্রশ্ন করছি যে, আপনি কি দেখেছেন—যে ব্যবস্থাগুলি নিয়েছেন, এই ব্যবস্থাগুলি সঠিক কিনা ? আজকে জেলা পরিষদের মাধ্যমে কোটি কোটি টাকা খরচ করছেন। পঞ্চায়েত সমিতির মাধ্যমে কোটি কোটি টাকা খরচ করেছেন। পঞ্চায়েতের মাধ্যমে আপনি লক্ষ লক্ষ টাকা খরচ করছেন। আমি যে এলাকা থেকে নির্বাচিত, সেখানে একটা পঞ্চায়েত ৩-৪-৫ মাস পরে এক দেড় লক্ষ টাকা পায়। একটা গ্রাম পঞ্চায়েতের মধ্যে অনেকগুলি গ্রাম থাকে, তাহলে এই সামান্য টাকায় গ্রামের কিভাবে উন্নয়ন হবে ? এখানে এই টাকায় শুধু টিউবওয়েল করতেই সমস্ত টাকা চলে যাবে। আপনি গ্রামোন্নয়নের নামে একবার কেন্দ্রের ফতোয়া, একবার রাজ্যের ফতোয়া ধরিয়ে দিচ্ছেন। আপনিই বলুন একটা গ্রাম পঞ্চায়েতে এক লক্ষ টাকা ধরিয়ে দিলে এক একটা গ্রামের ভাগে পড়ে প্রায় ২০ হাজার টাকা। তাতে কিভাবে উন্নতি করা যাবে ? আপনি এখানে ৩.৩২ ধারায় বলেছেন তারপরে আমরা সুন্দর ব্যবস্থা করতে চাই গ্রাম সংসদের মাধ্যমে মানুষের মতামত নিয়ে গ্রামের পরিকল্পনা রচনা করা হবে। আপনি জানেন না যে, বছরে একবারও গ্রাম সংসদ বসে না। গ্রাম সংসদ বসানোর জন্য মানুষ খুবই সচেতন। গ্রাম সংসদ বসাতে চান, সেখানে প্রধান হাজির থাকেন। কিন্তু সেই গ্রাম সংসদ ভণ্ডুল করার জন্য সমাজবিরোধীদের ডেকে আনা হয়। তাই আপনার চিন্তা ভাবনা ভালো। কিন্তু এটা ইমপ্লিমেন্ট হচ্ছে কিনা আপনি দেখবেন। আপনি নতুন করে একটা ফতোয়া জারি করছেন। আমি হায়দ্রাবাদে গিয়েছিলাম—রুরাল ডেভেলপমেন্ট প্রজেক্ট দেখতে।

[2.30—2.40 p.m.]

সেখানে দেখলাম অন্ধ্রপ্রদেশ গভর্নমেন্ট করেছেন। কী ব্যবস্থা ? গ্রামবাসী যারা গ্রামের পরিকল্পনা রচনা করার উদ্যোগ নিয়েছে, গ্রামের মানুষ সার্বিক পরিকল্পনা নিজেরাই করবেন। এটা ভালো কথা। গ্রামের মানুষ বসে পরিকল্পনা তৈরি করে দেবে আর সরকার কাজকর্ম করবে। আপনি সামান্য একটা সংসদ তৈরি করেছেন অলপার্টির প্রতিনিধিদের নিয়ে নিয়ে ভোটারদের পার্সেন্টেজ এই যে সংসদের পরিকল্পনা এটারই যদি বাস্তবায়ন না হয় তাহলে গ্রামবাসীদের কেন্দ্র করে যে পরিকল্পনা তার কি ব্যবস্থা নেবেন। পঞ্চায়েতগুলোর হাতে জুতো সেলাই থেকে চণ্ডীপাঠ পর্যন্ত সব দায়িত্ব দিয়ে রেখেছেন। সে স্বাস্থ্য দেখবে, শিক্ষা দেখবে, বিদ্যুৎ দেখবে সব দেখবে। কি দিয়ে দেখবে পঞ্চায়েতে একজন জব অ্যাসিস্ট্যান্ট আর একজন সেক্রেটারি দিয়ে রেখেছেন। এতগুলো কাজ করবেন আপনি একজন জব অ্যাসিস্ট্যান্ট আর একজন সেক্রেটারি দিয়ে শুধুমাত্র কাগজে কলমে আপনি পঞ্চায়েত দিয়ে ভারতবর্ষের বুকে নজির সৃষ্টি করতে চাইছেন এবং সেই কারণেই এইসব পরিকল্পনা কিন্তু বাস্তবে কিছুই হচ্ছে না। স্যার, আপনি শুধু সাবজেক্ট কমিটির রিপোর্ট কি বলছে দেখুন, সাবজেক্ট কমিটি অন পঞ্চায়েত, "Audit of accounts of all three tiers of Panchayat should be completed within a short period from the completion of each financial year. আবার পেজ থ্রিতে চলে আসুন, বারবার বলছে, "Audit of accounts of Panchayat samities should be taken over by the State Government from the ELA while they will continue to audit the accounts of the Zilla Parishad. আপনি কোটি কোটি টাকা দিচ্ছেন, লক্ষ লক্ষ টাকা

দিচ্ছেন গ্রামোন্নয়ন এর জন্য কিন্তু সেই টাকা সঠিকভাবে রূপায়ণ হচ্ছে না। সি. পি. এম পার্টি বাজি করছে। আমি এই বিধানসভায় দাঁড়িয়ে বলতে পারি যে দুর্নীতি রোধ হচ্ছে না। গ্রাম পঞ্চায়েতের যারা মেম্বার তাদের যদি টিকিট দেওয়া না হয়। তারা অন্য দলে চলে যাবে। অর্থাৎ পঞ্চায়েত সংসার পরিচালনার একটা ক্ষেত্র হয়ে দাঁড়িয়েছে। অর্থাৎ তারা জানে যে পঞ্চায়েতে আসতে পারলেই ঘরবাড়ি হবে। সংসার সঠিকভাবে পরিচালনা হবে। সেই কারণে গ্রামোন্নয়ন নয় ব্যক্তি স্বার্থ চরিতার্থ করার মাধ্যম মাত্র পঞ্চায়েত। এর বিরুদ্ধে আপনারা কোন ব্যবস্থা নিতে পারেননি। আপনি অডিট করার ব্যবস্থা করুন। আপনি রিজার্ভেশন অ্যাক্ট চালু করেছেন যে একটি কেন্দ্রের প্রধান তিনি মহিলা হবেন এবং তফশিলি জাতির হবেন। হাসন কেন্দ্রের ১১ জন সদস্য আছেন। কংগ্রেস ৪ জন, তৃণমূল ৩ জন এবং আর তিনজন সি. পি. এম থেকে নির্বাচিত। প্রধান কংগ্রেসের থেকে হয়েছে কিন্তু সি. পি. এমের থেকে উপপ্রধান করতে হয়েছে, তাহলে যে মেজরিটি মাস্ট বি গ্র্যান্টেড সেটা তো মূল্যায়ন হচ্ছে না। এই ব্যাপারটা আপনাকে ভাবনা চিন্তা করতে হবে। আরেকটা কথা আমি তুলে ধরতে চাইছি যে পঞ্চায়েত সমিতির যিনি সভাপতি থাকবেন তিনি এম. এল. এ হলে, সভাপতি থাকতে পারবেন না কিন্তু এম. এল. এ হলেও কর্পোরেশনের চেয়ারম্যান থাকতে পারবেন। এই আইনের একান্তভাবে পরিবর্তন দরকার। সবশেষে আমি এমন কথা বলছি না যে পঞ্চায়েত ব্যবস্থায় কিছুই হয়নি কিন্তু যে কোটি কোটি টাকা আপনি খরচ করেছেন সেগুলোর যদি সঠিক রূপায়ণ হত তাহলে পশ্চিমবাংলার গ্রামে আরও অনেক উন্নতি হত। পঞ্চায়েতের মাধ্যমে রেশন কার্ডের ব্যবস্থা রেখেছেন। আপনার কাছে আমার সাজেশন হচ্ছে যে পঞ্চায়েত প্রধানের হাতে আরও বেশি করে টাকা দিয়ে দিনের পর দিন যে পরিকল্পনা হচ্ছে বিভিন্ন ক্ষেত্রে সেইভাবে না করে রাস্তাঘাট, টিউবওয়েলের জন্য বেশি টাকা অনুমোদন করুন, তাহলে সর্বস্তরের মানুষের উন্নয়ন হবে। এই বলে এই বাজেটের বিরোধিতা করে, বিরোধীদের কাটমোশনকে সমর্থন করে আমার বক্তব্য শেষ করছি।

শ্রী শৈলেন মণ্ডল : মাননীয় অধ্যক্ষ মহাশয়, মাননীয় মন্ত্রী যে বাজেট পেশ করেছেন তাকে আমি পূর্ণ সমর্থন করছি এবং সেই সঙ্গে পঞ্চায়েতের কথা বলতে গেলেই আমাদের সেই জাতির জনক মহাত্মা গান্ধীর প্রসঙ্গ আসে। আমার আগের তিনজন বক্তা বক্তব্য রেখেছেন, একটা বিষয়ে আমার বলার দরকার মহাত্মা গান্ধীজী আমাদের দেশের স্বাধীনতা আন্দোলন যখন চলছিল তখন স্বাভাবিকভাবে গ্রামীণ স্বরাজের দাবিতে আমাদের দেশের বিভিন্ন রাজনৈতিক আন্দোলন হয়েছে। কিন্তু স্বাধীনতার দীর্ঘদিন পরে আমরা দেখেছি স্বাধীনতার পরবর্তী সময়ে যাঁরা ক্ষমতায় থেকেছেন কী কেন্দ্রে, কী রাজ্যে মহাত্মা গান্ধীর আদর্শ, তাঁর নীতি নিয়ে যাঁরা চলেন সেই দল কিন্তু আমাদের দেশে পঞ্চায়েতীরাজ ব্যবস্থার প্রয়োগ বাস্তব ক্ষেত্রে করেননি। কারণ আমরা জানি আমাদের দেশে বিভিন্ন সময়ে বিভিন্ন পরিবর্তন হয়েছে তেমনি পঞ্চায়েত আইনেরও পরিবর্তন হয়েছে। বর্তমানে আমরা ত্রিস্তর পঞ্চায়েত ব্যবস্থার মধ্যে আছি। ১৯৭৩ সালে যে পঞ্চায়েত আইন ছিল সেই পঞ্চায়েত আইনের কিছু পরিবর্তন করে আমরা নির্বাচন সংগঠিত করেছিলাম। আগে কংগ্রেস

পরিচালিত কোন সরকারের আমলেই এর নির্বাচন সংগঠিত হয়নি। ১৯৭৭ সালে জনগণের দ্বারা প্রতিষ্ঠিত হয় বামফ্রন্ট সরকার এবং সেই সরকারের কর্মসূচি ছিল ক্ষমতার বিকেন্দ্রীকরণ মানুষের হাতে। এই ক্ষমতার বিকেন্দ্রীকরণের মধ্যে দিয়ে সারা রাজ্যে গ্রামোন্নয়নের গতিকে কার্যে পরিণত করতে আমরা মানুষের হাতে ক্ষমতা তুলে দেব। ১৯৭৭ সালে বামফ্রন্ট সরকার আসার পরে ১৯৭৮ সালে পঞ্চায়েত নির্বাচন হয়, তারপরে আইনের বিধান অনুসারে ঠিক সময়ে আমাদের রাজ্যে নির্বাচন হচ্ছে এবং মানুষের গণতান্ত্রিক অধিকারের প্রয়োগকে আরও বেশি বেশি করে আইনি ব্যবস্থার রাখা হয়েছে। একটা কথা বলা দরকার যেটা মাননীয় প্রথম বক্তা বলেছেন, দল হিসাবে ফরোয়ার্ড ব্লক এবং তার নেতৃত্বের পক্ষে একথা বলা হচ্ছে এবং কোন কোন সংবাদপত্রের মাধ্যমে তা প্রকাশিত হয়েছে যে পঞ্চায়েত ব্যবস্থায় আজকে দুর্নীতি বাসা বেঁধেছে। নিশ্চিতভাবেই এটা আমরা কেউই অস্বীকার করতে পারি না, এই বাস্তবতায় আমরা কেউই অস্বীকার করতে পারি না এবং মাননীয় মন্ত্রী তাঁর বক্তব্যের মধ্যে এ কথা উল্লেখ করেছেন। কারণ আমরা জানি আমাদের রাজ্যে এই যে পঞ্চায়েত ব্যবস্থা আছে সেখানে ক্ষমতা আছে জিলা পরিষদে, ফলে গ্রাম পঞ্চায়েত, পঞ্চায়েত সমিতিতে বিভিন্ন রাজনৈতিক দল আছে, সেখানে বামপন্থীরা আছেন, কংগ্রেসীরা আছেন এবং তৃণমূল কংগ্রেসীরাও আছেন। স্বাভাবিকভাবেই আমরা সবাই উপলব্ধি করি যে পঞ্চায়েত পরিচালনার ক্ষেত্রে সরকারের নীতি-রীতি, সরকারের আইনকে যথাযথভাবে কার্যে পরিণত করা এবং তাকে মর্যাদা দেওয়া এবং আইনের বিধানগুলিকে সঠিকভাবে কার্যকরী করার ক্ষেত্রে সেই নিয়ম, নীতি মানা হচ্ছে না। আমাদের রাজ্য সরকার প্রতিনিয়ত তার অভিজ্ঞতার মধ্যে দিয়ে এ কথা বুঝেছেন যে পঞ্চায়েত আইনে আরও কিছু করা দরকার কারণ যেভাবে গ্রামের সমস্ত উন্নয়নের ক্ষেত্রে নীচুস্তর পর্যন্ত টাকা নিয়ে যাওয়া হচ্ছে। তাতে নানান ভাবে একটা দুর্নীতির বাস্তবতা তৈরি হচ্ছে।

[2.40—2.50 p.m.]

এবং সেই দুর্নীতির সঙ্গে যারা জড়িত, কম হতে পারে, বেশি হতে পারে, একটা রাজ্যের ক্ষেত্রে সামান্য হতে পারে, সেটা যাতে না হয় তার জন্য দৃষ্টি দেওয়া দরকার। আমাদের রাজ্যের মানুষের সামগ্রিক উন্নয়ন এবং সরকার যখন মনে করছে পঞ্চায়েত ব্যবস্থার মাধ্যমে, ভূমি সংস্কারের মধ্যে দিয়ে মানুষের হাতে অধিক ক্ষমতা তুলে দিয়ে গ্রামীণ ব্যবস্থার সংস্কার করতে চাইছেন, সরকারের বিভিন্ন দপ্তরের কাজকর্মকে বিভিন্নভাবে পঞ্চায়েতের মাধ্যমে প্রসারিত করছে, সেই কাজ যাতে পরিষ্কার, পরিচ্ছন্নভাবে করা হয় এবং এক্ষেত্রে বামফ্রন্ট সরকারের ঘোষিত নীতিকে কার্যকরী করার জন্য সতর্ক হওয়া দরকার এবং এক্ষেত্রে আইনের বিধান প্রয়োগ করে দলমত নির্বিশেষে দোষী পঞ্চায়েত, পঞ্চায়েত সমিতি বা জেলা পরিষদের বিরুদ্ধে ব্যবস্থা নেওয়া দরকার। তা না হলে সামগ্রিকভাবে পঞ্চায়েতের মাধ্যমে গ্রামে গ্রামে মানুষের মধ্যে যে উপলব্ধির সৃষ্টি হয়েছে, বামফ্রন্ট সরকার সেটা করার চেষ্টা করছেন গ্রামের উন্নয়নের ক্ষেত্রে সেটা বাধাপ্রাপ্ত হবে এবং গ্রামের উন্নয়নও থেমে যাবে। গ্রাম বাংলার

উন্নয়নের ক্ষেত্রে পঞ্চায়েতের গুরুত্ব আজকে মানুষ বুঝতে পেরেছেন এবং সেখান থেকে তারা নিজেদেরকেও সমৃদ্ধ করছেন। এই বিষয়টার প্রতি মাননীয় মন্ত্রী মহাশয়ের দৃষ্টি আকর্ষণ করব। আমরা দেখছি, আমাদের রাজ্যের মানুষের উন্নয়নের বিভিন্ন কাজকর্ম জেলা পরিষদের মাধ্যমে নিচের স্তর পর্যন্ত প্রসারিত রয়েছে। কিন্তু এক্ষেত্রে যে একটা ব্যাপক পরিমাণ টাকা পয়সা ধার্য হচ্ছে তা রূপায়ণের ক্ষেত্রে, সঠিক সময়ে, সঠিক প্রয়োগের ক্ষেত্রে পরিকাঠামোগত সমস্যা রয়েছে। যদিও নানা পরিবর্তন ঘটেছে কিন্তু এখনও প্রতিনিয়ত এই সমস্যা দেখা যাচ্ছে। একটা সময় ছিল যখন জেলা পরিষদের সভাধিপতি, পঞ্চায়েত সমিতির সভাপতি এবং গ্রাম পঞ্চায়েতের প্রধানদের বিভিন্ন কমিটির মাথায় রাখা হত এবং তার ফলে বিভিন্ন মিটিং, মিছিলে তাদের ব্যস্ত থাকতে হত উন্নয়নমূলক অন্যান্য কাজে সময় দিতে পারত না। এদিকে লক্ষ্য রেখে পঞ্চায়েত ব্যবস্থার বিভিন্ন স্তরে দপ্তর বন্টনের ব্যবস্থা করা হয়েছে। স্থায়ী সমিতিকে বিভিন্ন ক্ষমতা দেওয়া হয়েছে এবং তারা দায়িত্ব নিয়ে তাদের কাজ করছেনও। কিন্তু এক্ষেত্রে তাদের কাজের বোঝা আরো কিছুটা কিভাবে লাঘব করা যায় এবং তার মধ্যে দিয়ে যাতে সুষ্ঠুভাবে তাঁরা তাদের কাজ করতে পারে সেটা দেখতে অনুরোধ করব। জেলা-পরিষদ, পঞ্চায়েত সমিতি এবং পঞ্চায়েতের কাজের ক্ষেত্রে আইনগত কিছু বিধান আছে। জেলা পরিষদের সভাধিপতি এবং পঞ্চায়েত সমিতির সভাপতিরা প্রয়োজনে যাতে যৌথভাবে কর্মসূচী গ্রহণ করতে পারেন, দায়িত্ব পালন করতে পারেন সেটা দেখা দরকার। এক্ষেত্রে যদি আইনগত কোন পরিবর্তন দরকার হয় সেটাও ভাবতে হবে। গ্রাম পঞ্চায়েতের ক্ষেত্রে মাননীয় অসিতবাবু বলেছেন, ঠিকই, একটা গ্রাম-পঞ্চায়েতে এখন যত টাকা যাচ্ছে পরিকল্পনা মাফিক তা খরচ করার ক্ষেত্রে তেমন অভিজ্ঞ লোক, পরিকাঠামোর অভাব আছে। আর সঠিক প্রয়োগের মধ্যে দিয়ে সঠিক কাজ করতে না পারলে দুর্নীতির একটা জায়গা গড়ে ওঠে। সুতরাং এক্ষেত্রে আরো তদারকি বাড়াতে হবে। নিয়মিত অডিট হওয়াটা খুব গুরুত্বপূর্ণ। এটা নিয়মিত করার মধ্যে দিয়ে পঞ্চায়েত ব্যবস্থায় আরো গতি আনা যাবে, উন্নতি করা যাবে। এটা দেখা দরকার। সেই সঙ্গে সঙ্গে অনাস্থা এবং দলত্যাগ—এক্ষেত্রে কি কি আইনগত ব্যবস্থাগুলো আছে সেই বিষয়ে ভেবে দেখার জন্য আমি মাননীয় মন্ত্রী মহাশয়ের কাছে অনুরোধ রাখছি। এই কথা বলে আরেকবার এই বাজেটকে সমর্থন করে আমার বক্তব্য শেষ করছি।

শ্রী বঙ্কিমচন্দ্র হাজরা : পশ্চিমবঙ্গ সরকারের পঞ্চায়েত এবং গ্রামোন্নয়ন দপ্তরের মাননীয় মন্ত্রী ডাঃ সূর্যকান্ত মিশ্র মহাশয় ২০০১-২০০২ সালের যে বাজেট এখানে উপস্থাপিত করেছেন আমি সেই বাজেটের বিরোধিতা করছি এবং তৃণমূল কংগ্রেস এবং কংগ্রেসের তরফ থেকে যে কাট-মোশানগুলো আনা হয়েছে সেগুলোকে আমি সমর্থন করে কয়েকটি কথা বলছি। স্যার, যে কথা শাসক দলের এক বন্ধু বললেন যে, ১৯৭৮ সালে এখানে পঞ্চায়েত নির্বাচনের মধ্যে দিয়ে বামফ্রন্ট সরকার গ্রামের উন্নয়নের একটা পথ খুলে দিয়েছেন। আমি ওঁনার বক্তব্যকে প্রশংসা করছি। কিন্তু ১৯৭৮ সালে পঞ্চায়েত নির্বাচনের পর থেকে পর পর ৫ বার পঞ্চায়েত নির্বাচন হয়েছে, ২৪ বছরে বামফ্রন্ট সরকার ক্ষমতায় থেকে গ্রামের কতটুকু উন্নতি হয়েছে জানি না। কিন্তু আজকে পঞ্চায়েতগুলো একটা রাজনীতির আখড়ায় পরিণত

হয়েছে। আমি আপনার মাধ্যমে মাননীয় মন্ত্রী মহাশয়কে একথা বলতে চাই যে, গ্রামোন্নয়ন উন্নয়নের কেন্দ্রবিন্দু—এটা অস্বীকার করার পথ নেই। গান্ধীজি যে স্বপ্ন দেখেছিলেন যে, গ্রামের উন্নয়ন না হলে দেশের কোথাও সার্বিক উন্নয়ন হতে পারে না এবং সেক্ষেত্রে পঞ্চায়েত ব্যবস্থার মধ্যে দিয়ে গ্রাম সংসদ সভা অনুষ্ঠিত হয় এবং গ্রাম সংসদ সভার মধ্যে দিয়ে গ্রামের মানুষের চিন্তা-ভাবনাগুলো পরিস্ফুটিত হয় এবং গ্রাম সংসদ সভা থেকে যে সমস্ত প্রস্তাবগুলো উঠে আসে সেই প্রস্তাবগুলোকে কেন্দ্রবিন্দু করে মানুষ প্রতি বছর বার্ষিক পরিকল্পনা এবং পঞ্চবার্ষিক পরিকল্পনা তৈরি করে। গ্রাম সংসদ সভা থেকে যে প্রস্তাবগুলো নেওয়া হয় পরবর্তীকালে সেগুলো গ্রাম পঞ্চায়েত ও জেলা স্তরে পাঠিয়ে দেওয়া হয়। আজকে শাসক দলের পরিচালিত যেসব পঞ্চায়েতগুলো আছে সেখানে উন্নয়ন চলছে, কিন্তু যে সমস্ত পঞ্চায়েতগুলো শাসক দলের দ্বারা পরিচালিত নয়, অন্য রাজনৈতিক দলের দ্বারা পরিচালিত সেই সমস্ত পঞ্চায়েতগুলোতে বিমাতৃসুলভ মনোভাব পোষণ করা হয়। আজকে যে সমস্ত উন্নয়ন কর্মসূচী রয়েছে যেমন, ইন্দিরা আবাস প্রকল্প, ই. এ. স্কিম, জে. আর. আই। ইত্যাদি স্কিমগুলোর টাকা কিভাবে নয়-ছয় হয়ে যাচ্ছে সেটা নিশ্চয় মাননীয় মন্ত্রী মহাশয় জানেন। মাননীয় মন্ত্রী মহাশয় এটাও জানেন যে, সারা পশ্চিমবাংলায় সি. পি. এম. পরিচালিত পঞ্চায়েতগুলোর অধিকাংশ গ্রাম সংসদ সভা হয় না। আপনি বলেছেন যে, দুর্নীতিমুক্ত, সংবেদনশীল গ্রাম পঞ্চায়েত সরকারকে উপহার দেবেন। কিন্তু আমি মাননীয় মন্ত্রী মহাশয়ের প্রতি যথেষ্ঠ শ্রদ্ধা নিয়ে বলছি যে, তিনি ক্ষমতায় থেকে আজকে দুর্নীতিমুক্ত পঞ্চায়েত উপহার দিতে সম্পূর্ণরূপে ব্যর্থ হয়েছেন। গ্রামোন্নয়ন দপ্তর থেকে মাঝে মাঝে যে রিপোর্ট দেখা যায় তাতে দেখি যে, শতকরা ৭০ ভাগ গ্রাম পঞ্চায়েত যেগুলো সি. পি. এম. দ্বারা পরিচালিত গ্রাম পঞ্চায়েত, সেইসব গ্রাম পঞ্চায়েতের প্রধানদের বিরুদ্ধে দুর্নীতির অভিযোগ থাকলেও সেই সব প্রধানদের গ্রেপ্তার করা হচ্ছে না। কিন্তু বাকি ৩০ ভাগ গ্রাম পঞ্চায়েত যেগুলো অন্য রাজনৈতিক দলের পরিচালিত গ্রাম পঞ্চায়েত—যারা গরিব মানুষের স্বার্থে পঞ্চায়েত, জেলা পরিষদ স্তরে কাজ করছেন তাঁদের সেখানে কাজ করতে দেওয়া হচ্ছে না, সেখানে রাজনীতির প্রবেশ ঘটছে।

[2.50—3.00 p.m.]

আমি মাননীয় উপাধ্যক্ষ মহোদয়ের মাধ্যমে মাননীয় মন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করে বলতে চাই যে, বামফ্রন্ট সরকারের পক্ষ থেকে দাবি করা হয় গ্রামোন্নয়নের ক্ষেত্রে পশ্চিমবঙ্গ ভারতবর্ষের মধ্যে শ্রেষ্ঠ স্থান অধিকার করেছে। কিন্তু এই দাবি যে সম্পূর্ণ ভুল তা আমি পরিসংখ্যান দিয়ে দেখাতে চাই। আজকে পশ্চিমবাংলা এক্ষেত্রে বিহারের মত পিছিয়ে পড়া রাজ্যেরও পিছনে চলে গেছে। স্যার, ৩-৭-২০০০ তারিখে 'বর্তমান' খবরের কাগজে একটা লেখা বেরিয়েছে, সেটা আমি আপনার সামনে উপস্থাপিত করছি। "গ্রামোন্নয়নে বিহারেরও পিছনে পড়ে গেছে পশ্চিমবঙ্গ" এরপরে বলা হচ্ছে, 'গ্রামোন্নয়নে বিহারও এখন পশ্চিমবঙ্গকে পিছনে ফেলে দিয়েছে। গ্রামাঞ্চলে সম্পদ সৃষ্টি এবং গরিব মানুষের কর্মসংস্থানের ক্ষেত্রে সবচেয়ে গুরুত্বপূর্ণ কেন্দ্রীয় প্রকল্প জওহর গ্রাম সমৃদ্ধি যোজনা, এমপ্লয়মেন্ট অ্যাসুরেন্স স্কিম (ই এ এস) এবং স্বনির্ভর কর্মসংস্থানের জন্য স্বর্ণজয়ন্তী গ্রাম স্বরোজগার যোজনা।' মাননীয় মন্ত্রী মহোদয়

নিশ্চয়ই উপলব্ধি করতে পারছেন যে গ্রামীণ কর্মসংস্থানের ক্ষেত্রে পশ্চিমবাংলা আজকে ভারতবর্ষের অন্যান্য রাজ্যের তুলনায় অনেক পিছনে পড়ে রয়েছে। কেন্দ্রীয় গ্রামোন্নয়ন মন্ত্রকের ২০০০-২০০১ সালের রিপোর্ট অনুযায়ী আগস্ট পর্যন্ত পশ্চিমবঙ্গ জওহর গ্রাম সমৃদ্ধি যোজনায় শ্রম দিবস সৃষ্টি হয়েছে ৩৮ লক্ষ ২১ হাজার। বিহারে সেপ্টেম্বর পর্যন্ত ১ কোটি ৫২ লক্ষ ১৯ হাজার শ্রম দিবস সৃষ্টি হয়েছে। বিহারের মোট বরাদ্দের ৭১.১৫ শতাংশ টাকা খরচ হয়েছে। পশ্চিমবঙ্গে খরচ করতে পেরেছে ৬১.৫৫ শতাংশ টাকা। এরপরেও কি আপনারা বলবেন যে, পশ্চিমবঙ্গে সার্বিক উন্নয়ন হয়েছে ? এই প্রসঙ্গে আমি আরো বলতে চাই যে, এমপ্লয়মেন্ট অ্যাসুরেন্স স্কিমে বিহারে শ্রম দিবস সৃষ্টি হয়েছে। ১৯৯৯-২০০০ সালে ১ কোটি ৭৭ লক্ষ ৬১ হাজার। পশ্চিমবঙ্গে ৬৪ লক্ষ ৩২ হাজার। বিহারে খরচের হার ৭৭.৪২ শতাংশ, পশ্চিমবঙ্গে ৫৭.১৪ শতাংশ। মাননীয় মন্ত্রী মহাশয় নিশ্চয়ই জানেন যে, আজকে পশ্চিমবাংলা গ্রামোন্নয়নের ক্ষেত্রে সারা দেশের মধ্যে ১৫তম স্থানে নেমে গেছে। তামিলনাড়ু সবচেয়ে ওপরে—খরচের হার ৮০.১৭ শতাংশ, পাঞ্জাব ৭৭.৪৪ শতাংশ, কেরালা ৭১.১৮ শতাংশ, হরিয়ানা ৭০.২৭ শতাংশ, আর আমাদের পশ্চিমবঙ্গ ৪.০৪ শতাংশ। এর দ্বারা নিশ্চয়ই বোঝা যাচ্ছে যে, আমাদের রাজ্যে কিভাবে গ্রামোন্নয়ন হচ্ছে ! এই প্রসঙ্গে আমি গ্রামোন্নয়ন দপ্তর তথা মাননীয় মন্ত্রী মহোদয়ের দৃষ্টি আকর্ষণ করে একটা কথা বলতে চাই যে, আজকে গ্রাম উন্নয়ন তথা পঞ্চায়েতের মত দপ্তরকে অবশ্যই রাজনীতির ঊর্ধ্বে থেকে পঞ্চায়েত ব্যবস্থাকে পরিচালনা করা উচিত। রাজনীতির ঊর্ধ্বে থেকে যাতে পঞ্চায়েতগুলি পরিচালিত হয় তার জন্য আমি মাননীয় মন্ত্রী মহোদয়ের কাছে আবেদন রাখছি এবং আমাদের দলের পক্ষ থেকে যে কাটমোশানগুলি এখানে উত্থাপিত হয়েছে সেগুলিকে সমর্থন করে আমি আমার বক্তব্য শেষ করছি। ধন্যবাদ।

শ্রী নর্মদা রায় : মাননীয় উপাধ্যক্ষ মহোদয়, পঞ্চায়েত ও গ্রামোন্নয়ন দপ্তরের মাননীয় মন্ত্রী মহোদয় আজকে ৫৯, ৬০, ৬২ এবং ৬৩নং দাবির অধীন যে ব্যয়-বরাদ্দ এখানে উত্থাপিত করেছেন আমি তা সমর্থন করে আমার বক্তব্য রাখছি। স্যার, যখন দেশের ৭০ শতাংশের বেশি মানুষ গ্রামে বাস করে তখন গ্রামোন্নয়ন ছাড়া দেশের সার্বিক উন্নয়ন সম্ভব নয়। শহরের উন্নয়ন নিশ্চয়ই করতে হবে। কিন্তু যেহেতু বেশির ভাগ মানুষ গ্রামে বাস করে সেহেতু এ বিষয়ে পশ্চিমবঙ্গ সরকারের যে দপ্তর আছে—পঞ্চায়েত ও গ্রামোন্নয়ন দপ্তর, তারা কিছু কিছু আইন সংশোধন করে গ্রামীণ এলাকার উন্নয়ন এবং গ্রামের যে সমস্ত মানুষেরা দারিদ্র্যসীমার নীচে বসবাস করেন তাঁদের দারিদ্র্যসীমার ঊর্ধ্বে তুলে দিয়ে যাবার জন্য বহুমুখী পরিকল্পনা এবং কর্মসূচী গ্রহণ করেছে। স্যার, আমরা দেখেছি স্বাধীনতার পরবর্তী সময়ে কেন্দ্রীয় সরকার গ্রামোন্নয়ন বলুন, কৃষির উন্নয়ন বলুন, অনেক ক্ষেত্রেই অনেক কথা বলেছিলেন। সবুজ বিপ্লবের কথা বলেছেন। কিন্তু আজও আমরা দেখছি তা ভারতবর্ষের শতকরা প্রায় ২৯.১ ভাগ মানুষ এখনো দারিদ্র্যসীমার নীচে বাস করে। আজকে পশ্চিমবাংলায় বামফ্রন্ট সরকার ফের ক্ষমতায় আসার পর এই অভিজ্ঞতা মাথায় রেখে এই চিন্তাই করেছেন যে, আজকে দারিদ্র্য দূরীকরণের যে সমস্ত কর্মসূচী আছে সেই কর্মসূচীগুলির সার্থক রূপায়ণ করা। যার জন্য আইন করে গ্রাম সংসদ তৈরি করা হয়েছে। আজকে গ্রাম

সভায় যতগুলি ভোটার আছে তারা সেই গ্রাম সভায় সভা করবেন। সেখান থেকে পরিকল্পনা উঠে আসবে। সেই পরিকল্পনা পঞ্চায়েত সমিতিতে যে ব্লক প্ল্যানিং কমিটি আছে তারা সেখানে ব্লক প্ল্যান তৈরি করবে। সেই ব্লক প্ল্যান চলে আসবে জেলায়। সেখানে জেলা পরিকল্পনা তৈরি হবে এবং সেটা জেলা পরিষদ থেকে রাজ্য পরিকল্পনায় উঠে আসবে। তাই বলছি, আজকে পরিকল্পনা কোথা থেকে উঠে আসছে ? গ্রাম থেকে উঠে আসছে পরিকল্পনা। কারা কারা দরিদ্র মানুষ, কারা ইন্দিরা আবাসের ঘর পাবেন, কোথায় রাস্তা-ঘাট তৈরি হবে, কোথায় স্কুল বাড়ি তৈরি করতে হবে তা পঞ্চায়ত ঠিক করবে না, ঠিক করছে আজকে গ্রামের মানুষ। তারা বছরে দুবার গ্রাম সংসদের সভা করছেন। একবার আয়-ব্যয়ের হিসাব দিচ্ছেন আর একবার পরিকল্পনা করছেন। এইভাবে আজকে গ্রামের মানুষকে ক্ষমতা দেওয়া হয়েছে। একটা রাজ্য সরকারের সীমাবদ্ধতার কথা মাথায় রেখে, বিকেন্দ্রীকরণের মধ্য দিয়ে গ্রাম বাংলার উন্নয়ন বামফ্রন্ট সরকার সংগঠিত করছেন। বামফ্রন্ট সরকার দুটি জিনিসের উপর লক্ষ্য রেখে এগিয়ে চলেছে। একটা হচ্ছে, ভূমিসংস্কার আর একটা হচ্ছে গ্রাম উন্নয়ন। আজকে ভূমিসংস্কার ছাড়া গ্রাম উন্নয়ন সম্ভব নয়, একটা অপরের পরিপূরক। কেন্দ্রীয় সরকারের সমীক্ষক দল পশ্চিমবাংলায় এসে ১০০টি গ্রাম পঞ্চায়েত সমীক্ষা করে দেখেছেন যে, শতকরা ৭১ শতাংশের বেশি গ্রাম পঞ্চায়েতের সদস্য প্রান্তিক এবং গরিব পরিবার থেকে এসে পঞ্চায়েতে প্রতিনিধিত্ব করছেন। অথচ কংগ্রেসের আমলে আমরা কি দেখেছি ? ওঁরা তো নির্বাচন করলেন না, অপরপক্ষে আমরা দেখেছি, শতকরা ৮৮ জনই গ্রাম পঞ্চায়েতের সদস্য বা গ্রাম পঞ্চায়েত প্রধান হচ্ছে জোত-জমির মালিক, জোতদার, মালিক শ্রেণি। তারাই পঞ্চায়েত ব্যবস্থাকে পুরোটা হত্যা করেছে। ওদের সঙ্গে আমাদের এটাই তফাত। আজকে গ্রামে বেশি বেশি করে মানুষ অংশ গ্রহণ করছে এবং তারাই পঞ্চায়েতে প্রতিনিধিত্ব করছে। ৭৩তম সংবিধান সংশোধন করার আগেই পঞ্চায়েত দপ্তর গ্রাম-উন্নয়ন করেছেন এবং বৈষম্য দূর করেছেন। এই ভূমিসংস্কারের মধ্য দিয়ে সম বন্টন করেছেন, বিকেন্দ্রিকরণ করেছেন। ১৯৮১ সালে 'ফাউ'-এর রিপোর্ট থেকে বেরিয়ে আসছে, ভারতবর্ষের শতকরা ৫ ভাগ জোতজমি পুনর্বন্টন করা যায় এবং তার মাধ্যমে শতকরা ৩০ ভাগ লোককে দারিদ্র্যসীমার উর্ধ্বে আনা যায়। আজকে গরিব মানুষের ব্যাপক অংশ পঞ্চায়েতি ব্যবস্থার মধ্য দিয়ে অংশগ্রহণ করছে। আজকে রাস্তাঘাট থেকে শুরু করে, মানুষের ক্রয়ক্ষমতা বেড়েছে, কৃষির উন্নতি হয়েছে, মানুষের অধিকার বেড়েছে, সার্বিকভাবে পশ্চিমবাংলার যে উন্নয়ন সেই উন্নয়ন ঘটেছে, সবুজ বিপ্লব হয়েছে। আজকে যারা হরিয়ানা, পাঞ্জাব প্রথম স্থান অধিকার করেছিল বলে দাবি করছে, তাদের উদ্দেশে আমি বলবো, এই পশ্চিমবাংলা, মৎস্য, কৃষি এবং খাদ্যে প্রথম স্থান অধিকার করেছে পঞ্চায়েতি ব্যবস্থার মধ্য দিয়ে, গ্রাম উন্নয়ননের মধ্য দিয়ে। আজকে একে অস্বীকার করার উপায় নেই। এতদসত্ত্বেও আমি মাননীয় পঞ্চায়েতমন্ত্রী মহাশয়কে বলবো, কতকগুলি ব্যাপার সংশোধন হওয়া দরকার। যেমন, গ্রাম পঞ্চায়েতে আজকে যে লক্ষ লক্ষ টাকা সরাসরি দিয়ে দেওয়া হচ্ছে। সেই টাকা জেলা পরিষদের কাছ থেকে পঞ্চায়েত সমিতির প্রধানদের কাছে সরাসরি চলে যায়। ফলে সেখানে কিছু দুর্নীতি হচ্ছে। সেই দুর্নীতি রদ করার জন্য কঠোর হওয়া দরকার। আজকে এখানে বলবো, গ্রাম সংসদ থেকে যে সিদ্ধান্ত হয় সেই

সিদ্ধান্তের মান্যতা দেয় না তৃণমূল কংগ্রেসের যারা আছে। আমি উদাহরণস্বরূপ বলতে পারি, কুশমণ্ডী বিধানসভা কেন্দ্রের তৃণমূল সদস্য শ্রী নুরুল ইসলাম সংসদ থেকে সর্বসম্মত সিদ্ধান্ত নিয়ে ইন্দিরা আবাসের জন্য যাদের নাম দেওয়ার সিদ্ধান্ত হয়েছিল, সেটা রাতের অন্ধকারে তাদের নাম ট্যাপিং করে, ওভার রাইটিং করে অন্য নাম ঢুকিয়ে দিয়েছেন।

[3.00—3.10 p.m.]

এই রকমভাবে সংসদের সিদ্ধান্ত যারা অমান্য করছে তাদের বিরুদ্ধে আইনানুগ ব্যবস্থা নেওয়া দরকার। যারা দুর্নীতি করছে তাদের বিরুদ্ধে আইনানুগ ব্যবস্থা নেওয়া দরকার। সেখানে প্রধানই হোক আর যেই হোক, তার বিরুদ্ধে ব্যবস্থা গ্রহণ করা দরকার। তারপর আমরা দেখছি, জেলা পরিষদগুলিতে বহু টাকা বিভিন্ন দপ্তর থেকে যাচ্ছে কিন্তু সেখানে ঠিক মতন ইনফ্রাস্টাকচার নেই, ফলে সময়ের কাজ সময়ে শেষ হচ্ছে না। সেখানে ডি. পি. সি. সি'র মিটিংগুলি ঠিক মতন হয় না। ডি. পি. সি. সি. অর্থাৎ পরিকল্পনা কমিটিতে এম. এল. এদের যুক্ত করা দরকার। এম. এল. এ.-দের সেখানে যুক্ত করা হলে এলাকার উন্নয়নের কাজে তা আরও বেশি সহায়ক হবে। তারপর বোলপুর শান্তিনিকেতনের ভৌগোলিক এরিয়ার বাইরে প্রচুর মানুষ বাস করেন, তাঁদের রেশন কার্ড আছে, তাঁরা ভোট দেন কিন্তু তাঁরা পঞ্চায়েত বা পৌরসভার মধ্যে কোনোটিই অন্তর্ভুক্ত না হওয়ায় গণতান্ত্রিক অধিকার থেকে বঞ্চিত হচ্ছেন। তাঁদের হয় পঞ্চায়েত এলাকার অন্তর্ভুক্ত করা হোক, অথবা পৌরসভার অন্তর্ভুক্ত করা হোক এবং তাঁদের এক্ষেত্রে গণতান্ত্রিক অধিকার দেওয়া হোক। সহকারি সভাধিপতিদের নির্দিষ্ট ক্ষমতা দেওয়া হোক। একটা জেলাতে প্রচুর কমিটি আছে, সেখানে কর্মাধ্যক্ষদের অনেক ক্ষমতাও দেওয়া আছে, পঞ্চায়েতের উপপ্রধান জয়েন্ট অ্যাকাউন্টে সই না করলে টাকা তোলা যায় না, কাজেই সহকারি সভাপতি এবং সহকারি সভাধিপতিদের নির্দিষ্ট ক্ষমতা দেওয়া হোক। এই বলে বাজেটকে সমর্থন করে শেষ করছি।

শ্রী মন্টুরাম পাখিরা : মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, পঞ্চায়েত ও গ্রাম উন্নয়ন দপ্তরের মাননীয় মন্ত্রী ডাঃ সূর্যকান্ত মিশ্র মহাশয় ২০০১/২০০২ সালের যে ব্যয়-বরাদ্দের দাবি পেশ করেছেন তার বিরোধিতা করে এবং তৃণমূল কংগ্রেস, কংগ্রেস এবং অন্যান্য বিরোধী দলের পক্ষ থেকে যেসব কাটমোশান আনা হয়েছে তা সমর্থন করে কয়েকটি কথা বলছি। স্যার, আমরা গ্রামের মানুষ, গ্রাম থেকেই নির্বাচিত হয়ে এসেছি। আমাদের রাজ্যের শতকরা ৮০ ভাগ মানুষই গ্রামে বাস করেন। আমরা মনে করি গ্রাম পঞ্চায়েত, পঞ্চায়েত সমিতি এবং জেলা পরিষদ—পঞ্চায়েতের এই যে ত্রিস্তর ব্যবস্থা আছে, এর মাধ্যমে গ্রামের সাধারণ মানুষের অনেক কল্যাণ করা যায়। এই প্রসঙ্গে মাননীয় মন্ত্রী মহাশয়ের কাছে আমি কয়েকটি প্রস্তাব রাখতে চাই। এই ত্রিস্তর পঞ্চায়েতের মূল কথা হচ্ছে—সাধারণ শ্রেণির মানুষের অংশ গ্রহণকে সুনিশ্চিত করা, সকলের সাহায্যে সমবেতভাবে সিদ্ধান্ত গ্রহণ করা, প্রত্যেক কাজের মধ্যে স্বচ্ছতা এবং দায়বদ্ধতা থাকা এবং আর্থিক ও সামাজিক মান উন্নয়ন করা। এই ৪টি গুণগত মান থাকলে গ্রাম পঞ্চায়েত, পঞ্চায়েত সমিতি এবং জেলা পরিষদের মাধ্যমে সাধারণ মানুষের কল্যাণ করা যায়। মাননীয় মন্ত্রী মহাশয় গ্রাম সংসদের কথা বলেছেন। আমি নতুন

সদস্য, এখানে সরকার পক্ষের অনেক মাননীয় সদস্য রয়েছেন যাঁরা এর আগেও বহুবার নির্বাচিত হয়ে বিধানসভাকে অলঙ্কৃত করেছেন। যাঁরা বহুবার নির্বাচিত হয়েছেন আমি আশা করেছিলাম তাঁদের কাছ থেকে কিছু জ্ঞানগর্ভ আলোচনা শুনে নিজেকে অনুপ্রাণিত করতে পারবো কিন্তু দেখলাম ওই দইওয়ালা যেমন নিজের দইকে কখনোই টক বলে ভাবেন না সেইভাবে তাঁরা তাঁদের বক্তব্য রাখলেন। আমরা মনে করি, গ্রাম সংসদ একটা গুরুত্বপূর্ণ জায়গা। আমরা যাঁরা বিধানসভায় এসেছি তাঁদের অনেকেই কেউ গ্রাম পঞ্চায়েত, পঞ্চায়েত সমিতি বা জেলা পরিষদের সদস্য ছিলাম। আমরা থ্রি-টিয়ার পঞ্চায়েতে দায়িত্ব পালন করেছি। আমি দুবার কাকদ্বীপ পঞ্চায়েত সমিতিতে নির্বাচিত হয়েছি। আজকে পঞ্চায়েত চালাতে গেলে সবচেয়ে বেশি দরকার স্বচ্ছতার। কাকদ্বীপ পঞ্চায়েত সমিতি এখন আপনাদের দ্বারা পরিচালিত হচ্ছে। আগে যিনি সভাপতি ছিলেন তিনি ১ কোটি ৯৬ লক্ষ টাকা লুট করলেন। তৎকালীন এস. ডি. ও., বি. ডি. ও তৎকালীন দক্ষিণ ২৪ পরগনার জেলা শাসকের মাধ্যমে দুটি কেস করেছিলেন। কিন্তু ফল আমরা কি পেয়েছি ? একজন এস. এ. ই. সেখানে অ্যারেস্ট হয়েছিলেন, কিন্তু রাজনৈতিক কৌশলে সভাপতিকে আটক করা হয়নি। তিনি আগাম জামিন নিয়ে বহাল তবিয়তে ঘুরে বেড়াচ্ছেন। তিনি একটা রাস্তাকে তিনবার দেখিয়ে ২ লক্ষর তিন গুণ ৬ লক্ষ টাকা তুলে নিয়েছিলেন। কিন্তু রাস্তা হল না। একটি বড় খাল খননের জন্য ৩৩ লক্ষ টাকা তুলে মাত্র ৭ লক্ষ টাকা খরচ করেছিলেন। সেই কাজটাও হল না। কাকদ্বীপে একটি কমিউনিটি হল, একটি ব্রিজ এবং একটি শৌচাগার হবার কথা ছিল, কিন্তু আপনি গিয়ে দেখে আসুন, পরিকল্পনামাফিক সেসব কাজ হয়নি। শৌচাগারের জন্য ১২ লক্ষ টাকা খরচ হয়েছে, কিন্তু তার জন্য দেড় লক্ষ টাকাও খরচ হয়নি বলে সেখানকার মানুষ মনে করছেন। আজকে আপনাদের দল হোক, তৃণমূল কংগ্রেস হোক বা কংগ্রেস দল হোক, সবাই গ্রাম পঞ্চায়েত, পঞ্চায়েত সমিতি এবং জেলা পরিষদকে অর্থের আখড়া বলে মনে করেন। আপনি বার্ধক্য ভাতার কথা বলেছেন। আপনি পঞ্চায়েত সমিতিকে যেসব টাকা দিচ্ছেন, ঠিক করে বলুন তো, সেখানে কোনো ইঞ্জিনিয়ার রয়েছেন কিনা কাজ করার জন্য ? আজকে পঞ্চায়েতকে টাকা যা দেওয়া হচ্ছে তার কোনো হিসেব নেই। সেখানে অডিট হয় না। কাকদ্বীপ পঞ্চায়েত সমিতিতে ১৫ বছর কোনো অডিট হয়নি। আজকে এইভাবে পঞ্চায়েতি ব্যবস্থা চলছে। আজকে বার্ধক্য ভাতার মধ্যে ৭০ থেকে ৮০ ভাগ টাকা কেন্দ্রীয় সরকার দিচ্ছেন, বাকি টাকাটা আপনারা ম্যাচিং গ্রান্ট হিসাবে দিয়ে থাকেন। কিন্তু আপনারা আপনাদের টাকাটা না দেওয়ার ফলে কেন্দ্রীয় সরকারের টাকাটা খরচ হচ্ছে না। আজকে পঞ্চায়েতি ব্যবস্থায় পরিকল্পনা বাস্তবায়িক করতে হলে উদারিকরণ করতে হবে এবং গ্রাম সংসদ জোরদার করতে হবে এবং রাজনীতির ঊর্ধ্বে উঠে কাজ করতে হবে যাতে সাধারণ মানুষ সহায়তা পান। কিন্তু সেটা করছেন না। তার জন্য এই বাজেট বরাদ্দের বিরোধিতা করে বক্তব্য শেষ করছি।

শ্রী চিত্তরঞ্জন দাসঠাকুর : মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, গ্রাম উন্নয়ন এবং পঞ্চায়েত দপ্তরের যে ব্যয়-বরাদ্দ পেশ করা হয়েছে তাকে সমর্থন করে, বিরোধী দলের কাটমোশনের বিরোধিতা করছি। আমাদের রাজ্যে পঞ্চায়েতি ব্যবস্থা সার্বিক সফলতার দিকে এগোচ্ছে এটা সকলেই স্বীকার করবেন, সহমত পোষণ করবেন। তবে কয়েকটি বিষয়ে নজর দেবার জন্য

অনুরোধ করছি। আমরা জানি, ক্ষমতা বিকেন্দ্রিকরণ না হলে গণতন্ত্র প্রহসনে পরিণত হয়। আবার এটাও ঠিক, মাত্রাতিরিক্ত বিকেন্দ্রিকরণ উন্নয়নের গতিকে হ্রাস করে দেয়।

[3.10—3.20 p.m.]

সেইজন্য আমি আবেদন করবো সার্বিক দায়িত্ব বন্টনে মনিটরিং প্রয়োজন এবং সরকারি মোটিভেশান নেওয়া দরকার। স্যার, গ্রাম সংসদের ব্যাপারে বলি। আগে গ্রাম সংসদ মানুষকে টানতো, এখন আর টানতে পারছে না। তার কারণ আমরা দেখেছি যে প্রায়ই গ্রাম সংসদ সভা হচ্ছে না, বিকল্প সভা ডেকে সিদ্ধান্ত নেওয়া হচ্ছে। মানুষজনের এই সভার প্রতি আর আকর্ষণ নেই। অনেক ক্ষেত্রে গ্রাম সংসদের যে সিদ্ধান্ত গৃহীত হচ্ছে সেটা পঞ্চায়েতে গিয়ে পরিবর্তন হয়ে যাচ্ছে, দলীয় সিদ্ধান্ত কার্যকরী হচ্ছে। মানুষ গ্রামে গ্রামে এই সভার আকর্ষণ হারিয়েছে। কেন্দ্রীয় সরকারের কর্মসূচী সেটা দেখাভাল করাবার জন্য যে ভিজিলেন্স কমিটি আছে, মনিটরিং কমিটি আছে আমি জানি বেশির ভাগ ক্ষেত্রে এই ব্যাপারে কোনো বৈঠক হয় না। হলেও ২-১ বার হয়। এই যে বৈঠক হচ্ছে না এই ব্যাপারে যদি লক্ষ্য না দেন তাহলে স্বচ্ছতা সম্পর্কে প্রশ্ন আসবে এবং প্রশ্ন দেখা দিয়েছে। বি. পি. এল এবং এ. পি. এল-এর যে তালিকা এতে মারাত্মক ভুলে ভরা। যারা যথেষ্ট সচ্ছল তাদের বি. পি. এল-এর তালিকায় আর যারা প্রকৃত দুস্থ তারা এ. পি. এল-এর তালিকায়। এই বি. পি. এল এবং এ. পি. এল তালিকা সম্পর্কে সরকারি কর্মচারীদের জিজ্ঞাসা করলে বলে যে কোটা সিস্টেম আছে যেভাবে সেইভাবে করতে হবে। আমি জানি না আসল ব্যাপারটা কি। আমার অনুরোধ সরকারি কর্মচারী যারা আছে তারা যেন তালিকা না তৈরি করে, পঞ্চায়েতকে যুক্ত করে যাতে এই তালিকা হয় সেই ব্যাপারে মাননীয় মন্ত্রী মহাশয়কে নতুন করে নির্দেশ দেবার জন্য আবেদন জানাচ্ছি। উন্নয়নের ব্যাপারে মন্ত্রী এবং বিধায়কদের মতামত প্রকাশ করার একটাই মাত্র জায়গা আছে সেটা হলো ডি. পি. সি. সি যাতে নিয়মিত বসে সেই দিকে আপনি একটু নজর দেবেন। মাননীয় মন্ত্রী মহাশয়কে আর একটা কথা বলতে চাই। পঞ্চায়েতের নিজস্ব কোনো সম্পদ নেই। আমি পশ্চিমবাংলার বাইরে গিয়েছি আমাদের এই পঞ্চায়েত কমিটির সদস্য হিসাবে, আমি দেখেছি তারা সেখানে পঞ্চায়েতে কিছু কিছু নিজস্ব সম্পদ তৈরি করেছে। আমি মুর্শিদাবাদ গিয়েছিলাম, সেখানে সভাধিপতি নিজস্ব সম্পদ তৈরি করেছে। আমাদের এখানে বেশির ভাগ পঞ্চায়েত সরকারি সাহায্যের মুখাপেক্ষী হয়ে থাকে। মাননীয় মন্ত্রী মহাশয়কে বলবো এই ব্যাপারে আপনি গণ-উদ্যোগ তৈরি করুন। সরকারের মুখাপেক্ষী হয়ে না থেকে জনগণের কাজকে যাতে বেশি দূর এগিয়ে নিয়ে যাওয়া যায় তার জন্য পঞ্চায়েতের নিজস্ব সম্পদ তৈরি করা দরকার। মাননীয় বিধায়ক এবং আমার সহযোগী বন্ধু সঠিক প্রশ্ন উত্থাপন করেছেন। এই যে সভাপতি, সভাধিপতি প্রধান উপপ্রধান এইগুলি সব পঞ্চায়েত সিস্টেমে অলংকার হিসাবে চিহ্নিত হয়ে থাকছে। টাকা খরচ হয়, ভ্রমণ ভাতা দিতে হয়, কিন্তু তাঁদের কোনো নির্দিষ্ট দায়দায়িত্ব নেই। আমার আবেদন নতুন করে পঞ্চায়েতের ক্ষেত্রে এই বিষয়ের ক্ষেত্রে যথেষ্ট গুরুত্ব দেবেন। সর্বশেষ আমি আর একটা কথা বলতে চাই সেটা হচ্ছে আমার বিধানসভার যাঁরা সদস্য তাঁরা সরাসরি নির্বাচিত। বিধানসভা নির্বাচনের সময় আমাদের মানুষের কাছে যেতে হয়। তখন তারা নানা প্রশ্ন আমাদের করেন, বিভিন্ন ধরনের প্রশ্নের

সম্মুখীন হতে হয়, রাস্তার কাজ কেন হয়নি, টিউবওয়েল কেন হয়নি, বিদ্যুৎ কেন যায়নি, এটা কেন যায়নি ওটা কেন যায়নি। অথচ এই সমস্ত উন্নয়নমূলক কর্মকাণ্ড থেকে কয়েক যোজন দূরে। উন্নয়নমূলক পরিকল্পনা রচনা করার সময় আমাদের যুক্ত করুন। আমরা বিধানসভায় নির্বাচিত হবার পরে আমাদের দ্বারাই সরকার গঠিত হয়। তার মধ্যে দিয়েই সামগ্রিক বিষয়টা নিচের স্তরে প্রসারিত হবে। সুতরাং তাঁদেরও জনগণের প্রতি একটা দায়বদ্ধতা আছে। সেই দায়বদ্ধতা স্থাপন করার ক্ষেত্রে মন্ত্রী মহাশয় আশা করি ব্যবস্থা গ্রহণ করবেন। আমি শেষ করছি এই বলে যে আমাদের মাননীয় সদস্য নর্মদাবাবু ইতিপূর্বে বলেছেন অনেক গ্রাম আছে যেগুলি না ঘরকা, না ঘাটকা। তারা পঞ্চায়েতের মধ্যেও নেই আবার পৌরসভার মধ্যেও নেই। যেমন শান্তিনিকেতন, রতনপল্লী, বি. আর. নগর, সি. আর নগর। এই জায়গাগুলি পঞ্চায়েতের সুযোগ-সুবিধা পায় না আবার পৌরসভার সুযোগ-সুবিধা পায় না। আমি মন্ত্রী মহাশয়ের কাছে আবেদন করছি এইসব এলাকাতে সুবিধামতো পঞ্চায়েত কিংবা পৌরসভায় যুক্ত করুন যাতে তারা সেখানকার সুযোগ-সুবিধা পায়। এই কথা বলে বাজেটকে সমর্থন করে, বিরোধীদের আনা কাটমোশনগুলির বিরোধিতা করে আমি আমার বক্তব্য শেষ করছি।

শ্রী দিলীপ মণ্ডল : মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে ২০০১-২০০২ সালের জন্য মাননীয় পঞ্চায়েতমন্ত্রী ৫৯, ৬০, ৬২ এবং ৬৩নং দাবির অধীনে যে ব্যয় বরাদ্দের দাবি পেশ করেছেন আমি তার বিরোধিতা করে গুটি কয়েক কথা বলতে চাই। আমরা প্রত্যেকেই জানি যে, গান্ধীজি যে স্বপ্ন দেখেছিলেন গ্রাম পঞ্চায়েতকে তৃণমূল স্তরে পৌঁছে দিতে হবে এবং গ্রামোন্নয়নের ব্যবস্থা পঞ্চায়েতের মাধ্যমে করতে হবে। মাননীয় মন্ত্রী মহাশয় জানেন যে, পঞ্চায়েতগুলো দুর্নীতির কোন অবস্থায় পৌঁছে গেছে। আমরা লক্ষ্য করেছি, ইন্দিরা আবাসনের যে ব্যবস্থা গ্রহণ করা হয়েছিল, তাতে ১৯৯৮ সাল পর্যন্ত ১৬ হাজার টাকা করে দেওয়া হত। প্রথমে ৮ হাজার টাকা এবং পরে ৮ হাজার টাকা দেওয়া হত। আমরা লক্ষ্য করেছি, প্রথম কিস্তির টাকা বিভিন্ন জায়গায় পঞ্চায়েত সমিতির সভাপতি ৮ হাজার টাকা করে তুলে নিয়েছেন। আমার ওখানে বিষ্ণুপুর পঞ্চায়েত সমিতির সভাপতি, গোপীনাথ নস্কর, তিনি ৯২টি ঘরের টাকা তুলে নিয়েছেন। এইভাবে পশ্চিমবঙ্গের বিভিন্ন জায়গায় দুর্নীতি চলছে। তাই আমি মনে করি, গ্রাম পঞ্চায়েতগুলো দুর্নীতির একটা আখড়ায় পৌঁছে গেছে। ভারতবর্ষের মধ্যে পশ্চিমবাংলা এমন একটা জায়গা, যেখানে পঞ্চায়েতের মাধ্যমে দারিদ্র দূরীকরণ করতে পারে যে লোন, তার ব্যবস্থা করেছে। আমি তিন বছর উপপ্রধান ছিলাম। আমি দেখেছি, পূর্বে যাঁরা ক্ষমতায় ছিলেন, স্বজন-পোষণের মাধ্যমে তাঁরা ফ্যামিলিতে, তাঁদের ভাই-বোনদের একের পর এক লোন দিয়ে গেছেন। দরিদ্র মানুষকে যে লোন দিয়ে গেছেন, সেগুলো পরিশোধ না হওয়ার জন্য ব্যাংকগুলো লোন দিচ্ছে না, তাই গ্রামবাংলার মানুষ যে অবস্থায় ছিল, যে অবস্থায় তাদের পৌঁছুবার কথা ছিল, তারা সেখানে পৌঁছুতে পারেনি। ডি. আর. ডি. এ লিস্টে যেসব লোকের তালিকাভুক্ত হওয়া উচিত ছিল, আমরা দেখেছি সমস্ত ক্যাডার, যারা সি পি এম করে, যারা উচ্চবিত্ত—আমার কাছে তথ্য আছে, চাইলে দেখাতে পারি—তাদের তালিকাভুক্ত করা হয়েছে। খাল সংস্কারের জন্য এম. ডবলু. এস.'-এর টাকাগুলো বিভিন্ন গ্রামপ্রধান তাঁরা তুলে নেওয়ায় ক্ষুদ্রসেচের মাধ্যমে যে

উন্নয়ন করার কথা ছিল তা হয়নি। পরিতোষ মণ্ডল, রসখালি গ্রামপ্রধান, ১ লক্ষ ১২ হাজার টাকা, ১২ হাজার করে সমস্ত টাকা তুলে নিয়েছেন। তাঁর বিরুদ্ধে কেস হয়েছিল, কিন্তু এখনও কোনো ব্যবস্থা হয়নি। তিনি দিব্যি ঘুরে বেড়াচ্ছেন। বন সৃজনের জন্য টেন্ডার দিয়ে যে গাছ বসানো হয়েছিল, সেগুলো মৃত অবস্থায় পড়ে আছে। লক্ষ লক্ষ টাকা ধূলিসাৎ করে দিয়েছে। কিছু স্বার্থান্বেষী মানুষ খাল সংস্কারের নামে সামান্য কাজ করে দলীয় নেতাদের মাধ্যমে ভুয়ো মাস্টার রোল করে একটার পর একটা টাকা তুলে নিচ্ছে। এইভাবে সর্বত্র দুর্নীতি চলছে। মাননীয় মন্ত্রী মহাশয়ের ওপরে আমার আস্থা আছে, কিন্তু আমরা দেখছি তিনি ঠিকমত ব্যবস্থা গ্রহণ করতে পারছেন না। তাই আমি এই বাজেটে ব্যয়বরাদ্দের বিরোধিতা করে এবং আমাদের দলের কাটমোশানকে সমর্থন করে আমার বক্তব্য শেষ করছি।

শ্রী সুভাষ মন্ডল : মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, মাননীয় পঞ্চায়েত ও গ্রামোন্নয়ন বিভাগের ভারপ্রাপ্তমন্ত্রী ডাঃ সূর্যকান্ত মিশ্র মহাশয় ব্যয়-বরাদ্দের যে দাবি উত্থাপন করেছেন তাকে সমর্থন করে এবং বিরোধীরা অনেক কাটমোশান এনেছেন, ঘুরে-ফিরে যা এনেছেন, আমি দেখছি তা অযৌক্তিক এবং সারবত্তাহীন, তার বিরোধিতা করে আমার বক্তব্য রাখছি।

[3.20—3.30 p.m.]

শীতল সর্দারের বক্তব্য শুনলাম, উনি টি এম সি করেন, এই ক্ষেত্রে বলা প্রয়োজন যে উনি যেকথা বলেছেন যে, অশিক্ষিত লোকেরা, কিছু জানে না এইসব লোক পঞ্চায়েতে ভিড় করছে। আমার বক্তব্য শুনে মনে হল বিশ্বের সবকিছু উনি জানেন। সবকিছু কারুর জানা সম্ভব নয় কিন্তু উনি জেনে গেছেন। মানুষকে এই ধরনের আত্মমর্যাদায় ঘা দিয়ে কথা বলার অধিকার ওনার নেই। এইক্ষেত্রে আমার মনে হয় বক্তব্য রাখার ক্ষেত্রে শালীনতাবোধ বজায় রাখা উচিত। এই ক্ষেত্রে অনেকেই গান্ধীজির কথা বললেন। গান্ধীজি সঠিক স্বপ্নই দেখেছিলেন। আজকে গান্ধীজি যদি বেঁচে থাকতেন তাহলে পশ্চিমবঙ্গের সর্বোৎকৃষ্ট পঞ্চায়েত ব্যবস্থা দেখে তিনি হয়ত আশীর্বাদ করতেন। তাঁর স্বপ্নের বাস্তব রূপ আমরা দিয়েছি। আপনারা জানেন কি গান্ধীজি স্বাধীনোত্তর ভারতবর্ষে পঞ্চায়েতি ব্যবস্থা চেয়েছিলেন কিন্তু গণ-পরিষদে আলোচনার পরে সংবিধানের খসড়া তৈরিতে পঞ্চায়েত স্থান পায়নি। এই বিষয়ে গান্ধীজি দৃষ্টি আকর্ষণ করে বলেছিলেন স্বাধীনতা যদি জনগণের কণ্ঠস্বরের প্রতিফলন ঘটাতে চায় এই বাদ পড়ে যাওয়া বিষয়টির প্রতি আশু নজর দেওয়ার দরকার এবং মানুষের হাতে যত বেশি ক্ষমতা দেওয়া যায় ততই মঙ্গল। তারপরেই দায়সারা করে সংবিধানের অন্তর্ভুক্ত করা হয়েছিল। তখন পশ্চিমবঙ্গে এবং কেন্দ্রে কংগ্রেস রাজত্ব করছিল, দীর্ঘ ৩০ বছর রাজত্ব ছিল। কিন্তু তখন এই পঞ্চায়েত ব্যবস্থাটাকে বাস্তুঘুঘুর বাসায় পরিণত হয়েছিল। তখন ভূস্বামী এবং জমিদার-জোতদাররা পুরুষানুক্রমিকভাবে তাদের ক্ষমতা দখল করে আসছিল। তখন গ্রামের এই ভূস্বামী শ্রেণির মানুষেরাই গ্রামকে শাসন করত এবং গ্রামের গরিব মানুষেরা অত্যাচারিত, জর্জরিত হত। সেখানে কোনো উন্নয়নের কাজ কখনোই হয়নি। কারণ পঞ্চায়েতে

তখন টাকা-পয়সাও বেশি ছিল না, যেটুকু টাকা পয়সা ছিল সেটাও গরিব মানুষদের জন্য ব্যয় করা হত না, তাদের পাওয়ার কোনো অধিকার ছিল না। আমার বিরোধীদের বক্তব্য শুনে যেটা বুঝলাম এর থেকে ৩টি জিনিস বেরিয়ে আসছে। এক হচ্ছে পশ্চিমবঙ্গে কোনো কাজই হয়নি। অবশ্য কিছু কিছু সদস্য বলেছেন উন্নয়ন কিছু হয়েছে যেমন অসিতবাবু বলেছেন। আর দ্বিতীয় নং হচ্ছে পঞ্চায়েতে নাকি দুর্নীতি হচ্ছে, তৃতীয় নং হচ্ছে আপনারা বলেছেন পঞ্চায়েতে নাকি দলবাজি, পার্টিবাজি হচ্ছে। আমি একটা কথা আপনাদের বলি পশ্চিমবঙ্গে বসে কোনো রাজনৈতিক দল যদি পঞ্চায়েত ব্যবস্থাকে নস্যাৎ করার চেষ্টা করেন তাহলে পশ্চিমবঙ্গের মানুষ তাদের নস্যাৎ করে দেবেন। অর্থাৎ আপনারা যদি ভাল চান শুভবুদ্ধি উদয় হয়, এই নির্বাচনের পরেও আপনাদের যদিও বোধোদয় হয়নি তাই বলছি আপনাদের এই দল আর থাকবে না, আবার কংগ্রেস ফিরে আসবে। সুতরাং আপনারা যদি ভালো চান গ্রামেগঞ্জে পঞ্চায়েত ব্যবস্থার সঙ্গে জড়িয়ে পড়ুন। তা না হলে পশ্চিমবঙ্গে এই ২৪ বছরে আপনাদের যেভাবে নস্যাৎ করে দিয়েছে সেইভাবেই আপনাদের আবার নস্যাৎ করে দেবে। আপনারা জানেন ১৯৭৮ সালে প্রথম পঞ্চায়েত হয় বিকেন্দ্রিকরণ পঞ্চায়েত ব্যবস্থা। বড় সাফল্যের সঙ্গে আজকে আছে। ১৯৭৮ সালে একটা সমীক্ষা হয়েছিল আপনার পঞ্চায়েত নির্বাচনের পরেই, তাতে পশ্চিমবঙ্গের বামফ্রন্ট সরকার উন্নয়ন এবং পরিকল্পনা দপ্তর ১০০টি গ্রাম পঞ্চায়েতকে নিয়ে সমীক্ষা করেছিল। তাতে দেখা গিয়েছে নির্বাচিত পঞ্চায়েতি সদস্যরা ৭১ শতাংশ বেশি ক্ষুদ্র ও প্রান্তিক চাষি ; অন্যদিকে ভারতের ১৪টি রাজ্যের ২৫টি ব্লকে সমীক্ষা চালিয়ে দেখা যায় ৮৮.১ শতাংশ পঞ্চায়েতি সদস্য এবং ৯৫.৭ শতাংশ লোক পঞ্চায়েতে আছে যারা জমির মালিক শ্রেণিভুক্ত। পশ্চিমবাংলায় বর্তমানে যে অবস্থাটা আছে তাতে এই যে শতাংশ আনুপাতিক হারে এটা প্রতি বছরে বৃদ্ধি হয়ে যাচ্ছে, আপনাদের জ্ঞাতার্থে আমি জানাচ্ছি। অর্থাৎ সমস্ত রকমের উন্নয়নের কাজ পশ্চিমবাংলায় অব্যাহত রয়েছে। আমি আর একটি কথা বলতে চাই, আপনাদের কাছে, দশম ও একাদশ অর্থ কমিশন সর্বোত্তম পঞ্চায়েতি ব্যবস্থাকে স্বীকৃতি দিয়েছেন। পশ্চিমবঙ্গের গ্রামোন্নয়নের ও পঞ্চায়েতের ভূমিকা নিয়ে হল্যান্ডের আর্মস্টারডাম বিশ্ববিদ্যালয়ের অধ্যক্ষ জি কে লিটনের মন্তব্য উল্লেখ করা যেতে পারে, '৯৪ সালের ১৬ই জুলাই ইকনমিক অ্যান্ড পলটিক্যাল উইকলি পত্রিকায় ফর এ নিউ ডিবেট অন ওয়েস্ট বেঙ্গল শীর্ষক প্রবন্ধে লিটন বলেছেন, অনেক পর্যবেক্ষকের কাছে এটা বিস্ময়কর যে পশ্চিমবঙ্গে কমিউনিস্টপ্রধান বামফ্রন্ট সরকার এখানে প্রায় দুইদশক হল ক্ষমতায় রয়েছেন। এই সরকার অনেকগুলি জাতীয় প্রাদেশিক ও স্থানীয় স্তরে নির্বাচিত পরীক্ষায় সফলভাবে উত্তীর্ণ হয়েছে। ভারতীয় রাজনীতি ক্রমবর্ধমান ঘূর্ণাবর্তের মধ্যেও তা অবিচল রয়েছে। অবজ্ঞাসূচক অস্বীকৃতি এবং নিঃশর্ত প্রশস্তি এই দুই চরম অবস্থা কাটিয়ে একজন নিরপেক্ষ পর্যবেক্ষক সরাসরি স্বীকার করে নিতে পারেন যে পশ্চিমবাংলায় পঞ্চায়েতি ব্যবস্থায় বিশেষ ভাল কাজ করছে এবং সেটা হল তাদের সাফল্যের উৎসস্বরূপ। তাই আপনাদের কথায় কিছু যায় আসে না। তাই পঞ্চায়েত মাথা উঁচু করে চলছে। মানুষ তার যে স্বাদ পেয়েছে পঞ্চায়েত ও গ্রামীণ উন্নয়ন দপ্তরে তার ধারাকে উন্নতভাবে বজায় রাখতে হবে। এই কথা বলে আমার বক্তব্য শেষ করছি।

শ্রী সুব্রত বক্সি : মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, পশ্চিমবাংলার সরকারের পঞ্চায়েত ও গ্রামীণ উন্নয়ন দপ্তরের ভারপ্রাপ্ত মন্ত্রী ডাঃ সূর্যকান্ত মিশ্র যে বাজেট বরাদ্দ পেশ করেছেন ২০০১-০২ সালের জন্য তার বিরোধিতা করে, আমাদের দলের আনীত কাটমোশানকে সমর্থন করে আমার দু-একটি বক্তব্য রাখছি। জাতির জনক মহাত্মা গান্ধীর স্বপ্নকে সার্থক করে ত্রিস্তর পঞ্চায়েতি নির্বাচনের বিষয়কে নিয়ে এই কক্ষে কংগ্রেস সরকার যে বিল অনুমোদন করেছিলেন তার ফলস্বরূপ প্রথমবার ক্ষমতায় এসে আপনারা তার স্বাদ ভোগ করছেন। প্রথমবার এসে আপনারা বুঝতে পারেননি, এর স্বাদ কত দূর। তাই প্রথমদিকে শরিক দলের লোককে মন্ত্রী করেছিলেন। এবং তারপরে সমস্ত গ্রামে গ্রামে ক্যাডারদের বসিয়ে দিয়েছেন এবং তারপরে '৮২, '৮৭ '৯২ সালে সর্বজন শ্রদ্ধেয় নেতা বিনয় চৌধুরী মহাশয়কে মন্ত্রী করেছিলেন। বিনয়বাবুর সম্বন্ধে বলে আমি ধৃষ্টতা করতে চাই না। কিন্তু তিনি বলেছিলেন, গ্রামের পঞ্চায়েতিরাজের অবস্থা দেখে, এই সরকার ঠিকাদারের সরকার। স্বাভাবিকভাবে একটি কথা আজকে এই সভায় বলতে চাই, আপনি '৯৬ সালে প্রথম এই দপ্তরের দায়িত্ব নিয়েছেন, আমরা দেখছি রাজ্যপাল তাঁর ভাষণের মধ্যে বলেছেন, পৌরসভা ও পঞ্চায়েত সংস্থাগুলি বর্তমানে স্থানীয় অঞ্চলে উন্নয়নের ক্ষেত্রে পর্যাপ্ত ক্ষমতা ভোগ করে থাকে। জেলা পরিকল্পনা কমিটির নির্দেশনামায় এইসব স্থানীয় সংস্থা সরকারের বাজেটের ৫০ শতাংশ ব্যয় করে থাকে। ৫০ শতাংশ উন্নয়নের স্বার্থে ব্যয় হবে। জেলা পরিকল্পনা কমিটির নির্দেশে। এইক্ষেত্রে বিরোধী দলের ভূমিকা কি, সেই সম্পর্কে দু-একজন মাননীয় সদস্য ব্যাখ্যা করেছেন। এবং সি পি আই-এর একজন সদস্যও ব্যাখ্যা করেছেন। পরবর্তীকালে অর্থমন্ত্রী তাঁর বাজেটে বলেছেন, রাজ্য ও জেলার রাস্তা ও সেতু উন্নয়নের সামগ্রিক পরিকল্পনার সঙ্গে সমন্বয় রেখে নির্দিষ্ট কিছু সেতু ও রাস্তার উন্নয়ন এবং সংশ্লিষ্ট শিল্প বা বাণিজ্য এলাকা স্থাপনের জন্য পূর্ত দপ্তর এবং পঞ্চায়েতের সঙ্গে যৌথ উদ্যোগে যুক্ত হতে পারে বেসরকারি উদ্যোগও। হাজার হাজার টাকা খরচ করে পঞ্চায়েতের পরিকল্পনা করার পরেও অর্থমন্ত্রী বলেছেন আরো কিছু উন্নয়নের দায়িত্ব পঞ্চায়েতের উপর দেবেন, অথচ মুখ্যমন্ত্রী বলেছেন জেলা সভাধিপতি ৫০টি কমিটির চেয়ারম্যান হয়ে গিয়েছেন।

[3.30—3.40 p.m.]

সারা বছর সভা করতে করতেই তাঁদের সময় চলে যায়, তাঁরা কোনো কাজ করতে পারেন না। মাননীয় মুখ্যমন্ত্রী ডি.এম এবং জেলা পরিষদের সভাধিপতিদের সঙ্গে মিটিং করেছেন, কি হবে জানি না। তবে একথা ঠিক, মানুষের রায়কে প্রতিহত করে বাংলার গ্রামে যেভাবে আপনারা জেলা পরিষদকে দখল করে আছেন, সমস্ত সংস্কৃত কলেজের অধ্যাপকদের মাধ্যমে ভোট করে, তাতে এমন একটা অবস্থা সৃষ্টি হয়েছে জেলা পরিষদগুলিতে তা বলার নয়। জেলা পরিষদগুলোকে অত্যন্ত সুকৌশলে দশ পারসেন্টও বিরোধীদলের রাজনৈতিক সদস্যদের জেতার সুযোগ করে দেন না। বিকেন্দ্রিকরণের নাম করে আপনারা বিমাতৃসুলভ আলোচনা আমরা এখানে বহুবার শুনেছি। বিরোধীদলের সদস্যরা যখন পঞ্চায়েতের প্রধান বা পঞ্চায়েত সমিতির সদস্য হন তখন তাঁদের অর্থনৈতিক অবরোধ পর্যন্ত করা হয়।

বিরোধীদলের সদস্যরা যদি জেলা পরিষদের সভায় কোনো পরিকল্পনা নথিভুক্ত করাতে চান, সেই নথিভুক্ত পর্যন্ত হয় না। যেখানে আপনারা পঞ্চায়েতকে মানুষের সঙ্গে যুক্ত করে সারা বাংলার মানুষের কাছে ছড়িয়ে দিতে চাইছেন, সেখানে গ্রাম সংসদের সভার ক্ষেত্রে আপনারা সার্কুলার করে বললেন দশ পারসেন্ট ভোটারের উপস্থিত থাকার কথা। তারপরে বললেন দশ পারসেন্ট ভোটার উপস্থিত না থাকলেও হবে, যে কজন উপস্থিত থাকবে তাতেই কোরাম করবেন। গ্রামের মানুষের সঙ্গে তঞ্চকতা করে যে পঞ্চায়েত পরিচালনা হচ্ছে, গ্রামের মানুষ সেটা বুঝতে পেরেছেন, তাই তাঁরা গ্রাম সংসদের সভায় যান না। এই অবস্থার উপরে দাঁড়িয়ে পঞ্চায়েতের যে কোটি কোটি টাকা আপনারা খরচ করছেন—কত কোটি টাকা খরচ করছেন সেটা বড় কথা নয়—সত্যিই যদি সেই কোটি কোটি টাকা খরচ হত তাহলে সোনার বাংলার গড়া যেত। আমরা লক্ষ্য করছি পঞ্চায়েতের বাইরে জেলা পরিষদের মাধ্যমে যখন কাজ করা হয়, তখন বিরোধীদলের পঞ্চায়েত সমিতির সদস্য বা প্রধান যাঁরা আছেন—সে স্বাস্থ্য পরিষেবার কাজই হোক, পি.এইচ.ই-র জল প্রকল্পের কাজই হোক—তাঁদের কোনো নকশা দেওয়া হয় না। পরিকল্পনার কোনো রূপরেখা তাঁদের দেওয়া হয় না। প্রশাসনের দরজায় কড়া নেড়ে নেড়ে পরিকল্পনা পাওয়া যায় না। অথচ আপনারা বলছেন ডিস্ট্রিক্ট প্ল্যানিং কমিটির স্কিমে এইগুলো হচ্ছে। এই অবস্থায় দাঁড়িয়ে কোটি কোটি টাকা যে তছরূপ চলছে, আপনাকে উদ্যোগ নিতে বলব এই কারণে, মাননীয় অর্থমন্ত্রী বলেছেন কেন্দ্রের দেওয়া টাকার হিসাব চাইলে আন্দোলন হবে। তাই অর্থমন্ত্রী থেকে শুরু করে আপনার ক্ষমতা নেই পঞ্চায়েতের হিসাব চাইবেন, বছরের পর বছর আজকে পঞ্চায়েতগুলোতে অডিট হয় না। আপনারা পঞ্চায়েতের কমরেডদের কাছে যদি হিসাব চান, তাহলে তাঁরা বলবেন, ধোলাই হবে, পেটাই হবে। সেইজন্য আজকে পঞ্চায়েতে কোটি কোটি টাকা তছরূপ হচ্ছে। আপনি যে প্রচেষ্টা নিয়েছেন, অডিট করে কমরেডদের টাকা তছরূপের হাত থেকে গ্রামবাংলার মানুষকে রক্ষা করবেন এবং তাদের সুষ্ঠু পরিষেবা দেওয়ার প্রচেষ্টা করবেন। এখন স্বাস্থ্যের নাম করে আপনি নতুন যে পরিকল্পনা নিয়েছেন, ২০০ মানুষপিছু একজন মহিলা স্বাস্থ্যকর্মী নিয়োগ করবেন। আবার গণতান্ত্রিক মহিলা সমিতির কিছু মহিলা এখানে নিয়োগ হবে। আপনাদের স্বাস্থ্য পরিষেবা তো হয়ে গেছে, হয় উডল্যান্ডে, আর না হলে মিনিমাম উডবার্নে। আর যাদের ভোটে আপনারা জিতেছেন সেই সমস্ত মানুষের মিনিমাম স্বাস্থ্য পরিষেবার কথা আপনারা ভেবে দেখবেন। এই কথা বলে আমি বাজেট বরাদ্দের বিরোধিতা করে এবং আমাদের দলের পক্ষ থেকে যে কাটমোশান দেওয়া হয়েছে তাকে সমর্থন করে আমার বক্তব্য শেষ করছি।

শ্রী দীপক বেরা : মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে পঞ্চায়েত ও গ্রামোন্নয়ন দপ্তরের মন্ত্রিমহাশয়ের আনীত ৫৯,৬০,৬২,৬৩ দপ্তরের অধীন যে ব্যয়-বরাদ্দের প্রস্তাব এখানে পেশ করেছেন তাকে সমর্থন জানিয়ে এবং সঙ্গে সঙ্গে বিরোধীদের আনীত সমস্ত ছাঁটাই প্রস্তাবের বিরোধিতা করে আমার বক্তব্য রাখছি। আমার শুনতে খুবই অবাক লাগল আমাদের বিরোধী বন্ধু বললেন গান্ধীজি চেয়েছিলেন এখানে পঞ্চায়েতরাজ করবেন এবং আমরা নাকি করতে দিইনি। আপনারা নিশ্চয় স্বীকার করবেন তারপরে আপনারা দীর্ঘদিন শাসন ক্ষমতায় ছিলেন। কিন্তু আমরা ক্ষমতায় এসেই পঞ্চায়েতিরাজ চালু করেছি।

তখন কিন্তু ওদের মনে হয়নি গান্ধীজি পঞ্চায়েতরাজের কথা বলেছিলেন, পঞ্চায়েতরাজ ছাড়া গ্রামের মানুষের উন্নয়নের কাজ করা যাবে না। আমরা প্রতিশ্রুতি দিয়েছিলাম নির্বাচনে জয়লাভ করলেই পঞ্চায়েতে নির্বাচন করব—আমরা সেই প্রতিশ্রুতি রেখেছিলাম। কিন্তু ওরা ১৮ বছরের মধ্যে নির্বাচন করেনি। ওরা ক্ষমতায় থাকার সময় পঞ্চায়েত ব্যবস্থা, পৌর ব্যবস্থাকে ভেঙে ফেলেছিল। আজকে গ্রামবাংলার সামাজিক অবস্থা, অর্থনৈতিক অবস্থার যে অনেক উন্নতি ঘটেছে, এটা তো অস্বীকার করতে পারেন না। ওদের সময় পঞ্চায়েত সদস্যদের অন্তত ৮৫ ভাগই থাকত ধনিক শ্রেণির। আজকে দেখুন বেশির ভাগ গরিব মানুষই পঞ্চায়েতের সদস্য। গত ২৪ বছরের বামফ্রন্টের সাফল্যের মূলে আছে এখানকার ভূমিসংস্কার। এক্ষেত্রে পঞ্চায়েতের গুরুত্বপূর্ণ ভূমিকাকে কেউ অস্বীকার করতে পারবেন না। আমরা ৪৫ লক্ষ ৪৮ হাজার একর জমি গরিব মানুষের মধ্যে বিতরণ করেছি। ১৫ লক্ষ বর্গাদারদের নাম নথিভুক্ত করেছি, ৪ লক্ষ যৌথ পাট্টা—মহিলা এবং তাদের স্বামীদের দেওয়া হয়েছে। এক্ষেত্রের পঞ্চায়েতের এক বিশাল ভূমিকা কাজ করেছে। ভারতবর্ষে অন্যান্য রাজ্যে এটা হয়েছে ? আপনারা বারবার বলছেন দুর্নীতি। এটা তো আমার মাথায় ঢোকে না। নিয়ম করে প্রত্যেকটা জেলা-পরিষদের সঙ্গে জেলা কাউন্সিল আছে, সেখানে অধ্যক্ষ বা সভাপতি তো বিরোধী দলের নেতাই থাকেন। তারা সেখানে দুর্নীতির কথা বলছেন না, আর আপনারা এখানে বলছেন কি করে ? বেনামে আপনাদের যে সমস্ত কাগজ আছে, তারা পঞ্চায়েতে একটু দুর্নীতি দেখলেই হৈ-চৈ ফেলে দেন। আমাদের ১৬/১৭টা জেলা-পরিষদ আছে, বাকিগুলোতে আপনারা আছেন, তাহলে সেখানেও দুর্নীতি চলছে। সেখানে দুর্নীতির ঘটনা দেখেন না ? ১৯৯৮ সালে পঞ্চায়েত নির্বাচনে দেখা গেল বামফ্রন্ট পেয়েছে ৫৬.৯৮ শতাংশ আসন। ৪৪ শতাংশ মত আপনারা পেয়েছেন, তাহলে দুর্নীতি তারাও করেছে। এটা কি টেনিস খেলা যে, নন-প্লেয়িং ক্যাপটেন হবে ? আপনারা শহরের মানুষ পঞ্চায়েতের কথা বলছেন কি করে ? কিছুদিন আগে আমেরিকার বিখ্যাত দার্শনিক, সমাজসেবী চামস্কি এসেছিলেন এখানে, এখানকার পঞ্চায়েতের কাজকর্ম দেখে তিনি উচ্ছ্বসিত প্রশংসা করেছিলেন। মহিলারা শৌচাগার করেছে, টিউবওয়েল সারাচ্ছে, এসব দেখে তিনি বলেছিলেন—বিস্ময়কর। আপনারা যতই সমালোচনা করুন, পশ্চিমবাংলার বিশেষ করে গ্রামবাংলার ৭০/৮০ ভাগ মানুষের যে অগ্রগতি ঘটেছে এটাকে অস্বীকার করতে পারবেন না। শিক্ষার ক্ষেত্রে, সাক্ষরতার ক্ষেত্রে জনস্বাস্থ্যের ক্ষেত্রে যে সব কর্মসূচী আছে, সেইগুলো একটু লক্ষ্য করতে বলব। যেখানে ভারতবর্ষের ক্ষেত্রে দারিদ্রসীমার নিচের মানুষ ৫০/৫৫ ভাগ, সেখানে পশ্চিমবাংলায় পঞ্চায়েতের মাধ্যমে মানুষের ক্রয়ক্ষমতা বেড়েছে, বাড়ছে।

[3.40—3.50 p.m.]

আজকে পশ্চিমবঙ্গে দারিদ্র্যসীমার নীচে মানুষের সংখ্যা ২৬। আমরা আশা করছি এটা আরও কমাতে পারব। তাই এই কথা বলছি আপনারা কেন বিরোধিতা করছেন। আজকে পঞ্চায়েতের এত উন্নয়ন হয়েছে, তা আপনাদের ভালো লাগছে না। কিন্তু যখন পশ্চিমবঙ্গ সরকারের অর্থ কমিশনের সুপারিশ সত্ত্বেও ৩২৫ কোটি টাকা বাতিল করা হল কেন্দ্র থেকে, তখন আপনাদের সেটা খুবই ভালো লেগেছে। গত বছর যখন ভয়াবহ বন্যা হল, তখন

২ কোটি ১৮ লক্ষ মানুষ ক্ষতিগ্রস্ত হল। তখন কেন্দ্রের কাছ থেকে একটা টাকাও পাওয়া গেল না। তখন আপনাদের সেটা খুব ভালো লেগেছে। তাই আপনাদের বলছি আপনারা ভালোকে ভালো বলতে শিখুন। এই কথা বলে এই বাজেটের সমর্থন করে আমার বক্তব্য শেষ করছি।

শ্রী পবনকুমার লাকরা : মাননীয় ডেপুটি স্পীকার স্যার, এখানে গ্রামোন্নয়ন দপ্তরের মাননীয় মন্ত্রী ডাঃ সূর্যকান্ত মিশ্র যে বাজেট পেশ করেছেন, তাতে চা-বাগান এবং বন বস্তি এলাকার মানুষদের জন্য কিছু বলেননি। তাই আমি এই বাজেটের বিরোধিতা করে কাটমোশানের সমর্থন করে আমার বক্তব্য রাখছি। স্যার, জলপাইগুড়ি এলাকায় ২৭৬টি চা-বাগান আছে। এই এলাকার লোকদের '৯৮ সালে আপনি পঞ্চায়েতের সুযোগ দেন। তারা পঞ্চায়েত ভোট দেওয়ার সুযোগ পেয়েছে। কিন্তু আজকে প্রায় ৪ বছর হতে চলেছে, কিন্তু ওখানকার লোকরা পঞ্চায়েত থেকে কোনো সুযোগ-সুবিধা পাচ্ছে না। এই কারণে আমি আপনাকে অনুরোধ করছি পঞ্চায়েত আইনের সংশোধন করুন। বিগত বছরে গ্রামোন্নয়ন দপ্তর এবং ইউনিসেফ পশ্চিমবঙ্গের ৪টি ব্লককে গ্রামোন্নয়ন পরিকল্পনার জব পাইলট প্রোজেক্ট হিসাবে বেছে নিয়েছেন। এর মধ্যে জলপাইগুড়ি জেলার মাল ব্লক পড়ছে। সেখানের সাতালি গ্রামপঞ্চায়েতে ১৫ বছর ছিলাম। কালচিনি ব্লকে ১১টি গ্রামপঞ্চায়েত আছে। তার মধ্যে ছটা গ্রামপঞ্চায়েত চা-বাগান এবং বনবস্তি নিয়ে গঠিত। গ্রামপঞ্চায়েত এলাকায় পঞ্চায়েত মানুষদের কোনো সুযোগ-সুবিধা দিতে পারছেন না। আমাদের ওই সাতালি গ্রামপঞ্চায়েতে উন্নয়নের জন্য যে টাকা পেয়েছিলাম, তার জন্য আপনাকে ধন্যবাদ। ওই গ্রামপঞ্চায়েতের প্রতিটি গ্রামের বাড়িতে বাড়িতে গিয়ে মিটিং করে, তথ্য কালেকশান করে ওই টাকায় ওই এলাকায় সার্বিক উন্নয়ন করেছি। কিন্তু ছটা যে গ্রামপঞ্চায়েত চা-বাগান এবং বনবস্তি নিয়ে গঠিত, সেই এলাকার মানুষদের কোনো সুযোগ-সুবিধা দিতে পারছি না।

স্যার, আপনার দপ্তর থেকে পঞ্চায়েতের মাধ্যমে যারা দারিদ্র্যসীমার নীচে বাস করে, যারা তফসিলি জাতি, উপজাতি তাদের বিশেষ সুযোগের কথা বলেছেন। স্যার, পঞ্চায়েতের মাধ্যমে সাড়ে ২২ পারসেন্ট যেটা তফসিলি জাতি, উপজাতিদের জন্য পারসোনাল বেনিফিট স্কিম বলে একটা প্রোজেক্ট আছে, আপনি নানা সুযোগের কথা বলেছেন পঞ্চায়েতের মাধ্যমে কিন্তু আজকে স্যার চা-বাগান এবং বনবস্তি এলাকায় মানুষদের বঞ্চিত করা হচ্ছে। সেজন্য এই বাজেটের বিরোধিতা করে এবং কংগ্রেস, বিরোধীদলের আনা কাটমোশনকে সমর্থন করে আমি আমার বক্তব্য শেষ করছি।

শ্রী অজিত ভুঁইঞা : স্যার, আপনার মাধ্যমে পশ্চিমবঙ্গে গ্রাম উন্নয়ন বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহাশয় ডাক্তার সূর্যকান্ত মিশ্র আজকে এই সভায় যে বাজেট বরাদ্দ পেশ করেছেন সেই বাজেটের বিরোধিতা করে আমার দলের আনা কাটমোশন সমর্থন করে আমি যে কথা বলতে চাই যে পঞ্চায়েত বিষয় নিয়ে আলোচনা চলছে। সরকারপক্ষের সদস্যরা তো অনেক ঢাকঢোল পিটিয়ে বলেছেন, অস্বীকার করার উপায় নেই '৭৮ সালে পঞ্চায়েত নির্বাচন আপনারা করেছিলেন। পঞ্চায়েতের মাধ্যমে কিছু কাজ হয়নি এমন কথাও নয়। গ্রামের রাস্তা থেকে শুরু করে টিউবওয়েল, কালভার্ট ছোটোখাটো কাজ অনেক হয়েছে কিন্তু যে কথাটা

নিয়ে গর্ব করছেন আপনারা পঞ্চায়েতে গান্ধীজির স্বপ্ন আপনারা পালন করার জন্য কতটা কাজ করেছেন, এই যে ঢাকঢোল পিটিয়ে বলছেন সেই জায়গায় বলি পশ্চিমবাংলার পঞ্চায়েতের বিরুদ্ধে বক্তব্য নয় পশ্চিমবাংলার পঞ্চায়েতে যা চলছে বক্তব্যটা তার বিরুদ্ধে। এটাকে গান্ধীজির পঞ্চায়েত নয়, এটা স্তালিনের পঞ্চায়েত। স্তালিনের পঞ্চায়েতের বিরুদ্ধে আমাদের বক্তব্য। আপনারা জানেন যে সোভিয়েত ইউনিয়নে স্তালিনের বিরুদ্ধে সেখানকার মানুষের হাত তুলে কোনো কথা বলার অধিকার ছিল না। পশ্চিমবাংলার পঞ্চায়েতও স্তালিনের পঞ্চায়েত। এখানেও পঞ্চায়েত সদস্যর বিরুদ্ধে কোনো কথা বলার অধিকার নেই। সাধারণ মানুষ এখানে কোনো কথা বলতে পারে না। তাই বলি মহামতি গরবাচেভ যখন সোভিয়েত ইউনিয়নে গ্লাসনস্ত, পেরেস্ত্রৈকা নীতি গ্রহণ করেছিলেন তখন পূর্ব ইউরোপের বহু দেশ থেকে তথাকথিত শ্রেণি সংগ্রামের বন্ধুরা ধুয়েমুছে সাফ হয়ে গিয়েছিলেন। আর যেদিন গান্ধীজির পঞ্চায়েত ব্যবস্থা কার্যকরী হবে সেদিন সি.পি.এমের সদস্যরা ধুয়েমুছে সাফ হয়ে যাবে। তার কারণ একটা পঞ্চায়েতের উন্নয়নের জন্য আপনাদের যত না লক্ষ্য তার চেয়ে অনেক বেশি নজর কি করে বিরোধীদলের পঞ্চায়েতের সদস্যদের অত্যাচার করে, নিগ্রহ করে, জোর করে পদত্যাগ করিয়ে পঞ্চায়েত এবং পঞ্চায়েত সমিতিকে দখল করা যায়। যার জন্য মাননীয় মুখ্যমন্ত্রী থেকে শুরু করে, পঞ্চায়েতমন্ত্রী থেকে শুরু করে লোকাল কমিটির সদস্যরা পর্যন্ত এস.ডি.ও বি.ডি.ওকে ধমক দিয়ে পঞ্চায়েতগুলোকে দখল করার চেষ্টা করছে। পঞ্চায়েত ক্ষমতাকে কবজার মধ্যে রেখে জমিদারি মনোভাব নিয়ে আপনারা বাস্তুঘুঘুর বাসা বেঁধেছেন। আবার আপনারা বলছেন যে, আপনারা জমিদারি প্রথা উচ্ছেদ নিয়ে সোচ্চার হয়েছেন। আপনারা জমিদারি প্রথা নিয়ে কোনদিন সোচ্চার হয়েছেন না কি, জমিদারি প্রথা তো তৎকালীন কংগ্রেস সরকার উচ্ছেদ করেছিলেন। পঞ্চায়েতে তফসিলি জাতি, উপজাতিদের জন্য আপনারা আসন সংরক্ষণ করেছিলেন নাকি ? আপনারা করেননি।

[3.50—4.00 p.m.]

তপশিলি জাতি ও উপজাতি এবং মহিলাদের জন্য যে আসন সংরক্ষণ করা হয়েছে সেটা রাজ্য সরকারের নীতিতে হয়নি, সেটা কেন্দ্রীয় সরকারের নীতির ফলেই হয়েছে। ৭৩তম বিল সংশোধন করা হয়েছে যার ফলে আজকে সারা ভারতবর্ষের বুকে পঞ্চায়েত ব্যবস্থার পরিবর্তন ঘটানো হয়েছে। পঞ্চায়েতে দুর্নীতি এ নিয়ে নতুন করে বলার আর কিছুই নেই, পশ্চিমবঙ্গ সরকারের যে ভিজিলেন্স ডিপার্টমেন্ট আছে, যে অডিট ডিপার্টমেন্ট আছে তাঁরা বলছেন এক-একটা জেলা পরিষদে ১৯৮৭-৮৮ সাল থেকে কোনো অডিট হয়নি। এক-একটা পঞ্চায়েত সমিতিতে ১০ বছর অডিট হয়নি। গ্রামপঞ্চায়েতে অডিটররা যখন অডিট করতে যান তখন সি.পি.এমের লোকেরা তাঁদের মারধর করেন তার জন্য অডিটররা যান না। আজকে পঞ্চায়েতকে কবজা করার—আপনারা এক সময় যাঁকে বন্ধু সরকার বলতেন সেই মোরারজি সরকার যখন পঞ্চায়েতের হিসাব চেয়ে বসলেন তখন আপনাদের তৎকালীন মুখ্যমন্ত্রী জ্যোতি বসু সেই সরকারকে বরখাস্ত করার জন্য উঠেপড়ে লেগে গেলেন। আপনাদের কটাক্ষ আজকে মানুষের সামনে ধরা পড়েছে। ১৯৯৮ সালে পশ্চিমবঙ্গে পঞ্চায়েত নির্বাচনে দিকে দিকে বামফ্রন্টের প্রার্থীরা পরাজিত হয়েছে। আপনারা কেশপুরের মানুষকে

কবজায় আনার জন্য, পঞ্চায়েতকে কবজায় আনার চেষ্টা করেছেন। আপনারা আবার কেশপুরের কথা বলেন ? কেশপুরের সি.পি.এমের কমরেড জামসেদ আলিকে পার্টি অফিসেই ১১টার সময় কারা খুন করল ? শুধু টাকা ভাগ করা নিয়েই জামসেদ আলি খুন হলেন। সেই খুনের আজ পর্যন্ত কিনারা হল না। তাই এই বাজেটকে বিরোধিতা করে এবং বিরোধীপক্ষের সমস্ত কাটমোশানকে সমর্থন করে আমার বক্তব্য শেষ করছি।

শ্রী মোস্তাক আলম : মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে মাননীয় পঞ্চায়েতমন্ত্রী যে ব্যয়বরাদ্দ পেশ করেছেন তার বিরোধিতা করে এবং কংগ্রেস সহ বিরোধীদলের আনীত কাটমোশানকে সমর্থন করে কয়েকটি কথা অল্প সময়ের মধ্যে বলতে চাই। এতক্ষণ ধরে বিতর্ক হচ্ছে। গান্ধীজির নাম শুনে যে সকল সদস্য কটাক্ষ করলেন তাঁদের উদ্দেশ্যে আমি বলব আজকে জাতির জনক মহাত্মা গান্ধীজির নামে পঞ্চায়েত নিয়ে বলা হচ্ছে এবং তাঁরা কটাক্ষ করছিলেন, এতে আপনাদেরও অপমান করা হচ্ছে কি না সেটা ভেবে দেখার জন্য আমি বলব। আজকে যাঁরা দাবি করছেন পঞ্চায়েতি ব্যবস্থার সুফল পাওয়া গেছে। পঞ্চায়েতে যা হচ্ছে তার প্রকৃত চিত্র আমি তুলে ধরব। পঞ্চায়েত ব্যবস্থা মানুষের স্বার্থে সঠিকভাবেই গড়ে তুলতে পারেননি। আমি মাননীয় মন্ত্রী মহাশয়কে অনুরোধ করব কয়েকটি ব্যাপারে। আমি পঞ্চায়েতে দীর্ঘদিন ধরে আছি, আমি জানি উনি কতকগুলি দৃঢ় পদক্ষেপ নিয়েছেন, কিন্তু ওঁনার যে টার্গেট ছিল সেই টার্গেটে উনি পৌঁছতে পারবেন কিনা জানি না। যে সুতোয় বাধা আছে জানি না উনি সেখান থেকে বেরিয়ে আসতে পারবেন কিনা ? রিজার্ভেশান নিয়ে একজন মাননীয় সদস্য বললেন আমি সেটা রিপিট করছি। মেজরিটি রিজার্ভিশানের ফলে অপোজিশান পার্টি বা কেউ চেয়ার হোল্ড করলেন, সেখানে অনারেরিয়াম নিয়ে বাড়িতে বসে থাকেন, তাতে পঞ্চায়েতের ডেভেলপমেন্ট বন্ধ হয়ে যাবে। এ ব্যাপারে সঠিক নির্দেশ নেই। এ ব্যাপারে ব্যবস্থা নেওয়ার জন্য আমি মন্ত্রী মহাশয়কে অনুরোধ করব।

আজকে গ্রামবাংলায় পঞ্চায়েত ব্যবস্থার মাধ্যমে যে সোনার ফসল ফলানোর কথা বলা হচ্ছে, সব সমস্যার সমাধান হয়ে গেছে বলা হচ্ছে সেটা সঠিক নয়। আবার দেখা যাচ্ছে জেলা-পরিষদের সভাধিপতি বিধায়ক হলে তাঁকে সভাধিপতি পদ থেকে রিজাইন দিতে হয় কিন্তু একজন কাউন্সিলরের ক্ষেত্রে সেই বিধি প্রযোজ্য হয় না। এই বৈষম্য কেন ? এটা দেখা দরকার। তৃতীয় বিষয় হচ্ছে, পঞ্চায়েতের জন্মলগ্ন থেকে প্রতি চার বছরে উন্নয়নের জন্য ২৮ কোটি টাকা বরাদ্দ করা হয়েছে। কিন্তু সত্যি বলতে গেলে সেই ২৮ কোটি টাকায় কি হয়েছে গৃহ নির্মাণের ১৩ কোটি ২৬ লক্ষ টাকা আপনারা খরচ করতে পারেননি, ফেরত চলে গেছে। ১৭টা জেলা পরিষদের ১০০ কোটি টাকার অডিটে গোলমাল ধরা পড়েছে। শুধু তাই নয় গ্রাম পঞ্চায়েত থেকে জেলা পরিষদ পর্যন্ত আপ-টু-ডেট অডিট করলে আরো অনেক কিছু বেরিয়ে পড়বে। কিন্তু অডিটের অবস্থা আজকে কোথায় আছে ? আজকে জেলা পরিষদ সমস্ত দপ্তর নিয়ে নিজেই একজিকিউশন করতে চাইছে। জেলা পরিষদের কাজ সাব-অ্যালট করা কিন্তু একজিকিউশনের দায়িত্ব নিচ্ছে। তার কারণ কি ? আমরা দেখতে পাচ্ছি গ্রাম পঞ্চায়েত, পঞ্চায়েত সমিতি কাজগুলো করলে সেখানে নিজেদের দলের লোকে থাকলেও সিংহভাগ

পাচ্ছে না সেইজন্য জেলা পরিষদ হস্তক্ষেপ ছাড়া কিছু ভাবতে পারছে না। বিশেষ করে জেলা-পরিষদের মাধ্যমে রিজার্ভার রিপিয়ার করার নামে কোটি কোটি টাকা নয়-ছয় হচ্ছে। এই কাজের দায়িত্ব পি.ডব্লু.ডি.কে দেওয়া হোক বা পঞ্চায়েত সমিতি, গ্রাম পঞ্চায়েতকে দেওয়া হোক। আজকে এক-একজন সভাধিপতি, সভাপতির উপরে এত বেশি কমিটির চাপ রয়েছে যে তাঁরা সব কমিটিতে অ্যাটেন্ডও করতে পারেন না। আর, পঞ্চায়েত সমিতির সভাপতির পক্ষে তিনজন স্টাফ নিয়ে—হেড ক্লার্ক, ক্লার্ক, পিওন নিয়ে কোটি কোটি টাকার কাজ করা সম্ভব নয়। আবার যাও বা কাজ হচ্ছে ভিকেলের অভাবে মনিটরিং করা যাচ্ছে না। একটা পঞ্চায়েত সমিতি ৩ থেকে ৫ বছরে যে টাকা টি.এ., ডি.এ., ট্যাক্সি ফেয়ারের জন্য খরচ করে তাতে একটা প্রাইভেট গাড়ি কিনে ফেলা যায়। মনিটরিং করার ক্ষেত্রে গাড়ি থাকা অবশ্য দরকার। একটা জেলা পরিষদে তিনজন স্টাফ থাকে—এটা আমি ভাবতে পারি না। আজকে ৩৪১টা পঞ্চায়েত সমিতি এবং ৩৩৬০টি গ্রাম পঞ্চায়েত শাসকদলের হওয়া সত্ত্বেও জেলা পরিষদ ডাইরেক্টলি সমস্ত দপ্তরের কাজ নিজে করতে চাইছে। কিসের স্বার্থে, কিসের উদ্দেশ্যে ? আজকে কন্ট্রাক্ট বেসিসে সিভিল ইঞ্জিনিয়ারদের অ্যাপয়েন্টমেন্ট দেওয়া হচ্ছে, তারা আদৌ কোনো কাজ জানে না, বোঝে না। আবার দেখুন একই পুকুরে তিনবার ই.এ.এস.-এর টাকা খরচের নামে আত্মসাৎ করা হয়। পঞ্চায়েত সমিতির ক্ষেত্রে ই.এ.এস.-র টাকা বরাদ্দ করা বৃষ্টির সময় ৬০ : ৪০ হিসাবে রেসিও যেটা আছে সেটা পার অ্যালটমেন্ট পার পঞ্চায়েত সমিতি হিসাবে না করে জেলা ভিত্তিতে ইয়ার বেসিসে করা হোক। কোথাও দেখা যায় খননের কাজ বেশি হয়। সুতরাং মেন্টেনেন্সের কাজটা ঠিকমত দেখা দরকার। না হলে দেখা যাবে ইচ্ছা না থাকলেও সেই টাকা ড্রেনেজ হয়ে যাবে। পঞ্চায়েতগুলোতে যে উদ্দেশ্য নিয়ে গ্রাম সংসদ করা হয়েছে, ইন্দিরা আবাস যোজনার ক্ষেত্রে তা কার্যকরী হচ্ছে না। প্রধান তাঁর বাড়িতে বসে থাকেন। তাঁর বাড়িতে গ্রাম সংসদের খাতা থাকে। ব্রাঞ্চ কমিটির সেক্রেটারি, মেম্বার সেখানে বসে বসে, তাদের দিয়ে সেখানে বসে সই করিয়ে নেওয়া হয়। তাছাড়া, অন্নপূর্ণা স্কিম বলুন, আর জে.জি.এস.ওয়াই., এস.সি.এস.আর., যাই বলুন না কেন, সমস্ত স্কিম প্রি-প্লান করে দেওয়া হয়। আজকে আমরা যদি মনে করি—সই করেছে বেশ করেছে ভালো করেছে, তাহলে সেটা সঠিক কাজ হবে না। ইন্দিরা আবাস যোজনার ঘর ম্যানেজার, মেম্বাররা নিয়ে নিচ্ছে। যখন মেম্বারকে দেওয়া হচ্ছে না তখন সে যে দলই বলুন না কেন, তার বিরুদ্ধে অনাস্থা আসছে। এটা বন্ধ হওয়া দরকার বলে আমি মনে করি। গ্রাম সংসদ সত্যিকারের হচ্ছে না।

[4.00—4.10 p.m.]

এটা হচ্ছে মূল কারণ। এটা বন্ধ হওয়া দরকার আছে। গ্রাম সংসদ প্রকৃতভাবে হওয়া দরকার। গ্রাম সংসদ প্রকৃতভাবে হচ্ছে না। গ্রাম সংসদের খাতাগুলো ব্রাঞ্চ কমিটির সেক্রেটারির মাধ্যমে প্রধান সই করিয়ে নেন এবং পার্টি অফিসে বসেই মানুষের বক্তব্যকে গুরুত্ব না দিয়ে নিজেদের ইচ্ছেমত গ্রাম সংসদের খাতায় ইন্দিরা আবাসনের নামের তালিকা, অন্নপূর্ণা স্কিমের নামের তালিকা এবং ডেভেলপমেন্ট স্কিমের প্রায়োরিটির তালিকা তৈরি করা হয়। যা আদৌ কাম্য নয়। গ্রাম সংসদগুলো প্রকৃত হচ্ছে কিনা, পঞ্চায়েত সমিতিগুলির পক্ষ থেকে সেটা

মনিটরিং করার কথা। অনেক জব অ্যাসিসট্যান্ট আছে যারা পঞ্চায়েতের টাকায় বাড়ি করছে, মোটর সাইকেল কিনেছে। পঞ্চায়েত অডিট অফিসারদের গ্রাম পঞ্চায়েত এলাকায় যাওয়ার কথা। কিন্তু তাঁরা গ্রাম পঞ্চায়েত এলাকায় না গিয়ে ব্লকে বসেই অডিট করছেন। এই হল আজকের পঞ্চায়েতের অবস্থা, আমাদের পশ্চিমবাংলার অবস্থা। অথচ এই বাংলাকে নিয়ে কত কথা, কত প্রশস্তিমূলক কথা আমরা শুনেছি। এই বাংলাকে নিয়ে আমরা শুনেছিলাম— হোয়াট বেঙ্গল থিংক্‌স্‌ টু-ডে, ইন্ডিয়া থিংক্‌স্‌ টু-মরো। কিন্তু আজ কোথায় আমাদের সেই বাংলার চিত্র ? জেলা পরিষদের ফান্ড সাব-অ্যালট করার কথা, সে ক্ষেত্রে মাত্র ৩ জন এস.এ.ই.কে নিয়ে সিভিল ইঞ্জিনিয়ারদেরকে কনট্রাক্ট বেসিসে নিয়োগ করে কোটি কোটি টাকায় ডেভেলপমেন্ট স্কিমগুলোর ডাইরেক্ট একজিকিউশন করছে। ফলে সেখানে ডেপ্থ অফ করাপশন হচ্ছে। এই বিষয়গুলো দেখার জন্য আমি মাননীয় মন্ত্রী মহাশয়ের দৃষ্টি আকর্ষণ করছি। এই কথা বলে এই বাজেটের বিরোধিতা করে এবং কাটমোশানগুলোকে সমর্থন করে আমার বক্তব্য শেষ করছি।

শ্রী তমোনাশ ঘোষ : মাননীয় উপাধ্যক্ষ মহাশয় আজকে পঞ্চায়েতের বাজেটের উপর আলোচনা হচ্ছে। এই বাজেটের বিরোধিতা করে এবং বিরোধীদের আনীত কাট-মোশানগুলোকে সমর্থন করে কয়েকটি কথা বলতে চাই। আপনারা ১৯৭৮ সালের কথা বললেন। ১৯৭৮ সাল নিয়ে বামফ্রন্ট সরকার খুব বড়াই করেন যে, পঞ্চায়েতরাজ ওনারাই সৃষ্টি করেছেন পশ্চিমবঙ্গে। কিন্তু পঞ্চায়েতরাজ অনেক আগে ১৯৫৮ সালের ১২ জানুয়ারি মেহতা কমিটির সুপারিশ অনুযায়ী হয়েছিল। ১৯৭৮ সালে যখন বামফ্রন্ট সরকার পশ্চিমবঙ্গে পঞ্চায়েতরাজ শুরু করেছিলেন তখন তাঁরা স্লোগান দিয়েছিলেন, 'বাস্তুঘুঘুদের গ্রাম থেকে হঠিয়ে দাও'। আজ ২৪ বছর অতিক্রান্ত হয়েছে। পঞ্চায়েতের ব্যাপারে গান্ধীজি বলেছিলেন যে, সমাজের ন্যায় প্রতিষ্ঠার প্রতি পঞ্চায়েত সচেতন থাকবে। কিন্তু আজকে পশ্চিমবঙ্গে দেখা যাচ্ছে যে, গোটা পঞ্চায়েতরাজ হিংসার মধ্যে দিয়ে চলছে। যে সমস্ত পঞ্চায়েতে কংগ্রেস, তৃণমূল, আর.এস.পি. বা ফরওয়ার্ড ব্লকের সদস্যরা আছেন, আজকে সেইসব গ্রাম পঞ্চায়েতের নির্বাচিত সদস্যদের জোর করে লিখিয়ে নিয়ে তাঁদের সদস্যপদ চেঞ্জ করার চেষ্টা চলছে' ১৯৮৮ সালে বামফ্রন্ট সরকারের স্লোগান ছিল পঞ্চায়েতের মাধ্যমে গণতন্ত্রকে তৃণমূল স্তরে সুদৃঢ় কর। তৃণমূল কথাটা ওঁরাই প্রথম ব্যবহার করেছিলেন। ধন্যবাদ। সেদিন তৃণমূলের জন্ম হয়নি। তৃণমূলের কথাটা আপনাদের মাথায় সবসময় রয়েছে। ১৮৯৪ সালে গান্ধীজি প্রথম পঞ্চায়েত কথাটা ব্যবহার করেছিলেন। মার্কস নয়, লেনিন নয়, স্তালিন নয়, গান্ধীজির চিন্তায় পঞ্চায়েত হল গ্রামস্বরাজ পঞ্চায়েত কথার অর্থ—কথাটি সম্ভবত হিন্দি ভাষা থেকে এসেছে—নির্বাচিত ৫ জন সদস্যকে নিয়ে বিচারসভা, উন্নয়ন সংস্থা। প্রাচীন ভারতীয় ইতিহাস পড়লে দেখা যায়, সে সময় পঞ্চায়েত 'পঞ্চ পরমেশ্বর' বলা হত। অর্থাৎ পাঁচজন ঈশ্বরের বিচার বা কথা। তাঁরা যে বিচার করবেন, তাঁরা যেটা বলবেন—দ্যাট ইজ ফাইনাল। এরকম চিন্তাধারা নিয়েই গ্রাম পঞ্চায়েতের কনসেপ্টটা ছিল। কিন্তু আজকে কি দেখছি ? দক্ষিণ ২৪-পরগনার সহসভাপতি সৈফুদ্দিন সাহেব তাঁর দলবল নিয়ে দীঘায় স্ফূর্তি করতে গেছেন। পয়সা কার ? বামফ্রন্ট সরকারের। পয়সা কার ? জেলা পরিষদের। সেখানে দেখলাম

মার্কসবাদী কমিউনিস্ট পার্টি সৈফুদ্দিন সাহেবকে স্ট্রিকচার দেওয়ার কথা ভাবছেন। আজকে ২৪ বছর ধরে বামফ্রন্ট সরকার যদি সত্যই মনে করতেন যে, গ্রামের মানুষের প্রকৃত উন্নয়ন সাধন করবেন, তাহলে আজকে ট্রেজারি বেঞ্চের কাউকে এই বিষয় নিয়ে আলোচনা করতে হত না। মাননীয় মন্ত্রী মহাশয় এখানে আছেন। মাননীয় মুখ্যমন্ত্রী স্বীকার করেছেন যে, একটি জেলা পরিষদের সভাধিপতিকে একইসঙ্গে ৫৬টি কমিটির চেয়ারম্যান করা হয়েছে আপনারা বেশিরভাগ সদস্যই বিভিন্ন গ্রামীণ কেন্দ্র থেকে জিতে এসেছেন। আমি আপনাদের জিজ্ঞেস করছি, জেলা পরিষদে বিধায়কদের একটা কথারও কি মর্যাদা দেওয়া হয় ? আমাদের কথা ছেড়ে দিন, আপনাদের দলের সভাধিপতিরা আপনাদের একটা কথারও কি মূল্য দেন ? আপনাদের কমিউনিস্ট পার্টির সভাধিপতি, সভাপতিরা অন্য দলের সদস্যদের তো দূরের কথা আপনাদের নিজেদের দলেরই বিধায়কদের মতামতের কোন মূল্য দেন না। আপনারা এখানে যত ইচ্ছে টেবিল চাপড়ান, কিন্তু সঙ্গে সঙ্গে একটু আত্ম-সমালোচনাও করুন। আজকে পঞ্চায়েতে যে ঘুণ ধরেছে তা থেকে যদি পঞ্চায়েতকে বের করে আনতে চান তাহলে একটু চিন্তা-ভাবনা করুন। এই অনুরোধ আমি মন্ত্রী মহোদয়ের কাছে রাখছি। পঞ্চায়েতকে কিভাবে দুর্নীতি মুক্ত করা যায় তার জন্য একটা সর্বদলীয় কমিটি করতে আমি মাননীয় মন্ত্রীর কাছে প্রস্তাব রাখছি। সেই কমিটির মাধ্যমে পঞ্চায়েতকে দুর্নীতি মুক্ত করার জন্য ভাবনা-চিন্তা করা হোক। আজকের কাগজেই দেখলাম আপনাদের শরিক দল ফরওয়ার্ড ব্লকের পক্ষ থেকে বলা হয়েছে, 'গ্রামাঞ্চলে পঞ্চায়েতের হাতে এত অধিক ক্ষমতা চলে গেছে, যার ফলে অর্থের অপচয় হচ্ছে। সর্বত্র দুর্নীতিতে ছেয়ে গেছে।' এই অবস্থায় আমি বলছি, সরকারি অফিসারদের দিয়ে পঞ্চায়েতের ওপর নজরদারির ব্যবস্থা করা হোক। সব দিক ভেবে দেখে, সব কিছু বিবেচনা করে অবিলম্বে একটা সঠিক ব্যবস্থা গ্রহণ করার প্রয়োজন আছে। সেই ব্যবস্থা গ্রহণ করে পঞ্চায়েতকে নতুনভাবে সুন্দর করে গড়ে তোলা হোক। এই ক'টি কথা বলে, বাজেটের বিরোধিতা করে, আমাদের কাটমোশানের সমর্থনে আমি আমার বক্তব্য শেষ করছি।

শ্রী গোবিন্দচন্দ্র নস্কর : মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আজকে পঞ্চায়েত ও গ্রামোন্নয়ন বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী যে বাজেট বরাদ্দ পেশ করেছেন আমি তার বিরোধিতা করছি। আমাদের তৃণমূল কংগ্রেস এবং অন্যান্য বিরোধী দলের পক্ষ থেকে আনা কাটমোশানগুলিকে পূর্ণ সমর্থন করে দু-একটা কথা বলছি। মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, জাতির প্রথম এবং প্রধান স্থপতি চিফ আর্কিটেক্ট পণ্ডিত জওহরলাল নেহরু বলেছিলেন, '২০ জন মন্ত্রী এবং পার্লামেন্টে ৪০০ এম পি করে, বিভিন্ন আইন-কানুন করে দেশের সমৃদ্ধি হতে পারে না। করতে হবে ক্ষমতার বিকেন্দ্রিকরণ।' ক্ষমতার বিকেন্দ্রিকরণের উপর পণ্ডিত জওহরলাল নেহরু সবচেয়ে বেশি গুরুত্ব দিয়েছিলেন। ১৯৭৮ সাল থেকে ২০০১ সাল পর্যন্ত সুদীর্ঘ ২৪ বছর পশ্চিমবাংলায় যে পঞ্চায়েতিরাজ চলছে, প্রকৃতপক্ষে সেই পঞ্চায়েতিরাজের মধ্য দিয়ে গ্রাম বাংলার মানুষের সঠিক চিন্তা-ভাবনার প্রতিফলন ঘটেনি, গ্রামোন্নয়ন হয়নি এবং গ্রাম বাংলার মানুষ খুশি হয়নি। এ ক্ষেত্রে বামফ্রন্ট সরকার সম্পূর্ণভাবে ব্যর্থ। আজকে আমরা লক্ষ্য করছি পঞ্চায়েতগুলিতে খুনোখুনি, মারামারি লেগেই আছে। পরস্পর পরস্পরের বিরুদ্ধে স্বার্থের সংঘর্ষে লিপ্ত হয়ে রক্তের হোলি খেলছে। এর মধ্য দিয়ে এমন দুর্নীতি চলছে যে পঞ্চায়েতের

মাতব্বররা কোটি কোটি টাকা আত্মসাৎ করছে। কেন্দ্রীয় সরকারের বিভিন্ন প্রকল্পের টাকা নয়-ছয় হচ্ছে। জওহর গ্রাম সমৃদ্ধি যোজনা, কর্ম সুনিশ্চিতকরণ প্রকল্প, ইন্দিরা আবাস যোজনা, ডি.আর.ডি-এ, আই.আর.ডি.পি. প্রভৃতি বিভিন্ন প্রকল্পের টাকা সম্পূর্ণভাবে আত্মসাৎ হচ্ছে। মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, মন্ত্রী মহাশয় এখানে উপস্থিত আছেন, সুতরাং আজকে এসব বিষয়গুলির তাঁকে জবাব দিতে হবে। বামফ্রন্ট সরকারের আমলে জেলা স্তরে যে পঞ্চায়েতরাজ তৈরি হয়েছে তা সম্পূর্ণ দুর্নীতির মধ্যে ডুবে গেছে। আমি মাননীয় মন্ত্রী মহাশয়ের কাছে প্রশ্ন রাখছি, এ বিষয়ে তিনি কি পদক্ষেপ নিতে পেরেছেন ? পঞ্চায়েতকে দুর্নীতি মুক্ত করার জন্য তিনি কি উদ্যোগ নিচ্ছেন ? মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, কাজকর্ম উন্নয়নকে কেন্দ্র করে গ্রাম বাংলায় পঞ্চায়েতের নামে একটা সুবিধাভোগী সমাজ গড়ে উঠেছে। মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, বিগত পাঁচ বছর আগে মাননীয় পঞ্চায়েত মন্ত্রী একটা নতুন নিয়ম চালু করেছেন—৬ মাসের মধ্যে কোন পঞ্চায়েত প্রধানের বিরুদ্ধে নো-কনফিডেন্স আনা যাবে না। ফলে হাজার দুর্নীতি করলেও কোন প্রধানকে সঙ্গে সঙ্গে পঞ্চায়েত প্রতিনিধিরা সরিয়ে দিতে পারছেন না। আমি মন্ত্রী মহাশয়কে অনুরোধ করব, এই নিয়েমের তিনি পরিবর্তন ঘটান এবং পঞ্চায়েতকে যতটা সম্ভব দুর্নীতি মুক্ত রাখার চেষ্টা করুন। পশ্চিমবাংলায় পঞ্চায়েতের দুর্নীতি দিনের পর দিন বেড়েই চলেছে। মাননীয় মন্ত্রী মহোদয় কি জোর দিয়ে এ কথা বলতে পারবেন যে, পঞ্চায়েতে সুষ্ঠুভাবে ভোট হয় ? ভোটার লিস্ট তৈরি করা থেকে শুরু করে, রিগিং এবং ছাপ্পা ভোট দেওয়া থেকে শুরু করে ভোট গণনা পর্যন্ত পুরো প্রক্রিয়াটাই দুর্নীর্তিতে ভরা। ভোট গণনার কাজটা অন্তত একটা প্রোমিনেন্ট জায়গায়—বিধানসভা বা লোকসভার মতো যদি পঞ্চায়েতের ভোট গণনার কাজটা হয় তাহলেও কিছুটা সুষ্ঠু নির্বাচন হতে পারে। আমাদের অভিজ্ঞতা হচ্ছে, বহু ক্ষেত্রে আমাদের প্রার্থী ১০০/২০০ ভোটে জিতেছে, কিন্তু মাস্তান বাহিনী সমস্ত কাগজপত্র ছিঁড়ে ফেলে দিয়ে প্রিসাইডিং অফিসারকে দিয়ে জোর করে পরাজিত প্রার্থীকে বিজয়ী বলে সই করিয়ে নিয়েছে। মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, গান্ধীজি বলেছিলেন– বছরের পর বছর ধরে গ্রামের মুমূর্ষু যে মূল জনসংখ্যা তাদের নিপীড়ন করে, তাদের মধ্যে বেদনা সৃষ্টি করে, তাদের ওপর অত্যাচার করে কখনো দেশের মঙ্গল হতে পারে না। তাই গান্ধীজি পঞ্চায়েতরাজ চেয়েছিলেন। গ্রামই হচ্ছে আমাদের দেশের ক্ষমতার মূল ভিত্তি। কিন্তু আমাদের রাজ্যে বামফ্রন্ট সরকারের পঞ্চায়েতরাজ ব্যবস্থা গ্রামবাংলার সব কিছু শেষ করে দিয়েছে।

[4.10—4.20 p.m.]

ঠাকুর রবীন্দ্রনাথ বলেছিলেন, "এইসব মূঢ় ম্লান মূক মুখে দিতে হবে ভাষা, এইসব শ্রান্ত, শুষ্ক, ভগ্ন বুকে ধ্বনিয়া তুলিতে হবে আশা"। আজকে পঞ্চায়েতিরাজ ব্যবস্থায় গ্রামের মানুষের সবদিক থেকে তাদের আশা শেষ করে দিয়েছে। আজকে গ্রাম সংসদে মিটিং হয় না। ওই ৪/৫ জনকে নিয়ে একটা বৈঠক করেন মস্তান-বাহিনী রেখে দিয়ে। তারাই সব চুরি-জোচ্চুরি করে, ব-কলমে পার্টির লোকেরাই সব করে। আমি মাননীয় মন্ত্রী মহাশয়কে অনুরোধ করব, গ্রাম সংসদ যাতে নিয়মিত বসে সুষ্ঠু কর্মসূচী গ্রহণ করতে পারে, পরিকল্পনা গ্রহণ করতে পারে সেইদিকে লক্ষ দেবেন। আপনার এখানে দেখা যাচ্ছে, ১৭টি জেলা পরিষদ,

৩২৫টি পঞ্চায়েত সমিতি, এবং ৩ হাজার ৩৬০টি গ্রাম পঞ্চায়েত। গত বছর অডিট হয়নি। আপনার যেখানে-সেখানে অডিট হয়েছে, যেখানে-সেখানে দুর্নীতি ধরা পড়েছে। ক'টার ক্ষেত্রে আপনি স্টেপ নিয়েছেন ? কজনকে আপনি জেলে পাঠিয়েছেন ? কজনের কোমরে দড়ি পরিয়ে ঘুরিয়েছেন ? কতগুলি পঞ্চায়েত সমিতিতে, কতগুলি গ্রাম পঞ্চায়েতে অডিটে দুর্নীতি ধরা পড়েছে এবং তার জন্য আপনি কি স্টেপ নিয়ে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে পেরেছেন ? আমার মনে হয় আপনি তা সঠিকভাবে বলতে পারবেন না আপনার কাছে আমি জানতে চাচ্ছি, যে সমস্ত পঞ্চায়েত প্রধানরা টাকা নিয়ে আত্মসাৎ করেছে সেই ব্যাপারে আপনি নিজে হেডে থেকে একটা কমিটি করা হোক। গ্রাম পঞ্চায়েত, পঞ্চায়েত সমিতি এবং জেলা পরিষদ সবক্ষেত্রে দেখার জন্য বিভিন্ন পার্টির একজন, দুজন করে নিয়ে একটা কমিটি করা হোক। আপনি হেডে থেকে টেস্ট কেস হিসাবে, সাম্পেল কেস হিসাবে কিছু গ্রাম পঞ্চায়েত, কিছু পঞ্চায়েত সমিতি এবং কিছু জেলা পরিষদ স্টাডি করে দেখুন সেখানে আজকে কি অবস্থার সৃষ্টি হয়েছে। তাহলেই বাস্তব অবস্থাটা বুঝতে পারবেন। মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, টেন্থ ফিনান্স কমিশন মাননীয় মন্ত্রী মহাশয়কে যে টাকা দিয়েছিল সেই টাকা ঠিকমত খরচ করেনি, বহুক্ষেত্রেই পক্ষপাতিত্ব করেছেন। তৃণমূলের প্রধান যারা পঞ্চায়েতে আছে তাদেরকে সামান্য টাকা দিয়েছেন আর সি.পি.এমের গ্রাম পঞ্চায়েতকে তার চেয়ে ৫০/৬০ গুণ টাকা বেশি দিয়েছেন। আপনি নিশ্চয়ই জানেন, একাদশ অর্থ কমিশন ২০০০-২০০১ সালে যে টাকা দিয়েছে সেই টাকা এখনো পর্যন্ত কোন গ্রাম পঞ্চায়েতকে এখনো দিতে পারেনি। যারা ২৫ লক্ষ টাকা করে বিভিন্ন স্কীম তৈরি করেছে তাদেরকে সবদিক থেকে বঞ্চিত করেছেন। তারপর আপনি যে ডেলিমিটেশন করছেন পঞ্চায়েত সমিতি এলাকায়, জেলা পরিষদ এলাকায় তাতে বিরোধী পক্ষকে কোন গুরুত্ব দিচ্ছেন না। আপনার ইচ্ছামত ডেলিমিটেশন করছেন। আমি অনুরোধ করব, জেলা পরিষদ, পঞ্চায়েত সমিতি বা গ্রাম পঞ্চায়েত এলাকায় যখন ডেলিমিটেশন করবেন তখন সকলের সঙ্গে আলোচনা করে ব্যবস্থা গ্রহণ করবেন। আজকে জেলা পরিষদগুলিতে একের পর এক দুর্নীতির পাহাড় জমে গেছে। দক্ষিণ ২৪-পরগনা জেলার ক্ষেত্রে আপনি জানেন, গত বছর ১২ কোটি টাকার কাজ হয়নি, টাকা ফেরত চলে গেছে। কেন্দ্রীয় সরকারের টাকা এইভাবে যথেচ্ছভাবে চুরি-জোচ্চুরি হচ্ছে। এক্ষেত্রে ব্যবস্থা গ্রহণ করতে পেরেছেন ? সর্বদিক থেকে এই সরকার ব্যর্থ হয়েছে। সামান্য একটা ব্যাপার সেটা হচ্ছে বার্ধক্যভাতা যেটা কেন্দ্রীয় সরকার ৭৫ টাকা দেয় আর রাজ্য সরকার ২৫ টাকা দেয়, সেই বার্ধক্যভাতা নিয়েও দলবাজি করেছেন। টি.এম.সি. সদস্যরা আবেদন করলেও পাচ্ছে না। পঞ্চায়েত প্রধান এই বার্ধক্যভাতা দেবার জন্য যে তালিকা দিচ্ছেন, আপনাদের পার্টির কমরেডরা, পার্টির সমর্থকরা সেই তালিকা বাতিল করে নিজেদের লোকদের দিয়ে সেই বার্ধক্যভাতার তালিকা তৈরি করছেন। তারপর স্বর্ণজয়ন্তী গ্রাম সমৃদ্ধি যোজনায়—২০০০-২০০১ সালে—৬৬.৭ লক্ষ টাকা বরাদ্দ হয়েছিল। এই টাকার মধ্যে বেশিরভাগ ক্ষেত্রে ওনাদের আত্মীয়-স্বজনের মধ্যে দেওয়া হয়েছে। আপনারা বলছেন, ব্যাঙ্ক থেকে বা অন্যান্য আর্থিক প্রতিষ্ঠান থেকে টাকা পাওয়া যায় না। আপনাদের পার্টির লোকেরা ব্যাঙ্ক থেকে টাকা নিয়ে বা ঋণ নিয়ে ফেরত দেয় না। আপনাদের বেনিফিসিয়ারীরা টাকা শোধ করে না। সেইজন্য আজকে ব্যাঙ্ক টাকা দেয় না। তাছাড়া সাবসিডিও ঠিকমত দেওয়া হয় না। এইভাবে

চরম দুরবস্থার মধ্যে ফেলে দিয়ে পশ্চিমবাংলার পঞ্চায়েতি ব্যবস্থাকে শেষ করে দিয়েছেন। জে.জি.এস.ওয়াই বা জহর গ্রাম সমৃদ্ধি যোজনা কর্মসূচী, ই.এ.এস—এমপ্লয়মেন্ট অ্যাসিওরেন্স স্কীম, আই.এ.ওয়াই বা ইন্দিরা আবাসন প্রকল্পে যে কোটি কোটি টাকা এসেছে সেই টাকা তছরূপ এবং নয়-ছয় হয়েছে, তার কোন হিসাব দিতে পারবেন না। ইন্দিরা আবাস যোজনায় নতুন ঘর হয়েছে আপনি বলেছেন। এক্ষেত্রে খরচ হয়েছে ৯৭ কোটি ৮২ লক্ষ ৫৫ হাজার টাকা। উপকৃত হয়েছে ৫১ হাজার ১৭৬ জন। পুরানো ঘরের জন্য খরচ হয়েছে ১২ কোটি ৮৬ লক্ষ ১২ হাজার টাকা। সেখানে সংস্কার হয়েছে ১১ হাজার ৪৭৭টি ঘর।

সেখানে ইন্দিরা আবাস যোজনায় যে ২০ হাজার টাকা করে বরাদ্দ করা আছে বাড়িপিছু তা সঠিকভাবে খরচ করা হচ্ছে না এবং সেখানে সামান্য কিছু খরচ করে ওই তিন ইঞ্চির দেওয়াল তুলে যেভাবে বাড়ি করা হচ্ছে তা এক বছরের মধ্যেই ভেঙে পড়ছে। এর ফলে পুনরায় তাকে সারাই করার ব্যবস্থা করতে হচ্ছে। প্রতি বছর এইভাবে কোটি কোটি টাকা নষ্ট করা হচ্ছে। এদিকে বিশেষভাবে দৃষ্টি দেওয়ার প্রয়োজন আছে বলে আমি মনে করি। তারপর আপনারা যে শিশুশিক্ষা কর্মসূচী নিয়েছেন সেখানে বলছেন যে ৩৪ থেকে ৪০ বছরের বয়সের মহিলা, পুরুষদের শিক্ষক হিসাবে নিয়োগ করা হবে এবং এক হাজার টাকা করে তাদের বেতন দেওয়া হবে। এই শিশু প্রকল্পের প্রতিটি ক্ষেত্রে আমরা দেখছি পার্টির ক্যাডারদের অ্যাপয়েন্টমেন্ট দেওয়া হচ্ছে, নিরপেক্ষভাবে সেখানে কাজ করা হচ্ছে না। সেখানে বামফ্রন্ট বা সি.পি.এমের যারা বিরোধী তাদের অ্যাপয়েন্টমেন্ট দেওয়া হচ্ছে না ফলে শিশুশিক্ষার নামে স্কুলগুলিতে চরম দলবাজি চলছে। তারপর গ্রামীণ আবাস এবং গ্রামীণ সড়ক এই দুটি প্রকল্পের ক্ষেত্রে কেন্দ্রীয় সরকার পুরোপুরি টাকা দিলেও সেই টাকায় গত বছর কোন কাজ হয়নি। কাজেই দেখা যাচ্ছে দারিদ্র্য দূরীকরণ কর্মসূচীতে সেখানে কাজ হয়নি। স্যার, এরা দলবাজি এমন পর্যায়ে নিয়ে গিয়েছেন যে সামান্য রেশনকার্ড নিয়েও এরা দলবাজি করছেন। গ্রামের গরিব মানুষদের যে রেশনকার্ড প্রয়োজন সেখানে বলা হচ্ছে পঞ্চায়েত সমিতি সেই রেশনকার্ড দেবে। সেখানে দেখা যাচ্ছে যে দু-আড়াই বছরের ছেলেকে রেশন কার্ড দেওয়া হচ্ছে অথচ ১৮/২০ বছরের ছেলে, মেয়েকে রেশন কার্ড দেওয়া হচ্ছে না। ফলে এই রেশন কার্ড নিয়ে চলেছে চরম দলবাজি। তারপর অ্যাক্সিডেন্ট স্কীমের টাকা তৃণমূলের লোকদের দেওয়া হচ্ছে না। এন.এম.বি.এস. স্কীমের টাকাও তৃণমূল সমর্থকদের দেওয়া হচ্ছে না। ওই ৫০০ টাকা করে যেটা দেওয়ার কথা তা নিয়েও চলেছে চরম দলবাজি, সেখানে তৃণমূলের লোকদের সেই টাকা দেওয়া হচ্ছে না। তারপর দক্ষিণ ২৪-পরগনা জেলা পরিষদে গত বছর সেচ দপ্তরের ১১ কোটি টাকা খরচ হয়নি। মাত্র ৩.৫০ কোটি টাকা খরচ করা হয়েছে। কেন খরচ হয়নি তার জবাব মন্ত্রী মহাশয়কে দিতে হবে। তারপর বড় বড় রাস্তা যেমন বেহালা থেকে ডায়মণ্ডহারবার, গড়িয়া থেকে মথুরাপুর, নামখানা থেকে পারুল ইত্যাদি রাস্তাগুলির জন্য টাকা ধরা থাকলেও তার কাজ হয়নি। ডিসেন্ট্রালাইজেসানের নামে আপনার জেলা পরিষদগুলির হাতে সব ক্ষমতা দিলেও প্রকৃতপক্ষে সেখানে সমস্ত ক্ষমতা সেন্ট্রালাইজ করছেন। এর জন্য স্ট্যান্ডিং কমিটি আপত্তিও করেছিল। তারা বলেছিল, in the upper tier of 3 tier Panchayat, i.e. Zilla Parishad, power has been

centralized in the name of decentralization of power. Gram Panchayat and Panchayat Samity are to depend on Zilla Parishad for releasing the funds etc. এই বলে বাজেটের বিরোধিতা করে এবং কাটমোশানগুলি সমর্থন করে শেষ করছি।

শ্রী ধীরেন সেন : মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, মাননীয় মন্ত্রী ডাঃ সূর্যকান্ত মিশ্র মহাশয় যে ব্যয়বরাদ্দ রেখেছেন তা সমর্থন করে এবং বিরোধীদের সমস্ত কাটমোশানের বিরোধিতা করে কয়েকটি কথা বলছি। স্যার, আমি খুব মন দিয়ে বিরোধীপক্ষের বক্তব্য শুনছিলাম। বিরোধীপক্ষের বন্ধুরা জাতির জনক গান্ধীজির কথা বারবার বলছিলেন এবং তার নাম করে অনেক উদ্ধৃতি দিচ্ছিলেন। কিন্তু তারা যে কথাটি বলতে ভুলে গিয়েছেন সেটা হচ্ছে, গান্ধীজি বলেছিলেন, কংগ্রেসকে ভেঙে দাও। 'কংগ্রেসকো তোড় দেও।' কেন বলেছিলেন ? এইজন্য বলেছিলেন যে তিনি জানতেন কংগ্রেসে যারা আছেন তাদের দ্বারা গ্রামের উন্নয়নের কাজ হবে না। তিনি বলেছিলেন, গ্রামে গ্রামে যাও, লোকসেবক সংঘ বানাও, যেটা বিভূতি দাশগুপ্ত করেছিলেন কিন্তু আপনারা শোনেননি। ইতিহাসে সেসব কথা লেখা আছে, আপনারা বোধহয় সেসব পড়েননি। পঞ্চায়েতিরাজ গান্ধীজির অবদান একথা অস্বীকার করা যায় না। কিন্তু তার রূপায়ণ কে করেছিলেন ?

[4.20—4.30 p.m.]

কতদিন ভোট করেননি সেটা অন্যান্যদের জিজ্ঞাসা করুন। এর রূপায়ণ কারা করলেন ? এটা বামফ্রন্ট সরকার করেছে গ্রামের মানুষদের নিয়ে সেটা অস্বীকার করতে পারবেন না। তবে এটা ঠিক, সব সাধ পূর্ণ হয়েছে সেটা নয়, তবে এক্ষেত্রে যা হয়েছে সেটা আশানুরূপ, এ কথা প্রয়াত রাজীব গান্ধী বলে গিয়েছিলেন। সবাই গ্রামে উন্নতি চান, কিন্তু বিধানসভায় বড় বড় কথা বলব, অথচ সহযোগিতা করব না, তা নয়। আমি দেখেছি, আমার এলাকায় ১৮টি পঞ্চায়েত আমাদের, ১২টা আপনাদের। আপনারা যদি দেশকে এগিয়ে নিয়ে যেতে চান তাহলে সমালোচনা করবেন ঠিকই, কিন্তু সহযোগিতাও করুন। সেক্ষেত্রে একতরফা শুধু সমালোচনা কেন ? আপনাদের পঞ্চায়েত আছে, আমাদেরও পঞ্চায়েত আছে। দেখুন, কোথায় বেশি উন্নয়ন হয়েছে আমাদের গুলোতে, না আপনাদের গুলোতে। সেটা তুলনা করবেন তো। সেটা তো দেখেন না। অডিটের কথা যা বলেছেন, অডিট নিশ্চয়ই হবে। আপনাদের যদি কোথায়ও সন্দেহ থাকে সেটা আপনারা রিপোর্ট করুন, অডিট করাবো। শুধু ওই কথা বলে কিছু হবে না, কাজের কথায় আসুন। গ্রামের মানুষের উন্নতি যেমন আপনারা চান, আমরাও চাই। এক্ষেত্রে সাহায্য করুন, সহযোগিতা করুন, এগিয়ে আসুন। এবং সেটা শুধু মুখের কথায় নয়, কাজে সেটা দেখাতে হবে। আসলে যে কাজ হচ্ছে সেটা কম কিছু হচ্ছে না এবং সেই কাজ আপনারাও করছেন, আমরাও করছি। আজকে গ্রামের কৃষিকে যারা বাঁচিয়ে রেখেছেন—কৃষিজীবী, তাদের জন্য একটি প্রকল্প নেওয়া হয়েছে। সেই প্রকল্পের কাজে সহযোগিতা করুন—তারা ১০ টাকা দিলে আমরা ১০ টাকা দেব। আসুন, ওই কাজে আমরা সকলে সহযোগিতা করি। তিন বছরের শিশুদের জন্য শিক্ষাকেন্দ্র হয়েছে। সেখানে নিয়ে যান

শিশুদের কিন্তু এক্ষেত্রে আপনারা সহযোগিতা করবেন না। আসুন, সবাই একসঙ্গে এই কাজটা করি, আমি এই আহ্বান আপনাদের জানাচ্ছি। গ্রামের উন্নয়ন সকলেই চান। কাজেই যেখানে আপনারা আছেন সেখানে আমরা যাব, যেখানে আমরা আছি সেখানে আপনারাও আসুন। আমি মন্ত্রী হিসাবে দায়িত্ব নিয়ে নিশ্চয়ই আমি এগিয়ে যাব, সবাইকে এক্ষেত্রে এগিয়ে যেতে হবে। আমরা চাই সকলে মিলে কাজ করতে, কিন্তু সেক্ষেত্রে কেন শুধু সমালোচনা করব ? ভাল কাজের প্রশংসা করবেন না কেন ? রাজ্যটা কোথায় ছিল, কিন্তু অবস্থা কি দাঁড়িয়েছে বর্তমানে সেটা দেখবেন না ? আজকে কোন গ্রামে মোটরগাড়ি পৌঁছাচ্ছে না ? আজকে গ্রামে রাস্তা হয়েছে, স্কুল হয়েছে। অর্থাৎ পঞ্চায়েত গ্রামে অনেক উন্নয়নমূলক কাজ করেছে। আপনারা সে কাজে সহযোগিতা করছেন ঠিক কথা, কিন্তু আপনারা এগিয়ে আসুন এবং সরকার যে টাকা দিচ্ছে তার সদ্ব্যবহার করুন।

সকলে সমালোচনা করবেন নানারকম কথা বলবেন, আপনারাও তো অনেক জায়গায় গ্রাম পঞ্চায়েতে আছেন, সেখানে উন্নয়নমূলক কাজ দেখিয়ে একটা দৃষ্টান্ত স্থাপন করুন যে আমরা এই গ্রামে এই পঞ্চায়েতে এই কাজ করেছি। আপনারা কি টাকা কম পান ? এই কথা অস্বীকার করতে পারবেন না যে আপনারা টাকা পান না। আপনারা সমান টাকা পান, সেই টাকা আপনারা সদ্ব্যবহার করেছেন সেটা দেখান। বামফ্রন্টের পঞ্চায়েতের চেয়ে আপনারা ভাল কাজ করেছেন এটা দেখান, একটা চ্যালেঞ্জে আসুন। শুধু সমালোচনা করলেই হবে না। আসল কথা হচ্ছে সহযোগিতা চাই, গ্রাম পঞ্চায়েতে কাজের ক্ষেত্রে সহযোগিতা চাই। সহযোগিতা না থাকলে শুধু সমালোচনা করলে কাজ হবে না, দেশের উন্নতি হবে না। আপনারা বলুন না যে আপনারা টাকা কম পাই। সেটা বলতে পারবেন না, আপনারা টাকা কম পান না। আপনারা সেই উদাহরণ দেবেন, আমি চ্যালেঞ্জ গ্রহণ করছি। লোক সংখ্যার ভিত্তিতে টাকা বিলি হয়। আপনারা উদাহরণ দিয়ে বলুন না যে এই গ্রাম পঞ্চায়েত কম টাকা পেয়েছে, এই গ্রাম পঞ্চায়েত বেশি টাকা পেয়েছে। আমি ত্রুটি স্বীকার করে নেব। কিছু কিছু প্রশ্ন এসেছে, আর.এস.পি.র এক ভদ্রলোক বলেছেন যে কিছু কিছু জায়গা এমন আছে যেগুলি পঞ্চায়েতের মধ্যে পড়ে না পৌরসভার মধ্যেও পড়ে না। আমি বিভাগ থেকে দেখার চেষ্টা করব যাতে এই রকম অবস্থায় না থাকে, যেখানে গ্রাম পঞ্চায়েতে ঢোকানো যায় কিংবা পৌরসভায় ঢোকানো যায় সেইভাবে দেখার চেষ্টা করব। শান্তিনিকেতনের কথা শুনলাম, আমি নিশ্চয়ই দেখব এটা। আসল কথা হচ্ছে পঞ্চায়েতে দোষ-ত্রুটি থাকতে পারে সেই দোষ-ত্রুটি দেখিয়ে দিলেই হবে না এই ব্যাপারে সহযোগিতা করতে হবে। আমি এই ব্যাপারে আপনাদের সঙ্গে সহযোগিতা করতে রাজি আছি। আপনারা তো অনেক সমালোচনা করলেন, আমি শুনলাম সেইসব। কিন্তু এই কথা তো আপনারা অস্বীকার করতে পারবেন না যে গোটা ভারতবর্ষের মধ্যে পশ্চিমবাংলার পঞ্চায়েত একটা নিদর্শন। গোটা ভারতবর্ষের লোক স্বীকার করেছে, বড় বড় লোকেরা স্বীকার করেছে। আপনারা তো এটা অস্বীকার করতে পারবেন না যে পঞ্চায়েতের উন্নতি হলে জাতির উন্নতি হবে, দেশের উন্নতি হবে। আমরা চাই পঞ্চায়েত আরো ভাল কাজ করুক। আপনারা যেখানে পঞ্চায়েতে ক্ষমতায় আছেন সেখানে আপনারা নিশ্চয়ই দৃষ্টি দেবেন। আপনারা বিরোধীপক্ষে আছেন, আশা করি আপনারা সহযোগিতার

হাত বাড়িয়ে দেবেন। সরকার পক্ষের সহযোগিতা চাই, আপনাদের সহযোগিতা চাই, দুপক্ষই সহযোগিতা না করলে উন্নতি করা যাবে না। ভোটের সময় বিরোধিতা হয়ে গেছে, এখন আমরা সকলেই জনপ্রতিনিধি, এখানে আমরা সকলে এক হয়ে কাজ করব। সেই মানসিকতা নিয়ে, সকলের সহযোগিতা নিয়ে আমরা পঞ্চায়েতরাজকে এগিয়ে নিতে যেতে পারব। এই কথা বলে আমার বক্তব্য শেষ করছি।

শ্রী সূর্যকান্ত মিশ্র : মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আমার দপ্তরের যে বাজেট এখানে পেশ করা হয়েছে আমি তাকে সমর্থন করে এবং বিরোধীপক্ষ যে ছাঁটাই প্রস্তাব এনেছেন তার বিরোধিতা করে দু-চারটি কথা নিবেদন করতে চাই। আমি ছাঁটাই প্রস্তাবের বিরোধিতা করছি, কারণ আমার মনে পড়ছে মাননীয় বিরোধীপক্ষের সদস্য শ্রী অসিত মাল মহাশয় বলেছেন যেটা আমি সব শুনেছি। উনি টাকা-পয়সার হিসাব দিয়ে বললেন যে গ্রাম পঞ্চায়েতে যে টাকা দিচ্ছেন তাতে কতগুলি টিউবওয়েল আছে আর টিউবওয়েল সারাই করতে কত টাকা খরচ হয়। উনি আমাকে বললেন যে টাকা আরো চাই, যা টাকা দেওয়া হয় তাতে টিউবওয়েলে খরচ করতেই শেষ হয়ে যায়, আরো অনেক কাজ করার জন্য টাকা পাওয়া যায় না। আরো অনেক কাজের জন্য টাকা চাই এই ব্যাপারে উনার সঙ্গে আমি একমত। কিন্তু এখানে ছাঁটাই প্রস্তাব আনা হচ্ছে ১ টাকা করেদিন ১০০ টাকা করে দিন। তাহলে এই প্রস্তাব আনছেন কেন ? কি কথা বলছেন আর কি লিখছেন ? সংগত কারণে আপনাদের এই ছাঁটাই প্রস্তাবের বিরোধিতা করছি।

[4.30—4.40 p.m.]

এখানে অনেক কথা হয়েছে। ঠিকই, আমাদের দপ্তরের মাননীয় স্বরাষ্ট্রমন্ত্রী বলেছেন। আমাদের পঞ্চায়েতের মধ্যে কিছুই ভাল দেখলেন না। সবই খারাপ। একটা দেশ, এতবড় দেশে একটাই মাত্র রাজ্য আছে যেখানে ৫ বছর অন্তর নির্বাচন হয়। একমাত্র রাজ্য আছে যে সংবিধান মেনে চলে। সংবিধানে নির্বাচনের যে ব্যবস্থা আছে, আমরা মেনে চলি—আমরা সংবিধানকে মেনে চলি। কিন্তু যাঁরা করেছিলেন, তাঁরা মানছেন না। গতমাসে সারাদেশে পঞ্চায়েত মন্ত্রীদের দিল্লিতে যে সম্মেলন হয়েছিল, আমি সেখানে গিয়েছিলাম। আমার খুব দুঃখ হচ্ছিল। কেন্দ্রীয় পঞ্চায়েত মন্ত্রী যখন জিজ্ঞাসা করছিলেন, কবে নির্বাচন করবেন, কেন ভেঙে দিয়েছেন, তারিখ বলুন ? ওইদিকে যাঁরা বসে আছেন, তাঁরা ছিলেন। তাঁরা জবাব দিতে পারছিলেন না। সবাই মুখ কাঁচুমাচু করছিলেন। বললেন, রাজ্যে গিয়ে জানাব। এমনকি যেগুলোর ব্যাপারে আমরা একমত হইনি, আমরা সেগুলোকেও কার্যকরী করেছি। কেন্দ্রীয় মন্ত্রী বলছিলেন, পশ্চিমবাংলা থেকে শিখুন। তারপরে হচ্ছে যে, এখানে অসিতবাবু বললেন, আরও কেউ কেউ বললেন। অনেকে আমার কানে কানে বলে গেছেন—এই যে রিজার্ভেশনের ব্যবস্থা করেছেন পদের, এটা ঠিক না। এটা বদলে দিন। অসিতবাবু তো একটা বক্তৃতা করলেন, কেন্দ্র রাজ্য কে করেছে জানি না, আমরা পঞ্চায়েতে এটা চাই না। আপনি জানবেন না, কে ব্যবস্থা করল ? তাঁরা সংবিধান সংশোধন করলেন, তাঁরা আইন করলেন, এর জবাব আমাদের দিতে হবে ? আমরা বলেছিলাম, পদ সংরক্ষণ করবেন না। আমরা আসন সংরক্ষণের কথায়, পদ সংরক্ষণ

করলে যে বিপত্তি হতে পারে, তার কথাও বলেছিলাম। ওঁরা শুনলেন না। যাঁরা করলেন, তাঁরা শুনলেন না। তা সত্ত্বেও আমরা বলেছি, যে আইন আছে, সংবিধানে যা আছে তা আমরা বাস্তবায়িত করার চেষ্টা করছি। আমাদের নিশ্চয়ই আরও করতে হবে। এতে আত্মসন্তুষ্টির কারণ নেই। কিভাবে আরও ভালভাবে কাজ করতে পারি, আরও স্বচ্ছতার সঙ্গে কাজ করতে গেলে, আরও মানুষের সঙ্গে কাজ করতে হবে। চারটি ব্লকের কথা বলছি—যেখানে সমন্বিত জন-উদ্যোগ ও সহযোগী পরিকল্পনার জন্য আমাদের স্বেচ্ছাসেবকদের প্রশিক্ষণ দেওয়া হয়েছে। তারা পাড়ায় পাড়ায় গিয়ে তথ্য সংগ্রহ করবেন। বিরোধীদের কেউ কেউ বলেছেন, তথ্য কেন চাইছেন ? তথ্য নিয়ে গিয়ে গ্রাম সভায় আলোচনা করে অগ্রাধিকারের ভিত্তিতে, গ্রামে টাস্ক ফোর্স করে, সেখানে আলোচনা করে গ্রাম পঞ্চায়েত ভিত্তিক অগ্রাধিকার ভিত্তিক পরিকল্পনা করছি। ব্লকভিত্তিক পরিকল্পনা করেছি। এখানে যদি পড়ে দেখেন—অনেকেই বলেছেন, ভারতবর্ষে খুব কম জায়গায় এই রকম দলিল তৈরি হয়েছে। নীচে যারা করছেন, সবটাই আমরা করছি তা আমরা বলছি না। এটা কোনো একটা দলের ব্যাপার নয়—দলমত নির্বিশেষে হচ্ছে। আমরা সেখানে দেখেছি ভাল উপস্থিতি হচ্ছে। আমাদের সবচেয়ে ভাল উপস্থিতি হয়েছে ১৮ শতাংশ। ১৮ শতাংশ খুব ভাল না। দশ শতাংশ, যেটা আমাদের কোরাম লাগে, সেখানে ১৮ শতাংশ হয়েছিল। এটা সর্বকালীন রেকর্ড। কিন্তু ১৮ শতাংশ মানুষ—বেশি নির্বাচকমণ্ডলী এসেছেন সভায়, এটা পৃথিবীতে খুব কম দৃষ্টান্ত আছে। যেখানে এই প্রক্রিয়ায় হয়েছে, সেখানে ৩৫ শতাংশ থেকে ৪০ শতাংশ এসেছে। আমার সঙ্গে কথা হয়েছে। এই প্রক্রিয়ায় এখানে অনেকে এসেছেন। তাঁরা ভাবছেন। আমরা তাদের সঙ্গে কথা বলতে পারছি। আমাদের পরামর্শ নিয়ে কাজ হচ্ছে। আমরা এই প্রক্রিয়াটা, এই জিনিসটা সব জায়গায় নিয়ে যেতে চাইছি। আসুন, আমরা সবাই মিলে এটা করি। আসুন, দলমত নির্বিশেষে সবাই আসুন। আপনাদের গ্রাম পরিকল্পনায় আপনারাই তৈরি করুন। আমরা এই প্রক্রিয়া ৪টি জায়গায় করেছি। আসুন, আমরা এটা সারা রাজ্যের গ্রাম-বাংলার সব জায়গায় ছড়িয়ে দিই। আমি আজ ডেপুটি স্পীকার আপনাকে এবং স্পীকার সাহেবকে অনুরোধ করব যে আপনারা সর্বদলীয় সদস্যদের নিয়ে একটা সভা ডাকুন—পঞ্চায়েতের এই বিষয় নিয়ে আলোচনা করি। তাতে একটা আবেদনপত্র যাবে দলমতনির্বিশেষে, যে পঞ্চায়েত যেখানে চলছে, যে পার্টিই চালান না কেন গ্রাম পঞ্চায়েতের সংসদে সবাইকে যেন ডাকেন, সবাই যেন যান সেই সভায় এই রকম একটা আবেদন করছি এবং সবাই মিলে এটা করতে পারি কিনা আমরা সেটা আলোচনা করে দেখতে পারি। এতে আপনাদের আপত্তি আছে কিনা জানি না। তারপরে সরকারি ব্যবস্থাপনায় অডিট ইত্যাদির কথা উঠেছে। আমরা করেছি এবং আমরা যা করছি তার একটা হিসাব আমি দিয়েছি বাজেট বক্তৃতায়। আমি যে হিসাব দিয়েছি তাতে ১৯৯৯-২০০০ সালে ২ হাজার ১৯০টি এবং তার আগের বছর ১৯৯৮-৯৯ সালে ৩ হাজার ১৭২টি গ্রামের পঞ্চায়েতের অডিট হয়েছিল। অর্থাৎ প্রথমটিতে ৬৬ শতাংশ এবং দ্বিতীয়টিতে ৯৫ শতাংশ হয়েছে। কিন্তু পঞ্চায়েত সমিতি এবং জেলা পরিষদের ব্যাপারে সমস্যার কথা আমরা অনেকবার বলেছি, এখানে আবার সাবজেক্ট কমিটির রিপোর্টেও পড়া হল। এটা তো সি এ জি এবং ই এল এ করে, তাদের বারে বারে অনুরোধ করেছি—আপনারা একটু তাড়াতাড়ি করুন। আগের চেয়ে তাদের গতি

বেড়েছে। তবে সাম্প্রতিককালে একটু গতি কমে গেছে। তাদের উপরে দায়িত্ব দিয়েছি যাতে নিরপেক্ষতা নিয়ে কোন প্রশ্ন না ওঠে। আমাদের সাবজেক্ট কমিটি সুপারিশ করেছিল ওদের হাত থেকে নিয়ে নেওয়ার জন্যে। আমরা তা করিনি, ওদেরকেই বলেছি আরো একটু তাড়াতাড়ি করতে। ১৯৯৯-২০০০ সালে ৮২টি পঞ্চায়েত সমিতির এবং ১৯৯৮-৯৯ সালে ১৫০টি পঞ্চায়েত সমিতির অডিট হয়েছে। আপনারা যারা বেশিদিন আছেন, ১০ বছর আছেন—তারা জানেন আমরা কতদূর এটাকে এগিয়ে আনতে পেরেছি। জেলা পরিষদের ক্ষেত্রে বলি সব জেলাতেই হয়েছে ১৯৯৭ সাল পর্যন্ত আর ১৯৯৯-২০০০ সালের দুটি জেলায়—বাঁকুড়া এবং হাওড়ারও অডিট হয়েছে। আমি ওদেরকে বারে বারে আবেদন করেছি এটা করে দিন। আমি ওদের বলছি আপনারা তাড়াতাড়ি করুন যাতে এটা আপ টু ডেট হয়ে যায়। ই এল একে আবেদন করেছি, তাড়াতাড়ি করে দিন। আর যেখানে অডিটে কিছু গরমিল ধরা পড়েছে সেক্ষেত্রে ব্যবস্থা নেওয়া হবে। প্রত্যেকবারই হিসাব দিচ্ছি। এই বছর পর্যন্ত যা হিসাব তাতে ৯৬ জনের বিরুদ্ধে এফ আই আর করা হয়েছে। গ্রাম পঞ্চায়েত স্তরে ৮৯ জন এবং পঞ্চায়েত সমিতির ৭ জন—এদের বিরুদ্ধে এফ আই আর করা হয়েছে। তাছাড়া ১১ জনকে গ্রেপ্তার করা হয়েছে। গ্রাম পঞ্চায়েতের ২৫ জনকে সাসপেন্ড করা হয়েছে। সাসপেন্ড যে সরকারি পদ্ধতিতে যেভাবে সাসপেন্ড হয় সেই মতোই করা হয়েছে। এখানে কাকদ্বীপের কথা উঠেছে। কাকদ্বীপ পঞ্চায়েত সমিতিতে দুর্নীতি হয়েছে, পুলিশ সেখানে ব্যবস্থা নিয়েছে, এফ আই আর করা হয়েছে। ওখানকার চেয়ারম্যানকে গ্রেপ্তার করার নির্দেশ দেওয়া হয়েছিল কিন্তু তিনি আগাম জামিন নিয়ে নিয়েছেন। যাদের অ্যারেস্ট হওয়ার কথা ছিল তার মধ্যে কিছুজন আগাম জামিন হাইকোর্ট থেকে নিয়ে এসেছেন। হাইকোর্ট থেকে নিয়ে এলে পরে তাদের তো গ্রেপ্তার করতে পারি না। তারপরে একজন বক্তৃতা করলেন যে,—আমাদের দলের অমুক জায়গায় অমুক লোকের বিরুদ্ধে নাকি ব্যবস্থা নেওয়া হয়নি। এটা ঠিক নয়, আমাদের দল বলে নিইনি আর আপনাদের দলের ক্ষেত্রে নিয়েছি একথা কেউ বলতে পারবেন না। বরং আপনাদের দলেরই কারুর নামে কোন ব্যবস্থা নিইনি দুর্নীতির অভিযোগ থাকা সত্ত্বেও, আমরা কোনো ব্যবস্থা নিইনি।

আমরা মনে করি পঞ্চায়েতের মধ্যে গ্রামের মানুষদের একটা বড় ভূমিকা আছে। এই কারণে আমরা প্রত্যেক জেলায় ডিস্ট্রিক্ট কাউন্সিল করতে শুরু করেছি। ভারতবর্ষের কোনো রাজ্যে এই দৃষ্টান্ত নেই। তারপরে বিরোধীপক্ষের নেতাকে আমরা চেয়ারম্যান করেছি। আপনাদের লোকেরাই ওখানে চেয়ারম্যান হবে এবং তারজন্য তাকে আমরা দায়িত্বও দিয়েছি। অ্যাডমিনিস্ট্রেশন দেখবার জন্য তাদের ট্রেনিং দিচ্ছি। আমাদের লোকেরা গিয়ে ট্রেনিং দেয় কিভাবে বিরোধীপক্ষরা বিরোধিতা করবেন ইত্যাদি। সুতরাং সব বিষয়টা একটু বোঝার চেষ্টা করুন। কিভাবে বিরোধিতা করবে কিভাবে সভার কাজ চালাবে—সবই ট্রেনিং দেওয়া হয়।

[4.40—4.50 p.m.]

তারপরে ওদের আমরা ট্রেনিং দিচ্ছি, আমাদের ইন্সটিটিউশানে, সেইগুলির কি করে বিরোধিতা করতে হবে তার ট্রেনিং আমরা দিচ্ছি। আপনারা ওদের একটু বোঝান কি করে অডিটের বিরোধিতা করতে হয়। গণতন্ত্র কিভাবে চলবে, আপনারা যদি দায়িত্ব পালন না

করেন এসব। এই যে পাবলিক অ্যাকাউন্টস কমিটির যে ক্ষমতা, সেই ধরনের ক্ষমতা আমরা দিয়েছি। বিমাতৃসুলভ আচরণ তো আমরা করিনি। আমাদের একটা হিসাব আছে। গাইড লাইন আছে। জনসংখ্যা তফসিলি জাতি ও উপজাতি এইসব কম্পিউটারে ঠিক করে যদি করা যায়, (এ. ভয়েস—ওখানেও তো দলটল হবে) কম্পিউটারে দলটল বুঝতে আরম্ভ করেছে নাকি আজকাল ? যে বিমাতৃসুলভ আচরণ করবে, সেইজন্য সংশ্লিষ্ট কিছু থাকলে বলছি, দেখব আমরা, দেখব না এইরকম কিছু ব্যাপার নয়। খরচ-খরচার কথা বলেছেন, খরচের কথা আমাকে প্রতি বাজেটে দেখাতে হয়, এখানে কে একজন বললেন, চার শতাংশ সাড়ে চার শতাংশ আমরা খরচ করেছি। কে নাকি ৯৭ করেছে, কে ৮৭ করেছে, আর আমাদের সাড়ে চার। এটা কোথা থেকে পেলেন জানি না। কোন কাগজ থেকে বলছেন ? আমি আগেতেও বলেছি, আপনারা ওই কাগজ বেশি পড়বেন না। পড়বার জন্যই বারবার আপনারা ওইদিকে বসছেন। কাগজে লিখছে আপনারা এদিকে আসবেন কিন্তু বারবার ঐদিকে থাকছেন। আর বেশি ওইটার উপর নির্ভর করবেন না। আপনারা আমাদের তথ্যের উপর নির্ভর করুন কোনটা কোন মাসে কোন সময়ে কি হচ্ছে। আমি দায়িত্ব নিয়ে বলছি, আমার বিরুদ্ধে স্বাধিকার ভঙ্গের নোটিশ দেওয়া যায়। আমরা যদি ভুল কথা বলি, এই রকম বললে স্বাধিকার ভঙ্গের নোটিশ আনা যায়, কিন্তু আমি আপনার বিরুদ্ধে স্বাধিকার ভঙ্গের নোটিশ আনছি না। এই ২০০০-০১ সালে যে জে জি এস ওয়াই, এখানে অনেকে লিখেছেন, জে আর ওয়াই-এর নাম, এখনও তিন বছর পিছনে আছেন, নাম বদল হবে, কেন্দ্রীয় সরকার আর সরকার এর বদল হবে, আর ওরা লিখে যায় এখানে ছাপা হবে, জানেন তো ঠিকমত লেখেন না, আর সেখানে ওরা লিখছেন এসব। জে জি এস ওয়াইতে কেন্দ্রীয় সরকারের বরাদ্দ ছিল ১১৭ কোটি ৮৮ লক্ষ টাকা। আমাদের খরচ হয়েছে ১৭৬ কোটি ২৮ লক্ষ টাকা। এখানে কেন্দ্রীয় সরকারের দেয় যে অংশ আছে এবং রাজ্যের যে অংশ, তা মিলিয়ে আমাদের খরচ হয়েছে ৮৪ শতাংশ। সেখানে আমরা মনে করছি, ইয়েস-এতে আমাদের খরচ হয়েছে ৭৩ শতাংশ। কেন্দ্রীয় সরকার ৬৬ কোটি ৩১ লক্ষ টাকা দিয়েছিল, আমরা খরচ করেছি ১২০ কোটি ৯১ লক্ষ টাকা, রাজ্যের অংশ মিলিয়ে ৭৩ শতাংশ আমরা খরচ করেছি। আই এ ওয়াইতে ১০৬ কোটি ২৩ লক্ষ টাকা দিয়েছিল কেন্দ্র আমরা ১৪৭ কোটি ৯৫ লক্ষ টাকা খরচ করেছি। ৮০ শতাংশ কেন্দ্র-রাজ্য মিলিয়ে আমরা খরচ করেছি। নির্বাচন না হত। আরো খরচ করতে পারতাম যদি এই যে এখানে একজন বক্তৃতা করলেন, গোবিন্দবাবু বক্তৃতা করলেন, আপনি একটু শুনে নিন, পি এম জি এস ওয়াই-তে বললেন, কেন্দ্র সব টাকা দেয় আপনারা কিছু খরচ করেননি। আপনি কি জানেন, পি এম জি এস ওয়াই-তে বরাদ্দটা আর্থিক বছরের অ্যালটমেন্টটা মার্চ মাসে হয়েছে আর ওই স্কিমগুলির অনুমোদন যে মাসে হয়েছে; এই ২০০১ সালের যে মাসে যে স্কিমগুলি অনুমোদন হয়েছে, সেখানে আপনি ২০০০ সালের মার্চে কি করে আশা করতে পারেন খরচের ব্যাপারটা ? আপনি কি জানেন পি এম জি এস ওয়াই-এর বরাদ্দ হয়েছে ফেব্রুয়ারি মাসে, আর আপনি মার্চ মাসে খরচের হিসাব চাইছেন যখন নির্বাচন ঘোষণা হল, আর নির্বাচনে কমিশনের বিধিবদ্ধ কিছু ব্যাপার আছে, যার জন্য কিছু খরচ করা যায় না, ইত্যাদি ব্যাপার আছে। সেইজন্য একটু বোঝাবার চেষ্টা করুন, আমরা চেষ্টা করছি, আমরা বলেছি, ২০ শতাংশের মতো টাকা এটা মার্চ মাসে আসে। সেই ২০

শতাংশ টাকা খরচ হয় না। কি করে হবে। মার্চ মাসে পেয়ে অর্থাৎ ৩১শে মার্চ টাকা পেয়ে মে মাসে অনুমোদন পেয়ে গত মার্চে খরচ করা যায় নাকি ? এবারে বলছি, বারবার আপনারা এইসব বলছেন, সেইজন্য আমাকে এই হিসাবটাও বারবার দিতে হচ্ছে। হ্যাঁ, আমাদের খরচ যেটা হয়েছে এস. জি. এস. ওয়াই.-তে কি করব ব্যাঙ্কের ব্যাপার আছে, নতুন নির্দেশিকা বেরুল এখানে আপনারাও সবাই ছাঁটাই প্রস্তাব দিয়েছেন ট্রাইসেম এখানে তুলে দিয়েছেন—স্বরোজগার প্রকল্প ; স্বনির্ভর স্বরোজগার প্রকল্প এইসব ব্যাপারে এমন সব নির্দেশিকা দিয়েছেন যেগুলি কার্যকরী করা যাচ্ছে না। সেই নিয়ে কেন্দ্রের মন্ত্রীর সঙ্গে আমাদের আলোচনা হয়েছে, মন্ত্রীদের সম্মেলনে, হায়দ্রাবাদে একটা হয়েছিল, আমাদের যে প্রস্তাব তা আমরা বলেছি, আমরা কিছু নতুন ব্যবস্থা নিতে চাচ্ছি, আমাদেরও কিছু নতুন উদ্যোগ নিতে হবে। আমাদের উদ্যোগ এই ব্যাপারে যথেষ্ট হয়েছে, সেইসব আমরা নেব। আমাদের খরচের হিসাব নিকাশ ইত্যাদি করতে হবে, আর বাকি সাধারণ সমস্যার কথা অনেকে বলেছেন ঠিকই, কিংবা অনেকগুলি আছে, ৫০/৬০ খানা, এই ব্যাপারে আমি আপনাদের বলছি, দশম পঞ্চবার্ষিকী পরিকল্পনায় অ্যাপ্রোচ পেপার তৈরি হয়েছে, আপনারা যদি কেউ পড়াশুনা করে দেখেন, দেখবেন তাতে লেখা আছে ১৫০-এর বেশি স্কিম আছে, যেগুলি কেন্দ্রীয় সরকার চালু করেছেন—যাকে সেন্ট্রাল স্পনসর্ড স্কিম বলা হয়। সেগুলি রাজ্যের এক্তিয়ারভুক্ত বিষয়। সংবিধানে রাজ্য তালিকাভুক্ত বিষয়—১৫০-এর বেশি স্কিম কেন্দ্রীয় সরকার চালু করেছেন, তার জন্য প্রত্যেকটির একটা করে গাইড লাইন দেয়। প্রত্যেকটির একটি করে কমিটি তৈরি করে দেয়। আর সেই ১৫০টা স্কিম যদি হয় তাহলে ১৫০টা কমিটিও হবে, দিল্লি থেকে কমিটি তৈরি করে দেওয়া হবে, আমরা সেইসবগুলি ভাঙতে পারি নাকি ? এতো কেন্দ্রীয় সরকারের প্রকল্প। আমরা কি সেইসব ভাঙতে পারি নাকি ! আপনারা যা বলছেন এবং আমাদের যেটুকু করার আছে, আমি এখানে নির্দেশ দিয়েছি, লিখিতভাবেও আরেকবার দেব। কিভাবে সেই কমিটির সংখ্যা কমানো যায় দেখব। জেলা পরিষদ, পঞ্চায়েত সমিতির মধ্যে সব দপ্তরগুলোকে নিয়ে এলে ভালো হয়, মোটামুটি এইরকম আছে। যাতে এইসব বিষয়গুলো আলোচনা করে কমিটির সংখ্যা কমানো যায়, সেই ব্যাপারটা আমরা দেখছি, আমরা আরেকবার নির্দেশ দেব। আর এখানে অনেকে বলেছেন পরিকাঠামোর সমস্যার কথা—পরিকাঠামো আমাদের যা আছে, কোথাও এইরকম আছে নাকি। আমি ভারতবর্ষের অনেক জায়গায় গেছি, ভারতবর্ষের এমন কোন জায়গা নেই যেখানকার পঞ্চায়েত ব্যবস্থা আমি দেখিনি। আমি মন্ত্রী আছি এগারো বছর এবং কেন্দ্রে যে কমিটি আছে আমি তার মেম্বার। এর মধ্যে কেন্দ্রীয় মন্ত্রী জনাছয়েক এসেছেন, গেছেন, আর অন্যান্য রাজ্যের মন্ত্রীরা সব বদল হয়ে গেছে, কিন্তু আমি আছি এগারো বছর। কোন জায়গায় আছে নাকি, গ্রাম পঞ্চায়েতে একজন সচিব আছেন, জব অ্যাসিসটেন্ট আছে, তারপরে তিন, চারজন করে গ্রাম পঞ্চায়েতে কর্মী আছে। এইরকম ব্যবস্থা কোথাও নেই। বিভিন্ন দপ্তরের সরকারি কর্মচারী যারা আছেন, যেহেতু আমাদের বিভিন্ন দপ্তরের পরিকল্পনা বাজেট বিকেন্দ্রিকৃত করা হয়েছে, সেইসব স্তরের কর্মচারীদের পঞ্চায়েতে একটা ভূমিকা আছে। ওই সমস্ত কর্মচারীরা তারা তো ওইখানেই বসেন, তিনি গ্রাম পঞ্চায়েতের স্টাফ না হতে পারেন, কিন্তু তিনি ওখানে কাজ করবেন। স্বাস্থ্য দপ্তরের কর্মচারী, রেভিনিউ ইন্সপেক্টার বলে যে পদ আছে, তাদেরকে আমরা গ্রাম পঞ্চায়েতে

বসতে বলি। যারা গ্রাম সেবক আছেন, তাদের গ্রাম পঞ্চায়েত স্তরের কাজে যুক্ত করা হয়। জেলায় পি.ডবলু.ডি., ইরিগেশান ওয়াটারওয়েজের ডিপার্টমেন্টের অনেক টাকা জেলায় যাচ্ছে, অনেকগুলো দপ্তরের টাকা জেলায় নেমেছে, সেইসব দপ্তরের যারা জেলা আধিকারিক আছেন, যারা একসিকিউটিভ ইঞ্জিনিয়ার আছেন তারাই তো সব কাগজপত্র তৈরি করেন, টেন্ডারের কাগজ তৈরি করে দিচ্ছেন, সুপারভিশানের কাজ তারাই করছেন। এটাকে আরও কি করে উন্নতি করা যায় সেটা আমরা চেষ্টা করছি। জেলার বন বিভাগের যারা আধিকারিক আছেন, ফিশারীজের যারা অফিসার আছেন এবং এইসব দপ্তরের যে টাকাটা সেখানে যাচ্ছে, যে টাকাটা খরচ করা হচ্ছে তার এস্টিমেট তৈরি করা, সুপারভিশান করা, এইসব তারা করছেন। এইসব কিছু নিয়েই তো আমাদের পরিকাঠামো। তা সত্ত্বেও কোথাও যদি লোকের অভাব হয়, তাহলে স্কিমভিত্তিক ওরা লোক নিতে পারে। গ্রাম পঞ্চায়েতে একটা স্কিম হচ্ছে, সেখানে দৈনিক মজুরি যে রকম, সেই মজুরির দ্বিগুণ মজুরি দিয়ে, একজন দক্ষ শ্রমিকের যে মজুরি, সেই মজুরি দিয়ে, একজন স্থানীয় বেকার ছেলে, সাব-অ্যাসিসটেন্ট ইঞ্জিনিয়ার আছেন, তাকে ওই কাজে আমরা লাগাতে পারি। হিসাব পরীক্ষার জন্য কিছু লোকজন আমাদের দিতে হবে। আমরা বলেছি আমাদের যে লিস্টেড চার্টার অ্যাকাউন্টটেন্ট আছেন, তাদের সাহায্য নিয়ে আপনারা হিসাব তৈরি করে নিন। ওদের সাহায্য নিন, পরামর্শ নিন, সব সময় আমাদের লোক দিতে হবে তার কোনও মানে নেই। এত রকম হিসাব তৈরি করতে হবে, তালিকাভুক্ত চার্টার অ্যাকাউন্টটেন্ট ফার্মের সাহায্য নিন। তারপরে স্ট্যাটুইটারী অডিট হবে, এ.জি-কে আমরা বলেছি, সেখানে যে ভুল ত্রুটি বেরোবে, শিক্ষা নিয়ে পরে সেগুলো ঠিক করতে হবে।

(ভয়েস : **শ্রী সৌগত রায়** : জোর করে পদত্যাগপত্র লিখিয়ে নেওয়া হচ্ছে, এইসব ব্যাপারে আপনি কোনও রিপোর্ট পাননি।)

ডাঃ সূর্যকান্ত মিশ্র : আমরা এইরকম কোনও রিপোর্ট পাইনি, যদি আপনার কাছে থাকে তাহলে আপনি দিয়ে দিন। তবে আপনাদের লোককে আপনারা সামলান, যাতে আপনাদের ছেড়ে না যায়। যদি জোর করে কিছু হয় তাহলে আমি দেখব। তবে আমার কাছে এই ব্যাপারে কোনও রিপোর্ট নেই। আর বার্ধক্যভাতার ব্যাপারে কে একজন বললেন ৭৫ টাকা কেন্দ্র দিচ্ছে, আর ২৫ টাকা আপনারা দিচ্ছেন। এই ২৫ টাকা তো আমাদের দেওয়ার কথা নয়, আমরা এমনিই দিই। এখন ওরা ১০০ টাকা করেছে, কিন্তু যখন ৭৫ টাকা ছিল, তখনও আমরা ১০০ টাকা দিয়েছি। কিন্তু ওরা ৭৫ করেছিল বলে আমরা ২৫ দিয়ে পুষিয়ে দিয়েছি। আমরা তারপর ৩০০/৪০০ করতে যাচ্ছি।

[4.50—5.00 p.m.]

সেইজন্য ২৫ দিয়ে আমরা পুষিয়ে দিচ্ছি। দেওয়াটা আমাদের বাধ্যতামূলক নয়। সেদিন কেন্দ্রীয় মন্ত্রীর সঙ্গে কথা হল—তারা বলছে এই বছর এটা কমিয়ে দেবেন। আমি বললাম, এত দিনের ব্যাপারটা বন্ধ হয়ে যাবে। যেটা কোটা আছে, সেটা রেখে দিন।

আমার আর সময় বেশি নেই, সবুজ আলো জ্বলে গেছে, এর পর লাল আলো জ্বলবে, তার আগেই আমার বক্তব্য শেষ করতে চাই। এতজন বলেছেন, আমি জবাব দিয়েছি। বারেবারেই আমাদের জবাব দিতে হবে এখান থেকে, আপনারা ওদিকেই থাকবেন আমরা জবাব দেব। মানুষ আমাদের নির্বাচিত করেছে। আবার দু-বছর পরে যখন নির্বাচন হবে, মানুষ আমাদেরই নির্বাচিত করবেন। আর আপনারা যারা নেতিবাচক দৃষ্টিভঙ্গি নিয়েছেন, তাদের মানুষ পরাজিত করবেন। এই কথা বলে এই বাজেট বরাদ্দ যা চাওয়া হয়েছে তাকে সমর্থন করে, বিরোধীদের আনা কাটমোশানের বিরোধিতা করে আমার বক্তব্য শেষ করছি।

[4.50—5.00 p.m.]

DEMAND No. 59

The motions (Nos. 1&2) that the amount of the Demand be reduced to Re.1/-

were then put and lost.

The motions (Nos. 3 to 12) that the amount of the demand be reduced by Rs. 100/-

were then put and lost.

The motion of Dr. Asim Kumar Dasgupta that a sum. of Rs. 25,91,20,000 be granted for expenditure under Demand No. 59, Major Head : "2501-Spceical Programmes for Rural Development" during the year 2001-2002.

(This is inclusive of a total sum of Rs. 8,63,73,000 already voted on account in February, 2001)

was then put and agreed.

DEMAND No. 60

The motion of Dr. Asish Banerjee that the amount of the demand be reduced to Re. 1/-

was then put and lost.

The motions (Nos. 2 to 12) that the amount of the demand be reduced by Rs. 100/-

were then put and lost.

The motion of Dr. Asim Kumar Dasgupta that a sum of Rs. 211,34,98,000 be granted for expenditure under Demand No. 60, Major Head : "2505-Rural Employment" during the year 2001-2002.

(This is inclusive of a total sum of Rs. 70,44,99,000 already voted on account in February, 2001)

was then put and agreed to.

DEMAND No. 62

The motions (Nos. 1 to 3) that the amount of the demand be reduced to Re. 1/-

were then put and lost.

The motions (Nos. 4 to 29) that the amount of the Demand be reduced by Rs. 100/-

were then put and lost.

The motion of Dr. Asim Kumar Dasgupta that a sum of Rs. 719,09,60,000 be granted for expenditure under Demand No. 62, Major Heads : "2515-Other Rural Development Programmes (Panchayati Raj), 3604-Compensation and Assignments to Local Bodies and Panchayati Raj Institutions (Panchayati Raj) and 6515-Loans for Other Rural Development Programmes (Panchayati Raj)" during the year 2001-2002.

(This is inclusive of a total of Rs. 239,69,87,000 already voted on account in February, 2001.)

was then put and agreed to.

DEMAND No. 63

The motions of Shri Nirbed Roy (cut motion no. 1), Shri Ashok Kumar Deb (Cut motion no. 2) and Shri Abdul Mannan (cut motion no. 3) That the amount of the Demand be reduced by Rs. 100/-

were then put and lost.

The motion of Dr. Asim Kumar Dasgupta that a sum of Rs. 106,60,55,000 be granted for expenditure under Demand No. 63, Major Heads : 2515-Other Rural Development Programme (Community Development), 4515-Capital Outlay on Other Rural Development Programmes (Community Development) and 6515-Loans for Other Rural Development Programmes (Community Development)" during the year 2001-2002.

(This is inclusive of a total sum of Rs. 35,53,51,000 already voted on account in February, 2001)

was then put and agreed to.

DEMAND No. 45

শ্রী পঙ্কজ ব্যানার্জী: মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, তথ্য প্রযুক্তি বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী শ্রী মানব মুখার্জী মহাশয়, তার ৪৫ নাম্বার দাবির অধীনে যে ব্যয়বরাদ্দ মঞ্জুরি সভায় পেশ করেছেন, তার পরিপ্রেক্ষিতে আমি আমার বক্তব্য পেশ করছি। স্যার, এখানে তিনি যে বিবৃতি পেশ করেছেন সেটা যদি একটু পড়ে দেখেন, তাহলে দেখবেন যে, এখানে কতগুলি টেকনিক্যাল টার্ম উল্লেখ করেই তার দায়িত্ব শেষ করেছেন। যদিও মন্ত্রী নতুন দায়িত্ব পেয়েছেন, কিন্তু আসলে প্রবলেম হয়ে গেছে এই মার্কসবাদী কমিউনিস্ট পার্টির নীতি এবং তার ফলস্বরূপ এই মন্ত্রিসভা সিদ্ধান্ত নিয়ে সব সময়ই এত বিলম্ব করেন যে, ঘটনা ঘটে যায়, পৃথিবী এগিয়ে যায়, এমনকি ভারতের অন্যান্য প্রদেশও এগিয়ে যায়, কিন্তু পশ্চিমবঙ্গ এগোতে পারে না। তার কারণ মাননীয় অধ্যক্ষ মহাশয়, ১৯৮০ সালে যখন এই কলকাতায় ইনফরমেশান টেকনোলজির প্রথম স্বপ্ন হিসাবে হংকং ব্যাঙ্কে যখন কম্পিউটার বসানোর জন্য চেষ্টা করেছিলেন, তখন মার্কসবাদী কমিউনিস্ট পার্টির শ্রমিক নেতারা সারারাত পাহারা দিয়ে ডালহৌসি স্কোয়ারে হংকং ব্যাঙ্কে সেদিন কম্পিউটার বসাতে দেননি। এই সমস্ত কারণে ভারতের অন্যান্য প্রদেশ যখন এগিয়ে গেছে, তখন পশ্চিমবঙ্গ সবে যাত্রা শুরু করেছে। মাননীয় অধ্যক্ষ মহাশয়, ১০-১১ পাতায় দেখুন যে, সব ডিপার্টমেন্টেই শুরু করেছে, শুরু করার কথা ভাবছে চালু করা হবে, শুরু করার কথা চিন্তা করছে। কম্পিউটার বসানোর কাজ শুরু করা হয়েছে। তথ্য সংস্কৃতি দপ্তর রিজিওনাল কম্পিউটার সেন্টারের কাজ শুরু করেছে। স্বরাষ্ট্র দপ্তর তাদের কম্পিউটার বসানোর কাজ শুরু করেছে। অর্থাৎ যখন গোটা পৃথিবী ইনফরমেশান টেকনোলজিতে বেশ কয়েক ধাপ এগিয়ে গেছে, তখন আমাদের রাজ্য শুরু করেছেন মাত্র। যার ফলে আমরা ক্রমাগত পিছিয়ে যাচ্ছি। রাজ্যের একটা মাত্র সংস্থা ওয়েবেল। মন্ত্রী বলছেন সমস্ত কিছু এই ওয়েবেলকে দিয়ে করানো হচ্ছে। কিন্তু ওয়েবেল নিকো বন্ধ হয়ে গেছে। ওয়েবেল ভিডিও লিমিটেড উঠে গেছে। ওয়েবেল মেশিন টুলস বন্ধ হয়ে গেছে। ওয়েবেল ইলেকট্রনিক্স বন্ধ হয়ে গেছে। ওয়েবেলের সমস্ত উদ্যোগগুলি থেমে গেছে।

[5.00—5.10 p.m.]

বন্ধ হয়ে গেছে। এখন সরকারে যে কাজ ওয়েবেলকে দিয়ে যারা করছেন, ওয়েবেল কি করছে, মার্কেট থেকে সফট্ওয়ার নিচ্ছে, মার্কেট থেকে হার্ডওয়্যার নিয়ে পুলিশের লাল বাজারে বসিয়েছেন, লালবাজারে যেটা কলকাতার অন্যান্য থানাকে যোগাযোগ করার চেষ্টা করেছেন, মাননীয় মন্ত্রী মহাশয় আপনি গিয়ে দেখুন কলকাতা মার্কেট থেকে কিনে নিয়ে তারা ক্যাটারিং করছে মাত্র। এই ক্যাটারিং করার সুবাদে ওয়েবেল সমস্ত কনট্যাক্ট আপনাদের কাছ থেকে নিয়ে যাচ্ছে। তার ফলে এই নিজস্ব প্রতিষ্ঠান বড় হচ্ছে না। মাঝারি যারা, ছোটোখাটো যারা ইমপোর্ট করছে, বিভিন্ন জায়গা থেকে যারা ইমপোর্ট করছে ওয়েবেল সেই মালগুলোকে ক্যাটার করছে। আর ওয়েবেল সেইগুলোকে নিয়ে বিভিন্ন সরকারি দপ্তরে বসিয়ে দিচ্ছে। মাঝখানে টাকাটা হেরাফেরি হয়ে যাচ্ছে। কোন শিল্প সংস্থা তৈরি হচ্ছেনা। হার্ডওয়্যার যা কিছু

আসছে তারা নিয়ে সাপ্লাই করে দিচ্ছে এবং সরকার মনে করছে তাই তারা করছে। আমি সুস্পষ্টভাবে দুটো সাজেশন রাখতে চাই মাননীয় অধ্যক্ষ মহাশয়, আজকে আমাদের যে ভি.এস.এন.এল আছে আমি মাননীয় মন্ত্রীকে বলব যে ভি.এস.এন.এলের ক্যাপাসিটি ৩২ এম.পি.পি.এস ৩২ মেগাবাইটস পার সেকেণ্ড এবং এখানে এক লক্ষের মত গ্রাহক আছে যে ১ : ১০ ব্যবহার হয় অর্থাৎ এখানে ১০ হাজারের মত গ্রাহক এখানে এক সময়ে কাজ করতে পারে যাতে কমবেশি ৩.২ কে.ভি.পি.এস ইউজ করতে পারে যেটা প্রয়োজনের তুলনায় অত্যন্ত কম। যার ফলে তারা পরিষ্কারভাবে কোন কিছু ব্যবহার করতে পারছে না এবং শুধু তাই নয় মাননীয় অধ্যক্ষ মহাশয়, আজকে আমি বলছি ফাইবার অপটিক নেটওয়ার্ক— ফাইবার অপটিক নেট ওয়ার্কে আমরা কম টাকা খরচ করে গোটা পশ্চিমবাংলাকে যোগাযোগ করে দিতে পারি, বর্ধমানের সঙ্গে কলকাতার সরাসরি যোগাযোগ করে দিতে পারি। মাননীয় অধ্যক্ষ মহাশয়, গ্রেটার ক্যালকাটায় গ্যাস সাপ্লাই-এর লাইন আছে সেই লাইনের ভেতর দিয়ে যদি আমরা গ্লাস ফাইবার অপটিক পাঠিয়ে দিই তাহলে বর্ধমানের সঙ্গে কলকাতার সরাসরি যোগাযোগ হয়ে যায় এবং নামমাত্র মূল্যে যদি এই সিস্টেমকে আমরা ডেভেলপ করতে পারি, গোটা পশ্চিমবাংলায় ফাইবার নেটওয়ার্ককে নিয়ে আসতে পারি। আমাদের গোটা পশ্চিমবাংলায় বিদ্যুতের যে ব্যবস্থাগুলো আছে, যেখান থেকে সমস্ত বিদ্যুৎ পরিবহনের ব্যবস্থাগুলো আছে যে ট্রান্সপোর্ট সেন্টারগুলো আছে যেখান থেকে সমস্ত বিদ্যুতের পরিবহন ব্যবস্থাগুলো হয় তাদের যে নেটওয়ার্ক লাইনগুলো আছে সেই নেটওয়ার্ক লাইন বরাবর যদি তার টেনে আমরা সেখানে ফাইবার অপটিক দিয়ে কাজ চালিয়ে নিই তাহলে বিনামূল্যে আমরা গোটা পশ্চিমবাংলাকে যোগাযোগ করতে পারি। আর যোগাযোগ করার মাধ্যমে আমরা আজকে ই-গভর্নেন্সকে তাড়াতাড়ি করতে পারি। তাতে আমাদের অর্থের খরচ কম হবে। এমনকি আজকে আমরা কোস্টালের সুযোগ নিতে পারছি না। মাননীয় অধ্যক্ষ মহাশয়, উড়িষ্যা রাজ্য যেখানে পারাদ্বীপ বন্দর সেখানে আজকে কোস্টাল ফাইবার কেবল বসিয়ে নিয়েছে সেখানে সিঙ্গাপুর, হংকং থেকে লাইন করে নিয়েছে। সিঙ্গাপুর, হংকং আন্ডার সী দিয়ে আজকে পারাদ্বীপ বন্দর থেকে গোটা পৃথিবীর সঙ্গে যোগাযোগ করতে পারছে। আমরা দেখছি বোম্বেতে 'ফল্যাগের' সঙ্গে যোগাযোগ নিয়েছে, গোটা বোম্বে দরিয়া ফ্ল্যাগের মাধ্যমে ইন্টারন্যাশনাল কমিউনিকেশন তারা সেখানে তৈরি করে ফেলেছে। আর আমরা একটা হালিশহরে আমাদের আপলিংকিং সেন্টার আছে আমাদের, আর আপলিংকিং সেন্টার আমরা করতে পারিনি। মাননীয় মন্ত্রী মহাশয়, আপনি জানেন কলকাতায় অনেক ইলেকট্রনিক মিডিয়া আছে। এই নতুন ইলেকট্রনিক মিডিয়া এখান থেকে আপলিংকিং করে তামিলনাড়ু পাঠিয়ে দিচ্ছে, তামিলনাড়ু স্যাটেলাইট পারকোলেট করে। আমরা আবার পশ্চিমবাংলায় তাদের ইলেকট্রনিক মিডিয়া সংবাদ বলুন, আমোদ-প্রমোদ বলুন, যা কিছু আমাদের এখান থেকে আপলিংকিং-এর জন্য চলে যাচ্ছে তামিলনাড়ু আর তামিলনাড়ু স্যাটেলাইট ট্যাপ করে আমরা পশ্চিমবাংলায় আনছি। এখানে কোন আপলিংকিং-এর ব্যবস্থা কিন্তু করলেন না। মাত্র একটা হালিশহরের উপর নির্ভর করে বসে আছেন এবং যার ফলে একটা প্রযুক্তিগত ফারাক, আমরা অনেকটা পিছিয়ে যাচ্ছি। মাননীয় অধ্যক্ষ মহাশয়, এর ভিতর আমরা কি দেখছি আমেরিকার বিল গেটসের কাছে প্রতিনিধি পাঠাচ্ছেন, কাকে ? পশ্চিমবঙ্গ রাজ্য সরকারের

মুখ্যসচিবকে। আমি অত্যন্ত বিনয়ের সঙ্গে প্রশ্ন করতে চাই যে তার এই ই-গভর্ণেন্স সম্পর্কে কতটুকু কনসেপ্ট। ইনফরমেশন টেকনোলজি নিয়ে কতদূর পড়াশোনা করেছেন। আজকে বিল গেটসকে গিয়ে কনভিন্স করবেন সে রকম টেকনোলজির জ্ঞান, সে রকম ব্যবহারিক জ্ঞান মাননীয় মণীশ গুপ্ত মহাশয়ের আছে কিনা আমি জানি না কিন্তু তাঁকে না পাঠিয়ে প্রকৃতপক্ষে একজন টেকনিক্যালি ওয়েল ইকুইপড পার্সনকে পাঠিয়ে দিতে পারতেন তাহলে সেখান থেকে তাঁকে কনভিন্স করতে পারতেন। তাঁদের কাছে পশ্চিমবাংলার বিনিয়োগ সম্পর্কে তাঁকে উৎসাহিত করতে পারতেন কিন্তু একজন নন-টেকনিক্যাল ব্যুরোক্র্যাটকে পাঠিয়ে দিলেন কয়েক লক্ষ টাকা খরচ করে। আসলে কিন্তু পশ্চিমবাংলার ইনফরমেশন টেকনোলজি স্প্রেড করার কোন ব্যবস্থা আপনারা করলেন না। আজকে উইপ্রো ব্যাক-আউট করছে। উইপ্রো দীর্ঘদিন ধরে আপনাদের সঙ্গে আলাক-আলোচনা করেছে আপনি বলবেন আপনার বাজেট বক্তব্যের শেষে আজকে উইপ্রোর অবস্থা কি ? দেয়ার ইন এ ডাবল মাইন্ড। তাঁরা মনে করছেন এখন তাঁদের বিনিয়োগ করাটা ঠিক হবে না। আজকে উইপ্রোকে আপনি আনতে পারছেন না। আপনি বলেছেন এখানে টেকনোলজি পার্ক করছেন কিন্তু আজকে সেখানে এমন একটা অবস্থা সৃষ্টি করতে পারেননি যে নিজস্ব প্রক্রিয়ায় নিজস্ব পদ্ধতিতে আমরা যদি সেখান থেকে উৎকর্ষতা সাধন করতে পারতাম তাহলে কিন্তু আমরা ভারতবর্ষের ক্যাটার করতে পারতাম। ইনকাম ট্যাক্সের অথরিটিকে আমরা যদি লাইন দিতে পারতাম, যদি ঠিক ঠিকভাবে প্রয়োগগতভাবে ব্যবস্থা করতে পারতাম, আমরা যদি নেট-ওয়ার্ক করে ফেলতে পারতাম, আমরা যদি প্যাকেট সুইচিং তৈরি করতে পারতাম, আমরা যদি মেট্রোপলিটান এরিয়াতে নেট-ওয়ার্ক করতে পারতাম, আমরা যদি মাল্টি-প্ল্যাকসিং চালু করতে পারতাম, আমরা যদি পি.সি.এম.সি.আই.এ. অর্থাৎ প্রোটোকল কম্পিউটার মেমারি কার্ড ইন্ডাস্ট্রিয়াল অ্যাসোসিয়েশনের সহায়তা নিয়ে এগিয়ে যেতে পারতাম, আমরা যদি আই.এস.জি.এর পদ্ধতি কাজে লাগাতে পারতাম অর্থাৎ ইন্টিগ্রেটেড সার্ভিস ডিজিটাল নেট-ওয়ার্ক-এর মাধ্যমে তাহলে আমরা অনেক গুণ মাল্টিপিল সার্ভিসেস আমরা করতে পারতাম। আমরা যদি লোকাল এরিয়া নেট-ওয়ার্কের মাধ্যমে আমাদের যে ইনফ্রাস্ট্রাকচার আছে তার সঙ্গে যোগাযোগ করতে পারতাম তাহলে আমরা অনেকটা এগিয়ে যেতে পারতাম। আমরা যদি লতার সাহায্য নিতাম লোকাল অ্যাকসেস ট্রান্সপোর্ট এরিয়ার মাধ্যমে গোটা এরিয়াটাকে যদি কাবাইন্ড করতে পারতাম, আই.এল.ই.সি. অর্থাৎ ইনকামবেন্ট লোকাল এক্সচেঞ্জের কেরিয়ারের মাধ্যমে যদি আমরা খবরের আদান-প্রদান করতে পারতাম, আমাদের যে এগজিস্টিং সিসটেম আছে তাকে মাল্টিপিল স্কোপ করতে পারতাম, আমরা যদি ফ্রেম রিলে করতে পারতাম তাহলে আমাদের যে ব্যবস্থা আছে তাকে আরও উন্নত পর্যায়ে এগিয়ে নিয়ে যেতে পারতাম। আমি কত নাম করব ? আমরা যদি হোম প্রেস করতে পারতাম তাহলে আরও বেশি উৎকর্ষতা নিয়ে আসতে পারতাম। কিন্তু আমরা কিছুই করতে পারলাম না। আপনারা সেই একই বস্তাপচা কথা বারে বারে বলছেন যে এটা আমরা করছি, এটা আমরা করব, এটা করা উচিত। কিন্তু তার ফলে সফট্‌ওয়্যার ডেভেলপ হচ্ছে না। আজকে অন্ধ্রপ্রদেশ, কর্ণাটক সফট্‌ওয়্যারে যেখানে চলে গেছে আজকে বাংলা থেকে ব্রেন সেখানে যাচ্ছে। এমনকি আজকে আমেরিকা যে প্রেইজ করছে ভারতবর্ষের ব্রেনের কথা, ভারতবর্ষের সফট্‌ওয়্যারের প্রশংসা করছেন প্রাক্তন মার্কিন সভাপতি যাঁর নাম করতে বাধ্য হয়েছে সেখানে ভারতের টেকনোলজিস্টদের একটা লায়ন

শেয়ার হচ্ছে বাংলার। আজকে তাঁদের কোথায় রাখা হচ্ছে ? আমরা প্রযুক্তিগতভাবে তাদের এগিয়ে নিয়ে যেতে পারি, তাদের মাধ্যমে উন্নয়নের কথা চিন্তা করতে পারি। টেকনোলজির ব্যাপকতা বুঝেই গভর্নেনেসের মাধ্যমে প্রত্যেকটি জেলার সঙ্গে যোগাযোগ করতে পারি তাহলে আমরা কলকাতায় বসে বুঝতে পারি যে কোনো পরিকল্পনা কি হল। এখানে পঞ্চায়েত মন্ত্রী বক্তৃতা করলেন। প্রত্যেকটি পঞ্চায়েতের খবর আনতে গেলে তাঁকে সপ্তাহের পর সপ্তাহ অপেক্ষা করতে হয়। তার কারণ এখান থেকে ম্যাসেজ যাবে ডিস্ট্রিক্ট ম্যাজিস্ট্রেটের কাছে, তারপর ডি.এম. থেকে এস.ডি.ওর কাছে চাইবে, এস.ডি.ও. সেখানে বি.ডি.ওর কাছে চাইবে এবং বি.ডি.ও. তার নীচের স্তরের লোকেদের কাছে চাইবে। তারপরে ইনফর্মেশানগুলি প্রোক্রিওর করবে, সেইটা আবার রাইটার্স বিল্ডিংসে আসবে এবং সেখানে তারা সিদ্ধান্ত নেবেন এবং সেই সিদ্ধান্ত আবার গ্রাম লেভেলে পৌঁছবে। আজকে একবিংশ শতাব্দীতে এই পিছিয়ে থাকার প্রবণতা থেকে বাইরে বেরিয়ে এসে গোটা ব্যবস্থাকে অবিলম্বে দেখা দরকার। আজকে ৬৪ কোটি ৩৬ লক্ষ টাকার ব্যয়বরাদ্দ নিয়ে এসেছেন। পুলিশের উপর হাজার কোটি টাকার উপর খরচ করছেন, অন্যান্য খাতে হাজার হাজার কোটি টাকা খরচ করছেন, কিন্তু যেটা ইনকামিং ইন্ডাস্ট্রি, ইনকামিং জেনারেশানকে এগিয়ে নিয়ে যেতে হবে, গোটা ভারতবর্ষে যেখানে কমপিটিশান মার্কেটে আমাকে দাঁড়াতে হবে, গোটা পৃথিবীতে যোগাযোগের ক্ষেত্রে দাঁড়াব সেখানে এই অপ্রতুল বাজেট নিয়ে আপনি কি করে স্বপ্ন দেখছেন ? সে দিন উন্নয়নের বাসটাকে আপনারা থামিয়ে দিয়েছিলেন, ইউ হ্যাভ লস দা বাস, ইউ হ্যাভ মিস দা বাস। যে বাস হংকং ব্যাঙ্কের সামনে এসে দাঁড়িয়েছিল সেই বাসকে ফিরিয়ে দিয়ে পিছিয়ে চলার প্রবণতা শুরু করেছিলেন। আমি মাননীয় তরুণ মন্ত্রীকে বলব নতুন উৎসাহ নিয়ে নতুন দপ্তরকে নিয়ে পশ্চিমবঙ্গের এই বিকলাঙ্গ অবস্থা ইনফর্মেশান টেকনোলজিতে ভারতবর্ষের তুলনায় সেখানে চ্যালেঞ্জ নিয়ে এগিয়ে যান এবং আগামীদিনে আমি যে সাজেশান দিলাম যে গ্যাস লাইনের ভিতর দিয়ে ফাইবার অপটিক্স নিয়ে গিয়ে এবং ইলেকট্রিক লাইনের ভিতর দিয়ে ফাইবার অপটিক্স নিয়ে গিয়ে গোটা পশ্চিমবাংলাকে ইমিডিয়েট যোগাযোগ ব্যবস্থাকে এগিয়ে নিয়ে যাবার ব্যবস্থা করেন তাহলে আগামীদিনে উন্নয়নের পথে আমরা এক ধাপ এগোতে পারব।

REPORT OF THE BUSINESS ADVISORY COMMITTEE

Mr. Speaker : I beg to present the 9th Report of the Business Advisory Committee. The Committee met in my chamber today and recommended the programme of business for the 25th, 26th and 27th July, 2001 as follows.

25.7.2001, Wednesday :	(i)	The West Bengal Finance Bill, 2001 (Introduction, Consideration & Passing)	.. 2 hrs.
	(ii)	The West Bengal Ceiling on Government Guarantees Bill, 2001 (Introduction, Consideration & Passing)	.. 1 hr.

26.7.2001, Thursday :	(i)	Demand No. 31	Sports & Youth Services Deptt.	.. 1 hr.
	(ii)	Demand No. 65	Sundarban Affairs Deptt.	.. 1 hr.
	(iii)	Demand No. 38	Information & Cultural Affairs Department	.. 1 hr.
	(iv)	Demand No. 1	Parliamentary Affairs Deptt.	
	(v)	Demand No. 3	Home (C&E) Deptt.	
	(vi)	Demand No. 5		
	(vii)	Demand No. 6	Finance (Taxation) Deptt.	
	(viii)	Demand No. 8		
	(ix)	Demand No. 9		
	(x)	Demand No. 10	Excise Deptt.	
	(xi)	Demand No. 11	Finance (Taxation) Deptt.	
	(xii)	Demand No. 13		
	(xiii)	Demand No. 14	Finance (Audit) Deptt.	
	(xiv)	Demand No. 16	Finance (Budget) Deptt.	
	(xv)	Demand No. 20	Finance (Audit) Deptt.	.. 1 hr.
	(xvi)	Demand No. 27	Home (Civil Defence) Deptt.	
	(xvii)	Demand No. 28	Finance (Audit) Deptt.	
	(xviii)	Demand No. 29	Finance (Taxation) Deptt.	
	(xix)	Demand No. 46	Finance (Taxation) Deptt.	
	(xx)	Demand No. 64	Hill Affairs Deptt.	
	(xxi)	Demand No. 82	Environment Deptt.	
	(xxii)	Demand No. 83	Development & Planning Deptt.	
	(xxiii)	Demand No. 85		
	(xxiv)	Demand No. 89	Environment Deptt.	
	(xxv)	Demand No. 99	Finance (Budget) Deptt.	
27.7.2001, Friday :		The West Bengal Appropriation (No. 2) Bill, 2001 (Introduction, Consideration & Passing)		.. 2 hrs.

Now I call upon the Minister-in-Charge of the Home Parliamentary Affairs Department to move the motion for acceptance of the House.

Shri Probodh Chandra Sinha: Sir, I beg to move that the 9th Report of the Business Advisory Committee as presented in the House be agreed to.

The motion was then put and agreed to.

[5.10—5.20 p.m.]

শ্রী দেবেশ দাস : স্যার, ৪৫ নম্বর দাবির অধীনে যে ব্যয়-বরাদ্দ পেশ করা হয়েছে তাকে সমর্থন করে বক্তব্য রাখছি। বিরোধী সদস্য বললেন যে, উই হ্যাভ মিসড দি বাস। একেবারে ভুল তথ্যের উপর দাঁড়িয়ে উনি এ কথা বললেন। আমি প্রথমে স্মরণ করিয়ে দিতে চাই, আমাদের এখানে যখন বামফ্রন্ট সরকার তার চলা শুরু করে তখন আমাদের প্রথম

দাবিই ছিল সল্টলেকে ইলেকট্রনিক্স কারখানা করা। কিন্তু তখন অজুহাত দেখানো হয়েছিল যে যেহেতু আমাদের রাজ্যের পাশে বাংলাদেশ, একটা বিদেশি রাষ্ট্র রয়েছে তাই এখানে এটা করা হবে না, অন্য রাজ্যে করা হবে এবং করা হয়েছিল চণ্ডীগড়ে। যদিও তার পাশে একটা বিদেশি রাষ্ট্র রয়েছে—পাকিস্তান। আর, সেই চণ্ডীগড়ে যে কারখানা করা হয়েছিল, যারা আই.টি নিয়ে কাজকর্ম করেন যে সমস্ত বিজ্ঞানী, তারা জানেন যে, সেই চণ্ডীগড়ের কারখানাটা পুড়ে গিয়েছিল। এবং বেসিক ইন্ডাস্ট্রি, ইলেকট্রনিক্স করার জন্য যে কারখানা ভারতবর্ষে দরকার ছিল সেই কারখানা পুড়ে যাওয়ার জন্য কেন্দ্রীয় সরকার কিন্তু আর তৈরি করার চেষ্টা করেননি। কারণ, ওয়ার্ল্ড ব্যাঙ্ক, আই.এম.এফ., আমেরিকার উপর যে নির্ভরশীলতা তার জন্য যাতে ভারতবর্ষ ইলেকট্রনিক শিল্পে দাঁড়াতে না পারে, সেইজন্য কেন্দ্রীয় সরকার ভারতবর্ষে ইলেকট্রনিক্স ইন্ডাস্ট্রি গড়ে তোলেননি। কোরিয়া যে পরিমাণ ইলেকট্রনিক ইন্ডাস্ট্রি করেছে ভারতবর্ষে তা তৈরি হয়নি। কোনো একটা রাজ্য সরকারের পক্ষে, তা সে বি.জে.পি. শাসিত সরকারের পক্ষেও সম্ভব নয়—একার পক্ষে ইলেকট্রনিক্স ইন্ডাস্ট্রি করার মত অর্থ সংগ্রহ করা। কেন্দ্রীয় সরকারের পক্ষ থেকে এই পরিকল্পনা নেওয়া উচিত। কিন্তু কেন্দ্রীয় সরকারের পক্ষে সেই পরিকল্পনা গড়ে ওঠেনি। মাননীয় পঙ্কজবাবু বললেন, ওয়েবেল হার্ডওয়্যার তৈরি করছে না। তাহলে মাননীয় পঙ্কজবাবু দয়া করে বলবেন, কোন ইন্ডাস্ট্রি ভারতবর্ষে এটা তৈরি করছে ? ভারতবর্ষে ইলেকট্রনিক ইন্ডাস্ট্রি বা কম্পিউটার ইন্ডাস্ট্রির যে মূল জিনিস দরকার হয় সেই ইন্টিগ্রিটেড টেকনোলজি, সেই ইন্টিগ্রিটেড টেকনোলজির ক্ষেত্রে ভারতবর্ষ এতবড় দেশ হয়েও পিছিয়ে আছে। মাত্র দুটো ল্যাবরেটরি তৈরি হয় তাতে যে টেকনোলজি, আজকে ভারতবর্ষ ব্যবহার করছে তার বাইরে ওয়ান মাইক্রো টেকনোলজি, সারা পৃথিবীতে .১৮ মাইক্রো টেকনোলজি ব্যবহার হচ্ছে। এতটাই ভারতবর্ষ পিছিয়ে আছে। এখনও ভারতবর্ষে কেন্দ্রীয় সরকারের ঘুম ভাঙছে না। পৃথিবীর সঙ্গে তাল মিলিয়ে চলতে গেলে—শুধু আমাদের দেশের কম্পিউটার ইঞ্জিনিয়াররা সফ্টওয়ার প্রোগ্রাম লিখবে, এটা হতে পারে না। পৃথিবীর সঙ্গে তাল মিলিয়ে চলতে গেলে ভারতবর্ষে ইলেকট্রনিক ইন্ডাস্ট্রি চালু করার দিকে নজর দিতে হবে, সেই ধরনের ল্যাবরেটরি করতে হবে, সেই ধরনের কারখানা করতে হবে। বিদেশি কোম্পানিগুলো আসছে, কিন্তু বিদেশি কোম্পানিগুলো এই ধরনের ইন্ডাস্ট্রি, ভারতবর্ষে ইলেকট্রনিক ইন্ডাস্ট্রির বিকাশ করতে পারে, কিন্তু যাতে ইনটিগ্রেটেড সার্কিট তৈরি হতে পারে তার কারখানা এখনও আসেনি। তাই ভারতবর্ষের সরকারকে এর ব্যবস্থা করতে হবে। চীন তৈরি করতে পেরেছে, কোরিয়া তৈরি করতে পেরেছে, নতুন যোগাযোগ ব্যবস্থা বেড়েছে। ভারতবর্ষ পারছে না। তার কারণ ভারতবর্ষের নেতৃত্বের মধ্যে তহলকা ঘুষ খাওয়া লোকেরা বসে আছে, ভারতবর্ষের নেতৃত্বের মধ্যে আমেরিকার কাছে বিক্রি হওয়া লোকেরা বসে আছে। সেই নীতিকে পরিবর্তন করার চেষ্টা করতে হবে। আপনারা বলছিলেন অন্যান্য রাজ্য অনেক এগিয়ে আছে। আপনারা অন্ধ্রপ্রদেশের কথা বললেন, কর্ণাটকের কথা বললেন। আমি অন্ধ্রপ্রদেশে গিয়েছিলাম—আমাদের কম্পিউটার সাইনটিস্টদের কনফারেন্সে অন্ধ্রপ্রদেশে গিয়েছিলাম। সেখানে চন্দ্রবাবু নাইডু বক্তৃতা দিয়েছিলেন। চন্দ্রবাবু নাইডুকে আমি জিজ্ঞাসা করেছিলাম, আপনি কম্পিউটারে কি করেন ? চন্দ্রবাবু নাইডু কম্পিউটার খুলে দেখিয়েছিলেন

কোন স্কুলের ছাত্ররা কিরকম রেজাল্ট করছে তা আমরা বসে দেখি। একথা শুনে আমরা কম্পিউটার সাইনটিস্টরা হাসাহাসি করেছিলাম। আমি বলেছিলাম এটা তো আপনার কাজ নয়, আপনার তো আরও বড় কাজ। আপনি কেন বসে বসে এগুলো দেখবেন ? উনি যে ওয়ার্ক কালচার তৈরি করার চেষ্টা করছেন তার ফল কি হয়েছে ? গতকাল স্টেটসম্যানে একটা খবর বেরিয়েছিল, চন্দ্রবাবু নাইডু নাকি একটা ওয়েবসাইট তৈরি করেছিলেন, কিন্তু গত এক বছর ধরে সেই ওয়েবসাইট আপডেট করা হয়নি। এমন একটা আই.টি. করে লাভ নেই। এতে কাজটা আরও বেড়ে গেল। আই.টি কাজটা করতে পারে না। সিদ্ধান্ত নিতে হবে সরকারকে। আই.টি.র অ্যাপ্লিকেশান চন্দ্রবাবুর নয়। কিছুদিন আগে আমার ২ জন ছাত্র অন্ধ্রপ্রদেশ থেকে ঘুরে এসে আমাকে বলল যে, চন্দ্রবাবু নাইডু হায়দ্রাবাদকে হাই-টেক সিটি করে দিয়েছেন, সেখানে ইন্টারনেটের ব্যবহার করা যায়। তিনি ইন্টারনেট ব্যবহার করার সুযোগ দিচ্ছেন। আর অন্ধ্রপ্রদেশের চাষিরা অনাহারে মারা যাচ্ছে। ইন্টারনেটের মাধ্যমে সেই খবর তাঁর কাছে পৌঁছাচ্ছে না। কাজেই সিদ্ধান্ত নেওয়াটাই হল মূল কথা। আমাদের রাজ্যে বন্ধ কারখানার শ্রমিকদের ৫০০ টাকা করে দেওয়ার সিদ্ধান্ত নেওয়া হয়েছিল। তার জন্য লেবার ডিপার্টমেন্টে কম্পিউটার বসানো হল। কম্পিউটার বসানো মূল সিদ্ধান্ত, নাকি ৫০০ টাকা করে দেওয়া হবে সেটাই মূল কথা ? কম্পিউটার সিদ্ধান্তকে তরান্বিত করবে। এখানে বিধবা ভাতা দেওয়া হয়, বিধবা ভাতা দেওয়ার সিদ্ধান্তটাই মূল কথা, সেটা আই.টি. নয়। কিন্তু আই.টি. সিদ্ধান্তকে আরও তরান্বিত করতে পারে। আই.টি. হায়ার সেকেন্ডারির রেজাল্টকে তরান্বিত করতে পারে। চন্দ্রবাবু নাইডু জনস্বার্থে কাজ করবেন না, শুধু আই.টি. ইউজ করবেন। তা যদি হয় তাহলে সেই আই.টি. মুষ্টিমেয় হোয়াইট কালারড্ পিপল্-এর জন্য ব্যবহার হবে, কিন্তু জনস্বার্থে ব্যবহার হবে না। আই.টি. ফর দি পিপল্—ভারতবর্ষকে আমরা এই নতুন দৃষ্টি নিয়ে পথ দেখাতে পারব। এই কথা বলে এই বাজেটকে সমর্থন করে আমার বক্তব্য শেষ করছি।

শ্রী নির্বেদ রায় : মাননীয় অধ্যক্ষ মহাশয়, মাননীয় মন্ত্রী শ্রী মানবেন্দ্র মুখার্জী মহাশয় তথ্য ও প্রযুক্তির উপর ৪৫ নম্বর দাবির অধীন যে বাজেট বরাদ্দ পেশ করেছেন আমি তার বিরোধিতা করে দু-একটি কথা বলছি। আমি শুরুতে বলে রাখি যে, এই সরকার একটা হ্যামলেটের মত অবস্থার মধ্যে দিয়ে চলেছেন—তথ্য প্রযুক্তির ক্ষেত্রে এবং সাধারণ পলিসির ক্ষেত্রে।

[5.20—5.30 p.m.]

'ধর্মে আছো জিরাফেও আছো', যখন যেখানে প্রয়োজন তখন সেখানে আছি। কেন এ কথা বলছি ? এই যে দপ্তর উনি চালাচ্ছেন এই দপ্তরটার জন্ম বৃত্তান্ত একটু অদ্ভুত। ১৮ বছর আগে ডঃ অশোক মিত্র কমিশন রিপোর্ট দিয়েছিলেন যে, ইনফরমেশন অ্যান্ড কালচারাল অ্যাফেয়ার্স, এই দুটো আলাদা করে দুটো দপ্তরে ভাগ করা দরকার। দুটো দপ্তর ভাগ করার ক্ষেত্রে আরো প্রোপোজাল রেখেছিলেন এবং তাতে উনি বলেছিলেন যে, ইনফরমেশন দপ্তরের

সঙ্গে আরো কিছু কিছু দপ্তর দেওয়া উচিত। মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি রিপোর্টের ওই জায়গাটা পড়ছি, There appears to be a strong case of bifurcating the I & C Department dissimination at the National level, District level and Block level. Village is increasing assuming significance of its own. The Committee would, therefore, suggests the establishment of a separate Department of information preferably under the direct charge of Chief Minister.

আমরা দেখলাম ইনফরমেশন রয়ে গেল কালচারাল অ্যাফেয়ার্সের সঙ্গে। আর ইনফরমেশন টেকনোলজি আলাদা হল। এই দুটো ডিপার্টমেন্ট রাখার কি প্রয়োজন ? ইনফরমেশন আর ইনফরমেশন টেকনোলজি আলাদা করে রাখার ব্যাপারটা কি খুবই সম্যক ? আমি জানি না, আমি বুঝতে পারিনি। নিশ্চয়ই প্রয়োজন আছে। একটা বুঝি ইনফরমেশন এবং ডকুমেনটেশন যদি কোনো জায়গায় একই আওতাভুক্ত সমার্থে থাকে তাহলে ইনফরমেশন বা তথ্যকে নিয়ন্ত্রণ করা যায়। সেজন্য বলছিলাম 'ধর্মে আছো, জিরাফেও আছো',—ডকুমেনটেশানের অবস্থা এইরকম। মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমাকে মাফ করবেন, যে পরিস্থিতিতে একটু আগে আমাদের এক বক্তা বললেন যে, শুধুমাত্র কম্পিউটার বসানোই কি বড় কথা ? সত্যিই তো শুধুমাত্র কম্পিউটার বসানোর কথাই পুরো বাজেট বক্তৃতাটা জুড়ে রয়েছে ! আমি ইন্টারনেটে ডাউন লোড করতে গিয়ে দেখলাম, ইনফরমেশন টেকনোলজি পলিসি, ওয়েস্ট বেঙ্গল ২০০০'-কে মোটামুটি বাংলায় অনুবাদ করলে যা হয় আমাদের মাননীয় মন্ত্রীর বাজেট বক্তৃতা তার চেয়ে বেশি কিছু বলছে বলে আমার মনে হচ্ছে না। এখানে যে গল্প বলা হচ্ছে তা ওই ১লা জানুয়ারি ২০০০ সালের একই গল্প। মাননীয় মন্ত্রী, আপনি জানেন তারপরে আরো অনেকগুলো ওয়েস্ পাল্টেছে। অন্তত তিনটে ল্যাঙ্গুয়েজ ডেভেলপ করেছে। নতুন করে অনেকগুলো সফ্‌টওয়্যার প্যাকেজ এসেছে। ইন্টারনেট ল্যাঙ্গুয়েজ পাল্টে গিয়েছে। অবজেক্ট ওরিয়েন্টেড ল্যাঙ্গুয়েজ সম্পূর্ণ পাল্টে পাল্টে অন্য জায়গায় পৌঁছে গেছে। হার্ডওয়্যার ব্লক স্পিড কিলো এম হার্ডসে বেড়ে ৬০০ থেকে ১০০০ হয়ে গেছে। এই পরিবর্তনের পাশাপাশি দাঁড়িয়ে সেই একই গল্পকে তুলে ধরেছেন। ইউ, এস, গভর্নমেন্ট পলিসির সঙ্গে আমি তুলনায় যাচ্ছি না। সাইবার স্পেস এবং সাইবার ভিলেজ যখন একই তখন পশ্চিমবঙ্গকে পিছিয়ে পড়া রাজ্য হিসাবে তুলে ধরার অর্থ হয় না। যে ধরনের সাইবার টেরোরিজিম্ দেখা দিচ্ছে তাতে একটা শমিত খেমকাকে ধরে কি হবে ! হাজার হাজার শমিত খেমকা পশ্চিমবঙ্গ জুড়ে আজ কিম্বা কাল কিম্বা পরশু জন্ম নেবে। তার কারণ সাইবার টেরোরিজ্‌ম সম্বন্ধে আইনের আই.পি.সি., সি.আর.পি.সি'তে কি ব্যবস্থা রাখা হচ্ছে সে সম্বন্ধে কোনো বক্তব্য এখানে রাখা নেই। ফায়ার ওয়াল প্রোগ্রাম নিয়ে একটা কথাও কোনো জায়গায় বলেননি। কেন বলেননি ? হার্ডওয়্যার ডেভেলপমেন্টের কথা যেমন কোথাও বলেননি তেমন বলেননি ভারতবর্ষের একমাত্র—ন্যানো সাইন্স অ্যান্ড টেকনোলজি ইন্সটিটিউট পশ্চিমবঙ্গে একটা জমি খুঁজে বেড়াচ্ছে, পাচ্ছে না। একটার পর একটা সেমিনার প্রেসিডেন্সি কলেজে কিম্বা অন্যান্য ইউনিভার্সিটিতে করছে। তারা জায়গা খুঁজে পাচ্ছে না। এ সব আপনি

বলেননি। আজকে আমাদের বিধায়করা যদি ইনফরমেশন টেকনোলজির ওপর কাজ করতে চান তাহলে তাঁদের নিজস্ব লাইব্রেরিতে গিয়ে কাজ করতে হয়। এখানে যে লাইব্রেরিটি আছে, এখান থেকে ৫০ মিটার দূরত্বে যেটি রয়েছে, সেখানে ১৯৯৭ সালের পরের আর কোনো ডকুমেন্ট মাননীয় বিধায়করা পান না। এই তো আপনার ইনফরমেশন টেকনোলজি ! ১৯৯৭ সালের পরের কোনো ইনফরমেশন এখানকার লাইব্রেরিতে পাওয়া যায় না। কোনো ইন্টারনেট ডাউন লোড সুযোগ পাওয়া যায় না। এর পরেও কি মাননীয় বিধায়কদের কাছে বলতে হবে ইনফরমেশন টেকনোলজিতে আমরা সাংঘাতিকভাবে এগিয়ে গেছি ? এটা কি সত্যি ? সুতরাং এই ডেভেলপমেন্ট আগে করুন। যাঁরা এখানে আছেন এই বিধানসভার কেন্দ্রীয় ভূমিতে, তাঁরা যেন সুযোগ পান, ভাল, মন্দ ঠিকমতো বলার যেন সুযোগ পান। ডকুমেন্ট অফ কমিউনিস্ট মুভমেন্ট ১৯১৭ থেকে ১৯২৮, মাননীয় মুখ্যমন্ত্রী জ্যোতিবাবু ছিলেন ওয়ান অফ দি এডিটরস, সেই জ্যোতিবাবু কোনো ডকুমেন্ট দিচ্ছেন না—এনি পাবলিশ্‌ড্‌ ডকুমেন্ট, আদার দ্যান ন্যাশনাল আরকাইভ। আমি দায়িত্ব নিয়ে বলছি, ১৩৮ ডিউরিং দ্যাট পিরিয়ড, ইন্দো-রাশিয়ান যে ডকুমেন্ট সেই ডকুমেন্টের সোর্সের কথা উল্লেখ করছেন না, এটা পাবলিশ্‌ড্‌ করেনি। এই ১৩৮ নিজেরা ডকুমেন্ট করেছে। এই ডকুমেন্টের প্রয়োজন একদিকে আর একদিকে বিশ্বায়নের গল্প এই দুটোর মাঝখানে দাঁড়িয়ে ধর্ম আর জিরাফের মাঝামাঝি গুলিয়ে ফেলেছেন। সদিচ্ছা থাকতে পারে, আবার নাও থাকতে পারে, উত্তর দেওয়ার সদিচ্ছা থাকতে পারে। আজকে আমি দেখলাম অনেক ঔদ্ধত্য নিয়ে একজন মন্ত্রী একজন মাননীয় সদস্যকে বললেন, পড়াশুনা করুন, পড়ে দেখবেন। আমি মাননীয় মন্ত্রীকে বিনয়ের সঙ্গে বলতে চাই, তামা-তুলসীপাতা দিয়ে আসিনি, পড়াশুনা একমাত্র তাঁর মনোপলি নয়। আমি এইটুকু বলে, এটা আশা করব, সাইবার কালচার যেটা তৈরি হচ্ছে একদিকে সেটার জন্য হা-হুতাশ করবেন আর অন্যদিকে আই.টিকে এগিয়ে নিয়ে যাব অথচ তার পথে যাবেন না, হ্যামলেটের এই অবস্থা থেকে বের হোন, তা নাহলে আই.টি. হবে না, আই.টির প্রগতি হবে না। সবশেষে আমি রিকোয়েস্ট করছি, এই অ্যাসেম্বলি লাইব্রেরির উন্নতি করুন। এই কথা বলে এই বাজেটের বিরোধিতা করে এবং বিরোধীদের আনা কাট-মোশনকে সমর্থন জানিয়ে আমার বক্তব্য শেষ করছি।

শ্রী মেহেবুব মণ্ডল : মাননীয় অধ্যক্ষ মহাশয়, মাননীয় মন্ত্রী মহাশয় যে বাজেট পেশ করেছেন তাকে সমর্থন করে দু-একটি কথা আমি বলতে চাই। বামফ্রন্ট সরকার ক্ষমতার বিকেন্দ্রীকরণ করেছিলেন এবং সেটা রাইটার্স-বিল্ডিংস-এর ক্ষমতা নয়, গ্রামে-গঞ্জে ক্ষমতার বিকেন্দ্রীকরণ। জ্যোতিবাবু বলেছিলেন, ক্ষমতার বিকেন্দ্রীকরণই আমাদের প্রধান লক্ষ্য। তাকে ত্বরান্বিত করার জন্যই আজকে মাননীয় মন্ত্রিমহাশয় এই বাজেট পেশ করেছেন এবং তিনিও কাজটাকে আরো ত্বরান্বিত করতে চাচ্ছেন। আজকে আই.টি.কে অবলম্বন করে বড় বড় যেসব শহরগুলি আছে তার সঙ্গে রাজ্যের এবং গ্রামে-গঞ্জের যোগাযোগ স্থাপন করার চেষ্টা করছেন। সঙ্গে সঙ্গে জেলা সদরের সঙ্গেও যোগাযোগ স্থাপন করতে চাচ্ছেন, ব্লকগুলির সঙ্গে মহকুমার সংযোগ রক্ষা করতে চাচ্ছেন এবং গ্রাম পঞ্চায়েতের সঙ্গে ব্লকগুলি সংযোগ রক্ষা

করার চেষ্টা করছেন। এই ব্যাপারে তিনি দুটি পদ্ধতি গ্রহণ করছেন, একটা হচ্ছে (জি) টু (জি) আর একটা হচ্ছে (জি) টু (সি)। সরকারি অফিসে যেসব ডেটা, ফাইল আছে সেগুলি আদান-প্রদানের সুবিধা হবে। আর (জি) টু (সি)এর ক্ষেত্রে, গভর্নমেন্ট টু সিটিজেন অর্থাৎ সরকারি অফিস থেকে জনগণের কাছে তথ্য পৌঁছে দেওয়া। সেইজন্য বিভিন্ন জেলাতে যে সরকারি তথ্যকেন্দ্র আছে সেইসব তথ্যকেন্দ্রগুলিতে ইনফরমেশন টেকনোলজি চালু করার প্রচেষ্টা গ্রহণ করেছেন। আমি শুধু এই কথা বলতে চাই, আমাদের এই স্বচ্ছ প্রশাসন যাতে জনগণ পায় তার জন্য ইনট্রিগেটেড যে সার্ভিস ডিজিটাল নেটওয়ার্কের মাধ্যম দিয়ে বিভিন্ন যে কমিউনিকেশন সিস্টেম নিচ্ছি তাতে যেসব ছবি আছে সেই ছবিও জনগণের কাছে পৌঁছে দেবার ব্যবস্থা হচ্ছে। কিন্তু কেন্দ্রীয় সরকার যে ব্যয়-বরাদ্দ পেশ করেছেন তাতে দেখা যাচ্ছে প্রতিরক্ষা খাতে সবচেয়ে বেশি বৃদ্ধি করেছে আর শিক্ষাক্ষেত্রে ব্যয়-বরাদ্দ সংকোচ করেছে। তথ্য প্রযুক্তির ক্ষেত্রেও তাই। আজকে তথ্য প্রযুক্তির ক্ষেত্রে জেনে রাখার দরকার আছে, যারা বিজ্ঞানী, যারা প্রযুক্তিবিদ আছেন তাদের সমস্ত পরীক্ষা-নিরীক্ষা কেন্দ্রীয় সরকার বন্ধ করে দিচ্ছে। তাদের কষ্টার্জিত যে বিজ্ঞান সাধনা, পরবর্তীকালে নতুন প্রজন্মের প্রযুক্তিবিদ যারা হবে তাদের কাছে সেটা হ্যান্ডওভার করা, আর্থিক সংকটের নাম করে কেন্দ্রীয় সরকার তা বন্ধ করে দেবার ব্যবস্থা করেছে। এবার আমি মাননীয় মন্ত্রিমহাশয়ের কাছে দু-একটি প্রস্তাব রাখতে চাই।

[5.30—5.40 p.m.]

এখন প্রশ্ন হচ্ছে এই তথ্য প্রযুক্তির ব্যাপারটা নিয়ন্ত্রণ করবে সরকার, না, বাণিজ্যিক প্রতিষ্ঠানগুলি ? যদি এর কাজ সরকার নিয়ন্ত্রণ করে তাহলে তা সার্বজনীনতা লাভ করবে, আর যদি ব্যক্তি মালিকানা বা বাণিজ্যিক প্রতিষ্ঠানগুলি নিয়ন্ত্রণ করে তবে তা মুনাফার স্বার্থেই ব্যবহৃত হবে। তাতে জনগণের সার্বিক কল্যাণ হবে না। সুতরাং সহায় সম্বলহীন মানুষদের স্বার্থে তথ্য প্রযুক্তির ব্যবহারকে বা তার নিয়ন্ত্রণভারকে সরকারকেই নিতে হবে। কৃষি, শিল্প, যোগাযোগ, শিক্ষা, বন্যার আগাম আভাস ইত্যাদি ক্ষেত্রে এর ব্যবহার হলে জনগণের কল্যাণ হবে। পরিশেষে বলি, মাননীয় মন্ত্রিমহাশয় জনসাধারণকে এ ব্যাপারে সচেতন করার জন্য যে সহযোগিতা চেয়েছেন জনগণের কাছে তথ্য প্রযুক্তিকে পৌঁছে দেওয়ার স্বার্থে আশা করি তা সকলেই করবেন। এই কথা বলে পুনরায় বাজেটকে সমর্থন করে শেষ করছি।

শ্রী তপন হোড় : মাননীয় অধ্যক্ষ মহাশয়, মাননীয় মন্ত্রিমহাশয় যে ব্যয়-বরাদ্দের দাবি পেশ করেছেন তা সমর্থন করে কয়েকটি কথা বলছি। স্যার, মাননীয় সদস্য নির্বেদ রায় মহাশয়ের কিছু বিভ্রান্তি থাকতে পারে কিন্তু বিরোধী দলের নেতা তিনি যা বক্তব্য রাখলেন তাতে দেখলাম তিনি প্রতিদিনের বক্তব্য মতো হাউসকে মিসলিড করার চেষ্টা করলেন। সেখানে গোড়া কেটে আগায় জল দেওয়ার যে ব্যাপারটা সেটা তার বক্তব্যে পরিষ্কার হয়ে গিয়েছে। হ্যাঁ, আই.টি.-র ক্ষেত্রে আমাদের একটু দেরি হয়েছে সন্দেহ নেই। এর মধ্যে লুকোছাপার কোনো ব্যাপার নেই। পঙ্কজবাবু, সৌগতবাবু জানেন রাইট টু ইনফরমেশানের

কথা। এটা সংবিধানের মৌলিক অধিকার হিসাবে স্বীকৃত হব্যর কথা ছিল। শ্রীমতী ইন্দিরা গান্ধীর আমলে এ ব্যাপারে একটা বিল আনারও চেষ্টা হয়েছিল কিন্তু সেটা তিনি করতে পারেননি। আজকে এই একবিংশ শতাব্দীতে দাঁড়িয়ে ইনফরমেশন পাওয়ার অধিকার প্রত্যেক নাগরিকেরই আছে। সেই অধিকার রাখার জন্য একটা সময় ভাবা হয়েছিল এবং শ্রীমতী গান্ধী তার জন্য চেষ্টাও করেছিলেন কিন্তু তিনি করতে পারেননি। কেন পারেননি সে কথাটা ভেবে দেখা দরকার। এক্ষেত্রে মাননীয় সদস্য দেবেশ দাস মহাশয় সঠিকভাবেই বলেছেন যে আমাদের কেন্দ্রীয় সরকারের শিক্ষাখাতে বরাদ্দ হচ্ছে সমগ্র বাজেটের ১.৮ শতাংশ মাত্র। আস্তে আস্তে শিক্ষা ক্ষেত্রের বরাদ্দ তাঁরা কমাচ্ছেন। উন্নত দেশগুলির, জি-এইটভুক্ত দেশগুলি তাদের প্রভাব বাড়াতে চাইছে। এরা আবার এন.ডি.এ.তে ফিরে যাওয়ার চেষ্টা করছেন। স্যার, ওদের কোনো দায়িত্ব বোধ নেই। যে পাপ ওরা করেছেন তার ফল আজ দেশবাসীকে ভুগতে হচ্ছে। এই অবস্থার মধ্যে দাঁড়িয়েও পশ্চিমবঙ্গের বামফ্রন্ট সরকার দেরিতে হলেও ইনফরমেশানগুলি সর্বস্তরে পৌঁছে দেওয়ার চেষ্টা করছেন। এর জন্যই স্কুল, কলেজ, বিশ্ববিদ্যালয় লেভেলে এই ইনফরমেশান টেকনোলজির ব্যাপারে যে পরিকাঠামো গড়ে তোলা দরকার যদিও সেটা সময়সাপেক্ষ ব্যাপার তবুও সেটা গড়ে তোলার জন্য যে প্রয়াস চালাচ্ছেন আমি মনে করি তা সঠিক কাজ। এ ক্ষেত্রে যে গ্যাপ হয়ে গিয়েছে সেটা পূরণ করার জন্য তিনি চেষ্টা করবেন, এই আশা করে, বাজেটকে পুনরায় সমর্থন করে এবং কাট-মোশানগুলির বিরোধিতা করে শেষ করছি।

শ্রী সৌগত রায় : মাননীয় অধ্যক্ষ মহাশয়, মাননীয় মানববাবু ৬৪ কোটি টাকার বাজেট বরাদ্দ উত্থাপন করেছেন। নতুন দপ্তর হয়েছে, মানববাবু তার মন্ত্রী হয়েছেন। এটা আমি বলব, মানববাবু দেবেশবাবুর মতো কম্পিউটার সায়েন্সের ডক্টরেট না হলেও, পোস্ট গ্র্যাজুয়েট না হলেও উনি ব্যাপারটায় বেশ ইন্টারেস্ট নিয়েছেন। কিন্তু আমি যেটা দেবেশবাবুর কাছ থেকে শুনতে চেয়েছিলাম, আজকে ফ্রন্টিয়ারস অফ কম্পিউটার সায়েন্স কোথায় পৌঁছে যাচ্ছে। ফাজিলজি, ফাজি অ্যালজেব্রা ডেভেলপ করবার পর আমরা প্যাটার্ন রেকগনিশনের দিকে যাচ্ছি, হ্যান্ডরাইটিং, ভয়েজ রেকগনিশন করছে, সুপার কম্পিউটার তৈরি হবার পর আবহাওয়ার রেজাল্ট সঙ্গে সঙ্গে অ্যানালিসিস করা যাচ্ছে। যদি আই.বি.এম. যোসেফসাম জাংসানটা ডেভেলপ করে তুলতে পারে তাহলে কম্পিউটারের সমস্ত ক্যালকুলেশন ন্যানো সেকেন্ডের মধ্যে হয়ে যেতে পারবে। এই যে বিরাট কম্পিউটারের ক্ষেত্র এবং ইন্টারনেটের ফলে একটা গ্লোবাল ভিলেজ হয়ে গেছে সেখানে পশ্চিমবঙ্গ পিছিয়ে আছে কেন এটাই হচ্ছে আমার প্রশ্ন। কিভাবে পিছিয়ে আছে ? এক্ষেত্রে ভারতবর্ষের পোজিশন পৃথিবীতে কত ? আমেরিকায় শুধু সফট্‌ওয়্যার প্রয়োজন হচ্ছে ২০০ বিলিয়ন ডলারের। সেখানে ভারতবর্ষ থেকে আমরা সফট্‌ওয়্যার পাঠাই ৬ মিলিয়ন ডলারের, অর্থাৎ ৩ পারসেন্ট। আর আমি এখানে দেখছিলাম দিল্লির মিনিস্ট্রি অফ ইনফরমেশান টেকনোলজির রিপোর্টে, ২৮,৫০০ কোটি টাকার যে সফট্‌ওয়্যার গতবছর ভারতবর্ষ এক্সপোর্ট করেছে তার মধ্যে মাত্র ৭০০ কোটি টাকা পশ্চিমবঙ্গের। তার মানে ২.৫ পারসেন্ট। ভারতবর্ষ আমেরিকার কম্পিউটার মার্কেটে

৩ পারসেন্ট করে, আর পশ্চিমবঙ্গ ভারতবর্ষের মার্কেটে মাত্র ২.৫ পারসেন্ট করে। উনি একটা অ্যাম্বিশাস্ টার্গেট নিয়েছেন যে, ২০ পারসেন্টে যাবেন ২০০৫ সালের মধ্যে। মানববাবুর পক্ষে তা সম্ভব হবে না। আমি একথা আপনার কাছে বলতে চাই, মানববাবু বোধহয় আই.টি.-র পুরো মানেটা ধরতে পারেননি। ওঁর পুরো বক্তব্যটা আমি পড়লাম। আই.টি. মানে, চারটি কম্পোনেন্ট আছে—কম্পিউটার হার্ডওয়্যার, সফট্ওয়্যার, সার্ভিসেস অ্যান্ড ট্রেনিং। মানববাবু সফট্ওয়্যারের কথা বলেছেন, কিন্তু হার্ডওয়্যার বা সার্ভিসেসের কথা বলেননি। দেবেশবাবু একটা তথ্য দিলেন যে, ভারতবর্ষে নাকি কোনো হার্ডওয়্যার তৈরি হয় না। আমি বলছি যে, ভারতবর্ষে গত বছর হার্ডওয়্যার প্রডাকশন ছিল ২,৭০০ কোটি টাকার এবং তার মধ্যে ছিল পারসোনাল কম্পিউটার personal computer, survers work stations, super computers, data processing, equipment peripherals like monitors, key boards, printers, plotters, SMP net work products such as modern net work, interface cards, hubs... এতগুলো জিনিস ভারতবর্ষে তৈরি হয়। আমরা গত বছর ২,০০০ কোটি টাকার হার্ডওয়ার এক্সপোর্ট করেছি। এটা সফট্ওয়্যারের তুলনায় কম। এখানে অনেকে মনে করেন যে, বিদেশ থেকে প্রিন্টেড বোর্ড নিয়ে আসা সুবিধা, তাইওয়ান থেকে নিয়ে আসা সুবিধা। কিন্তু আমাদের পশ্চিমবঙ্গে কম্পিউটার হার্ডওয়্যার একেবারে ডেভেলপ করেনি। এই যে ২,৭০০ কোটি টাকা, এর মধ্যে ২০ কোটি টাকার প্রডাকশন পশ্চিমবঙ্গের আছে কিনা সন্দেহ। তাই আই.টি. মানে শুধু কম্পিউটার সার্ভিসেস নয়, আই.টি-র একটা বিরাট ফিল্ড আছে, এটা মানববাবুর স্বীকার করা উচিত ছিল। আমরা একটা বাস মিস্ করে গেছি ১৯৯৬ সালে। অপরদিকে একটা শহর গড়ে উঠল কিছু ইন্ডাস্ট্রি, কিছু কোম্পানি নিয়ে। বাঙ্গালোর ডেভেলপ করেছে, তার কারণ ওখানে মাইক্রোল্যান্ড ইমফোসিস এবং সর্বোপরি উইপরো ছিল। হায়দ্রাবাদ ডেভেলপ করেছে, তার কারণ শুধু একটা হাইটেক সিটিই চন্দ্রবাবু নাইডু তৈরি করেননি, একটা সত্যম কম্পিউটার ওখানে তৈরি করেছেন। পশ্চিমবঙ্গে কম্পিউটার সফট্ওয়্যারের ক্ষেত্রে সেই সাকসেস স্টোরি একটাও নেই, একটাও প্রডিউস করতে পারেননি এবং আমরা বাস তখনই মিস্ করে গেছি। আসল যেটা প্রবলেম, আমরা কম্পিউটার অফিসে ইন্ট্রোডিউস করেছি ; যোগ-বিয়োগ-গুণ-ভাগ করতে অফিসের ফিন্স প্রোগ্রামে একটা ক্যালকুলেশান করি। ট্যাক্স জমা দিলে মোটর ভিইকল একটা স্লিপ দিচ্ছে, আমরা ইলেকট্রিক বিল জমা দিচ্ছি, টেলিফোন বিল জমা দিচ্ছি ; ওইসব কম্পিউটারের কাজ তো আজকে একটা ক্লাশ ফাইভের ছেলেও করতে পারে। আসল ব্যাপারটা হচ্ছে কম্পিউটারে কানেকটিভিটি, কম্পিউটার নেটওয়ার্কটাই হচ্ছে বড়। আপনি এখন ই.গভর্নেন্সের কথা বলছেন। ই.গভর্নেন্স মানে গভর্নমেন্ট টু গভর্নমেন্ট ইন্টারফেস, *গভর্নমেন্ট টু সিটিজেন ইন্টারফেস*, সিটিজেন টু গভর্নমেন্ট ইন্টারফেস, গভর্নমেন্ট টু আদার *অর্গানাইজেশন ইন্টারফেস*। এখন কি একজন সিটিজেন গভর্নমেন্টের কাছে পৌঁছতে পারেন ; *গভর্নমেন্ট কি বিভিন্ন জেলার* ডি.এম.-দের কাছে পৌঁছতে পারেন ? কিন্তু চন্দ্রবাবু নাইডু গত *তিন বছর পরে টেলি কনফারেন্সিং* করেন ; কারোর আসবার প্রয়োজন হয় না হায়দ্রাবাদে, *উনি বসে বসে সবার সঙ্গে কথা বলেন*। আমরা এতদিন ধরে একটা অপটিকাল ফাইবার

নেটওয়ার্ক গড়ে তুলতে পারিনি এবং সেটা কবে হবে, মানববাবু সেটাও স্পষ্ট করে বলেননি। ই.গভর্নেন্সের মূল ব্যাপারটা হচ্ছে ট্রান্সপারেন্সী ; একজন সিটিজেন জানতে পারবেন, 'আমি অ্যাপ্লিকেন্ট ছিলাম, আমার ফাইলের পোজিশনটা কি।' আমাদের কোথায় সে সুযোগ আছে স্যার ? ওয়েস্ট বেঙ্গল গভর্নমেন্টের যে ওয়েবসাইটটা আছে, আমি সব সময় দেখি একেবারে ডেটেড, আমাদের লাইব্রেরির মতো অবস্থা, লাইব্রেরিতে গেলে দেখি ১৯৯৭ সালের পর কোনো ডাটা নেই। সারা ভারতবর্ষে নিকনেট আছে, ন্যাশনাল ইনফর্মেটিক সেন্টার আছে, তাদের কানেকশন আছে। আপনি যদি কোনো ফ্যাক্ট যদি কোনো লাইব্রেরির মাধ্যমে পেতে চান পেতে পারেন। আমাদের অ্যাসেম্বলি লাইব্রেরিতে নিকনেট নেই। তাহলে অন্য কোথায় সেটা থাকবে ? সেক্ষেত্রে ডেভেলপমেন্ট কি হবে, কি ই.গভর্নেন্স হবে ? আপনি একটু ভেবে দেখুন ভাল করে। স্যার, আজকে একটা কাগজে খবর আছে—বুদ্ধদেববাবু খুব উইপ্রো উইপ্রো করছিলেন ; এটা অনেকটা বুদ্ধদেববাবুর সেই একটা গ্রাঁপ্রি মোটর রেসিং নিয়ে উৎসাহ দেখানোর মত—আজকে হিন্দুস্থান টাইমসের একটা বড় খবর—উইপ্রো কোল্ডফিল্ড অন বেঙ্গল ভেনচার।

[5.40—5.50 p.m.]

তার কারণ আমেরিকার মেলটাউন হয়েছে। উইপ্রোর সেয়ার অফ বিজনেস কিছুটা কমেছে। উইপ্রো ভাবছে এরপর যখন বাংলার স্কুলে কম্পিউটার ইনট্রোডিউস হবে, তার বাজারটা কে পাবে। টাটা পাবে, আই.বি.এম পাবে না উইপ্রো পাবে। এই নিয়ে ওরা অনেকটা এগিয়ে পেছিয়ে গিয়েছে। ২০০২ সালের আগে ওরা ইমপ্লিমেন্ট করবে না। এই উইপ্রোকে নিয়ে আপনারা নাচানাচি করেছিলেন। বাংলায় যদি নিজস্ব কম্পিউটার কোম্পানি থাকত তাহলে আমাদের এটা থাকত না।

(এই সময় লালবাতি জ্বলে ওঠে)

স্যার, আমার সময় আপনি কমিয়ে দিয়েছেন। আমি একটা কথা এখানে বলি যে কিভাবে এখানকার স্টুডেন্টদের ঠকানো হচ্ছে। একটা দেখবেন, জ্যাব কোম্পানি বলে একটা কোম্পানি এখানে ছিল সেটা উঠে গিয়েছে। তারা সারাদেশের লোককে ঠকিয়ে ছিল। গভর্নমেন্ট একটা ইন্সটিটিউশান করেছে, ইন্ডিয়ান ইন্সটিটিউট অফ ইনফরমেশান টেকনোলজি। ১০০ ছাত্র, তাদের থেকে ৩৫ হাজার টাকা বছরে নেওয়া হয়। আপনি শুনলে অবাক হয়ে যাবেন যে তারা আজ পর্যন্ত অল ইন্ডিয়া কাউন্সিল ফর টেকনিক্যাল এডুকেশানের রেকমেন্ড পায়নি ডিমড ইউনিভার্সিটি স্টাটাস পায়নি। তার একটা বিল্ডিং নেই, তাদের অন্য বিল্ডিং-এ চালাতে হচ্ছে। তার ডিরেক্টর চলে গিয়েছে আমেরিকায়। এই নিয়ে আপনি কম্পিউটার প্রফেশনালস তৈরি করবেন ? আই.আই.টি., তাতে আপনারা ছাত্রদের থেকে ৫ লক্ষ টাকা নিয়েছেন। সেখানেও আপনারা ঠকাচ্ছেন। পশ্চিমবাংলায় কম্পিউটার এডুকেশান মানে হচ্ছে মানুষকে ঠকানো। গভর্নমেন্ট সুড স্টেপ ইন এ বিজ ওয়ে। স্কুলে কম্পিউটার প্রোগ্রামটা গভর্নমেন্ট নিজে চালু করুক। আজকে আমার কাছে অনেক তথ্য ছিল স্যার, কিন্তু তার মধ্যে আমি যেতে

চাই না। আজকে আমাদের দেশেই সংগঠন হয়েছে, বাঙ্গালোরের সেন্টার ফর ডেভেলপমেন্ট অফ সফ্‌টওয়্যার টেকনোলজি আছে। আজকে ন্যাশানাল সেন্টার ফলে ই-গভর্নেন্স দিল্লিতে আছে। আজকে ন্যাশানাল কমিউনিকেশান ইনফরমেটিক সেন্টার দিল্লিতে আছে। ই-ড্যাক্ট সেন্টার ফর অ্যাডভান্স কম্পিউটার আছে। আজকে স্যার বড় ব্যাপার সুপার কম্পিউটার সি.আর.আই আমাদের দেয়নি। আমাদের ভারতবর্ষ নিজেরা সুপার কম্পিউটার তৈরি করেছে। পশ্চিমবাংলা সেই জায়গায় কোথায় পড়ে আছে আপনি ভাবুন। ই-কমার্স পশ্চিমবাংলায় ডেভেলপ করেনি। সারা পৃথিবীতে লোক শুধু বোতাম টিপে ঘর থেকে না বেরিয়ে সবকিছু অপারেট করতে পারে, ই-কমার্স কোথায় ডেভেলপ করেছে ! ডেলি মেডিসিনের জন্য এক জায়গার ডাক্তার অন্য জায়গায় বসে ট্রিটমেন্ট করছে। কোথায় ডেভেলপ করেছে ! আমরা অনেক পেছিয়ে আছি। শুধু ফিনান্স ডিপার্টমেন্ট থেকে প্রফেশনাল ট্যাক্স করলেই হবে না। আমি বলছি মানববাবুকে যে মাচ নিডস টু বি ডান।

শ্রী মানবেন্দ্র মুখার্জী : মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি প্রথমে বিরোধী দলের সদস্যদের ধন্যবাদ জানাব, আমার এই বাজেট বরাদ্দের দাবির বিরুদ্ধে কোনো কাট-মোশান না আনবার জন্য। নির্দিষ্টভাবে কোনো সমালোচনা নেই, আমি এই জন্য তাঁদেরকে ধন্যবাদ জানাব। বাজেটে কিছু বলতে দাঁড়িয়ে রাজনৈতিক কারণে কিছু বিরোধিতা আসবে সেটা স্বাভাবিক। আমি যতটা বেশি আপনাদের সমালোচনাগুলির জবাব দেবার চেষ্টা করব তার থেকে বেশি আমাদের মনোভাব আপনাদের কাছে তুলে ধরবার চেষ্টা করব। ভবিষ্যতের জন্য আমাদের রাজ্য সরকারের মনোভাবটা কি সেটা জানাবার চেষ্টা করব। আপনারা আমাদের সাহায্য করুন। এটা সম্পূর্ণ নতুন বিষয়। আপনারা জানেন এই বিধানসভার অধিবেশনে প্রথম ইনফরমেশান টেকনোলজির বাজেট নিয়ে আলোচনা হচ্ছে। আসলে আমরা কি করতে চাই, আমরা কোন জায়গায় পৌঁছাতে চাই সেটা হল আসল ব্যাপার। কিভাবে পৌঁছাব এই নিয়ে আমাদের বিতর্ক হতে পারে। কত দ্রুতগতিতে আমরা পেরেছি, কত টাকা বেশি দেওয়া উচিত ছিল সেটা আপনারা বলতে পারেন। কিন্তু প্রাথমিকভাবে আমরা লক্ষ্য সম্পর্কে একমত হই। লক্ষ্যে পৌঁছানোর বিতর্কটা আমরা পরে করে নিতে পারব। এর মধ্যে প্রধানত দুটি বিষয় একটা আর একটার সঙ্গে এমনভাবে মিলেমিশে আছে তা বেছে আলাদা করা মুশকিল। দুটি ভার্টিক্যাল। একটার সঙ্গে আর একটার সম্পর্ক ভার্টিক্যাল। বিরোধ নেই কিন্তু ভার্টিক্যাল। একটা পয়েন্টে এসে মিট করে। একটা হচ্ছে আই.টি ইন্ডাস্ট্রি ইনভেস্টমেন্ট। সেই নিয়ে কিছু কথা তাঁরা বলেছেন। আরো গুরুত্বপূর্ণ বিষয় হচ্ছে ই-গভর্নেন্স। এটা ভার্টিক্যাল, দুটি অন্যদিক। একটা জায়গায় এসে মিট করে। আর এই দুটি কভার করে আছে যে সাধারণ ক্ষেত্রেটা সেটা হচ্ছে আই.টি সংস্কৃতি, আই.টি সাক্ষরতা এবং আই.টি শিক্ষা। আমি যদি বলি কম্পিউটারের ব্যবহার—যেটা দেবেশ বলেছে—একটা কম্পিউটার বসাবো, এটা অঙ্গের ভূষণ মাত্র। এটা আই.টি. নয়, তথ্য প্রযুক্তি নয়। আসলে বিষয় হচ্ছে কোন জায়গায় যেতে চাই, বটম লাইনটা কি ? সৌগতবাবু কানেকটিভিটির কথা বলেছেন। একটা সেট এলন কম্পিউটার এই কথাটার কোনো অর্থ দাঁড়ায় না, এই কথাটা অর্থহীন হয়ে যায় যে এটাকে

একটা কানেকটিভিটির মধ্যে আনতে পারি। একটা বিপ্লব যদি কম্পিউটার হয় তাহলে তার পরবর্তীকালের বিপ্লব হচ্ছে কানেকটিভিটির মধ্যে আনা। কমিউনিকেশনের সঙ্গে কম্পিউটারকে যুক্ত করে দেওয়া—এটাই আমাদের সুযোগ করে দিয়েছে মানুষের কাছে পৌঁছে যাওয়ার। এই বিষয়ে বিরোধীদলের নেতারা নিশ্চয়ই আমার সঙ্গে একমত হবেন যে, আজকে একবিংশ শতাব্দীতে দাঁড়িয়ে কোনো মানুষের জীবনের মান উন্নয়নের প্রশ্নে তথ্য একটি গুরুত্বপূর্ণ উপাদান। ভ্যালু অ্যাড করে লাইফে আমরা যদি নির্দিষ্টভাবে আমাদের লক্ষ্যটা বেছে নিই যে ভ্যালু অ্যাড করে এই রকম ইনফর্মেশান আমাদের রাজ্যের একশো পার্সেন্ট মানুষের কাছে পৌঁছুবে, এটাই আমাদের তথ্যপ্রযুক্তি নীতির শেষ লক্ষ্যসীমা হোক, আমার ধারণা, এ নিয়ে কারও কোনো বিতর্ক নেই। যার জন্য আপনাদের একটা মতামতও আমরা শুনতে চাই, পরামর্শ আমরা পেতে চাই। এই লক্ষ্যটা অর্জন করবার কোনো মডেল আমাদের সামনে হাজির নেই। কারণ, তথ্যপ্রযুক্তি প্রয়োগের সাফল্য যে দেশগুলোতে হয়েছে—আপনি আমেরিকা বলুন, বৃটেন বলুন, সিঙ্গাপুর বলুন, সুইডেন বলুন—আর্থ-সামাজিক সাংস্কৃতিক অবস্থার সঙ্গে ভারতবর্ষের মতো তৃতীয় বিশ্বের দেশে আর্থ-সামাজিক সাংস্কৃতিক অবস্থার কোনো তুলনা হয় না। ভারতে এমন একটা পথে আমরা যেতে শুরু করেছি, যে পথটাতে আমাদের আগে কেউ যায়নি। এমন একটা রাস্তায় আমরা হাঁটতে শুরু করেছি, যার কোনো নির্দিষ্ট মডেল নেই। নির্দিষ্ট করে এই মডেল কমিউনিস্ট ম্যানিফেস্টোতেও নেই, দালাল স্ট্রিট জার্নালও আমাদের নেই, যেটা এই মাটিতে দাঁড়িয়ে আমাদের নিজেদেরই করতে হবে। কাজটা অত্যন্ত কঠিন, ভীষণ কঠিন। এই জায়গাটায় বিতর্কের থেকে অনেকবেশি কাম্য যেটা, পারস্পরিক আলোচনায় কি করে এই রাস্তাটায় আমরা পৌঁছুতে পারি। সৌগতবাবু একটা কথা বলেছেন নেটওয়ার্কিংয়ের প্রশ্নে। আপনি কালকে রাইটার্সে গেলে আপনাকে ন'জন ডিস্ট্রিক্ট ম্যাজিস্ট্রেটের সঙ্গে কথা বলিয়ে দেব। আমরা আনুষ্ঠানিকভাবে এখনও চালু করিনি। ছবি দেখা যাবে। আর অন্ধ্রপ্রদেশে যেটা দেখতে পাবেন না, সেটাও দেখতে পাবেন—ডকুমেন্টের সঙ্গে টেলিফোন নিয়ে, ডকুমেন্টের সঙ্গে আলোচনা করতে পারেন। 'ভি ও আই পি'—ভয়েস ওভার ইন্টারনেট প্রোটোকল, প্রথম ই-গভর্নেন্সের ক্ষেত্রে ব্যবহৃত হচ্ছে এই পশ্চিমবাংলাতে। আমরা আনুষ্ঠানিকভাবে কাজটা শুরু করিনি। কারণ, আমাদের প্রথম পর্যায়ের কাজটা—১৭টা ডিস্ট্রিক্ট হেড কোয়ার্টার, ৮টা গুরুত্বপূর্ণ শহর এবং এক্সপেরিমেন্টালি একটা ব্লককে কানেক্ট করেছি, সোনারপুরকে কানেক্ট করেছি। এই বছরে, এই ফিনান্সিয়াল ইয়ারে আমাদের লক্ষ্য যেটা আছে, আমাদের ৬৩টা সাব-ডিভিসন এবং ৩৪১টা ব্লকের একটা বড় অংশে পৌঁছে যাওয়া। এমনিতে আমাদের বাংলা নিয়ে অনেক অহংকার, অনেক দুঃখবোধ ইত্যাদি আছে। আমি শুধু পঙ্কজবাবুকে বলি, জুরাসিক বাংলা নিয়ে গর্ব করার সময় আপনার আসছে। ডিস্ট্রিক্ট হেড কোয়ার্টারে পৌঁছে যাওয়ার সাহস এখন পর্যন্ত রাজ্য সরকার বিশেষ দেখাননি—আপনার আই.টি. হেভেন কর্ণাটকও না। আপনাকে আমি কাগজ পাঠিয়ে দেব, কি এখনও আমরা অর্জন করতে পারিনি। যে জায়গাটায় ওরা যেতে শুরু করেছে, সাইবার সিটি এবং কৃষকের আত্মহত্যা, যে জায়গাটাকে অন্ধ্রপ্রদেশ ভাবতে পেরেছে, তার থেকে বেশ কিছুটা এগিয়েই আমরা ভাবতে শুরু করেছি। মানুষের কাছে আমরা তথ্য পৌঁছে দেব। হ্যাঁ, ব্যাক

গ্রাউন্ড যদি বলেন, অভিজ্ঞতা কোথা থেকে যদি বলেন, পরে শুরু করার একটা অ্যাডভান্টেজ তো আছে। অভিজ্ঞতা থেকে কিছুটা শেখা। তবে সাইবার সিটি এবং কৃষকের আত্মহত্যা, এই দুটোকে কিছুতেই ম্যাচ করানো যাচ্ছে না। আমাদের যদি করতে হয়, আমরা একশো পার্সেন্ট মানুষের কাছে পৌঁছে যাব। শুধু কলকাতাকে, সল্ট লেককে সাজিয়েগুছিয়ে অনেকগুলো বড় বড় বাড়ি করলাম, কিছু কোম্পানি হল, এগুলো ভাল, আমার তাতে আপত্তি নেই, আমরা চেষ্টাও করছি। কিন্তু বটলনেকটা কি—একশো পার্সেন্ট মানুষের কাছে পৌঁছানো। আপনি আজকে সোসিও-ইকনোমিক রিয়্যালিটিটা জানেন যে, আমাদের পশ্চিমবাংলায় কেন, ভারতবর্ষের ক' পার্সেন্ট মানুষ ইনফরমেশান টেকনোলজির টার্মিনাল কম্পিউটারের শেষ পর্যন্ত পৌঁছুতে পারবে, যে দেশের অ্যাভারেজ লিটারেসি রেট ৭০ পার্সেন্টের নীচে, যে দেশের মাথাপিছু আয়, গড় আয় পৃথিবীর মধ্যে সবচেয়ে পেছনে থাকা দেশগুলোর মধ্যে একটা দেশ ? সেখানে আই.টি.র শেষ নিউ টেকনোলজির টার্মিনাল কম্পিউটারে ক' পার্সেন্ট মানুষ পৌঁছুতে পারবে ? পৌঁছুতেই যদি হয়, শতাব্দীব্যাপী ইনফরমেশনের একটা প্রক্রিয়া আছে—মানুষের পাশে মানুষ।

[5.50—6.00 p.m.]

আমাদের আই টি ফর দি মাসেস এবং আই টি ফর দি পিপল যদি আমাকে করতে হয় তার জন্য আমাকে পঞ্চায়েত এবং মিউনিসিপ্যালিটিকে অ্যাড করতে চাই আমাদের ইনফরমেশান টেকনোলজির সঙ্গে। আমরা এটা পঞ্চায়েত অফিস পর্যন্ত পৌঁছে দেব। নির্বেদবাবু, ভারতবর্ষের কোনো রাজ্যের মুখ্যমন্ত্রী হাইটেকের কথা যা কল্পনা করতে পারেনি, আমরা এখানে তা ৫ বছরের মধ্যে ৩ হাজার ৩০০টি পঞ্চায়েত অফিসে কানেকটিভিটি পৌঁছে দেবার চেষ্টা করব। কিন্তু তারপরেও আমরা সহমত চাইছি, আমরা আপনাদের সহমত চাইছি, কোনো বিতর্কে যাচ্ছি না, কিন্তু ৩ হাজার ৩০০ জন মানুষের থেকে ৮ কোটি মানুষের কাছে নিয়ে যাব। আপনি যদি ইনফরমেশান বলেন কম্পিউটার মেয়ার টুল ইনফরমেশান পৌঁছে দেবার কানেকটিভিটি কম্পিউটার, মেয়ার টুল। হিস্ট্রি হ্যাজ প্রোডিউজড় কিন্তু অনেক স্ট্রং ট্র্যাডিশনাল একটা টুল—এই দুটো টুলকে আমরা কমবাইন্ড করতে চাই। আপনাদের পরামর্শ চাইছি, আমরা বিরোধিতা করতে চাইছি না, আপনাদের পরামর্শ চাইছি—এই জায়গাটায় আমাকে পৌঁছতে হবে। এই জায়গাটাতে পৌঁছতে গেলে সব থেকে বড় কথা কালচার, ইট ইজ বেসিক্যালি এ সোসিও ইকোনমিক ম্যাটার। টেকনোলজিক্যাল পার্টটা ৫ পার্সেন্ট। আমাদের রাজ্যের মানুষের মধ্যে আই টি কালচার এবং আই টি লিটারেসি তৈরি করার জন্য যেটা সবচেয়ে গুরুত্বপূর্ণ তা ইতিমধ্যেই আপনারা দেখেছেন যে আমাদের জুরাসিক বাংলাতে যে সমস্ত ইনস্টিটিউশান আছে, একমাত্র দুর্ভাগ্য, বিরোধীদলের নেতার, তাঁর একমাত্র গর্ব হয় না, বাকিদের সবার গর্ব—আই আই টি খড়্গপুরকে নিয়ে। যেমন বেস্ট ইঞ্জিনিয়ারিং কলেজ হিসাবে খড়্গপুরের নাম চলে আসে, যেমন প্রেসিডেন্সি কলেজ, সেন্ট জেভিয়ার্স কলেজের নাম সামনে চলে আসে। যাদবপুর ইউনিভার্সিটি সেন্টার অফ একসিলেন্স হয়, ক্যালকাটা ইউনিভার্সিটি ফাইভ স্টারের মর্যাদা পায় তখন একমাত্র দুর্ভাগ্য বাংলার যে, ওনার কেবল গর্ব

হয় না, বাকিদের সবার গর্ব হয়। এই গর্বকে কাজে লাগিয়ে কিন্তু আমি গ্রামের সেকেন্ডারি স্কুল বা মাধ্যমিক স্কুলে এই কম্পিউটার পৌঁছে দেবার একটা চ্যালেঞ্জ হাতে নিয়েছি এবং এটা আমার কাছে একটা চ্যালেঞ্জ, একশোটি স্কুলে এই বছর পৌঁছেছে এবং এই একশোটি স্কুলে যে পৌঁছেছে এটা রাজ্য নিজে করেছে। আপনারা জানলে খুশি হবেন আমাদের কাছে প্রোপোজাল আছে আই বি এম, মাইক্রো-সফ্‌ট্‌, উইপ্রো এবং এন আই আই টি এদের খুব দ্রুত গতিতে স্থান করে আমাদের টার্গেট যেটা আছে আমাদের প্রায় আড়াই হাজার হায়ার সেকেন্ডারি স্কুলে আর প্রায় ৯ হাজার মাধ্যমিক স্কুলে কম্পিউটার বসাবো। এই ব্যাপারে স্কুল এডুকেশান ডিপার্টমেন্টের সঙ্গে আলাপ-আলোচনা করেছি। কয়েক বছরের মধ্যে সময়টা যাতে এক্সটেন্ড হয়ে না যায়, ফিজিক্যাল ইনফ্রাস্ট্রাকচারটা আমাদের বিবেচনার মধ্যে রাখতে হবে। যাতে এখানে সব স্কুলেই কম্পিউটার এডুকেশানটা নিয়ে যেতে পারি, কারণ আমাদের হিউম্যান রিসোর্স ডেভেলপমেন্ট না করতে পারলে পারব না। আসলে এটা তো এমন একটা শিল্প, যে শিল্পটার কাঁচামাল আমরা নিজেরা তৈরি করতে পারি। আমাদের বাংলার মাটির তলায় তেল নেই, আপসোস করে কি লাভ—নেই তেল ! কিন্তু নলেজ বেসড্‌ ইন্ডাস্ট্রিজের দ্বারা তো নলেজটা তৈরি করা যায়। সেই সম্পর্কে উদ্যোগটা আবার নেবার চেষ্টা করছি। আরো বিষয়ে বলেছেন নির্বেদবাবু, আমি ওনার কাছ থেকে আরো কঠোর সমালোচনা পেলে খুশি হব। আপনি আরেকবার আই টি পলিসিটা পড়ুন, নির্বেদবাবু—বাজেটটা একবার পড়ুন। আমি আপনার কাছ থেকে এখানে সমালোচনা শুনতে চাই, কঠোর সমালোচনা যে আই টি পলিসিতে এই এই বলেছে, এর মধ্যে একটা কেন ; বাকিগুলো হচ্ছে না কেন। আসলে আপনি পড়েননি, আপনি এখানে বললেন না সেই কথাটা—সাইবার কালচার এই সামান্য কথাটা বলছেন কেন। আমি তো সামগ্রিক আই টি কালচার বলছি। আপনার সাইবার কালচার এর মধ্যে ছোট একটা বিষয়, ভীষণ ছোট একটা বিষয়। আমি আই টি কালচারের কথা বলছি। দেখুন সাইবার কালচার শুধু অ্যাসোসিয়েটেড কিছু বিষয় থেকে হয়, সেটা নিয়ে ছুঁৎমার্গ দেখিয়ে কি লাভ ? পৃথিবীতে যখন প্রথম ছাপার বই আবিষ্কৃত হয়েছে, সেই ছাপার বইতে ভাল জিনিসও হতে পারত, আবার খারাপ জিনিসও হতে পারত, সভ্যতা তার থেকে পেছোয়নি, এগিয়েছে। আমি আই টি কালচারের কথা বলছি, শুধু মাননীয় বিরোধীদলের নেতার বক্তব্যের একটা বড় অংশ আমি বুঝিনি। আমার কেন যেন মনে হয় উনিও বোঝেননি। বই থেকে গড়গড় করে পড়ে গেছেন। তবে যে কথাটা এই জিনিসের মধ্যে ধরতে পেরেছি তাতে অনেকগুলো কাজ হয়েছে যা আপনি জেনে খুশি হবেন যে, বি. এস. এন. এল. টু এম. বি. পি. এস. কানেকটিভিটি আমাদের একমাত্র ভরসা নয়, এখানে দরকার কালেকটিভ কানেকটিভিটি, ১৭০ এম. বি. পি. এস.। এবং এই বছরের অক্টোবর থেকে আমাদের এস টি পি টুতে নতুন আর্থ স্টেশান চালু হয়ে গেলে আমাদের কালেকটিভিটি ৪২৫ এম. বি. পি. এস. হবে। এবং যে কথাটা আপনি বলেছেন পারাদ্বীপে এসেছে, ওটা পারাদ্বীপে আসেনি, এসেছে চেন্নাইয়ে। সেখান থেকে আসবে আমাদের কাছে। রিলায়েন্স আমাদের এখানে মাটির তলা দিয়ে আসতে শুরু করেছে, একজিসটিং ১৭০ এম. বি. বি. এস. ৪২৫-এ উঠবে অক্টোবর থেকে এবং রিলায়েন্স আসতে শুরু করেছে, ভারতি আসবে। আমাদের

কানেকটিভিটি রেঞ্জ টেরাবাইক পর্যায়ে হবে। কলকাতার মানুষের কাছে এই নতুন সুযোগ কেন পৌঁছে দেওয়া গেল না, আর একটু কেন বাড়তি পৌঁছে দেওয়া গেল না—পঙ্কজবাবু আপনাকে হাতজোড় করে প্রশ্ন করি, এই কথা আপনাদের দলের এম এল এ, মেয়র সুব্রতবাবুকে জিজ্ঞাসা করুন, রিলায়েন্স কানেকটিভিটি প্ল্যান গত বছরের নভেম্বর মাস থেকে পড়ে আছে সি এম সি-তে। এটা অনুমোদন এখনও পায়নি, কিসের জন্য, কিসের বিনিময়ে, কিসের আশায় আটকে আছে। আপনার দলের লোককে বলুন। আমি আবার আমার বাজেট প্রস্তাবকে সমর্থন করে, কাট মোশান নেই, এই কথা বলে, আমার বক্তব্য শেষ করছি।

DEMAND No. 45

The motion of Dr. Asim Kumar Dasgupta that a sum of Rs. 64,36,70,000 be granted for expenditure under Demand No. 45, Major Head : "2251-Secretariat-Social Services" during the year 2001-02.

(This is inclusive of a total sum of Rs. 21,45,57,000 already voted on account in February, 2001,)

was then put and agreed to.

Adjournment

The House was then adjourned at 5-56 p.m. till 11-00 a.m. on Tuesday the 24th July, 2001, at the Assembly House, Kolkata.

INDEX TO THE

West Bengal Legislative Assembly Proceedings (Official Report)

Vol. 118, No. III (Hundred Eighteenth Session, June, 2001)

(The 13th, 16th, 17th, 18th, 19th, 20th and 23rd July, 2001)

Abdul Karim Chowdhury, Shri—Setting up of a Hospital/Subsidiary Health Centre in Panjipara (Q) / PP—26-27

Abdul Mannan, Shri and Gyan Singh Sohanpal, Shri—Police Firing (Q) / P—517

Abdul Mannan, Shri—অমরনাথ তীর্থযাত্রীদের নৃশংসভাবে হত্যা (M) / P—783

—ই. এস. আই. হসপিটালে মডার্ন ইকুইপমেন্টস এবং আবেদন (M) / P—269

—ই. এস. আই. হাসপাতালগুলিতে সি. টি. স্ক্যান ও এম. আর. আই.-এর ব্যবস্থা (Q) / PP—645-646

—কলেজে টিউশন ফি বাড়ানোর প্রতিবাদে—ছাত্র পরিষদসহ কয়েকটি ছাত্র সংগঠন-এর ছাত্র ধর্মঘট (M) / P—649

—গরিব ছাত্র-ছাত্রীদের কলেজে ভর্তি হওয়ার ব্যবস্থা (M) / P—160

—রাজ্যে উগ্রপন্থী সংগঠন (Q) / P—511

—রাজ্যে রাজনৈতিক সংঘর্ষের ঘটনা (Q) / P—27

—শহিদ মিনারে স্থায়ী মঞ্চ তৈরির আবেদন (M) / PP—770-771

—১৯৯৬-২০০১ সালে রেসকোর্সের মাঠ থেকে আয় (Q) / PP—409-410

—**Abu Ayes Mondal, Shri**—কল্যাণ প্রকল্প (Q) / PP—254-258

—দার্জিলিং গোর্খা পার্বত্য পরিষদ (Q) / P—517

—দূষণকারী কারখানা (Q) / PP—519-520

—দেশব্যাপী একই শিক্ষাক্রম (Q) / PP—748-752

—মাধ্যমিক বিদ্যালয়ের পরিকাঠামোর মানোন্নয়ন (Q) / PP—142-146

—রাজ্যে অনুমোদনপ্রাপ্ত বয়স্ক শিক্ষাকেন্দ্রের সংখ্যা (Q) / PP—627-629

—লোক আদালত (Q) / PP—759-760

—সফটওয়্যার পার্ক (Q) / PP—497-502

Abu Taher Khan, Shri—Discussion and voting on Demands for Grants on Demand No. 21 / PP—591-593

Acharyya, Shri Maniklal—Discussion and voting on Demands for Grants on Demand No. 41 / PP—124-125

—কুলটিতে আইন-শৃঙ্খলার অবনতি এবং পুনর্বাসনের ব্যবস্থার দাবি (M) / P—426

Adhikary, Shri SiSir—Discussion and voting on Demands for Grants relating to the Demand No. 32, 332, 34 / PP—474-476

—Discussion and voting on Demand for Grant Demand No. 37 & 90 / PP—673-674

—সুজাতা দাসের ঘটনার ব্যাপারে প্রকৃত তথ্য উদ্‌ঘাটনের চেষ্টা / P—649

—সুবর্ণরেখা প্রকল্পের কাজ আটকে থাকার জন্য খড়গপুর এবং কাঁথি মহকুমার লক্ষ লক্ষ দরিদ্র কৃষকদের দুর্দশা (M) / PP—431-432

Adhikary, Shri Paresh Chandra—Discussion and voting on Demands for Grants on Demand No. 66 & 68 / PP—226-228

—কিছু ব্যবসায়ী এবং কিছু ব্যবসায়ী প্রতিষ্ঠান সরকারি সুযোগ-সুবিধা নিয়েও কাজ না করা (M) / PP—767-768

—মেখলিগঞ্জ স্বাস্থ্যকেন্দ্রে গাইনোকোলজিস্ট, অ্যানাসথেসিস্ট ও বিশেষজ্ঞ ডাক্তার পাঠানোর জন্য স্বাস্থ্যমন্ত্রীকে অনুরোধ (M) / P—422

Anisur Rahaman, Shri—Discussion and voting on Demands for Grants on Demand No. 49 & 50 / PP—340-343

Ankur, Shri Saresh—কাঁকশায় ১নং ও ২ নং জোনের জন্য গ্রীষ্মকালে টিউবওয়েল, কুয়ো ইত্যাদিতে পানীয় জলের ব্যবস্থা করার আবেদন (M) / P—274

Bagdi, Shri Bijoy—Discussion and voting on Demand for Grants on demand No. 41 / PP—721-722

Bagdi, Shri Kiriti—Discussion on voting on Demand for Grants on Demand No. 12, 77, 78, 80 & 81 / PP—193-194

Bakshi, Shri Subrata—Discussion and voting on Demands for Grants relating to the demand No. 32, 332, 34 / PP—454 & 456

—Discussion and voting on Demand for Grants on demand No. 59, 60, 62 & 63 / PP—803-804

—Dues of CESC to State Government (Q) / P—643

—Installed capacity of Power Stations (Q) / PP—6-10

—যুগান্তর পত্রিকা চালু করার উদ্যোগ (Q)/ P—31

Bala, Dr. Asim—Discussion and voting on Demands for Grants relating to Demand No. 49 & 50 / PP—334-336

Bandyopadhyay, Srimati Nayana—দুঃস্থ চলচ্চিত্র শিল্পীদের সাহায্যার্থে তহবিল (Q)/ P—32

Bandyopadhyay, Shri Tarak—Discussion and voting on Demands for Grants relating to the Demand No. 32, 332 34/ PP—480-481

—Discussion and voting on Demand for Grants on demand No. 37 & 90 / PP—689-690

—জোয়ারের জলে সি. এম. সি অধীনস্থ রাস্তায় প্লাবন (Q)/ P—34

—মহার্ঘ ভাতার বৈষম্য (Q)/ P—408

—সরকারি উদ্যোগ ও পরিচালনায় ছায়াছবি ও তথ্যচিত্র নির্মাণ (Q)/ PP—34-36

—সরকারি এবং বেসরকারি কারিগরি প্রতিষ্ঠান (Q)/ PP—147-149

Banerjee, Dr. Asish—উত্তরবঙ্গ রাষ্ট্রীয় পরিবহনের চালু বাস (Q)/ P—147

—হাসপাতাল থেকে ওষুধের পরিবর্তে বোমা উদ্ধার। পুলিশি ব্যবস্থার দাবি (M) / P—422

—হাসপাতালে প্রতিষেধক ওষুধের চাহিদা ও জোগান (Q)/ P—404-405

—বিদ্যুৎবিহীন গ্রাম (Q)/PP—2-6

Banerjee, Shri Mrinal—Regarding to make a statement on the subject of apprehension of widespread loadshedding in the state due to short supply of electricity from National Thermal Power Corporation / PP—42-43

Banerjee, Shri Pankaj—Discussion and voting on Demands for Grants on Demand No. 41 / PP—118-121

—Discussion on Resolution under Rule 201 / PP—531-536

—Discussion and voting on Demand for Grants relating to the Demand No. 21 / P—567-572

—স্বাধীনতা সংগ্রামীদের সাম্মানিক ভাতা (M)/P—765

Basu, Smt. Manju—Discussion and voting on Demands for Grants on Demand No. 35 & 36 / PP—95-97

Bera, Shri Dipak—Discussion and voting on Demands for Grants on Demand No. 59, 60, 62 & 63 / P—804-806

Bhadra, Shri Arup—Discussion and voting on Demands for Grants on Demand No. 37 & 90 / PP—680-682

—বারুইপুর থেকে শুরু করে ক্যানিং জয়নগর পর্যন্ত সি.টি.সি. বাস চলাচল বন্ধ হওয়ার ফলে যোগাযোগ ব্যবস্থা ভেঙে পড়েছে। (M)/P—428

Bhattacharjee, Shri Buddhadeb—Discussion on Resolution under Rule 201 / PP—543-545

—Discussion and Voting on Demands for Grants relating to Demand No. 21 / PP—556-566, 613-619

Bhattacharya, Shri Asok—Discussion and Voting on Demand for Grants on Demand No. 37 & 90 / PP—695-701

Bhowal, Shri Subrata—পূর্বস্থলীতে চিকিৎসার সমস্যা (M) / P—266

—পূর্বস্থলীর স্বাস্থ্যপরিষেবার বেহাল অবস্থা (M)/P—266

Bhowmick, Shri Prafulla Kumar—করিমপুর এবং মুর্শিদাবাদের ভৈরব নদীর উপর ব্রিজ থাকা দরকার। (M) / P—266

—কৃষ্ণনগর থেকে করিমপুর পর্যন্ত রেল-লাইন স্থাপনের জন্য দাবি। (M) / PP—429-430

Bhunia, Shri Ajit—Discussion and Voting on Demand for Grants on Demand No.73 / PP—372-374

—Discussion and Voting on Demands for Grants on Demand No. 41 / PP—731-732

—Discussion and Voting on Demands for Grants on Demand No. 59, 60, 62 & 63 / PP—806-808

Biswas, Shri Kamalakshi—বাগদা বিধানসভা কেন্দ্রে সিন্ডানী সমবায় সমিতিতে টাকা তছরূপের অভিযান (M) / P—769

Biswas, Shri Kanti—Calling Attention statement regarding turnmoil over admission in Patha Bhawan School / PP—762-765

Biswas, Shri Narayan—Discussion and Voting on Demands for Grants on Demand No.12, 77, 78, 80 & 81 / PP—199-200

Biswas, Shri Sushil—নদীয়া জেলায় প্রাথমিক শিক্ষক নিয়োগে জালচক্র (M) / P—770

Bouri, Shri Madan—Discussion and Voting on Demand for Grants on Demand No. 73 / PP—377-378

Bose, Shri Subrata—Discussion and Voting on Demands for Grants on Demand No. 35 & 36 / PP—97-98

CALLING ATTENTION (Statement)

Regarding a statement on the subject of alleged non-implementation of reservation policy for the students belonging to other backward classes in educational Institutions.—**Shri Upen Kisku** / P—648

Regarding a statement on the subject of Apprehended closure of Indian Iron & Steel Company—**Shri Nirupam Sen** / PP—413-416

Regarding a statement on the subject of flood situation in Hooghly and South 24-Parganas—**Shri Amalendralal Roy** / PP—416-417

Regarding turmoil over admission in Patha Bhawan School—**Shri Kanti Biswas** / PP—762-765

Chakraborty, Shri Biman—জগৎবল্লভপুর বিধানসভা কেন্দ্রের মুন্সিরহাটে বিদ্যুতের অভাবে কাজকর্ম ব্যাহত (M) / PP—165-166

Chakraborty, Shri Subhas—Discussion and Demands for Grants on Demand No. 12, 77, 78, 80 & 81 / PP—200-202

Chatterjee, Shri Partha—Discussion and Voting on Demands for Grants relating to Demand No. 32, 33 & 34 / PP—467-469

— পরিবহনের অসুবিধা (M) / P—164

Chatterjee, Shri Partha & Mondal, Shri Tanmoy— সরকারি আবাসনে ফ্ল্যাট বণ্টন (Q) / P—26

Chatterjee, Shri Rabindranath—Discussion and Voting on Demands for Grants relating to Demand No. 32, 33 & 34 / PP—442-445

—Discussion and Voting on Demands for Grants on Demand No. 37 & 90 / PP—685-688

—কলেজ পরিচালন সমিতির গভর্নিং বডিগুলিতে ছাত্র-প্রতিনিধিদের আন্দোলনের জন্য শাস্তিমূলক ব্যবস্থা নেওয়া উচিত এবং গভর্নিং বডিগুলিতে অভিভাবকদের একজন প্রতিনিধি রাখার ব্যবস্থা করা হোক (M) / P—429

Chattopadhyay, Shri Sobhandeb—Discussion on Resolution under Rule 201 / PP—536-539

—Discussion and Voting on Demands for Grants relating to Animal Husbandry and Development Department / PP—331-334

—Discussion and Voting on Demands for Grants on Demand No. 35 & 36 / PP—83-86

—অনুমোদিত মাদ্রাসা বিদ্যালয় (Q) / PP—133-138

—উন্নয়নপ্রকল্পে এন. জি. ও গুলিকে যুক্তকরণ (Q) / PP—382-392

—কলকাতায় আইন-শৃঙ্খলা রক্ষার আবেদন (M) / PP—272-273

—ডিগ্রি কলেজে বি.সি.এ, বি.বি.এম এবং মাইক্রোবায়োলজির পাঠক্রম (Q) / PP—742-748

—দক্ষিণবঙ্গ রাষ্ট্রীয় পরিবহনে কন্ডাক্টর নিয়োগ (Q) / P—154

—প্রাথমিক স্বাস্থ্যকেন্দ্রের সংখ্যা (Q) / P—26

—রবীন্দ্র ভারতী বিশ্ববিদ্যালয়ে জ্যোতিষ বিজ্ঞান পড়ানোর জন্য ইউ. জি. সি.-র অনুমোদন (M) / P—772

—রাজ্যে খাদ্যে ঘাটতির পরিমাণ (Q) / PP—19-20

—শিল্পের জগতে রাজনৈতিক সমস্যা (M) / P—161

Chatterjee, Shri Tapas—কর্মবিনিয়োগ কেন্দ্রকে এড়িয়ে নিয়োগের ব্যবস্থা (M) / P—167

—চটের বস্তা ব্যবহারে বাধ্যবাধকতা (Q) / P—408

—পুরুলিয়া জলবিদ্যুৎ প্রকল্প (Q) / P—16

—যুবকল্যাণ আধিকারিকের শূন্য পদ (Q) / P—757

Chowdhury, Shri Bansa Gopal—Discussion and Voting on Demands for Grants on Demand No. 73 / PP—380-384

—Discussion and Voting on Demands for Grants on Demand No. 73 / PP—344-356

Chowdhury, Shri Jayanta—বিষ্ণুপুর শহরে ছাত্র-ছাত্রীদের ভর্তির সমস্যা প্রকট (M) / P—430

Chowdhury, Shri Nani Gopal—Discussion and Voting on Demand for Grants on Demand No. 66 & 68/ PP—232-234

Chowdhury, Shri Subhendu—Discussion and Voting on Demand for Grants on Demand No. 57 / PP—301-303

Das, Shri Debesh—Discussion and Voting on Demand for Grants on Demand No. 45 / PP—829-831

—তালতলা এবং এন্টালি এলাকায় বর্ষার জল জমে সমস্যার সৃষ্টি (M) / PP—276-277

Das, Shri Nirmal—Discussion and Voting on Demand for Grants on Demand No. 37 & 90 / PP—678-680

—উত্তরবঙ্গের আলিপুরদুয়ারে গ্যাস টারবাইন গড়ে তোলার দাবি (M) / P—424

Das, Shri Paresh Nath—Discussion and Voting on Demands for Grants on Demand No. 73 / PP—378-380

Das, Shri Paresh Nath and Unus Sarkar, Shri—কে. পি. এস.-এর শূন্য পদ (Q) / P—262

—বীরভূম থেকে মুর্শিদাবাদ পর্যন্ত রাস্তাটি পাকা করার দাবি (M) / P—428

Dasthakur, Shri Chittaranjan—মেদিনীপুর জেলায় বি. আর. নগর এবং সি. আর. নগরে পৌরসভা বা পঞ্চায়েত নির্বাচনে ভোট দেওয়ার ব্যবস্থার আবেদন (M) / P—769

Datta, Shri Binoy—Discussion and Voting on Demands for Grants relating to Demand No. 21 / PP—590-591

—তৃণমূল নেতাদের সন্ত্রাস তৈরি করার চেষ্টা (M) / PP—267-268

Dey (Nag), Dr. Ratna—Discussion and Voting on Demands for Grants on Demand No. 32, 33 & 34 / PP—437-439

শ্রীরামপুরের জল নিকাশী ব্যবস্থা সঙ্কটাপন্ন (M) —ডঃ রত্না দে (নাগ) / P—426

Datta, Shrimati Tapati—হাবড়া শহরে ভয়ানক যানজট (M) / P—431

Deb, Shri Ashok—উচ্চমাধ্যমিক পাশের পর কলেজে ভর্তির সমস্যা (M) / P—774

—এম. এল. এ.-দের ডিমান্ড অনুযায়ী টাকা বাড়ানোর দাবি (M) / PP—427-428

—কাঁটাপুকুর মর্গের অব্যবস্থা (Q) / P—160

—ট্যুরিস্ট লজ স্থাপন ও ট্যুরিস্ট বাস ক্রয় বাবদ ব্যয়িত অর্থ (Q) / P—25

— পরিবহনের অব্যবস্থা (M) / P—267

—পরিবেশ আদালত (Q) / PP—516-517

—বিদ্যুৎ ক্ষেত্রে সার্বিক উন্নয়ন (Q) / PP—17-18

—ম্যাকিন্‌স সংস্থার সাহায্যে সমীক্ষা (Q) / PP—393-396

—রাজারহাট উপনগরী (Q) / PP—502-508

—রাজ্যে গ্রাম পঞ্চায়েত ও পঞ্চায়েত সমিতির হিসাব (Q) / PP—25-26

—সরকারি আবাসনের ভাড়াটিয়া আবাসিকদের ফ্ল্যাটের মালিকানা প্রদান (Q) / P—520

Deb, Shri Goutam—Discussion and Voting on Demands for Grant on Demand No. 35 & 36 / PP—103-111

—Discussion and Voting on Demands for Grants on Demand No. 35 & 36 / PP—62-82

Deb Shri Rabin—Discussion and Voting on Demands for Grants relating to the Demand No. 21 / PP—572-577

—ইতালিব জেনোয়াতে বিশ্বায়নের বিরুদ্ধে আন্দোলন (M) / P—741

—উদারীকরণ নীতির ফলে বিদেশের পণ্যের প্রবেশ (Q) / P—406

—কলকাতার পাঠভবন স্কুলের সুষ্ঠু পরিচালন ব্যবস্থা (M) / P—275

—তথ্যপ্রযুক্তি বিভাগের উদ্যোগ (Q) / PP—515-516

—পার্কসার্কাস জলাধার থেকে অনিয়মিত জল সরবরাহ (M) / PP—775-776

—স্বেচ্ছাচারমূলক অবসর গ্রহণের শর্ত না মানার ফলে ব্যাংক কর্মীদের উপর আক্রমণ (M) / P—421

Dey, Shri Ajoy—Discussion and Voting on Demand for Grant on Demand No. 37 & 90 / PP—676-678

—কেন্দ্রীয় সরকারের দপ্তর-এ বাংলাভাষাকে গুরুত্ব দেওয়ার আবেদন (M) / P—267

—মানিকনগর গ্রাম আর. এল. আই প্রকল্প চালুকরণ (Q) / P—37

—রাজ্যে ব্যাঙ্ক ডাকাতি (Q) / P—512

—শান্তিপুর থানার অর্ন্তগত পাকা রাস্তার পরিকল্পনা (Q) / P—36

Dey, Shri Narendranath—Discussion and Voting on Demands for Grants on Demand No. 57 / PP—319-322

—Discussion and Voting on Demands for Grants on Demand No. 57 / PP—284-295

Dutta, Shri Gurupada—রাজ্যে পরিবহন এবং পর্যটন-এর অব্যবস্থা (M) / P—267

Dutta, Shri Parash—Discussion and Voting on Demand for Grants on Demand No. 37 & 90 / PP—684-685

—ট্রাফিক আইন রক্ষা করার জন্য পুলিশকে সক্রিয় হতে হবে (M) / P—423

Dutta, Smt. Sarmistha—Discussion and Voting on Demands for Grants on Demand No. 37 & 90 / PP—688-689

Discussion and Voting on Demands for Grants on Demand No. 49 & 50.

—ডঃ অসীম বালা / PP—334-336

—শ্রী অপূর্ব মুখার্জি / PP—338-339

—শ্রী অসিত মাল / PP—336-337

—শ্রী আনিসুর রহমান / PP—322-330, 340-343

—শ্রী মেহেবুব মণ্ডল (D) / PP—337-338

—শ্রী শোভনদেব চট্টোপাধ্যায় / PP—331-334

—শ্রী সুভাষ নস্কর / PP—339-340

Discussion and Voting on Demands for Grants on Demand No. 57

—শ্রী অতীশচন্দ্র সিন্‌হা / PP—296-330

—শ্রী কালিপদ মণ্ডল / PP—312-314

—শ্রী গোকুল রায় / PP—304-306

—শ্রী জ্যোতির্ময় কর / PP—316-319

—শ্রী দীপক ঘোষ / PP—303-304

—শ্রী দেবপ্রসাদ সরকার / PP—306-308

—শ্রী নরেন্দ্রনাথ দে / PP—284-295, 319-322

—শ্রী বাচ্ছামোহন রায় / PP—308-311

—শ্রী ভক্তরাম পান / PP—314-316

—শ্রী শুভেন্দু চৌধুরী / PP—301-303

—শ্রী শেখ ইলিয়াস মহম্মদ / PP—311-312

—Discussion and Voting on Demands for Grants on Demand No. 73

—শ্রী অজয় দে / PP—367-370

—শ্রী অজিত ভুঁইঞ্যা / PP—372-374

—শ্রী অপূর্ব মুখার্জি / PP—363-365

—শ্রী আশুতোষ মুখার্জী / PP—362-363

—শ্রী ধনঞ্জয় মোদক / PP—370-372

—শ্রী শুভেন্দু চৌধুরী / PP—301-303

—শ্রী পরেশনাথ দাস / PP—378-380

—শ্রী বংশগোপাল চৌধুরী / PP—344-356

—শ্রী মহম্মদ ইয়াকুব / PP—366-367

—শ্রী মদন বাউড়ি / PP—377-378

—শ্রী মহবুবুল হক / PP—375-377

—শ্রী শেখ ইলিয়াস মহম্মদ / PP—374-375

—শ্রী সৌগত রায় / PP—357-362

—Discussion and Voting on Demands for Grants on Demand No. 66 & 68

—শ্রী অখিল গিরি / PP—224-226

—শ্রী অমলেন্দ্রলাল রায় / PP—239-243

—শ্রী কল্লোল খাঁন / PP—236-237

—শ্রী কাশীনাথ মিশ্র / PP—218-222

—শ্রী গণেশ চন্দ্র মণ্ডল / PP—237-239

—শ্রী দেবপ্রসাদ সরকার / PP—229-232

—শ্রী ননীগোপাল চৌধুরী / PP—232-234

—শ্রী পরেশ চন্দ্র অধিকারী / PP—226-228

—শ্রী পূর্ণেন্দু সেনগুপ্ত / PP—234-236

—শ্রী শম্ভুনাথ মান্ডি / PP—222-224

—শ্রী সুভাষ নস্কর / PP—228-229

—Discussion and Voting on Demands for Grants relating to Demand No. 35 & 36

—শ্রী ইদ মহম্মদ / PP—92-93

—শ্রী গৌতম দেব / PP—103-112

—শ্রী চৌধুরী মোহন জাটুয়া / PP—88-90

—শ্রীমতী জ্যোৎস্না সিংহ / PP—97

—শ্রী তন্ময় মণ্ডল / PP—91-92

—শ্রী নিশিকান্ত মেহেতা / PP—90-91

—শ্রী নৃপেন গায়েন / PP—94-95

—শ্রীমতী মঞ্জু বসু / PP—95-97

—শ্রীমতী রুবী নূর / PP—93-94

—শ্রী শেখ মাজেদ আলি/ PP—86-88

—শ্রী শোভনদেব চট্টোপাধ্যায় / PP—83-86

—শ্রী সুব্রত বোস / PP—97-98

—শ্রী সৌগত রায় / PP—98-102

—Discussion and Voting on Demands for Grants relating to Demand No. 41

—শ্রী ধনঞ্জয় মোদক / PP—126-127

—শ্রী বঙ্কিম ঘোষ / PP—121-123

—শ্রী পঙ্কজ ব্যানার্জী / PP—118-121

—শ্রী মলয় ঘটক / PP—125-126

—শ্রী মহবুবুল হক / PP—123-124

—শ্রী মানিকলাল আচার্য্য / PP—124-125

—শ্রী মৈনুল হক / PP—127-129

—শ্রী হাফিজ আলম সৈরানী / PP—112-118, 129-132

—Discussion and Voting on Demands for Grants relating to Demand No. 12, 77, 78, 80 & 81

—শ্রী অসিত মাল / PP—176-178

—শ্রী কিরীটি বাগ্‌দী / PP—193-194

—শ্রী গোবিন্দ রায় / PP—186-188

—শ্রী চৌধুরী মোহন জাটুয়া / PP—191-193

—শ্রী জানে আলম মিঞা / PP—189-191

—শ্রী তমোনাশ ঘোষ / PP—183-186

—শ্রী তাপস রায় / PP—194-199

—শ্রী নারায়ন বিশ্বাস / PP—198-200

—শ্রী নিখিল মুখার্জী / PP—176-178

—শ্রী নেপাল মাহাতো / PP—188-189

—শ্রী সুভাষ চক্রবর্ত্তী / PP—200-202

—Discussion and Voting on Demands for Grants relating to Demand No. 21

—শ্রী তপন হোড় / PP—582-585

—শ্রী পূর্ণেন্দু সেনগুপ্ত / PP—587-589

—শ্রী বিনয় দত্ত / PP—590-591

—Discussion and Voting on Demands for Grants relating to Demand No. 32, 33 & 34 / PP—436-437

—ডাঃ কামরে ইলাহী / PP—461-463

—ডাঃ রত্না দে (নাগ) / PP—437-439

—শ্রী কাশীনাথ মিশ্র / PP—478-480

—শ্রী গোবিন্দ নস্কর / PP—448-450

—শ্রী তারক বন্দ্যোপাধ্যায় / PP—480-481

—শ্রী তুষারকান্তি রায় / PP—465-467

—শ্রী দেবপ্রসাদ সরকার / PP—476-478

—শ্রী নির্মলেন্দু মন্ডল / PP—471-472

—শ্রী পার্থ চ্যাটার্জি / PP—467-469

—শ্রী পুন্ডরিকাক্ষ সাহা / PP—473-474

—শ্রী পূর্ণেন্দু সেনগুপ্ত / PP—456-459

—শ্রী প্রত্যুষ মুখার্জি / PP—481-485

—শ্রী প্রভীন কুমার সাউ / PP—439-442

—শ্রী মুস্তাক আলম / PP—459-460

—শ্রী যোগরঞ্জন হালদার / PP—472-473

—শ্রী রবীন্দ্র ঘোষ / PP—445-448

—শ্রী রবীন্দ্রনাথ চ্যাটার্জি / PP—442-445

—শ্রী শিবদাস মুখার্জি / PP—464-465

—শ্রী শিশির অধিকারী / PP—474-476

—শ্রীমতী সাধনা মল্লিক / PP—469-470

—শ্রী সুব্রত বক্সী / PP—454-456

—শ্রী সুভাষ নস্কর / PP—450-454

—শ্রী সূর্যকান্ত মিশ্র / PP—485-494

—Discussion and Voting on Demand for Grants relating to Demand No. 35—শ্রী গৌতম দেব / PP—62-73

—Discussion and Voting on Demand for Grants relating to Demand No. 36—শ্রী গৌতম দেব / PP—73-82

—Discussion and Voting on Demand for Grants relating to Demand No. 37 & 90

—শ্রী অজয় দে / PP—676-678

—শ্রীমতী অঞ্জু কর / PP—694-695

—শ্রী অরুণাভ ঘোষ / PP—691-694

—শ্রী অরূপ ভদ্র / PP—680-682

—শ্রী অশোক ভট্টাচার্য / PP—695-701

—শ্রী তারক বন্দ্যোপাধ্যায় / PP—689-690

—শ্রী নির্মল দাস / PP—678-680

—শ্রী পরশ দত্ত / PP—684-685

—শ্রী মহম্মদ ইয়াকুব / PP—682-684

—শ্রী রবীন্দ্রনাথ চ্যাটার্জি / PP—685-688

—শ্রীমতী শর্মিষ্ঠা দত্ত / PP—688-689

—শ্রী শিশির অধিকারী / PP—673-674

—শ্রী সুধাংশু শীল / PP—674-676

—Discussion and Voting on Demand for Grants relating to Demand No. 41

—শ্রী অজিত ভুঁইঞা / PP—731-732

—শ্রী ইলিয়াস মহম্মদ / PP—725-726

—শ্রী উপেন কিস্কু / PP—734-738

—শ্রী খারা সরেন / PP—722-724

—শ্রী গোবিন্দচন্দ্র নস্কর / PP—712-715

—শ্রী তন্ময় মন্ডল / PP—729-730

—শ্রী নির্মলচন্দ্র মন্ডল / PP—724-725

—শ্রী নেপাল মাহাতো / PP—719-721

—শ্রী পবন কুমার লাকড়া / PP—726-727

—শ্রী বিজয় বাগদি / PP—721-722

—শ্রীমতী বিলাসীবালা সহিস / PP—732-734

—শ্রী ভূতনাথ সোরেন / P—730

—শ্রী যোগরঞ্জন হালদার / PP—730-731

—শ্রী রবীন্দ্রনাথ হেমব্রম / PP—717-719

—শ্রী সাধু টুডু / PP—727-728

—Discussion and Voting on Demand for Grants relating to Demand No. 45—শ্রী তপন হোড় / PP—834-835

—শ্রী দেবেশ দাস / PP—829-831

—শ্রী নির্বেদ রায় / PP—831-833

—শ্রী পঙ্কজ ব্যানার্জি / PP—825-828

—শ্রী মানবেন্দ্র মুখার্জি / PP—838-842

—শ্রী মেহবুব মণ্ডল / PP—833-834

—শ্রী সৌগত রায় / PP—835-838

—Discussion and Voting on Demands for Grants relating to Demand No. 59, 60, 62 & 63

—শ্রী অসিত মাল / PP—789-791

—শ্রী অজিত ভুঁইঞা / PP—806-808

—শ্রী গোবিন্দচন্দ্র নস্কর / PP—811-815

—শ্রী তমোনাশ ঘোষ / PP—810-811

—শ্রী দিলীপ মন্ডল / PP—800-801

—শ্রী দীপক বেরা / PP—804-806

—শ্রী ধীরেন সেন / PP—815-817

—শ্রী নর্মদা রায় / PP—795-797

—শ্রী পবন কুমার লাকড়া / P—806

—শ্রী বঙ্কিমচন্দ্র হাজরা / PP—793-795

—শ্রী মন্টুরাম পাখিরা / PP—797-800

—শ্রী মুস্তাক আলম / PP—808-810

—শ্রী শীতল সর্দার / PP—785-787

—শ্রী শৈলেন মন্ডল / PP—791-793

—শ্রী সুব্রত বক্সী / PP—803-804

—শ্রী সুভাষ মন্ডল / PP—801-802

—শ্রী সূর্যকান্ত মিশ্র / PP—817-823

—শ্রী ক্ষিতিরঞ্জন মন্ডল / PP—787-789

—Discussion and Voting on Demand for Grants relating to Demand No. 21

—শ্রী অক্ষয় ঠাকুর / PP—599-601

—শ্রী আবু তাহের খান / PP—591-593

—শ্রী চৌধুরী মোহন জাটুয়া / PP—585-587

—শ্রী তাপস রায় / PP—604-608

—শ্রী দেবপ্রসাদ সরকার / PP—602-604

—শ্রী নাজিমুল হক / PP—593-595

—শ্রী নির্মল ঘোষ / PP—580-582

—শ্রী নিয়ামত শেখ / PP—601-602

—শ্রী পবন কুমার লাকড়া / PP—589-590

—শ্রী বুদ্ধদেব ভট্টাচার্য / PP—556-566, 613-619

—শ্রী মুস্তাক আলম / PP—577-580

—শ্রী রবীন দেব / PP—572-577

—শ্রীমতী সোনালী গুহ (বোস) / PP—595-599

—শ্রী সৌগত রায় / PP—608-612

Ganguly, Smt. Kanika—অমরনাথ যাত্রাপথে উগ্রপন্থীদের গুলিতে মৃত্যু (M) / P—771

—উড়ালপুল নির্মাণ (Q) / PP—632-635

—চা-শিল্পে উদারনীতির প্রতিফলন ও চা রপ্তানি (Q) / P—403

—বিচ্ছিন্নতাবাদী শক্তির সক্রিয়তা (Q) / P—511

Gayen, Shri Nripen—Discussion and Voting on Demands for Grants on Demand No. 35 & 36 / PP—94-95

Ghosh, Shri Arunava—Discussion and Voting on Demands for Grants on Demand No. 37 & 90 / PP—691-694

Giri, Shri Akhil—Discussion and Voting on Demands for Grants on Demand No. 66 & 68 / PP—224-226

Ghatak, Shri Maloy—Discussion and Voting on Demands for Grants on Demand No. 41 / PP—125-126

—হীরাপুর বিধানসভা কেন্দ্রের চাপরাইলে আন্ত্রিকের প্রকোপ বন্ধ করার দাবি (M) / P—425

—হীরাপুর বিধানসভা কেন্দ্রে পানীয় জলের ব্যবস্থা নেওয়ার দাবি (M) / P—270

Ghosh, Shri Bankim—Discussion and Voting on Demand for Grants on Demand No. 41 / PP—121-123

Ghosh, Shri Dipak—Discussion and Voting on Demand for Grants on Demand No. 57 / PP—303-304

—পেনসন এবং কর্মসংস্কৃতি (M) / P—159

—মেদিনীপুর জেলার মহিষাদল ব্লকে আই. সি. ডি. এস. প্রকল্প চালু করার দাবি (M) / PP—269-70

Ghosh, Shri Nirmal—Discussion and Voting on Demand for Grants relating to the Demand No. 21 / PP—580-582

—দলিল বিলি ব্যবস্থার কাজ (Q) / P—37

—রাজ্যে নতুন প্রাথমিক বিদ্যালয়ে অনুমোদনের সংখ্যা (Q) / P—31

Ghosh, Shri Rabindra—সি. ই. এস. সি.-র মাধ্যমে বিদ্যুৎ সরবরাহ (Q) / PP—644-645

Ghosh, Shri Tamonash—Discussion and Voting on Demands for Grants on Demand No.59, 60, 62 & 63 / PP—810-811

—Discussion and Voting on Demands for Grants on Demand No. 12, 77, 78, 80 & 81 / PP—183-186

—ই. এস. আই. হাসপাতাল (Q) / P—644

—ফলতা স্বাস্থ্যকেন্দ্র ও বুলটিগুড়ি স্বাস্থ্যকেন্দ্রটিকে উপযুক্ত পরিকাঠামো গড়ার আবেদন (M)/P—770

—বিধায়কদের রাজ্য সরকারের বঞ্চনা (M) / P—160

—Discussion and Voting on Demand for Grants relating to the Demand No. 32, 33 & 34 / PP—445-448

—উলুবেড়িয়াতে স্থায়ী থানা (M) / P—161

—বোম্বেতে বাংলার জরি শিল্পী এবং স্বর্ণশিল্পীদের উপর নির্যাতন (M) / P—775

Guha, Shrimati Sonali—Discussion and Voting on Demand for Grants relating to Demand No. 21 / PP—596-599

Giri, Shri Akhil—রামনগর, বিধানসভা কেন্দ্রের কালিন্দী—গ্রাম পঞ্চায়েতের সমুদ্র বাঁধে ফাটল (M) / PP—270-71

Guha (Bose), Smt. Sonali—মৎস্যচাষিদের আর্থিক অনুদান প্রদান (Q)/ PP—629-632

—সাতগাছিয়া বিধানসভা কেন্দ্র এলাকায় রাস্তা মেরামতের পরিকল্পনা (Q) / P—27

Gyan Sing, Sohanpal, Shri and Abdul Mannan, Shri—Atrocities on woman (Q) / P—518

Hafiz Alam, Sairani Shri—Regarding a statement on the subject of measures taken by the Government / PP—40-42

Halder, Shri Jogaranjan—Discussion and Voting on Demands for Grants relating to Demand No. 32, 33, & 34 / PP—472-473

—Discussion and Voting on Demand for Grants on Demand No. 41, PP—730-731

—কুলপি ব্লকের রাজারামপুর, উচ্চ বিদ্যালয়-এর সরকারি অনুমোদন না হওয়ায় ছাত্র-ছাত্রীদের অসুবিধা (M) / P—266

Hazra, Shri Bankim Chandra—Discussion and Voting on Demands for Grants on Demand No. 59, 60, 62 & 63 / PP—793-795

—কাকদ্বীপ মহকুমার প্রশাসনিক কাজ (Q) / P—510

—পূর্ত বিভাগের অবহেলাতে যান-চলাচল-এর সড়কপথ বিধ্বস্ত (M) / P—161

—প্রাথমিক বিদ্যালয়ে পাঠ্যপুস্তক (Q) / PP—153-154

—ব্লক পুনর্বিন্যাস (Q) / PP—400-402

—সাগর ব্লকে রুদ্রনগরে সাব-রেজিস্ট্রি অফিসটির কোষাগারে মূল্যবান সম্পত্তি নষ্ট হতে চলেছে তাই নতুন ভবন নির্মাণের দাবি (M) / P—427

Hembram, Shri Rabindra Nath—Discussion and Voting on Demand for Grants on Demand No. 41 / PP—717-719

Hore, Shri Tapan—Discussion on Resolution under Rule 201/ PP—522-523

—Discussion and Voting on Demand for Grants on Demand No. 45 / PP—834-835

—কুটীর ও ক্ষুদ্রায়তন শিল্পের মাধ্যমে কর্মসংস্থান (Q) / PP—396-400

—গো-পালকদের সঙ্কট (Q) / PP—262

—জমির পাট্টা বিলিকরণ (Q) / P—28

—জলপাইগুড়িতে হাইকোর্টের সার্কিট বেঞ্চ (Q) / PP—755-756

—বকেয়া মামলার নিষ্পত্তি (Q) / PP—138-142

—বোলপুর শান্তিনিকেতনে আবাসনের জন্য আর্থিক দিক থেকে দুর্বল ও স্বল্পবিত্ত লোকদের জন্য স্টে-হোম গড়ে তোলা দরকার (M) / P—425

—ভারত ও পাকিস্তানের মধ্যে বৈঠকে এর গুরুত্ব (M) / P—159

—রাজ্যে অনুপ্রবেশকারী (Q) / PP—509-510

—রেশনের মাধ্যমে চাল, গম, চিনি সরবরাহ (Q) / P—17

—সাক্ষরতা প্রকল্প (Q) / PP—638-640

Id. Mohammed, Shri—Discussion and Voting on Demands for Grants on Demand No. 35 & 36 / PP—92-93

—নিখোঁজ মৎস্যজীবীদের সংখ্যা (Q) / P—643

—ব্লক হাসপাতালগুলিতে গাড়িতে জ্বালানি তেলের মাসিক বরাদ্দ (Q) / P—410

—মুর্শিদাবাদ জেলার ময়ূরাক্ষী ব্যারেজ থেকে জল ছাড়ার জন্য সেচমন্ত্রীর কাছে আবেদন (M) / P—270

—সাগরদিঘিতে তাপবিদ্যুৎ কেন্দ্র (Q) / P—20

Jane Alam Mian, Shri—Discussion on Voting on Demands for Grants on Demand No. 12, 77, 78, 80 & 81 / PP—189-191

—বীরভূম জেলার লোহাপুর থেকে মুর্শিদাবাদ জেলার কাঁচা রাস্তাকে পাকা রাস্তায় পরিণত করার দাবি (M) / PP—271-272

—মধ্যাঞ্চল উন্নয়ন পর্ষদের আবেদন (M) / P—163

Jatua, Shri Chowdhury Mohan—Discussion on Voting on Demands for Grants on Demand No. 12, 77, 78, 80 & 81 / PP—191-193

—Discussion and Voting on Demands for Grants relating to Demand No. 21 / PP—585-587

Kanji, Shri Bansari Mohan—মগরাহাট প্রাথমিক স্বাস্থ্যকেন্দ্রকে গ্রামীণ হাসপাতালে পরিণত করার দাবি (M) / P—273

Kar, Smt. Anju—Discussion and Voting on Demands for Grants on Demand No. 37 & 90 / PP—694-695

Kar, Shri Jyotirmoy—Discussion and Voting on Demands for Grants on Demand No. 57 / PP—316-319

Khan, Shri Kallol—Discussion and Voting on Demands for Grants on Demand No. 66 & 68 / PP—236-237

Kundu, Shri Ranjit—ব্রিজের মেরামতির জন্য রেল মন্ত্রকের হস্তক্ষেপ দাবি (M) / P—164

Kisku, Shri Upen—Regarding a statement on the subject of alleged non-implementation of reservation policy for the students belonging to other backward classes in educational Institutions / P—648

Kisku, Shri Upen—Discussion on Demand for grants on demand No. 41 / PP—734-738

Lahiri, Shri Jatu— পচা খালের উপর নতুন ব্রিজ নির্মাণ (M) / P—775

Lakra, Shri Paban Kumar—Discussion and Voting on Demands for Grants relating to Demand No. 21 / PP—589-590

—Discussion and Voting on Demand for Grants on Demand No. 41 / PP—726-727

—Discussion and Voting on Demands for Grants on Demand No. 59, 60, 62 & 63 / P—806

Laya, Shri Tusharkanti—Discussion and Voting on Demands for Grants in relating to Demand No. 32, 33 & 34 / PP—465-467

LAYING OF RULES

The West Bengal Municipal (Ward Committee) Rules, 2001
—**Shri Probodh Chandra Sinha** / P—556

The West Bengal Premises Rules, 1999
—**Shri Probodh Chandra Sinha** / P—649

LAYING OF REPORTS

Lay the 78th Annual Report of the Westing house Saxby Farmer Limited, Accounts of the Saraswaty Press Limited for the year 1999-2000

—**Shri Nirupam Sen** / P—418

—Reply the Minister-in-charge of Irrigation & Waterways Department to make a statement on the subject of alleged arrest of some Members.
—**Shri Probodh Chandra Sinha** / PP—418-420

By the Audit Reports on the Accounts of the West Bengal Financial Corporation for the years 1998-1999 and 1999-2000
—**Dr. Asim Kumar Dasgupta** / P—418

39th Annual Report of the West Bengal State Ware-housing Corporation for the year 1996-97 & Annual Report of the West Bengal Industrial Development Corporation
—**Shri Nirupam Sen** / P—418

LEGISLATION

The Wakf (West Bengal Second Amendment) Bill, 2001
—**Shri Mohammed Salim** / PP—43-62

Mafuja Khatun, Smt.—দক্ষিণ দিনাজপুরে একলাখি বালুরঘাট রেল লাইনের আবেদন (M) / P—776

—দক্ষিণ দিনাজপুরে কৃষকদের জন্য বিকল্প সেচের ব্যবস্থা (M) / P—431

Mahato, Shri Nepal—Discussion on Voting on Demands for Grants on Demand No. 12, 77, 78, 80 & 81 / PP—188-189

—Discussion and Voting on Demands for Grants on Demand No. 41 / PP—719-721

—ঝালদা পৌরসভা এলাকায় এইচ. এস. স্কুলের ব্যবস্থা (M) / P—766

—ঝালদা বিধানসভা এলাকায় বিড়ি শ্রমিকদের সমস্যা (M) / P—158

—ঝাড়খণ্ড স্টেটের বর্ডারে চিকিৎসা কেন্দ্র দরকার (M) / P—266

—ঝাড়খণ্ড স্টেটের বর্ডারে চিকিৎসা ব্যবস্থার অভাব (M) / P—266

—পুরুলিয়া জেলায় ইঞ্জিনিয়ারিং কলেজ খোলার জন্য দাবি (M) / PP—421-422

Mahabubul Haque, Shri—Discussion and Voting on Demands for Grants on Demand No. 73 / PP—375-377

—Discussion and Voting on Demands for Grants on Demand No. 41 / PP—123-124

—মালদহ্ জেলায় সঠিকভাবে বিদ্যুৎ সরবরাহ্ দরকার (M) / P—272

—Discussion and Voting on Demands for Grants on Demand No. 41 / PP—127-129

Maitra, Shri Bansi Badan—মুণ্ডেশ্বরী নদীর উপর দিশেড়োঘাটে একটি কংক্রিট ব্রিজের আবেদন (M) / P—773

Maity, Shri Ardhendu—মেদিনীপুর জেলার ভগবানপুরে গোপীমোহনবার গ্রামে ডাকাতি ও জলিবার গ্রামের গৃহবধূর ধর্ষণকে কেন্দ্র করে স্বরাষ্ট্রমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ ও দুষ্কৃতকারীদের গ্রেপ্তারের দাবি (M) / P—426

—মেদিনীপুর জেলার ভগবানপুর বিধানসভা কেন্দ্রের ৩টি হাইস্কুলকে আপগ্রেডেশন দেওয়ার আবেদন (M) / P—272

Majhi, Shri Nanda Dulal—অবর বিদ্যালয় পরিদর্শকের শূন্য পদ (Q) / PP—758-759

Mal, Shri Asit—Discussion and Voting on Demands for Grants on Demand No. 12, 77, 78, 80 & 81 / PP—176-178

—Discussion and Voting on Demands for Grants on Demand No. 59, 60, 62 & 63 / PP—789-791

—Discussion and Voting on Demands for Grants on Demand No. 49 & 50 / PP—336-337

—জাল সার্টিফিকেটের সমস্যা (M) / P—159

—জেলা পরিষদ ও ত্রিস্তর পঞ্চায়েতের টাকা নয়ছয় (M) / P—268

—মারগ্রামে পাওয়ার স্টেশন করার আবেদন (M) / P—767

—রামপুরহাট হাসপাতালে যাতে ডট্-এর মাধ্যমে যক্ষ্মা চিকিৎসার ব্যবস্থা হয় তার জন্য স্বাস্থ্যমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ (M) / P—424

Malik, Shri Shibaprasad—দৈনিক মৎস্য চাহিদা (Q) / PP—18-19

—নেতাজি রচনাবলী প্রকাশ (Q) / P—760

—পুলিশ কমপিউটার সেন্টার (Q) / P—512

—পোস্ত চাষ (Q) / PP—260-261

—পুলিশ কমপিউটার সেন্টার (Q) / P—512

—যুব আবাস স্থাপন (Q) / P—758

—হুগলি নদীতে 'তৃতীয় সেতু' নির্মাণ (Q) / P—644

Mallick, Smt. Sadhana—Discussion and Voting on Demands for Grants relating to Demand No. 32, 33 & 34 / PP—469-470

—দাঁইহাট পৌরসভা এলাকায় প্রাইমারি বিদ্যালয়ের মিড-ডে মিলের চাল খোলাবাজারে বিক্রি করতে গিয়ে তৃণমূলের লোক ধৃত (M) / P—425-426

Nandi, Shri Sambhunath—Discussion and Voting on Demands on Demand No. 66 & 68 / PP—222-224

Md. Yakub, Shri—Discussion and Voting on Demands for Grants on Demand No. 73 / PP—366-367

—Discussion and Voting on Demands for Grants on Demand No. 37 & 90 / PP—682-684

—দেগঙ্গা বিশ্বনাথপুরের প্রাথমিক চিকিৎসালয় রুরাল হাসপাতালে রূপান্তরিত হওয়ার ব্যাপারে স্বাস্থ্যমন্ত্রীর হস্তক্ষেপ (M) / P—160

MENTION CASES

—অমরনাথ যাত্রাপথে উগ্রপন্থীদের গুলিতে মৃত্যু
—শ্রীমতী কণিকা গাঙ্গুলি / P—771

—অমরনাথ যাত্রীদের উপর সন্ত্রাসবাদী আক্রমণ
—শ্রী সৌগত রায় / PP—774-775

—আই. টি. আই. কলেজ স্থাপনের আবেদন
—শ্রী কালীপদ মণ্ডল / P—768

—আরামবাগ সাব-ডিভিশনে সমাজবিরোধীদের আক্রমণাত্মক কার্যকলাপ
—শ্রী বংশীবদন মৈত্র (M) / P—268

—ই. সি. এল. এবং বি. সি. এল.-এর কয়লাখনিতে বালি না পড়ার ফলে এলাকা ধ্বংসের পথে
—শ্রী মানিকলাল আচার্য / PP—765-766

—উত্তরবঙ্গ সহ দক্ষিণ দিনাজপুরে চাষিদের ফসল ফলানোর জন্য ক্ষুদ্র সেচমন্ত্রীর কাছে আবেদন
—শ্রী খারা সোরেন / P—424

—উত্তরবঙ্গের আলিপুরদুয়ারে গ্যাসটারবাইন গড়ে তোলার দাবি
—শ্রী নির্মল দাস (M) / P—424

—উচ্চমাধ্যমিক পাশের পর কলেজে ভর্তির সমস্যা
—শ্রী অশোক দেব / P—774

—উলুবেড়িয়া কেন্দ্রের জগৎপুর গ্রামে আনন্দভবন স্বেচ্ছাসেবী সংস্থায় অনুদান বন্ধ
—শ্রী মোহন মণ্ডল (M) / PP—773-774

—এম. এল. এ.-দের কোটার ডিমান্ড অনুযায়ী টাকা বাড়ানোর দাবি
—শ্রী অশোক দেব / PP—427-428

—এম. এল. এ. উন্নয়ন ফান্ডে টাকা বাড়ানোর দাবি
—শ্রী বিপ্লব রায়চৌধুরী / PP—422-423

—এস. এস. সি.-র মাধ্যমে নিয়োজিত শিক্ষকদের ট্রান্সফার করার ব্যবস্থা
—শ্রী শ্যামাপ্রসাদ পাল / P—422

—কয়েকটি রাষ্ট্রায়ত্ত কারখানা বন্ধ করে দেওয়ায় উদ্বেগ
—শ্রী মানস মুখার্জি (M) / P—768

—কাকদ্বীপ মহকুমার স্বাস্থ্যকেন্দ্রের দাবি

—শ্রী **মন্টুরাম পাখীরা** / P—427

—কিছু এলাকায় নদী ভাঙন

—শ্রী **ইউনুস সরকার** / P—771, 772

—কিছু ব্যবসায়ী এবং কিছু ব্যবসায়ী প্রতিষ্ঠান সরকারি সুযোগ-সুবিধা নিয়েও কাজ না করা

—শ্রী **পরেশচন্দ্র অধিকারী** / PP—767-768

—কুলটিতে আইন-শৃঙ্খলার অবনতি এবং পুনর্বাসনের ব্যবহার দাবি

—শ্রী **মানিকলাল আচার্য** / P—426

—কুলতলির মৈপীঠ ও বৈকুণ্ঠপুর এলাকায় ব্যাপক সন্ত্রাস

—শ্রী **দেবপ্রসাদ সরকার** / PP—420-421

—কৃষি বিপণন মন্ত্রীর এলাকায় রেগুলেটিং মার্কেটগুলির কমিটি করা দরকার

—শ্রী **শেখ মাজেদ আলি** / P—430

—কৃষ্ণনগর থেকে করিমপুর পর্যন্ত রেললাইন স্থাপনের জন্য দাবি

—শ্রী **প্রফুল্লকুমার ভৌমিক** / PP—429-430

—কোচবিহার পশ্চিম পুণ্ডিবাড়ি অঞ্চলে ম্যাকেনটোজ বার্ন কোম্পানির তৈরি ব্রিজটি সমাজবিরোধীদের অত্যাচারের দরুন অসমাপ্ত অবস্থায় পড়ে আছে

—শ্রী **অক্ষয় ঠাকুর** / P—427

—কোচবিহারে ম্যালেরিয়া রোগের ভয়াবহ আকার ধারণ

—শ্রী **দীপকচন্দ্র সরকার** / P—766

—খড়গ্রামে বিধানসভা ব্লক এ উপস্বাস্থ্য কেন্দ্রে ব্লক হাসপাতালগুলিতে ডাক্তার পাঠানোর ব্যবস্থা করার আবেদন

—শ্রী **বিশ্বনাথ মণ্ডল** / P—429

—জলপাইগুড়িতে জে. টি. এস.-কে আই. টি. আই.-এ উন্নীতকরণ

—শ্রী **বাচ্চামোহন রায়** / PP—772-773

—জলপাইগুড়িতে স্পোর্টস কমপ্লেক্সের কাজ ও আলিপুরদুয়ারে ইন্ডোর স্টেডিয়াম-এর কাজ শেষ করার জন্য মন্ত্রী মহাশয়কে ব্যবস্থা নেওয়ার জন্য দাবি জানাচ্ছি

—শ্রী **গোবিন্দ রায়** / P—423

—জেলাপরিষদ ও ত্রি-স্তর পঞ্চায়েতের টাকা নয়ছয়

—শ্রী **অসিতকুমার মাল** (M) / P—268

—ঝালদা পৌরসভা এলাকায় এইচ. এস. স্কুলের ব্যবস্থা
—শ্রী নেপাল মাহাতো / P—766

—ঝাড়খণ্ড স্টেটের বর্ডারে চিকিৎসা-ব্যবস্থা নেই
—শ্রী নেপাল মাহাতো (M) / P—266

—ঝাড়গ্রামের দুবরা এবং চিলকিগড় স্কুলটিকে উচ্চমাধ্যমিক করার আবেদন
—শ্রীমতী মীনা সনাতনী / P—775

—ট্রাফিক আইন রক্ষা করার জন্য পুলিশকে সক্রিয় হতে হবে
—শ্রী পরশ দত্ত / P—423

—ডানকুনিতে উড়ালপুল নির্মাণের দাবি
—শ্রী ভক্তরাম পান / P—774

—তেহট্টতে নতুন আদালতের কাজ শুরু করার আবেদন
—শ্রী সামসুল ইসলাম মোল্লা / P—767

—দক্ষিণ দিনাজপুরে একলাখি বালুরঘাট রেললাইনের আবেদন
—শ্রীমতী মাফুজা খাতুন / P—776

—দক্ষিণ দিনাজপুরের কৃষকদের জন্য বিকল্প সেচের ব্যবস্থা
—শ্রীমতী মাফুজা খাতুন / P—431

—দাঁইহাট পৌরসভা এলাকায় প্রাইমারি বিদ্যালয়ের মিড-ডে মিলের চাল খোলাবাজারে বিক্রি করতে গিয়ে তৃণমূলের লোক ধৃত
—শ্রীমতী সাধনা মল্লিক / PP—425-426

—নদিয়া জেলার চাকদহ এলাকায় বি. এস. এফ. জওয়ানদের তাণ্ডব
—শ্রী সামসুল ইসলাম মোল্লা / PP—426-427

—নদিয়া জেলার প্রাথমিক শিক্ষক নিয়োগ করার জন্য ত্বরান্বিত করার দাবি
—শ্রী ধনঞ্জয় মোদক / P—423

—নদিয়া জেলায় প্রাথমিক শিক্ষক নিয়োগে জালচক্র
—শ্রী সুশীল বিশ্বাস / P—770

—নন্দীগ্রাম থেকে কলকাতা শহরে যাওয়ার বাস স্ট্যাণ্ডটি সম্প্রসারণের জন্য মন্ত্রীর দৃষ্টি আকর্ষণ
—শ্রী শেখ ইলিয়াস মহম্মদ / P—427

—পচা খালের উপর নতুন ব্রিজ নির্মাণ
—শ্রী জটু লাহিড়ী / P—775

—পশ্চাৎপদ এবং ও. বি. সি.-দের প্রতি বামফ্রন্ট সরকারের চূড়ান্ত প্রতারণা
—শ্রী সৌগত রায় / P—431

—পার্ক সার্কাস জলাধার থেকে অনিয়মিত জলসরবরাহ
—শ্রী রবীন দেব / PP—775-776

—পুরুলিয়ায় জলের সমস্যা মেটাতে সুবর্ণরেখা নদীর খাল কেটে কংসাবতীর সঙ্গে সংযোগের আবেদন
—শ্রী শান্তিরাম মাহাতো / PP—768-769

—পুরুলিয়া জেলায় সীমনপুর গ্রামে কুষ্ঠরোগীদের অক্ষম ভাতা দেওয়ার আবেদন
—শ্রী শান্তিরাম মাহাতো / P—776

—পুরুলিয়া জেলায় ইঞ্জিনিয়ারিং কলেজ খোলার জন্য দাবি
—শ্রী নেপাল মাহাতো / PP—421-422

—পূর্বস্থলীতে চিকিৎসার সমস্যা
—শ্রী সুব্রত ভাওয়াল

—ফলতা স্বাস্থ্যকেন্দ্র ও বুলটিগুড়ি স্বাস্থ্যকেন্দ্রটিকে উপযুক্ত পরিকাঠামো গড়ার আবেদন
—শ্রী তমোনাশ ঘোষ / PP—770-771

—ব্লক হাসপাতালগুলিতে কুকুরে কামড়ানো ও সাপে কাটার ওষুধ রাখার জন্য স্বাস্থ্যমন্ত্রীর কাছে দাবি
—শ্রী ইউনুস সরকার / P—428

—বাগদা বিধানসভা কেন্দ্রে সিন্দ্রানী সমবায় সমিতিতে টাকা তছরূপের অভিযোগ
—শ্রী কমলাক্ষ্মী বিশ্বাস / P—769

—বারুইপুর থেকে শুরু করে ক্যানিং, জয়নগর পর্যন্ত সি. টি. সি. বাস চলাচল বন্ধ হওয়ার ফলে যোগাযোগ ব্যবস্থা ভেঙে পড়েছে
—শ্রী অরূপ ভদ্র / P—428

—বারুইপুর মহকুমা অঞ্চলে লেভেল ক্রশিং-এ দূর্ঘটনার সম্ভাবনা
—শ্রী তাপস পাল / P—773

—বিধায়কদের এলাকা উন্নয়ন তহবিলে টাকা বাড়ানোর দাবি
—শ্রী অসিত মিত্র / P—429

—বিষ্ণুপুর শহরে ছাত্র-ছাত্রীদের ভর্তির সমস্যা প্রকট। ভর্তির সমস্যা থেকে যাতে ভর্তি হতে সুযোগ পায় তার দাবি
—শ্রী জয়ন্ত চৌধুরী / P—430

—বীরভূম থেকে মুর্শিদাবাদ পর্যন্ত যে রাস্তাটি গিয়েছে সেটিকে পাকা করার দাবি
—**শ্রী পরেশনাথ দাস** / P—428

—বোম্বেতে বাংলার জরি শিল্পী এবং স্বর্ণশিল্পীদের উপর নির্যাতন
—**শ্রী রবীন্দ্র ঘোষ** / P—775

—বোলপুর-শান্তিনিকেতনে আবাসনের জন্য আর্থিক দিক থেকে দুর্বল ও স্বল্পবিত্ত লোকদের জন্য স্টে-হোম গড়ে তোলা দরকার
—**শ্রী তপন হোড়** / P—425

—মারগ্রামে পাওয়ার স্টেশন করার আবেদন
—**শ্রী অসিত কুমার মাল** / P—767

—মুণ্ডেশ্বরী নদীর উপর দিশেড়োঘাটে একটি কংক্রিট ব্রিজের আবেদন
—**শ্রী বংশীবদন মৈত্র** / P—773

—মেখলিগঞ্জ স্বাস্থ্যকেন্দ্রে গাইনোকোলজিস্ট, অ্যানাসথেসিস্ট ও বিশেষজ্ঞ ডাক্তার পাঠানোর জন্য স্বাস্থ্যমন্ত্রীকে অনুরোধ
—**শ্রী পরেশচন্দ্র অধিকারী** / P—422

—মেদিনীপুর জেলায় বি. আর. নগর এবং সি. আর. নগরে পৌরসভা বা পঞ্চায়েত নির্বাচনে ভোট দেওয়ার ব্যবস্থার আবেদন
—**শ্রী চিত্তরঞ্জন দাসঠাকুর** / P—769

—মেদিনীপুর জেলার ভগবানপুরে গোপীমোহনবার গ্রামে ডাকাতি ও জলিবাড় গ্রামের গৃহবধূর ধর্ষণকে কেন্দ্র করে স্বরাষ্ট্রমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ ও দুষ্কৃতকারীদের অবিলম্বে গ্রেপ্তারের দাবি
—**শ্রী অর্ধেন্দু মাইতি** / P—426

—মেদিনীপুর, বাঁকুড়া এবং হুগলির বিভিন্ন অঞ্চলে তৃণমূল কংগ্রেসিদের উপর অত্যাচার
—**শ্রী দীপককুমার ঘোষ** / P—425

—যথাসময়ে নদীবাঁধ মেরামতির আবেদন
—**শ্রী মন্টুরাম পাখিরা** / P—769

—রবীন্দ্রভারতী বিশ্ববিদ্যালয়ে জ্যোতিষ বিজ্ঞান পড়ানোর জন্য ইউ. জি. সি.-র অনুমোদন
—**শ্রী শোভনদেব চট্টোপাধ্যায়** / P—772

—রামপুরহাট হাসপাতালে যাতে উট্-এর মাধ্যমে যক্ষ্মা চিকিৎসার ব্যবস্থা হয় তার জন্য দৃষ্টি আকর্ষণ
—**শ্রী অসিতকুমার মাল** / P—424

—শহিদ মিনারে স্থায়ী মঞ্চ তৈরির আবেদন
—শ্রী আবদুল মান্নান / PP—770-771

—শিক্ষাক্ষেত্রে ক্রমান্বয়ে অবস্থা খারাপ
—শ্রী কাশীনাথ মিশ্র / PP—766-767

—সাগর ব্লকে রুদ্রনগরে সাব-রেজিস্ট্রি অফিসের কোষাগারে মূল্যবান সম্পত্তি নষ্ট হতে চলেছে তাই নতুন ভবন নির্মাণের দাবি
—শ্রী বঙ্কিমচন্দ্র হাজরা / P—427

—সুন্দরবন এলাকাতে নতুন লোককে পাট্টা দিয়ে গণ্ডগোল হচ্ছে
—শ্রী গোবিন্দচন্দ্র নস্কর / P—430

—সুন্দরবন উন্নয়ন পর্ষদ বোর্ড গঠনের আবেদন
—শ্রী গোবিন্দ নস্কর / P—771

—স্বাধীনতা সংগ্রামীদের সাম্মানিক ভাতা
—শ্রী পঙ্কজ ব্যানার্জী / P—765

—সুবর্ণরেখা প্রকল্পের কাজ আটকে থাকার জন্য খড়্গপুর এবং কাঁথি মহকুমার লক্ষ লক্ষ দরিদ্র কৃষকদের দুর্দশা
—শ্রী শিশির অধিকারী / PP—431-432

—স্বেচ্ছাচারমূলক অবসর গ্রহণের শর্ত না মানার ফলে ব্যাঙ্ক কর্মীদের উপর আক্রমণ
—শ্রী রবিন দেব (M) / P—421

—সাঁকরাইল কেন্দ্রে ভগবতীপুর গ্রামে গুণ্ডা দ্বারা বাড়ি ভাঙচুর
—শ্রী শীতল সরদার / P—773

—হাবড়া শহরে ভয়ানক যানজট
—শ্রীমতী তপতী দত্ত / P—431

—হাসপাতাল থেকে ওষুধের পরিবর্তে বোমা উদ্ধার। পুলিশি ব্যবস্থার দাবি
—শ্রী ড: আশিস ব্যানার্জী / P—422

—হীরাপুর বিধানসভা কেন্দ্রের চাপরাইলে আন্ত্রিকের প্রকোপ বন্ধ করার দাবি
—শ্রী মলয় ঘটক / P—425

Mishra, Shri Kashinath—Discussion and Voting on Demands for Grants on Demand No. 66 & 68 / PP—218-222

—Discussion and Voting on Demands for Grants relating to the Demand No. 32, 33 & 34 / PP—478-480

—জাতীয় বিপর্যয় (Q) / PP—251-254

—পশ্চিমবঙ্গ বে-আইনিভাবে চিট-ফাণ্ডের টাকা নয়ছয় (M) / P—268

—প্রাথমিক কৃষি সমবায় সমিতি (Q) / P—645

—বন্যায় ক্ষতিগ্রস্ত শিক্ষা প্রতিষ্ঠান (Q) / P—153

—বাঁকুড়া জেলায় কলেজগুলিতে মেয়েদের বিজ্ঞান পড়া নিয়ে সমস্যা (M) / P—159

—বাঁকুড়া জেলায় তেল পাওয়ার সম্ভাবনা (M) / PP—423-424

—রাজ্যের বেতার কেন্দ্র (Q) / P—513

—শিক্ষাক্ষেত্রে ক্রমান্বয়ে অবস্থা খারাপ (M) / PP—766-767

Mishra, Sree Surjya Kanta—Discussion and Voting on Demands for grants realating to the Demand No. 32, 33 & 34 / PP—485-494

—Discussion and Voting on Demands for Grants on Demand No. 59, 60, 62 & 63 / PP—817-823

Mitra, Shri Asit—Discussion on Resolution under Rule 201 / PP—528-531

—বিধায়কদের এলাকা উন্নয়ন তহবিলে টাকা বাড়ানোর দাবি (M) / P—429

Modak, Shri Dhananjoy—Discussion and Voting on Demands for Grants on Demand No. 73 / PP—370-372

—নদিয়া জেলার কালিগঞ্জে কৃষিভিত্তিক শিল্প গড়ে তোলার আবেদন (M) / P—272

—নদিয়া জেলার প্রাথমিক শিক্ষক নিয়োগ করার জন্য ত্বরান্বিত করার দাবি (M) /P—423

Mohammad Salim, Shri—The Wakf (West Bengal Second Amendment) Bill, 2001 / PP—43-62

Maitra, Shri Bansibadan—আরামবাগ সাব-ডিভিশনে সমাজবিরোধীদের আক্রমণাত্মক কার্যকলাপ (M) / P—268

—সমাজবিরোধীদের গ্রেপ্তার-এর আবেদন (M) / P—165

Majibar Rahman, Shri— পশ্চিমবঙ্গে পাট-চাষীদের জন্য উপযুক্ত মূল্যের ব্যবস্থা (M) / P—270

Mondal, Shri Dilip—Discussion and Voting on Demands for Grants on Demand No. 59, 60, 62 & 63 / PP—800-801

Mandal, Shri Ganesh Chandra—Discussion and Voting on Demands for Grants on Demand No. 66 & 68 / PP—237-239

Mondal, Shri Kalipada—Discussion and Voting on Demands for Grants on Demand No. 57 / PP—312-314

Mondal, Shri Kshiti Ranjan—Discussion and Voting on Demands for Grants on Demand No. 59, 60, 62 & 63 / PP—787-789

Mehabub Mondal, Shri—Discussion and Voting on Demands for Grants on Demand No. 49 & 50 / PP—337-338

—Discussion and Voting on Demands for Grants on Demand No. 45 / PP—833-834

Mondal, Shri Nirmal Chandra—Discussion and Voting on Demands for Grants relating to Demand No. 32, 33 & 34 / PP—471-472

—Discussion and Voting on Demands for Grants on Demand No. 41 / PP—724-725

Mondal, Shri Sailen—Discussion and Voting on Demands for Grants on Demand No. 59, 60, 62 & 63 / PP—791-793

Mondal, Shri Subhas—Discussion and Voting on Demands for Grants on Demand No. 59, 60, 62 & 63 / PP—801-802

Mondal, Shri Tanmoy—Discussion and Voting on Demands for Grants on Demand No. 41 / PP—729-730

Mondal, Shri Biswanath—খড়গ্রাম বিধানসভা ব্লক-এ উপস্বাস্থ্য কেন্দ্রের ব্লক হাসপাতালগুলিতে ডাক্তার পাঠানোর ব্যবস্থা করার আবেদন (M) / P—429

—মুর্শিদাবাদ জেলার কৃষকদের জন্য ক্ষুদ্র সেচ প্রকল্প চালু করার দাবি (M) / P—271

Mondal, Shri Dilip—দক্ষিণ ২৪ পরগনা জেলার পূর্ব বিষ্ণুপুর বিধানসভার রেশনকার্ডে বিলম্ব (M) / P—276

—দৈনিক বসুমতীর প্রচার সংখ্যা (Q) / PP—31-32

Mondal, Shri Kalipada—আই. টি. আই. কলেজ স্থাপনের আবেদন (M) / P—768

—মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক পাঠক্রমকে বাস্তবমুখী করার পরিকল্পনা (Q) / P—28

Mondal, Shri Mohan—উলুবেড়িয়া কেন্দ্রের জগৎপুর গ্রামে আনন্দভবন স্বেচ্ছাসেবী সংস্থায় অনুদান বন্ধ (M) / PP—773-774

— পাট-চাষিদের ও পাট শিল্পের স্বার্থে পাটের ক্রয়-বিক্রয়-এর জন্য শ্রমমন্ত্রীর হস্তক্ষেপের দাবি (M) / P—164

Mondal, Shri Nirmal—সোনারপুর এলাকায় চাষি এবং চাষের স্বার্থে খালগুলির সংস্কার সাধন দরকার (M)

Mondal, Shri Tanmoy— বাগুইহাটির রাজারহাট বিধানসভায় বিদ্যুতের জন্য আন্দোলন (M) / P—166

Mostaque Alam, Shri—Discussion and Voting on Demands for Grants relating to the Demand No. 21 / PP—577-580

—Discussion and Voting on Demands for Grants releting to the demand No. 32, 33 & 34 / PP—459-460

—Discussion and Voting on Demands for Grants on Demand No. 59, 60, 62 & 63 / PP—808-810

Mukherjee, Shri Apurba—Discussion and Voting on Demands for Grants on Demand No. 73 / PP—363-365

—Discussion and Voting on Demands for Grants on Demand No. 49 & 50 / PP—338-339

Mukherjee, Shri Manabendra—Discussion and Voting on Demands for Grants on Demand No. 45 / PP—838-842

Mukherjee, Shri Kamal—দেশি-বিদেশি মদের লাইসেন্স (Q) / PP—756-757

—বিঘাটিগ্রাম পঞ্চায়েতের গভীর ও অগভীর নলকূপ স্থাপনের ব্যবস্থা (Q) / PP—32-33

—মাছ আমদানি / রপ্তানির পরিমাণ (Q) / PP—14-16

—মাধ্যমিক বিদ্যালয়ে খেলাধুলা (Q) / P—154

—মেদিনীপুর জেলায় বেসরকারি মেডিকেল কলেজ স্থাপন (Q) / P—409

—রাজ্যে সংরক্ষিত পুরাকীর্তির সংখ্যা (Q) / PP—33-34

Mukherjee, Shri Manas—কয়েকটি রাষ্ট্রায়ত্ত কারখানা বন্ধ করে দেওয়ায় উদ্বেগ (M) / P—768

—কেন্দ্রীয় সরকার এবং নীতি অনুযায়ী রাজ্য সরকারের দুর্বল হবার সম্ভাবনা (M) / PP—159-160

Mukherjee, Shri Sibdas—Discussion and Voting on Demands for Grants relating to Demand No. 32, 33 & 34 / PP—464-465

—কৃষ্ণনগরে খুন (Q) / PP—512-513

—নদিয়া জেলা পরিষদে অডিট (Q) / PP—402-403

Mukherjee, Shri Subrata— উচ্চমাধ্যমিক বিদ্যালয় (Q) / P—759

—চুক্তির ভিত্তিতে অধ্যাপক নিয়োগ (Q) / P—757

—যুগ্মসচিবের সংখ্যা (Q) / P—513-514

—রাজ্যের পঞ্চায়েত সমিতির অডিট (Q) / P—404

Mukhopadhyay, Shri Ashutosh—Discussion and Voting on Demands for Grants on Demand No. 73 / PP—362-363

—কেন্দ্রীয় রেল-মন্ত্রকের পার্শেল পোর্টার এবং সাফাইওয়ালাদের আইনের অব্যবস্থা (M) / P—165

—হুগলি জেলার আরামবাগ সাব-ডিভিশনে দুষ্কৃতিদের বিশৃঙ্খলা (M) / P—277

Mursalin Molla, Shri—হাওড়া হাট এবং সারা পূর্ব ভারতের দর্জি শিল্পীদের সমস্যা (M) / P—166

Nanda, Shri Brahmamoy—কৃষিজাত শস্যের উৎপাদন (Q) / P—263

—গঙ্গার পরিবেশ দূষণ (Q) / PP—520-521

—নব সাক্ষরকারীদের পড়াশোনা (Q) / P—519

—নিঃসহায় মহিলাদের বিবাহে সহায়তা (Q) / P—262

—মহাবিদ্যালয় স্তরে ফুড টেকনোলজি কোর্স (Q) / P—758

—রাজ্যে থ্যালাসেমিয়া রোগী ও রোগ নির্ণায়ক যন্ত্র (Q) / PP—407-408

—রাজ্য বিদ্যুৎ পর্ষদের আর্থিক ক্ষতির পরিমাণ (Q) / PP—28-29

Naskar, Shri Gobinda Chandra—Discussion and Voting on Demands for Grants relating to the Demand No. 32, 33 & 34 / PP—448-450

—Discussion and Voting on Demands for Grants on Demand No. 41 / PP—712-715

—Discussion and Voting on Demands for Grants on Demand No. 59, 60, 62 & 63 / PP—811-815

—ঘুঁটিয়ারি শরিফ সৈয়দ কাজী সাহেবের মাজারে যাবার রাস্তাকে মেরামত করা দরকার (M) / P—274

—ডি. পি. ই. পি. প্রকল্প (Q) / P—152

—দক্ষিণ ২৪ পরগনায় ভূমিহীনদের মধ্যে জমি বণ্টন (M) / P—161

—সুন্দরবন এলাকাতে নতুন লোককে পাট্টা নিয়ে গণ্ডগোল হচ্ছে (M) / P—430

—সুন্দরবন উন্নয়ন পর্ষদ বোর্ড গঠনের আবেদন (M) / P—771

Naskar, Shri Subhas—Discussion and Voting on Demands for Grants on Demand No. 66 & 68 / PP—228-229

—Discussion and Voting on Demands for Grants on Demand No. 49 & 50 / PP—339-340

—Discussion and Voting on Demands for Grants relating to the Demand No. 32, 33 & 34 / PP—450-454

Nazimul Haque, Shri—Discussion and Voting on Demands for Grants relating to the Demand No. 21 / PP—593-595

Niamot Sk., Shri—Discussion and Voting on Demands for Grants relating to Demand No. 21 / PP—601-602

OBITUARY

-Obituary References / PP—1-2, P—387

Pakhira, Shri Manturam—Discussion and Voting on Demands for Grants on Demand No. 59, 60, 62 & 63 / PP—797-800

—কাকদ্বীপ এলাকার নদী বাঁধ মেরামতির জন্য সেচমন্ত্রীর হস্তক্ষেপ (M) / P—165

—কাকদ্বীপে দেওয়ানি এবং ফৌজদারি আদালতের গঠন (M) / PP—275-276

—কাকদ্বীপ মহকুমায় স্বাস্থ্যকেন্দ্রের দাবি (M) / P—427

—প্রাথমিক বিদ্যালয়ের শিক্ষার্থীদের বহির্মূল্যায়ন (Q) / PP—757-758

Pal, Shri Shyama Prasad—ইঞ্জিনিয়ারিং মহাবিদ্যালয় (Q) / PP—149-152

Pal, Shri Shyama Prasad—কৃষিক্ষেত্রে ভরতুকি (Q) / P—261

—বিদ্যুৎ সংযোগ পদ্ধতির সরলীকরণ (Q) / P—21

Pal, Shri Tapas—বারুইপুর মহকুমা অঞ্চলে লেভেল ক্রশিং-এ দুর্ঘটনার সম্ভাবনা (M) / P—773

Pan, Shri Bhaktaram—Discussion and Voting on Demands for Grants on Demand No. 57 / PP—314-316

— ডানকুনিতে উড়ালপুল নির্মাণের দাবি (M) / P—774

POINT OF INFORMATION

—ইতালির জেনোয়াতে বিশ্বায়নের বিরুদ্ধে আন্দোলন
—শ্রী রবীন দেব / P—741

—কলেজে টিউশন ফি বাড়ানোর প্রতিবাদে ছাত্র পরিষদসহ কয়েকটি ছাত্র সংগঠন-এর ছাত্র ধর্মঘট
—শ্রী আব্দুল মান্নান / P—649

—পশ্চিমবঙ্গ তৃণমূল ছাত্র পরিষদের সভানেত্রী গ্রেপ্তার
—শ্রী পঙ্কজ ব্যানার্জি / PP—300-301

—বেহালার ট্রাম ডিপোর সামনে ট্রাফিক জ্যাম-এর জন্য ব্যবস্থা গ্রহণের দাবি
—শ্রী পরশ দত্ত / P—174

—সুজাতা দাসের ঘটনার ব্যাপারে প্রকৃত তথ্য উদ্‌ঘাটনের চেষ্টা
—শ্রী শিশির অধিকারী / P—649

QUESTIONS

—Appointment of Kolkata Police Commissioner
—**Shri Biplab Roychowdhury** and **Shri Akhil Giri** / P—29

Atrocities on women
—**Gyan Sing Sohanpal, Shri** and **Abdul Mannan, Shri** / P—518

Dues of CESC to State Government
—**Shri Subrata Bakshi** / P—643

Installed capacity of Power Stations
—**Shri Subrata Bakshi** / P—6-10

—Kidnapping of businessmen
—**Shri Saugata Roy** / P—514

—Lake Gardens Fly Over
—**Shri Saugata Roy** / PP—23-24

—Police Firing
—**Shri Abdul Mannan** and **Shri Gyan Singh Sohanpal** / P—517

—Sale of Edible Oil
—**Shri Saugata Roy** / PP—640-642

—Setting up of a Hospital / Subsidiary Health Centre in Panjipara
—**Shri Abdul Karim Chowdhury** / PP—26-27

—অবর বিদ্যালয় পরিদর্শকের শূন্য পদ
—**শ্রী নন্দদুলাল মাঝি** / PP—758-759

—ই. এস. আই. হাসপাতাল
—**শ্রী তমোনাশ ঘোষ** / P—644

—ই. এস. আই. হাসপাতালগুলিতে সি. টি. স্ক্যান ও এম. আর. আই.-এর ব্যবস্থা
—**শ্রী আবদুল মান্নান** / PP—645-646

—ইঞ্জিনিয়ারিং মহাবিদ্যালয়
—**শ্রী শ্যামাপ্রসাদ পাল** / PP—149-152

—উত্তরবঙ্গ রাষ্ট্রীয় পরিবহনের চালু বাস
—**ডঃ আশিস ব্যানার্জি** (Q) / P—147

—উচ্চমাধ্যমিক বিদ্যালয়
—**শ্রী সুব্রত মুখার্জী** / P—759

—উদারীকরণ নীতির ফলে বিদেশের পণ্যের প্রবেশ
—**শ্রী রবীন দেব** / P—406

—উড়ালপুল নির্মাণ
—**শ্রীমতী কণিকা গাঙ্গুলি** / P—632-635

—উন্নয়ন প্রকল্পে এন. জি. ও. গুলিকে যুক্তকরণ
—**শ্রী শোভনদেব চট্টোপাধ্যায়** / P—388-392

—ডিগ্রি কলেজে বি. সি. এ. বি. বি. এম. এবং মাইক্রোবায়োলজির পাঠক্রম
—**শ্রী শোভনদেব চট্টোপাধ্যায়** / PP—742-748

—কলকাতা পুলিশে মহিলা কর্মচারীর সংখ্যা
—**শ্রী বিপ্লব রায়চৌধুরী** / P—29

—কল্যাণ প্রকল্প
—**শ্রী আবু আয়েশ মণ্ডল** / P—254-258

—কাকদ্বীপ মহকুমার প্রশাসনিক কাজ
—শ্রী বঙ্কিমচন্দ্র হাজরা / P—510
—কুটির ও ক্ষুদ্রায়তন শিল্পের মাধ্যমে কর্মসংস্থান
—শ্রী তপন হোড় / PP—396-400
—কৃষিজাত শস্যের উৎপাদন
—শ্রী ব্রহ্মময় নন্দ / P—263
—কৃষিক্ষেত্রে ভর্তুকি
—শ্রী শ্যামাপ্রসাদ পাল / P—261
—কৃষ্ণনগরে খুন
—শ্রী শিবদাস মুখার্জী / PP—512-513
—কে. পি. এস.-এর শূন্য পদ
—শ্রী পরেশনাথ দাস, শ্রী ইউনুস সরকার / P—262
—গঙ্গার পরিবেশ দূষণ
—শ্রী ব্রহ্মময় নন্দ / PP—520-521
—গণবণ্টন ব্যবস্থা
—শ্রী সেখ জাহাঙ্গির করিম / P—22
—গ্রামীণ বিদ্যুতায়নের জন্য বরাদ্দকৃত অর্থ
—শ্রী অতীশচন্দ্র সিংহ / P—21
—গিরিশ মঞ্চ সংস্কারে সরকারের আর্থিক অনুদানের পরিমাণ
—শ্রী বিপ্লব রায়চৌধুরী ও শ্রী অখিল গিরি / P—30
—গোপালকদের সঙ্কট
—শ্রী তপন হোড় / P—262
—চটের বস্তা ব্যবহারের বাধ্যবাধকতা
—শ্রী তাপস চট্টোপাধ্যায় / P—408
—চলচ্চিত্র উৎসবে ব্যয়িত অর্থের পরিমাণ
—শ্রী বিপ্লব রায়চৌধুরী / P—30
—চা-শিল্পে উদারনীতির প্রতিফলন ও চা রপ্তানি
—শ্রীমতী কণিকা গাঙ্গুলি / P—403

—চুক্তির ভিত্তিতে অধ্যাপক নিয়োগ

—শ্রী সুব্রত মুখোপাধ্যায় / P—757

—জলপাইগুড়িতে হাইকোর্টের সার্কিট বেঞ্চ

—শ্রী তপন হোড় / P—752-755

—জমির পাট্টা বিলিকরণ

—শ্রী তপন হোড় / P—28

—জাতীয় বিপর্যয়

—শ্রী কাশীনাথ মিশ্র / PP—251-254

—জেলা হাসপাতালগুলির তদারকি কমিটি

—শ্রী ইউনুস সরকার / P—411

—জোয়ারের জলে সি. এম. সি. অধীনস্ত রাস্তায় প্লাবন

—শ্রী তারক বন্দ্যোপাধ্যায় / P—34

—ট্যুরিস্ট লজ স্থাপন ও ট্যুরিস্ট বাস ক্রয় বাবদ ব্যয়িত অর্থ

—শ্রী অশোক দেব / P—25

—ডি. পি. ই. পি. প্রকল্প

—শ্রী গোবিন্দচন্দ্র নস্কর / P—152

—তথ্যপ্রযুক্তি বিভাগের উদ্যোগ

—শ্রী রবীন দেব / P—515-516

—ত্রাণসামগ্রী ক্রয়

—শ্রী নিশিকান্ত মেহতা / P—247-251

—দলিল বিলি ব্যবস্থার কাজ

—শ্রী নির্মল ঘোষ / P—37

—দক্ষিণবঙ্গ রাষ্ট্রীয় পরিবহনে কন্ডাক্টর নিয়োগ

—শ্রী শোভনদেব চট্টোপাধ্যায় / P—154

—দার্জিলিং গোর্খা পার্বত্য পরিষদ

—শ্রী আবু আয়েশ মণ্ডল / P—517

—দুঃস্থ চলচ্চিত্র শিল্পীদের সাহায্যার্থে তহবিল

—শ্রীমতী নয়না বন্দ্যোপাধ্যায় / P—32

—দূষণকারী কারখানা

—শ্রী আবু আয়েশ মণ্ডল / PP—519-520

—দেশব্যাপী একই শিক্ষাক্রম

—শ্রী আবু আয়েশ মণ্ডল / PP—748-752

—দেশী-বিদেশী মদের লাইসেন্স

—শ্রী কমল মুখার্জি / PP—756-757

—দৈনিক বসুমতীর প্রচার সংখ্যা

—শ্রী দিলীপ মণ্ডল / PP—31-32

—দৈনিক মৎস্য চাহিদা

—শ্রী শিবপ্রসাদ মালিক / PP—18-19

—নতুন আইন কলেজ

—শ্রী অতীশচন্দ্র সিংহ / P—153

—নদিয়া জেলা পরিষদে অডিট

—শ্রী শিবদাস মুখার্জি / P—402, 403

—নবসাক্ষরকারীদের পড়াশোনা

—শ্রী ব্রহ্মময় নন্দ / P—519

—নারকেল ছোবড়াভিত্তিক শিল্প

—শ্রী শীতল কুমার সরদার / PP—405-406

—নিখোঁজ মৎস্যজীবীদের সংখ্যা

—শ্রী ঈদ মহম্মদ / P—643

—নিঃসহায় মহিলাদের বিবাহ সহায়তা

—শ্রী ব্রহ্মময় নন্দ / P—262

—নেতাজী রচনাবলী প্রকাশ

—শ্রী শিবপ্রসাদ মালিক / P—760

—পরিবেশ আদালত

—শ্রী অশোক দেব / PP—516-517

—পশ্চিমবঙ্গ অত্যাবশ্যক পণ্য সরবরাহ নিগম

—শ্রী শীতল কুমার সরদার / PP—20-21

—পুরুলিয়া জলবিদ্যুৎ প্রকল্প

—শ্রী তাপস চট্টোপাধ্যায় / P—16

—পুলিশ কমপিউটার সেন্টার

—শ্রী শিবপ্রসাদ মালিক / P—512

—পোস্ত চাষ

—শ্রী শিবপ্রসাদ মালিক / PP—260-261

—প্রাথমিক কৃষি সমবায় সমিতি

—শ্রী কাশীনাথ মিশ্র / P—645

—প্রাথমিক বিদ্যালয়ে পাঠ্যপুস্তক

—শ্রী বঙ্কিমচন্দ্র হাজরা / PP—153-154

—প্রাথমিক বিদ্যালয়ে শিক্ষার্থীদের বহির্মূল্যায়ন

—শ্রী রতন পাখিরা / PP—757-758

—প্রাথমিক স্বাস্থ্যকেন্দ্রের সংখ্যা

—শ্রী শোভনদেব চট্টোপাধ্যায় / P—26

—রেশনের মাধ্যমে চাল-গম-চিনি সরবরাহ

—শ্রী তপন হোড় / P—17

—বন্যায় ক্ষতিগ্রস্ত শিক্ষা প্রতিষ্ঠান

—শ্রী কাশীনাথ মিশ্র / P—153

—বিঘাটি গ্রাম পঞ্চায়েতে গভীর ও অ-গভীর নলকূপ স্থাপনের ব্যবস্থা

—শ্রী কমল মুখার্জি / PP—32-33

—বিদ্যুৎবিহীন গ্রাম

—ডঃ আশিস ব্যানার্জি / PP—2-6

—বিদ্যুৎ সংযোগ পদ্ধতির সরলিকরণ

—শ্রী শ্যামাপ্রসাদ পাল / P—21

—বিচ্ছিন্নতাবাদী শক্তির সক্রিয়তা

—শ্রীমতী কণিকা গাঙ্গুলি / P—511

—বিদ্যুৎ ক্ষেত্রে সার্বিক উন্নয়ন

—শ্রী অশোক দেব / PP—17-18

—বি. সি. রায় মেমোরিয়াল হাসপাতাল
—শ্রী পূর্ণেন্দু সেনগুপ্ত / P—410
—ব্লক পুনর্নির্বন্যাস
—শ্রী বঙ্কিমচন্দ্র হাজরা / PP—400-402
—ব্লক হাসপাতালগুলিতে গাড়িতে জ্বালানি তেলের মাসিক বরাদ্দ
—শ্রী ঈদ মহম্মদ / P—410
—মহার্ঘ ভাতার বৈষম্য
—শ্রী তারক বন্দ্যোপাধ্যায় / P—408
—মৎস্যচাষিদের আর্থিক অনুদান প্রদান
—শ্রীমতী সোনালী গুহ (বোস) / PP—629-632
—মহকুমা শহর গঠন
—শ্রী নিশিকান্ত মেহতা / P—518
—মহাবিদ্যালয় স্তরে ফুড টেকনোলজি কোর্স
—শ্রী ব্রহ্মময় নন্দ / P—758
—মাছ আমদানি/রপ্তানির পরিমাণ
—শ্রী কমল মুখার্জি / PP—14-16
—মাধ্যমিক বিদ্যালয়ে খেলাধূলা
—শ্রী কমল মুখার্জি / P—154
—মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক পাঠক্রমকে বাস্তবমুখী করার পরিকল্পনা
—শ্রী কালীপদ মন্ডল / P—28
—মাধ্যমিক বিদ্যালয়ের পরিকাঠামোর মানোন্নয়ন
—শ্রী আবু আয়েশ মন্ডল / PP—142-146
—মানিকনগর গ্রামে আর. এল. আই. প্রকল্প চালুকরণ
—শ্রী অজয় দে / P—37
—মেদিনীপুর জেলায় উদ্বৃত্ত হোমগার্ড
—শ্রী পূর্ণেন্দু সেনগুপ্ত / P—509
—মেদিনীপুর জেলায় বেসরকারি মেডিকেল কলেজ স্থাপন
—শ্রী কমল মুখার্জি / P—409

—মুর্শিদাবাদ ও মালদহ জেলায় গঙ্গার-পদ্মার ভাঙন রোধ
—শ্রী অতীশচন্দ্র সিংহ / PP—406-407

—ম্যাকিনসে সংস্থার সাহায্যে সমীক্ষা
—শ্রী অশোক দেব / PP—393-396

—রাজ্যে গ্রাম পঞ্চায়েত ও পঞ্চায়েত সমিতির হিসাব
—শ্রী অশোক দেব / PP—25-26

—রাজ্যে সিনেমা হলের সংখ্যা
—শ্রী দেবপ্রসাদ সরকার / P—24

—রাজ্যে ব্যাঙ্ক ডাকাতি
—শ্রী অজয় দে / P—512

—রাজ্যে পর্যটন কেন্দ্রের সংখ্যা
—শ্রী রামপদ সামন্ত / P—22

—রাজ্যে থ্যালাসেমিয়া রোগী ও রোগ নির্ণয়ক যন্ত্র
—শ্রী ব্রহ্মময় নন্দ / PP—407-408

—রাজ্য বিদ্যুৎ পর্ষদের আর্থিক ক্ষতির পরিমাণ
—শ্রী ব্রহ্মময় নন্দ / PP—28-29

—রাজ্যে রেশন ব্যবস্থা
—শ্রী দেবপ্রসাদ সরকার / PP—10-14

—রাজ্যে সংরক্ষিত পুরাকীর্তির সংখ্যা
—শ্রী কমল মুখার্জি / PP—33-34

—রাজ্যের বেতার কেন্দ্র
—শ্রী কাশীনাথ মিশ্র / P—513

—রাজ্যের পঞ্চায়েত সমিতির অডিট
—শ্রী সুব্রত মুখার্জি / P—404

—যুগান্তর পত্রিকা চালু করার উদ্যোগ
—শ্রী সুব্রত বক্‌সি / P—31

—যুব আবাস স্থাপন
—শ্রী শিবপ্রসাদ মালিক / P—758

—যুবকল্যাণ আধিকারিকের শূন্য পদ
—শ্রী তাপস চট্টোপাধ্যায় / P—757
—যুগ্মসচিবের সংখ্যা
—শ্রী সুব্রত মুখার্জি / PP—513-514
—রবীন্দ্র জয়ন্তী উৎসব ও গান মেলায় আমন্ত্রিত বিধায়কের সংখ্যা
—শ্রী বিপ্লব রায়চৌধুরী / P—30
—রাজ্যে অনুপ্রবেশকারী
—শ্রী তপন হোড় / PP—509-510
—রাজ্যে উগ্রপন্থী সংগঠন
—শ্রী আব্দুল মান্নান / P—511
—রাজারহাট উপনগরী
—শ্রী অশোক দেব / PP—502-508
—রাজ্যে এডস রোগে আক্রান্তের সংখ্যা
—শ্রী রামপদ সামন্ত / P—23
—রাজ্যে ট্রেন ডাকাতি
—শ্রী চিত্তরঞ্জন রায় / PP—508-509
—রাজ্যে অনুমোদনপ্রাপ্ত বয়স্ক শিক্ষাকেন্দ্রের সংখ্যা
—শ্রী আবু আয়েশ মন্ডল / PP—627-629
—রাজ্যে খাদ্য ঘাটতির পরিমাণ
—শ্রী শোভনদেব চট্টোপাধ্যায় / PP—19-20
—রাজ্যে নতুন প্রাথমিক বিদ্যালয় অনুমোদনের সংখ্যা
—শ্রী নির্মল ঘোষ / P—31
—রাজ্যে রাজনৈতিক সংঘর্ষের ঘটনা
—শ্রী আব্দুল মান্নান / P—27
—লোক আদালত
—শ্রী আবু আয়েশ মন্ডল / PP—759-760
—লোডশেডিং ও লো ভোল্টেজ
—শ্রী দেবপ্রসাদ সরকার / PP—642-643

—বকেয়া মামলার নিষ্পত্তি
—শ্রী তপন হোড় / PP—138-142
—শান্তিপুর থানার অন্তর্গত পাকা রাস্তার পরিকল্পনা
—শ্রী অজয় দে / P—36
—সফটওয়্যার পার্ক
—শ্রী আবু আয়েশ মন্ডল / PP—497-502
—সমবায় বর্ষে প্রদত্ত ঋণের পরিমাণ
—শ্রী অতীশচন্দ্র সিংহ / PP—635-638
—সরকারি আবাসনে ফ্ল্যাট বন্টন
—শ্রী পার্থ চ্যাটার্জি ও শ্রী তন্ময় মন্ডল / P—26
—সরকারি আবাসনের ভাড়াটিয়া আবাসিকদের ফ্ল্যাটের মালিকানা প্রদান
—শ্রী অশোক দেব / P—520
—সরকারি উদ্যোগ ও পরিচালনায় ছায়াছবি ও তথ্যচিত্র নির্মাণ
—শ্রী তারক বন্দ্যোপাধ্যায় / PP—34-36
—সরকারি এবং বেসরকারি কারিগরি প্রতিষ্ঠান
—শ্রী তারক বন্দ্যোপাধ্যায় / PP—147-149
—সাগরদীঘিতে তাপবিদ্যুৎ কেন্দ্র
—শ্রী ঈদ মহম্মদ / P—20
—সাতগাছিয়া বিধানসভা কেন্দ্র এলাকায় রাস্তা মেরামতের পরিকল্পনা
—শ্রীমতী সোনালী গুহ (বোস) / P—27
—সাক্ষরতা প্রকল্প
—শ্রী তপন হোড় / PP—638-640
—সি. ই. এস. সি.-র মাধ্যমে বিদ্যুৎ সরবরাহ
—শ্রী রবীন্দ্র ঘোষ / PP—644-645
—হাসপাতালে প্রতিষেধক ওষুধের চাহিদা ও জোগান
—ডঃ আশিস ব্যানার্জি / PP—404-405
—হুগলি নদীতে 'তৃতীয় সেতু' নির্মাণ
—শ্রী শিবপ্রসাদ মালিক / P—644

—১৯৯৬-২০০১ সালে রেসকোর্সের মাঠ থেকে আয়
—শ্রী আব্দুল মান্নান / PP—409-410

—২০০০-২০০১ সালে স্বল্প সঞ্চয় প্রকল্পের লক্ষ্যমাত্রা
—শ্রী রামপদ সামন্ত / P—405

—**Qamre Elahi, Dr.**—Discussion and Voting on Demands for Grants relating to Demand No. 32, 33 & 34 / PP-461-463

Reply of Voting on Demands for Grants relating to Animal Husbandry and Development Department—**Shri Anisur Rahman** / PP—322-330

Reply of calling attention statement on the subject of apprehension of widespread load shedding in the state due to short supply of electricity by **Shri Mrinal Banerjee** / PP—42-43

Reply of calling attention on the subject of measures taken by the Government for the apprehended flood in the state by **Shri Hafiz Alam Sairani** / PP—40-42

—Reports of the Business Advisory Committee / PP—828-829

RESOLUTION

Discussion on Resolution under Rule 201—শ্রী অসিত মিত্র / PP—528-531

—শ্রী তপন হোড় / PP—522-523

—শ্রী পংকজ ব্যানার্জি / PP—531-536

—শ্রী প্রবোধচন্দ্র সিন্‌হা / PP—539-543

—শ্রী বুদ্ধদেব ভট্টাচার্য / PP—543-545

—শ্রী শোভনদেব চট্টোপাধ্যায় / PP—536-539

—শ্রী সৌগত রায় / PP—524-528,545-547

Rubi Noor, Smt.—Deplorable Condition of Sujapur Hospital (M) / P—430

Rubi Noor, Smt.—Discussion and voting on Demands for Grants on demand No. 35 & 36 / PP—93-94

Roy, Shri Amalendralal—Discussion and voting on Demands for Grants on Demand No. 66 & 68 / PP—237-243

—Regarding a statement on the subject of flood situation in Hooghly and South 24 Parganas District / PP—416-417

Roy, Shri Bachha Mohan—Discussion and voting on Demands for Grants on Demand No. 57 / PP—308-311

—জলপাইগুড়িতে জে. বি. এসকে আই. টি. আই-এ উন্নীতকরণ (M) / PP—772-773

Roy, Shri Chittaranjan—রাজ্যে ট্রেন ডাকাতি (Q) / PP—508-509

Roy, Shri Gobinda—Discussion and voting on Demands for Grants on Demand No. 12, 77, 78, 80 & 81 / PP—186-188

—জলপাইগুড়িতে স্পোর্টস কমপ্লেক্সের কাজ ও আলিপুরদুয়ারে ইন্ডোর স্টেডিয়াম-এর কাজ শেষ করার জন্য মন্ত্রিমহাশয়কে অনুরোধ (M) / P—423

Roy, Shri Gokul—Discussion and voting on Demands for Grants on demand No. 57 / PP—304-306

Roy, Shri Narmada—Discussion and voting on Demands for Grants on demand No. 59, 60, 62 & 63 / PP—795-797

Roy, Shri Nirbed—Discussion and voting on Demands for Grants on demand No. 45 / PP—831-833

Roy, Shri Saugata—Discussion and voting on Demands for Grants on demand No. 45 / PP—835-838

—Discussion on Resolution under Rule 201 / PP—545-547

—Discussion on Resolution under Rule 201 / PP—524-528

—Discussion and voting on Demands for Grants relating to demand No. 21 / PP—608-612

—Discussion and voting on Demands for Grants on demand No. 73 / PP—357-362

—Discussion and voting on Demands for Grants on demand No. 35 & 36 / PP—98-102

—Kidnapping of businessmen (Q) / P—514

—Lake Gardens Fly Over (Q) / PP—23-24

—Sale of Edible Oil (Q) / PP—640-642

—Discussion on the Wakf West Bengal Second Amendment Bill, 2001 / PP—43-50

—অমরনাথ যাত্রীদের উপর সন্ত্রাসবাদী আক্রমণ (M) / PP—774-775

—কলকাতার পাঠভবন স্কুলের ম্যানেজিং কমিটির অব্যবস্থা (M) / PP—274-275

—পশ্চাৎপদ এবং ও. বি. সি.-দের প্রতি বামফ্রন্ট সরকারের চূড়ান্ত প্রতারণা (M) / P—431

—ভারত-পাকিস্তানের যুদ্ধ (M) / P—162

Roy, Shri Tapas—Discussion and voting on Demands for Grants relating to demand No. 21 / PP—604-608

—Discussion and voting on Demands for Grants on demand No. 12, 77, 78, 80 & 81 / PP—194-199

—কলকাতায় চুরি, রাহাজানি বৃদ্ধি (M) / P—163

Roychowdhury, Shri Biplab & Giri, Shri Akhil—Appointment of Kolkata Police Commissioner (Q) / P—29

Roychowdhury, Shri Biplab—এম. এল. এ. উন্নয়ন ফান্ডে টাকা বাড়ানোর দাবি (M) / PP—422-423

—কলকাতা পুলিশে মহিলা কর্মচারীর সংখ্যা (Q) / P—29

Roychowdhury, Shri Biplab & Giri, Shri Akhil—গিরিশ মঞ্চ সংস্কারে সরকারের আর্থিক অনুদানের পরিমাণ (Q) / P—30

Roychowdhury, Shri Biplab —চলচ্চিত্র উৎসবে ব্যয়িত অর্থের পরিমাণ (Q) / P—30

—পশ্চিমবঙ্গের বেহাল শিক্ষাব্যবস্থা (M) / P—271

—রবীন্দ্র জয়ন্তী উৎসব ও গান মেলায় আমন্ত্রিত বিধায়কের সংখ্যা (Q) / P—30

Routh, Shri Dibakanta—বলাগড় কুন্তি নদীর উপর ব্রিজের সংস্করণ (M) / P—167

Saha, Shri Pundarikakshya—Discussion and voting on Demands for Grants demand No. 32, 33 & 34 / PP—473-474

Sahis, Smt. Bilasi Bala—Discussion and voting on Demands for Grants on demand No. 41 / PP—732-734

Hafiz Alam Sairani, Shri—Discussion and voting on Demands for Grants on demand No. 41 / PP—112-118 & 129-132

Samanta, Shri Rampada—রাজ্যে এড্স রোগে আক্রান্তের সংখ্যা (Q) / P—23

—রাজ্যে পর্যটন কেন্দ্রের সংখ্যা (Q) / P—22

—২০০০-২০০১ সালে স্বল্প সঞ্চয় প্রকল্পের লক্ষ্যমাত্রা (Q) / P—405

Samsul Islam Molla Shri—তেহট্টতে নতুন আদালতের কাজ শুরু করার আবেদন (M) / P—767

—নদিয়া জেলায় চাকদহ এলাকায় বি. এস. এফ জওয়ানদের তান্ডব (M) / PP—426-427

Sanatani, Smt. Mina— ঝাড়গ্রামের দুবরা এবং চিলকীগড় স্কুলটিকে উচ্চমাধ্যমিক করার আবেদন (M) / P—775

Sardar, Shri Sital—Discussion and voting on Demands for Grants on demand No. 59, 60, 62 & 63 / PP—785-787

—পশ্চিমবঙ্গ অত্যাবশ্যক পণ্য সরবরাহ নিগম (Q) / PP—20-21

—সাঁকরাইল কেন্দ্রে ভগবতীপুর গ্রামে গুণ্ডা দ্বারা বাড়ি ভাঙচুর (M) / P—773

—সাঁকরাইলে ফকিরচাঁদ হাইস্কুলের হায়ার সেকেন্ডারিতে পরিণত করার আবেদন (M) / P—273

Saren, Shri Bhutnath—Discussion and voting on Demands for Grants on demand No. 41 / P—730

Sarkar, Shri Debaprasad—Discussion and voting on Demands for Grants on demand No. 66 & 68 / PP—229-232

—Discussion and voting on Demands for Grants on demand No. 57 / PP—306-308

—Discussion and voting on Demands for Grants relating to demand No. 21 / PP—602-604

—Discussion and voting on Demands for Grants relating to demand No. 32, 33 & 34 / PP—476-478

—কুলতলীর নিমপীঠ ও বৈকুণ্ঠপুর এলাকায় ব্যাপক সন্ত্রাস (M) / PP—420-421

—রাজ্যে রেশন ব্যবস্থা (Q) / PP—10-14

—রাজ্যে সিনেমা হলের সংখ্যা (Q) / P—24

— লোড শেডিং ও লো ভোল্টেজ (Q) / PP—642-643

Sarkar, Shri Dipak Chandra—কোচবিহারে ম্যালেরিয়া রোগের ভয়াবহ আকার ধারণ (Q) / P—766

Seal, Shri Sudhangshu—Discussion and voting on Demands for Grants on demand No. 37 & 90 / PP—674-676

Sen, Shri Dhiren—Discussion and voting on Demands for Grants on demand No. 59, 60, 62 & 63 / PP—815-817

Sen, Shri Nirupam—Regarding a statement on the subject of Apprehended clousure of Indian Iron & Steel Company / PP—413-416

Sengupta, Shri Purnendu—Discussion and voting on Demands for Grants on demand No. 66 & 68 / PP—234-236

—Discussion and voting on Demands for Grants relating to demand No. 21 / PP—587-589

—ফরাক্কা থানা এলাকায় গ্রাম পঞ্চায়েতের অধীনে উত্তর ও দক্ষিণের নয়নসুখ গ্রামগুলিতে সমাজবিরোধীদের তান্ডব (M) / PP—273-274

—বি. সি. রায় মেমোরিয়াল হাসপাতাল (Q) / P—410

—মেদিনীপুর জেলায় উদ্বৃত্ত হোমগার্ড (Q) / P—509

Shau, Shri Praveen Kumar—Discussion and voting on Demands for Grants relating to demand No. 32, 33 & 34 / PP—439-442

Singh, Smt. Jyotsna—Discussion and voting on Demands for Grants on demand No. 35 / P—97

Sinha, Shri Atish Chandra—Discussion and voting on Demands for Grants on demand No. 57 / PP—296-300

— গ্রামীণ বিদ্যুতায়নের জন্য বরাদ্দকৃত অর্থ (Q) / P—21

—নতুন আইন কলেজ (Q) / P—153

—মুর্শিদাবাদ ও মালদহ জেলায় গঙ্গা-পদ্মার ভাঙন রোধ (Q) / PP—406-407

—সমবায় বর্ষে প্রদত্ত ঋণের পরিমাণ (Q) / PP—635-638

Sinha, Shri Prabodh Chandra—Discussion on Resolution under Rule 201 / PP—539-543

—The West Bengal Municipal Rules, 2001 / P—556

—The West Bengal Premises Rules, 1999 / P—649

SK. Illias Mohammad, Shri—Discussion and voting on Demands for Grants on demand No. 57 / PP—311-312

—Discussion and voting on Demands for Grants on demand No. 73 / PP—374-375

—Discussion and voting on Demands for Grants on demand No. 41 / PP—725-726

—নন্দীগ্রাম থেকে কলকাতা শহরে যাওয়ার বাস স্ট্যান্ডটি সম্প্রসারণের জন্য মন্ত্রীর দৃষ্টি আকর্ষণ (M) / P—427

—মেদিনীপুর জেলার নন্দীগ্রাম এলাকার ১ নং ব্লকের গার্লস হাইস্কুলকে উচ্চ-মাধ্যমিকে উন্নীত করার দাবি (M) / P—269

SK. Majed Ali, Shri—কৃষি বিপণন মন্ত্রীর এলাকায় রেগুলেটিং মার্কেটগুলির কমিটি করা দরকার (M) / P—430

SK. Jahangir Karim, Shri—গণবন্টন ব্যবস্থা (Q) / P—22

Soren, Shri Khara—Discussion and voting on Demands for Grants on demand No. 41 / PP—722-724

—উত্তরবঙ্গ সহ দক্ষিণ দিনাজপুরে চাষীদের ফসল ফলানোর জন্য ক্ষুদ্র সেচ মন্ত্রীর কাছে আবেদন (M) / P—424

STATEMENT ON CALLING ATTENTION (S)

—Reply of Calling Attention—Regarding a statement on the subject of reported sinking of a Haldia Bound Ship—**Shri Subhas Chakraborty** / PP—157-158

—ইংরেজি শেখার বিষয়ে বিভ্রান্তি ও সে সম্পর্কে বক্তব্য—**শ্রী কান্তি বিশ্বাস** (M) / PP—168-169

Thakur, Shri Akshoy—Discussion and voting on Demands for Grants relating to Demand No. 21 / PP—599-601

—কোচবিহার পশ্চিম পুন্ডিবাড়ি অঞ্চলে ম্যাকেনটোজ বার্ন কোম্পানির তৈরি ব্রিজটি সমবাজবিরোধীদের অত্যাচারের দরুন অসমাপ্ত অবস্থায় পড়ে আছে (M) / P—427

Tudu, Shri Sadhu—Discussion and voting on Demands for Grants on Demand No. 41 / PP—727-728

Unus Sarkar, Shri—কিছু এলাকায় নদী ভাঙন (M) / PP—771-772

—জেলা হাসপাতালগুলির তদারকি কমিটি (Q) / P—411

—ব্লক হাসপাতালগুলিতে কুকুরে কামড়ানো ও সাপে কাটার ওষুধ রাখার জন্য স্বাস্থ্য মন্ত্রীর কাছে দাবি (M) / P—428

—মুর্শিদাবাদ জেলায় রেল লাইনের রিপেয়ার করার প্রয়োজন (M) / P—269

VOTING ON DEMAND (S) FOR GRANTS

—Discussion on voting on Demands for Grants on Demand No. 35 & 36— **Shri Chowdhury Mohan Jatua** / PP—88-90

—Discussion on voting on Demands for Grants on Demand No. 35 & 36—**Shri Nishi Kanta Meheta** / PP—90-91

—Discussion on voting on Demands for Grants on Demand No. 35 & 36—**Shri Tanmoy Mondal** / PP—91-92

—Discussion on voting on Demands for Grants on Demand No. 35 & 36—**Sk. Majed Ali** / PP—86-88

ZERO HOURS

PP-169-193, 277-283, 432-435, 776-783